সোমপ্রকাশ

১২ সংখ্যা

ম ভাগ।

"প্রবর্ত্তনাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

—১—

মূল্য ১ টাকা অগ্রিম বার্ষিক ১। অগ্রিম ষাণ্মাসিক ৫৷৷ টাকা। } সন ১২৭৫। ২রা বৈশাখ। ১৮৬৮। ১৩ই এপ্রেল { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি টাকা ষাণ্মাসিক ১ ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

ব জন্মতত্ত্ব ও ধাত্রীবিদ্যা।

১ ম খণ্ড মূল্য ২ দুই টাকা।

ই পুস্তকখানি বহু যত্ন ও পরিশ্রমে প্রণয়ন
যাছে। আধুনিক বহুদর্শী ও সুবেজ্ঞ
তাদের মধ্যবিকৃষ্ট মত ও চিকিৎসাপ্রণালী
ইহাতে বর্ণিত আছে। এই খণ্ডে নীচের
ক বিষয় লিখিত হইয়াছে যথা।
। বস্তিকোটরীয় অস্থি ও সন্ধির বিবরণ। ২। প্রকৃত বস্তিকোটরের বিবরণ। ৩। অন্তঃ
স্তরিক জননেন্দ্রিয়ের বিবরণ ৪। ঋতু
কুসম্বন্ধীয় পীড়া ও তাহার চিকিৎসা।
ভয় মনেক ৭। কোষের গর্ভাবরণ ৮।
ব লক্ষণ ও স্থিতি ৯ হইতে ১৩ পর্য্যন্ত গর্ভাবস্থা। ১০। কৃত্রিম গর্ভ। ১১। গর্ভসন্ধে
। ১২। আস্থানিক গর্ভ। ১৩। ছটকাবস্থ
স বিবরণ ও মৃতলক্ষণ। ১৪। গর্ভপাত
বাল প্রসব, এবং তৎসম্বন্ধীয় চিকিৎসা।
স্তকের আরম্ভে বিস্তৃত সূচীপত্র ও শেষে
ঞ্জনীয় ইংরাজী ও কঠোর বা অচলিত শব্দ
, এবং স্থানে স্থানে খোদিত আকৃতি
া গিয়াছে। এই পুস্তক, 'কলিকাতা
শাদ হাই স্কুলে বা কলেজিয়েট ইস্কুলে
বনে ঐ বাবু গুরুচরণ মল্লিকের
. অথবা মলঙ্গে আমার নিকট পাওয়া
। বহুবাজারে পা হইতে হইবে না
ঞ্জ মাসুল। আনা হইবে।
চৈত্র } শ্রীঅন্নদাচরণ বাস্তগীর
সহ } সিবিল মেডিকেল অফিসার

হইতেছে।
কলিকাতায় পুলিন্দা ও গাঁটরি
সকল দেওয়া লওয়া
হইবে না।
ধারণকে জ্ঞাত করা যাইতেছে যে হইতে

স্থান বেলওয়ে কোম্পানি আগামী ১লা মে অবধি কলিকাতায় গাঁটরি ও পুলিন্দাসকলের আনয়ন প্রদানকার্য্য হইতে বিরত হইবেন।

সচরাচর যেরূপ হইয়া থাকে, আমরা যাহাদের ষ্টেসনে অথবা হাবড়ায় গাঁটরি ও পুলিন্দা লওয়া হইবে। বেলওয়ে পুলিন্দা বিভাগ কলিকাতার পুলিন্দা ও গাঁটরি উভয়ই ষ্টেসনে লওয়া হইবে।

এলেক্জি বোজ
হুইলর ওয়ে বেলওয়ে } সিনিয়র সুপরিণ্টেণ্ডেণ্ট
৩১ এপ্রেল। ১৮৬৮ } এজেণ্ট্রো ৬

বাণীগঞ্জ সার্কো
লিমিটেড।

মোড়িয়া করিবার কারখানা।

এই কোম্পানির নিমন্ত্রণোদ্ধৃত ১ নং আফিসে উহার নমুনা দেখিতে পাওয়া যায় এবং যদি আবশ্যক প্রয়োজন হয় ঐ আফিসে এতদ্বিষয়ক পত্র পাঠাইলে হইবেক।

পুরাবৃত্তপ্রকাশ।

কলিকাতা মুক্তাপুর আদ্যাপীঠের অধিকারী কাব্যপ্রকাশ যন্ত্রে পুরাবৃত্তপ্রকাশনামক সংস্কৃত মাসিক পত্র প্রতিমাসে এক খণ্ড করিয়া প্রকাশ করিতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের পরিমাণ অর্দ্ধাতি পৃষ্ঠা। ইহাতে কতক অষ্টাদশ পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসহিত প্রকটিত করিবার কল্পনা আছে। এতন্মধ্যে বিষ্ণুপুরাণ অনুবাদ ও শ্রীধরস্বামিকৃত টীকা সহিত মুদ্রিত হইতেছে, আগামী ১লা বৈশাখ দ্বিতীয় খণ্ড আরম্ভ হইবে। যিনি ইহার গ্রাহক হইতে ইচ্ছা করেন তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয় [illegible] নিকট পত্র ডাকমাশুল ও প্রতিখণ্ডের মূল্য

অগ্রিম ।৷০ আট আনা করিয়া পাঠাইবেন। যাঁহারা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহাদের নিকট প্রত্যেক খণ্ড মূল্য ১ এক টাকা হিসাবে করা যাইবে।

১৫ই চৈত্র ১২৭৪
সংস্কৃত বিদ্যালয়। } শ্রীঅগদ্মোহন শর্ম্ম

সংস্কৃত মেদিনী কোষ ছয়শত শব্দের সমেত উত্তম নাগরাক্ষরে সত্বরই মুদ্রিত হইতেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট বা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ই চৈত্র ১২৭৪
সংস্কৃত বিদ্যালয়। } শ্রীঅগদ্মোহন শর্ম্ম

—:০:—

হিন্দুরঞ্জিকা।

রৈারীলিয়া ধর্ম্মসভা হইতে আগামী [illegible] মাসাবধি উর্দ্ধ ন মে একখানি সাপ্তাহিক প্রচারিত হইতে থাকিবে। তাহাতে হিন্দুসমাজের [illegible] বিবিধ বিষয় [illegible] ধর্ম্ম, নুতন [illegible] দীয় গ্রাহকগণকে বার্ষিক [illegible] দিতে হইবেক। গ্রাহকের [illegible] নিকট পত্র লিখিলে [illegible] পাইবেন

[illegible] } শ্রীশ্রীনাথ [illegible]
[illegible] } রোয়ালিয়া
[illegible] } ধর্ম্মসভা [illegible]

অশ্ব পুরবা সম্পাদক।
[illegible]

[illegible] সকল বাঙ্গালা [illegible]
[illegible] সের নিকট [illegible]
[illegible] শিক্ষাপ্রণালী [illegible]

সোমপ্রকাশ

১২ সংখ্যা

ম ভাগ।

"প্রবর্ত্তনাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

—১—

মূল্য ১ টাকা অগ্রিম বার্ষিক ১। অগ্রিম ষাণ্মাসিক ৫৷৷ টাকা। } সন ১২৭৫। ২রা বৈশাখ। ১৮৬৮। ১৩ই এপ্রেল { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি টাকা ষাণ্মাসিক ১ ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

ব জন্মতত্ত্ব ও ধাত্রীবিদ্যা।

১ ম খণ্ড মূল্য ২ দুই টাকা।

ই পুস্তকখানি বহু যত্ন ও পরিশ্রমে প্রণয়ন
যাছে। আধুনিক বহুদর্শী ও সুবেজ্ঞ
তাদের মধ্যবিকৃষ্ট মত ও চিকিৎসাপ্রণালী
ইহাতে বর্ণিত আছে। এই খণ্ডে নীচের
ক বিষয় লিখিত হইয়াছে যথা।
। বস্তিকোটরীয় অস্থি ও সন্ধির বিবরণ। ২। প্রকৃত বস্তিকোটরের বিবরণ। ৩। অন্তঃ
স্তরিক জননেন্দ্রিয়ের বিবরণ ৪। ঋতু
কুসম্বন্ধীয় পীড়া ও তাহার চিকিৎসা।
ভয় মনেক ৭। কোষের গর্ভাবরণ ৮।
ব লক্ষণ ও স্থিতি ৯ হইতে ১৩ পর্য্যন্ত গর্ভাবস্থা। ১০। কৃত্রিম গর্ভ। ১১। গর্ভসন্ধে
। ১২। আস্থানিক গর্ভ। ১৩। ছটকাবস্থ
স বিবরণ ও মৃতলক্ষণ। ১৪। গর্ভপাত
বাল প্রসব, এবং তৎসম্বন্ধীয় চিকিৎসা।
স্তকের আরম্ভে বিস্তৃত সূচীপত্র ও শেষে
ঞ্জনীয় ইংরাজী ও কঠোর বা অচলিত শব্দ
, এবং স্থানে স্থানে খোদিত আকৃতি
া গিয়াছে। এই পুস্তক, 'কলিকাতা
শাদ হাই স্কুলে বা কলেজিয়েট ইস্কুলে
বনে ঐ বাবু গুরুচরণ মল্লিকের
. অথবা মলঙ্গে আমার নিকট পাওয়া
। বহুবাজারে পা হইতে হইবে না
ঞ্জ মাসুল। আনা হইবে।
চৈত্র } শ্রীঅন্নদাচরণ বাস্তগীর
সহ } সিবিল মেডিকেল অফিসার

হইতেছে।
কলিকাতায় পুলিন্দা ও গাঁটরি
সকল দেওয়া লওয়া
হইবে না।
ধারণকে জ্ঞাত করা যাইতেছে যে হইতে

স্থান বেলওয়ে কোম্পানি আগামী ১লা মে অবধি কলিকাতায় গাঁটরি ও পুলিন্দাসকলের আনয়ন প্রদানকার্য্য হইতে বিরত হইবেন।

সচরাচর যেরূপ হইয়া থাকে, আমরা যাহাদের ষ্টেসনে অথবা হাবড়ায় গাঁটরি ও পুলিন্দা লওয়া হইবে। বেলওয়ে পুলিন্দা বিভাগ কলিকাতার পুলিন্দা ও গাঁটরি উভয়ই ষ্টেসনে লওয়া হইবে।

এলেক্জি বোজ
হুইলর ওয়ে বেলওয়ে } সিনিয়র সুপরিণ্টেণ্ডেণ্ট
৩১ এপ্রেল। ১৮৬৮ } এজেণ্ট্রো ৬

বাণীগঞ্জ সার্কো
লিমিটেড।

মোড়িয়া করিবার কারখানা।

এই কোম্পানির নিমন্ত্রণোদ্ধৃত ১ নং আফিসে উহার নমুনা দেখিতে পাওয়া যায় এবং যদি আবশ্যক প্রয়োজন হয় ঐ আফিসে এতদ্বিষয়ক পত্র পাঠাইলে হইবেক।

পুরাবৃত্তপ্রকাশ।

কলিকাতা মুক্তাপুর আদ্যাপীঠের অধিকারী কাব্যপ্রকাশ যন্ত্রে পুরাবৃত্তপ্রকাশনামক সংস্কৃত মাসিক পত্র প্রতিমাসে এক খণ্ড করিয়া প্রকাশ করিতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের পরিমাণ অর্দ্ধাতি পৃষ্ঠা। ইহাতে কতক অষ্টাদশ পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসহিত প্রকটিত করিবার কল্পনা আছে। এতন্মধ্যে বিষ্ণুপুরাণ অনুবাদ ও শ্রীধরস্বামিকৃত টীকা সহিত মুদ্রিত হইতেছে, আগামী ১লা বৈশাখ দ্বিতীয় খণ্ড আরম্ভ হইবে। যিনি ইহার গ্রাহক হইতে ইচ্ছা করেন তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয় [illegible] নিকট পত্র ডাকমাশুল ও প্রতিখণ্ডের মূল্য

অগ্রিম ।৷০ আট আনা করিয়া পাঠাইবেন। যাঁহারা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহাদের নিকট প্রত্যেক খণ্ড মূল্য ১ এক টাকা হিসাবে করা যাইবে।

১৫ই চৈত্র ১২৭৪
সংস্কৃত বিদ্যালয়। } শ্রীঅগদ্মোহন শর্ম্ম

সংস্কৃত মেদিনী কোষ ছয়শত শব্দের সমেত উত্তম নাগরাক্ষরে সত্বরই মুদ্রিত হইতেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট বা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ই চৈত্র ১২৭৪
সংস্কৃত বিদ্যালয়। } শ্রীঅগদ্মোহন শর্ম্ম

—:০:—

হিন্দুরঞ্জিকা।

রৈারীলিয়া ধর্ম্মসভা হইতে আগামী [illegible] মাসাবধি উর্দ্ধ ন মে একখানি সাপ্তাহিক প্রচারিত হইতে থাকিবে। তাহাতে হিন্দুসমাজের [illegible] বিবিধ বিষয় [illegible] ধর্ম্ম, নুতন [illegible] দীয় গ্রাহকগণকে বার্ষিক [illegible] দিতে হইবেক। গ্রাহকের [illegible] নিকট পত্র লিখিলে [illegible] পাইবেন

[illegible] } শ্রীশ্রীনাথ [illegible]
[illegible] } রোয়ালিয়া
[illegible] } ধর্ম্মসভা [illegible]

অশ্ব পুরবা সম্পাদক।
[illegible]

[illegible] সকল বাঙ্গালা [illegible]
[illegible] সের নিকট [illegible]
[illegible] শিক্ষাপ্রণালী [illegible]

ারা বহুবাজার ১২৩ নং তবর্ত্তী রবসন-
ইবের সংধর্ম্মিণীর নিকট আবেদন করি-
।

াঙ্গালা ও ইংরাজী সাহিত্য এবং প্রয়ো-
া সেলায়ের কর্ম্ম শিক্ষা করান হয়।

বেতনের নিয়ম।

াহে এক বার শিক্ষা দিতে হইলে
প্রতিমাসে ৫ পাঁচ টাকা।
দুই বার শিক্ষা দিতে হইলে
প্রতি মাসে ৮ আট টাকা।
তিন বার শিক্ষা দিতে হইলে
প্রতি মাসে ১০ বার টাকা।

কট হইলে শিক্ষয়ত্রী এক স্থানে দুই ঘণ্টা
ধিক দূর হইলে তাহা অপেক্ষা কিঞ্চিৎ
ল থাকিবেন ইতি।

—০—

আমাদিগের যন্ত্রালয় কলিকাতা মুন্সিপুর
ষ্ট ষ্ট্রিটে ২২ সংখ্যক বাটীতে উঠিয়া আসিয়া

চৈত্র | শ্রীযদুগোপাল চট্টোপাধ্যায়
। | এবং কোং।

—০—

লিকাতা সংস্কৃত লাইব্রেরী ও কালেজ
১ সংখ্যক ভবনে শ্রীযুক্ত বরদাপ্রসাদ
বেন পুস্তকালয়ে, শ্রীযুক্ত বাবু দেবেন্দ্র
াথ ঠাকুরপ্রণীত তত্ত্ব প্রকাশ
হইতেছে।

ইপুর | শ্রীরাজমোহন বসু
চৈত্র | অধ্যক্ষ।
।

—:০:—

সুশীলাহীরসিংহ নাটক।
মূল্য ৸ এক টাকা।
পুস্তক সেক্সপিয়ারের কোন নাটক
া অভিজ্ঞাকর গদ্যে সঙ্কলিত
যন্ত্রের পুস্তকালয়ে প্রাপ্ত হওয়া

—:০:—

বিক্রয়
নাম মূল্য
ীয় আইনের কার্য্যবিধি ৫
ক ক্রম ৪০
ংহিতা ২০
খোত অঙ্ক ৩১
বা ৫
ত ৫৭
ক্রম ৫

বৃহদারণ্যক উপনিষদ ১১
রাজা রামমোহন রায়কৃত ৭ খানি ইং গ্রন্থ ২৫
বেণীসংহার নাটক ২

বেণীসংহার নাটকের অবতরণিকা ও শুদ্ধি পত্র ছাপা হইয়াছে, যাঁহারা অগ্রে ১ ম ও ২ য় খণ্ড লইয়াছেন, তাঁহারা আমাকে সংবাদ দিলে আমি ইহা পাঠাইয়া দিব, পাঠাইবার খরচ তাঁহাদের লাগিবে না।

কলিকাতা কর্ণওয়ালিস ষ্ট্রিট ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায় পুস্তকবিক্রেতা।

—:০:—

তত্ত্ববিদ্যা।

প্রথম খণ্ড এক টাকা দ্বিতীয় খণ্ড ছয় আনা তৃতীয় খণ্ড ছয় আনা একত্র বাঁধান এক টাকা আট আনা। কলিকাতা আদি ব্রাহ্ম সমাজ পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে।

—:০:—

আত্মোৎকর্ষবিধানী।

চ্যাম্বিওর এসেল্‌স্ কলচর এই গ্রন্থের আদর্শ ইহাতে মনুষ্যের উন্নতিসাধনের উপায় সকল সন্নিবেশিত হইয়াছে। মূল্য ১।০। কলিকাতা ব্রাহ্মসমাজে, সংস্কৃত লাইব্রেরিতে এবং বর্দ্ধমানে আমার নিকটে পাওয়া যাইবে।

বর্দ্ধমান বোরলাট } শ্রীসারদাপ্রসাদ জ্ঞাননিধি

—:০:—

চরিতমঞ্জরী।

অর্থাৎ ভারতবর্ষের কতিপয় প্রসিদ্ধ গবর্ণর জেনরলের জীবনবৃত্তান্তসম্বলিত সংক্ষিপ্ত ইতিহাস। ইহাতে মিউটিনির বৃত্তান্ত সন্নিবেশিত হইয়াছে। এই পুস্তক ঠনঠনিয়া সংস্কৃত কালেজ পুস্তকালয়ে এবং যোড়াসাঁকো ৬৪ সংখ্যক দোকানে শ্রীপ্রতাপচন্দ্র রায়ের নিকটে পাওয়া যায়। মূল্য ১।০ আনা।

শ্রীকালীপ্রসন্ন রায়।

—:০:—

নলদময়ন্তী নাটক যাহা ষ্টানহোপ যন্ত্রে যন্ত্রিত বিক্রয়ার্থ প্রস্তুত, মূল্য ১ টাকা।

কলিকাতা যোড়াসাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র রায়

—:০:—

সোমপ্রকাশযন্ত্রালয়ে কেস ও ফ্রেম সহিত নানাপ্রকার দেবনাগর অক্ষর বিক্রয়ার্থ আছে, যাহার প্রয়োজন হয়, তিনি কলিকাতা সংস্কৃত কালেজে শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নিকটে অনুসন্ধান করিলে বিশেষ জানিতে পারিবেন।

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও ডাক্তার বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দোকানে প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তক বিক্রয় হইতেছে:—

প্রণীত
খ্রীসইতিহাস
রোমইতিহাস
ভূষণসার ব্যাকরণ
নীতিসার (১ ম ভাগ)
নীতিসার (২ য় ভাগ)
প্রচারিত।
মুগ্ধবোধ ব্যাকরণ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—:০:—

ভূমিবিক্রয়।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে এম ডেবীড সাহেব — প্রতি কলবার্ট্‌সন এণ্ড কোম্পানী লিমিটেড মাকদ্দমায় হাইকোর্ট বিচারালয়ের ১৮ আইনের ১৯ ডিসেম্বর দিবসীয় ডিক্রী জারি উক্ত দেনদারের নিম্নলিখিত মূল্যবান স্থাবর ও জেলা চব্বিশ পরগণার শ্রীযুক্ত জজ সাহেব বিচারালয়ে তত্রত্য কোন কর্ম্মচারীর দ্বারা আগামী ১৫ই এপ্রেল বুধবার দিবা দ্বি ঘটিকার পর সর্ব্বাপেক্ষা অধিক মূল্যদাতার বিক্রীত হইবে ইতি।

ডিহিপাইকান গ্রামের ৩ গ্রাণ্ড ডিবিজান নবডিবিজান ৫৯ নং হোলডিং ভুক্ত ৩৷৷৵ টাকা রাজস্ব যুক্ত ১১।৸/৭৷৷ বিঘাজমী তদুপরি স্থিত ইমারত আদিতে উক্ত দেনদারের যে স্বত্ত্ব ও লভ্য আছে।

জেলা চব্বিশপরগণা জজ আদালত সন ১৮৬৮ সাল তারিখ ৯ই এপ্রেল। } এফ বফোট জজ

—:০:—

ভূমিবিক্রয়।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে কালীপ্রসাদ দাস—প্রতিপক্ষ গিরিশচন্দ্র রায় এই মকদ্দমায় এ জেলার দ্বিতীয় প্রধান সদরামিনী বিচারালয়ের ডিক্রী জারি উক্ত দেনদারের নিম্নলিখিত মূল্যবান স্থাবর সম্পত্তি জেলা চব্বিশ পরগণার শ্রীযুক্ত জজ সাহেবের বিচারালয়ে তত্রত্য কোন কর্ম্মচারীর দ্বারা

আগামী ১৬ ই এপ্রেল বৃহস্পতিবার দিবা দ্বাদশ ঘটার পর সর্ব্বাপেক্ষা অধিক মূল্যদাতাকে বিক্রীত হইবে ইতি।

ঃ পঞ্চান্ন গ্রামের জান নগর বেলেপুখুর গ্রামে ৪ গ্রাণ্ড ডিবিজান বিঃ সব ডিবিজান ৬২। ৫৮ নং হোলডিং ভুক্ত ৫৷৷৶৬ টাকা জমাযুক্ত ২১৶ বিঘা জমীর মধ্যে আনুমানিক ৬৶ বিঘা জমীতে উক্ত দেনদারের যে স্বত্ব ও লভ্য আছে।

জেলা চব্বিশপরগণার জজ আদালত সন ১৮৬৮ সাল তাং ৯ ই এপ্রেল } এফ, বাকোট জজ

—:০:—

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে, যে ইন্দ্রচন্দ্র ছগড়—প্রতিপক্ষ তারাচাঁদ ছগড়, কোড়ামল ছগড়, দৌলতচাঁদ ছগড় এই মোকদ্দমায় জেলা মুরশীদাবাদের জজ সাহেবের বিচারালয়ের ১৮৬৭ সালের ২৩ সেপ্টেম্বর ডিক্রীযুক্ত ডিক্রী জারিতে উক্ত দেনদারের নিম্ন লিখিত মূল্যবান স্থাবর সম্পত্তিতে উক্ত দেনদারের যে স্বত্ব ও লভ্য আছে, জেলা চব্বিশ পরগণার শ্রীযুক্ত জজ সাহেবের বিচারালয়ে অত্রত্য কোন কর্ম্মচারীর দ্বারা আগামী ১৭ এপ্রেল শুক্রবার দিবা দ্বাদশ ঘটার পর সর্ব্বাপেক্ষা অধিক মূল্যদাতাকে বিক্রীত হইবে ইতি।

১ নং লাট। ডিঙ্গ পঞ্চান্ন গ্রামের চিংপুর পরগ্রামে ১ গ্রাণ্ড ডিবিজান ৫ সবডিজান ১৮৬ নং হোলডিঙ্গের অন্তর্গত ৪৮ টাকা জমাযুক্ত ॥২ কাঠা জমীর মৌরসী জমা ও ইমারত আদি।

২ নং লাট। উক্ত গ্রামের উক্ত গ্রাণ্ড ও সবডিজান ১৮৬১ নং হোলডিঙ্গের অন্তর্গত ৭॥ টাকা জমাযুক্ত ॥৪ কাটা জমীর মৌরসী জমা ও ইমারত আদি।

জেলা ২৪ পরগণার জজ আদালত সন ১৮৬৮ সাল তাং ৯ এপ্রেল } এফ, বাকোট জজ

—:০:—

[illegible]

সন ১৮৬৮ সাল [illegible]

৩১ এ পাঁচ ভাগিরথীনদীর [illegible]

জলের সাথাইর [illegible]।

স্থানের নাম	ফুট	ইঞ্চ
[illegible]	১১	”
[illegible]	৯	”

[illegible] হইতে জঙ্গিপুর (১৩॥ মাইল) মধ্যে :——৬

জঙ্গিপুর হইতে বহরমপুর (১৬ মাইল) মধ্যে ১——

বহরমপুর হইতে কাটওয়া (৫০ মাইল) মধ্যে ৩——৯

কাটয়া হইতে নদীয়া পর্য্যন্ত (৩৬ মাইলের মধ্যে ৩——৯

গত ১৮৬৮ এপ্রেল সালের ৪ঠা তারিখের বহর মধ্যে ১৬ ঘাটের জলের মাপ ° ফিট ইঞ্চ ৪——৩ °

২৮ মধ্যে ৪ঠা এপ্রেল ১৮৬৮। } এফ, বাকোট ইঞ্জিনিয়র ও মধ্যে ডিবিশন

সোমপ্রকাশ।

২রা বৈশাখ সোমবার।

১২৭৮ অব্দের সংক্ষিপ্ত বিবরণ।

১২৭৮ অব্দ গত হইল। আমরা পরমেশ্বরকে ধন্যবাদ দিয়া ও গ্রাহকগণের নিকটে কৃতজ্ঞতা প্রকাশ করিয়া নূতন বর্ষে প্রবৃত্ত হইলাম। গ্রাহকগণ সর্ব্বসাধারণের সহিত বর্ত্তমান বর্ষ সুখে অতিবাহিত করেন, আমাদিগের এই অকপট প্রার্থনা।

১২৭৮ অব্দটী অতি ভয়ানক বৎসর। দুর্ভিক্ষনিবন্ধন অসংখ্য লোক প্রাণত্যাগ করিয়াছেন। গতবর্ষে গবর্ণমেণ্ট দুর্ভিক্ষের প্রকৃত কারণ অনুসন্ধান করিয়া ভবিষ্যতে যাহাতে এপ্রকার ঘটনা না ঘটে, সেই উপায় অবলম্বনের ইচ্ছা করেন; কিন্তু এ পর্য্যন্ত তদনুসারী কার্য্য কোথাও আরব্ধ হয় নাই। অতএব ১২৭৯ অব্দকে একাংশে উদ্যোগের ও অনাংশে ঔদাসীন্যের বৎসর বলিয়া গণনা করিতে হয়।

গত বৎসর সর সিসিল বীডন যার পর নাই নিন্দিত, ধিক্কৃত ও তিরস্কৃত হইয়া এদেশ ত্যাগ করিয়াছেন এবং মহামতি উইলিয়ম গ্রে সাহেব লেপ্টনণ্ট গবর্ণরের পদে অধিষ্ঠিত হইয়াছেন। ইনি শাসনকর্ত্তা হইবার অব্যবহিত পরে স্বচক্ষে আসাম দর্শন করিতে গমন করেন এবং কোন কাজই প্রায় স্বচক্ষে না দেখিয়া করেন না। সর সি বীডনের সময়ে কর্ম্মচারিনিয়োগ বিষয়ে যে বিশৃঙ্খলা ছিল, গ্রে তাহার অনেক উৎকর্ষ সাধন করিয়া ফলতঃ এক জন যথার্থ ভদ্র লোক দিগের শাসনকর্ত্তৃপদে অধিষ্ঠিত হেন,. সকলের এই প্রকার ম জন্মিয়াছে। উত্তর-পশ্চিমাঞ্চলের নণ্ট গবর্ণর ড্রমণ্ড সাহেব পদ করাতে সর উইলিয়ম মুর সাহেব পাইয়াছেন। ড্রমণ্ড সাহেব কেবল অতিবাহিত করিয়া গিয়াছেন মধ্য ভারতবর্ষের প্রধান কমিসার কাম্বেল সাহেব পীড়িত হইয়া লইয়া ইংলণ্ডে গমন করিয়াছেন। সহজে অন্য কোন পরিবর্ত্ত হয় কিন্তু গবর্ণর জেনরল একটী অন্যা য়াছেন। তাঁহার অধীন প্রধান সকল নিয়মবহির্ভূত পঞ্জাবী ক দিগকে দেওয়া হইয়াছে। রাজস্ব সেক্রেটারির পদভিন্ন আর সকল বঙ্গদেশীয় সিবিলিয়নদিগের হ লওয়া হইয়াছে। ইহাতে শেনো চারিগণ অসন্তুষ্ট হইয়াছেন।

রাজনীতিসম্বন্ধে গত বৎসর কটী বিশেষ উন্নতির সূত্রপাত হই লণ্ডনস্থ ইষ্টইণ্ডিয়া আসোসিয়েস টেউসেক্রেটারি সর জাকোড নথ নিকটে এই আবেদন করেন যে, সিবিল সর্ভিসের পরীক্ষার যে নিয়ম আছে, তাহাতে ভারতব গকে কার্য্যতঃ সিবিলসর্ভিসে করা হইতেছে। অতএব ইণ্ডিয়ান কালকাতা, বোম্বাই ও মাদ্রাজে পরীক্ষা হওয়া হয়। প্রথম এ হইবে, পরীক্ষাও ভারতবর্ষীয় গভা ও লোকদিগের এই প্রার্থনার অনুমোদন করিয়া দন করিয়াছেন। সর টাকোডনর

রে আবশ্যকতা স্বীকার এবং
লট সাহেব মহাসভায় এ বিস-
প্রস্তাব করিয়াছেন। সিবিল
র্বিস ভিন্ন আর একটী গুরুতর বিষয়ের
স্তাব হইয়াছে। প্রতিবৎসর এ দেশের
য় বৃদ্ধি হইতেছে, তথাপি অক্ত
া যাইতেছে না। বর্ত্তমান গবর্ণর জেন
ার আগমনাবধি বিস্তর ব্যয়বৃদ্ধি
য়াছে বিশেষতঃ সেনাদলের ব্যয়ের
া নাই। সকলে ইহাতে অসন্তুষ্ট
া প্রতিনিধিপ্রণালী স্থাপন করিবার
ভাব প্রকাশ করিতেছেন।

গবর্ণর জেনরল গত বৎসর অচি-
ত কর্ম্মচারীদিগের প্রতি একটী সুবি-
করিয়াছেন। নিয়মবহির্ভূত প্রদেশের
চিহ্নিত কর্ম্মচারিগণ সহকারী কমিসনর
ন্যস্ত হইতে পারিবেন। কিন্তু এমন
উদ্দেশটীও আংশিক অবিবেচনা
সে কলঙ্কিত হইয়াছে। তিনি আজ্ঞা
য়াছেন, যে স্থানে ইউরোপীয়দিগের
খ্যা অধিক হইবে, তথায় এতদ্দেশীয়
কারী কমিসনরগণ নিযুক্ত থাকিতে
রিবেন না। রাজনীতিসম্বন্ধে এপ্রকার
তিভেদের মূলা শোচনীয় বিষয় আর
আছে। লেপ্টনন্ট গবর্ণর থেয়াহেব
পুরী মাজিষ্ট্রেটনিয়োগের পরীক্ষা
ালী প্রবর্ত্তিত করিয়াছেন। এ পর্য্যন্ত
ান সিভিলসার্ভিসে এ নিয়োগ হইত না
ারও অন্যায়রূপে দুটী দোষের আবি
ব দৃষ্ট হইতেছে। প্রথম যাঁহাদিগের
ম-সেক্রেটরির রেজিষ্টরিতে থাকিবে,
হারাই কেবল পরীক্ষা দিতে পারি-
ন এবং কতকগুলি পদ ইউরোপীয়
গের জন্য স্বতন্ত্র রাখা হইবে।

গত বৎসর যুদ্ধাদি ঘটনার মধ্যে
মাত্র হয়, সীমান্তের সীমাস্থিত বাজুটী
তি ব্রিটিশ সীমা অতিক্রম করাতে
ক শত সৈন্য তাহাদিগের পশ্চাদ্ধা-
ন হয়। কিন্তু সৈন্যগণ পর্ব্বতপ্রবিষ্ট

—৪—

হওয়াতে সৈন্যগণ অকৃতকার্য্য হয়। এক জন আফিসর ও ১১ জন সৈনিক প্রাণত্যাগ করিয়াছেন। বন্যেরা অদ্যাপি অশান্তিত রহিয়াছে।

গবর্ণমেণ্টের বিদেশীয় রাজনীতি ঘটিত কার্য্যের মধ্যে মহীসুর প্রত্যর্পণ প্রধান। বৃদ্ধ রাজা সম্প্রতি প্রাণত্যাগ করিয়াছেন। তিনি দশ বৎসর পূর্ব্বে প্রাণত্যাগ করিলে ঐ রাজ্য ব্রিটীশ সাম্রাজ্যভুক্ত হইত সন্দেহ নাই। কিন্তু গবর্ণর জেনরল ঘোষণা করিয়া দিয়াছেন, মৃত রাজার দত্তক পুত্র প্রাপ্তবয়স্ক হইলেই তাঁহার হস্তে শাসনের ভার দেওয়া হইবে। টঙ্কের নবাব মহম্মদ আলী তদধীনস্থ লাওয়ার ঠাকুরকে বধ করাতে গবর্ণর জেনরল তাঁহাকে পদচ্যুত করিয়া তদীয় পুত্রকে সিংহাসন প্রদান করিয়াছেন। এতদ্দ্বারাও এই প্রতিপন্ন করা হইয়াছে যে, গবর্ণমেণ্ট আর এতদ্দেশীয় রাজ্য গ্রহণ করিবেন না। জয়পুরের রাজা শাসনসম্বন্ধে অনেক উন্নতি সাধন করিয়াছেন। ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার ন্যায় এক সভা হইয়াছে; সভ্যেরা ব্যবস্থাপ্রণয়ন ও শাসনকার্য্য করিয়া থাকেন। রাজস্ব, বিদ্যাশিক্ষা প্রভৃতি সকল বিষয়েই ঐ রাজ্যের উন্নতি নয়নগোচর হইতেছে। জয়পুরের ন্যায় ত্রিবাঙ্কুরের অবস্থাও প্রীতিকর। রাজা ও তদীয় দেওয়ানের যত্নে সকল বিষয়েই প্রায় শ্রীবৃদ্ধি হইতেছে। লার্ড নেপিয়র সম্প্রতি এই রাজ্য দর্শন করিতে গিয়া প্রীতিলাভ করিয়া আসিয়াছেন। গোয়ালিয়র ও ইন্দোরের তাদৃশ উন্নতি লক্ষিত হইতেছে না। নবাব সালারজঙ্গ নিজামের রাজ্য শাসনবিষয়ে সম্প্রতি কতকগুলি সদুপায় অবলম্বন করিয়াছেন। তিনি কৃতবিদ্য লোকদিগের হস্তে বিচার ও শাসনের ভার দিয়াছেন। আপীল শ্রবণের নিমিত্ত একটী প্রধান বিচারালয়

হইয়াছে এবং রাজস্বসংক্রান্ত কর্ম্ম দিগের বেতনবৃদ্ধি করিয়া রাজস্ব লীর উৎকর্ষসাধন করা হইয়াছে। রিচার্ড টেম্পল যে কয়েক মা ডেণ্ট ছিলেন, তাহার মধ্যেই অধিক উন্নতি হয়। তিনি যে অনেকগুলির বন করিয়াছিলেন তাহা বলা বা গুজরাটের রাজা অপব্যয় ও শা বিশৃঙ্খলানিবন্ধন বিখ্যাত হইয়াছেন নির্ব্বোধ রাজকুমার সম্প্রতি ৪০ টাকা ব্যয় করিয়া মক্কায় এক চন্দ্র প্রেরণ করিবার মানস করিয়াছে তাঁহার রাজ্যমধ্যে সকলই বিশৃ সুবিচার নাই। আক্ষেপের বিষয় গবর্ণমেণ্ট সদুপদেশ প্রদান ও দর্শনাদিদ্বারা ইহাঁকে সৎ প্রবর্ত্তিত করিতেছেন না। অযো রাজা ধূর্ত্ত ও ধর্ম্মভয়শূন্য চাটুক গের দ্বারা বেষ্টিত হইয়া অতিশয় গ্রস্ত হন। কিন্তু কর্ণেল হারবার্ট ও আমীর আলীর যত্নে তাঁহার ৫৬ টাকা ঋণ পরিশোধ হইয়া ৮ টাকায় দাঁড়াইয়াছে। মেইন স ব্যবস্থাপক সভায় এই প্রস্তাব ক ছেন, রাজাকে বিনা কর্জ্জ দিবেন, আদালতে নালীশ করিতে পারি না।

১২৭৪ অব্দের অর্দ্ধপর্য্যন্ত উৎ দুর্ভিক্ষ ছিল। গবর্ণমেণ্ট তথায় চাউল প্রেরণ এবং বিশেষ কমি মনোনি সাহেব যথোচিত পরি করিয়া অন্নহীন লোকদিগকে অ প্রদান করেন। আউদ ধান্য কাটিবা কষ্ট এত কম হয় যে, সেপ্টেম্বর শেষে অধিকাংশ অন্নছত্র বন্ধ করা গবর্ণমেণ্ট প্রথমে যেমন ঔদাসী অনবধানতা প্রদর্শন করেন, শেষে বস্তু পাইয়াছিলেন। এত চাউল প্রে হয় যে, এখনও তথায় অনেক

—৫—

াছে। মান্দ্রাজের দুর্ভিক্ষ পীড়িত লাকেরা তত্রত্য শাসনকর্ত্তার চেষ্টায় থোচিত সাহায্য পাইয়াছেন।

আসামের চা-করেরা সর্ব্বস্বান্ত হইয়া ছেন। অনেক চা-করকে আপন আপন ক্ষেত্র বিক্রয় করিতে হইয়াছে। প্রায় কলেই ঋণগ্রস্ত হইয়াছেন। এক কালে ধিক পরিমাণে ভূমি লইয়া আবাদ রিয়া রাতারাতি বড় মানুষ হইবার ষ্টাই তাঁহাদিগের সর্ব্বনাশের কারণ। হারা এতদ্দেশীয়দিগকে চার চাসে ঞ্চিত করিতে গিয়া সকলই হারাইলেন। টি সুখের বিষয় এই যে, গত বর্ষে ক্ষেত্রে মজুরদিগের প্রতি তত অত্যা ধ হয় নাই; কিন্তু গবর্ণমেণ্ট কাছা- র কুলিরক্ষক মার্শল সাহেবকে পদ- ত করিবার আজ্ঞা দিয়া একটী অবিবে ার কাজ করিয়াছেন। কুলিদিগের স্থার যে কিছু উৎকর্ষ সাধিত হয়, হা মার্শল সাহেবের দ্বারাই হইয়া । বঙ্গদেশের নীলকরগণের ত উচ্ছেদ াছে। গত বৎসর ত্রিহুতের নীলক া অত্যাচার করাতে কৃষকেরা প্রতি কতা করিতে আরম্ভ করে। এক জন কারী মাজিষ্ট্রেট কিছু দিন কৃষক- র দ্বারা কারাগার পরিপূর্ণ করিয়া ন; কিন্তু গবর্ণমেণ্ট হস্তক্ষেপ তে এবং নীলকরেরা যথাসময়ে দিগের লাভবৃদ্ধি করিয়া দেওয়াতে ণে গোলযোগের অনেক শান্তি হই ।

এদেশের রেলওয়েসকল ক্রমে সম্পূর্ণতা প্রাপ্ত হইতেছে. কিন্তু পের বিষয় এই, বোম্বাই রেলওয়ের াংশ সেতু ভগ্ন হইয়া যাও; এ জন্য ার ব্যয় হইবে। মাতলা রেলওয়ে পানি ক্ষতিগ্রস্ত হওয়াতে গবর্ণমেণ্ট বহস্তে গ্রহণ করিয়াছেন। পঞ্জাবের য়ের এজেণ্ট কর্ণেল এলকিনষ্টোন অনবধানতাদোষে পদচ্যুত হইয়াছেন এবং তাঁহার অধীনস্থ দুই জন ইউরোপীয় কর্ম্মচারী চুরি ও জাল করিয়া দণ্ড পাইয়াছেন। পেসোয়ারপর্য্যন্ত একটী নূতন রেলওয়ে হইবে। যাহা হউক, গত বর্ষে রেলওয়ের অনেক শ্রীবৃদ্ধি হইয়াছে। ভিন্ন ভিন্ন কোম্পানি ব্যয়বাদে প্রায় আড়াই কোটি টাকা লাভ করিয়াছেন।

গত নবেম্বর মাসে সর জন লরেন্স মহাসমারোহ করিয়া লক্ষ্ণৌএ এক দরবার করিয়াছিলেন। রাজা মানসিংহ প্রভৃতি কয়েক জন ঐ সময়ে ভারতবর্ষীয় ষ্টার প্রাপ্ত হন। যে সময়ে সর জন লরেন্স অযোধ্যায় প্রবেশ করিয়া দরবার করিবার উদ্যোগ করিতেছিলেন; তৎকালে বঙ্গদেশের অধিকাংশ স্থান ভয়ানক ঝড়ে উৎসন্ন হইয়া যায়। ২০এ আশ্বিনের ঝড়ের কষ্ট দূর হইতে না হইতে গত ১১ই কার্ত্তিক রাত্রিতে পুনর্ব্বার প্রবল ঝড় হইল। এই ঝড় রাত্রিতে হওয়াতে বিস্তর লোক প্রাণত্যাগ করেন। কলিকাতা ও উপনগরে প্রায় ১২০০ লোকের মৃত্যু হয়। বঙ্গদেশের লেপ্টনাণ্ট গবর্ণর গ্রেসাহেবের যত্নে চাঁদা হইল এবং গবর্ণমেণ্ট চাঁদার তুল্য টাকা দিলেন। মফস্বলের স্থানে স্থানে সভা ও চাঁদা হইতে লাগিল। অনেক দরিদ্র লোক তদ্দ্বারা সাহায্য প্রাপ্ত হয়। ঝড়ে গড়ে প্রায় ছয় আনা শস্য নষ্ট হইয়া যায়; কিছু দিন সকল দ্রব্যই দুর্ম্মূল্য হইয়াছিল; কিন্তু পূর্ব্বাঞ্চলের শস্য অনুৎপন্ন থাকাতে দ্রব্যাদি পুনর্ব্বার সুলভমূল্য হইয়াছে।

মাসি সাহেব গত বর্ষে যে আয় ব্যয়ের হিসাব প্রদান করেন, তাহাতে সাধারণে সন্তুষ্ট হন নাই। লাইসেন্স টাক্স স্থাপিত করাতে অনেকে অসন্তুষ্ট হইয়াছিলেন; কিন্তু ইহাতে ইনকমটাক্সের অপেক্ষা অল্প অত্যাচার হয়। বণিকগণ কোন করই দেন না; ইউরোগণ এক প্রকার সর্ব্বপ্রকার কর মুক্ত। লাইসেন্স করে এই দুই শ্রে স্পর্শ করিতেছে। মাসি সাহেব এই হইতে ৫০ লক্ষ টাকা আয় হইবে মান করেন; কিন্তু প্রায় ৭০ লক্ষ উঠিয়াছে। অতিরেকে বিস্তর লাভ প্রাতে এবৎসর অপেই অকুলান গত ১৫ই মার্চ্চ শনিবার রাজস্বসংমন্ত্রী আয় ব্যয়ের যে হিসাব দিয়াতদ্দ্বারা জানা গিয়াছে, বর্ত্তমান ৪৮,৫৮,৬৯,০০০ টাকা আয় ও ৪৮, ৩০,০০০ টাকা ব্যয় নির্দ্ধারিত হইয়াএ বার লাইসেন্স টাক্স আইনের আসঙ্গত পরিবর্ত্ত হইয়াছে। কিন্তু বিবেচনাপূর্ব্বক ব্যয় করা হয়, লাইকরের কোন প্রয়োজন হয় না; বর্ত্ত গবর্ণমেণ্ট তদ্বিষয়ে সম্পূর্ণ অসম ইহঁরা ব্যয় করিতে জানেন, কিন্তু ব্যয় কমাইতে জানেন না। ইংলণ্ড ব্যয় ও সেনাদল আমাদিগের যাবঅকুলানের কারণ। যত দিন এই ব্যউপর ভারতবর্ষীয়দিগের ক্ষমতা না তত দিন কিছুতেই এ অনিষ্ট দূর হই না; গত বৎসর অর্থকৃচ্ছ্র নিবন্ধন বাণি অনেক কমিয়া গিয়াছে এবং কতকগু ব্যাঙ্ক দেউলিয়া হইয়াছে। বোম্বি ব্যাঙ্কের ভূতপূর্ব্ব ডিরেক্টরদিগের চ ক্রের প্রতি সন্দেহ হওয়াতে তাহ অনুসন্ধানার্থ এক কমিসন নিযুক্ত হ য়াছে। এখানে আগরা ব্যাঙ্ক একব দেউলিয়া হইয়া পুনর্ব্বার কার্য্যারম্ভ ক য়াছেন। পোর্টিগাি কোম্পানির অ ক্ষণশিলার সাহেবের বিরুদ্ধে অভিযো করিয়াছেন। শিলার সাহেব কোম্পানি টাকায় সম্পত্তি ক্রয় করিয়া আবার সে সম্পত্তি কোম্পানিকে নিকট অধিকমূল্যে বিক্রয় করিয়াছেন, তাঁহার নাএই অপবাদ দেওয়া হইয়াছে। অপর

সত্য হউক, আর মিথ্যা হউক, এই
টীদ্বারা অনেকে ইউরোপীয় বণিক
া চরিত্রের প্রতি সন্দেহান হইয়া
।
ত বৎসর বাণিজ্যসংক্রান্ত কয়েকটি
া হইয়াছে। শাসনসম্বন্ধে কোন
ট ব্যবস্থা প্রণীত হয় নাই। উত্তর
য়ালের মিউনিসিপাল আইনের
ংশভিন্ন আর কোন ভাল আই
াণ্ডু লেখ্য হয় নাই। ষ্টাম্প আইন
তে দরিদ্রদিগের প্রতি সুবিচারের
রুদ্ধ করা হইয়াছে। সাধারণে
কাশ করাতে গবর্ণর জেনরল এই
নের ফলাফল অনুসন্ধান করিতে
ত হইয়াছেন। কিন্তু কুম্ভকর্ণের নিদ্রা
হইতে হইতে লঙ্কা উৎসন্ন হইবে।
ৎসর বঙ্গদেশ হইতে দুই জন ব্যব
ক লওয়া হইয়াছে। কিন্তু এক জন
পীড়িত ও নিস্তেজ; আর এক জন
ন অপেক্ষা দৌড়দৌড় ভাল বুঝেন।
সকল লোক ব্যবস্থাপক হন এটী
ার ও অভিপ্রেত নহে। যাঁহারা যথার্থ
জর লোক, তাঁহাদিগকে লওয়াই
শ্যক। কিন্তু ক্রীদর নাম ব্যবস্থাপক
র সভ গণ অক্ষমতাপ্রদর্শনের নিমি-
মনোনীত হইয়া থাকেন।

গত বৎসর বিচারপ্রণালীর কোন
উৎকর্ষ সাধিত হয় নাই। মফস্বলের
রালয়ে পূর্ব্ববৎ উৎকোচস্রোত
হিত হইতেছে। প্রধানতম বিচারা-
র আজ্ঞার বিরুদ্ধে সেই বেলা
টার সময়ে কাছারি করা হইতেছে।
বলের হাকিমেরা সেই সেকেলে
স্থ ব্যবহারের অনুসরণ করিয়া কার্য্য
তেছেন। সর্ব্বাংশে শিক্ষক মফস্ব
বিচারালয়সমূহের উন্নতি সাধন করি
বলিয়া আমরা যে আশা করিয়াছি-
, তাহা সফল হইল না। প্রধানতম
লয়ের বিচারপতিগণ রীতিমত

—৬—

মফস্বলে গমন করেন না। যে কিছু সুবি
চার প্রধানতম বিচারালয়ে ও নূতন
মুন্সেফদিগের নিকটে হয়। কিন্তু যাঁহারা
ফৌজদারি ও ১০ আইনের বিচার
করেন, তাঁহাদিগের কথা বলিতে নাই।
ভূমিসংক্রান্ত আইন অতিশয় জটিল।
এই সকল আইন একত্র করিয়া যত
দিন শিক্ষিত বিচারপতিদিগের হস্তে
বিচারের ভার দেওয়া না হইতেছে, তত
দিন মঙ্গলের সম্ভাবনা নাই। আমলা
দিগকে স্থানে স্থানে বদলী করা হই
তেছে; কিন্তু সাধারণে কাহাকেও তিন
বৎসরের অধিক এক স্থানে থাকিতে
দেওয়া উচিত নহে। আক্ষেপের বিষয়
এই, কর্ত্তব্যনিষ্ঠ লোকদিগকে বহুলপরিমাণে
আমলা করা হইতেছে না।

গত বৎসর অপেক্ষা এ বার শিক্ষাবি
ভাগের কিঞ্চিৎ উন্নতি দেখা যাইতেছে
কিন্তু কর্ত্তৃপক্ষের যত্ন অপেক্ষা সমাজের
উন্নতিদ্বারাই উহা সাধিত হইয়াছে। সর
জন লরেন্স ও তাঁহার নিয়মবহির্ভূত
সহচরগণ ইংরাজীতে না দিয়া দেশীয়
ভাষার ইতিহাস ও বিজ্ঞানের শিক্ষা
দিবার প্রস্তাব করিয়াছেন। কিন্তু সর্ব্ব
সাধারণে ইহার বিরুদ্ধে মত প্রকাশ করি
য়াছেন। শাসন ও বিচার ইংরাজীতে
হইবে; এ অবস্থায় লোকের শিক্ষা দেশীয়
ভাষায় হইলে তাঁহাদিগকে প্রকারান্তরে
উচ্চতর স্বত্ব হইতে বঞ্চিত করা হইবে
মাত্র। বিশ্ববিদ্যালয়গুলির ক্রমশঃ
উন্নতি দেখা যাইতেছে; কিন্তু যে প্রকার
কণ্ঠস্থ করিবার প্রণালী প্রবর্ত্তিত হইয়াছে,
তাহার পরিবর্ত্ত হয়, সর্ব্বসাধারণে এই
ইচ্ছা প্রকাশ করিয়াছেন। শিক্ষাকার্য্যের
তত্ত্বাবধারণের ভার গবর্ণমেণ্টের এক জন
স্বতন্ত্র সেক্রেটারির হস্তে থাকে এমত প্রস্তাব
হইয়াছে। বস্তুতঃ শিক্ষাসংক্রান্ত একটী
সভা এবং ঐ সভার উপরে এক জন গব

র্ণমেণ্টের সেক্রেটারিকে কর্ত্তা ন. করি
প্রকৃত কাজ হইবে না, এতদ্দেশীয়
কগণের বেতন বৃদ্ধি না হওয়াতে অ
শিক্ষাবিভাগ ত্যাগ করিতেছেন।

বর্ষে বর্ষে যেমন বিদ্যাশিক্ষার উ
হইতেছে, সেই সঙ্গে সঙ্গে তেমনি
রেরও উন্নতি হইতেছে। নানাস্থানে
প্রকার উন্নতিচেষ্টা আরম্ভ হইয়া
সামাজিক উন্নতির উদ্দেশে কয়েক ব
মেলা আরম্ভ করিয়াছেন। ধর্ম্ম
যও বিশেষ আন্দোলন আরম্ভ হইয়া
সামাজিক বিজ্ঞানসভা ও ফিয়ার স
এ বিষয়ে সবিশেষ উৎসাহ প্রদর্শন
তেছেন।

আবিসিনিয়ার রাজা ইংরাজ ব
ও আর কয়েক জন ব্রিটিশ প্রজাকে
করাতে গত অক্টোবর মাসে তাঁ
বিরুদ্ধে যুদ্ধঘোষণা হইয়াছে। এ
হইতে ৭০০০ ইউরোপীয় ও ৮০০০ এ
শীয় সৈন্য গমন করিয়াছে। বোম্বাই
প্রধান সেনাপতি সর রবার্ট নেপি
অধ্যক্ষ হইয়া গমন করিয়াছেন;
এপর্য্যন্ত একটীও যুদ্ধ হয় নাই। এব
যে যুদ্ধের শেষ হয় এরূপ বোধ হয় না
যুদ্ধে এদেশ হইতে যে সৈন্য প্রে
হইয়াছে, ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট তাহা
বেতন আমাদিগের স্কন্ধে নি
করাতে সাধারণে অসন্তুষ্ট হইয়াছেন

অব্যাপি কাবুলের গোলযো
শেষ হয় নাই। সর্দ্দার আতুল রহমন
তুর্কিস্তানপর্য্যন্ত জয় করিয়াছে
হিরাট মাত্র সের আলির অধীনে আ
ব্রিটিশ গবর্ণমেণ্ট আজিম খাঁকে
বলিয়া স্বীকার করিয়াছেন। রু
ক্রমশঃ অগ্রসর হইতেছে। এত দি
পর গবর্ণমেণ্ট ভারতবর্ষীয় চরদিগকে
আসিয়াতে প্রেরণ করিয়া সংবাদ
তেছেন।

ভারতবর্ষীয় সভা ১৭৪ অব্দে

কার কাজ করিয়াছেন, চারি সরের মধ্যে সেরূপ করিতে পারেন ই। প্রায় যাবতীয় আইনের বিষয়ে ...া আবেদন করিতেছেন. অনেক য়ে তাঁহাদিগের অনুরোধও রক্ষা হই ছ। তাঁহারা লাইসেন্স টাক্স বিলের রে যে আবেদন করেন, তন্নিমিত্ত গব জেনরল তাঁহাদিগকে ধন্যবাদ দিয়া ম। এক্ষণে সভার যে প্রকার সম্ভ্রম ক্ষমতাবৃদ্ধি হইয়াছে, তাহাতে তাঁহা গর কার্য্যপ্রণালী প্রশস্ত ও বিস্তৃত উচিত।

—:০:—

সামাজিক বিজ্ঞান সভার দ্বিতীয় কার্য্যবিবরণ।

বঙ্গদেশীয় সামাজিক বিজ্ঞানসভার ...বিবরণের দ্বিতীয় খণ্ড প্রকাশিত ...াছে। এই পুস্তকখানিতে কতকগুলি ...রুষ্ট বিষয়ের আন্দোলন দেখা যাই- ...ছে। ইহার সর্ব্বপ্রথমে সভার অধ্যক্ষ ...ারপতি ফিয়ারের প্রারম্ভবিষয়ক ...তারহিয়াছে। বিচারপতি ফিয়ারের ... হইতে যাহা বহির্গত হয়, তাহাই ... লাগে। গত ২৯এ জানুয়ারিতে এই ... তা হইয়াছিল। ইহার নিমিত্ত সর্ব্ব ...রণে সভাপতির নিকটে কৃতজ্ঞতা ...ার করিয়াছেন। আইনঘটিত দুই ... পত্র পঠিত হয়। প্রথমখানি ...ী কালেজের আইনের অধ্যাপক বাবু ...লোক্যনাথ মিত্র এম, এ, পাঠ করেন। ...নি এ দেশের জুরিপ্রথার বিষয়ে ...ত হইয়াছে। কালেক্টরেরা ... কিছুই না করিয়া আসলাদিগের ...র যে জুরিনির্ব্বাচনের ভার দেন ...নাজির ভদ্র লোকদিগের নিকটে ...কিছু লইয়া তাঁহাদিগকে মুক্ত করিয়া লোকদিগকে জুরির নিমিত্ত যে ...ন করেন, তাহা স্পষ্টরূপে লিখিত ...ছে। ত্রৈলোক্য বাবুর এই মত সর্ব্ব সাধারণের অনুমোদিত। জুরির দোষেই কোন স্থলে দোষী ব্যক্তি মুক্তিলাভ করে; কোথায়ও বা নির্দ্দোষীর দণ্ড হয়। এক্ষণে সকল স্থানেই কৃতবিদ্য লোক দৃষ্ট হন; সুতরাং উপযুক্ত জুরির অভাব নাই। অতএব মোক্তারদিগকে জুরিশ্রেণী হইতে যে বহিষ্কৃত করা উচিত, একথা বাবু ত্রৈলোক্যনাথ মিত্রের সহিত সকলেই স্বীকার করিবেন। কিন্তু চিকিৎসকদিগের সহিত উকীলদিগকে অব্যাহতি দেওয়া উচিত হয় না;

...ীল জুরর পাইলে অন্য জুরর গ্রহ- ণের প্রয়োজন করেনা যে মহকুমায় মক দ্দমা হইবে, তাহার দশ ক্রোশ পরিধি পর্য্যন্তের কৃতবিদ্য লোক দিগকে জুরর করা কর্ত্তব্য। প্রতিবৎসর জুরির তালি- কার সংশোধন আবশ্যক। দ্বিতীয় পত্র বাবু শ্যামাচরণ সরকার কর্ত্তৃক পঠিত হয়। এখানি বিনামঃক্রান্ত। মুসলমান রাজ্যের শেষাবস্থায় আত্মরক্ষার্থ বিনাম প্রথার সৃষ্টি হয়; এক্ষণে ইহা ...চুরি করিবার উপায় হইয়া দাঁড়াই য়াছে। অতএব এরূপ একটী আইন করা উচিত, অতঃপর যদি কেহ কোন বিষয় বিনাম করেন, আর সেই বিষয় লইয়া আদালতে মকদ্দমা উপস্থিত হয়, ঐ বিষয় বিনাম এরূপ প্রমাণ পাইলে আদালত মকদ্দমা অগ্রাহ্য করিবেন বাবু শ্যামাচরণ সরকার আইন বিষয়ে সচরাচর যে প্রকার পাণ্ডিত্যপ্রদর্শন করিয়া থাকেন, এই পত্রখানিতেও তাহা বিলক্ষণ প্রকাশিত হইয়াছে।

মৌলবী আবদুল লতিফ তৃতীয় পত্রখানি লিখিয়াছেন। এখানি মুসল মানদিগের বিদ্যাশিক্ষাবিষয়ে লিখিত হইয়াছে। তিনি ইহাতে বিশেষ যোগ্যতা ও সূক্ষ্ম অনুসন্ধান প্রকাশ করিয়াছেন। কিন্তু ওয়ারেণ হেষ্টিঙসের মিনেট অবল ম্বন করিয়া আরবির যে প্রশংসা করিয়া ছেন, তাহাতে এক্ষণে সর্ব্বসাধ সম্মত হইবেন না। বাবু চন্দ্রনাথ এম, এ, এ দেশের স্ত্রীশিক্ষাবি একখানি পত্র পাঠ করেন। অ দুঃখিত হইলাম, লেখক সেই সে সংস্কারের বশীভূত হইয়া শ্রেণিবি ষের নিমিত্ত বালিকাবিদ্যালয় ... করিতে বলিয়াছেন। অন্তঃপুরিকাবি বিষয়ে তিনি যাহা বলিয়াছেন, অবশ্যই সাধারণের অনুমোদনীয় হ ডাক্তর ফারকোহার স্বাস্থ্যসং একখানি উত্তম পত্র পাঠ করেন; তাঁহার প্রদত্ত তালিকাগুলির উপরে বিশ্বাস হয় না এবং অনেক স্থলে বি বিশেষ কারণপ্রদর্শন না করিয়া বর্ত্ত প্রণালীকে পূর্ব্বতন প্রণালীর অ শ্রেষ্ঠ বলিয়াছেন। জেনস উইলসন ষের পরিমিত ব্যয় ও বাণিজ্যসং প্রবন্ধটী মধ্যবিধ হইয়াছে। মফস্ব স্থানে স্থানে সেবিঙ ব্যাঙ্ক করা অ কর্ত্তব্য; কিন্তু এক্ষণে সুদের যে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাতে অল্প ক্ষ টাকা জমা দিবে। যদি এমন প্রথ যে, নির্দ্দিষ্টসংখ্যা কতকগুলি টা জমা দিলে জনাকারী ও তাহার পর্য্যন্ত বাৎসরিক একটাকা বৃত্তি পা তাহা হইলে কৃষকেরা টাকা দি পারে। গ্রাণ্ডটোন সাহেব যাবজ্জী স্থায়ী বাৎসরিক বৃত্তির (আনুটির) প্রথা উদ্ভাবিত করেন, তাহা এ দে করা কর্ত্তব্য কিনা সামাজিক বিজ্ঞা সভার তাহা স্থির করা উচিত। কিশোরীচাঁদ মিত্র হিন্দুদিগের বি বিষয়ে যে প্রবন্ধটী পাঠ করিয়াছে তদ্দ্বারা ইউরোপীয়গণ অনেকনূতন বি শিক্ষা করিতে পারিবেন। আমাদি সমাজঘটিত সকল বিষয় অবগত হইলে বিচারপতি ফিয়ারের ন্যায় ল রাও যথোচিত কাজ করিতে পা

বেন না। বাবু গিরীশচন্দ্র ঘোষের পত্র
ানি সর্ব্বাপেক্ষা জঘন্য হইয়াছে। তিনি
ামাদিগের উচ্চতম শ্রেণির স্ত্রীলোকদি
গর যে বর্ণন করিয়াছেন, তাহা তাঁহা
র স্বরূপ বর্ণন নহে। দুই একটী ধনিবং
শের স্ত্রীলোক কেবল আহার ও নিদ্রায়
াল যাপন করেন এবং হাত থাকিতে
ামাদিগের উপরে সকল বিষয়ে
করিয়া থাকেন। এরূপ উদাহরণ
ও হইতে পারে নাই। ইহা বলিয়া কি
ামাদিগের স্ত্রীলোকমাত্রেই দূষণীয়
হেন? বেলা আটটার সময়ে উঠিয়া
ন পূজা করিয়াই স্তূপাকার মিঠাই জল
গে; তাহার পরক্ষণেই অপর্য্যাপ্ত
ন আহার; তৎপরে বেলা পাঁচ ঘটি
পর্য্যন্ত নিদ্রা; পরে গান চর্ব্বণ ও
ীরা বেশবিন্যাসসাধন এবং
পরে তাস খেলা এই ধনিকামিনী
গের সাধারণ নিয়ম নহে। দুই এক
ব্রহ্মবৈবর্ত্তের তৃতীয় পক্ষের স্ত্রী এরূপ
তে পারেন; কিন্তু তাহা বলিয়া ধনি
শীয় স্ত্রীলোকমাত্রেরই অলস ও
ামপ্রিয় বলা অনুচিত। বাবু গিরিশ
ঘোষ ন্যায় অনুমানের উপরে
কারশে করিয়া এ কথা বলি
। কিন্তু ামাদিগের ধনিশ্রেণীর
াক দিগের মধ্যেও যে অনেক গুণে
ও তাহাতে সন্দেহ নাই। এ স্থলে
য়ের দুটি দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে
হীরালাল শীলের মাতা অতিথি
ণী থাকিতে আহার করেন না;
ুরের সকল ব্যক্তির আহারের প্রতি
া সমান দৃষ্টি এবং প্রাতঃকাল
রাত্রি পর্য্যন্ত সংসারের সকলের
ততা ও নিজের পরমার্থসাধন
ই তাঁহার জীবন অতিবাহিত হই
। বাবু শ্যামাচরণ মল্লিকের ন্যায়
লিকাতার অল্পই আছেন; কিন্তু
া শ্রবণ করিয়াছি যে, তাঁহার গুণ-

—৬—

বতী রমণী মধ্যে মধ্যে স্বহস্তে রন্ধন
করেন এবং দরিদ্র প্রতিবেশীর কষ্টের
প্রতিও তাঁহার বিশেষ দৃষ্টি আছে। এ
প্রকার ভূরি ভূরি উদাহরণ থাকিতেও
যিনি আমাদিগের উচ্চতর শ্রেণির স্ত্রীলোক
দিগের নিন্দা করেন, তাঁহারে ঐ বিষয়ে
নিশ্চয়ই অনভিজ্ঞ বলিতে হইবে।

শেষ পত্রখানি লঙ সাহেবের
লিখিত। এ দেশে যত প্রবাদ বাক্য
পদ্য আছে, আমাদিগের পরম হিতৈষী
বন্ধু তৎসমুদায় সংগৃহীত করিয়াছেন।
এই সংগ্রহ অতিশয় প্রশংসনীয়। তিনি
বলিয়াছেন, ইংরাজদিগের বিষয়ে বাঙ্গা
লীদের প্রবাদ বাক্য তিনি কোথায়ও
শ্রবণ করেন নাই। বস্তুতঃ ঐ গুলির
সংখ্যা অল্প বটে; তথাপি। অনুসন্ধান
করিলে বোধ হয় আরও অনেক গুলি
ইংরাজদিগের বিষয়ে বাঙ্গালীদিগের
ইত্যাদি অনেকগুলি প্রবাদ পাওয়া যায়।

—:০:—

স্ত্রীশিক্ষা।

আমরা ১৮৬৬ ৬৭ অব্দের শিক্ষা
সংক্রান্ত রিপোর্টের যে সংক্ষিপ্ত
করিয়া পাঠকগণের গোচর করিয়াছি,
তাহাতে বালকদিগের শিক্ষার উন্নতির
বিষয় তাঁহাদিগের হৃদয়ঙ্গম হইয়াছে।
তাহাতে স্ত্রীশিক্ষাবিষয়টী অসুল্লিখিত
আছে, অথবা উল্লেখে প্রবৃত্ত হওয়া যাই
তেছে; রিপোর্টে লিখিত হইয়াছে,
এক্ষণে প্রকাশ্য ও অপ্রকাশ্য উভয়বিধ
স্ত্রীবিদ্যালয় সমুদায়ে ২৮১ টী হইয়াছে।
পূর্ব্ববৎসর অপেক্ষা গত এগার মাসে
৬৪ টী বিদ্যালয় বৃদ্ধি হইয়াছে। পূর্ব্বে
পাঠার্থিনীর সংখ্যা ৫৫৫৯ ছিল, গত
এগারমাসে ৬৫৩১ হইয়াছে।

বিদ্যালয় ও পাঠার্থিনীর সংখ্যা
যেরূপ হউক, স্ত্রীশিক্ষা যে সামান্যরূপ
হইতেছে, তদ্বিষয়ে সংশয় নাই। শীঘ্র

যে ইহার উন্নতি হয়, তাহারও সম্ভ
দেখা যাইতেছে না। অনেকগুলি
অন্তরায় আছে। প্রথম, আবশ্যকত
না জন্মিলে কোন বিষয়ের উন্নতি
না, এটী সিদ্ধান্ত বাক্য। আবশ্য
জ্ঞান জন্মিবার আবার দুটী ব
আছে। প্রথম, স্বার্থসাভজ্ঞান, দ্বি
অবশ্য কর্ত্তব্যতাজ্ঞান। স্ত্রীশিক্ষাবি
বহুল পরিমাণে এদেশীয়দিগের
অন্যতর কোন জ্ঞানই জন্মে নাই।
রণ্যে এদেশীয়দিগের সংস্কার এই, স্ত্রী
কদিগকে শিখাইলে কি হইবে? তাঁ
কিছু অর্থ উপার্জ্জন করিতে যাইবেন
স্ত্রীলোকেরা শিক্ষিত হইলে যে সং
সুখোদয় হয়, সে জ্ঞান সাধারণের ন
যাঁহাদিগের ঐ জ্ঞান জন্মিয়াছে
তাঁহাদিগের সংখ্যা অধিক নয়। এ
কর, এক গ্রামের ভিতরে দুই ব্যক্তি
ঐ জ্ঞান জন্মিয়াছে, তাঁহারা স্ত্রীবিদ্যা
য়ের উদ্যোগ করিলেন; কিন্তু গ্রা
যাঁ কেহই অর্থদ্বারা বা বিদ্যালয়
কন্যাপ্রেরণদ্বারা উহার সাহায্য ক
লেন না। সুতরাং উদ্যোগকারীরা
কার্য্য হইতে পারিলেন না। প্রায় যা
তীয় গ্রামীগ্রামেরই সচরাচর এই অব
লক্ষিত হইয়া থাকে।

দ্বিতীয়, এ দেশের অর্দ্ধাংশ স্ত্রীলো
মৃতকল্পসম্পাদন করিয়াথাকেন। লে
পড়ার চর্চ্চা করিতে গেলে অধিকক্ষ
অবসরের প্রয়োজন হয়; কিন্তু এ দেশে
অধিকাংশ পুরুষের এরূপ অবস্থা নয় যে
তাঁহারা স্ত্রীলোকদিগকে পর্য্যাপ্ত অবস
দিয়া তাহাঁদিগের কর্ত্তব্য কার্য্য অন্যদ্বা
সম্পাদন করিয়া লন।

তৃতীয়, এদেশীয় স্ত্রীলোকদিগে
অল্প বয়সে বিবাহ হয় ও সন্তান জন্মে
সুতরাং তাঁহারা অল্প বয়সে সংসার
হইয়া ব্যতিব্যস্ত হইয়া পড়েন; পড়
শুনার অবসর পান না। এ দেশ যেরূপ

এবং এ দেশে অল্পবয়সে যেরূপ
াদির উদ্বাহ হয়, তাহাতে অল্প
স্ত্রীলোকদিগের বিবাহ না দিলে
ক অনর্থ উৎপন্ন হইবার সম্ভাবনা।
উপস্থিত অন্তরায়গুলি অতিক্রম
া কৃতার্থতালাভ সহজ ব্যাপার
। উপরে যেরূপ বর্ণিত হইয়াছে,
া স্পষ্ট প্রতীয়মান হইতেছে, পুরু
শিক্ষা ও অবস্থার উপরেই স্ত্রীশিক্ষায়
লাভ সম্পূর্ণ নির্ভর করিতেছে।
া বহু বাধা প্রতিপন্ন করিয়াছি
ও অধিকাংশ পুরুষ সুশিক্ষিত ও
ষ্ট অবস্থা সম্পন্ন হন নাই। এবে
পরীক্ষাতেই অধিকাংশ লোকের
কার্য্যে পর্য্যবসিত হয় সুতরাং
ণ ব্যক্তিদিগের হইতে কোন মহৎ ও
কর্ম সম্পন্ন হইবার সম্ভাবনা নাই।
এব স্ত্রীশিক্ষাবিষয়ে কৃতকার্য্য হইবার
া জন্মিলে অগ্র অধিকাংশ পুরুষকে
ক্ষিত করিয়া উৎকৃষ্ট অবস্থাসম্পন্ন
া তুলাই কর্ত্তব্য। এ কার্য্যটি করিতে
ন আর কতকগুলি নূতন ছাত্রবৃত্তি
বিশ্ববিদ্যালয়ের পরীক্ষানিয়ম
া বহুল পরিমাণে সাহিত্য চর্চ্চার
ধিবিধান করিতে হয়। অপর, এক্ষণে
দ্যশিক্ষা হইতেছে, সেটী নামমাত্র
। শৈশব কালে পিতামাতার বালিকা
ার যে যৎকিঞ্চিৎ শিক্ষা হয়, শ্বশুর-
গমন করিয়া সে সমুদায় বিস্মৃত
ত হন। তখন একমাত্র গৃহকর্ম্ম তাহা
ার সমুদায় সময় ও চিত্তকে গ্রাস
য়া ফেলে। এই সকল কারণে এখন
শিক্ষা হইতেছে, তদ্দ্বারা শিক্ষার মুখ্য
দেশ্য সাধিত হইতেছে না। সমাজ
ত্রই বালক ও বালিকাদিগের এক এক
রে শিক্ষাবিধি আছে। যে শিক্ষা
অন্তঃকরণ প্রশস্ত, আশয় উদার এবং
হিংসাদি অসৎ প্রবৃত্তি সকল দূরী-
হয়, সেই শিক্ষাই শিক্ষা। অধিক
বয়স পর্য্যন্ত শিক্ষা না হইলে এ সকল
গুণ জন্মিবার সম্ভাবনা নাই। আবার দশম
পর্য্যন্ত শিক্ষা পুংশিক্ষকদ্বারা সম্পাদিত
হওয়া সম্ভাবিত নহে; স্ত্রী শিক্ষয়িত্রীর একান্ত প্রয়োজন। এক্ষণে
স্থানে স্থানে যে স্ত্রীনর্ম্মাল বিদ্যালয় দৃষ্ট হয়, তাহা কার্য্যোপযোগী নহে।
যে স্থলে ভদ্র স্ত্রীরা গিয়া অধ্যয়ন করেন, এরূপ একটী স্ত্রীনর্ম্মাল বিদ্যালয় আব
শ্যক। তাহা করিতে গেলে স্ত্রীলোকদি
গের গমনাগমনের ব্যয় এবং তাঁহাদিগের
প্রলোভনার্থ উচ্চতর বৃত্তিবিধান আব
শ্যক করে।

যাবৎ এগুলি না হইতেছে, তাবৎ স্ত্রীশিক্ষাবিষয়ে যে ব্যয় হইতেছে, তাহা বিফল হইতেছে বলিলে অত্যুক্তি হয় না। আমরা সচরাচর দেখিতে পাইতেছি, এক স্থানে একটী স্ত্রীবিদ্যালয় বসিল, কিছু দিন পরে তাহা উঠিয়া গেল, আবার আর এক স্থলে বসিল। কিন্তু কোন স্থানের কোন বিদ্যালয়েই প্রায় সুন্দর রূপে শিক্ষা হইতেছে না। যখন এরূপ হইতেছে, তখন এ বিষয়ে যে ব্যয় হইতেছে, তাহা কি বিফল হইতেছে না।

বিবিধসংবাদ।

২৫ এ চৈত্র সোমবার।

নবদ্বীপচন্দ্র গোস্বামীর প্রতি যে দণ্ডাজ্ঞা হয়, তাহা রহিত করিবার উদ্যোগ আরম্ভ হইয়াছে। আসামী কলা প্রাতে ডিপুটীপতি, ডবাবপতি নর্ম্মান ও ডবাবপতি মার্টন উহার পুনর্বিচার করিবেন।

বাবু কেশবচন্দ্র সেন বোম্বাইয়ের টৌনহালে একটী অতি মনোহর উপদেশ দিয়াছেন। তিনি বলিয়াছেন, ধর্ম্মের উন্নতি না হইলে রাজনীতি সংক্রান্ত উন্নতির সম্ভাবনা অল্পই থাকে। তিনি আরও বলিয়াছেন, যাঁহারা ক্রমশঃ উন্নতিসাধন করিবার অভিলাষ করেন, তিনি তাঁহাদের দলভুক্ত নহেন। তিনি আমাদের সামাজিক সংস্কারের শাখাচ্ছেদ করিয়া সন্তুষ্ট নহেন; উহার মূলপর্য্যন্ত উৎপাটন করিবেন। কেশব বাবুর সঙ্গে সর্ব্ব সাধারণের মতভেদের এইটীই কারণ।

যে দিবস দিল্লীতে শিক্ষাসংক্রান্ত দর হয়, সেই দিবস কয়েকজন এতদ্দেশীয় কের সহিত কয়েকজন হাইলণ্ডারের দ্রুত নের পরীক্ষা হইয়াছিল। সৈনিকেরা দুই ব দৌড়িয়াছিল; কিন্তু দুই বাজিতেই সিপা জয় লাভ করে। প্রথম বাজির পুরস্কার ১০১ দ্বিতীয় বাজির পুরস্কার ২০১ টাকা, শারিরিক কষ্ট ও মল্লযুদ্ধে সিপাহীরা প্রায় ইউরো সৈনিকদিগকে পরাজিত করিতে পারে।

আমরা শুনিয়া আহ্লাদিত হইলাম, ভারতবর্ষের এক জন সহকারী কমিসনর অ অধীনস্থ এতদ্দেশীয় কর্ম্মচারীদিগকে অ করিয়াছেন, তাঁহারা যদি বাইপ্রভৃতির সং ত্যাগ না করেন, তাহা হইলে তাঁহাদিগকে ছাড়ত করা হইবে। আমাদের মতে এই আজ্ঞা সর্ব্বত্র প্রদান করা উচিত। নাগপু লক্ষ্ণৌতে প্রকাশ্যরূপে যে সকল কুৎসিত হয়, কলিকাতার কোন স্থানে তাহার অ দেখা যায় না।

জলসেচনার্থ খাল কাটাইবার নিমিত্ত ভ বর্ষীয় গবর্ণমেণ্ট ইংলণ্ড হইতে ৩০ জন নেয়র আনাইবার প্রস্তাব করিয়াছিলেন দিগের মধ্যে ২১ জন আসিয়াছেন। ইহাঁদি শীঘ্র স্থানে স্থানে প্রেরণ করা হইবে। আ বোধ করি, যাহাতে ইহাঁদিগের সহিত দি গীয় ইঞ্জিনিয়রদিগের বিবাদ না হয় গবর্ণ সেইরূপ বন্দোবস্ত করিবেন।

গত শুক্রবার লাড বিশপ, মিস মি উড়ে সাহেব লড সাহেব ও রেবরেণ্ড মোহন বন্দ্যোপাধ্যায় উত্তর পাড়ার বিদ্যা পুস্তকালয়প্রভৃতি দর্শন করিতে গিয়াছিলে বাবু জয়কৃষ্ণ মুখোপাধ্যায় ইহাঁদিগকে অ সমাদরে গ্রহণপূর্ব্বক একটী ভোজ দি ছিলেন।

এক জন আমাদিগকে জিজ্ঞাসা ক ছেন, গবর্ণর জেনরল শুক্রবার কাথড্রল কালেজের পারিতোষিকবিতরণের সময়ে স্থিত ছিলেন; কিন্তু গবর্ণমেণ্ট বিদ্যা ছাত্রদিগের পুরস্কারবিতরণের সময়ে উপ থাকেন না কেন? আমরা উহার এই করিতেছি, আটকিনসন সাহেবের পর থা গবর্ণর জেনরল আসিতে পারেন।

সম্প্রতি চাঁপাতলায় একটী স্ত্রীলোক হইয়া পতিত থাকে। গত শনিবার ক তাহার মৃত্যুর কারণ অনুসন্ধান করিয়া

—১০—

র্ষ্যস্ত কোন ব্যক্তি এই হতভাগা যুবতীকে
তে পারেন নাই। স্ত্রীলোকটির বয়ঃ
২।২৩ বৎসর হইয়াছিল, দেখিতে পরম
ী; তাহার বস্ত্র দেখিলে বোধ হয় সে এত
য় পুঁটুলিয়ান ছিল। একখানি ছুরিকা
তাহার এক কর্ণ অবধি অপর কর্ণ পর্য্যন্ত
কাটা হয়। ছুরিকাখানি শবের নিকটে
ছিল। যে ব্যক্তি তাহাকে চিনিবেন
কে পুরস্কার দিবার ঘোষণা হইয়াছে
এই হত্যাটীর কারণ, তাহা সকলে বলা
ত পারে।

ডন সাহেব গরমির পীড়ানিবারণের
অপণ করিয়াছেন। সিলেক্ট কমিটি এক
ছের মধ্যে এ বিষয়ের রিপোর্ট করিবেন।
ীয় ছুটা বেশ্যা এই আইনের অধীন
। আমরা শুনিয়া দুখিত হইলাম, যে
বেশ্যা ব্যক্তিবিশেষ কর্ত্তৃক রক্ষিত
ব, তাহাদিগের শরীর পরীক্ষা করা হইবে
এ নিয়মটী অনুচিত হইতেছে। ইহা হইলে
ক ছুটা বেশ্যা ব্যক্তিবিশেষের রক্ষিত
য়া ত্রাণ পাইবে, সুতরাং আইনের উদ্দেশ
ল হইবে না।

মেজর লিজ তিন মাসের বিদায় লওয়াতে
র সেণ্ট জর্জ্জ তাঁহার প্রতিনিধি হইয়াছেন
নকদিগের মধ্যে এই দুই জন যথার্থ পণ্ডিত।
দিগের পরবর্ত্তে কোন্ ব্যক্তি
র্পণ করিবেন, তাহা আমরা বলিতে পারি

ভারতবর্ষের পুরপ সেনাদল উঠিয়া
য়াতে অফিসরগণ আর আসীয় ভাষার
শ অনুশীলন করেন না। সর্ব্বজন মালকম,
আর্থর বার্ণস, কাপ্তেন
লি, সর হেনরি রলেন্সপ্রভৃতির ন্যায় লোক
সেনাদলে দেখা যাইতেছে না।

১৮৬৬ অব্দের ৫ আইন অনুসারে গবর্ণর
রল ব্রিটিশ প্রজ্ঞা রেকর্ডারদিগকে প্রধান
বিচারালয়ে গমনাগমন করিয়াছেন।
যুক্তিসিদ্ধ কাজ হইয়াছে। এই ক্ষমতা
কাতে অনেক স্থলে অর্থী প্রত্যর্থীদিগকে
কষ্ট পাইতে হয়।

শনিবারের ভারতবর্ষীয় গেজেটে গত
রের এক বিবরণ প্রকাশিত হইয়াছে। এই
ন্ত সর ষ্টাফোর্ড নর্থকোটের নিকটে প্রেরিত
াতে তিনি অতিমাত্র দক্ষতা প্রকাশ করিয়া
য়াছেন, বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট বাত্যাপীড়িত
কদিগের সাহায্যার্থ যে উপায় অবলম্বন
য়াছিলেন, তাহা তাঁহার সম্পূর্ণ অনুমোদিত
।৫৮।

—১০—

ক এক জন ব্রহ্মদেশীয় কিছু দিন
ইংলণ্ডের অন্তর্গত ইটালির বিদ্যালয়ে পাঠ
করিয়াছিলেন। বিবি লুগাঙ্গনাম্নী এক জন মিস
নরির বিধবা স্ত্রী তাঁহার উন্নতিদর্শন করিয়া তাঁহা
কে প্রথমতঃ ইউরোপে পরে তথা হইতে আমে
রিকায় লইয়া যান। শালু লুইবর্গ বিশ্ববিদ্যালয়ে
এম এ এবং ওহিওর চিকিৎসাবিদ্যালয়ে এম.
ডি উপাধি পাইয়াছেন। তাঁহার বয়ঃক্রম ২৮
বৎসর। আমেরিকা ত্যাগ করিবার পূর্ব্বে তিনি
সভাপতি জনসনের সহিত সাক্ষাৎ করাতে সভা
পতি তাঁহারনিমিত্ত সুপারিস করিয়া ব্রহ্মদেশের
রাজাকে এক পত্র লিখিয়াছেন। তিনি সম্প্রতি
পেনিনসুলার কোম্পানির নিউরিয়া জাহাজে
ভারতবর্ষে প্রত্যাগমন করিয়াছেন। ঐ জাহা-
জের কাপ্তেন ও আরোহিগণ চাঁদা করিয়া
তাঁহাকে ২০০ টাকা ও এক প্রশংসা পত্র দিয়া
প্রার্থনা করিয়াছেন তিনি যেমন সভ্য ও বিদ্বান
হইয়াছেন, সেই রূপ তাঁহার সভ্যতা ও বিদ্যা
স্বদেশের উন্নতির নিমিত্ত বিনিয়োজিত করি
বেন। এটী যথার্থ ইংরাজের ধর্ম্ম। ইংরাজ-
দিগের আর যে দোষ থাকুক না কেন, হিংসা
লেশমাত্র নাই

রেবেনিউ বোর্ড আজ্ঞা দিয়াছেন, তাঁহারা
যখন কোন আপীল শ্রবণ করিবেন, তখন দিন
স্থির করিয়া আপনাদিগের কার্য্যালয়ে এবং কমি
সনর ও কালেক্টরের কাছারিতে তাহার এক এক
এস্তাহার দিবেন।

হুগলির মুন্সেফ মওলাজ মহম্মদ খাঁ উৎকোচ
লইয়া মিথ্যা জবানবন্দি লেখাতে কানপুরের
সেসিয়নে তাঁহার চারি বৎসর মেয়াদ ও ৪০০
টাকা জরিমানা হইয়াছে।

ডেলি নিউস বলেন, সম্প্রতি ষ্টাম্প কাগজে
রের অসদ্ভাবনতানিবন্ধন অনেকগুলি ষ্টাম্প উঠা
ইয়া নষ্ট হইয়াছে। রেবেনিউ বোর্ড
এক্ষণে আজ্ঞা দিয়াছেন, ভবিষ্যতে ইহার
মূল্যের নিমিত্ত কালেক্টরকে দায়ী হইতে
হইবে।

আবিসিনিয়া হইতে সংবাদ আসিয়াছে, সর
রবার্ট নেপিয়র আল্‌টালো হইতে যাত্রা
করিয়াছেন। এপ্রেল মাসের প্রারম্ভে মাগদালার
উপনীত হওয়া তাঁহার ইচ্ছা। অতএব যদিও
রাস্তা মন্দ, তথাপি তিনি দ্রুতগতি কয়েক সহস্র
সৈন্য লইয়া অগ্রসর হইতেছেন। রাজা থিয়ো
ডোরও রাজধানী রক্ষার্থ আসিতেছেন।

২৬ এ চৈত্র মঙ্গলবার।

আমরা সংবাদ পাইলাম, দিল্লীবংশীয় রাজ
কুমার ফিরোজ শাহ যথার্থই সোয়াড়ে আসিয়া-
ছেন। তিনি বম্বাদিগের নিকট সা
পাইতেছেন না। অধিকন্তু তাঁহার নিমিত্ত
চেষ্টা পাইতেছেন, কিন্তু লোকে বলিতেছে,
তিনি সুশিক্ষিত সিপাহীদিগকে লইয়াও দি
মান্য অস্ত্রধারী প্রাচীরবৃত নগর রক্ষা ক
পারেন নাই, তখন তিনি কয়েক শত পল
হিন্দুস্থানী ও জঘন্য অস্ত্রধারী পার্ব্বতীয়দি
লইয়া কি ব্রিটিশ গবর্ণমেণ্টের সহিত যুদ্ধ ক
পারিবেন? কিম্বোক শাহ এই স্থান ত্যাগ ক
পারস্যে গমন করিবেন, পঞ্জাবে এই প্রকা
শ্রুত। এই সকল লোককে ক্ষমা ক
ভারতবর্ষে আসিতে দেওয়াই সৎপরামর্শ।

যখন সিপাহি কমিসন বসিয়া সে
ও পাখাওয়ালাদিগের অন্ন মারিতেছি
সেই সময়ে গবর্ণমেণ্ট আপনাদিগের
সকলগুলি বাষ্পীয় জাহাজ বিক্রয় ক
তৎকালে সর্ব্বসাধারণে বলিয়াছিলেন,
নির্দ্ধিতার কাজ হইতেছে। সেই ভবিষ
এক্ষণে সফল হইতেছে। কোম্পানী ও প
য়ালা দিগের সংখ্যা পূর্ব্বাপেক্ষা অধিক হইয়
এক এক করিয়া পুনর্ব্বার জাহাজ ক্রয়
হইতেছে। সম্প্রতি ২১ টাকা দিয়া
নামক এক খানি বোম্বাই জাহাজ ক্রয়
হইয়াছে।

নোট বিভাগের কার্য্যালয়ের নিমিত্ত
মেণ্ট বর্ত্তমান আগরাব্যাঙ্কবাটী সাড়ে
লক্ষ টাকায় ক্রয় করিয়াছেন। আগরা ব
পশ্চাদ্ভাগে যে বাটীটী হইতেছে, তাহাতে
অবধি তথায় কার্য্য উঠিয়া যাইবে।

মফস্বলাইট বলেন, পঞ্জাবের লেপ্টেনণ্ট
অতিশয় পীড়িত হইয়া জলন্ধরে আ
ডোনাল্ড মাক্লিয়ড মফস্বল দর্শন ক
গমন করিয়াছিলেন। তিনি আরোগ
করেন, ইহা সকলেরই প্রার্থনা।

বোম্বাই গেজেট বলেন, তত্রত্য ব্য
ভূতপূর্ব্ব ডিরেক্টরদিগের চরিত্র ও কার্য
লীর অনুসন্ধানার্থ নিম্নলিখিত ভদ্রলো
কমিসনস্বরূপ নিযুক্ত হইয়াছেন। বম্ব
সিবিলিয়ান জি, কাম্বেল, এ, গ্রোট,
ও কটনসাহেব এবং মান্দ্রাজের প্রধা
বিচারালয়ের সিবিলিয়ান জজ হলওয়ে সা
কলিকাতার পে ডিপার্টমেণ্টের মেজর
সন ও মান্দ্রাজ ব্যাঙ্কের মাকইবর সা
আমরা দেখিতেছি বোম্বাইয়ের কোন ব্য
কমিসনর মধ্যে লওয়া হয় নাই। এটী
পের বিষয় বটে; কিন্তু গত অর্দ্ধকুম্ভে
য়ের সকলে যে প্রকার ব্যবহার

তাহাতে তাঁহাদিগের মধ্যে কাহাকে
া করা যুক্তিসিদ্ধ, কাজেই হইয়াছে।
ড বিশপ, বাবু দ্বারকানাথ মিত্র ও জগ
মুখোপাধ্যায়ের যত্নে ভবানীপুরে একটী
া বিতরণ হইতেছে।

উরোপীয় জুয়াচোরের সংখ্যা ক্রমশই
হইতেছে। সম্প্রতি এক জন বৃদ্ধ জুয়াচোর
ল ষ্ট্রীটের আনা সেবিড ব্যাঙ্কে গমন করিয়া
মা দিবার ভান করে। অধ্যক্ষ কার সাহেব
অনুপস্থিত থাকাতে তাঁহার স্ত্রী জমা
ব নিমিত্ত যেমন বাক্স খুলিলেন, অমনি
চোর ২৫ টাকা পূর্ণ একটী থলিয়া লইয়া
ন করিল। বিবি কার তৎক্ষণাৎ পুলিষে
দিলেন, কিন্তু ঐ ধূর্ত্ত তখন অদৃশ্য
ছিল। এই সকল জুয়াচোরকে
ভবর্ষ হইতে বহিষ্কৃত করা কর্ত্তব্য। এই
কটকদিগের দ্বারা যে কত অনিষ্ট
তে বলা যায় না।

ওয়ান ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, স
ডাক্তার লিটনার বিশেষ কার্য্যোপলক্ষে
নে গমন করিয়া যে ব্যয় করিবেন, তাহা
করিবার নিমিত্ত গবর্ণমেণ্ট তাঁহাকে ১০০০
প্রদান করিবেন।

ক্ত পত্র অবগত হইয়াছেন, ভারতবর্ষের
ল পরীক্ষা করিবার কারণ মাক ফেরার
র নিযুক্ত হইতেছেন ইনি শীঘ্র ভারতবর্ষে
বেন, এপ্রকার এক জন কর্ম্মচারীর অতিশয়
জন। ডাক্তর ওলডহাম অনেক কারণ
এই কাজ করিতে অসমর্থ।

ক্ত পত্র বলেন, বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের
ারো মুঙ্গের ও ময়মনসিংহের মিউনি
ল পুলিষকে কনষ্টাবুলরী পুলিষের অন্তর্গত
হইতেছে। কিন্তু আমরা ঐ উভয়ের ব্যয়
রাখিতে বলিতেছি। ক্রমশঃ মিউনি
লিটির উপরে সমুদায় পুলিষের ব্যয়ভার
করা গবর্ণমেণ্টের ইচ্ছা, কিন্তু তাহা
ল মিউনিসিপাল আইনের প্রধান উদ্দেশ্য
হইবে, পুলিষের নিমিত্ত এক্ষণে কোন
ই রাস্তা প্রভৃতিতে ব্যয় হইতে পারি
না।

ক্ত পত্র আরও বলেন, বাজপুতনায় খাল
র জন্য গবর্ণর জেনরল ১৫০০ টাকা
ন দুই জন সহকারী ইঞ্জিনিয়র নিযুক্ত
র আজ্ঞা দিয়াছেন। অত্রে খাল খননের
জোগাড় করিয়া কর্ম্মচারী নিযুক্ত করিলে
লে হইত না?

ক্ত পত্র শ্রবণ করিয়াছেন, গবর্ণর জেনরল
সেমলায় গমন করিলে প্রত্যেক সেক্রেটারি মাসিক ২৫০ টাকা ও প্রত্যেক অধীন ও সহকারী সেক্রেটারি ৩০ টাকা ভাতা পাইবেন। আমরা প্রস্তাব করিতেছি, এই টাকা "ভারতবর্ষের গবর্ণর জেনরলের নিজের সুখের নিমিত্ত ব্যয়" বলিয়া খাতায় লেখা কর্ত্তব্য।

২৭ এ চৈত্র বুধবার।

সি. এচ. এফ. মার্শাল নামক এক জন ইউরোপীয় আপনাকে উত্তরপশ্চিমাঞ্চলের এক জন প্রধান নীলকর বলিয়া পরিচয় প্রদান পূর্ব্বক দিল্লীর অনেক লোককে ঠকাইয়া টাকা কর্জ্জ করে। সে এক্ষণে ফৌজদারিতে অর্পিত হইয়াছে। এই সকল লোকের ধূর্ত্ততায় এতদ্দেশীয় বণিকেরা গবর্ণমেণ্টের কর্ম্মচারিবর্গের আর সকল ইংরাজকেই ধারে দ্রব্য দিতে শঙ্কিত হন।

যে সকল সৈনিক দলত্যাগ বা অন্য কোন গুরুতর দোষ করিত, তাহাদিগকে ঢোলক বাজাইতে বাজাইতে শিবির হইতে ধাক্কা দিয়া বাহির করা হইত। দিল্লী গেজেট বলেন, সম্প্রতি এই নিয়ম রহিত হইয়াছে। উক্ত পত্র বলেন, ১৮৭৮ অব্দে নিয়ম হইয়াছিল, কোন ইউরোপীয় দেওয়ানী কর্ম্মচারী আপন সম্পৃক্ত এতদ্দেশীয় দিগকে বিক্রয় করিতে পারিবেন না। এতন্নিবন্ধন স্থানে স্থানে অনেক অন্যায় হইয়াছে সন্দেহ নাই। এক্ষণে গবর্ণমেণ্ট এই নিয়ম উঠাইয়া দিবার মানস করিয়াছেন। এটী অবশ্য কর্ত্তব্য। বিদ্রোহনিবন্ধন যে কতকগুলি অসঙ্গত ও নিষ্ঠুর নিয়ম হয় এও তাহার অন্যতম।

বোম্বাইয়ের ছোট আদালতের এক জন বারিষ্টর জজ অপরিমিত পরিশ্রমনিবন্ধন পীড়িত হইয়া ইংলণ্ডে গমন করেন। তিনি সম্প্রতি প্রত্যাগমন করিয়া আবেদন করিয়াছেন, তিনি সাধারণকার্য্যে অপরিমিত পরিশ্রম করিয়া পীড়িত হইয়াছিলেন, অতএব তাঁহাকে বিদায় কালের সম্পূর্ণ বেতন দেওয়া উচিত। গবর্ণর জেনরল এই আবেদন গ্রাহ্য না করিয়া বলিয়াছেন, তাঁহাকে অর্দ্ধেকের অধিক বেতন দেওয়া যাইতে পারে না। উত্তম বিবেচনা হইয়াছে।

বোম্বাইয়ে জনরব উঠিয়াছে, সর সাইমর ফিট জারলড আপনার পদত্যাগ করিবেন। সর সাইমর ফিটজারলড পদত্যাগ করিলে অনেকে দুঃখিত হইবেন।

আমরা দুঃখিত হইয়া প্রকাশ করিতেছি, বিখ্যাত ৬০ গণিত রাইফল দলের কতকগুলি সৈনিক ওলাউঠায় প্রাণত্যাগ করিয়াছে। এই সেনাদল দুর্গমধ্যে রহিয়াছে। আলীপুর সিপাহীদলেরও কয়েকজন প্রাণত্যাগ য়াছে। এবার ওলাউঠা, হাম ও বসন্ত বৎসর অপেক্ষা অধিক হইয়াছে।

হায়দ্রাবাদে বঙ্গদেশীয় ব্যাঙ্কের একটী স্থাপিত হওয়াতে দাক্ষিণাত্যের যাবতীয় হুণ্ডিপ্রভৃতি তথা হইতে বাহির এবং ভাঙ্গান হইবে। করাচিতে বোম্বাই ব্যাঙ্কের ব্যাঙ্কের নিমিত্ত একটী নূতন বাটী ক্রয় ক আজ্ঞা হইয়াছে।

কর্ণেল হারবাট বিদায় লওয়াতে লেপ সি. জে. ব্রুক টিপুবংশীয়দিগের ও অযো রাজার প্রতিনিধি তত্ত্বাবধায়ক হইয়াছেন ভবর্ষের টেলিগ্রাফসমূহের ডেপুটী ডি জেনরল মেজর মায় তিন মাসের বিদায় ছেন।

উত্তর পশ্চিমাঞ্চলের গবর্ণমেণ্টের অনু ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আজমিরের হাই পরিবর্ত্তে তথায় একটী কালেজ স্থাপিত য়াছেন।

সম্প্রতি আমরা আর এক বিশৃঙ্খলার অবগত হইয়াছি। সর্ব্বত্র জেল দারোগাগণ দিগের দ্বারা প্রস্তুত দ্রব্যের উপরে ক পাইয়া থাকেন। তাঁহারা উৎসাহ পাইয়া বৃদ্ধি করিবেন বলিয়া গবর্ণমেণ্ট কমিসন পূর্ব্বে বারাসত ও ২৪ পরগণার জেলের পৃথক থাকিত। এক্ষণে এই দুই স্থানের একত্র হওয়াতে অতিশয় গোলযোগ হই চারিবৎসরাবধি বারাসতের দারোগা পয়সা কমিসন পান নাই। তিনি এই বি আবেদন করাতে আকাউণ্টাণ্ট জেনরল য়াছেন, কমিসন দেওয়া হইয়াছে; দা পান নাই বলিয়াছেন। পরিশেষে এই বি নিমিত্ত ২৪ পরগণার কালেক্টরের নিকটে দন করা হইয়াছে; কিন্তু স্মিথ সাহেব মাসের মধ্যে কোন প্রত্যুত্তর দিতেছেন এই সকল লার নিমিত্ত কোন দায়ী?

মাদ্রাজ টাইমস বলেন, ২৯ গণিত মা সিপাহীদিগকে হঙকঙে লইয়া যাইতে এ টাকা ব্যয় হইবে। এ ব্যয় কোন দেশ দেওয়া হইবে? গবর্ণমেণ্ট ত্রৈমাসিক ব্যয়ের হিসাব প্রকাশ করিবার যে অঙ্গী করিয়াছিলেন, তাহা কি বিস্মৃত হইয়াছে

আমরা ডেলিনিউস দর্শন করিয়া আ হইলাম, গবর্ণমেণ্টের অনুবাদক রবিন্সন নূতন পুস্তক সংগ্রহ করিবার নিমিত্ত

পরিশ্রম করিয়াছেন, গবর্ণমেণ্ট তন্নিমিত্ত বেতনবৃদ্ধি করিয়াছেন। এ পর্য্যন্ত রেব রবিদ্যালয়ের পরিশ্রমের উপযুক্ত পুরস্কার ই।

প্রকাশ বলেন, "আজি কালি বুড়ীগঙ্গার স্থ অবস্থা। আর দুই এক বৎসর এই রূপ লে নিশ্চয়ই ইহার চরম দশা উপস্থিত হইবে। ন এখার মধ্য স্থানে হাঁটিয়া যাওয়া যায় অথবা পর্য্যবেক্ষণার্থ না ইঞ্জিনিয়র নিযুক্ত ছিলেন ?"

উক্ত পত্র বলেন, "নবাবগঞ্জ ষ্টেসনের পাড়ী সুতার পাড়া নিবাসী খালেদ শিক- র স্ত্রী আমীরণকে ভ্রষ্ট করিবার অভি ঢালীকান্দা নিবাসী সেক মাদারিপ্রভৃতি ক্তি গত ১৭ ই মার্চ্চ রাত্রিতে তাহার ঘরে শ করিয়াছিল। ঐ স্ত্রীকে আক্রমণ করিলে রূপায় হইয়া আক্রমণকারীদিগের উপরে কারে দারাঘাত করিতে আরম্ভ করে, তাহা তাহারা তাহাকে ছাড়িয়া চলিয়া যায়। দবস দেখা গিয়াছে, মাদারির বাম বাহুতে ষ্ট দুই কারি জখম হইয়াছে। সে পুলিস হস্পিটালে প্রেরিত হইয়াছে; যেমন কর্ম্ম ম ফল।"

আমরা গত বারে প্রকাশ করিয়া ছ, ঢাকার র্থের ছাত্রেরা অস্ত্র বন্ধ করিয়াছে। পূর্ব্বদিন শিক্ষক ও ছাত্রগণকে প্রহার ও রূপ গালাগালি করিয়াছে। ব্রাহ্ম স্কুলের ক্ষক এই বিষয়ের অভিযোগ করিয়াছিলেন। ণ শুনিয়া চমৎকৃত হইলাম, বিচারপতি ল সাহেব মাদ্দমাটীর অবস্থা ভালরূপে ত না হইয়া ইন্ভেসটিগেস করিয়াছেন। অন্তত. াশয় ১৪ দিবসের মিয়াদ শুনিয়া তাহার বিচার ক্ষি করা উচিত ছিল। যে সে লোকে র শিক্ষককে ধরিয়া প্রহার করিলেও বিচার হইবে না, ইহা অপেক্ষা অবি য়ার কি হইতে পারে? আমরা লায়েল কে অনুরোধ করি, তিনি এই মকদ্দমাটীর চার করুন।"

২৮ চৈত্র বৃহস্পতিবার।

স্ত্রীলোকটী সম্প্রতি চাঁপাতলায় হত পতিত থাকে, এত দিনের পর ইনস্পেক্টর চেষ্টায় তাহার ঠিকানা হইয়াছে। সে শীয় খৃষ্টীয়ান, দুর্ভিক্ষনিবন্ধন কলিকা া আসিয়াছিল। সে অত্যন্ত সুন্দরী ছিল, ন দোষ থাকিলে স্ত্রীলোকের সৌন্দর্য্য লে, অপযশ ও পরকালে যন্ত্রণার হেতু হয়, সেই দোষ থাকাতে সে বহিষ্কৃত হয়। অদ্য মাণ করা হইয়াছে, তাহার কোন উপপতি তাহাকে একটের মধ্যে বধ করিয়া রাস্তায় ক্ষেপণ করিয়া পলায়াছে।

চাঁপাপ্রকাশের এক জন সংবাদদাতা বলেন "মেডিকাল কলেজ হইতে যে সকল বৃত্তি অ ন্যান্য বিভাগে বৎসর বৎসর প্রেরিত হয় সে বৃত্তি সকল উপযুক্ত পাত্রে ন্যস্ত হয় না। আমরা জানি ইন স্পেক্টর মহোদয়গণ প্রায় অধীনস্থ ডিপু টী বাবুদের হস্তেই উক্ত বৃত্তি বণ্টনের ভারার্পণ করেন। ডিপুটী বাবুরা তখন বঙ্গ বাহাদুর, যা ইচ্ছ তাই করেন। হয়ত অনুরোধপত্রের বাধ্য হইয়া অপাত্রে ঐ বৃত্তি প্রদান করেন; অথবা আপ নার পাচকাদি অধীনস্থ ব্যক্তিদিগকে ঐ বৃত্তি দান করেন; কিংবা স্ব স্ব আত্মীয় অনন্যোপায় ব্যক্তিকে ঐ বৃত্তি প্রদান করতঃ মোডকেল কলেজে প্রেরণ করেন। এই তিন উপায়েই প্রায় ঐ বৃত্তি গুলি বিলি করা হয়। এই নিমিত্ত উপযুক্ত ব্যক্তি প্রার্থী হইলেও তাহাকে প্রায়ই হতাশ্বাস হইতে হয়। এটী সামান্য দুঃখের বিষয় নয়। অতএব আমরা ইন স্পেক্টর মহাশয়দিগকে অনুরোধ করি তাঁহারা যেন পরীক্ষা লইয়া উপযুক্ত ব্যক্তিকে বৃত্তিপ্রদান করেন। তাহা হইলেই বৃত্তিপ্রদা নের উদ্দেশ্য সফল হইবে। ডিপুটী বাবুরা যে সকল ব্যক্তিদিগকে বৃত্তি প্রদান করেন, তাহাদের বৃত্তি প্রায়ই স্থায়ী হয় না। এমন কি সঙ্গে সঙ্গে বৃত্তিধারীকেও অচিরাৎ কলেজ ত্যাগ করিতে হয়। অতএব এমন অপাত্রে বৃত্তিপ্রদানের ফল কি? বিশেষতঃ এতদ্দ্বারা বিশেষ অনিষ্ট সংঘ টিত হয়। উপযুক্ত পাত্রের আশাভঙ্গ করা হয় ও উন্নতির পথে কাঁটা দেওয়া হয়। আমরা ডিপুটী বাবুদের নিকট প্রার্থনা করি তাঁহারা যেন ন্যায়প রতা অবলম্বন করেন। ভবিষ্যতে যেন আর আমরা অপাত্রে বৃত্তিপ্রদান করিতে না দেখি।"

রাজকীয় রণতরিদলের কাপ্তেন পাসলিক কয়েকখানি পত্র টাইমস অব ইণ্ডিয়াতে প্রকা- শিত হইয়াছে। তিনি বলেন, গত বৎসর ফেব্রু য়ারি মাসে ডাক্তর লিবিঙ্গষ্টোন যে পত্র লিখেন এবং যেগুলি পাইবার নিমিত্ত সকলে ব্যস্ত হইয়াছিলেন, তাহা এত দিনের পর জান জিবরে পৌঁছিয়াছে। ঐ সময়ে ডাক্তর লি ঙ্গষ্টোন বেদাতে ছিলেন। তিনি বলেন, সিপাহীরা তাঁহাকে বলপূর্ব্বক প্রত্যাগমন করাইবার চেষ্টায় থাকাতে তিনি তাহাদিগকে ফিরাইয়া দেন। সিপাহীরা আপনাদিগের উদ্দেশ্যসাধনার্থ উষ্ট্রগুলিকে বধ করিয়াছিল। যাবতী ভীতির ভয়ে জোহানীয় বন্যেরা তাঁহাকে ত্যাগ করিয়া পলায়ন করিয়াছিল। এই সকল লক্ষণ দেখি বোধ হইতেছে, লিবিঙ্গষ্টোন অদ্যাপি জী আছেন।

আমরা শুনিয়া আহ্লাদিত হইলাম, বঙ্গদেশ, উত্তর পশ্চিমাঞ্চল, অযোধ্যা ও মধ্য ভারতবর্ষের মধ্যে যে চারি জন ছাত্র সর্ব্বাপেক্ষা উত্তমরূপ প্রবেশিকা পরীক্ষা দিবেন, তাঁহাদিগকে পুরস্কার দিবার নিমিত্ত সর ষ্টাফোর্ড নর্থ কোট ২০০০ টাকা প্রেরণ করিয়াছেন। এই টাকা রেজিষ্টার সটক্লিফের হস্তে অর্পিত হইয়াছে। বোম্বাই ও মান্দ্রাজে এই প্রকার ২০০০ করিয়া টাকা প্রেরিত হইয়াছে। সর ষ্টাফোর্ড নর্থ কোট চাঁদনির চিকিৎসালয়ের উন্নতির নিমিত্তও ১০০০ টাকার এক চেক প্রেরণ করিয়াছেন। আমরা এই কার্য্যদ্বারা অত্যন্ত কৃতজ্ঞ হইলাম। মন্ত্রিগণ এই প্রকারে এ দেশের প্রতি মনোযোগী হন, এটী অতিশয় সুখের বিষয়।

অর্জ্জ ট্রিবিলিয়ান সাহেব সম্প্রতি হাউস অব কমন্সে সংবাদ দিয়াছেন, ভারতবর্ষীয় কর্ম্মচারিগণ উপযুক্ত হইলে তাঁহাদিগকে বিনাপরীক্ষায় সিবিল সর্ব্বিসে প্রবেশ করিতে দেওয়া হয়; এ বিষয়ে তিনি প্রস্তাব করিবেন। ট্রিবিলিয়ান সাহেবকে আমরা ধন্যবাদ প্রদান করি; কিন্তু পরীক্ষাপ্রণালী উঠাইয়া দেওয়া আমাদের প্রেত নহে। লণ্ডনের ন্যায় ভারতবর্ষে প...হয় আমাদিগের এই প্রার্থনা।

সম্প্রতি কাবুলে ভয়ানক ভূমিকম্প হ... কয়েকটী বাটী ভগ্ন হইয়াছে।

বাবু কেশবচন্দ্র সেন বোম্বাইয়ে অ... যশোলাভ করিয়াছেন। তিনি যেখানে উ... দিতেন, সেখানে এত লোক উপস্থিত হ... যে দাঁড়াইবার স্থান হইত না। উপদেশের ... সকলেই তাঁহাকে দর্শন করিতে ও তাঁহার ... দুই একটী কথা কহিতে ইচ্ছাপ্রকাশ ...তেন। কলিকাতার উন্নতিশীল ব্রাহ্ম ...জের জন্য বোম্বাইয়ে কতক চাঁদা উঠি... এবং বোম্বাইয়ে ব্রাহ্মধর্ম্মের শ্রীবৃদ্ধি হইতে... তত্রত্য অনেক লোকের অনুরোধে তিনি ...মোহন রায়ের গ্রন্থসকল ইংরাজী ও সং... পুন মুদ্রিত করিতেছেন।

চা-কমিসনের কার্য্যের শেষ হইয়... তাঁহারা বিনা আড়ম্বরে অনেক অনুসন্ধান ... অনেক বিষয় অবগত হইয়াছেন। আমরা ... লাম, কুলিদিগের প্রতি যে অত্যাচার হয় ... অনেক মিরমবহির্ভূত কর্ম্মচারী গোপনে চ... করেন বলিয়া যে ইহার প্রতি মনোযোগী ... না, কমিসন তাহার প্রমাণ পাইয়াছেন। উ... শীঘ্র কলিকাতায় প্রত্যাগমন করিবেন।

সম্প্রতি পঞ্জাবের কয়েক জন কর্ম... লাহোরে এক পশুশালয় স্থাপন করিবার প্র... করেন, কিন্তু সর ডোনালড মাকলিয়ড ক... তার দৃষ্টান্তদর্শনে সতর্ক হইয়া এই প্র... অগ্রাহ্য করিয়াছেন।

বিজয় গ্রামের রাজা লণ্ডনস্থ হাইড প... নিমিত্ত একটী ফোয়ারা প্রদান করিয়া... ইহাতে ১৪০০০ টাকা ব্যয় হইয়াছে। স... মহাসমারোহে এটী খোলা হয়। রাজার ... তার প্রশংসা করিতে হইবে; কিন্তু ই... আমাদিগের নিকটে এ প্রকার সাহায্য চ... না। আমরা স্বদেশের নিমিত্ত এসকল কাজ ... লেই ইংলণ্ড যথেষ্ট উপকার জ্ঞান করেন।

বোম্বাইয়ের কাউয়াসজি জাহাঙ্গির মু... দিগের পেন্সনের নিমিত্ত এক কণ্ড কি... চেষ্টায় আছেন। এক্ষণে মুদ্রাযন্ত্রের যে ... শ্রীবৃদ্ধি হইতেছে, তাহাতে এ প্রকার ... থাকা আবশ্যক।

সম্প্রতি বড়বাজারের বাবু রামমোহন ... কের বাটীতে যে সভা হয়, তাহাতে লাড ... রোমক সম্রাট জুলিয়ারের জীবনবৃ... ঘটিত এক উপদেশপ্রদান করেন। এই

—২৬—

ক কতকগুলি এতদ্দেশীয় স্ত্রীলোক উপস্থিত
। তাঁহারা কি উপদেশের কিছু বুঝিতে পারি
লেন ? না কেবল ভয় ভাঙ্গিবার নিমিত্ত
দিগকে সভায় আনয়ন করা হইয়াছিল ?

আমরা শ্রবণ করিয়া আহ্লাদিত হইলাম,
ঁদিগের দোকানের পার্শ্বে যে গোপনীয়
আছে, তাহাতে সন্ধ্যার পর এক এক তালা
ন হয় এবং তাহার চাবি পুলিসের হস্তে
ক। হগ সাহেব এই বন্দোবস্ত করিয়াছেন।
িপ গোপনে সুরা বিক্রীত হইতেছে।
াহেব যদি ইহার যাথার্থ জানিতে চাহেন,
হইলে আমরা তাঁহাকে সঙ্গে করিয়া লইয়া
াইতে পারি।

শুনা যাইতেছে, কলিকাতার কতকগুলি
ন শ্রেণির বেশ্যা ভারতবর্ষীয় ব্যবস্থাপক
য় আবেদন করিয়া গরমির পীড়ার তাই
র প্রতিবাদ করিবার মানস করিয়াছে।
াবা স্পষ্টপ্রদর্শন করিয়া বলিতেছে যে, এই
ইন হইলে তাহারা কলিকাতা ত্যাগ করিবে :
এমন দিন কি হইবে !!!

৮৩৯ অব্দের মধ্যেই লক্ষ্মীসরাইপর্য্যন্ত
রইলওয়ে প্রস্তুত হইবে। ভারতবর্ষীয়
ওয়ে ভিন্ন ভিন্ন স্থানের বাণিজ্যের অবস্থা
র্থ ৭০০ টাকা বেতনে এক জন ভ্রমণকারী
শক নিযুক্ত করিবার মানস করিয়াছেন
র রিপোর্ট অনুসারে কোম্পানি ভাড়ার
হ্রাস করিবেন। এই উপায় অবলম্বন করিয়া
কর্ণেল প্রেষ্টেজ সাহেব এত লাভ করিতে
।

আমরা অবগত হইলাম, পূর্ব্ব বাঙ্গালার রেল
কোম্পানি সম্প্রতি যে ভাড়াবৃদ্ধি করি
লেন, গবর্ণমেণ্ট তাহা কমাইবার আজ্ঞা
ছেন। এই ভাড়া অবিলম্বে কমান কর্ত্তব্য।
ক্ষান হইলে জানা যাইবে, অনেক দৈনিক
াত্রী এতন্নিবন্ধন নৌকায় গমনাগমন করি
ন।

আমরা আরও জনরবে শ্রবণ করিলাম,
তবর্ষীয় গবর্ণমেণ্ট যাবতীয় রেলওয়ের
শ্রেণির ভাড়া একবিধ করিয়া প্রতি
র ভাড়ার তৃতীয়াংশ কমাইবার মানস
ছেন। ইহাতে সর্ব্বসাধারণের ও কোম্পা
উভয়পক্ষেরই লাভ হইবে।

রা এপ্রেল ঝাঁশীতে ঝড় ও শিলাবৃষ্টি
তে ৫ ৬ জন লোকের মৃত্যু হইয়াছে।
গুলি অতি বৃহৎ হইয়াছিল।

প্রতি ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়া
ছেন, যেসকল এতদ্দেশীয় আফিসর ও সৈনিক
পীড়ানিবন্ধন বিদায় লইয়া বাটী যাইবেন,
তাঁহারা গবর্ণমেণ্টের বাষ্পীয় জাহাজে ও রেল
ওয়েতে বিনাভাড়ায় যাইতে পারিবেন। এটি
সিদ্ধ কাজ হইয়াছে। আমরা এক বার
ভূটান হইতে প্রত্যাগত কতকগুলি নিরাশ্রয়
পীড়িত শীর্ণ সৈন্যের অবস্থাদর্শনে বিরক্তি
প্রকাশ করিয়াছিলাম।

পিয়নিয়র বলেন, সর ডোনালড মাকলিয়ড
আরোগ্যলাভ করিয়াছেন।

উক্ত পত্র বলেন, সম্প্রতি গবর্ণর জেনরলের
কৌন্সিলের এক জন ভূতপূর্ব্ব সভ্য সর ষ্টাফোর্ড
নার্থকোট কে দর্শন করিয়া জিজ্ঞাসা করেন
সর ষ্টাফোর্ড ! তবে ভারতবর্ষীয় সংবাদপত্রসমূহ
আপনাকে তত্রত্য ভাবী গবর্ণর জেনরল করিয়া
ছেন"। সর ষ্টাফোর্ড নার্থকোট উত্তর করিলেন,
আমি মহাশয়কে ধন্যবাদ দিতেছি; কিন্তু আমি
এখানেই এত গালি প্রাপ্ত হইতেছি যে, ভারত
বর্ষে যাইবার আবশ্যকতা নাই।"

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন, এ দেশের জল
বায়ুদ্বারা সর সাইমর ফিটআরলড এত দুর্ব্বল ও
ম্লান হইয়াছেন, যে আবিসিনিয়ার যুদ্ধ না
থাকিলে তিনি অবিলম্বে পদত্যাগ করিতেন।

উক্তপত্র অবগত হইয়াছেন, ফিরোজ শাহ
সোয়াতের আখুন্দের বিরুদ্ধে এক দল করাতে
আখুন্দ তাঁহাকে তথা হইতে দূরীভূত করিয়া-
ছেন

বেরিলির ডাক্তর হেল পদব্রজে কলিকাতায়
আসিতেছেন। তিনি কোন ইংরাজী হোটেলে
না থাকিয়া এতদ্দেশীয় সরাইয়ে অবস্থিতি
করিয়া আগমন করিতেছেন।

ইণ্ডিয়ান পবলিক ওপিনিয়ন বলেন, সম্প্রতি
শিয়ালকোট বিভাগের এক জন স্ত্রীলোক
চারিটী পুত্র প্রসব করিয়াছেন। মাতা ও শিশু
গণ সুস্থ আছেন। এরূপ স্থলে ইংলণ্ডেশ্বরী
প্রসূতিদিগকে কতক টাকা দিয়া থাকেন। আমরা
বোধ করি, সর জন লরেন্স সেই দৃষ্টান্তের অনুসর
ণ করিবেন।

উক্তপত্র শ্রবণ করিয়াছেন, কর্পূরতলার
রাজা আবেদন করিয়াছেন, তাঁহার রাজ্য তদীয়
ভ্রাতাদিগের মধ্যে বিভক্ত করিবার পূর্ব্বে তিনি
এক বার প্রধানতম গবর্ণমেণ্টের নিকট আপীল
করিবার মানস করেন, এই নিমিত্ত জামীনস্বরূপ
তিনি এক লক্ষ টাকা জমা দিতে স্বীকার করি
য়াছেন। রাজ্য বিভক্ত করা অবিধি হইতেছে।
রাজার ভ্রাতাদিগকে কিছু কিছু টাকা দিয়া রফা
করিবার চেষ্টা করা কর্ত্তব্য। নচেৎ কপূরতলায়
কতকগুলি সিন্ধুর আমীরের সৃষ্টি হইবে।

সম্প্রতি চাঁপাতলায় যে স্ত্রীলোকটী
হইয়া পতিত থাকে, তাহার বিষয়ে আর
সন্ধান হইয়াছে। সে কলিকাতাতেই জন্ম
করিয়াছিল। ব্রৌণনামক এক জন হোটেল
তাহাকে বিবাহ করে। ঐ ব্যক্তির মৃত্যুর
এক জন রেলওয়ে কর্ম্মচারীর অধীন ছিল
দিন হইল লালবাজারের এক জন দোক
তাহাকে উপপত্নী করিয়া রাখে। এই ব
হাতে দেওয়া হইয়াছে। স্ত্রীলোকটীর
৮০০ টাকার অলঙ্কার ছিল; তাহা
হইতেছে। তাহার উপপতিকে জিজ্ঞাসা
সে বলিল মৃত্যুর রাত্রিতে সে কাহাকে ও
না বলিয়া বাটী হইতে চলিয়া যায়। সে
মৃত্যুর সংবাদ শ্রবণ করিয়াছিল; কিন্তু হঙ্গ
ভয়ে কোন উচ্চ বাচ্য করে নাই। বেশ্যার
দশাতে হয় ভিক্ষা নচেৎ অপঘাতে মৃত্যু
রত আছে।

৩ রা বৈশাখ মঙ্গলবার।

আমরা শ্রবণ করিয়া আহ্লাদিত হই
মাদ্রাজ গবর্ণমেণ্টের অনুরোধে ষ্টেটসেক্রে
তত্রত্য মানমন্দির রক্ষা করিতে সম্মত
য়াছেন। এই মানমন্দির হইতে পগসন স
অনেকগুলি নূতন গ্রহ নক্ষত্র আবিষ্কৃত
য়াছিলেন। কিছুদিন হইল এটী উঠাইয়া
প্রস্তাব হয়। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট বি
বিষয়ে অতি অল্পই সাহায্য করেন। এ
ঐ বিষয়ে যাহা কিঞ্চিৎ সাহায্য করা হয়,

দিলে জনসাধারণের প্রতি নি
অবিচার হইবে।

সম্প্রতি মহারাজা রণবীরসিংহ যে
করিয়াছেন, তুর্কিস্থান হইতে যত বাণিজ্য
লাডক ও কাশ্মীরে আসিবে, ১৮৬৮ অ
প্রারম্ভ অবধি তাহাতে কেবল শতকরা
টাকা শুল্ক গৃহীত হইবে। এ বিষয়ে রাজা
তবর্ষীয় গবর্ণমেণ্টের ন্যায় শুল্ক স্থাপিত
লেন। বস্ত্র, নানাবিধ ঔষধ, তৈল, চিনি,
রির রপ্তানি শুল্ক লাগিবে না। পসমের শুল্ক
টাকা হইতে ৬ টাকা ও পসমী বস্ত্রের শুল্ক
টাকা হইতে ৩৷৷০ টাকা হইয়াছে। রাজা
ঘোষণা করিয়া আশাপ্রকাশ করিয়াছেন, এ
অবধি বণিকেরা প্রচুর দ্রব্য লইয়া কাশ্মীরে
মন করিবেন। রণবীর সিংহ যথার্থ উপায় অ
ম্বন করিয়াছেন; কিন্তু যত দিন তাঁহার কর্ম্ম
গণ ভদ্রতা অবলম্বন না করিতেছেন তত
এই ঘোষণার বড় ফল হইবে না।

ব্রিটিস ব্রহ্মে পুস্তক পাওয়া নিতান্ত কঠি
তথায় একটীও সাধারণ পুস্তকালয় না
সম্প্রতি কতকগুলি ইউরোপীয় ভদ্র লোক এ

া ঐ স্থলে এক পুস্তকালয় স্থাপিত করিয়া । রেবরেণ্ড বেনেট সাহেব নিজের প্রায় পুস্তক এই পুস্তকালয়ে প্রদান করি-ছেন।

মাস্ত্রাজের নিকটস্থ সেণ্টটমাস পর্ব্বতের টে এক নূতন তীর্থ হইয়াছে। প্রায় চারি বৎসর হইল হুসন আলীনামক এক জন র্দ্ধ মোল্লা প্রাণত্যাগ করেন। মৃত্যুর পর কে তাঁহাকে পীর বলিয়া সম্মান করিতেন। তি কর্ণাট রাজবংশীয় এক ব্যক্তি কাশরো স্ত হন। তিনি কোন প্রকারে আরোগ্যলাভ তে পারেন নাই। কিছুদিন হইল তিনি কে স্বপ্নে দেখিয়াছিলেন। পীর তাঁহাকে ন অমুক স্থানের বালুকাস্তম্ভণ করিলে পীড়া হইবে। কাসিম আলি তদনুসারে সেই কা ভক্ষণ করিয়া আরোগ্যলাভ করেন। কা খনন করাতে পীরের কবর বহির্গত ছে। তথায় এক্ষণে সহস্র সহস্র লোকে দর নিমিত্ত গমন করিতেছেন। কাসিম দরগায় ফকির হইয়াছেন। এ প্রকার রিস্ত লাভ আছে। আমাদিগের সাক্ষরিদে? র (?) তাহার দৃষ্টান্ত।

াবু কালীপ্রসন্ন সিংহ কলিকাতায় চারিটী ারা দিবার জন্য ১০,০০০ টাকা প্রদান য়াছিলেন; কোয়ারা গুলি অনেক দিন হইল য়াছে; কিন্তু আমরা অবগত হইলাম সে গাস কোম্পানির উঠানে গড়াগড়ি যাই ছে। উপরে যে বাচগুলি ছিল তাহা ভগ্ন গিয়াছে। কিছুদিনপর্য্যন্ত জষ্টিসেরা ারা বসাইবার স্থান স্থির করিতে পারেন এক্ষণে এতদ্দেশীয় বিভাগে বসান হইবে, হইয়াছে; কিন্তু আবার এক আপত্তি স্থিত হইয়াছে যে পয়ঃপ্রণালী না হইলে ারা বসান হইবে না।

বলিঙগেস সাহেব আমেরিকার দূত হইয়া আসিয়াছিলেন। চীনের সম্রাট তাঁহাকে র আপনার দূত করিয়া ওয়াসিংটনে করিয়াছেন। এক জন ইংরাজ এক জন ী ও এক জন রুশীয় এই দূতের সহকারী ছেন। কয়েক জন সম্ভ্রান্ত যুবক চীনে কার্য্য শিখিবার জন্য দূতের সহিত গমন তছেন। বুঝিয়া কাজ করিতে পারিলে য়া অনেক মঙ্গল হইবে।

৪ ঠা বৈশাখ বুধবার।

লার বন্ধ উপলক্ষে অনেক জেলার জজ আপন আদালত এক কালে বন্ধ করাতে ফৌজদারি ও দেওয়ানী মকদ্দমা স্থগিত থাকে। জজেরা প্রধানতম বিচারালয়ের পত্র গুলির প্রত্যুত্তর দেন নাই। ইহাতে অনেক অসুবিধা ঘটনা হওয়াতে প্রধান তম বিচারালয় আজ্ঞা দিয়াছেন, ১৮৫৮ অব্দের ২৩ এ মার্চের নিজামত আদালতের সরকুলর অনুসারে সকল কাজ করিতে হইবে। রবিবারব্যতীত আর কোন দিবস ফৌজদারী আদালত বন্ধ থাকিতে পারে না। দেওয়ানী মকদ্দমার সর্ব্বদা বিচার না হউক এরূপ অনেক অতিরিক্ত কাজ আছে যাহা স্থগিত রাখিলে অনিষ্ট হইবার সম্ভাবনা এই বিবেচনা করিয়া জজদিগকে বলা হইয়াছে তাঁহারা এইসকল বন্ধের দিন যেন আপনাদিগের মহকুমা ত্যাগ না করেন এবং ফৌজদারি মকদ্দমা যেন স্থগিত না হয়। ফৌজদারি বিভাগ বন্ধ থাকাতে অনেক অল্প মেয়াদি কয়েদির আপিল মুখা হয়। মেয়াদ খাটিয়া বহির্গত হইলে জজ শেষে "মুক্ত" করিবার আজ্ঞা দেন।

চাঁপাতলার হত স্ত্রীলোকটীর মৃত্যুর কারণের অনুসন্ধান আরম্ভ হইয়াছে। স্ত্রীলোকটীর জন্মস্থান মাদ্রাজ, কিন্তু সে বাল্যকালাবধি কলিকাতায় ছিল। হো নামক এক জন হোটেল অধ্যক্ষ তাহারে বিবাহ করে, পরে কিওসলি নামক এক জন রেলওয়ে কর্ম্মচারী তাহার উপপতি হয়। সম্প্রতি মাধবচন্দ্র দত্তনামক এক জন দোকানদার তাহাকে উপপত্নীর ন্যায় রাখিয়াছিল। মাধবচন্দ্র দত্ত স্বীকার করিয়াছে যে রাত্রিতে স্ত্রীলোকটী হত হয়, সেই রাত্রিতে একটা পর্য্যন্ত সে তাহার সহিত ছিল। কিন্তু তৎপরে কিওসলি আসিয়া তাহাকে লইয়া যায়, কিওসলি স্বীকার করিয়াছে যে সে স্ত্রীলোকটীকে অতিশয় সুন্দরী জ্ঞান করিত এবং তাহার অনুসন্ধান করিয়া অনেক স্থানে ভ্রমণ করে; কিন্তু ঈশ্বরের নাম পাঠ করিয়া বলিয়াছে হত্যার ৭।৮ দিন পূর্ব্ব হইতে সে কলিকাতায় আইসে নাই। পুলিস যদি বুদ্ধিমান হন, তবে প্রকৃত হত্যাকারীকে ধৃত করিতে পারিবেন; কিন্তু রবটস সাহেবের অনুসন্ধানে কিছুই হইবে না।

বোম্বাইয়ের কতকগুলি ইউরোপীয় ও এতদ্দেশীয় ভদ্র লোক ১৮৬৯ অব্দে তথায় এক বৃহৎ প্রদর্শন করিবার নিমিত্ত সর সাইমর ফিট জরলডের নিকটে আবেদন করেন, তদনুসারে গত মঙ্গলবারের পূর্ব্ব মঙ্গলবার শাসনকর্ত্তা একএক করিয়া সকলকে বলিয়াছেন, ষ্টেট সেক্রেটারির নিকট আবেদন করিলে তিনি অবশ্যই সাহায্য করিবেন এবং টিকেট বিক্রয় করিয়া কতক উঠিবে। কিন্তু কয়েক জন ভদ্রলোক করারে জামীন হইতে হইবে যে যদি কোন অনুলান হয় তাহা হইলে তাঁহারা চাঁদা সেই টাকা দিবেন। কয়েক জন ইহাতে হইয়াছেন, কলিকাতায় পুনর্ব্বার একটী আবশ্যক হইতেছে।

শ্রীরামপুরের ছোট আদালতে অনেক দ্দমা জমাতে গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়া নিয়মিত দিবসব্যতীত হুগলীর ছোট আ তের জজকে জুনপর্য্যন্ত প্রত্যেক সো মঙ্গলবার শ্রীরামপুরে মকদ্দমা করিতে হ হুগলির জজ উভয় স্থানেরই মকদ্দমার নি করিয়া থাকেন।

সকলেই অবগতআছেন ভারতব রেলওয়ে হওয়াতে অনেকে ভগ্ন বিক্রয় করিয়া বড় মানুষ হইয়াছেন। ২০ টাকার বাটীতে ১০,০০০ ১২০০০ টাকা দে হইয়াছে। সম্প্রতি হাওড়ায় ... নূতন হইয়াছে, তন্নিমিত্ত কতকগুলি বাটী ক্রয় হয়। এক্ষণে সেতু প্রস্তুত হওয়াতে দেয়া ইঞ্জিনিয়রগণ প্রয়োজনাধিক ভূমি লইয়াছি গবর্ণমেণ্ট তন্নিমিত্ত এই অতিরিক্ত ভূমিস পুনর্ব্বার বিক্রয় করিতেছেন। যেগুলি ১০,০ টাকায় ক্রয় করা হইয়াছে তাহা ২০০০।২৫ টাকায় বিক্রীত হইতেছে। অনেক স্থলে পূর্ব্ব কারগণই আবার ক্রেতা হইতেছেন। পাড়না যে কিছু লাভ তাহাদিগেরই হইল। ড়ার অনেকে এই প্রকার এক বার অপরি মূল্যে ভূমি বিক্রয় পূর্ব্বক তাহা আবার সাম মূল্যে ক্রয় করিয়া ধনবান হইয়াছেন। কোন্ এই সকল অপব্যয়ের নিমিত্ত দায়ী? পব ওয়ার্ক বিভাগের সংশোধন কি কিছুতেই বে না।

কলিকাতার বণিক সম্প্রদায় ইংলণ্ডীয় সমূহের মাসুলবৃদ্ধির প্রতিবাদ করিয়া সেক্রেটারির নিকট আবেদন করিয়াছেন।

বোম্বাইস্থিত ফ্রি চর্চ্চ মিশন বাটী প্রস্ত করিবার জন্য ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ২০,০ টাকা প্রদান করিয়াছেন!! আমরা খৃষ্টীয়ধ নিমিত্ত এই সকল ব্যয়ের প্রতিবাদ করিতে এক্ষণে সর্ব্বসাধারণের একবাক্য হইয়া হাউস কমন্সের নিকট এ বিষয়ে আবেদন উচিত।

সিটনকার সাহেব বিশ্ববিদ্যালয়ের প তোষিকপ্রদান উপলক্ষে যে বক্তৃতা

ইংরের সর্ব্বসাধারণে তৎপ্রতি অতিশয় ষ প্রকাশ করিয়াছেন। একখানি সংবাদ লেন, তিনি ভারতবর্ষে আসিয়া আর া করিলেও এই বক্তৃতাতে তাঁহার নাম রণীয় হইত।

৫ই বৈশাখ বৃহস্পতিবার।

মেরা দুঃখিত হইয়া প্রকাশ করিতেছি, স যে মারীভয় হয়, তাহা সমান রহি গত ফেব্রুয়ারি মাসে ২,২২৯ জন জ্বরে াগ করিয়াছে। এমন অবস্থায় কিছু দি মরিসসে কুলি প্রেরণ বন্ধ করা উচিত। াজ্রাজের বিশ্ববিদ্যালয় শীঘ্র প্রস্তুত হই এবৎসরের শেষে এই বাটীটী সম্পূর্ণ হইবে। কলিকাতার বিশ্ববিদ্যালয়ের তল ভাণ্ডেশ্বরের ন্যায় প্রত্যহ তিল তিল হইতেছে।

ঞ্জনিয়রসম্প্রদায় বলেন, কলিকাতায় পয়ঃ ী-- ল শীঘ্রগতি হইতেছে। ক দিবার যে চৌবাচ্চা হইতেছে, তাহার াংশ প্রস্তুত হইয়াছে। এই চৌবাচ্চার গুলি স্থায়ী হয় কি না, তাহা পরীক্ষা াবশ্যক। অনেক ইঞ্জিনিয়র বলেন, ছাদ ই দেয়াল বসিয়া যাইবে

-৬৭ অব্দের এপ্রেল অবধি ৩১এ ডিসে স্ত সমুদায় ভারতবর্ষে ৩১,০৭৮৬, টাকা আয় ও ২৮,৯৬,৩৯,৩১০ টাকা ইয়াছে। পূর্ব্ব বৎসরে এই সময়ের মধ্যে ৮,৩১,১৫০ টাকা আয় ও ৩৩,২০,৮০, াকা ব্যয় হইয়াছিল।

মহারাজ সিন্ধিয়া হরিদ্বারে গমন করিতে ভরতপুরের রাজা কলিকাতায় আসি-

ুল হইতে সংবাদ আসিয়াছে, সম্প্রতি র সিয়ারআলি খাঁর শ্বশুর আকজুল আমীরের পুত্র তাকুব খাঁ গিরশিক আজিম খাঁর সেনাপতি আজিজ খাঁকে রূপে পরাজিত করিয়াছেন। আজিজ ান্দাহার ত্যাগ করিয়া পলায়ন করিয়া এবং উক্ত নগর সিয়ার আলির হস্তগত ছে। আবদুল রহমন খাঁ অদ্যাপি সমুদায় স্থান শাসন করিতে সমর্থ হন নাই। ম খাঁর অত্যাচার সমান রহিয়াছে। রগণের জায়গীর ও আয় কমান হওয়াতে কে বিরক্ত হইয়াছেন। তিনি সম্প্রতি মুরাদের ভ্রাতার জায়গীর কাড়িয়া লও- উক্ত রাজী বলিয়াছেন, তিনি আর

কাবুলে থাকিবেন না। আবদুল রহমন খাঁও মাতার মতে মত দিয়াছেন। বিবি মুরাদের বুদ্ধিতেই প্রথমতঃ আফজুল খাঁ পরে আজিম খাঁ সিংহাসন প্রাপ্ত হন। তিনি চটিলেই আজিম খাঁর সহিত আবদুল রহমনের প্রকাশ্য বিচ্ছেদ ঘটে। আবদুল রহমনের ভাগ্যেই সিংহাসন নৃত্য করিতেছে।

এমন জনশ্রুতি, নেপালের সহকারী রেসিডেণ্টের পদ উঠিয়া যাইবে। নেপালের সহিত ব্রিটিশ গবর্ণমেণ্টের এমন কোন বিশেষ দৌত্য সম্পর্ক নাই যে, তথায় এক জন সহকারী রেসিডেণ্টের আবশ্যকতা হয়।

পব্লিকওপিনিয়ন বলেন, সম্প্রতি পেসোয়ারস্থিত হিন্দুস্থানীগণ পঞ্জাব গবর্ণমেণ্টের নিকটে আবেদন করে, তাহাদিগকে ক্ষমা করিলে তাহারা স্বদেশে প্রত্যাগমন করে। পেসোয়ারের কমিসনর ঐ আবেদনপত্রবাহককে কারারুদ্ধ করিয়াছেন। এই সকল পলাতক সৈনিকদিগের পর্য্যাপ্ত দণ্ড হইয়াছে। বিদ্রোহে কত সুখ তাহা ইহারা বিলক্ষণ জানিয়াছে। অতঃপর আমাদের মতে ইহাদিগকে ক্ষমা করাই কর্ত্তব্য। তাহা হইলে ইহারা যে কেবল বিশ্বস্ত প্রজা হইবে এমন নহে, ইহাদিগের দৃষ্টান্তে আরও অনেকে সতর্ক হইবে।

বোম্বাইয়ের মামলাতদারদিগের বেতনবৃদ্ধি করা হইয়াছে। অল্প বেতন বলিয়া কৃতবিদ্যগণ এইসকল পদ গ্রহণ করিতেন না বলিয়া সর সাইমর ফিটজ্জারলড বর্দ্ধিত বেতন দিবার প্রস্তাব করিয়াছিলেন।

ইণ্ডিয়ান ডেলিনিউস অবগত হইয়াছেন, মফস্বলের তৃতীয় শ্রেণির লোকদিগকে বাঙ্গালা ভাষায় উত্তমরূপে শিক্ষা দিবার নিমিত্ত প্রস্তাব করা হয়। এ বিষয়ে ডিরেক্টরের মত জিজ্ঞাসা করাতে আটকিন্সন সাহেব, ইনস্পেক্টর ও ডেপুটি ইনস্পেক্টরদিগের উপরে সম্পূর্ণরূপে নির্ভর করেন। কয়েক জন ডেপুটী ইনস্পেক্টর প্রস্তাব করিয়াছিলেন, যে স্থানে পাঠশালা হইবে, তথায় গুরুমহাশয় ও পণ্ডিতগণ শিক্ষা দিবেন। ৫।৬ টাকা বেতন দিয়া গুরুমহাশয় রাখিলে শিক্ষা উত্তম হইবে। গুরুমহাশয়দিগের বেতন অল্প হইবে বটে; কিন্তু তাঁহারা ছাত্রদিগের নিকটে অনেক বাজে আদায় করিতে পারিবেন। এই প্রস্তাবের সময়ে বোধ হয়, ইহাঁরা বিস্মৃত হইয়াছিলেন, ঐ সকল বাজে আদায়ের নাম চুরি। গুরুমহাশয়গণ ছাত্রদিগকে বাটীর তমাক এবং প্রতিবেশিদিগের নারিকেল ও আম্র চুরি করিতে শিক্ষা দেন। সুখের বিষয় এই যে, বাবু ভূদেব মুখোপাধ্যায় এই প্রস্তাব অগ্রাহ্য করিয়া পণ্ডিতদিগের শিক্ষা দিবার প্রস্তাব করিয়াছেন।

গতকল্য কলিকাতার জষ্টিসদিগের সিক অধিবেশন হইয়া গিয়াছে। হেলিডে ও তালতলার নিয়োগী পুকুরের নিকটস্থ সকল বিক্রয় করা হইতেছে। জষ্টিসেরা শি দহস্থিত বসন্তের চিকিৎসালয়ের ব্যয় এবং গরমির পীড়া চিকিৎসার নিমিত্ত বৈ সালয় হইতেছে, জষ্টিসেরা তাহারও দিতেছেন। অনাথ চিকিৎসালয়ের রো সংখ্যা স্থির করিবার নিমিত্ত জষ্টিসেরা মেটকে অনুরোধ করিয়াছেন। মেডি কালেজের চিকিৎসালয়ের রোগীর স ৩৫০ নির্দ্ধারিত হয়। আমরা আল হইলাম এই বিষয় লইয়া জষ্টিসদিগের স ডাক্তর চিবসের যে বিবাদ হয় ডাক্তর তাহাতে আত্মদোষে স্বীকার করিয়াছেন

প্রধানতম বিচারালয় আজ্ঞা দিয়া আমমোক্তার কখন নিজের নাম করিয়া স সম্বন্ধে নালীশ করিতে পারেন না। যে তাঁহার কিছু স্বার্থ আছে, সেখানে তিনি সা সম্বন্ধে অর্থী হইতে পারেন; কিন্তু তাহা থাকিলে মূল ব্যক্তির নাম দিতে হইবে।

সর জন লরেন্স এতদ্দেশীয় রাজা ও গবর্ণমেণ্টের শাসনের বিষয়ে যে মত লইয়া স্পেক্টেটর তদুপলক্ষে বলেন, এ বিষয়ে দ্দেশীয়দিগের মত গ্রহণ করা উচিত কিন্তু স্পেকটেটর একটী মহাভ্রমে পতিত য়াছেন। তিনি বলেন ব্রিটিশ গবর্ণমেণ্ট শিক্ষাপ্রভৃতিদ্বারা যে উৎকর্ষসাধন ছেন, ভারতবর্ষীয়গণ তাহাতে আন্তরিক নহেন। আমরা বলিতেছি একথা স অমূলক।

৬ই বৈশাখ শুক্রবার।

আমরা আহ্লাদিত হইলাম, ইণ্ডিয়ান নিউস স্বীকার করিয়াছেন ভারতবর্ষীয় দ্বারা ইউরোপীয় ও এতদ্দেশীয়দিগের উ হইতেছে। সভা প্রায় যাবতীয় বিলের আপনাদিগের মত প্রকাশ করিয়া অপ ব্যবস্থা প্রণয়নের প্রতিবন্ধক হওয়াতে রোপীয়গণ যে কৃতজ্ঞ হন, ইহা সুখের বি

ফ্রান্সে পারিস, লায়ন্স ও নাইম সে

ছাগলের পরমে শাল প্রস্তুত কিন্তু সর্দিও ফরাশী আদর্শগুলি তথাপি বুনন কাশ্মীরের তুল্য নহে। জন ফরাশী বণিক কাশ্মীরে কুঠি স্থাপন সাল প্রস্তুত করিয়া ইউরোপে লইয়া ছেন। কাশ্মীর সাল এক্ষণে পারিস ও

যায় মাত্র। অমৃতসর ও লুধিয়ানার ভারতবর্ষীয়েরা ব্যবহার করেন। এক্ষণে ভারতবর্ষে ৩ লক্ষ টাকা সালের হইতেছে। রাজা রণবীর সিংহ যদি ঘোষণানুসারে কাজ করেন, তাহা হইলে আইসে।

রে রাউলপিণ্ডির অশ্বমেলায় বিস্তর সিয়াছিল। গবর্ণমেণ্ট অশ্বারোহি নিমিত্ত ২০,০০০ টাকায় ২০০ অশ্ব ক্রয় ছেন।

মাদিগের দেশে চীনদিগের কারিকরির আশ্চর্য্য গল্প আছে। একটী গল্পে শুনা যায় ফলের মানুষ করিতে পারিত, ঐ মানুষ কথা কহিতে পারিত না, আর সকল করিত। লাডকডেডিকনামক এক জন রিকান এই গল্পের যাথার্থ্য সপ্রমাণ করিয়া তিনি ৭ ফুট ১১ ইঞ্চি উচ্চ এক বাষ্পীয় করিয়াছেন। ইহার উদরমধ্যে তিন ক্ষমতাযুক্ত একটি কল আছে। ইহা মানুষটী প্রতি মিনিটে এক ক্রোশ যাইতে । উহার অঙ্গ প্রত্যঙ্গ সকলই মানুষের কিন্তু উহার এত বল যে অনায়াসে বৃহৎ টানিয়া লইয়া যাইতে পারে। ঐ প্রকার ৫০০ ডলার মূল্যে বিক্রীত হইতেছে। এটী আশ্চর্য্যের বিষয় এবং ইহা দ্বারা সাধা স্তায় রেলওয়ের ন্যায় দ্রুতগতি যাইবার য় হইল

উপনগরে বাষ্পীয় আলোক দেওয়াইবার ও ধুমার হরেন্দ্র কৃষ্ণ বঙ্গদেশীয় ব্যবস্থা ভায় এক বিল অর্পণ করিতেছেন। উপ রের অধিকাংশ লোক দরিদ্র, অতএব দিগের আশঙ্কা হইতেছে গাস কোম্পানির পোষান ভার হইবে।

৭ ই বৈশাখ শনিবার।

ই ওয়ান ডেলিনিউস অবগত হইয়াছেন। য় প্রধানতম বিচারালয় ও রেকর্ড রের লত স্থাপন অবধি ১৮৬৭ অব্দের শেষ ন্থ কত দেওয়ানী ও ফৌজদারি মকদ্দমা ত হইয়াছে এবং প্রত্যেক বিচারপতি মকদ্দমার মীমাংসা করিয়াছেন, ভারতব গবর্ণমেণ্ট স্থানীয় গবর্ণমেণ্টসমূহের নিকটে র এক হিসাব চাহিয়াছেন।

উক্ত পত্র কোন বিশ্বস্ত লোকের নিকটে অব হইয়াছেন, ষ্টাম্প ও নোটপ্রচলনের বিভাগ ভূত হইয়া এক জন উপযুক্ত অভিজ্ঞিত চারীর অধীন থাকিবে। কালেক্টর মেকে-জির নাম লোকের হস্তে যেন না থাকে। তাহা হইলে ষ্টাম্পে যাহা হউক, নোটের বিষয়ে সুবিধা হইবে না। এই বন্দোবস্তে অনেক সরকারি ব্যয় বাঁচিবে।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ বিক্রীত হইতেছে:—

৪	টাকার সিক্কা	৯২৷৷—৯২৸০
৪	” কোং	৯০—৯০৷০
৫	” পব্লিকওরাক	১০৫৵—১০৫৷৷০
৫	” কোং	১০৮৸—১০৯
৫৷৷০	” কোং	১১৩৵—১১৩৷৷৵

—:০:—

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ২৭ এ মার্চ্চ। গত রাত্রিতে হাউস অব কমন্সে ১৫২ জনের মতে ১২৭ জনের অমতে সেনাদলের শারীরিক দণ্ডের আইন উঠিয়া গিয়াছে। সর জন পাকিংটন অনেক প্রতিবাদ করিয়াও কৃতকার্য্য হইতে পারেন নাই।

ডিসরেলি সাহেব এক পত্র প্রকাশিত করিয়া বলিয়াছেন, শাসনকার্য্য ও ধর্ম্মের সহিত যে পবিত্র সম্বন্ধ আছে, তাহা ছেদন করিবার নিমিত্ত এক দল সচেষ্ট আছেন, কিন্তু তিনি বলেন ইহাতে আশু অতিশয় অমঙ্গল ও বিপদ হইবে।

ওরিএণ্টল ব্যাঙ্কের অধ্যক্ষগণ গত ছয়মাসের নিমিত্ত অংশীদিগকে শতকরা ৬ টাকা লাভ দিয়াছেন।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্ট গবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

৮ ই এপ্রেল। মুরসিদাবাদের অন্তর্গত জঙ্গীপুরের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটীকালেক্টর বাবু গুরুচরণ দাস আবুয়াকান্দি উপবিভাগের ভার পাইবেন।

বাউসির ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু হরিচরণ ঘোষ মুরসিদাবাদে বদলী হইয়া তথায় মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর মৌলবী আলি হোসেন বাউসি উপবিভাগের ভার পাইয়া ভাগলপুরে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর মৌলবী আবদুল জব্বর (যিনি কিছু দিনের জন্য সিরাজগঞ্জ উপবিভাগের ভার প্রাপ্ত হইয়াছিলেন তিনি) জঙ্গীপুর উপবিভাগের ভার পাইয়া মুঙ্গেরে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন

বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত ডাক্তর আর, জি, মাথু বাখরগঞ্জের প্রতি সিবিল আসিষ্টাণ্ট সার্জ্জন হইবেন।

যত দিন এচ, ডবলিউ আলেকজ সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন দিন পি, এ, হস্কি সাহেব সাহরণের প্রতি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

৯ ই এপ্রেল। ডাক্তর ডবলিউ, নওয়াখালির চিকিৎসাকর্ম্মচারী হইবেন।

মান্যবর প্রধান বিচারপতি প্রধানতম রালয়ের আদিম দেওয়ানী বিভাগের পি. ডি. ডিকেন্স সাহেবকে পারসিদিগের হের রেজিষ্টার নিযুক্ত করিয়াছেন।

শাহাবাদের ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর এল, ডি, আক্র সাহেব চম্প বদলী হইয়া প্রথম শ্রেণির অধীন মাজি ক্ষমতা পাইবেন। তিনি আরও সেসিয়ে পণ করিবার মকদ্দমার প্রথম বিচার ক পারিবেন।

জে, জে, লাইবস সাহেব ঢাকার সহ মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া তথায় শ্রেণীর অধীন মাজিষ্ট্রেট ও ডেপুটি কালে ক্ষমতা পাইবেন।

চট্টগ্রামের পর্ব্বতীয় অঞ্চলের সহ পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট পি, এল, স্কট সাহরণে বদলী হইবেন।

নওয়াখালির সহকারী পুলিষ সুপরিণ্ বিএ, রাইট সাহেব চট্টগ্রামের পর্ব্বতীয় অ বদলী হইবেন।

বাবু জগদীশনাথ রায় নওয়াখালির সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ভাগলপুরের সহকারী পুলিষ সুপরিণ্ বাবু ঈশ্বরীপ্রসাদ নওয়াখালিতে বদলী বেন।

১৩ ই এপ্রেল। ৬ ই মার্চ অবধি আর, সাহেব শিক্ষাবিভাগের চতুর্থ শ্রেণিতে হইয়াছেন।

চম্পারণের ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর মৌলবী মহম্মদ সাহরণে বদলী প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের পাইবেন।

সাহরণের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি ক্টর মৌলবী ওয়ালিয়ত হোসেন বদলী হইয়া তথায় মাজিষ্ট্রেটের ক্ষমতা বেন।

১৮৬৭ অব্দের ৬ ই মার্চ নওগাঁর স কমিসনর লেপ্টনণ্ট টি, বি, মিচেলকে নের নিমিত্ত মাজিষ্ট্রেটের যে ক্ষমতা হয় তাহা রহিত হইল। তিনি এক্ষণ প্রথমশ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা করিবেন।

১৪ ই এপ্রেল। যত দিন টি, উইলসন বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, ত এ, এচ, টরণবুল সাহেব কাজীর প্রতিনি ডেপুটি অহিফেন এজেণ্ট হইবেন।

যত দিন এ, এচ, টরণবুল সাহেব সরকারী কার্য্যোপলক্ষে স্থানান্তর থাকিবেন, তত দিন সি ম, মেওহাম সাহেব কাণপুরের প্রতিনিধি সহ ডপুটি অডিসেন এজেণ্ট হইবেন।

—১০৫—

আমাদিগের ঢাকাস্থ সংবাদ দাতা লিখিয়াছেন।

১। কাশী পুরের দাঙ্গাঘটিত মকদ্দমার ষ্পত্তি হইয়া গিয়াছে। এক সপ্তাহেরও অধি কাল ঐ মকদ্দমার বিচার হয়। জুরিগণ জগ থ বাবুর ১০০০ দশ হাজার টাকা জরিমানা ং অন্য আসামীদিগের পাঁচ পাঁচ বৎসর রাবাসের আদেশ করিয়াছেন। জগন্নাথ বাবু কলচক্ষু ও বাতব্যাধিগ্রস্ত বলিয়া কারাগার ন করিলেন না; নচেৎ তাঁহাকেও কারাবা- র অসহ্য ক্লেশপরম্পরা সহ্য করিতে হইত।

২। ২২ এ চৈত্র শুক্রবার ঢাকা বিজ্ঞান ারিণী সভার সাংবৎসরিক অধিবেশন কার্য্য সমাধে সম্পাদিত হইয়া গিয়াছে। অপ সপ্তম ঘটিকার সময় সভা আরম্ভ হয়। ুলী ইনস্পেক্টর বাবু অক্ষয়কুমার সেন সভা তর আসন গ্রহণ করেন। এই উপলক্ষে বালক কয়েকটী রচনা পাঠ করে। বালকদিগের নিতান্ত মধুর, সুতরাং রচনাগুলি শ্রোতৃ র নিরতিশয় প্রীতিকর হইয়াছিল। তৎ কতিপয় সভ্য দণ্ডায়মান হইয়া বক্তৃতা ন। ঢাকা কালেজের অন্যতর সংস্কৃত ক শ্রীযুক্ত বাবু প্রসন্নচন্দ্রচক্রবর্ত্তী এবং নর্ম্মাল স্কুলের প্রধান শিক্ষক জে এরাটুন হবের বক্তৃতা সর্ব্বোৎকৃষ্ট হইয়াছিল। বাবু আজি কালি আর অপরিচিত বক্তা ন। ক্রমশঃ তাঁহার বক্তৃতাশক্তির বৃদ্ধি তছে। এই সভায় তিনি এক ঘণ্টা কাল লি এরূপ বক্তৃতা করিয়াছিলেন যে সভা ত্যমাত্রেই তাঁহাকে সাধুবাদ প্রদান াছেন।

। গত শনিবার আমাদের ঢাকাস্থ প্রসিদ্ধ ণি মিঞা সাহেব ব্যবস্থাপক সমাজ হইতে নগরে প্রত্যাগত হইয়াছিলেন। তাঁহার ন উপলক্ষে নানা প্রকার বাদ্য ও বন্দুকের শনিবার প্রাতঃকাল বিলক্ষণ শব্দায়মান ছিল। অনেক দর্শকও উপস্থিত হইয়াছি

। গত কল্য এখানে প্রায় সমস্ত দিন বৃষ্টি ছ। এই বৃষ্টি অত্রত্য ওলাউঠা নিবার মোঘ ঔষধ হইল।

আমাদিগের গোয়ালিয়ারস্থ সংবাদ দাতা লিখিয়াছেন:—

গত পত্রে নাথুরামনামে যে উপদেবতার কথা ও এখানকার স্ত্রীলোকদিগের স্বামীর সহ বাসের পূর্ব্ব তাহার সহিত আলিঙ্গনের যে কুৎসিত প্রথার কথা লিখিয়াছিলাম, সেটী সাধা রণ ব্যবহার নহে। সরাওগী নামে এখানে যে বণিকসম্প্রদায় আছে, তাহাদের মধ্যেই এই ঘৃণাকর প্রথাটী প্রচলিত আছে।

শুনিয়াছি, পঞ্জাব অঞ্চলের কোন কোন প্রদে শের স্ত্রীলোকেরা কোন সরোবরে বা নদীতে স্নান করিবার সময় উপরে বস্ত্রাদি পরিত্যাগ পূর্ব্বক সম্পূর্ণ উলঙ্গ হইয়া অকুণ্ঠিতচিত্তে অব গাহনাদি করে। এখানেও নদীমধ্যে ইতর সম্প্র দায়ের স্ত্রীলোকদিগকে উপকূলে বস্ত্র পরি ত্যাগপূর্ব্বক অবগাহনাদি করিতে দেখা যায়। শুনিলাম এখানে কোন স্ত্রীলোক ব্যভি চারিণী হইলে বা স্বামী পরিত্যাগ করিয়া অন্য পুরুষের আশ্রয়গ্রহণ করিলে তাহার স্বামী রাজদ্বারে তাহার নামে অভিযোগ করিয় তাহাকে কারারুদ্ধ করায়, যে কোন ব্যক্তি তাহার স্বামীকে তাহার বিবাহের ও স্ত্রীর ভরণ পোষণের নিমিত্ত যে ব্যয় হইয়াছে তাহা দিতে পারে সেই ব্যক্তিই ঐ স্ত্রীকে কারামুক্ত করিয়া গ্রহণ করিতে পারে।

অনেকের মুখে শুনিতে পাই, অত্রত্য স্ত্রীলো কদিগের মধ্যে সতীত্বের তাদৃশ গৌরব নাই। স্ত্রীলোকের অনুচিত স্বাধীনতা হউক বা অত্রত্য লোকের অজ্ঞতা ও অসভ্যতা হউক এই জঘন্য ভাবের কারণ। অত্রত্য কোন কোন পাহাড়ে লৌহের, চুম্বকপ্রস্তরের ও আকরীয় লবণের খনি আছে। ইহার চারিক্রোশ দূরে লৌহ উত্তোলিত হইতেছে। গোয়ালিয়ারের নিকটস্থ সিপ্রিনগরে যে লৌহের কারখানা আছে তাহা বোধ করি পাঠকবর্গের অনেকে অবগত আছেন। পর্ব্বত প্রদেশে অনেক প্রকার আশ্চর্য্য আকরীয় পদার্থ দৃষ্টিগোচর হয়। সম্প্রতি অত্রত্য দুর্গে এক প্রকার প্রস্তর পাওয়া গিয়াছে। তাহাতে বৃক্ষ লতাদির ন্যায় নানাপ্রকার চিত্র বিচিত্র রেখা আছে। পরীক্ষা দ্বারা দৃষ্ট হইল, ইহা কোন মনুষ্যের দ্বারা চিত্রিত হয় নাই। ঐসকল চিত্র স্বভাবসিদ্ধ। কর্ণেল ডেলি সাহেব এই প্রস্তরের কয়েকখণ্ড বোধে মিউজিয়মে (চিত্রশালিকায়) পাঠাই তেছেন।

এখানে দিন দিন গ্রীষ্মের প্রাদুর্ভাব লক্ষিত হইতেছে, কিন্তু তজ্জন্য কোন প্রকার আবির্ভাব হয় নাই। বরং শুনিতে পাই শীত কালের অপেক্ষা এখানে গ্রী লোকের পীড়াদি কম হয়। শিশুদিগের যে পীড়ার প্রাদুর্ভাব ছিল, এখন তাহার হইয়াছে।

২। দলাদলি ও অনৈক্যভাব দিগের একটী প্রধান রোগ। এ স ত বাঙ্গালির সংখ্যা স্বল্প, তথাপি দল ইহাদের মধ্যে বিরাজিত রহিয়াছে। পাটনা কি এলাহাবাদ কি আগ্রা সর্ব্বত্রই দল দেখা গেল। ইহাদের পরস্পরের হিংসা দ্বেষ প্রভৃতি লঘন্য ভাবের বি প্রভাব দেখা যায়। এখানে এ অঞ্চলের স্থান অপেক্ষা কম বাঙ্গালি আছে, কিন্তু ই মধ্যে দলাদলির সূত্র পাত হইয়াছে। ই সভায় বাক্‌বিতণ্ডা ও জিদ বজায় রাখিতে কেহ কেহ অপদস্থ হইয়া আর একটী পৃথক করিয়াছেন। ইহাতে ইংরাজ মণ্ডলীতে ও রণ্যে যে হাস্যাস্পদ হইতে হইবে, তাহা কের বিবেচনা নাই।

সংপ্রতি এখানে চৌর্য্যের বড় প্র হইয়াছে। কএকদিন হইল থানার ঠিক গের এক ব্যক্তির বাটীতে রাত্রি আ ৪ট প্রহরের সময় একটী চোর প্রবেশ ক ছিল। সেই সময়ে গৃহস্বামীর স্ত্রী জাগ ছিল. সে কৌশলক্রমে তাহার স্বামীকে জ ইয়া সতর্ক করিল, তখন ঐ ব্যক্তি ভাবে চোরের পশ্চাদ্দিকে যাইয়া বলপূ তাহাকে ধরিল এবং চীৎকার করাতে পু কর্ম্মচারী ও অন্যান্য অনেক লোক উপ হইল। চাপরাসওয়ালা ভায়ারা সর করিয়া চোরকে ধরিয়া লইয়া চেল্লেন। এক দিন এক জনের বাটী হইতে চোরে অ দ্রব্যাদি অপহরণ করিয়া লইয়া গিয়াছে। ব্যতীত দিন কয়েক চোরের এরূপ প্রাদু হইতে আরম্ভ হইয়াছে যে, রাত্রিতে গৃহ নিদ্রা হয় না। এখানকার চোর আমাদের দে ডাকাইতের ন্যায় তরবারাদি ব্যবহার ক সুতরাং ইহারা সামান্য চোরের অপেক্ষা ভ নক।

সংপ্রতি এক দরজী এক জন পুলিষ কর্ম্মচারী কর্ম্ম করিয়া দিতে কিছু বিলম্ব করিয়াছিল বলি কর্ম্মচারী যমদণ্ডের ন্যায় লগুড় দ্বারা তাহা এমন প্রহার করিয়াছিল যে তাহার মস্তক ফাটি রক্তপ্রবাহ প্রবাহিত হয়। সে ঐ সময় যেমন ছিয়া মাজিষ্ট্রেটের নিকট যাইবে, অমনি ৩।৪ জ

ষের মহাত্মারা তাহাকে ধরিয়া রাখলেন। ক্ষক সেই তক্ষক। শুনিতে পাই এখানে হইতে চোর আসিতে হয় না, পুলিষই বাস্তান।

। কয়েক দিন হইল অত্রত্য ইউরোপীয় ক পুরুষেরা মহারাজের কুলবাগে মহাসমা ধিক নিক (বনভোজন) করিয়াছেন। কনিক ক্রিকেটখেলা নাচপ্রভৃতি সাহেবেরা বড় মজায় থাকেন। দিল্লীগেজে নানা স্থানের সংবাদদাতারা ঐ সকল াদের কথা লিখিয়া কাগজ পুরণ করেন।

—:০:—

আমাদিগের বীরভূমের সংবাদ-া লিখিয়াছেনঃ—

। এস্থলে কয়েকটী শৃগাল ক্ষেপিয়াছে া গ্রামবাসীরা নিতান্ত শঙ্কিত হইয়াছেন। বক শৃগালদংশন অতি ভয়ঙ্কর। এক বার একটী ক্ষিপ্ত শৃগাল ৭ ৮ জনকে ন করিয়াছিল। দষ্ট ব্যক্তিদের মধ্যে সক একে একে গতাসু হইয়াছিল। সে দিন াকার রাজসংসারের একজন দেওয়ান ক্ত বাবু রামলাল সরকার মহাশয়ের কনিষ্ঠ শৃগালকর্ত্তৃক দষ্ট হইয়াছেন। যথাকালে ারোগবিষয়ে ত্রুটি হইতেছে না। তিনি ং আরোগ্যলাভ করেন ঈশ্বরের নিকট ার্থনা।

। কতিপয় দিবস অতীত হইল, এখানকার ড়ীর দেবালয় হইতে অনুন তিন সহস্র লোর আসবাসোটা তৈজসপ্রভৃতি অপ ইয়া গিয়াছে। চারি দিকে প্রহরী থাকিতে াবে এই চুরি হইয়া গেল, বুঝিতে পারা । ইনস্পেক্টর ও সব ইন্‌স্পেক্টর আসিয়া ম ধামের সহিত অনুসন্ধান আরম্ভ করি ন, কিন্তু কোন কাজ করিয়া যাইতে নাই।

। অল্প দিন হইল এখানকার অনতিদূর রে এক ভয়ানক ডাকাইতি হইয়া ছ। তাহার অনুসন্ধানে পুলিষ বড় বাহা ইয়া গিয়াছেন। শুনিলাম, এক জন ার প্রহারে মৃতপ্রায় হইয়াছিল। লিষের আর কোন গুণ থাকুক আর না প্রহার বিদ্যায় বিশেষ নৈপুণ্য আছে।

শ্রীযুক্ত বাবু রমাপ্রসন্ন সিংহ বি, এ, য়ের প্রযত্নে প্রযত্নে রাইপুরে একটী শাখা আফিস সংস্থাপিত হইয়াছে।

আমাদিগের তমোলুকস্থ সংবাদ-দাতা লিখিয়াছেনঃ—

১। এখানে ওলাউঠা রোগের যেরূপ দীর্ঘ কালব্যাপী পরাক্রমের উদয় হইয়াছিল, তাহার হ্রাস হইবার উপক্রম হইয়াছে।

২। অত্রত্য বঙ্গবিদ্যালয়ের প্রধান পণ্ডিত স্থানান্তরিত হওয়াতে তাঁহার পদে হুগলী নর্ম্মাল স্কুল হইতে এক ব্যক্তি নিযুক্ত হইয়া আসিয়াছেন।

৩। লাইসেন্স টাক্স স্থাপনের প্রথমাবস্থাতে এপ্রদেশের আসেসর শ্রীযুক্ত বাবু অন্নদাপ্রসাদ ঘোষ যেসকল অনুপযুক্ত দরিদ্র ব্যক্তির উপর করভার নিক্ষেপ করিয়া টাক্স সংগ্রহ করিয়াছিলেন, তাঁহারা সেই সময়ে তাঁহার নিকট বিচারের প্রার্থনায়, আবেদন করিয়াছিলেন। তিনি এত দীর্ঘকাল পরে মেদনীপুর হইতে সেই সকল আবেদনকারীকে শমনদ্বারা আদেশ করিয়াছেন যে, তাঁহারা স্ব স্ব আবেদনের প্রমাণ দিবার জন্য সাক্ষিসহিত তথায় উপস্থিত হইলে বিচার হইবে।

৫। শুনিতেছি, এ প্রদেশের পবলিক ওয়ার্ক বিভাগের অনেক পরিবর্ত্ত হইতেছে। এই তমো লুকবিভাগের যত পাকার কার্য্য তাহা মেদিনী পুর বিভাগের অন্তর্ভূত হইবে এবং মেদিনী পুরের যত মাটির কার্য্য তাহা এই বিভাগে আসিবে। ২৪ পরগণার অন্তর্ভূত মণ্ডলঘাট পরগণাও বোধ হয় তমোলুকবিভাগের অন্তর্গত হইবে। ইহাদ্বারা কার্য্যের অসুবিধা ভিন্ন আর কিছুই দেখিতে পাওয়া যায় না।

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক

মহাশয় সমীপেষু।

রেলওয়ে কম্পানির নিয়ম এই যে, রেলওয়ে কর্ম্মচারিগণ আরোহীদিগের প্রতি সরল ভাব প্রকাশ করিবে এবং তাঁহাদের যাহাতে কষ্ট না হয় তাহা করিবার চেষ্টা করিবে; কিন্তু কর্ম্ম চারিগণ উহার বিপরীত আচরণ করিয়া থাকে। যদি তৃতীয় শ্রেণীর আরোহীরা ভ্রমবশতঃ বা অত্যন্ত জনতাপ্রযুক্ত দ্বিতীয় কিম্বা প্রথম শ্রেণীর টিকিট দিবার ঘরের দ্বারের নিকট যায়, তাহা হইলে টিকিট কলেক্টর এবং প্ল্যাটফরমএসিষ্টাণ্ট তৎক্ষণাৎ তাহাদিগকে ড্যাম্ রাস্কেল বুড়ি মেটিস বলিয়া অ চন্দ্র প্রদান করে ব্যক্তিসকল গল ধাক্কা খাইয়া বহু কষ্টে তৃতীয় শ্রেণীতে গমন করে এবং গাড়ীর মধ্যে গমন করিয়া না বসিতে পারে, না দাঁড়াইতে পারে, না গাড়ী হইতে অবতীর্ণ হইতে পারে; হাঁস ফাঁস করিয়া তাহাদের প্রাণ যায়। পরে প্লাটফরমএসিষ্টাণ্ট আসিয়া, তাহাদের গোল না থামাইয়া, না বস হইয়া দিয়া, তাহাদিগকে যথোচিত দুর্ব্বাক্য বলে ও বেত্রাঘাত করে। এই করিতে করিতে গাড়ী ছাড়িয়া দেয়, যেমন গোল এবং যেমন কষ্ট সেই রূপই থাকে। যদি প্লাটফরমে অনেক আরোহী হওয়াতে অধিক গোল কিম্বা ভিড় হয়, প্লাটফ রম এসিষ্টাণ্ট আসিয়া গোল নিবারণ করা দূরে থাকুক, আরোহীদিগকে প্রহার করিতে আরম্ভ করে। ইহাতে অনেক ব্যক্তি (যাহারা কখন রেল গাড়িতে ভ্রমণ করে নাই কিম্বা দুই এক বার করিয়াছে) প্রহারের ভয়ে গোল মালে, এবং অতিশয় ভিড়ে টিকিট [illegible] সুতরাং গাড়ীতে আরোহণ করিবার সময় কোন রেলওয়ে কর্ম্মচারী (যাহার টিকিট দেখি বার ক্ষমতা আছে) টিকিট দেখিতে চাহিলে তাহারা দেখাইতে না পারিয়া সেখানেও অর্দ্ধ চন্দ্র পুরস্কার প্রাপ্ত হয়। টাকা দিয়া কি কষ্ট!

আমরা এক দিন জামালপুর ষ্টেসনে দেখি লাম, এক পীড়িত এবং ক্লিষ্ট ব্যক্তি তৃতীয় শ্রেণীতে বসিয়াছেন। তাঁহার পরিধেয় কিছু মলিন। পরিচয়দ্বারা জানিলাম, তিনি এক জন বঙ্গ দেশীয় কায়স্থ, তীর্থ যাত্রায় আসিয়াছি লেন। এক জন রেলওয়ে গবর্ণমেণ্ট পুলিষ জমা দার তাঁহার নিকট আসিয়া হঠাৎ কহিল, "তোমার নিকট আফিঙ আছে? তুমি আফিঙ লইয়া কোথায় যাইতেছ? যদি খুব কম পরিমাণ থাকে আমি তোমায় কিছু বলিব না।" তখন সে ব্যক্তি একটু রাগ প্রকাশ করিয়া কহিলেন "আমি কখন আফিঙ খাই নাই, আমার কাছে আফিঙ নাই; যদি আমি খাইতাম আমার নিকট থাকিবার সম্ভাবনা থাকিত। তুই আমায় আর বিরক্ত করিস্ না, আমি পীড়িত ব্যক্তি, তোর সহিত বাক্যব্যয় করিতে পারি না"। জমাদার কহিল "তুমি ভাল মানুষ এবং আমিও ভাল মানুষ যদি কিছু থাকে আমায় দেখাও; তুমি জানিবে, আর আমি জানিব। আমি তোমায় বাঁচাইয়া দিব; কিন্তু সাহেব শুনিলে তোমার বড় মুস্কিল হইবে।" তখন এ ব্যক্তি কহিলেন, তোর সাহেবকে বলিয়া দিগে;

মার কিছুমাত্র ভয় নাই। জমাদার এই
খা শুনিয়া তাহার কাপড় ঝাড়া দিবার উপ
ম করিতে লাগিল। আমাদের আর অন্যায়
। হইল না। আমরা কহিলাম, তোর সাহেবকে
কিয়া আন, সে আসিয়া দেখুক, উনি ব্রাহ্মণ
র কি ভাল লোক। জমাদার আমাদের কথা
নিয়া অড়ো সড়ো হইয়া সেইখানে দুই
ন চাপরাসি রাখিয়া সাহেবের কাছে
ল। পরে সাহেব আসিয়া আমাদিগকে
খিবামাত্র জমাদারকে ভৎসনা করিয়া কহি
ন, উনি নির্দ্দোষ ব্যক্তি। আমরা বলিলাম,
ন নির্দ্দোষ যথার্থ; কিন্তু আপনারে নিজে গিয়া
হার কাপড় উত্তম করিয়া দেখিতে হইবে। কি
নি আমাদের গমনের পর ঐ দুষ্ট জমাদার
উহার কাপড়ে আফিঙ দেয় এবং চোর
য়া পুলিষে দেয়, তাহা হইলে কি হইবে?
কথা পুনঃ পুনঃ বলাতে সাহেব তাঁহার কাপড়
ড়িয়া তাঁহাকে নির্দ্দোষ বলিয়া স্বীকার
য়. আমরা যদি না থাকি
ম, ঐ দুষ্ট জমাদার তাহাকে অনায়াসে
শন কষ্ট দিত। এই সকল দুষ্কর্ম্মের কত দিনে
সন হইবে? রেলওয়ে কর্ত্তৃপক্ষ মনোযোগ
রিলে অনেক দুষ্ট লোকের শাসন ক'রতে
রেন।

রঙ্গের
ই এপ্রেল } শ্রী কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়

—:০:—

ল একটি ক্ষুদ্র রাজ্যবিশেষ। যে রূপ রাজার
রে রাজ্যের মঙ্গলামঙ্গল নির্ভর করে সেইরূপ
ক্ষকের উপরেই স্কুলের শুভাশুভ নির্ভর
রিয়া থাকে। পৃথিবীর প্রধান প্রধান পণ্ডিত
গের জন্মভূমি, বিজ্ঞান শাস্ত্রের উৎপত্তিস্থান
ং এক কালে সকল রাজ্যের শ্রেষ্ঠ রাজ্য
রতবর্ষ, গ্রীস, রোমপ্রভৃতির রাজার গুণেই
তি ও রাজার দোষেই অধঃপতন হয়।
রূপ স্কুলেরও শ্রীবৃদ্ধি বা শ্রীহীনতা প্রধান
ক্ষকের অধীন। অতএব যাঁহারা সর্ব্বপ্রকারে
যুক্ত, তাঁহাদেরই হস্তে বিদ্যালয়সকলের
র্ত্তৃত্ব বিন্যস্ত করা উচিত। উহা না করিলে যে
ত অপকার ঘটে, তাহা এই মহানগরের একটি
ান স্কুলের অবস্থাদ্বারা প্রতীয়মান হই-
ছে। ঐ বিদ্যালয়টির এবার অত্যন্ত দুর্দ্দশা
স্থিত। উহার সৌভাগ্যসূর্য্য বোধ হয় এবার
রব মত অস্তাচলাবলম্বী হইল। দুঃখের বিষয়
যে উহা দীর্ঘকাল সৌভাগ্য ভোগ করিতে
রিল না। উক্ত বিদ্যালয়ের আধুনিক প্রধান

—৬—

শিক্ষক মহাশয় বিশ্ববিদ্যালয়ের উচ্চ উপাধি
প্রাপ্ত হইয়াছেন সত্য বটে, কিন্তু উহা কোন
কার্য্যকর নহে, কারণ তিনি ছাত্রগণকে শিক্ষা
প্রদান করিতে সম্যক্ প্রকারে সক্ষম নহেন।
অধিক কি তিনি স্বীয় মনোগত ভাব বিশুদ্ধ
ইংরাজী ভাষায় ব্যক্ত করিতে পারেন না।
স্কুলশাসনবিষয়েও যে ইনি বিলক্ষণ অপটুতা
প্রকাশ করিয়াছেন, তাহা দুই একটি দৃষ্টান্ত
দিলেই বিশেষ রূপে অবগত হইতে পারিবেন।

সম্প্রতি একটি ছাত্র, উক্ত শিক্ষকমহাশয়ের
সহিত বাগ্‌বিতণ্ডা করিতে করিতে তাঁহার প্রতি
"ড্যাম," "রাশকেল" প্রভৃতি কটূক্তি প্রয়োগ
পূর্ব্বক সকোপে ও নির্ব্বিঘ্নে চলিয়া গেল, শিক্ষক
মহাশয় চক্ষু স্থির করিয়া দণ্ডায়মান রহিলেন।
ইহার কারণ কি? তিনি রাজশাসনের প্রধান
নিয়ম দুষ্টের দমন ও শিষ্টের পালন অবলম্বন
পূর্ব্বক কাজ করিতে পারেন না। সুতরাং
এরূপ যে ঘটিবে তাহা বড় আশ্চর্য্যের বিষয়
নহে। সম্পাদক মহাশয় গবর্ণমেণ্ট কি
ইহার প্রতি এক বার ও দৃষ্টিক্ষেপ করিবেন
না, তাঁহাদিগের কাণের কাছে এরূপ
ঘটিতে লাগিল, অথচ ইহার প্রতিবিধানের
কোন চেষ্টাই হইল না, দূরে হইলে ত তার
কথাই নাই। তাঁহারা ত কর আদায়ের সময়
সবিশেষ যত্নবান হন, তবে দেশোন্নতির প্রধান
উপায় বিদ্যাশিক্ষার বিষয়ে এরূপ ঔদাসীন্য
প্রদর্শন করেন কেন? সে যাহা হউক, বিদ্যাল
য়ের এরূপ দুরবস্থা আর কিছুকাল থাকিলে
আমাদিগের বালকদিগকে স্থানান্তরিত করিতে
হইবে সন্দেহ নাই।

কলিকাতা
৬ ই বৈশাখ } আপনকার নিতান্ত অনুগত কতিপয় ভদ্রলোক

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু সরূপচন্দ্র পাত্র		বেড়বল্লভ পুর
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		১৩
" " প্রসন্নকুমার মুখোপাধ্যায়		দিনাজপুর
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		১৩
" " যদুনাথ রায়		রামপুরহাট
১২৭৪ চৈত্র হইতে ৭৫ ভাদ্র		৭
" " শ্যামাচরণ দাস		চাইবাসা
১২৭৫ বৈশাখ হইতে আশ্বিন		৭
" " ভরতচন্দ্র ঘোষাল		ফতেপুর
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		১৩
" " চন্দ্রকুমার মিত্র		কৃষ্ণগঞ্জ ৭

৩ ৩ প্রসন্নকুমার মিত্র বি
১২৭৫ বৈশাখ হইতে আশ্বিন
৩ ৩ প্রসন্ননাথ সাহা আড়াং

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পাঠাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায়।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাকম সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৷৷০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। ছণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ ব যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ ইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হই যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঙ্গড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃ প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ম ভাগ। —৩৩— ২৪ সংখ্যা।

"প্রবক্ষ্যামি প্রজানিধিনায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

ক মূল্য ১ টাকা, অগ্রিম বার্ষিক ১০
া অগ্রিম ষাণ্মাসিক ৫॥ টাকা।

সন ১২৭৫। ১৬ই বৈশাখ। ১৮৬৮। ২৭ এ এপ্রেল

মফস্বলে মাসুলসমেত অগ্রিম বা
টাকা ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

নবজন্মতন্ত্র ও ধাত্রীবিদ্যা।

১ ম খণ্ড মূল্য ২ দুই টাকা।

ই পুস্তকখানি বহু যত্ন ও পরিশ্রমে প্রণয়ন গিয়াছে। আধুনিক বহুদর্শী ও সুবিজ্ঞ াতাদের নবাবিষ্কৃত মত ও চিকিৎসা প্রণা- ইহাতে বর্ণিত আছে। এই খণ্ডে নীচের ক বিষয় লিখিত হইয়াছে যথা।

। বস্তিকোটরীয় অস্থি ও সন্ধির বিবরণ। বিকৃত বস্তিকোটরের বিবরণ। ৩। বাহ্য ও ন্তরিক জননেন্দ্রিয়ের বিবরণ। ৪। ঋতু। ঋতুসম্বন্ধীয় পীড়া ও তাহার চিকিৎসা। ভিষনিষেক। ৭। জরায়ুতে গর্ভধারণ। ৮। র লক্ষণ ও স্থায়িত্ব। ৯। বন্ধ্যাত্ব ও তাহার ৎসা। ১০। কৃত্রিম গর্ভ। ১১। গর্ভসত্ত্বে ১২। আস্থানিক গর্ভ। ১৩। জঠরাবস্থ বিবরণ ও মৃত্যুলক্ষণ। ১৪। গর্ভপাত কালপ্রসব, এবং তৎসম্বন্ধীয় চিকিৎসা।

স্তকের আরম্ভে বিবৃত সূচীপত্র ও অন্তে জনীয় ইংরাজী ও কূটার্থ বা অচলিত শব্দ , এবং স্থানে স্থানে খোদিত আকৃতি গিয়াছে। এই পুস্তক, কলিকাতা বিদ্যারত্ন যন্ত্রে, বা কালেক্টষ্ট্রিটের ৮৪ বনে শ্রীযুক্ত বাবু গুরুচরণ মহলানবিসের , অথবা মালদহে আমার নিকট পাওয়া । বহি ডাকে পাঠাইতে হইলে ক্রেতাকে রিক্ত মাসুল ।০ আনা দিতে হইবেক।

চৈত্র } শ্রীঅমদাচরণ কাস্তগিরি
হ } সিবিল মেডিকেল আফিসার

পুরাণপ্রকাশ।

লিকাতা মৃজাপুর আমহাউসের দক্ষিণ কাব্যপ্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনামক সাময়িক পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড করিয়া প্রকাশ হইতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের পরিমাণ ৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রমশঃ অষ্টাদশ পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসমেত প্রকটিত করিবার কল্পনা আছে। প্রথমতঃ বিষ্ণু-পুরাণ অনুবাদ ও শ্রীধরস্বামিকৃত টীকা সমেত মুদ্রিত হইতেছে; আগামী ১ লা বৈশাখ বিতরণ আরম্ভ হইবে। যিনি ইহার গ্রাহক হইতে অভিলাষী হন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে আমার নিকট পত্র ডাকমাশুল ও প্রতিখণ্ডের মূল্য অগ্রিম ॥০ আট আনা করিয়া পাঠাইবেন। যাঁহারা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহাদের নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ এক টাকা মূল্যে বিক্রয় করা যাইবে।

১৫ ই চৈত্র ১২৭৪। } শ্রী জগন্মোহন শর্ম্মা।

সংস্কৃত মেদিনীকোষ হুরুহ শব্দের টীকা-সমেত উত্তম নাগরাক্ষরে বহুপূর্ব্বক মুদ্রিত হইতেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, তিনি ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত বাবু সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪ সংস্কৃত বিদ্যালয়। } শ্রীজগন্মোহন শর্ম্মা

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে।

আরোহীর গাড়ী চলিবার সময়ের পরিবর্ত্তন।

সর্ব্ব সাধারণকে জানান যাইতেছে যে, যে আরোহীর গাড়ী প্রত্যহ কলিকাতা হইতে রাত্র ৪ ঘণ্টা ৩ মিনিটে এবং হাবড়া হইতে রাত্র ৪ ঘণ্টা ১৮ মিনিটে ছাড়িয়া পর্য্যন্ত যাইত, তাহা আগামী বন্ধ হইবে।

ঐ গাড়ীর পরিবর্ত্তে অন্য এক গাড়ী কলিকাতা হইতে পূর্ব্বাহ্ণ ৫ ঘণ্টা ২৮ মি এবং হাবড়া হইতে ৫ ঘণ্টা ৪০ মিনিটে ছ হুগলি পর্য্যন্ত যাইবে। এই গাড়ী প্র ষ্টেসনে থামিবে।

যে আরোহীর গাড়ী পাঁড়ুয়া হইতে ৬ ঘণ্টা ২৫ মিনিটে ছাড়িয়া কলিক আইসে, তাহা বন্ধ হইবে এবং তাহার প পূর্ব্বাহ্ণ ৭ ঘণ্টা ১৩ মিনিটে হুগলি হইতে গাড়ী ছাড়িবে এবং এক্ষণকার ন্যায় ষ্টেসনে থামিবে।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে হাউস } সিসিল
ডেল হাউসী স্কোয়ার } অব এ
কলিকাতা
২২ এ এপ্রেল ১৮৬৮।

—:০:—

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে।

বিজ্ঞাপন।

বিজাপুর ষ্টেশন খুলিবার বিষয়।

আগামী ১ লা মে অবধি আরোহী ল নিমিত্ত বিজাপুরে এক নূতন ষ্টেশন খুলি ঐ স্থান হাবড়ার ১৭৭ মাইল দূর এবং পা ও বাহাওয়ার মধ্যস্থিত।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে হৌস } সিসিলষ্টিয়েনস
ডালহৌসী স্কোয়ার } এণ্ড্রুস বোড
কলিকাতা ২২ এ
এপ্রেল ১৮৬৮

—:০:—

অভিধান।

শব্দার্ণব
শব্দার্থপ্রকাশিকা

ঃ
৭
৫
৩
৫
৮
৩।০
৮০
৩৫
১৸৩
} কেদারনাথ বন্দ্যোপাধ্যায়
} পুস্তকবিক্রেতা।

—০—

র্ণিত সংস্কৃত পুস্তকসমূহ দেবনাগরা
ত ও প্রকাশিত হইল। মাসত্রয়মধ্যে
ালি খণ্ড মুদ্রিত প্রাপ্ত হইবেক।
দাকৃত কুমারসম্ভব সংস্কৃত ও
ল মূল্য আট আনা।
বারত বিনামাশুলে সম্পূর্ণ মূল্য
০ আট আনা।
লিকাতা সংস্কৃত জ্ঞানরত্নাকর যন্ত্র নামক
সংস্কৃত ভবন।
ত বৈশাখ
১৫।
} শ্রীভুবনচন্দ্র বসাক।

—০—

লিকাতা সংস্কৃত লাইব্রেরী ও কালেজ
১১ সংখ্যক ভবনে এক বৃহদাকার
রের পুস্তকালয়ে নিম্নলিখিত বাঙ্গ্ল পুস্তক
হিয়াছে।
} শ্রীকালীমোহন বসু
অধ্যক্ষ।

—০—

প্রকাশসম্বাদালয়ে কেস ও ফ্রেম সহিত
ার দেবনাগর অক্ষর বিক্রয় হয় আছে
লেন ভন হয়, তিনি কলিকাতা সংস্কৃত
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণ
প্রধান করিলে বিশেষ বৃত্তান্ত
পাইবেন।

র্ণিত পটার কোং
ন মর্চেন্ট।
মেজিয়া ক ববার সুচিকণ টাইল্।
কোম্পানির মহনরোস্থিত ৪ নং আফিসে

উহা যমুনা দেখিতে পাওয়া যায় এবং যদি কাহার প্রয়োজন হয় ঐ আফিসে অনুসন্ধান করিলে পাইতে পারেন।

নলদময়ন্তী নাটক যাহা ষ্টীমযন্ত্রে মুদ্রিত বিক্রয়ার্থ প্রস্তুত, মূল্য ১ টাকা।
কলিকাতা
সোড়াসাঁকো ৬৪ নং } শ্রী গোপালচন্দ্র রায়

নেটিনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল ডাঙ্গা বাড় যে। ব্রাদার কোম্পানির দোকানে মৎ প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি বিক্রয় হইতেছে।—

পুস্তক	মূল্য
শ্রীসইতিহাস	১ টাকা
বোধক ইতিহাস	১ ”
ভূমণ্ডলের বৃত্তান্ত বিবরণ	।০
নীতিসার (১ম ভাগ)	৶
নীতিসার (২য় ভাগ)	৶
পদার্থবিদ্যা বিবরণ	৸

শ্রীদ্বারকানাথ শর্ম্ম।

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের ফেব্রুয়ারি মাসের ৮ ই হইতে ১৪ ই পর্য্যন্ত ভাগীরথীনদীর সর্ব্বত্র নিম্ন জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফুট	ইঞ্চি
ধুলিয়ানের উপর পদ্মানদীতে	১০	৮
মহানায়	১১	৮
তথা হইতে জঙ্গিপুর (১০॥ মাইল মধ্যে)	১	৬
জঙ্গিপুর হইতে বহরমপুর (১৬ মাইল) মধ্যে	২	৬
বহরমপুর হইতে কাটওয়া (৩০ মাইল) মধ্যে	৩	০
কাটয়া হইতে নদীয়া পর্য্যন্ত (৩৬ মাইলের মধ্যে	৩	৯

সন ১৮৬৮ ১৭ ই এপ্রেল তারিখে বহরমপুর গঙ্গাঘাটের জলের মাপ। ফিট ইঞ্চি ১০ ৩৮

বহরমপুর
১৭ ই এপ্রেল
১৮৬৮।
} এফ কার্টিউটিব
ইঞ্জিনিয়র বহর
মণ্ডল ডিবিশন

সোমপ্রকাশ।

১৬ ই বৈশাখ সোমবার।

বিচারপতি ফিয়ার ও এতদ্দেশীয় স্ত্রীলোকগণ।

এতদ্দেশীয় স্ত্রীলোকদিগের উন্নতি

বিষয়ক প্রস্তাব লইয়া বিচারপতি ফিয়ারে সহিত কোন কোন ব্যক্তির মতভেদ হ য়াছে, তদ্বিষয়ে আমাদিগের মত কি তা জানিবার নিমিত্ত অনেকে ইচ্ছাপ্রকা করিয়াছেন। ঐ বিষয়ে কোন কথা বলাই আমাদিগের অভিপ্রেত ছিল অনেকের অনুরোধ বশতঃ উহাতে হ ক্ষেপ করিতে হইতেছে। হিন্দুপেট্রিয় বিচারপতি ফিয়ারকে যে প্রকার ভৎস করা হয়, তাহা বস্তুতঃ তাহার প নহেন। আমরা উক্ত প্রস্তাবি পাঠ ক বার সময় যাহার পর নাই দুঃখিত য়াছি। বিচারপতি ফিয়ারের এবং ভ্রম হইয়াছে যথার্থ বটে; কিন্তু প্রমাদ সাধারণ হইতে পারে; অত তাঁহারে গালাগালী দেওয়া নিত অকর্ত্তব্য। ইউরোপীয়দিগের মধ্যে বি রপতি ফিয়ারের সদৃশ আমাদিগের অতি বিরল। ঐ অংশে লর্ড সা ব্যতীত আর কাহাকেও তাঁহার স সমান আসন প্রদান করা যাইতে প না। তিনি যখন যাহা বলেন, আমাদি হিতসাধনই তাহার প্রধান উদ্দে অতএব কোন স্থলে তাঁহার ভ্রম হই আমাদের দুঃখিতচিত্তে যথো সম্মানপ্রদর্শনপূর্ব্বক সেই ভ্রম প্রদ করাই কর্ত্তব্য; কিন্তু কোন মতে এ কার অকৃত্রিম বন্ধুর প্রতি আক্রোশ ঘৃণা প্রকাশ করা বিধেয় নহে।

পক্ষান্তরে আমাদিগকে অবশ স্বীকার করিতে হইবে, বিচারপ ফিয়ার এদেশীয় স্ত্রীলোকদিগের যত দুরবস্থা অনুমান করিয়াছেন, বস্তুতঃ ত নহে। প্রায় তিন বৎসর হইল প্রেসিডে কালেজের একটী অকালপক্ক ছাত্র ই জমহলে সম্ভ্রম লইবার মানসে স্বদেশ দিগের স্কন্ধে পৃথিবীর যাবতীয় দো নিক্ষেপ করিয়াছিলেন। অনেক বৃ স্বভাবও ঐ বালকের ন্যায় আছে। ইহ

— ৩৫ —

কাল্পনিক স্বদেশহিতৈষিতাপ্রদর্শনার্থ
উরোপীয় ভদ্র লোকদিগের নিকটে স্বদে
শের অশেষবিধ নিন্দাবাদ করিয়া দীর্ঘ
নিশ্বাস ত্যাগ করেন। ইহাঁরা বলেন,
আমাদিগের স্ত্রীলোকেরা ক্রীত
সী; তাঁহাদিগকে গো মহিষের ন্যায়
াটিতে হয়। এতদ্দেশীয় স্বামিগণ
ীলোকদিগকে সমকক্ষ জ্ঞান না করিয়া
কবল নিকৃষ্ট প্রবৃত্তি চরিতার্থ করিবার
পায়মাত্র জ্ঞান করেন। আমাদিগের
স্তঃপুর বেডেন-বেডেনের ভূমধ্যস্থ কারা
র অপেক্ষাও ভয়ানক স্থান ও সকল
াপের আকর।" বিচারপতি ফিয়ার
ধড়াতে যে বক্তৃতা করেন, তাহাতে
াহারও যে কতক ঐ প্রকার সংস্কার
াছে, তাহা স্পষ্ট প্রকাশিত হইয়াছে।
দিও আমাদিগের দেশে স্ত্রীশিক্ষার
াদুর্ভাব হইয়াছে, তথাপি আমাদিগের
ীলোকদিগের অধিকাংশই সামান্য
খন পঠন ও সূচীর কাজমাত্র জানেন।
পরিমাণে বিদ্যা হইলে সাহিত্য,
র্শন, বিজ্ঞান ও রাজনীতিসংক্রান্ত
য় লইয়া তর্ক বিতর্ক করা যায়, সেরূপ
দ্যা যে এপর্য্যন্ত আমাদিগের শিক্ষিত
লোকদিগের কাহারও হয় নাই;
হা সকলকেই স্বীকার করিতে হইবে।
বিষয়ে বিচারপতি ফিয়ার যাহা বলিয়া
, তাহা সম্পূর্ণ সত্য, কিন্তু তিনি বিস্মৃত
াছেন যে, স্ত্রীলোক ও পুরুষের মধ্যে
নিয়মঘটিত যেপ্রকার সমকক্ষতা
ুক না কেন, সকল বিষয়েই স্ত্রীলো-
গকে পুরুষের অনুগত হইয়া চলিতে
ব। অগ্রে আডিসনের ন্যায় পুরুষ
ইলে কখনই লেডি মেপিয়রের ন্যায়
লোক হইবার সম্ভাবনা নাই। আমা
র দেশে এক্ষণে পুরুষদিগের কি
দূর শিক্ষা হইয়াছে? এটী যত দিন
ইতেছে, তত দিন বিচারপতি ফিয়ার
াকদিগের যেরূপ উন্নতিদর্শন করিতে
অভিলাষ করেন, তাহা কখনই সম্ভাবিত নহে।

আমাদিগের স্ত্রীলোকদিগকে হীনা বহু ও অকর্ম্মণ্য বলিয়া বিচারপতি ফিয়ারের যে সংস্কার আছে, তাহাও অনেকাংশে অমূলক। ইউরোপীয় স্ত্রী লোকদিগের ন্যায় আমাদিগের স্ত্রীলো কেরাও গৃহস্থাশ্রমের অলঙ্কারস্বরূপ। এতদ্দেশীয় স্ত্রীলোকেরা সংসারিক স্বচ্ছ ন্দতা ও মিতব্যয়িতার নিদান। ইউরো পীয় স্ত্রীলোকদিগের অপেক্ষা যে ইঁহারা সহস্রগুণে মিতব্যয়ী তাহাতে অণুমাত্র সন্দেহ নাই। আমরা কেবল উপার্জ্জন করিয়া আনি; কিন্তু আমাদিগের স্ত্রীলো কেরা সংসারের আর সকল কাজ করেন। সংসারের মধ্যে (প্রথম প্রথম না হউক, সন্তানাদি হইলে) স্ত্রী ও পুরুষের সমান ক্ষমতা থাকে। সম্পত্তিসম্বন্ধে আমাদি গের স্ত্রীলোকেরা ইউরোপীয় স্ত্রীলোক দিগের অপেক্ষা সমধিক স্বত্ব ভোগ করেন। আমাদিগের অন্তঃপুর ইউরোপীয় দিগের অন্তঃপুর অপেক্ষা অনেকাংশে পবিত্র। আমাদিগের স্ত্রীগণ পাতিব্রত্য বিষয়ে পৃথিবীর সকল জাতীয় কামিনী দিগের শীর্ষদেশে বিরাজিত হইতেছেন। এ বিষয়ে বিচারপতি ফিয়ারের যে কুসং স্কার আছে তাহা তিনি অচিরাৎ পরিত্যাগ করুন। বিচারপতি ফিয়ার বলেন, "আমা দিগের স্ত্রীলোকদিগকে প্রকাশ্য সভাদি স্থলে না আনিয়া আমরা এক প্রকার অধর্ম্ম করিতেছি। স্ত্রীলোকেরা অজ্ঞতাপ্রভাবে আপনাদের রুদ্ধ অবস্থাকে কণ্টকর জ্ঞান করেন না; কিন্তু আমরা জানিয়া শুনিয়া সেই অজ্ঞানতিমির নাশ না করিয়া মন্দ কাজ করিতেছি।" এ বিষয়ে বিচার পতির সহিত আমাদিগের মতভেদ হইতেছে। ইউরোপীয় স্ত্রীলোকগণকে পৃথিবীর আদর্শ বলিয়া আমাদিগের সংস্কার হয় নাই। তাঁহাদিগের অনেক গুণ আমরা প্রশংসনীয় জ্ঞান কিন্তু অনেক বিষয়ে আমরা তাঁহাদিগের দৃষ্টান্তের অনুসরণ নিতান্ত অনুচিত বিবেচনা করিয়া ইউরোপীয় স্ত্রীলোকেরা যে পরি স্বাধীনতা ভোগ করেন ও ক চাহেন, তাহা অনেকের অনভি সামাজিক আমোদের অনুরোধে নার শিশু সন্তানকে ধাত্রীর স্তন্য উপরে নির্ভর করাইয়া স্বয়ং বাটী ও নাট্যশালায় নাট্যশালায় করা কি মাতৃবাৎসল্যের সমুচিত ক পরিশ্রমসহিষ্ণু পুরুষেরা বা গিয়া শ্রমসাধ্য কার্য্যে ব্যাপৃত হই এবং স্ত্রীলোকেরা গৃহে থাকিয়া দিগের কোমলস্বভাবসুলভ ক সম্পাদনপূর্ব্বক স্বামিগণের ও স রের সুখসমৃদ্ধি বৃদ্ধি করিবেন বলি সৃষ্ট হইয়াছেন। কিন্তু ইউরোপে কর্ত্তব্য কর্ম্মের বিলক্ষণ অন্যথাভাব যাইতেছে। তত্রত্য স্ত্রীলোকেরা এ অমিতব্যয়ী যে অপব্যয়ের ভয়ে অ পুরুষ বিবাহ করেন না। ঐ কামিনীগ বস্ত্র শকট প্রভৃতিতে অপব্যয়নি তাঁহাদের স্বামিগণকে অচিরাৎ ঋণ ও বিব্রত হইয়া পড়িতে হয়। ইউরো কন্যাবিক্রয় নাই বটে, কিন্তু কোর্টশি তাহার প্রতিনিধি রহিয়াছে। উচ্চ ণির স্ত্রীলোকেরা বিবাহের অগ্রে দে আপনাদিগের বিলাসভোগের ইচ্ছা তার্থ করিবার উপযুক্ত অর্থ স্বা আছে কি না? স্ত্রীলোকদিগের স্বা তার সহিত এইরূপ বিলাসের ই অতিশয় বলবতী থাকাতে অনেকে ভ বিবাহ করিতেছেন না; ইহা কি সামা দুঃখকর, হাস্যকর ও লজ্জাকর ব্যাপার আবার এই অসঙ্গত স্বাধীনতানি স্কন যে অনেক চরিত্রদোষ ঘটিতেছে তাহার অপলাপ করা কাহারও সাধ্যায়

ছে। আমরা যাহা কহিলাম, ইহা কেবল
মাদিগের নিজের সিদ্ধান্ত নহে; ফ্রান্স
ইংলণ্ডের অনেক চিন্তাশীল লোক
এ বিষয়ের বিচার করিয়াথাকেন। অতএব
আমরা এ বিষয়ে ইউরোপীয় স্ত্রীলো
কদিগকে আদর্শ স্থল করিতে পারি না।
কাল বিশেষের পরিবর্ত্ত করা হিন্দু
স্বভাব ও অভ্যাসসিদ্ধ নহে; সুতরাং
আমরা ক্রমশঃ অগ্রসর হইতে
ইচ্ছা করি। স্ত্রীলোকদিগকে কতদূর
স্বাধীনতা প্রদান করা উচিত, তাহা
আমরা বর্ত্তমান অবস্থায় ঠিক বলিতে
পারি না। কিন্তু এক কথা এই বলিতে
পারি যে, পূর্ব্বকালে আমাদিগের
দেশীয় লোকগণ যেপ্রকার স্বামীর সহিত
সহগমন করিতেন, তাহাই তাঁহাদিগের
ভক্তির চরম পরাকাষ্ঠা। এ বিষয়ে আমা
দিগের ভ্রম হইতে পারে। কিন্তু আমা
দিগের স্ত্রীলোকদিগের সহিত ইউরো
পীয় স্ত্রীলোকদিগের বর্ত্তমান অবস্থা
সকলের তুলনা করিয়া দেখিলে
আমাদিগের অপেক্ষা অধিক উচ্চ আশা করা
যাইতে পারে না। প্রকৃতি স্ত্রীলোক ও
পুরুষদিগের শারীরিক ও মানসিক
বিষয়ে যেরূপ প্রভেদ করিয়া দিয়াছেন,
তাহাতে পুরুষের সহিত স্ত্রীলোকের
কখনও সমাধিক হইতে পারে না। স্ত্রীলোক
পুরুষের সহিত সমান পরিশ্রম
করিতে পারেন, এরূপও নহে। বিচার
ও বিবেচনার সহিত সর্ব্বসাধারণের
উচ্চতার এই প্রধান কারণ। এক্ষণে
আমরা তাঁহাকে অনুরোধ করিতেছি,
যেন ইংরাজদিগের মধ্যে সোফেল
(কবার) আছেন, আমাদিগের মধ্যে
সেপ্রকার কতকগুলি লোক দেখা
যায়। তাহারা সর্ব্বঘটে থাকেন; কিন্তু
তাঁহাদিগের কথা গ্রাহ্য করেন
না। সুপতি ফিরার যেন এইসকল
লোকের কথা শুনিয়া কোন সিদ্ধান্ত না
করেন।

— ৩৬ —

বাঙ্গালীদিগের চরিত্রঘটিত কতগুলি দোষ।

যাঁহারা সামান্য বিষয় লইয়া আহ্লাদে নৃত্য করেন, তাঁহাদিগের অন্তঃকরণ অতিশয় লঘু বলিয়া বিবেচিত হইয়া থাকে। ঐরূপ লঘুচিত্ত লোকেরা প্রায়ই প্রগাঢ় বুদ্ধিজীবী ও দৃঢ়প্রতিজ্ঞ হইতে পারেন না। দ্বাদশবর্ষীয় বালিকারা সামান্য বিষয় লইয়া আমোদ করিতে ভাল বাসে। যাঁহারা ২৫ ৩০ বৎসর বয়সে ১১। ১২ বৎসরের বালিকাকে বিবাহ করিয়াছেন, তাঁহারা নিশ্চয়ই বুঝিতে পারেন যে, তাঁহাদিগের গম্ভীর ভাব নব বিবাহিতা স্ত্রীর পক্ষে নিতান্ত অপ্রীতিকর হয়। কিন্তু যাঁহারা ষোড়শবর্ষে ঐরূপ বালিকার পাণিপীড়ন করেন তাঁহাদিগের চপল স্বভাব বালিকাগণের পক্ষে অতিশয় চিত্তহারী হইয়াথাকে। সামান্য বিষয়ে আমোদ, সামান্য কথায় আন্দোলন ও সামান্য বিষয় লইয়া বাগ্‌যুদ্ধ এই গুলি প্রথম যৌবনের স্বভাবসিদ্ধ ধর্ম্ম। কিন্তু বয়োবৃদ্ধির সহিত এই রুচির পরিবর্ত্ত হইয়া থাকে। যাঁহাদিগের এই পরিবর্ত্ত না হয়; তাঁহারা চির কালই শিশুবৎ থাকেন। উহাঁরা সামান্যমতি লোকদিগের চিত্তহরণ করিতে পারেন বটে; কিন্তু যে স্থলে দৃঢ়প্রতিজ্ঞতা ও অধ্যবসায়প্রভৃতি গুণের প্রয়োজন সেখানে ইহাঁদিগের নিতান্ত অসামর্থ্য প্রদর্শিত হইয়া থাকে। উল্লিখিত দোষটী ব্যক্তিবিশেষের ন্যায় জাতিসাধারণ্যে দৃষ্ট হয়। ইটালীয়দিগের বহুকালপর্য্যন্ত ঐ দোষ ছিল, এক্ষণেও কতক আছে। যখন কাউণ্ট কেবর ক্রিমিয়া ও লম্বার্ডির রণক্ষেত্রে ইটালীয়দিগকে শোণিতসমুদ্র প্রদর্শন করেন, সেই সময় অবধি তাঁহাদের এই স্বভাবের পরিবর্ত্ত হইতে আরম্ভ হয়। ইটালীয়দিগের ন্যায় বঙ্গদেশবাসীদিগেরও সামান্যবিষয়প্রিয়তা দোষ বিলক্ষণ আছে। যে কার্য্যে সামান্য প
আবশ্যক, আমরা তাহা আহ্লা
কারে সমাধান করিতে পারি;
ক্রমাগত মনোযোগের সহিত প
করিয়া যে কার্য্য সাধন করিতে হয়
সম্পাদন করা আমাদিগের স
নহে। এ পর্য্যন্ত আমাদিগের
ভাষায় একখানিও প্রকৃত ইতিহাস
গঠিত হইল না। যে কয়েকখানি
হইয়াছে, তাহা কয়েকখানি বি
গ্রন্থ অবলম্বন করিয়া লিখিত হই
এই মাত্র। কিন্তু গিবন, অ
সন, টিয়ার্স, নেপিয়রপ্রভৃতি যে এ
২০। ২৫ বৎসর পরিশ্রমসহকারে ন
বিধ পুস্তক ও পত্রপাঠ এবং নানা
য়ের অনুসন্ধান করিয়া গ্রন্থ লিখিয়া
এ দেশের কেহই সেরূপ করিতে প
নাই। গল্পের পুস্তক ও নাটক লি
ঐপ্রকার কষ্ট নাই; সুতরাং আম
দেশীয় ভাষায় অসংখ্য নাটক ও
প্রকাশিত হইতেছে।

পূর্ব্বোল্লিখিত দোষনিবন্ধন অ
দিগের একটী মহৎ অনিষ্ট হইতে
যথাসময়ে ঐ দোষকে নির্ম্মূল না ক
পরিশেষে উহা বিশেষ অমঙ্গলের ব
হইয়া উঠিবে। আমরা সর্ব্বদা গর্ব্ব ক
থাকি, যে, ভারতবর্ষের সকল প্র
অপেক্ষা বঙ্গদেশে ইংরাজী শি
ফল অধিক হইয়াছে। এক বিষয়ে অ
দিগের এ গর্ব্ব অমূলক নহে; কিন্তু
এক বিষয় বিবেচনা করিলে বোধ
আমরা ঐ কথা বলিয়া বৃথা আত্মশ
করিতেছি। ইংরাজেরা আপনা
আপনাদের বর্ত্তমান উন্নতি ও সৌ
গ্যের কারণ। এই উন্নতি ও সৌ
এক দিনে বা এক ব্যক্তিদ্বারা হয় ন
সমুদায় জাতি বহুকাল অনবরত স
সায়সহকারে পরিশ্রম করিয়া ইহা
করিয়াছেন। ইংরাজেরা সহসা কোন বি

হস্তার্পণ করেন না ; বারম্বার চিন্তা ও বর্ত্তমানের সহিত ভূতকালের তুলনা করিয়া পূর্ব্বে একটী কার্য্যপ্রণালী স্থির করিয়া কার্য্য করেন। কিন্তু আমরা কার্য্যের পূর্ব্বে প্রায়ই কোনপ্রণালী স্থির করি না যথাসময়ে যাহা মনে আইসে তাহাই বলি ও তদনুসারে কাজ করি আমাদিগের বর্ত্তমান সমাজিক ব্যবহার ও ধর্ম্মদ্বারা উহা স্পষ্ট প্রকাশ পাইতেছে। এক্ষণে ব্রাহ্মধর্ম্মই নব্যদিগের অবলম্বনীয় হইয়াছে; কিন্তু দুই বৎসরান্তর ইহার মূল নিয়ম ও অনুষ্ঠানের পরিবর্ত্ত হইতেছে। ঈশ্বরব্যতীত আর কিছুই নাই ; তাঁহারা উপাসনা করিবার নিমিত্ত স্থান ও সময়নির্দ্ধারণের প্রয়োজন নাই, এই মত কিছু দিন চলিল। আবার কিছু দিনপরেই ব্রাহ্মমতে বিবাহ, শ্রাদ্ধ ও অন্নপ্রাশনপ্রভৃতির প্রথা প্রবর্ত্তিত হইল; সম্প্রতি আবার চৈতন্যপ্রবর্ত্তিত প্রথার ন্যায় একটী নূতন প্রথার প্রাদুর্ভাব হইয়াছে। সমাজসম্বন্ধেও এই প্রকার ব্যবহার দৃষ্ট হইয়া থাকে। নব্যগণ আজি এক প্রকার প্রথা প্রবর্ত্তিত করিতেছেন ; কল্য তাহার কিছুই নাই। ইহা যে অস্থিরচিত্ততার কার্য্য তদ্বিষয়ে সন্দেহ নাই। সম্রাট তৃতীয় নেপলিয়ন বেদ বাক্যের ন্যায় বলিয়াছেন, "আমরা যে প্রথার পরিবর্ত্তে কোন স্থায়ী প্রথা প্রবর্ত্তিত করিতে না পারি, তাহার ধ্বংশ করা আমাদের সাধ্যায়ত্ত নহে।" আমরা এই নিমিত্ত দেখিতেছি এত "উন্নতি" প্রদর্শন ও ধুমধামের পরে ব্রাহ্মগণ সেই সেবেলে (গুরুই সত্য) পথ অবলম্বন করিতেছেন। যদি প্রথমে ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান বিবেচনা করিয়া কাজ করা হয় তাহা হইলে এপ্রকার গোলক ধাঁধাঁয় ভ্রমণ করিতে হয় না। আমরা সর্ব্বদা দেখিতেছি রাজনীতি অথবা সমাজ, সাহিত্য, বিজ্ঞানসংক্রান্ত কোন সভা হইলে বাঙ্গালী যুবকগণ তথায় দলে দলে গমন করেন ; কিন্তু প্রস্তাবিত বিষয়ে কি বলা হইবে তাহা কেহই পূর্ব্বে স্থির করিয়া যান না। বক্তৃতার সময়ে যাঁহার যাহা মনে আইসে তিনি তাহাই বলেন। আরও আমরা প্রায় সকল সভাতেই দেখিতে পাই যে ব্যক্তি দুই চারি বিদ্রূপ করিতে পারেন, তিনিই এতদ্দেশীয় শ্রোতাদিগের নিকট প্রশংসালাভ করেন। তাঁহার প্রকৃত কথার অর্থ কি তাহা কেহই বিবেচনা করেন না। রসিকতাসহকারে পদাঘাত করিলেও এতদ্দেশীয় শ্রোতারা আহ্লাদপ্রকাশ করেন। ইহাতে যে কত অনিষ্ট ঘটে তাহা অল্প লোকেই বিবেচনা করেন। এই দোষ থাকাতে অনেক বিদেশীয় আমাদিগের দোষপ্রদর্শনে কিছুমাত্র সঙ্কুচিত হন না ; প্রত্যুত আমাদের যে যে দোষ নাই তাহারও আরোপ করিয়া গালী দিয়া থাকেন। আমরা যদি যথাসময়ে যুক্তিসিদ্ধ কারণ প্রদর্শন করিয়া নিন্দাকারীদিগকে ভর্ৎসনা করিতে পারি, তাহা হইলে তাঁহারা সাবধান হইয়া কথা বলেন ; কিন্তু আমরা প্রথমে বিদ্রূপে মোহিত হই এবং সম্পূর্ণ অপ্রতিভ হইয়া কোন যুক্তিসিদ্ধ কথা বলিতে পারি না। ফলতঃ সকল বিষয়েই যথোচিত বিবেচনাপূর্ব্বক হস্তক্ষেপ করা কর্ত্তব্য। কোন কাজ করিবার পূর্ব্বে তাহার অনুকূল ও প্রতিকূল উভয় দিকে দৃষ্টিপাত না করিলে অনিষ্টব্যতীত আর কিছুই হইবার সম্ভাবনা নাই। পূর্ব্বে সভাস্থলে এতদ্দেশীয় কৃতবিদ্যগণ বক্তৃতাশক্তি ও সাহস প্রদর্শন করিলে ইউরোপীয়গণ যে আহ্লাদ প্রকাশ করিতেন, তাহা এদেশীয়দিগের সুতর্ক ও যুক্তির নিমিত্ত নহে। এ দেশের লোকের এত ক্ষমতা হইয়াছে, এই মনে করিয়াই তাঁহারা আহ্লাদিত হইতেন। শিশুগণ উত্তমরূপে বানান করিতে পারিলে পরীক্ষকগণ যেমন আমোদ প্রকাশ করেন, তৎকালে ইউরোপীয়গণ এদেশীয়দিগের সাহসদর্শনে সেই প্রকার আহ্লাদপ্রকাশ করিতেন। কিন্তু এক্ষণে আমরা ইংরাজদিগের সহিত সমকক্ষ হইতে অভিলাষী হইয়াছি। এই ইচ্ছা চরিতার্থ করিবার পূর্ব্বে আমাদিগের ইংরাজদিগের ন্যায় পরিশ্রমী ও চিন্তাশীল হওয়া উচিত। কেবল বাক্যব্যয় দ্বারা কৃতকার্য্য হইবার কিছুমাত্র সম্ভাবনা নাই।

—:০:—

যাঁহাদিগের দৃঢ় সংস্কার আছে যে, ভারতবর্ষীয়দিগকে কেবল বলদ্বারা শান্ত রাখা কর্ত্তব্য, তাঁহারা এক বার হাউস অব কমন্সের বর্ত্তমান অধিবেশনের তর্কসকল পাঠ করিবেন। এদেশীয়দিগকে অনুরক্ত করিয়া শাসন করাই ইংলণ্ডের প্রধান লোকদিগের ইচ্ছা ; কিন্তু ভারতবর্ষস্থিত অনেক ইংরাজের এ মত নহে। এইসকল লোক এই বলিয়া গর্ব্ব করেন যে তাঁহারা স্বচক্ষে ভারতবর্ষের অবস্থা দর্শন করিতেছেন, অতএব ইংলণ্ডীয় মহাশয়গণ ভারতবর্ষীয়দিগের প্রতি যে অমূলক স্নেহ প্রদর্শন করেন, ইহাঁরা তাহার উপযুক্ত পাত্র নহেন। এইসকল লোকের এই প্রকার কুসংস্কারের প্রধান কারণ এই যে, মনুষ্য স্বভাবতঃ প্রভুত্ব প্রদর্শন করিতে ভাল বাসেন। যাঁহাদিগের প্রতি নিকৃষ্টতর জীবের ন্যায় বহুকাল ব্যবহার করা অভ্যাস হইয়াছে, তাঁহাদিগকে সহসা সমকক্ষ করিয়া তুলা ইহাঁদিগের পক্ষে নিতান্ত কষ্টকর বোধ হয়। এই নিমিত্ত আমরা দেখিতেছি, ভারতবর্ষস্থিত ইংরাজেরা আমাদিগের উচ্চতর স্বত্বপ্রাপ্তির ঘোরতর অন্তরায় হইয়া উঠিতেছেন। তাঁহারা ইংলণ্ডীয়দিগকে অনভিজ্ঞবোধে বিদ্রূপ করেন এবং

" আমরা এ দেশে থাকিয়া সকল প্রত্যক্ষ করিতেছি। ভারতবর্ষীয়গণ জ ও ধর্ম বিষয়ে অতিশয় হীনাবস্থ কেন; অতএব ইঁহাদিগকে উচ্চ প্রদান করা কোন ক্রমেই বিধেয় যাঁহারা ইংলণ্ডে বসিয়া এদেশীয় র প্রতি মিথ্যা প্রকাশ করেন, তাঁহারা দিগের ন্যায় সকল বিষয়দর্শন আর তাহা করিবেন না।" উক্ত ই তর্ক আপাততঃ যুক্তিসিদ্ধ বলিয়া হয় বটে; কিন্তু বিশেষ বিবেচনা দেখিলে উহা যে নিতান্ত অলীক বিলক্ষণ সপ্রমাণ হইবে। যদি ঐ যুক্তিসঙ্গত হয়, তাহা হইলে যাঁহারা ালি এ দেশে থাকিয়া ইংলণ্ডে যান, রা এখানে যাহা করেন ইংলণ্ডে গিয়া র বিপরীত ব্যবহার প্রদর্শন করেন নিয়মবহির্ভূত কর্ম্মচারিগণ, বিশে পঞ্জাবিগণ বলিলেই শাসনের প্রধান বিবেচনা করেন। এই নিমিত্তই জন লরেন্স শিক্ষকদিগের বেতন প্রস্তাব অগ্রাহ্য করিয়া ক্রমাগত ব্যয়বৃদ্ধি করিতেছেন কিন্তু সর ার্ট গুডওয়ার্ডস ইংলণ্ডে থাকিয়া তবর্ষীয়দিগের পক্ষে বিস্তারিতরূপে ল সর্ভিসের দ্বার উদ্ঘাটিত করিতে ছেন। ইংলণ্ডে জন বাদুব কি চনংকার ক্ষমতা আছে? পঞ্জাবের র্ব লেপ্টনণ্ট গবর্ণর সর রবর্ট মণ্ট সম্প্রতি ষ্টেট সেক্রেটারির নিকটে পত্র লিখিয়া বলিয়াছেন, শাসন কে ভারতবর্ষীয়দিগকে উচ্চতর পদ ন না করিলে সাধারণের অসন্তোষ হইবে। সর জন লরেন্স পঞ্জাবি র প্রধান। তিনি এখানে বসিয়া তেছেন, যেখানে ইউরোপীয়দিগের া অধিক, সেই স্থানে এদেশীয়দি- অতি সামান্য বিচারপতির পদও ন করা উচিত নহে। কিন্তু তাঁহার সহচরগণ ইংলণ্ডে গমন করিয়া ভিন্ন প্রকার মত প্রকাশ করিতেছেন। যদি ভারতবর্ষীয়গণ যথার্থই উচ্চতর ক্ষমতা লাভের অনুপযুক্ত হইতেন, তাহা হইলে ইংলণ্ডে সে কথা বলিতে সাহস হয় না কেন? বস্তুত এখানে শাসনকর্ত্তারা শ্রেণি বিশেষের ভয়ে পক্ষপাতী হইয়া কাজ করেন; কিন্তু ইংলণ্ডে যিনি ইহা করেন, তিনি সভ্যসমাজে প্রবেশ করিতে পারেন না। এই কারণেই ইংলণ্ডের লোকদিগের সহিত ভারতবর্ষস্থিত ইংরাজদিগের তুলনা করিলে এখানকার অনেককেই নিতান্ত নিকৃষ্ট বলিয়া বোধ হয়।

সর জন লরেন্স ব্রিটিশ ও ভারতবর্ষীয় রাজাদিগের শাসনপ্রণালীর বিষয়ে যে মতসংগ্রহ করিয়া ইংলণ্ডে প্রেরণ করিয়াছেন, তাহা লইয়া মহাসভায় অতিশয় তর্ক হইয়াছে। লার্ড উইলিয়ম বে এই তর্ক আরম্ভ করেন, তৎপরে স্মলেট সাহেব, লার্ড ক্রাণবোরণ ও সর ষ্টাফোর্ড নর্থকোট ইহার আন্দোলন করিয়াছেন। ভারতবর্ষীয়েরা যে মতপ্রকাশ করিয়াছেন, ইংলণ্ডের মহাত্মাদিগেরও সেই মত ইঁহারা বলেন, ব্রিটিশ শাসন প্রণালী দোষহীন নহে। ইহাতে যে লোকের শরীর ও সম্পত্তি বহুলপরিমাণে নিরাপদ রহিয়াছে তদ্বিষয়ে কাহারও সন্দেহ নাই। বাণিজ্য, বিদ্যাশিক্ষাপ্রভৃতির উন্নতির ও অপলাপ করা যায় না বিন্তু যেমন কোন বৃহৎ বৃক্ষ সমীপস্থ ক্ষুদ্র বৃক্ষগুলিকে ঝড় হইতে রক্ষা করে, কিন্তু তাহাদিগকে বর্দ্ধিত হইতে দেয় না, এই শাসনপ্রণালীও ভারতবর্ষীয়দিগের পক্ষে তদ্রূপ করিতেছে। ফলতঃ যেখানে ব্রিটিশ সাম্রাজ্য, সেই খানেই এতদ্দেশীয়দিগের উচ্চতর স্বত্ব লোপ হইয়াছে। আমরা বলিতেছি, যদিও আমরা শান্তি ও পদার্থসংক্রান্ত উন্নতির নিমিত্ত ব্রিটিশ গবর্ণমেণ্টের নিকট কৃতজ্ঞ রহিয়াছি, তথাপি আমাদের শাসনসংক্র উচ্চতর স্বত্বাপেক্ষ ক্ষতিপূরণ কিছু হইতেছে না। সর জন লরেন্স ও তাঁ ভারতবর্ষস্থিত সহচরগণ বলেন, লে এতদ্দেশীয় রাজাদিগের বর্ত্তমান শ প্রণালী অপেক্ষা ব্রিটিশ গবর্ণমে শাসন ভাল বলেন। আমরা উহাতে মোদন করিতে পারি না। কারণ হইলে এক্ষণে অনেক কৃতবিদ্য হায় বাদ, জয়পুর, আমোরাপ্রভৃতি স্থানে করিতেন না। লার্ড উইলিয়ম বে ব্রি শাসনপ্রণালীর পূর্ব্বোক্ত দোষ স্বী করিয়া বলিয়াছেন, ইংলণ্ডের শাসন লীতে যেমন প্রজাদিগের স্বাধীনত ক্ষমতা আছে, ভারতবর্ষের শাসনপ্র লীতে সেই প্রকার থাকা উচিত। সর লরেন্স এতদ্দেশীয় রাজাদিগের সকল দোষ নিক্ষেপ করিবার চেষ্টা য়াতে স্মলেট সাহেব তাঁহার প্রতি রোপ করিয়াছেন। লার্ড ক্রাণবোরণ য়াছেন, দেশীয় শাসনপ্রণালী যে ব্রি শাসনপ্রণালী অপেক্ষা সর্ব্বপ্র উৎকৃষ্ট, তাহা তিনি বলেন নাই জন লরেন্স তাঁহার বাক্যের প্রকৃত বুঝিতে পারেন নাই। তিনি এইমাত্র য়াছিলেন যে, এতদ্দেশীয় রাজাদি শাসনপ্রণালী যে এক কালে মন্দ এ কথায় সম্মত হইতে পারেন না। গবর্ণর জেনরলকে অধিক ক্ষমতা প্র করা লার্ড ক্রাণবোরণের অভি তিনি এদেশের লোকদিগকে অধি স্বাধীনতা প্রদান করিয়া উহা ক চাহেন। ভারতবর্ষে আরও কিছু যথেচ্ছাচার থাকিবে; কিন্তু আপ অন্ততঃ রাজস্বসম্বন্ধে গবর্ণমেণ্টের উ প্রজাদিগের ক্ষমতা প্রদান না ক গবর্ণর জেনরলের ক্ষমতাবৃদ্ধি নি কেবল অনিষ্ট ঘটিবারই সম্ভাবনা ষ্টাফোর্ড নর্থ কোট বলিয়াছেন, নি

ণপ্রণালী উৎকৃষ্ট বলিয়া এতদ্দেশীয়
গ্রহণ করা নিতান্ত অন্যায়। উহা
করিয়া যাহাতে ভারতবর্ষীয় ভূপতিগণ
কেতর স্বাধীন হইয়া আপন আপন
শাসন করিতে পারেন, তাহাই করা
। বস্তুতঃ এদেশীয় রাজ্যসমুদায়ে
ল কাজই রেসিডেণ্টগণ করেন এবং
রাই অনেক স্থলে এদেশীয় রাজ্যের
নসংক্রান্ত বিশৃঙ্খলার নিদান হইয়া
কন। রাজাদিগের হস্তপদ বদ্ধ রহিয়াছে
য়া তাঁহারা যথার্থ সৎকার্য্য
তে পারিতেছেন না। সর ষ্টাফোর্ড
কোট তাঁহাদিগকে প্রকৃত স্বাধীনতা
ান করিতে অভিলাষ করেন। তাঁহার
রাজাদিগকে রাজ্ঞীর অধীনতা স্বীকার
তে হইবে বটে; কিন্তু তাঁহাদের
শাসনবিষয়ে ব্রিটিশ গবর্ণমেণ্ট
ক্ষেপ করিতে পারিবেন না। টক্কের
অত্যাচার হইলে গবর্ণমেণ্ট অবশ্যই
র প্রতিবিধান করিবেন; কিন্তু
ণে তাঁহারা যেমন সকলবিষয়ে হস্তক্ষেপ
তেছেন, তাহা ত্যাগ করা অবশ্য
য্য।

—:০:—

চাঁপাতলার স্ত্রীহত্যা।

ঙ্গার মুদিহত্যার ও সে দিনের ইহু
ী হত্যার অনুসন্ধানের যে ফল হইয়া
, কলিকাতা চাঁপাতলা (এম হরেষ্ট
টর) স্ত্রীহত্যার অনুসন্ধানেরও সেই
হইল। বন্দীভূত ব্যক্তিরা অব্যাহতি
য়াছে। করণারের জুরি এই অভি-
ব্যক্ত করিয়াছেন, কোন এক ব্যক্তি
বা কয়েক ব্যক্তি অভিসন্ধিপূর্ব্বক
লোকটি হত্যা করিয়াছে, কিন্তু তাহারা
হাহার বির্ণয় হইল না। জুরির এই
ন্ত বাক্য শ্রবণ করিয়া আমরাও
করিতে পারিতেছি না যে আমরা
পশালী রাজার রাজ্যে অথবা রাজ
রাজ্যে বাস করিতেছি। যদি এই
নায়াসে মনুষ্যহত্যা হয় ও হত্যা
কারীরা অব্যাহতি পায়, রাজরক্ষিত
রাজ্যে বাস করিয়া কি ফল হইল? তবে
বলিবে, দিবাভাগে কেহ কাহারে কিছু
বলিতে পারে না। সুনন্ট গ্রামের নবাব
জান ঘটিত কাণ্ড দেখিয়া সে ভরসাও
আর নাই।

চাঁপাতলায় যে স্ত্রীলোকটী হত হয়,
সে এতদ্দেশজাত খৃষ্টধর্ম্মাবলম্বী। ব্রাউণ
নামে এক ব্যক্তি তাহাকে বিবাহ করে।
ব্রাউণের মৃত্যুর পরে কিঙ্‌সলি নামে
এক ব্যক্তি উহাকে রাখিয়াছিল। মাধব
দত্ত নামে এক ব্যক্তি এই সাক্ষ্যদান
করে, হত স্ত্রীলোকটী কিঙ্‌সলির
দৌরাত্ম্যে তাহার নিকট হইতে পলাইয়া
আইসে। পাছে কিঙ্‌সলি তাহাকে
দেখিতে পায়, এই শঙ্কায় সে সর্ব্বদা
সাবধানে থাকিত; মধ্যে মধ্যে বাসস্থান
পরিবর্ত্ত করিত এবং সর্ব্বদা এই কথা
কহিত, কিঙ্‌সলে দেখিতে পাইলে
তাহাকে হত্যা করিবে। ঐ স্ত্রীলোকটির
সহিত মাধবদত্তের সবিশেষ পরিচয়
ছিল। যে দিন স্ত্রীলোকটি হত হয়,
সে দিন সে মাধবকে বলে, সে কয় দিন
প্রায় গৃহ হইতে বাহির হয় নাই; অতএব
তাহার বেড়াইবার ইচ্ছা হইয়াছে। মাধ
বদলে সে যদি খৃষ্টানের পরিচ্ছদ পরি
ধান করে তাহাকে সঙ্গে করিয়া লইয়া যা
ইতে পারিবে না। শেষে মাধব একখানি
শাটী কিনিয়া আনিয়া দিল। স্ত্রীলো
কটী সেই শাটী পরিয়া মাধবের স হত
বাহির হইল। পথিমধ্যে কিঙসলে সহসা
আসিয়া পশ্চাৎ হইতে স্ত্রীলোকটীর পৃষ্ঠে
একটী চাপড় মারিল। স্ত্রীলোকটী
"বাবারে" এই শব্দ করিয়া উঠিল। মাধব
কিঙসলেকে দেখিয়া ভয়ে পলায়ন
করিল। তাহার পর কি হইল সে তাহা
বলিতে পারে না। মাধব ও কিঙসলে
উভয়েই বন্দীকৃত হইয়াছিল; কিন্তু
উহারা যে দোষী এরূপ কোন প্রমাণ না
পাওয়াতে উহাদিগকে অব্যাহতি
হইয়াছে।

জুরি উহাদিগের অপরাধের বি
প্রমাণ পান নাই, অব্যাহতি দিয়া
তাহাতে আমরা অসন্তুষ্ট নহি, ম
ক্রমে কাহারও প্রাণদণ্ড বিধান
হইতে পারে না। যে গবর্ণমেণ্ট স
ক্রমে হত্যার প্রাণদণ্ডে প্রবৃত্ত
তাঁহার তুল্য যথেচ্ছাচারী আর
আছেন? আমাদিগের এই অস
জন্মিতেছে, যদি হত্যার অনুষ্ঠানব
হত্যাকারী ধৃত না হইল, পশ্চাৎ
বের অনুসন্ধানদ্বারা প্রকৃত হত্যা
ধৃত হইয়া তাহার যথোচিত দ
হইল, প্রজার ধন প্রাণে আস্থা
দুষ্টেরা ত আশ্রয় পাইতে চলিল
একটু ক্রোধসম্বরণ করিয়া সাবধান
হত্যাদিকার্য্য সম্পাদন করিতে পা
সেই ত অব্যাহতি পাইবে। এ দৃ
দর্শন করিয়া কোন দুষ্টাত্মা উৎস
না হইবে এবং সুযোগ অন্বেষণ ক
আপনার অসদভীষ্ট সাধন না করি
উল্লিখিত স্ত্রী লোকটীর হত্যাকারি
হউক, সে যে আপনার মনের ভা
লোকটীর নিকট তৎকালে গো
রাখিয়া এবং নিষ্টবাক্যে তা
মোহিত করিয়া তাহাকে রাস্তায় র
লইয়া বেড়ায়, শেষে চাঁপাতলায় উপ
হইয়া পুলিসের অসাবধানতারূপ সু
পাইয়া আপনার অভীষ্ট সম্পাদন ক
তদ্বিষয়ে অণুমাত্র সংশয় নাই। পুলি
দোষেই যে এ কাণ্ডটী ঘটিয়াছে, এ
আমরা মুক্ত কণ্ঠে কহিতে পারি।
যাতে পুলিসকেই হত্যার নিমিত্ত
করা কর্ত্তব্য। একটী বৃহৎ প্রক
রাস্তার মধ্যে হত্যা হইয়া গেল, পু
কিছু করিতে পারিলেন না, ইহার
বিস্ময় ও ক্ষোভের বিষয় আর কি আ
সে সময়ে পাহারাওয়ালা কোথায় ছি

সের ব্যয়সংক্ষেপার্থ কি পর্য্যাপ্ত
ক প্রহরী রাখা হয় না? এমন জঘন্য
বস্তের কর্ত্তা কে? কলিকাতাবাসীরা
সের নিমিত্ত কি কিছু দেন না?
ন্যায়াধীশ কি ঘরের খাইয়া
ত্যাকাণ্ড সম্পাদন করেন
ত হত্যাকাণ্ডটী অধিক রাত্রিতে
ত হইয়াছিল সন্দেহ নাই। যখন
ী স্ত্রীলোকটীকে লইয়া রাস্তায়
ভ্রমণ করে, তখন কি তাহারা
প্রহরীর নেত্রগোচর হয় নাই?
রা কি শূন্য পথে আসিয়াছিল?
কে, কোথা হইতে আইল,
য় যাইতেছে, কি কারণে তত
ত, রাস্তায় রাস্তায় ভ্রমণ করি-
ত, প্রহরীরা তাহাদিগকে এমন
জিজ্ঞাসা করিল না কেন? জিজ্ঞাসা
ল হত্যাকারীর আকার প্রকার
র না কাহার দৃষ্টিগোচর হইত
হ নাই। দৃষ্টিগোচর হইলে কালে
অনুসন্ধানকালে কৃত অপরাধীর
ন্ধান হইবার সম্ভাবনা থাকিত।
ব প্রহরীরা কি চক্ষু মুদ্রিত করিয়া
ব্য সম্পাদন করে? যে পুলিষ
বসম্পাদনবিষয়ে এত উদাসীন
র উদরপূজার নিমিত্ত প্রজার
তশোষণ করিয়া অর্থগ্রহণ করা
বর্ণমেণ্টের কর্ত্তব্য? আমরা উপসং
রে পুনরায় কহিতেছি, গবর্ণমেণ্ট
থ প্রকার হত্যাদির নিমিত্ত পুলিস
বিশিষ্টরূপে দায়ী করুন, অন্যথা
ক্রমেই হত্যা নিবারণ করিতে
বেন না। চাঁপাতলার হত্যাকাণ্ডটী
া আমাদিগের মনে এই হইতেছে,
ুলিষ কর্ম্মচারীরা স্বকর্ত্তব্যে উপেক্ষা
া নিদ্রায় কালক্ষেপ করেন, কেহ
তত্ত্বাবধান করেন না, নতুবা
কের সহিত যোগ আছে, দুষ্টেরা
ং পূজা দিয়া সচ্ছন্দে অভীষ্ট
সাধন করিয়া লয়। যাহা হউক, গবর্ণমেণ্ট যদি এরূপ পুলিষকে প্রশ্রয় দেন, কলঙ্কিত হইবেন সন্দেহ নাই।

-:০:-

নূতন পুস্তক ও পত্র।

১। ঋজুব্যাখ্যা। শ্রীরামগতি ন্যায়রত্ন ইহার প্রণেতা। এই পুস্তকখানি দ্বিতীয় বার প্রচারিত হইয়াছে। এবার ইহা দেবনাগর অক্ষরে মুদ্রিত হইয়াছে। এল, এ, পরীক্ষা প্রদানার্থী ছাত্রগণের বিশেষ উপকার লাভের সম্ভাবনা।

২। প্রয়াগদূত। এখানি পাক্ষিক পত্র। শ্রীযুক্ত বাবু শশিভূষণ মিত্রদ্বারা প্রতি মাসের ১ লা ও ১৬ ই এই পত্রিকা প্রচারিত হইবে। আপাততঃ ইহার প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। এই খণ্ডে মঙ্গলাচরণ, ভূমিকা, নূতন বৎসর, মুদ্রাযন্ত্রবিষয়ক রাজকীয় স্বাধীনতা ও সংবাদাদি লিখিত হইয়াছে। লেখা মন্দ হয় নাই। মফস্বলে এরূপ সংবাদপত্রের যত সংখ্যা বৃদ্ধি হয়, ততই মঙ্গলের বিষয়।

—:০:—

বিবিধসংবাদ।

৯ ই বৈশাখ সোমবার।

গত শনিবার শিবপুরের শ্রীযুক্ত বাবু লোকনাথ চট্টোপাধ্যায়ের বাটীতে কৃষ্ণকুমারী নাটকাভিনয় হইয়া গিয়াছে। গত বৎসর অপেক্ষা এ বার অভিনয় আরও উৎকৃষ্ট হইয়াছিল সকলেই উত্তমরূপে আপন আপন কর্ত্তব্য সম্পাদন করেন। বিশেষতঃ গত বৎসরের কৃষ্ণকুমারী অপেক্ষা এ বারের কৃষ্ণকুমারীর অভিনয় অনেক গুণে উত্তম হইয়াছিল।

সম্প্রতি ডাক্তর মাক্রে পঞ্জাবে গমন করিয়াছিলেন। তথায় তাঁহার কতকগুলি নোট ও নগদ টাকা অপহৃত হওয়াতে পুলিষে সংবাদ দিয়া কলিকাতায় আইসেন। ইতিমধ্যে তাঁহার এক খানি ৫০ টাকার নোট এক জনের নিকটে পাওয়াতে পঞ্জাবের পুলিষ তাঁহাকে তথায় গিয়া মকদ্দমা চালাইতে বলেন। কিন্তু তিনি বলিয়া পাঠান, কোন্ ব্যক্তি চোর তাহা তিনি শপথ করিয়া বলিতে পারিবেন এক্ষণে গ্রীষ্মকালে পঞ্জাবে গমন সহজ না কার্য্যক্ষতিনিবন্ধন তাঁহার যে ব্যয় তাহাতে ৮০০ ৯০০ টাকা পাইলে তাঁহার হইবে না। এই নিমিত্ত তিনি মকদ্দমা চালা অস্বীকার করেন। কিন্তু পঞ্জাবের ক বিচারের অনুরোধে তাঁহাকে প্রেরণার্থ লইয়া যাইবার নিমিত্ত কলিকাতায় কমিসনরের নিকটে এক ওয়ারাণ্ট প্রেরণ য়াছেন। ওয়ারাণ্টের পূর্ব্বে ডাক্তর মা অন্ততঃ একবার সতর্ক করা উচিত ছিল।

হায়দ্রাবাদে একটী বাতুলালয় স্থাপিত বার নিমিত্ত বণিক কৌয়ানজি জাঁহ ৫০,০০০ টাকা প্রদান করিয়াছেন।

হণ্ডিয়ান পবলিক ওপিনয়ন লোকের নিকটে শ্রবণ করিয়াছেন, সর ষ্টা নাথ কোর্ট সর জন লরেন্সের পর এ প্রধান শাসনকর্ত্তা হইবেন।

ডিসরেলি সাহেব টোরিদিগের প্রধান রাজনীতিসম্বন্ধে হুইগদিগের সর্দ্দার গ্লাড সাহেবের প্রতিযোগী। কিন্তু সম্প্রতি গ্লাডষ্টোন এক ভোজ দেওয়াতে ডিস সাহেব তথায় সস্ত্রীক উপস্থিত হইয়াছি অথচ অনাতপূর্ব্বে তিনি ও গ্লাডষ্টোন স হাউস অব কমন্সে পরস্পরকে দৃঢ়তররূপে ক্ষণ করিয়াছিলেন। রাজনীতিসংক্রান্ত ভেদ থা লেও যে সামাজিক বন্ধুত্ব থাকি পারে ইহা তাহার একটী দৃষ্টান্ত।

প্রকাশ পাইয়াছে, বোম্বাইয়ে এক লোকের মধ্যে এক জনের কুষ্ঠ রোগ আ এরোগটী সংক্রামক ও কুলক্রমাগত নহে, অনেক উপযুক্ত চিকিৎসক করিয়াছেন, প্রকৃত ঔষধ নাই। ডাক্তর ভাউদাজি আবিষ্কৃত করিয়াছেন, তাহার পরীক্ষা আসিয়াছে। বঙ্গদেশে কুষ্ঠ রোগ যাহারা অধিকপরিমাণে গোমাংসভক্ষণ তাহারাই প্রায় এই রোগগ্রস্ত হয়।

কাবুল হইতে সংবাদ আসিয়াছে, সিয়ার আলি খাঁ কান্দাহার অধিকার ক ছেন। আবদুল রহমন খাঁর সহিত আজিম বিবাদ আরম্ভ হইয়াছে। এমন জনশ্রুতি সিয়ার আলি খাঁর সহিত আবদুল রহ গোপনীয় সন্ধি হইয়াছে। আজিম খার কাবুলের সকলেই বিরক্ত। যত দিন আ রহমন আমীর না হইতেছেন, তত দিন এ ভাগ্য দেশের মঙ্গল নাই।

শ্রুতি ব্রহ্মদেশের প্রধান কমিসনর ভারত
গবর্ণমেণ্টকে জিজ্ঞাসা করেন, দ্বীপান্তরিত
দিগকে সরকারী কোন কার্য্যে নিযুক্ত
সে নির্দ্ধারিত বেতন দেওয়া হইবে কি না?
র জেনরল বলিয়াছেন, বেতন দিবার প্রয়ো
নাই; কিন্তু কয়েদিদিগের যাহা আবশ্যক
ব গবর্ণমেণ্ট তাহা দিবেন। আমরা এ
াটীতে সন্তুষ্ট হইলাম না। অনেক কয়েদি
াণীগিরি কাজ করিতে পারে। এ সকল
কে বেতন দিলে ইহারা স্বচ্ছন্দে থাকিতে
। এই সকল কয়েদিকে কিঞ্চিৎ বেতন দিয়া
ন আপন ভরণপোষণের ভার তাহাদিগের
র উপরে ক্ষেপণ করা উচিত।

াগপুরের অনেক বিদ্যালয় মিসনরিদিগের
দেওয়া হইয়াছে। জর্জ্জ কাম্বেল সাহেব
বযত্নে অমত প্রকাশ করিয়া ইহার পরিবর্ত্ত
বার চেষ্টা পান; কিন্তু দুর্ভাগ্যক্রমে তিনি
ড়ত হইয়া ইংলণ্ডে গমন করাতে বর্ত্তমান
তনিধি কমিসনের পুনর্ব্বার মিসনরিদিগের
বিদ্যাশিক্ষার ভার দিয়াছেন। এতন্নিবন্ধন
ক ছাত্র অধ্যয়ন বন্ধ করিয়াছে।

বর্ত্তমান বর্ষে সাধারণ কার্য্যের নিমিত্ত ৭,৪৫
৯০০ টাকা ব্যয় করা হইবে। ইহার
২,৪০,০০,০০০ টাকা সৈনিক বারিকের
ত, ১,৪০,০০,০ খালপ্রভৃতি ও কৃষিকা
নিমিত্ত, ৩,২৪০০,০০০ গবর্ণমেণ্টের বাটী
স্তাপ্রভৃতির নিমিত্ত এবং ৪১,৪০৯০০ রেল
রর নিমিত্ত ব্যয় করা হইবে। পূর্ব্ব বৎসর
পেক্ষা এ বার ৮৩৭২৯০০ টাকা অধিক
হইতেছে। এই মোট ব্যয়ের মধ্যে
৩৬, ২০,০০০ টাকা রাজস্ব হইতে ব্যয়
হইবে। ৩১৯২০৯০০ অতিরিক্ত ব্যয়ের
প পরিগণিত হইতেছে। খালের ও বারি
র টাকা কর্জ্জ করা হইবে। এক্ষণে খাল
ভৃতি হইতে ৪৯,৭৮,৩১০ টাকা আয় হই-
ছে।

পঞ্জাবের রেলওয়ের আরোহীদিগের সুবি
র নিমিত্ত ১৮ টি উপায় অবলম্বন করা
চিত, এ বিষয়ে গবর্ণমেণ্ট এতদ্দেশীয় সর্দ্দার
ভদ্রলোকদিগের মত জিজ্ঞাসা করিয়া-
লেন। তাঁহাদিগের মতানুসারে নিম্ন
খিত উৎকর্ষগুলি হইতেছে। ইউরোপীয়দি
র ন্যায় এতদ্দেশীয় পুরুষ ও স্ত্রীলোকদিগের
মূত্রত্যাগের পৃথক্ স্থান হইবে। স্ত্রীলো
দিগের নিমিত্ত পৃথক শকট হইতেছে। হিন্দু
মুসলমান ভৃত্যগণ আরোহীদিগকে বিনা
মূল্যে জল দিবার নিমিত্ত ষ্টেসনের রোয়াকে
উপস্থিত থাকিবে। তৃতীয় শ্রেণির শকটে খড়
খড়ি হইবে এবং তন্মধ্যে আলোক দেওয়া
হইবে। শকটের ভাড়াও কমিয়া প্রতিমাইলে
আড়াই পাই (ধার পাইয়ে আনা হিসাব
করিয়া) ধরা হইয়াছে।

আমরা হিন্দুপেট্রিয়ট দর্শন করিয়া দুঃখিত হই
লাম, যশোহরের জাইণ্ট মাজিষ্ট্রেট ওকিনলে
সাহেব এক জন চাপরাসীকে ছাড়াইয়া দেও
য়াতে ঐ ব্যক্তি কমিসনরের নিকটে আপীল
করে। জাইণ্ট মাজিষ্ট্রেট তাহাতে ক্রুদ্ধ হইয়
চাপরাসীকে আপনার বাটীতে ডাকিয়া ঘুসিলাথি
প্রভৃতিদ্বারা আঘাত করেন। এবিষয়ে নালীশ
হওয়াতে মাজিষ্ট্রেট মনরো সাহেব তাঁহার ১৫
টাকা জরিমানা করিয়াছেন। বিচার করিলে
যথেষ্ট দণ্ড হইয়াছে। এই সকল কর্ম্মচারী কবে
ভদ্রতা শিক্ষা করিবেন? যশোহরের জল বায়ুর
দোষ আছে না কি? আমরা মধ্যে মধ্যে তথা
হইতে এই রূপ শোচনীয় সংবাদ পাই।

১০ই বৈশাখ মঙ্গলবার।

দিল্লীগেজেট বলেন, সম্প্রতি বেরিলির নিক-
টস্থ-এক পল্লীগ্রামের লোকদিগের সহিত কতক
গুলি ইউরোপীয় সৈন্যের দাঙ্গা হওয়াতে উভয়
দলের কতকগুলিকে হাজতে দেওয়া হয়। এই
দাঙ্গায় সৈনিকগণ এক জন এতদ্দেশীয়কে
বধ করিয়াছিল। এক্ষণে বিচারপতিগণ সৈনি
কদিগকে মুক্ত করিয়া গ্রামবাসীদিগের চারি
অবধি সাতবৎসর পর্য্যন্ত মেয়াদ দিয়াছেন।
বিচার কি সুন্দর।

আমরা উক্ত পত্র পাঠ করিয়া আহ্লাদিত
হইলাম, ভূপালে বালিকাবিদ্যালয়ের শ্রীবৃদ্ধি
হইতেছে। প্রথমতঃ পোলিটিকেল এজেণ্ট
সাহেব একটী বিদ্যালয় স্থাপন করেন। তদ্দৃ
ষ্টান্তে বেগম ভূপালে আর একটী বিদ্যালয়
স্থাপন করিবার আজ্ঞা দেন। এক্ষণে সর্ব্বশুদ্ধ
তিনটী বিদ্যালয় হইয়াছে। ভূপালের বিদ্যালয়ে
প্রায় ৮০ টী বালিকা আছে। ইহারা প্রাতঃকালে
লিখন পঠন ও অঙ্কশিক্ষা এবং বৈকালে সূচীর
কাজ শিক্ষা করে। আলোয়ারের রাজাও বালিক
বিদ্যালয় স্থাপনার্থ যত্নবান হইয়াছেন।

ডাক্তর লিটনার ওকালতি পরীক্ষা দিয়া-
ছেন। ইহাতে কৃতকার্য্য হইলে তিনি পঞ্জাবের
প্রধান বিচারালয়ে ওকালতি করিবেন। গবর্ণ
মেণ্ট শিক্ষকদিগকে যে উৎসাহ দিতেছেন,
তাহাতে চিরকাল শিক্ষকতা করিয়া জীবন
যাপন করা অল্প লোকেরই অভিপ্রেত।

সম্প্রতি ঢাকা অঞ্চলে অতিশয় বৃষ্টি
য়াছে। অনেকে আশঙ্কা করিতেছেন,
এত শীঘ্র বৃষ্টি হইল, তখন সময়ে জল পা
যাইবে না।

ক্লাসিস কিওসলি নামক এক ব্যক্তি চ
তলায় হত বেশ্যাটীকে রাখিয়াছিল, তাহ
কয়েক দিবস হাজতে রাখা হয়। গত কল্য
গ্রেহাম ১০,০০ টাকা জামীন লইয়া তাহ
মুক্ত করিয়াছেন। আমরা দেখিতে
পুলিস কর্ম্ম চারিগণ এ হত্যাটীরও কিছু কি
পারিলেন না।

বেথুন বালিকা বিদ্যালয়ের শোচনী
স্থিত হইয়াছে। এপর্য্যন্ত এ বিদ্যালয়টী
সভা হইতে চলিত। সভা সাক্ষাৎ সম্বন্ধে গব
টকে সকল বিষয় জানাইতেন। এ
মিস পিগটসটিক গোলযোগনিবন্ধন লেপ্ট
গবর্ণর বিদ্যালয়টীকে ডিরেক্টর আটকি
সাহেবের হস্তে দিয়াছেন। সভাকে ডিরেক্ট
অধীন হইয়া কাজ করিতে হইবে। আমরা এ
করিলাম অধিকাংশ সভ্য ইহাতে পদ ত্য
করিয়াছেন। বিদ্যাসাগরের সদৃশ লোকের
আটকিন্সনের সদৃশ লোকের অধীনতা স্বী
করিতে পারেন? এদিকে গবর্ণমেণ্ট ইউরো
শিক্ষয়ত্রীকে এতদ্দেশীয় সভার ক্ষমত
করিতে চাহেন না। কেবল জাত্যভিম
অনুরোধে একটী হিতকর বিদ্যালয়কে উ
করা হইতেছে।

রঙ্গপুরে এক হত্যার বিচারের স
এই বেশ্যা মাজিষ্ট্রেটের নিকটে এক
ও সেসিয়ন জজের নিকটে আর এক
বলাতে সেসিয়ন জজ তাহাকে মিথ্যা স
প্রদানের অপরাধে ফৌজদারিতে অর্পণ ক
দণ্ড দেন। বেশ্যা প্রধানতম বিচারা
আপীল করাতে বিচারপতি ই, জা
বলিয়াছেন "জজ যেপ্রকারে অপরা
ফৌজদারিতে অর্পণ করিয়াছেন, তাহা স
নিয়মিত প্রথাবিরুদ্ধ।

চম্পারণের কৃষকদিগের সহিত নীলকর
বিবাদ চুকিয়া গিয়াছে। নীলকরেরা প্রতি
১২ টাকা দিয়াছেন। আমরা শ্রবণ করি
কৃষকেরা ইহাতে এত লাভ জ্ঞান করিয়াছে
অন্য ফসল উঠাইয়া কেবল নীলই বপন
তেছে। নীলকরদের আমলাগণ যে উৎ
লইতেন তাহা বন্ধ করা হইয়াছে এবং
নীলকর ভূমির কর ও নীলের হিসাব,

করিতেছেন। এটি সুখের বিষয়। কিন্তু যত দিন অন্ততঃ অহিফেনের ন্যায় নীলে লাভ না হয়, তত দিন কৃষকেরা প্রকৃতরূপে সন্তুষ্ট হইবে না।

১ লা মে গবর্ণর জেনরল সিমলাযাত্রা করিবেন। গবর্ণর জেনরল একাকী গমন করিলে কি চলে হয় না? তাহা হইলে শাসনকার্য্য কৌন্সিলের সভাপতিদ্বারা চলিতে পারে।

ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, আগামী মের প্রারম্ভে লেপ্টনাণ্ট গবর্ণর আসাম দর্শনে গমন করিবেন।

উক্ত পত্র অবগত হইয়াছেন, শিবকৃষ্ণবন্দ্যো পাধ্যায়ের মুক্তির নিমিত্ত সম্প্রতি যে আবেদন হয়, লেপ্টনাণ্ট গবর্ণর তাহা অগ্রাহ্য করিয়াছেন। অল্প লোকেই এনিমিত্ত দুঃখিত হইবেন।

উক্ত পত্র সংবাদ পাইয়াছেন, ডায়মণ্ড হারবারের নিকটে একটী মরিচা করিয়া কতক গুলি কামান রাখা হইবে। কোন শত্রুর জাহাজ নদীতে প্রবেশ করিতে না পারে, গবর্ণমেণ্ট এই উদ্দেশে ইহা করিতেছেন। এক শত দশ বৎসরের মধ্যে এক বার ওলন্দাজগণ এই চেষ্টা করিয়াছিল। ফরাসী বিপ্লবঘটিত বিংশতি বর্ষের যুদ্ধে ত কোন শত্রু গঙ্গায় প্রবেশ করে নাই। তবে কার ভয়ে মরিচা হইতেছে? মরিচা হইলে কতক গুলি সৈনিক রাখিতে হইবে, তন্নিমিত্ত একটী ক্ষুদ্র দুর্গ ও বারিকের প্রয়োজন হইবে। আমরা দেখিতেছি, সর জন লরেন্স পদত্যাগ করিবার পূর্ব্বে আর ৫০ লক্ষ টাকা সমুদ্রে ক্ষেপণ করিয়া যাইতে। লর্ড এলেনবরাও এমন সৈনিক অপব্যয় দেখেন নাই।

১১ ই বৈশাখ বুধবার।

বোম্বাই ও বরদা রেলওয়ে কোম্পানি আপনাদিগের রেলওয়ের সহিত ভারতবর্ষীয় রেলওয়ের সংযোগ করিবেন। তাঁহারা দিল্লীতে উহা সংযুক্ত করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন। আগরাতে সংযোগ করিলে কলিকাতা হইতে বোম্বাই যাইতে ১৫০ ক্রোশ পথ কম হইবে।

পিয়নিয়র বলেন, সম্প্রতি ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট এ দেশের বসন্তাক্রান্ত গরুর বীজ লইয়া টিকা দিতে চাহিয়াছেন। এই নিমিত্ত এখান হইতে বীজ চাহিয়া পাঠাইয়াছেন। বঙ্গদেশের চিকিৎসালয়ের প্রধান পরিদর্শক গ্রিণ বলিয়াছেন, ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট চাহিয়াছেন, ইহাতে অনিষ্ট ব্যতীত আর কিছুই হইবে না। এই বলিয়া তিনি স্বদেশীয় আজ্ঞার প্রতীক্ষা করিয়া আপাততঃ এখানকার গোবসন্তের বীজ দিতে অস্বীকার করিয়াছেন।

সম্প্রতি সর উইলিয়ম মাজ ফিলড কোহাটে পঞ্জাবের সীমাস্থিত সৈন্যদিগকে দর্শন করিয়া আহ্লাদ প্রকাশপূর্ব্বক বলিয়াছেন, তাহারা যে কাজ করিয়াছে, তাহাতে গবর্ণমেণ্ট কৃতজ্ঞ আছেন। কিন্তু শান্তিস্থাপনই যুদ্ধের উদ্দেশ্য। সর্ব্বদা সীমাস্থিত বন্যদিগকে নষ্ট করিলে কাজ হইবে না। তাহাদিগকে সভ্য পাশে বদ্ধ করিয়া বন্ধু করা কর্ত্তব্য। দেওয়ানী কর্ম্মচারিগণ ও সৈনিকগণের এটী বিবেচনা করা উচিত, কেবল বল প্রকাশ করিলে কাজ হইবে না।

পিয়নিয়র বলেন, পাটনার সিবিল সার্জ্জন ডাক্তর হচিসন বেহারের উষ্ণ প্রস্রবণ সকলের পরীক্ষা করিয়া গবর্ণমেণ্টের নিকট এক রিপোর্ট করিয়াছেন। ঐ স্থানে সর্ব্বশুদ্ধ ১৪ টী উষ্ণ প্রস্রবণ আছে। জলের উষ্ণতা গড়ে ১০৭ ডিগরি। সর্ব্বাপেক্ষা উষ্ণকুণ্ডকে লোকে পবিত্র জ্ঞান করেন। ডাক্তর হচিসন এই প্রস্রবণ পদব্রজে পার হইয়াছিলেন। তন্মধ্যে প্রায় তিন হাত জল হইবে। হাচিসন অতি কষ্টে উহার মধ্যে কর্দ্দমে পদ রাখিতে পারিয়াছিলেন। পূর্ব্বে লোকের সংস্কার ছিল এই কুণ্ডে জীব থাকিতে পারে না। কিন্তু ডাক্তর হাচিসন সকলের সম্মুখে উহাতে কতকগুলি ভেক নিক্ষেপ করেন। ভেকেরা অতি সুখে তথায় ক্রীড়া করিতে লাগিল। এই সকল প্রস্রবণের জল অতিশয় বিশুদ্ধ। এই জলে স্বাস্থ্যের পক্ষে কত দূর উপকার হইতে পারে বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট তাহা জানিতে চাহিয়াছেন।

কলিকাতা হইতে আসামে প্রেরিত ১৫ ই এপ্রেলের ডাক ও বাঙ্গি পুলিন্দা সকল ব্রহ্মপুত্রে নৌকা ডুবি হইয়া নষ্ট হইয়াছে।

১২ ই বৈশাখ বৃহস্পতিবার।

যে ফেনিয়ান ডিউক অব এডিনবরাকে অষ্ট্রেলিয়ায় বধ করিবার চেষ্টা পায়, তাহার ফাঁসী হইয়াছে।

আলজিরিয়াতে দুর্ভিক্ষনিবন্ধন ভয়ানক কষ্ট হইতেছে। মেসারগিণের নিকটবর্ত্তী এক গ্রামে একটী স্ত্রীলোক আপন দ্বাদশবর্ষীয় এক কন্যাকে বধ করিয়া তাহার মাংস অন্য অন্য সন্তানদিগকে প্রদান ও স্বয়ং ভক্ষণ করিয়াছে। কর্ত্তৃপক্ষ এই সমাচার পাইয়া তথায় গমন করিয়া দেখিলেন স্ত্রীলোকটা হৃৎপিণ্ড ও মেটিলি ভক্ষণ করিয়া অন্য অন্য স্থানের লবণাক্ত করিতেছে। রুশীয়ার কৃষক ছর্ভিক্ষে কষ্ট পাইয়া তৃণও শেওলাপ্রভৃতি করিতেছে।

১৪ ই এপ্রেল সর উইলিয়ম মুর জয়নারায়ণের কালেজের ছাত্রদিগকে পু বিতরণ করিয়াছেন। ঐ দিবস এক দরবা কাশীর রাজা রাজা দেবনারায়ণ অনেক এতদ্দেশীয় সম্ভ্রান্ত লোক এখানে স্থিত ছিলেন

ভরতপুরের রাজার একটী পুত্র হ ১৪ ই এপ্রেল আগরার ইউরোপীয় ভ দিগের এক ভোজ দেওয়া হইয়াছে। অ বর্ষে রাজা প্রাপ্তব্যবহার হইয়া শাস স্বহস্তে গ্রহণ করিবেন। ভরাতপুরের সু সুশৃঙ্খলার নিমিত্ত সকলে পোলিটিকাল এ কাপ্তেন ওয়ালটাসকে ধন্যবাদ প্রদান করি রাজা যে শিক্ষা পাইয়াছেন, তদনুসারে করেন ইহাই সকলের প্রার্থনা।

লক্ষ্ণৌ টাইমস বলেন, মুন্সি নেউল প্রভৃতি কয়েক জন ভদ্র লোক লক্ষ্ণৌয়ে সাহিত্যসভা করিতেছেন। এটি সময়ের তির লক্ষণ।

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন, বিদ্রোহ ক মৌলবী সর ফরাজ আলিনামক যে ব্যক্তি ক গুলি গাড়িকে লইয়া বিদ্রোহী হন, তিনি গে পুরে ধৃত হইয়াছেন। এই ব্যক্তি অনেক নি ব্যবহার করিয়াছিলেন বলিয়া জনরব আ এই সকল লোককে এক কালে ক্ষমা করিলে ভাল হয় না? যাহা হইবার হইয়া গিয়াছে এক্ষণে প্রত্যেক ভূতপূর্ব্ব বিদ্রোহীর বিচ তাহাদিগকে পূর্ব্ব কথা স্মরণ করাইয়া দেও হয় মাত্র।

ইণ্ডিয়ান ডেলি নিউসের এক জন প্রেরক বলেন, গত শনিবার কাথলিক অ বিশপ ডাক্তর স্টিন্স কতকগুলি পুরোহিতে লইয়া দুর্গমধ্যে উপদেশ দিতে গমন করিয়া লেন। এক জন যুবক আফিসর পুরোহিতদিগ ফেনিয়ান জ্ঞান করিয়া অধ্যক্ষকে সংবাদ দেন অনুসন্ধানদ্বারা আফিসরের ভ্রম প্রকাশ পাইল সেনাপতি সৈনিকদিগকে সময়োচিত বস্ত্র পরিধান করিয়া আসিতে দেন নাই। কাথলিক পুরোহিতদিগের সাহায্যেই আয়ারলণ্ডে অদ্যাপি সাধারণ বিদ্রোহ হয় নাই। তথাপি অনেক অবিবেচক লোকে তাঁহাদিগের প্রতি অবিশ্বাস করেন।

উক্ত পত্র বলেন, গত সপ্তাহে এক জন আত্মহত্যা করিতে অভিলাষী হইয়া ...'লার রেলওয়েতে শয়ন করিয়া পড়ে। ...সময়ে দ্রুত বেগে যাইতেছিল। সুতরাং যে তাহার মৃত্যু হইয়াছে।

...প্রতি রিসড়ার বাঙ্গালি ও বালিকা ...ষের পুরস্কারপ্রদান উপলক্ষে কতক ...উরোপীয় ভদ্রলোক ও স্ত্রীলোক উপস্থিত ... এক্ষণে ইউরোপীয় ভদ্রলোকেরা এই রূপ ব্যবহার করিতেছেন। ইহাতে ...ভয় জাতির সৌহার্দ্দ আর ও দৃঢ় বদ্ধ হই তাহা বলা বাহুল্য।

...পোষ্ট আফিসের প্রধান অধ্যক্ষ মণ্টেথ ...গবর্ণর জেনরলের দৃষ্টান্তানুসারে আপ ...র্ম্মচারিগণকে লইয়া সিমলায় গ্রীষ্মকাল ...হিত করিবার নিমিত্ত যাইতেছেন।

...লিকাতা ও নিকটবর্ত্তী কয়েকটী গ্রামে ...ঠার প্রাদুর্ভাব হইয়াছে। কিন্তু এ বৎসর ...সংখ্যা কম দেখা যাইতেছে। আমরা ...তেছি, অনেক স্থলে হোমিওপেথি চিকিৎ ... আরোগ্যসাধনে কৃতকার্য্য হইতে

...বেনিউ বোর্ড প্রত্যেক কালেক্টরিতে ...জন নকলনবিস রাখিবার আজ্ঞা দিয়া ...ইঁহারা নিয়োগের সনন্দ পাইবেন এবং ...ব্যতীত আর কেহ কোন দলীলের নকল ...ত পারিবেন না। প্রত্যেক ছোট আড়ার ... ২০ ও বড় আড়ার ষ্টাম্পে ৩২ পঁক্তি ...ড হইবে। নকল নবিসেরা ১০০ ...কথায় /১০ আনা ও ১০০ ...কথায় ৵১০ আনা পাইবেন। ...ক নকলনবিস ২০ টাকা পান কালেক্টর ...ন বন্দোবস্ত করিবেন। আয় বুঝিয়া ...বিসের সংখ্যার হ্রাস বা বৃদ্ধি করা ... এক্ষণে গত মকদ্দমা হয়, তাহাতে অধি ...র্থগণ পরস্পরে সকল দলীলের খসড়া ...লইয়া থাকেন। ইহাতে তাঁহাদিগের ক্ষতি ...কিন্তু গবর্ণমেণ্টের লাভ নাই। এইসকল ...নকল এক আনা মূল্যের ষ্টাম্পে ...নিয়ম হইলে লোকেরও লাভ হয়, রাজ ...বৃদ্ধি হয়।

...এবার হরিদ্বারের মেলায় প্রায় ৩০,০০০ ...গিয়াছিলেন। পুলিষ স্বাস্থ্যসংক্রান্ত ...স্তগুলি উত্তমরূপ করাতে লোকের পীড়া ...ই।

...ণ্ডিয়ান পবলিক ওপিনিয়ন বলেন, হুঁসি ...বের চিকিৎসক ডাক্তর বার্ণেট কুকুর

দংশনের এক উত্তম ঔষধ আবিষ্কৃত করিয়াছেন। সকলের সংস্কার আছে, এই দংশননিবন্ধন উন্মত্ততা হইলে আর রক্ষা নাই। কিন্তু এই অবস্থায় ডাক্তর বার্ণেস এক ব্যক্তিকে আরোগ্য করিয়াছেন। রোগীকে এক চৌকিতে বন্ধন করিয়া তাহার সর্ব্বাঙ্গ কম্বলদ্বারা উত্তমরূপে আবৃত করা হয়; কেবল মস্তকটী বাহিরে ছিল। তাহার মস্তকে ভাবরা লাগিতে পারে এমন স্থানে এক হাঁড়ি উষ্ণ জল রাখা হয়। পরে একখানি ভগ্ন চাটুতে সমানাংশে পারা ও গন্ধক মিশ্রিত করিয়া তাহা সেই চাটুতে উত্তমরূপে মাখান হয়। এই চাটু উষ্ণ জলের নিকটে অগ্নির উপরে রাখাতে তাহার বাষ্প রোগীর মস্তকে লাগিতে লাগিল। প্রথমতঃ ১৫ গ্রেণ এবং তৎ পরে প্রতি ঘটিকায় ৫ গ্রেণ করিয়া কালমেল রোগীকে দেওয়া হয়। এই প্রকার বাষ্পসেবিতে লাগিতে চারিঘটিকার মধ্যে রোগী স্থির হইল। পরে মুখ আসাতে রোগ এককালে নিঃশেষিত হইল।

১৩ ই বৈশাখ শুক্রবার।

কলিকাতার মিউনিসিপালিটি কুলিবাজারে একটী অতিশয় অত্যাচার করিতেছেন। ঐ স্থানে যত বাটী আছে তাহা প্রায় গবর্ণমেণ্টের খাসের ভূমির উপরে স্থিত। গবর্ণমেণ্টের ভূমিতে কররৃদ্ধি নাই বলিয়া অনেকে ইমারত প্রভৃতি প্রস্তুত করিয়াছেন। এক্ষণে এই ভূমি সকল জমিসদিগকে প্রদান করাতে তাঁহারা ৮।১০ গুণ কররৃদ্ধি করিতেছেন। এটী অতিশয় অন্যায়। যেসকল স্থানে বাটীপ্রভৃতি প্রস্তুত হয় তাহার কররৃদ্ধি করিলে বাটীর মূল্য থাকে না জমিসগণ এ বিষয়ে অনেক জমীদারকেও পরাজয় করিয়াছেন।

ইণ্ডিয়ান ডেলিনিউস বলেন, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অনুরোধানুসারে স্থানীয় গবর্ণমেণ্ট সমূহ যাবতীয় সিবিল সার্জ্জনকে ওলাউঠা জনিত মৃত্যুর এক তালিকা রাখিতে বলিয়াছেন। যেখানে অধিক রোগ হইবে গবর্ণমেণ্ট সেখানে অতিরিক্ত সব আসিষ্টাণ্ট সার্জ্জন প্রেরণ করিবেন।

বারাকপুরের ভূতপূর্ব্ব কাণ্টোনমেণ্ট মাজিষ্ট্রেট কাপ্তেন ওয়ালকট পাণিহাটির শাখা ভারতবর্ষীয় সভার অধ্যক্ষ হইয়া অনেক উপকার সাধন করিয়াছিলেন। তিনি এক্ষণে হাজারিবাগে বদলি হওয়াতে সভা তাঁহাকে এক অতি নন্দন পত্র প্রদান করিয়া বলিয়াছেন আপনি অতি মহান ও সদাশয়। খৃষ্টীয় ধর্ম্মের যেপ্রকার মাহাত্ম্য আছে আপনার তাহা দেখা যাইতে আপনার স্বদেশীয়েরা এই দৃষ্টান্তের অনু করিলে ভাল হয়। কাপ্তেন ওয়ালকট উপযুক্ত প্রদান করিয়াছেন। কিন্তু ব্যক্তিবিশেষের বি বিষয়ে সভাকে সতর্ক করিয়াছেন। ব এ প্রকার পত্রে কাপ্তেন ওয়ালকটের স্বদে দিগকে তৎসনা করা বড় বুদ্ধির কাজ হয় কাপ্তেন ওয়ালকট সাধারণ শ্রদ্ধার পাত্র নাই।

গতকল্য একটী ফিরিঙ্গী স্ত্রীলোক বারলোনামক আর এক জন ফিরিঙ্গির নাে বলিয়া নালীশ করে যে প্রত্যর্থী পূর্ব্বরা অর্থাৎ কন্যার সহিত কুব্যবহার করিতে আ করিয়াছিল। কিন্তু বালিকাটির অদ্যাপি বৎসর বয়ঃক্রম হয় নাই। প্রত্যর্থী আ দোষ স্বীকার করাতে মাজিষ্ট্রেট রাণসন অ কঠিন পরিশ্রমের সহিত দুই মাস মেয়াদ ছেন। কলিকাতার ফিরিঙ্গিদিগের ধর্ম্ম অভিশয় জঘন্য, ইহা দিন দিন আরও হইতেছে। সন্ধ্যার পর যিনি মেরিডিথ ভিতরে প্রবেশ করিয়াছেন তিনিই এই ধর্ম্মনীতির সাক্ষ্য দিতে পারেন।

১৪ ই বৈশাখ শনিবার।

গত কল্য মুন্সেফ ও সদরামীনদিগের বিধিবদ্ধ হইয়াছে। আমরা হব হাউস সা বিলের প্রতি যে আপত্তি করিয়াছিলাম ভারতবর্ষীয় সভা আপনাদিগের আবেদন যেগুলি গ্রহণ করেন, ব্যবস্থাপক সভা অ যৌক্তিকতা স্বীকার করিয়া তদনুরূপ ক করিয়াছেন। যাঁহারা আইনের পরীক্ষা দি তাঁহারাই কেবল মুন্সেফপ্রভৃতির পদ পাই সদরামীনের পদ উঠিয়া গেল। মুন্সেফেরা ১ টাকা পর্য্যন্তের মকদ্দমা করিতে পারি প্রধান সদরামীনদিগকে অধ্যস্ত জজ ব উল্লেখ করা হইবে, তাঁহাদিগের ও জজদি ক্ষমতা সমান রহিল। জজদিগকে ১০,০০০ পর্য্যন্ত আপীল শ্রবণের যে ক্ষমতা দিবার হয় তাহা ত্যাগ করা হইয়াছে। নিম্নতর বি পতিগণ দোষ করিলে প্রধানতম বিচার তাঁহাদিগের দোষাবেষণ করিতে পারি স্থানবিশেষে মুন্সেফ ও অধ্যস্ত জজদিগকে আদালতের ক্ষমতা দেওয়া হইবে; এই আ যথার্থ উন্নতির কারণ হইল।

গত কল্য কলিকার জষ্টিসদিগের এক হইয়া গিয়াছে। ডাক্তর টনিয়র ছয় ম বিদায় পাওয়াতে ডাক্তর মাক্কে মাসিক টাকা বেতনে তাঁহার প্রতিনিধি হইয়াছেন

র স্বাস্থ্যসংক্রান্ত ওভরসিয়ার টিবেট সাহেব
ল কাজ করিয়া বার্দ্ধক্যনিবন্ধন অসমর্থ
তে জষ্টিসেরা তাঁহাকে ২০০০ টাকা পুর-
দিয়াছেন। লিআন্ডি সাহেব কনসলটিঙ
য়র হইয়াছেন। শেষোক্ত পদটীর প্রয়োজন
।।

ত মঙ্গলবার প্রেসিডেন্সি কালেজের ছাত্র
। সভার সাম্বৎসরিক অধিবেশন হয়। লাড
অধ্যক্ষতা করিতে চাহিয়াছিলেন; কিন্তু
অনিবার্য্যকর্ম্মনিবন্ধন তিনি আসিতে না
ত বিচারপতি নর্ম্মাণ সভাপতির আসন গ্রহণ
। প্রেসিডেন্সি কালেজের অনারেবল অধ্যা
নি সাহেব মেকলের বিষয়ে এক দীর্ঘ
পাঠ করিয়াছিলেন। তিন বৎসরাবধি
াহেব এই বিষয়টী লিখিতেছিলেন; কিন্তু
প্রবন্ধটী অশাস্ত্রুরূপ হয় নাই।
য়লিখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ
ত হইতেছে।

াকার	সিক্কা	৯১।০—৯১৷৷০
"	কোং	৯২৷৷—৯২৸০
৯	পবলিকওরার্ক	১০৬৵—১০৬৷৷৵০
	কোং	১০৭৸০—১০৮৵
"	ঐ	১১২৷৷০—১১২৸০

—:০:—

ইউরোপীয় সমাচার।

গুন ৩০ মার্চ। সর রবার্ট মণ্টগমরি এক পত্র
ইংলণ্ডীয় গবর্ণমেণ্টের নিকটে ব্রিটিশ রাজ
প্রতি ভারতবর্ষীয়দিগের অসন্তোষের কারণ
শ করিয়া প্রস্তাব করিয়াছেন, শাসনসম্বন্ধে
দিগকে উচ্চতর পদ দেওয়া উচিত।
পালাণ্ডের নিমিত্ত যে পৃথক শাসনপ্রণালী
তাহা উঠিয়া গিয়াছে।
বলজিয়মের অনেকগুলি কয়লার খনিতে
তর দাঙ্গা হইয়া গিয়াছে। দাঙ্গাকারীদিগকে
করিবার নিমিত্ত সৈন্যদিগকে আসিতে
ছিল। অনেকে গোলযোগে হত হই
।
আরল অব কার্ডিগানের মৃত্যু হইয়াছে।
৬ই এপ্রেল। রাজকীয় ভূগোলসভার
পতি সর রডারিক মার্চিসন জানজিবারস্থ
র কার্কের নিকট হইতে ৪ঠা ফেব্রুয়ারির
পত্র প্রাপ্ত হইয়াছেন। ডাক্তর কার্ক
মধ্যে আরব হরকরাকে ডাক্তর লিবিঙ-
র অন্বেষণে প্রেরণ করা হয়, সে ব্যক্তি
পত্র লইয়া উপস্থিত হইয়াছে। ইহার
মতে এক বৎসর বিলম্ব হইয়াছে। এই পত্রে
আছে, মঙ্গলিকা হ্রদের অদূরপথ ঔজিজি
নগরে লিবিঙষ্টোন উপনীত হইয়াছেন।

৮ই এপ্রেল নিউইয়র্ক হইতে সংবাদ আসি
য়াছে, কয়েকটি কটের প্রতিনিধি মনোনীত করি
বার সময়ে নীচতন্ত্রপ্রিয়দলের জয়লাভ হইয়াছে।

এক ব্যক্তি ডারসি মাকগি সাহেবকে হত্যা
করিয়াছে। হত্যাকারী ধৃত হয় নাই।

অষ্ট্রেলিয়া হইতে মেইল-
যোগে আগত।

১২ মার্চ। ক্লর্টাফ গ্রামে ওফারেলনামক এক
জন ফেনিয়ান এডিনবরার ডিউককে এক রিবল
বারদ্বারা বধ করিবার চেষ্টা করে। ঐ ব্যক্ত
ডিউকের পশ্চাৎ হইতে গুলি করে; গুলিটী
পৃষ্ঠে প্রবেশ করে; কিন্তু দুই দিবসপরে ইহা
বাহির করা হইয়াছে। ডিউকের বড় অধিক কষ্ট
হয় নাই। তিনি আরোগ্য প্রাপ্ত হইয়া পুনর্ব্বার
নিজ কর্ত্তব্য কর্ম্মের ভারগ্রহণ করিয়াছেন।
হত্যাকারী দ্বিতীয়বার গুলি করে। ঐ গুলি
থরণনামক এক ব্যক্তির পেটে প্রবেশ করিয়া
ছিল। ইনিও আরোগ্যলাভ করিয়াছেন। এক্ষণে
হত্যাকারীকে সেন্টিয়নে সমর্পণ করা হইয়াছে।
৩০ এ মার্চ্চ তাহার বিচার হইবার কথা ছিল।

লণ্ডন ৩১ এ মার্চ। গত রাত্রিতে হাউস
অব কমন্সে গ্লাডষ্টোন সাহেব প্রস্তাব করিয়া
ছেন, আয়ারলণ্ডের ধর্ম্মসম্প্রদায়ের সহিত গবর্ণ
মেণ্টের সংস্রব বন্ধ করা কর্ত্তব্য; তবে
যেসকল স্থলে ধর্ম্মালয়ের নিমিত্ত টাকা
ও ভূমিপ্রভৃতি দান করা হইয়াছে তাহাতে
হস্তক্ষেপ করা হইবে না। লাড ষ্টানলী এক
প্রস্তাব করিয়া বলিয়াছেন, আগামী মহা
সভায় নিমিত্ত এবিষয়ের মীমাংসার ভার রাখা
কর্ত্তব্য। লাড ক্লাণবোরণ এবিষয়ে এক বক্তৃতা
করিয়া গবর্ণমেণ্টের এতৎসংক্রান্ত কয়টি রাজ
নীতির প্রতি বিশেষ দোষার্পণ করিয়াছেন।
তর্ক স্থগিত রহিয়াছে।

আবিসিনিয়া হইতে আগত।

জুলা ৭ই এপ্রেল। বোম্বাই ২১ এ
এপ্রেল। একখানি গোপনীয় পত্রে প্রকাশ
করে, রাজা থিওডোর সেনাপতি নেপিয়-
রকে গরু ও মেষ উপঢৌকন প্রদান
করিয়া আবিসিনিয়ায় আগমনের নিমিত্ত
তাঁহাকে অতিথি বলিয়া প্রিয় সম্ভাষণ করিয়া
ছেন। টাইমস অব ইণ্ডিয়ার বিশেষ পত্রপ্রেরক
বলেন, সেনাপতি নেপিয়র মাগদালার ২৪
ক্রোশের মধ্যে উপনীত হইয়াছেন। এই পথ
তিনি আর চারি কুচে গমন করিয়া
মার্চ্চ মাগদালায় উপনীত হইবার অভি
করেন। রাস্তাগুলি অতিশয় অরণ্য;
সৈন্যগণ সুস্থ আছে। রাজা থিওডোর
দালায় উপনীত হইয়া ইসলাজি দুর্গবন্ধ ক
ছেন। দেশবাসিগণ এবং ব্রিটিশ সেনাদলের
কাংশের এই সংস্কর যে থিওডোর বাহি
রাস্তা অবরোধ করিয়া যুদ্ধ করিবেন

লণ্ডন ২৮ এ মার্চ্চ। ব্রিটিশ ও এতদে
শাসনপ্রণালীঘটিত যে পত্রগুলি সংগৃ
হইয়াছে, তদ্বিষয়ের আন্দোলননিমিত্ত
রাত্রিতে লাড উইলিয়ম হে প্রস্তাব করিয়া
বক্তৃতাকালে তিনি ব্রিটিশ শাসনপ্র
দোষের উল্লেখ করিয়া বলিলেন, যেএ
প্রণালী ইংলণ্ডে আছে, তদনুসারে ভার
শাসন করা কর্ত্তব্য। স্মলেট সাহেব এক ব
করিয়া সর জন লরেন্সের প্রতি দোষা
করিয়াছেন। সর জন লরেন্স যে ভ্রমে প
হন তাহার সংশোধন করিয়া লাড ক্লাণ
বলিলেন, ভারতবর্ষে যথেচ্ছাচার
প্রণালী হইতেছে; সহিষ্ণুতা ইহার
মাত্র সীমা। এমন স্থলে বিভাগবিশেষের
স্পারের প্রতি ঈর্ষা দূর করিয়া যাঁহারা ভার
থাকিয়া শাসন করেন, তাঁহাদিগের হস্তে
তর ক্ষমতা দেওয়া কর্ত্তব্য। ইহাতে মধ্যে
ভ্রম হইলেও শাসনের বল ও বুদ্ধিদ্বারা
প্রতিবিধান হইবে। সর ষ্টাফোর্ডনার্থ
বলিলেন, ব্রিটিশ শাসনপ্রণালী ভারত
পক্ষে সুবিধাকর; কিন্তু তন্নিমিত্ত ভারত
রাজ্যগুলি আত্মসাৎ করা ও রাজাদিগকে
বিষয়ে স্বাধীনতা না দেওয়া অনুচিত।
বলিলেন, ভারতবর্ষীয়গণ যাহাতে আত্ম
করিতে পারেন, তন্নিমিত্ত তাঁহাদিগকে
উপযুক্ত করা ইংলণ্ডের কর্ত্তব্য কর্ম্ম।

নিকল সাহেব, সর হেনরি রবিন্সন ও
আসনের প্রশ্নানুসারে সর ষ্টাফোর্ড নার্থ
বোম্বাই ব্যাঙ্কের বিষয়ে এক দীর্ঘ বক্তৃতা
য়াছেন। লাড ষ্টানলী গ্লাডষ্টোন সাহে
প্রস্তাবের সংশোধন করিয়া বলিয়াছেন,
রলণ্ডের ধর্ম্মসম্প্রদায়ের বিষয়ের তর্ক অ
মহাসভার অপেক্ষায় স্থগিত থাকা উ

১লা এপ্রেল। গত কল্য লাড হাউসে
প্রস্তাব বিধিবদ্ধ হইয়াছে যে, সভ্যগণ প্রতি
দ্বারা আত্মমতপ্রকাশে সমর্থ হইবেন না।

গত রাত্রিতে কমন্স হাউসে আয়ার
ধর্ম্মসম্প্রদায়সংক্রান্ত তর্ক পুনর্ব্বার উপস্থি
হার্ডি সাহেব স্বীকার করিয়াছেন, আয়ার

প্রদায়ের সংশোধন করা আবশ্যক, কিন্তু এক কালে উঠাইবার বিষয়ে গবর্ণমেণ্ট সম্মত হইবেন না। গবর্ণমেণ্টের ভিন্ন ভিন্ন যে সকল বক্তৃতা করেন, ব্রাইট সাহেব তি দোষারোপ করিয়া বলিলেন, আয়া রাজকীয় ধর্ম্মসম্প্রদায় করাতে কোন ফল ই। তর্কটী পুনর্ব্বার স্থগিত রহিয়াছে। পল আর্থর কিনার্ড জলসেচনের বিষয়ে স্তাব করেন, তদ্ঘটিত তর্ক স্থগিত রাখি· প্রার্থনা করিলেন। এই তর্ক দ্বিতীয় বার ত হওয়াতে তিনি দুঃখপ্রকাশ করিলেন। ারতবর্ষ অষ্ট্রেলিয়া ও চীনের চার্টার্ড ব্যাঙ্ক য়া ৫ টাকা লাভপ্রদান করিয়াছেন।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন

লেপ্‌টনাণ্ট গবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

৭ ই এপ্রেল। জি বিটি সাহেব পূর্ণীয়ার জন মিউনিসিপাল কমিসনর হইবেন। লা এপ্রেল অবধি এ, আর, টমসন সাহেব বার দ্বিতীয় শ্রেণির মাজিষ্ট্রেট ও কালে হইবেন। কিন্তু আপাততঃ প্রতিনিধি লি রিমেণ্ট্রাল্স থাকিবেন।

জ, এফ, ব্রৌণ সাহেব কিছু দিনের নিমিত্ত লপুরের অতিরিক্ত জজ হইবেন।

৪ পরগণার ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি লক্টর বাবু কালীচরণ ঘোষ মুরসীদাবাদে ই হইয়া তথায় মাজিষ্ট্রেটের ক্ষমতা পাই ।

২ ই এপ্রেল অবধি পশ্চাল্লিখিত নিম্নতর ন কার্য্যের কর্ম্মচারিগণ উন্নত হইবেন। য় হইতে দ্বিতীয় শ্রেণিতে বাবু গুরুচরণ । চতুর্থ হইতে তৃতীয় শ্রেণিতে ডবলিউ, কে, ষ্টন সাহেব। পঞ্চম হইতে চতুর্থ ণতে ডবলিউ, এম, স্মিথ সাহেব।

২৮ ই এপ্রেল। যতদিন বাবু গোপীকৃষ্ণ াধ্যায় বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন। দিন মৌলবী আবদুল মজিদ ময়মনসিংহের তনিধি অতিরিক্ত প্রধান সদরআমীন বন।

যতদিন মৌলবী আবদুল মজিদ সরকারী র্য্যাপলক্ষে স্থানান্তর থাকিবেন। ততদিন বাবু গুরুপ্রসাদ সেন রঙ্গপুরের প্রতিনিধি সদর আমীন ও সদর মুন্সেফ হইবেন

২০ এ এপ্রেল। নিম্নলিখিত ভদ্র লোকেরা ময়মনসিংহের মিউনিসিপাল কমিসনর হইবেন:-

এচ, মস্প্রাট সাহেব ও, এস, ষ্টাক সাহেব, বাবু হরমোহন বসু।

যতদিন ডাক্তর সি, ও, উড্‌ফার্ড বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন তত দিন ডাক্তর জে, এ, পি, কলিন্স কলিকাতার প্রতিনিধি পুলিষ সার্জ্জন হইবেন।

৪ ঠা এপ্রেলের বৈকাল অবধি আর, ডি, হিম সাহেব কিছু দিনের নিমিত্ত ভাগলপুরের প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়াছেন।

রেবরেণ্ড এচ মোল কিছু দিনের নিমিত্ত হাবড়ার প্রতিনিধি চাপলেন হইবেন।

১৬ ই এপ্রেল অবধি রেবরেণ্ড জি এফ পি ব্লাইথ বারাকপুরের চাপলেন হইয়াছেন।

রেবরেণ্ড এচ, জে, মাথু ফোট উইলিয়ম দুর্গের চাপ লেন হইবেন।

২১ এ এপ্রেল। বাখরগঞ্জের সহকারী পুলিষ সুপরইণ্টেণ্ডাণ্ট এ, আমলি সাহেব ২৪ পরগণার বদলী হইবেন।

যতদিন কাপ্তেন এচ, ষ্টাউ বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, ততদিন কাপ্তেন এচ, হাণ্ড ১৮৫৯ অব্দের ১২ আইন অনুসারে অভ কাসীদিগের বিচার করিবেন।

আমাদিগের আনুলিয়াস্থ সংবাদ-দাতা লিখিয়াছেন:

১। এখানকার বঙ্গবিদ্যালয় ও ডাকঘরটী সুন্দররূপ চলিতেছে। সম্প্রতি শুনিয়া আহ্লা দিত হইলাম যে, ডাকঘর স্থায়ী হওয়ার কিছুদিন পরেই উহার প্রয়োজনীয় ও দ্রব্যাদির নিমিত্ত গবর্ণমেণ্ট হইতে ২৫ টাকা প্রদত্ত হইয়াছে। কিন্তু আক্ষেপের বিষয় এই যে গৃহ প্রস্তুত করি বার বিষয়ে গবর্ণমেণ্ট কর্ণপাত করিতেছেন না।

২। আমাদিগের রাণাঘাটের ডিপুটী মাজি ষ্ট্রেট বাবু মহিমচন্দ্র পাল মহাশয় বনগ্রাম মহকুমায় স্থানান্তরিত হওয়াতে, তাঁহার পদে শ্রীযুক্ত বাবু যদুনাথ বসু বি, এ, নিযুক্ত হইয়াছেন। ইনি অদ্যাপি রাণাঘাটে পদার্পণ করেন নাই।

৩। কিছু দিন হইল, এখানে অতিশয় ঝড় ও শিলাবৃষ্টি হইয়া গিয়াছে। ঐ দিন রাণাঘাটে দুই ব্যক্তি দেওয়াল চাপা পড়েন। উহাঁদের মধ্যে এক জন মানবলীলা সম্বরণ করিয়াছেন। নিত দুঃখের বিষয়! অসাবধানতাই ইহার প্র কারণ

৪। গত ২৮ এ চৈত্রের অমৃ বাজার পত্রিকার শেষাংশে গোয়াড়ী স্থ স্থিত এক ব্যক্তি তথাকার বারইয়ারি পুজ বিষয় যাহা লিখিয়াছেন, তাহা সত্য বলি অত্যুক্তি হয় না। আমি ও পূজার দিবস তথ উপস্থিত ছিলাম। নিরপেক্ষ হইয়া বলি গেলে গোয়াড়ি যে আমোদপ্রিয় স্থান, ত সকলেই স্বীকার করিবেন। এখানে সৎক অপেক্ষা অসৎ কার্য্যেই অধিক অপব্যয় ব নগরস্থ সুশিক্ষিত ভদ্রলোকদিগের মধ্যে অ কেই অলীক আমোদপ্রিয়। এখানে "যা পাঁচালি, চপপ্রভৃতির বিরাম নাই। এখ সর্ব্বাপেক্ষা যাত্রারই প্রাদুর্ভাব অধিক।

৫। সম্প্রতি পূর্ব্ব বাঙ্গলা রেলও কোম্পানি সকল শ্রেণীস্থ আরোহীদিগের নি হইতে পূর্ব্বাপেক্ষা অধিক পরিমাণে ভাড়া তেছেন। এই কার্য্যটি নিতান্ত অন্যায়। শু ন্যায় ইহার নিমিত্ত অনেক আবেদন পত্র প্রে হইয়াছে। উক্ত রেলওয়ের কর্ত্তৃপক্ষীয়ের রাৎ এই নিয়মটী নিবারণের আদেশ কর্ত্তব্য।

—:০:—

আমাদিগের কালনাস্থ সংবাদদ লিখিয়াছেন।

বর্ষে বর্ষে যেরূপ হইয়া থাকে, সেই নি অনুসারে সম্প্রতি এখানকার চৌকীদারী টা বন্দোবস্ত হইতেছে। এবারেও কিছু টাকা করিবার আদেশ হইয়াছে। যত দিন এ বিবেচনাপূর্ব্বক ব্যয় করা না হইবে, ত বৃদ্ধি হইতে থাকিবে। হাঁসপুকুর ও কু গ্রামে ১৪॥ টাকা টাক্স আদায় হয়, কিন্তু সে কার ৪ চার জন চৌকীদারের বেতন ২০ লাগিতেছে; সম্প্রতি আবার ২৪ টাকা ক লাগিবে। এতদ্ভিন্ন টাক্স আদায়ের আমি বেতন আছে। ইহার উপরে আবার এক বারে তথাকার রাস্তাদিতে অধিক টাকা হইয়া যায়। গত ১৮৬৬ সালে অব্রত্য স্কুলের নিকট হইতে হাঁসপুকুরস্থ মির সাহে বাটীপর্য্যন্ত যে পাকা রাস্তাটী প্রস্তুত কর য়াছে, তাহাতে প্রায় ৭২৫ টাকা ব্যয় হয় সকল অতিরিক্ত ব্যয় কালনার চৌকীদারী হইতে দেওয়া হইয়াথাকে। যখন ঐ

হইতে আবশ্যক ব্যয় নির্ব্বাহের টাকাও
না, তখন তথায় টাক্স করা কি যুক্তিসিদ্ধ ?
বিকও ঐসকল গ্রামের অবস্থা ভাল নহে।
টাক্স প্রথা উঠাইয়া দিলেই সকলের
হয়। আর একটী বিষয়ে আমাদের বিল
াশঙ্কা হইতেছে। তাহা এই:—গবর্ণমেণ্টের
শক্রমে এখানকার চৌকীদারের বেতন
সিপাল নিয়মানুসারে কতক ৫ ও কতক
কা করিয়া হইবে স্থির হইয়াছে। কালনার
গ্রাম কালনায় ১৫ জন চৌকীদার নিযুক্ত
। তাহাদের বেতনের এইরূপ বন্দোবস্ত
যে, তাহারা তত্রত্য ১২৪ বিঘা চাকরান
ত মাসিক ১৯৷৹ ও টাক্স হইতে ৫৫৷৹
া থাকে। (পূর্ব্বে ঐ ১২৪ বিঘা জমিতেই
দের সমস্ত বেতন পাওয়া হইত।) এক্ষণে
ন মিউনিসিপাল আইন প্রচলিত হইলে
হয়, গবর্ণমেণ্ট ঐ চাকরান জমি বাজে
করিবেন। তাহা হইলে ঐ টাকা কি রূপে
হইবে ? ঐ স্থানে টাক্স বৃদ্ধি করিলেও
স্ত অন্যায় করা হইবে। বোধ হয়, গবর্ণ
এই ক্ষুদ্র গ্রামের অবশিষ্ট ব্যয়ভার গ্রহণ
ত পারেন। আমরা অবগত হইলাম মহা
লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুর পত্রদ্বারা
র করিয়াছেন, যেখানকার টাক্সের টাকা
খানেই ব্যয় করা উচিত। এমন স্থলে কাল
ৌকিদারী ফণ্ড হইতে আর যে অন্য স্থানের
ান পূরণ করা হইবে এমন বোধ হয় না।
নণ্ট গবর্ণর বাহাদুর আর একটী নিয়ম
ল বড় মঙ্গলের বিষয় হয়। টাক্সের
পঞ্চায়তগণের অভিমতে ব্যয় করিবার
হইলে প্রজাগণের পক্ষে অধিক সুবিধা
গ্রাম কালনাপ্রভৃতি স্থানে চৌকীদারের
া কম করিলেও চলিতে পারে।
কীদারী টাক্সের কথা ত এই, আবার লাই
টাক্সেরও হস্তনা উপস্থিত। গত বর্ষে ক্ষমতা
তেও কোন ব্যক্তি এই টাক্স যদি না দিয়া
, তাহার তদন্ত করিবার জন্য বর্দ্ধমানের
কালেক্টর বাবু হরচন্দ্র ঘোষ এখানে আগ
রিয়াছিলেন। গবর্ণমেণ্টের যেরূপ প্রতাপ
তে ২০০ শত টাকা আয় থাকিতেও
হ এই টাক্স দেয় নাই, ইহা কখনই সম্ভা
নহে। বরং যাহার বাৎসরিক ১৫০ টাকা
নাই, এমন লোকও ইহা হইতে অব্যাহতি
নাই। নিম্ন শ্রেণীর কর্ম্মচারিগণের
হ্যে অনেক সামান্য লোককে বিশেষ
ড়ন সহ্য করিতে হইতেছে। এক জন
টীকাবিক্রেতাকেও ফারম দেওয়া হইয়াছে। আমরা অনুরোধ করিতেছি, বিজ্ঞবর হরচন্দ্র বাবু কৃপাপরবশ হইয়া উপযুক্ত লোকের প্রতিই যেন টাক্সের ভার অর্পণ করেন।

এই সব ডিবিজনের অধীন কোঁয়ার গ্রাম নিবাসী শশিভূষণনামক এক ব্যক্তি একটি বিশেষ প্রশংসার কাজ করিয়াছেন। গত চৈত্র মাসে তাঁহার বাটীতে ডাকাইতি হয়। যখন ডাকাইতগণ তাঁহার (শশীর) বাটীতে প্রবেশ করে, তখন তিনি বাটীতে ছিলেন না। দস্যুদিগের বিকট শব্দশ্রবণে তিনি আসিয়া দেখেন, তাঁহারই বাটীতে বিপদ উপস্থিত। তিনি সেই বিপৎকালে সাহসহীন না হইয়া কোন প্রতিবাসীর গৃহ হইতে একখানা খড়্গ লইয়া প্রথমতঃ দ্বারস্থিত দস্যুকে এমন আঘাত করেন যে, সে তৎক্ষণাৎ ভূতলে পতিত হয়। তাহাকে পাতিত করিয়া তিনি আপন দ্বার দেশের এক নিভৃত স্থানে থাকিয়া দুরাত্মাদের আগমনপ্রতীক্ষা করিতে লাগিলেন। ডাকাইতগণ অমঙ্গললক্ষণ দেখিয়া যেমন বাহিরে আসিবে, তিনি অমনি অলক্ষ্যরূপে আঘাত করিতে লাগিলেন। তখন দস্যুরা কে কোথায় পালাইবে তাহারই চেষ্টা পাইতে লাগিল। ঐ সময় এক দুরাত্মা শশী বাবুকে আঘাত করিতে উদ্যত হওয়াতে তিনি পলায়ন করেন। ক্রমে পুলিষে সম্বাদ দেওয়া হইলে অত্রত্য পুলিষ ইনস্পেক্টর বাবু রামরেণু ঘোষ মহাশয় তথায় যাইয়া ক্ষতাঙ্গ দুই জন ডাকাইতকে ধৃত করেন এবং মস্তেশ্বরের সব ইনস্পেক্টর বাবুও আর দুই জন ঐ রূপ ক্ষতাঙ্গ দস্যুকে ধৃত করিয়াছেন। ৫ জনকে চালান দেওয়া হইয়াছে। অপহৃত দ্রব্যও কতক পাওয়া গিয়াছে। আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট হেলেট মহোদয় কিরূপ বিচার করেন, জানিয়া প্রকাশ করা যাইবে।

আমরা অত্রত্য বিচারপতি জে আর, হেলে মহোদয়ের একটি সদাশয়তার কার্য্য দেখিয়া বিশেষ প্রীতিলাভ করিয়াছি। গত ঝড়ে উৎপীড়িত ব্যক্তিদিগের সাহায্য দিবার জন্য তাঁহার নিকট ১৫০ শত টাকা মঞ্জুর হয়। রীতিমত বিতরণ করিয়াও ১৫০ শত টাকা উদ্বৃত্ত হইয়াছিল। ১৮৬৩ সালে যেসকল লোকের গৃহ ভগ্ন হইয়া গিয়াছে এবং এ পর্য্যন্ত যাহারা সেই গৃহ প্রস্তুত করিতে পারেন নাই; হেলেট মহোদয় সেই উদ্বৃত্ত টাকাদ্বারা ঐ সকল লোকের সাহায্য করিবার মানসে কলিকাতা সাইক্লোন রিলিফ ফণ্ড কমিটিকে এই বিষয় লেখেন। কমিটী তাহাতে অনুমোদন করিয়া

দেন। কাজটী বড় উত্তম হইয়াছে। এ
বিচারপতি মহাশয়কে ধন্যবাদ দেওয়া উ

—:০:—

আমাদিগের গোয়ালিয়ারস্থ সং
দাতা লিখিয়াছেন:—

১। অতিশয় আনন্দের সহিত প্রকাশ
তেছি, এত দিনে আমাদের ইংরাজি স
প্রকৃত উন্নতি এইবার উপক্রম হইয়াছে।
৩০ এ চৈত্র ঐ সভার কার্য্য অতি সন্ত
পূর্ব্বক নির্ব্বাহ হইয়াছে। ঐ দিবসে সভা
ব্রিগেডিয়ার (চেম্বরলেন সাহেব) পালটি
এজেণ্ট কর্ণেল ডেলি সাহেব আসিয়া উ
সরি জেনরেল লেপ্টনণ্ট কর্ণেল ব্র্যাণ্ডার স
প্রভৃতি অত্রত্য বড় বড় সাহেব উপ
ছিলেন। সভাপতি সহকারী সভা
সম্পাদক সভ্য ও অন্যান্য অনেক
স্ব স্ব আসনে উপবেশন করিলে পর সম্প
গত সভার কার্য্যবিবরণ পাঠ করিলেন।
পরে সহকারী সভাপতি শ্রীযুক্ত বাবু
নচন্দ্র চক্রবর্ত্তী ওভরসিয়ার শ্রীযুক্ত
যদুনাথ চৌধুরী ও শ্রীযুক্ত সীতানাথ
এই তিন জন ভারতবর্ষের বর্ত্তমান
স্থার সহিত পুরাতন অবস্থার তুলনা
তিনটি সুদীর্ঘ বক্তৃতা করিলেন।
পেক্ষা শ্রীযুক্ত বাবু নবীনচন্দ্র চক্রবর্ত্তী
য়ের বক্তৃতাটী অধিক হৃদয়গ্রাহিণী ও ম
রিণী ইইয়াছিল। তিনি জাতিভেদের
ও আবশ্যকতাপ্রভৃতি অতি সংক্ষেপে
ররূপে বর্ণন করিয়াছিলেন। সীতানাথ
বক্তৃতাতে রাজনীতি, ধর্ম্মনীতি,
জিক নিয়মপ্রভৃতি উল্লিখিত হইয়া
বক্তৃতাসমাপ্তির পর সভ্যগণের ক
তর্ক বিতর্ক হইল। অবশেষে সভাপতি ম
কিঞ্চিৎ বলিলেন। প্রায় তিন ঘণ্টা
কার্য্য চলিয়াছিল। সাহেব মহোদয়েরা
রক্তচিত্তে স্থির হইয়া বসিয়াছিলেন। উ
সভার কার্য্যবিবরণ বিশেষতঃ তিনটী ব
শ্রবণে যার পর নাই প্রীতিভাব প্রকাশ
য়াছিলেন এবং বাঙ্গালীরা যে ভারতবর্ষের
বুদ্ধি ও সভ্যতাতে সকল জাতি অ
শ্রেষ্ঠত্ব লাভ করিতেছেন ইহা মুক্তকণ্ঠে স্বী
করিয়াছিলেন।

পালিটকেল এজেণ্ট নবীন বাবুর সহিত
ধর্ম্মসংক্রান্ত ও সভার উদ্দেশ্যসংক্রান্ত অ
কথা কহিয়াছিলেন। তিনি কহিলেন,

রা কোন কর্ম্মের নহে। ইংরা দেখিতে অসভ্য, বুদ্ধি সেইরূপ, ইহাদের বিদ্যাশি জন্য তাদৃশ যত্ন ও শ্রদ্ধা নাই। কর্ণেল সাহেবের মতে দাক্ষিণাত্য প্রদেশীয় গণ অনেকাংশে সভ্য ও বুদ্ধিমান। ইনি ষ্টীয়দিগের অপেক্ষা দাক্ষিণাত্যবাসীদি বিশেষ সুখ্যাতি করিলেন।

ব্রিগেডিয়ার জেনরেল, কর্ণেল ডেলি তি এত বড় বড় সাহেবেরা যে এরূপ বং আমাদের ন্যায় সামান্য লোকের মিশ্রিত হইতে বুঝিত হয়েন না, আমরা পূর্ব্বে জানিতাম না। মফস্বলস্থ দিগের নিকট প্রার্থনা যে, যদি তাঁহারা মিলিয়া বিদ্যালোচনা ও অন্যান্য সদা বরেন, তত্রত্য প্রধান প্রধান সাহে তাঁহাদিগকে উৎসাহদানে বিরত হই না এবং বাঙ্গালী নামের গৌরব বৃদ্ধিরও অপেক্ষা থাকিবে না। এস্থান অপেক্ষা দেশের অন্যান্য স্থানে অনেক অধিক ী আছেন; কিন্তু এস্থানের ন্যায় আন্যান্য র বাঙ্গালীদিগের মধ্যে এরূপ সদনুষ্ঠানের শ্রুত হয় না। সভার দিন জেনারেল সাহেব শগর্ভ ও উৎসাহপূর্ণ গুটি কত কথা আমাদিগকে উৎসাহিত করিয়াছিলেন তাঁহারা সকলেই মধ্যে মধ্যে আসিবার প্রকাশ করিলেন।

। গত ১ লা বৈশাখে নববর্ষের উৎসবার্থ দের প্রিয় বন্ধু নবীন বাবু একটী মনোহর ন সকল বাঙ্গালীকে লইয়া ভোজ দিয়া লেন। উক্ত দিবস সমস্ত দিন উদ্যানস্থ লে বসিয়া মনের উল্লাসে নানাবিধ আমোদে অতিবাহিত হইয়াছিল এবং র মধ্যে ভ্রাতৃভাবের ও অকৃত্রিম প্রীতির ত প্রবল বেগে প্রবাহিত হইয়াছে গত যে দলাদলিভাবের কথা লিখিয়াছিলাম, বাবুর অমায়িক ও উদার ভাবের প্রভাবে র কোন চিহ্ন লক্ষিত হয় নাই।

। এখানে আর একটী ইঞ্জিনিয়ার আফিস র কথা যে পূর্ব্বে লিখিয়াছিলাম, এই ল মাস হইতে তাহার কার্য্য আরম্ভ হই । এখন এখানে তিনটী ইঞ্জিনিয়র অফিস । গবর্ণমেণ্ট যেন এস্থলের উপর বিশেষরূপে াখেন। প্রজাদিগের শোণিত যেন কেবল ল কুক্কুরের পানীয় না হয়

ত পত্রে যে চোরধরার কথা লিখিয়াছিলাম, লাম সেই চোরের কঠিন পরিশ্রমের সহিত ৫ বৎসরের জন্য কারাবাসের দণ্ড হইয়াছে এবং পুলিসের উপর কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের বিশেষ দৃষ্টি পড়িয়াছে। মাজিষ্ট্রেট সাহেব যেরূপ উপযুক্ত ও বিচক্ষণ তাহাতে বোধ হয় এখান শীঘ্রই শান্তি সংস্থাপিত হইবে।

৫। পালিটিকেল এজেণ্ট কর্ণেল ডেলি সাহেব শীঘ্রই অবকাশ লইয়া এখান হইতে যাত্রা করিবেন। ইঁহার সহিত আলাপ হইয়া অবধি ইঁহার গুণে আমরা এরূপ বশীভূত হইয়াছি যে ইঁহাকে ছাড়িতে ইচ্ছা হইতেছে না।

৬। এখানে এখন গ্রীষ্মের প্রভাব বিলক্ষণ অনুভূত হইতেছে। মধ্যে মধ্যে দিবাবসানে ঝটিকা উত্থিত হইয়া ধূলিরাশিদ্বারা গগন মণ্ডল এরূপ আচ্ছন্ন হইয়া যায় যে, রাস্তা চলা ভার হইয়া উঠে। এদেশের লোকে ইহাকে আঁধি কহে।

আমাদিগের দোরস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

১। গত চৈত্রমাসে মহিষাদলান্তর্গত খড়্ বাড়িনামক গ্রামে জনৈক শিল্পকারক কোন গৃহস্থের বাটীতে চৌর্য্যবৃত্তি করিতে আসিয়া সন্ধিখননসময়ে ধৃত হয়। গৃহস্থ তাহাকে বন্ধনদশায় রাখিয়া বাসুঘাটা আউটপোষ্টে সমাচার দেয়। তদনুসারে থানা সুতাহাটীর সব ইনস্পেক্টর মহাশয় উহার অনুসন্ধানজন্য গমন করিয়া দেখিলেন, দস্যু পঞ্চত্ব প্রাপ্ত হইয়াছে। এক্ষণে উক্ত অপহারকের পুত্রকলত্রাদি এই বলিয়া অভিযোগ করিয়াছে যে, গৃহস্থের সহিত কোন কারণবশতঃ মৃত ব্যক্তির শত্রুভাব ছিল, তজ্জন্য তাহাকে সুচীকার্য্য নির্ব্বাহের ছলে স্বীয় বাটীতে আনয়নপূর্ব্বক লগুড়াঘাতে নিহত করিয়াছে। গৃহস্থ ও তৎপ্রতিবাসিগণ কহিতেছে যে দস্যু বন্ধনাবস্থাতেই বিসূচিকা রোগাক্রান্ত হইয়া সব ইনস্পেক্টর মহাশয় না উপস্থিত হইতেই কালগ্রাসে কবলিত হইয়াছে; উক্ত বিষয়ের অনুসন্ধান জন্য তমোলুকের সব ইনস্পেক্টর মহাশয়ও আগমন করিয়াছিলেন। তিনি কি করিয়া গিয়াছেন এ পর্য্যন্ত জানিতে পারি নাই।

২। গত ২৩ এ চৈত্র শনিবার দিনমণি অস্তাচলচূড়াবলম্বী হইলে পর এখানে ঘোর ঝড় বৃষ্টি হইয়া গিয়াছে। সেই সময় কৃষ্ণনগরস্থ জনৈক গৃহস্থের বাসভবন বজ্রাগ্নিদ্বারা একবারে ভস্মীভূত হইয়াছে। সৌভাগ্যের বিষয় এই যে কাহারও জীবন নাশ হয় নাই।

৩। গত ২ রা বৈশাখ রবিবার বি খালীনিবাসী বসিরুদ্দিননামক কোন মুসল তথাকার চড়কমেলা দর্শনানন্তর প্রত্যাগ কালে আপন আবাসগৃহের নিকটে আ বজ্রাঘাতে মানবলীলা সম্বরণ করিয়াছে।

—:•:—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদ মহাশয় সমীপেষু।

নদিয়া জেলার অন্তর্গত শান্তিপুরের দক্ষিণ স্থিত মালিপোতা নিতান্ত অপ্রসিদ্ধ গ্রাম না এস্থানে ও ইহার সন্নিহিত কয়েক গ্রামে বি ভদ্রলোকের বসতি। এই জনপদসমূহে কালে বঙ্গাল প্রতিষ্ঠিত কুলের পদ্ধতি উড হইয়াছিল। অত্রত্য সমাজ নবদ্বীপান্তর্গত সমাজ বলিয়া বিখ্যাত। কিন্তু এক্ষণে বংশপরম্পরানুগামী হওয়াতে প্রকৃত গৌ ভ্রষ্ট হইয়া পড়িয়াছে; সুতরাং ইহার আদর নাই, এখন উহা নানা দোষেরই আ হইয়া উঠিয়াছে। অতএব অত্রত্য অধিব গের আর পূর্ব্বগৌরবে গর্ব্বিত হওয়া দেখায় না। এখন যাহাতে জন্মস্থানকে বর্ত সভ্য জনপদমধ্যে পরিগণিত করিতে পা যাহাতে ইহার মুখ পুনরুজ্জ্বল হয়, তদ্বিষয়ে এ চেষ্টা করা অধিবাসীদিগের অতীব কর্ত্তব্য। আন্তরিক আহ্লাদসহকারে প্রকাশ করি সম্প্রতি এখানকার যুবকসম্প্রদায় এই বি ব্রতে দৃঢ়ভাবে ব্রতী হইয়াছেন।

ইঁহাদের প্রথম উদ্যমে মালিপোতায় ডাকের বাক্স স্থাপিত হইয়াছে। এ এইরূপ সুবিধা পূর্ব্বে না থাকাতে যে কত কষ্ট হইত, তাহা বর্ণনাতীত। আসিলে শান্তিপুরের ডাকঘর হইতে কার্য্য নির্ব্বাহ হইত। শান্তিপুর এখান ৫।৬ মাইল অন্তরে স্থিত। যখন গ্রামে ডা থাকিলেও কোন কোন স্থানে পত্রাদি প বিষম গোলযোগ উপস্থিত হয়, তখন এ ব্যবধান হইতে পত্র পাইবার যে কি বি ঘটে, তাহা সহজেই অনুভব করা যায়। দিনের পত্র একত্র না হইলে ডাক ঘর হরকরা আসিত না এবং প্রতি মাশুল পত্রে ৵০ আনা ও বেয়ারিঙ হইলে করিয়া দক্ষিণা না দিলে পত্র পাইবার হইত না। সুতরাং ইহাতে কত বি কত অসুবিধা হইত, তাহা সকলেই

রেন। আবার পত্রাদি ডাকঘরে দিতে হই
ও যাতায়াতে ১০।১২ মাইল না হাঁটিলে
য্য সম্পন্ন হইত না। এইসকল কারণ দর্শা
। মালিপোতায় একটী ডাকঘর সংস্থাপনের
বেদন করা হয়। তদনুসারে ইনস্পেক্টর পোষ্ট
ষ্টার শ্রীযুক্ত বাবু দীনবন্ধু মিত্র মহাশয় এখান
র অবস্থা পরিজ্ঞাত হইয়া একটী ডাকবাক্স
রণের ব্যবস্থা করিয়াছেন। তজ্জন্য আমরা
াকে ধন্যবাদ প্রদান করি, কিন্তু তিনি একটু
স মনোযোগী হইলে ঐ স্থানে একটী স্থায়ী
ঘর স্থাপিত হইতে পারিত। ডাকবাক্স দ্বারা
াবাসীদিগের আশানুরূপ তৃপ্তি জন্মে নাই।
শেষে আমাদের অনুরোধ এই যে, ইনস্পেক্টর
ষ্টমাষ্টর মহাশয় আনুপূর্ব্বিক তদন্ত করিয়া
মেণ্টে এ বিষয়ের বিজ্ঞাপন করিলে একটী
স্থায়ী ডাকঘর হইতে পারে। ঐ স্থান হই
উহার ব্যয় চলিতে পারিবে।

দ্বিতীয়, মালিপোতায় কতিপয় যুবকের
হ ও উৎসাহে অত্যল্প দিবস হইল একটী
জি বাঙ্গালা বিদ্যালয় সংস্থাপিত হইয়াছে
সময়ে যুবকদিগকে দুই একটী কথা বলিয়া
য়া আবশ্যক: যাহাতে স্কুলটী স্থায়ী হয়.
বয়ে একান্ত মনোযোগী হওয়া উচিত।
দের বেতনের হার বৃদ্ধি করিয়া এবং গব
ণ্টের সাহায্য লইয়া ঐ উভয় টাকা হই
যাহাতে স্কুল চলে তাহা করা বিশেষ
য় চাঁদার উপর অধিক নির্ভর করিতে গেলে
লয়ের অবস্থা যে পরিণামে কিরূপ দাঁড়ায়
অনেকেই জ্ঞাত আছেন এবং আমরাও
কার্য্যে ব্রতী থাকিয়া বিশেষ অবগত হই
। এই স্থলে গবর্ণমেণ্টের আর একটি
র দৃষ্টিনিক্ষেপ আবশ্যক হইয়াছে। এ
র জলাশয়গুলির প্রতি নেত্রপাত করিলে
ন্ত কষ্ট হয়। প্রবল মারীভয়ের সময় যখন
ন ইংরাজ ডাক্তর ইহার কারণানুসন্ধিৎসু
এখানে আগমন করেন, তখন জলের বর্ণ
। আপন অশ্বকেও এখানকার কোন পুষ্ক
জলপান করিতে দেন নাই। কিন্তু
য় দুর্ভাগ্য অধিবাসীরা তাহাই পান ও
তই স্নানাদি করিয়া থাকেন। এখানে
কোন অর্থশালী লোক নাই যে ঐ
পুষ্করিণীর রীতিমত সংস্কার করিয়া
পারেন। সুতরাং প্রজাবৎসল গবর্ণমে
পরেই উহা নির্ভর করিতেছে।

৪। ৯ ই বৈশাখ } ভবদীয় বশম্বদ
মা লপোতা বাসিনঃ

মহাশয়। গবর্ণমেণ্টের কতগুল অলস, নির্ব্বোধ, ও কর্ত্তব্যবিমুখ কর্ম্মচারীর দোষে দরিদ্র প্রজাদিগকে যে অকারণ সময়ে সময়ে কষ্ট ও ক্ষতি সহ্য করিতে হয়, তন্নিবারণ চেষ্টাই অদ্য কার প্রস্তাব অবতারণার মূল।

চৌকীদারি টাক্স আদায়ের নিয়ম এই, প্রথমতঃ বিল আইসে, তখন টাকা দিতে না পারিলে একটী দিন অবধারিত হয়। উক্ত দিবসে আদায় না হইলে উহার পর আরও এক বার তাগাদা করা হয়, পরিশেষে সমন আইসে. কিন্তু আমরা ইহার সম্পূর্ণ বিপরীত কার্য্য দেখিতেছি। সে দিন রাজপুর গাজীপুরপ্রভৃতি গ্রামের অধিকাংশ ব্যক্তিকে এক নূতনবিধ নিয়মানুসারে টাক্স দিতে হইয়াছে। ইহাদিগের নিকট বিল পর্য্যন্ত আইসে নাই; কিন্তু এক বারে ওয়ারেণ্ট আসিয়া উপস্থিত হয়, যিনি বিল আদায় করেন. তিনি স্বীয় বাটীতে যাইবার সময় (তাঁহার বাটী এই অঞ্চলে) পথিমধ্যে যাহার সহিত সাক্ষাৎ হইয়াছিল তাহাকে এক বার চক্ষুলজ্জায় টাকার কথা বলিয়াছিলেন মাত্র। কেহ কেহ "অমুক দিন আইস" বলিয়া কড়ার করিলেন কিন্তু বিল আদায়কারী মহাত্মা স্বচ্ছন্দে বাটীতে গিয়া নিদ্রা গেলেন। কিছু দিনপরে আফিসে গিয়া কর্ত্তব্যসাধন হইল বলিয়া বিলগুলি প্রত্যর্পণ করিলেন দিকে প্রজাদিগের নিকটে একবারে ওয়ারেণ্ট আসিয়া উপস্থিত হইল। ইঁহারা কিছুই জানিলেন না। কিন্তু এক্ষণে তাঁহাদিগকে কার্য্যক্ষতি করিয়া স্বয়ং গিয়া বা পয়সা দিয়া অন্য লোকদ্বারা টাক্সের টাকা আফিসে জমা দিয়া আসিতে হইল। কি আশ্চর্য্য! গবর্ণমেণ্ট কি আর ভাল লোক পান না?

১৮ ই এপ্রেল ১৮৬৮ } খ্রীঃ—

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু নবীনকৃষ্ণ পালিত		মেদিনীপুর
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে ৭৬ বৈশাখ		১৩
" " প্রাণকৃষ্ণ কেশ		চোরবাগান
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		১০
" " শিবচন্দ্র সরকার		কীর্ণহার
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ		১৩
" " ধনপতি সিংহ রায়বাহাদুর		জিয়াগঞ্জ
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		১৩
প্যারীমোহন সেন		কটক
১২৭৫ বৈশাখ হইতে আষাঢ়		৩৸
শ্রীযুক্ত বাবু চন্দ্রমোহন গঙ্গোপাধ্যায়		ভব
" মুন্সি তহবর আলী		আলীপুর
শ্রীমতী রাণী শ্যামাসুন্দরী দেবী		শ্রী
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাকম সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। ছণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার অ যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, তাঁ যেন এক অথবা আধ আনার অধিক মু ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রক মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি ক শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে পা ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহার একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ যাইবে। শেষ বারের পত্র রেয়ারিং পা হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ পাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ই করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হইবে যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা ক বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ পু মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের দক্ষি চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্য ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃকা প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ম ভাগ। — ৪৭ — ২৬ সংখ্যা।

"প্রবক্ষ্যন্তাং প্রকৃতিনিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

মূল্য ১ টাকা, অগ্রিম বার্ষিক ১০ অগ্রিম ষাণ্মাসিক ৫॥ টাকা। } সন ১২৭৫ ২৩ এ বৈশাখ। ১৮৬৮ ৪ ঠা মে { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষিক টাকা ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

বিক্রয়ার্থ।

ারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং া বাগান।

ভাড়া দেওয়ার নিমিত্ত।

ারডেন রীচ ২৪ নং বাটী।

উপরিউক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয় ত অথবা ভাড়া লইতে ইচ্ছা করেন, নিম্ন রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবোথনট এবং কোং

—

পুরাণপ্রকাশ।

লিকাতা মুজাপুর আমহাউসের দক্ষিণ প্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনামক সাম পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড করিয়া শ হইতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের াণ ৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রমশঃ অষ্টা পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসমেত টিত করিবার কল্পনা আছে। প্রথমতঃ বিষ্ণু- অনুবাদ ও শ্রীধরগোস্বামিকৃত টীকা সমেত ত হইতেছে; আগামী ১ লা বৈশাখ বিতরণ স্ত হইবে। যিনি ইহার গ্রাহক হইতে অভি হন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে ার নিকট পত্র ডাকমাশুল ও প্রতিখণ্ডের অগ্রিম ॥০ আট আনা করিয়া পাঠাইবেন। ারা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহা নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ এক টাকা বিক্রয় করা যাইবে।

ই চৈত্র ২৭৪। } শ্রী জগন্মোহন শর্ম্মা।

—

সংস্কৃত মেদিনীকোষ দুরূহ শব্দের টীকা- ত উত্তম নাগরাক্ষরে যত্নপূর্ব্বক মুদ্রিত হই তেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, তাঁহা ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত বাবু সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪ সংস্কৃত বিদ্যালয়। } শ্রীজগন্মোহন শর্ম্মা

—:০:—

অভিধান।

শব্দাম্বুধি	২॥০
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দসিন্ধু	২
শব্দার্থমুক্তাবলী	৭
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	৩
প্রকৃতিবাদ	৫

সংস্কৃত পুস্তক

রঘুবংশ সটীক	৮
উত্তর নৈষধচরিত	৭॥০
ভট্টিকাব্য	৪০
অষ্টাবিংশতি তত্ত্ব	৩৭
দশরূপক	১৸৵

কলিকাতা কর্ণওয়ালিস ষ্ট্রিট ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায় পুস্তকবিক্রেতা।

—০—

নিম্নলিখিত সংস্কৃত পুস্তকদ্বয় দেবনাগরাক্ষরে মুদ্রিত ও প্রকাশিত হইল। মাসত্রয়মধ্যে গ্রহণ করিলে নিম্নলিখিত মূল্যে প্রাপ্ত হইবে।

কালিদাসকৃত কুমারসম্ভব উত্তর খণ্ড সম্পূর্ণ মূলমাত্র মূল্য ॥০ আট আনা।

ভারবিকৃত কিরাতার্জ্জুনীয় সম্পূর্ণ মূলমাত্র মূল্য ॥০ আট আনা।

কলিকাতা সংবাদ জ্ঞানরত্নাকর যন্ত্র নিম ষ্ট্রিট ৩২ সংখ্যক ভবন।

১৪ ই বৈশাখ ১২৭৫। } শ্রীভুবনচন্দ্র বসা

—০—

কলিকাতা সংস্কৃত লাইব্রেরী ও ক ষ্ট্রিট ১১ সংখ্যক ভবনে শ্রীযুক্ত রবদা মজুমদারের পুস্তকালয়ে, শ্রীযুক্ত বাবু দে কুমার রায় চৌধুরীপ্রণীত "তত্ত্বপ্রব বিক্রীত হইতেছে।

বারুইপুর ৫ ই চৈত্র ১২৭৪। } শ্রীরাজমোহন ব অধ্যক্ষ।

—:০:—

সোমপ্রকাশযন্ত্রালয়ে কেস ও ফ্রেম নানাপ্রকার দেবনাগর অক্ষর বিক্রয়ার্থ ষাঁহার প্রয়োজন হয়, তিনি কলিকাতা স কালেজে শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূ নিকটে অনুসন্ধান করিলে বিশেষ জানিতে পারিবেন।

—

রাণীগঞ্জ পটারি কো লিমিটেড।

মেজিয়া কবরার্থ সুচিকণ টাইল। ঐ কোম্পানির মিসনরোস্থিত ৬ নং উহার নমুনা দেখিতে পাওয়া যায় এব কাহার প্রয়োজন হয় ঐ আফিসে অনুম পাঠাইয়া দিবেন।

—

নলদময়ন্তী নাটক যাহা ষ্টানকো যন্ত্রিত বিক্রয়ার্থ প্রস্তুত; মূ ১

কলিকাতা যোড়াসাঁকো ৬৪ নং } শ্রী প্রভা

ঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
ড়ি মোড় ব্রাদার্সের কোম্পানির দোকানে মৎ
ও মধ্যে মিত নিম্নলিখিত পুস্তকগুলি
হইতেছে।—

	মূল্য
ভাগ	১ টাকা
ভাগ	১ ”
ব্যাকরণ	।০
(ম ভাগ)	৶
(য় ভাগ)	৶
ব্যাকরণ	৸

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

——:০:——

পার্থপ্রচারিণীনামে এক খানি সুবিস্তীর্ণ
ান, যাহাতে প্রাকৃত ও সাধনিক শব্দ
কল শব্দেরই লিঙ্গভেদ ও ধাতুর উত্তর
ও শব্দের উত্তর তদ্ধিত এবং উণাদি
হইতে নানাবিধ প্রত্যয়নিষ্পন্ন প্রায় ৭৫,
হাজার শব্দ সংগ্রহপূর্ব্বক ৮৬৮ পৃষ্ঠায়
হইয়াছে, যাঁহাদিগের প্রয়োজন হইবে,
া বটতলা ২৪২ নং পুস্তকালয়ে ও জোড়া
৬৪ নং শ্রীপ্রতাপচন্দ্র রায়ের নিকট
ান করিলে প্রাপ্ত হইবেন। মূল্য ৩
ডাকমাসুল ।৶ আনা। যদি কেহ এক
কাপী লন তবে তাহাকে ১৫ টাকা
ব কমিসন দেওয়া যাইবে।

বিক্রেতা শ্রীইন্দ্রনারায়ণ ঘোষ।

——:০:——

নদিয়ার নদী।

১৮৬৮ সালের এপ্রেল মাসের ১৪ ই হইতে
এ পর্য্যন্ত ভাগীরথীনদীর নদীয়ার
জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফুট	ইঞ্চি
র উপর পর্য্যন্ত	২০	০
ম	১১	৩
হইতে জঙ্গিপুর (১৩॥ মাইলের মধ্যে	৩	—”
র হইতে বহরমপুর (৪৬ মাইল) মধ্যে	১	৬
হইতে কাটওয়া (৫০ মাইল) মধ্যে	৩	—”
হইতে নদীয়া পর্য্যন্ত (৫৬ মাইলের মধ্যে	৩	৯

৮ই ১৪ এ এপ্রেল তারিখে বহরমপুর

গঙ্গাঘাটের জলের মাপ * ফিট ইঞ্চি ৩—০

বহরমপুর
২৫ এ এপ্রেল
১৮৬৮।

এক জেকিউটিব
ইঞ্জিনিয়র বহর
মপুর ডিবিসন

সোমপ্রকাশ।

১৩ এ বৈশাখ সোমবার।

গুরুট্রেণিঙ ইনস্পেক্টরদিগের স্বাধীনতালোপচেষ্টা।

সচরাচর মানুষের এই স্বভাব দেখিতে পাওয়া যায়, যাঁহার যে গুণ থাকে, তিনি যদি অন্য ব্যক্তিতে সেই গুণ দেখিতে পান, যার পর নাই আহ্লাদিত হন এবং সেই গুণের উন্নতিসাধনবিষয়ে সবিশেষ যত্নবান হইয়া থাকেন। কিন্তু ভারত বাসস্থ ইংরাজদিগের অধিকাংশের ইহার বিপরীত স্বভাব দৃষ্ট হইতেছে। তাঁহারা স্বাধীন দেশজাত ও স্বাধীনতা প্রিয় হইয়াও অন্য ব্যক্তিতে স্বাধীনভাব দেখিতে পারেন না। এদেশীয় রাজাদিগের স্বাধীনতা তাঁহাদিগের চক্ষুঃশূল হইয়াছে। এদেশীয়েরা যদি সিবিল সর্ব্বাণ্ট পদ প্রাপ্ত হন, তাঁহাদিগকে অনেক কাজ স্বাধীনভাবে করিতে দিতে হইবে: এই ভয়ে উক্ত মহাপুরুষেরা প্রাণপণে সিবিল সর্ব্বিসের দ্বারোধের চেষ্টা পাইতেছেন। যে দুই একটী পদে এদেশীয়দিগের কিঞ্চিৎ স্বাধীনতাগন্ধ আছে, তাহারও সোপচেষ্টা আরম্ভ হইয়াছে। আমরা শুনিয়া দুঃখিত ও বিস্মিত হইলাম, বাঙ্গলা ভাষার উন্নতিসাধনার্থ যে দুই জন গুরুট্রেণিঙ ইনস্পেক্টর নিয়োজিত হইয়াছেন, যাঁহারা এত দিন স্বাধীন ভাবে ও সুন্দররূপে কাজ করিয়া আসিতেছেন, আজি কালি তাঁহাদিগকে ইংরাজ ইনস্পেক্টরদিগের অধীন করিবার প্রস্তাব চলিয়াছে। এটি অদ্ভুত প্রস্তাব। ইহাদ্বারা রাজপদসম্বন্ধে স্বাধীনতালিপ্সু বাঙ্গালিদিগকে কেবল যে ভগ্নোৎসাহ করা হইবে এরূপ নয়, ভূদেব মুখোপাধ্যায় ও কাশীকান্ত মু পাধ্যায় হইতে গুরুট্রেণিঙ স্কুলের কিছু কাজ হইতেছিল, তাহারও বন্ধ জন্মিবে। সাহেবেরা সর্ব্বজ্ঞ বলিয়া মান করেন; কিন্তু আমাদিগের সে অভিমানের প্রকৃত কারণ নাই। বেরা বাঙ্গলা ভাষায় অনভিজ্ঞ, এদে লোকের মনের ভাবপ্রভৃতিও অ নহেন। অতএব তাঁহারা যে এ দে অবস্থাজ্ঞ ও ভাষাজ্ঞ, ব্যক্তিদি অপেক্ষা উৎকৃষ্টরূপে কার্য্য সম্প করিতে পারিবেন, তাহা কোন ক্রমে বিতনহে। আমরা জানি, অনেক মি বাঙ্গলাবিদ্যালয় কেবল মিসনরি বন্দোবস্তের দোষে শ্রীভ্রষ্ট হইয়া অ হইয়া আছে, কোন কোনটী বা উ গিয়াছে। গুরুট্রেণিঙ ইনস্পেক্টদি ইংরাজ ইনস্পেক্টরদিগের অধীন ব রাখিলে গুরুট্রেণিঙ পাঠশালাগু উন্নতিপথ রুদ্ধ হইবে। আমরা যে এই কহিতেছি, তাহার আর একটী কারণ অনেকের এরূপ স্বভাব আছে, তাঁ স্বাধীন অবস্থায় কার্য্যে যেরূপ দ এবং বুদ্ধি ও ক্ষমতার পরিচয় পারেন, পরাধীন হইলে সেরূপ প না। পরাধীন হইলে বোধ হয় যেন দিগের বুদ্ধিবিদ্যাপ্রভৃতি সমুদায় হইয়া যায়। ভূদেব ও কাশী বা সেই দলের হন, তাঁহারা এক্ষ ক্ষমতাপ্রদর্শন করিতেছেন, হইলে কোন ক্রমেই তাহা দেখ পারিবেন না।

কি নিমিত্তই বা এরূপ প্রস্তাব তাহাও ত আমরা বুঝিতে পারি না। শুনিলাম, গুরুট্রেণিঙ এক্ষণে যেরূপ ব্যয় হইতেছে, ত সেইরূপ হইবে; এখন যেরূপ কা তেছে, তখনও সেই রূপে চলিবে।

—৫১—

উপসর্গ কেন ? যে কিছু কাজ হইতে
ন, তাহার ব্যাঘাত করা কেন ?
ারা কি অসঙ্গত ও অপরিমিত ব্যয়
ন ? তাহার ত একটী নিয়ম করিয়া
লই চলিতে পারে। ডিরেক্টরও ত
র্ময় শাস্তা আছেন। তবে এ কাণ্ড
হইতেছে কারণ কি ?

ও দিকে লার্ড বিশপ ও লণ্ড সাহেব
তি বাঙ্গলা ভাষার উন্নতিচেষ্টা
তেছেন, এ দিকে বাঙ্গালিদ্বেষী মহো
রা বাঙ্গালিদিগের যে কিছু স্বাধী-
আছে, তাহার বিলোপচেষ্টা পাই
ছন ; কিন্তু এ উভয় চেষ্টা পরস্পর-
াধিনী। যাঁহারা বাঙ্গালিদিগের স্বাধী
লোপচেষ্টা করিতেছেন, তাঁহারা
বুঝিতে পারিতেছেন না যে,
লা ভাষার যত উন্নতিচেষ্টা করা
, উন্নতির যত পথ আবিষ্কৃত করা
, যত সদুপায় সংবিধান করা হউক,
২ বলপরিমাণে বাঙ্গালিদিগকে
নতা প্রদত্ত না হইবে, তাবৎ সে
য় চেষ্টা ফলোপধায়িনী হইবে না।
হাস যদি প্রমাণ হয়, স্পষ্টাক্ষরে
তে পারা যায়, কোন জাতিরই পরা
বস্থায় ভাষার সম্যক্ উন্নতি হয় নাই।
ত ইহাই প্রতীয়মান হইবে, যে
র স্বাধীন কালে ভাষার যে
ত হইয়াছিল, পরাধীনতাকালে তাহা
র্ত হইয়াগিয়াছে। বিজ্ঞ ব্যক্তিরা
ময়ে যে অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন,
এ স্থলে উদ্ধৃত করিয়া দেওয়া যাই
।

াধীনতাদ্বারা কি কি ফল উৎ
ত হয়, সর্ব্বাগ্রে তাহা বর্ণিত
ছে। "স্বাধীনতা বাণিজ্যের
ত; ধনের প্রসূতি; জ্ঞানের প্রসূতি ও
ক সদ্গুণের প্রসূতি। (১)" যে
র লোকের কোন বিষয়ে স্বাধীন ভাব
নাই, তথায় প্রায় অসামান্য বুদ্ধি বিদ্যা
ও ক্ষমতাসম্পন্ন লোক জন্মগ্রহণ করেন
না। তাদৃশ অধিকসংখ্যক লোকের জন্ম
পরিগ্রহ ব্যতিরেকে ভাষার উন্নতি
লাভ সম্ভাবিত নহে। এক জন ইতিহাস
লেখক কহিয়াছেন, "গ্রীকদিগের একটী
কথা আছে, (২) মানুষের ভাষা
মানুষের জীবনের সদৃশ। এই বাক্যটী
রোমের ইতিহাসদ্বারা সমর্থিত হইয়াছে।
লাটিন ভাষার যে বিকার উপস্থিত হয়,
তাহা ঐ জাতি যে আলস্য ও অবসাদে
মগ্ন হয়, তাহার অবশ্যম্ভাবী ফল।
সাম্রাজ্যের প্রথম আরম্ভে ঐ জাতির
মাতৃভাষার অনুশীলন উপেক্ষিত এবং
গ্রীকভাষা বিলাসী ব্যক্তিদিগের আদৃত
হয়। উহাঁরা গ্রীকশিক্ষকদিগের দ্বারা
নিজ নিজ সন্তানের শিক্ষাকার্য্য সম্পাদন
করেন। নানা দিগ্‌দেশ হইতে যে অধি
কসংখ্য দাস ও বিদেশীয় ব্যক্তি রোমে
আগমন করে, তাহারা এই ভাষাবিকারের
প্রতি অল্প সাহায্য করে নাই। ভাষার
যে প্রসাদ গুণ ছিল, তাহা অন্তর্হিত
হইয়া যায় এবং লোককে সমুত্তেজিত করি
বার আশয়ে লিখিবার ও বক্তৃতা করি
বার ইচ্ছা জন্মিবাতে কেবল কতকগুলি
আড়ম্বরপূর্ণ অসার শব্দের সৃষ্টি হয়।
আমরা নিরোর সময়ে ঐ সকল শব্দের
সৃষ্টি দেখিতে পাই।"

"অগষ্টসের রাজত্বকালে রোমক-
দিগের সাহিত্য বিদ্যার উন্নতির পরা
কাষ্ঠা হয় ; কিন্তু তাঁহার মৃত্যুর পূর্ব্বেই
উহার হ্রাস হইতে আরম্ভ হয়। সাম্রাজ্য
সংস্থাপিত হওয়াতে স্বাধীন প্রকার
বক্তৃতাশক্তির শেষ হইয়া যায়, তদবধি
বাগ্মিতা কেবল অন্ত্যেষ্টিক্রিয়া ও প্রশংসা
দিতে পর্য্যবসিত হয়। টাইবিরিয়সের
সিংহাসনে আরোহণের সঙ্গে সঙ্গে
সাহিত্যশাস্ত্রের উন্নতির অবস্থা হ্রাস
হইয়া আইসে। রুচিবিপর্য্যয় ঘ
হয় ; এ দিকে শাসনকর্ত্তার অত
ওদিকে প্রজাদিগের ধর্ম্মনীতি
বুদ্ধিবৃত্তির উদয় পথ রুদ্ধ করিয়া
পুস্তকালয় ও বিদ্যালয় স্থাপন ও
ভুক্ শিক্ষকনিয়োগদ্বারা উহার সং
ধন হইল না।"

রোমে যখন সাধারণতন্ত্র প্রচ
ছিল, তখন লাটিন ভাষার বি
উন্নতি হইয়াছিল। অনন্তর সা
তন্ত্রের যেমন লোপ হইল, অমনি ভ
রও ক্ষয়দশা উপস্থিত হইল। এত
স্পষ্টপ্রতীয়মান হইতেছে, বাঙ্গলা ভ
উন্নতি বাঙ্গালিদিগের স্বাধীনতাসা
অতএব আমাদিগের বক্তব্য
যাঁহারা বাঙ্গলা ভাষার উন্নতি
নের আকাঙ্ক্ষা করেন, তাঁহাদি
কর্ত্তব্য, বাঙ্গালিদিগের যে অংশে
কিছু স্বাধীনতা আছে, তাহার
চেষ্টা না করিয়া যত দূর সম্ভব স্বাধী
প্রদানে যত্নবান হন। বাঙ্গালিদি
দীর্ঘ কালের পরাধীনতাই কি ইহ
গের আলস্য ও অবসাদের অন
প্রধান কারণ নয় ?

—:০:—

স্থানীয় কর হইতে পুলিসের ব্যয়
করা উচিত কি না।

এ দেশে যত প্রকার মিউনিসি
আইন হইয়াছে, তাহার একটীতে
যে সর্ব্বসাধারণে সন্তুষ্ট নহেন,
বারংবার প্রকাশিত হইয়াছে। মি
নিসিপালিটীসমূহের কার্য্য ও কর
পালী কিছুতেই লোকের সন্তোষজ
করিতে পারিতেছে না। এই অসন্ত
ষের যুক্তিসিদ্ধ কারণ আছে। স্থা
কর যে প্রয়োজনীয়, তাহা সক
কেই স্বীকার করিতে হইবে। ঐ
প্রদান করিতেও লোকের তত অসন্ত
জন্মে না ; কিন্তু করস্থাপন, আ

(১) সর জেম্‌স ম্যাকিন্টসের স্পীচ।

(২) লেয়নার্ড স্মিজপ্রণীত রোম ইতিহাস।

—৫২—

াদায়ের পর ব্যয়ের প্রণালীই
কর নিতান্ত অসুখকর হইতেছে।
নিসিপালিটিগমূহ স্থানীয় কর্ম্মচারী
ধামাধরামাত্র। তাঁহাদিগকে
ত টাকা সংগ্রহ করিতে বলা
তাহা করিলেই তাঁহাদিগের
শেষ হয়। তাহাঁরা যথেচ্ছা-
হইয়া সঙ্গতি অসঙ্গতি বিবেচনা
াই করস্থাপন করেন। এই কর
ের সময়েও আবার অতিশয় অত্যা
হয়। মিউনিসিপাল করে যত টাকা
য় হয়, দরিদ্রগণকে পূর্ব্ব সংগ্রাহকদি
তাহার তুল্যপরিমাণ টাকা দিতে হয়।
নিসিপালকরের ব্যয়নির্ব্বহনই লোকের
পেক্ষা অধিক অসন্তোষ হইতেছে।
ক যে টাকা দেন, তাহার সহ
দেখিলে তত দুঃখিত হন না।
মিউনিসিপাল করের ব্যয় সেরূপ
তেছে না। যেমন ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট
রিক্ত সৈনিকদিগের ব্যয়ভার ভার
ীয় স্কন্ধে নিক্ষেপ করিয়া ইংলণ্ডের
ব্যয়ের সমতা রক্ষা করেন, সেই
র ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট পুলিষের
স্থানীয় করদাতার স্কন্ধে নিক্ষেপ করি
ন। সকল স্থানেই স্থানীয় কর পুলিষে
শিত হইতেছে। এইটী সাধার
অসন্তোষের প্রধান কারণ হইয়াছে
বিদেশীয় শত্রুর আক্রমণ নিবারণ
ত যে প্রকার সৈন্য আবশ্যক, সেই
র অভ্যন্তরীণ শান্তিরক্ষার নিমিত্ত
ের প্রয়োজন হইতেছে। লোকে নিরা
আপন আপন জীবন ও সম্পত্তি
করিতে পারেন এবং কোন ব্যক্তি
র্ব্বক তাঁহাদিগকে তাহা হইতে
ত করিতে সমর্থ না হয়, এই নিমি
পুলিষের সৃষ্টি হইয়াছে। বিদেশীয়
ন আক্রমণের ন্যায় চোর, ডাকাইত
দস্যুসংঘের হইতে দেশবাসীদি
রক্ষা করা রাজকীয় গবর্ণমেণ্টের
অবশ্য কর্ত্তব্য কর্ম্ম। কিন্তু যেমন সৈনিক
ব্যয় স্থানীয় কর হইতে করা সঙ্গত
হয় না, তদ্রূপ পুলিষের ব্যয়ও স্থানীয়
কর হইতে করা বিধেয় নহে। যে কর
দ্বারা লোকের মূল ধন ক্ষয় হয়, তাহা
পরিত্যাগ করাই কর্ত্তব্য। ভারতবর্ষীয়
গবর্ণমেণ্ট যখন জমীদার ও গবর্ণমেণ্টের
কাগজের অধিকারীদিগকে লাইসেন্স
কর হইতে মুক্ত করেন, তখন এই মূল
নিয়ম স্বীকার করিয়াছেন। বণিক্‌গণ
যেমন লাইসেন্স কর দিতেছেন, তেমন
তাঁহাদিগের জাহাজ ও দ্রব্যাদি রক্ষার্থ
চতুর্দ্দিগে প্রহরী ও সমুদ্রে রণতরি রহি
য়াছে। তদর্থ তাঁহাদিগের নিজের ব্যয়
হইতেছে না। ইংলণ্ডে দরিদ্রদিগের
নিমিত্ত স্বতন্ত্র কর আদায় হয়। আপা
ততঃ ইহাকে এক প্রকার ক্ষতি
বলিয়া বোধ হয়; কিন্তু বিশেষ বিবেচনা
করিয়া দেখিলে ইহাতে লাভ আছে।
প্রত্যহ ৫। ৭ জনকে ভিক্ষা দিতে হইলে
অনেক পড়িয়া যায়; কিন্তু এক বার কর
দিলে আর সেই অতিরিক্ত ব্যয় করিতে
হয় না; অনাথগণ দ্বারে দ্বারে না
ফিরিয়া গ্রামস্থ অতিথিশালাতেই গমন
করে এই প্রকার যে কর দিয়া প্রজার
লাভ হয়, তাহাই যথার্থ যুক্তিসিদ্ধ কর।
কিন্তু যাহাতে লাভ নাই, সেরূপ কর
স্থানে কেবল লোকের আর কমা
ইয়া তাঁহাদিগকে দরিদ্র করা হয় মাত্র।

উত্তরাধিকারের করও এই শ্রেণিভুক্ত।
এক ব্যক্তি পিতার মৃত্যুর পর এক লক্ষ
টাকা পাইলেন। গবর্ণমেণ্ট তাহার শত
করা পাঁচ টাকা কর লওয়াতে উহা হইতে
৫০০০ টাকা কমিয়া গেল। আবার কয়েক
মাসের পর তাঁহার মৃত্যু হওয়াতে তদীয়
পুত্র উত্তরাধিকারী হইলেন, তাঁহাকেও
ঐ প্রকার কর দিতে হইল। এইরূপে
কয়েক জন উত্তরাধিকারী হইলেই সম্পত্তি
নিঃশেষিত হইয়া গেল। স্থানীয় কর
হইতে পুলিষের কর প্রদানও ঐ প্রক
স্থানীয় করের অধিকাংশই বাটী হই
আদায় হয়। সকলেই অবগত আছে
কয়েকটী প্রধান নগরভিন্ন এ দেশে
প্রায় কোন স্থানের লোকেই বাটী ভ
দিয়া দিনাতিপাত করেন না। ভারত
বাসীমাত্রেই সর্ব্বাগ্রে নিজের একখ
বাটী করেন। ইংলণ্ডের অধিকা
লোকে যেমন ভাড়াটিয়া থাকেন, এ
সেরূপ প্রথা নাই। মফস্বলে প্রত্যে
ব্যক্তির পৃথক ভদ্রাসন আছে। যাঁ
ইহা নাই, লোকে তাঁহাকে লক্ষ্মীছ
বলিয়া ঘৃণা করে। এইসকল বা
বাৎসরিক ভাড়া ধরিয়া কর আদায়
এই করের অর্থ এই হইতেছে, যে প্র
ব্যক্তি বাটীর মূল্যের কিয়দংশ সাধ
গের উপকারার্থ প্রদান করেন। ইহ
কোন আপত্তি হইতে পারে
কিন্তু আমরা যখন ঐ কর দিতে
তখন তাহার সঙ্গে সঙ্গে আমাদি
লাভ প্রদর্শন করা কর্ত্তব্য। শান্তি
সে লাভ নহে। কোন দস্যু বা
গৃহের দ্বার বা ইট মস্তকে করিয়া ল
যায় না। তবে কিসে লাভ হইতে পা
যদি এই কর গ্রাম ও নগরের শো
বৃদ্ধি ও নর্দ্দমা পরিষ্কারপ্রভৃতি
সাধারণ স্বাস্থ্যরক্ষার্থ ব্যয়িত হয়, ত
হইলে লোকে লাভজ্ঞান করেন। ব
পীড়া হইলে চিকিৎসার নিমিত্ত অ
ব্যয় হয়। যদি করপ্রদাননিবন্ধন প
কমিয়া যায়, তাহা হইলে এক বিষয়ে
বাঁচিয়া গেল, ফলতঃ গ্রাম ও নগ
শোভাবৃদ্ধি ও স্বাস্থ্যরক্ষাই সমু
স্থানীয় করের প্রধান উদ্দেশ্য।
বের জন্য স্থানীয় কর ব্যয় ক
কি এ উদ্দেশ্য সাধিত হয়? গবর্ণ
লাইসেন্স কর লইতেছেন; নানাবিধ
লইতেছেন; সম্পত্তির মকদ্দমার নি
ষ্টাম্প কর লইতেছেন; চিরস্থায়ী ব

বস্তের সময়ে পুলিষের জন্য পৃথক শত করা এক টাকা কর লইতেছেন; তথাপি স্থানীয় কর হইতে পুলিষের ব্যয় নির্ব্বাহ চেষ্টা পাওয়া কেন ?

সর ষ্টাফোর্ড নর্থ কোট ও এতদ্দে-

শীয় কর্ম্মচারিগণ।

গত ১৯ এ আগষ্ট গবর্ণর জেনেরল এতদ্দেশীয়দিগকে শাসনসম্বন্ধে উচ্চতর দ দিবার যে প্রস্তাব করেন, সম্প্রতি র ষ্টাফোর্ড নর্থ কোট তদ্বিষয়ে এক ত্র লিখিয়াছেন। সর জন লরেন্স যখন ই প্রস্তাব করেন, তখন সর্ব্ব সাধারণে াহাতে দুটী দোষ দর্শন করিয়াছিলেন। থম, তিনি কেবল নিয়মবহির্ভূত প্রদে র কর্ম্মচারীদিগের প্রতিই দৃষ্টিপাত করি ছিলেন। দ্বিতীয়, তিনি বলিয়াছিলেন, াধীন ইউরোপীয়দিগের সহিত ব্যবহার রা ভারতবর্ষীয়দিগের পক্ষে সহজ নহে। তএব যেসকল স্থানে ইউরোপীয় অধি- সী বা ভ্রমণকারীর সংখ্যা অধিক, খানে যেন এতদ্দেশীয় কর্ম্মচারী না কেন। সর জন লরেন্সের এই বাক্য র। স্পষ্ট প্রতীয়মান হইতেছে যে, শলক্রমে এদেশীয়দিগকে উচ্চপদ ত বঞ্চিত রাখাই তাঁহার অভিপ্রেত। দেশে বাণিজ্যবৃদ্ধির সহিত ক্রমশঃ রোপীয়দিগের সংখ্যাবৃদ্ধি হইবে; রাং যেমন ইউরোপীয়েরা অগ্রসর ত থাকিবেন, এতদ্দেশীয় কর্ম্মচারি ক তেমনি ক্রমশঃ বন্য ও পর্ব্বতীয় শে গমন করিতে হইবে। পরিশেষে দিগের আর কোন উচ্চপদলাভের বনা থাকিবে না। রাজনীতি য় ইউরোপীয়দিগের সহিত এত ীয়দিগের সমান ক্ষমতা হয়, তার য় গবর্ণমেণ্ট প্রায় ২৫ বৎসরকাল চেষ্টা পাইয়া আসিতেছিলেন;

—৫৩—

কিন্তু এক্ষণে সর জন লরেন্স শাসনকর্ত্তা হইয়া তাহার বিপ্লাবনে উদ্যত হইয়াছেন।

যাহা হউক, এক্ষণে তাঁহার এই সকল অসঙ্গত অভিপ্রায় যে সিদ্ধ হইবে না, তাহার লক্ষণ লক্ষিত হইতেছে। গবর্ণর জেনরলের ১৯ এ আগষ্টের প্রস্তাব সম্বন্ধে সর ষ্টাফোর্ড নর্থ কোট যে পত্র লিখিয়াছেন, তদ্দ্বারা উহার প্রতি এক অংশে সাক্ষাৎসম্বন্ধে অপর অংশে ইঙ্গিতে দোষারোপ করা হইয়াছে। উপযুক্ত ভারতবর্ষীয়দিগকে উচ্চতর পদ প্রদান করা উচিত বলিয়া সর জন লরেন্স যে স্বীকার করিয়াছেন, তাহাতে সর ষ্টাফোর্ড নর্থ কোট আহ্লাদিত হইয়াছেন। তিনি বলেন, "এই প্রস্তাবটী দ্বারা উৎকর্ষের দিকে অগ্রসর হওয়া হইয়াছে; কিন্তু আমার মতে কেবল নিয়মবহির্ভূত প্রদেশে ভারতবর্ষীয়দিগকে উচ্চ পদ প্রদানের নিয়ম করিলেই পর্য্যাপ্ত হইবে না; নিয়মান্তর্গত প্রদেশেও এতদনুসারে কাজ করিবার অনেক পথ আছে। আইনে নির্দ্ধারিত হইয়াছে, যাঁহারা প্রতিযোগিতার পরীক্ষা দিয়া উত্তীর্ণ হন, তাঁহারাই শাসনের গুরুতর কার্য্যভার পাইবেন; কিন্তু কার্য্যতঃ তাহা হইতেছে না। যেসকল পদ কেবল সিবিলিয়ানদিগের নিমিত্ত রহিয়াছে, তাহার সমান বেতনের কতক গুলি অচিহ্নিত পদ আছে। এ গুলির উপরে ইউরোপীয়দিগের অপেক্ষা ভারতবর্ষীয়দিগের অধিকতর স্বত্ব আছে; তবে এপর্য্যন্ত এই শেষোক্ত পদগুলি কেবল ইউরোপীয়দিগকেই দেওয়া হইতেছে কেন? ইউরোপীয়েরা যতই উপযুক্ত হউন না কেন, তাঁহারা ত রীতিমত পরীক্ষা দিয়া ঐ সকল কাজ প্রাপ্ত হন নাই। এ গুলিতে ভারতবর্ষীয়দিগের ন্যায় ইউরোপীয়দিগের যে স্বাভাবিক স্বত্ব নাই, তাহা অবশ্যই স্বীকার করিতে হইবে; সুতরাং তাঁহারা কোন ক্রমেই

বাসীদিগকে সেই স্বত্ব হইতে করিতে সমর্থ নহেন। এক্ষণে যে ইউরোপীয় এইসকল উচ্চতর প পদে রহিয়াছেন, তাঁহাদিগের প্রতি যথোচিত অনুগ্রহ প্রদর্শন করা তদ্বিষয়ে সন্দেহ নাই, কিন্তু উপযু সচ্চরিত্র ভারতবর্ষীয়গণ যে ভবি কেন এইসকল পদ পাইবেন না, তাহার কোন যুক্তিসিদ্ধ কারণ করিতেছি না। অতএব আমি আশা মহাশয় নিয়মবহির্ভূত প্রদেশের নিয়মান্তর্গত প্রদেশেও ভারতব দিগকে উচ্চতর পদ প্রদান করিবেন

সর ষ্টাফোর্ড নর্থ কোটের এই দ্বারা দুটী অভিপ্রায় প্রকাশ করা য়াছে। প্রথম, সর জন লরেন্স জাতি করিয়া যে কার্য্যপ্রণালী অবলম্বন ক তাহা পরিত্যাগ করিতে বলা হইয়াছে দ্বিতীয়, তিনি নিয়মান্তর্গত প্র সমূহের এতদ্দেশীয় বিচারপতিদি কিঞ্চিৎ বেতনবৃদ্ধি করাই যে উন্ন পরা কাষ্ঠা স্থির করেন, তাহা স্প রূপে অবিচার বলিয়া উল্লেখ হইয়াছে। বোম্বাইয়ের ভূতপূর্ব্ব প্র বিচারপতি সর আরস্কিন পেরি এ ভূতপূর্ব্ব শাসনকর্ত্তা সর রবার্ট ফি ও গবর্ণর জেনরলের উক্ত রাজনী প্রতি দোষারোপ করিয়াছেন। ভার বর্ষস্থ ইউরোপীয়দিগের এতদ্দেশী বিচারপতির নিকটে বিচার হ এ ইচ্ছা নাই। যদি অনুধাবন করি দেখা যায় এই অনিচ্ছাটী কুসংস্কা ও জাতিবৈরমূলক প্রতীয়মান হইবে সন্দেহ নাই। অতএব শাসনকর্ত্তা এই কুসংস্কারের উত্তেজনার্থ রাজ নীতিপরিবর্ত্ত করা নিতান্ত অন্যায় যদি ভারতবর্ষ কয়েক জন ইউরো ব্যবসায়ী ও ইংরাজ কর্ম্মচারীর পৈতৃ খাস তালুক হইত; যদি তাঁহাদিগে

...ঞ্জনই এদেশশাসনের এক মাত্র ...্য হইল; তাহা হইলে সর জন লরে... প্রস্তাব যুক্তিসঙ্গত হইত সন্দেহ ... যেসকল ইংরাজ ফ্রান্স আমে... ইটেড ষ্টেটে থাকিয়া ধনোপায় ... তাঁহারা কি বলিতে পারেন, ...নে তাঁহাদিগের সংখ্যা অধিক ...নে ফরাশী ও আ... নিবার ... থাকিতে পারিবেন না; ভারতবর্ষ ...ণ্ডের অধীন বটে; কিন্তু শাসন ও ...রসম্বন্ধে যেসকল ইংরাজ এ দেশে ...সবেন, তাঁহাদিগকে এদেশের কার্য্য ...লীর অধীন হইতে হইবে। ...দ্দেশীয়দিগকে শাসন ও বিচার ...ন্ধ প্রধান পদ প্রদান করাই গবর্ণমে... ...র উচিত রাজনীতি। যেসকল ইউ... ...পীয়ের এতদ্দেশীয় বিচারপতির ...টে অপরাধের বিচার হইবার অনিচ্ছা ... তাঁহারা অচিরাৎ ভারতবর্ষ পরি... ...গ করুন। ঐ সকল অপদার্থ ব্যক্তির ...ংস্কার,নিবন্ধন কি আমাদিগের ...তিসাধারণ স্বত্বের লোপ হইবে? ...দ্যাশিক্ষা ও ডাক ঘরপ্রভৃতিতে ...তকগুলি করিয়া উচ্চ বেতনের পদ ...ছে; কিন্তু প্রায় কোন এতদ্দেশী ...কেই তাহাতে নিযুক্ত করা হইতেছে ...। কোন্ এতদ্দেশীয় এপর্য্যন্ত ডিপার্ট... ...র ডিরেক্টর হইয়াছেন? এক জন সামান্য ...উরোপীয় সার্জ্জেণ্ট অনায়াসে একজি... ...কউটিব ইঞ্জিনিয়র হইতেছেন। কিন্তু ...শ, শিক্ষা, ভদ্রতাপ্রভৃতি সকল বিষয়ে ...ক্লেষ্ট হইয়াও এক জন এতদ্দেশীয় সে ...ও পাইতেছেন না! এক জন এতদ্দেশীয় ...ভানীয় গবর্ণমেণ্টের পোষ্ট মাষ্টার জেন... ...রল হইলে দুই মাসের মধ্যে পত্রচুরি ...বন্ধ হয়। কিন্তু কেবল গবর্ণমেণ্টের কুসং ...স্কারনিবন্ধন কোন এতদ্দেশীয়ই এই ...পদ পাইতেছেন না! গবর্ণমেণ্টের আফিস সমূহের রেজিষ্টরের পদে যেসকল ফরিঙ্গি ও ইউরোপীয় নিযুক্ত থাকেন, তাঁহারা প্রায়ই অশিক্ষিত সাক্ষী গোপাল মাত্র; ঐসকল আফিসের যে কিছুই কাজ তাহা এতদ্দেশীয় কেরাণীদিগের দ্বারাই সম্পাদিত হয়। তথাপি এদেশীয় দিগকে রেজিষ্টারের পদে নিযুক্ত করা হইতেছে না। পুলিসের সুপরিণ্টেণ্ডণ্ট ও ডেপুটি ইনস্পেক্টর জেনরলের পদে অনেক অশিক্ষিত ইউরোপীয় আছেন; কিন্তু এসকল পদে অনায়াসে এতদ্দেশীয়দিগকে নিযুক্ত করা যাইতে পারে।

উত্তর পশ্চিমাঞ্চলের লেপ্টনাণ্ট গবর্ণর সর উইলিয়ম মুর, সর ষ্টাফোর্ড নর্থ কোটের পূর্ব্বোক্ত পত্রের উল্লেখ করিয়া বলিয়াছেন, কয়েকটী পদব্যতীত আর সকল পদই এতদ্দেশীয়দিগের পক্ষে প্রাপ্য রহিয়াছে। সর উইলিয়ম মুর, সর জন লরেন্সের শ্রেণীভুক্ত; অতএব তাঁহার মত যে সর জন লরেন্সের মতের সমান হইবে তাহা আশ্চর্য্যের বিষয় নহে। যে সকল পদ কেবল ইউরোপীয়দিগের প্রাপ্য রহিয়াছে, তৎসমুদায় এক চেটিয়া করিয়া রাখিবার আবশ্যকতা কি? আর যেসকল পদ এদেশীয়দিগের "আইন অনুসারে" প্রাপ্য বলিয়া ভান করা হয়, তৎসমুদয় কি কার্য্যতঃ তাঁহাদিগকে দেওয়া হইতেছে? নামে ত সিবিল সর্ব্বিসের দ্বারাও উদ্ঘাটিত রহিয়াছে; কিন্তু বাস্তবিকতঃ কি হইতেছে। ইউরোপীয় (অন্ততঃ ফিরিঙ্গি) পাইলে গবর্ণমেণ্ট যে সে পদেও যে এতদ্দেশীয়দিগকে নিযুক্ত করেন না, এ কথা কোন্ ব্যক্তি অস্বীকার করিবেন? এই নিমিত্ত সর ষ্টাফোর্ড নর্থ কোট পরামর্শপ্রদান চ্ছলে এ দেশের শাসনকর্ত্তাদিগকে যে ভৎর্সনা করিয়াছেন, তাঁহারা তাহার সম্পূর্ণ উপযুক্ত। ইংলণ্ডের লোকগণ এ দেশকে যথার্থ সুখী ও সন্তুষ্ট দেখিতে চাহেন; তাঁহাদিগের নিকটে জাতিভেদ ও বর্ণভেদ নাই। তাঁহাদিগের মতে দেশবাসীদিগের স্বত্বের অপলাপ করিয়া কয়েক জন স্বার্থপর অচিরস্থায়ী বিদেশী... য়ের কথার শাসন করা নিতান্ত অধর্ম্ম্য তাঁহাদের অভিপ্রায়ানুরূপ কাজ করিলে দেশে আর কিছুই অসন্তোষ থাকে না। আমরা বোধ করি, অতঃপর দেশীয় শা... নকর্ত্তৃপক্ষ ইংলণ্ডীয় গবর্ণমেণ্টের যথা... অভিপ্রায়ানুরূপ কাজ করিবেন।

—:০:—

লাইসেন্স করসংগ্রহের নিয়মাবলি।

গত ২৫এ এপ্রেল ভারতবর্ষীয় গবর্ণমে... ভারতবর্ষীয় গেজেটে লাইসেন্স ক... আদায়ের বিষয়ে যে নিয়মাবলি প্রক... করিয়াছেন, তাহাতে স্পষ্ট প্রকাশ প... তেছে, এই করনিবন্ধন কোন প্রকার অ... চার না হয় ইহা গবর্ণমেণ্টের সম্পূর্ণ অ... ছে। গবর্ণর জেনরল কালেক্টর কমিসনরদিগের ক্ষমতা নির্দ্ধারিত করি... কোন্ কোন্ ব্যক্তির নিকটে কর লই... হইবে, কোন্ কোন্ ব্যক্তির নি... লইতে হইবে না ও কি প্রকারে লই... হইবে, তাহা নির্ণয় করিয়া দি... ছেন। যে যে ব্যক্তি করপ্রদান ... বেন তাহা স্থির করা; সার্টিফি... প্রদান; করপ্রদান বিষয়ে আপত্তিশ্র... যাঁহারা কর না দিবেন, তাঁহাদিগকে ... মিত্ত সংবাদপ্রদান ও পরিশেষে ... দের নামে মাজিষ্ট্রেটের নিকটে ন... এবং বাকী রাজস্বের ন্যায় কর অ... করা কালেক্টরদিগের ক্ষমতায়ত্ত ... য়াছে। কমিসনরগণ আপীলশ্রবণ ... বেন। স্থানীয় গবর্ণমেণ্ট ইচ্ছা করিলে ... ক্টরকে কমিসনরের এবং কোন ... কালেক্টরকে কালেক্টরের সম্পূর্ণ বা...

ক্ষমতা এবং আর এক জন ডেপুটী কালে
করকে অতিরিক্ত ক্ষমতা দিতে পারিবেন।
আমাদের মতে কালেক্টরকে কমিসনরের
ক্ষমতাপ্রদান অনুচিত। আমরা বরাবর
দখিয়া আসিতেছি, তাঁহারা প্রায় ডেপুটী
কালেক্টরদিগের আজ্ঞার কোন পরিবর্ত্ত
করেন না। কলেক্টর নিজে যে মাজিষ্ট্রে
ট্রেটের স্বরূপ কাহার দণ্ড করিতে পারি
বেন না, এ নিয়মটি অতিউত্তম হইয়াছে।
বর্ণর জেনরল স্পষ্টাক্ষরে বলিয়াছেন,
াজিষ্ট্রেটের নিকটে অর্পণ করিবার
র্ব্বে কালেক্টর করপ্রদায়ীকে প্রথমতঃ
জ হস্তে পরয়ানা দিবেন, কেবল বাটীতে
মন রাখিয়া আসিলেই চলিবে না। কিন্তু
ক বিষয়ে আজ্ঞা অতি কঠিন হইয়াছে।
াজিষ্ট্রেটকে সকল স্থলেই করের দ্বিগুণ
রিমানা করিতে হইবে; ইহাতে তাঁহার
জের কোন বিবেচনা করিবার ক্ষমতা
কিবে না। অবস্থাবিশেষে দ্বিগুণ
রিমানা অতিশয় কষ্টকর হইবে। এ অংশে
াজিষ্ট্রেটকে অনুগ্রহপ্রকাশের ক্ষমতা
দান না করা অনুচিত হইয়াছে। এ বার
তান্ত প্রয়োজন না হইলে আসেসর
যুক্ত করা হইবে না। ১০ আইনের
দ্দমার ভার শীঘ্রই কালেক্টরদিগের
ত হইতে যাইবে। অতএব নূতন আসে
রর প্রয়োজনও দেখা যাইতেছে না।
ত বৎসর সংগ্রাহকদিগকে শত করা
টাকা কমিসন দেওয়া হইয়াছিল,
বার তাহা রহিত করিয়া অতি উত্তম
ল করা হইয়াছে।

করস্থাপনসময়ে কালেক্টর কেবল
মলাদিগের উপরে নির্ভর করিতে
রিবেন না; তিনি স্থানীয় প্রধান লোক
ব্যবসায়ীদিগকে সাক্ষী মানিবেন।
প্রদায়ী স্বয়ং জবানবন্দী দিয়া
পত্তি করিতে পারিবেন। কালে
যেখানে বিরুদ্ধ প্রমাণ না পাইবেন,
ানে সেই কথাতেই বিশ্বাস করিবেন।
করপ্রদায়ীদিগকে কোন প্রকার বুটি
প্রশ্ন করা হইবে না। এটী অতিশয় যুক্তি
সিদ্ধ নিয়ম হইয়াছে। যেসকল কর্ম্মচারী
আনুটি ফণ্ডপ্রভৃতিতে টাকা দেন, তাঁহা
দিগের সেই টাকা বাদে বেতনের উপরে
কর ধার্য্য হইবে। যাঁহারা আপনার অথবা
স্ত্রীর জীবন ইন্সিউর করিয়াছেন, তাঁহাদি-
গেরও ঐ টাকা বাদে কর নির্দ্ধারিত
হইবে; কিন্তু এ স্থলে কখন শতকরা
১০ টাকার অধিক বাদ দেওয়া হইবে না।
ব্যবসায়ীদিগের কর্ম্মচারীর বেতন, বাটীর
ভাড়াপ্রভৃতি বাদ দিয়া কর ধার্য্য হইবে।
এগুলি যুক্তিসঙ্গত হইয়াছে। গবর্ণর জেনরল
স্থানীয় গবর্ণমেণ্টসমূহকে অতিরিক্ত নিয়ম
করিতে বলিয়া অত্যাচারনিবারণের
আরও সদুপায় করিয়া দিয়াছেন।
এক্ষণে সকল বিষয়ই কালেক্টরদিগের
উপরে নির্ভর করিতেছে। অতএব
কালেক্টরগণ সহিষ্ণু হইয়া কাজ করেন
ইহাই সকলের প্রার্থনীয়। যে কালেক্টরের
নামে অধিকসংখ্যক নালীশ হইবে,
তাঁহাকে কোন প্রকার শিক্ষাপ্রদান করা
যেন গবর্ণমেণ্টের রাজনীতি হয়।

উপসংহারকালে আমরা একটী
বিষয়ের উল্লেখ না করিয়া ক্ষান্ত
থাকিতে পারিলাম না। লার্ড ডেলহা-
উসি সকল বিষয়ে এ দেশের ইউরোপীয়
দিগের মনোরঞ্জন করিবার চেষ্টা করি-
তেন। সর জন লরেন্সও সেইরূপ করিতে
ছেন। তিনি যে আজ্ঞা দেন, তাহাতেই
প্রায় এদেশীয় ও ইউরোপীয় বলিয়া প্রভেদ
করা হয়। বর্ত্তমান নিয়মাবলিদ্বারাও এদে
শীয়দিগের অপেক্ষা ইউরোপীয়গণের
যে অধিক সুবিধান্বেষণ করা হইয়াছে,
তাহা আনুটি ফণ্ড ও ইন্সিউরান্সপ্রভৃতি
বাদ দেওয়াতে প্রকাশ পাইতেছে। তথাপি
আমরা এবিষয়ে অনুমোদন করি না;
এদেশীয়েরাও জীবন ইন্সিউর করিলে
ঐ প্রকার স্বত্বভোগী হইবেন। কর
আদায় হইলে এক তালিকাতে এদে
করপ্রদায়ী ও অপর তালিকাতে ই
পীয় ও ফিরঙ্গি করপ্রদায়ীর নাম
কেন থাকিবে, আমরা তাহা বুঝিতে
লাম না। কলিকাতার ছোট আদাল
মকদ্দমার ন্যায় কালেক্টর ইউরোপী
গের আপত্তি অগ্রে শ্রবণ করিয়া
ভারতবর্ষীয়দিগের আবেদন যথা
কালে শ্রবণ করিবেন; এই উদ্দেশে
পৃথক্ খাতা করা হইতেছে।

—:০:—

আবিসিনিয়ার যুদ্ধশেষ।

আবিসিনিয়ার যুদ্ধের ফললাভ
য়াছে। গত বৃহস্পতিবার বোম্বাই হ
টেলিগ্রাম আসিয়াছে। ৬ ই এপ্রে
সর রবার্ট নেপিয়র মগদালয়ে উপ
হন। ঐ দিবস তাঁহার সকল সৈন্য
স্থিত হইতে পারে নাই বলিয়া, তি
৯ ই পর্য্যন্ত যুদ্ধে প্রবৃত্ত হইতে পা
নাই। ঐ দিবস সৈন্যগণ উপস্থিত
য়াতে পর দিবস যুদ্ধ আরম্ভ হয়। থি
ডোর বন্দী বটেন; কিন্তু যত দূর স
সাহসসহকারে যুদ্ধ করিয়াছিলেন। তি
তাঁহার সৈন্যগণ সেইরূপ ছিল
সুতরাং তাহারা অজস্র শোণিতপা
পর পরাজিত হইয়াছে। তাহাদি
৫০০ হত ও ১৫০০ আহত হইয়াছে
ব্রিটিশ সৈন্যগণের মধ্যে কাপ্তেন রব
ও ১৫ জন সৈনিকমাত্র আহত হ
পর দিবস যাবতীয় বন্দীকে মুক্ত
হইয়াছে। থিওডোরের নিকটে ৬১
ইউরোপীয় বন্দী ছিলেন; ইহাঁদিগ
ব্রিটিশ শিবিরে প্রেরণ করা হয়। রাজ
অধিকাংশ সৈন্য এই পরাজয়ের
অতিশয় ভীত ও নিরুৎসাহ হইয়া
ত্যাগ করিয়াছিল। তাঁহার অনেক স
রও ঐ দৃষ্টান্তের অনুসরণ করিয়াছে
কিন্তু প্রগল্ভ থিওডোর সম্মুখযুদ্ধে প
জিত হইয়াও শত্রুর নিকটে মস্তক

নাই। তিনি পরাজিত হইয়া মাগ
র দুর্গরক্ষা করিবার মানস করি
। তখন সর রবার্ট নেপিয়র তাঁহাকে
খিয়া সংবাদ দিলেন যে, তিনি
৪ ঘটিকার মধ্যে আত্মসমর্পণ না
, তাহা হইলে দুর্গ আক্রমণ করা
থিয়োডোর তাঁহার বাক্যানুসারে
সমর্পণ না করাতে, ১৩ই দিবস
ল্ড্ ও সৈনা সমভিব্যাহারে কামান
ও তাঁহারা আক্রমণ করিয়া দুর্গ
করেন। থিয়োডোর স্বয়ং একটী
ক্ষ করিতে করিতে টিপু সুলতানের
হত হইয়াছেন।

প্রকারে আবিসিনিয়ার যুদ্ধের শেষ
ছে। যে উদ্দেশ্যে যুদ্ধযাত্রা করা হয়
ল হইয়াছে। এক্ষণে কথা হই
সৈনাগণ ভারতবর্ষে প্রত্যাগমন
ব কি না। সমুদায় আবিসিনিয়া
ব্রটিশ গবর্ণমেণ্টের পদানত হই
। কিন্তু ব্রিটিশদল সেখানে স্থায়ি
অবস্থান করিলে এই বর্শাভূতলা
কি না। আবিসিনিয়া লোকের
ন্দেহ নাই; বিস্তর ইংরাজ ও
তবর্ষীয় তথায় থাকিয়া অনায়াসে
পার্জ্জন করিতে পারেন তথাপি
রা বলিতেছি, এই লোভ ত্যাগ করিয়া
জারানুসারে এ স্থান হইতে প্রস্থান
ও ইংলণ্ডের প্রধান কর্ত্তব্য কর্ম্ম।

—০—

সর রবার্ট মণ্টগমরি ও ভারতবর্ষীয় রাজগণের শাসনপ্রণালী।

ব্রিটিশ গবর্ণমেণ্টের শাসনপ্রণালী কি এদেশীয় রাজগণের শাসনপ্রণালী এই বিষয় লইয়া দীর্ঘকাল যে আন্দোলন চলিতেছিল, তাহার যে সিদ্ধান্ত হইয়াছে এবং সে বিষয়ে পঞ্জাবের ভূতপূর্ব্ব লেপ্টনাণ্ট গবর্ণর সর রবার্ট মণ্টগমরি অভিপ্রায় প্রকাশ করিয়াছেন, সেটী এ কটী বিশেষ জ্ঞাতব্য বিষয়, অতএব তাহার সংক্ষিপ্ত বিবরণ পাঠকগণের গোচর করা যাইতেছে। ব্রিটিশ গবর্ণমেণ্টের শাসন প্রণালীর অনুকূলে নিম্নলিখিত কয়টী বিষয় প্রদর্শিত হইয়াছে।

১। প্রজাগণ সমধিক সৌভাগ্যশালী।

২। লোকের জীবন ও সম্পত্তি সমধিক নিরাপদ আছে।

৩। ধর্ম্মসম্বন্ধে স্বাধীনতা আছে।

৪। প্রকাশ্য ও সহসা দুষ্কৃতকারীর হস্ত হইতে রক্ষা অপেক্ষাকৃত উৎকৃষ্ট উপায় করা হইয়াছে।

৫। রাজস্বপ্রণালী অপেক্ষাকৃত উৎকৃষ্ট।

৬। গবর্ণমেণ্ট প্রজার নিকট হইতে অনিয়মিত অর্থ গ্রহণ করেন না।

বণিক ও পোদ্দারেরা সমধিক সৌভাগ্যশালী

৮। কৃষকেরা উৎকৃষ্ট অবস্থাসম্পন্ন।

৯। বাণিজ্যের স্বাধীনতা ও বাণিজ্য কার্য্যের অনেক সুবিধা আছে।

নিম্নলিখিত ব্যক্তিরা ব্রিটিশ গবর্ণমেণ্টের বিরোধী।

১। অভিজাতদল ও রাজসভাসদগণ।

২। সর্দ্দারগণ।

৩। ভদ্রলোকসকল।

৪। ব্রহ্মগণ।

৫। ক্ষত্রিয়জাতি।

৬। রাজনীতিজ্ঞ ও দুরাকাঙ্ক্ষাগ্রস্ত ব্যক্তিগণ।

৭। স্বর্ণকার প্রভৃতি শিল্পিগণ।

যে যে কারণে লোকে ব্রিটিশ শাসন প্রণালীর প্রতি অননুরক্ত সেগুলি এই।

ব্রিটিশ রাজপুরুষেরা বিদেশীয় শাসিত ব্যক্তিদিগের সহিত তাঁহাদিগের ঘনিষ্ঠতা নাই।

২। বিচারপ্রণালী প্রজার নিতান্ত অপ্রিয়। কারণ উহা অতিশয় জটি
উহাতে অনেক ব্যয় ও বিলম্ব হয়। উ
এরূপ অসাময়িক উৎকর্ষসাধন ক
য়াছে যে, উহা ইউরোপীয়দিগেরই
হইয়াছে; এদেশীয়দিগের উপযোগী
নাই। এদেশীয়দিগের সুবিচারের স
এই যে, উহা শীঘ্র ও স্বল্পব্যয়ে স
হইবে, অথচ ফলোপধায়ক হইবে।

৩। ভারতবর্ষীয়েরা আইন ও
স্থার সদা পরিবর্ত্তন দর্শন করিয়া
বুদ্ধি হন। সামান্য লোকে ব্যবস্থার
শীঘ্র পরিবর্ত্তন ও উহার আবশ্য
বুঝিতে পারে না। তাহারা এই স
করে যে, তাহাদিগের আচার ব্য
ও ধর্ম্মের উচ্ছেদসঙ্কল্প করা হইতে

৪ ভারতবর্ষীয়েরা বাকি রাজ
নিমিত্ত ভূমিবিক্রয়, ঋণের নিমিত্ত
রোধ, ইংরাজদিগের করগ্রহণপ্রণ
স্ত্রীলোকদিগকে ব্যভিচারের দণ্ড হ
অব্যাহতিদান এবং তাঁহাদিগের
কার্য্যে নিত্য হস্তক্ষেপ এগুলি
বাসেন না। বিশেষতঃ লোকমর্য্যা
এবং স্বাস্থ্যসংক্রান্ত বন্দোবস্তের নি
উৎকোচগ্রাহী গর্ব্বিত দেশীয় কর্ম্মচ
যে তাঁহাদিগের নিকটে সর্ব্বদা গমন
করেন, সেটি তাঁহাদিগের ভাল লাগে

৫ প্রজার বিরাগ জন্মিবার
কারণ এই সাক্ষ্য দিবার নিমিত্ত তাঁ
গের দূরস্থ গৃহ হইতে তাঁহাদিগকে স
আহ্বান করা হয়, এতদর্থ তাঁহাদি
যথোচিত ক্ষতিপূরণ হয় না; প্র
অনেক বিলম্ব হয়!

৬। ব্রহ্মোত্তরাদি গ্রহণ ক
প্রজারা অতিশয় বিরক্ত হইয়াছেন
সামান্য বস্তুরও সূক্ষ্ম ও দৃঢ় অনু
করা হয় এবং তাহা তাঁহাদিগের হ
ভ্রষ্ট হইয়া যাইবে, এটি এক
নিশ্চিত আছে।

। প্রজারা দেশীয় সর্দ্দার ও রাজ-
র কৃত জাঁক জমক ও দত্ত পুরস্কার
বাসেন। ব্রিটিশ গবর্ণমেণ্টে উহার
ই নাই। প্রত্যুত ব্রিটিশগবর্ণমেণ্ট
ারদানে অনুৎসাহ দেন। যে পুর
দেওয়া হয়, তাহা অতি অল্পমাত্র
তি কষ্টে দেওয়া হয়।

যখন অন্য রাজ্য অধিকার করিয়া
া হয়, পদস্থ ব্যক্তিদিগকে কর্ম্মচ্যুত
হইয়া থাকে। অভিজাতদল সম্ভ্রম
াতকর পদ প্রাপ্ত হন না। দেশের
ধন ও সম্ভ্রান্ত ব্যক্তিরা দরিদ্র হইয়া
ন। সৎকুলজাত যুবা ব্যক্তিরা
খে কোন লোভনীয় পদ দেখিতে
না; ব্রিটিশ কর্ম্মচারীরা প্রায় তাঁহা-
র দুঃখে দুঃখপ্রকাশ অথবা তাঁহা-
র বিষয়ে বিবেচনা করেন না; ইহাতে
রা আত্যন্তিক দুঃখিত হইয়াথাকেন।
৯। প্রজার সহিত রাজপুরুষদি-
সমদুঃখসুখবেদিতা নাই। গবর্ণমে
প্রজাদিগের বুদ্ধি বিবেচনাও রুচির
রূপ নহে।

সর রবার্ট মণ্টগমরি এইরূপে অপ্রি
র কারণ গণনা করিয়া ভারতবর্ষীয়
মেণ্টকে প্রজাপ্রিয় করিবার যে যে
ায় নির্দ্দেশ করিয়াছেন, সেগুলিও
র বহুদর্শিতা, প্রজাহিতৈষিতা ও
ভবতার পরিচয়প্রদান করিতেছে।
গুলি এই :—

১। যেসকল রাজকর্ম্মচারী নিয়ো-
আছেন, তাঁহারা অল্পসংখ্য ও
স্থানে ছড়াইয়া আছেন, তাঁহারা
জ্ঞও নহেন। তাঁহাদিগের স্কন্ধে যে
ভার নিক্ষেপ করা হইয়াছে, তাহাতে
রা দিবা রাত্রির মধ্যে অবসর পান
সুতরাং লোকের সহিত মিশিয়া
তাঁহাদিগের বিশ্বাসভাজন হন এবং
াদিগের কুসংস্কার দুর করিয়া যে
ব্রিটিশ গবর্ণমেণ্টের সৎ ও উদার উদ্দেশ্য তাঁহাদিগের গোচর করেন এবং তাঁহাদিগের মনের ভাব অবগত হন, কর্ম্মচারীদিগের এরূপ অবকাশ নাই। কর্ম্মচারীরা যে ঐ কাজগুলি করেন, ইহাই সর মণ্টগমরির উদ্দেশ্য। তিনি বলেন, রাজপুরুষেরা যদি প্রজার দুঃখে দুঃখ ও প্রজার সুখে সুখিতা প্রদর্শন করেন, তাহাতে উৎকৃষ্ট ফললাভ হয়।

২। প্রজাদিগকে বহুলপরিমাণে রাজকার্য্যে নিয়োজিত করা কর্ত্তব্য।

৩। এক এক প্রদেশে এক এক ব্যবস্থাপক সভা করিয়া তত্রত্য লোকদিগকে তাহাতে লইয়া ব্যবস্থাপ্রণয়ন করা কর্ত্তব্য। এখন ব্যবস্থাপক সভায় এদেশীয়দিগের গ্রহণের যে নিয়ম আছে তদ্দ্বারা সর মণ্টগমরির অভীষ্টসিদ্ধি হইতেছে না।

৪। এদেশীয়দিগকে যদি শাসন কার্য্যের অংশগ্রহণে অনুমতি দেওয়া না হয়, এদেশীয়দিগকে যে বিদ্যাশিক্ষা দেওয়া হইতেছে, তাহার ফলোপধায়িতার সম্ভাবনা নাই।

৫। ব্রিটিশ শাসন প্রণালীর যে যে অংশ প্রজাদিগের মনের মত নয় সে গুলিকে তাহাদিগের মনের মত করিবার সর্ব্বতোভাবে চেষ্টা পাওয়া কর্ত্তব্য এবং এই চেষ্টা করা উচিত যে প্রজারা স্থানীয় অফিসরদিগের প্রতি অনুরক্ত হয় এবং প্রজার উন্নতির বাসনা পথে যে বাধা আছে, তাহা দূর করিয়া তাহাদিগের সিবিল ও মিলিটরি পদে প্রবেশপথ সুগম করিয়া দেওয়া হয়। যেসকল ইংরাজ উচ্চ পদে অধিরূঢ় আছেন, তাঁহাদিগের ক্ষমতা ও মান সম্ভ্রমের হ্রাস করিয়া দিবার চেষ্টা পাইলে যে এ অভীষ্টসিদ্ধি হইবে, তাহা সম্ভাবিত নহে। এদেশীয়দিগের মধ্যে যাঁহারা ক্ষমতাপন্ন, তাঁহাদিগকে উচ্চ প
করিয়া দিয়া এ অভীষ্ট সাধন করি
চেষ্টা পাওয়াই উচিত।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম, জা
স্কিনর কোম্পানির হাউসের মুদ্র
বাবু ঈশানচন্দ্র বসু হৃদ্রোগে দেহত
করিয়াছেন। শুনা গেল, তিনি মৃত্যুর
নিজ বাসগ্রামে একটী বিদ্যাল
একটী চিকিৎসালয় এবং একটী প
রাস্তা করিবার কথা উইলে লি
গিয়াছেন।

—:০:—

নূতন পুস্তক।

১। তামাদি আইন, এখানি শ্রী
বাবু ত্রৈলোক্যনাথ মিত্রকর্ত্তৃক সঙ্ক
হইয়াছে। ইহাতে ১৮৫৯ সালে
আইন এবং তৎসংক্রান্ত বর্ত্তমান
পর্য্যন্ত উক্ত আইনের উপর হাইকো
যে সকল নজীর হইয়াছে তৎসমু
সংগৃহীত হইয়াছে। এই পুস্তকদ্বারা
হারাজীব ও মকদ্দমাকারীদিগের
কারলাভের বিশেষ সম্ভাবনা।

২। অপরোক্ষানুভূতি। মহাম
পাধ্যায় শঙ্করাচার্য্য ইহার প্রণে
অধুনা এই পুস্তক শ্রীকেদারেশ্বর বে
পাধ্যায়কর্ত্তৃক পদ্যে অনুবাদিত
মূলের সহিত মুদ্রিত হইয়াছে। অনু
মন্দ হয় নাই।

৩। ব্রতমালা। এখানি শ্রী
নন্দকুমার কবিরত্নকর্ত্তৃক সংগৃ
হইয়াছে। ইহাতে শাস্ত্রোল্লিখিত
স্ত্রীপরম্পরা প্রচলিত বহুতর ব্র
অনুষ্ঠান ও কথা এবং ব্রতপ্রতিষ্ঠা
সংগৃহীত হইয়াছে। ইহাদ্বারা
কর্ম্ম ব্যবসায়ী যজমানোপজীবী
সবিশেষ উপকারলাভের সম্ভাবনা

৪। সাপ্তাহিক সংবাদ। এখানি ১ লা মে অবধি ভবানীপুর সাপ্তাহিক সংবাদযন্ত্র হইতে প্রকাশিত হইতে আরম্ভ হইয়াছে। প্রতি সপ্তাহে ইহার এক এক খণ্ড প্রচারিত হইবে। আমরা ইহার প্রথম খণ্ড প্রাপ্ত হইয়াছি। এই খণ্ডে ভূমিকা, বঙ্গদেশীয় খ্রীষ্টাশ্রিত জনগণের পেন্‌সন্‌ ফণ্ড, বিবাহ ভঙ্গের আইন ও আদালতের আবশ্যকতা এবং সংবাদাদি লিখিত হইয়াছে। এখানিতে সম্পাদকের নাম নাই; কিন্তু ইহার লিখন ভঙ্গীদ্বারা ইহা যে এ দেশীয় খৃষ্টীয়ান কর্ত্তৃক প্রচারিত তাহা স্পষ্ট বোধ হইতেছে।

—:০:—

বিবিধসংবাদ।

১৬ ই বৈশাখ সোমবার।

২৪ এ এপ্রেল অবধি সিটনকার সাহেব প্রধান বিচারালয়ের বিচারপতির পদ ত্যাগ করিয়াছেন। শুনা যাইতেছে, তিনি ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের পররাষ্ট্রবিভাগের সেক্রেটারি হইবেন। নীলদর্পণঘটিত গোলযোগ নিবন্ধন লাড কানিং আজ্ঞা দিয়াছিলেন, সিটনকার সাহেব আর কখন সেক্রেটারির পদ পাইবেন না। অতএব এ জনরব অমূলক বোধ হইতেছে। মিঞ্চিন সাহেব ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার সভ্যের পদত্যাগ করিয়াছেন।

ষ্টেটসেক্রেটারির অনুমতি অনুসারে গবর্ণর জনরল আজ্ঞা দিয়াছেন, যেসকল আফিসর আপনাদিগের দোষনিবন্ধন পদচ্যুত হইবেন বা সামরিক বিচারালয়ে দণ্ডাজ্ঞমান হইতে অনিচ্ছুক হইয়া পদত্যাগ করিবেন, তাঁহারা অত্যন্ত দৈন্যাক্রান্ত হইলে তাঁহাদিগের সহিত তাঁহাদিগের পরিবারগণও ইংলণ্ডে যাইবার নিমিত্ত পাথেয় প্রাপ্ত হইবেন। ভারতবর্ষের সমুদায় অশ্বারোহ সৈনিকদিগকে বণ্টন করিয়া দিলেই সৈন্যপাত চুকিয়া যায়।

গত শনিবারের ইংলিসমানে জনরবমূলক এই সংবাদ প্রকাশিত হইয়াছে, যে আজম খাঁ প্রভৃতি দুটী যুদ্ধে পরাজিত হওয়াতে রুশীয় সম্রাটের নিকটে এই বলিয়া সাহায্য চাহিয়াছিলেন, যখন পারস্যাধিপতি সিয়ারআলি খাঁকে সাহায্য দিতেছেন, তখন তিনি রুশীয়দিগের নিকটে আশ্রয় প্রার্থনা করিতে পারেন। রুশীয়গণ যে আফগানস্থানের উত্তর যুদ্ধার্থী দলের সহিত ষড়যন্ত্র করিতেছে তাহাতে সন্দেহ নাই। কিন্তু কাবুলে রুশীয় সৈন্যগণ প্রবেশ করিলেও ব্রিটিশ গবর্ণমেণ্ট কিছু বলিবেন না, এটী ভালরূপে জানিবার পূর্ব্বে তাহারা কোন পক্ষ অবলম্বন করিতে পারিতেছে না।

এমন জনশ্রুতি, পঞ্জাবের লেপ্টেনাণ্ট গবর্ণর সর ডোনাল্ড মাকলিয়ড পীড়ানিবন্ধন পদ ত্যাগ করিবেন।

বোম্বে ইয়ের কতকগুলি লোকের অনুরোধে আগামী সেপ্টেম্বর মাসে মিস কার্পেণ্টরের পুনর্ব্বার ভারতবর্ষে আগমন করিবার কথা হইতেছে। বোম্বাইয়ের ফ্রীনর্ম্মাল বিদ্যালয়ের উন্নতিসাধন তাঁহার আগমনের কারণ।

ডিসরেলি সাহেব যে দিন প্রথম মহাসভায় প্রবেশ করিয়া বক্তৃতা করেন, সে দিবস তাঁহার স্ত্রী হাউস অব কমন্সে উপস্থিত ছিলেন। ঐ দিবস তাঁহার বক্তৃতা কোন কাজের হয় নাই, প্রত্যুত তাঁহাকে লজ্জিত ও অপমানিত হইতে হয়। ইহাতে বিবি ডিসরেলি এত দুঃখিত হন যে তিনি প্রতিজ্ঞা করিয়াছিলেন, যতদিন তাঁহার স্বামী ইংলণ্ডের প্রধান মন্ত্রী না হইতেছেন, ততদিন তিনি আর মহাসভাগৃহে প্রবেশ করিবেন না। এক্ষণে তাঁহার এই ইচ্ছা সফল হইয়াছে। যে দিবস ডিসরেলি সাহেব প্রধান মন্ত্রী হইয়া প্রথমতঃ হাউস অব কমন্সে প্রবেশ করেন, বিবি ডিসরেলি এত কালের পর সেই দিন হাউস অব কমন্সে উপস্থিত হইয়াছিলেন

শুক্রবার জর্টসদিগের যে সভা হয়, তাহাতে ডাক্তর মৌএট স্পষ্টাভিধানে বলিয়াছেন, ক্লার্ক সাহেবের ভ্রমণ কেবল অপব্যয়ের কারণমাত্র হইয়াছে। ইহাতে আর টাকা ব্যয় করা উচিত কি না, তিনি তাহা বিবেচনা করিবেন বলিয়া আপাততঃ ইহা বন্ধ করিতে বলিলেন। হগ সাহেব এখনও প্রত্যাশা করিতেছেন, ক্লার্ক সাহেব প্রত্যাগমন করিয়া স্বীয় কার্য্য সম্পূর্ণ করিবেন।

পিয়ানিয়র বলেন, একজন জার্ম্মনীয় ভ্রমণকারী নেটালের নিকট এক বিস্তৃত স্বর্ণখনি আবিষ্কৃত করিয়াছেন। ঐ খাতে কালিফার্ণিয়া ও অষ্ট্রেলিয়া অপেক্ষা অধিক স্বর্ণ পাওয়া যাইবে। এস্থানটী স্বাস্থ্যকর, অতএব খননকারীরা এখানে অনায়াসে বাস করিতে পারেন।

উক্ত পত্র আরও বলেন, মধ্যভারতবর্ষের এক স্থানে কতকগুলি ঠক কয়েক ব্যক্তিকে [illegible] দ্বারা অচেতন করিয়া তাঁহাদিগের দ্রব্যাদি অপহরণ করিয়াছিল। উহারা সম্প্রতি ঝাঁসীতে ধৃত হইয়াছে। ঠকেরা অতি নির্ব্বোধ, কলিকাতায় আসিয়া খুন করিয়া চুরি করিলেই অব্যাহতি পাইত।

বাবু প্যারীচাঁদ মিত্র পশুদিগের প্রতি নিষ্ঠুরতা নিবারণার্থ ব্যবস্থাপক সভায় এক বিল অর্পণ করিয়াছেন। এই বিলে গরু উত্তম খাদ্য দিয়া মধ্যবিধ পরিশ্রম না করাইলে পালকদিগের দণ্ড হইবার প্রস্তাব হইয়াছে।

গত বৃহস্পতিবার মেডিকাল কালেজে পরীক্ষোত্তীর্ণ ছাত্রদিগকে পুরস্কার ও প্রশংসাপত্র প্রদানের সময় অধ্যক্ষ ডাক্তর চিবার্স আপে করিয়াছেন, অনেক ছাত্র ইংরাজী ভাষায় অনভিজ্ঞ। তিনি কেবল বাবু কানাইলালদে প্রশংসা করিয়াছেন। ডাক্তর চিবর্সের আক্ষেপ অমূলক নহে।

অমৃতবাজার পত্রিকার এক জন প্রেরক বলেন, "আমাদিগের সামান্য বোধে এইমাত্র সিদ্ধান্ত হইতে পারে, যে হাজত আর কিছু নয়, কেবল একটী ঘর, যেখানে অভিযুক্ত ব্যক্তিদিগকে তাহাদিগের অপরাধের সপ্রমাণ হওয়া না হওয়া পর্য্যন্ত এক প্রকার আবদ্ধ করিয়া রাখা হয়, যে অপরাধ সপ্রমাণিত হইলে দণ্ডাজ্ঞার সময় তাহারা পলায়ন করিয়া আইনকে বিরক্ত না করে। যদি এই হাজতের প্রকৃত অর্থ হয় তাহা হইলে হাজতে আবদ্ধ ব্যক্তিদিগকে কষ্ট দিবার কারণ কি? আর তাহাদিগের কষ্টের বিষয় মনে উদয় হইলে পাষাণবৎ হৃদয়ও বোধ হয় বিদীর্ণ হইয়া যায়। কিন্তু আবার এত কষ্ট পোড়া বাঙ্গালীদিগের পক্ষেই হয়, শ্বেতাঙ্গ পুরুষদিগের পক্ষে সেরূপ দৃষ্ট হয় না। যদি কোন বাঙ্গালী হাজতে আবদ্ধ হইলেন, তাহা হইলে তাঁহার পরিবারের মধ্যে প্রায় সমাধিক্রন্দন উঠে, কারণ আমাদিগের বিশ্বাস আছে, হাজতে কয়েদ অবস্থা হইতে অধিক কষ্ট। কিন্তু কোন শ্বেতাঙ্গ পুরুষ অতি ঘোরতর মহা পাপে বেষ্টিত হইয়া অভিযুক্ত হইলেও তাহার হাজতের পদ্ধতি ভিন্ন প্রকার

২০ এ বৈশাখ মঙ্গলবার।

আমরা হিন্দুপেট্রিয়টে দর্শন করিলাম, গত শনিবার প্রধানতম বিচারালয়ের আপীল বিভাগের উকীলগণ আদালতের পুস্তকালয়ে এক সভা করেন। মেইন সাহেব সর এডওয়ার্ড রায়নকে পত্র লিখিয়া যে বলিয়াছিলেন, ভারতবর্ষীয়গণ উকীল অপেক্ষা বারিষ্টরদিগকে অধিকতর ভদ্র মনে করিয়া মকদ্দমা দিতে ভাল বাসেন তাহার প্রতিবাদ করিবার নিমিত্ত এ

হয়। বাবু কৃষ্ণকিশোর ঘোষ অধ্যক্ষত
ন। মেইন সাহেবের এটী যে ভ্রম, তাহা
ইবার নিমিত্ত উকীলগণ তাঁহাকে এক পত্র
খিবেন। তাহাতে মেইন সাহেবের কি মত
ধর্ম্ম হইবে? বারিষ্টরদিগকে লোকে ফৌজ
মকদ্দমা দিতে চাহেন তাহার প্রকৃত
ণ এই যে, বারিষ্টরগণ মফস্বলের বিচার
দিগকে ভ্রম পাইয়া কাজ করেন। যেখানে
লের আইন লইয়া সূক্ষ্ম আইন ও ব্যবস্থা
তর্ক হয় সেখানে লোকে উকীলগণের হস্তেই
দ্দমা দেন। মেইন সাহেবকে এটী স্পষ্ট বলা
য্য।

দিল্লীগেজেট বলেন, কান্দাহার সিয়ার
লির হস্তগত হওয়াতে আজিম খাঁ অতিশয়
খিত হইয়াছেন। তাঁহার সৈন্যগণ পরাজয়ের
সিয়াব আলির দলে মিশ্রিত হইয়াছে।
ণে আজিম খাঁর সৈন্য বা অর্থ কিছুই নাই।
কোন উপায়ে দুই লক্ষ টাকা কর্জ্জ করিবার
যত্ন তিনি অতিশয় ব্যস্ত আছেন। সিয়াব
ার পুত্র জানুব খাঁ কাবুল আক্রমণার্থ অগ্র
হইয়াছেন। আফগানদিগের এই গৃহযুদ্ধ
বংস করিতেছে।

উক্ত পত্র আরও বলেন, ফিরোজ সাহ
য়াড হইতে দূরীভূত হইয়া বর্ণিরদিগের
ট বাস করিতেছেন। অযোধ্যার নিকটে যে
ল হিন্দুস্থানী বাস করিয়াছে তাহারা তাঁহার
যতা করিতেছে। আবদুল্লানামক এক জন
পূর্ব্ব পেশাবরী ও সীমার নিকটে আছেন।
তবর্ষ হইতে ইহাদিগের সাহায্যার্থ টাকা
রিত হয়। আমরা পুনর্ব্বার বলিতেছি
সকল লোককে ক্ষমা করা গবর্ণমেণ্টের
থ রাজনীতি। ইহাতে তাঁহাদিগের সম্ভ্রম
প্রতিজ্ঞা; কমিবে যাঁহারা এ কথা বলেন
রা নির্ব্বোধ।

কশ্বলাইট বলেন, সম্প্রতি লাহোরে ৫০ লক্ষ
কার নোট প্রেরিত হইতেছে এবং পঞ্জাবের
স্থিত সেনাদলের কোন আফিসর বিদায়গ্রহণ
। ইহাতে যুদ্ধের লক্ষণ প্রকাশ পাইতেছে।
র্ণমেণ্ট এক বার বাজুটীদিগকে শাসন করি
এবং যদি পারেন তা ফিরোজ সাহকেও
বার চেষ্টা পাইবেন বোধ হইতেছে।

পবলিক ওপিনিয়ন বলেন, আজিম খাঁ
মির সিয়ারআলীর আত্মীয়দিগকে কারারুদ্ধ
তে কাবুলের লোকেরা বিদ্রোহী হইয়াছে।
স্তমহম্মদের অন্যতর পৌত্র আবদুল্লা এই
ল নিষ্ঠুর কার্য্য দর্শন করিয়া পেসোয়ারে
য়ন করিয়াছেন।

উক্ত পত্র বলেন, সিমলার পুলিষ এক জন
ফকিরকে ধৃত করিয়াছেন। এই ব্যক্তির আকৃ
তি ও কথায় ইহাকে প্রধানবংশীয় বলিয়া
বোধ হয়। পুলিষ সন্দেহ করেন, ইনি দিল্লীর
একজন বিদ্রোহী রাজকুমার। ফকির বলেন,
তিনি অযোধ্যার রাজবংশীয় মহম্মদ আলীর
পুত্র মাকবুলুদ্দৌলা। বিদ্রোহের সময়ে তিনি
কোন দোষ করেন নাই, তথাপি পাছে সন্দেহ
ক্রমে তাঁহাকে দণ্ড দেওয়া হয় এই ভয়ে তিনি
ছদ্মবেশে ভ্রমণ করিতেছেন। এ ব্যক্তি বাস্তবিক
কে তাহার অনুসন্ধান হইতেছে। এখনও অনেক
সম্ভ্রান্ত ব্যক্তি এ প্রকার সন্ন্যাসীর বেশে বনে
বনে পর্ব্বতে পর্বতে ভ্রমণ করেন, ইহা অতিশয়
আক্ষেপের বিষয়।

উক্ত পত্র জন ব্রুতিতে শ্রবণ করিয়াছেন,
কাশ্মীরের বিরুদ্ধে সংবাদপত্রে অনেক বিষয়
লিখিত হওয়াতে ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট উক্ত
রাজ্যের শাসনপ্রণালীর অনুসন্ধানার্থ এক
কমিসন নিযুক্ত করিয়াছেন। সত্য হইলে এটী
অতি সুখের সংবাদ সন্দেহ নাই। রাজা আত্ম
সমর্থন করিতে ত্রুটি করেন না, তথাপি সর্দ্দারই
তাঁহার বিরুদ্ধে সংবাদ আইসে। ইহার একটী
মীমাংসা করা কর্ত্তব্য। এই সঙ্গে বরদার গুই
কুমারের কার্য্যের অনুসন্ধান করাও আবশ্যক।

১৮ ই বৈশাখ বুধবার।

ডাকঘরসমূহের ডিরেক্টর জেনরল আজ্ঞা
দিয়াছেন, যেসকল স্থান দিয়া রেলওয়ে
গিয়াছে তত্রত্য ডাকঘরসমূহ যতদূর সম্ভব
রেলওয়ের নিকটে আনয়ন করিতে হইবে। এই
রূপ বন্দোবস্ত করিলে অনেক উপকার হইবে।

পিয়ুনিয়র বলেন, সম্প্রতি মধ্য ভারতবর্ষের
অন্তর্গত মাউনগরে কানপুরের এক জন ব্রাহ্ম
ণের মৃত্যু হয়। তাঁহার স্ত্রীর নিকটে তদীয় বস্ত্র
গুলি প্রেরণ করাতে তিনি স্বেচ্ছাপূর্ব্বকই হউক
বা আত্মীয়দিগের উত্তেজনাতেই হউক সহমৃতা
হন। বহুদিন ইহার উদ্যোগ হইয়াছিল। পুলিষ ও
কানপুরের জাইণ্ট মাজিষ্টেট এই সংবাদ পাইয়া
ও কিছু বলেন নাই বলিয়া উত্তরপশ্চিমাঞ্চলের
গবর্ণমেণ্ট জাইণ্ট মাজিষ্টেটের উপরে অতিশয়
অসন্তোষপ্রকাশ করিয়াছেন; ঐ কার্য্যের
উদ্যোগীদিগের, ১৭ জন কারারুদ্ধ আছে।
কানপুরের জাইণ্ট মাজিষ্টেট জানিয়া শুনিয়া
যেপ্রকার কর্ত্তব্য কর্ম্ম করেন নাই, কোন এতদ্
দেশীয় রাজা ঐ রূপ করিলে তাঁহাকে পদচ্যুত
করিবার কথা হইত।

উক্ত পত্র প্রস্তাব করিয়াছেন, গবর্ণর জেনরল
ও সেক্রেটারিগণ সিমলায় গমন করিলে
দিগের ভাতা গ্রহণ করা অনুচিত। যে
অতিরিক্ত কষ্ট ও অসুবিধা হয় সেই স্থলেই
দেওয়া উচিত। অনেকে বিদায় লইয়া অ
বেতনে ও সিমলাতে গ্রীষ্মকালে অতিবাহি
সুখের বিষয় জ্ঞান করেন। অতএব গবর্ণর
রল ও সেক্রেটারিগণ সম্পূর্ণ বেতন পা
পর্য্যাপ্ত হইল। কেরানীগণেরই অসু
হয়, তাঁহারা ব্যতীত আর কেহই ভাতা
বার উপযুক্ত নহেন।

উক্ত পত্র জনরবে শ্রবণ করিয়াছেন, ে
য়ের বন্দরের উন্নতির নিমিত্ত ষ্টেটসেক্রে
এক কোটি টাকা ব্যয় করিবার আজ্ঞা দি
ছেন। তদ্দ্বারা ডক ও কতকগুলি জেটি
হইবে। বড় বড় জাহাজ হইতে এক কালে
দ্রব্য নামান যায় এপ্রকার বন্দোবস্ত হইতে
ইহা করা অবশ্য কর্ত্তব্য।

পবলিক ওপিনিয়ন শ্রবণ করিয়াছেন, ব
ধর্ষীয় গবর্ণমেণ্টের স্বরাষ্ট্রবিভাগের সেক্রে
ই. সি, বেলি সাহেব পররাষ্ট্রবিভাগের
পাইবেন।

মকদ্দমের নিমিত্ত প্রধানতম বিচারা
আপীল বিভাগ আগামী কল্য অবধি ৪
পর্য্যন্ত বন্ধ থাকিবে। নিম্নতর দেওয়ানী
মতসমূহ পূর্ব্ব হইতে বন্ধ হইয়াছে। অ
এই প্রভেদ ও বিশৃঙ্খলার কারণ বুঝিতে
না। দেওয়ানী আদালতসকল এক দিনে
করিয়া এক দিনেই খোলা উচিত।

লক্ষ্ণৌ টাইমস বলেন, ৯৩ গণিত হাই
দিগের অধ্যক্ষ কর্ণেল বরোস লক্ষ্ণৌয়ের বি
কালীন অবস্থার সহিত বর্ত্তমান অবস্থার
করিতে অভিলাষী হইয়া তত্রত্য যমুনা ম
চড়ায় উঠিতে চাহেন। মসিদের দারগা ত
নিষেধ করাতে কর্ণেল তাঁহাকে প্রহার ক
ইহাতে দারগা ও কয়েকজন হীরসি ত
প্রহার করিয়াছেন। এবিষয়ের নিমিত্ত ন
হইয়াছে। নিয়মবহির্ভূত প্রদেশের
প্রণালী অনুসারে দারগার যে দণ্ড হইবে
বলা বাহুল্য। কিন্তু হাইসণ্ডার কর্ণেলের
চনা করা উচিত ছিল যে, মসিদের
উপরে কোন খৃষ্টীয়ান গমন করিলে মু
নেরা তাহা অপবিত্র জ্ঞান করেন। আ
গণের এই সকল সামান্য বুদ্ধি নাই কেন?

অদ্যকার গেজেটে পরীক্ষোত্তীর্ণ উ
মোক্তারদিগের নাম প্রকাশিত হইয়াছে
জ সুয়ারিতে যে পরীক্ষা হয়, তাহাতে চ

প্রথম শ্রেণির ৩৮ জন দ্বিতীয় শ্রেণির উকীল হইয়াছেন। ১৯৭ জন মোক্তারী পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

১৯ এ বৈশাখ বৃহস্পতিবার।

লেপ্টনাণ্ট গবর্ণর উকীল ও মোক্তারদিগের পরীক্ষার নূতন নিয়মাবলী প্রকাশ করিয়াছেন। গবর্ণমেণ্ট কয়েকজন পরীক্ষক নিযুক্ত করিবেন। তাঁহারা প্রশ্ন প্রস্তুত করিলে স্থানে স্থানে সেগুলি প্রেরিত হইবে। স্থানীয় পরীক্ষকস্বরূপ জজ মাজিষ্ট্রেট ও প্রধান সদর আমীনগণ সভাস্থ হইবেন। ইঁহাদিগের হস্তে বাচনিক পরীক্ষার ভার থাকিবে। যাঁহারা ইংরাজী জানেন না, তাঁহারা প্রথম শ্রেণীর পরীক্ষা দিতে পারিবেন না। প্রত্যেক প্রথম শ্রেণির পরীক্ষার্থীকে গড়ে শত করা ৬২॥ সংখ্যা রাখিতে হইবে। যাঁহারা কোন বিষয়ে পূর্ণ নম্বরের তৃতীয়াংশ না রাখিতে পারিবেন, তাহারা উত্তীর্ণ হইতে পারিবেন না। বাচনিক পরীক্ষায় তাঁহাদিগের অন্ততঃ ৩০ সংখ্যা না থাকিলে তাঁহাদিগের লিখিত উত্তরগুলি পরীক্ষকদিগের নিকটে প্রেরিত হইবে না। দ্বিতীয় শ্রেণীর পরীক্ষায় শত করা ৫০ সংখ্যা রাখিতে হইবে বাচনিক পরীক্ষায় ২০ সংখ্যা না থাকিলে তাঁহাদিগের লিখিত উত্তরগুলি দর্শন করা যাইবে না। দ্বিতীয় শ্রেণির উকীলগণ ইংরাজী বাঙ্গালার যে ভাষায় হউক, পরীক্ষা দিতে পারিবেন। মোক্তারদিগের পক্ষেও এই নিয়ম। কমটি একালতি পরীক্ষার প্রয়োজন কি? যখন বিশ্ববিদ্যালয়ের এল্ এল্ গণ প্রথম শ্রেণির উকীলদিগের ন্যায় স্বত্ব পান, তখন উভয়বিধ পরীক্ষাই বিশ্ববিদ্যালয়ের হস্তে প্রদান করা কর্ত্তব্য।

কাপ্তেন আর্. ডি. বোরবেল ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে জানাইয়াছেন, অষ্ট্রেলিয়ার কয়লা ইংলণ্ডের নিউকাসলের উত্তম কয়লার তুল্য। ইহা সংগ্রহ করিতে অল্প অর্থ ব্যয় হয়। এই কয়লা ভারতবর্ষে আমদানী করা তাঁহার ইচ্ছা। রাণীগঞ্জ ও মধ্য ভারতবর্ষের কয়লার খনি যথারীতি খনিত হইলে সমুদায় পৃথিবীকে কয়লা যোগাইতে পারে। এদেশে ক্রমশঃ কার্পাস উৎপন্ন হওয়াতে অনেক এতদ্দেশীয় কয়লাদ্বারা রন্ধন আরম্ভ করিয়াছেন। কলিকাতার প্রায় যাবতীয় ময়রা ইহা ব্যবহার করিতেছে। এমন অবস্থায় বিদেশীয় কয়লাতে আর চলিবে না। যাহাতে দেশের কয়লা ভূগর্ভ হইতে উত্থিত হয় সেই চেষ্টা পাওয়া গবর্মেণ্টের কর্ত্তব্য।

লিণ্ডসে সাহেব দার্জিলিঙের রাস্তার প্রশংসা করিয়াছেন; কিন্তু ভ্রমণকারিগণ এই রাস্তাটিকে তত ভাল বলেন না।

লাহোর ক্রনিকেল বলেন, ডাক্তর লিটনার ওকালতি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, তাঁহার হাড়ে বাতাস লাগিয়াছে। শিক্ষাবিভাগ হইতে যিনি পলায়ন করিতে পারেন তিনিই সুখী।

ইণ্ডিয়ান ডেলিউস বলেন, খিদিরপুরের চাপলেনের ন্যায় সেণ্ট আণ্ড্রুর চাপলেনের শকটের ব্যয়ের নিমিত্ত গবর্ণর জেনরল মাসিক ১০০ টাকা অতিরিক্ত দিবার আজ্ঞা করিয়াছেন সর জন লরেন্স এই সকল কাজ করিয়া যে কত অনিষ্টসাধন করিতেছেন তাহা বলা যায় না।

২০ এ বৈশাখ শুক্রবার।

আমরা অমৃতবাজার পত্রিকায় একটী প্রবন্ধ পাঠ করিয়া চমৎকৃত হইলাম, যে লোকে অদ্যাপি প্রেত তত্ত্বের উপরে বিশ্বাস ও উহা লইয়া আন্দোলন করিতেছে। অমৃতবাজারে মধ্যে মধ্যে চক্র করিয়া উহার আন্দোলন হইতেছে। যে প্রবন্ধটী পাঠ করিয়া আমরা উহা অবগত হইলাম, পাঠকদিগের গোচরার্থ তাহা নিম্নে উদ্ধৃত করা যাইতেছে।

"অমৃত বাজার চক্র।"

"আমরা একদা কয়েক জন অশিক্ষিতা স্ত্রীলোক লইয়া একটি চক্র করি। কিছু ক্ষণ স্থির ভাবে উপবিষ্ট থাকিয়া তন্মধ্যস্থ ন্যূনাধিক পঞ্চাশ বৎসর বয়স্কা জনৈক মহিলা আত্মাবিষ্কৃত হইলেন এবং তাঁহার হস্ত ও সর্ব্ব শরীর কম্পিত হইতে লাগিল। ক্রমে মিডিয়ামের হস্ত সঞ্চালনের ভাবে স্পষ্ট বোধ হইতে লাগিল যে তিনি লিখিতে ইচ্ছুক হইয়াছেন। এই স্ত্রীলোকটি তাঁহার জন্মাবধি কখন কালি কলম একত্রিত করেন নাই, বিশেষতঃ ইহাঁর বুদ্ধি নিতান্ত স্থূল, ইহাঁ কর্ত্তৃক লেখা হইবে, ইহা আমরা কোন মতেই মনে ধারণ করিতে পারিলাম না। কিন্তু পাঠকগণ, অনুভব করুন, আমাদের মনোমধ্যে কত বিস্ময়ের উদয় হইল যখন স্পষ্টাক্ষরে তিনি "রাম লোচন ঘোষ" নামটী পুনঃ পুনঃ ১০।১২ বার লিখিলেন। আমরা ইহা দেখিয়া চমকিত হইলাম। রামলোচন ঘোষ আমাদের কোন আত্মীয় ব্যক্তি ছিলেন। তদন্তর আমরা এই আত্মাকে তাঁহার ভ্রাতার নামটি লিখিতে অনুরোধ করিলাম। তাহাতে মিডিয়াম "পদ্ম" এবং তার পর কি অস্পষ্ট করিয়া লিখিলেন তাহা পড়িতে পারা গেল না। ইহাতেও আমরা কম আশ্চর্য্যান্বিত হইয়াছিলাম না। কারণ আমরা যাহার বিষয় জিজ্ঞাসা করিলাম তাহার নাম "পদ্মলোচন।"

অমৃত বাজার পত্রিকা বলেন, "যশোহরের অন্তঃপাতী চোমপাড়া পল্লীতে এক ফকির আসিয়া উপস্থিত হইয়াছেন। ইনি বসু দাওয়ান নামে অভিহিত। হাঁপ কাশ ও যক্ষ্মা প্রভৃতি দুরারোগ্য ব্যাধি সকল তাঁহার আয়াসসাধ্য বলিয়া প্রচার করায় নানা স্থান হইতে শত শত পীড়িত ব্যক্তি আসিয়া উপস্থিত হইতেছে। তিনি তাহাদিগকে নামাঙ্কিত কবজ ও বিন্দুমাত্র মৃত্তিকা প্রদান করিতেছেন, ব্যাধিতদিগের অনেকেরই না কি পীড়া উপশম হইয়া যাইতেছে।

উক্ত পত্রে যশোহর হইতে এক ব্যক্তি লিখিয়াছেনঃ-

"যশোহরের উত্তর নওয়া পাড়া গ্রামে প্রায় ৫।৬ রোজ হইল, রাত্র যোগে নিদ্রিত ব্যক্তিদিগকে কিসে দন্তাঘাত করিতেছে। তাহার সন্ধান কেহ কিছু করিতে পারিতেছেন না। প্রথমে সকলে অনুমান করিয়াছিলেন যে, এটী শৃগাল কর্ত্তৃক সংঘটিত হইতেছে, কিন্তু তাহা হইলে শৃগাল দিনে দেখা যাইত। বোধ করি এ বিষয় কর্ত্তৃপক্ষীয় রাজাপুরুষদিগের কর্ণগোচর হয় নাই। যে হয় পশ্চাৎ লিখিব।"

উক্ত পত্রে বারাক পুর হইতে কোন ভদ্র লোক লিখিয়াছেনঃ-

"এখানে একটী ছাগলে দুটি মৃত শাবক প্রসব করিয়াছে। তন্মধ্যে একটির শরীর, বর্ণ ও নাসিকা মনুষ্যের ন্যায় এবং তাহার নাসিকার উপর একটিমাত্র চক্ষু আছে।"

"গত ২২ এ চৈত্র রাত্রে হুগলি, চুচুড়া, নৈহাটি ও নিকটবর্ত্তী গ্রামে ভারি ঝড় হইয়া গিয়াছে। নৈহাটির ঘাটে যে কয়েকখানি নৌকা ছিল, তাহা সমুদয় জলমগ্ন হইয়াছে। অনেক ঘর দরজাও পড়িয়া গিয়াছে। এই ঝটীকা গত কার্ত্তিক মাসের মহা ঝটিকারই সদৃশরূপ, প্রভেদ এই যে উহা অতি অল্পক্ষণই ছিল।"

২১ এ বৈশাখ শনিবার।

প্রায়াগ দূত বলেন, অল্প দিন হইল, বারাণসীর মহারাজার আনুকূল্যে, তথাকার কতগুলি ভদ্রসন্তান "বেনারস এসেম্‌বি রুম্‌স" গৃহে "জানকীমঙ্গল" নামক একখানি হিন্দি নাটকের অভিনয় করিয়াছিলেন। রঙ্গভূমিতে প্রায় পঞ্চাশ জন সাহেব ও বিবি এবং প্রায় চারিশত রাজা ও মহাজন দর্শক উপস্থিত হইয়াছিলেন। এই নাটকখানি "বেনারস কুইন্সকালেজের"

ত শিবপ্রসাদ ভেওয়ারি রচনা করিয়াছেন। তে রামের বিবাহ ও শিবধনুর্ভঙ্গের লিখিত হইয়াছে। যদিও অভিনেতাগণ ষ্টরূপ অভিনয় কার্য্য সম্পাদন করিতে ন নাই, তথাপি দর্শকগণের যথোচিত সো লাভ করিয়াছিলেন। উত্তর পশ্চিমাঞ্চ লোকদিগের রুচি যে এতদূর পরি হইয়া আসিতেছে, ইহা অত্যন্ত সুখের ।

বিগত ৩রা এপ্রেল দিবসে মথুরা হইতে যাইবার পথে একটী ডাকাইতি হইয়াগি- হরদেব নামে এক ব্যক্তি তাহার স্ত্রীর কালকাসী নামক একটি স্থানে মেলা তে যাইতেছিল, ফরিদাবাদের নিকট এক ১২ জন দস্যু আসিয়া তাহাদের সঙ্গে যাহা বহুমূল্য দ্রব্যাদি ছিল, সমুদায় কাড়িয়া সেই সময়ে পুলিষের কয়েক জন চৌকিদার ানে হঠাৎ আসিয়া উপস্থিত হওয়াতে ণ পলায়ন করে, কিন্তু তন্মধ্যে ১০ জন ইয়াছে এবং অনেক দ্রব্যাদিও পাওয়া ছে।"

—:০:—

ইউরোপীয় সমাচার।

রা এপ্রেল। গবর্ণমেণ্ট টেলিগ্রাফসংক্রান্ত হাউস অব কমন্সে অর্পণ করিয়াছেন। অবশ্য কর্ত্তব্য নহে।

কালরেন্স হইতে টেলিগ্রাম আসিয়াছে হউ- মহাসভা শস্যপ্রভৃতি ভাঙ্গিবার যন্ত্রের কর ারিত করিয়া সেনাদল ও রণ ব্যয়সংক্ষেপ করিবার বিধি দিয়াছেন। ঙ্কেসিয়ারে কয়লার খনিতে জমায়তবর্গস্ত ছে।

রেন্সের নিকটবর্ত্তী গ্রেণোবল নগরে জমা- স্ত হইয়াছে। "মার্সেলিস হিম" নামক ধ সূচক) গান গাওয়া হইয়াছে।

ঠা এপ্রেল। গত রাত্রিতে হাউস অব আয়রলণ্ডের ধর্ম্মসম্প্রদায়সংক্রান্ত শেষ হইয়াছে। ডিসরেলি সাহেব এক বক্তৃতা করিলে পর সভ্যদিগের এক রিয়া মত লওয়া হয়। লার্ড ষ্টানলী ঐ তর্ক স্থগিত করিবার যে প্রস্তাব করেন ২৭০ জনের মতে ও ৩৩০ জনের অগ্রাহ্য হইয়াছে।

ডষ্টোন সাহেব প্রস্তাব করেন, আয়ার ধর্ম্মসম্প্রদায়সংক্রান্ত যত আইন হই- তাহার বিবেচনার্থ এক কমিটি করা উচিত। ৩২৮ জনের মতে ও ২৭২ জনের অমতে ইহা গ্রাহ্য হইয়াছে।

২৭ এ প্রেল কমিটির অধিবেশন হইবে।

ডিসরেলি সাহেব এই বলিয়া আত্মমত প্রকাশ করিলেন এ প্রস্তাবের তিনি প্রকাশ্য প্রতিবন্ধকতা করিবেন।

ডিমস ডেল সাহেবের প্রশ্নের উত্তরস্বরূপ সর ষ্টাফোর্ড নর্থ কোট বলিলেন, ভারতবর্ষীয় ফিল্ড আফিসরগণের পদত্যাগ করিবার নিমিত্ত তিনি আর অধিক সুবিধা প্রদান করিবেন না।

শান্তির সময়ে সৈনিকদিগের শারীরিক দণ্ড না হয় এ বিষয়ে ডিউক অব কেম্ব্রিজ সম্মতি দিয়াছেন।

ইষ্টার পর্ব্বোপলক্ষে মহাসভা বন্ধ হইয়াছে।

স্পষ্ট বিজ্ঞান শিখিবার নিমিত্ত সর উই লিয়ম হুইট ওয়ার্থ ১০০০ টাকা করিয়া ৩০টী ছাত্রবৃত্তি স্থাপিত করিয়াছেন।

কেম্ব্রিজ ও অকস ফোর্ডের নৌকার যে বাৎ সরিক বাইচ হয় তাহাতে অকস ফোর্ডের জয় লাভ হইয়াছে।

৩রা এপ্রেলের ওয়শিংটনের টেলিগ্রাফে প্রকাশ করে, সভাপতি জনসনের বিচার অল্পে অল্পে চলিতেছে।

অভ্যন্তরস্থ শিল্পজাত বস্তুর উপরে যে কর ছিল আমেরিকার মহাসভা তাহা উঠাইয়া দিয়াছেন।

ব্রেজিলের রণক্ষেত্র হইতে শেষে যে সংবাদ আসিয়াছে, তাহাতে প্রকাশ করে, ব্রেজীলীয় গণ হামেটার পথ ভেদ করিয়া অগ্রসর হইয়াছে; কিন্তু দুর্গটী লইতে পারে নাই। তাহারা পারাগোয়া রাজধানী হস্তগত করিয়াছে।

ভারতবর্ষীয়দিগকে শাসনসংক্রান্ত উচ্চতর পদ প্রদানের নিমিত্ত সর ষ্টাফোর্ড নর্থ কোট এক পত্র প্রকাশ করিয়াছেন নিয়মবহির্ভূত প্রদেশসমূহে যেসকল পদ এ পর্য্যন্ত কেবল ইউরোপীয়দিগের প্রাপ্য ছিল, তাহা গুণবিশিষ্ট এতদ্দেশীয়দিগের প্রাপ্য করাতে সর ষ্টাফোর্ড নর্থ কোট গবর্ণর জেনরলের উপরে সন্তোষপ্রকাশ করিয়াছেন। কিন্তু তিনি বলিয়াছেন, নিয়মান্তর্গত প্রদেশসমূহে অনেক অচিহ্নিত পদ আছে যাহাতে এ পর্য্যন্ত কেবল ইউরোপীয়দিগকেই নিযুক্ত করা হইতেছে। এ সকল পদে এতদ্দেশীয় গণের সর্ব্বা পেক্ষা অধিক দাওয়া আছে। এতদ্দেশীয়দিগের এই স্বাভাবিক স্বত্ব ইউরোপীয়গণ লোপ করিবেন, এটী সর ষ্টাফোর্ড নর্থ কোটের অন্যায়। উপসংহারকালে সর ষ্টাফোর্ড কোট আশা প্রকাশ করিয়াছেন, নিম্নগতি প্রদেশে এতদ্দেশীয়দিগকে উচ্চতর প্রদান করা হইবে।

৩১ এ জানুয়ারি ভারতবর্ষীয় কৌন্সি পত্র গ্রাহ্য করেন, তৎপ্রতি সর আরস্কিন, ও সর বার্টল ফ্রিয়ার আপত্তি করিয়াছেন

সর আরস্কিন পেরি বলেন গবর্ণর জে লের মত অসম্পূর্ণ। নিয়মবহির্ভূত সমূহ অনেক দূরে আছে এবং সেস সভ্যতা ও শাসনপ্রণালী অনেক নিকৃষ্ট; এব যেসকল ভারতবর্ষীয় ঐসকল স্থানে পদ পাইতে পারেন, তাঁহারা নিয়মান্তর্গত ডেপুটিতেও উচ্চ পদ পাইবার উপযুক্ত বার্টল ফ্রিয়ারের ও এই মত।

১৬ ই এপ্রেল। ইউরোপীয় টেলিগ্রাফ কোম্পানির উদ্যোগপত্র প্রক হইয়াছে। এই টেলিগ্রাফ নভরনীতে রি কোম্পানির টেলিগ্রাফের সহিত সংযুক্ত প্রুশিয়া রুশিয়া ও পারস্য দিয়া এক ভারতবর্ষে যাইবে এই প্রস্তাব করা হইয় কোম্পানির ৪৫ লক্ষ টাকা মূলধন মধ্যে ইহার অর্দ্ধেক সংগৃহীত হইয়াছে।

প্রিন্স অব ওয়েলস ও তাঁহার স্ত্রী অ লণ্ডে উপনীত হইয়াছেন। ডবলিনে তাঁহ গকে আতিশয় সমাদরে গ্রহণ করা হইয় মজুরগণ কর্ম্মত্যাগ করাতে বলাগনা ও ব লোনাতে গোলযোগ হইয়াছে।

১৭ ই এপ্রেল। লার্ড রসেল এক কীর্ণ সভার অধ্যক্ষতা করেন। ইহাতে প্রস্তাব করিয়াছেন, আয়ারলণ্ডের ধর্ম্মস য়ের সহিত গবর্ণমেণ্টের সংস্রব বন্ধ করিব মন্ত্র গ্লাডষ্টোন সাহেব যে প্রস্তাব করিয়া তাহাতে সকলের অনুমোদন করা কর্ত্তব্য।

ওয়েষ্টমিথের ডেপুটি কালেক্টরকে এক গোপনে হত্যা করিয়াছে।

১৮ ই এপ্রেল। বোধ হয়, সর আলে ণ্ডার গ্রাণ্ট এডিনবরার বিশ্ববিদ্যালয়ের অ হইবেন।

মার্সি সাহেবের ভারতবর্ষীয় আয় ব প্রতি ইংলণ্ডীয় লোকে সন্তোষপ্রকাশ য়াছেন।

ভারতবর্ষের পত্রপ্রেরণের ডাকম বৃদ্ধিসম্বন্ধে ইষ্টইণ্ডিয়ান আসোসিয়ে কয়েকজন প্রতিনিধিকে গ্রহণ করিছে ষ্টাফোর্ড নর্থ কোট স্বীকার করিয়াছেন।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন

লেপ্টনেণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

২ এ এপ্রেল। যত দিন জি, এস, ফেগান বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত এল, এচ, টমসন সাহেব কলিকাতার আদালতের প্রতিনিধি প্রধান জজ হইবেন। ার, সি, পেরি সাহেব জেপুরের সব ষ্টার হইবেন।

পটনাণ্ট এম, ও, বাইড গৌহাটির সব ষ্টার হইবেন।

বু নুলদানন্দ মুখোপাধ্যায় কাকড়ের সদর আমীন হইবেন।

৩ এ এপ্রেল। নিম্নলিখিত ভদ্র লোকেরা ার মিউনিসিপাল কমিসনর হইবেন। ডবলিউ, কফ্রেল সাহেব, এ, বেডফোড, মোহিনীমোহন বন্ধন বি, এল।

নিম্নলিখিত ভদ্র লোকেরা মালদহের সাধা বিদ্যাশিক্ষাসভার সভ্য হইবেনঃ মেজর এল, মাইলস্, বাবু অম্বিকাচরণ রায় ী।

নিম্নলিখিত ভদ্রলোকেরা বালেশ্বরের সাধা- বিদ্যাশিক্ষা সভার সভ্য হইবেন।

বু বৃন্দাবনচন্দ্র মণ্ডল।

যদুনাথ শীল।

স, ডবলিউ গেরার্ড সাহেব।

াবু কালীপ্রসাদ দত্ত।

ার নৌকাবাহনকার্য্যের তত্ত্বাবধায়ক চ, হকলিসাহেব পাটনাতে দ্বিতীয় শ্রেণির মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন এবং ুর ও আলাহাবাদের মধ্যে ১৮৬৭ অব্দের করিতে পারিবেন।

ত দিন জে, এম, সি, লার্ম্মিন সাহেব বিদায় অনুপস্থিত থাকিবেন, তত দিন আর গ্রাণ্ট পালামাউএর প্রতিনিধি সহকারী সুপ- ণ্ডণ্ট হইবেন।

৪ এ এপ্রেল। নিম্নলিখিত ভদ্র লোকেরা র সাধারণ বিদ্যাশিক্ষাসভার সভ্য ।

চ, ডিয়ার সাহেব।

. গাডেন।

র্দুলাকীলাল।

াং মহামিন আলি।

ত দিন কাপ্তেন কিউ, ডি, পার্সন্স্ বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন লেপ্টনাণ্ট এচ, এম, রামসে, বঙ্গদেশীয় লেপ্ট নাণ্ট গবর্ণরের সীমাস্থিত ভারতবর্ষীয় রেইল ওয়ের প্রতিনিধি সহকারী পুলিষ ইনস্পেক্টর জেনরল হইবেন।

২৭ এ এপ্রেল। যত দিন কাপ্তেন ডবলিউ এস, এল, নিবেট বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন ততদিন আর, এচ, জি, আরবিণ সাহেব মুরসিদাবাদের প্রতিনিধি পুলিষ সুপর- ইণ্টেণ্ডেণ্ট হইবেন।

যত দিন জে, এম, ই, গোলড সবরি সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন তত দিন ডবলউ, কার্ণশ সাহেব চম্পরাণের প্রতি নিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

গয়ার অন্তর্গত অরাঙ্গাবাদের সহকারী মাজিষ্ট্রেট এ, ইয়াডলি সাহেব ১৮৬৭ অব্দের ২১ আইন অনুসারে কালেক্টরের ক্ষমতা পাইবেন।

ডবলিউ, এচ, ডিয়ইলি সাহেব ভাগলপুরের প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হই- বেন।

গয়ার ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর মৌলবী হামিদুদ্দিন মহম্মদ আরাঙ্গাবাদের ভার পাইয়া সেসিয়নে সমর্পণ করিবার মকদ্দমার প্রধান বিচার করিতে পারিবেন।

লেপ্টনণ্ট ই, জি, সিলিঙ্কটন কিছু দিনের জন্য লোহারডগার প্রতিনিধি ডেপুটি কমিস নর হইবেন।

২৮ এ এপ্রেল। যত দিন জে, এফ, বুম হাড সাহেব বিদায়ান্তে প্রত্যাগমন না করিতে ছেন তত দিন মৌলবী হোসেন আলি পাকুড়ের প্রতিনিধি সহকারী কমিসনর হইবেন।

ই, জে, বাটন সাহেব ২৪ পরগণার প্রতি নিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

জে, বক্ল্যণ্ড সাহেব পুরীর প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

এফ, ডবলিউ, বি, পিটসন সাহেব শ্রীহট্টের প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর ই, এচ, মাডক সাহেব স্বরভাঙ্গ উপবিভাগের ভার পাইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন। তিনি আরও প্রধানতম বিচারালয় ও সেসিয়নে সমর্পণ করিবার মক দ্দমার প্রথম বিচার করিতে পারিবেন।

—:০:—

আমাদিগের কোরহাটীস্থ সংবাদ লিখিয়াছেন।

১। পুলিষের অত্যাচার। কনষ্টাবুলরি ষের সৃষ্টি হওয়া অবধি কত স্থানে যে কত দৌরাত্ম্য হইয়া গিয়াছে ও হইতেছে, ইয়ত্তা নাই। আমরাও পুলিষের দ্বারা এ লের অনেক অত্যাচারের বিষয়, সংবা প্রকাশ করিয়াছি; কিন্তু আক্ষেপের বি তাহা পত্রিকাতে প্রকাশিত হইয়া গবর্ণ গোচর হইলেও তাঁহারা তৎপ্রশমনে বিশে যোগ করিতেছেন না। কবে যে হত প্রজাগণ এইসকল দৌরাত্ম্য হইতে মুক্ত করিবে বলিতে পারি না। শুনা যাইতেছে মেণ্ট বর্ত্তমান পুলিষের সংশোধন করিয়া ক্ষাকৃত উত্তমরূপ বন্দোবস্ত করিবার করিয়াছেন। কিন্তু আমরা পূর্ব্ব ক্ষণেই রাখিতেছি যে, পুরাতন পুলিষের নি সংশোধন করিয়া যেমন নূতন পু সৃষ্টি করা হইয়াছে, তদ্রূপ যেন না হয় নূতন পুলিষকৃত একটি অত্যাচারের দেওয়া যাইতেছে। ৩। ৪ দিন হইল অ গের নিকটস্থ কোন ষ্টেসনের কয়েক জন ব বল কোন কার্য্যোপলক্ষে বিক্রমপুরস্থ এক বন্দরের নিকট দিয়া যাইতেছিল। এমন তাহাদের সুরাপানের ইচ্ছা হওয়াতে ত ঐ বন্দরে সুরার দোকান অন্বেষণ ক করিতে এক দোকান পাইয়া তথায় উ হয়। উহারা সুরাবিক্রেতার নিকট কি ক্রয়ের অভিলাষপ্রকাশ করাতে বিক্রেতা যথোচিত মূল্য চায়। ইহাতে তাহারা (বলগণ) সন্তুষ্ট না হইয়া অনুচিত মূল্য (কোন মতেই ঐ মদের দাম হইতে পারে কহে। ইহা শুনিয়া বিক্রেতা কিঞ্চিৎ ক্রো বশ হইয়া তাহাদিগকে (কনষ্টাবলদি একটী কটু বাক্য কহে। তখন কনষ্টাব ক্রোধে অগ্নি শর্ম্মার ন্যায় হইয়া উ এবং হতভাগ্য দোকানদারকে হস্তস্থিত ও পদাঘাতদ্বারা গুরুতর প্রহার করিয়া কাড়িয়া লইয়া প্রস্থান করিল। শুনিলাম, নদার নাকি ফৌজদারিতে অভিযোগ য়াছে।

২। কোরহাটিতে ডাকঘরের প্রয়ো পত্রিকাবিশেষপাঠে অবগত হইলাম, স্থলে ইংরেজী বিদ্যালয় স্থাপিত আছে, সেই স্থানে সামান্যতঃ এক একটি পোষ্ট অ স্থাপনের উদ্দেশে পোষ্ট মাষ্টার জেনরল ধ্যাপনার ইনস্পেক্টর ও ডেপুটী ইনস্পেক্ট শয়দিগকে তাঁহাদিগের তত্ত্বাবধানাধীন

ন স্থানে পোষ্ট আফিস সংস্থাপিত হইতে
র, সেই সেই স্থান মনোনীত করিয়া সবিশেষ
জ্ঞাপন করিতে অনুরোধ করিয়াছেন। আমরা
নিমিত্ত পোষ্ট মাষ্টার জেনরল মহোদয়কে
ন্তঃকরণে ধন্যবাদ প্রদান করিতেছি। বস্তুতঃ
ক ঘরের বাহুল্য দেশোন্নতির অন্যতম
পান সন্দেহ নাই। আমরা কোরহাটী কি.
নকটবর্ত্তী কোন স্থানে ডাক ঘর স্থাপনের অ
ন্ত প্রয়োজনীয়তা প্রদর্শন করিয়া অনেক বার
ত্রকায় স্থানীয় সম্ভ্রান্ত ব্যক্তি ও গবর্ণমেণ্টকে
নুরোধ করিয়াছি; কিন্তু দুর্ভাগ্যবশতঃ
জিও আমাদিগের প্রার্থনা কার্য্যে পরিণত
য়া উঠিতেছে না। যাহা হউক, আমরা পোষ্ট
ষ্টার জেনেরলের সাধু আদেশে আশ্বাসিত
য়া এখনও আমাদের প্রার্থনা জানাইতেছি।
য় তিন বৎসরপর্য্যন্ত এ স্থানে একটি ইংরেজী
য্যালয় ও ইহার চতুষ্পার্শ্ববর্ত্তী কতিপয় গ্রামে
য়কটী বাঙ্গলা স্কুল প্রতিষ্ঠিত আছে। এই
কল স্থানে ভদ্র লোকের বাসও কম নহে।
ন্তু দুঃখের বিষয় এই যে, এইসকল স্থানের
ত্র প্রেরণ এবং পত্রিকাও বিদ্যালয়ের বি
দি প্রাপ্তিবিষয়ে অনেক অসুবিধা হইয়া
কে। সুতরাং এতন্নিবন্ধন অত্রত্য লোকদি
র যার পর নাই অনিষ্ট হইতেছে। এক্ষণে
মরা নিরতিশয় বিনীতভাবে অনুরোধ ও
র্থনা করিতেছি যে, এতদ্বিভাগের ইনস্পেক্টর
ডেপুটী ইনস্পেক্টর মহাশয়দিগের নিকট পোষ্ট
ষ্টার জেনেরলের ঘোষণাপত্র উপস্থিত
লে তাঁহারা যেন এ স্থানের প্রতি অনুকূল দৃষ্টি
ত করিয়া এখানে একটী পোষ্ট আফিস স্থাপন
য় মনোযোগী হন।

—:০:—

আমাদিগের মেদিনীপুরস্থ সংবাদ

তা লিখিয়াছেন।

এখানে একটী সুরাপাননিবারিণী সভা
ছে প্রতিমাসে এক বার ইহার কার্য্য হইয়া
কে; গত বারে আমি দর্শকরূপে সভাস্থ হই-
লাম। সভ্যের সংখ্যা অতি অল্প এবং
মধ্যে উচ্চপদস্থ (এতদ্দেশীয়) লোক প্রায়
ই। রাজকার্য্যোপলক্ষে এখানে অনেকগুলি
দ্র লোক বাস করেন, কিন্তু আক্ষেপের বিষয়
ই যে তাঁহাদিগের মধ্যে অধিকাংশেরই এ
ভার উন্নতিসাধনবিষয়ে ঔদাসীন্য দেখা
য়।

অত্রত্য ব্রাহ্মসমাজ ভূতপূর্ব্ব হেড্ মাষ্টর
যুক্ত বাবু রাজনারায়ণ বসু মহাশয়ের বিরহে
দিন দিন হীনাবস্থ হইতেছে। এখানকার আসি
ষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুক্ত কটন সাহেব মহো
দয় সম্প্রতি এই সভায় আসিতেছেন। ইনি
চিহ্নিত সভ্য নহেন; দর্শকমাত্র। ইহাঁর
মন উচ্চ এবং চরিত্র অতি পবিত্র বলিয়া বোধ
হয়। বাঙ্গালিদিগকে ঘৃণা করা ইংরাজদিগের
যে একটী জাতীয় স্বভাব, এই মহাত্মাতে তাহা
লক্ষিত হয় না। ইনি অতি অল্প দিন হইল
এখানে আসিয়াছেন

অত্রত্য গবর্ণমেণ্ট ইংরাজী বিদ্যালয়ে অতি
অল্পকালমধ্যে বারম্বার শিক্ষকের (মাষ্টরের)
পরিবর্ত্তন হইয়া গিয়াছে। নূতন নূতন শিক্ষকের
আগমন, বোধ হয় বালকদিগের পক্ষে শুভ
জনক নহে। বর্ত্তমান প্রথম দ্বিতীয় এবং চতুর্থ
শিক্ষক বাবু গঙ্গাধর আচার্য্য, বাবু হরিবল্লভ
মৈত্র এবং বাবু অভয়চরণ বসু অতি অল্প
কাল হইল এখানে আসিয়াছেন। বালকদিগের
শিক্ষাদানবিষয়ে ইহাঁদিগের যেরূপ যত্ন ও পরি
শ্রম দেখা যাইতেছে, তাহাতে সহসা ইহাঁরা
স্থানান্তরিত হইলে অবশ্যই বালকদিগকে
ক্ষতিগ্রস্ত হইতে হইবে, তাহাতে অণুমাত্র সন্দেহ
নাই। আমরা শুনিয়া আহ্লাদিত হইলাম যে
দয়ালু ইনস্পেক্টর শ্রীযুক্ত মার্টিন সাহেব মহো-
দয় স্কুল ফণ্ডের উদ্বৃত্ত সাতশতাধিক টাকা
শিক্ষক ও পণ্ডিত মহাশয়দিগকে পারিতোষিক
স্বরূপ বিতরণ করিয়াছেন। এইরূপে সময়ে
সময়ে সকল বিভাগীয় স্কুলের মাষ্টার ও
পণ্ডিতদিগের উৎসাহবর্দ্ধন করা কর্ত্তৃপক্ষের
অবশ্য কর্ত্তব্য সন্দেহ নাই।

এ স্থলে মধ্যে মধ্যে বৃষ্টি হইতেছে,
কিন্তু গ্রীষ্মের প্রাদুর্ভাবের খর্ব্বতা দেখা
যায় না। মধ্যাহ্নে ১০০ ডিগ্রী পর্য্যন্ত
পারা উঠিতেছে। সম্প্রতি এখানে ওলা
উঠা রোগের আবির্ভাব হইয়াছে। বোধ
হয় বৃষ্টিদ্বারা সহসা উত্তাপ ও বায়ুর পরিবর্ত্তন
উক্ত রোগের কারণ। এক্ষণে এই সহরের দক্ষি
ণাংশস্থ লোকসকল এই ভয়ানক রোগাক্রান্ত
হইতেছেন এবং কয়েক ব্যক্তি কৃতান্তসদনেও
গমন করিয়াছেন।

—:০:—

মেদিনীপুর হইতে আর এক জন

লিখিয়াছেন:

১। চড়ক পার্ব্বণটী এখানকার প্রসিদ্ধ পর্ব্ব।
গবর্ণমেণ্টের অভিপ্রায়ানুসারে বাণ ফুঁড়া নিষিদ্ধ
বলিয়া কয়েক বৎসর এখানে তাহার বড়
র্ভাব নাই। সহরের মধ্যে অনেক স্থানে গা
হয় বটে; কিন্তু কেহ বাণ ফুঁড়িতে বা
ঘুরিতে পারে নাই; কিন্তু মফস্বলে ঐ ক
রহিত হয় নাই। সম্প্রতি মালঞ্চার ৪ই গা
২ জন ও উটপাষরের একটি গাজনে ১
চড়ক গাছে ঘুরিয়াছে। পুলিষের এক জন
মান কনষ্টেবল তথায় উপস্থিত থাকিয়া
দক্ষিণা পাইয়াই গা ঢাকা দিয়া বসিয়াছি
এডুকেশ গেজেটপাঠে অবগত হইলাম,
জেলায়ও ৪ জন গাছে ঘুরিয়াছে। কেবল এ
কার সহরের লোকেরাই এই চড়কে ব
হইলেন।

২। সম্প্রতি মালঞ্চ, পাথরা, নওয়া
তেলিপুকুরনামক কয়েক স্থানে উপর্য্যু
কয়েকটি ডাকাইতি হইয়া গিয়াছে। অ
সমুদায় স্থানের ডাকাইতগুলি
হয় নাই। কোন কোন স্থানে ২।১ টি
ধৃত হইয়াছে। কিন্তু তাহাতে কোন ফল
নাই। মালঞ্চার শোচনীয় ঘটনাটিতে
বস্ত্রবিক্রেতার মৃত্যু হইয়াছে; কিন্তু অ
তথায় একটী ডাকাইতও ধৃত হয় নাই।
লাম, তেলিপুকুরে একটী ডাক ও লোক
গিয়াছে। দেখা যাউক, পুলিষের সুক্ষ্ম
সন্ধানে কি হয়।

৩ ২০ এপ্রেলের সোমপ্রকাশে স্ত্রী
ইত বলিয়া যেসকল বিদেশীয় স্ত্রীলো
কথা লিখিত হইয়াছে, সেইরূপ কতগু
শীয় মুসলমান) স্ত্রীলোক এখানে আসি
ইহাদের সহিত পুরুষও আছে। ইহারা সম
প্রায় ১৫০। ইহারা নানাবিধ প্রস্তর ও
সোণা আদি বিক্রয় করিয়াথাকে
সঙ্গে ঘোড়া, লাঠি
বন্দুক
ব্যবহারে
সহরে আ
ইহাদের স্ত্রী পুরুষ সকলেই বলবান ও
শুনিলাম ইহারা সহরের নিকটবর্ত্তী প
সুবিধাক্রমে যার যাহা পায় হরণ করিয়া
ইহারা ডাকাইতিও করে। বোধ করি,
স্ত্রীলোকেরাই খানাকুল কৃষ্ণনগরের
দাস বাবুর বাটীতে ডাকাইতি করিয়াছিল
হউক, যে কয়েক দিবস ইহারা এখানে থা
সেই কয়েক দিবস পুলিষের বিশেষ তত্ত্ব
থাকিলেই ভাল হয়। ইহাদের গন্তব্য
কোথায় তাহা কেহই জানিতে পারে নাই

প্রেরিত।

...ব্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

...পাদক মহাশয়! আপনকার ২রা বৈশা...ত্রিকায় কোন মহাত্মা একাদশী ব্রতচা...বিধবা ললনাগণের কষ্টদর্শনে অত্যন্ত ...হইয়া নব্য দলের নিকট উহার প্রতি... প্রার্থনা করিয়াছেন। তাহার লিখ...দর্শনে তাঁহারে এক জন যথার্থ সদা...য়ালু ও পরদুঃখে দুঃখী বলিয়া বোধ ...ছে। কিন্তু তিনি যে, কতিপয়মাত্র বিধবা ...একাদশীতে বৈরাগ্য দেখিয়া সমগ্র ...র ঐরূপ অভিলাষের সম্পূর্ণ সম্ভাবনা ...রিয়াছেন, এটি তাঁহার সদাশয়তার উপ...াজ হয় নাই। ইহাতে তাঁহার অনেক ...ধর্ম্মপরায়ণা, ব্রতচারিণী সাধ্বীর প্রতি ...ক দোষারোপ করা হইয়াছে। এখনও ...অনেক বিধবা দুষ্ট হন, যাঁহারা পতি...গে এই সংসার ও শরীরকে নিতান্ত অকি...র বিবেচনা করেন। ইহ জন্মের সাংসারিক ...কে পূর্ব্বজন্মকৃত অপরাধের দণ্ড বলিয়া ...করেন ও ব্রতাদি অনুষ্ঠানকে ভাবী সুখের ...বলিয়া জ্ঞান করেন।

...সম্পাদক মহাশয়! এরূপ ধর্ম্মনিষ্ঠা ব্রত...ণা সাধ্বীদিগের সহিত কএকটি ঐহিক ...সুখাভিলাষিণী রমণীর তুলনা করা কি যুক্তি ...যখন তাঁহারা হিন্দুকুলজাত, হিন্দু ...পাসক; হিন্দু ধর্ম্মকেই সনাতন ধর্ম্ম বলিয়া ...করেন, তখন যে তাঁহাদের ঐ ধর্ম্মোপ...ও ঐ ধর্ম্মসঙ্গত নিয়মাদি প্রতিপালন ...তাহাতে সন্দেহ নাই। অতএব ...প্রতি ঔদাসীন্য ...সকলের ...পদ্ধারা ...কাশ নির্দ্দয়তার কা... ...ই।

১ এ বৈশাখ } কস্যচিৎ
২৭৫। } পঠকস্য।

—:০:—

...ধুনা ভারতবর্ষের মহিলাগণের বিদ্যাশি...বিষয় লইয়া সভ্যজনসমাজে ও সংবাদ ...মূহে সর্ব্বদা বাদানুবাদ হওয়াতে বোধ ...ছে, স্ত্রীশিক্ষার আবশ্যকতা এদেশীয় ...ব্যক্তিমাত্রেরই হৃদয়ঙ্গম হইয়াছে এবং ...য়ের সংসাধনার্থ তাঁহারা বিশেষ যত্নও ...ছেন। ঐ মহাত্মারা স্ত্রীদিগকে শিক্ষা-দ্বারা উন্নত করিবার নিমিত্ত যেপ্রকার আগ্রহ প্রকাশ করিতেছেন সুপ্রণালী ও সদুপায় অবলম্বন করিলে অল্পদিবসমধ্যে তাঁহাদের ঐ মনস্কামনা সিদ্ধ হইতে পারিবে। বর্ত্তমান শিক্ষয়িত্রীদিগের আন্তরিক আগ্রহ না থাকায় শিক্ষাকার্য্য উৎকৃষ্ট পদ্ধতিক্রমে সম্পন্ন হইতেছে না। কর্ম্মচারীর বিশেষ মনোযোগ ও আগ্রহ না থাকিলে কোন কার্য্যই সুসম্পন্ন হইতে পারে না। এতদ্দেশীয় স্ত্রীগণকে শিক্ষা দিবার একটী সদুপায় আছে। নন্ অর্থাৎ কাথলিক ধর্ম্মাক্রান্ত সন্ন্যাসিনী দিগকে বড় বড় ছাত্রীগণের শিক্ষয়িত্রীপদে নিযুক্ত করিলে শিক্ষাকার্য্য উৎকৃষ্ট পদ্ধতিক্রমে সম্পন্ন হইতে পারে। মহানুভব ধীশক্তিসম্পন্ন দেশহিতৈষী মাননীয় শ্রীযুক্ত বিজয় নগরস্থ রাজা নন্ দিগের প্রতি শিক্ষাকার্য্যের ভারার্পণ করিয়া অধুনা আপন রাজ্যের স্ত্রীগণের বিশেষ হিত সাধন করিতেছেন। শিক্ষাকার্য্যে নন্ দিগের নিপুণতা দেখিয়া স্পষ্ট প্রতীয়মান হইতেছে যে, তাঁহারাই এতদ্দেশীয় বালিকাদিগকে শিক্ষা প্রদানের যথার্থ উপযুক্ত। প্রটেষ্টাণ্ট মতাবলম্বী মহাশয়েরা আপনাদিগের দুহিতাদিগের উত্তম রূপ শিক্ষার নিমিত্ত নন দিগের নিকট প্রেরণ করিয়া থাকেন। কলিকাতা দার্জ্জিলিঙপ্রভৃতি ভারতবর্ষের যে যে অংশে নন্ দিগের আশ্রম আছে, তথায় অধিকাংশ প্রটেষ্টাণ্ট মতাবলম্বী বালিকাগণ শিক্ষা প্রাপ্ত হইয়াথাকেন। ইহাতে বোধ হয়, নন্ দিগের দ্বারা বালিকাগণের উত্তমরূপ শিক্ষা হয়, নতুবা প্রটেষ্টাণ্ট মতাবলম্বী মহোদয়গণ কাথলিকদিগের বিরুদ্ধ মতাবলম্বী হইয়াও কি নিমিত্ত আপনাদের দুহিতাদিগকে শিক্ষার নিমিত্ত কাথলিক ধর্ম্মাক্রান্ত নন দিগের নিকট প্রেরণ করেন। অতএব এতদ্দেশীয় বালিকাগণের শিক্ষার্থ নন্ দিগকে নিযুক্ত করা দেশহিতৈষী ও বিদ্যোৎসাহী মহোদয়গণের অবশ্য কর্ত্তব্য। যাঁহারা স্বজন ধন সম্পত্তি ও সাংসারিক সুখ পরিত্যাগ করিয়া কেবল বালিকাদিগকে শিক্ষা প্রদান করাই জীবনের প্রধান উদ্দেশ্য বলিয়া স্থির করিয়াছেন, সেই নন্ দিগের দ্বারা যে এই কার্য্য সম্পন্ন হইবে ইহাতে সন্দেহের লেশমাত্র হইতে পারে না।

অনুগত
শ্রীকা

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু ইন্দ্রনারায়ণ প্রধান	দেভোগ
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র	১৩
শ্রীযুক্ত বাবু মনোহর মুখোপাধ্যায়	মিং
	আ
১২৭৫ বৈশাখ হইতে আশ্বিন	
„ „ নরসিংহ দত্ত	বরা
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র	
„ „ অরিনাশচন্দ্র বন্দ্যোপাধ্যায়	ভবানী
১২৭৪ চৈত্র হইতে ৭৫ ফাল্গুন	
„ „ জয়গোপাল চক্রবর্ত্তী	ম
১২৭৫ বৈশাখ হইতে আষাঢ়	
„ „ রামযাদব বসু	পটা
১৮৬৮ মে হইতে ৬৯ এপ্রেল	
„ „ ৫ সরচন্দ্র রায়	ট্রেনিঙ
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র	

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে ...স্বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ...ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাকম... সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং ত্রৈ...সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম ...গ্রহণ করা যায় না। চিঠি, বরাতি চিঠি, ...অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার অন... যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই ...দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, তা... যেন এক অথবা আধ আনার অধিক মূ... ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রক... মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি ক... শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে প... ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত ...আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে ...লিখিয়া জানান যাইবে, কাল অতীত ...গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহার ...একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ ...যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং প... হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ...ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ ...বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ ...যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ই... করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি ...আনা তাহার পর /১০ আনা দিতে হই... যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা ক... বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে।

এই পত্র কলিকাতার দক্ষিণ ...মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের দ... চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি... ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃক... প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

০ ম ভাগ। —৬৫— ২৭ সংখ্যা।

" প্রবর্ত্তনাং প্রকৃতিনিহ্নিনায় পার্থিবঃ সম্বন্ধী অতিমহতী ন হীয়তাং। "

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫ ৩০। এ বৈশাখ। ১৮৬৮। ১১ ই মে { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বা
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

বিক্রয়ার্থ।

ারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং
ড়া বাগান।

ভাড়া দেওয়ার নিমিত্ত।

ারডেন রীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
তে অথবা ভাড়া লইতে ইচ্ছা করেন, নিম্ন
রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

পুরাণপ্রকাশ।

লিকাতা মৃক্তাপুর আমহার্ষ্টসের দক্ষিণ
প্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনামক সাম
পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড করিয়া
শ হইতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের
াণ ৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রমশঃ অষ্টা
পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসমেত
টিত করিবার কল্পনা আছে। প্রথমতঃ বিষ্ণু-
অনুবাদ ও শ্রীধরগোস্বামিকৃত টীকা সমেত
হইতেছে; ১ লা বৈশাখ বিতরণ
ও হইয়াছে। যিনি ইহার গ্রাহক হইতে অভি
হন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
র নিকট পত্র ডাকমাশুল ও প্রতিখণ্ডের
অগ্রিম ॥০ আট আনা করিয়া পাঠাইবেন।
রা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহা
নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ এক টাকা
বিক্রয় করা যাইবে।

ই চৈত্র
৭৪। } জগন্মোহন শর্ম্মা।

ংস্কৃত মেদিনীকোষ হুরূহ শব্দের টীকা-
ও উত্তম নাগরাক্ষরে যত্নপূর্ব্বক মুদ্রিত হই
তেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, তিনি
ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত বাবু
সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট অথবা
কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ
যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪
সংস্কৃত বিদ্যালয় শ্রীজগন্মোহন শর্ম্মা।

অভিধান।

শব্দাম্বুধি	২॥০
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দসিন্ধু	২
শব্দার্থমুক্তাবলী	৭
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	৩
প্রকৃতিবাদ	৫

সংস্কৃত পুস্তক

রঘুবংশ সটীক	৮
উত্তর নৈষধচরিত	৭॥০
ভট্টিকাব্য	৪০
অষ্টাবিংশতি তত্ত্ব	৩৫
দশরূপক	১৸৵

কলিকাতা
কর্ণওয়ালিস
ষ্ট্রিট ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়
পুস্তকবিক্রেতা।

কলিকাতা সংস্কৃত লাইব্রেরী ও কালেজ ষ্ট্রিট ১১ সংখ্যক ভবনে শ্রীযুক্ত বরদাপ্রসাদ মজুমদারের পুস্তকালয়ে, শ্রীযুক্ত বাবু দেবেন্দ্র কুমার রায় চৌধুরীপ্রণীত " তত্ত্বপ্রকাশ " বিক্রীত হইতেছে।

বারুইপুর
৫ ই চৈত্র
১২৭৪। } শ্রীরাজমোহন বসু,
অধ্যক্ষ।

রাণীগঞ্জ পটারি কোং
লিমিটেড।

মেজিয়া করিবার সুচিক্কণ টাইল।
ঐ কোম্পানির মিসনরোস্থিত ৪ নং আ
উহার নমুনা দেখিতে পাওয়া যায় এবং
কাহার প্রয়োজন হয় ঐ আফিসে অনুমতি
পাঠাইয়া দিবেন।

নলদময়ন্তী নাটক, ষ্টানহোপ যন্ত্রে যু
বিক্রয়ার্থ প্রস্তুত; মূল্য ১ টা
কলিকাতা
যোড়াসাঁকো ৬৪ ন } শ্রীপ্রতাপচন্দ্র

ষ্টনহোপিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পঁ
ডাঙ্গা বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দোকানে
প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তক
বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল
গ্রীসইতিহাস	১
রোমইতিহাস	১
ভূষণসার ব্যাকরণ	
নীতিসার (১ ম ভাগ)	
নীতিসার (২ য় ভাগ)	

প্রচারিত।
মুগ্ধবোধ ব্যাকরণ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

শব্দার্থপ্রচারিকানামে একখানি সুবি
নবাভিধান, যাহাতে প্রাকৃত ও যাবনিক
ভিন্ন সকল শব্দেরই লিঙ্গভেদ ও ধাতুর উ
কৃদাদি ও শব্দের উত্তর তদ্ধিত এবং উ
বৃত্তি হইতে নানাবিধ প্রত্যয়ানন্তর প্রায়
••• হাজার শব্দ সংগ্রহপূর্ব্বক ৮৬৮ পৃ

ত হইয়াছে, যাঁহাদিগের প্রয়োজন হইবে, ... ২৩৫ নং পুস্তকালয়ে ও জোড়া ... শ্রীপ্রতাপচন্দ্র রায়ের নিকট ... করিলে প্রাপ্ত হইবেন। মূল্য ৩ টাকা ... আনা। যদি কেহ একে ... লন তবে তাঁহাকে ১৫ টাকা ... দেওয়া যাইবে।
বিক্রেতা শ্রীইন্দ্রনারায়ণ ঘোষ।

সোমপ্রকাশ।

৩০ এ বৈশাখ সোমবার।

শিলার সাহেবকে লইয়া পোর্ট ... কোম্পানির যে কাণ্ড চলিয়াছে, ... যত সত্বর নির্ব্বাণ হয়, ততই আন ... বিষয়। উহার অভ্যন্তরে অনেক ... গ্লানিকর জুগুপ্সিত ব্যাপার ... ছে। উহার যত আন্দোলন হইতেছে, ... লোকের ইউরোপীয়দিগের ধর্ম্ম- ... নিষ্ঠতা ও ন্যায়ানুগামিতার প্রতি ... ক্ত ও অবিশ্বাস জন্মিতেছে। সে ... ঐ কোম্পানির অংশগ্রাহিদিগের ... কটা সভা হয়, তাহার কার্য্য প্রণালী ... পূর্ব্বে লোকের যে সংস্কার জন্মিয়া ... তাহা আরো দৃঢ়তররূপে বদ্ধমূল ... ছে। সে দিন সভাদিগের অনেকে ... গর্ব্বিতভাব প্রদর্শন করিয়াছেন, ... র দ্বিতীয় উদাহরণ দর্শন দুর্লভ।

... বিচারপতি ... ও বিচারপ্রণালী।

... সর আরস্কিন পেরি সর জন লরে ... অদূরদর্শিতাসূচক আজ্ঞার সমা ... নসময়ে আপনার মিনিটের উপ ... র বলিয়াছেন "সম্প্রতি ভারত ... হইতে যেসকল সরকারী পত্র আসি ... তাহাতে দেখা যাইতেছে, এক্ষণে ... সমমাত্র (•) আইনশিক্ষা ... ভারতীয়েরা বিচারকার্য্যে এরূপ ... হইতেছেন, যে (গবর্ণর জেন ... লের) সিবিলিয়ানদিগকে পৃথক ... উচ্চতর আইন শিক্ষা না দিলে

তাঁহারা অবিলম্বেই সর্ব্বসাধারণের নিকট ভারতবর্ষীয়দিগের অপেক্ষা নিকৃষ্ট বলিয়া বিবেচিত হইবেন। তথাপি বর্ত্তমান আইন অনুসারে কোন উপযুক্ত ভারতবর্ষীয় বা ইংরাজ ব্যবহারাজীব নিয়মান্তর্গত প্রদেশের কোন কোন জেলায় জজের পদ প্রাপ্ত হইতে পারেন না। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যথার্থ রাজনীতিজ্ঞের ন্যায় প্রশস্ত চিত্তে সকল বিষয় বিবেচনা করিয়া বিচারকার্য্যে অন্য লোকদিগের প্রবেশ করিবার এবং তাঁহাদিগের বেতন ও বিদায়প্রভৃতির নিয়মের পরিবর্ত্ত করিবার প্রস্তাব করিলে অতিশয় আহ্লাদের বিষয় হইত।" এদেশীয় বিচারপতিগণ যে ইউরোপীয় বিচারপতিদিগের অপেক্ষা সমধিক যোগ্যতা প্রকাশ করিতেছেন, তাহা অল্প লোকেই অস্বীকার করিবেন। প্রধানতম বিচারালয়কেও ইহা স্বীকার করিতে হইয়াছে। আমাদিগের জেলার জজ, মাজিষ্ট্রেট, ও কালেক্টরগণের সহিত মুন্সেফদিগের তুলনা করিলে যে সিবিলিয়ান বিচারপতিদিগের উপরে অশ্রদ্ধা জন্মে, তাহা মুক্তকণ্ঠে ব্যক্ত করা যাইতে পারে। আমাদিগের আদালতসমূহের উকীলেরা যে বিচারপতিদিগের অপেক্ষা সকল বিষয়ে দক্ষতা প্রকাশ করেন, ইহা গবর্ণমেণ্ট প্রকাশ্যরূপে না হউক, প্রকারান্তরে স্বীকার করিয়াছেন। কিন্তু প্রধান ক্ষমতা সকল অদ্যাপি ইংরাজবিচারপতিদিগের হস্তেই রহিয়াছে। এক জন মুন্সেফ বা প্রধান সদরআমীন সবিশেষ অনুসন্ধানপূর্ব্বক যত্নসহকারে যে বিচার করেন, এক জন জজ অনায়াসে সামান্য কারণে তাহা রহিত করিয়া থাকেন। সর্ব্বোপরিতন খাস আপীলের পথে যেসকল কণ্টক নিক্ষেপ করিয়াছেন, তাহাতে প্রধানতম বিচারালয়েও সকল সময়ে সুবিচার লাভ হয় না। এটি যে নিতান্ত শোচনীয় অবস্থা তাহা স... স্বীকার করিবেন।

শাসনকর্ত্তাদিগের সময়ের অনুসারে কাজ করা কর্ত্তব্য। বি... গবর্ণমেণ্টকে সকল বিষয়ে পরা... জাতির অপেক্ষা শ্রেষ্ঠতা প্র... করিতে হইবে। ভারতবর্ষীয় গবর্ণ... যত দিন ইহা করিতে পারিয়াছি... তত দিন তাঁহাদিগের কার্য্যে লো... এত অসন্তোষ জন্মে নাই। কিন্তু এ... তাহার বহুব্যতিক্রম ঘটিয়াছে। র... শাসন, বিচারপ্রভৃতি যে যে বি... গবর্ণমেণ্ট এদেশীয়দিগের মত অ... করিয়া কাজ করেন, সেই সেই বি... ঠকিয়া যান। সকল বিষয় অপেক্ষা ... দিগের দেশে বিচারকার্য্যই অ... বিশৃঙ্খলভাবে সম্পন্ন হইতে... অদ্যতা ইউরোপীয় বিচারপতি... যে প্রজাদিগের সভ্যতা বৃদ্ধির ... সারী কাজ করিতে পারিতেছেন... ইহা সকলেই স্বীকার করিয়া থা... আইন শিক্ষা ও উহার ভাবজ্ঞতা বি... ভারতবর্ষীয়দিগের স্বাভাবিক নৈ... আছে। এক্ষণে তাঁহারা উহা বি... করিতে সবিশেষ মনোযোগী হইয়া... সুতরাং তাঁহারা যে বর্ত্তমান ... লিয়ান বিচারপতিদিগের বিচার দ... হাস্য করিবেন, তাহা বিচিত্র ন... এই অনিষ্টনিবারণের উপায় কি? ... জন লরেন্সের মতে সিবিলিয়ান ... অন্য লোকের হস্তে উচ্চতর বি... রের ভার প্রদান করিলে পূর্ব্বো... তলে যাইবে। এই নিমিত্ত তিনি ... দল সিবিলিয়ানকে পৃথক করিয়া আ... শিক্ষা দিবার প্রস্তাব করিয়াছে... ইহাতে কতক অনিষ্ট নিবারণ হ... বটে; কিন্তু ইহাতেও বিচারপতি... উকীলদিগের ন্যায় আইন বিষয়ে ... দর্শিতা প্রদর্শন করিতে পারিবেন

তবর্ষীয় এমন স্থানে উত্তমরূপে করিবার উপযুক্ত বলিয়া বিবেচিত হইলে তিনি যে অন্ততঃ আপ মিডিন্সতে উচ্চ পদ পাইবার তাহাতে সন্দেহ নাই।" সর পেরির এ বাক্যের তাৎপর্য্য এই খানে নিয়ন্তা নাই, আর যেখানে ছাচার করিলেও চলে, সেখানে ক্তি যথার্থ যোগ্যতাপ্রদর্শন পূর্ব্বক করেন, তিনি যে নিঃসঙ্কোচে শে সাধারণ মতের সমক্ষে অন্যায় কাজ করিবেন, ইহা কখনই সম্ভা নহে। এতদ্দ্বারা সর জন লরেন্সের দর্শনসমুত্থিত প্রধান তর্ক খণ্ডিত হই ছে। সর জন লরেন্স বলেন, "আইন ারে উচ্চতর পদসকল কেবল সিবি নদিগেরই প্রাপ্য হইতেছে। কিন্তু আরস্কিন পেরি তাঁহাকে এই বলিয়া না করিয়াছেন যে, ব্যবহারাজীবের আইন লইয়া তর্ক করা আমাদের ত নহে। আইনে কি বলে তাহার চনা করা অপেক্ষা যথার্থ রাজনীতি ারে কি করা উচিত, তদ্বিষয় বিবে করাই আমাদের কর্ত্তব্য। সর আর পেরির এই বাক্যটী নিতান্ত যুক্তি হইতেছে। বিচারপতিগণ আইনের রাধে কোন অন্যায় নিবারণ করিতে ারিলে বলিয়া থাকেন "আমরা করিব? আমরা ব্যবস্থাপক সভার ন্যায় কাজ করিতে পারি না।" কিন্তু কর্ত্তা ইহা বলিতে পারেন না। নে কোন দোষ থাকিলে তাহার করা তাঁহার অবশ্য কর্ত্তব্য। ন যে রাজনীতির অধীন হইয়া করে, তাহা ভারতবর্ষীয় শাসনকর্ত্তারা ক্ষমতা বাঁধিতে পারেন নাই? আরস্কিন পেরি বলেন, ভারতবর্ষীয় উচ্চতর পদ প্রদানের আইন করা গবর্ণর জেনরলের উদ্দেশ্য হয় নাই সভাকে অনুরোধ করিয়া ঐ প্রকার আইন করিয়া দিবেন। অতঃপর ভারতবর্ষীয়দিগকে উচ্চতর পদ দেওয়া উচিত কি না, তাহার মীমাংসার ভার গবর্ণর জেনরলের উপরেই নিহিত হইতেছে। এক্ষণে তাঁহার মত কি? আমাদিগের দেশের শাসনকর্ত্তা হইয়া কি প্রভুত্বলোভী কুসংস্কার বিশিষ্ট ইউরোপীয়দিগের ভবে আমাদিগের স্বাভাবিক স্বত্বলাভের পথে কণ্টক নিক্ষেপ করিবেন?

সর বার্টল ফ্রিয়ার সর আরস্কিন পেরির বাক্যের অনুমোদন করিয়া বলিয়াছেন, "যাঁহাদিগের হস্তে নিয়োগের ভার আছে, তাঁহারা যদি যথার্থ ভদ্রতা ও আগ্রহসহকারে ভারতবর্ষীয়দিগকে উন্নত করিবার চেষ্টা পান, তাহা হইলে ভারতবর্ষীয়দিগের উন্নতি হইতে পারে। বর্ত্তমান আইনে তাহার সবিশেষ প্রতিবন্ধকতা করিতে পারে না।" ভারতবর্ষের শাসনকর্ত্তাদিগের ঐ ভর্ৎসনা বাক্যটী স্মরণ করা উচিত। এদেশীয়দিগের নিয়োগ বিষয়ে যে প্রতিবন্ধকতাচরণ করা হয়, সর বার্টল ফ্রিয়ারের মতে আইন অপেক্ষা শাসনকর্ত্তাদিগের কুসংস্কারদোষই তাহার প্রধান কারণ। সর জন লরেন্স আপনার দলের কতগুলি লোকের অভিপ্রায় গ্রহণ করিয়া এই প্রতিপন্ন করিবার চেষ্টা পাইয়াছেন যে এদেশীয়েরা অল্প টাকায় সুখে কাল যাপন করিতে পারেন; কিন্তু ইউরোপীয়গণ তাহা করিতে পারেন না। সর বার্টল ফ্রিয়ার গবর্ণর জেনরলের এই বাক্যটী অমূলক বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। শকট, বস্ত্র ও সুরাপানে এদেশীয়দিগের তত ব্যয় হয় না যথার্থ বটে; কিন্তু ইউরোপীয়েরা যেমন অবিচলিত চিত্তে আত্মীয়দিগের ক্লেশ দেখিতে পারেন; এদেশীয়েরা তাহা পারেন না। সামাজিক ব্যবহারানুসারে আমাদিগের যে ব্যয় হয়, ইউরোপীয়েরা তা বিশেষজ্ঞ নহেন। সর জন লরেন্স তাঁহার সহচরগণ কয়েকটী সামান্য এদেশীয়দিগের নিমিত্ত রাখিয়া আহ্লাদ প্রকাশ করিয়াছেন, সর বা ফ্রিয়ার তাহাতে অতিশয় অসন্তুষ্ট হই ছেন। তাঁহার মতে এই সকল "ইউরোপীয়দিগের উচ্ছিষ্টমাত্র। এদেশীয়দিগকে উচ্চতর পদ প্রদান করিলে যে ক্রমশঃ তাঁহাদিগের অ অসন্তোষ হইবে সর বার্টল ফ্রিয়ার স্বীকার করিয়া উপসংহারকালে বলি ছেন, ভারতবর্ষীয় কর্ম্মচারীদিগের বে বস্ত্র ও ভাষা ইংরাজদিগের ন্যায় করিয়া তাঁহাদিগের সংস্কার ইংরা গের ন্যায় করিয়া দিলেই যথার্থ ম হইবে। ঐ সংস্কার কিসে জন্মিবে? ভ তবর্ষীয়দিগকে উচ্চ পদ প্রদান উহার মাত্র উপায়। তাহা হইলে ভারতবর্ষী আপনারা শাসন কার্য্যে থাকিয়া ব্রি গবর্ণমেণ্টকে আপনাদিগের গবর্ণ বলিয়া জ্ঞান করিবেন। স্থূল কথা হইতেছে ভারতবর্ষীয়গণ বলক্ষণ বু পারিয়াছেন, ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট ভ দিগকে উচ্চতর স্বত্বপ্রদান কর প্রস্তুত আছেন; কেবল এখানকার শ কর্ত্তারা নানা কৌশলে সেই উদ্দেশ্য করিতেছেন। এক্ষণে ইংলণ্ডীয় গবর্ণমে কর্ত্তব্য এই হইতেছে যে, তাঁহারা এ কার বর্ত্তমান শাসনকর্ত্তাদিগের অগ্রাহ্য করিয়া এদেশীয়দিগের অ ও অভিপ্রায়ানুরূপ স্বত্ব প্রদান করে

পূর্ব্ব বাঙ্গলা রেলওয়ের দুর্ঘটনা।

বিদ্যুৎপাত বন্যা ও বাত্যাপ্র দৈব ঘটনার উপরে মানুষের প্রভুত্ব তথাপি মানুষ সাবধান হইয়া ঐ উপদ্রব হইতে আত্মরক্ষা সম্পাদন কিন্তু আমরা একটী আশ্চর্য্য দেখি

ওয়ে হইতে আত্মরক্ষা দুরূহ হইয়া
াছে। রেলওয়ে দৈবকাণ্ড নয়, মানু-
কাণ্ড; উহার উপরে মানুষের
র্ণ প্রভুত্ব আছে। কর্ম্মচারীরা যদি
ংপ সাবধান হইয়া কাজ করেন,
প্রকার দুর্ঘটনা হইবার সম্ভাবনা
না। কিন্তু উহাঁদিগের অনবধানতা
ন প্রবল যে, কোন ক্রমেই তাহার
রণ হইতেছে না। রেলওয়ে দেশের
াগ্য ও সুখ সচ্ছন্দতার মূল হইয়াও
চারীদিগের এক অনবধানতাদোষে
ত্তির হেতু হইয়া উঠিয়াছে। আমা-
র এক আত্মীয় পূর্ব্ববাঙ্গলা রেলও-
একটী শোচনীয় দুর্ঘটনার বিবর
খিয়া পাঠাইয়াছেন, পাঠকগণ শ্রবণ
।।

ত ৬ই বৈশাখ বৃহস্পতিবার রাত্রি
৭॥ ঘটিকার সময় পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের
নগর ষ্টেসনে (যাহাকে মুলাজোড়
একটী ভয়ানক অভূতপূর্ব্ব দুর্ঘটনা
গিয়াছে। আমি এক জন আরোহী,
৫০ মিনিটের গাড়িতে নৈহাটীতে গমন
র্ত্তিছলাম, বারাক্‌পুরে পঁহুছিয়া শুনি
শ্যামনগর ও নৈহাটীর মধ্যস্থানে এক-
মালের গাড়ি লাইনের বাহিরে পড়াতে
রুদ্ধ হইয়া আছে। প্রায় অর্দ্ধ ঘটিকার
শ্যামনগর হইতে তারযোগে সংবাদ
লে পর আমাদিগের গাড়ি শ্যামনগরে
করিল। তথায় গমন করিয়া দেখিলাম,
দুই প্রহরের মালগাড় তথায় আছে
কিঞ্চিৎ পূর্ব্বে পরিষ্কৃত হইয়াছে
পাঁচটার ১৮ গাড়ি সে পর্য্যন্ত ঐ খানে
তাঁহাও কিঞ্চিৎ পূর্ব্বে নৈহাটীতে গমন
ছে। ষ্টেসনমাষ্টারের মুখে আরো
াম, যে আমাদিগের গাড়ি দুই ঘটি
ন্যূনে নৈহাটীতে গমন করিতে পারিবে
আমাদিগের গাড়ি অপর পার্শ্বস্থ
ন রাখা হইল ইতিমধ্যে একখানি
গাড়ি নৈহাটী হইতে আসিয়া কলিকা-
মুখে চলিয়া গেল। ক্রমে রাত্রি হইতে
ল। যে মেল ট্রেণ কুষ্টিয়া হইতে
আসিতেছিল, তাহা ষ্টেসনে উপনীত হইল; কিন্তু ষ্টেসনে না থামিয়া দ্রুতবেগে কলিকাতার দিকে যাইতে লাগিল। পাইন্টের নিকট আসিয়া কলখানি প্রধান লাইনে গেল আর সকল গাড়ি যে লাইনে আমাদিগের গাড়ি ছিল, এককালে আসিয়া তাহার কলের উপর পড়িল। মহাশয়! পড়িবার সময় বজ্রাঘাতের ন্যায় ভয়ানক এক শব্দ হইল। আমি সর্ব্ব শেষের গাড়িতে ছিলাম। বসিয়া ছিলাম, অধোমুখে শুইয়া পড়িলাম, এইরূপ আকস্মিক ব্যাপার দেখিয়া ইহার পরে আবার কি হয় এই ভয়ে গাড়ি হইতে লম্ফ দিয়া বাহিরে পতিত হইলাম। অনন্তর দ্রুতবেগে কলের নিকটে গিয়া যাহা দেখিলাম, তাহা সম্যক রূপে বর্ণন করিতে পারি না। চারিখানি তৃতীয় ও চতুর্থ ক্লাস গাড়ি একবারে ছিন্ন ভিন্ন হইয়া গিয়াছে এবং আমাদিগের গাড়ির কলখানিরও ঐ দশা হইয়াছে। ঐ চারিখানি গাড়িতে দুই শতেরও অধিক পূর্ব্বদেশীয় যাত্রী ছিল। তথায় যাইয়া দেখিলাম, প্রায় ৫০। ৬০ জন শকট হইতে ঠিকরিয়া পড়িয়াছে, কতক মরিয়া গিয়াছে, আর কতক ব্যক্তির শ্বাস হইয়াছে। গাড়ি চাপাও অনেকে রহিয়াছে। সেখানে এমনি ক্রন্দনের কোলাহল উঠিয়াছে যে শুনিলে পাষাণ দ্রব হইয়া যায়। ষ্টেসন হইতে লোক জন আসিয়া শকট চাপা ব্যক্তিদিগের উদ্ধার করিবার উপায় করিতে আরম্ভ করিলেন। কতদূর কৃতকার্য্য হইয়াছিলেন, বলিতে পারিলাম না। কিন্তু অনুমান হয় অধিকাংশ লোকের মৃত্যু হইয়াছে এবং যাহাদিগের প্রাণ নষ্ট হয় নাই, তাঁহারা অঙ্গহীন হইয়াছেন। পর দিবস আমি যৎকালে দুই প্রহরের গাড়িতে কলিকাতায় প্রত্যাগমন করি, তখন দেখিলাম, ষ্টেসনের এক ঘরে মৃতদেহ উপর্য্যুপরি পড়িয়া আছে এবং রাস্তার ধারে গাছের তলায় ও অন্যান্য স্থানে শব পতিত রহিয়াছে। এপ্রকার ভয়ানক ঘটনা পূর্ব্ববাঙ্গলা রেলওয়ে হইয়া অবধি হয় নাই। ইহার প্রকৃত কারণের অনুসন্ধান করা গবর্ণমেণ্টের পক্ষে একান্ত কর্ত্তব্য।

কলিকাতা
২৭ এ বৈশাখ
১২৭৫।

ভবদীয় একান্ত বশম্বদ

জনৈক আরোহী।

রেলওয়ে যে প্রজাক্ষয়ের এ
হেতু হইয়া উঠিল, গবর্ণমেণ্ট কি ই
নিবারণ বিষয়ে যত্নবান্ হইবেন
সচরাচর শকটচালক, রাস্তার তত্ত্বা
য়ক ও পইণ্টধারীর দোষে দুর্ঘটনা
থাকে। যাঁহাদিগের উপরে রেলও
কার্য্যের প্রধানকর্ত্তৃত্বভার অ
তাঁহারা যদি মত্ত অলসপ্রকৃতি ও
বস্থিত শকটচালককে শকট চালা
না দেন, অপদার্থ পইণ্টধারীকে
কার্য্যে নিয়োজিত না করেন এবং অ
ইঞ্জিনিয়রকে রাস্তার তত্ত্বাবধানে নি
হইতে না দেন, তাহা হইলে দুর্ঘ
হইবার সম্ভাবনা কি? আমরা ব
বলিতেছি, রেলওয়ের দুর্ঘটনায়
দৈবকাণ্ড কিছুই নাই। রেলওয়ে
তিস্থ বুদ্ধিমান্ ব্যক্তির বুদ্ধির ক
প্রকৃতিস্থ ব্যক্তি যদি উহার কার্য্য স
দন করেন, দুর্ঘটনা ঘটিবার কোনক্র
সম্ভাবনা থাকে না।

আমাদিগের মতে মত্ত ও অ
শকটচালকাদির নিয়োগকর্ত্তাদিগকে
ও দণ্ডনীয় করা কর্ত্তব্য। কেবল
চালকাদির দণ্ডবিধান ব্যবস্থাদ্বার
টনার নিবারণ সাধ্যায়ত্ত নহে।

উপসংহারকালে আমরা অ
ব্যক্তিদিগকে এবং হত ব্যক্তিদি
পরিবারগণকে অনুরোধ করি
তাঁহারা রেলওয়ে কোম্পানির
ক্ষতিপূরণের অভিযোগ করুন,
কিছু বলেন না বলিয়াই রেল
কোম্পানি ও তাঁহাদিগের কর্ম্মচা
সাবধান হইতেছেন না। লেপ্টনাণ্ট গ
গ্রে মহোদয়কেও আমাদিগের সবি
অনুরোধ এই, আমরা অনেকের
শুনিলাম, হত ব্যক্তিদিগের অনে
গোপনে পদ্মায় ভাসাইয়া দেওয়া
য়াছে, এ জনরবটি সত্য কি না,
রূপে তাহার নিগূঢ় অনুসন্ধান ক

আবিসিনিয়া।

আবিসিনিয়ার যুদ্ধের ত শেষ হইল, ...ড়ে ৫ অনুষ্ঠাগ করিলেন, ...য়ও ...নো হয় নাই (এই যুদ্ধের নিমিত্ত ... কোটি টাকা ব্যয়, অনুমান ক...হয়, ...রে কত ব্যয় হইয়াছে, আমরা তাহার ...চার পাই নাই) উভা দলে ...তকগুলি ...ও হত হইয়াছে, ইহার পরিণাম যে ...হইবে এক্ষণে ইহাই চিন্তার বিষয় হই...ক। যাঁহারা পরাক্রান্তগ্রহণাত্মক, ...অর্থ ব্যয় ও ক্লেশের পর ঐ রাজ্য ...নি যে ছাড়িয়া দেওয়া হয়, সেটি তাঁহা...গর ভাল বোধ হইবে না। কেহ কেহ ঐ ...ম একটি আক্রমণ করিবার প্রস্তাব করি...ন। কিন্তু আমাদিগের বিবেচনায় ...কেই হউক আর পরেই হউক যাহাতে ...ধার প্রতি লোভ জন্মিবার সম্ভাবনা ...ক, এরূপ কোন বন্দোবস্ত করাই উচিত ...। বন্দীদিগের উদ্ধারার্থ এই যুদ্ধের ...ষ্ঠান করা হয়, সে উদ্দেশ্য সাধিত ...ছে। ব্রিটিশ গবর্ণমেণ্টের যে এই ...মাত্র উদ্দেশ্য, তাহাও জগতে বিদিত ...হে। এক্ষণে যদি উদ্দেশ্যান্তর সাধ...চেষ্টা হয়, কেবল যে ব্রিটিস গবর্ণমে...অনৌদার্য্য ও অভদ্রতা প্রকাশ হইবে ...প নয়, ব্রিটিশ গবর্ণমেণ্ট আফ্রিকা পর...গ্রহণলোভ পরিত্যাগ করিতে পারেন ...সকলের এই সংস্কার জন্মিবে। তবে ...গবর্ণমেণ্ট ঐ রাজ্যের হিতসাধনের ...না করেন, নিস্বার্থ প্রবৃত্ত হইয়া উহা ...দন করা কর্ত্তব্য। আবিসিনিয়ার কোন ...ক্ত সর্দ্দারকে থিওডোরের পদে ...ক্ত করিয়া প্রজার হিতার্থ তাঁহার ...য়ী। রাজপ্রণালীর কতকগুলির ...ন করিয়া দেওয়া উচিত। ভাবী রাজা ...টিশ গবর্ণমেণ্টের পরামর্শ লইয়া সমু...কার্য্য করেন, এইরূপ ব্যবস্থা করা ...। ঐ রাজ্য ব্রিটিশ গবর্ণমেণ্টের কার্য্য ...লীকে আদর্শ করিয়া যাহাতে প্রজার বিদ্যাশিক্ষা ও পুলিষের উৎকর্ষ সাধন প্রভৃতি কার্য্য করেন, সে বিষয়েও যত্ন বিধান আবশ্যক।

স্ত্রী নর্ম্মাল বিদ্যালয়।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট মান্দ্রাজ, বোম্বাই ও বাঙ্গলা এই তিন প্রেসিডেন্সীর তিন প্রধান নগরে এক একটী স্ত্রী নর্ম্মাল বিদ্যালয় স্থাপনার্থ পাঁচ বৎসরের নিমিত্ত বার্ষিক ১২০০০ করিয়া টাকা দিবেন, এই অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন। মিস কার্পেণ্টর মান্দ্রাজে যে একটী স্ত্রী নর্ম্মাল বিদ্যালয় প্রতিষ্ঠা করিবার প্রস্তাব করেন, তাহা হইতেই এই প্রসঙ্গ উত্থিত হইয়াছে। মান্দ্রাজের গবর্ণর ও শিক্ষাকার্য্যের ডিরেক্টরপ্রভৃতি যাঁহারা মিস কার্পেণ্টরের সপক্ষতা করেন, তাঁহাদিগের সকলেরই মত এই, গবর্ণমেণ্ট নিজে স্ত্রী নর্ম্মাল বিদ্যালয় না করিলে ঐ বিদ্যালয় হইয়া উঠা ভার। কিন্তু গবর্ণর জেনরলের সেরূপ মত নহে। তিনি বলেন, দেশীয় ব্যক্তিদিগের নিকটে সাহায্যগ্রহণ না করিলে তাঁহাদিগের যত্ন হইবে না।

গবর্ণর জেনরল এদেশের অবস্থাজ্ঞ ও স্ত্রীশিক্ষাসম্বন্ধে এদেশের লোকের হৃদ্গতভাবজ্ঞ বলিয়া উক্ত অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন, তাহা নহে। সামান্যতঃ শিক্ষাসম্বন্ধে যে রীতি প্রবর্ত্তিত ও যে যুক্তি অনুসৃত হইয়া থাকে, তিনি তদবলম্বন করিয়াই সমস্ত বাক্ত করিয়াছেন। আমরা দেশের অবস্থা স্বচক্ষে যেরূপ দর্শন করিতেছি। এবং লোকের মনের ভাব যেরূপ জানিতে পারিতেছি, তাহাতে স্পষ্টাক্ষরে নির্দ্দেশ করিতে পারি, গবর্ণর জেনরল বাহাদুর যে যুক্তির অনুসরণ করিয়া কার্য্যে প্রবৃত্ত হইতেছেন, তাহাতে কৃতার্থতালাভ করিতে পারিবেন না। বালকদিগের শিক্ষা সম্বন্ধে অবলম্বিত যু... স্ত্রীশিক্ষা সম্বন্ধে ফলোপধায়িতার ...বনা নাই।

আজিও এদেশের অধিকসং... লোকে জ্ঞানের নিমিত্ত বালকদিগকে ... শিক্ষা দেন না। পুত্র পণ্ডিত ... অর্থ উপার্জ্জন করিবে, এই ... শেই পুত্রকে লেখাপড়া শিখা... কন্যাসন্তানেরা পুত্রদিগের ন্যায় ... পার্জ্জন করিবে, সে আশা ন... জ্ঞানোপার্জ্জনের নিমিত্ত লেখা... শিখান আবশ্যক, এ জ্ঞান অধিকাং... নাই। যখন এরূপ হইল, তখন ক... স্থানের শিক্ষাদানার্থ অর্থব্যয় করি... প্রবৃত্তি জন্মিবার সম্ভাবনা কি? ...ন্দুর আরো অনেক দুর্নিবার প্রতি... আছে। বালকদিগের বিষয়ে সে... প্রতিবন্ধক নাই। স্ত্রীশিক্ষয়িত্রী... তন্মধ্যে একটি প্রধান। পুরুষ শিক্ষ... নিকটে বালিকাদিগের অধিক বয়... পর্য্যন্ত শিক্ষালাভ সম্ভাবিত নয়; ... কাহারো অনুমোদিত নহে। এই নি... যাঁহারা বিবাহের পূর্ব্বে কন্যাদি... বিদ্যালয়ে প্রেরণ করেন, বিবাহের ... তাহাদিগকে বিদ্যালয়ে যাইতে দেন... কিন্তু স্ত্রীশিক্ষয়িত্রীর নিকটে এরূপ ... থাকে না। অতএব সর্ব্বাগ্রে স্ত্রীশি... য়িত্রী প্রস্তুত করাই কর্ত্তব্য। কিন্তু গ... জেনরল বাহাদুর এদেশীয়দিগের ম... লইয়া ঐ অভীষ্ট সিদ্ধ করিবা... মানস করিয়াছেন, তাহা সম্পন্ন হ... সম্ভাবনা নাই। উপরে প্রদর্শিত ... এদেশের অধিকাংশ লোকের ক... শিক্ষাদানে প্রবৃত্তি নাই। তাঁহারা ... সেই কন্যার শিক্ষার্থ শিক্ষ... প্রস্তুত করিবার নিমিত্ত অর্থদ্বারা স... করিবেন, তাহা কোনক্রমেই সম্ভ... নহে।

এক্ষণে আমাদিগের বক্তব্য

র্মেণ্টের যদি এদেশীয় রমণীগণের
াদানে আন্তরিক ইচ্ছা ও যত্ন
ক, তাহা হইলে অন্ততঃ .৫ বৎসরের
ন্ত তাঁহারা কি স্ত্রীনর্ম্মাল বিদ্যালয়
বালিকাবিদ্যালয় যাবতীয় স্ত্রীবিদ্যা
র যাবতীয় ব্যয়ভারও কার্য্যসম্পাদ
ভার স্বয়ং গ্রহণ করুন। যে বিষয়ে
শীয়দিগের চির কালের বিপরীত
কার ও অনভ্যাসনিবন্ধন বিদ্বেষ
ছ এবং যে বিদ্যাকে ইহাঁরা অর্থ
বলিয়া জ্ঞান করেন না, তাহার শিক্ষা
র প্রথম আরম্ভসময়ে গবর্ণমেণ্টকে
সমুদায় ভার গ্রহণ করিতে হই
ছ। মেডিকালকালেজ ও সংস্কৃত
লজ তাহার প্রমাণ।

—০—

" এঁরাই আবার বড় লোক। "

অভিনয়।

আমাদিগের এক মিত্র উল্লিখিত নাট
ভিনয় দেখিতে গিয়াছিলেন, তিনি
সংক্রান্ত যে প্রস্তাবটী লিখিয়া পাঠা
ছেন, তাহা পাঠকগণের গোচরার্থ
স্থলে সাদরে গৃহীত ও প্রচারিত
ল।

ব্য বঙ্গবাসীদিগের সঙ্গীতবিষয়িনী রুচির
র্ণ পরিবর্ত্ত দেখা যাইতেছে। আর যাত্রা,
পাঁচালিতে তাঁহাদিগের প্রবৃত্তি ও
ত নাই। অবকাশকালে সঙ্গীতদ্বারা
বিনোদন করিবার ইচ্ছা জন্মিলে তাঁহারা
সঙ্গীতব্যবসায়ী পেসাদার যাত্রা ও কবি
লার শরণ লন না, আপনারা নাটকের
ভিনয় ও একতান বাদ্যের দ্বারা অভিলাষ
করেন। ফলতঃ এই রুচিবিপর্য্যয়
তাভাবে কল্যাণকর, ইহাতে চিত্তরঞ্জন
ত্তের উৎকর্ষবিধান যুগপৎ দুই অভি
সিদ্ধ হয়। অপর এতদ্বারা আনুষঙ্গিক
তবিদ্যারও উন্নতি সাধিত হইবার সম্ভা
আছে।

সম্প্রতি ঠনঠনিয়াতে একটী নাট্যালয় হই
য়াছে। গত শনিবার তথায় " এঁরাই আবার
বড় লোক " নামে এক নাটকের অভিনয়
হইয়া গিয়াছে। অভিনয়ের সঙ্গে একতান
বাদ্য ও গীতও হইয়াছিল।

নাটকখানির উদ্দেশ্য অতি প্রশংসার্হ।
সুরাপানের দোষোল্লেখ করিয়া তাহা হইতে
লোককে পরাঙ্মুখ করা ও সুরাপানপ্রভৃতি
কতিপয় কুক্রিয়ায় আসক্ত হওয়াতেই নব্য
বাঙ্গালিরা যে স্বদেশের রীতি পদ্ধতির সংস্ক
রণে প্রবৃত্ত হইয়াও বিফলপ্রযত্ন ও পরি
ণামে হাস্যাস্পদ হইতেছেন, তাহা প্রমাণ
করা এই নাটকের উদ্দেশ্য। বক্তৃতা বা
লিখিত উপদেশ অপেক্ষা নাটকাভিনয়ের
কুপ্রথা ও কুকর্ম্ম সংশোধনে বিশেষ ফলোপ
ধায়কতা আছে। কারণ রঙ্গভূমিতে
উক্ত কুকর্ম্ম সকল ও তাহার অবশ্যম্ভাবী
ফলসমূহকে মূর্ত্তিমান্ করিয়া প্রদর্শন
করা হয়। তাহাতে তদন্তর্গত নীতি লোকের
বিশিষ্টরূপে হৃদয়ঙ্গম হয়। কিন্তু কতকগুলি
কুকর্ম্মকে মূর্ত্তিমান্ করিতে গেলে অশ্রোতব্য
কথা ও অদ্রষ্টব্য দর্শন দেখাইতে ও শুনাইতে
হয় সুতরাং সেই সমস্ত কুকর্ম্মের রঙ্গভূমিতে
আন্দোলন সঙ্গত হয় না। "এঁরাই আবার
বড় লোক " এই নাটকখানিতে সকল
দোষের বহুল পরিমাণে উল্লেখ আছে,
অতএব উহা যে সম্যকরূপে অভিনয়যোগ্য
একথা আমরা নির্দ্দেশ করি না।

গ্রন্থের যে [illegible] অভিনয় অতি সুন্দর
ও যাবতীয় [illegible] হৃদয়গ্রাহী হইয়া
ছিল। অঙ্গভঙ্গী, আর্ত্তনাদ, রোদন, আহত
হইয়া ভূতলে পতন ও মৃতকল্প হইয়া শয়ন
এবং সূর্য্যাস্ত বিদ্যুৎ মেঘ গর্জ্জন ও বজ্রা
ঘাত প্রভৃতি অতি সুন্দর ও প্রকৃতির অনুরূপ
হইয়াছিল। " মাষ্টার কেষ্টোকিশোর " অতি
চমৎকার অভিনয় করিয়াছিলেন। কিন্তু বার
ম্বার কৌতুকাবহ কথা ও ভঙ্গীদ্বারা শ্রোতৃব
র্গের হাস্য উৎপাদন করিয়া তিনি নিজেও
এক একবার মহাস্য আস্যে তাঁহাদিগের
প্রতি দৃষ্টিপাত করিয়াছিলেন। যাহা হউক,
অভিনয়ের গুণই অধিকাংশ, দোষ অতি অল্প
অতএব সেই অতি অল্প মাত্র দোষের কথা
উল্লেখ করিলেই পাঠকবর্গ বুঝিতে পারি
বেন যে তদ্ভিন্ন অভিনয়ের আর সমস্ত অ
প্রশংসনীয় হইয়াছে।

রাজা বাবুই প্রধান অভিনেতা। তাঁহ
বারম্বার রঙ্গভূমিতে উপনীত হইতে
প্রতিবারেই অনেক ক্ষণ ধরিয়া শ্রোতৃবর্গে
চিত্তরঞ্জন করিতে হইয়াছিল। তাঁহার অ
নয় কার্য্যে বিলক্ষণ নৈপুণ্য আছে
সামাজিকদিগেরও চিত্তরঞ্জনে কৃত
হইয়াছিলেন। কিন্তু যে যে স্থলে স্ত্র
কথা কহিতে হয়, সেই সেই স্থলে
লক্ষিত হইয়াছে। ফলতঃ কেবল বি
বলিয়া নন, যিনি যিনি আত্মগত কথা ব
ছেন, তাঁহারই সেই দোষ দেখা গিয়া
আত্মগত কথা ধীরে ধীরে কহিতে হয় ত
মধ্যে মধ্যে বিরাম চাই, ভাব ও মু
আকার ইঙ্গিতের তারতম্য করিতে
এবং এমন স্বরে কথা কহিতে হয়
তাহা উচ্চ হইবে না, অথচ কথা
সকলে স্পষ্ট শুনিতে পাইবে। কিন্তু অ
যে অভিনেতৃগণের কথা কহি
তাহাঁদিগের ঐ সমস্ত বিষয়ে দৃষ্টি ছিল
তাঁহারা যেন পুস্তক দেখিয়া পাঠ
তেছেন এমনি বোধ হইয়াছিল। " ড
বাবুর " উচ্চারণগুলি অতি শ্রুতিক
তিনি যখন " এই অন্ধকারে আর্ক
ইত্যাদি বচনগুলি কহিতে আরম্ভ ক
তখন যেন কাণে বজ্রাঘাত হইল বলিয়া
হইয়াছিল। আবার স্ত্রীলোকে শুদ্ধ ও স
কথা কহিলেও সেইরূপ কঠোর শু
শর্ম্মিলা " হে বিধাতঃ! " বলিয়া খে
না করিয়া যদি " হে বিধেতা " বলি
তাহা হইলে ভাল লাগিত।

একতান বাদ্যও তানলয়শুদ্ধ ও
হইয়াছিল। ইহা অভিনয়ের একটী এ
অঙ্গ। ইহা না থাকিলে অভিনয় আদ্যো
স্থির হইয়া শুনা অতি কঠোর ব্রত
উঠে। যাবতীয় যন্ত্রের ঐক্য থাকা
তান বাদ্যের প্রধান প্রশংসার বিষয়। ই
য়ার একতান বাদ্য সম্প্রদায়ের যন্ত্র স
বিলক্ষণ ঐক্য ছিল কেবল ঢোলের
কিছু উচ্চতর হইয়াছিল। ফলতঃ যিনি
বাজাইয়াছিলেন, তিনি সে বিষয়ে

ান হয়। কেন না, ঢোলের বোলগুলি
স্পষ্ট তেমনি তাহাদিগের লালিত্য
কিন্তু ঢোলের বোল ও অপর যন্ত্রের
ে পৃথক লাগিলে একতান বাদ্যের
সম্পূর্ণ রূপ উপলব্ধি হয় না। আমা
বিবেচনায় একতান বাদ্যে ঢোল বাজ
শেষ পাণ্ডিত্য না দেখাইয়া কেবল
রাখিয়া গেলেই পর্য্যবসিত হইতে

স্বতঃ পৃথক।

। বাণিজ্যদর্পণ। এখানি ১৭৮৩
র চেম্বার এসোসিয়েসনের বিজ্ঞা-
সারে শ্রীযুক্ত জগদীশ তর্কালঙ্কার
বিরচিত। ইহাতে কি নিমিত্ত জন
ব বাণিজ্য প্রথা প্রবর্ত্তিত হইল,
রণে মুদ্রার সৃষ্টি হইল, ব্যাঙ্কার
কার এবং কোন্ কোন্ দেশে কি
বা অধিক পরিমাণে প্রাপ্ত হওয়া
ইত্যাদি প্রয়োজনীয় জ্ঞাতব্য বিষয়
বিশেষরূপে লিখিত হইয়াছে।
ার বহুযত্নে এই গ্রন্থখানি প্রণয়ন-
তাঁহার অন্যান্য সহযোগী অপেক্ষা
ক উৎকর্ষলাভ করিয়া পূর্ব্বোক্ত
সিএসনের নিকট তাঁহাদের প্রত
রূপ ২৫০ টাকা ও গ্রন্থস্বত্ব
াছেন। তাহা মন্দ হয় নাই। ইহা
সমাজের অনেক উপকার লাভেরও
বনা আছে।

বিবিধসংবাদ

২২এ বৈশাখ সোমবার

৯ এ এপ্রেল আগরার ইউরোপীয় সৈন্য
ট বারাক দগ্ধ হইয়াছে। ঐ বারিকটী তৃণা
ছিল। দাহকালে প্রবল বায়ু প্রবাহিত
তে দণ্ডায় ভস্মসাৎ হইয়া গিয়াছে।
ধ্যাতে চুরি ও সিঁদের বিশেষ প্রাদুর্ভাব
ছে। নূতন পুলিষ কিছুই করিতে পারিতে
। এই স্থানে অনেক দুশ্চরিত্র লোকে
বারাবাস করে, কিন্তু চুরিই তাহাদি-
প্রধান ব্যবসায়; সম্প্রতি উহাদের চারি
জন ধৃত হইয়াছে। মাজিষ্ট্রেট উহাদিগকে সেসনে অর্পণ করিয়াছেন।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, কলিকাতার পুলিষে আইনঅনুসারে যত টাকা আদায় হইবে, তাহা পুলিষ ফণ্ডে জমা হইয়া জষ্টিস-দিগের হস্তগত হইবে। এই টাকা ও পুলিষের অন্যান্য আয় একত্রীভূত করিয়া জষ্টিস ও গবর্ণমেণ্টের পুলিসের ব্যয়াংশ নির্দ্ধারিত হইবে।

মহীসুরের ভূতপূর্ব্ব রাজার পরিজন ও অনুচরবর্গের প্রতিপালনার্থে ৩৪ লক্ষ টাকা মূল্যের সম্পত্তি পাইবে। পরিবারবর্গ বৃত্তি পাইতে পারেন, কিন্তু রাজার ভাঁড়, গায়ক প্রভৃতির বৃত্তি পাইবার কি স্বত্ব আছে তাহা আমরা বুঝিতে পারিলাম না।

কলিকাতার আর্কডিকন প্রাট শীঘ্রই পদ ত্যাগ করিবেন। বেরেণ্ড কেব ব্রাউন ও বেরেণ্ড বক্ষ এই পদের প্রার্থী হইয়াছেন।

এবার বাঙ্গালোর ও নীলগিরিতে এমন গ্রীষ্ম হইয়াছে, যে অতিশয় প্রাচীন লোকও বলিতে পেরে তাঁহারা কখন এমন কষ্টভোগ করেন নাই। পুষ্করিণী কূপ ও নদীসকল শুষ্ক হইতেছে, জল পাওয়া ভার হইয়া উঠিয়াছে।

মণি অর্ডর প্রণালী প্রচলিত হওয়াতে গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন মণি অর্ডর আফিসমূহের পোষ্টমাষ্টর উপরে ৫ ও কাটিতে পারিবেন। এই সকল আফিসের সংখ্যা ও ডাকের পরিমাণের বৃদ্ধি করা কর্ত্তব্য।

মজঃফরপুর এক ব্যক্তিকে কলিকাতার পুলিষে আনয়ন করা হয়। পুলিসের সব জন লরেন্স সাহেবের সঙ্গে সাক্ষাৎ সময়ে বাসী হইতে বহির্গমনকালে ঐ ব্যক্তি তাঁহার শকটযোজিত অশ্বের রশ্মি ধারণপূর্ব্বক শকট স্থগিত করিবার চেষ্টা করে। শকটচালক তৎক্ষণাৎ অশ্বগণকে অন্য দিকে লইয়া গেল, এবং ঐ ব্যক্তি ধৃত হইল। তাহাকে এই কর্ম্ম করিবার কারণ জিজ্ঞাসা করাতে সে বলিল লাইসেন্স টাক্সের বিরুদ্ধে আবেদন করা তাহার অভিপ্রেত ছিল। এক্ষণে মাজিষ্ট্রেট তাহাকে কঠিন পরিশ্রমের সহিত কারাবাসের আজ্ঞা দিয়াছেন। কাজটী ভাল হয় নাই। পূর্ব্বকালে অতিসামান্য ব্যক্তিও সাক্ষাৎ সম্বন্ধে রাজার হস্তে আবেদন দিতে পারিতেন। লার্ড ডেলহৌসি এ প্রকার আবেদন গ্রহণ করিতেন। কিন্তু সর জন লরেন্স ঐ ব্যক্তির দণ্ডদানে সম্মত হইয়াছেন। এ প্রকার আবেদনগ্রহণে গবর্ণর জেনরলের যে গৌরব আছে তাহা তাঁহার বিবেচনা করা উচিত ছিল।

লক্ষ্ণৌ এর কমিসনর সেনাপতি আবট পঞ্জাব রেইলওয়ের এজেণ্ট হইয়াছেন। লাহোর ত্রি কেল বলেন পঞ্জাবের রেলওয়েকোম্পানি প্র রূপে কর্ণেল এলফিষ্টোনকে পদচ্যুত ক নাই। তিনি যত দিন কর্ম্মে স্থগিত ছি তাঁহাকে সে সময়ের বেতন ও ভাতা আর মাসের বেতন পুরস্কার দেওয়া হইয়াছে।

ইংলিসমানের কাবুলস্থিত সংবাদদ বলেন, এক জন রুশীয় দূত শিয়ার আ শি বরে উপস্থিত হইয়াছে। চারি রেজি রুশীয় সৈন্য বাকের অন্তর্গত মাইমু আসিয়াছে। আজিম খাঁ কান্দাহারে গম দূত দ্বারা বেজিমেণ্ট সৈন্যকে প্রত্যা করিয়া রুদ্ধ করিয়াছেন। তাঁহার ৪০০০ সৈন্য আছে। তিনি শস্য ও টাকা লেই বলপূর্ব্বক গ্রহণ করেন বলিয়া লো অতিশয় কষ্ট ও অসন্তোষ হইয়াছে। সি আলীর পুত্রগণ কাবুল হইতে পলায়ন ক য়াছেন, কেবল স্ত্রীলোকেরা তথায় আ কয়েকজন সর্দ্দার ও কাবুলের মুস্তফি কার হইয়াছেন। সিয়ার আলি খাঁ নিজে কান্দা আসিয়াছেন, তাঁহার পুত্র কাবুল আ করিবার নিমিত্ত অগ্রসর হইতেছেন দার আবদুল রহমন খাঁ আজিম খাঁর সা করিতেছেন না। অতএব আজিমকে অ পরাজিত হইতে হইবে।

১৮৬৯ অব্দের মধ্যে বম্বাইবাই প কর্ড রেলওয়ে প্রস্তুত হইবে।

গবর্ণর জেনরল সিমলাতে উপস্থিত হ ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার পুনর্ব্বার অ শন হইবে। ঐ সময় পঞ্জাবের জমীদার ও সংক্রান্ত বিল লইয়া তর্ক হইবে। এই বি পঞ্জাবের লেপ্টেণ্ট গবর্ণর সা ডোন মাকলিয়ডকে অর্পণ করা হইয়াছে।

গত শনিবারের গেজেটে সিটনকার সা পররাষ্ট্র বিভাগের সেক্রেটারির পদে নি বিজ্ঞাপন হইয়াছে। তিনি যত দিন অনুপ থাকিবেন, তত দিন সি, ই, এচিসন স তাঁহার প্রতিনিধি হইবেন।

আগামী জুন মাসে সিন্ধুর সুরঙ্গ স হইবে। মার্চ মাসের শেষে ৮৭০৭৫ ফুট ছিল। সুড়ঙ্গের এই অংশটী একটী পর্ব্বতে দিয়া করিতে হইতেছে। ইঞ্জিনিয়রগণ এক হস্তমাত্রপরিমাণ সুরঙ্গ করিতে পেসোয়ারপর্য্যন্ত যে রেলওয়ে হইবে, এই সুরঙ্গের মধ্য দিয়া যাইবে।

পাবনাতে অতিশয় ওলাউঠা হই তত্রত্য সিবিল ও সব আসিষ্টাণ্ট সার্জ্জন

রিশ্রম করিয়া বিস্তর লোকের সাহায্য
তছেন। কিন্তু আর দুই তিন জন চিকিৎ
হইলে সকলের সাহায্য হওয়া অসম্ভব।
। অবগত হইলাম, পাবনার মাজিষ্টেট
ন সব আসিষ্টাণ্ট সার্জ্জন ও কয়েক জন
দেশীয় চিকিৎসককে প্রেরণ করিবার নিমিত্ত
য়াছেন। এ বার সর্ব্বত্রই ওলাউঠা হই-
। এই সময়ে জগন্নাথক্ষেত্রের পাণ্ডাগণ
ংগ্রহ করিতেছে। আমরা বোধ করি,
ক'র দুই বৎসরের ন্যায় গবর্ণমেণ্ট এবা
এক বিজ্ঞাপন দিয়া যাত্রীদিগকে সতর্ক করি

সম্প্রতি আগরার প্রধানতম বিচারালয়ে
ইউরোপীয়ের মকদ্দমা উপলক্ষে উহার
ল এতদ্দেশীয় জুরিদিগকে বহিষ্কৃত কর
প্রস্তাব করেন। কিন্তু প্রধান বিচারপতি
অগ্রাহ্য করিয়াছেন।

সায়ালকোটের ঘোড়দৌড়ের পুরস্কারের
স্তু কাশ্মীরের রাজা ১৫০ ভরির এক বৃহৎ
াত্র প্রদান করিয়াছেন। ইহার মূল্য ১৫৫০
। রাজা ঘোড়দৌড়ের ন্যায় বাণিজ্যের
তযোগিতায় উৎসাহ প্রদান করিলে যথার্থ
র্য্য করা হয়।

শুডফ্রাইডেতে বোম্বাইয়ের লোকেরা এলি
টার পর্ব্বত গহ্বরস্থ মন্দির দর্শন করিতে
া করিয়া থাকেন। ঐ দিবস পাঠে সকলে
ষিয়ধর্ম্মানুসারে আরাধনা করিতে ত্রুটি করেন
আশঙ্কায় বোম্বাইয়ের বন্দরের চাপলেন
রেণ্ড ডবলিউ, বি, ফিয়ার সেই গহ্বরে গিয়া
াসনা করিয়াছেন। এই উপাসনার ফল কি?

প্রধান কমিসনর জর্জ্জ কাম্বেল মধ্যভারত
ির মিউনিসিপালিটিসমূহকে স্বেচ্ছামত সাধা
হিতকর কার্য্যে উদ্বৃত্ত টাকা ব্যয় করিবার
জ্ঞা দিয়াছিলেন। তদনুসারে হিঙ্গলঘাটের
উনিসিপালিটি এক মন্দির করিবার আজ্ঞা
াছেন। এ সকল স্থানে কিছুদিন বিদ্যালি
র প্রাদুর্ভাব না হইলে এরূপ স্বাধীনতা
ান করা অনুচিত। কিন্তু বঙ্গদেশে স্বাধীনতা
ানের সময় আসিয়াছে।

কৃষ্ণনগরের ছোট আদালতের জজ আর
ল. টাউয়াস সাহেব সংস্কৃতে উত্তমরূপে
ীক্ষা দেওয়াতে ২০০০ টাকা পুরস্কার পাই
ছেন। ফরাক্কাবাদের সহকারী মাজিষ্টেট
া, হোয়ালি সাহেব উর্দ্দুতে উত্তম পরীক্ষা
ন বলিয়া ১০০১ টাকা এবং ২৪ পরগণার
াইণ্ট মাজিষ্টেট জে, এফ রিজ ও কালনার

সহকারী মাজিষ্টেট জে, অর হালেট সাহেব
বাঙ্গালায় উত্তম পরীক্ষা দিয়াছেন বলিয়া ১০০০
টাকা প্রাপ্ত হইয়াছেন। ইহাঁরা চারিজনই
সিবিলিয়ান।

কর্ণেল বরস লক্ষ্ণৌয়ের যমুনা মসজিদে
যাইবার চেষ্টা করাতে যে দারগার সহিত তাঁহার
দাঙ্গা হয়, তাঁহারে লৌহশৃঙ্খলে বদ্ধ করিয়া
কঠিন পরিশ্রমের সহিত এক মাস মেয়াদ খাটি
বার আদেশ করা হইয়াছে কর্ণেল বরস যে
জানিয়া শুনিয়া এক ধর্ম্মসম্প্রদায়ের ধর্ম্মমন্দির
অপবিত্র করিতে গিয়াছিলেন, তন্নিমিত্ত তাঁহার
কি কিছুই হইবে না?

সম্প্রতি ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানি
মাজিষ্টেটদিগের বিরুদ্ধে এই বলিয়া অভিযোগ
করিয়াছেন, কোন কোন বণিক দ্রব্যপরিমাণ
বিষয়ে প্রতারণা করিলে মাজিষ্টেটগণ দণ্ডবি
ধির ৪১৫ ধারানুসারে তাঁহাদিগকে দণ্ড না দিয়া
কেবল রেলওয়ে আইন অনুসারে ঊর্দ্ধসংখ্য
৫০ টাকা জরিমানা করেন; কিন্তু ইহাতে
দুর্ব্বৃত্ততা নিবারিত হইতেছে না। জরিমানার
পরিমাণ আরও কিছু বৃদ্ধি করিলে ভাল হয়;
জেলে দেওয়া উচিত নহে। আমরা বোধ করি
গবর্ণমেণ্ট এই অভিযোগ অগ্রাহ্য করিবেন।

সম্প্রতি অষ্ট্রেলিয়াতে এক জন ফেনিয়ান
এডিনবরার ডিউককে বধ করিবার চেষ্টা
পাইয়া অকৃতকার্য্য হওয়াতে অধোদার তালুক
দারগণ আহ্লাদ প্রকাশ করিয়া রাজ্ঞীকে এক
অভিনন্দনপত্র প্রদান করিবেন।

গবর্ণমেণ্ট আপাততঃ মাতলা রেলওয়ে
আপনারা চালাইবেন। পোর্টকানিঙ কোম্পানির
গৃহ বিবাদ চুকিয়া গেলে এই রেলওয়ে তাঁহা
দিগকে প্রদান করা লেপ্টনণ্ট গবর্ণরের ইচ্ছা।
আমরা ইহার প্রতিবাদ করিতেছি। পোর্টকানিঙ
কোম্পানির যে সকল কাণ্ড প্রকাশিত হইয়াছে,
তাহাতে একটি রেলওয়ে তাঁহাদিগের হস্তে
প্রদান করিলে অনিষ্ট ব্যতীত ইষ্টলাভের সম্ভা
বনা নাই। পূর্ব্ব বাঙ্গালার রেলওয়ে কোম্পা
নিকে ইহা প্রদান করাই যথার্থ রাজনীতি

সম্প্রতি শিলার সাহেবের বন্ধুগণ এক সভা
করিয়া পোর্টকানিঙ কোম্পানির অংশীদিগকে
আহ্বান করিয়াছিলেন। কয়েকজনমাত্র অংশী
আগমন করেন। এই সভায় পরস্পরকে গালা
গালি ও হোরল্লা প্রভৃতি লজ্জাকর ব্যবহার
হয়। কলিকাতার কোন সভায় এমত কাণ্ড দেখা
যায় নাই। শিলার সাহেবের বুঝিয়া কাজ
করা উচিত

২৩ এ বৈশাখ মঙ্গলবার।

লক্ষ্ণৌএর কালেজে এক্ষণে ৬৪০ জন ছা
আছেন। ইহাঁদিগের মধ্যে তালুকদারদিগে
পুত্র ও আত্মীয়ের সংখ্যা ২৪ জন মাত্র। গ
দিবস ছাত্রদিগকে পুরস্কার প্রদান করিবার সম
প্রধান কমিসনর ডেবিস সাহেব এ নিমিত্ত বিদে
আক্ষেপ করিয়াছেন।

২৪ এ এপ্রেল কৃষ্ণনগরে বৃষ্টির সময় এ
ঝাউগাছে বজ্রপাত হয়। ইহাতে বৃক্ষের সব
শাখাগুলি প্রজ্বলিত হইয়া শত শত মসালে
ন্যায় প্রদীপ্ত হইয়াছিল। অনেক লোক ঐ সম
উপস্থিত ছিলেন। বৃষ্টিতেও ঐ অগ্নি নির্ব
করিতে পারে নাই। ইহাতে সকলে আশ্চর্য্য
ন্বিত হইয়াছিলেন।

উপনগরের মিউনিসিপালিটী উপনগ
বাষ্পীয় আলোক দিবার প্রস্তাব অগ্রাহ্য করি
ছেন। সভাপতি স্মিথ ও সহকারী সভাপতি
ডেন সাহেব এই আলোক দিবার প্রস্তাব গ্র
করাইবার নিমিত্ত অনেক চেষ্টা পান। কিন্তু উ
গরের অধিকাংশ লোক দরিদ্র বলিয়া ইহা গ্র
হয় নাই। উপনগরের মিউনিসিপালিটির বু
কত দৌড়, তাহা যাঁহারা দুর্ভাগ্যনিবন্ধন উ
দিগের অধীনে আছেন, তাঁহারাই জানেন

ডেলি নিউস শ্রবণ করিয়াছেন, জুন মা
১৫ ১৬ই লেপ্টনণ্ট গবর্ণর আসামে
করিবেন

উক্ত পত্র অবগত হইয়াছেন, যে
বন্দর হইতে যে ব্রহ্মদেশীয় রাজকুমারকে ভা
গুরে আনয়ন করা হইয়াছে, তাঁহাকে মা
৩০০ টাকা বৃত্তি দিবার আজ্ঞা হইয়াছে।

গত কল্য গোঁয়ারা মাটিদিবার সময়ে মা
তলার নিকটে এক জন মাতাল ফিরিঙ্গি ক
জন গোঁয়ারাবাহককে প্রহার করে। এতদ্ভি
অতিশয় গোলযোগ হয়। এক জন ইউরো
পুলিষ কর্ম্মচারী তৎক্ষণাৎ তথায় আ সাতে
মানগণ এই মাতালের প্রহার হইতে রক্ষা প
কিন্তু আমরা আশ্চর্য্যান্বিত হইলাম, পু
কর্ম্মচারী এ ব্যক্তিকে কেবল সতর্কমাত্র ক
ছাড়িয়া দেন। এক জন মুসলমান যদি
গিরজায় এ প্রকার করত, তাহা হইলে
হইত? অথবা পুলিষ কর্ম্মচারীর দোষ
যখন কর্ণেল বোরসকে নিবারণ করিয়া লই
মসিদের দারগা কারারুদ্ধ হইয়াছেন, তখ
জন অশিক্ষিত পুলিষপ্রহরীর কি ওরূপ
করিতে সাহস হয়?

বোম্বাই গেজেট কাবুল হইতে সংবা

ন, জাকুব খাঁ খেলাত পর্য্যন্ত আসিয়াছেন। ম খাঁর পুত্র হয় হত নচেৎ বন্দীভূত হইয়া কাবুল আক্রমণের সম্ভাবনা হওয়াতে ম খাঁ স্বয়ং যুদ্ধার্থ অগ্রসর হইতেছেন। ল অতিশয় গোলযোগ হইতেছে। আর হমন খাঁ সাহায্য দিতে অস্বীকার করিয়া। আর কয়েক জন সর্দ্দারকে কারারুদ্ধ করা ছে।

ন্ডু পেটি্য়টের এক জন পত্রপ্রেরক বলেন, ৭ অব্দের ১২ই মার্চ প্রধান বিচারপতি. রপতি ট্রেবর, সক, কেম্প ও মাকফার্শন রের এক আপীল শ্রবণ করেন; কিন্তু য়,ন্ত তাঁহার দোন আজ্ঞা দেন নাই।

উক্ত পত্র কৃষ্ণনগর হইতে সংবাদ পাইয়া সম্প্রতি তত্রত্য সিবিল সার্জ্জন তাঁহার এক ভৃত্যের নামে এই বলিয়া নালীশ করেন যে. ক্তি তাঁহার কতকগুলি মসলা চুরি করি । ডেপুটি মাজিষ্টেট বিশেষ প্রমাণবিরহে লীশ অগ্রাহ্য করেন। কিন্তু আশ্চর্য্যের এই যে, তত্রত্য জাইণ্ট মাজিষ্টেট নিজে ার বিচার করিয়া এ ব্যক্তির কঠিন পরিশ্র হিত দুই মাস মেয়াদ দিয়াছেন। করেদ লে অবশ্যই মুক্ত হইবে। এই সকল লোক দিগের বিচারপ্রণালীর কলঙ্ক স্বরূপ।

২৫ এ বৈশাখ বুধবার।

জদেশীয় গবর্ণমেণ্টের একজন অতিরিক্ত কটারি নিয়োগের বিষয়ে সর ষ্টাফোর্ড নর্থ অসম্মতি প্রকাশ করিয়াছেন। তিনি আরও বিশেষ প্রমাণ না পাইলে তিনি স্তাব গ্রাহ্য করিতে পারিবেন না। ভারত গবর্ণমেণ্ট অসঙ্গত ব্যয় করেন, এ সংস্কার ঞ্জিলে ষ্টেটসেক্রেটারির এরূপ লেখা হয় না।

স্প্রতি আড়কাটির দোষে এথেন্স ও আগা ন জাহাজে পরস্পর ধাক্কা লাগিয়া উভয় জ নষ্ট হইয়াছিল বলিয়া আড়কাটিকে ন্দ্রিক বিচারালয়ে অর্পণ করা হয়। জুরি ক্তিকে নির্দ্দোষ করিয়াছেন। এইসকল রক ও সামুদ্রিক বিচারালয় উঠাইয়া াই কর্ত্তব্য হইতেছে। বর্ত্তমান স্থলে যে বিচার হয় নাই, তাহা সকলে বলিতে ।

পায়নিয়র বলেন, সম্প্রতি কতকগুলি চোর হাবাদের গবর্ণমেণ্ট বাটী হইতে ৬০০ টাকা করিয়াছে। ইহারা অদ্যাপি ধৃত হয় কলিকাতার গবর্ণমেণ্ট বাটীতে চুরি না হইলে পুলিসের সম্পূর্ণ দক্ষতা প্রকাশ পাইতেছে না।

আলাহাবাদের অন্তর্গত শাহপুরে সম্প্রতি লিঙ্গআইনের অনুসারী এক বিচার হইয়াছে। অযোধ্যা ও আলাহাবাদে পাসিনামক এক জাতি মেথর আছে, তাহারা প্রায়ই চুরি ও দস্যুতা করে। এক জন পাসি শাহপুরে সর্দ্দারী চুরি করিত। সে সম্প্রতি ধৃত হওয়াতে গ্রামস্থ লোকেরা ফৌজদারি আদালতের মুখাপেক্ষা না করিয়া তাহাকে প্রহার করিয়া তৎক্ষণাৎ নিকটবর্ত্তী এক বৃক্ষে টাঙ্গাইয়া বধ করিয়াছে স্থানীয় কর্ত্তৃপক্ষ বলেন, চুরির জন্য ইহা হয় নাই, একটী স্ত্রীলোককে লইয়া এ কাণ্ড হইয়াছে। ১২ জন লোককে এই কারণে হাজতে দেওয়া হইয়াছে। বিচারপতিদিগের নিকটে যে সুবিচার হয় না এটী তাহারই প্রমাণ।

রাজপুতনা ও উত্তর পশ্চিমাঞ্চলের কোন কোন স্থানে কুষ্ঠরোগদিগকে জীবিত সমাধিত করা হইয়া থাকে। শিরোহির পোলিটিকাল এজেণ্ট সম্প্রতি ইহা গবর্ণমেণ্টের গোচর করিয়াছেন।

ইণ্ডিয়ান ডেলিনিউস বলেন, পারস্যে অহিফেনের চাষ এত হইতেছে যে কতকগুলি বণিক সিঙ্গাপুরপ্রভৃতি স্থানে ইহার ব্যবসায় করিবার নিমিত্ত এক শ্রেণি বাষ্পীয় জাহাজ নিযুক্ত করিয়াছেন।

গতকল্য এক জন গাড়োয়ান বিবি ব্রিজেস নামে এক জন ইউরোপীয় স্ত্রীলোকের নামে এই বলিয়া নালীশ করে যে সে তাহার গাড়ী ভাড়া দেয় নাই। সাক্ষ্যদ্বারা তাহার দাবি সপ্রমাণ হওয়াতে তাহাকে ভাড়া ও গাড়োয়ানকে ক্ষতিপূরণ স্বরূপ দুই টাকা দিবার আজ্ঞা হয়। বিবি ব্রিজেস ইহাতে অসন্তুষ্ট হইয়া মাজিষ্টেট রাসনকে বলেন "বিচারালয়ে সুবিচার নাই।" এই অপরাধে স্ত্রীলোকটীর বিনাপরিশ্রমে তিন দিবস মেয়াদ হইয়াছে। আদালতই অর্থী প্রত্যর্থীর এরূপ ধৃষ্টতাপ্রদর্শনের কারণ হইয়াছেন। ইউরোপীয় অপরাধীদিগের অপরাধানুরূপ দণ্ড হয় না বলিয়া নিম্নতর ইউরোপীয়াদিগের কখন দণ্ড হইলে তাহারা বিরক্ত হয়। এক্ষণে নিম্নশ্রেণির ইউরোপীয়দিগের সংখ্যাবৃদ্ধির সহিত তাহাদিগের পাপেরও বৃদ্ধি হইতেছে। অতএব বিচারপতিদিগের বুঝা উচিত অতঃপর অনুগ্রহ করিলে কেবল বিষময় ফল ফলিবে।

ঢাকাপ্রকাশ বলেন "সংপ্রতি বারিষ্টার হওয়ার নিমিত্ত এতদঞ্চলের এক ব্যক্তি ইংলণ্ডে গমন করিতেছেন। ইহাঁর নাম শ্রীযুক্ত বাবু উমে মজুমদার। ময়মনসিংহের অন্তঃপাতী নেত্র ষ্টেশনের অধীন ঠাকুরা কোণা নামক গ্রাম উ বাবুর জন্ম স্থান। ইহাঁর বয়ঃক্রম ২৬ মাত্র। ইহাঁকে আমরা বিলক্ষণরূপে ইনি একজন বিলক্ষণ বিদ্যোৎসাহী সৎ ও স্বাধীনচি ব্যক্তি। ইনি প্রথমে ময়ম গবর্ণমেণ্ট স্কুলে তৎপরে কলিকাতার লণ্ড শনরি স্কুলে এবং অবশেষে জেনেরল ব্রিতে শিক্ষালাভ করেন। ইনি সম্পূ স্বচিত্তাবলম্বনদ্বারাই যাহা কিছু উন্না করিয়াছেন। কলিকাতা হাইকোর্টে ইনি জের রাজার মোক্তারি কার্য্যে নিযুক্ত ছি কিন্তু তদবস্থায় থাকিয়াও ইনি উন্নতি অধ্যয়ন পরিত্যাগ করেন নাই। এপর্য্যন্ত উ বাবু কেবল ভবিষ্যদুন্নতিসাধনার্থই অর্থোপ করিয়াছেন। এক্ষণে ইলণ্ডে গমন ও তথা স্থান উপযোগী অর্থ সংগৃহীত হওয়াতে এখানকার কার্য্য পরিত্যাগ করিয়া চির খিত পথে দণ্ডায়মান হইয়াছেন। আ শুনিয়া আহ্লাদিত হইলাম. সুসঙ্গের চাকার মুহজমীদার মৌলবী আবদুলালী আমীরন্নেসা খাতুন এবং বালিয়াটীর জ শ্রীযুক্ত বাবু গিরিশচন্দ্র রায় তাঁহাদিগের কাউন্সেলের মকদ্দমা চালাইবার নিমিত্ত বাবুর উপর ভারার্পণ করিয়াছেন।"

২৬ এ বৈশাখ বৃহস্পতিবার।

দিল্লীর প্রাচীর ক্রমশঃ ভূমিসাৎ সম্প্রতি কাবুল ও কাশ্মীর ফটকের ম দেওয়াল ভগ্ন করিয়া দ্বারগুলি প্রকাশ্য বিক্রয় করা হইয়াছে। পাছে পুনর্ব্বার বিদ্রোহী এস্থানে থাকিয়া প্রতিবন্ধকতা ক আশঙ্কায় দেওয়াল ভগ্ন করা হইতেছে। কথা হইতেছে এই কার্য্য করাতে নগ আক্রমণকারী বিদেশীয় শত্রুর সুখসভ্য হইল কি না? পূর্ব্ব কীর্ত্তি নষ্ট হউক, সে কথা।

ইংলিশমান বলেন, প্রধান সেনাপতি পুরের বর্ত্তমান বারিক উঠাইয়া স্থানান্তরে স্থাপনের প্রস্তাব করেন। এটি করা কি না ইহা বিবেচনা করিবার নিমিত্ত সর লরেন্স উক্ত স্থানে এক দিবস থাকিয়া বারিক দর্শন করিয়াছিলেন। আমরা আহ্ হইলাম, গবর্ণর জেনরল বারিক পরিবর্ত্ত কোন কারণ দর্শন করেন নাই। বারিক অপব্যয়ের একটী প্রধান কারণ

বার অযোধ্যার নবাবের বাটীতে মহা
াহে মহরম হইয়াগিয়াছে। বিস্তর দরিদ্র
আহার পাইয়াছে। কিন্তু মুন্সি আমীর
তত্ত্বাবধায়ক থাকাতে পূর্ব্ব পূর্ব্ব বৎসরের
অপব্যয় হইতে পারে নাই।

বুল হইতে সংবাদ আসিয়াছে, আবদুল
খার হস্ত হইতে শাসন ভার লইবার
আজিম খা ইসমাইল খাকে প্রেরণ করি
। আবদুল রহমন খা বলিয়াছেন,
বন্ধ করিয়া সিয়ারআলিকে
হইতে দেওয়া কর্ত্তব্য। তিনি
. সন্ধির নিমিত্ত তিনি নিজে সি
ালির নিকটে গমন করিবেন। যদি সিয়ার
উঁহাকে কারারুদ্ধ অথবা বধ করেন, তাহা
আজীম খা যাহা ইচ্ছা করিতে পারিবেন।
যদি সন্ধি হয় তাহা হইলে তাঁহাকে বৃত্তি
নিমিত্ত আমীরকে অনুরোধ করিবেন।
খা ইহার প্রত্যুত্তর দিয়া এক পত্র লিখি
ন কিন্তু ইহার মর্ম্ম প্রকাশিত হয় নাই।
হবিচ্ছেদের আর একটী শাখা হইল।
াম্বাই সটরডে রিবিউ পত্রের অস্তিমকাল
স্থিত হইয়াছে। এখানি বোম্বাইয়ের ফ্রেণ্ড
ইণ্ডিয়া ছিল।

ক্রিশ্চিয়ান মিরার বলেন, বাবু পদ্মলোচন গুপ্ত
কাতার মেডিকাল কালেজের পরীক্ষায়
হইয়া ইংলণ্ডে চিকিৎসাবিদ্যাশিক্ষার্থ
করিতেছেন।

হারাজ রণবীর সিংহ পুনর্ব্বার পীড়িত
ছেন। গত বার শিয়াল কোটের সিবিল
ন তাঁহাকে নীরোগ করেন। কিন্তু
জী চিকিৎসায় কিছু দিনের নিমিত্ত রোগ
পক্ষে এই সংস্কার হওয়াতে এবার দিল্লীর
ম আমীরা খাকে আহ্বান করা হইয়াছে।
প্রতি মহরমের সময়ে আগরার হিন্দুদি
সহিত মুসলমানদিগের দাঙ্গা হইয়াগিয়াছে
ন্ন উৎসবের এক দিবস এক জন হিন্দুর বি
য় বরযাত্রিগণ সমারোহ করিয়া যাইতেছেন
সময়ে মুসলমানেরা তাঁহাদিগকে আক্রমণ
করে। এক জনকে আহত করে। এ বিষয়
টের হইলে তিনি অগ্রে মুসল
দিগকে খাইতে দিয়া পরে হিন্দুদিগকে
ত বলিলেন। সেনাপতি ফেরিয়র মধ্য
য়ায় ভ্রমণবৃত্তান্তমধ্যে লিখিয়াছেন, পার
অন্তর্গত এক স্থানের লোকেরা রাজকীয়
গ্রাহককে বধ করিয়া বিদ্রোহী হয়, রাজার
ন মন্ত্রী অনেক কষ্টে বিদ্রোহ দমন করিতে
সমর্থ হন। সকলে ভাবিলেন, রাজবিদ্রোহীদি
গকে দণ্ড দিবেন। কিন্তু তাঁহারা শেষে শুনিয়া
বিস্মিত হইলেন বিদ্রোহী নগরের লোকদিগকে
এক কালে রাজকর হইতে মুক্ত করা হইয়াছে।
উক্ত মাজিষ্ট্রেটের বিচারও এই প্রকার দেখা
যাইতেছে।

কানপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ডবলিউ, আর,
বরকিট জানিয়া শুনিয়াও সহমরণ বরন করে
নাই বলিয়া তাঁহাকে সহকারী মাজিষ্ট্রেটের
পদে দেওয়া হইয়াছে। এই দণ্ডের নিমিত্ত
কেহই দুঃখিত হইবেন না।

২৭ এ বৈশাখ শুক্রবার।

উত্তরপশ্চিমাঞ্চলের ডিরেক্টরের প্রস্তাবানু
সারে আগরা কালেজের অধ্যক্ষ ও অধ্যাপক
দিগকে হুগলী ও ঢাকা কালেজের অধ্যক্ষ ও
অধ্যাপকদিগের ন্যায় বেতন দিবার আজ্ঞা
হইয়াছে।

গুজরাটের একখানি সংবাদপত্র বলেন, যুব
কুমার মহারায় চন্দ্রাতপ দিবার নিমিত্ত ধনাগারের
যাবতীয় টাকা ব্যয় করিয়া এক্ষণে এমন বিব্রত
হইয়াছেন, যে যে সে প্রকারে টাকা সংগ্রহ
করিয়া ব্যয় নির্ব্বাহ করিতেছেন। সম্প্রতি তিনি
বিনা অপরাধে এক জন বণিক্‌কে কারাগারে
প্রেরণ করেন। ১৩,০০০ টাকা দিলে পর এই
হতভাগ্য ব্যক্তিকে কারামুক্ত করা হয়। এই
প্রকার সর্ব্বত্র অত্যাচার হইতেছে। গবর্ণমেণ্টের
এই উন্মত্ত রাজকুমারকে প্রকৃতিস্থ হইবার ভয়
প্রদর্শনগর্ভ উপদেশ দেওয়া কর্ত্তব্য।

ব্রহ্মদেশে পুনর্ব্বার যুদ্ধ হইবার সম্ভা
বনা দেখা যাইতেছে। মেগুণ মিণ্ডচা রাজকুমার
পুনর্ব্বার মান্দালাই আক্রমণ করিবার নিমিত্ত
সৈন্যসংগ্রহ করিতেছেন।

জাপান হইতে সংবাদ আসিয়াছে, ইংরাজ
ও ফরাশী দূতগণের উত্তেজনায় এক জন
ফরাশী আফিসরের হত্যার বিনিময়ে এক জন
জাপানীয় আমীরকে বধ করাতে তথায় অতিশয়
গোলযোগ হইতেছে। এই প্রকার গর্ব্বপূর্ণ ব্যব
হারনিবন্ধনই আসিয়ার স্বাধীন রাজ্যসকল
ইউরোপীয়দিগকে সহজে আপনাদিগের দেশে
প্রবেশ করিতে দিতে সম্মত হন না।

সম্প্রতি মেদিনীপুরের নিকটে গবর্ণমেণ্টের
ডাক লুঠ হইয়াছে। দস্যুগণ ধৃত হয় নাই।
কলিকাতার মধ্যে যখন হত্যা করিয়া লোক
পার পাইতেছে, তখন মফস্বলে ডাকাইতি
হইবে, এটী বড় আশ্চর্য্যের কথা নহে।

সিঙ্কিয়ান বলেন, সিন্ধুর মুক্তাক্ষেত্রে লাভ
না হওয়াতে কেহই তাহার ইজারা লইতে
ন। অকালে বিস্তর মুক্তা উত্তোলন করা
এক্ষণে উত্তম মুক্তা পাওয়া যায় না। সুতরাং
তত লাভ হয় না। বাহাদুর কাষ্টের ন্যায় মুক্ত
বিষয়ে কোন নিয়ম করিলে ভাল হয়।

২৮ এ এপ্রেল বরিসালের নিকটে পিয়রি
নামক বাষ্পীয় জাহাজের বাষ্পাধার স্ফো
হইয়া চারি জনের মৃত্যু হইয়াছে। লক্ষ্ণৌ জ
জকে এই জাহাজের সাহায্যের নিমিত্ত ধ
করা হইয়াছে।

ইন্দুপ্রকাশ বলেন, বরদার রেসিডেণ্ট কা
বার সম্প্রতি গুইকুমারের কারারুদ্ধ ভ্রাতৃ
নিকটে গিয়া তাঁহাকে সতর্ক করিয়াছেন, তি
যেন কুপরামর্শীদিগের কথায় বিমোহিত হ
রাজার প্রতি বিরুদ্ধাচরণ না করেন। আমরা
"সৎপরামর্শের" কোন কারণ বুঝিতে পারি
না।

পঞ্জাবে কতকগুলি জলসেচক খাল
তেছে।

আমরা আহ্লাদিত হইলাম রেবিনিউ
এত দিনের পর উপরিভাগের আমলাদি
বদলী করিতে আরম্ভ করিয়াছেন। এটী স
রণ্যে করা উচিত। আমলাদিগের বেতন
করাও কর্ত্তব্য হইতেছে। নচেৎ ১০।১২
বেতনভোগী লোকদিগকে এক স্থান হ
অন্যত্র বদলী করিয়া তাঁহাদিগকে কেবল
দেওয়া হয় মাত্র।

২৮ এ বৈশাখ শনিবার।

মান্দ্রাজে এক জন ইউরোপীয় অপরি
সুরাপান করিয়া প্রাণত্যাগ করাতে ত
পাদরী তাহার সমাধির সময়ে মন্ত্রপাঠ ক
অসম্মত হন। যদি সকল পাদরীই এ
করেন, অনেকের গতি হওয়া ভার
উঠিবে। কৈ আমাদিগের পুরোহিতেরা
লদিগের অন্ত্যেষ্টিক্রিয়াকালে ত এরূপ
বলেন না।

দক্ষিণ কুর্গের প্রাচীন মন্দিরসকল
করিবার আজ্ঞা দেওয়া হইয়াছে। মহীশ
কমিসনরের অনুরোধে এই হিতকর আ
হইয়াছে। অনেক বহুমূল্য রত্ন ও অর্থ পা
বিলক্ষণ সম্ভাবনা।

লেপ্টনণ্ট গবর্ণর কিছু দিনের জন্য বা
পুরে বাস করিবেন। কিন্তু প্রতি সপ্তাহের
স্পতি, শুক্র ও শনিবার বেলবিডিয়র বা
অবস্থান করিবেন। বেলবিডিয়র বাটীর
রের নিমিত্ত এই বন্দোবস্ত হইতেছে।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ
ক্রীত হইতেছে:—

ণ্ডিয়া বিল্ক	৯২।০—৯
” কোম্পানির	৯২৷৷০—৯
” পবলিকওয়ার্ক	১০৫৷৵০—১০৫৷৷৵
” কোং	১০৮৷৷০—১০৮৷৷৵০
” কোং	১১৩—১১৩৷৵০

—:০:—

ইউরোপীয় সমাচার।

৫ ই এপ্রেল। ফরাশী গবর্ণমেণ্টের বিচার
ান্ত মন্ত্রী মস্থর বারোক সম্প্রতি এক
া করিয়া বলিয়াছেন, শান্তিরক্ষাই সম্রাট
ালিয়নের আন্তরিক ইচ্ছা; যুদ্ধবিষয়ক
রব হইয়াছে তাহা বিশ্বাসযোগ্য নহে।
টিত লোকেরাই এই জনরব করিতেছে।
ত কল্যের গেজেটে প্রকাশিত হইয়াছে,
ন ওয়ালস; সর ব্রুক, ব্রিজেস; ও সর জন
াপ লার্ড হইয়াছেন।

য়েলসের রাজকুমার ও রাজকুমারী
নে উপনীত হইয়াছেন।

এ এপ্রেল। গত কল্য ওয়েলসের রাজ
কে সেণ্ট পেট্রিক চিহ্নের নাইট বলিয়া
ষিক্ত করা হইয়াছে। মহাসমারোহে
ষেককার্য্য নির্ব্বাহ হয়।

গুন ২৩ এ এপ্রেল। রাজস্বসংক্রান্ত মন্ত্রী
ব্যয়ের হিসাব প্রদান করিয়াছেন। গত
৬৯ কোটি টাকা আয় হয়। অতিরিক্ত
ম টাক্সে যে টাকা পাইবার আশা ছিল,
অর্দ্ধেকমাত্র আদায় হইয়াছে। ২৯
াকা মাত্র উদ্বৃত্ত রহিয়াছে। আবিসিনি-
ন্ধের ব্যয়ের নিমিত্ত ৫ কোটি টাকা হিসাব
ইয়াছে, ইহার মধ্যে ২ কোটি আদায় হই
। ইন্‌কম টাক্স প্রতিপাউণ্ডে ৬ পেনি
হইবে, ইহাতে ১৮০ লক্ষ টাকা আদায়
স্থির হইয়াছে। এক কোটি টাকার
রি খত বাহির করা হইবে। তাহা হইলে
ক্ষ টাকা উদ্বৃত্ত থাকিবে। ইউরোপ মহা-
যুদ্ধের যে জনরব হয়, তাহা ক্রমশঃ তিরো
হইতেছে।

র্কেনওয়েল জেলে ফেনিয়ানদিগের দৌরা
সাহায্য করিয়াছে বলিয়া আনজ-
য়ী যে স্ত্রীলোককে রুদ্ধ করা হয় বিচা-
তাহাকে নির্দ্দোষ করিয়াছেন।

০ এ এপ্রেল। গত রাত্রির গেজেটে প্রকা-
ইয়াছে, সর রাবার্ট নেপিয়র বাথ চিহ্নের
ক্রস নাইট হইয়াছেন।

২৪ এ এপ্রেল। গত রাত্রিতে সর ষ্টাফোড নর্থকোট ভারতবর্ষের শাসনপ্রণালী পরিবর্ত্ত করিবার নিমিত্ত দুই খানি বিল অর্পণ করিয়াছেন।

ষ্টাফোড নর্থকোট বিলের উদ্দেশ্য বুঝাইয়া বলিলেন, শাসনের ক্ষমতা প্রদেশীয় শাসনকর্ত্তাদিগের উপরে বিতরণ না করিয়া প্রধান কর্ত্তৃপক্ষের হস্তে থাকিবে এবং এই ক্ষমতা অধিক হইবে। কিন্তু ইহা ভারতবর্ষের শাসনকর্ত্তৃপক্ষের পরিবর্ত্তে ষ্টেটসেক্রেটারির হস্তে থাকিবে। প্রস্তাব হইয়াছিল যে গবর্ণর জেনরল আপনার মন্ত্রীদিগকে মনোনীত করিতে পারিবেন; কিন্তু ইহাতে অসুবিধা হইবে এমন তর্ক হওয়াতে প্রস্তাব হইয়াছে ষ্টেটসেক্রেটারির পরামর্শানুসারে রাজ্ঞী দুইজন মন্ত্রীকে মনোনীত করিবেন। গবর্ণর জেনরলের বেতন আর দশ সহস্র টাকা অধিক হইবার প্রস্তাব হইয়াছে। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট সাক্ষাৎসম্বন্ধে যে ব্যয় করেন, তাহার প্রণালী পরিবর্ত্তের কোন প্রস্তাব হয় নাই; কিন্তু যেখানে গবর্ণর জেনরলের সহিত তদীয় মন্ত্রিবর্গের মতভেদ হইবে তথায় তিনি অধিকতর ক্ষমতা চালন করবেন এই প্রস্তাব হইয়াছে। স্থির হইয়াছে যে, যে সকল স্থানে লেপ্টনাণ্ট গবর্ণর অথবা অন্য-বিধশাসন বর্ত্তার ব্যবস্থাপক সভা নাই, সেখানে তাঁহারা কোন আইন করিতে চাহিলে প্রথমতঃ গবর্ণর জেনরলকে তাহা জানাইবেন; তৎপরে ইচ্ছা হইলে গবর্ণর জেনরল সেগুলি গ্রাহ্য করিতে পারিবেন।

মান্দ্রাজ ও বোম্বাইয়ের ন্যায় বঙ্গদেশে শাসনপ্রণালী স্থাপিত করিবার ক্ষমতা ষ্টেট সেক্রেটারির হইবে। শাসনকর্ত্তার মন্ত্রী থাকিবে কি না, তাহা ষ্টেটসেক্রেটারি স্থির করিবেন।

প্রতিযোগী পরীক্ষার দ্বারা ভারতবর্ষীয়দিগকে সিবিল সার্ব্বিসে প্রবেশ করিতে দিবার প্রস্তাব ভারতবর্ষের বর্ত্তমান অবস্থাসঙ্গত বোধ হয় নাই; অতএব সর ষ্টাফোড নর্থকোট প্রস্তাব করিয়াছেন গবর্ণর জেনরল, মধ্যে মধ্যে এতদ্দেশীয়দিগকে আপনার নিয়মানুসারে চিহ্নিত কার্য্যে নিযুক্ত করিতে পারিবেন।

২৬ এ এপ্রেল। এই মাত্র সংবাদ আসিয়াছে যে ১৩ ই এপ্রেল ব্রিটিশ সৈন্যগণ চতুর্দ্দিক হইতে আক্রমণ করিয়া মাগদালা গ্রহণ করিয়াছে। বন্দিগণ মুক্ত ও রাজা থিওডোর হত হইয়াছেন, ১৪০০ লোক অস্ত্র ত্যাগ করিয়াছে। ব্রিটিশ সেনাদলে এক জন আফিসর ও ১৪ জন সৈনিক আহত হইয়াছেন। আবিসিনীয়দিগের ৫০০ লোক মৃত্যু হইয়াছে; তাহাদিগের আহতের সংখ্যা ১৫০০।

২৭ এ এপ্রেল। আবিসিনিয়ার যুদ্ধে জয় হওয়াতে সকলে আহ্লাদিত হইয়াছে। যাবতীয় সম্বাদপত্রে বলিতেছেন সৈন্য অবিলম্বে উক্ত দেশ হইতে প্রত্যানয়ন কর্ত্তব্য।

ভারতবর্ষের শাসনপ্রণালীসংক্রান্ত বিলে প্রস্তাব হইয়াছে, ষ্টেট সেক্রেটারির কৌন্সিলের সভ্যগণ ১২০ বৎসর কাজ করিতে পারিবেন।

ভারতবর্ষের সহিত ইংলণ্ডের সংক্রান্ত সম্বন্ধের বিষয়বিবেচনার্থ এক কীয় কমিসন নিয়োগের প্রার্থনা করিবার নিমিত্ত কতকগুলি লোক সর ষ্টাফোর্ড কোটের সহিত সাক্ষাৎ করেন। তিনি প্রভু বলিয়াছেন এ বিষয় এরূপ বিস্তৃত কমিসনদ্বারা ইহার মীমাংসা হইতে পারে

ওয়েলসের রাজকুমার ও রাজকুমারী লণ্ড দর্শন করিয়া প্রত্যাগমন করিয়া

প্রকাশিত হইয়াছে, প্রশীয় সেনা সংখ্যা কমান হইবে। মালটা ও আলেকজ়ন্দ্রিয়ার মধ্যস্থিত সমুদ্রগর্ভস্থিত টেলিগ্রাফ সম্প্রতি হইয়াছে।

২৮ এ এপ্রেল। সম্প্রতি রাজকুমার অফ্ ক্লেডকে বধ করিবার যে চেষ্টা হয়, তজ্জন্য ক্রোধ ও রাজ্ঞীর সহিত সমদুঃখসুখতা প্রকাশ করিয়া হাউস অব লার্ডস এক অভিনন্দন করিয়াছেন। নূতন ইউরোপ্যভারতীয় ব্যাঙ্ক কোম্পানির মূল ধন সংগৃহীত হইয়াছে। ক্লার্কেনওয়েল কারাগারের অত্যাচারে টনামক এক জন ফেনিয়ানের দোষ সাব্যস্ত হওয়াতে তাহার ফাঁশীর আজ্ঞা হইয়াছে। কয়েদিগণ মুক্তিলাভ করিয়াছে।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন

লেপ্টনেণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

২৯ এ এপ্রেল। নিম্নলিখিত ভদ্রলোকেরা পূর্ণীয়ার ফেরিক্ণ্ড কমিটির সভ্য হইবেন।
জি, ডবলিউ, শিলিঙফোড সাহেব।
আর, এস, পায়ার ”
আর, ওয়াকার ”

৩০ এ এপ্রেল। এ মার্কবিন সাহেব
এক জন মিউনিসিপাল কমিসনর হইবেন

২রা মে। নিম্নলিখিত ভদ্রলোকেরা

দর ৩৬ আইনের ২ ধারানুসারে দলদার
লালয়ের পরিদর্শক হইবেন:-
ল, এচ, এ. ব্রাম্পন সাহেব।
র জে, ফবস।
বু দিগম্বর মিত্র।
মার হরেন্দ্রকৃষ্ণ রায় বাহাদুর।
ঠা মে। মুন্সি আমীর আলি খাঁ বাহাদুর
গণার এক জন দ্বিতীয় শ্রেণির অবীন
ষ্টেটের ক্ষমতাপ্রাপ্ত অবৈতনিক মাজি
ইয়া উপনগরে ক্ষমতা চালন করিবেন।
ড়াড়ের প্রতিনিধি ডেপুটি কমিসনর জে
উ. এডগার সাহেব তথায় দেওয়ানী
ক্ষমতা পাইবেন.
ক্তর সি. কোম্পে মতিহারির চিকিৎসা
রী হইবেন।
তদিন এচ, এল, অলিফাণ্ট সাহেব বিদায়
অনুপস্থিত থাকিবেন, ততদিন কাপ্তেন
সি. মণি লোহারডগার প্রতিনিধি ডেপুটী
ন হইবেন।
তদিন কাপ্তেন মণি সরকারী কার্য্যোপলক্ষে
রে থাকিবেন, ততদিন এ. এল. ক্লে সাহেব
মের প্রতিনিধি ডেপুটি কমিসনর হইবেন।
চ, বেল সাহেব নদীয়ার প্রতিনিধি মাজি
ও কালেক্টর হইবেন।
বু গিরীশচন্দ্র সেন মতিহারির ছোট
তের প্রতিনিধি জজ হইবেন।
ড. ওয়েষ্টলাণ্ড সাহেব নদীয়ার প্রতিনিধি
ট মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর
ন।
ক. ডব্লিউ. আর. কাউলি সাহেব চট্ট
র প্রতিনিধি জয়েণ্ট মাজিষ্টেট ও ডেপুটি
ক্টর হইবেন

আমাদিগের কাশীস্থ সংবাদ দাতা

রাছেন:—

এ প্রদেশের নূতন লেপ্টনাণ্ট গবর্ণর সাহে
কাজ কর্ম্ম দেখিয়া বোধ হইতেছে যে,
শিক্ষাসংক্রান্ত কার্য্যে বিশেষরূপে মনো
দিবেন। ১১ই এপ্রেল মিয়র সাহেব
ন আগমন করেন। তিনি সেই দিবসই
অত্রত্য ওয়াডস ইনষ্টিটিউসনে গমন
রাজকুমারদিগকে পরীক্ষা করেন এবং
দিগের ব্যায়ামচর্চ্চাতে পারগতা প্রত্যক্ষ
পরম আহ্লাদিত হন। অপরাহ্ণে (ঐ
) রাবানসী ইনষ্টিটিউটের সভা হয়।
মিয়র সাহেব উপস্থিত হইয়া সভাপতির
গ্রহণ করেন এবং এদেশীয়দিগের স্ব স্ব

তাহার উক্তি করা উচিত, এই বিষয়ে একটী বক্তৃতা করেন। পর দিবস তিনি কুইন্স কালেজে পুরস্কারবিতরণ করিয়া তথায় একটি বক্তৃতা করেন। তিনি বলিলেন, এ বিদ্যালয়ের উন্নতি ইংরাজি ছাত্রদিগের উন্নতির উপরে নির্ভর করে না। যৎকালে (১৮৪৪ অব্দে) জন মিয়র (ইহাঁর ভ্রাতা) ও টমসনসাহেব ইংরাজি ও সংস্কৃত বিদ্যালয় একত্রিত করিয়া এই কালেজ সংস্থাপন করেন, তখন তাঁহাদিগের এই প্রধান উদ্দেশ্য ছিল যে, এই বিদ্যালয়দ্বারা সংস্কৃত ভাষার উন্নতি হয় এবং এদেশীয়েরা নীতিশাস্ত্রে উত্তম রূপে শিক্ষা প্রাপ্ত হন। অনন্তর মিয়র সাহেব আক্ষেপ করিয়া কহিলেন, উহার অন্যতর কিছুই হয় নাই। তিনি আরও বলিলেন কেবল বি. এ. এম. এ পরীক্ষায় উত্তীর্ণ হইলেই বাস্তবিক উপকার হইতে পারে না; "অন্তরস্থ মনুষ্যের" (আত্মার) উপকারসাধন যাহাতে হয়, তাহা করাই মনুষ্যের প্রধান কর্ত্তব্য। অর্থাৎ (মিয়র সাহেবের অভিপ্রায় বোধ হয় এই) হে বারাণসী কালেজের ছাত্রেরা! তোমরা বাইবল পড়, তাহা না হইলে তোমাদিগের "অন্তরস্থ মনুষ্য" শুদ্ধ হইবে না।

ঐ দিবস (১৩ই এপ্রেল) লেপ্টনাণ্ট গবর্ণর সাহেবের সম্মানার্থ একটী দরবার হয়। পর দিবস জয়নারায়ণ কালেজে পারিতোষিক বিতরণ উপলক্ষে একটী সভা হয়। তথায় মিয়র সাহেব স্বহস্তে বালকদিগকে পুস্তক ও টাকা পুরস্কার দিয়া মিসেস স্মিথের বালিকাবিদ্যালয় ও সিগরার স্কুল দর্শন করেন। পর দিন অত্রত্য নূতন নর্ম্মালস্কুল মহাসমারোহে প্রতিষ্ঠা করেন। পশ্চাৎ এখানকার রাজাদিগের সহিত সাক্ষাৎ করিয়া এলাহাবাদ গমন করিয়াছেন।

এত দিন পরে হিন্দুস্থানীরা বাইয়ের নাচের অপেক্ষা নাটকের শ্রেষ্ঠতা বুঝিতে পারিয়াছেন। বারাণসী কালেজের এক জন পণ্ডিত সম্প্রতি জানকীমঙ্গল নামে এক খানি নূতন নাটক হিন্দি ভাষাতে রচনা করিয়াছেন। ইহা ধনুর্ভঙ্গ ও সীতার বিবাহ বিষয়ে লিখিত হইয়াছে। এখানকার মহারাজ সিকরোইলের ইংরাজি নাট্যশালাতে ইহার অভিনয় করেন। যদ্যপি অভিনয় ও নাটক খানির রচনা প্রশংসনীয় হয় নাই, তথাপি হিন্দুস্থানীদিগের মধ্যে এ বিষয়ে এই প্রথম চেষ্টা বলিয়া আমরা উহার প্রশংসা করিলাম।

সম্প্রতি তাইমুর বংশজ মির জালাল সাহেবের কাল হইয়াছে। ইনি গবর্ণমেণ্টের নিকটে মাসিক ৫০০ টাকা পেনসন পাইতেন। এ পেনসনখোরের দল কাশীতে অনেক, ইহাঁ সংখ্যা যত কম হয় ততই ভাল।

দেখিতেছি আপনার এক জন সংবাদদাতা আপনার এক বন্ধুর প্রশংসা করিতেছেন। যে ব্যক্তি কোন প্রশংসনীয় কর্ম্ম করেন, সংবাদদাতাদিগের তাঁহার প্রশংসা করা উচিত বটে; কিন্তু প্রতিবারে কোন না কোন প্রকারে এক ব্যক্তির নাম উল্লেখ করিয়া তাঁহার প্রশংসা করিলে কেমন সন্দেহ করে, সুতরাং প্রশংসাও বৃথা হয়। কোন বাবু আপনার আত্মীয় বন্ধুগণের সহিত বাগানে আমোদ প্রমোদ করিলেন কি না, প্রকাশের পাঠকবর্গ এরূপ সংবাদ শুনিতে ইচ্ছা করেন না

আজি কালি এখানে অত্যন্ত গ্রীষ্ম হইতেছে, কিন্তু ওলাউঠা ও বসন্ত রোগের প্রকোপ অনেক হ্রাস হইয়াছে।

—:০:—

শান্তিপুরের সংবাদ।

১। আমরা অতিশয় দুঃখিতচিত্তে প্রকাশ করিতেছি, যে গত চৈত্র মাসে একটি স্ত্রী আপন স্বামীর সহিত বিবাদ করিয়া উদ্বন্ধনে প্রাণত্যাগ করিয়াছেন। পবিত্র দম্পতী ভাব না থাকা সকলপ্রকার সর্ব্বনাশের কারণ। এই দুই এই প্রত্যক্ষ ফল।

২। শান্তিপুরস্থ লক্ষ্মীতলাপাড়ার বাঙ্গালা বিদ্যালয়ের নির্দ্দিষ্ট গৃহ না থাকাতে বিশেষ প্রকার অসুবিধা ঘটিতেছিল। সম্প্রতি স্থানীয় হিতৈষী শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ গোস্বামী ইংরাজি বিদ্যালয়ের প্রথম শ্রেণীর কয়েকটী বালককে সঙ্গে লইয়া শান্তিপুরের প্রতিগৃহস্থের দ্বারে এক একটী পয়সা ভিক্ষা লইয়া বিদেশ হইতে ভিক্ষা করিয়া প্রায় ৩০০ টাকা সংগ্রহ করিয়া একটী গৃহ প্রস্তুত করিয়াছেন। আমরা তাঁহার অধ্যবসায়ের জন্য ধন্যবাদ প্রদান করিতেছি।

৩। সম্প্রতি শান্তিপুরস্থ কুমারপাড়ায় অতিশয় ধুমধাম সহকারে বারইয়ারি পূজা হইয়া গিয়াছে। যাত্রা গান প্রভৃতিতে অর্থশ্রাদ্ধ হইয়াছে। এই পূজার প্রধান উদ্যোগী এক জন শিক্ষক। এই পূজা উপলক্ষে তিনি প্রায় এক সপ্তাহের বিদায় গ্রহণ করিয়া স্বাধীন উপভোগ করিয়াছেন। ইহাঁরাই আবার স্কুলমাষ্টর।

৪ গত ১১ই বৈশাখ শান্তিপুরস্থ বাসবৎসরিক ব্রাহ্মসমাজোপলক্ষে বাবু প্রতা

দার ও অন্যান্য কয়েকটি ব্রাহ্ম কলিকাতা আগমন করিয়াছিলেন। বাবু প্রতাপ মজুমদার উপাসনান্তে একটি উপদেশ করেন: উপদেশশ্রবণে অনেকে তৃপ্তি করিয়াছিলেন এবং অনেক শ্রোতা উপ ছিলেন:

শান্তিপুরে গঙ্গাস্নান যাইবার পথের ধারে র একটি আড্ডা হইয়াছে। তথায় প্রায়ই গান ও কথা বার্ত্তা চলিয়া থাকে, ত ভদ্রকুলোদ্ভব মাহলাগণ ঐ পথ দিয়া নিতান্ত কুণ্ঠিত হন। আমরা নূতন ককে দেখিয়াছি, এক জন পুলিষকর্ম্ম ভাহার জন্য দুই টাকার মৎস্য ক্রয় ৫৬ টাকা চারি আনার অধিক দিলেন য় রক্ষক তিনিই ভক্ষক, আমরা কাহার ই দিব।

আমাদিগের কোরহাটিস্থ সংবাদ

দাতা লিখিয়াছেন:—

১। আত্মহত্যা। কিয়দ্দিবস গত হইল খোলানামক স্থানে একটী আত্মহত্যা হইয়া ছে। উক্ত পল্লীনিবাসী এক ব্যক্তি প্রায় নিয়তই তাহার ষোড়শবর্ষবয়স্ক পুত্রকে ক তিরস্কার করিত। একদা ঐ পুত্র ঘটনা তাহাদের একটী গোরু হারায়। তাহার গোরুটীর অনুসন্ধান করিতে প্রবৃত্ত হইল বালক গৃহাগত হইবামাত্র তাহার জননী স্বামীর তাদৃশ কোপন স্বভাব জানিয়া "অরে! আজ আর তোর রক্ষা নাই। এই বে তোর পিতা তোকে কি রাখিবে?" এক তো গোরু হারাইয়া, নিতান্ত অস্থির কুল ছিল, তাহাতে আবার মাতার ঈদৃশ ুরিত বচন শুনিয়া যার পর নাই খির ইল। সে নিঃশব্দে তাহাদের গোগৃহে গমন া আড়ার সঙ্গে রজ্জু বন্ধনপূর্ব্বক আপ-হত্যাসম্পাদন করিয়াছে।

। চুরি। ও দিন হালদার বন্দরে এক মুসল দ্মবেশ অবলম্বন করিয়া এক ব্যবসায়ীর দেড়শত টাকা মূল্যের বস্ত্র লইয়া গিয়াছে। াম মুসলমান সুন্দর বেশ ধারণপূর্ব্বক য়াঙ্কণ সমভিব্যাহারে ঐ বস্ত্রব্যবসায়ীর াতে উপস্থিত হয়। বিপণিকর্ত্তার সমীপে মান নিকটবর্ত্তী প্রধান কোন যবনপরি র নাম লইয়া বলিল, "অমুক আমার শ্বশুর ুচিয়ামরা গ্রামে আমার বাড়ী। সম্প্রতি আমার কোন আত্মীয়ের বিবাহোপলক্ষে কতক গুলি বস্ত্র ক্রয় করিতে হইবে। এই নিমিত্ত আমি আপনার দোকানে উপস্থিত হইয়াছি। যদি আপনি আমাকে কাপড় দেন, তাহা হইলে আমি প্রায় দেড়শত টাকার কাপড় লই। বিপণি স্বামী উহার কথায় বিশ্বাস করিয়া নানা প্রকার উত্তম উত্তম বস্ত্র দেখাইতে লাগিল। উল্লি খিত ব্রাহ্মণ যত প্রকার ভাল বস্ত্র বাছিয়া বাছিয়া মুসলমানকে গাটি বাঁধিয়া দিতে লা গিলেন। বস্ত্রবিক্রেতা তাহাকে (দ্বিজকে) ঐ যবনের সঙ্গে আগত বলিয়া জানিত না। ইতিমধ্যে ব্রাহ্মণটী মুসলমানের মন্ত্রণা ক্রমেই হউক অথবা কারণান্তর প্রযুক্ত হউক অপর এক দোকানে যান। চতুর মুসলমান গমন সময় বলিল "মহাশয় আমি কাপড় নিয়া যাই, ঐ ব্রাহ্মণ এখানে র ল, আমি যাইয়াই টাকা পাঠাইয়া দিব।" বস্ত্রবিক্রেতা ইহাতে বিশ্বাসাপন্ন হইয়া তাহাকে ছাড়িয়া দিল। পরে ব্রাহ্মণ আসি বামাত্র বস্ত্রবিক্রেতা বলিল "মহাশয় আপ নাকে সেই মুসলমান এখানে রাখিয়া গিয়াছে।" ব্রাহ্মণ বলিল "আমি কেন তাহার জন্য থাকিব, আমার সঙ্গে তাহার সম্পর্ক কি?" দোকানী বিস্মিত হইয়া ভাবিতে লাগিল, একি। পরে ঈষৎ ক্রুদ্ধ হইয়া ব্রাহ্মণকে আটক করিবার আদেশ দিল। ব্রাহ্মণ কি করেন। তাহাকে বদ্ধ থাকিতে হইল। ধূর্ত্ত মুসলমানের জন্য লোক প্রেরিত হইল। কিন্তু উদ্দেশ পাওয়া গেল না। পরে জানা গেল যে সে একজন ঠগ। ব্রাহ্মণকে কষ্ট দেওয়া উচিত নয়, বলিয়া ছাড়িয়া দেওয়া হইল। মহাশয় ধূর্ত্তদিগের কিছুই অসাধ্য নাই!

৩। শ্রীনগর ষ্টেশনের অন্তর্গত স্থানবা সীদিগকে নারায়ণ গঞ্জ মুন সেফী আদা লতে যাইয়া মকদ্দমা করিতে হয় বলিয়া অনেক কষ্ট ভোগ করিতে হয়। ভয়ঙ্কর শীতল লক্ষ্যা ও ধবলেশ্বরী অতিক্রম এবং অনল্পদূরতা নিবন্ধন সাধারণের অনেক অসুবিধা ও আয়াস উপস্থিত হইয়া থাকে। আমরা নির্ব্বন্ধাতিশয়ে প্রজাবৎসল গবর্ণমেণ্টের সমীপে প্রার্থনা করিতেছি যে, উক্ত ষ্টেশনের অন্তর্গত লোকদিগকে বহর মুন্সেফী আদালতে মকদ্দমা করিতে আদেশ বিধান করেন। এরূপ হইলে লোকের কষ্ট দূর হইবে সন্দেহ নাই

৪। মুন শী গঞ্জের ডিপুটী মাজিষ্ট্রেট ও ডিপুটী কালেক্টর বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য মহোদয় প্রায় দেড় মাস অতীত হইল মাদারি-পুর মহকুমায় পরিবর্ত্তিত হন। ইহাঁর পর ভাল এক জন লোক এখানে আইসেন কি না, বলিয়া আমরা চিন্তিত ছিলাম। কিন্তু নি আহ্লাদসহকারে প্রকাশ করিতেছি যে, দিন হইল গবর্ণমেণ্টের আদেশে বিমলা পুনর্ব্বার মুন্সীগঞ্জে আসিয়াছেন। ইহাঁর নৈপুণ্যে অনেকেই প্রীত আছেন।

কিছু দিন গত হইল, ভিরিজখাঁর ব হলধর নামক এক দোকানদারের গৃহ নগদ আশী টাকা অপহৃত হইয়াছে। শু পাই, দুই জন আগন্তুক শঠতাপ্রকাশ অতিথিরূপে তাহার গৃহে প্রবেশ করিয়া দুষ্কর্ম্ম সাধন করিয়াছে। ধূর্ত্তগণ পু চোখে ধূলি দিয়া নিজ দুরভিসন্ধিসম্প বিলক্ষণ পটু।

৬। নিতান্ত বিস্মিতচিত্তে প্রকাশ করি অদ্যাপি অদ্যত্য ইংরাজী বিদ্যালয়ের উঠিল না। সত্য বটে, গৃহের চালাগুলি, দিন আনীত হইয়াছে কিন্তু কার্য্য হইয়া না উঠাইলে তাহাতে ফল কি? টরি মহোদয় যে এবিষয়ে মনোযোগ ক ছেন না আশ্চর্য্যের বিষয়। বিদ্যালয়ের ক্রমেই বাড়িতেছে, সুতরাং গৃহ প্রস্তুত ন য়াতে অনেক অসুবিধা হইতেছে। সে মহাশয়ের যত্ন একান্ত আবশ্যক।

—:•:—

আমাদিগের তমোলুকস্থ সং

দাতা লিখিয়াছেন:—

এ অঞ্চলে বারিধর যে কয়েক বারিধারাদ্বারা গ্রীষ্মোত্তপ্ত পৃথিবীকে করিয়াছেন, সেই কয়েক বার আনুষঙ্গিক পাত দ্বারা প্রায় ৫।৬ টী গৃহ (কোনটী কোনটী সম্পূর্ণ) ভস্মসাৎ হইয়াছে।

মফস্বলে সিঁদ চুরির প্রাদুর্ভাব লক্ষিত তেছে। গোরুচুরিও বড় কম নয়। নিদ্রিত কি জাগরিত? এ বৎসর সুবৃষ্টি য়াতে কৃষিকার্য্যের আরম্ভে সুলক্ষণ যাইতেছে। জগদীশ্বর পরিণামে করিলেই প্রকৃত মঙ্গল হয়।

শুনিতেছি, মহিষাদলাধিপতি নৃপতি ত্রের শিক্ষার উদ্দেশে এ টী ইংরেজী বা স্কুল স্থাপন করিবার মানস করিয়াছেন তজ্জন্য একটি স্থায়ী গৃহ নির্ম্মিত হই কোন পরিচিত আত্মীয়মুখে বিশেষ অ হইলাম, এক জন শ্বেতকায় প্রধান শি

দ্যালয়ের উচ্চ উপাধিধারীরা নিয়ন্তর
ক হইবেন। যদি ঈশ্বর প্রসাদাৎ ভূপতির
ভিপ্রায় কার্য্যে পরিণত হয়, তাহা হইলে
সহস্র সহস্র ধন্যবাদের যোগ্য হইবেন
হ নাই।

বৎসর এখানকার ইং বঙ্গবিদ্যালয়ের ছাত্র
র বার্ষিক পুরস্কার দানের নামগন্ধও
া যাইতেছে না। ইহার কারণ কি? প্রায়
৬ বৎসর হইল ছাত্রেরা কখনই ইহা হইতে
ত হয় নাই। এবৎসর যদি বঞ্চিত হয় তাহা
অত্যন্ত অনুৎসাহের বিষয় হইয়া পড়িবে।

—:০:—

প্রেরিত।

ব্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

হাশয়! আমরা স্ত্রীজাতি একথা সকলকেই
করিতে হইবে। যদিও (বেশ্যাবৃত্তি)
কু নিত কর্ম্মে প্রবৃত্ত হইয়াছি, যদিও কুলে
ালি দিয়াছি যদিও পাপ্ পের সহিত
াদ প্রমোদ করিতেছি, তথাপি এমন
ভনা করিবেন না যে পরমেশ্বরদত্ত
একবারেই আমাদিগকে পরিত্যাগ করি
। এতদ্দেশীয় বেশ্যাদিগের রোগ পরীক্ষার
ভদ্রলোকদিগের পীড়া নিবারণার্থ প্রচ
হইবে। ভাল মহাশয়! যে ভদ্রলোক
ার প্রিয়তমার সহিত বিশুদ্ধ আমোদ
াগ করিয়া বেশ্যাদিগের নিকৃষ্ট প্রেমে
হইয়া তাহাদিগের সহবাসে স্বর্গা
সুখবোধ করেন, সেই সকল ব্যক্তির
চও স্বরূপ পীড়া হইলে ব্যবস্থাপক মহা
গের ক্ষতি কি?

য়! ইহাতে হিতসাধন হওয়া দূরে থাকুক,
আরো মন্দ হইবার সম্ভাবনা। যাঁহাদিগের
লয় গমনের বিলক্ষণ ইচ্ছা আছে, কেবল
র ভয়ে যান না। তাঁহাদিগের বিলক্ষণ
া হইবে। আর একটি কথা আপনাকে
াসা করিতেছি, এই আইনটি কি পক্ষ-
ী আইন হয় নাই? মহাশয় বিবেচনা
া দেখুন যেমন স্ত্রীলোকদিগের পীড়া
লে পুরুষের হয়, সেইরূপ পুরুষের পীড়াতেও
ীদিগের হইয়া থাকে। অতএব যখন উভয়
রই পীড়ার কারণ, তখন উভয়েরি পরীক্ষা
া উচিত কি না? আরো দেখুন যদি কেবল
দিগের নিমিত্তই আইন হয়, তাহা হইলে
(যাহারা গিয়াছে তাহাদের ত কোন কথাই নাই) যাহারা ভাল আছে, তাহাদিগকে দুষ্ট রোগাক্রান্ত পুরুষ আসিয়া নষ্ট করিবে। অতএব যদি যথার্থ প্রজার হিতসাধন ও রোগনিবারণের বাঞ্ছা থাকে, তাহা হইলে এই আইন টি যেন প্রচার হয় যে "যে পুরুষ বেশ্যার সহবাস বাঞ্ছা করিবেন, তাঁহাকে ডাক্তর সাহেবের নিকট পরীক্ষা দিয়া ব্যবস্থাপক মহাশয়দিগের কোন চিহ্ন লইয়া যাইতে হইবে।" সম্পাদক মহাশয়! দুঃখের কথা আর অধিক কি বলিব? ব্যবস্থাপক মহাশয়েরা সকলেই পুরুষ. এই নিমিত্ত তাঁহারা কেবল আপনাদের দিকেই টানিয়াছেন। কিন্তু যদি কোন স্ত্রীলোক ব্যবস্থাপকদলে থাকিতেন, তাহা হইলে এ প্রস্তাবটি করিতে ছাড়িতেন না।

প্রজার হিত সাধন রাজার কর্ত্তব্য কর্ম্ম, আমরা নিকৃষ্ট বৃত্তি অবলম্বন করিয়াছি বলিয়া কি রাজার অনুগ্রহ পাত্রী হইব না? না, এমন হইবে কেন? হাতের কাণাটিও যেমন, ভালটিও তেমন, বরং কাণাটির উপর অধিক স্নেহ হয়।

২১ এ বৈশাখ
১২৭৫ সাল
সোনাগাছি লেন
৫ নং বাটী দুতলার উপর ঘর

আপনার অনুগ্রহা কাঙ্ক্ষিণী মনোমোহিনী দাসী।

মহাশয়! হুগলি জেলার অন্তঃপাতী গুপ্তিপাড়া একটি গণ্ডগ্রাম. উহাতে অন্যূন ১৫০০ ঘর লোকের বসতি, তন্মধ্যে ভদ্রলোকই অধিক; কিন্তু সামান্য আক্ষেপের বিষয় নয় যে, এরূপ জনসমাকীর্ণ স্থানে কোন প্রকার উন্নতির লক্ষণ লক্ষিত হয় না। ইহার অপেক্ষা অনেক ক্ষুদ্র ক্ষুদ্র গ্রাম, বিদ্যালয় দাতব্যঔষধালয় ও পোষ্ট আফিস প্রভৃতি দ্বারা অলঙ্কৃত হইয়াছে এবং তত্রত্য লোকদিগের হৃদয়ে আনন্দরস প্রবাহিত হইতেছে। মহাশয়! গুপ্তিপাড়া নিবাসী লোকদিগের কি সে দিন উপস্থিত হইবে না? হইবেই বা কেন? গুপ্তিপাড়া পরস্পর বিরোধ দলাদলি ও বারইয়ারির প্রধান আকর। এই বিষয় গুলি যে স্থানের অলঙ্কার হইল, তাহার যে কত দূর উন্নতি হইতে পারে, তাহা সহজেই বোধগম্য হইতেছে। উক্ত গ্রাম ৩। ৪ জন জমিদারের বাসস্থান। তাঁহারা যদি পরস্পর হিংসা ত্যাগ করিয়া গ্রামের হিতসাধনে যত্নবান্ হইতেন, তাহা হইলে গুপ্তিপাড়া এতদিনে অনেক স্থানের আদর্শ হইত; কিন্তু গ্রামস্থদিগের দুর্ভাগ্য বশতঃ তাঁহারা সেরূপ নন। অন্য কথা দূরে থাকুক, কিঞ্চিৎ যত্ন পাইলে যে এইটি তির কার্য্য সম্পাদিত হয়, সে বিষয়েও মনোযোগ নাই। বিষয়টি এই, গুপ্তিপাড়া মাজিষ্ট্রেটের অধীনে আছে। যদি কোন মাজিষ্ট্রেটিতে জানাইবার আবশ্য কতা হুগলিতে যাইতে হয়। হুগলি গুপ্তিপাড়া ২৪ মাইল দূর এবং এক জন ভদ্রলোকে বার হুগলি যাইতে হইলে ৪। ৫ টাকা ব ও অতিশয় পথক্লেশ সহ্য করিতে হয় এব জন দৈনিক শ্রমোপজীবীকে যাইতে তাহার দুই দিনের সংসার নির্ব্বাহের উপ নিজের কিঞ্চিৎ পাথেয় সংগ্রহ করিয়া য হয়। সুতরাং এরূপ অর্থব্যয় ও ক্লেশ সহ্য অপেক্ষা মৌনাবলম্বন শ্রেয়ঃ এই বিবেচনা অনেকে বিরক্ত হইয়া থাকে। অতএব গব অনুগ্রহ করিয়া গুপ্তিপাড়াটিকে কাঞ্চনার মা টের অধীন করিয়া দিন, ইহাতে প্রজাদি সর্ব্ব বিষয়ে শ্রেয়োলাভ হইবে সন্দেহ গুপ্তিপাড়া কাঞ্চনার ৪ মাইল দূরস্থ। কা সব ডিবিজনে এক জন সিবিলিয়ান আ তাঁহার অধীনে তিনটীমাত্র সামান্য থানা অ গুপ্তিপাড়াকে তাঁহার অধীনে আনিলে গ টের তজ্জন্য কোন বিষয়ে অতিরিক্ত হইবে না। মাজিষ্ট্রেটের শাসন কার্য্যের কষ্ট হইবে না, অথচ গুপ্তিপাড়ার মঙ্গল হইত।

সন ১২৭৫ সাল
১৯ এ বৈশাখ।

এক জন হিতৈ

—:০:—

১৬ ই বৈশাখের সোমপ্রকাশে ব্রাহ্ম প্রতি যে দুই একটী কথা লিখিয়াছেন প্রতিবাদ করিতে প্রবৃত্ত হইতেছি অ পূর্ব্বক উদারতা গুণে সোমপ্রকাশে স্থান করিবেন।

ব্রাহ্মেরা পূর্ব্বেও যেমন একমাত্র অ ঈশ্বরের উপাসনা করিতেন এক্ষণেও ত করিয়া থাকেন, একমাত্র ঈশ্বর ভিন্ন ব্রাহ্ম অন্য উপাস্য নাই, উপাসনার জন্য স্ সময় নির্দ্দিষ্ট ও বিধি বদ্ধ নাই, সকল স্থানে সময়েই সর্ব্বব্যাপী ঈশ্বরের উপাসনা পারে, তবে ব্রাহ্ম সমাজ এবং নিয়মিত উ উপাসনা চিরদিনই প্রচলিত রহিয়াছে, ই কিছু পরিবর্ত্তন হয় নাই, যত দিন ব্রা বিশ্বাস মতে কার্য্য না করিয়া অসত পৌত্তলিকতার দাস ছিলেন, তত দিন

র মতে গৃহ কর্ম্ম সম্পন্ন হইত না। এক্ষণে ধর্ম্মের অনুষ্ঠান হইতেছে, এটি উন্নতি চিহ্ন, এটি সামান্য বালকক্রীড়া নহে। নার যে ভক্তিতে পাষাণও বিগলিত হইয়া তাহার অনুকরণ করা মনুষ্য মাত্রেই , শুষ্ক হৃদয় জ্ঞানী অপেক্ষা যে এক জন ভক্ত শ্রেষ্ঠ, তাহাতে সন্দেহ নাই। অতএব ঈশ্বরোপাসনারই জন্য চৈতন্যের ভক্তিকে রণ করা হইতেছে, এটীও বালক্রীড়া ব্রাহ্মেরা "গুরু সত্য মত অবলম্বন করি ম" এ কথা সম্পূর্ণ মিথ্যা। কোন কথা না জানিয়া কেবল বিদ্বেষ ভাব চরিতার্থ ভদ্রোচিত কার্য্য নহে।

পচ. পরিবর্ত্তনই উন্নতির মূল (১) পরি ভন্ন কোন বিষয়ের উন্নতি হইতে পারে না। ব্রাহ্মগণ অসত্য জানিয়া কোন বিষয় করেন এবং সত্য জানিয়া কোন বিষয় ন করেন, তাহাই প্রকৃত উন্নতি। আপনার ক্ষার জন্য জগতে বুদ্ধিমান চিন্তাশীল . পরিচিত হইবার জন্য চিরদিন অসত্যকে করা ধার্ম্মিকের কার্য্য নহে; ব্রাহ্মগণ ান কার্য্য করেন তাহার পূর্ব্বে কোন চিন্তা না, আপনার এ সিদ্ধান্ত অমূলক মাত্র। বোধ হয় আজিও আপনি ব্রাহ্ম ধর্ম্ম অনভিজ্ঞ আছেন, অতএব আমার ন আপনি নিয়মিতরূপে ব্রাহ্মসমাজে , ব্রাহ্ম ধর্ম্ম আলোচনা করুন, নিয়মিত দৈনিক উপাসনা আরম্ভ করুন, ব্রাহ্ম অভ্যন্তরে প্রবেশ করিবেন, তখন যাহা বেন তাহা সথার্থ এবং বিদ্বেষশূন্য হইবে। বিষয়ে আপনার যাহা বক্তব্য সোম প্রকাশ প্রকাশ করিবেন।

কস্যচিৎ পাঠকস্য।

—:০:—

তন একটী প্রসিদ্ধ চটী, রাজপথের দুই- , লোকের বসতি প্রায় দুই মাইল হইবে। ন অনেক গুলি ধনাঢ্য মহাজনের বাস কিন্তু দুঃখের বিষয় এই যে একটীও বিদ্যা াই। এখানকার বালকেরা দিবানিশ করিয়া কাল কাটাইতেছে। এই দাতনে তকগুলি ধনাঢ্য মহাজনের বাস আছে,

) পরিবর্ত্তন উন্নতির মূল বটে কিন্তু যদি ত্রিতল গৃহ ভাঙ্গিয়া পর্ণকুটীর করেন, সে র্ত্তন উন্নতি, উন্নতির মূল অথবা উন্নতির লিয়া পরিগণিত হয় না। স।

আমি বোধ করি তাঁহাদিগের যত্ন দ্বারা অনায়াসে এখানে একটী স্কুল হইতে পারে।

এখানে একটী মুন্সেফী কাছারি আছে। মহামতি মৌলবী দাদার রথন এখানকার মুন্সেফ। ইনি অতি ভদ্রলোক এবং বিচারক্ষম। ইঁহার সদ্বিচারে অত্রত্য প্রজাবা বিলক্ষণ সন্তুষ্ট হইয়াছে। ইহাঁর বিশেষ সৎগুণ এই যে ইনি স্বীয় অধীনস্থ কর্ম্মচারিগণ এবং অর্থী প্রত্যর্থী প্রভৃতি সকলেরই প্রতি সাধু ব্যবহার করিয়া থাকেন। ইতি পূর্ব্বে মেদিনীপুরের একটীং জজ শ্রীযুক্ত লেন্স সাহেব মহোদয় এখানকার মুনশেফী কাছারি দেখিতে আসিয়াছিলেন। মুন সেফের কার্য্যে তিনি অসন্তুষ্ট হন নাই। অতি শয় দুঃখের বিষয় এই যে দাতনের মুন্সেফি কাছারি ঘরটী অতি জঘন্য। ঘরটী দেখিলে রাজ বিচারালয় বলিয়া কখনই বোধ হইবে না বরং গোশালা বলিয়া ভ্রম হইলেও হইতে পারে. মুন্সেফ মহাশয় নূতন ঘরের নিমিত্ত রিপোর্ট করিয়াছেন, কি হয়. বলিতে পারি না; রিপো টটী মঞ্জুর করা কর্ত্তব্য।

কাঁক ডিভিজনের ইনস্পেক্টর পোষ্ট মাষ্টর বাবু শ্রীধর রায়ের যত্নাতিশয়ে ১৮৬৭ সালের ১০ ফেব্রুয়ারি অবধি এখানে একটী নূতন পোষ্ট আফিস হইয়াছে। হৃদয়কৃষ্ণ সরকার দাতনের ডিপুটী পোষ্ট মাষ্টর। ইনি অতি সচ্চরিত্রের মানুষ, যথানিয়মে পোষ্ট আফিসের কার্য্য চালাইতেছেন।

এই দাতনে বিদ্যাধর নামক একটী অতিবৃহৎ সরোবর আছে। উহার আয়তন ২৫০ বিঘা হইবে সরোবর দেখিলে এটী যে বহু কালের তাহা সহজেই অনুমান করা যাইতে পারে। এই সরোবরের পূর্ব্বদিগ্ ভাগে দুই মাইল দূরে সরশঙ্কা নামক একটী জলাশয় আছে। সেটী বিদ্যাধরের চারি গুণ বড় হইবে।

কএক দিন হইল বৃষ্টি না হওয়াতে এখানে গ্রীষ্মের অতিশয় প্রাদুর্ভাব হইয়াছে। দিবা এক প্রহরের পর কাহার সাধ্য ঘরের বাহির হয়; বেলার আধিক্য সহকারে রৌদ্রের ভয়ানক উত্তাপ বৃদ্ধি হয় এবং অগ্নির ন্যায় বাতাস বহিতে থাকে।

১৮৬৮
১ লা মে
মোং দাতন
শ্রী ঈশ্বরচন্দ্র সরকার।

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু রমণীমোহন চৌধুরী রঙ্গপুর
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র ১৩

শ্রীযুক্ত বাবু বিপিনবিহারী মুখোপ
ময়নাগুড়ি ১৮৬৮ মে হইতে ৬৯ এপ্রে

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৷৷০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, দেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহ একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ ব যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রের বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হ যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হই

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চালতিপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃ প্রকাশিত হয়।

...স্তিকাম	১ ৯
...র ...পরিচয়	।০
... (১ ম ভাগ)	৶
... (২ য় ভাগ)	৶
...	
... করণ	৸

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—:০:—

...প্রচারিকানামে একখানি সুবিস্তীর্ণ ...ধান, যাহাতে প্রাকৃত ও যাবনিক শব্দ ...ল শব্দেরই লিঙ্গভেদ ও ধাতুর উত্তর ...শব্দের উত্তর তদ্ধিত এবং উণাদি ...তে নানাবিধ প্রত্যয়ান্তর প্রায় ৭৫, ...ভাষার শব্দ সংগ্রহপূর্ব্বক ৮৩৮ পৃষ্ঠায় ...হইয়াছে, যাঁহাদিগের প্রয়োজন হইবে, ...বটতলা ২৩৫ নং পুস্তকালয়ে ও জোড়া ...১৪ নং শ্রীপ্রতাপচন্দ্র রায়ের নিকট ...ন করিলে প্রাপ্ত হইবেন। মূল্য ৩ টাকা ...সুল ।৵ আনা। যদি কেহ একে ...৫ কাপি লন তবে তাঁহাকে ১৫ টাকা ...ব কমিসন দেওয়া যাইবে।

বিক্রেতা শ্রীইশানারায়ণ ঘোষ।

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

...রাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা ...ব্যাদি পাওয়া যায়। মফস্বলে যদি অর্ডার ...দি পাঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক ...হিসাবে কমিসন দি। যদি কেহ অধিক ...দ্রব্যাদি লন পাইকেড়ী দরে পাইবেন।

	টাকা
...কল্পদ্রুমসিন্ধু প্রথম খণ্ড	-
ঐ দ্বিতীয় খণ্ড	৪
...মহাভারত ও ভগবদ্গীতা	২৷৷০
...ক্ষা ও বাঙ্গালা সম্বলিত	
...দ্রুসিন্ধু	২
...দাবলী	২
...দার্থপ্রকাশিকা	৩
...দার্থবহ্নমালা	৫
...দার্থপ্রচারিকা	৩
...তিবাদ	৫
...শক্তিতত্ত্ব	৩২
...বিদ্যাসুন্দরপ্রভৃতি টীকা ২৮ খানি প্রতিমূর্ত্তি সহিত	২
...ও ভারতবর্ষের রেলওয়ে	২
...ফ	১৷৷০

নলচরিত কাব্য	১
পঞ্চদশী	৩
বেদান্তদর্শন	১
...রিক বর্ণমালা	৩
...রিভক্তিবিলাস	৮
পদকল্পতরু	৬
মেটিরিয়া মেডিকা	৬
ইংলণ্ডীয় ঔষধকল্পাবলী	২৷৷০
আয়ুর্ব্বেদদর্পণ	৩
ফৌজদারি গাইড	১৷০
নিদানার্থচন্দ্রিকা	২
সটীক নিদান	৪
নিদান	১
মালতীমাধব	১
পঞ্জাব ইতিহাস	১৷৷
চীনের ইতিহাস	১
হুতম পেঁচার নক্সা (১ । ২)	১৷৷
সধবাসমাদি নাটক	১
বেশ্যাসক্তিনিবর্ত্তক নাটক	১
মনোবৃত্তি বিধায়ক	৷৷
কীচকবধ নাটক	৸০
ইংরাজী বাঙ্গালা ডিক্সনারি	১৷৷০

কলিকাতা জোড়াসাঁকো ৬৪ নং — শ্রীপ্রতাপচন্দ্র রায়

—০—

বিগত ২৬ এ বৈশাখ বৃহস্পতিবার রাত্রিতে ইষ্টারন বেঙ্গল রেলওয়ের অন্তর্গত শ্যামনগর ষ্টেশনে মেল ও পেসেঞ্জার ট্রেণে ধাক্কা লাগিয়া যে ভয়ানক দুর্ঘটনা উপস্থিত হয়, তাহাতে এই রূপ জনশ্রুতি হইয়াছে যে তদ্দ্বারা বহুসংখ্যক লোক বিনষ্ট ও আহত হইয়াছে। ইহার সত্যাসত্যতা নির্ণয় পূর্ব্বক প্রতিকারের উপায় দেখা "পেসেঞ্জার সোসাইটীর" কর্ত্তব্য বিবেচনা হওয়াতে সাধারণকে আহ্বান করা যাইতেছে যে যাঁহারদিগকে ঐ দুর্ঘটনা সহ্য করিতে হইয়াছে অথবা যাঁহারা তাহা প্রত্যক্ষ করিয়াছেন অথবা যাঁহাদের আত্মীয় স্বজন বিনষ্ট হইয়াছে, তাঁহারা যাহা জানেন তাহা মিসুয়ান জারডিন ইস্কিনার কোম্পানির বাটীতে শ্রীযুক্ত নীলকমল বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নিকট অবিলম্বে জ্ঞাত করেন।

ইতি
১৩ ই মে

—:০—

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের ত। উত্তমরূপে

সোণা দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টা
তত্ত্ববোধিনী পত্রিকা—প্রথম কল্প,
৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্র বেদান্ত বাগী

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের এপ্রেল মাসের ২২ এ
৩০ এ পর্য্যন্ত ভাগীরথীনদীর সর্ব্বকম
জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফুট
মহানার উপর পদ্মানদীতে	৩০
মহানায়	১১
তথা হইতে জঙ্গিপুর পর্য্যন্ত (১৩॥ মাইল মধ্যে)	৩—
জঙ্গিপুর হইতে বহরমপুর পর্য্যন্ত (৪৬ মাইল মধ্যে)	২—
বহরমপুর হইতে কাটোয়া পর্য্যন্ত (৫০ মাইল মধ্যে)	৩
কাটোয়া হইতে নদীয়া পর্য্যন্ত (৪৬ মাইলের মধ্যে)	৩

সন ১৮৬৮ মে মাহার ৫ তারিখে বহর
গঙ্গ ঘাটের জলের মাপ ৩ ফিট
৯

বহরমপুর ৫ ই মে ১৮৬৮। — এক্জিকিউটিব ইঞ্জিনিয়র বহরমপুর ডিবিজন

সোমপ্রকাশ।

৬ই জ্যৈষ্ঠ সোমবার।

বিজ্ঞাপন স্থলে "পূর্ব্ব বাঙ্গালা ওয়ে দুর্ঘটনা" সংক্রান্ত একটী বিজ্ঞ প্রচারিত হইল। পাঠকগণ দেখি জানিতে পারিবেন, "পাসেঞ্জর সে ইটী" সভা এবিষয়ে সবিশেষ মনো হইয়াছেন। এটি আমাদিগের অ আহ্লাদের বিষয়। সভা যদি এ বি ঔদাসীন্য অবলম্বন করিতেন, আমা হৃদয়ে যার পর নাই ক্ষোভ ও রে সঞ্চার হইত। পূর্ব্ব বাঙ্গলা রেল কর্ম্মচারিদিগের দোষে যেরূপ শো ঘটনা হইয়াছে, ইহাতে কাহারও বলম্বন করিয়া থাকা বিধেয় হ এদেশীয়দিগের প্রতি স্নেহশূন্য এ

ী ইউরোপীয়েরা ইহাঁদিগের জীবন
গোমেষাদির জীবন অপেক্ষা অপকৃষ্ট
ন করেন। এই নিমিত্ত ইহাঁদিগের
বন রক্ষা বিষয়ে যথোচিত যত্ন করেন
। তাহাতেই সচরাচর দুর্ঘটনা ঘটি-
ক। ইউরোপীয় কর্ম্মচারিদিগের নি-
তা নিবন্ধন হেলিডে দ্বীপে যে দুর্ঘ-
হয়, আজিও তাহা কাহার স্মৃতি
থ জাগরূক হইয়া না রহিয়াছে? এদে
াদিগের জীবন শিয়াল, কুক্কুরপ্রভৃতির
ন অপেক্ষা অপকৃষ্ট নয়, এদেশীয়
ী ইউরোপীয়েরা যাহাতে ইহা জানিতে
রন, সকলের একবাক্য হইয়া তাহা
কর্ত্তব্য। তাহা না করিলে নিস্তার
। এদেশীয়দিগের জীবন শিয়াল
রাদির ন্যায় উপেক্ষিত হইয়া সচরা
নিহত হইবে। আমরা পাসেঞ্জার
াইটী সভাকে দুটী বিষয়ে বিশেষ
া অনুরোধ করিতেছি। প্রথম, আমরা
য়াছি, পূর্ব্ব বঙ্গলা রেলওয়ে কর্ম্মচারি
র মধ্যে এরূপ কেহ কেহ আছেন,
ারা বঙ্গালিদিগের অত্যন্ত বিদ্বেষ
ন, তাঁহাদিগের হস্তে প্রাণ সমর্পণ
কোন ক্রমেই বিধেয় হইতে পারে
অতএব যাহাতে তাঁহারা ঐ স্থানে
তে না পারেন, সভা তাহা করেন।
য, যে সকল ব্যক্তি হত ও আহত
ছেন, তাহাদিগের পরিবারগণ ও
সেই ব্যক্তি যাহাতে পূর্ব্ব বঙ্গলা
ওয়ে কোম্পানির নামে ক্ষতি পূরণের
শ করেন, সভা উদ্যোগী হইয়া
র সংঘটন করিয়া দেন। যদি কাহার
শ করিবার ব্যয় দানে সামর্থ্য না
, সভার চাঁদা করিয়া সে টাকা
হ করিয়া দেওয়া উচিত। উপসংহার
বিজ্ঞাপনদাতাদিগের ন্যায় সাধা-
নিকটে আমাদিগের অনুরোধ
যিনি পূর্ব্ব বাঙ্গলা রেলওয়ে দুর্ঘটনা
স্ত যে কিছু প্রকৃত বৃত্তান্ত জানেন,
তিনি যেন অবিলম্বে গার্ডেন রিচের কোম্পানির হাউসে শ্রীযুক্ত বাবু নীলকমল বন্দ্যোপাধ্যায়ের নিকটে উপস্থিত হইয়া সংবাদ দেন। তথায় যাইতে কোন বাধা নাই, ভয় ক্ষোভও নাই।

জগন্নাথক্ষেত্র।

"জগন্নাথক্ষেত্রের পথ ও তাহার প্রকৃত ইতিহাস" এই শীর্ষকযুক্ত একখানি প্রেরিত পত্র স্থানান্তরে প্রকটিত হইল। আমরা হিন্দু পাঠকগণকে বিশেষ করিয়া অনুরোধ করিতেছি, তাঁহারা একবার তাহার প্রতি দৃষ্টিপাত করিয়া কর্ত্তব্য অবধারণ করিবেন। জগন্নাথক্ষেত্রের পথের কষ্ট ও অন্যান্য বৃত্তান্ত যেরূপ বর্ণিত হইয়াছে, তাহাতে স্পষ্ট বোধ হইতেছে সেখানে গমন করিলে শরীর প্রাণ ও চরিত্রপ্রভৃতি সমুদায়ই সংশয়ারূঢ় হয়। যাঁহাদিগের পরিবারের প্রতি মায়া এবং তাঁহাদিগের চরিত্রের প্রতি আস্থা আছে, তাঁহাদিগের কোনক্রমেই উচিত নয় যে নিজ নিজ পরিজনকে জগন্নাথক্ষেত্রে পাঠাইয়া দেন। লোকে ধর্ম্মোপার্জ্জনার্থ জগন্নাথক্ষেত্রে যায়; কিন্তু পথে যদি অধর্ম্ম সঞ্চিত হইল, শরীর প্রাণ ও চরিত্রপ্রভৃতি সমুদায় সংশয়ারূঢ় হইল, সে ধর্ম্মে কি ইষ্টলাভ হইবে? ঐ সকল রক্ষা করিয়া ধর্ম্মোপার্জ্জন আবশ্যক। ঐ সকলের নির্ব্বিঘ্নে রক্ষার্থই ধর্ম্মের সৃষ্টি হইয়াছে। যে ধর্ম্ম অর্জ্জনার্থ ঐ সকল উৎসন্ন হয়, সে ধর্ম্ম ধর্ম্মই নহে। হিন্দুশাস্ত্রকারেরা জগন্নাথ দর্শনের যে ফল লিখিয়াছেন, গৃহে বসিয়া জগদীশ্বরের আরাধনা করিলে কি সে ফল লাভ হয় না? মহাদেব অর্জ্জুনের তপস্যায় প্রীত হইয়া দর্শন দিলে পর পার্থ এই বলিয়া তাঁহার স্তব করেন,

"প্রাপ্যতে যদিহ দূরমগত্বা
যৎ ফলত্যমরলোকগতায়।
তীর্থমস্তি ন ভবার্ণববাহ্যং
সার্ব্বকামিকমৃতে ভবতস্তৎ।

দূরে গমন না করিলে অন্য পাওয়া যায় না, কিন্তু স্বরূপ তীর্থ যার জন্য দূরগমনের প্রয়োজন হয় নিকটে বসিয়াই তোমাকে পূ যায়। অন্য অন্য তীর্থের ফল নি আছে। যে তীর্থ দর্শনের ফল স্বর্গ নির্ণীত হইয়াছে, তাহা স্বর্গ ভিন্ন ফলদানে সমর্থ হয় না, কিন্তু স্বরূপ স্বর্গগত ব্যক্তিকেও ফল দান ক ফলতঃ তোমা ব্যতিরেকে ভবনাশ সর্ব্বকামপ্রদ তীর্থ আর নাই।

যখন ঘরেই পরকালে সদ্গতির নানা পথ রহিয়াছে, তখন শরীর জাতি ও ধর্ম্ম সমুদায় উৎসন্ন করি নিমিত্ত দূরে যাইবার প্রয়োজন কেবল জগন্নাথক্ষেত্র বলিয়া নয়, স্থানমাত্রেই বহুদোষের আকর। রা যত অলস অপদার্থ ও অকর্ম্মণ্য সচরাচর তীর্থ স্থান আশ্রয় কৃ থাকে। যেখানে তাদৃশ লোকের জন সেখানে যে বহুদোষের আবির্ভাব হ তাহা বিস্ময়ের বিষয় নহে। এরূপ দোষাকর স্থানে অল্পবয়স্ক তরলম স্ত্রী পরিজনদিগকে প্রেরণ করিয়া নিশ্চি থাকা কি বিজ্ঞ ও বিবেচক পিতা ম প্রভৃতি রক্ষকগণের কর্ত্তব্য? ইহার নি রণ দুরূহ ব্যবহার নয়। পাণ্ডাদিগ বাটীর মধ্যে যাইতে না দিলে এ কিঞ্চিৎ দৃঢ়প্রতিজ্ঞ হইয়া গমনোৎ পরিজনদিগকে যাইতে না দি তন্নিবারণ সহজে সম্পন্ন হইতে পা যাঁহারা লেখা পড়া শিখিয়া কর্ত্তব্য কর্ত্তব্য বুঝিয়াছেন এবং দোষগু ইষ্টানিষ্ট বিবেচনা করিয়া কার্য্য করি শিখিয়াছেন, তাঁহারা যদি এই স উপায় অবলম্বন করিয়া উল্লিখিত অ নিবারণ না করেন, তাঁহাদিগের ঐ স গুণের অর্জ্জন বিফল সন্দেহ নাই।

এদেশীয়দিগের সিবিল সর্ব্বিসের প্রাপ্য পদলাভ।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আমাদিগের শিক্ষার্থ ৮২ লক্ষ টাকা দান করি-। বোধ হয়, ভারতবর্ষে কখন কোন রাজা ও গবর্ণমেণ্ট এত রাজার বিদ্যাশিক্ষার্থ এত টাকা ব্যয় ত ও শিক্ষার এরূপ সুশৃঙ্খলা ত সমর্থ হইয়াছিলেন। তদর্থে আমরা মেণ্টের নিকটে সাতিশয় কৃতজ্ঞ আছি। কিন্তু ইহা পর্য্যাপ্ত জ্ঞান আমরা তৃপ্ত হই নাই। তন্নিমিত্ত ক আমাদিগকে অকৃতজ্ঞ জ্ঞান । জ্ঞান করুন, তাহাতে আমরা নহি। তাঁহারা যদি অনুধাবন করিয়া ন দেখিতে পাইবেন, এই অস ধ কেবল আমাদিগের দেশের কর নয়, গবর্ণমেণ্টে ও উপকারশত রের সম্ভাবনা আছে। গবর্ণমেণ্ট এদে দিগের বিদ্যাশিক্ষার্থ যত অধিক করিবেন, যত সুন্দররূপ বন্দোবস্ত বেন, ততই লাভবান্ হইবেন। াদিগের বাক্যের তাৎপর্য্য সুস্পষ্ট হৃদয়ঙ্গম করিয়া দিবার নিমিত্ত রা বাঙ্গলা দেশ ও উত্তরপশ্চিমা- ক উদাহরণস্থলে গ্রহণ করিলাম। লা দেশের সুশিক্ষিত লোকেরা ল সর্ব্বিসে প্রবেশলাভ করিতে তেছেন না বলিয়া সর্ব্বদা অসন্তোষ শ করিতেছেন। সেই অসন্তোষ শ্রবণ করিয়া ইংলণ্ডস্থ কর্ত্তৃপক্ষ াতঃ এই সিদ্ধান্ত করিয়াছেন, লিয়ানদিগের প্রাপ্য পদ গুণ ও কাল (৭ বৎসর রাজকার্য্য সম্পা- পর) বিবেচনা করিয়া এদেশীয় ক দেওয়া হইবে। এখন সুশিক্ষিত শিক্ষিত উভয়ের কত অন্তর তাহা বার বিবেচনা করিয়া দেখ। উত্তর মাঞ্চলের লোকেরা অশিক্ষিত তাহাদিগের যে যে ব্যক্তির মনে অস ন্তোষ জন্মিয়াছিল, তাহারা বিদ্রোহ উপস্থিত করিল। কিন্তু সুশিক্ষিত বাঙ্গা লিরা সেই অসৎ পথে পদার্পণ না করিয়া সদুপায়দ্বারা আপনাদিগের অভীষ্ট সাধন চেষ্টা পাইতেছেন; কতক অংশে কৃতকার্য্যও হইতেছেন। সমুদায় ভারত বর্ষ যদি বাঙ্গলা দেশের ন্যায় সুশিক্ষিত হয়, গবর্ণমেণ্টের কি বার্ষিক ১৫। ১৬ কোটি টাকা সৈন্যার্থ ব্যয় করিতে হয়? যাহা হউক, প্রক্রান্ত বিষয়ে বক্তব্য এই, কর্ত্তৃপক্ষ আপাততঃ যে বন্দোবস্ত করিতেছেন, "নাই মামা অপেক্ষা কাণা মামা ভাল" এই প্রবাদ বাক্য অবলম্বন করিয়া আমরা তাহাই পর্য্যাপ্ত জ্ঞান করিলাম; কিন্তু কর্ত্তৃপক্ষ নিশ্চয় জানিবেন, ইহাতে আমরা সন্তুষ্ট হইলাম না। এ বন্দোবস্তটী প্রধানদিগের অনুগ্রহাপেক্ষী হইয়াছে। অতএব এদেশীয়েরা যে সঙ্কলে ঐ পদ পাইবেন তাহার সম্ভাবনা অল্প দেখা যাইতেছে। আমাদিগের বিবেচনায় ইংলণ্ডের ন্যায় ভারতবর্ষে সিবিল সর্ব্বিস পরীক্ষাপ্রথা প্রবর্ত্তিত করাই শ্রেয়ঃকল্প। তাহা হইলে আর অনুগ্রহ ও নিগ্রহের কথা থাকিবে না। বিশেষতঃ এদেশীয়েরা পরীক্ষা দিয়া যে পদগ্রহণে সমর্থ হইবেন, তাহা সমধিক শ্লাঘার বিষয় জ্ঞান করিবেন সন্দেহ নাই।

যাহা হউক, সর ষ্টাফোর্ড নর্থকোটের ভারতবর্ষের উন্নতিসাধনের প্রস্তাবগুলি শরৎকালের জলধরের ন্যায় অল্পবর্ষী ও গর্জ্জনসার দৃষ্ট হইতেছে। ইষ্টইণ্ডিয়া সভা যখন আবেদন করেন, ষ্টেটসেক্রেটারি তৎকালে এমন ভঙ্গীতে কথা কহিয়াছিলেন, যেন সুযোগ পাইবামাত্র তিনি সিবিল সর্ব্বিসের দ্বার এদেশীয়দিগের সম্বন্ধে উদ্ঘাটিত করিয়া দিবেন। ভারতবর্ষের সকলেই ইহাতে আহ্লাদিত হইয়াছিলেন। সকলেই মনে করিয় লেন, বর্ত্তমান ভারতবর্ষীয় সেক্রে এ দেশের ইং য আকবর হইলেন। কার্য্যে আকবরের শতাংশের একাং ঔদার্য্য প্রদর্শিত হইল না। এদে দিগের সম্বন্ধে সিবিল সর্ব্বিসের উদ্ঘাটন করিবার বিষয়ে সর ষ্টাফে নর্থকোট বলেন, এক্ষণে প্রতিযো পরীক্ষার দ্বারা ভারতবর্ষীয়দিগকে লিয়ান হইতে দেওয়া ভারতবর্ষের স সঙ্গত হইতেছে না। আমাদিগের বি চনায় এই বাক্যটী ভারতবর্ষীয়দি বঞ্চনা করিবার ছলমাত্র। ভারতব সে অবস্থা হয় নাই, কি যে প্রশস্ত য়তা না হইলে মন্ত্রিগণ এ স্বত্বপ্র সমর্থ হন না, তাঁহাদিগের সে প্রশ ত্ততা হয় নাই? কিরূপ হইলে সে হইবে, সর ষ্টাফোর্ড নর্থকোটের ত একটী নির্দ্দিষ্ট লক্ষণ করিয়া উচিত ছিল। বিচারকার্য্যে ভারতব কর্ম্মচারিগণ সাধারণ্যে ইউরোপীয় চারীদিগের অপেক্ষা সে সমধিক নৈ প্রদর্শন করিতেছেন, কে তাহার অপ করিতে পারেন? সর ষ্টাফোর্ড নর্থ ও তাঁহার মন্ত্রিগণ ইহা স্পষ্টাক্ষ স্বীকার করিয়াছেন কোন বিষয়ে তবর্ষীয়েরা ভার পাইয়া অযো প্রকাশ করিয়াছেন? এক্ষণে আ গের জিজ্ঞাস্য এই, কর্ত্তৃপক্ষ কে করিয়া আর কত কাল ভারতবর্ষীয়দি মুখ বন্ধ করিয়া রাখিবেন? ভারত সিবিল পরীক্ষা প্রবর্ত্তিত হইলে কাংশ ভারতবর্ষীয় সিবিলিয়ান হই তাহা হইলে ইউরোপীয়েরা অ হইবেন, কর্ত্তৃপক্ষ কি এই শঙ্কা ক ভারতবর্ষ যাঁহাদিগের বিদেশ, উ দিগের অভিমান চরিতার্থ কি নিমিত্ত কি ভারতবর্ষের অজিন্ম স্ব কারীদিগকে বঞ্চিত ও অসন্তুষ্ট বিধেয় হয়?

স্থানীয় রাস্তা।

ইঞ্জিনিয়র লিওনার্ড সাহেব যখন দেশীয় গবর্ণমেণ্টের প্রতিনিধি পব কওয়ার্ক ডিপার্টমেণ্টের সেক্রেটারি লেন, তৎকালে বঙ্গদেশের রাস্তা সম্ব এক প্রস্তাব লিখিয়াছিলেন। বঙ্গদে পরিমাণফল ২,১২,২৬৫, বর্গমাইল। ানে সর্ব্বশুদ্ধ ৪৯৮ মাইল পাকা ও ৮৭৯ মাইল স্থানীয় কাঁচা রাস্তা ছে। স্থানীয় আয় হইতে এগুলির স্কার হয়। এতদ্ভিন্ন ৩৪৪৮ মাইল র্ণমেণ্টের রাস্তা আছে, গবর্ণমেণ্টের স্তার ১৩৭১ মাইল মাত্র পাকা। ঐ ল রাস্তার সংস্কারনিমিত্ত বর্ষে বর্ষে লিখিত ব্যয় হয়ঃ—

গবর্ণমেণ্টের রাস্তার ৩৪৪৮ মাই নিমিত্ত ৪২.৮৫৬৬১ টাকা।

স্থানীয় রাস্তার ১৩,৩৭৭ মাইলের মিত্ত ৩৩,০৭,৩৪১ টাকা।

গবর্ণমেণ্ট রাস্তার নিমিত্ত যে ব্যয় ড়, তাহা রাজকোষ হইতে দেওয়া। স্থানীয় রাস্তার সংস্কার ও নূতন ার ব্যয় স্থানীয় ফণ্ড হইতে হইয়া ক। স্থানীয় আয় পর্য্যাপ্ত নহে। াণী ঘাটের উপার্জ্জন স্থানীয় ফণ্ডের ন আয়। ইহাতে গড়ে পাড়ে তিন টাকার অধিক সংগ্রহ হয় না। ন্ন জেলের শিল্পের লাভ স্থানীয় বলিয়া পরিগণিত হইয়া থাকে। ঐ আয় ক্রমশঃ কমিতেছে। কয়ে জেলে বসিয়া যে সকল দ্রব্য প্রস্তুত তাহার আয় অন্য প্রকারে ব্যয়িত তছে। রাস্তার যে কর লওয়া হয়, হইতে প্রায় ৮৫০০০ টাকা; জল ইতে ৪০,০০০ টাকা ও আনাবাদী র কর হইতে ২৫,০০০ টাকা আয় থাকে। ১৮৫৪ অব্দ অবধি নদীয়া পার খালের মাসুল স্থানীয় রাস্তার দেওয়া হইয়া আসিতেছে। ইহাতে ব্যয়বাদে গড়ে তিন লক্ষ টাকা আয় হইতেছিল; কিন্তু এক্ষণে অনেক বাণিজ্য দ্রব্য রেলওয়েতে গমন করাতে এই আয় ক্রমশঃ কমিয়া আসিতেছে স্থানীয় ফণ্ডে প্রচুর টাকা নাই; এমন কি টাকার অকুলান হওয়াতে সরকারী খনাগার হইতে সাহায্য করা হইতেছে। এই হেতু লিওনার্ড সাহেব প্রস্তাব করিয়াছেন, রাস্তার ও পারাণী ঘাটের মাসুল ত্যাগ করিয়া কোন প্রকার স্থানীয় কর স্থাপন করাই কর্ত্তব্য।

সে স্থানীয় কর কি? অহিফেনসেবীরা যেমন যাবতীয় পীড়ায় অহিফেন ব্যবস্থা করেন, অকালপক্ক প্রস্তাবকারীরা তেমনি আয়ব্যয়সংক্রান্ত যাবতীয় বিষয়েই প্রায় নূতন করস্থাপন প্রস্তাব করিয়া বসেন এবং জমীদারেরাই সর্ব্বাগ্রে তাঁহাদিগের দৃষ্টিপথে পতিত হন। এক্ষণে কয়েক জন দূরদর্শী শাসনকর্ত্তা ব্যতিরেকে প্রায় সকলেই বঙ্গদেশে চিরস্থায়ী বন্দোবস্ত আছে বলিয়া ক্ষোভ প্রকাশ করিয়া থাকেন। নাগপুর, পঞ্জাব প্রভৃতি নিয়মবহির্ভূত স্থানের শাসনকর্ত্তারা ভূমির উপরেই বিদ্যাশিক্ষা ও রাস্তা প্রভৃতি প্রস্তুত করিবার ব্যয়ভার নিক্ষেপ করিয়াছেন। বঙ্গদেশের অদূরদর্শী রাজস্ববিদ্‌দিগের এ দেশের ভূমি দর্শন করিয়া নিয়তকাল জিহ্বা লোল হয়। কিন্তু লাড কর্ণওয়ালিসের বন্দোবস্ত অন্তরায় স্বরূপ হওয়াতে তাঁহারা ইষ্টসিদ্ধি করিতে পারেন না। কিন্তু লিওনাড সাহেব ইঞ্জিনিয়র; তাঁহার ইউরোপস্থ ভ্রাতৃগণ যখন এত বড় অপো পর্ব্বত ভেদ করিয়া রেওলয়ে করিতেছেন, তখন লিওনাড সাহেব যে সামান্য কর্ণওয়ালিসের কৃত বন্দোবস্ত ভেদ করিতে সমর্থ হইবেন না, ইহা সম্ভাবিত নহে। তিনি সেই অন্তরায় ভেদ করিয়া জমীদারদিগের স্কন্ধে ভারক্ষেপে উদ্যত হইয়াছেন। তিনি বলেন, পাটনাবিভাগে ছয়বর্গ মাইলে এক মাইল রাস্তা অ সেই হিসাবে বঙ্গদেশে ২৯০০০ মাইল রাস্তা করা উচিত এবং রাস্তা যাঁহাদিগের সর্ব্বাপেক্ষা অধিকতর কারলাভের সম্ভাবনা আছে, তাঁ গেরই ইহা প্রস্তুত করিবার ব্যয় দে কর্ত্তব্য। তিনি অর্থসংগ্রহের উপ নিয়মও বলিয়া দিয়াছেন। তিনি প্র করিয়াছেন, প্রতি বিঘায় কিছু কিছু লইতে হইবে। ভূমির বন্দোবস্ত কি গবর্ণমেণ্টের যে অঙ্গীকার আছে, তদ্বিষয়ে অনভিজ্ঞ নহেন। তথ এক আশ্চর্য্য তর্কপ্রণালী অব করিয়া এই অভিপ্রায় ব্যক্ত ক ছেন, যখন রাস্তা হইলেই জমীদা উন্নতি হইবার সম্ভাবনা আছে, জমীদারের নিকটে অর্থ লওয়াতে নাই। এ স্থলে আমাদিগের জিজ্ঞাস্য রাস্তার উপকারভোগী বলিয়া যেমন জমীদার ও কৃষকের স্কন্ধে কর নিক্ষেপ করিতে উদ্যত হইয়াছেন, ব গণের উপরে তেমনি ভার দিলেন কেন? রাস্তা দ্রব্যাদি লইয়া যাই সুবিধার নিমিত্তই হয়। ইহাতে কৃষ লাভ অনেক, তাহা আমরা অস্বী করি না; কিন্তু কৃষক অপেক্ষা বণি লাভই অধিক। সকলেই জানেন বৎস শেষে মহাজনের টাকা ও সুদ জমীদারের কর দিবার নিমিত্ত কৃষক সামান্যমাত্রে দ্রব্য বিক্রয় করে। খানে রাস্তার সম্পূর্ণ সুবিধা আ সেখানেও কৃষক নিজে দ্রব্য লইয়া বে বন্দরে বিক্রয় করিয়া আইসে না। যথ লাভ বণিকেরই হয়; অতএব কেবল জ দার ও কৃষকগণ কর দিবেন, আর ব কগণ অব্যাহতি পাইবেন, আমরা ই কারণ বুঝিতে পারিতেছি না। অপর, দারদিগের সম্বন্ধে গবর্ণমেণ্টের অঙ্গী

ক করা হইয়া বলিয়া যদি স্বীকার করা
য়, তাহাতেও আর একটী দুর্গতি-
র অনুপস্থিতি উপস্থিত হয়। কি
প্রকারে এই কর আদায় হইবে? সদর
ও মফস্বলের উপরে যদি কর লওয়া
জমীদারের আয় ক্ষয় হইবে, নচেৎ
দিগকে বর্দ্ধিত কর দিতে হইবে।
কোই অন্যায়। প্রতিবিঘায় কর লওয়া
কোন কাজ নয়। প্রতিবিঘার উৎপাদিকা
শক্তি বিবেচনা করিয়া কর ধার্য্য করিতে
হইলে মফস্বলের বাড়ে আয় নিঃশেষিত
হইয়া যাইবে। সকল ভূমিতে এক প্রকার
কর ধার্য্য হইবার সম্ভাবনা নাই। ২৪ পরগ
অন্তর্গত পঞ্চান্ন গ্রামের এক বিঘাতে
লাভ হয়, কলায়াতে কি সেই লাভ
হইতে পারে? লিওনার্ড সাহেব শেষোক্ত
প্রণালী অবলম্বন করিবার কথাই কহি
য়াছেন; কিন্তু ইহার ন্যায়ানুগামিতা
কিরূপে হৃদয়ঙ্গম করিয়া উঠিতে পারি
না; যদি অনুধাবন করিয়া দেখা
যায়, প্রতীয়মান হইবে, বণিকদিগেরই
কর দেওয়া সঙ্গত হয়। কিন্তু রপ্তানী
কর করিলে বাণিজ্যের দুর্গতি হইবে;
অন্তরস্থিত বাণিজ্যের কর করাও
কোনক্রমে হইতে পারে না। তবে
কোন্ অধিকাংশ রাস্তা প্রস্তুত করিবার
ব্যয় ত্যাগ করা হইবে? আমরা
লিওনার্ড সাহেবের সহিত স্বীকার
করিতে এদেশে পর্য্যাপ্ত পরিমাণে
মূলধন নাই। এ অভাব দূর করা কর্ত্তব্য।
আরও বলিতেছি স্থানীয় রাস্তার
জন্য কেবল অত্যাচারের কারণ হয়।
এতে বাণিজ্যের পক্ষে বিলক্ষণ অনিষ্ট
হইবে; ইহাতে সরকারেরও বড় লাভ নাই;
যারা কর ইজারা করিয়া লন, তাঁহা
দের যে কিছু লাভ হইতেছে। এক্ষণে
উঠাইয়া দেওয়া উচিত। কিন্তু পার
ঘাটের ইজারা রহিত করা আমাদিগের
মত নহে। গবর্ণমেণ্ট সর্ব্বত্র নৌকা
রাখিয়া বিনা ব্যয়ে পার করিতে দিবেন
লিওনার্ড সাহেবের এ প্রস্তাব অকিঞ্চিৎ
কর। আমরা উপরে ভূমির করবৃদ্ধির
প্রতিবাদ করিলাম। তবে কি কেবল এক
পারাণী ঘাটে প্রস্তাবিত রাস্তার ব্যয়
নির্ব্বাহ হইবে? ইহার উত্তরস্থলে আমা
দিগের বক্তব্য এই পুলিসের ব্যয় সর-
কারী ধনাগারের উপরে নিক্ষেপ করিয়া
মিউনিসিপাল আয় দ্বারা কেবল রাস্তা
প্রভৃতির ব্যয়নির্ব্বাহ করা উচিত।
যেসকল রাস্তা ১২ ক্রোশের অধিক
হইবে তাহার ব্যয় রাজকোষ হইতে
প্রদান করা কর্ত্তব্য। চির কাল কিছু
সৈনিক সংখ্যা হইবে না যে তাহাতে সকল
টাকা নিঃশেষিত হইয়া যাইবে। যে সমস্ত
আয় নির্দ্দিষ্ট আছে, তাহা বিবেচনা
পূর্ব্বক ব্যয় করিলে অনায়াসে চলিতে
পারে। পবলিকওয়ার্ক কর্ম্মচারিগণ স্থানীয়
রাস্তার ব্যয়ের নিমিত্ত মিউনিসিপাটির
অধীন হইলে অপব্যয়ের অনেক নিবা
রণ হইবে। পারাণীঘাটের আয় ক্রমশঃ
বৃদ্ধি হইতেছে। কিঞ্চিৎ মনোযোগ দিলে
খালের মাসুল হইতে বিস্তর আয় হই
বার সম্ভাবনা আছে। এক্ষণে গার্লিক
সাহেব ও তাঁহার অধীন কর্ম্মচারিগণ
বেতনভুক এক জন ডেপুটি কালেক্টর
রূপে নিয়োজিত করিয়া মাসুল আদায়
করিলে ১০ লক্ষ টাকা আয় হইতে
পারিবে। স্থানীয় আয়ের বিষয়ে আমা
দিগের অবস্থা কাশ্মীরের অবস্থার তুল্য
হইয়া রহিয়াছে। লোকে যথেষ্ট টাকা
দিতেছেন। কিন্তু ইজারদার টোল কালে
ক্টর প্রভৃতির হস্ত দিয়া আসাতে অর্দ্ধেক
টাকাও রাজকোষগত হইতেছে না।
লিওনার্ড সাহেব বার্ষিক অতিরিক্ত ২৫
লক্ষ টাকা প্রার্থনা করিতেছেন। কতক
ভার সরকারী ধনাগারের উপরে আর
কতক মিউনিসিপালিটির উপরে
করিলে, মাসুল বুঝিয়া আদায় ক
পারিলে, এবং পবলিকওয়ার্কে বি
চোরদিগের মুখ বন্ধ করিয়া
করিতে পারিলে নূতন করের প্র
হইবে না; অথচ অভিলষণীয় কা
সম্পন্ন হইয়া উঠিবে।

—•—

পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের দুর্ঘটনা।

পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের দুর্ঘটনা
স্কন সর্ব্বসাধারণে অতিশয় চঞ্চল
উঠিয়াছেন। সকল স্থানেই এই কথা
সকলেই কোম্পানির এজেণ্টের উ
অতিশয় বিরক্তি প্রকাশ করিতে
কেবল যে ভারতবর্ষীয়েরাই অসন্তুষ্ট
রাছেন এরূপ নয়, যেসকল ইংরাজ
ভদ্র; যাঁহারা ইউরোপীয়দিগের
এদেশীয়দিগের জীবনও মূল্যবান
করেন; যাঁহারা ভারতবর্ষীয়দি
নিকটে আপনাদিগের মহামনস্
রক্ষার নিমিত্ত স্বদেশীয়দিগের
গোপনে রাখেন না, তাঁহারা স্পষ্ট
ধানে ঘৃণা ও দুঃখপ্রকাশ করিতেছে
দুর্ঘটনার পর দিবস কলিকাতার পু
কমিসনর ষ্টুয়ার্ট হগ সাহেব ও
রিচার্ড টেম্পল বারাক্‌পুরের আড্
উপস্থিত ছিলেন। তাঁহারা স্বচক্ষে
য়াছেন, একটী স্ত্রীলোক ও একটী পু
সাংঘাতিক আঘাত প্রাপ্ত হইয়াছিলে
কিন্তু রেলওয়ে কর্ম্মচারীরা তাঁহাদিগ
রোয়াকে ফেলিয়া রাখিয়াছিলেন। তঁ
দিগের শয়নের নিমিত্ত একখানি ক
দেওয়া হইয়াছিল। হগ সাহেব এই নি
রতার কারণ জিজ্ঞাসা করাতে তত্র
এক জন কর্ম্মচারী বলিলেন, "ডাক্তা
বলিয়াছেন, ইহারা বাঁচিবে না। অত
ইহাদিগের নিমিত্ত চেষ্টা পাওয়া বৃথ
ইহা শ্রবণ করিয়া অতিশয় বিরক্ত হই
হগ সাহেব এজেণ্ট প্রেষ্টেজকে এই নি

ার কথা বলিলেন। প্রেষ্টেজ সাহেব
ারীতি কাজ না করিয়া হগ সাহেবকে
কাইয়া বলিলেন, তাঁহার এ বিষয়ে
া কহিবার কোন ক্ষমতা নাই। সর
ার্ড টেম্পল তখন উপস্থিত ছিলেন।
নি এ বিষয় গবর্ণমেণ্টের গোচর
তে উদ্যত হন, পরে হগ সাহেবের
। ইহা জানান হইয়াছে। ফ্রাঙ্কলিন
ষ্টেজ সাহেবের ধৃষ্টতার সমধিক
ংসা করিতে হয়। তিনি দুই জন
কৎসকের পত্র সংবাদপত্রে প্রকাশিত
য়া এই প্রতিপন্ন করিবার চেষ্টা
ইয়াছেন, তিনি যথাসাধ্য সাহায্য
য়াছিলেন।

দুর্ঘটনার অনতিপরে এজেণ্ট কত
লি আহত লোককে পল পাতিয়া
কখানি আচ্ছাদনহীন শকটে বারক
আনয়ন করেন এখানে সমস্ত
ত্র তাহাদিগকে সেই পলের উপরে
কতে হয়। প্রাতঃকালে কতকগুলিকে
ৎসালয়ে প্রেরণ করা হয়; কতক-
এজেণ্টের ব্যবহার দেখিয়া অত্যন্ত
স্বীকার করিয়াও কলিকাতায় আই-
। প্রেষ্টেজ সাহেব নিজে ইহা
ার করিয়াছেন। যথাবিধি যে তাহা
র সাহায্য করা হয় নাই, তদ্বিষয়ে
য় নাই। যাবতীয় বিষয়ের নিগূঢ়
ন্ধানার্থ সত্বর এক কমিসন নিয়ো-
করা কর্ত্তব্য। ইহার মধ্যে এদেশীয়
জন সভ্য রাখা উচিত; কেবল কয়েক
ইঞ্জিনিয়রকে প্রেরণ করিলে কাজ
না। ইহার অনুসন্ধানকালে অধি-
ণ এদেশীয়ের সহিত ব্যবহার
ত হইবে। অতএব কমিসনমধ্যে
ীয় সভ্যের সদ্ভাব একান্ত আব-
।

উপসংহারকালে আমরা গ্রে মহো-
পুনঃ পুনঃ অনুরোধ করিতেছি,
যেন এ বিষয়ে শ্লথাদর না হন।
রেলওয়ের কর্ম্মচারীদিগের প্রতি লোকের অতিশয় অবিশ্বাস জন্মিয়াছে। নিগূঢ় অনুসন্ধান ও অপরাধীদিগের যথাবিধি দণ্ডবিধানদ্বারা পুনরায় বিশ্বাসস্থাপন করুন।

—:০:—

সহরতলির মিউনিসিপালটী।

আমরা সচরাচর দেখিতে পাই, ইউরোপীয় অপরাধীদিগের অপরাধ প্রমাণ করা ও যথোচিত দণ্ড করা হয় না। ইহাতে এক মহৎ অনিষ্টবীজ অঙ্কুরিত হইতেছে। লোকের বিষম বিরুদ্ধ সংস্কার জন্মিতেছে। আমরা নিম্নে যে প্রস্তাব পত্রখানি প্রকাশ করিতেছি, প্রধান পুরুষেরা ইহা পাঠ করিলেই এই সংস্কারের বিষয় এবং সহরতলির মিউনিসিপালটীর অত্যাচারের বিষয় অবগত হইতে পারিবেন। আন্তরিক যত্নসহকারে যতদূর সম্ভব ঐ উভয়ের প্রতীকার চেষ্টা পাওয়া উচিত। ইউরোপীয়েরা কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠানকালে পক্ষপাত করেন না এবং ধর্ম্মনীতির অনুগত হইয়া যাবতীয় কর্ম্ম সম্পাদন করেন বলিয়া পূর্ব্বে লোকের যে সংস্কার ছিল, দিন দিন তাহার অন্যথাভাব হইতেছে। এত দিন এদেশীয়দিগের চোখ কাণ ফুটে নাই, ইউরোপীয়েরা যাহা করিয়াছেন, শোভা পাইয়াছে, এখন আর অন্যায় কর্ম্ম করিয়া তাঁহাদিগের অব্যাহতি পাইবার যো নাই, এখন এ দেশের শিক্ষিত লোকেরা তন্ন তন্ন করিয়া তাঁহাদিগের কার্য্য দর্শন করিতেছেন। এখন এ দেশের অনেক শিক্ষিত ব্যক্তির চরিত্র ও ধর্ম্মনীতিজ্ঞান অনেক ইউরোপীয়ের অপেক্ষা উৎকৃষ্ট হইয়াছে। সুতরাং তাঁহারা অন্যায়দর্শন সহ্য করিতে পারেন না। ধর্ম্মনীতির বিরুদ্ধ আচরণ করেন বলিয়া অনেক ইউরোপীয় এদেশীয় সমাজের অগ্রে হতপ্রতিষ্ঠ হইয়াছেন ও হেয় হইতেছেন। এক্ষণে তাঁহাদিগের কর্ত্তব্য, সাবধান হইয়া চলেন। উচ্চস্বভাব সম্পন্ন বলিয়া এতদিন তাঁহাদিগের প্রতিষ্ঠা ছিল, উচ্চ ও বিশুদ্ধ কর্ম্ম সেই প্রতিষ্ঠা অব্যাহত রাখিবার করুন। এদেশীয়দিগের অপেক্ষা ইঁহাদিগের বল ও বিক্রম অধিক, অতএব তাঁহাদিগের প্রাধান্য কে খণ্ডন করিতে পারেন, যদি কাহার মনে এ গর্ব্ব থাকে তাহা পরিত্যাগ করাই উচিত। বলের অত্যাচারের কাল আর নাই এখন ধর্ম্মনীতির আধিপত্যের কাল উপস্থিত হইয়াছে এবং এখন উহাদ্বারাই প্রাধান্য প্রদর্শন করা গবর্ণমেণ্টেরও কর্ত্তব্য, যাঁহারা তাঁহাদিগের বিশুদ্ধ কার্য্যদ্বারা আপনাদিগের বিশুদ্ধতার পরিচয় দিতে না পারেন, কোন ক্রমে তাঁহাদিগকে পদস্থ রাখেন। গবর্ণমেণ্টকেই কর্ম্মচারীদিগের গুণ দোষের ফলভাগী হইতে হয়। সৈন্যদিগের জয় পরাজয় রাজারই হয় থাকে।

মহাশয়! বোধ হয়, আপনকার পাঠকগণের কেহই অনবগত নহেন যে, ইউরোপীয় জাতির কেহ আইন বিরুদ্ধ কার্য্য করিলে তাহার দণ্ড হওয়া দূরে থাকুক কেহ সাহস করিয়া তদ্বিপক্ষে অভিযোগ করেন, তাহা হইলে তাঁহার আদালতের হাত হইতে অব্যাহতি পাওয়া কষ্টকর হইয়া পড়ে। শ্বেতাঙ্গ মহাপ্রভুগণ এমনি স্বভাবপ্রিয় যে, তাঁহাদিগের বিপক্ষে নালিশ হইবা গোলযোগ হইলে পরেই তাঁহারা আপনারা গা শোঁকাশোঁকি করিয়া মিটাইয়া লন। মিটাইয়া দেওয়াই বা কেমন করিয়া বলি, তাঁহারা বিচার করেন, তাঁহারাই জজ ষ্টেট; আইনও তাঁহাদিগের কৃত, সুতরাং বিচার তদনুরূপ হয় তাঁহারা গুলির, খুন করিলে পাগু ভ্রমে শীকার করা, কশাঘাত দ্বারা প্রহার করিলে শিক্ষা দেওয়া চুরি অপহরণ করিলে ভ্রম হওয়া ইত্যাদি বিচার পার পাইয়া থাকেন। কিন্তু এক জন বাঙ্গালি যদি সামান্য দোষ করেন, তাহা হইলে হাজত দেওয়া তৎপরে বিচার হয়।

এক্ষণে ২৪ পরগণায় যে মাজি

ন, কার্য্যদ্বারা কিছুতেই এমন বোধ হয় তাহা হইলে সহরতলির মিউনিসিপল রিগণের অত্যাচারের বিষয় অবগত নি যে নিস্তব্ধ আছেন, তাহার কারণ আমার বিবেচনা হয় ধর্ম্মপরায়ণ চেয়ার ছেব পাছে অনবধানতাদোষে কোন ই ভয়ে মিটনাটের চেষ্টা পাইতেছেন রগণার অধীন শহরতলির লোককে না পশুর অধম জ্ঞান করিয়াছেন? না দিগকে চট্টগ্রামের বাঙ্গাল অপেক্ষা বোধ করেন? তিনি নিজে যাহা বিবে করুন, বস্তুতঃ আমরা তাহা ন হ। আমরা নিসিপল কর্ম্মচারিগণের অত্যাচারে জর্জ্জ ত হইয়াছি, এমন কি আর সহ্য করিতে না। কমিসনরগণ ১লা নবেম্বরের ঝড়ের পর কমিটিতে স্থির করিয়া কাঁচা ঘরের বকেয়া টাক্স ছাড়িয়া কর্ম্মচারী মহাশয়েরা তাঁহাদিগের ইচ্ছা- কতক পরিত্যাগ করিলেন, আর কতক ট জারিদ্বারা খরচাসমেত আদায় করিয়া লন। আইনে দৃষ্ট হয়,ওয়ারেণ্ট জারিদ্বারা মাল ক্রোক হইয়া পেয়াদার জিম্মায় লে প্রতিদিন প্রত্যেক পেয়াদার ৵০ আনা রোজ লাগে। কিন্তু ইহাদিগের ট সমুদায়ই বিপরীত। ইহারা বিল য় করিতে আইসে না সমন জারি করে কেবল ওয়ারেণ্ট জারি করিয়া টাকা ক। হয় এক বিল দুই বার আদায়, খরচ দুবার লেখা, আবার পীড়াপীড়ি ল উগরিয়া দেওয়া, তাহাতে ৫০০ র অতিরিক্ত না রাখিবার বিশেষ দেশ থাকিলেও প্রায় ১০।১৫ হাজার তহবিলে মজুত রাখা, ব্যাঙ্কে টাকা ভুলা চেক কাটা, পীড়াপীড়ি দেখিলে চেক পুনরায় জমা খরচ করা, কণ্ট্রাক্টর নিকটে এগ্রীমেণ্ট না লইয়া, আবশ্যমান তাহাদিগের দ্বারা কার্য্য লওয়া, সেক্রে ও অকাউণ্টেণ্টকে আফিসের কার্য্যের পুরা বেতন দিয়াও কমিসনরদিগের আফিস কলেকসমের উপরে শত ৩।৪ হাজার টাকা কমিসন দেওয়া, এগুলি ইহার অনুসন্ধান একান্ত আবশ্যক।

এক্ষণে কমিসনর মহাশয়দিগের নিকটে বিশেষ অনুরোধ করিতেছি, তাঁহারা যেন কাহার চাটু বাক্যে প্রতারিত না হন। ইহার অনুসন্ধান করেন।

—:০:—

বিবিধসংবাদ।

৩০এ বৈশাখ সোমবার।

গত বারে প্রুফসংশোধকের অনবধানতায় ২৯৫ পৃষ্ঠার প্রথম কলমের ১৭ পংক্তিতে "১৬ বৈশাখ" স্থলে "৬ই বৈশাখ এবং ৩২৭ পৃষ্ঠার তৃতীয় কলমের ৯ পংক্তিতে "স্বগত" স্থলে সঙ্গত হইয়াছে।

এ দেশে কৌলীন্য প্রথা ও কন্যাবিক্রয় প্রথা প্রবল থাকাতে নিষ্কুলদিগের বিবাহ হওয়া ভার। তাহারা যার তার মেয়ে পাইলেই বিবাহ করে, ভাল মন্দ বড় বিবেচনা করে না। প্রতারকেরা এই সুবিধা পাইয়া এক কন্যাকে দুই তিন স্থলে বিক্রয় করে। এপ্রকার ভূরি দৃষ্টান্ত আছে। দোবরা কন্যার পতিদিগকে সমাজে কিছু হেয় থাকিতে হয়, কিন্তু তাহারা সমাজে এক কালে অচলিত থাকে না। অমৃত বাজার পত্রিকায় দৃষ্ট হইল, ঐরূপ একটী দোবরা কন্যাবিবাহকে বিধবাবিবাহ জ্ঞান করিয়া অধ্যাপকের নিকটে ব্যবস্থা লইয়া বিবাহকর্ত্তাকে সমাজে চলিত করা হইয়াছে; এটী নূতন কাণ্ড বটে, কিন্তু এতদ্দ্বারা বিধবাবিবাহের যে কিছু আনুকূল্য হইবে আমাদিগের এরূপ বোধ হয় না। যাঁহারা দোবরা কন্যাপতিকে উদ্ধার করিয়াছেন, তাঁহাদিগকে একটী আস্ত বিধবার পাণিগ্রহণকারীকে উদ্ধার করিতে বলিলেই ইহার পরীক্ষা হইবে।

আমরা পূর্ব্বে ঈশানচন্দ্র বসুর মৃত্যুসংবাদ মাত্র প্রকাশ করিয়াছিলাম, বিশেষ করিয়া কিছু বলা হয় নাই। এ ব্যক্তি দরিদ্রসন্তান; ইহাঁ ভালরূপ লেখা পড়া শিখাও হয় নাই; ইনি কেবল স্বাভাবিক বুদ্ধির বলিক জার্ডিন স্কিনার কোম্পানির বাটীর মুচ্ছুদ্দি হইয়া বিস্তর অর্থ উপার্জ্জন করিয়া নগরের এক জন গণনীয় ধনী হইয়াছিলেন। জীবনকালে ঈশানচন্দ্র মুক্ত হস্ত ছিলেন, মৃত্যুকালেও ইনি সাধারণের হিতার্থে ২০০০০ টাকা দিয়া গিয়াছেন। ইহার ১২,০০০ টাকা তাঁহার জন্মগ্রাম খাই মেড়ের এক রাস্তায় ব্যয়িত হইবে। অপর ১০,০০০ টাকা প্রেসিডেন্সি কালেজের ছাত্রবৃত্তির নিমিত্ত গবর্ণমেণ্টের হস্তে থাকিবে। ঈশানচন্দ্রের স্ত্রী যদি দত্তকগ্রহণ না করেন, তাহা হইলে তাঁহার ত্যক্ত সম্পত্তি প্রবেশীর দাতব্য সভার হইবে। ঈশানচন্দ্র বসুর এ দান প্রশংসনীয় সন্দেহ নাই। ইনি মৃত্যুকালে এই বদান্যতা প্রদর্শন করিয়া যেরূপ যশোলাভ করিলেন জীবিতকালে সেরূপ করিতে পারেন নাই। ইনি অতিশয় মিতব্যয়ী ছিলেন; তাহা আনুষঙ্গিক দুই একটী দোষেও বিলক্ষণ আসক্ত ছিলেন। আমরা লোকের দোষ গুণ তুল্যরূপে ব্যক্ত করি, ইহাতে কেহ কেহ অসন্তুষ্ট হন; কিন্তু তাঁহারা যদি অনুধাবন করিয়া দেখিতে পারিবেন, ব্যক্তিবিশেষের দোষ ব্যক্তিরেকে সমাজের দোষসংশোধনসম্ভব নাই।

গবর্ণর জেনরল আজ্ঞা দিয়াছেন, যে ষ্টাম্পে লোহিত ও কৃষ্ণ রেখা আছে, আদালতে আবেদনপ্রভৃতিতে ব্যবহৃত হইবে। আমরা এ প্রভেদের কারণ বুঝিতে পারিলাম না। মফস্বলে সকল সময়ে সকল প্রকার ষ্টাম্প পাওয়া যায় না। অনেকের অসুবিধা প্রভেদনিবন্ধন দাবী তমাদি হইবার সম্ভাবনা।

মহীসুরের কয়েকখানি পল্লীগ্রামে সংক্রামক জ্বর হইতেছে। যেপ্রকার জ্বর কয়েক বৎসর হইল বঙ্গদেশীয় বা পিত্তপ্রভৃতিকে উৎপন্ন করিয়াছিল, মহীসুরেও সেই প্রকার জ্বর হইতেছে। ওলাউঠা ন্যায় সংক্রামক জ্বরের নিদান নির্ণীত হয় নাই, এটী অত্যন্ত দুঃখের বিষয়।

আমরা বাল্যকালে উপকথায় শুনিতাম অমুক ব্যক্তি বনে মাণিক পাইয়া, তস্করভয়ে তাহা ঊরু বিদীর্ণ করিয়া তন্মধ্যে রাখিয়াছিল। সম্প্রতি এই কথার যাথার্থ্য সপ্রমাণ হইয়াছে। আন্দামানের ডাক্তর আর, এচ কয়ান্ সাহেব এক জন ফাঁশী প্রাপ্ত ব্রহ্মদেশীয়ের শরীর পরীক্ষা করিতে গিয়া তাহার দুই বাহুর মধ্যে ২৪ টাকা ও রৌপ্যমুদ্রা পাইয়াছেন। বাহির হইতে মধ্যে কিছু আছে, এমন বোধ হইত না। অনুসন্ধানে জানিয়াছেন, রোগ ও বিপদ রক্ষার নিমিত্ত ব্রহ্মদেশীয়েরা এপ্রকার সকল শরীরমধ্যে রাখিয়া থাকে।

সর ষ্টাফোর্ড নর্থ কোট ভারতের গবর্ণর জেনরল হইয়া আসিবেন, তাঁহার কারণ হেতু করিয়া সকলে ইহা অনুমান করিতেছেন বিশ্ববিদ্যালয় ও চিকিৎসালয়ে দান প্রথম তিনি সম্প্রতি এক ভোজ দিয়া লণ্ডনস্থিত জন ভারতবর্ষীয়কে নিমন্ত্রণ করিয়াছিলেন

কর্ণেল আণ্ডাসন গুইকুমারের কৃষ্ণ ভ্রাতা গার দর্শন করিতে যাওয়াতে সংবাদপত্রে

ণ গালি দেওয়া হইয়াছিল। দাদা সাহেবকে
ার গৃহে অতিশয় কষ্টে রাখা হয়, এপ্রকার
সংবাদপত্রে প্রকাশিত হওয়াতে রাজার
রেসিডেণ্ট তাহার সত্যাসত্যতা জানিবার
গমন করেন। ইন্দুপ্রকাশ বলেন, দাদা
উত্তম বাটীতে আছেন; তাঁহার সচ্ছন্দ-
নিমিত্ত যাহা আবশ্যক সে সমুদায় তাঁহাকে
হইতেছে; এ বিষয়ে তিনি নিজেও
যাগ করেন নাই। কারাগারে রুদ্ধ থাকা
ষ্টের কারণ নয়? ওয়েল্‌সের রাজকুমার
সন প্রাপ্ত হইয়া এডিনবরার ডিউকপ্রভৃতি
দিগকে যাবতীয় বিলাসদ্রব্য দিয়া যদি
সর কাসলে রুদ্ধ রাখেন, তাহা হইলে
। সন্তুষ্ট থাকিতে পারেন কি না?

বোম্বাইগেজেট শ্রবণ করিয়াছেন, কাবুলে
আসিয়াছে, সম্রাটের আজ্ঞানুসারে এক
শীয় রাজকুমার মধ্য আসিয়া দর্শনার্থ আগ
রিয়াছেন। যাবতীয় লোক ও সর্দ্দার অতি
সহকারে রাজকুমারকে অভ্যর্থনা করিয়া
আজিম খাঁর কয়েক জন দূত রুশীয়
র গমন করাতে সেনাপতি ভারতবর্ষীয়
মেণ্টের সহিত কাবুলের পূর্ব্বাপর সন্ধিপত্র
দেখিতে চাহিয়াছেন। এ পর্য্যন্ত আজিম
সহিত রুশীয়দিগের কোন সন্ধি হয় নাই।
সেই সন্ধির পূর্ব্ব লক্ষণ বোধ হইতেছে।
সন্ধি হয়, তাহা হইলে ভারতবর্ষীয় ও
ীয় উভয় গবর্ণমেণ্টেরই চৈতন্য হইবে।
বর্ণর জেনরল আজ্ঞা দিয়াছেন, গবর্ণমেণ্ট
ল ভূমিপ্রভৃতি দান করিবেন, তাহার
ইরির নিমিত্ত এক আনা করিয়া কী
সে।

বার ২৪ এ মে রবিবার হওয়াতে রাজ্ঞীর
থির উৎসব ২৩ এ মে শনিবার হইবে।
কার আফিসসকল সোমবারে বন্ধ হইবে।
র রিচাড টেম্পল এক জন পঞ্জাবী এবং
বর্ষীয়দিগের রাজনীতিসংক্রান্ত উচ্চতর স্থ
র শত্রু। বাঙ্গালীদিগের বর্ত্তমান স্বাধীন
র তাঁহার চক্ষুঃশূল। তথাপি আমরা এক
য় তাঁহার প্রশংসা না করিয়া থাকিতে পারি
য়া। সর জন লয়েন্স সেক্রেটারি ও মন্ত্রিগ
লইয়া আপনার কর্ত্তব্যকর্ম্মস্থান ত্যাগ
া পলায়ন করিয়াছেন, কিন্তু সর রিচাড
ল রাজস্বপ্রণালীর বিষয় সূক্ষ্মরূপে জানি
নিমিত্ত কলিকাতায় রহিয়াছেন। তিনি
ন যাবতীয় আফিসের সেক্রেটারি ও রেজি
ণ পুষ্ট বেতন পান মাত্র; কাজ যাহা

এতদ্দেশীয় কেরাণীদিগের দ্বারা হয়। অতএব কয়েক দিবসাবধি তিনি কয়েক জন এতদ্দেশীয় কেরাণীকে আহ্বান করিয়া সকল বিষয় অবগত হইতেছেন। দুঃখের বিষয় এই, এইসকল টপ যুক্ত লোক যথার্থ বিষয় জানিয়াও এক কুসংস্কারের বশীভূত হইয়া এদেশীয়দিগের উন্নতির পথে কণ্টকনিক্ষেপ করেন।

সর এডওয়ার্ড রায়ানের নিকটে পত্র লিখিবার সময়ে মেইন সাহেব এদেশীয় উকীলদিগকে বারিষ্টরদিগের অপেক্ষা নিকৃষ্ট ও অসৎ বলাতে যে প্রতিবাদ হয়, তাহার ফল ফলিয়াছে। সম্প্রতি প্রধানতম বিচারালয়ের এক জন উকীলের সহিত সাক্ষাৎ হওয়াতে মেইন সাহেব বলিয়াছেন, তিনি তাঁহার শ্রেণির লোকদিগকে লক্ষ্য করিয়া পত্র লিখেন নাই; মফস্বলের উকীলদিগেরই নিন্দা করিয়াছিলেন। ইহাতে আমাদিগের এক গল্প মনে হইল। একদা এক স্থানে এক পল্টন আসিয়া উপস্থিত হয়। জমীদারের গমস্তা সমস্ত দিনের পর রসদ দিতে আসাতে কয়েক জন সৈনিক তাহাকে প্রহার করে। গমস্তার জ্যেষ্ঠ ভ্রাতা দূর হইতে অনুজের কষ্ট দেখিয়া গালি দিয়া বলিল থাক * * * এখনই তোমাদিগকে দেখাইব। এখানে কি মাজিষ্টেট নাই, না আইন নাই? দুই জন সৈনিক তৎক্ষণাৎ দৌড়িয়া গিয়া তাহার দুই হাত ধরাতে ঐ ব্যক্তি বলিল, "তোমাদিগকে কিছু বলে কাহার বাপের সাধ্য আছে; ঐ পাজিকে এই কারণে গালি দিতেছিলাম যে, সিপাহীদিগকে রসদ দিতে বিলম্ব করিল কেন? এখনই মাজিষ্টেট সাহেব দণ্ড দিবেন।" সিপাহীরা চলিয়া গেলে তাহার ভ্রাতা আসিয়া ক্রুদ্ধ হইয়া বলিল, "তুমি তাইকে * * * বল? জ্যেষ্ঠ ইহা শুনিয়া বলিল, তোমাকে কি গালি দিয়াছি? ওকথা না বলিলে উহারা ছাড়ে কৈ। মফস্বলের উকীলগণ প্রতিবাদ করিলে মেইন সাহেব কি বলেন তাহা শুনিবার নিমিত্ত আমাদিগের অতিশয় কৌতুক জন্মিতেছে।

এডিনবরার ডিউক সম্প্রতি হত্যাকারীর হাত হইতে রক্ষা পাইয়াছেন বলিয়া ভারতবর্ষীয় সভা আহ্লাদপ্রকাশ করিয়া রাজ্ঞীকে এক অভিনন্দন প্রদান করিবেন।

হিন্দুপেটিয়ট বলেন, নিমতলার শবদাহের কল অকর্ম্মণ্য হইয়াছে। শবদাহনের সময় চাকনীর অনেক স্থান দিয়া ধূম বহির্গত হয় ও সেটী এত উষ্ণ হয়, যে কিছুক্ষণপরে আর স্পর্শ করিবার যো থাকে না; শব ও ভাল দগ্ধ হয় না। মিউনিসিপালিটির টাকা এই প্রকারেই থাকে।

৩১এ বৈশাখ মঙ্গলবার।

হিন্দুপেটিয়ট বলেন, সৈয়দ আবদুল্লা মা ৬০০ টাকা বেতনে কানিং কালেজের এক অধ্যাপক হইয়াছেন। সৈয়দ আবদুল্লা বিশ্ববিদ্যালয়ে উর্দ্দু ভাষার অধ্যাপক ছিে কেহ কেহ বলেন, তিনি ভারতবর্ষীয় কৌন্সি এক জন মন্ত্রীর পদ প্রার্থনা করিয়াছিলেন।

সম্প্রতি ত্রিহুতে যে কয়েকটী ডাকাইতি তাহার মূল নেপালে পাওয়া গিয়াছে। ৫০ জন দস্যু একত্র হইয়া লুঠ করে। পূর্ব্বে ব্রিটিশ প্রজা ছিল, এক্ষণে নেপালে য়ন করিয়াছে। ব্রিটিশ সীমাতে দস্যুবৃত্তি নেপালে গেলেই আর ভাবনা থাকে না। কলিকাতাপ্রভৃতি স্থানে কুকর্ম্ম করিয়া ফরাসডাঙ্গায় পলাইত। দুষ্টদিগের সে যেমন তাড়া দেওয়া হইয়াছে, নেপালেও তেমনি তাড়িয়া দেওয়া উচিত।

আসামের কমিসনর কর্ণেল হপ সম্প্রতি গবর্ণমেণ্টের নিকটে আক্ষেপ লিখিয়াছেন, অন্য অন্য প্রদেশের ন্যায় মের কর্ম্মচারিগণ প্রতিবৎসর যে এক বিদায় পান, তাহা কোন কাজের হয় আসাম হইতে কলিকাতায় গমন ও হইতে প্রত্যাগমন করিতে ৪০ দিবস ল কর্ণেল হপকিন্সন তন্নিমিত্ত প্রস্তাব ক ছেন, এইসকল কর্ম্মচারীর গমনের অতিরিক্ত এক মাস বিদায় দেওয়া কর্ত্ত কিন্তু লেপ্টনাণ্ট গবর্ণর এই প্রস্তাব করিয়াছেন। গ্রাহ্য করিলে এইরূপে অনুরোধে পড়িতে হইত।

এ বার সর্ব্বত্র অসময়ে অধিক বৃষ্টি হই সিন্ধুর জল এত বৃদ্ধি হইয়াছে যে, সক নিকটে জলপ্লাবনের আশঙ্কা হইয়াছে। দেশীয় গবর্ণমেণ্ট এই বেলা দামোদর ও দীর অবস্থার প্রতি দৃষ্টিপাত করুন।

গত শুক্রবার বৈকালে ঝড়ের সময়ে পুরের নিকটে ১৩ জন আরোহীর সহিত খানি নৌকা জলমগ্ন হয়। সৌভাগ্যের রয়াল আডিলেডনামক জাহাজের স কাপ্তেন ও নাবিকগণ তৎক্ষণাৎ এক লইয়া আরোহীদিগকে রক্ষা করিয়াছেন। হিগণ কৃতজ্ঞতাপ্রকাশের নিমিত্ত এক পত্র নিউসে মুদ্রিত করিয়াছেন। চাঁদা করিয়া সাহসী ব্যক্তিদিগকে এক ভোজ দেওয়া ক

ডেলিনিউস বলেন, খনদা হইয়া ইন্দো

—২০—

ল দ্রব্য বোম্বাই রেইলওয়েতে আমদানী ও
নী হইবে, মহারাজ হোলকর তাহার শুল্ক
ইয়াছেন। তাহার ক্ষতিপূরণের নিমিত্ত
মেণ্ট তাঁহাকে চির কালের জন্য একখানি
ণা প্রদান করিয়াছেন।

র রিচার্ড টেম্পল সম্প্রতি হাবড়ার কানি
টিউটে মহাভারতের কিয়দংশ পাঠ করিয়া
ন, তাঁহার মতে এই কাব্যখানি ইউরোপের
উৎকৃষ্ট বীররসপ্রধান কাব্যের তুল্য।
ীন কালে হিন্দুরা রাজনীতি, ব্যবস্থা,
ত্য, বিজ্ঞানপ্রভৃতি বিষয়ের কত উন্নতি
াছিলেন, ইহাতে তাহার প্রমাণ পাওয়া
। শ্রোতৃবর্গ অতিশয় আনন্দসহকারে এই
দেশ শ্রবণ করেন। পরিশেষে সভাপতি
র মৌএট এতদ্দেশীয়দিগের পূর্ব্বতন
ারের সহিত বর্ত্তমান অবস্থার তারতম্য
রা উপদেশককে ধন্যবাদ দিলেন। ডাক্তর
ট যথার্থ বলিয়াছেন, এতদ্দেশীয়দিগের
ত; না থাকাতেই ইহাঁদিগের স্বাভাবিক
ভীক্ষতা থাকিলেও কাজ হইতেছে না।

১ লা জ্যৈষ্ঠ বুধবার।

বুয়ানের নূতন শাসনকর্ত্তা পোপ হেনেসি
ব ইহার মধ্যে তত্রত্য লোকদিগের এমন
হইয়াছেন যে, সম্প্রতি তাঁহার বিবাহ হও
চীনেরা আপনারা আসিয়া বরযাত্রী
অনেক আমোদ করিয়াছে। হেনেসি
ব জাতিভেদ না করিয়া সকলকে নিমন্ত্রণ
াছিলেন। ইংলণ্ড হইতে যেসকল শাসন
এক কালে উপনিবেশে আইসেন, তাঁহারা
র কুসংস্কারবিশিষ্ট শাসনকর্ত্তাদিগের
কা অনেক গুণে শ্রেষ্ঠ।

সম্প্রতি আগরার নিকটে একটী স্ত্রীলোক
ানের ভয়ে এক তৃতীয় শ্রেণির রেলওয়ে
হইতে লম্ফদিয়া পতিত হন। তিনি
ত হইয়াছিলেন; কিন্তু অন্য কোন ক্ষতি
াই। রেলওয়ে কোম্পানিসমূহের যে প্রকার
রী ও তত্ত্বাবধায়ক, তাহাতে এ সকল
হওয়া আশ্চর্য্যের বিষয় নহে।

াঞ্জাব রেলওয়ে কোম্পানি বক্তার সিংহ
বেবল রাণ্ডলফ ষ্টুয়ার্টের নামে যে নালীশ
তাহাতে বক্তার সিংহকে ৩০,০০০ টাকা
হইয়াছে। কর্ণেল এলফিন্ষ্টোনের অধীনে
ব্যক্তি ও ষ্টুয়ার্ট কণ্ট্রাক্টর ছিলেন।
সিংহ পূর্ব্বে কর্ণেলের সেরেস্তাদার
ন। সাক্ষ্যদ্বারা প্রকাশিত হইয়াছে, এই
ক্টরের সহিত এলফিন্ষ্টোনের অংশ ছিল
এবং কার্যতঃ এটি বিনামী ব্যবসায় মাত্র ছিল। যাঁহারা এতদ্দেশীয় কর্ম্মচারীদিগের অসারতাদর্শনে চীৎকার করেন, তাঁহারা এক্ষণে কোথায়?

সর জন লরেন্স সে দিবস বোম্বাইয়ের ফ্রি চর্চ্চ মিসনরিদিগকে ২০,০০০ টাকা প্রদান করিয়াছেন। সম্প্রতি দিল্লীর বাপটিষ্ট মিসনরিগণ তত্রত্য ইউরোপীয় সৈন্যদিগকে ধর্ম্মশিক্ষা দিয়াছিলেন বলিয়া গবর্ণর জেনরল তাঁহাদিগকে কয়েক সহস্র টাকা প্রদান করিয়াছেন। তলবার ভারতবর্ষশাসনের একমাত্র উপায়, এ সংস্কার যে শাসনকর্ত্তার আছে, তিনি যে এইসকল আইন বিরুদ্ধ কর্ম্ম করিবেন, তাহা বিচিত্র নহে। কিন্তু সর জন লরেন্স জানিবেন ভারতবর্ষের ইতিহাসলেখকেরা এসকল গর্হিত কার্য্যের পুরস্কার দিবেন।

লাহোর ক্রনিকেল বলেন, সম্প্রতি অমৃতসরের নিকটস্থ জানদিঘীস্থিত মুসলমানেরা গোবধ করিয়া তাহার মাংস ভক্ষণ করাতে তত্রত্য হিন্দুরা বিরক্ত হইয়া মুসলমানদিগের জলপানের কূপে ও মসজিদে শূকর কাটিয়া ফেলিয়া দিয়াছিলেন। এই নিমিত্ত উভয় সম্প্রদায়ের অতিশয় বিবাদ চলিতেছে। হিন্দুগণ আপনাদিগের অন্যায় কাজ বুঝিতে পারিয়া মসজিদ ও কূপের মূল্য দিতে চাহিয়াছেন। কিন্তু মুসলমানেরা মকদ্দমা করিবার নিমিত্ত দৃঢ় প্রতিজ্ঞ হইয়াছেন। ধর্ম্মান্ধতা বহু অনিষ্টের মূল।

মালির কোটার রাজার নামে অত্যাচারের অভিযোগ হওয়াতে গবর্ণর জেনরল এ বিষয়ের অনুসন্ধান করিবার আজ্ঞা দিয়াছেন। পঞ্জাব গবর্ণমেণ্ট ইহা করিবেন।

সর ষ্টাফোর্ড নর্থ কোট সর্ব্বদাই ভারতবর্ষীয় ও ভারতবর্ষীয় ইংরাজ কর্ম্মচারীদিগকে ভোজ দিয়া থাকেন। সকলে অনুমান করিয়াছিলেন, এ টাকা সরকারী ধনাগার হইতে দেওয়া হয়। কিন্তু প্রকাশিত হইয়াছে, সর ষ্টাফোর্ড নর্থকোট নিজের ব্যয়ে ভোজ দিয়াথাকেন। মুলতানের বিষয়ে যে কাজ হইয়াছে তাহাতে যদি সর ষ্টাফোর্ডের চৈতন্য না হয়, কিসে হইবে।

ডেলি নিউস বলেন, সম্প্রতি নেপালের গবর্ণমেণ্ট প্রস্তাব করিতেছেন যেসকল ব্রিটিশ প্রজা নেপালে মনুষ্য ক্রয় বিক্রয় করিবে, তাহাদিগের দণ্ড নেপালে হইলে ভাল হয়। গবর্ণর জেনরল ইহাতে সম্মত হইয়াছেন। নেপালের বিচারপতি ও রাজেশ্বরের ক্রীত দাস আছে কি না জানিয়া সম্মতি দিলে ভাল হইত।

উক্ত পত্র বলেন, খিবার খাঁর সহিত
দিগের বিবাদ আরম্ভ হইয়াছে। রুশীয় সেন
হাজারাস্প নগরের দুর্গে রুশীয় সৈন্য রা
প্রস্তাব করাতে খাঁ তাহাতে অ
হন। ইহাতে সেনাপতি বলিয়াছেন, যদি
সহজে সম্মত না হন, তাহা হইলে বল
উক্ত নগর অধিকার করা হইবে। প্রবল ও
বিরোধ হইলে দুর্ব্বলের পক্ষে এরূপ
শ্রবণ বিস্ময়কর নহে।

গেজেটে দেখা গেল, নিম্নস্তর কর্ম্মচা
প্রায় অনেক আইনের বিষয়ে আত্মমত
করিয়া সাক্ষাৎ সম্বন্ধে গবর্ণর জেনরলের
ব্যবস্থাপক সভার সভ্যবিশেষের নিকটে
করেন, তাহাতে অনেক অসুবিধা হয়। অ
গবর্ণর জেনরল আজ্ঞা দিয়াছেন, ভবিষ্যতে
সকল পত্র স্থানীয় গবর্ণমেণ্টের হস্ত
আসিবে। রীতিই এই।

পিয়নিয়র বলেন, বাঁদাতে গোমড়ক
য়াতে দুটী পরগণায় ৯০০ গরু প্রাণত্যাগ
য়াছে। প্রথমতঃ জ্বর ও কম্প হয়; ত
ক্রমাগত ভেদ হইয়া পশুগুলি প্রাণ
করে।

১১ ই মে সর জন লরেন্স সিমলায় উ
হইয়াছেন। উক্ত স্থানের পূর্ব্বতন ভগ্ন ও
বশিষ্ট কামানগুলির পরিবর্ত্তে নূতন ব
আসিয়াছে; কিন্তু বারুদ না থাকাতে গ
জেনরলের সম্মানার্থ কামান হয় নাই।
জন পত্রপ্রেরক বিদ্রূপ করিয়া বলিয়াছেন,
দের অসুসার থাকাতে গবর্ণর জেনরল গে
নেল বাটিতে প্রবেশ করেন; কিন্তু তাঁহার
মন্ত্রী অথবা সেক্রেটারি যদি বাটী বাটী য
বারুদ ভিক্ষা করিতেন, তাহা হইলে কে
তোপ হইতে পারিত।

২ রা জ্যৈষ্ঠ বৃহস্পতিবার।

এপর্য্যন্ত যেসকল কর্ম্মচারী ফৌজ
মকদ্দমায় সাক্ষ্য দিতে যাইতেন, তাঁহাদি
তন্নিমিত্ত যে ব্যয় পড়িত তাহা আপন আ
বিভাগের ব্যয় বলিয়া পরিগণিত হইত।
তি বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট প্রস্তাব করিয়াছি
এই ব্যয় বিচারসংক্রান্ত ব্যয়ের মধ্যে
করা উচিত। গবর্ণর জেনরল ইহাতে স
য়াছেন।

মাধবচন্দ্র দত্তকে রোজ ব্রৌণের হত্যা
বলিয়া পুলিষে অর্পণ করা হইয়াছে। যে
সাক্ষী করণায়ের সমক্ষে জবানবন্দী
তাঁহারা আবার এখানে ও জবানবন্দী দি
ছেন। এ ব্যক্তি যে মুক্তিলাভ করিবে ত
সন্দেহ নাই। পুলিষ যথার্থ দোষীকে ছা
নিরপরাধীকে ধরিয়া টানা টানি করিতে
মাধবচন্দ্র দত্তের হত্যা করিবার কারণ
কাহার হত্যা করিবার যথার্থ কারণ ছিল,
ষের কি তন্নির্ণয়েরও ক্ষমতা নাই? পু
রাজ্যের নিম্ন শ্রেণির ইউরোপীয় প্রবেশ
তেই উহার এরূপ দুর্দ্দশা হইয়াছে।

ডেল নিউস বলেন, সংহুমের বন্য লোকদিগের কন্যার বিবাহ দিতে হইলে ৩।৪টি গরু দান করিতে হইত। এপ্রকার কলের না থাকাতে অনেক স্ত্রীলোক অবিবাহিতা রহিয়াছেন, এবং তন্নিবন্ধন ব্যভিচারেরও লক্ষণ বৃদ্ধি হইয়াছে। সম্প্রতি ছোটনাগপুরের কমিসনর কর্ণেল ডালটন কোলদিগের প্রধান লোকদিগকে আহ্বান করিয়া এক সভা করেন। ঐ সভায় সকলে কন্যাদানের পণ দশটী গরু বলিয়া স্থির করিয়াছেন। দশটী গরু যে দিতে হইবে এরূপ নহে; দারিদ্র গণ ইহার বর্ত্তে ৭ টাকা নগদ দিতে পারিবে। কোলেরা নাদিগের সুবর্ণবণিক ও কায়স্থদিগের অপেক্ষা বিষয়ে সমধিক বুদ্ধিমত্তা প্রকাশ করিল। দুই শ্রেণির কন্যার বিবাহ দেওয়া আতিশয় অসাধ্য হইয়া উঠিয়াছে। যিনি যাবজ্জী পরিশ্রম করিয়া ২০,০০০ টাকা জমান, াকে চারিটী কন্যা দান করিতে এক কালে দ্র হইতে হয়। ইহার কি সংশোধন করা ত নহে?

বর্ণর জে. লমীমাংসা করিয়াছেন, ১৮৬৮ ব্দের ১১ আইন অনুসারে কেবল বাহাদুর ঈর উপরে শুল্ক লওয়া হইবে না। কাঁচ মত যাবতীয় দ্রব্যে শুল্ক দিতে হইবে। উক্ত পত্র প্রদান করিয়াছেন, বাম্বাই ও তসরের যেসকল শাল বিদেশীয় বণিকগণ দেশে রপ্তানী করিবার নিমিত্ত ক্রয় করিবেন পার ঐ দ্রব্যের শুল্ক গ্রহণ করিবার নিমিত্ত বে গবর্মেণ্টের উপরে আজ্ঞা হইয়াছে। তে কি এ প্রকার পরিমাণে শাল প্রস্তুত ব?

পরলোক তাপিনয়ন স্বীকার করিয়াছেন, ভবের আদেশ পুলিষ অন্য অন্য স্থানের পুলিন্যায় অপরাধীদিগকে ধরিতে পারেন না। া কেবল রিপোর্ট পড়িয়া মুগ্ধ না হন, রা অনেক দিন পূর্ব্বে তাহা স্থির করিয়া য়াছেন।

বিক্টপ্রদেশের বালা ৬০০ অবধি ১০০০ া মা এক ব্যক্তি মান্দ্রাজে একটী স্ত্রী মন্ত্রাল লয় স্থাপিত করিবার অভিলাষ করিয়াছেন াজ গবর্মেণ্ট তন্নিমিত্ত তাঁহাকে ধন্যবাদ ছেন।

ভারতবর্ষীয় গবর্মেণ্ট কচ্ছের তলার রাজার ক সম্পত্তি বিভক্ত করিবার আজ্ঞা দেওয়াতে রাজা প্রিবিকৌন্সিলে আপীল করিতে । এ জন্য তাঁহাকে ছয় সপ্তাহের সময় য়া হইয়াছে। রাজা বৃথা অপব্যয় করিলেন,

রাজনীতিসম্বন্ধে ভারতবর্ষীয় গবর্মেণ্ট যাহা করিয়াছেন, প্রিবি কৌন্সল তাহাতে কোন ক্রমে হস্তার্পণ করিবেন না।

মার্শমান সাহেব ফেণ্ড অব ইণ্ডিয়াতে লিখিয়াছেন. সর জন লরেন্স ইউরোপীয় সৈন্যদিগের উপাসনার ও ধর্ম্মশিক্ষার যে বন্দোবস্ত (তাহার নাম কয়েক লক্ষ রাজস্বক্ষয়) করিবার আজ্ঞা দিয়াছেন, তাহাতে ইংলণ্ডের সমুদায় লোক তাঁহার উপর সন্তুষ্ট হইয়াছেন। যে সকল চিন্তাশীল লোক আয়রলণ্ডের গর্ম্মকার্য্য হইতে গবর্মেণ্টকে স্বতন্ত্র থাকিতে বলিতেছেন তাঁহারা কি এই দলভুক্ত? যাহা সর জন লরেন্সের সুখ্যাতির তাহা ভারতবর্ষের দুর্গতির কারণ হইতেছে

৩রা জ্যৈষ্ঠ শুক্রবার

ভারতবর্ষে যত এতদ্দেশীয় সংবাদপত্র আছে, তন্মধ্যে কেবল আলিগড় ইনষ্টিটিউট গেজেট বলিয়াছেন, এদেশীয়দিগকে উচ্চতর শাসনকার্য্যের ভার দেওয়া অনুচিত। ইংলণ্ডীয় গবর্মেণ্ট যে উন্নত পদ দিবার মানস করিয়াছেন, গেজেটের মতে তাহা অসমসাহসকতার কার্য্য। ইহাতে আমাদিগের পরম মিত্র (?) ফেণ্ড অব ইণ্ডিয়া বলেন "ইনষ্টিটিউট গেজেটে যাহা লিখিত হইয়াছে তাহা উত্তর পশ্চিমাঞ্চলের যে যথার্থ সাধারণ মত তাহা আমরা স্বীকার করিতেছি। বোম্বাই ও কলিকাতায় ইংরাজি ও দেশীয় ভাষায় যেসকল এতদ্দেশীয় সংবাদপত্র প্রকাশিত হয় তদপেক্ষা এই পত্রের কথায় অধিক গৌরব করা আবশ্যক তাহার আর কোন সন্দেহ নাই।" সন্দেহের বিষয় কি? সিংহ, গর্দ্দভ ও শৃগাল তিনে মৃগয়া করিতে গিয়া যে মাংস পায়, তাহা গর্দ্দভ সমান অংশে বিভক্ত করাতে সিংহ কুপিত হইয়া তৎক্ষণাৎ তাহাকে বধ করিল এবং শৃগালকে বিভাগ করিতে বলিল। শৃগাল তৎক্ষণাৎ আপনার জন্য কিঞ্চিৎ রাখিয়া আর সমুদায় সিংহকে প্রদান করাতে সিংহ অতিশয় আনন্দিত হইয়া বলিল, "ভাই শৃগাল! তোমাকে এমন সুন্দর ভাগ করিতে কে শিখাইয়াছে?" শৃগাল বলিল "ঐ মৃত গর্দ্দভ।" সৈদ, অস্মদ্দেশের রাজনীতির মূল্য সকলেই বুঝিতে পারিবেন। কিন্তু শাসন কর্ত্তাদিগের চাটুবৃত্তি করিয়া স্বদেশীয়দিগের স্বত্বে জলাঞ্জলি দিবার চেষ্টা এপর্য্যন্ত পৃথিবীর কোন স্থলেই সফল হয় নাই। মানলিয়ম ব্রেঙ্গকে হটালিতে আনয়ন করে; কিন্তু শেষে কানিলিয়ম রঙ্গ ভূমিতে উপস্থিত হইয়াছিলেন।

এতদিন পরে ফেণ্ড অব ইণ্ডিয়া পথে আসিয়াছেন। এই পত্র দিল্লীর ভূতপূর্ব্ব কোটা সুদ্দিনের বিচার উপলক্ষে বলিয়াছেন এ দশ বৎসর নির্ব্বাসিত ছিলেন; ইহাই দণ্ড হইয়াছে। অতঃপর কোন বিদ্রোহী স্ব জীবনের অবশিষ্ট যাপন করিতে অ তাঁহার দণ্ড দেওয়াতে কোন ফল হয় না; পূর্ব্বকার বৈর মনে আইসে। আমরাও সব কথা বলিতেছি। ৫০০ লোক সীতানা কষ্ট পাইতেছে।

৪ঠা জ্যৈষ্ঠ শনিবার।

যে সকল জায়গীরদার ও সর্দ্দার পিতা পিতামহের সম্পত্তির অধিকারী হইবেন, দিগকে গবর্মেণ্টকে কোন নজরানা দিতে বে না। তবে যেখানে দিবার প্রথা সেখানে দিতে হইবে। জাতুষ্পুত্র অথবা কে ন আত্মীয় উত্তরাধিকারী হইলে জায়গী এক বৎসরের আয়ের অর্দ্ধেক দিতে হই দত্তক পুত্রকে এক বৎসরের আয় সমুদায় দি ইবে। দত্তকের উপরে আবার এত পীড়ি কেন?

আবিসিনিয়ার বন্দীগণ যখন সর রবার্ট য়রের শিবিরে আইসেন তখন তাঁহাদিগের ভাব ও বিস্তর ভৃত্য আইসে। তাঁহারা বন্দী ছিলেন বটে; কিন্তু থিওডোর তাঁহাদি তাহার ও বাসস্থানের কোন কষ্ট দেন নাই। দালা গ্রহণের তিন দিবস পূর্ব্বে থিওডোর জন আবিসিনীয় কয়েদিকে বধ করিয়াছিলে তাঁহাকে জীবিত অবস্থায় কমিসনর লের ভারতবর্ষে আনয়ন করিবার জন্য সর র নেপিয়রের আজ্ঞা দেওয়া হয়; কিন্তু থিও রের ভাগ্যে এ অপমান ছিল না।

—:০:—

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ২রা মে। গত কল্য হাউস অব কম ম্যাডষ্টোন সাহেব এই কথা বলেন, যে পর্য আয়ারলণ্ডের ধর্ম্মসম্প্রদায়সংক্রান্ত ত মীমাংসা না হইবে, সেপর্য্যন্ত গবর্মেণ্ট বায়ের টাকা না দেওয়া হয়, এ বিষয়ে তি ৪ঠা মে সোমবার প্রস্তাব করিবেন।

ত্রিষ্টল গ্রাণ্টহাম, দক্ষিণ লাঙ্কেসির লয়মিনষ্টর, ককারমৌথ এবং পূর্ব্ব কেণ্টের সু প্রতিনিধিগণ টোরিদলস্থ বলিয়া মনোনীত হ ছেন।

সিরাপিস ও ত্রকোডাইলনামক সৈ বোম্বাই জাহাজকে আলেকজাণ্ড্রিয়াতে প্রে করা হইয়াছে। আবিসিনিয়া হইতে প্রত্যা

৩ গণিত রেজিমেণ্ট এই জাহাজে ইংলণ্ডে করিবে।

আবিসিনিয়া হইতে আগত।

বোম্বাই ৯ ই মে। আবিসিনিয়া হইতে দ আসিয়াছে, মুক্ত বন্দীগণ ইহার মধ্যে ল প্রহরী সৈন্য লইয়া উপকূলের দিকে করিয়াছেন। সৈন্যগণ গত কল্য যাত্রা ব। সর রবার্ট নেপিয়র ওয়াগনাম গোরা- মাগদালা প্রদান করিতে চাহিয়াছিলেন, প্রধান গোলা (কামান) গুলি নষ্ট হও- তিনি এই নগর লইতে অসম্মত হই ন। তন্নিমিত্ত সর রবার্ট নেপিয়র গালার কে উহা দিয়া আসিবেন।

াগদালাতে থিওডোরের মৃত দেহ সমাহিত ছে। বন্দীগণ অতি অপকৃষ্ট স্থানে রুদ্ধ ন বলিয়া আশঙ্কা করা হইয়াছিল, কিন্তু বিক তাহা নহে। তাঁহারা উত্তম স্থানে ন এবং তাঁহাদিগকে পর্য্যাপ্তরূপ খাদ্য দওয়া হইয়াছিল। মাগদালাবাসীরা ব্রিটিশ দিগকে সমাদরে গ্রহণ করিয়াছেন।

ণ্ডন ১৮ ই এপ্রেল। ভারতবর্ষীয় সৈন, ক উপনিবেশে প্রেরণ করা উচিত কি না, বিবেচনার্থ যে সিলেক্ট কমিটি নিযুক্ত তাঁহারা রিপোর্ট প্রদান করিয়াছেন। রুদ্ধ সৈনিক মত প্রকাশিত এবং ইহাতে র্বাচিবে কি না তদ্বিষয়ে সন্দেহ হওয়াতে ট বলিয়াছেন, এক বারে অধিকতর পরি পরামর্শসিদ্ধ নহে। যেখানে স্বাস্থ্য ব্যাঘাত বনা নাই, কমিটি সেখানে ভারতবর্ষীয় প্রেরণের পরামর্শ দিয়াছেন। তাঁহারা , চীন ও মরিসসে এই সৈন্য প্রেরণ করিলে ব্যয় বাচিবে। সিংহল ও সিঙ্গাপুরের যে জল বায়ু, তাহাতে মধ্যে মধ্যে এক দল র পরিবর্ত্ত করিয়া তথায় এক দল প্রেরণ অনুচিত এবং এ দুই স্থান ভারতবর্ষের নিক ওয়াতে তাঁহারা বলেন এই দুই স্থানে ভার য় সৈন্যপ্রেরণে লাভ আছে। তাঁহারা বলিয়াছেন, তাঁহাদিগের নিকটে যে দেওয়া হইয়াছে, তাহাতে বিবেচনা ছে কোন বিশেষ উপনিবেশরক্ষার্থ স্থানীয় সংগ্রহ না করিয়া ভারতবর্ষীয় সৈন্য রাখিয়া র্পীয় সৈন্যদিগের ন্যায় তাহাদিগকে মধ্যে বদলী করা কর্ত্তব্য। যাবতীয় উপ- শ ভারতবর্ষীয় সৈন্য প্রেরণ করা উচিত মেথার আলন যে প্রস্তাব করেন, তাহা হইয়াছে।

—৯২—

৩ রা মে। গত রাত্রিতে ডিসরেলি সাহেব হাউস অব কমন্সে বলিয়াছেন, যে প্রকার মত ভেদ হইয়াছে তাহাতে গবর্ণমেণ্টের সঙ্কল্প পরিবর্ত্ত হইবে। সেটী কি হইবে, তাহা স্থির করিবার নিমিত্ত ৪ ঠা মে সোমবারপর্য্যন্ত মহাসভা স্থগিত থাকিবে

গ্রেগরি সাহেবের প্রশ্নের প্রত্যুত্তরে সর ষ্টাফোর্ড নর্থকোট বলিয়াছেন, ভারতবর্ষীয় চিহ্নিত কর্ম্মচারীদিগের বিদায়ের নিয়মাবলি কৌন্সিলের এক কমিটিদ্বারা নির্দ্ধারিত হইয়াছে তাঁহারা যাহা বলিয়াছেন সকলেই তাহার মূল নিয়ম স্বীকার করিয়াছেন; তবে কেবল কতক সামান্য অংশের পরিবর্ত্ত করিবার প্রস্তাব হইয়াছে। এই সকল প্রস্তাব লিখিয়া সর জন লরেন্সকে এক পত্র লেখা হইয়াছে। এই নিয়ম গুলির যে কিছু পরিবর্ত্ত করা আবশ্যক তাহা করিয়া তাঁহাকে ইহা সাধারণের গোচরার্থ প্রকাশ করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে।

ফেনিয়ন বর্ক ও কাশীর দোষ সপ্রমাণ হওয়াতে প্রথম ব্যক্তির কঠিন পরিশ্রমের সহিত ১৫ বৎসর এবং দ্বিতীয় ব্যক্তির ৭ বৎসর মেয়াদ হইয়াছে।

৫ ই মে। গত রাত্রিতে ডিসরেলি সাহেব বলিলেন, তিনি রাজ্ঞীর নিকটে নিজ পদত্যাগ করিবার প্রস্তাব করেন, কিন্তু রাজ্ঞী তাহাতে অসম্মত হইয়া তাঁহাকে মহাসভা ভঙ্গ করিবার ক্ষমতা দিয়াছেন। তিনি বলিলেন, এক্ষণে যে সকল বিষয় বিবেচিত হইতেছে তাহার মীমাংসা হইলে তিনি নবেম্বরে মহাসভা ভঙ্গ করিয়া নূতন মহাসভা আহ্বান করিবেন।

গ্লাডষ্টোন, ব্রাইট ও লো সাহেব গবর্ণমেণ্টের এই নিয়মবহির্ভূত কার্য্যের প্রতিবাদ করিয়াছেন। ডিসরেলি সাহেব গবর্ণমেণ্টের পক্ষ সমর্থন করিয়া বলিলেন, রাজ্ঞী তাঁহাকে মহাসভা ভঙ্গ করিবার নিমিত্ত সম্পূর্ণ ক্ষমতা দিয়াছেন। তিনি আরও বলেন, গত বৃহস্পতিবার গ্লাডষ্টোন সাহেব যে প্রকার তর্ক করেন, তাহাতে বোধ হইতেছে মহাসভার মন্ত্রীদিগের উপরে বিশ্বাস নাই।

হাউস অব কমন্স আয় ব্যয়ের বিষয়ে মত দিয়াছেন এবং গ্লাডষ্টোন সাহেব গবর্ণমেণ্টের অসঙ্গত ব্যয়ের নিমিত্ত গবর্ণমেণ্টের কার্য্যপ্রণালীর উপরে দোষারোপ করিয়াছেন।

৬ ই মে। মহাসভাভঙ্গের বিষয়ে মন্ত্রিগণ হাউস অব লার্ডে ও কমন্সে ভিন্ন ভিন্ন প্রকার কথা বলাতে তাহা লইয়া গত রাত্রিতে হাউস অব কমন্সে অতিশয় তর্ক হইয়া গিয়াছে। ডিসরেলি সাহেব যেপ্রকারে বুঝাইয়া দেন তাহাতে সকলে অসন্তোষ প্রকাশ করিয়াছে।

সৈনিক বিদ্যালয়ে শিক্ষার নিমিত্ত বিদ্যার্থী যাহারা আফিসর হইবেন তাঁহাদিগের শিক্ষার নিমিত্ত এক রাজকীয় কমিসন নিযুক্ত করা উচিত বলিয়া লার্ড সিসিল এক প্রস্তাব করিয়াছেন। সর জন পাকিংটন সম্মত হইয়াছেন এবং মহাসভা ইহা গ্রাহ্য করিয়াছেন।

লণ্ডনের ন্যায় কলিকাতা বোম্বাই মাদ্রাজে সিবিলসর্ব্বিস পরীক্ষা করা হউক ফসেট সাহেব এই প্রস্তাব করিয়াছেন। সর চার্লস ট্রিবিলিয়ন এক সংশোধনপ্রস্তাব করিলেন, অচিহ্নিত কার্য্যে যেসকল ভারতবাসী উপযুক্ততা প্রদর্শন করিবেন তাঁহাদিগকে সেই কার্য্যে নিযুক্ত করা কর্ত্তব্য।

সর চার্লস ট্রিবিলিয়ান যে প্রস্তাব করিয়াছেন, গবর্ণমেণ্ট তাহার কতক অংশ গ্রাহ্য করিয়াছেন। অর্থাৎ প্রতিযোগী পরীক্ষার পরিবর্ত্তে তাঁহারা উপযুক্ত লোককে মনোনীত করিবেন। এই কথা বলাতে মূল প্রস্তাব ও সংশোধন প্রস্তাব পরিত্যক্ত হইল।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন

লেপ্টনেণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ।

৬ ই মে। নিম্ন লিখিত ভদ্রলোকেরা খালির সাধারণ বিদ্যাশিক্ষা সভার সভ্য হইবেন:—

বাবু জগদীশনাথ রায়।

" মহেশচন্দ্র বসু।

নিম্নলিখিত ভদ্র লোকেরা কুমিল্লার সিপাল কমিসনর হইবেন:

বি, আর উইন সাহেব।

ই. ডিলেন "।

নিজামত বিদ্যালয় চালাইবার নিমিত্ত মনসুর আলি খাঁ মুরসিদাবাদের সাধারণ শিক্ষা সভার সভ্য হইবেন।

জে, জি, ফারকোহার্সন সাহেব মুঙ্গের ভাগলপুরের বিশেষ সব রেজিষ্ট্রার হইবেন।

৭ ই মে। অযোধ্যার রাজার নিকটস্থ গবর্ণর জেনরলের প্রতিনিধি এজেণ্ট কর্ণেল সি, ব্রাক উক্ত রাজার বাটীর মধ্যের মহ

য় জন্য ২৪ পরগণার মাজিষ্ট্রেটের ক্ষমতা
ন।
ই. ম। যত দিন বাবু গুরুপ্রসাদ সেন
ী কার্য্যোপলক্ষে স্থানান্তর থাকিবেন
ন বাবু যাদবচন্দ্র চক্রবর্ত্তী কালনার প্রতি
ুন্সেফ হইবেন।
চ. এ. কক্রেল সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেট
লেক্টর হইবেন।
. জে. এলিয়ট সাহেব গয়ার মাজিষ্ট্রেট ও
ক্টর হইবেন, কিন্তু আপাততঃ দিনাজ
প্রতিনিধি সিবিল ও সেসিয়ন জজ থাকি

ত দিন লেপ্টনাণ্ট ডবলিউ ই, চেম্বর্স
ী কার্য্যোপলক্ষে স্থানান্তর থাকিবেন,
দিন জে. লাম্বার্ট সাহেব পাটনার প্রতিনিধি
সুপরিণ্টেণ্ডাণ্ট হইবেন।
ই. আই. শটলওয়ার্থ সাহেব গয়ার পুলিষ
রিণ্টেণ্ডাণ্ট হইবেন।
কাপ্তেন জি. এম. বাইই যশোহরের পুলিষ
রণ্টেণ্ডাণ্ট হইবেন; কিন্তু আপাততঃ
য় চক্রবাড়ে প্রতিনিধি ডেপুটি ইনস্পেক্টর
রল থাকিবেন।
ত দিন কাপ্তেন জে, সি, সি, ডণ্ট, বি, সি,
য় লইয়া অনুপস্থিত থাকিবেন তত দিন
নট, ডি, প্রাট সাহেব সাহাবাদের প্রতি
পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট হইবেন।
এ. আনলী সাহেব যশোহরের প্রতিনিধি
ষ সুপরিণ্টেণ্ডাণ্ট হইবেন।
নিম্নলিখিত সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট
কে বদলী করা হইল।—
এ. এল. ডবলিউ. জাডন সাহেব সাহাবাদ
ত হুগলীতে।
এ, বেলেয়ার সাহেব ত্রিহুত হইতে গয়াতে।
এচ, বি, এচ. গবার্টস সাহেব ঢাকা হইতে
পরগণাতে।
৯ ই মে। সব আসিষ্টাণ্ট সার্জ্জন রাজমোহন
্যোপাধ্যায় কলিকাতার মেডিকাল কালেজের
ৎসালয়ের প্রথম চিকিৎসকের অনর সহ-
চিকিৎসক হইবেন।
খাকুড়ার ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটী কালে
বাবু গোপালচন্দ্র সেন বর্দ্ধমানে বদলী হইয়া
জিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।
১২ ই মে। ডবলিউ, এফ মিয়াস সাহেব
নসিংহের সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর
া আমালপুর উপবিভাগের ভার পাইয়া
জিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাই
।

লেপ্টনাণ্ট কর্ণেল জে, ডসন বর্দ্ধমানের এক জন মিউনিসিপাল কমিসনর হইবেন।

নদীয়ার ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু দিননাথ আঢ্য মেহেরপুর উপবিভাগের ভার পাইবেন

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু ব্রহ্মনাথ সেন কিছু দিনের জন্য বনগ্রাম উপবিভাগের ভার পাইবেন।

মেহেরপুর উপবিভাগের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর কুমার ব্রজেন্দ্র নারায়ণ দেব সদর মহকুমা নদীয়াতে বদলী হইবেন।

শিব সাগরের সহকারী কমিসনর লেপ্টনাণ্ট ডবলিউ ই, রুথারফোর্ড ডুবঙ্গে বদলী হইবেন।

ডুবঙ্গের সহকারী কমিসনর লেপ্টনাণ্ট এফ, এল, ডি, লাটুচ কামরূপে বদলী হইবেন।

—:০:—

আমাদিগের গোয়ালিয়ারস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

১। মহারাজ সিন্ধিয়া হরিদ্বারপ্রভৃতি তীর্থ দর্শন করিয়া মহরমের পূর্ব্বেই এখানে আসিয়া পৌছিয়াছেন। পূর্ব্বে শুনিয়াছিলাম তিনি কাশীতে যাইবেন। দিল্লিগেজেটে দেখিলাম তিনি দিল্লিপ্রভৃতি প্রধান প্রধান নগর হইয়া হরিদ্বারে গিয়াছিলেন।

২। পলিটিকেল এজেণ্ট কর্ণেল ডেলি সাহেব এখান হইতে ইংলণ্ডে যাত্রা করিয়াছেন কর্ণেল সাণ্ডয়ার সাহেব আসিয়া পলিটিকেল এজেণ্টের কর্ম্মভার গ্রহণ করিয়াছেন। কর্ণেল ডেলি সাহেবের গমনে আমরা যেমন দুঃখিত হইয়াছি, কর্ণেল সাণ্ডয়ার সাহেবের আগমনে তেমনি আনন্দিত হইয়াছি। ইনিও যেরূপ ভদ্র ও অমায়িক এবং আমাদের সঙ্গে মিশিতে উৎসুক তাহাতে ইহাঁর নিকট হইতে আমাদিগের অনেক ইষ্টলাভ সম্ভাবনা আছে।

৩। গত শুক্লপক্ষের দ্বাদশী তিথিতে মুসলমানদিগের প্রধান পর্ব্ব "মহরমের" মস্তুতা তাজিয়ার মাটির সহিত শেষ হইয়াছে। শুক্লপক্ষের দ্বিতীয়া তিথি অবধি ১১ দিন মুসলমানদিগের কর্ণভেদী বাদ্যেতে দিবারাত্রি স্থস্থির হইবার যো ছিল না। হাসন হোসেনের মৃত্যুর জন্য কৃত্রিম শোকপ্রকাশক বক্ষঃস্থলে করাঘাত হা হতোস্মি প্রভৃতি শব্দে নগরের প্রলয় অবস্থায় উপনীত হইবার উপক্রম হইয়াছিল। বঙ্গদেশ অপেক্ষা এ সকল প্রদেশে মুসলমান অধিক এবং মুসলমান সম্রাটদিগের প্রভাবও এই সকল প্রদেশে বিশেষরূপে প্রাদুর্ভূত ছিল। এইজন্য দেখা যায় এ সকল প্রদেশের অনেক হিন্দু তাজিয়া (গোঁয়ারা) করিয়া মুসলমানদিগে সহিত আমোদ করে। জিয়াজী মহারাজসিন্ধি হিন্দু হইয়াও মহাসমারোহে বৃহৎ তাজি নির্ম্মাণ করিয়া মহরমোৎসব সম্প করিয়াছেন। যে স্থানে গোঁয়ারা ম হইয়াছিল আমরা কৌতূহলাক্রান্ত হই ঐ স্থানে মধ্যাহ্নকালের মার্ত্তণ্ডতাপে তাপি হইয়াও গমন করিয়াছিলাম। তথায় দেখিল অগণ্য স্ত্রী পুরুষ একত্র হইয়া অগ্নিবৎ সূর্য্য তাপ সেবন করিতেছে। স্থানে স্থানে লগুড় তরবারি খেলা হইতেছে। স্থানে স্থানে মল্ল হইতেছে স্থানে স্থানে লড়ায়ে মেষের সঙ্গি খেলা হইতেছে। স্থানে স্থানে বিষম মুদ্গর স অনায়াসে ঘুরাণ হইতেছে। এই সকল দেখি এ দেশের মধ্যে বাঁ... সাহেবের বিল পরিচয় প্রাপ্ত হওয়া গেল। এই মেলা ক্ষে মহারাজের পৌত্র, পুত্র ও অন্যান্য সভা অশ্বারোহী সৈন্য এবং বহুমূল্য সজ্জায় সজ্জ ভূতে বৃহৎ বৃহৎ হস্তী আসিয়াছিল। আশ্চর্য্য বিষয় এই মরুভূমিবৎ বিস্তীর্ণ মাঠে মধ্য কালের ভয়ানক সূর্য্যতাপে কাহারও ক চিহ্ন লক্ষিত হইল না। এইরূপ কষ্টসহ না হই বা ইহারা এরূপ যুদ্ধবিশারদ হইবে কেন

এই মহরমের সময় হৃদয়বিদারক ক শোচনীয় ঘটনা সংঘটিত হইয়াছে। ক্ষেত্রে আত্যন্তিক ভিড় হওয়াতে মহারা হস্তীর পদতলে পড়িয়া এক ব মৃত্যুগ্রাসে পতিত হইয়াছে, আরও ২ লোক আহত হইয়াছে। এক ব্যক্তি অশ্বা হন করিয়া মেলা হইতে প্রত্যাগমন কর ছিল, মুয়ার নদীর সেতুর উপর একটা দেখিয়া অশ্বটী খেপিয়া উঠিল এবং আরো নিক্ষেপ করিল। ঐ ব্যক্তি এরূপ আঘাত হইয়াছিল যে, ৪।৫ ঘণ্টার মধ্যে মৃত্যু পতিত হইল। শুনিলাম অকর্ম্মণ্য ও অবি হিন্দুস্থানী নেটিভ ডাক্তারের অনবধানতাদো ঘটিলে ঐ ব্যক্তি হয়ত বাঁচিতে পারিত। এ করে একজন উপযুক্ত সব এসিষ্টাণ্ট সার্জ্জন বেন? মেলা ক্ষেত্রের ভিড়ের মধ্যে কের শিশু সন্তান হারাইয়াছিল; কিন্তু গুলিই পুলিষের হস্তে পতিত হওয়াতে হইতেছে তাহারা পিতামাতার হস্তে অ হইতে পারিবে মেলার পূর্ব্বরাত্রে প্রায় ২ সময় যখন কতোয়ালির গোঁয়ারা মহাসমা বাহির হইয়া আসিতেছিল, সেই সময়ে মুস রেজিমেণ্টের গোঁয়ারা বাহির হয়। অনন্তর

বাদে উপস্থিত হইয়া মারামারী লাঠা লাঠি
গিয়াছে। হিন্দুদিগের চড়কের অত্যাচার
রূপে নিবারিত হইয়াছে, মুসলমান
ও অত্যাচারসকল সেইরূপে রহিত
চিত।

-:০:-

আমাদিগের তমোলুকস্থ সংবাদ-
তা লিখিয়াছেনঃ—

কয়েক দিন হইল এ প্রদেশে প্রায় প্রতি
প্রবল ঝটিকা সহ বৃষ্টিপাত হইতেছে।
বাত্যার ভীষণ শব্দ, মেঘাবলির ঘোরতর
ও বজ্রপতন ও বারিধারা পতনের শব্দে
ক বার এরূপ বোধ হয় যেন বসুমতীর
অন্যান্য ভূতগণের সংগ্রাম উপস্থিত
ছে। এক... ...াসের সময় উক্ত
হওয়াতে এপ্রদেশের অনেক ক্ষতি হইয়া
ছে। এই নগরের পার্শ্ববর্ত্তী রূপনারায়ণ
একটী বিস্তীর্ণ চর পড়িয়াছে। তাহাতে
নূতন তৃণ জন্মিবাতে প্রতিদিন অনেক
র জীবন ধারণ হইয়া থাকে। এক দিবস
অসংখ্য গাভি বিচরণ করিতেছিল, হঠাৎ
গুল ঘনজলদাবলী দ্বারা আচ্ছন্ন হইয়া
বেগে বৃষ্টিপতন হইতে লাগিল। সেই
নদীতে সমুদ্রবারি আসিতেছিল, পশ্চিম
হইতে প্রবাহিত ঝটিকা সহযোগে সেই
র স্রোত এত প্রবল হয় যে অনেক গাভি
র বেগে ভাসিয়া গিয়াছে।

(২) জনরবে শুনিলাম, যে পাঁশকুড়ার
ঙ্গ বিদ্যালয়ের পার্শ্বদেশেই একটি সুরাবি-
র দোকান আছে। যদি ইহা সত্য হয়,
ত বিদ্যালয়ের অনেক অনিষ্ট হইবার
না। অতএব বিনীত ভাবে প্রার্থনা করি
প্রদেশের উপযোগ্য ইনস্পেক্টর শ্রীযুক্ত আর
মার্টিন মহোদয় ইহার সত্যাসত্য তত্ত্ব
ন করিয়া বিহিত উপায় বিধানে তৎপর
বেন।

—:০:—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

শয়! গত ১লা বৈশাখ (১২ই এপ্রেল) মেদি
রের পূর্ব্ব ৫ ক্রোশ দূরে লাঠিয়ালেরা কলি-
হইতে আগত যে বাঙ্গীয়কে মারিয়াছিল,
আপনারা অবগত আছেন। তাহার তদার
বিবরণ নিম্নে লিখিতেছি। ২রা বৈশাখ
পুলিষের কর্ত্তা সাহেব, ২ জন ইন স্পেক্টর

—২৪—

লইয়া তদারক করিতে যান। ৩ দিনেও কিছুই না হওয়াতে সাহেব অন্যতর ইন স্পেক্টর শ্রীযুক্ত বাবু রাধানাথ রায় মহাশয়কে অনুসন্ধানের বিশেষ ভার দিয়া পল্লীপ্রদেশ পরিত্যাগ করিয়া আসিলেন। রায় মহাশয় বিচক্ষণতাপূর্ব্বক অনুসন্ধান করিয়া ৭ই বৈশাখ ৪ জন আসামিকে মালসহ ধৃত করিয়াছেন। তাহাদের এখনও বিচার হয় নাই, কিন্তু আসামীরা যে গুরুতর দণ্ড প্রাপ্ত হইবে, তাহার সন্দেহ নাই। যে স্থানে এই লাঠিয়ালি কাণ্ড হয়, ঐ স্থানটীই উলুবেড়িয়া রোডের মধ্যে অতি ভয়ঙ্কর। দস্যুরা ধৃত হওয়াতে উলুবেড়িয়া রোডের পথিকেরা ও ঐ স্থানের পার্শ্ববাসীরা অতিশয় আনন্দিত হইয়াছেন। মেদিনীপুরে এখন ডাকাইতি বড় কম হইতেছে না। আশ্চর্য্যের বিষয় এই, ডাকাইতেরা প্রায় সর্ব্ব স্থানেই দণ্ড প্রাপ্ত হইতেছে, তথাপি নিবৃত্ত হইতেছে না। অল্প দিন হইল নওয়াদায় ও দাসপুরে এক একটী সঙ্গিন ডাকাইতি হয়; উক্ত রায় মহাশয় নওয়াদার ডাকাইতদিগকে ও শ্রীযুক্ত দীনবন্ধু সেন মহাশয় দাসপুরের ডাকাইতদিগকে ধরিয়াছেন। এক্ষণে জেলখানার কষ্টের অপেক্ষাকৃত লাঘব হওয়াতেই বোধ হয় ডাকাইতেরা গ্রেপ্তার হইতে বড় ভয় করে না। আমরা প্রার্থনা করি, শ্রীযুক্ত রায় মহাশয়ের বিচক্ষণতা ও কার্য্যের দক্ষতা যেরূপ সুপ্রসিদ্ধ, তাহাতে তিনি শীঘ্রই এই দস্যুদলের অবশিষ্ট কয়েক জনকে গ্রেপ্তার করিয়া উলুবেড়িয়া রোড এক বারেই নিরুপদ্রব করুন।

—:০:—

জগন্নাথ ক্ষেত্রের পথ ও তীর্থের প্রকৃত ইতিহাস।

ভয়ানক দুর্ভিক্ষনিবন্ধন দুই বৎসর জগন্নাথ ক্ষেত্রে যাত্রী যাওয়া বন্ধ ছিল। প্রত্যহ সহস্র সহস্র লোক প্রাণত্যাগ করিতেছে; কোন প্রকার খাদ্য দ্রব্য মিলে না, এই সংবাদ শ্রবণ করিয়া জগন্নাথের অনেক ভক্তের ভক্তিরস শুষ্ক হইয়া গিয়াছিল। গত বৎসর অনেকে যাইবার জন্য ঝুঁকিয়াছিলেন; কিন্তু গবর্ণমেণ্ট সতর্ক করাতে যাইতে পারেন নাই। গবর্ণমেণ্ট প্রকাশ্যরূপে কাহাকে নিষেধ করেন নাই বটে; কিন্তু জেলার মাজিষ্ট্রেট ও পুলিষ প্রহরীরা কতক অংশে আপনাদিগের ক্ষমতা অতিক্রম করিয়া উলুবেড়িয়া হইতে কয়েক শত ভ্রান্ত লোককে ফিরাইয়া দেন। কোন ব্যক্তিই এ নিমিত্ত অভিযোগ করেন নাই; বরং অনেকে ইহাতে আহ্লাদিত হইয়াছিলেন। কিন্তু এ বৎসর পূর্ব্বোক্ত কারণগুলি অন্তর্হিত হইয়াছে। দুর্ভিক্ষ নিবন্ধন জগন্নাথের যে আকর্ষণশক্তি ছিল... ছিল, তাহা পুনরায় অঙ্কুরিত হইয়াছে পাণ্ডাগণ চক্ষু মুদ্রিত করিয়া ১২৪০ স... প্রসাদদ্বারা কথঞ্চিৎ জীবন ধারণ করি... লেন, তাঁহারা সজীব হইয়া উঠিয়াছেন। ব... সরকারী ধনাগারের ২৫ লক্ষ টাকার চ... গিয়া জগন্নাথ ও জগন্নাথের পাণ্ডাগণের ম... পুনর্ব্বার বৃদ্ধি করিয়া তুলিয়াছে। পুনর্ব্বার স্ত্রীলোকের স্কন্ধে জগন্নাথের ডুবী পড়িয়া... ফলতঃ অনেক হতভাগা স্ত্রীলোক ক্রোড়... শিশু সন্তান পরিত্যাগ করিয়া বর্ত্মদের... বিষতুল্য সূর্য্যতাপ, ভেটে চাউল ও... ঠাকে মনোনীত করিতেছেন।

জগন্নাথ দেবের যেমন আকৃতি, যেমন... যেমন প্রসাদের ছটা, তেমনি পাণ্ডা। ... কোন ধর্ম্মসম্প্রদায়ের উপরে বিদ্বেষ নাই... ব্যক্তি অকপট ভক্তিসহকারে আপন... বিশ্বাস করেন, সে ধর্ম্ম যেরূপ হউক... তাঁহাকে শ্রদ্ধা করি। কিন্তু সত্য কথা ব... কি, চৈত্র মাসাবধি জ্যৈষ্ঠের অর্দ্ধাংশ... প্রতি পল্লীগ্রামে অর্দ্ধমুণ্ডিতমস্তক, অর্দ্ধ... কারফোটাধারী যেসমস্ত অর্থপিশাচ ম... কাটা টুপি, গাত্রে মান্দ্রাজী গড়ার হাপ চা... দিয়া নিরন্তর তাম্বূল চর্ব্বণ করিতে ক... পৃষ্ঠ বোচকা দিয়া হস্তে গোলপাতার... লইয়া সম্মুখে বক্র হইয়া গমন করে, ... দিগকে দেখিলেই আমার সর্ব্বাঙ্গ জ্ব... উঠে। ইহারা আচারে পশু, বিদ্যায় ... আলাপে বর্ব্বর। ইহারা বাহিরে লোকের... জগন্নাথের মহিমা বর্ণন করিয়া সব... ভুলায়; কিন্তু অন্তরে ইহারা জগন্নাথের... নিয়ম প্রতিপালন করে না। এইসকল ... দুপ্রহরের সময়ে, (যখন পুরুষেরা কার্য্যানু... স্থানান্তর থাকেন, (বাটীতে আসিয়া স্ত্রী... দিগকে ভুলাইতে থাকে। কেহ কেহ কুস... নিবন্ধন গমন করে; কতকগুলি অন্তঃ... বন্ধনচ্ছেদন করিয়া স্বাধীন বায়ু সেবন ক... যায় এবং অনল্পসংখ্যক বালবিধবা ত... নামে কুপ্রবৃত্তি চরিতার্থ করিবার উদ্দেশে... নাথদর্শনে যাত্রা করে। পাণ্ডারা যাত্রী... যিনি যেমন তাঁহার মন সেই প্রকারে যো... থাকে। সত্য কথা বলিতে হইবে; ... প্রত্যক্ষ করিয়া মৌনাবলম্বন করিয়া... উচিত হয় না। আমি দেশীয়দিগকে জি... করিতেছি, জগন্নাথ কি কেবল স্ত্রীলোকদি... আকর্ষণ করেন? যত যাত্রী দেখা যায়, ... মধ্যে কোন ব্যক্তি শতকরা পাঁচ জন... দেখিয়াছেন? জগন্নাথের উপরে পুরুষ... ভক্তি নাই; জগন্নাথও তাঁহাদিগকে অ... করেন না। ইহার বিশেষ কারণ আছে।

া গমন করিলে পাণ্ডাদিগের তত লাভ একাধিপত্য হয় না।

জগন্নাথ ক্ষেত্রের পথে কি হয়, বোধ হয়, সকলে জানেন না। উলুবেড়িয়া পর্য্যন্ত ারা মহাসমাদরে যাত্রীদিগকে লইয়া যায়, ার পরে ঐ বর্ব্বরেরা ভিন্ন মূর্ত্তি ধারণ করে। বতঃ ইহারা লৌহকায়, প্রত্যহ বিংশতি শ পদব্রজে গমন করিতে পারে। কিন্তু ক্রমা ১৬। ১৭ দিবস বিংশতি ক্রোশ গমন করা াকদিগের সাধ্য নহে। দুরাত্মারা স্ত্রীলোক কে এই অনর্থক কষ্ট দিয়া টানিয়া লইয়া রাত্রিতে পাণ্ডা ঠাকুর স্ত্রীলোকদিগের শয়ন করিয়া থাকেন। তিনি তাহাদিগের কর্ত্তা, অতএব বিপদের অগ্রেই তাঁহার উচিত। কিন্তু এই মহামতি বলিয়া ন, "তোমাদিগের এক জনকে সপে ন করিলে অথবা বাক্সে লইয়া গেলে ক্ষতি কিন্তু আমি প্রাণত্যাগ করিলে তোমাদি কে জগন্নাথ দর্শন করিতে লইয়া যাইবে?" দিন চলিয়া যাত্রিগণ ক্লান্ত হইয়া পড়ে। পাণ্ডাঠাকুর ছাড়েন না; দুই একটী াককে বাছিয়া লইয়া পদসেবা করিতে ন। এই ভক্তিপাশ জগন্নাথ ক্ষেত্র হইতে াগমন করিলেও অনেকের অনেক দিন ছিন্ন হয় না। প্রাতঃকাল হইবামাত্র া ঠাকুর গাত্রোত্থান করেন, যাত্রিগণকেও পরিত্যাগ করিতে হয়। রাস্তা অতি ভয়া , দুই পার্শ্বে বন; বনে নানাবিধ হিংস্র আছে; বিলম্বও করিবার যো নাই। যাত্রি চলিতে আরম্ভ করেন। ক্রমে বেলা হয়, সূর্য্য বিষবর্ষণ করিতে থাকে, এমন সময়ে ক্ষীণকায় বালিকা বলিয়া উঠিল, "পাণ্ডা র! আমি চলিতে পারি না; একটু ঐ গাছ য় দাঁড়াও।" এই কথা শুনিয়া পাণ্ডা , যে মধুর বাক্যে বালিকাটীর আশ্বাস করি আমি তাহা মুখ ফুটিয়া বলিতে পারিলাম বলদ বোঝাইয়ের ভাবে চলিতে না পারিলে বলিবা যে ভাষায় বলীবর্দ্দের উৎসাহ বর্দ্ধন , যাঁহারা সে বাক্য শুনিয়াছেন, তাঁহারা ক বুঝিতে পারিবেন। দুই প্রহরের সময়ে সরাইয়ে আড্ডা হওয়া হইল। উৎকলের া যেমন সুশ্রী, সরাইয়ের খাদ্য দ্রব্যও নি, যেন সকলের স্মরণ থাকে। পাণ্ডাঠাকুর করিয়া এক ফোটা কাটিয়া যাহার নিকটে কিছু ভাল দ্রব্য থাকে, তাহা আহার করিতে ন। পাণ্ডা ঠাকুর পূজা করিলেন না এবং তিন চারি দিবস এক বস্ত্রে আছেন, ইহা দেখিয়া অনেক বুদ্ধিমতী স্ত্রীলোকের সন্দেহ হইতে থাকে; কিন্তু তখন কর্দ্দমে পদক্ষেপ করা হই য়াছে, না গেলে নয় কি করেন। কিন্তু অধিকাংশ "জগন্নাথের পথে দোষ নাই" বলিয়া পাণ্ডা ঠাকুরের সকল অপরাধ মার্জ্জনা করে। পাণ্ডা ঠাকুরের ত আচরণ এই গেল। যাত্রিগণ স্নান আরম্ভ করিলেন। এক পুষ্করিণীতে দশ হস্তের মধ্যে স্ত্রীলোক ও পুরুষের স্নান হয়, তাহাতে কত দূর লজ্জা থাকে তাহা সভ্য পাঠকগণ বিবে চনা করুন। আহারের পর পুনর্ব্বার বৈকালে ঐ পথ হাটা হয়। ইহার মধ্যে যেখানে যাঁহার পীড়া হইল, তিনি সেইখানেই রহিলেন। "জগন্নাথ নিয়াছেন" অতএব অন্য অন যাত্রী আর অপেক্ষা করিতে পারেন না। মধ্যে মধ্যে নদী পার হইতে হয়। উৎকলের পাটনী নৌকা অতিশয় উচ্চ। পাছে নদীর বেগবৎ তরঙ্গে জলমগ্ন হয় এই আশ ঙ্কায় উচ্চ নৌকার উপরে বৃক্ষশাখা রাখিয়া তাহাকে আরও উচ্চ করা হয়। ইহার উপরে উঠিতে হইলে উপর হইতে এক জন হাত ধরিতে ও নীচের দিগ হইতে এক জনকে ঠেলা দিয়া উঠাইয়া দিতে হয়। যে সকল ব্যক্তি আপন স্ত্রীর গাত্রে অন্যকে হস্তাপণ করিতে দেখিলে অগ্নিবৎ জ্বলিয়া উঠেন, তাঁহারা জানিবেন, জগন্নাথ ক্ষেত্রের পথে সেইসকল স্ত্রীলোকের হাত মাজিতে ধরে; পশ্চাতে পাণ্ডাঠাকুর নিজে বাসকির কাজ করেন। এই প্রকারে জগন্নাথ ক্ষেত্রে উপস্থিত হওয়া হয়। সেখানে গিয়া যাত্রি গণ কি দর্শন করেন? তীর্থস্থান শান্তিস্থান হওয়া উচিত; রিপুদমন ও সংসারের চিন্তা প্রভৃতি সকল গিয়া কেবল ধর্ম্মচিন্তায় মন নিবিষ্ট হইলেই তথায় যাওয়া সার্থক হয়। কিন্তু যাত্রিগণ পুরীতে কি দর্শন করেন? জগন্নাথের রথে, জগন্নাথের মন্দিরে, মন্দিরের দেয়ালে যেখানে দৃষ্টিপাত করেন সেই খানেই অশ্লীল চিত্র ও অশ্লীল পুত্তলিকা দৃষ্টিপথে পতিত হয়। অনেকের পরমার্থচিন্তা দূরে যায়, কতকের ঘৃণা জন্মে, অধিকাংশের লজ্জা দূরগত হয় এবং যাহাদিগের বুদ্ধি তরল, তাহারা সেই সেই কার্য্যে শিক্ষিত হয়। এদিকে চরিত্রসম্বন্ধে লাভের ত এই কথা গেল, ওদিকে অর্থসম্বন্ধেও বিলক্ষণ লাভ হয়। যণ্ডা পাণ্ডারা নানা বাব করিয়া অর্থ দোহন করিয়া লয়। বাবও অল্প নয়। নিশান তুলা, রাজার কর ও দক্ষিণা দেওয়া, আটকে বাঁধা ইত্যাদি। ইহার কোনটীতে ৫০ কোন টীতে ১০ আর কোনটীতে ৫ টাকা ল এতদ্ভিন্ন আর একটী কাজ আ দীর্ঘ বস্ত্র দিয়া মন্দির বেষ্টন ক হয়, তাহাতে ১০ টাকা পড়ে। বেষ্টন হইলে পাণ্ডাঠাকুরের এক বৎসরের কা সংস্থান হয়। এই প্রকার প্রতি কথায় দিতে হয়। এই বর্ব্বরেরা পথে যে প্রকার বহার করে, পাছে স্ত্রীলোকেরা তাহা বা আসিয়া বলিয়া দেয়, এই নিমিত্ত এক এক জন সঙ্গিনী লইয়া থাকে। দুই দিয়া সেই ঝাঁটা খাইতে হয়। এই ঝাঁটা খ বড় পুণ্য। ঝাঁটা মারিবার পূর্ব্বে যাত্রীকে করাইয়া লওয়া হয়, পথে যাহা হইয়াছে ও সেকথা মুখে আনিলে সমুদায় পুণ্য ধ্বংস যাইবে। কুসংস্কারবিশিষ্ট স্ত্রীলো ভয়ে কোন কথা প্রকাশ করেন না। পু আসিয়া অন্নবিচারের সহিত শয়নের থাকে না। লণ্ডন ও মাঞ্চেষ্টরের দরিদ্র কেবল দরিদ্রগণকেই অসঙ্গতি নিবন্ধন এক স্ত্রীপুরুষে থাকিতে হয়; কিন্তু যাঁহারা স্বামীর প্রচুর ধন, তাঁহারাও পুরীতে গিয়া রিচিত পুরুষের সহিত এক গৃহে শয়ন ক থাকেন। কটক স্থিত এক জন ধূর্ত্ত ল এই সুখ আছে বলিয়া। প্রতিবৎসর জগন্ন দ্বারা আকৃষ্ট হইয়া পুরীতে গমন করি

এইমাত্র অনিষ্ট নয়। যদি দুই স্ত্রীলোক সঙ্গী ছাড়িয়া যায়, তাহাদি বিপদের সীমা থাকে না। রথের ধ্য ভারতবর্ষ হইতে অনেক দ আইসে। ধূর্ত্ত পাণ্ডাগণ এই নিরাশ্রয় স্ত্রীলোকদিগকে, উহাদের বিক্রয় করে। ইহাদিগকে প্রথমে বে নির বেচার বলা হয়, কিন্তু সম্বলপুর পার লেই ঐ হতভাগারা জানিতে পারে, ত গকে কোন এক মুসলমানের অন্তঃপুরব করিবার নিমিত্ত লইয়া যাওয়া হইতে কখন কখন পাণ্ডাঠাকুর নিজে লোভ স করিতে না পারিয়া দুই একটী যাত্রীকে নি লের জন্য সেবাদাসী করিয়া রাখেন। যাঁ আমাদিগের কথায় অবিশ্বাস করেন, ত ১৮৬৬ অব্দের কটকের বাতুলালয়ের রি পোর্ট পাঠ করিবেন। একটী স্ত্রীলোক এই প্র পাণ্ডার বাটীতে রুদ্ধ হইয়া উন্মত্ত হয়, পুলিস তাহাকে ধরিয়া কটকের বাতুল প্রেরণ করে। সে আরোগ্যলাভ করিয়া স ব্যক্ত করে, এবং পাণ্ডার দণ্ড হয়।

জগন্নাথক্ষেত্রের পথের এই দুর্গতি দুর্ব্ব্যবহার। আহার ও বাসস্থানের কষ্ট

াই নাই। কত স্ত্রীলোক এই তীর্থদর্শনে া প্রাণত্যাগ করিয়া আপন আপন স্বামী স্তানদিগকে অকূল দুঃখসাগরে ক্ষেপণ ন। কত স্ত্রীলোক প্রাণ অপেক্ষা বহুমূল্য য় হারাইয়া চির কাল কলঙ্কিত হইয়া র মনঃপীড়া; আত্মীয় জনের অপমান শোকের কারণ হয়। এক্ষণে সেকেলে ব ক্ষমতার শেষ হইয়াছে; কিন্তু প্রাচীনদলও ক্ষেত্রে যাইবার পক্ষ নহেন। আমি কৃত দিগকে জিজ্ঞাসা করিতেছি, তাঁহারা কি ারকে এই কুস্থানে আর প্রেরণ করিবেন? াদিগের যদি বিদ্যাশিক্ষা ও সভ্যতা নাম না হইয়া থাকে, যদি আমাদিগের কর্ত্তব্য ্য জ্ঞান জন্মিয়া থাকে, তাহা হইলে এই জগন্নাথক্ষেত্রে যাইবার পথ বন্ধ করা ত। আমরা মনে করিলে এক্ষণে ইহা উঠা তে পারি। এক্ষণে জিজ্ঞাস্য হইতেছে ইহা রা করিব কি না? আমি গবর্ণমেণ্টকে রাধ করিতেছি, কুলিসংগ্রাহকদিগের ন্যায় সংগ্রাহকদিগের অনুমতিপত্রগ্রহণের নিয়ম অতিশয় কর্ত্তব্য। ইহাতে ধর্ম্মের উপরে র্পণ হইবার সম্ভাবনা নাই।

শ্রীবিঃ

—:০:—

অমৃতবাজার চক্র।

মহাশয়! প্রেততত্ত্ব লইয়া অমৃতবাজারে আন্দোলন হইতেছে এবং অমৃতবাজার াতে যেরূপ প্রবন্ধগুলি লিখিত হইতেছে, তেও সহসা অবিশ্বাস করা যাইতে পারে কিন্তু আমাদিগের একটী মানস এই যে, বাজার চক্রের সম্পাদক মহোদয়গণ দিবস ধার্য্য করিয়া আমাদিগকে লিখেন সোমপ্রকাশে প্রকাশিত করেন, সেই দিবস া এখান হইতে কি মনন করিতেছি, তাহা "মিড়িয়ম" লিখিতে কিম্বা কহিতে , তাহা হইলে অবিশ্বাসের আর কিছু কারণ থাকে না। মহাশয়! অনুগ্রহপূর্ব্বক ত্রখানি প্রকাশ করিয়া চক্রের সম্পাদক য়দিগকে অনুরোধ করিয়া বাধিত করি-কিমধিকমিতি।

বহড়ু, ৯ মে ১৮৬৮। } শ্রীমহেন্দ্রনাথ বসু।

—:০:—

পাদক মহাশয়! সম্প্রতি পঞ্জাব রেলও এক লজ্জাকর কাণ্ড ঘটিয়াছে। ৪ ঠা এপ্রেল ৮৫ গণিত ইউরোপীয় রেজিমেণ্ট মূল তান হইতে মিয়ান মিয়ারে যাইতেছিল, এক দল সৈন্য আপনাদিগের সমুদায় দ্রব্য লইয়া গমন করাতে ৬২ খানি শকট যোজনা করিতে হয়। এরূপ বৃহৎ শকটশ্রেণি এক জন সামান্য প্রহরীর অধীনে প্রেরণ করা অপরামর্শসিদ্ধ জ্ঞান করিয়া বিভাগীয় বাণিজ্যতত্ত্বাবধায়ক ক্রফটন সাহেব নিজে গমন করেন। চন্নু আড্ডায় আসিয়া কলের একটী নল স্ফীত হওয়াতে কতক বিলম্ব হয়। রাত্রি ১ টা ৫০ মিনিট সময়ে মণ্ট গমরি আড্ডায় উপনীত হইলে ক্রফটন সাহেব দেখিলেন, তত্রত্য যাবতীয় ইউরোপীয় কর্ম্মচারী সুরাপানে উন্মত্ত আছে। ষ্টেসনমাষ্টার নিজে বিবস্ত্রপ্রায় হইয়া মাতিতেছেন। নূতন কল লইয়া গমন করা হইতেছে, এমন সময়ে পথিমধ্যে ক্রফটন সাহেবের শকটের গবাক্ষ দিয়া এক ব্যক্তি উঁকী মারিতে লাগিল। তাহাকে ধৃত করাতে সে বলিল, "আমি ওকাড়ার ষ্টেসন মাষ্টার।" ঐ ব্যক্তি মণ্টগমরিতে আমোদ করিতে গিয়াছিল। কয়েক জন মাতাল ইউরোপীয় সৈন্যদিগের মধ্যে প্রবেশ করিয়া উৎপাত করাতে কর্ণেল আপল এয়ার্ড তাহাদিগকে দূর করিয়া দেন। এই প্রকারে শকট ওকাড়াতে পঁহুছিলে মাতালগণকে ফৌজদারিতে দেওয়া হয়। মাজিষ্টেট ওকাড়ার ষ্টেসন মাষ্টারের ৪০, এক জন রেলস্থাপকের ৫০ ও আর কয়েক জনের ৫ টাকা করিয়া জরিমানা করিয়া এতদ্দেশীয়দিগের নিকটে ইউরোপীয়দিগের সম্ভ্রম রক্ষা করিয়াছেন। মণ্টগমারির মাতাল ষ্টেসন মাষ্টার পদচ্যুত হইয়াছেন। এ দেশের শাসনকর্ত্তাদিগের এই এক ভ্রম আছে, ইউরোপীয় হইলেই সচ্চরিত্র হয়, কিন্তু কার্য্যে ইহার বিপরীত প্রমাণ হইতেছে। যেখানে মত্ত কর্ম্মচারীর এত প্রাদুর্ভাব, সেখানে দুর্ঘটনা না হইবে কেন? ডাক্তর মৌএট কিছু দিন ইউরোপীয় জেলরক্ষক নিযুক্ত করিয়া শেষে বিরক্ত হইয়াছেন। রেলওয়ের ইউরোপীয় কর্ম্মচারীদিগের অধিকাংশই দুশ্চরিত্র। বিশ্বাসপূর্ব্বক ইহাদিগের হস্তে প্রাণ সমর্পণ করিয়া আমরা রেলওয়েতে গমনাগমন করিতেছি। আমরা অতি মূঢ়।

শ্রীবিঃ

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু শ্যামাচরণ শ্রীমানী	কলিকাতা	
১২৭৫ বৈশাখ হইতে আশ্বিন		৫৷৷০
» » কৈলাসগোবিন্দ মজুমদার	কাসুনগোটোলা	
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		১৩
» » গোপীমোহন মজুমদার	ইছলামপু	
» » উমাচরণ চট্টোপাধ্যায়		
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটি

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ যাইবে। শেষ বারের পত্র রেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হই যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি তৃথণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃ প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

৮০ ম ভাগ — ২৭ — ২৯ সংখ্যা

" প্রবক্ষ্যন্তাং প্রক্রান্তিক্ষিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং । "

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা । } সন ১২৭৫ । ১৩ ই জ্যৈষ্ঠ । ১৮৬৮ ২৫ এ মে { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন ।

ঃকবি দণ্ড্যাচার্য্যের কৃত দশকুমার চরি-
র্ব্বপীঠিকা নেপালস্থ পণ্ডিত শ্রীযুক্ত ভমরু
পন্থ কর্ত্তৃক এই প্রথম প্রকাশিত এবং
গরাক্ষরে মুদ্রিত হইল। মূল্য ॥০ আট
ডাক মাসুল এক আনা।

লিকাতা সংবাদ
ানরত্নাকর যন্ত্র
মতলা ষ্ট্রীট
২ সংখ্যক ভবন } শ্রীভুবনচন্দ্র বসাক

—:০:—

তদ্দ্বারা সর্ব্ব সাধারণকে অবগত করা যাই
যে, ১৮৬৮ ইং ১৬ ই জন মঙ্গলবার
ছই প্রহরের সময় ৫ ফুটের ন্যূন উচ্চ ও
সরকারি হস্তিসকল ঢাকা সরকারী
খানাতে সর্ব্বোচ্চ ডাকে নীলাম হইবেক।
ক্রয়কারকগণ উক্ত দিবস প্রোক্ত স্থানে গিয়া
করিতে পারিবেন। ইতি সন ১৮৬৮ ইং
ম।

কা } আর, ডি, নথল
ফিস। } খেদা সুপরিণ্টেণ্ডেণ্ট।

—:০:—

বিক্রয়ার্থ।

রডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং
বাগান।

ভাড়া দেওয়ার নিমিত্ত।

রডেন রীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
অথবা ভাড়া লইতে ইচ্ছা করেন, নিম্ন
রত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

———

পুরাণপ্রকাশ।

লিকাতা মৃজাপুর আমহার্ষ্টসের দক্ষিণ কাব্যপ্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনামক সাময়িক পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড করিয়া প্রকাশ হইতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের পরিমাণ ৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রমশঃ অষ্টা দশ পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসমেত প্রকটিত করিবার কল্পনা আছে। প্রথমতঃ বিষ্ণু-পুরাণ অনুবাদ ও শ্রীধরগোস্বামিকৃত টীকা সমেত মুদ্রিত হইতেছে; ১ লা বৈশাখ বিতরণ আরম্ভ হইয়াছে। যিনি ইহার গ্রাহক হইতে অভিলাষী হন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে আমার নিকট পত্র ডাকমাশুল ও প্রতিখণ্ডের মূল্য অগ্রিম ॥০ আট আনা করিয়া পাঠাইবেন। যাঁহারা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহাদের নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ এক টাকা মূল্যে বিক্রয় করা যাইবে।

১৫ ই চৈত্র ১২৭৪ । } শ্রী জগন্মোহন শর্ম্মা।

———

সংস্কৃত মেদিনীকোষ দুরূহ শব্দের টীকাসমেত উত্তম নাগরাক্ষরে যত্নপূর্ব্বক মুদ্রিত হইতেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, তিনি ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত বাবু সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪
সংস্কৃত বিদ্যালয় } শ্রীজগন্মোহন শর্ম্মা

—:০:—

অভিধান।

শব্দাম্বুধি	২॥০
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দসিন্ধু	২
শব্দার্থমুক্তাবলী	৭
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	
প্রকৃতিবাদ	

সংস্কৃত পুস্তক

রঘুবংশ সটীক	
উত্তর নৈষধচরিত	
ভট্টিকাব্য	
অষ্টাবিংশতি তত্ত্ব	
দশরূপক	১

কলিকাতা
কর্ণওয়ালিস
ষ্ট্রিট ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপা
পুস্তকবিক্রেতা

—০—

কলিকাতা সংস্কৃত লাইব্রেরী ও কা
ষ্ট্রিট ১১ সংখ্যক ভবনে শ্রীযুক্ত বরদাপ্র
মজুমদারের পুস্তকালয়ে, শ্রীযুক্ত বাবু দে
কুমাররায়চৌধুরিপ্রণীত, " তত্ত্বপ্রকাশ " বি
হইতেছে।

বারুইপুর
৫ ই চৈত্র
১২৭৪। } শ্রীরাজমোহন বসু
অধ্যক্ষ।

—:০:—

রাণীগঞ্জ পটরি কোং
লিমিটেড।

মেজিয়া করিবার সুচিক্কণ টাইল।

ঐ কোম্পানির মিসনরোস্থিত ৪ নং আ
উহার নমুনা দেখিতে পাওয়া যায় এবং
কাহার প্রয়োজন হয় ঐ আফিসে অনুমতি
পাঠাইয়া দিবেন।

———

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটো
ডাঙ্গা বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দোকানে
প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তক
বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল্য
শ্রীসইতিহাস	১

ইতিহাস ১ ৯
ব্যাকরণ ।৹
১ (১ ম ভাগ) ৶
১ (২ য় ভাগ) ৶
ত ।
ব ব্যাকরণ ৸

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—:০:—

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে বাঁধিয়া নূতন বাঁধান মূল্য ২৫৲ টাকা।

বোধিনী পত্রিকা প্রথম কল্প, মূল্য ৷৷৹ আনা।

শ্রীআনন্দচন্দ্র বেদান্ত বাগীশ।

—:০—

বিদ্যাপ্রচারিকানামে একখানি সুবিস্তীর্ণ অভিধান, যাহাতে প্রাকৃত ও যাবনিক শব্দ সকল শব্দেরই লিঙ্গভেদ, ও ধাতুর উত্তর ও শব্দের উত্তর তদ্ধিত এবং উণাদি হইতে নানাবিধ প্রত্যয়ান্তর প্রায় ৩০ হাজার শব্দ সংগ্রহপূর্ব্বক ৮ খণ্ডে পূর্ণ হইয়াছে, যাঁহাদিগের আবশ্যক হইবে, তাঁহারা ঘটতলা ২৫৫ নং পুস্তকালয়ে ও বোড়াসাঁকো ৬৫ নং শ্রীপ্রতাপচন্দ্র রায়ের নিকট অনুসন্ধান করিলে প্রাপ্ত হইবেন। মূল্য ৫ টাকা মাসুল ৷৷৶ আনা। যদি কেহ একেবারে কাপি লন তবে তাঁহাকে ১৫ টাকা মাত্র বিক্রয় দেওয়া যাইবে।

বিজ্ঞাপক শ্রীইন্দ্রনারায়ণ ঘোষ।

—:০:—

নদিয়ার নদী।

১৮৬৮ সালের মে মাসের ৯ ই হইতে ১৪ ই পর্য্যন্ত ভাগীরথীনদীর সার্কুলার রিপোর্ট।

জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফুট	ইঞ্চ
মহানার উপর পদ্মানদীতে	২০	"
মহানায়	১১	"
মহা হইতে জলঙ্গিপুর পর্য্যন্ত (১৩৷৷ মাইল মধ্যে)	৩	৯
জলঙ্গিপুর হইতে বহরমপুর পর্য্যন্ত (১৬ মাইল মধ্যে)	৩	৯
বহরমপুর হইতে কাটওয়া পর্য্যন্ত (৫০ মাইল মধ্যে)	৩	"
কাটোয়া হইতে নদীয়া পর্য্যন্ত (৪৬ মাইলের মধ্যে)	৩—৬	

সন ১৮৬৮ মে মাসের ১৮ তারিখে বহরমপুর গঙ্গা ঘাটের জলের মাপ ৯ ফুট ইঞ্চ ৯ ১৷৷

বহরমপুর ১৮ ই মে ১৮৬৮। } শ্রীযুক্ত টি, হেন্স উইক্স, সি, ই, একজিকিউটিব ইঞ্জিনিয়র বহরমপুর ডিবিজন

সোমপ্রকাশ।

১৩ ই জ্যৈষ্ঠ সোমবার।

কন্যাবিক্রয় ও প্রতিনিধি সমাজ।

অনুধাবন করিয়া দেখিলে কন্যা ও পুত্র উভয়ই সমান, উভয়ই তুল্যরূপ স্নেহের পাত্র, কিন্তু কন্যাবিক্রয়কারীরা স্নেহশূন্য হইয়া গোমেষাদির ন্যায় সেই কন্যা বিক্রয় করেন। এটী যে অত্যন্ত গর্হিত কার্য্য, তাহা প্রতিপন্ন করিবার নিমিত্ত আমাদিগের এক জন পত্রপ্রেরক কৌতুকপূর্ণ একখানি পত্র প্রেরণ করিয়াছেন, আমরা তাহা যথাস্থানে প্রকাশ করিলাম।

কন্যা অধিক জন্মে কি পুত্র অধিক জন্মে, এই কথা লইয়া বহু মতামত আছে। জগদীশ্বর অভিপ্রায়পূর্ব্বক যাবতীয় বিষয়ের সৃষ্টি করিয়াছেন সন্দেহ নাই। মানুষ বিশুদ্ধ দম্পতীপ্রণয়সুখ ভোগ করিবে এবং সৃষ্টি অবিলুপ্ত ও পরিবর্দ্ধিত হইবে, যদি তাঁহার এরূপ অভিপ্রেত হয়, স্ত্রী ও পুরুষ সম সংখ্যায় সৃষ্ট হইয়া থাকে, এইরূপ অনুমান করাই সঙ্গত বলিয়া প্রতীয়মান হয়। পুরুষের সম সংখ্যায় বা অধিক পরিমাণে স্ত্রী জন্মিলেও বঙ্গদেশে কৌলীন্য, বহু বিবাহ এবং বিধবাদিগের অবিবাহনিবন্ধন কন্যা একান্ত দুর্লভ হইয়া উঠিয়াছে। যে বস্তু দুর্লভ হয়, তাহাই বহুমূল্য হইয়া পড়ে। অতএব বঙ্গদেশে কন্যাগণ যে গোমেষাদির ন্যায় বিক্রীত হইবে, তাহা বিস্ময়ের বিষয় নহে। এ কাজটী যে নিতান্ত গর্হিত, তাহা এ দেশের শাস্ত্রকারেরা ও ভদ্রলোকমাত্রেই বলিয়া থাকেন। এতন্মূলক বহু অনিষ্ট ঘটিতেছে এবং দেশের উন্নতিরও বিলক্ষণ ব্যাঘ জন্মিতেছে। কন্যাবিক্রয়কারীদি অর্থের প্রতিই দৃষ্টি থাকে ; বরের দোষের প্রতি দৃষ্টি থাকে না। দ্বা বর্ষীয়া কন্যাকে অশীতিবর্ষদেশী হস্তে সমর্পণ করিলে যে কত অনিষ্ট অনুভবশীল ব্যক্তিমাত্রের সেটী বিল জানা আছে। যত অধিক পরিম সুসন্তান জন্মে, ততই দেশের উ হয়। অশীতিবর্ষের বৃদ্ধের সহিত দ্বা বর্ষীয় কন্যার বিবাহ হইলে সুস জন্মিবার সম্ভাবনা থাকে না।

এ দোষের উন্মূলনের উপায় ি পত্রপ্রেরক গবর্ণমেণ্টের হস্তদ্বারা উ উন্মূলনপ্রস্তাব করিয়াছেন। কিন্তু আ ইহাতে সম্মত নহি। গবর্ণমেণ্ট আ দিগের সামাজিক বিষয়ে হস্তক্ষে করিলে বহু অনিষ্ট ঘটিবার সম্ভা আছে। সমাজস্থ ব্যক্তিদিগেরই সমা দোষসংশোধনচেষ্টা পাওয়া কর্ত্ত কন্যাবিক্রয় ও বহুবিবাহপ্রভৃতি সা জিক দোষসংশোধনার্থ নব্যসম্প্রদা একটী সভা করা উচিত। সভা ক এই সকল কাজ করিতে পারি দেশের যথার্থ উপকার করা এবং আ নাদিগের ক্ষমতাপ্রকাশ হয়। আ শুনিতে পাইতেছি, নব্যসম্প্রদা কতকগুলি লোক রাজনীতিঘটিত এ নূতন প্রতিনিধিসমাজ করিবার পাইতেছেন ; কিন্তু এখন উহার আবশ্যকতা দেখা যাইতেছে না। এ দেশে যে ভারতবর্ষীয় সভা অ তাহার দ্বারা আমাদিগের ইষ্টসিদ্ধি তেছে। ভারতবর্ষীয় সভাকে আ জমীদারদিগের সভা মনে করেন ; আমরা তাহা মনে করি না। সভা কথা বলেন না। ভারতবর্ষের হি যে কোন প্রস্তাব হয়, সভা তাহ যখন হস্তক্ষেপ করেন, তখন আ

রূপে স্থির করিব যে ভারতবর্ষীয় সভা
ীদারদিগের সভা। নামদ্বারাও ইহা
তিপন্ন হয় না। তবে ঐ সভার প্রবে-
র একটী প্রতিবন্ধক আছে। সভা
তে গেলে কিছু অধিক দিতে হয়।
াকে কিঞ্চিৎ অল্পগ্রহণের অনুরোধ
রিলেই সে প্রতিবন্ধক দূরীভূত হইবে।
ব যদি সভা সে অনুরোধ রক্ষা না
রন এবং জমীদার ও প্রজা উভয়ের
র্থ পরস্পরবিরোধী হইলে সভা
বল জমীদারেরই স্বার্থ অন্বেষণ করেন.
হা হইলে নব্যসম্প্রদায়ের স্বতন্ত্র সভা
রার চেষ্টা প্রশংসনীয় হইতে
রে। এ স্থলে আমাদিগের আর একটী
বচনা করা কর্ত্তব্য, আজিও আমা-
গর রাজনীতিসংক্রান্ত যাবতীয় স্বত্ব
ত হয় নাই; সে বিষয়ে স্বাধীনতাও
ম নাই। এখন আমাদিগের সকলকে
পরিকর হইয়া একবাক্যে ইংরাজদি-
হস্ত হইতে ঐ সকল স্বত্ব ছিনিয়া
ত হইবে; কিন্তু এখন যদি আমাদিগের
র মধ্যে আধঘরা হয়, সে অভীষ্ট
হওয়া দুরূহ হইয়া উঠিবে। ইংলণ্ডে
রি ও হুইগ এই যে দুটী দল হয়, কোন্
য়ে তাহার সৃষ্টি হইয়াছিল, তাহার
তিহাস অন্বেষণ করিলে নব্যসম্প্রদায়
াদিগের বাক্যের যুক্তি হৃদয়ঙ্গম
তে পারিবেন।

উপরে যেরূপ প্রদর্শিত হইল, তদ্দ্বারা
প্রমাণ হইতেছে, রাজনীতিসম্বন্ধে
াতত: স্বতন্ত্র প্রতিনিধিসমাজ
র প্রয়োজন হইতেছে না; কিন্তু
রা হিন্দুসমাজসংশোধনার্থ যে
স্থষ্টির প্রস্তাব করিতেছি, তাহা
ইলে আর চলিতেছে না। অতএব
রা উপসংহারকালে নব্যসম্প্রদায়কে
স্বরূপে পুনরায় অনুরোধ করিতেছি,
রা রাজনীতিসংক্রান্ত স্বতন্ত্র সভা
ষ্ঠার চেষ্টা পরিত্যাগ করিয়া সমাজ
সংশোধনার্থ আশু একটী সভাস্থাপন করুন। আমাদিগের দেশে এক্ষণে রাজনীতিঘটিত সমাজ অপেক্ষা ঐ রূপ সভারই অধিক প্রয়োজন।

—:০:—

শাসনকর্ত্তৃপক্ষ ও দেশের ধর্ম্ম।

হুইগ দলের বর্ত্তমান অধিনায়ক ডব লিউ ই, গ্লাডষ্টোন সাহেব প্রায় ৩০ বৎসর হইল এক গ্রন্থপ্রণয়ন করিয়া বলিয়াছিলেন, লোকের জীবন ও সম্পত্তি রক্ষার সঙ্গে সঙ্গে ধর্ম্মশিক্ষা দিয়া মঙ্গল সাধনচেষ্টা করা প্রত্যেক গবর্ণমেণ্টের কর্ত্তব্য কর্ম্ম। তাঁহার মতে যেমন শাসন ও বিচার কার্য্যের নিমিত্ত বেতনভোগী কর্ম্মচারী রাখা হয়, তেমনি পুরোহিত নিয়োগ করিয়া ধর্ম্মরক্ষা করা উচিত। আয়ারলণ্ডের অধিকাংশ লোকে কাথলিক; তথাপি গ্লাডষ্টোন সাহেব বলিয়াছিলেন, যখন ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট প্রোটেষ্টাণ্ট হইতেছেন, তখন আয়ারলণ্ডের গবর্ণমেণ্টসংক্রান্ত ধর্ম্মসম্প্রদায়ের প্রোটেষ্টাণ্ট হওয়া আবশ্যক। এ বিষয়ে কাথলিকদিগের প্রদত্ত কর ব্যয় করা গ্লাডষ্টোন সাহেবের মতে অন্যায় নয়। তিনি ইহার এই কারণ প্রদর্শন করেন, কাথলিক প্রজাগণ যদি অজ্ঞতা নিবন্ধন কোন কথা বলে আর গবর্ণমেণ্ট বুঝিতে পারেন তদ্বিপরীত কাজ করিলে ভবিষ্যতে প্রজাদিগের প্রকৃত মঙ্গল হইবে, তাহা হইলে প্রজার আপত্তি গ্রাহ্য করা বিধেয় হয় না। পূর্ব্বে যেমন লৌহশৃঙ্খল প্রভৃতি দ্বারা বিরুদ্ধ মতাবলম্বীদিগকে ধর্ম্মান্তরে আনয়ন করিবার চেষ্টা করা হইত, গ্লাডষ্টোন সাহেব ফরাশী বিপ্লবের পর ধর্ম্ম সম্বন্ধে সেপ্রকার অত্যাচার করিবার প্রস্তাব করিতে সাহসী হন নাই, কিন্তু এত দূর বলিয়াছিলেন, যাঁহারা যথার্থ (গবর্ণমেণ্টের) ধর্ম্ম গ্রহণ করিবেন, তাঁহাদিগকে সর্ব্বপ্রকার উচ্চ পদ প্রদান হইবে। তদবধি আয়ারলণ্ডে এতদনু কাজ হইয়া আসিতেছিল। এক্ষণে য়ানদিগের দৌরাত্ম্যে ইংলণ্ডীয় দিগের চক্ষু উন্মীলিত হইয়াছে। তঁ স্বীকার করিয়াছেন, কাথলিকদি টাকায় প্রোটেষ্টাণ্ট পুরোহিতদি বেতন প্রদান করা অবিচার ও নীতিবিরুদ্ধ কার্য্য। ইউরোপের ধর্ম্মসম্বন্ধে গোড়ামীতে স্পেন সর্ব্বপ্র তাহার নীচেই ইংলণ্ড। ইংলণ্ডে অনুসারে যে যে ব্যক্তি যে সে ধর্ম্ম হন করিতে পারেন বটে কিন্তু ই গের প্রতি যে ঘৃণা প্রকাশ ও প্রব স্তরে ইহাঁদিগের যে প্রতিবন্ধকতা হয়, তাহাতে ধর্ম্মসম্বন্ধে ঐ স্বাধী দান বিফল হয়। খৃষ্টীয় ধর্ম্মের প্রতি কের অনুরাগ ক্রমশঃ কমিয়া আ তেছে। ফরাশী বিপ্লবদ্বারা নি প্রায় যে ভক্তি পুনরুদ্দীপিত হ ছিল, তাহা পুনর্ব্বার নির্ব্বাণ হইতে য়াছে। ফ্রান্স ও আমেরিকার স্বা চিন্তাশীল লোকেরা সর্ব্বপ্রকার গোঁ মীর বিশেষতঃ খৃষ্টীয় ধর্ম্মের মূ আঘাত করিয়াছেন। আমেরিকার গ মেণ্ট কোন ধর্ম্মকে আইনদ্বারা বদ্ধ করিবার চেষ্টা পান নাই। আমেরি শাসনপ্রণালী, অমেরিকার স্বাধীন চি এবং আমেরিকার উন্নতি ইংলণ্ডের আ র্শস্বরূপ হইয়াছে। এই হেতু যে গ ষ্টোন সাহেব ত্রিংশৎ বৎসর পূর্ব্বে র্ণমেণ্টকে শাসনকর্ত্তৃত্বের সহিত ধর্ম্মযা কতার পদগ্রহণ করিতে অনুরোধ ক য়াছিলেন, তিনিই এক্ষণে মহাসভ প্রস্তাব করিয়াছেন, আয়ারলণ্ডের সম্প্রদায়ের সহিত রাজ্ঞীর কোন সংস্র রাখা উচিত নহে। যেসকল প্রোটেষ্ট পুরোহিত সরকারী বেতন ভোগ করে তাঁহার মতে তাঁহাদিগকে ছাড়াই

। কর্ত্তব্য। মহাসভা এই প্রস্তাবে গ্রাহ্য
ছেন। ইংলণ্ডের অধিকাংশ
করও এই মত। ডিসরেলি সাহেব
ঁদলের এক জন প্রতিপোষক;
তিনিও স্বীকার করিয়াছেন, আয়ার
র প্রতি অবিচার হইয়াছে। তিনি
এই মাত্র অতিরিক্ত কথা বলেন,
টেষ্টাণ্ট ধর্ম্মসম্প্রদায় যেমন আছেন
ন থাকুন, একটী কাথলিক বিদ্য
লয় ও কয়েক জন কাথলিক পুরো
হউন। ফলতঃ কাথলিকদিগের টাকা
টেষ্টাণ্টদিগের নিমিত্ত ব্যয় করা
অতিশয় অন্যায়, তাহা কি ডিস-
সাহেব, কি কাণ্টারবরির আর্ক
প সকলেই স্বীকার করিয়াছেন।
ষ্টোন সাহেব আপনার যৌবন কালের
ার ও মত ত্যাগ করিয়া এক্ষণকার
তাসঙ্গতকথা বলিয়াছেন।

আয়ারলণ্ডের পক্ষে শ্রেয়স্করবোধে
কার্য্যের অনুষ্ঠান করা হইতেছে, তার
র্ষের পক্ষেও তাহার অনুষ্ঠান অতি
আবশ্যক। আয়ারলণ্ডের লোকেরা
লিক বটেন, কিন্তু তাঁহারা খৃষ্টী
; ইংলণ্ড ও আয়ারলণ্ডের ধর্ম্মের
ত অনৈক্য নাই। পক্ষান্তরে
তবর্ষের ধর্ম্মের সহিত খৃষ্টীয়
র মহৎ অন্তর। হিন্দুরা এ ধর্ম্মে
করেন; মুসলমানদিগের চক্ষে এটী
ক ধর্ম্ম বলিয়া প্রতীয়মান হয়
এখানকার ব্রাহ্মেরা খৃষ্টীয়
কসংস্কৃতউপধর্ম্মমাত্র জ্ঞান করেন।
কাথলিকপ্রধান আয়ারলণ্ডে সর
বেতনভোগী পুরোহিত রাখা
বলিয়া প্রতিপন্ন হইতেছে, তখন
মুসলমানপ্রধান ভারতবর্ষীয়দিগের
খৃষ্টীয় পুরোহিত প্রতি
ন করা যে কত দূর অন্যায় তাহা
ক্ষে বুঝা যাইতে পারে। গ্লাডষ্টোন
হেব যখন ইংলণ্ডীয় গবর্ণমেণ্টের ধর্ম্ম
সম্বন্ধে বক্তৃতা করিবার প্রস্তাবের সমধিক
সপক্ষতা করেন, তিনি তখন ও ভারত-
বর্ষীয় গবর্ণমেণ্টের সরকারী টাকায়
খৃষ্টীয় পুরোহিত রাখিবার প্রতিবাদ
করিয়া বলিয়াছিলেন "ভারতবর্ষের
শাসনকার্য্য অল্পসংখ্যক সভ্যতম
লোকের দ্বারা সম্পাদিত হয়; প্রজাদি
গের সংখ্যা তাঁহাদিগের অপেক্ষা অনেক
গুণ অধিক এবং সেই প্রজাগণ তত সভ্য
নহেন। তাঁহাদিগকে বলপূর্ব্বক শাসন
করা গবর্ণমেণ্টের সাধ্যায়ত্ত নয। পিতা
যেমন অজ্ঞ সন্তানের আপত্তি অগ্রাহ্য
করিয়া যেটী ভাল, তাহাই করেন, ভারত
বর্ষে ধর্ম্মসম্বন্ধে ব্রিটিশ গবর্ণমেণ্টের
তাহা করা ন্যায়ানুগত হয় না। তাঁহারা
যে প্রজাগণের ধর্ম্মের উপরে হস্তক্ষেপণ
করিবেন না, তাঁহাদিগের কৃতস্পষ্ট প্রতি
জ্ঞাদ্বারা তাহা নির্ণীত হইয়াছে। "
ব্রিটিশ গবর্ণমেণ্ট বারম্বার অঙ্গীকার
করিয়াছেন, প্রজাদিগের ধর্ম্মের উপরে
কোন ক্রমে হস্তক্ষেপ করিবেন না।
ক্লাইব অবধি লার্ড এলগিন পর্য্যন্ত
তাঁহারা তদনুসারে কাজ করিয়াও আসি
য়াছেন। কিন্তু কোন কোন অংশে ঐ
প্রতিজ্ঞা ভঙ্গ করা হইয়াছে। তাঁহারা
প্রথমে স্পষ্ট অঙ্গীকার ও মধ্যে মধ্যে
দৃঢ়তর প্রতিজ্ঞাদ্বারা তাহার যে সমর্থন
করেন, তাহার অর্থ এই হইতেছে:—
তাঁহারা যে কেবল সম্প্রদায়বিশেষের
সংস্কারের বিরুদ্ধ ব্যবহার ও তাঁহাদিগের
উপরে অত্যাচার করিবেন না এমন
নহে; তাঁহারা কোন প্রকারে কোন
সম্প্রদায়ের সাহায্যও করিতে পারিবেন
না। তাহা করিলেই প্রকারান্তরে অন্য
ধর্ম্মের উপরে হস্তক্ষেপ করা হইল।
গবর্ণমেণ্ট হিন্দু ও মুসলমান ধর্ম্মালয়ের
নিমিত্ত একটী পয়সাও দেন না। পূর্ব্বে
রাজা ও বাদসাহেরা ধর্ম্মমন্দিরের জন্য
দান করিয়াছিলেন এবং যাহা চালা-
ইবার ভার গবর্ণমেণ্ট স্বহস্তে গ্রহণ ক
য়াছিলেন, ১৮৬৩ অব্দের ২০ আ
দ্বারা তাহাও ত্যাগ করা হইয়াছে
ইহাতে কেহই দুঃখিত হন নাই। খৃ
মন্দির ও অতিথিশালার ব্যয়ক
নির্ব্বাহ করা গবর্ণমেণ্টের কাজ নহে
ইহা সমাজের কর্ত্তব্য। যাঁহাদিগের
ধর্ম্মে আস্থা আছে, তাঁহাদিগের
ধর্ম্মের পুরোহিতের ও মন্দিরের
দেওয়া উচিত। এ যুক্তিতে খৃষ্টীয়
সম্বন্ধে ব্রিটিশ গবর্ণমেণ্টের অনু
ব্যবহার করা হইয়াছে। খৃষ্টীয় পুরো
দিগকে রাজকোষ হইতে বেতন দে
হইতেছে। বর্ত্তমান গবর্ণর জেনর
আগমন অবধি আমরা প্রতিসপ্তা
গেজেটে জজ, মাজিষ্ট্রেট প্রভৃতির নি
গাদির ন্যায় খৃষ্টীয় পুরোহিতদি
নিয়োগের বিজ্ঞাপন দেখিতে প
তেছি। সর জন লরেন্স বিস্তর খৃ
ধর্ম্মমন্দিরের সংস্কার ও নির্ম্মাণার্থ
কারী অর্থ দিয়াছেন ও দিতেছেন। নি
নিসনরিদিগকেও মধ্যে মধ্যে ধর্ম্ম
ণার নিমিত্ত টাকা দিতেছেন। খৃ
পুরোহিতদিগের বেতন, খৃষ্টীয় পু
হিতদিগের পাথেয় এবং খৃষ্টীয়
মন্দিরনির্ম্মাণ ও সংস্কারার্থ প্রতিব
৩০ লক্ষ টাকা (এইসেস করের অ
টাকা) ব্যয় করা হইতেছে। জে
মাজিষ্ট্রেটের ন্যায় জেলায় জে
ক্রমে ক্রমে সরকারী খৃষ্টীয় য
নিযুক্ত হইয়াছেন; ক্রমশঃ ইহাঁরা
উপবিভাগে ও মুন্সেফি চৌকীতে
হইবেন। এ প্রকারে হিন্দু ও মুস
প্রজাদিগের প্রদত্ত অর্থ ব্যয় করা
অনুচিত হইতেছে না? আমাদি
প্রথমতঃ আপনাদিগের ধর্ম্মের নি
ব্যয় করিতে হয়; আবার খৃষ্টীয় পু
হিতদিগের নিমিত্ত ৩০ লক্ষ টাকা
হয়! আমরা আবার খৃষ্টীয় পুরে

—১০১—

গের বেতন কি জন্য দিব? আমাদি
র পুরোহিত ও মোল্লাদিগের বেতন
রাজকোষ হইতে দেওয়া হয়? তবে
ান্ যুক্তি অনুসারে খৃষ্টীয় পুরোহিত
এই বেতন পাইবেন? আমরা
ন আপনাদিগের পরকালরক্ষার
রণ ধর্ম্মসংক্রান্ত ব্যয় আপনারা করি,
টীয়ানগণও সেইপ্রকার আপনারা
দা করিয়া পাদরির বেতন ও গির-
র সংস্কার করিবেন, ইহাই কি যুক্তি
র নহে?

—:—

ভারতবর্ষস্থ ইউরোপীয়দিগের
অদ্ভুত মহত্ত্ব।

ভারতবর্ষস্থ অধিকাংশ ইউরোপীয়
পনাদিগের মহত্ত্বরক্ষার একটী অদ্ভুত
ায় অবলম্বন করিয়াছেন। যাঁহারা
স্তবিক মহৎ, তাঁহারা দোষের কার্য্যে
ত হইয়া গুণবৎ কার্য্যের অনুষ্ঠান
য়া আত্মমহত্ত্ব রক্ষা করেন; কিন্তু
তবর্ষস্থ ইউরোপীয়েরা সিদ্ধান্ত
য়াছেন, সহস্র দোষের কর্ম্ম কর; তার
র্ণীয়দিগের নিকটে তাহা গোপন
তে পারিলেই আত্মমহত্ত্বরক্ষা হইল।
ারা এ মহত্ত্ব ও মহত্ত্বরক্ষার
য় কোথায় শিক্ষা করিলেন? ভার-
র্ণীয়েরা কি এমনি জড় প...খ যে,
ারা সিদ্ধান্ত ক...য়া রাখিয়াছেন যে,
...পে জন্মগ্রহণ করিলেই মানুষ সমু-
দোষবিবর্জ্জিত হয়? অন্য অন্য মানুষ
উপাদানে সৃষ্ট হইয়াছেন, ইউরোপী-
কি তদ্দ্বারা সৃষ্ট হন নাই? জগদী-
যদি তাঁহাদিগকে নির্দ্দোষ করিয়া সৃষ্টি
য়াছেন, তবে ইউরোপখণ্ডে হত্যা,
তা, চুরি, প্রবঞ্চনা, পরদারাভিমর্ষণ
ত দোষের এত প্রাদুর্ভাব কেন?
কল পাপের নিবারণার্থ আইনই বা
ছে কেন? দণ্ড হইলে ভারতবর্ষী-
নিকটে ধর্ম্মানন্না ও আপনাদিগের
পুজ্যত্বব্যাঘাত হইবে, এই ভয়ে কি ইউ
রোপীয়েরা ইউরোপীয় অপরাধীর দণ্ড
হইতে দেন না? দেউলিয়া আদালতে
কি প্রমাণ করিয়া দিতেছে? ইউরো-
পীয়েরা এ দেশের প্রবঞ্চক অপেক্ষাও
অধিক প্রবঞ্চনা জানেন, ইহাই কি প্রমাণ
হইতেছে না? দ্বারকানাথ ঠাকুর উইনি-
য়ন্ ব্যাঙ্কসম্বন্ধে যে কাজ করিয়াছিলেন,
অনেক জাইণ্টষ্টক কোম্পানির ইউরো-
পীয় অধ্যক্ষগণ তাহা অনায়াসে করি-
তেছেন। নেপোলিয়ন বলিয়াছিলেন,
"ফ্রান্সপ্রভৃতির ন্যায় ইংলণ্ডের মন্ত্রিগ
ণও ডাকঘরে গোপনে অন্যের পত্র
খুলেন। আমরা আপনাদিগের দোষ
স্বীকার করি; কিন্তু ইংরাজ মন্ত্রিগণ
নির্লজ্জ হইয়া তাহা অস্বীকার করেন।"
প্রবঞ্চনাপ্রভৃতি পাপ এ দেশে যেমন,
ইউরোপেও তেমনি; বরং বিলাতী
জুয়াচুরী সময়ে সময়ে অধিকতর বিস্ময়
উৎপাদন করে। ভারতবর্ষীয়ের নিকটে
স্বদোষগোপন করাই ইউরোপীয়ের
মুখ্য উদ্দেশ্য হইয়াছে; এই নিমিত্তই
বোধ হয়, ইউরোপীয় জুরিরা প্রায় ইউ-
রোপীয় অপরাধীর অপরাধ গ্রহণ ক...রেন
না। এই নিমিত্তই ...ধ হয়, বিচারপ-
...রা ইউরোপীয় অপরাধীর দণ্ডদানে
তাদৃশ উৎসুক নহেন। এই নিমিত্তই
বোধ হয়, ইংরাজী সমাচারপত্রসম্পা
দকেরা ইউরোপীয়ের দোষপ্রকাশে
উন্মুখ হন না। (১) এই নিমিত্তই কি
নিয়মবহির্ভূত প্রদেশে এক জন ইংরাজ
আর এক জন ইংরাজকে বধ করিলে
এক জন পুলিষ কর্ম্মচারী প্রকৃত হত্যাকা

(১) সে দিন এক ব্যক্তি এক রেলওয়েতে
তিনটী পাটের গাঁইট পাঠাইয়া দেন। পথে
তাহার একটী হারাইয়া যায়। অবশিষ্ট দুটী ছিল.
ষ্টেসনে আনিয়া তাহার একটী ভাঙ্গিয়া তিনটী
করা হয়। যাঁহার ঐ ক্ষতি হয়, তিনি ইংরাজী
সমাচারপত্রে লিখিয়াছিলেন, সম্পাদক তাহা
প্রকাশ করেন নাই।

রীকে জল্লাদের হস্তে সমর্পণ কি
চেষ্টা পাইয়াছিলেন বলিয়া প
হইয়াছেন? এই নিমিত্তই কি সে
পূর্ব্ববাঙ্গলা রেলওয়েতে কানপুরী
হইয়া গেলেও কোন ইংরাজ্...সম্ব
এ পর্য্যন্ত উহার প্রকৃত কারণের
স্থানার্থ গবর্ণমেণ্টকে উত্তেজিত কি
না? ফলত; পরস্পরের দোষ গো
করা এ দেশের ইউরোপীয়দিগের এ
মহৎ রোগ হইয়াছে। এই জন্যই দিন
ইউরোপীয় অপরাধীর সংখ্যা বৃদ্ধি
তেছে। উপসংহারকালে সুহৃদ্ভাবে
রোপীয়দিগের নিকটে আমা
বক্তব্য এই, তাঁহারা এ স্বভাব পরি
করুন; না করিলে ক্রমেই অপদস্থ
বেন সন্দেহ নাই।

—:—

...শিক্ষার্থ কর।

আমাদিগের বর্ত্তমান প্রধানপু
দিগের এ দেশের এক একটী অদ্ভুত
নুষ্ঠানচেষ্টা দেখিয়া সময়ে সময়ে "
কচাঁদ খুড়োর" কথা মনে পড়ে
কোন কাজ হউক, যে কোন প্রস্তাব
মুল্লু কচাঁদ খুড়োর সকলের অগ্রে য
আছে; কিন্তু কখন একটা সা
কাজও তাঁহা হইতে হইয়া উঠে ন
খুড়ো শেষে কেবল উপহাসাস্পদ
থাকেন। কার্য্যের অবান্তর ভেদ
এবং কি উপায় অবলম্বন করিলে
সিদ্ধ হয়, তাহা জানা দূরে থা
প্রারব্ধ কার্য্যদ্বারা দেশের উপকার
অপকার হইবে খুড়োর সে বিবে
করিবারও ক্ষমতা নাই। দেশের
করিবার আন্তরিক ইচ্ছা আছে বটে
খুড়ো ঐ সকল কাজে যান, কি কে
তাঁহার বাচালতা লইবার ইচ্ছা, ত
আমরা বলিতে পারি না। অ
দিগের প্রধান রাজপুরুষদিগেরও
রূপ ভাব হইয়া উঠিয়াছে। দে

সাধন করেন, তাঁহাদিগের এ
টুকু বিলক্ষণ আছে; কিন্তু তাঁহারা
োয় অবলম্বন করিতে যান, তাহাতে
া হইয়া বিপরীত ঘটিয়া উঠে।
র জন লরেন্স নিম্নশ্রেণীর বিদ্যা
থে ধনাগমের যে একটী উপায় অব
করিতে উদ্যত হইয়াছেন, তাহাতে
যে ইষ্টসিদ্ধির ব্যাঘাত জন্মিবে
য়, তাঁহার প্রতি লোকের
বিরাগ জন্মিবার উপক্রম হই.
ছে। তিনি যদি ঐ প্রস্তাবটী সুসিদ্ধ
বার চেষ্টা পান, তাহাতে যে যে
ট ঘটিবার সম্ভাবনা আছে, অগ্রে
ার গণনা করা আবশ্যক হইতেছে।
প্রথমতঃ জমীদারদিগের উপরেই
পড়িতেছে। বঙ্গদেশের চিরস্থায়ী
বস্ত এক্ষণে অনেকের শোচনীয় বিষয়
উঠিয়াছে। দান করিয়া অনুতাপ
র পর নীচাশয়তা আর কি আছে?
নোর রাজা ফতেআলী সাহ আপ.
বদান্যতা প্রদর্শনার্থ সকলের সম্মুখে
দিগকে বহু দান করিতেন, কিন্তু
াপ্ত ব্যক্তি রাজবাটীর বাহির হইবে
ইতে তাঁহার ভৃত্যেরা কেবল যে
দত্ত ধন গ্রহণ করিত এরূপ নয়,
নিকটে তাহার নিজের যে কিছু
ত তাহাও কাড়িয়া লইত। চিরস্থায়ী
বস্তসম্বন্ধেও ক্রমে এরূপ ঘটনা
ছে। লার্ড কর্ণওয়ালিস যে প্রশস্ত
ও দূরদর্শিতানিবন্ধন বঙ্গদেশে
রাজস্ব ঘটিত যে বন্দোবস্ত করেন,
শাসনকর্ত্তাদিগের সে গুণ না
তে তাঁহারা তাহার উচ্ছেদার্থ
প্রস্তুত হইয়াছেন।
সম্প্রতি বঙ্গদেশীয় ও ভারতবর্ষীয়
গবর্ণমেণ্টই নিম্নশ্রেণীর বিদ্যাশি
উপায়বিধানার্থ গুরুপাঠশালার
সাধনচেষ্টায় ব্যাপৃত হইয়াছেন।
স্ত গুরুবিদ্যালয় আছে, তাহার
অবস্থার উন্নতি কিসে হয়, তাহা জানিবার
নিমিত্ত ডিরেক্টর আটকিন্সন, ইনস্পেক্টর
ভূদেব মুখোপাধ্যায় ও লঙ সাহেবের
মত গ্রহণ করা হয়। "গাধা পিটিয়া
ঘোড়া" করা যায় কি না, অদ্য এ বিষ-
য়ের আলোচনা করা আমাদিগের অভি
প্রেত নহে, গবর্ণর জেনরল যে প্রস্তাব
করিয়াছেন, তাহার গুণ দোষ বিচার
করাই আমাদিগের উদ্দেশ্য। গবর্ণর
জেনরল বঙ্গদেশে গুরুবিদ্যালয়ের অপ্রতু
সপ্রমাণ করিবার নিমিত্ত যে হিসাব
দিয়াছেন, তাহাই ত সর্ব্বাগ্রে বিবাদা-
স্পদ হইতেছে।

কলিকাতা	১
হুগলী	৩
হাবড়া	৩
চব্বিশ পরগণা	৩
নদীয়া	৩
যশোহর	৩
খুলনা	১
বর্দ্ধমান	৩
বীরভূম	৩
বাঁকুড়া	১
মেদিনীপুর	৩
হুগলী	৩
হাবড়া	৩
চব্বিশ পরগণা	৩
নদীয়া	৩
যশোহর	৩
খুলনা	১
বর্দ্ধমান	৩
বীরভূম	৩
বাঁকুড়া	১
মেদিনীপুর	৩

আমরা জানি বঙ্গদেশের প্রতি পল্লী
গ্রামেই গুরুমহাশয়ের পাঠশালা আছে।
যেখানে পাঠশালা নাই, এমন গ্রাম প্রায়
দৃষ্টিগোচর হয় না। যদি বঙ্গদেশের
পল্লীগ্রামের সংখ্যা ২৫,০০০ ধরা যায়
(এ সংখ্যা অধিক নহে) এবং প্রতি
পাঠশালায় ১০ জন করিয়া ছাত্র ধরা
হয় তাহা হইলে গুরুপাঠশালার ছাত্রের
সংখ্যা আড়াই লক্ষ হইবে। অন্য
অন্য প্রদেশের শিক্ষাসংক্রান্ত কর্ম্মচা-
রীরা যেপ্রকার পরিশ্রম ক
বিদ্যালয় ও ছাত্রের গণনা করেন
দেশের শ্রমশীল (!) ডিরেক্টর ও
বাহাদুর (!) ইনস্পেক্টরদিগের তত অ
হয় না বলিয়া সেরূপ গণনা করেন
সুতরাং প্রকৃত সংখ্যা জানিতে
যায় না।

গুরুপাঠশালার উন্নতিসাধন এ
বসম্বন্ধে প্রথমতঃ দুটী প্রশ্ন উ
হইতেছে। প্রথম, নিম্নশ্রেণীর সু
লাভের উপায় বিধান সাধ্যায়ত্ত
কি না? দ্বিতীয়, এনিমিত্ত ভূমির উ
করস্থাপন বিধেয় কি না? প্রথম এ
মীমাংসাসম্বন্ধে দুটী গুরুতর আ
হইতেছে। প্রথম, যত আড়ম্বর করা হ
ইহাদিগের সুশিক্ষালাভের যে উ
বিধান ঘটিয়া উঠিবে, আমরা ভ্রমক্র
কখন এরূপ মনে করি না। সুশিক্ষ
হইলেও শিক্ষা কেবল অনর্থের নি
হয়। দ্বিতীয়, যখন উচ্চতর শ্রেণি
ক্ষিত হইয়া রাজনীতির দ্বার অনুদ্ঘা
দেখিয়া আপনাদিগের বিদ্যাশিক্ষ
বিড়ম্বনাস্বরূপ বিবেচনা করিতে
তখন নিম্নশ্রেণির শিক্ষা যে ফলোপ
য়িনী হইবে, তাহার সম্ভাবনা ন
এক্ষণে যে গ্রামে কৃতবিদ্য আ
গ্রামেই প্রায় বিদ্যালয় স্থাপিত
সেই শ্রেণীর রাজন
তেছে। যদি উচ্চ
ঘটিত ক্ষমতা বৃদ্ধি হয়,
এইসকল বিদ্যালয়ের সংখ্যা আ
আপনি বৃদ্ধি হইয়া উঠিবে। ভূমির উ
করস্থাপন করিয়া বলপূর্ব্বক শি
দিবার প্রয়োজন দেখা যাইতেছে
দ্বিতীয়, সর জন লরেন্স বলেন, "
মেণ্ট বিদ্যাশিক্ষার নিমিত্ত ব্যয়
বেন এরূপ অঙ্গীকার করেন নাই।
বাক্য অসভ্য শাসনকর্ত্তার মুখ হইতে
র্গত হইলে শোভা পাইত। রাজার
প্রতিজ্ঞাপ্রতিপালনার্থই প্রজাকে বি

করেন? প্রজারা কৃতবিদ্য হইলে কি
র লাভ নাই? দস্যুতস্করাদির হস্ত
ও রক্ষার ন্যায় প্রজার বিদ্যাদান কি
র অন্যতর কর্ত্তব্য কর্ম্ম নহে? ইং
কি অঙ্গীকারপ্রতিপালনার্থ বিদ্যা
ক ব্যয় দেওয়া হইয়া থাকে? ইং
কি শিক্ষাকার্য্যের নিমিত্ত স্বতন্ত্র কর
? বিশেষতঃ বঙ্গদেশে এই কর
ন কোন ক্রমেই যুক্তিসঙ্গত হই
না। বঙ্গদেশের সহিত মান্দ্রাজ,
াই, মধ্যভারতবর্ষ ও পঞ্জাবের
া হয় না। ঐ সকল প্রদেশ অপেক্ষা
দেশের আয় অধিক। বঙ্গদেশের
কার্য্যার্থ যে ব্যয়দান আবশ্যক,
দিয়া যে টাকা উদ্বৃত্ত হইবে, তাহা
ত কি বঙ্গদেশের বিদ্যাশিক্ষার্থ ব্যয়
া উচিত নয়? তাহা যদি উচিত
এপ্রদেশের বিদ্যাশিক্ষার্থ স্বতন্ত্র কর
ান অনাবশ্যক বলিয়া প্রতীয়মান
া সন্দেহ নাই।

বর্ণর জেনরল বলেন, "সথন ইনকম
স্থাপিত হয়, তৎকালে চিরস্থায়ী
াবস্তের আপত্তি অগ্রাহ্য হইয়াছিল।"
ত্তি অগ্রাহ্য করিবার কর্ত্তা কে?
সিদ্ধ আপত্তি শ্রবণ করা যাঁহাদি
কর্ত্তব্য কর্ম্ম, তাঁহারা যদি না শুনেন
যে স্থলে তাহা না শুনিলে অন্যের
করিবার ক্ষমতা না থাকে, সে স্থলে
নিলে সে কার্য্যটী কি অন্যায় বলিয়া
গণ্য হয় না? যদি এক অন্যায়
অন্যায়াচরণের সমর্থনে সমর্থ হয়,
হইলে গবর্ণর জেনরলের উল্লিখিত
ণীয় বলিয়া বিবেচিত হইতে
। জমীদারেরা পুনঃ পুনঃ প্রতিবাদ
াছিলেন, তাঁহাদিগের কথা রক্ষা
না, কি করেন, অগত্যা কর দিয়া
। তাহা বলিয়া কি সেইটী প্রমাণ
া?

উপসংহারকালে আমরা অনিষ্টগুলি
পুনরায় গণনা করিতেছি। ভূমির উপরে
বিদ্যাশিক্ষার্থ বিশেষ কর হইলে, প্রথ
মতঃ চিরস্থায়ী বন্দোবস্তের বিরুদ্ধ আচ
রণ হইবে; দ্বিতীয়তঃ এক শ্রেণির সুবি
ধার নিমিত্ত অপর শ্রেণিকে কর দিতে
হইবে; তৃতীয়তঃ সমুদায় করভার শেষে
দরিদ্র কৃষকদিগের স্কন্ধেই পতিত হইবে।
সর জন লরেন্স কি মনে করেন, জমীদা
রেরা প্রজার স্কন্ধে চাপাইতে পারিলে
নিজ তহবিল হইতে টাকা দিবেন?
জমীদারের লাভের উপরে শত করা
দুই টাকা লওয়া গবর্ণর জেনরলের অভি
প্রেত। গবর্ণমেণ্ট যেমন জমীদারের
লাভ হইতে অর্থগ্রহণের চেষ্টা করি
বেন, জমীদারও তেমনি প্রজার শোণিত
শোষণ আরম্ভ করিবেন। আদালত
সকল পুনর্ব্বার কররৃদ্ধির মকদ্দমায়
প্লাবিত হইয়া উঠিবে। আর যদি ব্যবস্থা-
পকগণ কররৃদ্ধির সুবিধা করিয়া দেন,
তাহা হইলে ত মণিকাঞ্চনযোগ
হইবে। সেই সে কাল আসিয়া উপস্থিত
হইবে; সেই অত্যাচার হইবে। ০ আই
নের দ্বারা কররৃদ্ধির যে সীমা আছে,
তাহাও ক্রমে লঙ্ঘিত হইবে। যাঁহারা
বিস্তর টাকা ব্যয় করিয়া বাটী, বাগান
প্রভৃতি প্রস্তুত করিয়াছেন, তাঁহারা দেখি
বেন তাঁহাদিগের বাস্তু ঠিকা মাত্র হইয়া
উঠিয়াছে; ইট ও বৃক্ষভিন্ন আর কিছু
রই মূল্য নাই। কৃষকগণের যে কিছু উন্ন
তির সূত্রপাত হইয়াছে, তাহা দূরে
প্রস্থান করিবে। যে করে সম্পত্তির মূল্য
হ্রাস করে, তদ্দ্বারা কেবল জাতিসাধারণ
মূলধনক্ষয় হয় মাত্র। আলমগিরের
সময়ে ৬৪ কোটি টাকা আয় ছিল;
কিন্তু বিস্তর সরকারী কর করা হইয়া
ছিল বলিয়া তত আয় থাকিতেও দেশ
উৎসন্ন হইয়া গেল। অতএব সর জন
লরেন্স নিশ্চয় জানিবেন, অধিক পরিমা
ণের ও অধিক প্রকারের কর হইলে,
প্রজারা কখন সুখী হয় না। যে রা
নানা প্রকার করের সৃষ্টি হয়, সে র
প্রজার বিরাগনিবন্ধন স্থায়ী হ
পারে না। রাজারা প্রজার হিতার্থ
গ্রহণ করেন সত্য; কিন্তু প্রজারা
ভার বহনভয়ে সে হিতকে হি
বোধ করেন না, বিপরীতই জ্ঞান কি
থাকেন।

সর জন লরেন্স বলেন যদি জ
দারেরা স্বেচ্ছাপূর্ব্বক এই দুই (শি
ও রাস্তার) কর বহন না ক
ব্যবস্থাপ্রণয়নদ্বারা তাঁহারদিগের স্ব
এই করভার নিহিত হইবে
এটী অনুচিত ভয়প্রদর্শন। যুক্তি
রাজার অন্যায় নিবারণের এক
উপায়। রাজা যদি সেই যুক্তি অগ্র
করিয়া বলপ্রকাশ করেন, কে নিব
কর্ত্তা হইতে পারে? যাহা হউক,
আশ্চর্য্য, কোথায় ভারতবর্ষীয় গবর্ণমে
দিন দিন স্বৈরাচারপরিত্যাগী হই
না, উত্তরোত্তর অধিকতর স্বৈ
চারী হইতে লাগিলেন। অবশে
আমরা একটী কথা সংক্ষেপে গব
ণ্টের গোচর করিতেছি, তাঁহারা
করিতেছেন, অর্থের ঔষধসেবনের
বলপূর্ব্বক প্রজার বিদ্যাশিক্ষার উ
করিবেন কিন্তু আমরা নিশ্চয় বলিতে
এরূপ করিতে গেলে প্রজার বি
প্রতি বিদ্বেষ জন্মিবে; গবর্ণমে
বিদ্বেষের ভাজন হইবেন না। এ
আর একটী কথার বিবেচনা ক
আবশ্যক। ঐ রূপে যে কর সংগৃ
হইবে, নিম্ন শ্রেণির প্রকৃত হিতকা
তাহার কত ব্যয়িত হইবে? ক
সংগ্রহের ব্যয়ে পর্য্যবসিত হইবে,
কতক ইন্‌স্পেক্টর ও ডেপুটি ইন্‌স্পে
প্রভৃতি আপন আপন বেতনের
করিয়া ভাগ করিয়া লইবেন।

—:০:—

বিবিধসংবাদ।

৬ ই জ্যৈষ্ঠ সোমবার।

আলবার্টসার শিক্ষাসংক্রান্ত সভার
সরিক অধিবেশনদিবসে রেবরেণ্ড কৃষ্ণ
বন্দ্যোপাধ্যায় ইতিহাস পাঠ বিষয়ে এক নূ
পূর্ণ উপদেশ দিয়াছেন। বিচারপতি কিন্ন
দিবস সভাপতির আসনগ্রহণ করিয়াছি

দেশের বিষয়ে আপনার বক্তব্য ব্যক্ত করি
ময়ে বিটারপতি বলিয়াছেন, "আপনারা
দিগের ও স্বদেশীয়দিগের শিক্ষার
সম্বন্ধে এ দেশে যাহা করিতেছেন, তাহা
আমি সম্পূর্ণরূপ অনুমোদন করি। বিদ্যা
দানের মহোপকারক বিষয় আর নাই।
দেশীয়, কি বিদেশীয় সকলেই এবিষয়ে
পাগী না হইয়া থাকিতে পারেন না।
শে থাকিয়া আমি যাহা বলিব ও যাহা
আপনাদিগের উন্নতিভিন্ন তাহার আর
উদ্দেশ্য নাই। আমি অন্ততঃ যত দিন
শ থাকিব, তত দিন আপনাকে প্রদেশীয়
ভব এক জন বলিয়া গণ্য করিব।" কেহ
তাঁহার প্রতি যে কোপপ্রকাশ করিয়াছেন,
পতি তন্নিমিত্ত আক্ষেপ করিয়া বলিলেন,
শ আগমনঅবধি এতদ্দেশীয়দিগের উন্নতি
হাঁহার জন্য কোন চেষ্টা হয় নাই। এমন
অকারণ ভর্ৎসনা করিলে তাঁহার আন্ত
মনোবেদনা হয়। তিনি কখন আমাদিগের
কদিগকে নির্ম্মজ্জ অথবা অসতী বলেন
একথা বলা তাঁহার অভিপ্রেতও নহে।
তিনি সেপ্রকার শিক্ষা ভাল বিবেচনা
তাহারই উল্লেখ করিয়াছেন। ইংরাজ
মধ্যে অতি অল্প লোকে হেনরি লরেন্সের
পর ভারতবর্ষীয়দিগের প্রতি এমন প্রেম
ভাব প্রকাশ করিয়াছেন।

এ এপ্রেল প্রায় ৫০ জন দস্যু বেসিনের
র লুট করে। প্রহরিগণ অস্ত্রপরিত্যাগ
পলায়ন করিয়াছিল। কিন্তু তেপুটী ক
৩০ জন অস্ত্রধারী লোককে লইয়া আগমন
ত দস্যুরা পলায়ন করে। ১২ জন দস্যু
ইয়াছে। তেপুটী কমিসনরের এক জন
শীয় কোন্সিলের ষড়যন্ত্রে এই দস্যুবৃত্তি
তে ঐ ব্যক্তিকে হাজতে দেওয়া হইয়াছে।
ওর বাসীতে ব্রহ্মদেশীয় ষড়যন্ত্র হাত
র কয়েকখানি পত্র বাহির হইয়াছে।
রাজকুমার ভারতীয় ইংরাজকে দূরী
করিয়া ব্রিটিশ ব্রহ্ম অধিকার করিবার
দিয়াছিলেন। অধিকসংখ্যক ব্রহ্মদেশীয়,
তে লিপ্ত থাকাতে প্রায় ৮০ জনকে
ত করা হইয়াছে। নগরে অগ্নি দিবার
ও অস্ত্রধারী লোক ভ্রমণ করি
ছে। তেপুটী কমিসনর এ নিমিত্ত কতকগুলি
করিয়াছেন। তাহাতে এতন্নিবন্ধন অতি
অভিযোগ হইতেছে।

মিউনিসিপাল রেলওয়ের পার্শ্বে যেসকল
হনুমান কল করা হইয়াছে, সেগুলি অকর্ম্মণ্য
বলিয়া প্রতিপন্ন হইয়াছে। শক সাহেবের এই
আর এক কীর্ত্তি ব্যয়মাত্রসার হইল। এজন্য
কোন ব্যক্তি দায়ী হইবেন?

চীনের সম্রাটের দ্বাদশবর্ষ বয়ঃক্রম হওয়াতে
তাঁহার বিবাহের উদ্যোগ হইতেছে। চীনে কতক
গুলি নষ্টই পরিবার আছেন, তন্মধ্য হইতে
সম্রাটকে পত্নী মনোনীত করিতে হয়। সম্প্রতি
এসকল পরিবারের মধ্য হইতে ১০৮ জন বালি
কাকে রাজবাটীতে আনয়ন করা হয়। কিন্তু
সম্রাট এক জনকেও মনোনীত করেন নাই।
সম্প্রতি পুনর্ব্বার আর কয়েক জনকে
আনয়ন করা হইবে। সম্ভ্রান্ত লোকদিগের
অনেকে রাজবাটীতে কন্যা প্রেরণ করিতে অস
ম্মত। রাজার অন্তঃপুরবাসিনী হইলে স্ত্রীলোকেরা
গার্হস্থ্যসুখ আর কাহাকে দেখিতে পান না। এই
কষ্টের কারণ অনেকে রাজ্ঞী হইবার বাসনাকেও
তুচ্ছ করেন।

কর্ণেল কোলিন মেকেঞ্জি ভারতবর্ষের
সকলে জানেন কর্ণেলের এক ভ্রাতুষ্পুত্র
আছেন। ইনি প্রকৃত সবলেটে, তুচ্ছ বিষয়ের
জন ইহাঁকে ভারতবর্ষীয় সেনাদল ত্যাগ করিতে
হয়। পূর্ব্বে দুই একবার ইহাঁর ঋণ পরিশোধ
করিয়াছিলেন, কিন্তু সম্প্রতি ক্রমশঃ মন্দ হওয়াতে
আর সাহায্য করেন না। ইহাতে ঐ ব্যক্তি এক
পত্র লিখিয়া পিতৃব্যকে প্রেরণ করিয়া
বলেন, যদি তিনি টাকা না দেন, তাহা হইলে ইং
খুন করিবেন। কর্ণেল মেকেঞ্জি এ জন্য নালিশ
করেন। ঐ ব্যক্তির জন্মাবধি মেজাজ খারাপ হইয়াছে
কর্ণেল মেকেঞ্জি আপন জবানবন্দী দিবার সময়
বলিয়াছিলেন, "আমি ৪১ বৎসর ভারতবর্ষীয়
সেনাদলে ছিলেন এবং বর্ম্মাযুদ্ধের সৈনিক
বিদ্রোহ নিবারণ করিতে গিয়া ১১ টী তলবারের
আঘাত পাইয়াছিলেন। কিন্তু বলবানে বিদ্রোহ
হয় নাই এবং বিদ্রোহদমন করিতে আমি এই
অসাধ্য প্রাপ্ত হন নাই। মঙ্গলের নিবাসে
সৈনিকগণ গোলাগুলি লইয়া বহির্গত হইয়াছে
এমন সময়ে কর্ণেল এক তলবার হস্তে তাহাদি
গের মধ্যে পড়িয়া তাহাদিগকে আক্রমণ করেন
এবং তাহাদিগকে গালী দেন। ইহাতে সৈন্য
গণ তাঁহাকে আঘাত করিয়াছিল। লাড ডেল
হৌসি ঐ সময়ে গবর্ণর জেনরল ছিলেন। তিনি
সৈন্যদিগকে বিদ্রোহী বলিয়া দণ্ড না দিয়া কর্ণে
লকে সেনাদল হইতে বহিষ্কৃত করেন। কোলিন
মেকেঞ্জির বীরত্ব সামান্য নয়।

গত শুক্রবার এডিনবরার ডিউকের হত্যা
হইতে রক্ষার নিমিত্ত ঈশ্বরকে অভিনন্দন
প্রদান করিবার অভিপ্রায়ে যে সভা হইবার
কথা ছিল, তাহা স্থগিত হইয়াছে। বণিকসম্প্র-

দায়ের সম্পাদক ভারতবর্ষীয় সভার সম্পা
রিকে লিখিয়াছিলেন, ইউরোপীয় ও এতদ্দে
সমাজ একত্রিত হইয়া অভিনন্দনপ্রদান করি
ভাল হয়। লেপ্টনাণ্ট গবর্ণরকে এ বিষয়ে জা
যাতে তিনি বলিয়াছেন, যখন রাজনী
কোন বিষয়ের আন্দোলন হইতেছে,
ভারতবর্ষীয় সভার সহিত একত্র হ
পীয়েরা কার্য্য করিলে কোন
না। গ্রেসাহেব নিজে সভাপতিত্ব ক
প্রায় প্রকাশ করিয়াছেন। গ্রেসাহে
কুলক্ষণ দেখা যাইতেছে। ইউরোপীয়দি
সহিত এতদ্দেশীয়দিগের স্বার্থ কখন এ
হইবে, সে আশা নাই। তথাপি গ্রেসাহেব
শাসনকর্ত্তা হইয়া যে সেই স্বার্থভেদ দেখা
দেন, সেই বিবেচনাসিদ্ধ কাজ হয় নাই।

১৮৫৭ অব্দের ১লা এপ্রেলপর্য্যন্ত এ
৭০৬ জন অভিহিত কর্ম্মচারী ছিলেন। ইহা
গের মধ্যে ৫৩৫ জন ইউরোপীয় ও তি
১৬১ জন ভারতবর্ষীয়। এদেশীয়েরা অনেক
রাজকার্য্যে নিয়োজিত আছেন বলা হয়
কি তাহার প্রমাণ? এতদ্দেশীয়দিগের এ
কাজ পাপা, তাহা হইলেই যথেষ্ট হইল।

এরূপ জনশ্রুতি যে রিচার্ড টেম্পল
মুদ্রা প্রচলিত করিবার কল্পনা করিতেছে
তিনি আরও কুকর্ম্মদিগের নিমন্ত্রণ সংরক্ষণ
করিবার অভিলাষ করিয়াছেন। এই ব
অনেক উপকার দর্শিবে। অল্প পরিমাণ অর্থ
প্রদান করিতে পারিলে বিস্তর এতদ্দেশীয়
জন্মা দিতে পারেন।

ঝলাণ্ডাক্রোমবোরগের পিতার মৃত্যু হওয়
৬ মাসকুইস অব বালিবরির উপাধি প
হইল তাহা লাভপ্রবেশ করিয়াছেন। এ
ক্রোমবোরগ পিতার দ্বিতীয় পুত্র। জ্যেষ্ঠের
মৃত্যু হওয়াতে তিনিই পৈতৃক উপাধি ও স
পাইলেন।

উত্তর পশ্চিমাঞ্চলের প্রধানতম বিচার
সমুদায় মকদ্দমাতেই শত করা ৫ টাকা না
মকদ্দমা বুঝিয়া উকীলদিগের পুরস্কারের
করিয়াছেন। এটী প্রার্থনীয়।

৭ ই জ্যৈষ্ঠ মঙ্গলবার।

রেজিষ্টরি আইন অনুসারে যে পরি
দলিল রেজিষ্টরী হইতেছে, তাহা অল্প দি
সম্পন্ন করিয়া উঠিতে পারেন, এত কর্ম্মচারী
থাকাতে বিশেষ অসুবিধা ও কার্য্যক্ষতি
তেছে। এই আইন হইবার সময়ে আমরা ব
ছিলাম, পৃথক কর্ম্মচারী রেজিষ্টরি না
সুচারুরূপে কার্য্য হইবে না। আমাদের
গর রেজিষ্টার হইয়াছেন। সেরেস্তা
কার্য্যেরও বড় ব্যাঘাত হইতেছে। না
বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট এক কর্ম্মচারিদ্বারা
কর্ম্ম সারিয়া ব্যয়সংক্ষেপ করিবেন, এই
পাওয়াতে ঐ অনিষ্ট ঘটিয়াছে। সম্প্রতি
নাণ্ট গবর্ণর ইহা বুঝিতে পারিয়া অন্যে
সুতন রব রেজিষ্টার নিযুক্ত করিবার আদে
য়াছেন।

পবলিক ওপিনিয়ন কাবুল হইতে স
পাইয়াছেন যে, সর্দ্দার আজিম খাঁ আমীর

র নিকটে এক দূতপ্রেরণ করিয়া সন্ধি
ার অনুরোধ করিয়াছেন। আবদুল রহমন
লিয়া পাঠাইয়াছেন, তুর্কি স্থানের অজ
জাতি বিদ্রোহী হওয়াতে তিনি কাবুল
আসিতে পারিবেন না। মহম্মদ জাকুব
গিজনি অধিকার করিয়া সৈয়াদাবাদে
ম খাঁর সৈন্যদিগকে সম্পূর্ণরূপে পরাজিত
াছেন। গিজনি গ্রহণের দিবসে আজিম
কয়েক জন প্রধান সর্দ্দার হত ও বন্দীভূত
ছেন। আজিম খাকে এ বার কাবুল ত্যাগ
ত হইবে। সিয়ার আলি পুনর্ব্বার সিংহাসন
হণ করিলে এক বার তাঁহার সহিত আব
হমনের যুদ্ধ হইবার সম্ভাবনা।

আলাহাবাদের আকাউণ্টাণ্ট অফিসের
চন্দ্র মিত্রনামক এক জন কেরাণী ও
র ভ্রাতা এক জাল পত্র করিয়া বঙ্গদেশীয়
হইতে ১০০০ টাকা বাহির করিবার চেষ্টা
দ্বারকানাথ দে নামক এক ব্যক্তি ব্যাঙ্কে
ত্র লইয়া গিয়া ধৃত হয়। এই তিন জনের
াবাদে বিচার হইবে। ইনস্পেক্টর মরি-
বিশেষ চতুরতাসহকারে এই দুর্ত্তদিগকে
াছেন। জাল কারিরা পদে পদে ধরা পড়ি
ও তথাপি চৈতন্য হয় না।

বিসিনিয়ার যুদ্ধে জয়নিবন্ধন অভিনন্দন
ও লাহোরের প্রধান লোকেরা নগরকে
াকর্ম্মণ্ড করিবেন।

চিন্দপেণ্ডিয়ট অবগত হইয়াছেন, প্রধান
ঘ'রালতের আপীলবিভাগে মাসিক ৬
বেতনে দুই জন হিন্দুস্থানী, টাকা
তিন জন হেড ক্লার্ক এবং টাকা
ছয় জন ডেপুটী রসদ নিযুক্ত হইবেন।
চারি জন ইউরোপীয় সৈনিক এক জন
দেশীয়কে গুরুতর প্রহার করিয়া তাহার
হইতে ১৯৮০ টাকা অপহরণ করাতে
লিতে তাহাদিগের বিচার হয়। এক জন
বিরহে মুক্তিলাভ করিয়াছে; আর তিন
পাঁচ বৎসর করিয়া মেয়াদ হইয়াছে।
কেরা নির্দ্দোষ, তাহারা কেবল লুঠ না
যদি ঐ ব্যক্তিকে বধ করিত, তাহাহইলে
বিচারে অনায়াসে অব্যাহতি পাইত।

ডিনবরার ডিউকের রক্ষার নিমিত্ত অভিন
করিবার যে প্রস্তাব উপস্থিত হইয়াছে। তদ্ব
ক এক জন ইউরোপীয় সিমলা হইতে এক
দৈনিক পত্রে লিখিয়াছেন, "কোন সাহেব
কুকাজ করিতে পারেন, ইহা ভারতবর্ষীয়
ক জানের অতিশয় অন্যায়। অন্যায় কি?

—১০৫—

ভারতবর্ষীয়েরা খৃষ্টিয়দিগের এ কাজগুলিকে
লীলা খেলা বিবেচনা করেন।

৮ ই জ্যৈষ্ঠ বুধবার।

পাঠকগণের স্মরণ থাকিবে, ফিরোজাবাদের নিকটে একটী স্ত্রীলোক বলাৎকারের ভয়ে রেল ওয়ে শকট হইতে লম্ফ দিয়া পড়েন। অত্যাচারকারীকে ধরিবার নিমিত্ত অনুসন্ধান করা হয়; কিন্তু অনুসন্ধানে কিছুই প্রকাশ পায় নাই। রেল ওয়ের এইরূপ পাকা অনুসন্ধানই বটে।

জগন্নাথের ঘাট অবধি কুমারটুলির ঘাট পর্য্যন্ত হাজরের উপদ্রব হইয়াছে। কয়েক ব্যক্তি স্নান করিতে নামিয়া ঐ জন্তুকর্ত্তৃক হত হইয়াছেন। সম্প্রতি একটী বৃহৎ হাঙ্গর ধরা পড়িয়াছে সম্পূর্ণ বর্ষ না হইলে উহারা পুনর্ব্বার সমুদ্রে প্রবেশ করিতেছে না অতএব আপাততঃ জলে নামিয়া গঙ্গাস্নান বন্ধ করা কর্ত্তব্য।

ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, রাজপুতনার পার্ব্বতীয় লোকেরা দৌরাত্ম্য ও লুঠ করাতে গবর্ণর জেনরলের এজেণ্ট কিছু দিনের নিমিত্ত ৩০০০ টাকা বেতনে এক জন চিহ্নিত পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট নিযুক্ত করিবার অনুরোধ করিয়াছেন। দস্যুগণ গ্রামস্থ বদমায়েসদিগের সাহায্যে লুঠ করে; যখন কোন দ্রব্য না পায় তখন লোকের স্ত্রী ও সন্তানদিগকে ধরিয়া লইয়া যায়। অর্থ না দিলে তাহাদিগকে ছাড়িয়া দেয় না। কিন্তু স্ত্রীলোকদিগের উপরে অন্য কোন অত্যাচার হয় না। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট উক্ত অনুরোধে সম্মত হইয়াছেন।

ইণ্ডিয়ান মিরার বলেন, পূর্ব্ববাঙ্গালার রেল ওয়ের হত্যাকাণ্ডের পর দিবস এক খানি শকট শ্রেণি আসিতেছিল। হঠাৎ বিপদের জ্ঞাপক পতাকা দর্শন করিয়া স্থগিত হইল। কারণ জিজ্ঞাসা করাতে প্রহরী বলিয়া উঠিল, একটী শিশু শকটচক্রে পতিত হইয়া প্রাণত্যাগ করিয়াছে; কিন্তু অতঃপর ঐ শিশুটী কোথায় গেল অথবা তাহার মৃতদেহের কি হইল কেহই জানিতে পারিলেন না। ঐ সপ্তাহের শুক্রবারে এক জন এতদ্দেশীয় প্রহরী শকটের তলে পড়িয়া হত হয়; কিন্তু সে বিষয়েও কিছুই প্রকাশিত হইল না। এই সকল কি কাণ্ড হইতেছে? এ সকল মৃত্যু গোপন করা আইন সঙ্গত কি না? আশ্চর্য্যের বিষয় এই বঙ্গদেশের লেপ্টনাণ্ট গবর্ণর এখন ও কমিসন নিযুক্ত বা কোন উপায় অবলম্বন করিলেন না।

উক্ত পত্র বলেন, সর জন লরেন্স বাবু কেশব চন্দ্র সেনকে গ্রীষ্মকাল সিমলাতে অতিবাহিত করিবার নিমিত্ত আহ্বান করিয়াছেন। যে ব্যক্তি সিমলায় গিয়া গবর্ণর জেনেরলের অ স্বীকার করিতে চান, তাঁহাদিগের নিমিত্ত গ জেনরল একটী স্বতন্ত্র বাটী প্রস্তুত করিয়াছে গবর্ণর জেনরল এখন বিরলে গিয়াছেন। কর্ম্মের ঝঞ্ঝাট নাই, অবসরসময় ধর্ম্মা অতিবাহিত করাই শ্রেয়াকল্প। ইহাতে অ তাঁহাকে দুষি না, তিনি কেশব বাবুকে পাইয়া বাসয়াছেন তাহাতেই আমাদিগের সন্দেহ হইতেছে।

আমেদাবাদের লোকেরা তথায় এক নর্ম্মাল বিদ্যালয় স্থাপিত করিবার জন্য আ ১৫০০০ টাকা চাঁদা করিয়াছেন, আর ১৫ টাকা গবর্ণমেণ্টের নিকটে চাহিয়াছেন। এই কেবল এ অংশে সকলের পিছনে পড়ি

৯ ই জ্যৈষ্ঠ বৃহস্পতিবার।

লার্ড ব্রোহামের মৃত্যু হইয়াছে। ইঁহার ন সর বয়ঃক্রম হইয়াছিল। ইনি নিজ ক্ষমতায় সৌভাগ্যসঞ্চয় করেন। ইঁহার তুল্য ক্ষমত ব্যবহারাজীব ইংলণ্ডে অল্পই জন্মগ্রহণ ছেন। তাঁহার তীব্র বক্তৃতার প্রভাবে অব লাডে চতুর্থ জর্জ্জের স্ত্রী রাজ্ঞী কারো নির্দ্দোষ হন। এই বিচারের সময়ে হেনরি রাজার সহিত সমকক্ষ ভাবে বাগ্‌যুদ্ধ করি লেন। হাউস অব লার্ডের বিচার হইতেছে সময়ে রাজবংশীয় এক ব্যক্তি রাজ্ঞীর করাতে ব্রোহাম অকুতোভয়ে চীৎকার ব বলিলেন "হে নিন্দাকারিন্! নিম্নে অ সাধ্য দাও।" তিনি ঐ সময়ে আরো বলি লেন, "আমার মক্কেলের জন্য যদি আ রাজদ্রোহী হইতে হয়, তাহাতেও আমি অ ন হই।" সাহিত্য, বিজ্ঞান, ও ব বস্থা শাস্ত্র বিষয়েই তাঁহার পারদর্শিতা ছিল। ইদানীং ফ্রান্সের অন্তর্গত কেনিস নগরে করিতেন। তথায় তাঁহার এক জমীদারী অ ঐ স্থানেই তাঁহার মৃত্যু হইয়াছে।

লাফিঙ্‌গাস নামক এক প্রকার বাষ্প আ তাহাতে হাস্যের উদয় করিয়া দেয়। স পারিসের এক জন চিকিৎসক ইহাদ্বারা মা অচৈতন্য করিয়া ক্লোরোফরমের কাজ ক ছেন। ক্লোরোফরমের মূর্চ্ছার পর মাথাধ মাথা ঘুরাণী হয়; কিন্তু এই গ্যাসে তা না।

আরব সমুদ্রে ক্রীতদাসব্যবসায় বন্ধ বার নিমিত্ত কয়েক খানি ব্রিটিশ রণতরি অ সম্প্রতি প্রকাশিত হইয়াছে, এই ব্যবস্থা

ইয়া দিন দিন উহার বৃদ্ধি হইতেছে। তাহা
অধ্যক্ষদিগকে ধন্যবাদ দেওয়া আবশ্যক।
ক্ষনগর, হাবড়া, হুগলী ও ২৪ পরগণায়
ড়ক আরম্ভ হইয়াছে; পশুদিগের অধি
া বসন্তে প্রাণত্যাগ করিতেছে।

হাণ্ডফোর্ড নামক এক জন ইউরোপীয়
ক কাথেরিণ ইয়াড নামে একটী অল্পবয়স্ক
সঙ্গে লইয়া ভ্রমণ করিতে যায়। তৎপরে
ইলোকটীকে আর দেখিতে পাওয়া যায়
৯ দিনের পর পুলিষ তাহার মৃত দেহ বাহির
। এক জন আফিসর ও তাঁহার ভৃত্য
ক ও ঐ স্ত্রীটীকে মৃত দেহ পাইবার স্থানে
করিয়াছিলেন। তথাপি হত্যার সবিশেষ
পাওয়া গেল না বলিয়া মাস্ত্রাজের প্রধান
বিচারালয় ঐ ব্যক্তিকে অব্যাহতি দিয়া
। এই প্রকার বিচারের মাহাত্ম্য দিন দিন
র সংখ্যা বৃদ্ধি হইতেছে।

ডেলি নিউস বলেন, গবর্ণমেণ্ট ষ্টাম্প ও
র কার্য্যস্থান স্বতন্ত্র না রাখিয়া একত্রিত
বন। উচিত।

স্প্রতি জাপানের দুই ব্যক্তি ব্রিটিশ দূত সর
ার্কসকে বধ করিবার চেষ্টা করিয়াছিল;
প্রহরীরা তাহাদিগকে বধ করিয়াছে। দূত
ত এক জন ইউরোপীয়ের হত্যার নিমিত্ত
জন নিরপরাধী জাপানীয় কর্ম্মচারীর মৃত্যু
দওয়াইয়াছিলেন, তাহাতেই যাবতীয় জাপ
তাঁহার উপরে বিরক্ত হইয়াছে।

পাঠকগণ কেবল রাজনীতিঘটিত প্রস্তাব
া মাথা ধরাইবেন; একটী কৌতুককর
শ্রবণ করুন। ফ্রাঙ্কফোর্টের এক যুবক
সুরতির টিকিট ক্রয় করিয়াছিলেন।
র স্ত্রীর অল্প দিন পূর্ব্বে মৃত্যু হওয়াতে তিনি
জন কুরূপ স্ত্রীলোককে পাচিকা নিযুক্ত
। সুরতিতে কিছুই হইবে না এই ভাবিয়া
টিকিটখানি পাচিকাকে দান করিলেন।
হিত পরেই সুরতির অধ্যক্ষ তাঁহাকে বলি
ঐ টিকিটে তাঁহার নামে চলক্ষ টাকা উঠি
। কি হইবে? এত টাকা 'ক পাচিক
? অতএব অধ্যক্ষ পরামর্শ করিয়া বলি
পাচিকার পাণিগ্রহণ করিতে বলিলেন।
হইল। অধ্যক্ষ নব বিবাহিতা স্ত্রীলোককে
ন, "আপনার বড়ই সৌভাগ্য যে এমন
সুরতিতে দুই লক্ষ টাকা পাইলেন।"
া পাচিকা গদগদ বচনে বলিল, "আমি
টিকিটখানি আর এক জন ভৃত্যকে বিক্রয়
ছি।" যুবক বণিকের কেবল কালা মুখ
ইল; মাছ ধরা হইল না।

স্বাধীন ব্রহ্ম হইতে দস্যুদল আসিয়া ব্রিটিশ ব্রহ্মে সর্ব্বদা উপদ্রব করাতে ব্রহ্মদেশের রাজা সীমার স্থানে স্থানে সৈন্য রাখিয়াছেন।

ভোটদিগের সহিত তিব্বতের লামার বিবাদ হইতেছে। সীমা কর আদায় করিবার নিমিত্ত দূত পাঠাইবাতে ভোটেরা বলিল, ইংরাজদিগের সহিত যুদ্ধের সময়ে লামা সাহায্য করেন নাই; অতএব তাঁহাকে আর কর দেওয়া যাইতে পারে না। বিশেষতঃ তাঁহাকে যে কর দেওয়া হইত তাহা দুয়ার হইতে উঠিত; এক্ষণে ব্রিটিশ গবর্ণমেণ্ট দুয়ার গ্রহণ করিয়াছেন; কোথা হইতে আর কর আসিবে? লামা পুনর্ব্বার দূতপ্রেরণ করেন; এই দূত অপমানিত হইয়া দূরীভূত হন। লামা যুদ্ধসজ্জা করিতেছেন।

উৎকলের কদ মহলের পাইক ও শেঠ রাজগণ নরবলি বন্ধ করাতে গবর্ণমেণ্ট তাঁহাদিগকে খেলোয়াত প্রদান করিয়াছেন। সৎকার্য্যে উৎসাহবর্দ্ধনার্থ এই রূপ উপায় অবলম্বন করা গবর্ণমেণ্টের কর্ত্তব্য।

১০ ই মে যুবরাজকুমারের কন্যার বিবাহ হইয়াছে। তিনি অধিক অপব্যয় করেন নাই। এ দেশের ভাগ্যবানদিগের এরূপ ব্যবহারের কথা শুনিলে আমাদিগের আহ্লাদ হয়।

বোম্বাইগেজেটের কাবুলস্থিত সংবাদদাতা বলেন, সিয়ার আলি খাঁ ক্রমশঃ কাবুল আক্রমণার্থ অগ্রসর হইতেছেন। আবদুল রহমন খাঁ আজিম খাঁকে বলিয়াছেন, যখন সিয়ার আলি খাঁ তাঁহাকে তুর্কস্থান ছাড়িয়া দিয়াছেন তখন তিনি তাঁহার বিপক্ষতাচরণ করিবেন না আজিম খাঁর অত্যাচার আরও বাড়িতেছে। টাকা না দিয়া কোন বণিক কাবুল হইতে গমন করিতে পারিতেছেন না। কান্দাহারের সর্দ্দারেরা সিয়ার আলিকে নগরের দ্বার খুলিয়া দিয়াছিলেন বলিয়া কাবুল স্থিত কতকগুলি কান্দাহারীকে বধ করা হইয়াছে! কাবুলের সমুদায় লোক আজিম খাঁর উপরে বিরক্ত হইয়াছেন।

বিজ্ঞাপনী বলেন, "অত্রত্য জাইণ্ট মাজিষ্ট্রেট মেঃ প্রাইজ সাহেব নিয়মিতরূপে ১০।১১ টার সময়েই কাচারিতে আসিয়া ৪ টার সময় যাইয়া থাকেন কিন্তু বড় কর্ত্তার ২।৩ টার পূর্ব্বে প্রায় আগমন হয় না গতিকেই ৬ টার পূর্ব্বে যাইয়াও থাকেন না। উভয়ের হস্তে কালেক্টরির কার্য্যভার থাকাতে কালেক্টরির আমলাদিগের বড় কষ্ট হইতেছে। বাস্তবিক ১০ টার সময় যাইয়া ৬ টার সময় আসা কষ্টের ব্যাপারই বটে। আমরা অনুরোধ করি বড় কর্ত্তা আ
পরিত্যাগ করিয়া লোকের ক্লেশনিবারণ
কেবল লোকের কষ্ট দূর নয়, নিজেও অ
সময় কৈফিয়ত তলব হইতে বাঁচিতে পরি
অনেক বিচারপতিরই কার্য্যের এই গতি।
লের মহোদয়েরা কে কি করেন তাহারত
তত্ত্ব লয় না; এরূপ না হইবে কেন?

১০ ই জ্যৈষ্ঠ শুক্রবার।

ইংলণ্ডের কতকগুলি স্ত্রীলোক এক
করিয়া যাহাতে স্ত্রীলোকেরা মহাসভায় প্র
করিবার স্বত্ব পান, সেই চেষ্টা ও তদর্থ বহু
করিতেছেন। বিখ্যাত বক্তা জন ব্রাইটের
এই সভার এক জন প্রধান উদ্যোগী। জন
য়ার্ট মিল ও অধ্যাপক ফসেট ইহাদিগের স
য়তা করিতেছেন। যখন একজন স্ত্রীলো
রাজপদ পাইয়াছেন, তখন অপর স্ত্রীলে
তাঁহার মন্ত্রিত্ব লাভের চেষ্টা না করিবেন কে
আমাদিগের দেশের পুরুষেরা দেখুন।

সর রবার্ট নেপিয়র এই বলিয়া আ
নিয়ার যুদ্ধার্থ গত সৈনিক দলের উৎসাহ
করিয়াছেন যে অন্য কোন সৈন্যদল
তাহাদিগের অপেক্ষা অধিকতর মহৎ উ
শ সাধনার্থ যুদ্ধ করিতে গমন করেন ন
এই যুদ্ধ যথার্থই মানবমণ্ডলীর উপকারার্থ
য়াছে; কেননা যে কিছু ভারতবর্ষীয়দি
হইল। যাইবার কথা নাই, অথচ তাহাদি
৫০ লক্ষ টাকা গেল।

কালুরাম নামক যে ব্যক্তি পঞ্জাব ব্যা
তহবিল তছরূপ করে, তাহার সাত বৎসর ি
ও ১৫০০০ টাকা জরিমানা হইয়াছে। জ
মানা আদায় হইলে ১২০০০ টাকা ব্যা
দেওয়া হইবে।

ফ্রান্সিয়াদেশীয় আলবার্ট হেগাননামক
জন যুবক বৃহস্পতিবার কলিকাতায় মাজিষ্ট
নিকটে ইউরিডাইস জাহাজের কাপ্তেন বে
সের নামে এই বলিয়া নালীশ করেন, তিনি
রোপ হইতে ঐ জাহাজে আসিতেছিলেন। ঐ
সহিত তাঁহার স্ত্রী ও ঊনবিংশতিবর্ষীয়া ক
আইসেন। কোলস পথে বলপূর্ব্বক তাঁহার
নীর সতীত্ব নষ্ট করাতে ঐ স্ত্রীলোক সমুদ্রে
দিয়া প্রাণত্যাগ করিয়াছেন। ঐ কা
তাঁহারও জীবন নষ্ট করিবার চেষ্টা পাইয়া
গত কল্য মাজিষ্টেট বিচারারম্ভ করেন। ব
কারের নালীশ অগ্রাহ্য হইয়াছে বধ করি
ভয়প্রদর্শনের মকদ্দমাটী হইতেছে।
শীয় ইউরোপীয়েরা আমাদিগের বিচারপ্র
দেখিয়া যান এটী ভাল।

১১ ই বৈশাখ শনিবার।

ংলণ্ডের আদালতে প্রেততত্ত্বঘটিত এক
ঃ মকদ্দমা হইতেছে। বিবি লায়ন নামে
ীলোক স্বামীর প্রায় ১৫ লক্ষ টাকার
ত্তির অধিকারিণী ছন। স্ত্রী পুরুষে অতিশয়
ছিল। এই বৃদ্ধা স্বামীর বিয়োগ অবধি
শয় কষ্টে কালযাপন করিতেছিলেন। তাঁহার
(১৮৫৯) অব্দে প্রাণত্যাগ করিবার সময়ে
ছিলেন, " সাত বৎসরের পর তোমার
আমার পুনর্ব্বার সাক্ষাৎ হইবে। " বৃদ্ধা
াছিলেন ১৮৬৬ অব্দে তাঁহার মৃত্যু
, কিন্তু তাহা না হওয়াতে ডানিএল হোম
এক প্রেততত্ত্ববিদের পরামর্শ গ্রহণ করেন।
তৎক্ষণাৎ তাঁহার স্বামীর প্রেতকে
ন করিল। প্রেত বলিল, " জেন আমি
াকে ভাল বাসি, এক দণ্ডও তোমা ছাড়া
" জেন স্বর্গ হাত বাড়াইয়া পাইলেন।
ার রে কিছু দিন সাক্ষাৎকারের পর প্রেত
, " জেন! ডানএল আমার পুত্র,
উহাকে দত্তক গ্রহণ কর। " জেন তাহা
। প্রায় ছয় লক্ষ টাকার সম্পত্তি এই প্রেত
ংকে লিখিয়া দিয়াছেন। এক্ষণে ঐ
র পুত্রতা জানিতে পারিয়া এসকল সম্প
পুনঃপ্রাপ্তির জন্য নালীশ করিয়াছেন। যত
চ সম্ভোগ মধ্যে এব্যক্তি কাজের লোক
।

ডর্নিষ্ট রেজিষ্টারগণ যখন মফস্বলে গমন
বন, তখন তাঁহাদিগকে প্রতি মাহলে আট
অথবা এক দিবসে ৫ টাকা পারিতোষিক দেওয়া
।

রতবর্ষীয় সভা পূর্ব্ববাঙ্গালা রেলওয়ের
নার কারণানুসন্ধানার্থ এক কমিসন
করিবার প্রার্থনা করেন। বঙ্গালাদেশীয়
নাট গবর্ণর তাহার যে উত্তরদান করিয়া
তাহা পাঠ করিয়া আমরা অতিশয় দুঃখিত
ম। এ বারে আমরা সেই পত্রখানি
গণের গোচর করিতে পারিলাম না।
ম পাসেঞ্জারসোসাইটী এ বিষয়ে কতদূর
" আমাদিগের তাহা জানিবার
উঠিলেন।
হইতেছে।
লোখত মূল্যে গবর্ণমেণ্টের কা
ত হইতেছে:—

কার বিক্রী	৯২৲০—৯২৷৵০
৯ কোম্পানির	৯২৷৷৵০—৯২৸৵০
৯ পবলিকওয়ার্ক	১০৫৵০—১০৫৷৷০
৯ কোং	১০৮৷৷০—১০৮৸০
৯ ৫ পার	১১৩৷৷০—১১৩৸০

ইউরোপীয় সমাচার

লণ্ডন ৭ ই মে। আয়ারলণ্ডের ধর্ম্মের সহিত গবর্ণমেণ্টের সংস্রব রহিত করিবার প্রস্তাবের প্রতিবাদ করিবার নিমিত্ত কাটরবরির আর্কবি শপের সভাপতিত্বে সেণ্ট জেমস্ হালে এক বৃহৎ সভা হইয়া গিয়াছে। সম্রাট্ নেপলিয়ন ১৪০০০ ফরাশী সৈনিককে স্ব স্ব গৃহে যাইবার নিমিত্ত বিদায় দিয়াছেন।

৮ই মে। গত রাত্রিতে হাউস অব কমন্সে আয়ারলণ্ডের ধর্ম্মসম্প্রদায়সংক্রান্ত শেষ প্রস্তাবটী বিনা মতভেদে গ্রাহ্য হইয়াছে। মন্ত্রিগণ বলিয়াছেন, এই প্রস্তাবকে মূল করিয়া যে বিল হইবে, তাহার ঘোরতর প্রতিবন্ধকতা করা তাঁহাদিগের অভিপ্রেত। পরস্পরের প্রতি ঘোরতর আক্রোশপরিপূর্ণ তর্কের পর রিচিয়ম ডোনম নামক গবর্ণমেণ্টের দান ও মেনুথের ভূমিদান রহিত করিবার প্রস্তাব গ্রাহ্য হইয়াছে।

আয়ারলণ্ডীয় রিচিয়ম বিল দ্বিতীয় বার পঠিত হইয়াছে।

ফেনিয়ান নগেল মুক্ত হইয়াছে।

৯ ই মে। গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়াছেন, রেজিমেণ্টের ফিল্ড আফিসরের নীচের পদে যেসকল সৈনিক আছেন, তাঁহারা যদি এক বৎসর ইংলণ্ডে ও এক বৎসর ভারতবর্ষে কাজ করেন, ষ্টাফ কোরে প্রবেশ করিতে পারিবেন না।

এরূপ জনশ্রুতি যেসকল ভারতবর্ষীয় আফিসর এক্ষণে বিদায় লইয়া ইংলণ্ডে আছেন, তাঁহারা নূতন বিদায়ের নিয়মের ফলভোগ করিতে পারিবেন।

গত কল্য হাউস অব কমন্সে আয়ারটন সাহেব বোম্বাই ব্যাঙ্কের নূতন বন্দোবস্তঘটিত লাবতীয় পত্র অর্পণ করিবার প্রস্তাব করিয়া ব্যাঙ্কের নূতন কার্য্যপ্রণালীর প্রতি বিশেষ দোষারোপ করিয়াছেন। সর ষ্টাফোর্ড নর্থকোট প্রত্যুত্তরে বলিলেন, তিনি বোম্বাইয়ের শাসনকর্ত্তাকে গবর্ণমেণ্টের সহিত প্রেসিডেন্সি ব্যাঙ্কসমূহের সম্পর্ক পূর্ব্বে স্থির করিয়া অংশ লইবার আজ্ঞা দিয়াছেন।

বোম্বাই ব্যাঙ্কের অনুসন্ধানকারী কমিসনের সভাপতি সর চার্লস জাকসন ৪ ঠা মে ইংলণ্ড ত্যাগ করিয়াছেন।

১৬ ই মে। ইংলণ্ড হইতে ২৪ এ এপ্রেল যে মেইল ছাড়িয়াছে, ক্রমক্রমে তন্মধ্যে গবর্ণমেণ্টের পত্রসকল প্রেরিত হয় নাই।

আবিসিনিয়া হইতে আগত।

বোম্বাই ১৭ই মে। ১৭ ই এপ্রেল ব্রিটিশ সৈন্য গণ মাগদালা ত্যাগ করিয়াছে, তাহারা নগর দাহ করিয়াছে। ২৮ এ তাহারা টাকা পৌঁছে। সাবতীয় সৈন্য ১০ এ জুনপর্য্যন্ত দেশ ত্যাগ করিবে। সৈন্যগণ যেপ্রকার বী কারে রাজ্ঞীর আজ্ঞা পালন করিয়াছে, তা তাহাদিগকে প্রশংসা করিয়া সর রবার্ট য়র এক ঘোষণাপত্র প্রকাশ করিয়াছেন।

ডাক্তর ডিবল উদরাময়ে ও লেপ মার্গন বিকারে প্রাণত্যাগ করিয়াছেন। গণ সামান্যতঃ সুস্থ আছে। থিওডোরের পুত্রকে বিদ্যা শিক্ষার্থ বোম্বাইয়ে প্রেরণ হইতেছে।

লার্ড ক্রহামের মৃত্যুর সংবাদ প্রক হইয়াছে। ৭ ই মে বৃহস্পতিবার তিনি নগরে প্রাণত্যাগ করিয়াছেন।

হত্যা হইবার সময়ে বারেট নামক ফেনি স্থানান্তরে থাকিবার যে কথা কহে, তাহা কি না এটী যত দিন না অনুসন্ধানদ্বারা স্থি তত দিন তাহার যথার্থী স্থগিত রাহল।

সম্রাট নেপলিয়ন অলিয়ন্সে শান্তি এক বক্তৃতা করিয়াছেন।

৯ ই মে। ওয়াশিংটন হইতে টেলিগ্রাম য়াছে, মহাসভা আরকান নগরকে ইউনা ষ্টেটের একটী অন্তর্গত ভূখণ্ড বলিয়া করিয়াছেন।

হাউস অব কমন্সের অভিনন্দনের প্রত্যু রাজ্ঞী বলিয়াছেন, মহাসভা বিবেচনা সকল কাজ করেন সে বিষয়ে তাঁহার বিশ্বাস আছে। ইংলণ্ড ও আয়ারলণ্ডের সম্প্রদায়ে তাঁহার যে সাধুসম্বন্ধ আছে, অনুরোধে যেন এ বিষয়ের তর্কের ত্রুটি না

১৩ ই মে রাত্রিতে গ্লাডষ্টোন সাহেব ব লণ্ডের ধর্ম্মসম্প্রদায়ঘটিত বিল অর্পণ করি গ্লাডষ্টোন ধর্ম্মবিষয়ে অতিশয় গোলযোগ ও য়তবহ্নি হইয়াছে।

উৎকল ও বিহারের জলসেচনার্থ খ নিমিত্ত ভারতবর্ষীয় জলসেচনী সভা এক টাকা মূল ধন সংগ্রহের বিজ্ঞাপন দিয়াছেন

লিডসের বাইকার হিয়ারফোর্ডের হইয়াছেন।

মন্ত্রিগণ ও আয়লণ্ডের ধর্ম্মসম্প্রদায়ের বি ট্রাফলগার স্কোয়ারে এক সভা হই ইংলণ্ডেশ্বরী স্বয়ং নূতন সেণ্টমাস হাঁস লের মূল প্রস্তর স্থাপন করিয়াছেন।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

লেপ্টনেণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

২ ই মে। এচ, করিফ সাহেব জামালপুরের ন মিউসিপাল কমিসনর হইবেন।

ত দিন মৌলবী দিলদার হোসেন বিদায় অনুপস্থিত থাকিবেন, তত দিন ডেপুটি ষ্টেট ও ডেপুটি কালেক্টর ডবলিউ, জি, সাহেব আড়ারিয়া উপবিভাগের ভার প্রথম শ্রেণির মাজিষ্টেটের ও সেসিয়নে করিবার মকদমার প্রথম বিচার করিবার পাইবেন।

৩ ই মে। সিংহভূমের ডেপুটি কমিসনর ডবলিউ, এচ, হেস তথায় ও কটকের মহলের অন্তর্গত কিয়ঞ্জড়ে মাজিষ্টেট ষ্টর ও অধঃস্থ জজের ক্ষমতা পাইবেন। ড়ে তাঁহাকে করদ মহলের তত্ত্বাবধায়কের ধীন হইয়া কাজ করিতে হইবে।

ই মে। সৈদ আলি কুলি খাঁ মোজফরপুর ভাঙ্গায় বিশেষ সব রেজিষ্টার হইবেন।

জসাহির থাকবস্তের ডেপুটি কালেক্টর জোন্স সাহেব ১৮৫৭ অব্দের ৯ আইন রে ঢাকার ডেপুটি কালেক্টরের ক্ষমতা বন।

ত দিন বাবু রাধাকান্ত বড়ুয়া বিদায় লইয়া স্থিত থাকিবেন, তত দিন বাবু দ্বারকানাথ আসামের অন্তর্গত তেজপুরের প্রতি মুন্সেফ হইবেন।

হকারী মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর ডব বি, ওল্‌ডহাম সাহেব মেহেরপুর উপবি র ভার পাইয়া প্রথম শ্রেণির অধীন মাজি ও ডেপুটি কালেক্টরের এবং প্রধানতম ালয়ে অথবা সেসিয়নে অর্পণ করিবার মার প্রথম বিচার করিবার ক্ষমতা বন।

৩ ই মের গেজেটে বাবু দিননাথ র নিয়োগের যে বিজ্ঞাপন হয় তাহা ারা রহিত করা গেল।

ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর আনন্দচন্দ্র সেন কেন্দ্রাপাড়া উপবিভাগের পাইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্টেটের সিয়নে সমর্পণ করিবার মকদ্দমার প্রথম করিবার ক্ষমতা পাইবেন।

াপ্তেন সি, বি, তার গলস পদত্যাগ ত রিচার্ড পামার জেঙ্কিন্স সাহেব বিহারের অশ্বারোহী রাইফল দলের ব্রিহুতের পলটনের কাপ্তেন হইবেন।

কাপ্তেন আর, এম, স্কিনার পদত্যাগ করাতে ফ্রেডরিক, মিটুন হেলেডে সাহেব বিহারের অশ্বারোহী রাইফলদলে সাহরণের পল্টনের কাপ্তেন হইবেন।

যত দিন মৌলবী আলিহোসেন বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন? তত দিন ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর মৌলবী মহম্মদ ইশাক বাউসি উপবিভাগের ভার পাইয়া সেসিয়নে অর্পণ করিবার মকদমার প্রথম বিচার করিতে পারিবেন।

১৬ ই মে। নিম্নলিখিত ভদ্র লোকেরা মেদিনীপুরের সাধারণ বিদ্যাশিক্ষা সভার সভ্য হইবেন।

মেজর জে, ডি, সোয়ন।
লেপ্টনণ্ট আর, জি, স্মিথ।
টি, মার্টিন সাহেব।
এফ, আডমস।
এচ, জে, এস, বটল।
বাবু কৃষ্ণপ্রসাদ ঘোষ।
৯ ৯ যদুনাথ মল্লিক।

জি, গ্রাণ্ট সাহেব তেজপুরের সাধারণ বিদ্যা শিক্ষা সভার সম্পাদক হইবেন।

ডি, লেসি সাহেব পুরীর সাধারণ বিদ্যা শিক্ষা সভার এক জন সভ্য হইবেন।

জি, টইনবি সাহেব পুরীর সাধারণ বিদ্যা শিক্ষা সভার সম্পাদক হইবেন।

যত দিন এচ, এস, টমসন সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন এস, ডাক ষ্টা সাহেব বাখরগঞ্জের ছোট আদালতের প্রতিনিধি জজ হইয়া অধঃস্থজজের ক্ষমতা পাই বেন।

১৮ ই মে। ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর বাবু যদুনাথ বসু বি, এ, পাটনায় স্থিত হইয়া মাজিষ্টেটের ক্ষমতচালন করি বেন।

যত দিন এ ডবলিউ, কসারাট সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন মুরসিদা বাদের ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর বাবু কালীচরণ ঘোষ জঙ্গীপুর উপবিভাগের ভার পাইবেন।

বাবু রামদুলভ দাস চাকার অন্তর্গত ভুরসট পুরের মুন্সেফ হইবেন।

বাবু প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় বি, এল, বাঁকুড়ার অন্তর্গত রাধানগরের প্রতিনিধি হই বেন।

বাবু রাজকৃষ্ণ সেন দিনাজপুরের অ মালদহের প্রতিনিধি মুন্সেফ হইবেন।

১৯ এ মে। জেমস আগাসন সাহেব ২ গণার সহকারী মাজিষ্টেট ও কালেক্টর হই

নিম্নলিখিত ভদ্র লোকেরা কিছু কাল বিশেষ ডেপুটি কালেক্টরের কাজ করিতেছি এক্ষণে তাঁহাদিগকে স্থায়িরূপে নিযুক্ত কার্য্যের ষষ্ঠ শ্রেণিতে নিযুক্ত করা গেল

বাবু যদুনাথ বন্দ্যোপাধ্যায়। ইনি ভার জলপেচক কোম্পানির নিমিত্ত অবধি বেলঘাই পর্য্যন্ত এক রাস্তা ক কারণ ভূমি লইতেছিলেন।

বাবু কৈলাশচন্দ্র ঘোষ। ইনি কটকে করিবার সভার অধীনে ছিলেন।

বাবু অতুলচরণ মল্লিক। ইনি সাহার দেয়াড়াতে নিযুক্ত ছিলেন।

—:০:—

আমাদিগের কোরহাটিস্থ সং দাতা লিখিয়াছেন:—

১। অবগতি হইল, কুমারিয়ার নৌকায় (ফেরীবোটে) গবর্ণমেণ্ট.মহ পয়সা ভিন্ন আর কিছু না পাইলে ম পথিকদিগকে পার করিতে চাহেন না। এই মাত্র নয় কর্ত্তৃপক্ষের নির্দ্ধারিত লোক অতিক্রম করিয়া সময়ে সময়ে অধিক নৌকায় তুলে এবং ঝড় ও বৃষ্টির সময়ে করে। অধিকসংখ্যক পথিক একত্রিত না তাহারা উপস্থিত পথিকদিগকে পার ব সম্মত হয় না, অনেক বিলম্ব করিয়া ত গকে অনেক ক্ষতি ও বিপদগ্রস্ত করিয়া থ কুমারিয়া একটি চর, এ স্থলে রাত্রি উ হইলে পথিকগণ কোথাও থাকিবার স্থান না। চতুর্দ্দিগ নদীতে বেষ্টিত, দস্যু তস্কর বিলক্ষণ প্রাদুর্ভাব, সুতরাং আচরণ কি ফেরীবোটের মাঝীদিগের ক ইহাকি নিতান্ত খেদাবহ ব্যাপার নহে? এ কর্ত্তৃপক্ষ মনোযোগী হন, একান্ত প্রার্থ শ্রীনগর ষ্টেসনের পুলিষকর্ম্মচারীদিগে অন্তরায় নিরসনপক্ষে ... ক যত্নবান নিতান্ত ... বশ্যক।

২। ইতিপূর্ব্বে গবর্ণমেণ্ট আদেশ ক লেন, প্রজাগণ কখনও অস্ত্র ব্যবহার এবং বারুদের ব্যবসায় করিতে পারিবে না কখন কেহ বন্দুক কিম্বা অস্ত্রান্তর ব্যবহার তাহা হইলে স্থানীয় কর্ত্তৃপক্ষীয়গণ তাহা নিকট হইতে তাহা অবিলম্বে কাড়িয়া পারিবেন। আবার শুনিলাম, অতিশয় ক

—১০৯—

...াধপরতন্ত্র হইয়া গবর্ণমেণ্ট উক্ত আদেশ ...করিয়া, যথারীতি পাশ এবং করিয়া বন্দুক ...ব্যবহার করিতে পারিবে, এই আজ্ঞা প্রচার ...দেন। কিন্তু বিস্ময়ের বিষয় এই যে ...ত পুলিষ কর্ম্মচারীরা যাহারা লাইসেন্স ...লইয়া বন্দুক ব্যবহার করিতেছে, ...দিগের হস্ত হইতেও তৎসমুদায় বলপূর্ব্বক ...লইতেছেন। ইহার কারণ কি? গবর্ণ ...কি পূর্ব্বোক্ত আদেশ পরিবর্ত্তিত করিলেন। ...এ একটা দ্বিতীয় আদেশ প্রচার করেন। ...করা কর্ত্তব্য।

...এরূপ ক্ষমতার যে, ঢাকা ছোট আদালত ...র জজ বাবু প্রসন্নকুমার দত্ত মহাশয় স্বীয় ...স্থান জৈনসার গ্রামে একটী মুদ্রা যন্ত্র (প্রেস) ...স্থাপন করিবেন। ইহা হইলে বিক্রমপুরের বিল ...উন্নতি সংসাধিত হইবে সন্দেহ নাই। অভয় ...সম্প্রতি সাধারণ হিতকর অনেক কার্য্যে ...য় করিতেছেন। পল্লীবাসীরা পত্রিকা ...অনাময় প্রদান। অভয় বাবুর উদ্যোগে ...র গ্রামে বিদ্যালয়, চিকিৎসালয়, পোষ্ট ...প্রভৃতি মঙ্গলকর কার্য্যালয় সংস্থাপিত ...ছে। সম্প্রতি উক্ত মহাত্মা বিক্রমপুরের বড় ...র সহিত যোগ দিয়া ইঞ্জিনারপর্য্যন্ত ...পথ নির্ম্মাণার্থ চাকার কমিসনরদ্বারা ...ট প্রস্তাব উত্থাপন করেন। দয়াবান ...তে তদনুসারে ২০০০ দুই সহস্র টাকা ...দিয়াছেন। এতদ্ভিন্ন আর অনেক ব্যয় হইবেক ...বাবু ...হইতে তৎসমুদায় প্রদান ...বেন। এরূপ যোগ্য ব্যক্তি আরো অনেক হউন ...জের কর্ত্তা দেখিতেছেন। প্রার্থনা করি ...ন্ত অচিরে কার্য্যে পরিণত হইবে। ...পুরস্থ অন্যান্য জজ ও মহোদয়গণ যদি ...বাবুর অনুসরণ করেন, তাহা হইলে অল্প ...মধ্যেই বিক্রমপুর বিলক্ষণ উন্নত হয় ...হ নাই।

—:০:—

আমাদিগের গোয়ালিয়ারস্থ সংবাদ-...লিখিয়াছেন।

১। গত ২৭ এ বৈশাখ শুক্রবার আমা... সভাগৃহে আবিসিনিয়ার যুদ্ধে জয়নিব... অভিনন্দনার্থ একটী সভা হয়। আপনার ...বর্গের সৌষ্ঠবজন্য তাহার বিবরণটী ...রূপে নিম্নে লিখিত হইতেছে। প্রথমতঃ ...ন্য রাজপথের দুই পার্শ্ব বহু দূর ব্যাপিয়া ...হুর আলোকমালায় সজ্জীভূত হইয়াছিল।

সভামণ্ডপের সম্মুখে তোরণদ্বার প্রস্তুত করিয়া তাহার উপরে বৃহৎ বৃহৎ অক্ষরে "মহারাণী চিরজীবিনী হউন" মহোদয়গণের সর্ব্বাঙ্গীন কুশল হউক" ইত্যাদি লিখিত হইয়াছিল। রাত্রি নয় ঘটিকার সময় সভাস্থ মনোহর ভাব ধারণ করিল। পলেটিকেল এজেণ্ট কর্ণেল সাণ্ডয়ার, এক্ষণকার অস্ত্রত্য সৈন্যগণের অধ্যক্ষ কর্ণেল ডিলেমেনপ্রভৃতি সর্ব্বশুদ্ধ প্রায় ৩০ জন সাহেব, অস্ত্রত্য প্রধান প্রধান হিন্দুস্থানী ও মহারাষ্ট্রীয় ও অস্ত্রত্য সমস্ত বাঙ্গালী উপস্থিত হইয়াছিলেন। স্থানাভাবে রাজপথের ও বারাণ্ডার চতুর্দ্দিক লোকপরিপূর্ণ হইল। সকলে স্ব স্ব আসনে উপবেশন করিলে পর, কর্ণেল সাণ্ডয়ার সাহেবকে সভাপতির পদে বরণ করা হইল এবং নবীন বাবু দণ্ডায়মান হইয়া প্রথমতঃ ইংরাজ মহোদয়দিগকে ধন্যবাদ করিলেন, তৎপরে সংক্ষেপে অথচ হৃদয়গ্রাহিরূপে আবিসিনিয়ার যুদ্ধের উদ্দেশ্য ও ফল এবং তজ্জন্য আমাদের আনন্দ প্রকাশ এবং ব্রিটিশ রাজ্যের স্থায়িত্ব ও মঙ্গল প্রার্থনাপ্রভৃতি ব্যক্ত করিয়া উর্দ্দু ভাষাতে আবার হিন্দুস্থানীদিগকে সভার উদ্দেশ্য বুঝাইয়া দিলেন। তৎপরে ওভরসিয়ার শ্রীযুক্ত বাবু যদুনাথ চৌধুরী মহাশয় উর্দ্দু ভাষাতে আবিসিনিয়া দেশের বিবরণ, ইতিহাস, সম্রাট থিওডোর কি কারণে ইংলণ্ডীয় ভ্রমণকারীদিগকে কারারুদ্ধ করিয়াছিলেন, বর্ত্তমান যুদ্ধের উদ্দেশ্য ও ফল কি এবং এই যুদ্ধে ইংরাজদের বিপক্ষ রাজারা কি শিক্ষা পাইলেন এবং আমাদের ইংলণ্ডেশ্বরীর প্রতি কিরূপ রাজভক্তি ও ব্রিটিশ রাজ্যের প্রতি কিপ্রকার আসক্তি ইত্যাদি বিষয় সংক্ষেপে বর্ণন করিয়া উপস্থিত মহোদয়দিগকে সন্তুষ্ট করিলেন। অবশেষে নবীন বাবু মহারাণীর, সর রবার্ট নেপিয়রের ও এই যুদ্ধের সৈন্যগণের শুভোদ্দেশে তিনটী "টোষ্ট" প্রস্তাব করিলেন। কর্ণেল সাণ্ডয়ার সাহেব কহিলেন, এই যুদ্ধে আপনাদের কোন স্বার্থ না থাকিলেও কেবল বন্দীদিগের মুক্তিসাধন ও ইংলণ্ডের সম্ভ্রমরক্ষা বুঝিয়া যে আপনারা এরূপ অভিনন্দন ও হৃদয়ের গম্ভীর কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন, তজ্জন্য আপনাদিগকে মনের সহিত ধন্যবাদ করি, আপনারা যতই স্বাধীনরূপে আপনাদের রাজপুরুষদিগের অনুসরণ করিবেন, ততই আমরা আপনাদিগকে ভ্রাতার ন্যায় আলিঙ্গন করিব।"

২। গত ২৮ এ বৈশাখ প্রাতঃকালে অস্ত্রত্য মহারাজ আবিসিনিয়ার যুদ্ধে জয়লাভহেতু অভিনন্দনপ্রকাশজন্য অতিসমারোহে তাঁহার ফুলবাগে একটী দরবার করিয়াছিলেন সময়ে অস্ত্রত্য অনেক ইংরাজ তথায় উপ... হইয়াছিলেন এবং চা পান করিয়া ...প্রকাশ করিয়াছিলেন।

৩। এখানে দিন দিন গ্রীষ্মের অসহ্য প্রাদুর্ভূত হইতেছে। একে সূর্য্যের খরতর ...অগ্নিকল্পবৎ, তাহাতে গিরি ও গৃহসব... প্রস্তর অগ্নিবৎ উত্তপ্ত হয়। এই সময়ে ... যখন বায়ু প্রবাহিত হইতে থাকে, তখন ... জীবের সাধ্য যে গৃহের বাহির হয়। কোন ... দিন এমন হয় যে, রাত্রি দ্বিপ্রহরপর্য্যন্ত ... বায়ু বহিতে থাকে। এই বায়ুকে এ দেশের ... "লু" কহে। অল্প দিনের মধ্যে সি... গীতে ও সূর্য্যোত্তাপে দগ্ধ হইয়া ... ব্যক্তি মৃত্যুমুখে পতিত হইয়াছে। আর... কত লোকের মৃত্যু হইবার সম্ভাবনা ... বলা যায় না। দীন হীন দরিদ্র লোকের ... সময়ে বড় কষ্ট।

গোয়ালিয়ারের মহারাজের রাজধানীর কেবল সেনানিবেশের শৃঙ্খলা ও পারিপাট্য স্বরূপে লক্ষিত হয়, নগরমধ্যে মিউনিসি... টির তাদৃশ নিয়ম নাই। আমরা এক দিন ... গলির ভিতরে যাইয়া যেরূপ কষ্ট পাই... তাহা বলিতে পারি না। উক্ত গলিকে ... লোক নরক বলিলেও অত্যুক্তি হয় না।

আমাদের এক প্রিয় বন্ধু (যিনি মহার... কার্য্যপ্রণালী অনেক পর্য্যবেক্ষণ ক... কহিলেন যে, কর্ম্মচারীদিগের মধ্যে অধিকা... তাদৃশ উদার ভাব বিচক্ষণতা ও বিচার ... নাই। এই মহারাজ জয়পুরের মহারাজের ... যদি সুশিক্ষিত বিচক্ষণ বাঙ্গালী ক... রাখেন, তাহা হইলে বোধ হয় রা... অনেক উন্নত হইতে পারে। শুনি... প্রধান প্রধান কর্ম্মচারীদিগের মন্ত্রণায় ... বাঙ্গালীকে নিযুক্ত করা হয় না। ম... নিজে যদিও তাদৃশ বিদ্বান ও বহুদর্শী ন... কিন্তু বিজ্ঞতা ধর্ম্মনিষ্ঠা ও অন্যান্য ... সদ্গুণে বিভূষিত। কিন্তু রাজাদিগের নগে... হাবনা, ব্রাহ্মণসেবা, দানকার্য্যপ্রভৃতি যে... কার্য্যের গৌরব শ্রবণ করা যায়, উহার... সকল কার্য্যের অনেকগুলিতে উৎসাহ আ...

—:০:—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্প...
মহাশয় সমীপেষু।

মহাশয়! যেমন অসংখ্য তারকাপুঞ্জ ... মণ্ডলে বিরাজিত থাকিতেও একমাত্র শ... অভাবে চতুর্দ্দিক অন্ধকারময় হয়, সেই...

—১১০—

দীঘীস্থ বাবু সারদাপ্রসাদ রায় মহোদয়ের কান্তরগমনে আমাদের এ অঞ্চল অধিক খ্য লম্বোদর বাবু বিদ্যমান থাকিতেও এক ন শূন্যপ্রায় হইয়াছে। যদিও আমরা কালের জন্য তাঁহার সৌম্যমূর্ত্তিদর্শনে ত হইলাম; কিন্তু তিনি যেসকল কীর্ত্তিস্তম্ভ য়া গিয়াছেন, তাহাতে তিনি যে আমাদের ন্দির হইতে কখন অন্তর্হিত হইবেন, এরূপ হয় না। বিশেষ দুঃখের বিষয় এই যে র সন্তানাদি নাই। তাঁহার ভাগিনেয় তমোহন রায় (যাঁহাকে তিনি পুত্ররূপে ন পালন করিতেন), উইল অনুসারে সমস্ত য়ের উত্তরাধিকারী হইবেন। ললিতমোহনের ক্রম ন্যূনাধিক দ্বাদশ বৎসর। এই সময় দি তাঁহার বিদ্যোন্নতি ও ধর্ম্মোন্নতিবিষয়ে স বিধান করা কর্ত্তব্য। যে শিক্ষকের উপরে র শিক্ষাভার নিক্ষিপ্ত হইবে, অগ্রে তাঁহার ত্রতা বিশেষরূপে পরীক্ষা করা উচিত। য় ইতেছে, মৃত বাবুর সহধর্ম্মিণী, অতি তী ও গুণবতী এবং যাহাতে তাঁহার য় স্বামীর কীর্ত্তিকলাপ সুরক্ষিত হয়, তদ্বি- বিশেষ যত্নবতী হইয়াছেন। আমরা শুনিয়া াদিত হইলাম, তাঁহার ভ্রাতুষ্পুত্র শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ রায়ের উপর জমীদারী পর্য্য ণের ভার ন্যস্ত হইয়াছে। যোগেন্দ্র বাবুকে বিশেষরূপে জানি, তিনি যে প্রকার প্রশস্ত শান্তপ্রকৃতি এবং দয়ালুস্বভাব, তাহাতে র তত্ত্বাবধানকালে প্রজাগণ যে অপেক্ষা- সচ্ছন্দে কালযাপন করিবে, তাহাতে অণু সন্দেহ নাই। সত্য কথা কহিতে হইলে র করিতে হইবে, যে তত্ত্বাবধানদোষেই আর অন্য কোন কারণেই হউক, সারদা জমীদারির মধ্যে বিলক্ষণ প্রজাপীড়ন থাকে। যোগেন্দ্র বাবু যদিও বুদ্ধিমান শিক্ষিত হইয়াছেন, কিন্তু তিনি শ্রমকাতর বিষয়কার্য্যে অনভিজ্ঞ; সুতরাং তাঁহাকে বিস্তৃত জমীদারি দেখিতে হইলে কর্ম্মচারী র উপর পদে পদে নির্ভর করিতে হইবে; সেকেলে সেহাখতে স্বার্থপর, ধর্ম্মজ্ঞান- অল্পবেতনভুক আমলাদিগের উপরে করিতে হইলে বরং পূর্ব্বাপেক্ষা অধিক চার হইবার সম্ভাবনা। অতএব জমিদারির লা, প্রজাবর্গের প্রতি অত্যাচারনিবারণ সরকারী ক্ষতিনিবারণকল্পে আমরা এই করিতেছি যে, পর্য্যাপ্ত বেতনে এক জন ত্র কৃতবিদ্যকে নিযুক্ত করা উচিত। তিনি রিসংক্রান্ত সকল বিষয়ে যোগেন্দ্র বাবুর সহকারিতা করিবেন। বিদ্যাসাগর মহাশয়ের নিকট এইপ্রকার লোক অনায়াসেই পাওয়া যাইতে পারে।

১৮৫৬ খৃঃ অব্দের এপ্রেল মাসে চকদীঘীস্থ গবর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয়টী স্থাপিত হইয়াছে। ইহাতে যদিও চকদীঘীর অন্যান্য বাবুরা সাহায্য করেন, কিন্তু একমাত্র সারদা বাবুর যত্নাতিশয়েই যে বিদ্যালয়টী প্রতিষ্ঠিত হয়, ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে। রীতিমত তত্ত্বাবধানবিরহে বিদ্যালয়টী যে আশানুরূপ ফল প্রদান করিতে পারে নাই, ইহা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষোত্তীর্ণ ছাত্রসংখ্যার গণনা করিলেই বুঝিতে পারা যায়। অর্থের অনাটনই পল্লীগ্রামস্থ অধিকাংশ বিদ্যালয়ের হীনাবস্থার প্রধান কারণ; কিন্তু চকদীঘীর ইস্কুলের সে অনটন কখনই হয় নাই। বাবু সীতানাথ মুখোপাধ্যায়, বাবু চারুচন্দ্র চট্টোপাধ্যায় এবং উপস্থিত প্রধান শিক্ষক বাবু ক্ষেত্রমোহন সেনের সময়ভিন্ন বিদ্যালয়টীর কখন উন্নত অবস্থা হয় নাই। আমরা প্রামাণিক লোক মুখে শুনিলাম, মৃত বাবুর গুণবতী ভার্য্যা স্কুল টীকে এককালে (ফ্রী) অবৈতনিক করিবার ইচ্ছা করিয়াছেন; অর্থাৎ গবর্ণমেণ্টের সাহায্য, অন্যান্য অংশীদারের অংশ এবং ছাত্রদেয় বেতন পরিত্যাগ করিয়া সমস্ত ব্যয়ভার আপনি বহন করিবার সঙ্কল্প করিয়াছেন। ইহাতে তাঁহার সদাশয়তার সবিশেষ পরিচয় পাওয়া যাইতেছে বটে; কিন্তু এ প্রস্তাবে আমরা অনুমোদন করিতে পারিলাম না। গবর্ণমেণ্ট সাহায্য পরিত্যাগ করিলে তত্ত্বাবধানের ব্যাঘাত ঘটিবে এবং পরিশেষে বিদ্যালয়টী জমীদারী আসবাবস্বরূপ হইয়া দাঁড়াইবে। তবে অন্যান্য অংশীদিগের অংশ এবং ছাত্রদিগের বেতন গ্রহণ না করেন, তাহাতে ক্ষতি নাই। কারণ আমাদের প্রদেশে অধিকাংশ লোকই নিঃস্ব; রীতিমত আপন আপন সন্তানের বেতন দিতে অক্ষম। বেতন না লইলে ছাত্রসংখ্যা বিপুল হইবারও সম্ভাবনা। শীঘ্র যাহাতে ডিস্পেন্সরির নিকটে একটী স্কুল গৃহ নির্ম্মিত হয়, তদ্বিষয়ে আমরা অনুরোধ করিতেছি।

চকদীঘীতে যে একটি ডিস্পেন্সরি আছে, ইহা অনেকেই অবগত আছেন। চিকিৎসক মহাশয় কিম্বা তাঁহার অধীন কর্ম্মচারীদের অনবধানতানিবন্ধন বা গবর্ণমেণ্টের ঔষধদানে কৃপণতা অথবা নিয়মের দোষেই হউক, মধ্যে মধ্যে উক্ত ডিস্পেন্সরির অনেক বিশৃঙ্খলার কথা শুনিতে পাওয়া যায়। পোষ্ট আফিসটীর কার্য্যও সম্পূর্ণরূপে সন্তোষজনক নহে। কারণ কখন কখন উপর্য্যুপরি ৪।৫ দিবসের প এক সময়ে পাওয়া যায়। মৃত বাবুর অনুসারে চকদীঘীতে একটী অতিথিশালা প্রতিষ্ঠিত হইবে। উহার প্রকৃত উদ্দেশ্য এবং কি প্রণালীতে উহার কার্য্য চলিবে, আমরা এ পর্য্যন্ত বিশেষরূপ অবগত আমাদের বিবেচনায় যাহারা বার্দ্ধক্য, অথবা ক্ষতাঙ্গতাপ্রযুক্ত পরিশ্রম করিয়া জী নির্ব্বাহ করিতে সম্পূর্ণরূপে অক্ষম, তাহা এবং অনাথ বালক বালিকাদিগকে (যা রক্ষণাবেক্ষণের কেহ নাই) আশ্রয় দেওয়া শক। আর যেসকল প্রতিবেশবাসিনী ভ কামিনীর পতি পুত্রপ্রভৃতি ভারণপোষ কেহ নাই অথচ যাঁহারা ভিক্ষাথিনী হইয়া দ্বারস্থ হইতে পারেন না, তাঁহাদের প্রকার বিধান করিতে পারিলেও ভাল হয় নিয়ম করিয়া দেওয়া উচিত যে, ঐ অনা অন্তঃপুরে সারদাবাবুর গৃহিণীর নিকটে আ করিবেন এবং তাঁহার নিকট হইতে সাহায্য হইবেন। বিদ্যালয়, ঔষধালয়, ডাকঘর সঙ্কল্পিত অনাথাশ্রমটী রীতিমত চলিয়া ত নুরূপ ইষ্ট ফল প্রসব করিয়া দেশের ও মঙ্গলসাধন করিতে থাকে, ইহাই আ একান্ত বাঞ্ছনীয়; কিন্তু নিয়মিত তত্ত্বা ব্যতিরেকে তাহা হইবার কোন সম্ভাবনা অতএব একটী স্থানীয় সভা করিয়া সভার তত্ত্বাবধানের ভার ন্যস্ত করা উচিত। ত যে নিয়মাবলী করিবেন, তদনুসারেই হইবে। আমরা নিম্নলিখিত ভদ্রলোকদি লইয়া সভা করিবার প্রস্তাব করিতেছি।

সভাপতি।
মান্যবর শ্রীযুক্ত পণ্ডিত
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

সহকারী সভাপতি।
শ্রীযুক্ত বাবু বেণীমাধব বসু
" দ্বারকানাথ মিত্র
" সদুপতি চট্টোপাধ্যায়
" " পরমানন্দ মুখোপাধ্যায়
" " শ্রীরাম ভট্টাচার্য্য
" " উমেশচন্দ্র মিত্র
" " কৃষ্ণলাল বিশ্বাস
" " দোলগোবিন্দ মিত্র
" " কালিদাস রায়
" " ছক্কোনলাল রায়

অবৈতনিক সম্পাদক
" " যোগেন্দ্রনাথ রায়।

সহকারী সম্পাদক
" " ক্ষেত্রনাথ সেন (প্রধান শিক্ষ

ভাগীরথীমৃত মহাত্মার একটী প্রস্তরময়ী স্থাপিত হয়, ইহাও আমাদের একান্ত

ঠা জ্যৈষ্ঠ)

বা-

১৭৫

—:০:—

প্রজাবর্গের অনিষ্টনিবারণজন্য কৃপালু ন্ট বিদ্যালয়সংস্থাপন করিয়া বিচারক নিযুক্ত করিয়াছেন। কিন্তু যাঁহাদিগের ও যাঁহাদিগের সাহায্যে সুবিচার হইবে, যদি নিজে অধার্ম্মিক হন, তাহা হইলে ই দুষ্টের দমন হয় না। অতএব অগ্রে দের ধার্ম্মিক হওয়া নিতান্ত আবশ্যক। ন অন্ধ যেরূপ অন্যকে পথপ্রদর্শন ত পারে না, সেইরূপ অধার্ম্মিকেরা অন্য র্ম্মিক লোককে ধর্ম্মপথে লইয়া যাইতে য় না। উকিল ও মোক্তার মহাশয়দিগের বিস্তারকার্য্যে অধিকতর নির্ভর ছে। তাঁহারা যখন আপন আপন মক্কে- পক্ষ লইয়া বক্তৃতা করেন, তখন নিজের লের দোষসত্ত্বেও ধর্ম্মের দিকে না তাকা- স্বপক্ষ সমর্থন জন্য পরস্পর বাদানু- করিয়া থাকেন। যদি উকীল ও মোক্তার ত্যাগ করিয়া মকদ্দমা এক কালে না করেন, তাহা হইলে তাঁহাদের ন যের কিছু লাঘব হয় বটে, কিন্তু ন্য বিদ্যালয়সংস্থাপন করা ও বিচার নিয়োগ করা সে উদ্দেশ্য সফল হইতে এবং ক্রমে লোকে মিথ্যা মকদ্দমা করিতে সাহসী হয় না। সুতরাং দুষ্টের দমন সহ- হইয়া উঠে। কিন্তু দেখা যায় যে, উকীল ার মহাশয়েরা নাস্তিক পাষণ্ডদিগের ন্যায় নের উদ্দেশ্য এককালে বিস্মৃত হইয়া র দাস হইয়া পরম পদার্থ ধর্ম্মকে বিসর্জ্জন যে সে মকদ্দমা গ্রহণপূর্ব্বক অর্থ উপার্জ্জন এবং বাহিরে আপনাদিগকে পরম ধার্ম্মিক ছ বলিয়া লোকের নিকটে পরিচয় দেন। প্রতি এই বহরমপুরে এইরূপ একটী র উপস্থিত। তাহা সাধারণের গোচর করি মানসে তাহার স্থূল বিবরণ নিম্নে প্রকাশ তেছি, পাঠক মহাশয়গণ উকীলদিগের অর্থ ভাব স্পষ্টই দেখিতে পাইবেন।

খানকার জাইণ্ট মাজিষ্ট্রেটের নিকট একটী াটের মকদ্দমা উপস্থিত। যিনি মুরিয়া- তিনি তাহার উকীলের নিকট স্বীকার াছেন এবং উকীল মহাশয় নিজেও স্পষ্টই ত পারিতেছেন যে বাস্তবিকই আমার

—:০:—

মক্কেল মারিয়াছে। তিনি বুঝিতে পারিয়াও আপনার মক্কেলের পক্ষসমর্থন করিতেছেন, অধিকন্তু যে মার খাইয়াছিল, তাহাকে শাস্তি দিবার জন্যও চেষ্টা পাইয়াছিলেন। এই কি উকীল মহাশয়দিগের ধর্ম্ম? এই কি তাঁহাদিগের ভদ্রতা? এই কি তাঁহাদিগের এত কাল পরিশ্রমের বিদ্যার ফল? অর্থপিশাচ হইয়া ধর্ম্মকে ও হিতাহিতজ্ঞানকে (কন্‌সেন্‌সকে) নষ্ট করা কি তাঁহাদিগের ন্যায় লোকের কর্ত্তব্য? যদি তাঁহাদিগের নিজের কর্ত্তব্যবোধ না হইল, তবে তাঁহারা কিরূপে অন্যকে কর্ত্তব্য বুঝাইবার চেষ্টা করেন? পূর্ব্বেই বলিয়াছি, অন্ধ কখন অন্ধকে লইয়া যাইতে পারে না। কোথায় উৎপীড়িত ব্যক্তিরা রাজার আশ্রয়গ্রহণ করিয়া শান্তিপ্রাপ্ত হইবে, না তাহারা অর্থপিশাচ উকীল মোক্তারদিগের জালে জড়িত হইয়া আরও বিপদে পতিত হয়। এক্ষণে উকীল ও মোক্তার মহাশয়দিগের নিকট আমার এই প্রার্থনা যে, তাঁহারা নিজে ধার্ম্মিক হইতে শিক্ষা করুন, তাহা হইলে প্রজাহিতৈষী গবর্ণমেণ্টের ও ধার্ম্মিক লোকদিগের উদ্দেশ্য সফল হইবে ও সেই সঙ্গে তাঁহাদেরও অর্থোপার্জ্জন হইতে পারিবে।

উপসংহারকালে গবর্ণমেণ্টসমীপে আমার নিবেদন এই যে, গবর্ণমেণ্ট যেমন উকীল ও মোক্তারদিগের বিদ্যা বুদ্ধির পরীক্ষা গ্রহণ করিয়া তাহাদিগকে ওকালতী ও মোক্তারি করিতে অনুমতি দিবেন, তেমনি তাঁহাদিগের সর্ব্বাপেক্ষা গুরুতর যে ধর্ম্ম এবং চরিত্র তাহার যেন পরীক্ষা করেন। নতুবা জ্ঞানবান অথচ নাস্তিক পাষণ্ড উকীল ও মোক্তারদিগের দ্বারা প্রজাবর্গের শান্তিলাভ দূরে থাকুক, বরং পাপের স্রোত অধিকতর প্রবাহিত হইতে থাকিবে।

বহরমপুর
১২৭৫
৩রা জ্যৈষ্ঠ
} এক জন পাঠক

—:০:—

ভবানীপুর লণ্ডন মিসনরি সোসাইটীর ইনষ্টিটিউসনের অধ্যক্ষ মান্যবর শ্রীযুক্ত রেবরেণ্ড জে, পি, আষ্টন সাহেব যেরূপ শারীরিক ও মানসিক পরিশ্রমসহকারে বিদ্যালয়ের উন্নতি সাধনে যত্নশীল হইয়াছেন, তাহাতে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, অত্যল্প কালের মধ্যে বিদ্যালয়টীর সবিশেষ উন্নতি হইয়া উঠিবে। তিনি ও আর কয়েকটী বিজ্ঞবর সুশিক্ষক এক্ষণে উপরিস্থ শ্রেণীগুলিতে সবিশেষ যত্নের সহিত অধ্যাপনা কার্য্য সম্পন্ন করিতেছেন।

বিদ্যালয়াধ্যক্ষ মহাশয় কেবল দিবসে ছাত্র

দিগকে বিদ্যাশি ১ দিয়া ক্ষান্ত থাকেন তিনি রজনীযোগে সময়ে সময়ে বি, এ, শ্রে ছাত্রদিগকে আপন আলয়ে আনাইয়া দূরবী যন্ত্রাদি দ্বারা চন্দ্রের ও নক্ষত্রগণের গতি প্রদর্শন করিয়া থাকেন। সম্পাদক মহা তিনি উচ্চশ্রেণীস্থ ছাত্রগণের বিদ্যাশিক্ষা যেরূপ পরিশ্রম স্বীকার করিতেছেন, লেখনীদ্বারা লিখিয়া শেষ করা যায় না। বিদ্যোৎসাহী পরোপকারী মহাত্মার কোন ত্রুটী দর্শন করিলে কোন্ ব্যক্তির হৃদয় পরিতাপিত না হয়? মহানুভব আষ্টন স বিদ্যালয়ের কালেজ ডিপার্টমেণ্টের ক শ্রেণীর উন্নতি জন্য বিশেষ যত্নশীল আ কিন্তু আক্ষেপের বিষয় এই, তিনি নিম্ন শিক্ষকগণের প্রতি দৃষ্টিপাত করিয়াও না। ঐ শিক্ষকগণের অতিশয় দুরবস্থা। দিগের অবকাশকাল ও বেতন অতি সম্পাদক মহাশয়! অল্প বেতনে কি কোন তর কার্য্য সাধিত হইতে পারে? শি কার্য্য বড় সহজ নহে। সমাজের উন্নতি নতি শিক্ষকদলের উপরে বিশেষরূপে পারে। অতএব শিক্ষকগণ যাহাতে সন্তুষ্ট থা প্রত্যেক বিদ্যালয়ের তত্ত্বাবধায়কের সে যত্নশীল হওয়া উচিত। এস্থলে আমার লি এই যে, মহামান্যবর আষ্টন সাহেব যখন বিদ্যালয়ের উন্নতির নিমিত্ত যত্নশীল হইয়াছেন, নিম্নশ্রেণীস্থ শিক্ষকগণের বেতনবৃদ্ধিপ্র প্রতি দৃষ্টিপাত করা তাঁহার একান্ত আবশ তাহা হইলে তাঁহারা কায়মনোবাক্যে স যত্নসহকারে অধ্যাপনাকার্য্য সম্পন্ন কর বিদ্যালয়েরও অধিকতর উন্নতি হইবে।

১৮৬৮।১০ই মে
} একান্ত ব

চক্রবেড় নি

—:০:—

সম্পাদক মহাশয়! আমি অনেক দিন এদেশ ওদেশ করিয়া ঘুরিয়া বেড়াইতে ভ্রমণ করিতে করিতে কত দেশে কত আশ্চর্য্য ব্যাপার অবলোকন করিলাম বর্দ্ধমান জেলার অন্তর্গত মালিকগঞ্জের হা এক অদ্ভুত কাণ্ড দেখিয়াছি তাহার কাছে লাগে না। তথায় দেশান্তর হইতে নানাবি সামগ্রী বিক্রয়ার্থ আনীত হইয়াছে। হাটের শোভাদর্শনার্থী হইয়া উভয় পার্শ্বস্থ শ্রেণীর মধ্যবর্ত্তী পথে ভ্রমণ করিতে লাগি তন্মধ্যে এক স্থানে লোকের জনতা দেখিয় ব্যক্তিকে জিজ্ঞাসা করিলাম, মহাশয়! এ অত লোকের গোল কেন? তিনি উত্তর লেন কেন? আপনি কি এখানে কখন নাই? ওখানে ছোট ছোট কন্যা বিক্রয়

ছ। এ কথা শুনিবামাত্র আমার বোধ হইল, ব্যঙ্গ করিতেছেন। আমি কহিলাম, মহা- কি রহস্য করিতেছেন আপনি জানেন না রেজের মুলুক, ছুঁতে মাছি কাটে; এখানে ষ বিক্রীর নাম করিলে তাহার দণ্ড হয় কহিলেন, সে কি মহাশয়! আপনি জানেন ই হাটে অল্পবয়স্কা কন্যা বিক্রয়ের অনুমতি আমার কথায় প্রত্যয় না যান একটি গিয়া চক্ষু কর্ণের বিবাদভঞ্জন করুন। আমি মনে করিলাম; তা হতেও পারে কালে শুনা ছিল চেতলার হাটে মানুষ হয়, তা এখানেও হবে তার আশ্চর্য্য কি। এঁর কথা যদি সত্য হয়, তা হলে আমারই ভাল। এত দিনের পর বুঝি এই আইবড় জ বামুনটার কপাল ফিরিল। যদি এই গে একটা ছোট মোট মেয়ে হাত লাগিয়া তাহা হইলে বাপ পিতামহের একটা পিণ্ডের পনারও অসময়ে এক ঘটী জলের সংস্থান ত পারে। অনন্তর অনেক কষ্টে ভিড় ঠেলিয়া বিক্রয়স্থলে উপস্থিত হইয়া দেখিলাম, সত্যই ২।৩ হইতে ক্রমে ১২।১৩ বছরের অনেকগুলি কন্যা তথায় বিক্রয়ার্থ ত হইয়াছে। তন্মধ্যে কতকগুলির রূপ দেখিয়া আমার মন আহ্লাদে নৃত্য ত লাগিল। মনে করিলাম এত দিনের পর প্রজাপতি এ অভাগার প্রতি সদয় হলেন। ময়ের মধ্যে একটা না একটা অবশ্যই ত পারিবে। দেখিলাম, কতকগুলি দালাল তঃ ভ্রমণ করিয়া ক্রেতৃগণকে আহ্বান তছেন। কন্যা পাইবার জন্য সকলেই তাঁহাদিগের উপাসনা করিতেছেন। করিয়া দিতে পারিলে তাঁহারা শতকরা কা দালালি ও কখন কখন আরও কিছু পূজা পাইয়া থাকেন। একটী ১৩ বছরের কাছে কতকগুলি খরিদদার একত্র মিলি দেখিয়া আমি সে স্থানে উপনীত হইলাম, নে বিক্রেতার সগর্ব্ব কড়া কড়া কথা া তাঁহারা সকলেই খ হইয়া আছেন। ীর রূপলাবণ্যে মোহিত হইয়া দরের কথা সা করিব করিব মনে করিতেছিলাম, এমত প্রায় ৭০ বছরের এক বুড়ো আসিয়া লর কাণে কাণে ৭৫০ টাকা দর দিলেন, আমি অমনি অমনি পাশ কাটাইলাম। পর একটী বছর সাতেকের মাঝারি গো- রে দেখিয়া দরের কথা জিজ্ঞাসা করিলাম। কিন্তু অধিকারী ৪৫০ হাঁকিয়া বসিয়া আছেন, দালাল মহাশয় বলিলেন, অনেকে ৩৫০ উঠিয়াছেন, কিন্তু তাহাতে তাঁহার মন উঠে নাই। এখানেও ডাল গলিবে না ভাবিয়া আর একটী ঐ রকমের কিছু ছোট দেখে দর করিতে গেলাম। তাহার অধিকারিণী স্ত্রীলো কটী যে দরের কথা বলিলেন, তাহাতে এক দিন ওয়া যাইতে পারে কিন্তু তিনি যে আসবাবের ফর্দ্দ দিলেন তাহার সরবরাহ করা আমাদের সাধ্য নয়: অনন্তর যে দিকে কাঁশা খোঁড়া প্রভৃতি বিকলাঙ্গগুলি বিক্রয় হইতেছে তথায় গিয়া দেখিলাম, তাহারাও পড়িতে পায় না। তৎপরে যেখানে ছোট ছোট বাচকানিগুলি বিক্রয় হইতেছে, সে দিকে একবার দৃষ্টিপাত করিলাম। কিন্তু তাহার মধ্যে কোনটীর গায়ে সূতিকাগন্ধ কচ্ছে, কোনটী বা আজিও দুধ ছাড়ে নাই। আমার যা পুঁজি পাটা ছিল, তাহাতে ঐ রকমের একটী পাওয়া যাইতে পারে; কিন্তু লইতে ভরসা হইল না। জানি কি যদি এক বালসায় কর্ম্ম কাবার হইয়া যায়! মহাশয়! ঐ হাটের এক দেশে আবার কন্যা বিনিময়ও হইতেছে দেখিলাম। যাঁহারা বদ- লাই করিতেছেন, তাঁহাদিগের বড় কষ্ট নাই। কারণ সওদা সহজেই হইতেছে; কিন্তু তাহাতে কোন না কোন পক্ষের ঠকা হইতেছে। সম্পা দক মহাশয়! আপনি ত ইস্তক প্রেততত্ত্ব হইতে রাজনীতিপর্য্যন্ত সকল বিষয়েই হস্তক্ষেপ করিয়া থাকেন; এই বিষয়ের জন্য এক বার কলম ধরিয়া রাজপুরুষদিগের যদি একটু বাগ ফিরাইয়া দিতে পারেন, তাহা হইলে অনেক শ্রোত্রিয় ও বংশজ ব'মুনের বংশরক্ষা হইতে পারে। যেখানে তাঁহারা বিক্রয়ের অনুমতি দিয়া ছেন, সেখানে কন্যার বয়ঃক্রম ও রূপ লাবণ্য অনুসারে উহার শ্রেণীবিভাগ করিয়া মূল্য নির্দ্ধা রণ করিয়া দিলে আমাদিগের মত হতভাগাদি গের এক দিন গতি লাগিতে পারে। দেখুন, সহরে গাড়ি পালকি প্রভৃতির ভাড়া নিরূপিত হইয়াছে, ঐ হাটের কন্যাগুলির একটী দর নির্দ্ধা রিত করিয়া দিলে যদি দেশের কিছু প্রজাবৃদ্ধি হয় তাহাতে হানি কি?

ইলাহোবামগুলাই
১৫ ই মে ১৮৬৮ } এক আইবড়।

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু কালীময় চট্টোপাধ্যায় কলিকাতা ১২৭৫ বৈশাখ হইতে চৈত্র পর্য্যন্ত ১০
৯ শ্যামাচরণ রায় চৌধুরী মেদিনীপুর ১২৭৫ জ্যৈষ্ঠ হইতে শ্রাবণ ৩৸০
* * আশুতোষ মিত্র রাজপুর
* * মাধবচন্দ্র তর্কসিদ্ধান্ত কলিকাত

:০:

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। চিঠি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার অ যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, ও যেন এক অথবা আধ আনার অধিক ম ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রক মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি ব শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে প ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং প হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হই যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা ক বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

☞এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের দ চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃক প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

৮ ভাগ — ১৪৩ — সংখ্যা।

"প্রযত্নতঃ প্রকৃতিস্থিনায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২০ এ জ্যৈষ্ঠ। ১৮৬৮। ১ লা জুন { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭. ও ত্রৈমাসিক ৩৸·

বিজ্ঞাপন।

স্প্রতি সোমপ্রকাশ কার্য্যালয়ের নূতন
ব বন্দোবস্ত হওয়াতে শ্রীযুক্ত শ্রীনাথ
র্ত্তীর উপরে বিল ও চিঠি পত্রাদি স্বাক্ষর
ার ভার সমর্পণ করা হইয়াছে।

—:০:—

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে।

কয়লাপ্রভৃতির গাড়ি
ভাড়ার নিয়ম।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাই-
চ যে, আগামী ১ লা জুলাই অবধি খনিজ
র্থ সম্পর্কে "গাড়ির পূর্ণ বোঝাই" এই
র অর্থ এই রূপ বুঝিতে হইবে যে প্রতি
ড়িতে যত অধিক মাল ধরিতে পারে তাহার
টন করিয়া ন্যূন থাকিবে। যাঁহারা যত
মাল পাঠান না কেন, তাহাঁদিগকে সেই
টন্ কম যে মাল তাহার ভাড়া দিতে
ব। কিন্তু কেহ যদি উপরি উক্ত "পূর্ণ
াইয়ের" অধিক মাল পাঠাইতে চান
কে সেই বেশী মালের নিমিত্ত স্বতন্ত্র ভাড়া
ত হইবে।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে হৌস
লহৌসী স্কোয়ার
কলিকাতা ২২ এ মে } সিসিলষ্টিফেনসন
এজেন্সি বোর্ড।

—:০:—

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে।

কয়লার কণ্ট্রাক্ট।

১৮৬৮ অব্দের ১ লা জুলাই অবধি ছয় মাস
এই কোম্পানির পাথরিয়া কয়লা লইবার
য়োজন হইয়াছে। যাঁহারা উহা সরবরাহ
রিবার টেণ্ডর দিবার ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ-
কারি ব্যক্তি ১৩ ই জুনের দুই প্রহরপর্য্যন্ত
হাদিগের নিকট হইতে তাহা গ্রহণ করি-
বেন।

আবেদন করিলে টেণ্ডরের ফরম পাইতে
পারিবেন।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে
ডেলহাউসী স্কোয়ার
কলিকাতা ২৭ এ মে } সিসিলষ্টিফেনসন
এজেন্সি বোর্ড।

—:০:—

মহাকবি দণ্ড্যাচার্য্যের কৃত দশকুমার চরি-
তের পূর্ব্বপীঠিকা নেপালস্থ পণ্ডিত শ্রীযুক্ত ভমরু
বল্লভ পন্থ কর্ত্তৃক এই প্রথম প্রকাশিত এবং
দেবনাগরাক্ষরে মুদ্রিত হইল। মূল্য ॥· আট
আনা ডাক মাসুল এক আনা।

কলিকাতা সংবাদ
জ্ঞানরত্নাকর যন্ত্র
নিমতলা ষ্ট্রীট
৩২ সংখ্যক ভবন } শ্রীভুবনচন্দ্র বসাক

—:০:—

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে অবগত করা যাই
তেছে যে, ১৮৬৮ ইং ১৬ ই জুন মঙ্গলবার
বেলা দুই প্রহরের সময় ৫ ফুটের ন্যূন উচ্চ ও
বাচ্চা সরকারি হস্তিসকল ঢাকা সরকারী
পিলখানাতে সর্ব্বোচ্চ ডাকে নীলাম হইবেক।
ক্রয়েচ্ছু, সকল উক্ত দিবস প্রোক্ত স্থানে গিয়া
ক্রয় করিতে পারিবেন। ইতি সন ১৮৬৮ ইং
৬ ই মে।

ঢাকা
আফিস } আর, ডি, নথল
খেদা সুপরিণ্টেণ্ডেণ্ট।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেনরীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং
জোড়া বাগান।

ভাড়া দেওয়ার নিমিত্ত।

গারডেনরীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
করিতে অথবা ভাড়া লইতে ইচ্ছা করেন,
স্বাক্ষরিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো
থনট এবং কো

—:০:—

পুরাণপ্রকাশ।

কলিকাতা মূলাপুর আমহাউসের
কাব্যপ্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনামক
ষিক পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড
প্রকাশ হইতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক
পরিমাণ ৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রমশঃ
শ পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদ
প্রকটিত করিবার কল্পনা আছে। প্রথমতঃ
পুরাণ অনুবাদ ও শ্রীধরস্বামিকৃত টীকা
মুদ্রিত হইতেছে। ১ লা বৈশাখ
আরম্ভ হইয়াছে। যিনি ইহার গ্রাহক হইতে
লাষী হন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্য
আমার নিকট পত্র ডাকমাশুল ও প্রতি
মূল্য অগ্রিম ॥· আট আনা করিয়া পাঠাই
যাঁহারা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন,
দের নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ এক
মূল্যে বিক্রয় করা যাইবে।

১৫ ই চৈত্র
১২৭৪। } শ্রীজগন্মোহন শর্ম

—

সংস্কৃত মেদিনীকোষ ভরুহ শব্দের
সমেত উত্তম নাগরাক্ষরে যন্ত্রপূর্ব্বক মুদ্রি
তেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন,
ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত
সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট
কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্য
যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪
সংস্কৃত বিদ্যালয়। } শ্রীজগন্মোহন শ

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা প্রকার দ্রব্যাদি পাওয়া যায়। মফস্বলে বড়ী অঞ্জন ইত্যাদি পাঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক আনা হিসাবে কমিসন দি। যদি কেহ অধিক পরিমাণে দ্রব্যাদি লন পাইকেড়ী দরে পাইবেন।

	টাকা
শব্দসন্দর্ভসিন্ধু প্রথম খণ্ড	৫
ঐ দ্বিতীয় খণ্ড	৪
শ্রীমদ্ভগবদ্গীতা টীকা ও বাঙ্গালা সম্বলিত	২॥০
শব্দসিন্ধু	২
শব্দাবলী	২
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	৩
প্রকৃতিবাদ	৫
অষ্টাবিংশতিতত্ত্ব	৩২
অন্নদামঙ্গল বিদ্যাসুন্দরান্তর্ভূত টীকা পদ্য ও ১৮ খানি প্রতিমূর্ত্তি সহিত	১
বাঙ্গালীয় বল ও ভারতবর্ষের ইতিহাস	২
ইংলণ্ডের ম্যাপ টেবিলাফ	১॥০
মলচরিত কাব্য	১
সঙ্কল্পলতা	৩
বেদান্তদর্শন	১
অধ্যাত্মরামায়ণ	৩
ঋতুভক্ষিবিলাস	৮
কল্পতরু	৮
[illegible]	৬
[illegible]	১॥০
[illegible]	৫
[illegible]	১০
[illegible]	১
[illegible]	২
[illegible]	১
[illegible]	১
[illegible]	১॥
[illegible]	১॥
[illegible]	১
[illegible]	১
[illegible]	॥
[illegible]	৸০
[illegible]	১॥০

শ্রীশশাঙ্কচন্দ্ররায়
১২ নং

১ অভিধান।

শব্দাকুদি	২॥০
শব্দার্থচন্দ্রিকা	৩
শব্দসিন্ধু	২
শব্দার্থমুক্তাবলী	৭
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থ[illegible]	৩
প্রকৃতিবাদ	॥

সংস্কৃত পুস্তক

রঘুবংশ মটীক	৮
উত্তর নৈষধ[illegible]	৸০
ভট্টি[illegible]	২০
অষ্টাবিংশতি তত্ত্ব	২৭
দশরূপক	১৸৵

কলিকাতা কর্ণওয়ালিস ষ্ট্রিট ১৭০ নং — শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায় পুস্তকবিক্রেতা।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা। তত্ত্ববোধিনী পত্রিকা—প্রথম কল্প, মূল্য ৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্র বেদান্তবাগীশ।

রাণীগঞ্জ পর্ব্বত কোল লিমিটেড।

মেসিয়া কবিরাজ ভূতিভূষণ বাঁড়ুয্যা।

ঐ কোম্পানির মিসনরোগিত ৪ নং আফিসে উহার নমুনা দেখিতে পাওয়া যায় এবং যদি কাহার প্রয়োজন হয় ঐ আফিসে অনুমতিপত্র পাঠাইয়া দিবেন।

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের মে মাসের ১৫ ই হইতে ২১ এ পর্য্যন্ত ভাগীরথীনদীর সর্ব্বনিম্ন তীরের জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফুট	ইঞ্চ
মহানার উপর পদ্মানদীতে	১০	—১
মহানায়	১১	—২
তথা হইতে জঙ্গিপুর পর্য্যন্ত (১৩॥ মাইল মধ্যে)	৩	—৩
জঙ্গিপুর হইতে বহরমপুর পর্য্যন্ত (৪৬ মাইল মধ্যে)	৩	″
বহরমপুর হইতে কাটওয়া পর্য্যন্ত (৫০ মাইল মধ্যে)	৩	″
কাটোয়া হইতে নদীয়া পর্য্যন্ত		

(৪৬ মাইলের মধ্যে) ৩-

সন ১৮৬৮ মে মাহার ২৬ তারিখে ব

গঙ্গ ঘাটের জলের মাপ * ফুট

২

বহরমপুর ১৬ ই মে ১৮৬৮। } শ্রীযুক্ত ই, হস্য ইউক, এক্‌জিকিউটীব ইঞ্জিনি বহরমপুর ডিবিসন

সোমপ্রকাশ।

২০ এ জ্যৈষ্ঠ সোমবার।

বাল্যবিবাহ ও হিন্দুসমাজের পরিবর্ত্ত।

" দিন দিন হিন্দুসমাজের বহুতর প[illegible] বর্ত্ত হইতেছে। তাহারা বাল্যাবধি পরিবর্ত্ত দর্শন করিলাম, তাহা যদি এ গণনা করিয়া দেখা যায়, হৃদয় বিস্ময় আপ্লুত হইয়া উঠে। দশবৎসরপূ কোন পল্লীগ্রামে প্রবিষ্ট হইলে হইত, বাঙ্গালিরা কেবল ক্রীড়া আলস্যে কালক্ষেপ করিবার নিমিত্ত হইয়াছেন। গ্রামের বালক অবধি বৃ পর্য্যন্ত সকলেই ক্রীড়াসক্ত। বালক গের পড়া শুনার নামগন্ধ নাই, যুবক গের বিদ্যাচিন্তা নাই; বৃদ্ধদিগের কোন কর্ম্ম নাই, কেবল দলাদলি, লো নিন্দা, বৃথা গল্প ও ক্রীড়া লইয়া আছে এখন সেই সেই গ্রামে প্রবেশ করি গ্রামের আর সে ভাব দেখিতে পাও যায় না। বালকেরা লেখা পড়ায় অ নিবিষ্ট হইয়াছে: যুবক ও প্রৌঢ়েরা বি কর্ম্মে ব্যস্ত হইয়া বেড়াইতেছে; বৃদ্ধদি গেরও দেখিয়া শুনিয়া পূর্ব্ব ভাবে অনেক পরিবর্ত্ত হইয়াছে। পূর্ব্বে সক আলস্য ও ক্রীড়ায় কালক্ষেপ করিতে বটে; উহার সমুচিত ফল ভোগও করি তেন। অধিকাংশেরই সংসারের বি ক্ষণ অসচ্ছল ছিল। সাংসারিক সু ভোগ দূরে থাকুক, অনেকে অশন ব নাদিরও যার পর নাই কষ্ট পাইতেন এক্ষণে আর সেরূপ নাই। এখন কি কৃষক, কি শ্রমজীবী মজুর কেহই প্রা

র নিমিত্ত হাহাকর করে না। গ্রামের
যে দুই চারি জন জাত্যভিমানাদি
ন শ্রমবিমুখ হইয়া আলস্যে কালা-
াত করে, তাহাদিগেরই যে কিছু
আছে এইমাত্র। সাধারণ্যে বলিতে
এই কথা বলিতে হয়, পল্লীগ্রাম
এক্ষণে পূর্ব্বাপেক্ষা বহু গুণে সৌভা
পন্ন হইয়াছে।

বিদ্যাদানকার্য্যের প্রাচুর্য্য, বাণি
উন্নতি ও রেলওয়ের সৃষ্টি এই
টীই পল্লীগ্রামের অবস্থাপরিবর্ত্তের
ন কারণ। ইংরাজ গবর্ণমেণ্ট এ
াহারই মূল। ইংরাজ গবর্ণমেণ্ট
ন আমাদিগের যাবতীয় কল্যাণের
ণ, তেমনি ইংরাজদিগের সংসর্গ
তাঁহাদিগের দৃষ্টান্তদর্শন কতগুলি
ত্মক অনিষ্টের কারণ হইয়াছে।
লে সে পরিবর্ত্তগুলিরও গণনা করা
স্ত আবশ্যক হইতেছে। প্রথমতঃ
কদ্রব্যসেবনের সমধিক প্রাদুর্ভাব
উঠিয়াছে; তৎসহচর অন্য অন্য
সরও আবির্ভাব হইয়াছে। দ্বিতী-
অনেকে যথেচ্ছাচারী হইয়া পড়ি-
। হিন্দু ধর্ম্মে অনাস্থা এ গুলির মূল।
ধর্ম্মে লোকের এত অনাস্থা জন্মি
যে, যে কিছু হিন্দুশাস্ত্রোক্ত ধর্ম্ম
র অনুষ্ঠান দেখিতে পাওয়া যায়,
কের তাহা মৌখিকমাত্র হইয়া
াইয়াছে। এখন আর ত্রিকা-
সন্ধ্যাবন্দন ও জপহোমাদি প্রায়
পথে পতিত হয় না। কোশাকুশি
ালগ্রামশিলা অনেকের বাটী পরি
া করিয়াছেন। অনেকের বাটীতে
র পাত্র অনাদরহেতু মনোদুঃখে
ন হইয়া মক্ষুসাগত হইয়া আছে।
লিতে অপকার, তাহা বিনা সঙ্কোচে
লম্বিত হইতেছে; কিন্তু যে পরিবর্ত্তে
দুসমাজের উন্নতি ও মহোপকার
তর সম্ভাবনা আছে, সে দিকে প্রায়
কেহ অগ্রসর হন না। বাল্যবিবাহের উন্মূলন
একটী মহোপকারক বিষয়। সে পরিবর্ত্তে
অল্প লোকের অভিরুচি দেখিতে পাওয়া
যায়। সোমপ্রকাশের দুই জন পত্রপ্রে-
রক দুটী বালকের বিবাহ হইতে দেখিয়া
আক্ষেপ করিয়া লিখিয়াছেন। বাল্য
বিবাহ বহু দোষের আকর। আমরা যে
এত হীনবীর্য্য ও হীনবল, দেশের জল-
বায়ু প্রভৃতির দোষই তাহার একমাত্র
কারণ নয়, বাল্যবিবাহ বহুলপরিমাণে
উহার সহায়তা করিয়া থাকে। কাহার
বৃক্ষরোপণের ইচ্ছা জন্মিলে সে কখন
চারা গাছের অপুষ্ট বীজ লইয়া সে ইচ্ছা
চরিতার্থ করে না; কিন্তু বঙ্গদেশীয়েরা
অনায়াসে অপুষ্ট বীজে সন্তান উৎপন্ন
করিতেছেন। সে সন্তানের বলিষ্ঠ ও
দীর্ঘজীবী হইবার সম্ভাবনা কি?
এ দেশের লোকে অধিক বয়সপর্য্যন্ত
অধ্যবসায়সহকারে যে কোন কার্য্য সম্পা
দন করিতে পারেন না, বাল্যবিবাহ
তাহার অন্যতর প্রধান কারণ।

এ দেশের দাক্ষিণাত্য বৈদিকশ্রেণীর যে
বাল্যবিবাহপ্রথা প্রচলিত আছে, তাহাই
এ বিষয়ের চূড়ান্ত। এই শ্রেণীর প্রায়
পেটে পেটে সম্বন্ধ হইয়া থাকে। বাল
কের যখন দশ বা একাদশবর্ষ বয়ঃক্রম
হয়, সেই সময়ে উদ্বাহক্রিয়া সম্পন্ন হইয়া
যায়। তত অল্প বয়সে দারপরিগ্রহ
করিয়া গৃহস্থাশ্রমে প্রবিষ্ট হইলে কত
অনিষ্ট হয়, অনুভবশালী ব্যক্তিমাত্রেই
তাহা অনুভব করিতে পারেন। তাঁহাদি-
গের কষ্টের কথা বর্ণন করিয়া শেষ করা
যায় না। বিবাহের সঙ্গে সঙ্গে লেখা পড়া
প্রায় সাঙ্গ হয়। অনেকে অল্প বয়সে
সংসারভারাক্রান্ত হইয়া নানাবিপদ্‌গ্রস্ত
হইয়া পড়েন। অন্য অন্য জাতি দারপরি-
গ্রহ করিয়া যেসময়ে সংসারে প্রবেশ
করেন, বৈদিকেরা তখন পৌত্রপ্রপৌ-
ত্রাদি বহু পরিবারে বেষ্টিত হইয়া বিষম
বিব্রত হন। তাঁহাদিগের হইতে
বহু পরিবারের যথাবিধি লালন প
ও বিদ্যাশিক্ষাপ্রভৃতি সম্পন্ন
ভার হইয়া উঠে। যিনি বাটীর
তাঁহাকে একটী দ্বিপদবিশিষ্ট জন্তু ব
হয়। তাঁহার না আছে বিদ্যা বুদ্ধি
আছে চিত্তের ঔদার্য্য, না আছে বহু
না আছে অর্জ্জনক্ষমতা; অল্প
বিবাহ সমুদয় হরণ করিয়া লয়।
কর্ত্তার অধীন পরিবারেরা যে ক
দুর্দ্দশাপন্ন হয়, তাহা অনুভবশালী
দুর্ব্বোধ নহে। পুরুষপরম্পরা এই দু
হইয়া আসিতেছে; এই নিমিত্ত বৈ
শ্রেণী কোন বিষয়েই উন্নতিশীল হ
পারিতেছেন না। এইসকল ক
এই শ্রেণীর মধ্যে প্রকৃত ঐশ্বর্য্য
ব্যক্তি নয়নগোচর হন না। দাক্ষি
বৈদিকশ্রেণী নিরবধি হতভাগ্য ব
প্রসিদ্ধ। যত দিন এই শ্রেণীর এ
প্রচলিত থাকিবে, তত দিন যে ই
শুধরিয়া উঠিবেন, সে সম্ভাবনা নাই

এইমাত্র অনিষ্ট নয়। বৈদিক
তীয় অনন্যজাতিসাধারণ একটী
রীত ভাব নয়নগোচর হয়। অ
জাতীয় পুরুষেরা স্ত্রীর উপরে
করেন; কিন্তু বৈদিকশ্রেণীর স্ত্রীরা
ষের উপরে আধিপত্য করিয়া থা
পূর্ব্বে বলা হইয়াছে, বিবাহকালে
পুরুষ উভয়েরই প্রায় দশ বৎ
অধিক বয়স হয় না। এ দেশে সচ
দেখিতে পাওয়া যায়, স্ত্রীলোকেরা
বয়সে পুরুষের অপেক্ষা অধিকতর
মান হইয়া উঠেন; সুতরাং বৈ
স্ত্রীগণ অতিশয় ব্যাপিকা হইয়া প
তাঁহাদিগের ব্যাপিকা হইবার
একটী বিশেষ কারণ আছে। সম
পুরুষের অপেক্ষা সমবয়স্ক স্ত্রীর
বাদির অগ্রে উন্মে হওয়াতে পুরু
স্ত্রীর মনোরঞ্জনে সমর্থ হন না।

ভোগ করাইয়া যে তাঁহাদিগের চিত্ত
কর্ষণ করিবেন, পুরুষের সে ক্ষমতাও
ম্ম না, কাজে কাজেই পুরুষকে স্ত্রীর
গত হইয়া চলিতে হয়। যে ভর্ত্তা
তে ভর্ত্তৃকর্ত্তব্য কোন কার্য্যই সম্পন্ন
না, তাহাকে ভর্ত্তা বলিয়া স্ত্রীলোকের
ক্ত করিবার রুচি জন্মিবে কেন ?
আর একটী অনিষ্ট এই, বৈদিকবি-
া স্ত্রীপুরুষে দেখিতে অতি বিসদৃশ
। ইঁহাদিগের বাঞ্ছানুরূপ ভোগ
ও হয় না। পুরুষেরা যখন যৌবন
ায় উত্তীর্ণ হন, স্ত্রীলোকদিগের তখন
বনচিহ্ন বিগলিত হইতে থাকে।
একটী আশ্চর্য্যের বিষয় এই, বৈদি
া অষ্টপ্রহর এই কষ্টভোগ করিতে
ন ; কিন্তু কাহাকেই প্রায় ঐ জঘন্য
ধার উন্মূলনে যত্নবান্ দেখিতে
ওয়া যায় না। এটীও এই শ্রেণীর
াদার্থতার অপর পরিচয়। বৈদিক
ণীর সম্বন্ধ পরিত্যাগ করা অতি সহজ
। সম্বন্ধ পরিত্যাগ করিলে জাত্যন্তর
তে হয় না, একঘরে হইয়াও থাকিতে
ন। ; কিন্তু সম্বন্ধ পরিত্যাগের কথা
াপন করিলে যাঁহারা কিছু লেখা
শিখিয়াছেন, তাঁহারা যে উত্তর দেন,
যাঁহারা কিছু জানেন না, তাঁহারাও
উত্তর দিয়া থাকেন। পুঙ্খপুঙ্খরূপে
খা গিয়াছেন, উভয়েরই এই উত্তর।
পুরুষের প্রতি কি চমৎকার ভক্তি !!
পান করিবার, গাঁজা খাইবার এবং
ত্যাগমন করিবার সময় পূর্ব্ব পুরুষ
থায় থাকেন ? ঐসকলে প্রবৃত্তি
ানকালে কি কেহ পূর্ব্ব পুরুষের
াই দিয়া উহা হইতে নিবৃত্ত হন ?
পুরুষেরা কি ঐসকল কাজ করিয়া
ন ?
সমালোচকালে বক্তব্য এই, আমরা
বিবাহের অনিষ্টকারিতা সুন্দররূপে
কগণের হৃদয়ঙ্গম করিয়া দিবার
নিমিত্তই উল্লিখিত কুৎসিত প্রথার বিস্তারিতরূপে বর্ণন করিলাম, পাঠকগণ এটীকে অপ্রাসঙ্গিক জ্ঞান করিবেন না। তাঁহারা বহুদোষাকর বাল্যবিবাহের এরূপ উদাহরণ আর পাইবেন না।

—০—

পূর্ব্ববাঙ্গালা রেলওয়েটনা
ও বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট।

পূর্ব্ববাঙ্গলা রেলওয়ে কর্ম্মচারীদিগের চিত্তবিভ্রমাদি দোষ কি রাজপুরুষদিগেরও শীর্ষে সংক্রামিত হইল ? এই তাঁহারা তর্জ্জন গর্জ্জন করিয়া ভারতবর্ষীয় সভার কৃত কমিসন নিয়োগ প্রস্তাবে ভ্রূকুটী করিলেন ; এই আবার "পায়োনীয়র সোসাইটীকে" লিখিলেন, দুর্ঘটনার অনুসন্ধানার্থ এক কমিটি নিয়োজিত করা হইবে। কমিটি ও কমিসন উভয়ের বাস্তবিক অর্থগত ভেদ কি ? কমিসনও প্রকৃত ঘটনার অনুসন্ধান করিবেন, কমিটিও তাহাই করিবেন। তবে ভারতবর্ষীয় সভাকে অবমাননা করা হইল কেন ? কমিসন নিয়োগ করিলে প্রকৃত বিষয় প্রকাশ হইয়া পড়িবে, কমিটি নিয়োগ করিলে তাহা হইবে না, অপট লোককে প্রবোধ দেওয়া হইবে ; যদি কমিসন ও কমিটি উভয়ের এরূপ অর্থভেদ হয়, তাহা হইলে কমিটি নিয়োগের যে ব্যবস্থা করা হইয়াছে তাহা মন্দ হয় নাই। পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের দুর্ঘটনাতে অধিকসংখ্যা লোকের মৃত্যু হইয়াছে বলিয়া যে জনরব হয়, ডেপুটি কন্সল্‌টিঙ ইঞ্জিনিয়রের কৃত রিপোর্ট দ্বারা লেপ্টনাণ্ট গবর্ণরের সেটি মিথ্যা বলিয়া ধ্রুব জ্ঞান জন্মিয়াছে ; অতএব তাঁহার নিকটে কমিসন নিয়োগ অনাবশ্যক বলিয়া যে প্রতীয়মান হইবে, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। কিন্তু এ স্থলে আমাদিগের একটী কথা জিজ্ঞাসা করিবার ইচ্ছা জন্মিল। গ্রাণ্ট সাহেব যত দিন হস্তক্ষেপ না করিয়াছিলেন, তত নীল কমিসন না বসিয়াছিলেন, তত নীলকরদিগের অত্যাচারবৃত্তান্ত কি তের বিদিত হইয়াছিল ? উহার পূর্ব্বে নীলপ্রধান প্রদেশে জজ মাজিষ্ট্রে ভৃতি ছিলেন না ? প্রক্রান্ত বিষয়ে জিজ্ঞ এই, কন্সল্‌টিঙ ইঞ্জিনিয়র কি ঘটনা উপস্থিত ছিলেন ? তর্কমুখে যদি স্বী করা যায়, পূর্ব্ব বাঙ্গলা রেলওয়ে কর্ম্মচারীরা অসৎ, কন্সল্‌টিঙ ইঞ্জিনিয়র গমনের পূর্ব্বে কি তাঁহারা মৃত ব্যক্তিগকে স্থানান্তরিত করিতে পারেন না

ভারতবর্ষীয় সভা যে প্রার্থনা ক ছিলেন এবং লেপ্টনাণ্ট গবর্ণর ত যে উত্তরদান করিয়াছেন, গত সপ্তা প্রতিজ্ঞানুসারে আমরা তাহা পাঠ ণের গোচর করিতেছি। ঐ প্র শ্রবণ করিয়া ক্রোধ সম্ভবে কি না, প গণ তাহা বিবেচনা করিবেন।

১৫ ই মে ভারতবর্ষীয় সভা লে নাণ্ট গবর্ণরের নিকটে কমিসন নি জিত করিবার অনুরোধ করেন। এই টনাসংক্রান্ত যে কতক বাহুল্য বর্ণন য়াছে তাহার সন্দেহ নাই। কিন্তু জনরব এরূপ হইয়াছে এবং যখন লোকে তাহাতে বিশ্বাস করিয়া তখন কমিসন নিযুক্ত করিলে নিঃস ফল হইত। সভা বলিয়াছেন, মতঃ কোন্‌টী সত্য কোন্‌টী লোকে তাহা জানিতে পারিবেন রেলওয়ে কর্ম্মচারীদিগের উপরে দোষারোপ করা হইয়াছে তাহা তাঁ ক্ষালন করিবার সুবিধা পাইবেন। দপেক্ষা ন্যায়সিদ্ধ প্রার্থনা কি হ পারে ? লেপ্টনাণ্ট গবর্ণর তাহা উত্তরদান করিয়াছেন, তাহা এই;—

১। "মহাশয়! লেপ্টনাণ্ট গব আদেশানুসারে আমি মহাশয়ের তারিখের পত্রপ্রাপ্তি স্বীকার ক

তেছি, শ্যামনগরের দুর্ঘটনা হইবা
র, ডেপুটি কন্সল্‌টিঙ ইঞ্জিনিয়র ঐ
ন দর্শন করিয়া হত ও আহতের
খা দৈনিকপত্রে প্রকাশ করিয়াছেন।
সংখ্যাই যথার্থ।

২। কাপ্তেন লুয়ার্ড যে রিপোর্ট করি
ছেন, তাহা মহাশয়ের নিকটে প্রেরণ
। যাইতেছে। কিসে দুর্ঘটনা হইল,
হার পরই বা কি হইল, তাহার বিশেষ
সন্ধান হইতেছে। এরূপ দুর্ঘটনা
লে সচরাচর যে অনুসন্ধান হয়, এহ-
ও সম্পূর্ণরূপে তাহা হইবে।

৩। দুর্ঘটনানিবন্ধন যেসকল গল্প
াহুল্যবর্ণন হইতেছে তন্নিমিত্ত লেপ্ট
ট গবর্ণর অতিশয় দুঃখিত হইতে-
ন। কিন্তু এসকল গল্প কেবল সাধা
ক ভুলাইবার জন্য প্রচারিত হই-
ছে। যাহা শুনিবামাত্র অবিশ্বাস
্য হয়, তদ্বিষয়ে প্রকাশ্য কমিসন
ক্ত করা লেপ্টনাণ্ট গবর্ণরের মত
।

৪। ভারতবর্ষীয় সভা কমিসনের
ত্ত প্রার্থনা করিয়া প্রকারান্তরে এই
া মিথ্যা গল্পের সহায়তা করিতে
। তাহা না করিয়া, তাঁহাদিগের যে
তা আছে তদনুসারে যদি এসকল
া বলিয়া প্রতিপন্ন করিবার চেষ্টা
তেন, তাহা হইলে লেপ্টনাণ্ট গবর্ণর
ট হইতেন।

৫। লেপ্টনাণ্ট গবর্ণর ভারতবর্ষীয়
কে নিশ্চয় বলিতেছেন, যেসকল
উঠিয়াছে, তাহা সম্পূর্ণ মিথ্যা।
টনার সময়ে ও তাহার পরে মৃত্যু
া ১২ টী মাত্র হইয়াছে। কাপ্তেন
র্ড আপন রিপোর্টমধ্যে যাহা বলিয়া
তাহা সত্য। লেপ্‌টনাণ্ট গবর্ণর
। করেন, এতদ্দেশীয় সমাজ, এ কথার
স করিবেন।

জে, হোবেণ্ডেন, মেজর ইত্যাদি।

লেপ্টনাণ্ট গবর্ণর যে কথা কহিতে
ছেন, তাহার উপরে আর কাহার কথা
নাই। কিন্তু আমাদিগের মনে নিম্নলিখিত
কয়টী বিষয়ের জিজ্ঞাসা উপস্থিত হই
তেছে। রেলওয়ে কর্ম্মচারীরা মাজিষ্ট্রে
টকে সংবাদ দিবার পূর্ব্বে রাস্তা পরি-
ষ্কৃত করিয়াছিলেন কি না? তাঁহারা ঘট
নার অব্যবহিত পরে পুলিসকে ঘটনাস্থলে
প্রবেশ করিতে দেন নাই কেন? তাঁহারা
কয়েকখানি শকট দগ্ধ করিয়া ফেলি
য়াছেন, এ কথা সত্য কি না? দুর্ঘটনার
সমস্ত রাত্রি কল চলিয়াছে কি না? এগু
লির অনুসন্ধান করা আবশ্যক কি না?
কানপুরের হত্যাকাণ্ডসময়ে এক জন
সোয়ার মিস হুইলরনামে একটী বালি
কাকে লইয়া গিয়াছে বলিয়া কথা উঠে।
তাহার অনুসন্ধানার্থ কত ব্যয় ও কত
সাক্ষীর জবানবন্দি না হইয়াছিল? যদি
কানপুরের হত্যাকাণ্ড লইয়া এত অনুস-
ন্ধান হইতে পারিল, রেলওয়ের দুর্ঘ
টনানিবন্ধন কি এক কমিসন হইতে
পারে না?

উপসংহারকালে আমাদিগের মনে
আর কয়টী প্রশ্নের উদয় হইল। মৃত ব্যক্তি
দিগের কি এক পয়সা ও একখানি
বস্ত্রও ছিল না? তাঁহাদিগের সম্পত্তি
কি হইল এবং কোথায় গেল? মাজি
ষ্ট্রেট মৃত দেহের অনুসন্ধান করিবার
পূর্ব্বে সেগুলি চালান করা হইল কেন?
এগুলি কি সামান্য বিষয়? অথবা উৎ
কলের লক্ষ লক্ষ লোকের মৃত্যুর পর
গ্রে সাহেবের সম্মুখে এই ঘটনা সামান্য
বলিয়া যে পরিগণিত হইবে, তাহা আশ্চ
র্য্যের বিষয় নহে। যদি হত ব্যক্তির মধ্যে
পাঁচ জন ইউরোপীয় থাকিতেন, তাহা
হইলে গ্রে সাহেব ভিন্ন স্বরে গান করি-
তেন সন্দেহ নাই। যাহাহউক, উপসং-
হারকালে বক্তব্য এই আমরা যে প্রশ্ন
গুলি করিলাম তদ্বিষয়ে লোকের মনে
দৃঢ়তর সন্দেহ জন্মিয়াছে। কমি
নিয়োগদ্বারা সেই সন্দেহ ভঞ্জন
একান্ত আবশ্যক। কেবল ইঞ্জিনিয়
লইয়া কমিসন করা না হয় এবং কমি
বসিবার পূর্ব্বে কমিসন নিয়োজিত
হইয়াছে, এ সংবাদ সমুদায় সমা
পত্রে প্রকাশ করিয়া দেওয়া হয়
স্থলের লোকেরা সকল বিষয়ের সমা
রাখেন না; রেলওয়ের বিপক্ষে
কথা বলিলে কি জানি কি বি
পড়িতে হয়, অনেকের এ ভয়ও আ
এতএব লোকে যদি অগ্রে জানিতে
রেন, কমিসন তাঁহাদিগকে আহ্বান
তেছেন, তাহা হইলে তাঁহারা নিঃস
হইয়া যিনি যে সন্ধান জানেন, কমি
অগ্রে উপস্থিত হইয়া বলিতে
বেন। অন্যথা কমিসন নিয়োগ বি
হইবে।

—:০:—

ভারতবর্ষে স্বর্ণমুদ্রা প্রচলনের প্রস্তাব।

ভারতবর্ষে স্বর্ণমুদ্রা প্রচলিত হ
উচিত কি না, এই প্রশ্ন পুনর্ব্বার উ
হইয়াছে। আমরা এতৎসংক্রান্ত
খানি ক্ষুদ্র পুস্তক প্রাপ্ত হইয়া
লেখক যুক্তি দিয়া সপ্রমাণ করিয়া
এই মুদ্রা প্রচলিত করা অবশ্যকর্ত্ত
আমরা কয়েক বৎসরাবধি এই ম
পোষকতা করিয়া আসিতেছি। স্বর্ণ
দায় ধাতুমধ্যে উৎকৃষ্ট, ইহা যে বি
ময়কার্য্যে বিনিয়োজিত হইতেছে
একটী সামান্য বিস্ময়ের বিষয় ন
আমাদিগের দেশে স্বর্ণমুদ্রা বরাবর
লিত ছিল। ভারতবর্ষীয়েরা "অল্পমূ
অধিকমূল্য" দ্রব্যের সমধিক সমা
করেন। দক্ষিণ ভারতবর্ষে সাহকারে
স্বর্ণের চাপ মুদ্রা বলিয়া ব্যবহার করেন।
চারলস উড এই মুদ্রা প্রচলিত করিব
নিষেধ করিয়া একটী মহাভ্রমে প

—১৭৮—

রাছিলেন। স্বর্ণমুদ্রা প্রচলন করা বণিক্
ণের একান্ত অভিপ্রেত। ইহাতে তাঁহা
গের অনেক সুবিধা হইবে। সাধারণের
এটী শ্রেয়স্কর হইতে পারে।
রেলওয়ে হওয়াতে লোকের
নে থাকিবার অভ্যাস ক্রমশঃ
আসিতেছে। অনেকের স্থানান
করিবার ইচ্ছা জন্মিতেছে।
দেশের বাণিজ্যবৃদ্ধির সহিত
কার্য্যেরও সুবিধা করিয়া দেওয়া
আবশ্যক। রৌপ্য মুদ্রায় সে
বিধা করিয়া দিতে পারে না। নোট
ও অনেক উপকার হইতেছে সন্দেহ
কিন্তু রৌপ্যমুদ্রা ও নোটের মধ্য
আর এক প্রকার মুদ্রা থাকা আব
:

স্বর্ণমুদ্রাপ্রচলনের বিরুদ্ধে সচরাচর
আপত্তি করা হইয়াথাকে। প্রথম,
লিয়াই এক্ষণে স্বর্ণের প্রধান আকর।
ার সহিত এ দেশের সাক্ষাৎসম্বন্ধে
সম্পর্ক নাই। অতএব কালে এ-
ী মুদ্রা ও তৎপরিমাণ স্বর্ণ কোথা
ত আসিবে? দ্বিতীয়, স্বর্ণের মূল্য
সময়ে একপ্রকার থাকে না। স্বর্ণ
প্রচলিত করিলে হয় গবর্ণমেণ্টের
সাধারণের ক্ষতি হইবে। প্রথম
স্বর্ণের বিষয়ে আমাদিগের বক্তব্য
স্বর্ণমুদ্রা প্রচলিত না থাকাতেই
লিয়ার সহিত এ দেশের
ত বাণিজ্য হইতেছে না বটে;
পরম্পরাসম্বন্ধে ইংলণ্ডের দ্বারা
লিয়ার সহিত বাণিজ্য চলিতেছে
এ দেশে বিস্তর অস্ট্রেলিয় গিনি
য়াথাকে। এগুলি মুদ্রা বলিয়া
ত হয় না। লোকে অন্য অন্য
দ্রব্যের ন্যায় গিনি ক্রয় করিয়া
ন: যদি এক বার মূল্য নিরূপিত
মুদায় আপত্তি খণ্ডিত হইবে এবং
লিয়ার সহিত এ দেশের বাণিজ্য
প্রচুররূপ হইতে থাকিবে। ইউরোপে
এক্ষণে বিস্তর স্বর্ণ আছে। প্রতিবৎসর
তথায় এত স্বর্ণ যাইতেছে যে, চিন্তাশীল
লোকেরা এই আশঙ্কা করেন যে অচি
রকাল মধ্যে স্বর্ণের মূল্য হ্রাস হইয়া
পড়িবে। মূল্যের পরিবর্ত্তের বিষয়ে
আমাদিগের বক্তব্য এই, যদি মুদ্রা
বিশুদ্ধ হয়, তাহা হইলে মূল্যের ন্যূনা
তিরেক হইবার সম্ভাবনা নাই। এক্ষণে
দুই কারণে স্বর্ণের মূল্যপরিবর্ত্ত হয়।
সচরাচর লোকে অস্ট্রেলিয়ার গিনি ক্রয়
করিয়া থাকেন। মধ্যে মধ্যে চীন হইতে
বিস্তর স্বর্ণ আইসে। এই স্বর্ণ গিনির
অপেক্ষা বিশুদ্ধ। ইহার আমদানী কম
হইলে গিনির মূল্য বৃদ্ধি হয়, আর আম
দানী অধিক হইলে গিনির মূল্য কম হয়।
যদি প্রস্তাবিত মুদ্রা বিশুদ্ধ স্বর্ণে প্রস্তুত
হয়, মূল্যগত এরূপ ন্যূনাতিরেক হইবার
সম্ভাবনা থাকিবে না। যদি অনুধাবন
করিয়া দেখা যায় প্রতীয়মান হইবে,
বিদেশের রপ্তানির অপেক্ষা গবর্ণমে
ণ্টের মাশুলের উপরে স্বর্ণমুদ্রাপ্রচলনের
ফলাফল অধিক নির্ভর করিতেছে। এক্ষণে
যে স্বর্ণ অলঙ্কারের নিমিত্ত বিক্রীত হই
তেছে, বিবেচনাপূর্ব্বক টাঁকশাল চালা
ইতে পারিলে লোকে তাহা মুদ্রাঙ্কিত
করিবার নিমিত্ত অর্পণ করিবেন। তখন
কি আর মূল্যের ন্যূনাতিরেক হইবার
আশঙ্কা থাকিবে? মুদ্রা প্রস্তুত করাইতে
হইলে টাঁকশালে যে মাশুল দিতে হয়,
তাহাতে কিছু রাজ্যের ব্যয় নির্ব্বাহ হয়
না। গবর্ণমেণ্ট যদি বিবেচনাপূর্ব্বক এই
মাশুল গ্রহণের নিয়ম করেন, তাহা হইলে
মূল্য পরিবর্ত্তের কোন আশঙ্কা থাকিবে
না। কর্ণেল স্মিথ ইংলণ্ডের ন্যায় বিনা
ব্যয়ে এখানেও স্বর্ণমুদ্রা প্রস্তুত করিবার
প্রস্তাব করিয়াছেন। আমরা ইহাতে সম্মত
নহি। তবে অধিক মাশুল লওয়া উচিত
হয় না। যাঁহারা মফস্বলে স্বর্ণমুদ্রা প্রচলন
নিবন্ধন বাঁটার আশঙ্কা করেন,
দিগের সে ভয় অমূলক। ইংলণ্ডে
রেরা সিলিঙ ও পেনির হিসাবে
পায়; তাহারা কি স্বর্ণমুদ্রানিবন্ধন
ভোগ করে?

অতএব আমরা সর রিচাড
লকে অনুরোধ করিতেছি, তিনি স্ব
প্রচলিত করুন। ইহাতে কোন
হইবে না বরং বণিক ও সাধা
বিলক্ষণ উপকার হইবে।

—:০:—

দত্তকগ্রহণ।

পরের পিতাকে পিতা বলি
তুল্য বিড়ম্বনা আর নাই। মানুষের
প্রকার উপহাস ও ভ্রম আছে,
তন্মধ্যে সর্ব্বপ্রধান। লব কুশ রামচ
"তুমি পরের পুত্র দেখিয়া পিতা ম
চাও?" বলিয়া যে উপহাস করি
লেন, তাহা অসঙ্গত হয় নাই। সুরা
ও ইন্দ্রিয়পরায়ণতাদি দোসনি
যাহাদিগের মানবস্বভাব এক
বিকৃত হইয়া গিয়াছে, তাহাদিগের
আর সকলেরই পুত্রোৎপাদন কি
ইচ্ছা আছে; কিন্তু ঈশ্বর সকলে
মনোরথ পূর্ণ করেন না। যাঁহা
বিষয়ে একান্ত হতভাগ্য হন; তাঁ
"ঘোলে দুধের স্বাদ মিটাইবার"
দত্তকগ্রহণ করিয়া আপনাদিগকে কৃ
ন্য জ্ঞান করেন। কিন্তু এটী এ
বিষম ভ্রম; ইহাতে সুখ স্বচ্ছন্দ না
প্রায়ই বিপরীত ঘটনা হয়। মিসর দে
লোকের সংস্কার ছিল, যত দিন শ
থাকিবে, তত দিন আত্মাও থাকি
এই নিমিত্ত তাহারা নানাপ্রকার
দ্রব্যদ্বারা মৃত দেহ অবিকৃত ক
রাখিত। যদি অনুধাবন করিয়া
যায়, প্রতীয়মান হইবে, যেরূপ
দ্রব্যদ্বারা শরীররক্ষা করিলে জ
রক্ষা হয় না; সেইরূপ দত্তকগ্রহণ

রক্ষা ও অপত্যসুখলাভ হয় না। ব্যক্তি মৃত পিতা, পুত্র অথবা রক্ষিত দেহ দর্শন করিয়া তাঁহাদি জীবিত জ্ঞান করেন না; জীবিতা য় ঐসকল ব্যক্তির সহবাসে যে জন্মে, তাহা কি কখন মৃত দেহ খে রাখিলে জন্মিতে পারে? প্রত্যুত াশীল ও জ্ঞানী ব্যক্তিদিগের উহাতে হইয়াথাকে। দত্তকস্থলেও জ্ঞানী চিন্তাশীল ব্যক্তিদিগের সেইপ্রকার া হয়। তাহারা যতবার তাঁহাদিগকে া বলিয়া সম্বোধন করে, তত বারই াদিগের চক্ষে সংসারের অসারতা ীয়মান ও কষ্ট অনুভূয়মান হয়।

সর্ব্ব দেশেই দত্তকগ্রহণের রীতি এখনও আছে। প্রাচীন কালের ও রোমকেরা দত্তকগ্রহণ করি- ; এক্ষণে ও ইউরোপখণ্ডের আমেরিকার লোকেরা দত্তকগ্রহণ াথাকেন। কিন্তু ভারতবর্ষের করা সর্ব্বাপেক্ষা ইহাতে সমধিক ক্ত। ইউরোপ ও আমেরিকায় কে সম্পত্তিমাত্র দেওয়া হয় দত্তকের বিশেষ গুণ না থাকিলে কে গ্রহণ করা হয় না। আমাদিগের র দত্তকের ন্যায় তত্রত্য দত্তকেরা ক "বাপ" বলে না। পূর্ব্ব সম্বন্ধ রিবর্ত্তিত থাকে। পক্ষান্তরে আমা র দেশের দত্তকেরা নূতন পিতার ম বলিয়া পরিগণিত হইয়াথাকে। ত্রজের সহিত তাহাদিগের বিশেষ থাকে না। জন্মদাতার সম্পত্তির ও তাহাদিগের প্রাপ্য হয় না।

এক্ষণে বিবেচনা করা কর্ত্তব্য, এই গ্রহণ প্রথাটী উৎকৃষ্ট কি না? হিন্দুদিগের সংস্কার ছিল, মনুষ্য গ্রহণ করিলে পিতৃঋণ ঋষিঋণ ও ণ এই ত্রিবিধ ঋণে ঋণবান্ হন। জন্মিলেই পিতৃলোকের পিণ্ড সংস্থান হয় এবং পিতা পিতৃঋণ হইতে মুক্ত হন। হিন্দুশাস্ত্রকারেরা পিণ্ড সংস্থানার্থ এমনি ব্যগ্র ছিলেন যে, ঔরসের অভাবে ক্ষেত্রজ ও দত্তক পুত্রাদির ব্যবস্থা করিয়া যান। এক্ষণে দিন দিন সে সংস্কারের পরিবর্ত্ত হইতেছে। অনেকের সে সংস্কার এক কালে অন্তর্হিত হইয়াছে। যাঁহাদিগের সে সংস্কার নাই, তাঁহারা আর এ বিড়ম্বনা ভোগ করেন কেন? প্রাচীন কালে হিন্দুরা স্থানে স্থানে ভ্রমণ করিতেন; এবং বিস্তর লোকে তপস্বী হইতেন। আদিম লোকের অপেক্ষা জয়কারীর সংখ্যা অনেক কম ছিল। এ অবস্থায় পুত্র প্রতিনিধি ব্যবস্থা না থাকিলে আর্য্যজাতির লোপ হইত সন্দেহ নাই। এই নিমিত্ত তদানীন্তন ব্যবস্থাপকেরা পুত্রোৎপাদনে ও পুত্রপ্রতিনিধিগ্রহণে সাতিশয় সমুৎসুক ছিলেন। এই কারণে মুনিগণও দার পরিগ্রহ হইতে অব্যাহতি পাইতেন না এবং ব্যাসপ্রভৃতি ক্ষেত্রজ পুত্রোৎপাদনে বিনিয়োজিত হইয়াছিলেন। এই কারণে চাতুর্ব্বর্ণ্য বিবাহ প্রচলিত ছিল। পশ্চাৎ হিন্দুসংখ্যার যেমন বৃদ্ধি হইতে লাগিল তেমনি চাতুর্ব্বর্ণ্য বিবাহাদি নিবিদ্ধ হইল; ক্ষেত্রজাদি পুত্রপ্রতিনিধিগ্রহণও অনাবশ্যক বলিয়া প্রতীয়মান হইল। এ যুক্তিতে এক্ষণে দত্তকগ্রহণের অণুমাত্র আবশ্যকতা দেখা যাইতেছে না। যদি এরূপ হইল এবং পিণ্ডলোপের শঙ্কা না রহিল; তবে নিজের সন্তান না থাকিলে এক জন সম্পর্কহীন ব্যক্তির পুত্রকে পুত্র বলিয়া তাহাকে সম্পত্তি দেওয়াতে লাভ কি? আমরা সচরাচর দেখিতে পাই, অনেকে দৌহিত্র অথবা ভ্রাতুষ্পুত্রদিগকেও পরিত্যাগ করিয়া দত্তকগ্রহণ করিয়াথাকেন। এটী কি বুদ্ধিমানের কার্য্য ও ইহার অপেক্ষা কি নিকট আত্মীয়দিগের উপকার করিয়া ভাল নহে? যদি নাম রাখিবার থাকে, তাহা হইলে সমুদায় সম্পদেশের উপকারার্থ দিয়া গেলে কি হয় না? মহম্মদ মসিনের নাম কি হইয়াছে; না কখন লুপ্ত হইবে? যে ব্যক্তি দত্তকদিগের মধ্যে যথার্থ ধর্ম্মিও উপযুক্ত লোক দেখিয়াছেন? এক জন ব্যতিরেকে দত্তকমাত্রেই জঘন্য লোক হয়। দত্তকগ্রহীতা বহু যে ধনসঞ্চয় করিয়া যান, স্বল্পকালমধ্যে তাহা উড়াইয়া দিয়া দরিদ্রসন্তান সেই দরিদ্রসন্তান পড়ে। ইহার কারণ সহজেই বুঝা তেছে। অত্যন্ত দরিদ্রভিন্ন কেহ পুত্রকে বিক্রয় করেন না। যে ব অর্থলোভে আপনার পুত্রকে বিক্রয় তাহার তুল্য নীচাশয় আর কে আ তাহার ঔরস পুত্র যে ভাল হইবে তাহা সম্ভাবিত নহে। অ ধনী লোকেরাই দত্তকগ্রহণ ক দরিদ্রসন্তান সহসা অতুল ঐশ্বর্য্য অধিপতি হয়; সুতরাং তাহার বিবেচনা বিলুপ্ত হইয়া যায় এবং ব্যসনাসক্ত হইয়া পড়ে। যাঁহার সকল বুঝিতে পারেন এবং হিন্দু আস্থাশূন্য হইয়াছেন, তাঁহাদি স্বেচ্ছাপূর্ব্বক কি এ বিপদে পতিত বিধেয়?

—:০:—

বিবিধসংবাদ।

১৩ ই জ্যৈষ্ঠ সোমবার।

এ দেশের সমুদায় নগরেরই কি এক প্রয়াগদূত লিখিয়াছেন, "এলাহাবাদের গুলি এমত কুৎসিত ও অপরিষ্কার, যে তা পদসঞ্চালন করিতে ঘৃণা বোধ হয়। নর্দ্দা প্রণালী প্রায় কোন স্থানেই দেখিতে পাওয়া না। গৃহস্থদিগের বাটী হইতে অপরিষ্কার রাশি নির্গত হইয়া গলিতেই পতিত হয়।

বাড়ীতে প্রায় একটী করিয়া ছোট ছোট
ছাদে। বৃষ্টির পতিত জলরাশি প্রথমে সেই
ছাদে পড়ে, পরে জলধারাটী পরিপূর্ণ
জলমল জল নালাতে পতিত হইয়া এক
প্রবাহরূপে প্রবাহিত হয়। অন্যত্র
কথাতে পথগুলি এরূপ কর্দ্দমময় ও
এরূপ পেচ্ছিলময় হয়, যে তাহাতে কেহ
অনেকপ্রকার পীড়া জন্মিয়া থাকে।
সপ্তাহকাল অমৃতবাজারপত্রিকা
পত্রিকা” এই শীর্ষক দিয়া একটী প্রস্তাব
হইতেছে। ইহাতে সপের জাতিভেদ
প্রকারভেদ ও চিকিৎসাপ্রণালীর
বিষয়ের উল্লেখ দৃষ্ট হইল। এতৎপাঠে
উপকার হইবার সম্ভাবনা। আমরা লেখ
অনুরোধ করিতেছি, লেখা সমাপ্ত হইলে
একখানি ক্ষুদ্র পুস্তকাকারে প্রকাশ করেন।
গ্রামের পর্বত পল্লীগ্রামের সকল বিষয়েই
অনভিজ্ঞ শিক্ষিত হয়। নগরের লোক হতা
অনায়াসে পায় পয়ঃ কিন্তু পল্লীগ্রামে
পাইবার যো নাই। রঙ্গপুর দিক্‌প্রকাশ
য়াছেন, “আমাদের হাটের নিকটবর্ত্তী গ্রাম-
এক জন মুসলমান মহাজনী অপরাধে
সহস্রমুদ্রার মস্তকোপরি প্রহার করিয়া হত-
নাশিত করিয়া এ প্রযুক্তকে হত্যা করিয়া
আপন উৎপন্নস্থানসকলে গ্রাঁর রোগাদির
প্রকাশপূর্ব্বক যথাবাদ মৃতকালের
ত করে। এক পক্ষ কাল অতীত হইলে
ক্রমে এই হত্যার সংবাদ জবানীগঞ্জের
ইনস্পেক্টরের সন্নিধানে প্রকাশ হওয়ায়
মাত্রই স্থানে আসিয়া যথোচিত অনুস
ক্রমে শব উঠাইয়া হত্যা নিশ্চিত করিয়া
তাহাকে বিচারালয়ে প্রেরণ করিয়াছেন।
দোষী নিষ্কৃতি প্রাপ্তি স্বীকার করি-
।”

আসাম চা-কোম্পানির প্রধান তত্ত্বাবধায়ক
ত বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের নিকটে আক্ষেপ
ছিলেন, চা-ক্ষেত্র হইতে যেসকল মজুর
দিগের চুক্তির সময় অতিবাহিত হইবার
পলায়ন করে, পবলিক ওয়ার্ক কর্ম্মচারিগণ
কে কর্ম্ম দিয়া থাকেন। লেপ্টনণ্ট গব
আজ্ঞা দিয়াছেন, কুলিগণ সময় অতীত হই
কাটি কর্ম্মে প্রদর্শন করিতে না পারিলে
কণ্ট্রাক্টর কর্ম্মচারিগণ তাহাদিগকে কর্ম্ম
না। সাগরের যে ইঞ্জিনিয়র এ কার্য্য
ছিলেন, তাঁহার বৈকিয়াত চাহা হই
তত্ত্বাবধায়কের পত্রের এক অংশে সাধা

রণের বৃষ্টিপাত একান্ত আবশ্যক। তিনি বলি
য়াছেন, “আমি এ বিষয়ের জন্য আদালতে
নালিশ করি নাই; কারণ তাহা করিলে এক
জন নিরীহ এদেশীয় নিয়তন কর্ম্মচারীকেই
দণ্ড হইত। এ দেশের বিচার ও শাসনপ্রণা
লীর উপরে তুমুল টীকা করা হইয়াছে।

কিছু দিন হইল, মধ্য ভারতবর্ষের প্রধান
কমিসনর প্রস্তাব করিয়াছিলেন অচিহ্নিত বিচার
পতিদিগের পদ উঠিয়া গেলে তাঁহাদিগকে
ভরণ পোষণের নিমিত্ত কিছু কিছু টাকা দেওয়া
করিবে। চিহ্নিত কর্ম্মচারিগণ সাধারণ্যে ইহা
পাস হয়। গবর্ণর জেনরল এ প্রস্তাবে সম্মত
হইয়া, কেবল অচিহ্নিত বিচারপতিদিগের নহ
গবর্ণমেণ্ট অচিহ্নিত কর্ম্মচারীর প্রতি এই অনুগ্রহ
করিবার নিমিত্ত ষ্টেটসেক্রেটারিকে অনুরোধ
করিয়াছেন। সর জন লরেন্সের এ প্রস্তাবটী
যথার্থই সাধারণের হিতকর।

চীন হইতে সম্প্রতি ১২ জন মুসলমান কলি
কাতায় আসিয়াছেন। ইঁহারা মক্কায় যাইতে
তেছেন। তাঁহারা চীন হইতে বরাবর ডাঙ্গা পথে
আসিয়াছেন। তাঁহারা বলেন, চীন হইতে ব্রহ্ম
দেশে আসিবার দুটী পথ আছে। একটি কতক
পরিষ্কৃত, কিন্তু সে পথে বিস্তর দস্যু আছে।
দ্বিতীয় পথ ভালো হইয়া আসিয়াছে। এটীতে
আসিতে হইলে বড় বড় পর্ব্বত উল্লঙ্ঘন হইয়া ও
নিবিড় বন দিয়া আসিতে হয়। এত উচ্চ
পর্ব্বত আছে যে, পাহাড় চড়িতে উঠিতে
দুই দিবস লাগে। চীন হইতে যাঁহারা
আইসেন, তাঁহারা সাংঘাতিক লোক দলবদ্ধ
হইয়া আইসেন। পথে বন্য জন্তুর ও মানুষের
ভয়। এই অভিলাষীরা কাপ্তেন ক্রেডেনকে
দর্শন করেন নাই। ইহারা চীন, কিন্তু চীনভাষা
জানেন না। আরবি ইহাঁদিগের ভাষা, কিন্তু
উচ্চারণ বিভিন্ন। সেখানে যাঁহারা মনোগত
ভাব প্রকাশ করেন। কয়েক শতাব্দী হইল ৩০০
আরব চীনে আসিয়া বাস করেন। ইহাঁরা সেই
বংশোদ্ভব বোধ হইতেছে।

আগামী সপ্তাহে ডেপুটী মাজিষ্ট্রেটী পদ
প্রার্থীদিগের পরীক্ষা হইবে। এক দল পরীক্ষক
নিযুক্ত হইয়াছেন। আর বি, চাপমান সাহেব
সভাপতি এবং বাবু কৃষ্ণমোহন বন্দোপাধ্যায়
সম্পাদক হইয়াছেন। পরীক্ষা যে নিয়মে হইবে,
তাহাতে পরীক্ষাগ্রহণ করা আর না করা
সমান।

আমরা ডেলিনিউস পাঠ করিয়া বিস্মিত
হইলাম, কলিকাতার পুলিষের ডেপুটী কমিসনর
মেজর ব্রেহাম আজ্ঞা দিয়াছেন, রাজ
দক্ষিণ বিভাগের এদেশীয়েরা কোন
বাদ্যবাদন করিয়া সমবেত হইয়া যাইতে
দেন না। ডেপুটী কমিসনরকে এ নিষেধ ব
ক্ষমতা কে দিলেন?

হিন্দুহিতৈষিণী বলেন “অত্রত্য
নর্ম্মাল স্কুলের সাহায্যার্থ গবর্ণমেণ্ট ১০
মঞ্জুর করিয়াছেন। ৮০ টাকা বেতনে এ
মিষ্টেস্ ও ১০ টাকা বেতনে ৬ জন
এবং ৫০ টাকা বেতনে এক জন ইঙ্গি
(১৫ টাকা পাল্কী ভাড়া) শিক্ষয়ত্রী
হইবে।”

ঢাকাপ্রকাশ লিখিয়াছেন:—“আমা
মাজিষ্ট্রেট সাহেব সম্প্রতি এই আদেশ
করিয়াছেন যে, যাহার বাড়ীতে যত
জন্ম ও মৃত্যু হইবে, তাহাকে তাহা লে
দিতে হইবে। এতৎসংক্রান্ত বহি লাল
মেটকোর্ড হস্পিটলে এবং মিউনিসিপা
টীতে থাকিবে। এপর্য্যন্ত এতৎসম্বন্ধে
আইন প্রচারিত হয় নাই। মাজিষ্ট্রেট
আপনা হইতে এই আদেশ প্রচার করিয়া
এক্ষণে জিজ্ঞাস্য এই, লোকেরা যদি
হুকুম অমান্য করে, তিনি কোন আইনের
বারামতে তাহাদিগের দণ্ডবিধান করিবে

১৪ ই জ্যৈষ্ঠ মঙ্গলবার।

অইলবাদার তালুকদার বুন্দাবনসরক
দুর্ভিক্ষে ৫০,০০০ টাকা ব্যয় করিয়া ছয়
পশ্চাৎ বিস্তর নিরন্ন লোককে আহার দে
ষ্টেটসেক্রেটারি তাঁহাকে ধন্যবাদ দিয়া
মান্দ্রাজ গবর্ণমেণ্ট তাঁহাকে পুরস্কা
এক জোড়া বালা দিয়াছেন।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট মফস্বল আদা
আমলাদিগের বেতনবৃদ্ধি করিবার যে
করেন, গবর্ণর জেনরল তাহা নিজে গ্রাহ্য
ষ্টেট সেক্রেটরির সম্মতির জন্য প্রেরণ
ছেন। অধঃস্থ জজদিগের সেরেস্তাদারগণ
ষ্টেটদিগের সেরেস্তাদারদিগের ন্যায়
পাইবেন। গবর্ণর জেনরল বলিয়াছেন, ই
অনেক ব্যয়বৃদ্ধি হইবে; কিন্তু বৃদ্ধি করা নি
আবশ্যক বলিয়া স্বীকার করিয়াছেন।
সুবিচার অগ্রে চাই, এটী অদ্যাপি অ
হৃদয়ঙ্গম হয় নাই।

কলিকাতা গেজেটে মফস্বলের ইউ
কর্ম্মচারীদিগের বাসস্থানসংক্রান্ত দুইখা
প্রকাশিত হইয়াছে। লোহারডগার পুলিষ
রিটেণ্ডেণ্ট আর, ডবলিউ, কিড সাহেব স

ক্ষেপ করেন, তাঁহার বাসস্থান নাই; ডেপুটি সনর নিজের বাটীতে স্থান না দিলে তাঁহাকে ঠের মধ্যে তাঁবুর ভিতরে গ্রীষ্ম ও বর্ষা অতি ত করিতে হইত। অতএব তিনি এক বাটী ম'পার্শ ৪২০০ টাকা চাহেন। এই টাকা শঃ বেতন হইতে কর্ত্তন করিয়া দেওয়া তাঁহার না। লেপ্টনণ্ট গবর্ণরের অনুরোধানুসারে র জেনরল এ প্রস্তাবে সম্মত হইয়াছেন। স্থলের যে যে স্থানে ইউরোপীয় কর্ম্মচারীদি থাকিবার উপযুক্ত বাটী নাই, সেখানে বাটী মাণের টাকা দিয়া ক্রমশঃ তাহা কাটিয়া ও য়া হইবে; কিন্তু সাবধান, যেন এক সরের বেতনের অধিক না দেওয়া হয়; নচেৎ নক টাকা ডুবিবে। সৈনিক আফিসরদিগের ত অন্য অন্য ইউরোপীয় কর্ম্মচারীর তুলনা না।

সর উইলিম মুর সর রিচাড টেম্পলের য় প্রশংসনীয়রূপ শাসনকার্য্য করিতেছেন। নি নানা স্থান দর্শন করিতেছেন। সম্প্রতি গরায় গমন করিয়া এতদ্দেশীয় বিস্তর ভদ্র কের সহিত সাক্ষাৎ করেন। জেল, বিদ্যা প্রভৃতিও দর্শন করা হয়। তিনি উত্তর পশ্চি কলে সামান্য সামান্য পদ হইতে ক্রমে লেপ্ট গবর্ণরের পদ পাইয়াছেন। এতদ্দেশীয় গর মধ্যে অনেকে তাঁহার পরিচিত লোক। হারা সকলেই তাঁহার উন্নতিলাভে আহ্লাদ কাশ করিতেছেন। আমাদিগের ইচ্ছা এই ন শাসনকর্ত্তা নিয়মবহির্ভূত প্রদেশের শাসন র্তাদিগের রোগে না যান। সে রোগে গেলে পাততঃ যশস্বী হইতে পারিবেন বটে; কিন্তু যে ডুব ভাঙ্গিয়া যাইবে।

দিল্লীগেজেট বলেন, এবার আগরাতে মহর র সময়ে মুসলমানদিগের সহিত সিয়াদিগের ত্যন্ত বিবাদ হইয়াছে। পুলিষকর্ম্মচারীরা পস্থিত হওয়াতে দাঙ্গা হইতে পারে নাই। মানরা সিয়াদিগকে বিদ্রূপ করিবার অভিপ্রায়ে কখানি গোঁয়ারা করিয়া তাহা দান করিয়া ল। কয়েকজন সিয়া সৈনিক ইহাতে পমান জ্ঞান করিয়া নালীশ করিয়াছে। গাবেও এইপ্রকার গোলযোগ হইয়াছে। রবালার দিবসে হিন্দুরা আমোদ করাতে র্তৃপক্ষ সঙ্কল্প করিয়াছেন, ভবিষ্যতে মুসলমান গের শোকের দিবসে হিন্দুদিগকে আমোদ রিতে দিবেন না। নিয়মবহির্ভূত প্রদেশের ধ বিচারই এইরূপ বটে!

পঞ্জাব রেলওয়ের প্রতিনিধি এজেন্ট হারিসন সাহেব মফস্বলাইটের নামে মানি নালীশ করিয়াছেন। তিনি, ডাক্তর লিটনার ও লেপেল গ্রিফিন সাহেব লক্ষ্ণৌটাইমসের নামে ঐপ্রকার আর এক নালীশ করিয়াছেন। শ্রাদ্ধ আর না গড়ায় এই আমাদিগের ইচ্ছা।

যে স্ত্রীলোকটি সতীত্বনাশের ভয়ে আগরার নিকটে রেলওয়ে শকট হইতে লম্ফ দিয়া পতিত হন, তাঁহার মৃত্যু হইয়াছে। মফস্বলাইটের এক জন সংবাদদাতা বলেন, তিন জন ইউরোপীয় ঐ শকটে যাইতেছিল। ইহাদিগের মধ্যে হরণ নামক এক ব্যক্তি শকটের খড়খড়ি খুলিতে যায়। স্ত্রীলোকটীর সহিত এক জন বৃদ্ধ ছিলেন। হরন যাইতেছে এমন সময়ে তিনি হস্তদ্বারা ইঙ্গিত করাতে স্ত্রীলোকটী শকট হইতে লম্ফ দিয়া পড়িলেন। হরণ বৃদ্ধকে প্রহার অথবা স্ত্রীলোকটীর গাত্র স্পর্শ করে নাই। স্ত্রীলোকটি পতিত হইলে সে বলিল "পরমেশ্বর! ও যে ওখানে ছিল তাহা আমি দেখিতে পাই নাই।" এ ব্যক্তিকে সেসিয়নে সমর্পণ করা হইয়াছে। মফস্বলাইটের পত্রপ্রেরক বেশ ধরতা ধরিয়াছেন, এটী জুরির বিচারের অনুকূল সন্দেহ নাই।

৯ই বৈজ্ঞের চন্দ্রিকাতে বর্ত্তমান গবর্ণর জেনরলের খৃষ্টীয় ধর্ম্মে অপব্যয়ের এক প্রতিবাদ হইয়াছে। উক্তপত্র যথার্থ বলিয়াছেন, "ধর্ম্মবিষয়ে অন্যমনস্কতা কেবল লোকের মানসিক অনৌদার্য্যের ফল। নচেৎ উদারস্বভাব ব্যক্তির নিকটে কি খৃষ্টধর্ম্ম, কি হিন্দুধর্ম্ম সকলই সমান।" যিনি যা বলুন, সর জন লরেন্স রাখিতেছেন, কয়েক বৎসরের পর সমুদায় ভারতবর্ষ খৃষ্টীয়ান হইয়া তাঁহার স্মরণার্থ স্তম্ভ করিয়া দিবেন। ডেলহাউসিও রাজনীতিসম্বন্ধে এইরূপ আশা করিয়াছিলেন।

উক্তপত্রে কলিকাতার সুঁড়িদিগের ধর্ষ্টতার আর এক উদাহরণ প্রদর্শিত হইয়াছে। রাত্রিতে দোকানে বড় সুরা বিক্রয় হইতেছে না। যত দিন পুলিষ কমিসনরের নূতন অনুরাগ থাকিবে তত দিন এ কার্য্য কতক বন্ধ থাকিবে। কিন্তু তাঁহারা কি ক্ষতিগ্রস্ত হইতেছে? তাহা নহে। এখন "হরিবোল" বন্ধ হইয়া "বেলফুল" শব্দ হইতেছে এবং সেই সুযোগে সুরা বিক্রয় হইতে আরম্ভ হইয়াছে।

সম্প্রতি কলাবাগানের দীঘীর নিকটে এক ব্যক্তি তাহার উপপত্নীর সহিত হত হইয়াছে। কোন ব্যক্তি উভয়েরই কণ্ঠচ্ছেদন করিয়া বধ করিয়াছে। হতভাগ্য লম্পটের গর্ভবতী স্ত্রী স্বামীর হত্যাসংবাদ শ্রবণ করিয়া যেমন শশব্যস্ত হইয়া নামিতেছিলেন, সেই সময়ে ছা হইতে পড়িয়া সাংঘাতিক আঘাতপ্রাপ্ত হই ছেন। এক জনের দুষ্কিয়ার নিমিত্ত কত জনে প্রাণ যাইতেছে!

এতদ্দেশীয় রাজ্যসমূহের মধ্যে কত দু আছে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাহা জানিব অভিলাষ করিয়াছেন। প্রত্যেক দুর্গকে দ্বিতী গোয়ালিয়র করা কি সর জন লরেন্সের অ প্রেত?

গুজরাটমিত্র গুইকুমারের অত্যাচারের এক দৃষ্টান্তপ্রদর্শন করিয়াছেন। রাজার টাক অভাব হওয়াতে বণিক ও মাহকারদিগের নি ৬ টাকা সুদে কর্জ্জ চাহেন। তাঁহারা বলে তাঁহারা আপনারা ৮ টাকার কম টাকা ক পান না। সে কথা শুনা হইল না। রাজার ম ভাউসিঙ্কিয়া ফৌজদারকে টাকা আদায়ের ভ দিলেন। ফৌজদার ধনী ব্যক্তিদিগকে আহ্ব করিতে লাগিলেন এবং আগত ব্যক্তিদি কাহার কাহার বা পুত্রের কাহার বাটীর স্ত্রীলোকের প্রতি ব্যভিচারদোষারো করিয়া বলিতে আরম্ভ করিলেন, টাকা না দি তোমাদিগকে জেলে দেওয়া হইবে। সম্মানে ভয়ে অনেকে টাকা দিতেছেন। ১০০ টাক নীচে গৃহীত হয় না, উচ্চ বিদায় ৫০ টাক এই রাজকুমার কি উন্মত্ত হইয়াছেন?

২০ এ মে সিমলাতে ভারতবর্ষীয় ব্যবস্থাপ সভার অধিবেশন হয়। ঐ দিবস বোম্ব ব্যাঙ্কের ক্ষতির কারণ অন্বেষণের বিল বিধিব হইয়াছে। সর চারলস জাক্সন, মেজর মাকলয় ও মেলবিল সাহেব কমিসনর হইয়াছেন। ব্যক্তির ধর্ষ্টতায় ব্যাঙ্কের ক্ষতি হইয়াছে, যদি ইউরোপীয় হয়, কমিসনরগণ কি তাহ দোষ সপ্রমাণ করিতে সাহসী হইবেন?

ফেণ্ড অব ইণ্ডিয়া বলেন, জর্জ্জ স্মিথ সাহে এডেনবর, বিশ্ববিদ্যালয়ের নিকটে এল, এ ডি, উপাধি পাইয়াছেন। এ বার বাণু পণ্ডি হইয়া আসিতেছেন; কাহার মাথা যায় ব যায় না।

১৫ ই জ্যৈষ্ঠ বুধবার।

গত কল্য রাজীকে অভিনন্দন প্রদান করি বার নিমিত্ত টৌনহালে সভা হইয়াছিল। য রীতি প্রস্তাব ও বক্তৃতা হইয়া অভিনন্দন স্থি কৃত হইয়াছে। মান্দ্রাজের লোকেরা এপ্রক অভিনন্দন প্রদান করিয়াছেন; চাক লোকেরা ইহা করিতে প্রস্তুত হইয়াছেন।

পিয়নিয়র বলেন, অযোধ্যার রাজার নি স্থিত গবর্ণর জেনরলের এজেন্ট লেপ্টনণ্ট কু

ারবাট বোগদাদের পোলিটিকাল এজেণ্ট হই-
াছেন।

উক্ত পত্র বলেন, সম্প্রতি দারজিলিঙের
মিউনিসপালিটি কর্ষীয়ঙ অবধি দারজিলিঙ
র্যন্ত একটী শকটগমনোপযোগী রাস্তা ক র
ার অনুমতি চাহেন; কিন্তু গবর্ণমেণ্ট তাহ'তে
অসম্মত হইয়াছেন। মিউনিসিপালিটির টাকাতে
লিষব্যতীত আর কাহারও অধিকার নাই।

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন, ভারতবর্ষীয়
লেওয়ের বঙ্গদেশ, উত্তরপশ্চিমাঞ্চল ও ঝাঁসল
রবিভাগের নিমিত্ত পৃথক পৃথক ইঞ্জিনিয়রের
বরঙ্গে সমুদায় রাস্তার তত্ত্বাবধারণ করিবার
ন্য এক জন প্রধান ইঞ্জিনিয়র হইবেন। এটী
ওয়া প্রার্থনীয়। অধিক চিকিৎসক ও অধিক
ঞ্জিনিয়র অমিশ্রিত অনিষ্টের হেতু।

বোম্বাইগেজেট এক গোপনীয় পত্রদ্বারা
দংগত হইয়াছেন, সর রবার্ট নেপিয়র আবিসি
য়াতে যুদ্ধার্থী সৈন্যদিগকে ভাতা না দিবার
স্তাব করিয়াছেন। তিনি বলেন, এ যুদ্ধের
য় ইংলণ্ডকে দিতে হইবে। এমন স্থলে ভাতা
হণ অনুচিত। কিন্তু সৈন্যগণ যে বিরক্ত হইবে
াহার কি স্থির করা হইল? ভারতবর্ষের স্বার্থের
নমিত্ত যুদ্ধ হইলে ভাতা দেওয়া হইত, ইংল
ণ্ডর বেলা বলিয়া হইবে না। গবর্ণমেণ্টের
রম শত্রুও রাজ্ঞী ও তাঁহার ভারতবর্ষীয়
জাদিগের মধ্যে কি এপ্রকার প্রভেদ করিতে
ারেন?

পতিপুত্রহীনা পুত্রবধূ শ্বশুরের উপরে কত
র দাওয়া করিতে পারেন, তদ্ঘটিত একটী মক
মা হইয়া গিয়াছে। ক্ষেত্রমণি দাসী অতি অল্প
য়সে বিধবা হন। তিনি এপর্য্যন্ত পিত্রালয়ে
হিয়াছেন। সম্প্রতি তাঁহার শ্বশুর কাশীনাথ
াসের নামে ভরণপোষণের নিমিত্ত নালীশ
রেন। ২৪ পরগণার জজ তাঁহাকে ২৫ টাকা
খোরাকি দিবার আজ্ঞা দেন। কাশীনাথ দাস
আপীল করাতে চারি জন বিচারপতি বিচার
রেন। বিচাপতি লক ও কেম্প বলিয়াছেন,
পুত্রবধূকে ভরণপোষণ করা শ্বশুরের কর্ত্তব্য।
তবে পুত্রবধূর শ্বশুরের অমতে পিত্রালয়ে
াকা অনুচিত। শ্বশুর যদি কুব্যবহার করেন,
তবে তিনি পৃথক ভরণ পোষণের নিমিত্ত নালীশ
করিতে পারেন। কিন্তু প্রধান বিচারপতি বলি
াছেন, স্বামী অপেক্ষা স্ত্রীর অধিক স্বত্ব নাই।
কাশীনাথ দাস নিজে উপার্জ্জন করিয়া সম্পত্তি
করিয়াছেন। এ নিমিত্ত তিনি আপন পুত্রকে না
দিলেও উক্ত পুত্র নালীশ করিতে পারেন না।
স্থলে তাঁহার বিধবা স্ত্রী কিপ্রকারে নালীশ
করিতে পারেন? যদি তাঁহার স্বামীর পিতামহ
দত্ত কোন সম্পত্তি থাকিত এবং শ্বশুর যদি কুব্য
বহার করিতেন, তাহা হইলে অবশ্যই নালীশ
চলিত। সর বার্থেস পিকক যথার্থই বলিয়াছেন,
হিন্দুশাস্ত্রে অনেকগুলি কর্ত্তব্য কর্ম্ম আছে; কিন্তু
তাহার কতগুলি ধর্ম্মনীতিসংক্রান্ত, কতগুলি
না করিলে আদালত হস্তক্ষেপণ করিবেন।
পুত্রবধূকে প্রতিপালন করা ধর্ম্মনীতিসঙ্গত,
কিন্তু না করিলে রাজা বাধিত করিতে পারেন
না। বিচারপতি মাকফার্সনের এই মত হওয়াতে
অদ্যকার নালীশ অগ্রাহ্য হইয়াছে।

বোম্বাইয়ের যাবতীয় জেলা, নগর ও পল্লী
গ্রামের এক ইতিহাস প্রকাশিত হইবে। তন্নি
মিত্ত গবর্ণমেণ্ট ১২০০০ টাকা ব্যয় করিতে
সম্মত হইয়াছেন। এপর্য্যন্ত এক জন সম্পাদক
স্থির করা হয় নাই। একখানি গেজেটিয়র করা
সহজ নহে এবং ১২০০০ টাকায় সে কাজ
হয় না।

১৬ ই জ্যৈষ্ঠ বৃহস্পতি বার।

অকসফোর্ডের অন্তর্গত ব্রেসনোস কালে
জের জে. পিকফোর্ড সাহেব ৫০০ টাকা বেতনে
মান্দ্রাজের প্রেসিডেন্সি কালেজের সংস্কৃতের
অধ্যাপক হইয়াছেন। এটী সর ষ্টাফোর্ডের নিজে
নিয়োগ। এ দেশে কি সংস্কৃতজ্ঞ নাই? রাজ
পুরুষদিগের আমাদিগের প্রতি যে মমতা নাই,
এইসকল কার্য্যদ্বারা তাহা বিলক্ষণ প্রমাণ হই
তেছে। "ডর্ম্ম কেট্" প্রভৃতি উচ্চারণ শুনিয়া
ছাত্রদিগের যে হরিভক্তি উড়িয়া যাইবে, সর
ষ্টাফোর্ড নর্থকোট তাহার কি করিবেন?

ইণ্ডিয়ান পবলিক ওপিনিয়ন বলেন, সম্প্র
তি গিজনির নিকটে যে যুদ্ধ হয়, তাহাতে উভয়
দলের অনেক সর্দ্দার হত হইয়াছেন। আজিম
খাঁর সৈন্যগণ গিজনি হইতে দুরীভূত হইয়া।
সৈয়াদাবাদে পালায়ন করিয়াছে। উক্ত
সর্দ্দার বণিকদিগের নিকটে বলপূর্ব্বক পুনর্ব্বার
২০,০০০ টাকা লইয়াছেন। মমনিয়ার আমীর
সিয়ারআলির সহিত যুদ্ধ করিবার ভান করিয়া
আবদুল রহমনকে তাঁহার সাহায্যার্থ আহ্বান
করেন। আবদুল রহমন উক্ত আমীরের নিকটে
গমন করিয়াছিলেন। উপস্থিত হইবামাত্র ঐ
বিশ্বাসঘাতক তাঁহাকে বন্দীভূত করিয়া সিয়ার
আলির নিকটে প্রেরণ করিয়াছেন। আবদুল
রহমনের কারারোধ কাবুলের দুর্ভাগ্যের হেতু

বোম্বাইয়ের বণিক কৌয়াসজি জাহাঙ্গির লণ্ড
নস্থ কেনসিংটন উদ্যানে একটী ফোয়ারা করিয়া
দিবেন। এই এক বাতিক! ইহাতে কি ইংল
ণ্ডের লাভ বোধ হইবে? ভারতবর্ষে কি
ব্যয় করিবার পদার্থ নাই?

কাশ্মীরের রাজা পুনর্ব্বার বিলাতী
উপরে শুল্ক বসাইয়াছেন।

সম্প্রতি মান্দ্রাজে দুই ওরাঙ হোটাঙ
হয়। এ দুইটীকে সম্প্রতি ইংলণ্ডে প্রেরণ
হইয়াছে। ইহারা যত দিন মান্দ্রাজে ছি
দিন এতদ্দেশীয় বিস্তর লোকে দর্শন
যাইতেন। ইহাতে মান্দ্রাজ টাইমস র
করিয়া বলিয়াছেন "সকল শ্রেণির ভার
এই ভদ্র লোক (ওরাঙহোটাঙ) দিগের
সাক্ষাৎ করিতে যাইতেছেন; আক্ষেপে
উভয় দলের একবিধ ভাষা না থাকাতে
স্পরের মনের কথা বলিতে পারেন
তাঁহারা (ওরাঙহোটাঙেরা) কি এই
মিঠাইবার নিমিত্ত ইংলণ্ডে যাইতেছেন

রাজা থিওডোরের পুত্রকে বোম্বাই
করা হইতেছে। তত্রত্য ডাক্তর উইলসন
কে শিক্ষা দিবেন। উহাঁকে ইংলণ্ডে পা
ভাল হইত। এই রাজকুমারের ভরণ পে
বিদ্যাশিক্ষার ব্যয় ইংলণ্ড দিবেন? না
গের স্কন্ধে পড়িবে?

ডোলনিউস রেওয়ার শাসনপ্রণালী
করিয়া লিখিয়াছেন, রাজা নিজেমৎ স
ও হিন্দিতে বিশেষ পারদর্শী, তিনি কি
ইংরাজীও জানেন। কিন্তু এত দিন শাসন
বড় মনোযোগ দিতেন না। তাঁহার
সময়ই আমোদ ও মৃগয়াতে অতিবাহিত
এক জন ব্রাহ্মণ তাঁহার দেওয়ান। এব্যক্তি
মুখ যে মাম শাফর করিতেও কষ্ট
করেন। রাজার অন্য অন্য কর্ম্ম চারীও দু
ও অসৎ। ক্রমশঃ লোকের কষ্ট হওয়াতে
হরবাণী লাল ও বাবু ভোলানাথ বাই
দেওয়ানকে পদচ্যুত করিয়া রাজা দি
য়ের হস্তে শাসনভার সমর্পণ করিবার
দেন। কর্ণেল মিড ইতিপূর্ব্বে রেওয়ার
রিপোর্ট করিয়াছিলেন, তাহাতে
চৈতন্য হইয়াছিল। এইসকল কারণে
কাহাকে কিছু না বলিয়া এক দিবস হঠাৎ
হাবাদে গমন করেন। তথায় শাসন
পরিবর্ত্তের পরামর্শ হয়। দেওয়ান ও
অনুচরগণ রাজাকে ফিরাইয়া আনিবার
চেষ্টা পান, কিন্তু কৃতকার্য্য হইতে পারেন
রাজা দিনকররাও আষাঢ় মাসে শাস
গ্রহণ করিবেন। গবর্ণমেণ্ট ইহাতে সম্মত
ছেন। রাজার সুমতিদর্শনে সকলেই সন্তু
বেন সন্দেহ নাই।

বোম্বাইয়ের নেটিব ওপিনিয়ন পত্রের ভূত সম্পাদক নারায়ণ মহাদেব কচেব প্রধান রপতি হইয়াছেন। এপ্রকার নিয়োগ অতি সুখকর। মহারাজ সিন্ধিয়া কবে সেকেলে মহারাষ্ট্রীয়দিগের হস্ত হইতে রক্ষা পাই ?

১৮ ই জ্যৈষ্ঠ শুক্রবার।

বড়ো মিউনিসিপালিটি কলিকাতার জষ্টিস র পদবীতে পদার্পণ করিয়াছেন। লোকের ণতশোষণ করিয়া কর আদায় করা হই । মিউনিসিপালিটির কর্ম্মচারিগণও পার্ব্বণী ত ত্রুটি করেন না; কিন্তু সেই সেকেলে , পচা পুষ্করিণী ও ময়লা রহিয়াছে। তথা অনেক লোকে এ নিমিত্ত আক্ষেপ করি- ন। এ আক্ষেপ বিফল। মিউনিসিপালিটির াচার সর্ব্বত্রই হইতেছে। লোকে টাকা ছেন বটে; কিন্তু সে সমুদায় উড়িয়া যাই । গবর্ণমেণ্ট ভাবিতেছেন, এটী মহ ত। সাধারণে চেষ্টা না করিলে এ অত্যাচার রক্ষা পাইবার আর উপায় নাই।

ার দুর্গানারায়ণ সাহা শিক্ষাকার্য্যে যে ০০ টাকা দান করেন, তন্নিমিত্ত চুঁচুড়ার করা গত শনিবার তাঁহাকে এক ভোজ ছেন। কালেজের উপযুক্ত ডিরেক্টর এপ ধন্যবাদও দিলেন না !!!

সাদা মধ্যে শুনিয়াছিলাম, ডিরেক্টর আট ন সাহেব বঙ্গদেশের শিক্ষকদিগের শ্রেণী ও বেতনবৃদ্ধি করিবার চেষ্টায় আছেন; সে ও শুভবমাত্র হইল। এক্ষণে বঙ্গদেশের কদিগের কর্ত্তা, তাঁহারা ষ্টেটসেক্রেটারির ট আবেদন করেন। বোম্বাইয়ের ডিরেক্টর ালোচাণ্ড্রার প্রস্তাবে সর ষ্টাফো খদোটের অনুমোদনক্রমে তত্রত্য শিক্ষক র শ্রেণি বিভাগ হইয়া বেতনবৃদ্ধি হইতে । কেবল আটকিন্সন সাহেবই যে বঙ্গদে- শিক্ষাকার্য্যের উন্নতির বিপক্ষ এরূপ নহে, ন ভারতবর্ষীয় গবর্ণমেণ্টও অনুন্নতিকল্পে ল পুষ্টিপূর্ব্বক আছেন। ভূমির কর করি ম্ন শ্রেণির শিক্ষাদান ত ঐ গবর্ণমেণ্টের তি দাড়াইয়াছে। বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট ম্ম গবর্ণমেণ্টের ধামা ধরিয়া চলিবেন; ও বেশ বুঝা যাইতেছে। শিক্ষকগণকে াদিগের উন্নতি স্বয়ং করিতে হইবে। এই বোম্বাইয়ের নজির রহিয়াছে; চেষ্টা ল কৃতকার্য্য হইবার সম্ভাবনা আছে।

রা ব্রান্সন সাহেবের বিচারের এক আশ্চর্য্য দর্শন করিতেছি। যখন জাহাজের কাপ্তে নেরা নাবিকদিগের নামে সামান্য অপরাধের নালীশ করেন, তখন তিনি ঐ দরিদ্রদিগের ৫। ৭। ১০ দিনের বেতন কর্ত্তন করিয়া কারাবাসের আজ্ঞা দেন। কিন্তু যখন নাবিকেরা জাহাজের আফিসরদিগের নামে নালীশ করেন, তখন নাম মাত্র দণ্ড হয়। বুধবার প্রিন্স রায়ল জাহাজের কয়েকজন নাবিক কাজ করিতে অসম্মত হওয়াতে তাহাদিগের দশ দিনের বেতন জরিমানা ও তিন সপ্তাহ মিয়াদ হয়। গত কল্য গারট্রুড জাহাজের পাচক অধ্যক্ষের নামে প্রহার ও গালির নালিশ করাতে মা ষ্টেট তাঁহার ২ দুই টাকা জরিমানা করিলেন! এতদ্দেশীয় অর্থী ও ইউরোপীয় প্রত্যর্থীর বেলাও এই বন্দোবস্ত হয়: ব্রান্সন সাহেব শারীরিক দণ্ডদানে বিলক্ষণ তৎপর; কিন্তু এপর্য্যন্ত এক জন ইউরোপীয় চোরের প্রতি এ দণ্ড প্রদান করিলেন না !!!

১৯ জ্যৈষ্ঠ শনিবার।

ডেলিনিউসের এক জন পত্রপ্রেরক বলেন, এ বার ডেপুটি মাজিষ্ট্রেটদিগের পরীক্ষার প্রশ্ন চুরি হইয়াছে। এক জন পরীক্ষার্থীর নিকটে যাবতীয় প্রশ্নের উত্তর ধরা পড়িয়াছে। এসকল চোরের নাম গেজেটে প্রকাশিত করিয়া তাঁহাদিগকে গবর্ণমেণ্টের কার্য্য হইতে এক কালে বহিষ্কৃত করা উচিত। কি প্রকারে প্রশ্ন চুরি যায়? কোন বিশেষ ব্যক্তিকে এ জন্য দায়ী না করিলে এ বালাই দূর হইবে না।

রোজ ব্রৌণের হত্যাঘটিত কাগজ পত্র আড্ভোকেট জেনরলের নিকটে প্রেরণ করাতে তিনি বলিয়াছেন, এপর্য্যন্ত যেসকল জবান বন্দী লওয়া হইয়াছে, তাহাতে মাধবচন্দ্র দত্তকে সেসিয়নে সমর্পণ করা কোন ক্রমেই বিধেয় নহে। গবর্ণমেণ্টের আটর্ণি রাবার্টস সাহেব তন্নিমিত্ত ২২ এ জুন পর্য্যন্ত মকদ্দমা স্থগিত রাখিবার প্রার্থনা করিয়া বলেন, কয়েদিকে জামীনে মুক্ত করিলে তিনি কোন আপত্তি করিবেন না। মাধবচন্দ্র দত্তকে জামীনে মুক্ত করা হইয়াছে। এই মকদ্দমায় পুলিষ ও মাজিষ্ট্রেট রবার্টস সাহেব অযোগ্যতা প্রদর্শন করিয়াছেন। তাঁহারা রোগীকে ছাড়িয়া কম্বল লইয়া টানাটানি করিতেছেন।

টাইমস অব ইণ্ডিয়ার অবিসিনিয়াস্থিত সংবাদদাতা বলেন, থিয়োডোরের পুত্র ও তাঁহার এক স্ত্রী বোম্বাইয়ে আসিতেছেন। থিওডোরের প্রিয়তমা পত্নী পিত্রালয়ে গমন করিয়াছেন। যিনি বোম্বাইয়ে আসিতেছেন, তিনি প্রথম স্ত্রী। ইনি এক্ষণে ব্রিটিশ শিবিরে পীড়িত আছেন।

এ দেশের গুলি ও চণ্ডুখোরদিগকে দেখিলেই বোধ হয়, এমন হতভাগ্য লোক পৃথি আর নাই। লণ্ডনে এক জন চীন এক দোকান করিয়াছে। এখানে চীন, ভ ষীয় ও কতগুলি নিম্ন শ্রেণির ইংরাজ ত নের ধুম পান করে। অল্প পয়সায় চণ্ড ভয়ানক নেশা হয়, তাহাতে লণ্ডনের এক বার ইহার আস্বাদন পাইলে আর করিতে পারিবে না; অহিফেনের নেশা মোহিনী শক্তি আছে; ইহাতে স্পষ্ট অনি তেছে তথাপি নেশাখোরেরা ইহা ত্যাগ ক পারে না। ডিকুইন্সের ন্যায় মহৎ লো অহিফেন খাইয়া কহিয়াছেন "এক পে এপ্রকার স্বর্গের সুখ আর কিছুতেই হয় ইংরাজেরা এই বেলা সাবধান হউন।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের বিক্রীত হইতেছে:—

৪	টাকার সিক্কা	৯২৷৶—৯২
৪	" কোম্পানির	৯৩৷০—৯
৫	" পবলিকওয়ার্ক	১০৫৷৶—১৮
৫	" কোং	১০৯—১০
৷৷৬	" কোং	১১৩৷০—১

ইউরোপীয়সমাচার।

লণ্ডন ১৬ ই মে। গত রাত্রিতে হাউস কমন্সে আরমষ্টঙ সাহেব সংবাদ দিয়া ২৫ এ মে তিনি এই বলিয়া প্রস্তাব করিবেন মন্ত্রিগণ যেপ্রকার কাজ করিতেছেন প্রতিনিধি শাসনপ্রণালীর বিরুদ্ধ। ইহাতে ভাব সম্মানের হানি হইতেছে।

ভারতবর্ষস্থিত সৈনাদিগকে যেপ্রকার পান করিতে দেওয়া হয়, তদ্বিষয়ে মহাস মনোযোগী হইবার অনুরোধ করা হইয়

লণ্ডনের মিউনিসিপালিটি সর রবার্ট য়রকে আপনাদিগের মধ্যে এক জন সভ্য করিয়া তাঁহাকে তদনুসারে যাবতীয় স্বত্ব দি মানস করিয়াছেন।

ওয়াশিংটন হইতে সংবাদ আসিয়াছে জনের মতে ও ১৯ জনের অমতে মহাসভা পতির বিরুদ্ধে একাদশ অপরাধটি অগ্রাহ্য য়াছেন। এই অপরাধটীর বিষয়ে মত সর্ব্ব গৃহীত হইয়াছে।

১৮ ই মে। ফেনিয়ান বারাটের মৃত্যু আর এক সপ্তাহের জন্য স্থগিত হইয়াছে।

আরমষ্টঙ্ সাহেব যে প্রস্তাব ক

দ দিয়াছেন, তাহা সকলে অতি সামান্য
। করিতেছেন।

াশিংটন হইতে টেলিগ্রাম আসিয়াছে, সভা
র বিরুদ্ধে একাদশ অপরাধটী অগ্রাহ্য করি
পর অন্য অন্য অপরাধের বিচার না করিয়া
ভা ২৬ এ পর্য্যন্ত কার্য্য স্থগিত করিয়া
।

৯ এ মে। রাত্রিতে হাউস অব কমন্সের
মিটি স্কটলণ্ডের রিফরম বিল বিবেচনা
ার ভার পান, তাঁহারা ২১৭ জনের মতে
৯৬ জনের অমতে স্থির করিয়াছেন,
ল ইংরাজ নগরের লোকসংখ্যা পাঁচ সহ
কম আছে, সেসকল স্থান হইতে প্রতি
আনিবার নিয়ম রহিত করিয়া তাঁহাদিগের
র্ত্তে স্কটলণ্ডের প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি
ইবে। যাঁহারা প্রতিনিধি মনোনীত করি
তাঁহাদিগের রাজস্বপ্রদানের নিয়ম ২১৮
। মতে ও ১৯৫ জনের অমতে স্থিরীকৃত
ছে।

হাতে অকৃতার্থ হওয়াতে ডিসরেলি সাহেব
র্গের অবস্থা ও কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেচনার্থ
ভা স্থগিত করিয়াছেন। সীমার বিল এক
ই কমিটির হস্তে দেওয়া হইয়াছে।

াজের ভার থাকাতে গবর্ণমেণ্ট শিক্ষাসং
বিল ফিরাইয়া লইয়াছেন।

ফ সাহেবের প্রশ্নের প্রত্যুত্তরস্বরূপ সর
ড নর্থকোট বলিয়াছেন, সর অলেকজ
গ্রাণ্ট বোম্বাইয়ের শিক্ষাবিভাগের কর্ম্ম
দিগের অবস্থার যে উন্নতি করিবার প্রস্তাব
াছেন, তাহা অনেকাংশে গ্রাহ্য হইবে।
দিগের সামাজিক পদের উন্নতি ও বেতন
করা হইবে।

৩ এ মে। জামেকার ভূতপূর্ব্ব শাসনকর্ত্তা
রকে বিচারার্থ সেসিয়নে অর্পণ করা হই-
।

াণিজ্যসংক্রান্ত সন্ধিসকল লইয়া ফরাশী
ভায় তর্ক হইয়াছে। মন্সুর রুহার এক
া করিয়া ফরাশী বাণিজ্য ও শিল্পের
করিলেন। তিনি বলিলেন, আসিয়াতে
র রপ্তানী কেবল ইংলণ্ডের অপেক্ষা কম
ছে। তিনি আশা করিলেন যে, দৃঢ়তর
যোগিতা করিয়া ও বাণিজ্যের প্রতিবন্ধ
সকল দূর করিয়া শীঘ্র ফরাশী বাণিজ্য
দিগের বাণিজ্যের ন্যায় করিবেন।

জ্ঞী বালমোয়ালে গিয়াছেন। ইংলণ্ডে
ফসল হইবার সম্ভাবনা আছে।

এ মে। গত কল্য হাউস অব কমন্সে ডিস
রেলি সাহেব বলিলেন, ইংলণ্ডের যেসকল স্থানে ৫০০০ লোক নাই সেসকল স্থান হইতে প্রতিনিধি আনিবার প্রথা উঠাইয়া দিবার বিষয়ে তিনি সম্মত হইয়াছেন। এই সংশোধন ও মনোনীতকারীদিগের প্রদত্ত রাজস্বের নিয়মের সহিত স্কটলণ্ডের রিফরম বিল সোমবারে বিধিবদ্ধ করিবার নিমিত্ত তিনি মহাসভাকে অনুরোধ করিলেন।

গত কল্য তারিখের এক টেলিগ্রাম নিউইয়র্ক হইতে আসিয়াছে। ইহাতে প্রকাশ করে, চিকাগো কনবেনশন সেনাপতি গ্রাটকে ভবিষ্যৎ সভাপতি বলিয়া স্বীকার করিয়াছেন। সভাপতি জনসনের অপরাধ অগ্রাহ্য করা ইহাঁদিগের অমত। এই মকদ্দমা চলিতে থাকে এ বিষয়ে মতপ্রকাশ করা হইয়াছে।

২০ এ মে। গত রাত্রিতে হাউস অব কমন্সে টি বিলিয়ান সাহেব সৈনিক আফিসরের পদ ক্রয় করিবার প্রথা উঠাইবার জন্য প্রস্তাব করিয়াছেন। তিনি বলিয়াছেন, এ প্রথা থাকিতে সেনাদলের অবস্থা ভাল হইবে না। কাপ্তেন বিবিয়ান এক সংশোধনপ্রস্তাব করিয়া বলিলেন কাপ্তেনের উপরের পদ অবধি ক্রয় করিবার প্রথা উঠান কর্ত্তব্য। টি বিলিয়ান সাহেবের প্রস্তাবানুসারে কাজ হইলে ১০ কোটি টাকা ব্যয় হইবে। সেনাপতি পিল পদক্রয় করিবার প্রথার সহায়তা করিলেন না; কিন্তু প্রস্তাবের প্রতিবন্ধকতা করিলেন। তিনি বলিলেন, উপরের পদ শূন্য হইলেই নীচের পদস্থ ব্যক্তি সে পদ পাইবেন, এ নিয়ম থাকিলে উৎসাহ থাকিবে না। গুণ বিবেচনা করিয়া উন্নত পদ দিলে ঈর্ষা, সন্দেহ ও পক্ষপাত হইবে। সর জন পাকিংটন এপ্রকার দোষ স্বীকার করিলেন; কিন্তু বলিলেন, ইহাতে যে আফিসর পদ ক্রয় করেন না, তাঁহারই অধিক লাভ হয়। তিনি বলিলেন, সামান্য সৈনিক হইতে আফিসরের পদ পাইবার প্রথার উন্নতি আপাততঃ হইতে পারে না। ফরাশী প্রথা দেখিয়া বরং সতর্ক হওয়া উচিত; ইহা আদর্শ নহে। তিনি বলিলেন, চাইলডার্স সাহেব যে ব্যয় সাধ্য প্রস্তাব করিয়াছেন তাহাতে সম্মত হওয়া তাঁহার সাধ্য নহে; কিন্তু সকল লোক সন্তুষ্ট হন, তিনি এপ্রকার এক বিল শীঘ্র অর্পণ করিবেন। অত্যাচারসংশোধনের প্রস্তাব পরিত্যক্ত হইল।

আমেরিকান দূত আডামস সাহেব স্বদেশে প্রত্যাগমন করিতেছেন। আমেরিকার গবর্ণমেণ্ট তাঁহার পদে অন্যকে নিযুক্ত করিয়াছেন।

২৩ এ মে। গত রাত্রিতে আয়ার
ধর্ম্মসম্প্রদায়মধ্যে আর নূতন পুরোহিত
এবিষয়ে মাডষ্টোন সাহেব যে প্রস্তাব
তাহা ৩১২ জনের মতে ও ২৫৮ জনের
গ্রাহ্য হইয়াছে। ৫ ই জুন শুক্রবার এই
বিবেচনার্থ কমিটি বসিবেন।

কতকগুলি সম্ভ্রান্ত লোক সর ষ্টাফোর্ড
কোটের নিকটে গিয়া ডিবর্বালটার
বোম্বাই পর্য্যন্ত এক পৃথক টেলিগ্রাফ
অনুরোধ করেন।

সর ষ্টাফোর্ড নর্থকোট প্রত্যুত্তরে বলি
যে টেলিগ্রাফগুলি সকল এক্ষণে আছে
চনাপূর্ব্বক সেগুলি চালাইলে রাজনী
বাণিজ্য উভয়েরই মঙ্গল হইবে।

কনষ্টাণ্টিনোপল হইতে সংবাদ
য়াছে, তুরস্কের সাধারণকার্য্যবিভাগের মন্ত্রী
টেলিগ্রাফ ও ডাকঘরের তত্ত্বাবধায়ক
এক্কেন্সির মৃত্যু হইয়াছে। তুরস্কের মন্ত্রি
শীঘ্র পরিবর্ত্ত হইবে। সুচতুর রাজকীয় কৌ
মধ্যে ৪৫ জন তুরস্ক, ৯ জন আর্ম্মেনীয়,
গ্রীক ও ৩ জন ইহুদি প্রবেশ করিয়াছেন

ফ্রান্সের সহিত টিউনিসের গবর্ণ
মনান্তর হওয়াতে ফরাশী দূত উক্ত দেশ
করিয়াছেন।

মণিটউর ডিলি আর্ম্মি বলেন, সৈন্য
কমাইবার প্রথম দৃষ্টান্ত প্রদর্শন ফ্রান্সের দ্বা
য়াছে। যেহেতু ১৪,০০০ সৈনিক বিদা
য়াছে।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

লেপ্টনেণ্টগবর্ণরের
আদেশানুসারী
নিয়োগ।

১৯ এ মে। যত দিন ডাক্তর এল, জ
বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন তত
পাট নার সিবিল সার্জ্জন ডাক্তর আর এক
সন মীঠাপুর ও দিগরে জেলের চিকিৎসার
পাইবেন।

ডাক্তর জাকসনের অনুপস্থিতিকালে
নার প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও
কালেক্টর সি, এফ, ওয়াসিলি সাহেব মী
ও দিগরের জেলের তত্ত্বাবধারণের ভার
বনে।

২০ এ মে। ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি
ক্টর মৌলবী আবদুল গফুর বাউসি উপবিভ
ভার পাইয়া ভাগলপুরে মাজিষ্ট্রেটের
চালন করিবেন। ২০ এ দিবসের গে

লবী মহম্মদ ইজাকের নিয়োগের যে বিজ্ঞা-
হয়, তাহা এতদ্বারা রহিত করা গেল।

২১ এ মে। তৃতীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট
র্দ্ধন বাবু দ্বারকানাথ বন্দ্যোপাধ্যায় পাবনার
ন্তর্গত দুলাইয়ের দাতব্য চিকিৎসালয়ের ভার
ইবেন।

২২ এ মে। যত দিন আর, এস, ওকনর বিদায়
য়া অনুপস্থিত থাকিবেন, তত দিন এ,
য়াব সাহেব সিংহভূমের প্রতিনিধি পুলিষ সুপ
টেণ্ডেণ্ট হইবেন।

কলিকাতার প্রতিনিধি কালেক্টর ডবলিউ,
, রাইলণ্ড সাহেব ১৮৬৮ অব্দের ৯ আইন
নুসারে কলিকাতা, ২৪ পরগণা ও হুগলিতে
লেক্টরের ক্ষমতা পাইবেন।

বাবু প্যারীমোহন বন্দ্যোপাধ্যায় ১৮৬৮
ব্দের ৯ আইন অনুসারে এক জন আসেসর
য়া কলিকাতা ২৪ পরগণা ও হুগলিতে কালে
রের ক্ষমতা পাইবেন।

বাবু প্রাণকৃষ্ণ দে ১৮৬৮ অব্দের ৯ আইন অনু
রে আসেসর হইয়া কলিকাতার কালেক্টরের
মতা পাইবেন।

বাবু কৃষ্ণচন্দ্র বসু ১৮৬৮ অব্দের ৯ আইন
নুসারে আসেসর হইয়া কলিকাতার কালেক্ট
র ক্ষমতা পাইবেন।

হাবড়ার ডেপুটী কালেক্টর ১৮৬৮ অব্দের
১ ধারা অনুসারে কমিসনরের ক্ষমতা পা.
ন।

গত দিন মৌলবী হাবেন আলি বিদায় লইয়া
নুপস্থিত থাকিবেন, তত দিন রাজমহলের সহ
রী কমিসনর নিজের কার্য্যের উপরে পাকু-
ভার ভার পাইবেন।

২৩ এ মে। সি, এম, জাডন সাহেব গয়ার
ক্তিনিধি সব ডেপুটি অহিফেন এজেণ্ট হই
ন।

২৬ এ মে। নিম্নলিখিত ভদ্র লোকেরা খৃষ্টি
নদিগের বিবাহ দিতে পারিবেন।

বরেণ্ড ই, বি, সি, জালাম, বালেশ্বরে।
" আলবার্ট, উইলিয়ম, কলিকাতায়।
ডবলিউ, এফ, মাকডোনেল সাহেব বি, সি,
লীয়ার সিবিল ও সেসিয়ন জজ হইবেন।

—:০:—

আমাদিগের আনুলিয়াস্থ সংবাদ-
দাতা লিখিয়াছেনঃ—

১। মধ্যে সংবাদপত্রপাঠে অবগত হইয়া
লাম, যে আমাদিগের বর্ত্তমান মাননীয় লেপ্ট
ণ্ট গবর্ণর শ্রীযুক্ত গ্রে সাহেবের আদেশানুসারে
কৃষ্ণনগরে জুয়াখেলা নিবারণের আইন প্রচ
লিত হইয়াছে; কিন্তু ফলে উহার ত কিছুই দেখি
না; বরং অপেক্ষাকৃত উহার বিলক্ষণ প্রাদুর্ভাব
হইয়া উঠিতেছে। নগরের মধ্যে অনেক স্থানেই
এই খেলা হইয়া থাকে। যাহাদের সংসার নির্ব্বা
হের উপায় নাই, তাহাদিগের দ্বারাই এই কার্য্য
সম্পাদিত হয়। এই মহাপ্রভুরা আবার অলীক
আমোদের বশযাত্রী। যেখানে বারইয়ারি পূজা
কি যাত্রাদি হইয়া থাকে, সেই খানেই তাঁহারা
সর্ব্বাগ্রে উপস্থিত হন এবং সাধ্যমত লোকের
সর্ব্বনাশ করিবার ত্রুটি করেন না। যাহা হউক,
আমরা এ বিষয়ের নিমিত্ত পুনরায় গবর্ণমেণ্টকে
অনুরোধ করিতেছি, যাহাতে ইহা এক কালে
এ দেশ হইতে দূরীকৃত হয়, তাহার উপায় ত্বরায়
করুন। আর যদি আইন প্রচার করিয়া এক
কালে রহিত না করেন; জুয়ারুদিগের উপরে
অধিকপরিমাণে কষাঘাত করুন, তাহা হইলেও
উহার অনেক নিবারণ হইবে।

২। শুনিয়া আহ্লাদিত হইলাম, আমাদিগের
নদীয়া জেলার ভূতপূর্ব্ব প্রজাবৎসল হিতৈষী
মাজিষ্টেট শ্রীযুক্ত বেল সাহেব পুনরায় তাঁহার
পদে প্রত্যাগমন করিয়াছেন। ইহাঁর কৃষ্ণ-
নগর পরিত্যাগের পর জিলার সমুদায় লোকই
দুঃখপ্রকাশ করিয়াছিলেন. এক্ষণে সকলেই
সুখী হইবেন সন্দেহ নাই। বেল সাহেবের ন্যায়
প্রজাহিতৈষী মাজিষ্টেট অতি বিরল।

৩ রাণাঘাটের মিউনীসিপালিটী লইয়া
আর কত বার চীৎকার করিব? অদ্যাবধি রাস্তা
গুলির সমুদায় পাকা হইল না। গবর্ণমেণ্টের
দৃষ্টি যাহাতে একান্ত আবশ্যক। প্রজা উৎপীড়ন
করিয়া রাজস্ব আদায়ের ফল কি?

৪। নদীয়া জেলার অধীন "কোতয়ালী"
ও "নাকাশী পাড়া" থানার অন্তর্গত কএকখানি
গঙ্গাতীরস্থ পল্লীগ্রামে বন্যায় বৎসর বৎসর
অনেক প্রজার অনেক ক্ষতি হইয়া থাকে। কয়
মাস অতীত হইল প্রেসিডেন্সিবিভাগের কমি-
সনর শ্রীযুক্ত চাপমান সাহেব মফস্বল ভ্রমণ-
কালে সমুদায় স্থানে গমন করিয়াছিলেন।
তত্রত্য বন্যা ও বাত্যাহত প্রজার শোকাবহ
আর্ত্তনাদ শ্রবণে সাতিশয় দুঃখিত হইয়া গঙ্গার
জল যাহাতে পল্লীসমূহের মধ্যে প্রবেশ করিতে
না পারে, এরূপ কল্পনা করিয়া উহার ধারে
বাঁধ দিবার প্রস্তাব করিয়া আসিয়াছিলেন।
শুনিলাম, হিতৈষী কমিসনর সাহেবের
প্রস্তাবক্রমে গবর্ণমেণ্ট এই ব্যয় করিতে
সম্মত হইয়াছেন। কিন্তু এপর্য্যন্ত কোন
কার্য্যারম্ভ না হওয়াতে উহার প্রতি আমা-
দিগের সন্দেহ হইতেছে। যাহা হউক, আম
এ বিষয়ের নিমিত্ত উক্ত মাননীয় চাপম
সাহেব মহোদয়কে অনুরোধ করিতেছি, এ
যাহাতে ত্বরায় সম্পন্ন হয় তাহার উপায় করু

৫। রাণাঘাটের গবর্ণমেণ্ট সাহায্য
ইংরাজী বাঙ্গালা বিদ্যালয়ের কতকগুলি বি
য়ে সোমপ্রকাশ এবং এডুকেশন গেজে
প্রভৃতি সংবাদপত্রে প্রকাশিত হওয়া
এত দিনে তাহার শুভ ফল হইয়াছে। শুনি
আহ্লাদিত হইলাম যে, শিক্ষাবিভাগের ডি
ক্টর সাহেব উক্ত বিদ্যালয়ের বিশৃঙ্খলা সং
পত্রে পাঠ করিয়া উহার তত্ত্বাবধান বি
জ্যানেজর মহাশয়কে পত্র লিখিয়াছি
লেন। কিছু দিন হইল এ বিভাগের স্
ইনিস্পেক্টর শ্রীযুক্ত বাবু মহেন্দ্র নাথ রায় ম
শয় উক্ত বিদ্যালয়ে আসিয়া সমুদায় অ
দর্শন করিয়া গিয়াছেন। শুনিলাম, তিনি শি
মহাশয়দিগের অনেকের উপর অসন্তোষপ্র
করিয়া গিয়াছেন।

৬। অতিশয় দুঃখিত হইয়া লিখিতেছি রা
ঘাটের প্রশংসিত জাতুনমাজ্ঞী এত দি
পর নিঃশেষিত হইল। অতঃ মহাশয়দি
অমনোযোগই উহার প্রধান কারণ।

—:০:—

মেদিনীপুর হইতে এক ব্যক্তি লিখিয়াছেনঃ—

কয়েক দিন গত হইল, মেদিনীপুরে
বিবাহ অতিসমারোহপূর্ব্বক সম্পন্ন হইয়া গি
য়াছে। দুটী বিবাহতেই অতিশয় ধুমধাম হই
ছিল। খ্যামটার নাচ, পাঁচালি, বাজিপোড়
প্রভৃতি অনেকপ্রকার তামাসা হইয়াছি
কলিকাতা হইতে ইংরাজী বাদ্য আনয়ন
হয়। অধিকতর দুঃখের বিষয় এইযে, দুটীই শি
বিবাহ। এখানে শিশুবিবাহ অতিশয় প্রচলি
বিবাহোপলক্ষে এখানকার ইংরাজ কর্ম্মচারী
গকে নিমন্ত্রণ করা হইয়াছিল। তাঁহারা অ
কেই সস্ত্রীক হইয়া তামাসা দেখিতে আসি
ছিলেন। আশ্চর্য্যের বিষয় এই যে, কদর্য্য খ্য
টার নাচই তাঁহাদিগকে বিশেষরূপে আপ্যা
করিয়াছে। যে দুই মহাত্মা পুত্রের বিবাহে হা
হাজার টাকা অকারণ ব্যয় করিলেন, তাঁহা
মেদিনীপুরের স্কাইস্কুল সম্বন্ধে যথোচিত সাহ
করিতে পরাঙ্মুখ হইয়াছেন।

দুই দিন গত হইল, এখানকার সুরা
নিবারণী সভার মাসিক অধিবেশন হইয়া
য়াছে। ইংরাজী স্কুলের হেড পণ্ডিত সুরা

একটী উত্তম বক্তৃতা পাঠ করিয়াছিলেন। দ্বারা বিশেষ যে কোন উপকার হইতেছে, দেখিতে পাই না। মদ্যপায়ীর সংখ্যা তই কমিতেছে না। শনিবার ও রবিবার সুরাদেবীর প্রকৃতরূপে পূজা হইয়া। কেবল বিদেশীয় আমলাদিগের মধ্যেই নি বদ্ধ আছেন, এমন নয়, এখানকার দিগের মধ্যেও স্বীয় রাজা ক্রমশঃ বিস্তার তেছেন। এমন কি, স্কুলের অল্পবয়স্ক বালক ও সুরাপান ও বেশ্যালয়ে গমন করিতে করে না।

নে ব্রাহ্মসমাজের অতি শোচনীয় অবস্থা। ট মাজিষ্ট্রেট কটন সাহেব প্রথম যখন আসিতে আরম্ভ করেন, তৎকালে দিন সভা ও দর্শকসংখ্যা বৃদ্ধি হইয়াছিল। আজি কালি সাহেব দেখা নাই নির্বৃত্তির সঙ্গে ধর্ম্মোৎসাহেরও নিবৃত্তি হইয়াছে। নারায়ণ বাবু মনুষ্যমনের উন্নতিকর কতগুলি খানে স্থাপন করিয়া গিয়াছেন বটে; কিন্তু কের অভাবে সেগুলি শীঘ্রই উৎসন্ন প্রাপ্ত হইবে।

ধ্যে মধ্যে বৃষ্টি হইতেছে বলিয়া এ বৎসর উঠা ও বসন্ত রোগের প্রাদুর্ভাব হয় নাই। র্ব্বে এই সহরে বাঙ্গালিদিগের পীড়া হইলে আসিষ্টাণ্ট সারজনভিন্ন গতি ছিল না। ণ সেই অভাবটী সম্পূর্ণরূপে দূরীকৃত হই- । দুই তিনটী মেডিকাল কালেজের বাঙ্গলা র ছাত্র গবর্ণমেণ্টের কর্ম্ম পরিত্যাগ করিয়া নরূপে চিকিৎসা আরম্ভ করিয়াছেন। তাঁহা র মধ্যে বাবু ভুবনেশ্বর মিত্র বিশেষ প্রতি লাভ করিয়াছেন। তিনি নিজ যত্নে ইংরাজী য় লিখিত চিকিৎসাবিষয়ক উত্তম উত্তম ক পাঠ করিয়া স্বীয় চিকিৎসাপ্রণালীর র্যসম্পাদন করিয়াছেন।

শুনা যাইতেছে, খানাকুল কৃষ্ণনগর অঞ্চলে া দিনে ডাকাইতি করিয়াছিল, তাহাদিগের কতগুলি পুরুষ ও স্ত্রীলোক এই সহরে য়াছে। অদ্যাবধি তাহাদিগের অত্যাচার ক কোন সংবাদ পাওয়া যায় নাই। ইহার প্রস্তরখণ্ড বিক্রয় করিবার ছলে লোকের দ্বারে বেড়াইতেছে।

—:০:—

প্রেরিত।

ন্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

সম্প্রতি ছাপরা জেলার জজ আদালতের উকীল শ্রীযুক্ত বাবু কেশবলাল ঘোষ মহাশয়ের অসীম যত্ন ও অস্থিভেদী পরিশ্রম এবং অনবরত চেষ্টায় "ছাপরা এসোসিএসন" নামে একটী পাক্ষিক সভা প্রতিষ্ঠিত হইয়াছে। সভার একটী মাত্র অধিবেশন হইয়াগিয়াছে। কেশব বাবুর বক্তৃতাশ্রবণে ও উৎসাহদানে ছাপরাস্থ যাবতীয় বাঙ্গালী এরূপ উৎসাহিত হইয়াছেন, যে বোধ হয়, এই ক্ষুদ্র সভাটী ভবিষ্যতে মহোপকারিণী এবং ভারতবর্ষের মুখোজ্জ্বলকারিণী হইবে। আমি সভার প্রথম অধিবেশন দিবসে উপস্থিত ছিলাম। সভাটী বাঙ্গালী মহাশয়দিগেরদ্বারা প্রতিষ্ঠিত হইতেছে বটে; কিন্তু উহাকে কেশব বাবুর সর্ব্বজাতীয় ও সর্ব্বদেশীয় মনুষ্যগণদ্বারা পরিপোষিত ও পরিবর্দ্ধিত করিবার ইচ্ছা আছে।

সভায় নানা ভাষার সম্বাদপত্র এবং নূতন নূতন পুস্তকাদি লইয়া সভ্যগণের জ্ঞানবৃদ্ধিবিধান করা হইবে, এবং সভামণ্ডপে ইংরাজী বাঙ্গলা উর্দ্দু ও হিন্দি এই চারি ভাষায় বিজ্ঞান, শিল্প, সাহিত্য, রাজনীতিপ্রভৃতি দেশোপকারক জ্ঞানগর্ভ প্রবন্ধসকল পঠিত হইবে। আর আমি দেখিয়া পরমাহ্লাদে মগ্ন হইয়াছি, এখানকার প্রধান প্রধান যাবতীয় বাঙ্গালী এ সভাটির চিরস্থায়িতাবিষয়ে প্রাণপণে লাগিয়াছেন। ইহাতে বোধ হইতেছে যে, সভাটী অচিরে অনন্ত ফল প্রদায়িনী হইয়া উঠিবে।

এক জন সভ্য।

—:০:—

সম্পাদক মহাশয়! গত বৈশাখ মাসে এখানে অনেকগুলি বিবাহ হইয়া গিয়াছে। দুঃখের বিষয় এই যে, পাত্র ও কন্যাদিগের কেহই অদ্যাপি শৈশবাবস্থা অতিক্রম করিতে পারে নাই। বাল্যবিবাহ পূর্ব্ব কালে কেবল কুলীনদিগের (বিশেষতঃ কায়স্থ ব্রাহ্মণ জাতির) মধ্যে এবং কলিকাতা অঞ্চলে প্রচলিত ছিল; কিন্তু এক্ষণে দেখা যাইতেছে, ঐ প্রথা কি কুলীন, কি মৌলিক, জাতিসাধারণ্যে বঙ্গদেশের প্রায় সর্ব্বত্র বিস্তারিত হইতেছে। কৃতবিদ্যেরা বাল্য বিবাহের স্রোতঃ প্রতিরোধার্থ যতই চেষ্টা করুন, সেরূপ দেখা যাইতেছে, কৃতকার্য্য হইতে পারিবেন এরূপ বোধ হয় না। এখানে যে কএকটী বিবাহ হইয়াছে, তন্মধ্যে দুটী অতি সমারোহে সম্পন্ন হইয়া গিয়াছে। পাত্রদ্বয়ের বয়ঃক্রম ১২ এবং ১৩ সংসর হইবে। শেষোক্ত বিবাহটীতে পাঁচ দল নওকী (খেমটাওয়ালি) এবং ১ দল ইংরাজী বাদ্যকর কলিকাতা হইতে আনীত হয়। বিবাহের পূর্ব্বে পরে পাঁচ ছয় দিন কাল উহাদের আমোদ চলিয়াছিল। সভাস্থলে বিস্তর লোক (নিমন্ত্রিত এবং অনিমন্ত্রিত) সমাগত হন। দুই চারি ভিন্ন অন্যত্র তাবৎ ইউরোপীয় কর্ম্মচারী নর্ত্তকীদর্শনোপলক্ষে সভাস্থ হইয়াছিলেন। অনেক সস্ত্রীক আসিয়াছিলেন। ইহাঁরা যে কেবল সম্ভ্রান্ত লোক ও জমীদার গৃহ স্বামিদিগকে চটি করিয়াছিলেন, এমত নহে, দীর্ঘকাল সভায় উপস্থিত থাকিয়া পূর্ব্ব দিন যে নৃত্য লাগিয়াছিল, তাহার আদেশ করিয়া এবং অর্থ পুরস্কার দিয়া নর্ত্তকীদিগের যথে উৎসাহবর্দ্ধন করিয়াছিলেন। আক্ষেপের এই যে, গৃহস্বামীরা সাহেবদিগের খানার জন করিতে পারেন নাই, কেবল জলযো আয়োজনমাত্র করিয়াছিলেন।

প্রাসঙ্গিক বিষয়ের আন্দোলনে প্রয়োজন প্রকৃত বিষয়ে বক্তব্য এই, যে পিতা পুত্তলিকার ন্যায় আপন আপন কন্যা বিবাহ দিয়া শীঘ্র নিশ্চিন্ত হন, তাঁহারা যে পুত্রের শত্রু তাহার সন্দেহ নাই। বিবাহ পদার্থ, খাইতে হয়, কি মাখিতে হয়, বালক বালিকাদিগের হৃদয়ঙ্গম হওয়া সম্ভব নহে। তাহারা দেশীয় ও বিদেশীয় বাদ্য খেমটা বা বাই নাচ দর্শন, নানাপ্রকার পোড়ান, পাল্কী আরোহণ, উৎকৃষ্ট বস্ত্র পাদুকা পরিধান এবং বহু লোকের সমাগম তির আমোদভিন্ন বিবাহশব্দের অর্থ বুঝে এমন অপক্ক বয়সে তাহারা পরস্পর যে সম্বন্ধসূত্রে বদ্ধ হয় এবং তাহাদিগের মস্তকে ভয়ানক ভার পতিত হয়, তাহা বুঝিতে শক্ত হয় না। যাঁহাদিগের উপর গণের যাবতীয় ঐহিক সুখ নির্ভর করি তাঁহারা যে উহাদিগকে শারীরিক ও চিরযন্ত্রণাসাগরে নিমগ্ন করিয়া দেন, তাহ আক্ষেপের বিষয় আর কি হইতে পারে!

বিস্তর যাত্রী জগন্নাথক্ষেত্রে যাইতে ইহাদিগের মধ্যে স্ত্রীলোকের সংখ্যাই অ এখানে ভাল সরাই নাই; তজ্জন্য রাত্রি অনেককে রাস্তার উপরে শয়ন করিয়া থা হয়। এ প্রদেশে চুরি ডাকাইতির যেরূপ র্ভাব, তাহাতে যাত্রীদিগের দ্রব্যাদি চুরি বিশেষ সম্ভাবনা আছে। পুলিষ কর্ম্মচারী কর্ত্তব্য যে, সরাই রক্ষার্থ ২। ৪ জন অ কনষ্টাবল কিছু দিনের নিমিত্ত নিযুক্ত করে

মেদিনীপুর
২২ এ মে
১৮৬৮

বশম্বদ
শ্রীঃ—

সোমপ্রকাশ

• ম ভাগ। ১২ সংখ্যা।

" প্রবর্ত্তনাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

—১৪৫—

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫৷৷ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ৩ রা আষাঢ়। ১৮৬৮। ১৫ ই জুন { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

ংরাজী স্বরলিপিপদ্ধতি।

দি কেহ আমার অনুমতি ভিন্ন এই গ্রন্থ
অথবা ইহার কিয়দংশও মুদ্রিত করিয়া
ত করেন, তাহা হইলে তিনি আ'ইন অনু
ণ্ডনীয় হইবেন

ারও সাধারণকে জ্ঞাত করিতেছি যে এই
তি সরল ভাষায় ও সুপ্রণালীতে প্রণয়ন
হইয়াছে, এতদ্বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিরাও
মনোযোগপূর্ব্বক দেখিলে অনায়াসেই
ত পারিবেন সন্দেহ নাই। অতএব এই
যাঁহার প্রয়োজন হইবেক, তিনি কলিকাতা
ুর প্রাকৃত যন্ত্রে অথবা আমার নিকট
টাকা মূল্য প্রেরণ করিলেই প্রাপ্ত হইতে
বেন।

রিয়াঘাটা
াটীবালয় } শ্রীকালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়
১৬

—:০:—

গ্রাহকগণের প্রয়োজনহেতু নিম্নলিখিত
ত পুস্তকত্রয়ের কিয়দংশ প্রকাশিত হইল।
গণ পূর্ব্ব তদ্ব্যতীত নিম্ননির্দ্দিষ্ট সম্পূর্ণ
প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন। বিদেশে
ণর স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

ল্লিনাথের টীকা সহিত।

শুপাল বধ (মাঘকৃত) মূল্য ৮
ঘুবংশ (কালিদাসকৃত) " ৫৷৷০
রাতার্জ্জুনীয় (ভারবিকৃত) ৩৷৷০

দ্যার্থিগণের ক্রয়সুলভার্থে নিম্নলিখিত
গুলিন সংস্কৃত পুস্তক দেবনাগরাক্ষরে
মুদ্রণারম্ভ হইবেক। প্রকাশের পূর্ব্বে গ্রাহক
হইলে গীতা ব্যতীত অপর প্রতি আট
তিন পয়সার হিসাবে অংশে বা সম্পূর্ণ যেমত
প্রকাশিত হইবেক উক্ত নিয়মে মূল্য প্রদান
করিলে পুস্তক প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের
স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

ঋতুসংহার। মেঘদূত। শকুন্তলা। নলোদয়
মালবিকাগ্নিমিত্র। বিক্রমোর্ব্বশী। মুদ্রারাক্ষস
রত্নাবলী মালতীমাধব সাংখ্যতত্ত্বকৌমুদী
বা সাংখ্যকারিকা। মহাবীরচরিত। উত্তররাম-
চরিত। মুগ্ধবোধ। দশকুমারচরিতের উত্তরার্দ্ধ
পাণিনি। বসন্ততিলকভাণ। অমরকোষ। শাঙ্কর
ভাষ্য, আনন্দগিরি, শ্রীধরস্বামী ও মধুসূদন
সরস্বতীর টীকাসহিত শ্রীমদ্ভাগবত। মহাভারত।
বিষ্ণুপুরাণ। কাদম্বরী। ভট্টিকাব্য। নাগানন্দ।
কাব্যপ্রকাশ। চড়ক। মার্কণ্ডেয় চণ্ডী।

কলিকাতা সংবাদ জ্ঞান
রত্নাকর যন্ত্র নিমতলা
ষ্ট্রীট ৩২ সংখ্যক ভবন। } শ্রীভুবনচন্দ্র বসাক

—:০:—

বাঁড়ুর্য্যে ব্রাদার্শ কোম্পানির ১৮৬৯ সালের
এণ্ট্রান্স কোর্সের কী অর্থাৎ অর্থ পুস্তক প্রস্তুত
হইয়াছে। যাঁহারা লইবার ইচ্ছা করেন, কলি
কাতা কালেজ ষ্ট্রীট ৮৬নং ভবনে উক্ত কোম্পা
নির নিকটে, অথবা অন্যান্য পুস্তক বিক্রেতার
নিকট অনুসন্ধান করিলে পাইতে পারিবেন।

—:০:—

" এঁরাই আবার বড় লোক।"

যাহার অভিনয় কলিকাতা আড়পুলী নাট্যা
লয়ে প্রদর্শিত হইতেছে, বহুবাজারস্থ ১৭২
সংখ্যক ষ্টানহোপ প্রেসে বিক্রয়ার্থ স্থাপিত
আছে। মূল্য ৸০ বার আনা, মাশুল /০ এক
আনা।

সম্প্রতি সোমপ্রকাশ কার্য্যালয়ের সুচারু
প্রকার বন্দোবস্ত হওয়াতে শ্রীযুক্ত শ্রীনাথ
চক্রবর্ত্তীর উপরে বিল ও চিঠি পত্রাদি স্বাক্ষর
করিবার ভার সমর্পণ করা হইয়াছে।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে।

কয়লাপ্রভৃতির গাড়ি
ভাড়ার নিয়ম।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা
তেছে যে, আগামী ১ লা জুলাই অবধি
পদার্থ সম্পর্কে " গাড়ির পূর্ণ বোঝাই "
শব্দের অর্থ এইরূপ বুঝিতে হইবে যে
গাড়িতে যত অধিক মাল ধরিতে পারে
আধ টন্ করিয়া ন্যূন থাকিবে। যাঁহারা
কম মাল পাঠান না কেন, তাঁহাদিগকে
আধ টন্ কম যে মাল তাহার ভাড়া
হইবে। কিন্তু কেহ যদি উপরি উক্ত
বোঝাইয়ের অধিক মাল পাঠাইতে
তাঁহাকে সেই বেশী মালের নিমিত্ত স্বতন্ত্র
দিতে হইবে।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে হৌস
ড্যালহৌসী স্কোয়ার
কলিকাতা ২২ এ মে } সিসিলষ্টিফে
এজেন্সি বে

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন নীচ ২৪ নং বাটী গুদামসহ
জোড়া বাগান।

ভাড়া দেওয়ার নিশ্চি
গারডেনরীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহার
করিতে অথবা ভাড়া লইতে ইচ্ছা করেন
স্বাক্ষরিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবে
থনট এবং কে

—:০:—

পুরাণপ্রকাশ।

কলিকাতা মৃজাপুর আমহাউসের
কাব্যপ্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনামক
ষ্মিক পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড

...ণ হইতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের ...ংখ্যা ৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রমশঃ অষ্টা... পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসমেত ...টিত করিবার কল্পনা আছে। প্রথমতঃ বিষ্ণু... ...অনুবাদ ও শ্রীধরস্বামিকৃত টীকা সমেত ... হইতেছে। ১ লা বৈশাখ বিতরণ ... হইয়াছে। যিনি ইহার গ্রাহক হইতে অভি... হন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে ... নিকট পত্র ডাকমাশুল ও প্রতিখণ্ডের ... আনা আট আনা করিয়া পাঠাইবেন। ... নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহ... নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ এক টাকা ... বিক্রয় করা যাইবে।

৯ চৈত্র ১২৭৪ } শ্রী জগন্মোহন শর্ম্মা।

—

...স্কৃত মেদিনীকোষ ৪রুহ শব্দের টীকা... ত উত্তম নাগরাক্ষরে সযত্নপূর্ব্বক মুদ্রিত হই... ছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, তিনি ... কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত বাবু ...নাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট অথবা ...কাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ আমার নিকট পত্র পাঠাইবেন।

৯ চৈত্র ১২৭৪ } শ্রীজগন্মোহন শর্ম্মা।
সংস্কৃত বিদ্যালয়। }

—

অভিধান।

...ব্দাম্বুধি	২॥০
...ব্দার্থপ্রকাশিকা	৩
...ব্দসিন্ধু	২
...ব্দার্থমুক্তাবলী	৭
...ব্দার্থরত্নমালা	৫
...ব্দার্থপ্রচারিকা	৩
...বৃত্তিবাদ	৫

সংস্কৃত পুস্তক

...ত্বংশ সটীক	৮
...রে নৈষধচরিত	৭॥০
...উকাব্য	৪০
...ষ্টাবিংশতি তত্ত্ব	৩৫
...প্রকাশ	১৸৵

...কা } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়
...লস }
...নী } পুস্তকবিক্রেতা।

—

...নে সরকারী বারিক নির্ম্মাণের কর্ম্ম ...মোদে বৃদ্ধি হওয়া প্রযুক্ত, এই বিজ্ঞা... দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে নিম্ন লিখিত ...য় মিস্ত্রী, ছুতার ও কর্ম্মকারের আবশ্যক হইয়াছে। যাহারা শিক্ষিত ও পারদর্শী, তাহাদিগকেই কর্ম্ম দেওয়া যাইবে।

২৫	জন রাজমিস্ত্রী	মাসিক বেতন ১২ টাকা
৩০	ঐ ছুতার	ঐ ১৫
১	ঐ প্রধান কর্ম্মকার,	ঐ ১৫
৩	ঐ কর্ম্মকার	ঐ ১২

এতৎ সংক্রান্ত অন্যান্য সমাচার দারজিলিঙের এক্‌জিকিউটিভ ইঞ্জিনিয়র সাহেবের নিকটে প্রাপ্ত হইবে।

দারজিলিঙ } এ,ই, পার্কিন্স মেজর, আর ই.
২৭ মে ১৮৬৮ } একজিকিউটিভ ইঞ্জিনিয়ার

—

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা। তত্ত্ববোধিনী পত্রিকা—প্রথম কল্প, মূল্য ৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্র বেদান্ত বাগীশ।

—

রাণীগঞ্জ পটরি কোং
লিমিটেড।
মেজিয়া করিবার সুচিক্কণ টাইল।

ঐ কোম্পানির মিসনরোস্থিত ৪ নং আফিসে উহার নমুনা দেখিতে পাওয়া যায় এবং যদি কাহার প্রয়োজন হয়, ঐ আফিসে অনুমতিপত্র পাঠাইয়া দিবেন।

—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানাবিধ দ্রব্যাদি পাওয়া যায়। মফস্বলে ঘড়ী অঙ্গুরি ইত্যাদি পাঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক আনার হিসাবে কমিসন দি। যদি কেহ অধিক টাকায় দ্রব্যাদি লন পাইকেড়ী দরে পাইবেন।

	টাকা
শব্দসন্দর্ভসিন্ধু প্রথম খণ্ড	৫
ঐ দ্বিতীয় খণ্ড	৪
শ্রীমদ্ভগবদ্গীতা টীকা ও বাঙ্গালা সম্বলিত	২॥০
শব্দসিন্ধু	২
শব্দাবলী	২
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	৩
প্রবৃত্তিবাদ	৫
অষ্টাবিংশতিতত্ত্ব	
অন্নদামঙ্গল বিদ্যাসুন্দরপ্রভৃতি টীকা টীপ্‌পনী ও ১৮ খানি প্রতিমূর্ত্তি সহিত	
বাষ্পীয় কল ও ভারতবর্ষের রেলওয়ে	
ইলেক্‌ট্রিক টেলিগ্রাফ	
নলচরিত কাব্য	
পঞ্চদশী	
বেদান্তদর্শন	
অধিকরণমালা	
হরিভক্তিবিলাস	
পদকল্পতরু	
মেটরিয়া মেডিকা	
ইংলণ্ডীয় ঔষধকল্পাবলী	
আয়ুর্ব্বেদদর্পণ	
ফৌজদারি গাইড	
নিদানার্থচন্দ্রিকা	
সটীক নিদান	
নিদান	
মালতীমাধব	
পঞ্জাব ইতিহাস	
চীনের ইতিহাস	
ছুতম পেঁচার নক্সা (১।২)	
সম্বন্ধসমাধি নাটক	
বেশ্যাসক্তিনিবর্ত্তক নাটক	
মনোবৃত্তি বিধায়ক	
কীচকবধ নাটক	
ইংরাজী বাঙ্গালা ডিক্সনারি	

কলিকাতা জোড়াসাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র

—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটলডাঙ্গা বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দোকানে প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকবিক্রয় হইতেছেঃ—

প্রণীত	মূল্য
খ্রীসইতিহাস	১
রোমইতিহাস	১
ভূষণসার ব্যাকরণ	।
নীতিসার (১ম ভাগ)	
নীতিসার (২য় ভাগ)	
প্রচারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—

নদিয়ার নদী।

১৮৬৮ সালের জুন মাসের ১ লা হইতে
ই পর্য্যন্ত ভাগীরথীনদীর সর্ব্বকম্ ভি
জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফুট	ইঞ্চ
হানার উপর পদ্মানদীতে	২১	৩
হানায়	১২	৩
তথা হইতে জঙ্গিপুর পর্য্যন্ত (১৩॥ মাইল মধ্যে)	৪	৯
জঙ্গিপুর হইতে বহরমপুর পর্য্যন্ত (৪৬ মাইল মধ্যে)	৪	৯
বহরমপুর হইতে কাটওয়া পর্য্যন্ত (৫০ মাইল মধ্যে)	৩	৬
াটোয়া হইতে নবীয়া পর্য্যন্ত (৪৬ মাইলের মধ্যে)	৩	৯

ন ১৮৬৮ জুন মাহার ১০ তারিখে বহরমপু
াটের জলের মাপ

ফুট	ইঞ্চ
৩	৮

পদ্মানদীর বৃদ্ধি হইতেছে।

পুর
ই জুন
৮।
} শ্রীযুক্ত ষ্টি, হেন্স উইক্স সি. ই.
একজিকিউটিব ইঞ্জিনিয়র
বহরমপুর ডিবিসন

দেশের অন্তর্গত কোর্ট উইলিয়মের প্রধা-
বিচারালয়ের আদিম দেওয়ানী বিভাগের
অব্দের ৩০৯ নং যে মকদ্দমায় হেনরি
কোনি বাদিনী ও বঙ্গদেশের প্রতিনিধি
মিনিষ্টের প্রতিবাদী উক্ত মকদ্দমায় ১৮৬৮
২১ এ মে যে আজ্ঞা হইয়াছে, তদনু-
প্রকাশ করা যাইতেছে, জেলা নদীয়ার
ও সালগড়মুদিয়ার টমাস, আর উইন,
সাহেব যিনি ১৮৬৮ অব্দের ১৬ ই এপ্রেল
তায় প্রাণত্যাগ করিয়াছেন, যে যে
উক্ত কোনি সাহেবকে কর্জ্জ দিয়াছেন,
দিগকে জানান যাইতেছে, আগামী ৫ ই
শ্বর অথবা তৎপূর্ব্বে বঙ্গদেশের অন্তর্গত
উইলিয়মের উক্ত প্রধানতম বিচারালয়ের
র বিচারপতি নর্ম্মাণের নিকটে উপস্থিত
আপন আপন দাওয়া সপ্রমাণ করুন। এই
দাওয়া শ্রবণ করিবার নিমিত্ত ১৮৬৮
১২ই সেপ্টেম্বর শনিবার বেলা ১১ ঘটি-
সময়ে টাউনহালে বিচারপতি আসন গ্রহণ
বন। যাঁহারা উক্ত সময়ের মধ্যে আপন
দাওয়া সপ্রমাণ করিতে না
বেন, তাঁহাদিগকে জানান যাইতেছে,
তাঁহাদিগের দাওয়া আর কস্মিন্ কালে শ্রবণ করা যাইবে না।

ওয়াটকিন্স, হৌকো এবং কোম্পানি
বাদিনীর আটর্ণিগণ
প্রধানতম বিচারালয়ের আদিম দেওয়ানী বিভাগের রেজিষ্টার আফিস
১৮৬৮। ৯ ই জুন

} অপ, বেলচেবর
} রেজিষ্টার।

সোমপ্রকাশ।

৩ রা আষাঢ় সোমবার।

আমরা পূর্ব্বে মাতলা রেলওয়েসম্বন্ধে যে প্রস্তাব করিয়াছিলাম, ক্রমে তাহাই ঘটিয়া উঠিল। শুনিতেছি, ঐ রেলওয়ের কার্য্যভার পূর্ব্ববাঙ্গলা রেলওয়ে কোম্পানির কর্ম্মচারীদিগের হস্তে অর্পিত হইতেছে। এটী আমাদিগের আহ্লাদের বিষয়। এ বন্দোবস্তে গবর্ণমেণ্টের লাভ হইবে, লাইনটীও স্থায়ী হইবে। কিন্তু এ স্থলে আমাদিগের মনে একটী কথার উদয় হইল, সেটী ব্যক্ত করা আবশ্যক। যে অধ্যক্ষের অধ্যক্ষতায় পূর্ব্ববাঙ্গলা রেলওয়েতে অভূতপূর্ব্ব শোচনীয় ঘটনা হইয়া গেল, তাঁহার হস্তে আমাদিগের জীবন সমর্পণ করিতে বিষম শঙ্কা জন্মিতেছে। হয় ত আমাদিগের আপদ্ বর মাগিয়া লওয়া হইল। রেলওয়ের অধ্যক্ষ পরিবর্ত্তের কি কোন নিয়ম নাই? যদি না থাকে, রাজকর্ম্মচারীদিগের ন্যায় রেলওয়ের অধ্যক্ষ পরিবর্ত্তের একটী নিয়ম করা উচিত। যে কারণে সময়ে সময়ে রাজকর্ম্মচারীর পরিবর্ত্ত করা হয়, রেলওয়েতে কি সে কারণসম্ভাব নাই? কোন স্থানে কোন কর্ম্মচারীর দোষ প্রকাশ হইলে তাঁহাকে স্থানান্তর করা যদি ন্যায় সিদ্ধ হয়, তাহা হইলে যে অধ্যক্ষের বন্দোবস্তের দোষে পূর্ব্ববাঙ্গলা রেলওয়েতে দুর্ঘটনা ঘটিয়াছে, এবং যাঁহার রূঢ় ব্যবহারে লোকে বিরক্ত হইয়াছেন, তাঁহাকে স্থানান্তর করা যে একান্ত আবশ্যক তদ্বিষয়ে অণুমাত্র সন্দেহ নাই।

খড়দহের ইংরাজী স্কুলের
মেণ্ট সাহায্যদান লইয়া সোমপ্রকা
দুই জন পত্রপ্রেরক বিবাদ আরম্ভ ক
য়াছেন। প্রথম পত্রপ্রেরক কহিতে
খড়দহের অদূরবর্ত্তী সোদপুরে গবর্ণ
সাহায্যপ্রাপ্ত ইংরাজী বিদ্যালয় অ
খড়দহে যদি আবার সাহায্য দে
হয়, উভয় বিদ্যালয়েরই অনিষ্ট হ
অতএব গবর্ণমেণ্ট সাহায্যদান না ক
উত্তম কাজই করিয়াছেন। ইহার প্র
বাদক দ্বিতীয় পত্রপ্রেরক বলেন,
পুর খড়দহের দুই ক্রোশ দূরবর্ত্তী।
ক্রোশ যাওয়া, দুই ক্রোশ আসা,
দিন চারি ক্রোশ গমনাগমন করিয়া
শুনা করা বালকদিগের সাধ্যায়ত্ত
বিশেষতঃ খড়দহে দুই হাজার লো
বসতি। লোকসংখ্যার বিষয় প
লোচনা করিলেও তথায় সাহায্য
একান্ত আবশ্যক হয়। দ্বিতীয় পত্র
রক যে হেতুপ্রদর্শন করিয়াছেন,
য়য় পর্য্যালোচনা করিয়া আমাদি
বিলক্ষণ বোধ হইতেছে, খড়দহ ইং
স্কুলে সাহায্যদান করা একান্ত আব
যেসকল বালক-পল্লব্রজে অধিক দূর
নাগমন করিয়া পড়া শুনা করে,
দিগের পড়া শুনা ভাল হয় না, আ
গের বিলক্ষণ জানা আছে। শিশুদি
ত কথাই নাই। তাহারা যে প্রত্যহ
ক্রোশ গমনাগমন করিবে, তাহা
ক্রমে সম্ভাবিত নহে। আমরা খড়দ
ইংরাজী স্কুলে গবর্ণমেণ্টের সা
দানের যে অনুরোধ করিতেছি, ত
আর একটী বিশেষ কারণ এই, খ
বহুসংখ্য গোস্বামীর আবাসস্থ
গোস্বামীদিগের আজিও লোকের উ
বিলক্ষণ প্রভুত্ব আছে। যত দিন
দিগের প্রভুত্বলোপ না হইতেছে,
দিন এ দেশের কুসংস্কারের তিরো
নের সম্ভাবনা নাই। সেই কুস

রোধানের দুটী উপায় আছে। প্রথম, শর লোকে যদি অবচ্ছেদাবচ্ছেদে ত হন; দ্বিতীয়, গোস্বামীদিগের াজী শিক্ষা হইয়া যদি নিজের দুঃখ দূর হয়। আমাদিগের বিবেচনায় ন অপেক্ষা শেষ উপায়দ্বারা কার্য্য ন সহজ হইতেছে। খড়দহের াচী স্থাপিত যদি বদ্ধমূল হয়, ক্রমে হাটের একটী প্রধান আবসথ ভগ্ন হইবে। গবর্ণমেণ্টের সাহায্য দান-রেকে এ দেশের কোন বিদ্যালয় বদ্ধমূল হয়, আজিও এ দেশের তেমন স্থা হয় নাই।

—:০:—

নিয়মবহির্ভূত প্রদেশের কার্য্যপ্রণালী ও মফস্বলাইট।

য়মবহির্ভূতপ্রদেশের কার্য্যপ্রণালীর রে এদেশীয়দিগের যে ভক্তি আছে, হা পাঠকগণের অবিদিত নাই। রতবর্ষীয়েরা জানেন, ঐ সকল স্থানে ইন প্রমাণ নয় কর্ম্মচারিদিগের ইচ্ছাই াণ। ঐখানে অন্যায় ও অত্যাচারের ধিপত্য এবং সকলই বিশৃঙ্খলভাবা-। লোকের মুখ বন্ধ থাকাতেই কেবল চারিরা বার্ষিক রিপোর্টে আপনা র প্রশংসা লিখিয়া আপনারা বাহবা া থাকেন। এ পর্য্যন্ত ইংরাজী সংবা- সম্পাদকেরা সর জন লরেন্সের প্রদেশের সুখ্যাতি করিয়া আসি-ছেন; কিন্তু তাঁহারাও আর পারেন শ্রান্ত হইয়া পড়িয়াছেন। নিম্নে ধ্বনাইট হইতে একটী প্রস্তাব অনু করিয়া দেওয়া গেল। আমরা এরূপ াব লিখিলে নিয়মবহির্ভূতপ্রদেশের দিগের নিকটে বিদ্রোহী বলিয়া ণিত হইতাম সন্দেহ নাই।

"কিছু দিন হইল গবর্ণর জেনরল ন কাইন্সল টাক্সের অনুমোদন করেন, কাশে বলিয়াছিলেন, আগরা হইতে মথুরা হইয়া দিল্লী পর্য্যন্ত একটী নূতন খাল খনন করা হইবে। একথা শ্রবণ করিয়া আমরা যার পর নাই সন্তোষলাভ করিয়াছিলাম, যে কর্ম্মে এত উপকার, তাহার প্রস্তাবে আমরা সাতিশয় কৃতজ্ঞ হইয়াছিলাম। যাহা হউক, আমরা ভরসা করি অবিলম্বে কার্য্য আরম্ভ হইবে। সচরাচর যেরূপ হয়, বৃথা আড়ম্বর ও পত্রলেখা লিখিতে যেন সেরূপ সময় অতিবাহিত করা না হয়। এ জন্য যেসকল ভূমি লওয়া হইবে, তদ্বিষয়ে আমরা অগ্রে গবর্ণমেণ্টকে সতর্ক করিতেছি, তাঁহারা কিছু দিনের নিমিত্ত ক্ষমতাপ্রাপ্ত অধার্ম্মিক ও নির্দ্দয় লোকদিগকে এ কার্য্যে যেন নিযুক্ত না করেন। ইহাঁরা অধিকারীদিগের যথার্থ প্রাপ্য দেন না। আমরা অনেক স্থলে দেখিয়াছি কর্ম্মচারীরা সম্পত্তির চতুর্থাংশ মূল্য মাত্র দিয়া অধিকারিদিগের মুখ বন্ধ রাখিবার চেষ্টা পাইয়াছেন। প্রায় সকল স্থলেই এই অন্যায় চেষ্টা সফলও হইয়াছে। দরিদ্র ভূম্যধিকারিগণের উপরে কর্ম্মচারিরা এপ্রকার অত্যাচার না করেন, গবর্ণমেণ্ট কি তাহার কোন উপায় অবলম্বন করিবেন না? গবর্ণমেণ্ট যদি ইহা না করেন, তাহা হইলে আমরা ভূম্যধিকারিদিগকে অনুরোধ করিতেছি ১৮৫৭ অব্দের ৬ আইন অনুসারে মূল্য দিতে বাধিত করিবার নিমিত্ত তাঁহারা সৎ ও স্বাধীনবৃত্তি উকীলদিগকে নিযুক্ত করুন। আমরা একটী দৃষ্টান্ত জানি। ১৮৫৭ অব্দের ৬ আইন অনুসারে মধ্যস্থগণ এক ব্যক্তির বাটীর ৮২৭০০ টাকা মূল্য স্থির করিয়াছিলেন; এক জন উচ্চপদস্থ কর্ম্মচারী তাঁহাকে ২৭,৫০০ টাকাতে সম্মত করিবার বিশেষ চেষ্টা পাইয়াছিলেন। সম্প্রতি দিল্লীর রেলওয়ে ষ্টেসনের নিকটে এক জনের বাটী গ্রহণ করা হয়। এক জন ডেপুটী কমিসনর কিছুতেই ১৭০০০ টাকার অধিক দিতে চাহেন নাই। সৌভাগ্যক্রমে কারী এক জন সাহসী ও স্বাধীনচ উকীল নিযুক্ত করাতে উকীল ৫৩ টাকা বাহির করেন। কর্ম্মচারিদি সুবিচারের ত এই লক্ষণ লক্ষিত তেছে।

ধর্ম্মভয়হীন কর্ম্মচারিরা উকীলদি উত্তেজনায় সুবিচার করিতে বাধিত এই নিমিত্ত তাঁহারা এই শ্রেণীর লো উপরে বিরক্ত। অল্প দিন হইল, পঞ্জ সুবিচারলাভ অতিবিরল ঘটনার ম ছিল। পঞ্জাবের সকল শ্রেণীর কর্ম্মচ রাই উকীলদিগকে ঘৃণা করেন। সর জে লড মাকলিয়ড একবার মিনিট লি বলিয়াছিলেন, যে দিবস আদালত ও প্রত্যর্থির মধ্যস্থস্বরূপ ইউরোপীয় উ উপস্থিত হইবেন, সে দিন অবধি বের অমঙ্গল হইবে !!! এই অপ্রশস্তহৃ কর্ম্মচারিকে সর জন লরেন্স পঞ্জা ন্যার প্রধান প্রদেশের শাসনকা উপযুক্ত লোক জ্ঞান করিয়াছিলেন !!

নিয়মবহির্ভূতপ্রদেশের কার্য্যপ্র লীর ভূ· ভাঙ্গিতে চলিল। আজি ঐ প্রণালী অব্যাহত রহিয়াছে, ই আশ্চর্য্যের বিষয়। অধিকতর আশ্চ বিষয় এই, সে দিবস পবলিক অপি প্রকাশ্য রূপে বলিয়াছেন "ই পীয়েরা এদেশীয়দিগকে যে প্র করেন, তাহা তাঁহার অনুমোদনীয় ন কিন্তু যখন কোন ভারতবর্ষীয় এক ইংরাজকে প্রহার করিবে, তখন তা এত প্রহার করা উচিত, যে কেবল জীবনমাত্র থাকে !!" কি গর্ব্ব! অভিমান! কি স্বজাতিপক্ষপাতি এই পত্র প্রকাশ্যরূপে বলেন, "ই জেরা তরবারিদ্বারা এদেশ জয় য়াছেন এবং তরবারিদ্বারা শ করিবেন। ইহাতে যিনি প্রতিবন্ধ করিবেন, তাঁহার সহিত বুঝা

। " ইনি এক জন অকপট পঙ্গা
লর লোক। ইহাঁর একটী কথা স্ম
রা উচিত ছিল, তরবারিদ্বারা শাসন
তে গেলে তরবারিদ্বারা দূরীভূত
ত হয়। যাহা হউক, পঙ্গাবিদলের ঐ
নীতি হইতে পারে বটে. কিন্তু
ণ্ডের সে রাজনীতি নহে। " জোর
মুলুক তার " এটী ত অস্মদাদিগের
, সভ্য ও সৎ ইংলণ্ডের ইহা যে অব
ীয় রাজনীতি হইবে, কখন আমা-
র এরূপ বিশ্বাস হয় না।

—:০:—

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের
অন্যায় ব্যয়।

যেখানে রাজা ও প্রজা উভয়ে এক
বলম্বী, সেখানে রাজা, যদি প্রজার
র স্থিতি বা বৃদ্ধির উদ্দেশে রাজস্ব
ত ব্যয় করেন, তাহা অন্যায় হয় না।
াদিগকে আপন আপন অর্থব্যয়
রা যে কার্য্য করিতে হয়, গবর্ণমেণ্ট
তাঁহাদিগের নিকট হইতে অর্থ
া তাঁহাদিগের কর্ত্তব্য সেই কার্য্য
াদন করেন, তাহাতে ক্ষতি কি?
উপকার আছে। কিন্তু যেখানে
। ও প্রজা উভয়ে ভিন্নধর্ম্মা-
ম্বী, সেখানে এ ব্যবস্থা ন্যায়ানুগত
। এরূপ স্থলে প্রজাদিগের দত্ত অর্থ
াদিগের ধর্ম্মকার্য্যে ব্যয়িত হয় না।
কর অর্থ লইয়া অপরের কার্য্যসম্পাদন
অন্যায় ব্যবহার আর কি আছে?
জন লরেন্সের গবর্ণর জেনরলের পদ
ত অবধি খৃষ্টীয় যাজকদিগের নিমিত্ত
ত্য ব্যয় হইতেছে। পূর্ব্বে এ নিমিত্ত
ব্যয় করা হইত, তাহা হাততোলায়
য় দেওয়া হইত; কিন্তু এক্ষণে খৃষ্টীয়
জকদিগকে সাম্রাজ্যের এক দল প্রধান
অপরিহার্য্য কর্ম্মচারী জ্ঞান করিয়া
চারালয় ও সৈনিক বারিকের ন্যায়
রজা সংস্কার ও গিরজার শোভা
সম্পাদনার্থ রাজকর ব্যয় করা হইতেছে।
পুলিষ কর্ম্মচারী ও বিদ্যালয় পরিদর্শক
দিগের ন্যায় পাদরিরাও সরকারী খনা-
গার হইতে পাথের পাইতেছেন। ইহাতে
যদি অদূরদর্শী পাদরিরা উল্লাসিত হন,
এবং তাঁহাদিগের বাগিন্দ্রিয় ইণ্ডিয়ান চর্চ্চ
গেজেট গিরজার সংস্কার ও শোভার্থ
সরকারী অর্থ প্রার্থনা করেন, তাহা আশ্চ
র্য্যের বিষয় নহে। এ বিষয়ে ডেলি নিউস
যে অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন, তাহা
পাঠকগণ শ্রবণ করুন।

উক্ত পত্র বলেন, " ইণ্ডিয়ান চর্চ্চ
গেজেটের সদৃশ পত্র যে জীবিত
রহিয়াছে, তদ্দ্বারা এবং ঐ পত্রের
রাজনীতিজ্ঞতা দ্বারা প্রকাশ হইতেছে
ভারতবর্ষে খৃষ্টীয়ধর্ম্মসংক্রান্ত কতকগুলি
বিষয় ক্রমশঃ গুরুতর হইয়া উঠিতেছে।
পাদরিরা যদি খৃষ্টধর্ম্ম প্রচারার্থ সরকারী
টাকা ব্যয়ের অথবা এই টাকায় গিরজা
নির্ম্মাণ ও গিরজার শোভাসম্পাদনের
কথা উত্থাপন করেন এবং বর্ত্তমান খৃষ্ট-
ধর্ম্মের প্রতি অনুরাগ প্রদর্শন করাই যদি
রাজনীতি হয় এবং এপিস্কোপালীর
পুরোহিতেরা ঈশ্বর প্রেরিত, পৃথিবীর
আর সকলে কিছুই নহেন, গবর্ণমেণ্ট এই
কথা বলেন, তাহা হইলে আমরা নিশ্চয়
বলিতেছি যেসকল লোক এক্ষণে এই
সকল দেখিয়াও মৌনাবলম্বন করিয়া
আছেন, তাঁহারা স্বাভিপ্রায় ব্যক্ত করি-
বেন এবং ধর্ম্মসম্প্রদায় লইয়া ইংলণ্ডে
যে প্রকার হুলস্থূল হইতেছে, এখানেও
সেই প্রকার হইবে। " ডেলিনিউস যে
আন্দোলনের আশঙ্কা করিতেছেন, ইহার
মধ্যে এখানে তাহার আরম্ভ হইয়াছে।
হিন্দু ও মুসলমানদিগের প্রদত্ত রাজ-
স্বের ৩০ লক্ষ টাকা পাদরিদিগের নিমিত্ত
ব্যয় করা হয় কেন? অনেকের মুখে এই
প্রশ্ন শুনিতে পাওয়া যাইতেছে। ভারত-
বর্ষের প্রধান লোকেরা এই ভাবিয়া
তূষ্ণীম্ভাবে আছেন যে সর জন লরেন্স
সদৃশ ধর্ম্মান্ধ শাসনকর্ত্তা আর এ দে
আগমন করিবেন না; তিনি গমন কি
লেই এই সকল নিয়মবিরুদ্ধ কাজ র
হইবে। ধর্ম্ম লইয়া গোলযোগ সামা
কথা নহে। যাহা হউক, উপসংহারকা
আমাদিগের বক্তব্য এই আয়ারলণ্ডের স্ম
চার ভারতবর্ষে অবিচার বলিয়া বি
চিত্ত হইতে পারে না, এটী যেন ই
ণ্ডীয় গবর্ণমেণ্টের স্মরণ থাকে।

—০—

ঝবলপুর সাহিত্য
সমাজ।

যাঁহাদিগের যত্নে ও যাঁহা,দি
প্রস্তাবে মুদ্রাযন্ত্র, সভা ও সম্প্রদায় প্র
তির স্বাভিপ্রায় ব্যক্ত করিবার স্বাধী
প্রদত্ত হইয়াছে, তাঁহারা যে কতদূর
দর্শী, কেমন উদ্ভাবনী শক্তিসম্পন্ন
তের হিতৈষী লোক, চিন্তা করিলে হ
বিস্ময় রসে আপ্লুত হইতে থাকে। ট
বল, জাহাজ বল, পুলিষ বল, বিচার
বল, রাজ্যের রক্ষা ও শান্তিরক্ষা
তির যতপ্রকার উপায় সৃষ্ট হইয়া
কোনটীই স্বাধীন মুদ্রাযন্ত্রপ্রভৃতির
ফলোপধায়ী নহে। বিপক্ষ রাজা স
ও সন্নদ্ধ হইয়া চক্ষুর গোচর না হইলে
সৈন্যগণ আপনাদিগের উপযোগিতা
র্শনে সমর্থ হয় না, কিন্তু মুদ্রাযন্ত্রপ্র
বিপক্ষ রাজার মন্ত্রণাগৃহের সংবাদ,
হার উদ্যোগ বার্ত্তা ও কোষদণ্ডসতেজ
তির সমাচার সর্ব্বাগ্রে আনিয়া দেয়
জার কোথায় কি অন্যায় ও অবিচার
তেছে, প্রজারা সন্তুষ্ট কি অসন্তুষ্ট,
দিগের মনোগত ভাব কি এ সম
জানিবার মুদ্রাযন্ত্র প্রভৃতির তুল্য উ
উপায় আর নাই। যখন মুদ্রাযন্ত্র প্র
স্বাধীনতা দেওয়া হইয়াছে, তখন স্প
বলা হইয়াছে, প্রজারা অসঙ্কুচিত
আপন আপন হৃদয়গত ভাব

বে। তাহারা কোন বিষয়ে অসন্তুষ্ট
া যদি মনের ভাব মনে রাখে, তাহা
ণামে অত্যন্ত অনর্থের নিমিত্ত হয়।
ন্তর বা গোটক বাহিরে প্রকাশ না
, তাহা সাংঘাতিক হইয়া উঠে। কিন্তু
রা একটী আশ্চর্য্য দেখিতেছি,
ীয় দলে বিশেষতঃ ইংরাজ দলে
ন্ত নীচশ্রেণী এরূপ কতকগুলি লোক
ছেন, তাহারা উল্লিখিত লোক বিদ্বেষী
ুভাব ব্যক্তিদিগের অলোক সামান্য
বিবৃদ্ধিত মহোদয় কার্য্যের মর্ম্ম
সমর্থ নহেন। তাঁহারাই এদেশের
সর্ব্বা, এদেশীয়েরা কেহ কিছু নহেন,
শীয়দিগকে চিরকাল তাঁহাদিগের
নত হইয়া থাকিতে হইবে। এই
দিগের সংস্কার। ঐ দলের এক
ক্তি কি বলিতেছেন, পাঠকগণ শ্রবণ
ন।

সম্প্রতি ঝাল্বপুরের সাহিত্য সমাজে
হরিপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় বক্তৃতা
া বলেন "কতকগুলি নীচ শ্রেণির
পরীক্ষায় উত্তীর্ণ হইয়া এদেশে
ন করেন। ঈশ্বরের ইচ্ছায় ইহাঁরা
কল লোকের উপরে প্রভুত্ব করেন,
তাঁদিগের অবমাননা ও তাঁহাদি
তি ঘৃণা প্রকাশ করিয়া থাকেন।
দিগের উচ্চতর শিষ্টাচারের শিক্ষা ও
স নাই। ইহাঁরা দেশের লোকের
সমধ্যে ঘৃণাস্পদতা প্রকাশ করেন
সভাপতি বাবু কৈলাসচন্দ্র বসু
"ব্রিটিশ গবর্ণমেণ্টের ক্ষমতা
স্বীকার করিতে হইবে, কিন্তু তাঁহারা আপনাদিগের
র যেরূপ অন্বেষণ করেন, সেরূপ
রে মঙ্গল অন্বেষণ করেন না।
দিগের একটী মহৎ দোষ ও
ই, ইঁহারা এদেশের
দেশে যথোচিত রূপে শাসন কার্য্যে
জিত করেন না। এ গবর্ণমেণ্টের
নিকটে আমীর ও প্রথম শ্রেণির লোকের কোনপ্রকার সম্ভ্রম সূচক পদ পাইবার আশা নাই। মধ্যে মধ্যে মধ্যম শ্রেণির দুই এক জনকে উচ্ছিষ্ট অন্নের ন্যায় উচ্চ পদ দেওয়া হয় মাত্র; ইহা লইয়া বৃথা আড়ম্বর করাও হইয়া থাকে। কিন্তু বিদ্যাশিক্ষা নিবন্ধন বহুল পরিমাণে লোকের যে গুণ বিকশিত হইতেছে, তাহা কার্য্যে প্রদর্শন করিবার কোন পথ নাই। ইহাতে লোকের অতিশয় অসন্তোষ জন্মিতেছে। আমোদপ্রিয়দিগের স্বভাবতঃ যে ধৈর্য্য গুণ আছে তাহার বলে কিছুদিন এই অসন্তোষ অন্তর্নিহিত থাকিতে পারে বটে কিন্তু অতঃপর এতন্নিবন্ধন ভয়ানক অনিষ্ট ঘটিয়া অতিশয় অকল্যাণ উৎপাদন করিবে। ইংরাজেরা যদি বিবেচক হন তাহা হইলে হয় বিদ্যাশিক্ষা এক কালে বন্ধ করুন, নচেৎ এদেশীয়দিগের বর্দ্ধনশীল যোগ্যতা শাসন কার্য্যে বিনিয়োজিত করুন।" বোম্বাইগেজেট হইতে ইহা উদ্ধৃত হইল। উহার সম্পাদক এদেশীয়দিগের এই মনোগতভাবপ্রকাশকে বিদ্রোহিতা ও অকৃতজ্ঞতা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। কিন্তু তিনি যদি অনুধাবন করিয়া অপন মত ব্যক্ত করিতেন, কখন একথা বলিতেন না। আশঙ্কিত বিপদের হেতু প্রদর্শন করা বিদ্রোহপ্রবৃত্তি নহে। আমাদিগের দেশের ইউরোপীয় ও নিয়মবহির্ভূতপ্রদেশের শাসনকর্ত্তৃগণ এটী বুঝিতে পারেন না। তাঁহারা বিদ্যা শিখাইবেন, কিন্তু শিক্ষাবিকসিত গুণের অনুরূপ কার্য্য দিবেন না, অথচ লোকে তাহাতে অসন্তোষ প্রকাশ করিলে কুপিত হইবেন। ইহার তুল্য বিস্ময়কর ব্যাপার আর কি আছে? এই স্বভাবের ইউরোপীয় দল ও শাসনকর্ত্তৃগণ হইতে যে অনিষ্ট হইল, লার্ড ষ্টানলির সদৃশ মহামনা শাসনকর্ত্তা এ দেশে আগমন না করিলে ইহার প্রতীকার হওয়া ভার।

বঙ্গদেশীয় ব্যবস্থাপক সভা।

আমরা গতবারে এই সভার এ
বিত আইনের দুটী পাণ্ডুলেখ্যের (
মহলে গবর্ণমেণ্টের প্রাপ্য মালগু
আদায় করিবার বিল এবং চৌকী
টাক্সসংক্রান্ত বিলের) প্রসঙ্গ
য়াছিলাম; কিন্তু আমাদিগের ব
শেষ করা হয় নাই। আমরা অদ্য
লেখে প্রবৃত্ত হইলাম।

পাঠকগণ সর্ব্বাগ্রে বঙ্গদেশীয় ব্য
পক সভা আকৃতি সংস্থানের বি
একবার বিবেচনা করিয়া দেখুন। ঐ স
চারি কোটি বাঙ্গালির প্রতিনিধি
চারিজনমাত্র ভারতবর্ষীয় আছেন।
ন্তরে কয়েক সহস্র ইউরোপীয়ের নি
লেপ্টনণ্ট গবর্ণর ভিন্ন আর সাত
ইউরোপীয় রহিয়াছেন। যখন
এদেশীয়দিগের উপকার সম্বন্ধ
কথা হয়, তখন ঐ সকল সভ্য দে
সভ্যদিগের সপক্ষতা করেন না; সু
তাঁহাদিগের আপত্তি অগ্রাহ্য
পড়ে। কিন্তু যখন এদেশীয়দিগের
কারসম্বন্ধে কথা হয়, তখন সেই ইউ
পীয় সভ্যেরা তাহার অনুমোদনে ব্য
প্রদর্শনে ত্রুটি করেন না ডাক্সি
সাহেব যখন প্রতিবাটীর উদ্ধস
৫ টাকা (পূর্ব্বে ৪ টাকা ছিল)
স্থাপন করিবার প্রস্তাব করেন, ত
সভ্যেরা নীরব হইয়া রহিলেন। কিন্তু
প্যারীচাঁদ মিত্র যেমন ১০ টাকার প্রস্ত
করিলেন, অমনি ইউরোপীয় সভ্য
তাহাতে স্ব স্ব মত প্রদান করিলে
অন্নপূর্ণা এতক্ষণ শুনিতে পান না
কিন্তু যেইমাত্র ব্যাসদেব "মরিলে গ
হয়," বলিলেন, অমনি তথাস্তু বলা হই
একদা পার্লিয়ামেণ্ট মহাসভায় রবিবা
কল সকল বন্ধ রাখিবার প্রস্তাব হ
প্রতি শনিবার কল নির্ব্বাণ করিতে হই
এই ধারাটী বিধিবদ্ধ হয় এমত সম

জন বিশেষজ্ঞ সভ্য বলিলেন এই কল লিতে অষ্টাহ লাগে। এই কথা াতে ঐ প্রস্তাব যেরূপ পরিত্যক্ত হয়, দেশের ব্যবস্থাপকদিগকে সেপ্রকার ীমর্শ দিবার কি এক জন লোকও ? কলিকাতা, ঢাকা ও পাটনা ব্যতি- ক মাসিক ১০ টাকা চৌকীদারি টাক্স য়া যায়, এমত বাটী বঙ্গদেশে ২৫ থা অধিক নাই। রিবস্ টমসন সাহেব এই য়ের তর্কের সময়ে যথার্থ কথাই বলি- ছেন, যে সমস্ত গণ্ডগ্রাম আছে, তাহাতে ন ১৮৬৩ অব্দের ৩ আইন অনুসারে উনিসিপাল কর আদায় হইতেছে। মধ্যস্থিত আইন প্রচারিত করিবার কোথায়, তাহা জানা যাইতেছে না। আমরা উপসংহারকালে বিনয়সহ- র বঙ্গদেশীয় ব্যবস্থাপকদিগকে অনু- ধ জানাইতেছি, তাঁহারা উল্লিখিত াব দুটী পরিত্যাগ করুন। উহা বিধি- হইলে অন্যায় ও অত্যাচারের পরি া থাকিবে না। সামান্যাবস্থ লোক ার উপরেও ১০। ৮। ৫ টাকা য়া কর ধার্য্য করা হইবে। এই সকল একবার স্কন্ধে নিহিত হইলে পুনর্ব্বার া রহিত করা বা কম করা যে কেমন রে কাণ্ড, যাঁহারা কখন আপীল য়াছেন, তাঁহারাই তাহা বলিতে ধন। অতএব ঐ আইন করিয়া আমা র সৌভাগ্য বৃদ্ধি করিবার চেষ্টার াজন নাই। আমাদিগের যে দুরবস্থা ছ, তাহাই থাকুক। লোকে করে করে র হইয়াছেন। গত চারি বৎসরে কর যে অসন্তোষ জন্মিয়াছে, ব্রিটিশ ন্য হওয়া অবধি এরূপ অসন্তোষ হয় নাই।

-:০:-

ডাক্তর ভোলানাথ বসু ও বিজ্ঞাপনীর সংবাদদাতা।

বিজ্ঞাপনী সমাচারপত্রের ফরিদপুর- সংবাদদাতার অবিমৃষ্যকারিতা দোষে একটী অপ্রীতিকর ঘটনা হইয়াছে। ঘটনাটী এই, ডাক্তর ভোলানাথ বসুর নিন্দা, তৎকৃত অভিযোগ ও নিন্দাকারীর দণ্ড। যাহাতে ধন ও মানের হানি হয়, অন্যে এরূপ গ্লানি করিলে লোকের স্বভাবতঃই ক্রোধ জন্মিয়াথাকে। অতএব ডাক্তর যে কুপিত হইবেন, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। তিনি আত্মগৌরব রক্ষার্থ যে অভিযোগ করিয়াছেন, তাহা অনুচিত হয় নাই। তবে তাঁহার এই অনুচিত হইয়াছে, যোগ্য পাত্রে কোপ প্রকাশ করা হয় নাই। ২৬ এ জ্যৈষ্ঠের ঢাকাপ্রকাশে দৃষ্ট হইল, সংবাদদাতা বালক; ১৭। ১৮ বর্ষমাত্র তাহার বয়ঃক্রম। সে বুদ্ধিচাপল্যহেতু অগ্র পশ্চাৎ বিবেচনা না করিয়া তাঁহার নিন্দাকার্য্যে প্রবৃত্ত হইয়াছিল সন্দেহ নাই। "সং বৃণোতি খলু দোষমজ্ঞতা।" বিজ্ঞ লোকে অজ্ঞ বলিয়া বালকের দোষ অগ্রাহ্য করিয়া থাকেন। বিশেষতঃ তাহার পিতা তাহাকে সঙ্গে করিয়া ডাক্তর বাবুর নিকটে গিয়া ক্ষমা প্রার্থনা করিয়াছিলেন। আমাদিগের বিবেচনায় সংবাদদাতাকে স্বদোষ স্বীকার করাইয়া বিজ্ঞাপনীতে আর একখানি পত্র লেখানই কর্ত্তব্য ছিল। যাহা হউক, এ বিষয়ে আর অধিক বাক্যব্যয় করা আমাদিগের অভিপ্রেত নহে। এতৎসংক্রান্ত যে একখানি পত্র আমাদিগের হস্তগত হইয়াছে, এইস্থলেই তাহা পরিগৃহীত হইল।

লোকের হিতসাধনের জন্য যেসমস্ত বিষয়ের সৃষ্টি হয় দুষ্টমতি দুর্জ্জনেরা তদ্বারা আপনাদিগের দুষ্ট অভিপ্রায় সাধন করিলে অতিশয় ক্ষোভের উদয় হয়। সংবাদপত্রের প্রধান উদ্দেশ্য এই যে যেসমস্ত দোষ ও অত্যাচার সহজে সমাজের কি বা রাজার গোচর হয় না তাহা প্রকাশ করিয়া তৎপ্রতি লোকের বিরাগ জন্মাইয়া অথবা তাহাকে রাজশাসনের অধীনতায় আনিয়া তাহার নিবারণ করা; কিন্তু কতকগুলি অনিষ্টপ্রিয়; অসূয়াপরবশ, পরশ্রীকাতর লোকে কল্যাণকর সংবাদপত্রকে বিপরীত উ সাধনে নিয়োগ করে; অর্থাৎ অসতের নি চেষ্টা না করিয়া তাহারা সৎ বিষয় বা স কিকে ঘৃণাস্পদ করিবার চেষ্টা পায়। ই সংবাদ পত্র কেবল হঁতাদর হয় এরূপ সম্পাদকীয় কার্য্যেরও কলঙ্ক হয়।

ময়মনসিংহে বিজ্ঞাপনী নামে এক সংবাদ পত্র আছে, এই পত্রে সংপ্রতি পুরের এক অতি ভদ্র ন্যায়বান্ কৃত ব্যক্তির গ্লানি পাঠ করিয়া আমরা যাহা নাই অসুখী হইলাম। ডাক্তর ভো বসুকে এপ্রদেশে অনেকেই বিশি জানেন। কলিকাতার মেডিকেল কা যে চারি ছাত্র প্রথম ইংলণ্ডে গিয়া চি বিদ্যা অভ্যাস করেন, ভোলানাথ বসু দিগের এক জন। ইংলণ্ডীয় চিকিৎসা বি য়ের ছাত্রদিগের সহিত প্রতিদ্বন্দ্বিতা অতি উৎকৃষ্ট পরীক্ষা দিয়া প্রতিষ্ঠ করেন, এবং ডাক্তর অফ মেডিসিন উপাধিদ্বারা অলঙ্কৃত হইয়া ই ভাষায় বিশেষ ব্যুৎপন্ন ও চিকিৎসা পারদর্শী হইয়া স্বদেশে প্রত্যাগত হন। প্রথমে কিয়দ্দিন সুকেশষ্ট্রীট ডিস্পে রির সুপরিন্টেণ্ডেণ্ট পদে প্রতিষ্ঠিত তথায় অনেক অনেক উৎকট রোগ আ ক রিয়া আপনার চিকিৎসা বিষয়ে বৈচক্ষ পরিচয় প্রদান করেন। অনন্তর গুজ সৈনিকদিগের চিকিৎসা কার্য্যে নিযো হন, তৎপরে তমোলুকে আইসেন, শেষে ফরিদপুরে প্রেরিত হন। সর্ব তিনি প্রধান পদে অধিকঢ় হন, অ অপর কোন চিকিৎসাকর্ম্মচারীর অ কার্য্য করেন নাই। এক্ষণে অচিন্ত্রিত স সম্প্রদায়ে উচ্চতম শ্রেণীভুক্ত হইয়া শত টাকা বেতন ভোগ করিতেছেন।

ডাক্তর বসু নিজ ব্যবসায়ে যেমন তেমনি অমায়িক সচ্চরিত্র ধীরপ্রকৃতি পরোপকারী। যে যে স্থানে কর্ম্ম করিয়াছ তত্রত্য লোকদিগের অনুরাগ ভাজন হই ছেন। গবর্ণমেণ্টও তাঁহার কার্য্যে সন্তু য়াছেন। অন্যান্য অচিন্ত্রিত ডাক্তর অ

া চিকিৎসা নৈপুণ্য অধিক বলিয়া প্রায়
ৎসর হইল, সেক্রেটারি অফ ষ্টেট
র বেতনবৃদ্ধি করিয়া দেন। ফরিদপুরে
প্রায় দশ বৎসর আছেন। এতাবৎ
র মধ্যে আমরা তাঁহার সুখ্যাতি
আর বিশেষ শুনি নাই; কিন্তু
বিজ্ঞাপনীর "সংবাদদাতার"
ন কথা শুনিয়া আমাদিগের অতি
হইয়াছে। ফলতঃ "সংবাদ
" পত্রখানি পড়িয়া আমরা সামা
ধ করিলাম যে তিনি ডাক্তর বসুর
করিতেছেন, কিন্তু তাঁহার যুক্তি ও
যাগের ভাব হৃদয়ঙ্গম হওয়া অতি
প্রথমতঃ তিনি কহিয়াছেন ডাক্তর
ওলাউঠা রোগীদিগকে পার্য্যমাণে
ৎসা করিতে বাসনা করেন নাই।"
কথার তাৎপর্য্য কি, আমরা বুঝিতে
লাম না। ওলাউঠা চিকিৎসায় কি উক্ত
র কপট? অধুনা আমাদিগের দেশে
লাউঠা রোগেরই অধিক প্রাদুর্ভাব এবং
ৎসককে যত রোগী দেখিতে হয়, তাহার
ওলাউঠা রোগীর সংখ্যাই অধিক।
ব যদি ভোলানাথ বসু অধিকাংশ
া চিকিৎসায় অকৃতকার্য্য বিবেচনা বিমুখ
ন, তাহা হইলে ১৬। ১৭ বৎসর এবং
ন পদস্থ থাকিয়া গবর্ণমেণ্টের নিকটে
া ভাঙ্গন হওয়া নিতান্ত অসম্ভাবিত
ডাক্তারদিগের মধ্যে এক এক জন
এক রোগের চিকিৎসায় বিশেষ নিপুণ
ন বটে। কিন্তু সেই প্রযুক্ত তাঁহারা
রোগের চিকিৎসায় পরাঙ্মুখ হন,
কখন শুনা যায় নাই। যাহা হউক,
বসু অপেক্ষা যে বাঙ্গালি ডাক্তরেরা
উঠা রোগের উত্তম চিকিৎসা করেন,
কথাটীতে আমাদিগের বিশেষ কৌতূহল
য়াছে। অপর, "সংবাদদাতা" কহিয়া
ডাক্তর বসু চিকিৎসার ফল ও ইন্দ্রযব
লাউঠা রোগের চিকিৎসা করেন।
হয়, "সংবাদদাতা" এ কথা কাহার
শুনিয়া লিখিয়াছেন, অথবা এক শুনিতে
শুনিয়া চিরকালের জন্য লিখিয়া ফেলেন।
ইন্দ্রযব ব্যবহার করা অসম্ভাবিত
নহে। ঐ ঔষধে ওলাউঠা রোগের প্রতীকার
হয়। আমরাও জানি ডাক্তর বসু কেবল
পেঁতে দেখিয়া চিকিৎসা করেন না তিনি
বিস্তর অনুসন্ধান করেন এবং যে স্থলে সহজ
দেশজ ঔষধে উপকার হয় দেখেন, সে স্থলে
বিদেশীয় ও শক্ত ঔষধ প্রয়োগ করেন না।
"সংবাদদাতা" বোধ হয় ই রাজী চিকিৎ
সায় বাঙ্গলা ঔষধের ব্যবহার বুঝিতে পারেন
না, তিনি হয় ত চান যে, যদি নুছ র্ম্মুছ উৎকট
ঔষধ সেবন, বিষ প্রয়োগ, অষ্টাঙ্গে বেলে
স্তারা দেওয়া অপরিমিত জলসেক প্রভৃতি
করা হয়, তাহা হইলে জাঁক হয়, নতুবা অল্প
মাত্রায় সামান্য ঔষধ এক এক বার দিলে
চিকিৎসার ধুম ধাম হয় না। তাঁহার মতে
সে চিকিৎসা করা না করা সমান। "সংবাদ
দাতা" চিকিৎসক হইলেই প্রতুল হইত,
তাহা হইলে আর ওলাউঠার অপেক্ষা
থাকিত না। যাহা হউক ডাক্তর বসু ও ফরি
দপুরের "মস্ত মস্ত" সাহেবদিগের কি
আশ্চর্য্য ক্ষমতা! আর কি শক্ত প্রাণ! কলিকাতা
হইতে প্রেরিত সাবধীয় ঔষধটী তাঁহারা
কএক জনে খাইয়া ফেলিতেছেন, আর খাই-
য়াও বাঁচিতেছেন!!!

এক জন ইংরাজী কবি কহিয়াছেন যে, অসুয়া ছায়ার ন্যায় গুণিগণের পশ্চাদ্ধাবমান হয়। কিন্তু ছায়া দেখিলে যেমন বস্তুর অশঙ্কা হয়, তেমনি নিন্দা শুনিলেও প্রতীতি হয় যে, যাহার সম্বন্ধে নিন্দা হইতেছে, তাহার অব শ্যই গুণ থাকিবে। অপর, গুণিগণের নিন্দা করিলে নিন্দাকারিরই মূঢ়তা প্রকাশ হয়। যেমন গ্রহণ সময়ে সূর্য্যের আলোক তিরো-হিত হইলে যৎকর্তৃক সূর্য্য আচ্ছন্ন হয় (অর্থাৎ পৃথিবী) তাহারই অস্বচ্ছতা প্রকাশ পায়। সূর্য্য যেমন স্বচ্ছ ও জ্যোতির্ম্ময় পদার্থ তেমনি থাকে।" অতএব ভোলানাথ বসুর গ্লানি শুনিয়া আমাদিগের তাঁহার প্রতি যে ভক্তি ও শ্রদ্ধা আছে, তাহার কিছু মাত্র বৈলক্ষণ্য হইল না, কেবল বিজ্ঞাপনীর প্রতি অশ্রদ্ধা জন্মিল।

সিবিল সর্ব্বিস ও মহাসভা।

একদা এক ব্যক্তি এক পাগলকে একটী মৃত কুক্কুর ভাগাড়ে ফেলিয়া আসিতে বলে। পাগল উত্তর করি সে অতিশয় ক্ষুধার্ত্ত হইয়াছে; আহা পর কুক্কুরকে ভাগাড়ে কেন গঙ্গায় লিয়া আসিতে পারে। কুক্কুরস্বামী লকে প্রচুররূপে আহার করাইল। কে নান্তে পাগল জিজ্ঞাসা করিল" কু কোথায়? কুক্কুরস্বামী স্থান প্রদ করিলে পাগল বলিল" আমা হ একাজ হইবে না, এ যে বিলাতী কু আমি দেশীয় কুক্কুর ভাবিয়াছিলাম আমাদিগের বর্ত্তমান ষ্টেটসেক্রে সর ষ্টাফোর্ডনর্থকোট ভারতবর্ষী গকে সিবিল সর্ব্বিসে প্রবেশাধি দিবার অঙ্গীকার করিয়া কাজের ঐ প্রকার বিলাতী কুক্কুরের আ উত্থাপন করিয়াছেন।

ইষ্টইণ্ডিয়ান আসোসিয়েসনের গণের আবেদন শ্রবণ কালে সর ষ্টা ডনর্থকোট সিবিল সর্ব্বিসের উদ্ঘাটন করিবার অঙ্গীকার করি লেন। ইষ্টইণ্ডিয়ান আসোসিয়েসন এদেশীয়দিগের নিমিত্ত কয়েকটী স্বতন্ত্র এবং সিবিল সর্ব্বিসের পরী কএকটী ছাত্রবৃত্তি স্থাপন করি প্রস্তাব করেন। "আমি উভ প্রস্তাবই গ্রাহ্য করিতে প্রস্তুত আ সর ষ্টাফোর্ডনর্থকোট স্পষ্টাক্ষ এই কথা বলিয়াছিলেন। এই সঙ্গে লণ্ডনের ন্যায় কলিকাতা বোম্বা মান্দ্রাজে পরীক্ষা করিবার প্রস্তাব য়াছিল। সর ষ্টাফোর্ড যে ভাবে দেন, তাহাতে এরূপ বোধ হইয়া এ প্রার্থনা পরিপূরণ করাও তাঁহার ভিমত নহে। এখন কাজের সময় হই কিন্তু এখন বিলাতী কুক্কুরের ন্যায় মিছা আপত্তি উপস্থিত করা হইয় অধ্যাপক ফসেট কলিকাতা বোম্ব মান্দ্রাজে পরীক্ষা গ্রহণ করিবার বি

অব কমন্সে প্রস্তাব করিয়াছিলেন, বলেন এবিষয়ে স্থানের সুবিধা ভারতবর্ষীয়দিগকে অন্য কোন া দেওয়া হইতেছে না। সিবিল ন কমিসনরগণ লণ্ডনের পরীক্ষার্থি ক যে প্রশ্ন দিবেন, সেই প্রশ্ন ভারত প্রেরণ করা হইবে। উত্তরগুলি ণ্ডে প্রেরিত হইলে অন্য অন্য পরী র্থির ন্যায় ভারতবর্ষীয়দিগেরও উক্ত কাগজগুলি দেখা হইবে। পরীক্ষা র নিমিত্ত তিন সহস্র ক্রোশ যাওয়া লের সাধ্যায়ত্ত নহে; যেখানে ফলের য় নাই, সেখানে কয়জনে এত টাকা করিতে সম্মত হইবেন? ভারতবর্ষে রিয়া পরীক্ষায় উত্তীর্ণ হইলে তৎপরে তবর্ষীয়েরা অনায়াসে দুই বৎসর ণ্ডে অবস্থান করিয়া অধ্যয়ন ও জ দর্শন করিতে পারিবেন। এই কথা য়া শেষে তিনি বলেন বুদ্ধি ও বিদ্যাতে তবর্ষীয়েরা কোন প্রকারে ইংরাজ ার অপেক্ষা নিকৃষ্ট নহেন। তাঁহা ার ধর্ম্মনীতিও উৎকর্ষ প্রাপ্ত হই ছ। উচ্চপদস্থ ভারতবর্ষীয়েরা বরাবর াতি সহকারে কাজ করিয়া আসি ছেন। তিনি এই বাক্যের সমর্থনার্থ ন লার্ড বেণ্টিঙ্ক, সর জন মনরো র্ড মেটকাফ ও সর বার্টল ফ্রিয়ারেরও নত।

অধ্যাপকের বক্তৃতা শেষ হইলে জর্জ্জ বিলয়ান সাহেব গাত্রোত্থান করিয়া লেন, ভারতবর্ষে পরীক্ষা হইলে ভারতবর্ষীয় পরীক্ষোত্তীর্ণ হইবেন, ইউরোপীয়েরা তাঁহাদিগকে পারিয়া উঠিবেন না। কিন্তু কেবল বুদ্ধি ও বিদ্যা কিলে কি হইবে? ভারতবর্ষীয়দিগের নীতি অনেক নিকৃষ্ট। তাঁহারা উৎকোচ খিলে লোভ সম্বরণ করিতে পারিবেন । বিদ্যা বুদ্ধি অপেক্ষা দৃঢ় ধর্ম্মনীতি জ্ঞান সিবিল সর্ব্বিসে আবশ্যক। ইহা ভারতবর্ষীয়দিগের নাই। এই কারণে তিনি ফসেট সাহেবের প্রস্তাবের সংশোধন করিয়া বলিলেন, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট মধ্যে মধ্যে উপযুক্ত অচিহ্নিত ভারতবর্ষীয় কর্ম্মচারিদিগকে চিহ্নিত পদ প্রদান করিবেন, এই নিয়মই উত্তম।

সর ষ্টাফোর্ড নর্থকোটও ঐ স্বরে গান করিলেন। ইনি চতুর লোক বটেন। ইহাঁর কৌশল এই, ইনি আপনার অভীষ্ট সিদ্ধ করিবেন অথচ কাহাকে বিরক্ত করিবেন না। ইনি বলিলেন ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের মত জিজ্ঞাসা করাতে তাঁহারা ভারতবর্ষে পরীক্ষা লইবার প্রতিবাদ করিয়াছেন। তাঁহারা ভারতবর্ষীয়দিগের ধর্ম্মনীতির দুর্ব্বলতার আপত্তির সঙ্গে সঙ্গে আর দুটী আপত্তি করিয়াছেন। তাঁহারা বলেন, লিখিত পরীক্ষা যেন ভারতবর্ষে হইল, বাচনিক পরীক্ষা কিরূপে হইবে? আর কলিকাতা, বোম্বাই ও মান্দ্রাজে পরীক্ষা হইলে নাগপুর লক্ষ্ণৌ ও লাহোরে না হয় কেন? সর ষ্টাফোর্ড নর্থকোট এই রূপ কহিয়া শেষে বলেন, "আমি বাচনিক পরীক্ষা সর্ব্বাপেক্ষা আবশ্যক জ্ঞান করি।" পাঠকগণ! এটী কি সেই "বিলাতী কুক্কুরের" আপত্তি নয়? এতকাল পর্য্যন্ত আমরা বাচনিক পরীক্ষার এত গুরুত্ব আছে জানিতে পারি নাই। আমাদিগের বিশ্ব বিদ্যালয় ইহা ত ত্যাগ করিয়াছেন। ইংলণ্ডের বিশ্ববিদ্যালয় সমূহেও ইহার প্রতি অনাস্থা জন্মিয়াছে। ফলতঃ ভারতবর্ষীয়দিগের স্বত্ব লোপ করিবার সময়ে সকল আপত্তিই গুরুতর হয়। অনন্তর সর ষ্টাফোড নর্থকোট বলিলেন, টি বিলিয়ান সাহেব যে প্রস্তাব করিয়াছেন, তাহা তিনি নূতন ভারতবর্ষীয় বিলের এক ধারার অন্তর্গত করিয়াছেন। অতঃপর ঐ প্রস্তাব ও সংশোধন প্রস্তাব পরিত্যাগ করিবার অনুরোধ করা হইল। অধ্যাপ ফসেট বলিলেন, যখন মূল নিয়মে তাঁহ সহিত ষ্টেট সেক্রেটারির মতভেদ না তখন কেবল সময় লইয়া আপত্তি ক তাঁহার অভিপ্রেত নহে। অদ্য না হউ কয়েক অব্দ পরে যখন ভারতবর্ষে পরী হইবার সম্ভাবনা আছে, তখন এ প্রস্ত পরিত্যাগ করিবার বাধা নাই।

সর ষ্টাফোর্ড নর্থকোট ভারতবর্ষ শাসনকর্ত্তাদিগের কুহকে যে পড়িয়াছে তাহার সন্দেহ নাই। এখানে এম সকল ভারই সিবিলিয়ানদিগের উপ অর্পিত রহিয়াছে; ইহাঁরা দেখিতেছে কার্য্য স্থলে ভারতবর্ষীয়েরা ইহাঁদি উপরে প্রাধান্য স্থাপন করিয়াছেন। এব বিদ্যা বুদ্ধির আপত্তি চলিবে এই নিমিত্ত নানা অকিঞ্চিৎকর আপ করিয়া প্রতিবন্ধকতা করা হইতেছে। যে অনুচিত কার্য্য, তদ্বিষয়ে সন্দেহ ন শাসনকার্য্যে দক্ষতা, অধ্যবসায় ও স সের প্রয়োজন। বিচারপতির স স্বাধীনহৃদয় হওয়া উচিত। আ তাহা অস্বীকার করি না। এদেশী গের কি এ সকল গুণ নাই? এদে য়েরা ত শাসনভার পান নাই। যেখ কিঞ্চিৎ পাইয়াছেন, সে খানে তাঁহারা যথোচিত গুণ ও ক্ষমতা প্র করিতেছেন না? যে জাতিকে শ করিতে হইবে, ভারতবর্ষীয়েরা জাতির অন্তর্গত কিনা? আপনাদি আপনারা শাসন করিতে অসামান্য সের প্রয়োজন রাখে না। এটী এ ঐশ্বরিক নিয়ম যে প্রত্যেক জাতির লোকেরা আপনাদিগের দেশীয় দিগকে অনায়াসে শাসনে রা পারেন। এক জন ইংরাজ পর্ব আফ্‌গানদিগকে সহজে শাসনে রা পারিবেন না; কিন্তু এক জন আফ সর্দ্দার অনায়াসে পারিবেন। যাহা

হিত সর্ব্বদা বাস করা যায়, তাহাদিগের
ীতি নীতি ভাব ভক্তি যেমন জানা যায়,
দেশীয় ব্যক্তিরা কখন সেরূপ জানিতে
ারেন না !

ধর্ম্মনীতি সম্বন্ধে যে আপত্তি করা
ইয়াছে, তাহা সাতিশয় অকিঞ্চিৎকর।
তদ্দেশীয় বিচারপতিগণ যদি উৎকো-
র লোভ সম্বরণ করিতে না পারেন,
বে এখন যে সকল বিচারালয়ে এদেশীয়
বিচারপতি আছেন, সে খানে কি বিচার
ক্রম হইতেছে ? যাঁহারা মুন্সেফ সদর
ামীন প্রভৃতি পদস্থ হইয়া উৎকোচ
ইতেছেন না, তাঁহারা সিবিল সর্ব্বাণ্ট
দস্থ হইলে উৎকোচগ্রাহী হইবেন,
হার তুল্য বিপরীত বাদ আমরা কখন
বণ করি নাই। অর্থের সচ্ছল হইলে
াক দুঃস্বভাব পরিত্যাগ করে, ইহাই
সিদ্ধ। সিবিল সর্ব্বাণ্টদিগের যখন বেতন
ল্প ছিল, তখন তাঁহারা দুচখোত্রত
ৎকোচ লইয়াছেন, এখন বেতন বৃদ্ধি হও
াতে সে দুর্নাম অনেক দুর হইয়াছে।
দি অনুধাবন করিয়া দেখা যায়, এদে
ীয় কৃতবিদ্য কর্ম্মচারিরা ইউরোপীয়
অচিহ্নিত কর্ম্মচারিদিগের অনেকের
র্পেক্ষা বহুগুণে শ্রেষ্ঠ। অচিহ্নিত
উরোপীয় কর্ম্মচারিদিগের অধিকাংশ
ৎকোচ লোভ সম্বরণ করিতে পারেন
। আমরা সর্ব্বদা শুনিতে পাই, অমুক
বরসিয়রকে পুনর্ব্বার রেজিমেণ্টে প্রেরণ
রা গেল। ইহার প্রকৃত অর্থ কোন্
ক্তি না বুঝেন ? পুলিষে যত ইউরো
ীয়কে দেখা যায়, তাহাদিগের অধি
াংশ উৎকোচগ্রাহক। পয়সা দিলে
ত করা ৯০ জন ইউরোপীয় চিকিৎস
কর নিকটে সুস্থশরীরে পীড়ার সার্টফি
ট লওয়া যায়। যত ইউরোপীয় মিউনি
পাল কর্ম্মচারী আছেন, ইহাদিগের
ধ্যে অল্প লোকে উৎকোচ গ্রহণ করেন
। সিবিল সর্ব্বাণ্টদলে এত মন্দ লোক
নাই। তথাপি রামরত্ন রায়, প্রাণনাথ
চৌধুরি প্রভৃতি জমীদারদিগের খতা
অন্বেষণ করিলে অনেক মাজিষ্ট্রেট ও
জজের সর্দ্দার বেহারার নামে ৩০,০০০।
৪০,০০০। ৫০,০০০ টাকা "বকসিস"
বলিয়া খরচ লেখা দেখা যাইতে পারে।
ইউরোপীয়দিগের ধর্ম্মনীতি আমাদিগের
অপেক্ষা উৎকৃষ্ট তাহা আমরা আর
স্বীকার করিতে ইচ্ছা নহি, বরং বাণিজ্য
প্রভৃতি বিষয়ে ইউরোপীয়দিগের ধূর্ত্ত
তাই অধিক প্রকাশ পাইতেছে। নিয়ম
বহির্ভূত প্রদেশের বিস্তর ইউরোপীয়
কর্ম্মচারী গুপ্ত টা-কর, ইহা কি গবর্ণমেণ্ট
অস্বীকার করিতে পারেন ? দুই জন প্রদে
শীয় শাসনকর্ত্তা গোপনে নীলের চাষে
লিপ্ত ছিলেন, ইহা কোন্ ভারতবর্ষীয়
না জানেন ? আমরা দুঃখ সহকারে এই
সকল জুগুপ্সিত বিষয়ের উল্লেখ করি
লাম। যখন জাতি সাধারণ স্বত্ব লইয়া
কথা, তখন চুপ করিয়া থাকা যায়
না। তবে প্রভেদ এই, আমাদিগের
মধ্যে কেহ মন্দ লোক হইলে আমরা
তৎক্ষণাৎ তাহা প্রকাশ করি, ইউ
রোপীয়েরা পরস্পরের দোষ গোপন
করিয়া থাকেন। আমরা মুক্তকণ্ঠে
বলিতে পারি যে বেতনে এতদ্দেশীয়
কর্ম্মচারিগণ সাধারণ্যে সাধুতা প্রদর্শন
করিতেছেন, সেই বেতনে অল্পই ইউ
রোপীয় সাধুভাবাপন্ন থাকিতে পারেন।
যদি অচিহ্নিত কর্ম্মচারিদিগের পরস্পর
রের তুলনা করা যায় স্পষ্ট দৃষ্ট হইবে,
এদেশীয়েরাই সাধুতায় প্রধান। কেবল
উৎকোচ লইলেই অসাধুতা হইল
এরূপ নহে। অনুরোধও এক প্রকার
উৎকোচ। এক জন ইউরোপীয় অপরাধ
করিলে অন্য অন্য ইউরোপীয় তাঁহাকে
দণ্ড হইতে মুক্ত করিবার চেষ্টা পান,
এবং অধিকাংশ ইউরোপীয় বিচারপতি
ছাড়িয়া দিতে পারিলে দণ্ড দেন না।
যেখানে দণ্ড হয় সেখানে সামান্য দ
মাত্র। ইহা কি অসাধুতা নহে ? এদে
কি ভারতবর্ষীয় বিচারপতিদিগে
আছে ? ধর্ম্মনীতির আপত্তি যেন অ
না করা হয়, তাহা করিলে ভারতবর্ষী
গবর্ণমেণ্ট ঠকিবেন এই মাত্র। আম
এক্ষণে সর জন লরেন্সকে কয়েকটী প্র
জিজ্ঞাসা করিতেছি। কোন্ ব্যক্তি
চক্রান্ত করিয়া সর হেনরি লরেন্সকে
লাহোর হইতে বহিষ্কৃত করেন ? বিদ্রো
হের সময়ে সর রবার্ট মণ্টগমারি, সে
পতি নিকলসন, সর হারবার্ট এডওয়ার্ড
ও সর সিডনি কটন সর্ব্বাপেক্ষা অধি
কাজ করিয়াছিলেন কি না ? তথা
কোন্ ব্যক্তি সকল যশ এক চেটিয়া করি
লইয়াছেন ? ভারতবর্ষীয়দিগের প্রদ
কর খৃষ্টীয় ধর্ম্মপ্রচারার্থ ব্যয় করা উচি
কি না ? এগুলি স্পষ্ট অধর্ম্ম না হউ
ধর্ম্মনীতিসঙ্গত কার্য্য কি না ? ভার
বর্ষীয়েরা যখন শারীরিক বলে হীন, তখ
ত মন্দলোক আছেন, কিন্তু যাঁহারা ইহা
গকে মন্দ লোক বলেন, তাঁহাদিগে
কর্ত্তব্য ইহাদিগের প্রতি দোষারো
করিবার পূর্ব্বে তাঁহাদিগের নিজে
প্রতি দৃষ্টিপাত করেন।

মূলকথা এই হইতেছে:—দুই চা
জন ভারতবর্ষীয় সিবিল সর্ব্বিসে প্রবে
করেন তাহাতে ব্রিটিশ গবর্ণমেণ্টে
আপত্তি নাই ; কিন্তু অধিকসংখ্যক লো
প্রবেশ করেন, ইহা তাঁহাদিগের অভি
প্রেত নহে। পরীক্ষার প্রথা হই
ভারতবর্ষীয়দিগের প্রাধান্য লাভ হই
সন্দেহ নাই। মুন্সেফ সদরআমীন প্র
তির পদ পরীক্ষা দিয়া লইতে হয় বলি
দেওয়ানী বিচার কার্য্যে ইউরোপী
অতি অল্প দেখিতে পাওয়া যায়। ডেপু
মাজিষ্ট্রেটের পদে লোক নিযুক্ত ক
গবর্ণমেণ্টের স্বেচ্ছাধীন, সুতরাং একা
ইউরোপীয়ই অধিক দৃষ্ট হন। অতএ

ক্ষার প্রথা প্রবর্ত্তিত না করিয়া
াগ ভার গবর্ণমেণ্টের হস্তে থাকিলে
শীয়েরা আর কিছু করিতে পারি
না, এই অভিপ্রায়েই ঐরূপ করা
তছে। ধর্ম্মনীতির আপত্তি অপদেশ
।

—:০:—

বিবিধসংবাদ।

২৭এ এ জ্যৈষ্ঠ সোমবার।

ঙ্কর নবাব ইংলণ্ডে আপীল করিতেছেন।
গেজেটের সম্পাদক রিচার্ড সাহেব তাঁহার
ইর হইয়াছেন। বারইর এক ক্ষুদ্রপুস্তক
শ করিয়া বলিয়াছেন, নবাবের বিরুদ্ধে যে
রোপ করা হয়, তিনি তদ্বিষয়ে অপরাধী
। লাওয়ার ঠাকুর নবাবের মন্ত্রী হাকিম
য়ার্সাহেবের সহিত সাক্ষাৎ করিতে
সেন, কিন্তু হাকিম পীড়িত থাকাতে
ৎ করিতে অসম্মত হন। ইহাতে ঠাকুর
হইয়া বলপূর্ব্বক বাসীপ্রবেশের অভিলাষ
। প্রহারীগণ নিবারণ করিল, ঠাকুরের
কর সহিত মন্ত্রীর লোকের লাঙ্গা হয়।
দলের কয়েক জন পরিবাস্ত হত হয় এবং
ইহাদিগের সহিত প্রাণত্যাগ করেন।
বলিতেছেন, তাঁহার চরিত্রের বিষয়ের
অনুসন্ধান না করিয়া পদচ্যুতির আজ্ঞা
া হইয়াছে। পীড়িত প্লীহার ন্যায় এই সম
কে লোকের বিশ্বাস হওয়া ভার।

লেয়ার বন্দরের নিমিত্ত বর্ষে বর্ষে ৬,৫৮,
টাকা ব্যয় হয়। ইহার মধ্যে কয়েদ ও তাহা
র পরিবারের ভরণ পোষণার্থ ৩ লক্ষ টাকা
। সৈনিকদিগের জন্য ৪০,৩৩৬ টাকা ও
কার্য্যের নিমিত্ত ৮৪,৪৩১ টাকা ব্যয়
। আন্দামানের রাজস্ব ৫২,৭৩৬ টাকা হয়
। যেসকল কয়েদি সচ্চরিত্র, তাহাদিগকে
রস্বরূপ ভরণপোষণার্থ কিছু অধিক টাকা
া হয়। প্রত্যেক ইউরোপীয় কয়েদী ৩০
ও এতদ্দেশীয় কয়েদি ৮ টাকা পাইয়া
। সচ্চরিত্র হইলে পূর্ব্বোক্ত লোকেরা ৪০।
এবং শেষোক্ত ব্যক্তিরা ১০। ১২ টাকা
পায়! আন্দামানে গিয়া অনেক
ী অর্থোপার্জ্জন করিতেছে। কিন্তু আদিম
া যেমন তেমনি আছে।

্যভারতবর্ষীয় টাইমস শ্রবণ করিয়াছেন,
চাড টেম্পল ঐ প্রদেশের লেপ্টনাণ্ট গব
ইয়া শীঘ্র গমন করিবেন। ইচ্ছা এই রূপ
কাজে যেরূপ হউক।

য়নিয়র বলেন, রাজনীতিসম্বন্ধে ফরাশী
ছু উভয়ের তুল্য অবস্থা। হিন্দুরা যাহার
বাসনায় গোলযোগ করিতেছেন, ফরা
তাহার আশা করিতেও সাহসী হন না।
কি ভর্ম্মণেরা যাবতীয় উচ্চ পদ গ্রাস
বসিয়াছেন, এবং ফরাশীরা কেবল নিকৃষ্ট
লি লইয়া আছেন?

উইরিয়া বাষ্পীয় জাহাজের জেমস কাবেল নামক এক ব্যক্তি রবার্টস নামক ইঞ্জিনিয়রকে পিস্তল দ্বারা গুলি করিবার চেষ্টা পাওয়াতে তাহাকে সেসিয়নে সমর্পণ করা হইয়াছে। অর্থী ও প্রত্যর্থী উভয়েই ইংরাজ, দণ্ড হইলে ভারতবর্ষীয়েরা ইংরাজদিগের দোষ জানিতে পারিবেন, এ স্থলে এ বিবেচনা করা হয় কি না, দেখিতে বড় কৌতূহল জন্মিতেছে।

ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানি শকট ছাড়িবার সময়ে ঘণ্টা দিবার এক সাঙ্কেতিক নিয়ম করিয়াছেন। প্রতি আড্ডায় ঘণ্টাগুলি টাঙ্গান থাকিবে। শকট ছাড়িবার পাঁচ মিনিট পূর্ব্বে থামিয়া থামিয়া ঘণ্টায় আঘাত করা হইবে। প্রতি আঘাতে তিনটী শব্দ হইবে। শকট ছাড়িবার অনতি পূর্ব্বে দ্রুতরূপে আঘাত করা হইবে এবং ঐ প্রকার প্রতি আঘাতে তিনটী শব্দ হইবে। এইপ্রকার একটী সঙ্কেত রাখা ভাল, কারণ দূরস্থিত ব্যক্তিরা টিকিটের ঘণ্টা কি শকট ছাড়িবার ঘণ্টা ইহা বুঝিতে না পারিয়া অনেক সময়ে মিথ্যা কষ্ট পান।

পব্লিক ওপিনিয়ন কাবুল হইতে সংবাদ পাইয়াছেন, আজিম খাঁ কয়েক জন সর্দ্দারকে পুনর্ব্বার বধ করিয়াছেন। নিয়ারআলির মুস্তফি হত হইয়াছেন! কাবুল গ্রহণ করিবার নিমিত্ত সিয়ারআলি বিশেষ উদ্যোগ করিতেছেন! আজিম খাঁর পুত্র ইসমাইল খাঁ ও উদ্যোগের ত্রুটি করিতেছেন না। সংবাদদাতা বলেন এবারে যেপ্রকার শোণিতপাত হইবার সম্ভাবনা, এরূপ একবারও হয় নাই।

উক্ত পত্র বলেন, বোখারার রাজার মৃত্যু সংবাদ অমূলক।

উক্ত পত্রে লিখিত হইয়াছে, সম্প্রতি চন্দ্রভাগা নদীতে একখানি নৌকা ডুবি হইয়া ৮০ জনের মৃত্যু হইয়াছে। পঞ্জাবের আদর্শ পুলিস এই নৌকাখানিকে জীর্ণ দেখিয়া আরোহী লইতে নিষেধ করিয়াছিলেন। তথাপি প্রায় ২০০ আরোহী লইয়া মাঝি যেমন পার হইতেছিল অমনি তাহা জলমগ্ন হইল। কথায় কেবল নিষেধ করিয়া পুলিস প্রহরীর নিশ্চিন্ত থাকা উচিত হয় নাই!

পঞ্জাবের ইউরোপীয় উকীলেরা বলিয়াছেন, তাঁহারা এতদ্দেশীয় বিচারপতিদিগের নিকটে ওকালতি করিবেন না। কি অভিমান!! ক্ষতি কার?

বঙ্গদেশীয় ব্যবস্থাপক সভা নূতন মিউনিসিপাল বিলে স্থির করিয়াছেন, প্রতিবৎসর না করিয়া তিন বৎসরান্তে করের পরিবর্ত্ত করা হইবে। এই কুমারহরেন্দ্রকৃষ্ণের প্রস্তাবানুসারে হয়।

বোম্বাইয়ের এক ময়দানে পারসী বালকেরা ক্রিকেট খেলিয়া থাকে। সম্প্রতি একটী গোলা হঠাৎ এক ইউরোপীয়ের বাটীতে পতিত হওয়াতে পুলিস বালকদিগকে ঐ স্থানে আর যাইতে দিতেছেন না। বোম্বাইয়ের প্রধানতম বিচারালয়ের বিচারপতি সর জোসেফ আর্ণলডকে একথা বলাতে তিনি পুলিসের এই কার্য্যের প্রতি দোষারোপ করিয়া বোম্বাই গেজেটে এক পত্র লিখিয়াছেন। বিচারপতি যা বলুন, পুলিস উত্তম কাজই করিয়াছেন। ইউরোপীয়ের বিরক্তি হইল তখন কখনই কদিগকে ক্রীড়া করিতে দেওয়া উচিত এনিমিত্ত বিদ্রোহকালের ন্যায় এই এক আইন করা কর্ত্তব্য, যে কোন ব্যক্তি কোন রোপীয়ের নিদ্রাভঙ্গ অথবা অন্য কোন বিরক্তির কাজ করিবেন, তাঁহাকে তৎ নিকটবর্ত্তী থানায় দিলে পুলিস কর্ম্মচারী এক বৎসর মেয়াদ দিতে পারিবেন। দণ্ড প্রণালীতে কাজ করিতে গেলে অনেক বি

দিল্লীর মিউনিসিপাল উদ্যানে এদেশী সপ্তাহে দুই দিবসমাত্র যাইতে পারেন; পাঁচদিন উদ্যানটী ইউরোপীয়দিগের চেটিয়া থাকে। উহাতে তত্রত্য সম্ভ্রান্ত লো অতিশয় অসন্তোষ প্রকাশ করিতেছেন। গড় ইনষ্টিটিউট জর্ণাল ভারতবর্ষীয়দি ভ্রম ভঞ্জন করিয়া দিবেন সন্দেহ নাই।

স্কটলণ্ডে শতকরা ১১ টী শিশু বি প্রকাশ্য রেজিষ্টারিতে বিজাত বলিয়া গের নাম লিখিত আছে; গোপনে আর কি আছে, বলা যায় না। ইহাতে ধর্ম্ম ঘটিত দোষ নাই, হতভাগ্য ভারতবর্ষীয় ধর্ম্মনীতিই এত মন্দপরদারগমনে যাহা কিছুমাত্র সঙ্কোচ নাই, ধর্ম্মভয় কি তাহা উৎকোচগ্রহণের বাধা জন্মাইতে পারে?

২৮এ জ্যৈষ্ঠ মঙ্গলবার।

দিল্লীগেজেট পঞ্জাবের রেলওয়ের নিম্ন শ্রেণির আরোহীদিগের কষ্টের বিষয় বর্ণন য়াছেন। যাবতীয় ষ্টেসনে জল দিবার ভিস্তি আছে; কিন্তু শকট উপনীত উহারা অদৃশ্য হয়। এই রেলওয়ের বন্দো অতিশয় মন্দ। প্রায়ই কলের নল ভাঙ্গিয়া তন্নিবন্ধন বিলম্ব হইয়াথাকে। এমনি বন্দোবস্ত যে সম্প্রতি মুলতানের কিঞ্চিৎ একখানি শকট যাইতেছিল, এমন সময়ে জন এতদ্দেশীয় বেড়ার উপর হইতে এক দিয়া এক তৃতীয় শ্রেণির শকটে উঠিল। সকল বন্দোবস্তের গুণেই ঐ দুর্ঘটনা ঘটে

ত্রিচনপলি ক্রনিকেল যথার্থই বলিয়া এদেশের মিউনিসিপালিটি নামমাত্র। মি সিপাল কর নামে স্থানীয় কর; কিন্তু ব গবর্ণমেণ্ট ইহাদ্বারা আপনাদিগের ব্যয় ইয়া থাকেন। এই পত্র বলেন, মিউনিসি কর্ম্মচারিগণ প্রায় উৎকোচগ্রাহী ও অত্য কারী। যতদিন এতদ্দেশীয়েরা আপনারা নিধি মনোনীত করিয়া ব্যবস্থাপক সভা ও মিসিপালিটিতে প্রেরণ না করিতেছেন, য ব্যয়ের উপরে তাঁহাদিগের কর্তৃত্ব না হইবে যতদিন অধিকসংখ্যক এতদ্দেশীয় লোক পদ সকল না পাইতেছেন, ততদিন ভারতব শাসন প্রণালীর উৎকর্ষ হইবে না। যাঁহারা বিষয় অনুধাবন করিয়া দেখেন, তাঁহারা সক এই এক কথা বলিবেন।

গত রবিবার রাত্রিতে কতকগুলি চোর ছালের বার লাইব্রেরিতে প্রবেশ করিয়া বোকেট জেনরলের গাউন ও কতকগুলি পু

লইয়া পলায়ন করিয়াছে। পুলিষ কর্ম্মচারিগণ যেরূপ কার্য্যদক্ষতা প্রকাশ করিতেছেন, তাঁহাদি গকে মধ্যে মধ্যে পুরস্কার ও সম্মানচিহ্ন প্রদান করা উচিত।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট মিরাটে কৃষকদিগের নিমিত্ত সেবিত্তব্যাঙ্ক স্থাপনের আজ্ঞা দিয়াছেন।

ডেলিনিউস বলিয়াছেন, পূর্ব্ববাঙ্গালা রেলওয়ের দুর্ঘটনার অনুসন্ধানার্থ কমিসন নিযুক্ত করিয়া গবর্ণমেণ্ট অতিশয় ভ্রমে পতিত হইয়াছেন। কমিটির আকৃতিসংস্থান প্রস্তাব অনুমোদনীয় নহে। কমিটির সভ্যেরা প্রকার দ্বার রুদ্ধ করিয়া সাক্ষ্য লইতেছেন. ডেলিনিউস তাহারও প্রতিবাদ করিয়াছেন। কমিটি যাহাই করুন, কোন ভারতবর্ষীয় তাঁহাদি গের রিপোর্টের উপরে বিশ্বাস করিবেন না। সাহেবের এই এক কার্য্যে তাঁহার প্রতি লো ের ভক্তির ত্রুটি হইয়াছে।

শুক্রবার অবধি এখানে অতিশয় বৃষ্টি হইতেছে। সোমবার বৃষ্টি নিবন্ধন অনেক আফিসের অধিকাংশ কর্ম্মচারী কার্য্যালয়ে যাইতে পারেন নাই। রাস্তাসকল ডুবিয়া গিয়াছিল। পুষ্করিণী সকল পরিপূর্ণ হইয়াছে। এখন এত বৃষ্টি সুখের নয়।

২৯ এ জ্যৈষ্ঠ বুধবার।

ডেলিনিউস বলেন, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট দেশীয় গবর্ণমেণ্টের অনুরোধে বঙ্গদেশীয় বিষের নূতন বন্দোবস্ত করিবার আজ্ঞা দিয়াছেন। ডাকাইতি কমিসনরের পদ উঠাইয়া য়াই ভ্রম হইয়াছে। কলিকাতার লোকার জিষ্ট ও অশিক্ষিত সুপরিণ্টেণ্ডাণ্টদিগকে শঃ বিদায় দিয়া ঐসকল পদে ভদ্র ক নিযুক্ত করাই কর্ত্তব্য। ঐসকল ব্যক্তির ষ হত্যাকারিপ্রভৃতি এড়াইয়া যাইতেছে। ব্রিটিশ ব্রহ্মের প্রধান কমিসনরের প্রশ্নানু ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট বলিয়াছেন, নিয়ম ষ্ট প্রদেশের সিবিল সার্জ্জনেরা যখন জেলসকলের তত্ত্বাবধারণ করিবেন, তাঁহাদিগকে আপন আপন প্রাপ্য বেতন তত্ত্বাবধারণনিমিত্ত শত করা ৫০ টাকা হইবে।

বোম্বাই গবর্ণমেণ্টের অনুরোধে ভারতবর্ষীয় মেণ্ট আজ্ঞা দিয়াছেন, বোম্বাই চক্রবাড়ের ণ্টেণ্ডাণ্ট ইঞ্জিনিয়র যখন পরিদর্শনার্থ বহি হইবেন, তখন তাঁহার কেরাণীদিগকে ভাতা দেওয়া হইবে। খাদ্য দ্রব্য অতি র্ম্ম্য হওয়াতে এই আজ্ঞা হইয়াছে।

স্কৌয়ের মৎস্যভবন দুর্গান্থিত ইউরোপীয় গণ মাতাল হইয়া সর্ব্বদা লোকের উপরে চার করিতেছে। ইউরোপীয়েরাও এই চার হইতে মুক্ত নহেন। এক জন পত্র বলেন, এ বিষয়ে অভিযোগ করিলে মেণ্টের অধ্যক্ষ তাহা মিথ্যা বলিয়া অগ্রাহ্য । প্রধান সেনাপতির এ বিষয়ে মনো- হওয়া উচিত।

মণিমার্কেট রিবিউ বলেন, ভারতবর্ষে রী সবরেণ চলিবে না। আকবরের সময়ে ার বিশুদ্ধ মোহর চলিত এবং যাহা সাড় ালিসের সময়পর্য্যন্ত চলিত ছিল সেই প্রকার বিশুদ্ধ স্বর্ণ মুদ্রা করিলে লোকে তাহা অনায়াসে গ্রহণ করিবেন। এটী যথার্থ কথা।

৩০ এ জ্যৈষ্ঠ বৃহস্পতি বার।

বিজ্ঞাপনী বলেন, "তাঁহার ফরিদপুরস্থ সংবাদদাতার মানির অভিযোগে ৩ মাস মেয়াদ ২০০ টাকা জরিমানা ও জরিমানার টাকা না দিলে আর এক মাস মেয়াদের আদেশ হইয়াছে। মকদ্দমাটি সত্বর সম্পন্ন হওয়াতে সম্পাদক সাতিশয় ক্ষোভ প্রকাশ করিয়াছেন। আমাদিগের মতে তাঁহার এই ক্ষোভ অন্যায় নয়।

হিন্দু হিতৈষিণী বলেন, "দেশীয় লোককে স্বদেশে বিচারাধিপত্য প্রদান করা নিয়ম বিরুদ্ধ। যাহাঁরা স্বদেশে বিচারাধিপত্য লাভ করিয়াছেন তাঁহাদের সকলেরই রাম কুমার বাবুর ন্যায় প্রার্থনা করিয় স্থানান্তরিত হওয়া উচিত। আমরা দেখিতেছি, কেহ ক্রমে ক্রমে দেশীয় লোকের সহিত নানাপ্রকার বিবাদে লিপ্ত হইতেছেন। একটী কার্য্যফলদ্বারা অপর কার্য্যের ফল স্থির করা যায়। গবর্ণমেণ্ট দেখুন আর না দেখুন অযশেষ তাহা নিতান্ত ভয়ানক হইয়া উঠা আশ্চর্য্য নয়। অতএব আমরা অনুরোধ করি, যাঁহারা দেশীয় লোকের সহিত নানা প্রকার অনর্থকর বিবাদে পরিলিপ্ত আছেন এবং যাঁহাদের প্রতি লোকের বিদ্বেষভাব আছে, তাঁহারা কোনপ্রকার দুর্নামগ্রস্ত না হইতেই স্থানত্যাগের চেষ্টা করুন। গবর্ণমেণ্টেরও কৃত নিয়ম কার্য্যে পরিণত করা উচিত।"

আমরা কন্যাবিক্রয়সংক্রান্ত প্রস্তাবমধ্যে সংকল্পিত প্রতিনিধিসভার যে প্রতিবাদ করিয়াছিলাম, অমৃত বাজার পত্রিকা তৎপ্রতিষ্ঠার যে উদ্দেশ্যটী বুঝাইয়া দিয়াছেন, তাহা পাঠ করিয়া আমাদিগের হৃদয়ে অতিশয় কৌতূহল জন্মিয়াছে, এক্ষণে পাঠকগণ তাহার অংশভাগী হউন। সে এই, "প্রস্তাবিত নূতন সভার উদ্দেশ্য এক্ষণে কেবল শাসনকার্য্য অভ্যাস করা সভাতে আইন প্রস্তুত হইবে, সভা হইতে বজেট বাহির হইবে, সভা হইতে কর্ম্মে নিয়োগ করা হইবে, কি কর্ম্মচ্যুত করা হইবে, সভা হইতে সৈন্য সামন্তের গতি, অবস্থিতি নিরূপিত হইবে, সভা হইতে, ভিন্ন ভিন্ন রাজ দরবারের সহিত আমাদের কিরূপ সম্বন্ধ রাখিতে হইবে, তাহার বিচার হইবে, ইত্যাদি; গবর্ণমেণ্ট সভার প্রস্তাবে কর্ণপাত করুন না করুন, তাহাতে সভ্যগণ দৃকপাতও করিবেন না।"

১০ জ্যৈষ্ঠ শুক্রবার।

এ দেশে যে পরিমাণে খালখনন করা হইতেছে তদুপযোগী ইঞ্জিনিয়র না থাকাতে সব ষ্টাফো র্ড নর্থকোট আর কয়েক জন ইঞ্জিনিয়রকে ইংলণ্ড হইতে প্রেরণ করিতেছেন। খাল খনন বাটী প্রস্তুত করা প্রভৃতি কার্য্য সৈনিক ইঞ্জিনিয়রদিগের হস্ত হইতে এক কালে লওয়া কর্ত্তব্য।

ব্রহ্মদেশের উত্তরাংশে আবিষ্ক্রিয়ার্থ কাপ্তেন সেডেনপ্রভৃতি যে কয়েক জন গমন করিয়াছেন, তাঁহারা কৃতকার্য্য হইয়াছেন। ব্রহ্মদেশের রাজা এ বিষয়ে যথেষ্ট সাহায্য করিতেছেন; কিন্তু আশ্চর্য্যের বিষয় এই রেঙ্গুনের সংবাদপত্রখানি ইহাতেও রাজার দোষ দিতে সাহায্য না করিলেও রাজা নিস্তার পা না। কিছুতেই মহাপ্রভুদিগের নিকটে পাইবার যো নাই।

আমরা দুঃখিত হইলাম, ইংলণ্ডীয় গব আবিসিনিয়ার সৈন্যদিগকে ভাতা দিতে অ হইয়াছেন। পুরস্কার না দিলে উ থাকে না।

আলাহাবাদের বিখ্যাত ইঞ্জিনিয়র গা সাহেবের মৃত্যু হইয়াছে। ইনি প্রায় ১৩ ভারতবর্ষীয় রেইলওয়ের এক জন ক ছিলেন। গাউয়ার সাহেব সামান্য রাস্তায় ইবার নিমিত্ত এক বাষ্পীয় শকটের সৃষ্টি তাঁহা হইতে ভারতবর্ষীয় রেলওয়ের বা শকটের অনেক উন্নতি হইয়াছিল এমত বনী শক্তিসম্পন্ন ইঞ্জিনিয়র ভারতবর্ষীয় ওয়ে কোম্পানির অধীনে আর নাই।

গতবৎসর জলপ্লাবনে বগুলার নিকটে বাঙ্গালা রেলওয়ের একটী সেতু ভগ্ন আশ্চর্য্যের বিষয় এই, এটী আজিও পু নির্ম্মিত হয় নাই। যে স্থানে সেতু ছিল সে কেবল কতকগুলি রেইল দেওয়া হইয়া তাহার উপর দিয়া শকটশ্রেণি গমন করে। কোন দুর্ঘটনা হয়, তাহা হইলে সর্ব্ব শুদ্ধ প্রবেশ করিবে। তাহা হইলে এত ডাক্ত সংবাদ পত্রের সম্পাদকদিগের খোসা করিতে হয় না।

গত কল্য একশেঞ্জ গৃহে নিম্নলিখিত টা অহিফেন বিক্রীত হইয়াছে।

	সিন্দুক	প্রতিসিন্দুক	মোটট
বেহার	২৩০০	১৪৩৯৵৫	৩৩১০
কাশীর	১৭০০	৪১২	২৪০০

মার্সি সাহেবের হিসাবের উপরে অহিফে মূল্য হইয়াছে।

ডেপুটি মাজিষ্ট্রেটী পদের পরীক্ষার্থীদি ২৯ জন উত্তীর্ণ হইয়াছেন। ইহাদিগের ১৭ ভারতবর্ষীয় এবং ১২ জন ইউরোপীয় ও যি জি। চারিকোটি বঙ্গদেশীয়ের মধ্যে সমুদায়ে লক্ষ্য ইউরোপীয় আছেন। চারিকোটির সহি এক লক্ষের যে সম্বন্ধ ১৭ জনের সহিত কি জনের সেই সম্বন্ধ। তথাপি গবর্ণমেণ্ট প করেন অচিহ্নিত পদসকল এতদ্দেশীয়ে পাইয়াথাকেন। পেয়াদাগিরির বিষয়ে এক বটে।

১ লা আষাঢ় শনিবার।

"সাপ্তাহিক সংবাদ" বলেন, কলিকাত বিশ্ববিদ্যালয়ের মহাসভা প্রস্তাব করিয়াছে বি, এ, উপাধি না পাইলে কেহ বি, এল, পরী দিবার নিমি আইনের উপদেশ শ্রবণ করি পারিবেন না।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগ বিক্রীত হইতেছে।

৪ টাকার সিক্কা	৯৩৷৷০—৯৪৸০
৪ " কোম্পানির	৯৫—৯৫০
৫ পবলিকওয়ার্ক	১০৫৸০—১০৬
৫ " কোং	১১০—১১০৵০
৷৷৫ " কোং	১১৪৸০—১১৫

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

রা জুন। যতদিন ডবলিউ, এফ, মাকড সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন জে, এম লুইস সাহেব নদীয়ার প্রতি- সিবিল ও সেসিয়ন জজ হইবেন।

বলিউ, ই, ওয়ার্ড সাহেব বীরভূমের নিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

য়াডাঙ্গার সহকারী মাজিষ্ট্রেট জে, হে. ষ্টার সাহেব বর্দ্ধমানের প্রতিনিধি জাইণ্ট ষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

হকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর ডবলিউ, লড হাম সাহেব চুয়াডাঙ্গা উপবিভাগের পাইয়া মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টরের পাইবেন। ২০ এ মের গেজেটে তাঁহার পূর্ব উপবিভাগে নিয়োগের যে বিজ্ঞাপন হা এতদ্দ্বারা রহিত হইল।

কারী মাজিষ্ট্রেট ও কালেক্টর এ, পি, নেল সাহেব মেহেরপুর উপবিভাগের পাইয়া প্রথমশ্রেণির অধীন মাজিষ্ট্রেট ও কালেক্টরের ক্ষমতা পাইবেন। তিনি সেসিয়নে অর্পণ করিবার মকদ্দমার বিচার করিতে পারিবেন।

হরহুমের সব আসিষ্টাণ্ট কমিসনর ডাক্তর জ, মাসুক সেসিয়নে অর্পণ করিবার মক- প্রথম বিচার করিতে পারিবেন।

ঠা জুন। বাঁকুড়ার অন্তর্গত বড়জোড়ার বাবু হরপ্রসাদ সেন রঙ্গপুরের অন্তর্গত পুরের মুন্সেফ হইবেন।

ালপুরের মুন্সেফ বাবু রমানাথ শীল বড় ার মুন্সেফ হইবেন।

জারিবাগের সহকারী কমিসনর কাপ্তেন ই, ওয়ালকট হাজারিবাগের শিবিরমধ্যে অব্দের ২২ আইন লঙ্ঘনের অপরাধের করিতে পারিবেন।

য়ালপাড়ার প্রথম শ্রেণির মুন্সেফ বাবু াচন দাস প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রে- ক্ষমতা পাইবেন।

ই জুন। যত দিন সার্জ্জন এফ, জে, আরল বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন ডাক্তর আর, মাকলিয়ড নদীয়ার চিকিৎসা কর্ম্মচারী হইবেন।

ছোটনাগপুরের কমিসনর কর্ণেল ই, টি, ডালটন কটকের করদ মহলের তত্ত্বাবধায়কের পদ পাইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু কৃষ্ণপ্রসাদ ঘোষ ভবানীগঞ্জ উপবিভাগের ভার পাইয়া রঙ্গপুরে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

পশ্চাল্লিখিত কর্ম্মচারিগণকে বর্ত্তমান শূন্য পদে প্রতিষ্ঠিত করিবার নিমিত্ত ষষ্ঠ হইতে পঞ্চম শ্রেণিভুক্ত করা হইবে।

বাবু কৃষ্ণপ্রসাদ ঘোষ। যে দিবস অবধি তিনি ভবানীগঞ্জের ভার গ্রহণ করিবেন।

বাবু ব্রজনাথ সেন। যে দিবস অবধি তিনি ময়মন সিংহে উপস্থিত হইবেন।

বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য ও দুর্গাগতি বন্দ্যোপাধ্যায় এবং ই এম, রেলি সাহেব।

নওয়াখালির সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট বাবু ঈশ্বরীপ্রসাদ দ্বিতীয় শ্রেণির অধীন মাজি ষ্ট্রেটের ক্ষমতা পাইয়া পাটনার ডেপুটি মাজি- ষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

ভাগলপুরের ডেপুটি মাজিষ্ট্রেট মৌলবী আলিহোসেন পাটনা বিভাগে বদলী হইবেন।

৬ ই জুন। এচ, এস, টমসন সাহেব হুগলীর প্রধান অধস্থ জজ হইবেন।

সৈদ আজিমুদ্দিন হোসেন খাঁ বাহাদুর সি, এস, আই, প্রাণত্যাগ করাতে রাজমহলের সহ কারী কমিসনর নিম্নতর শাসন কার্য্য নির্ব্বাহার্থ প্রথম শ্রেণিভুক্ত হইবেন।

নিম্নলিখিত ভদ্রলোকেরা ১৮৬৮ অব্দের ৯ আইন অনুসারে আসেসর হইয়া কালেক্টরের ক্ষমতা পাইবেন।

ডাক্তর এস, জে, মাসুক সিংহভূমে। বাবু গঙ্গানন্দ বন্দ্যোপাধ্যায় নিজপদগুণে হাজারি বাগে। বাবু রাখালদাস হালদার নিজপদগুণে মানভূমে। বাবু গোপালচন্দ্র মিত্র লোহার ডগাতে।

যত দিন বাবু শ্যামাচরণ চট্টোপাধ্যায় বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন ২৪ পর- গণার ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর বাবু শিব প্রসাদ সান্যাল বসিরহাট উপবিভাগের ভার পাইবেন।

ডি, লেসি সাহেব পুরীর দাতব্য চিকিৎসালয় চালাইবার সভার সভা হইবেন।

৮ ই জুন। কর্ণেল ডাল্টন কিয়ঞ্জোড় করদ মহলে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

বাবু গিরীশচন্দ্র ঘোষ মতিহারির ছোট আদালতের প্রতিনিধি জজের কার্য্যভিন্ন চম্পা রণের অধস্থ জজের কার্য্য করিবেন।

এচ, মোসলী সাহেব আরার এক জন মিউ- নিসিপাল কমিসনর হইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু কালীপ্রসন্ন রায়চৌধুরী মেদিনীপুরে বদলী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

৯ ই জুন। বি, আর, পেরি সাহেবের মৃত্যু হওয়াতে নিম্নলিখিত কর্ম্মচারিগণ উন্নতি প্রাপ্ত করিবেন।

মৌলবী জিনুদ্দিন হোসেন দ্বিতীয় শ্রেণি জি, হস মার সাহেব তৃতীয় শ্রেণিতে।

বাবু প্রতাপচন্দ্র চট্টোপাধ্যায় বি, চতুর্থ শ্রেণি

বাবু অম্বিকাচরণ রায়চৌধুরী পঞ্চম শ্রেণি

সি, ডবলিউ, উইসমট সাহেব উন্নতি করাতে নিম্নলিখিত কর্ম্মচারিগণ উন্নতি হইবেন।

ডবলিউ, সার্সণ সাহেব দ্বিতীয় শ্রেণী

ই, ষ্টিওয়ার্ট সাহেব তৃতীয় শ্রেণিতে।

বাবু গৌরদাস বসাক চতুর্থশ্রেণিতে।

বাবু কেদার নাথ পণ্ডিত পঞ্চমশ্রেণিতে।

লালা ফকির চাঁদ লালের মৃত্যু হওয়াতে লিখিত কর্ম্মচারিগণ উন্নতি প্রাপ্ত হইবেন

মৌলবী আলি হোসেন চতুর্থ শ্রেণিতে।

মৌলবী ওয়াইলিয়ত হোসেন পঞ্চম শ্রেণি

বর্ত্তমান শূন্যপদ লাভার্থ এচ, ডব বারবর সাহেব / বাবু তারিণীচরণ মি বাবু ভগবানচন্দ্র সেন; এবং এ, ফে, ফে সাহেব পঞ্চমশ্রেণিভুক্ত হইবেন।

বাবু ভুবনেশ্বর সিংহ পঞ্চম শ্রেণিতে যে দিবসে তিনি চট্টগ্রামে উপস্থিত হইবেন

নিম্নলিখিত ভদ্রলোকেরা পশ্চাল্লি স্থানে সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবে

ডবলিউ, এ, বীডন সাহেব বর্দ্ধমানে।

বি, ডবলিউ, বার্টলসেন সাহেব গয়া

বাবু গদাধর খাঁ নওয়াখালিতে।

বাবু মহেন্দ্রনাথ হাজরা হুগলিতে।

নিম্নলিখিত ভদ্রলোকেরা ১৮৬৮ অ ৯ আইন অনুসারে আসেসর হইয়া কালেক্ ক্ষমতা পাইবেন:—

বাবু সারদাপ্রসাদ চট্টোপাধ্যায় ভাগলপু

”	কালীপ্রসাদ চৌধুরী	মুঙ্গে
”	অখিলনাথ রায়	পূর্ণিয়া
”	কৃষ্ণচন্দ্র রায় পদগুণে	হাবড়া
এচ, এল, গুয়েদারল সাহেব		বাঁকুড়া
”	হরচন্দ্র ঘোষ পদগুণে	বর্দ্ধমা
”রমেশচন্দ্র মুখোপাধ্যায় পদগুণে		হুগলি
”	রাজমোহন বসু	বীরভূ
”	অন্নদাপ্রসাদ ঘোষ,	মেদিনীপু
”	পূর্ণানন্দ বড়ুয়া পদগুণে	গেয়ালপাড়া
”	গুণাভিরাম বড়ুয়া পদগুণে,	ঐ
”	গিরিশচন্দ্র সেন	বাখরগ
”	রাধিকামোহন রায়	ঢাকা
”	বৈকুণ্ঠনাথ সেন	ফরিদপ
”	শ্রীনাথ ভদ্র	ময়মনসিং
মৌলবী মহম্মদ আবদুল কাদের		শ্রীহ
বাবু ভগবতীচরণ চট্টোপাধ্যায়		পাটনা
”	গোলকচন্দ্র বন্দ্যোপাধ্যায়	শাহাবা
”	বৈদ্যনাথ সিংহ	গয়া
”	কাশীনাথ পণ্ডিত	ত্রিহু
মৌলবী মহম্মদ আবদুল হাই		সারু
বাবু দানেশচন্দ্র রায়		চম্পা
”	মহাদেব ঘোষাল	মুবসির
”	কাশীকিঙ্কর সেন	রাজসাহি
”	তারিণী শঙ্কর রায়	পাবন

*	চন্দ্রমোহন দাস	মালদহে।
৯	উমেশচন্দ্র সরকার	দিনাজপুরে।
৯	দ্বারকানাথ রায়	ঐ
	সেখ মতি উল্লা	রঙ্গপুরে
	কালীপদ বসু	বগুড়াতে

—:০:—

আমাদিগের কাশীস্থ সংবাদদাতা

ধিয়াছেনঃ—

খানে গ্রীষ্মের অত্যন্ত প্রাদুর্ভাব হইয়া
কিন্তু গত কল্য (১ লা জুন) তৃতীয়
র পর চতুর্দ্দিক হইতে মেঘমালা উত্থিত
গগনমণ্ডল আচ্ছন্ন করিল এবং অর্দ্ধ ঘণ্টা
তিন চারি ঘণ্টাকাল মুষলধারে বৃষ্টি হইল।
ত উত্তাপের অনেক হ্রাস হইয়াছে। এ বৎ
রূপ বৃষ্টি আর হয় নাই। অদ্য প্রাতঃ-
বোধ হইল, যেন প্রকৃতি নূতন বেশ ধারণ
াছেন।

শুনিতেছি, গবর্ণমেণ্ট এখানকার কুইন্স
জের ইংরাজী সংস্কৃত অধ্যাপকের পদে
ফ্ সাহেবকে নিযুক্ত করিয়াছেন। ইনি,
ম মুর সাহেবের এক জন প্রসিদ্ধ ছাত্র
অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় হইতে বি, এ
ধি প্রাপ্ত হইয়াছেন। গফ্ সাহেব আপা-
৫০০ টাকা করিয়া পাইবেন; কিন্তু দুই
পরে তাঁহার বেতন ৭০০ টাকা হইবে।
জা দিনকর রাও রেওয়ার রাজার দেওয়া
াদে নিযুক্ত হইয়াছেন। তিনি এক্ষণে বারা
ত আছেন; কিন্তু দুই এক দিনের মধ্যেই
রেওয়ায় যাত্রা করিবেন।
খিতেছি, শেষে এ প্রদেশেও মিউনিসিপা
প্রচলিত হইল। ১ লা জুন অবধি উহার
আরম্ভ হইয়াছে। এক্ষণে দেখা যাউক
দ্বারা সহরের কত দূর উন্নতিসাধন হয়।

আমাদিগের গোয়ালিয়রস্থ সংবাদ-

া লিখিয়াছেনঃ—

১। প্রায় এক পক্ষ হইল, গ্রীষ্মের দারুণ
র্দ্দ হইয়াছে। গত ২২ এ মে সায়াহ্ন-
এক প্রবল ঝটিকা হইয়া গিয়াছে। কয়েক
র মধ্যে অনেক বৃক্ষ শাখাহীন, অনেক বৃক্ষ
টিমুল ও অনেক দরিদ্রের গৃহ ভূমিসাৎ
ঝটিকা স্থগিত হইলে, প্রবলবেগে শিলা
ও বারিবর্ষণ হইতে লাগিল। ঐ দিবস
বৃহৎ শিলার আঘাতে একটী লোক মৃত্যু
গ্রাসে পতিত এবং হঠাৎ মুগার নদীর জলবৃদ্ধি
হওয়াতে একটী লোক জলমগ্ন হইয়া পঞ্চত্ব
প্রাপ্ত হইল।

তদবধি ২। ৩ দিন অন্তর প্রায়ই "আঁধি"
ও বৃষ্টি হইতেছে। এখানে যাঁহারা অধিক দিন
আছেন, তাঁহারা কহেন যে, এ বৎসরের ন্যায়
কোন বৎসরই এত শীঘ্র বর্ষাকে দর্শন করেন
নাই এবং গ্রীষ্মের দারুণ হস্ত হইতে মুক্ত হন
নাই। বৃষ্টি হওয়াতে যদিও অগ্নিসম "লুর"
প্রভাব কমিয়াছে, তথাপি মধ্যে মধ্যে বায়ুশূন্য
গুমট হওয়াতে বড় কষ্ট হয়। বঙ্গদেশের গ্রীষ্মের
ন্যায় এখানকার গ্রীষ্মে তাদৃশ পীড়াদির প্রাদু-
র্ভাব হয় না, এই একটী মঙ্গলের বিষয়।

২। কয়েক দিন হইল, এক জন ইউরোপীয়
সৈন্যের সহিত অন্য এক জন ইউরোপীয়
সৈন্যের বিবাদ ও মারামারি হইতেছিল, এমন
সময়ে এক জনের স্ত্রী উপস্থিত হইয়া তাহার
স্বামীর বিপক্ষকে বোতল ছুড়িয়া মস্তিষ্কে এরূপ
আঘাত করিল যে, সে ব্যক্তি অচিরে মৃত্যুগ্রাসে
পতিত হইল। এই সংবাদ তারযোগে "কমা
ণ্ডার ইন চীফের" নিকট প্রেরিত হইল। অদ্যাপি
তাহার কিছুই সিদ্ধান্ত হয় নাই। গোরারা যেরূপ
ব্যাঘ্র ভল্লুকের ন্যায় জঘন্যভাবাপন্ন, ইহাদের
স্ত্রীরাও সেই রূপ। আমাদের দেশের ইতর লোক
দের সহিত সুসভ্য ইংরাজদের ইতর লোকের
তুলনা করিলে দেবাসুরের ন্যায় বিভিন্নতা বোধ
হয়। ব্যাঘ্রাদি দেখিলে আমাদের মনে যেরূপ
ভয়ের সঞ্চার হয়, গোরা দেখিলে ততোধিক
ভয় হয়!!!

৩। মহাশয়! অত্রত্য সুপারিণ্টেণ্ডেণ্ট এঞ্জিনি
য়ার কর্ণেল আলেকজাণ্ডার সাহেব বিশেষ বিচ
ক্ষণতার সহিত কার্য্য করিতেছেন। ইনি সম্প্রতি
যে কয়েকটী উপায় অবলম্বন করিতেছেন,
তাহাতে অনেক চোর ধরা পড়িবে। এক জন
কণ্ট্রাক্টার ও এঞ্জিনিয়ার সাহেব প্রায় ফাঁদে
পড়িয়াছেন। দেখা যাউক কি হয়। কোন স্পষ্ট
দুষ্কর্ম্ম, এমন কি হত্যাকাণ্ড চক্ষে দেখিলেও
আইনের অনুযায়ী প্রমাণ দিতে না পারিলে
যেমন তাহার দণ্ডবিধান হয় না, এখানে পবলিক
ওয়ার্ক ডিপার্টমেণ্টে অন্যায়রূপে সরকারী অর্থ
নষ্ট হইতেছে দেখিয়াও নিয়মিতরূপে প্রমাণ
করিতে না পারিবার আশঙ্কায় সাধারণে প্রকাশ
করিতে ভয় হয়।

কোন বিষয়ের অনুসন্ধানার্থ যেমন "কমি-
শন" নিযুক্ত হয়; যদি পবলিক ওয়ার্কের অত্য
ন্তরীণ গূঢ় ভাবসকল প্রকাশার্থ গবর্ণমেণ্ট স্বয়ং
চক্ষণ কমিসন নিযুক্ত করেন, তাহা হইলে
হয়, অপব্যয়ের অনেক লাঘব হইতে পারে

৪। গবর্ণমেণ্ট মুখে হাতে চাঁদ দেন
কাজে একটি তৃণও দেন না। গবর্ণমেণ্ট ব
ছেন, উচ্চ উচ্চ পদ এদেশীয়দিগের প্রাপ্য
কাজে ইউরোপীয়, এমন কি অধিকাংশ
জিই উহা একচেটিয়া করিয়া রাখিয়াছে।
প্রমাণস্বরূপ নিম্নলিখিত বিষয়টী লিখিলা

আসিষ্টাণ্ট এঞ্জিনিয়ার শ্রীযুক্ত বাবু
নাথ চট্টোপাধ্যায় (যাঁহার গুণকীর্ত্তন
সোমপ্রকাশে কয়েকবার লিখিয়াছি) প্র
বৎসর হইল রুড়কী এঞ্জিনিয়ার কা
পরীক্ষায় উত্তীর্ণ হইয়া গবর্ণমেণ্টের কার্য
তেছেন। ইনি কি গ্রীষ্মের প্রখর মার্ত্তণ্ড
কি শীতের শীতল বায়ুপ্রবাহে সকল স
আহারের সময়ে আহার, নিদ্রার সময়ে
না করিয়াও কুলী মজুরদিগের সহিত গি
বনপ্রভৃতি কষ্টকর প্রদেশে অকাতরে অব
করিতেছেন এবং যাহাতে গবর্ণমেণ্টের
পয়সাও অনর্থক অপব্যয় না হয়, তদ্বিষ
শীল রহিয়াছেন; তথাপি ইহাঁকে অদ্যাপি
শ্রেণী হইতে প্রথম শ্রেণীস্থ করা হইতেছে
পক্ষান্তরে যাহাঁরা (ইংরাজ ও ফিরিঙ্গি)
সহিত এবং ইহাঁর পরে এঞ্জিনিয়ার
তাঁহারা কেহ প্রথম শ্রেণির কেহ দ্বিতীয় শ্রে
এক্জিকিউটিব এঞ্জিনিয়ার হইয়াছেন।
উপর কি গবর্ণমেণ্টের দৃষ্টি পতিত হয় না

—:০:—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পা
মহাশয় সমীপেষু।

মুন্সীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও কালে
ক্টর শ্রীযুক্ত বাবু বিমলাচরণ ভট্টা-
চার্য্য এবং বজ্রযোগিনীস্থ জমী-
দার শ্রীযুক্ত বাবু কালীকি-
শোর গুহ মহাশয়দ্বয়ের
সদনুষ্ঠান।

মহাশয়! ডেপুটী মাজিষ্ট্রেট ও
কালেক্টর বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য মুন্সী
আগমন করিয়া তত্রত্য গবর্ণমেণ্ট সাহায্য
ইংরাজী বঙ্গবিদ্যালয়ের উন্নতির নিমিত্ত
চিত চেষ্টা করিতেছেন। এমন কি তাঁহারই
পরিশ্রম, উৎসাহ ও উদ্যোগশীলতাবলে
বৎসরকালমধ্যে উক্ত স্কুলের যেরূপ উ
হইয়াছে, ৫। ৬ বৎসরে তাহা হয় নাই। এ
উক্ত স্কুলের অনেক ছাত্র বাঙ্গলা ছাত্রীর

মাইনর স্কলার্সিপ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে। স্কুলের যে ছাত্র মাইনর স্কলার্শিপ পরীক্ষায় সর্ব্বপ্রথম হইয়াছে, স্কুলের সভ্যগণ তাহাকে আগামী আষাঢ় মাসে ২৫ টাকা মূল্যের একটী মডেল প্রদান করিবেন। আমরা এ স্থলে ঐ স্কুলের হেডমাষ্টার শ্রীযুক্ত বাবু কালীকিশোর নাম এবং অন্যান্য শিক্ষকগণের যথোচিত প্রশংসা না করিয়া ক্ষান্ত থাকিতে পারিলাম না। যাহারা বিমলা বাবুর প্রদত্ত উৎসাহে প্রোৎসাহিত হইয়া স্কুলের উন্নতিবর্দ্ধনার্থ বহুপ্রকার চেষ্টা করিতেছেন। তাঁহাদের অনেকের স্বভাবই অতি উত্তম সন্দেহ নাই। এবার ঐ স্কুলের সাহায্যার্থ গবর্ণমেণ্ট ৩২ টাকা মঞ্জুর করিয়াছেন। বিমলা বাবু শিক্ষকদিগের যথাযোগ্যরূপ বেতনবৃদ্ধি করিয়া দিতেছেন। তিনি স্বয়ং ভদ্রকুলোদ্ভূত, বিজ্ঞ, বুদ্ধিমান, সদালাপী, প্রিয়ভাষী, সতত দেশহিতে তৎপর, সদ্ব্যয়ে মুক্তহস্ত ও কার্য্যবিষয়ে সুপক্ক। উক্ত মহাত্মা মুন্সিগঞ্জ স্কুলের উন্নতির কারণ যেমন নিজে অর্থদান করিতেছেন, তেমন অন্যান্য জমীদার ও ধনিগণের নিকট হইতে সদুপায় অবলম্বন করিয়া সাহায্যবৃদ্ধি করিতেছেন। বিমলা বাবু কেবল মুন্সীগঞ্জের হিতসাধন করিয়াই যে বিরত আছেন এমত নহে, তিনি সমীপবর্ত্তী গ্রামের উপকারার্থও সবিশেষ যত্ন পাইতেছেন। তিনি বজ্রযোগিনী স্কুলের উন্নতির জন্য এক কালে ২০০ টাকা দান করিবেন, অঙ্গীকার করিয়াছেন এবং বজ্রযোগিনী অবধি মীরকাঁদিমপর্য্যন্ত একটী পাকা শড়ক নির্ম্মাণার্থ আহ্লাদের সহিত ১০০ টাকা দানের স্বাক্ষর করিয়াছেন। তিনি এতদর্থ যে উদ্যোগ করিতেছেন, তাহাও একান্ত সন্তোষকর। তাঁহার প্রস্তাবক্রমে বজ্রযোগিনীর জমীদার শ্রীযুক্ত বাবু কালীকিশোর গুহ মহাশয় ৫০০ টাকা স্বাক্ষর করিয়াছেন। অন্যান্য ধনিগণকেও স্বাক্ষর করাইবার চেষ্টা হইতেছে।

উপসংহারকালে আমরা জমীদার বাবু কালীকিশোর গুহ মহাশয়ের সবিশেষ প্রশংসা না করিয়া বিরত হইতে পারিলাম না। তিনি স্বীয় গ্রামের হিতের নিমিত্ত অনেক চেষ্টা করিতেছেন। তিনি এক জন বিদ্যোৎসাহী ও দেশের শুভাকাঙ্ক্ষী। বজ্রযোগিনী স্কুলের ও গ্রামের উন্নতি জন্য অনেক যত্ন, মনোযোগ ও অর্থব্যয় করিতেছেন। ইতিপূর্ব্বে তিনি বজ্রযোগিনী স্কুল গৃহনির্ম্মাণোপযোগী ব্যয় দান করিয়াছেন। তাহা পূর্ব্বে পত্রিকাদিতে প্রকাশিত হইয়াছে। পরমেশ্বর তাঁহাকে দেশীয় লোকের উপকারের জন্য অত্যধিক ধন সম্পত্তির অধিকার প্রদান করিয়াছেন। তিনি সেই অর্থ সৎকার্য্যে ব্যয় করিয়া নিজে মনের সন্তোষসাধন ও দেশের অতুল আনন্দবর্দ্ধন করুন।

বিক্রমপুর, ১২৭৫ ১৬ চৈত্র। শ্রীপ্রসন্নচন্দ্র গুহ নিবাস বজ্রযোগিনী

—:০:—

খড়দহ ইংরাজী ও বঙ্গবিদ্যালয়।

গত সোমবারের পত্রিকায় প্রেরিতপ্রবন্ধে 'এক জন পাঠক' স্বাক্ষরকারী উক্ত বিদ্যালয় সম্বন্ধে যাহা কিছু লিখিয়াছেন, নিতান্ত সঙ্গত বোধ না হইলেও আমরা তাহার প্রতিবাদ করিতে নিরস্ত থাকিতে পারিলাম না। যদিও মহাকবি ভারতচন্দ্র রায়ের প্রসিদ্ধ কবিতাচরণদ্বয় ইহার প্রকৃত ঔষধ, তথাপি পথ্য প্রদান না করিলে, কেবল ঔষধে উপকার হওয়া অসম্ভব। খড়দহ যে প্রকার একটী গণ্ডগ্রাম, বোধ হয় ইহার সান্নিধ্যে কতিপয় ক্রোশপর্য্যন্ত সেপ্রকার দ্বিতীয় গ্রাম দৃষ্টিগোচর হয় না। এখানে যে একটী সাহায্যকৃত ইংরাজী বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়, ইহা স্কুল ইনস্পেক্টর উড্রো সাহেবেরই অভিমত না হউক; কিন্তু কাণ্টোনমেণ্ট মাজিষ্ট্রেট (বারাকপুর) বিচারপতি মার্কবিপ্রভৃতি সকলেরই সম্পূর্ণ ইচ্ছা। শেষোক্ত মহাত্মা ১০ দশ টাকা করিয়া মাসিক সাহায্যও করিতেছেন। আমরা এইসকল কৃতবিদ্য উদার মহোদয়দিগের বলেই বেঙ্গল গবর্ণমেণ্ট হইতে ইণ্ডিয়া গবর্ণমেণ্ট এবং তথায় প্রত্যাখ্যাত হইলেও ষ্টেটসেক্রেটারির নিকটে আবেদন করিতে প্রস্তুত হইতেছি। আমরা সাহায্যের জন্য আবেদন করিতেছি, কারণ তাহা না হইলে বিদ্যালয়টির স্থায়িত্বের বিষয় সন্দেহাত্মক হয়; কিন্তু আমাদিগের এরূপ ইচ্ছা নয় যে, কোন বিদ্যালয়ের সাহায্য বন্ধ করিয়া আমাদিগের বিদ্যালয়ে প্রদত্ত হয়। অন্ধ ভূমির উন্নতিকল্পে জ্ঞান ও ধর্ম্মের যতই বৃদ্ধি হইবে দেশহিতৈষিগণের মনে ততই সন্তোষের উদ্রেক হইবে, সন্দেহ নাই। উড্রো সাহেব যে কারণ দর্শাইয়া এখানে সাহায্যদানে গবর্ণমেণ্টের অনভিমত প্রকাশ করেন এবং এক জন পাঠক তিনি যিনিই হউন, যে কারণ অবলম্বন করিয়া কয়েকটি অসঙ্গত প্রলাপ বাক্য প্রয়োগ করিয়াছেন, তাহা যে নিতান্ত অকিঞ্চিৎকর এবং অর্থশূন্য তাহা উত্তরসাপেক্ষ নহে। সোদপুরে বিদ্যালয় আছে বলিয়া কি খড়দহে বিদ্যালয় হইতে পারে না? হাবড়ার গবর্ণমেণ্ট বিদ্যালয় সত্ত্বে শিবপুরে সাহায্যকৃত বিদ্যালয়ের প্রয়োজন কি? কলিকাতা ও ভবানীপুরে বিদ্যালয়ের সংখ্যা অল্প নয়; তবে তথায় স্থানে স্থানে সাহায্যকৃত বিদ্যালয়ের আবশ্যকতা কি? লোকসংখ্যার উপরে বিদ্যালয়স্থাপন নি করে, তাহা হইলে খড়দহে বিদ্যালয় উচিত সন্দেহ নাই। খড়দহে ন্যূনাধিক ২ সহস্র লোকের বসতি আছে। যদি পঞ্চাশঘর মাত্র বসতি অবলম্বন করিয়া সোদ একটী বিদ্যালয় হয়, সেই পরিমাণে খড়দহে গুলি বিদ্যালয় হওয়া উচিত? পূর্ব্ববাঙ্গালা ওয়ে ষ্টেসন না হইলে পাঠকবর্গ জানিতে তেন না যে বঙ্গদেশের কোন স্থানে সো নামে একটি গ্রাম আছে। এখনও অনেকে দহের নিকট সোদপুর বলিয়া পরিচয় দিয়া থা এখানকার প্রসিদ্ধ গোস্বামী মহাশয়ের বিখ্যাত, কিন্তু তাঁহারাই আবার অজ্ঞান তজ্জন্যই এখানে একটি বিদ্যালয় স্থাপন ক বঙ্গহিতৈষীরা এত প্রয়াস পাইতেছেন। পেট্রিয়ট ডেলীনিউস বাঙ্গালী প্রভাকর প্রকাশ সোমপ্রকাশপ্রভৃতি কেহই বিদ টির জন্য যত্ন করিতে ত্রুটি করিতেছেন ধন ও মানাভিমানী গোস্বামী মহাশয়ে আপনাদিগের তনয়গণকে দুই ক্রোশ পথ গমন করিয়া বিদ্যাশিক্ষার্থে নিয়োজিত বেন, তাহা পত্রপ্রেরক মহাশয়ের তুল্যবা ব্যক্তিরাই বুঝিতে পারিবেন না; কিন্ত কাহারও অবিদিত থাকা সম্ভাবিত নয়। পুর, খড়দহ হইতে প্রায় দুই ক্রোশ প হইবে, সুকুমারশরীর অষ্টমবর্ষীয় বালকে প্রতিদিন দুই ক্রোশ দুই ক্রোশ চারি ক্রো গমনাগমন করিয়া অধ্যয়ন করিবে ইহা লেও নির্দ্দয় হইতে হয়।

উপসংহারকালে, পত্রপ্রেরকের প্রতি একটী কথা না বলিয়া থাকিতে পারিলাম তিনি খড়দহে বিদ্যালয়প্রতিষ্ঠার বি হইতে চাহেন, ক্ষতি নাই; কিন্তু আমরা য কাহার অনিষ্ট হয়, আপনাদিগকে ক্ষ হইতে হইলেও কখন তাহা করিতে চাহি

কিমধিকমিতি।

কলিকাতা ৪ ঠা জুন ১৮৬৮। শ্রীঃ—

—:০:—

সবিনয় নিবেদনমিদং।

মহাশয়। গত ১ জুন সোমবার ক বিদ্যালয়ে এক সভা হইয়া গিয়াছে। পীড়াপ্রযুক্ত যাইতে পারি নাই। শুনি সভায় এদেশীয় কয়েক জন রাজা ও

র কর্ম্মচারী ও অন্যান্য বহুবিধ মহৎ মহৎ
ক্তির আগমন হইয়াছিল। কাথিস্থ ডিপুটী
ষ্টেট শ্রীযুক্ত এ, র'টে্র মহোদয়ের বাসভ
ন ঐ সভার অধিবেশন হয়। রাটে্র মহোদয়
ভাপতির আসনপরিগ্রহ করেন। ঐ বিদ্যালয়
কধারা নির্ম্মিত হয়, সভার এই উদ্দেশ্য।
নিলাম চাঁদার পুস্তকে ত্রি সহস্র মুদ্রা স্বাক্ষ
ত হইয়াছে। রাজগণের মধ্যে বাসুদেবপুরস্থ
ভিনব রাজা শ্রীযুক্ত গজেন্দ্র নারায়ণ রায় মহা
অগ্রেই পাঁচশত মুদ্রা স্বাক্ষর করিয়া স্বীয় বদা
তার পরিচয় দিয়াছেন। না হইবে কেন ? ইনি
দিন কলিকাতা মহানগরে বাস করিয়া শিক্ষা
প্ত হইয়াছেন। ইনি যে মহৎ কার্য্যে অগ্রসর
মুক্তহস্ত হইবেন, আশ্চর্য্যের বিষয় নহে।
নি অল্পদিনমাত্র বয়ঃপ্রাপ্ত হইয়াছেন, ইতি
ধ্য নিজ ব্যয়ে একটী চিকিৎসালয় স্থাপন করি
ছেন। এমন কি, অতি দীন ব্যক্তিকে পীড়া
স্ত শুনিলে চিকিৎসকসহ তাহার বাটীতে গিয়া
ষধ পথ্যের ব্যবস্থা করেন। নিজগ্রামেও
য়োজী বিদ্যালয় স্থাপন করিবার উদ্‌যোগী
ইয়াছেন। অন্যান্য জমিদারগণেরও এদৃষ্টান্তের
নুসরণ করা কর্ত্তব্য। সভাপতি মহাশয় অগণ্য
্যবাদের পাত্র। ইনি তিন বৎসরের অধিক
স্থানে আছেন। ইহাঁর প্রশংসাভিন্ন অপ্রশংসা
নিতে পাওয়া যায় না। ইনি অতি সৎস্বভাব
ষ্ট ভাষী। ইনি কায়মনোবাক্যে কাঁথির মঙ্গল
াধন করিয়া থাকেন। মধ্যে ইহাঁর পরিবর্ত্তনের
ৎবাদ পাইয়া কাথির সমুদায় লোক অতিশয়
ঃখিত হইয়াছিলেন। এক্ষণে দয়ালু গবর্ণমেণ্টের
নিকট প্রার্থনা করি যে আর কিছু দিন ইহাঁকে
খানে রাখিয়া কাথির অবশিষ্ট দুরবস্থা
পনীত করুন।

১৮৬৮
৪ জুন
} কাঁথিপ্রদেশস্থ
এক জন পাঠক

—:০:—

মহাশয়! মধ্যে মধ্যে আমি আপনার ভারত
বিখ্যাত সংবাদ পত্র পাঠ করিয়া থাকি।
আমি যত বার আপনার সংবাদপত্র পাঠ
করি, তত বারই অস্মদ্দেশের কোন না কোন
প্রশংসা দর্শন করিয়া অপার আনন্দ অনুভব
করিয়া থাকি। কিন্তু গ্রামটী অদ্যাপি প্রকৃত
প্রশংসাভাজন হইয়া উঠে নাই। এই গ্রামে
অনেকগুলি ভদ্রসন্তান ও কতিপয় বিদ্বান বাস
করিয়া থাকেন। তাঁহাদের পরিশ্রমগুণে এই
গ্রামে ইংরাজি স্কুল বাঙ্গালা স্কুল পোষ্ট বক্স
ও গবর্ণমেণ্ট সাহায্যকৃত ডাক্তরখানা প্রভৃতি
হইয়াছে সত্য, কিন্তু স্ত্রীশিক্ষা বিষয়ে তাঁহাদিগের
অণুমাত্র যত্ন দেখা যাইতেছে না। যদি একটী
স্ত্রী বিদ্যালয় স্থাপিত হয় তাহা হইলে অনেক
স্ত্রীলোকের যথেষ্ট উপকার হইতে পারে। আমরা
স্ত্রীজাতি স্বভাবতঃ লজ্জাশীলা ও ভীরুস্বভাবা
কি প্রকারে উহা সম্পন্ন করিতে সমর্থ হইব।
বিলাতি স্ত্রীলোক হইলেও বরং কিয়ৎপরিমাণে
সাহসী হইতাম।

আজি কালি ভদ্রসমাজে স্ত্রীশিক্ষা অতিশয়
আদরণীয় হইয়া উঠিয়াছে। শিক্ষাসংক্রান্ত
বিষয়ের মধ্যে এটী একটী প্রধান। আমার
নিতান্ত ইচ্ছা যে স্ত্রীগণের বিদ্যাশিক্ষাজন্য
এই গ্রামে একটী বালিকাবিদ্যালয় শীঘ্র স্থাপিত
হয়। আমি নিশ্চয় জানিতেছি, এই গ্রামের অধি
কাংশ বালিকারই বিদ্যাশিক্ষার নিমিত্ত সবিশেষ
আগ্রহ আছে। এই জন্য গ্রামস্থ সমুদায় ভদ্র
লোক ও গবর্ণমেণ্টের নিকট আমরা বিনয়পুরঃসর
এই ভিক্ষা করিতেছি যে তাঁহারা দয়াবান
হইয়া শীঘ্র এই শুভকর্ম্ম সম্পাদন করিতে যত্ন
বান হন। এই কর্ম্ম সম্পন্ন হইলে উভয় পক্ষেরই
লাভ, কাহার ক্ষতি হইবে না। কারণ স্ত্রীলো
কেরা শিক্ষিত হইলে দেশের কুরীতি পরিত্যাগ
করিয়া সদাচার ও সৎপথ অবলম্বন করিবে,
তাহাতে রাজ্যেরও উন্নতি হইবে।

ইলছোবা দক্ষিণ পাড়া
২৩শে বৈশাখ
সন ১২৭৪
} জনৈক
অল্পবয়স্ক
বিধবা

—০—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু ভবানীচরণ মুখোপাধ্যায় ডিহিরি

১৮৬৮	জুন হইতে	আগষ্ট	৩৸০
”	” বদনচন্দ্র শেঠ	কলিকাতা	১৲
”	” কৃষ্ণকিশোর নিয়োগী	বাগবাজার	
১২৭৫	বৈশাখ হইতে	কার্ত্তিক	৫॥
”	” বিপিনবিহারী ভাদুড়ী	ক্লাই রো	
১২৭৫	বৈশাখ হইতে	কার্ত্তিক	৫॥
”	” পুলিনবিহারী সেন	বহরমপুর	
১২৭৫	বৈশাখ হইতে	৭৬ বৈশাখ	১৩
”	জেমস লায়েল কোং	বহরমপুর	
১৮৬৮	জুন হইতে	৬৯ মে	১৩
”	” রসিকলাল রায়	নলহাটী	
১২৭৫	আষাঢ় হইতে	ভাদ্র	৩৸০
”	” প্রফুল্লচন্দ্র ভট্টাচার্য্য	সরদা	
১৮৬৮	জুন হইতে	৬৯ মে	১৩
”	রেবরেণ্ড লং সাহেব	চৌরঙ্গি রোড	
১৮৬৮	মে হইতে	৬৯ এপ্রেল	১৲
”	বিশ্বনাথ সিংহ		ঁাহুড়া
১২৭৫	আষাঢ় হইতে	৭৬ বৈশাখ	১৩
”	কালিদাস মুখোপাধ্যায়	সাজিহানপুর	
২৮৫৮	মার্চ হইতে	৬৯ ফেব্রুয়ারি	১৩

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে মফস্বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা, এবং ষাণ্মাসিক ৫॥০ টাকা; মফস্বলে ডাকমাসুল সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং ত্রৈমাসিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম মূল্য গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, মণি অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার অন্যতম যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই উপায় দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, তাঁহারা যেন এক অথবা আধ আনার অধিক মূল্যের ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রকাশের মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি করিয়া শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে পাঠাইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত হইয়া আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে চিঠি লিখিয়া জানান যাইবে, কাল অতীত হইয়া গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহার পর একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ করা যাইবে। শেষ বারের পত্র রেয়ারিং পাঠান হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ডাক ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ করেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ করা যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ইচ্ছা করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি ৵০ আনা তাহার পর ৵১০ আনা দিতে হইবে। যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা করেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে।

এই পত্র কলিকাতার দক্ষিণ পু
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের দক্ষি
চাঁদড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ
ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃকা
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১০ ম ভাগ। — ১৬৪ — ৩৩ সংখ্যা।

" প্রবক্তনাং প্রক্রনিদ্বিনায় পার্থিবঃ সুরস্বতী শ্রুতিমতী ন ছীয়তাং।

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ন ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা।

সন ১২৭৫। ১০ ই আষাঢ়। ১৮৬৮। ২২ এ জুন { মফস্বলে মাশুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

দাসকোম্পানির বহুবাজার প্রেস।

৪৫ নং মদনবড়ালের লেন,
ওয়েলিংটন ষ্ট্রীট।

সম্প্রতি উক্ত দাসকোম্পানি একটী মুদ্রাযন্ত্র-
সংস্থাপন করিয়াছেন। পুস্তক, সংবাদপত্র,
রসীদ, চিঠী, চেক, টেবিলপ্রভৃতি সকলপ্র
কার্য্য, বাজারের নির্দ্দিষ্ট মূল্য অপেক্ষা সু
মূল্যে, স্বল্প সময়মধ্যে ও সুচারুরূপে নিষ্পন্ন
তে প্রস্তুত আছেন। অপর উক্ত কোম্পানি
শা ধনের ভারগ্রহণ করিবেন। শ্রীরাম
র প্রসিদ্ধ রামচন্দ্র কর্ম্মকারের বাঙ্গালা নানা
নূতন অক্ষর ও বিলাতি নানাবিধ ইংরাজী
অক্ষর এবং যন্ত্রালয়ের আবশ্যক সমস্ত
ম সংগ্রহ করিয়াছেন। এক্ষণে সাধারণের
হ ও অনুগ্রহ প্রার্থনা করেন।

লিকাতা
ই আষাঢ়
২৭৫ } শ্রীঅম্বিকাচরণ দাস।
যন্ত্রাধ্যক্ষ।

সহস্রমুদ্রা পারিতোষিক।

তদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই-
যে গত ২রা চৈত্র আমার ভবনের সম্ম
গবর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয়গৃহের
র উপর বেলুড় গ্রামবাসী অন্যূন ষষ্টিবর্ষীয়
ন্ত নরসুন্দরনামক জনৈক পথিকের যে
ক হত্যাকাণ্ড হইয়া গিয়াছে, আজি অবধি
সের মধ্যে যে ব্যক্তি তাহার হননকারীর
ন্ধান করিয়া দিতে পারিবেন, তাঁহাকে
মুদ্রা পারিতোষিক প্রদান করা যাইবে।
সের পর এক বৎসরকালমধ্যে অনুসন্ধান
সংবাদদাতাকে ৫০৲ পাঁচ শত মুদ্রা
করা হইবে। অতিগুরু আক্ষেপের বিষয়
উল্লিখিত দিবস অবধি গবর্ণমেণ্ট পক্ষ
হইতে এবং স্বপক্ষ হইতে নানাবিধ অনুসন্ধান
করা হইতেছে, কিন্তু কোনক্রমে কৃতকার্য্য
হইতে পারা যাইতেছে না।

পাকোড় রাজধানী
১৮৬৮ সাল
১২ ই জুন } শ্রীগোপীলাল পাঁড়ে।

ইংরাজী স্বরলিপিপদ্ধতি

যদি কেহ আমার অনুমতি ভিন্ন এই গ্রন্থ
সম্পূর্ণ অথবা ইহার কিয়দংশও মুদ্রিত করিয়া
প্রচারিত করেন, তাহা হইলে তিনি আইন অনু
সারে দণ্ডনীয় হইবেন।

আরও সাধারণকে জ্ঞাত করিতেছি যে এই
গ্রন্থ অতি সরল ভাষায় ও সুপ্রণালীতে প্রণয়ন
করা হইয়াছে, এতদ্বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিরাও
ইহা মনোযোগপূর্ব্বক দেখিলে অনায়াসেই
বুঝিতে পারিবেন সন্দেহ নাই। অতএব এই
পুস্তক যাঁহার প্রয়োজন হইবে, তিনি কলিকাতা
মুজাপুর প্রাকৃত যন্ত্রে অথবা আমার নিকট
১ এক টাকা মূল্য প্রেরণ করিলেই প্রাপ্ত হইতে
পারিবেন।

পাথুরিয়াঘাটা।
বঙ্গবিদ্যালয়
২০ জ্যৈষ্ঠ } শ্রীকালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়

-০৩৫-

বঙ্গদেশের অন্তর্গত ফোর্ট উইলিয়মের প্রধা
নতম বিচারালয়ের আদিম দেওয়ানী বিভাগের
১৮৬৮ অব্দের ৩৩৯ নং যে মকদ্দমায় হেনরি-
য়েটা কেনি বাদিনী ও বঙ্গদেশের প্রতিনিধি
অ্যাডমিনিষ্টেটর প্রতিবাদী উক্ত মকদ্দমায় ১৮৬৮
অব্দের ২১ এ মে যে আজ্ঞা হইয়াছে, তদনু-
সারে প্রকাশ করা যাইতেছে, জেলা নদীয়ার
অন্তর্গত সালগড়্যুদিয়ার টমাস, আর্ উইন,
কেনি সাহেব যিনি ১৮৬৮ অব্দের ১৬ ই এপ্রেল
কলিকাতায় প্রাণত্যাগ করিয়াছেন, যে যে
ব্যক্তি উক্ত কেনি সাহেবকে কর্জ্জ দিয়া
তাঁহাদিগকে জানান যাইতেছে, আগামী
সেপ্টেম্বর অথবা তৎপূর্ব্বে বঙ্গদেশের অ
ফোর্ট উইলিয়মের উক্ত প্রধানতম বিচারা
অনন্তর বিচারপতি নর্ম্মাণের নিকটে উ
হইয়া আপন আপন দাওয়া সপ্রমাণ করুন
সকল দাওয়া শ্রবণ করিবার নিমিত্ত
অব্দের ১২ ই সেপ্টেম্বর শনিবার বেলা ১১
কার সময়ে টাউনহালে বিচারপতি আসন
করিবেন। যাঁহারা উক্ত সময়ের মধ্যে অ
আপন দাওয়া সপ্রমাণ করিতে না পারি
তাঁহাদিগকে জানান যাইতেছে, তাঁহাদি
দাওয়া আর কস্মিন্ কালে শ্রবণ
যাইবে না।

ওয়াটকিন্সন, ষ্টোকো
এবং কোম্পানি
বাদিনীর আটর্ণীগণ
প্রধানতম বিচারালয়ের
আদিম দেওয়ানী বিভা
গের রেজিষ্টার আফিস
১৮৬৮। ৯ ই জুন } আর, বে
রেজিষ্টার

—:০:—

গ্রাহকগণের প্রয়োজনহেতু নিম্নলি
সংস্কৃত পুস্তকত্রয়ের কিয়দংশ প্রকাশিত
গ্রাহকগণ পূর্ব্ব তদ্ব্যতীত নিম্ননির্দ্দিষ্ট স
মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন। বিদে
প্রেরণের স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

মল্লিনাথের টীকা সহিত।

শিশুপাল বধ (মাঘকৃত) মূল্য
রঘুবংশ (কালিদাসকৃত) " ৫॥
কিরাতার্জ্জুনীয় (ভারবিকৃত) ৩।

বিদ্যার্থিগণের ক্রয়সুবিধার্থ নিম্নলি
কতকগুলিন সংস্কৃত পুস্তক দেবনাগরাক্ষ
সটীক মুদ্রণারম্ভ হইবেক। প্রকাশের পূর্ব্বে গ্রা
ভুক্ত হইলে গীতা বার পৃষ্ঠা অপর প্রতি
পৃষ্ঠা তিন পয়সার হিসাবে খণ্ডে বা সম্পূর্ণ যে

শিত হইবেক উক্ত নিয়মে মূল্য প্রদান লে পুস্তক প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের ডাক মাশুল লাগিবেক।

ঋতুসংহার। মেঘদূত। শকুন্তলা। নলোদয়। বিকাগ্নিমিত্র। বিক্রমোর্ব্বশী। মুদ্রারাক্ষস। লী। মালতীমাধব। সাংখ্যতত্ত্বকৌমুদী াংখ্যকারিকা। মহাবীরচরিত। উত্তররাম- । মুগ্ধবোধ। দশকুমারচরিতের উত্তরার্দ্ধ। নি; বসন্ততিলকভাণ। অমরকোষ। শাঙ্কর , আনন্দগিরি, শ্রীধরস্বামী ও মধুসূদন ীয় টীকাসহিত শ্রীমদ্ভাগবত। মহাভারত। পুরাণ। কাদম্বরী। ভট্টিকাব্য। নাগানন্দ। প্রকাশ। চণ্ডক। মার্কণ্ডেয় চণ্ডী।

কলিকাতা সংবাদ যন্ত্র কর যন্ত্র নিমতলা ৩২ সংখ্যক ভবন। } শ্রীভুবনচন্দ্র বসাক

—:০:—

বিক্রয়ার্থ।

বারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং ড়া বাগান।

ভাড়া দেওয়ার নিমিত্ত।

বারডেন রীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয় তে অথবা ভাড়া লইতে ইচ্ছা করেন, নিম্ন রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো- থনট এবং কোং

—:০:—

পুরাণপ্রকাশ।

কলিকাতা মৃজাপুর আমহার্ষ্টের দক্ষিণ প্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনামক সাম পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড করিয়া শ হইতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের াণ ৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রমশঃ অষ্টা পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসমেত করিবার কল্পনা আছে। প্রথমতঃ বিষ্ণু- অনুবাদ ও শ্রীধরগোস্বামিকৃত টীকা সমেত হইতেছে। ১ লা বৈশাখ বিতরণ হইয়াছে। যিনি ইহার গ্রাহক হইতে অভি হন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে নিকট পত্র ডাকমাশুল প্রতিখণ্ডের অগ্রিম ॥০ আট আনা করিয়া পাঠাইবেন। রা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহা নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ এক টাকা বিক্রয় করা যাইবে।

১৫ ই চৈত্র ১২৭৪। } শ্রীজগন্মোহন শর্ম্মা।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধা- কান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া সুতন বাঁধান মূল্য ২৫০ টাকা। তত্ত্ব- বোধিনী পত্রিকা—প্রথম কল্প, মূল্য ৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্র বেদান্ত বাগীশ।

—:০:—

রাণীগঞ্জ পটারি কোং লিমিটেড:

মেজিয়া করিবার সুচিক্কণ টাইল।

ঐ কোম্পানির মিসনরোস্থিত ৪ নং আফিসে উহার নমুনা দেখিতে পাওয়া যায় এবং যদি কাহার প্রয়োজন হয়, ঐ আফিসে অনুমতিপত্র পাঠাইয়া দিবেন।

—:০:—

সংস্কৃত মেদিনীকোষ হরূহ শব্দের টীকা- সমেত উত্তম নাগরাক্ষরে যত্নপূর্ব্বক মুদ্রিত হই তেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, তিনি ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত বাবু সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪ সংস্কৃত বিদ্যালয়। } শ্রীজগন্মোহন শর্ম্মা।

—:০:—

অভিধান।

শব্দাম্বুধি	২॥০
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দসিন্ধু	২
শব্দার্থমুক্তাবলী	৭
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	৩
প্রকৃতিবাদ	৫

সংস্কৃত পুস্তক

রঘুবংশ সটীক	৮
উত্তর নৈষধচরিত	৸০
ভট্টিকাব্য	৪০
অষ্টাবিংশতি তত্ত্ব	৩৫
দশরূপক	১৸৵

কলিকাতা কর্ণওয়ালিস ষ্ট্রিট ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায় পুস্তকবিক্রেতা।

—০—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা- বিধ দ্রব্যাদি পাওয়া যায়। মফস্বলে ঘড়ী অঙ্গু ইত্যাদি পাঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে আনার হিসাবে কমিসন দি। যদি কেহ অধি টাকার দ্রব্যাদি লন পাইকেড়ী দরে পাইবেন

	টাকা
শব্দসন্দর্ভসিন্ধু প্রথম খণ্ড	
ঐ দ্বিতীয় খণ্ড	০০
শ্রীমদ্ভগবদ্গীতা টীকা ও বাঙ্গালা সম্বলিত	২॥
শব্দসিন্ধু	
শব্দাবলী	
শব্দার্থপ্রকাশিকা	
শব্দার্থবরমালা	
শব্দার্থপ্রচারিকা	
প্রকৃতিবাদ	
অষ্টাবিংশতিতত্ত্ব	
অন্নদামঙ্গল বিদ্যাসুন্দরপ্রভৃতি টীকা টীপ্পনী ও ১৮ খানি প্রতিমূর্ত্তি সহিত	
বাষ্পীয় কল ও ভারতবর্ষের রেলওয়ে	
ইলেক্‌ট্রিক টেলিগ্রাফ	
নলচরিত কাব্য	
পঞ্চদশী	
বেদান্তদর্শন	
অধিকরণমালা	
হরিভক্তিবিলাস	
পদকল্পতরু	
মেটরিয়া মেডিকা	
ইংলণ্ডীয় ঔষধকল্পাবলী	
আয়ুর্ব্বেদদর্পণ	
ফৌজদারি গাইড	
নিদানার্থচন্দ্রিকা	
সটীক নিদান	
নিদান	
মালতীমাধব	
পঞ্জাব ইতিহাস	
চীনের ইতিহাস	
হুতম পেঁচার নক্সা (১।২)	
সম্বন্ধসমাধি নাটক	
বেশ্যাসক্তিনিবর্ত্তক নাটক	
মনোবৃত্তি বিধায়ক	
কীচকবধ নাটক	
ইংরাজী বাঙ্গালা ডিক্সনারি	

কলিকাতা জোড়াসাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটে

। রাঢ়ুয্যে ব্রাদার কোম্পানির দোকানে মৎ
ত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
য় হইতেছে:—

প্রণীত	মূল্য
ইতিহাস	১ টাকা
ইতিহাস	১ ৯
সার ব্যাকরণ	।০
সার (১ ম ভাগ)	৶
সার (২ য় ভাগ)	৶
রিত।	
বোধ ব্যাকরণ	৸

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—:০:—

বাঁড় যেং ব্রাদার্শ কোম্পানির ১৮৭৯ সালের
ান্স কোর্সের কী অর্থাৎ অর্থ পুস্তক প্রস্তুত
াছে। যাঁহারা লইবার ইচ্ছা করেন, কলি
া কালেজ ষ্ট্রীট ৮৬নং ভবনে উক্ত কোম্পা
নিকটে, অথবা অন্যান্য পুস্তক বিক্রেতার
ও অনুসন্ধান করিলে পাইতে পারিবেন।

সোমপ্রকাশ।

১০ ই আষাঢ় সোমবার।

আমরা অনুরুদ্ধ হইয়া সকলকে
রোধ করিতেছি, তাঁহারা দ্বিতীয়
াপনটীর প্রতি বিশেষরূপে দৃষ্টি-
া করেন। হত্যাকারীর অনুসন্ধান
য়া দিতে পারিলে কেবল যে পারি
বিক লাভ হইবে এরূপ নয়, দুষ্টের
বিষয়ে ভদ্রলোকমাত্রেরই যে সা
করা কর্ত্তব্য, সেই কর্ত্তব্যের অনু
হইবে।

—:০:—

প্রায় এক পক্ষ কাল অনবরত বৃষ্টি
াতে জেলা ২৪ পরগণার দক্ষিণ
শের যেপ্রকার দুরবস্থা ঘটিয়াছে,
াদিগের এক পরিচিত প্রামাণিক
ক তদ্বৃত্তান্ত লিখিয়া পাঠাইয়াছেন,
এই স্থলেই গৃহীত হইল।

হাশয়! গত ২৪এ জ্যৈষ্ঠ শুক্রবার
প্রবলবেগে বাত্যা ও বৃষ্টি হইয়া এ
শ একবারে ছারখার হইবার উপক্রম
ছে। এমন কি যদি আর দুই তিন দিবস
এইরূপ থাকে তাহা হইলে যে কতদূর দুর
বস্থা হইবে তাহা মনে উদয় হইলে স্বৎকম্প
হয়। যেরূপ বৃষ্টি ও ঝটিকা হইতেছে এরূপ
কহ কখন দেখেন নাই। কিয়দ্দিনমধ্যে গ্রামস্থ
পুষ্করিণী প্রভৃতি সমুদায় জলে
পরিপূর্ণ হইয়া গিয়াছে। রাজপথের উপরেও
কোন কোন স্থানে এক হাত ও কোন কোন
স্থানে বা ১৷৷০ দেঁড় হাত পর্য্যন্ত জল দাঁড়াই
য়াছে। পল্লীগ্রামস্থ পথে গমনাগমনের পক্ষে
যে কত দূর কষ্ট হইয়াছে, তাহা লিখিয়া শেষ
করা যায় না। কুটীর ও মৃত্তিকানির্ম্মিত প্রাচী
রসকল অধিকাংশই ভূমিসাৎ হইয়া গিয়াছে।
আমুদিয়া হইতে কুকগঞ্জ ৩৮ মাইল	৪	০
কুকগঞ্জ হইতে হুগলি নদীপর্য্যন্ত ৩৪ মাইল	৫	৭
ভাগীরথী।		
মহানার উপর পদ্মানদীতে	২১	৬
মহানা	১৩	৩
তথা হইতে জিয়াগঞ্জ	৭	০
জিয়াগঞ্জ হইতে কাটোয়া ৬০ মাইল	৮	৩
কাটোয়া হইতে নদীয়া ৪৬ মাইল	৮	৯
জলঙ্গী নদী		
মহানা		
তথা হইতে করিমপুর ১৯ মাইল	২	৩
করিমপুর হইতে টিয়াকাটা ৩৭ মাইল	৩	০
টিয়াকাটা হইতে নদীয়া ৬০ মাইল	৩	৪

নদীর মহানা গত ২৬ এ জুন তারিখে ...লিয়াছে।

জলঙ্গির মহানার উত্তরে গিয়াসমারির মহানা গত ২৩ এ জুন তারিখে খুলিয়াছে।

সন ১৮৬৮ জুলাই মাসের ৫ তারিখে বহরমপুর গঙ্গা ঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
	১১	৯

বহরমপুর
৩রা জুলাই
১৮৬৮ } শ্রীযুক্ত টি. ফেন উইকফ্‌ল্‌সি, ই
একজিকিউটিব ইঞ্জিনিয়র
বহরমপুর ডিবিজন।

সোমপ্রকাশ।

৩১ এ আষাঢ় সোমবার।

ডাকসম্বন্ধে অনেক বিশৃঙ্খলা আছে। একমাত্র ডাক কর্ম্মচারীদিগের দোষই যে তাহার কারণ তাহা নহে। যাঁহারা পত্রাদি প্রেরণ করেন, তাঁহাদিগের অনভিজ্ঞতা ও অবিমৃষ্যকারিতাও উহার অন্যতর কারণ। বোম্বাইয়ের পোষ্ট মাষ্টার জেনরল পত্রপ্রেরণের রীতি পদ্ধতির শিক্ষাদানার্থ যে একটী আজ্ঞা প্রচার করিয়াছেন, আমরা তাহা এই স্থলে উদ্ধৃত করিয়া দিলাম, অভিনিবেশ পূর্ব্বক পাঠ করিলে অনেকে পত্র প্রেরণের ভদ্র রীতি শিক্ষা করিতে পারিবেন। এই স্থলে আমরাও পত্রপ্রেরকদিগকে দুটি বিষয়ে সতর্ক করিয়া দিতেছি। অনেকে পত্রে যথোচিত মূল্যের ষ্টাম্প টিকিট দেন না, তাহাতে কেবল যে তাঁহাদিগের প্রদত্ত টিকিটের মূল্য অনর্থক যায় এরূপ নয়, যাঁহারা ভদ্রতা বা অন্য বিধ কারণে সেই পত্র গ্রহণ করেন, তাঁহাদিগকে ক্ষতিগ্রস্ত হইতে হয়। দ্বিতীয় এক এক জন এরূপ পত্র আটিয়া দেন, তাহা যে আর এক জনকে খুলিতে হইবে, তৎকালে তাঁহাদিগের সে কথা মনে থাকে না।

পোষ্ট আফিস কর্ম্মচারিগণ

সমীপে নিবেদন

এই যে।

১। চিঠির উপরে দেশীয় ভাষায় অনাব...শ্যক অনেক মোকাম থাকাতে পোষ্ট আ... সের বিলক্ষণ কার্য্যের ক্ষতি হয়।

২। অসম্বদ্ধ কথার প্রয়োগ থাকাতে এক এক লাইনে ব্যক্তির নাম, ধাম; উপা... বা ব্যবসায় না লেখা থাকাতে এক এক চিঠির মোকাম নিশ্চয় করিতে অনেক বিল... ও অনর্থক কষ্ট হয় এবং মোকাম অক্লে... বোধগম্য না হওয়াতে কাজে কাজে ডে... লেটার আফিসে এমত অনেক চিঠি পা... ইয়া দেওয়া হয়, যাহাদের উপরিস্থ... ইংরেজি ধরণে নাম, ধাম, লিখিত থাকি... অনায়াসে উদ্দিষ্ট ব্যক্তির নিকটে পৌঁছি... পারে।

৩। অতএব তাঁহারা শ্রম স্বীকার পূ... দেশীয় লোকদিগকে নিম্নলিখিত অনুবি... কারণ জ্ঞাত করিবেন ও তাঁহারা আলি... পদ্ধতির উপর হস্তার্পণ না করিয়া তাঁহা... চিঠি নির্দ্দিষ্ট স্থানে নিঃসংশয় পৌঁছে... য়াই যে আমাদের অভিপ্রায় তাহা স্বরূপ... করিয়া দিবেন।

৪। আমি এই বিষয়ে ডাইরেক্টর পবলিক ইনষ্ট্রাকসনকে লিখিয়াছিলাম। বি... বোম্বে প্রেসিডেন্সিস্থ ভারনাকিউলর বি... লয়সমূহে প্রচার করিবার মানসে অনু... পূর্ব্বক এক মেমরেণ্ডম (নং ৩৭৩৪ তা... ২১ এ মার্চ্চ ১৮৬৮ খৃষ্টাব্দ অনুবাদ ই... সঙ্গে আছে) লিখিয়াছেন। তাহা প... করিলেই নব্য সম্প্রদায়ীরা দেশীয় ভা... লিপির উপরে যথানিয়মে নাম, ধ... লিখিবেন। ৫। যাহা হউক, আমাদের পর্য্যন্ত করিয়াই ক্ষান্ত হওয়া উচিত বি... করি না, আমি আন্তরিক বাঞ্ছা করি... মহোদয় সর এ গ্রাণ্টের মেমরেণ্ডমের... গত সহজ সহজ নিয়মগুলি আধুনিক ... দেশীয় পত্রলেখক সর্ব্বসাধারণকে বি... করা হয় এবং এই লক্ষ্য রাখিয়া প্র... পোষ্ট মাষ্টার ও প্রত্যেক ডেপুটী ... মাষ্টার আপনার সুযোগ ও অবকাশ বু... ঐসকল নিয়ম প্রচার করিতে সাধ্যানু... চেষ্টা করুন। আর এই স্থলে আমি প্র... কালেক্টর ও ডেপুটি কমিসনরকে পূর্ব্ব... গ্রাফের মর্ম্মে প্রতি দৃষ্টি রাখিয়া এই ...

কুলা প্রদানে বাধিত করিতে অনুরোধ
রিছি।

। বিনা না হইয়া বোম্বে ডেড লেটর
সে যে কল দেশীয় ভাষায় নাম ধাম,
চিঠি দাখিল হয় তাহার সংখ্যা শত
ড় অল্প নহে। কিন্তু আমি নিশ্চয় বাধ
তি যে, অভিলষিত রীতির অনুষ্ঠান
লই এই অনিষ্টের অনেক নিবারণ হইতে
বেক।

এফ, আর, হগ (স্বাক্ষরিত)।
আকিসয়েটিং পোষ্ট মাষ্টার জেনারল।
ম্বাই পোষ্ট মাষ্টার জেনেরেলের ক্যাম্প
প ৩ এপ্রেল সন ১৮৬৮ খৃষ্টাব্দ।

মেমরেণ্ডম নং ৩৭৩৪

পুনা আফিস ডাইরেক্টর অব পবলিক
ক্সন, তারিখ ২১ এ মার্চ্চ সন ১৮৬৮
দ। ইংরেজী রীতি অনুসারে চলিত
য় ভাষায় চিঠির উপরে নাম, ধাম,
গবর্ণমেণ্ট ও গবর্ণমেণ্ট সাহায্যসাপেক্ষ
নাকি লার স্কুলের ৩য় হেড ৩২ ষ্টা
অন্তর্গত করিয়া অতঃপর বিবেচনা করা
ব।

হাতে নিম্নলিখিত নিয়মানুযায়ী চলিতে
ব।

১। নাম, ধাম, ইত্যাদি পৃথক পৃথক
নে লিখিতে হইবে।

২। যে ব্যক্তিকে পত্র প্রেরণ করা হইবে
তাহার নাম ও উপাধি থাকিলে উপাধি
। লাইনে লিখিতে হইবে। যথা

রাও সাহেব রামচন্দ্র নারায়ণ পাদকি

৩। সর্ব্বশেষের লাইনে কেবল জেলার
। যে শহরে চিঠি বিলি করিতে হইবে
নে পোষ্ট আফিস থাকিলে সেই শহ
নাম লিখিতে হইবে। যথ

জেলা সাতারা।

অথবা বেলগাম।

৪। যে লাইনের পূর্ব্ব লাইনে শহরের
ৎশ বিলি করিতে হইবে, তাহার শেষ
তে হইবে যথা অপলওয়ার পেণ
অথবা তালুকের নাম দিতে হইবে, যথা
য়েলি তালুক।

৫। তাহার পূর্ব্ববর্ত্তী লাইনে রাস্তার নাম ও বাটীর নং থাকিবে, যথা ৫ লোহার-চাল অথবা গ্রামের নাম থাকিবেক, যথা সিম্পল গাঁ।

৬। মোকামের দ্বিতীয় লাইনে, যে আফিসে কর্ম্ম করা হয়, তাহা অথবা উদ্দেশ্য ব্যক্তির ব্যবসায় লিখিত থাকিবে, যথা সেরেস্তাদার দোকানওয়ালা ভাট ইত্যাদি।

৭। সকল অনাবশ্যক কথা, যথা "তাহাকে এই লেফাফা দিবা। ও ইত্যাদি লিখিতে নিষিদ্ধ।

৮। পোষ্টেজ ষ্ট্যাম্প চিঠি মুড়িয়া দক্ষিণ হস্তের দিকে উপর কোণে আটকাইতে হইবে, যে শহরে পোষ্ট আফিস আছে, তাহার নাম অথবা জেলার নাম সেই দিকে নিম্ন ভাগের কোণে লিখিতে হইবে। প্রেরণ কর্ত্তার কেবল নামটী ক্ষুদ্র ক্ষুদ্র অক্ষরে চিঠির বামদিকে নিম্ন ভাগের কোণে লেখা যাইতে পারে; কিন্তু "হইতে" এই কথা ব্যবহৃত না হয়।

এ, গ্রাণ্ট (স্বাক্ষরিত)।
ডাইরেক্টর অব পবলিক
ইনষ্ট্রাক্সন।

—:০:—

ভারতবর্ষের শাসনপ্রণালী ও সর জন লরেন্স।

আজি কালি সর ষ্টাফোর্ড নর্থকোটের রাজনীতির ভাব "বহ্বারম্ভে লঘুক্রিয়া" হইয়া দাঁড়াইয়াছে। সিবিল সর্ব্বিসের দ্বার উদ্ঘাটন করিবার বহুতর আড়ম্বরের পর শেষে স্থির হইল, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট কয়েকটী পদ উপযুক্ত দেখিয়া ভারতবর্ষীয়দিগকে দিবেন। "এক মণ তৈলও হইবে না, রাধাও নাচিবে না।" ভারতবর্ষের শাসনপ্রণালীপরিবর্ত্তের বিষয়েও এই প্রকার হইতেছে। কত আড়ম্বর হইল; কতই জনরব উঠিল; ভারতবর্ষীয়েরা ভাবিলেন, শাসনপ্রণালী পরিবর্ত্ত হইলে কতই সুখভোগ করিবেন, শেষে কেবল সোম শর্ম্মার ছাতুর হাঁড়ি ভাঙ্গা সার হ
গবর্ণর জেনরল উন্নতির পথে ক
নিক্ষেপ করিয়াছেন। ভারতবর্ষী
সভ্যতার উচ্চতম সোপানে আরে
করেন, সর জন লরেন্সের এ ইচ্ছা
তাঁহার সংস্কার এই, এদেশীয়েরা
তর সভ্যতাসম্পন্ন হইলে ভারতবর্ষ
জদিগের হস্তপরিভ্রষ্ট হইয়া যাই
সর ষ্টাফোর্ড নর্থকোর্টের এরূপ ব
আছে এখানকার গবর্ণর জেনরল
বেন। অতএব তিনি গবর্ণর জেনর
ক্ষমতাবৃদ্ধি ও ক্ষমতারক্ষার প্রস্ত
যে অনুমোদন করিবেন, তাহা আশ্চ
বিষয় নহে। সর জন লরেন্সের কুসং
ও প্রদেশবিশেষের প্রতি বিদ্বেষ
সর ষ্টাফোর্ড নর্থকোটের স্বার্থপ
নিবন্ধন ভারতবর্ষের শাসনপ্রণ
উৎকর্ষসাধন আর কিছু দিনের নি
স্থগিত রহিল।

সর ষ্টাফোর্ড নর্থকোট এ দে
শাসনপ্রণালীর পরিবর্ত্তসম্বন্ধে গ
জেনরলের নিকটে দশটী প্রশ্ন ক
পাঠান। বঙ্গদেশের শাসনপ্রণালী যে
ও মান্দ্রাজের ন্যায় হইবে কি ব
প্রণালী অপরিবর্ত্তিত থাকিবে? ভ
ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট সাক্ষাৎস
এ দেশ শাসন করিবেন? কিংবা
যেপ্রকার ছিল বঙ্গদেশের লেপ
গবর্ণর ডেপুটী গবর্ণরের উপাধি
গবর্ণর জেনরলের কৌন্সিলের এব
সভ্য বলিয়া পরিগণিত হইবেন?
দেশের বর্ত্তমান ব্যবস্থাপক সভা থা
কি না? বঙ্গদেশের লেপ্টনণ্ট গব
সহিত গবর্ণর জেনরলের যে
বোম্বাই ও মান্দ্রাজের সহিত সে
হইবে কি না? সপ্তম প্রশ্নে জি
করা হয়, গবর্ণর জেনরল রাজধানী
করিলে তাঁহার মন্ত্রিগণ তাঁহার
যাইবেন কি না? এবং তিনি স্বেচ্

জন মন্ত্রীকে আহ্বান করিয়া শাসন
সম্পাদন করিবেন কি না? নিয়ম-
ভূত প্রবেশের নিমিত্ত গবর্ণর জেন
নিজে আইন করিতে পারিবেন,
য়ম হওয়া উচিত কি অনুচিত?
কাতা হইতে রাজধানী স্থানান্তর
ষ্টেটসেক্রেটারির অভিমত নহে;
পি এ বিষয়ে সর জন লরেন্সের মত
াসা করা হইয়াছে। দশম প্রশ্নে
াসা করা হইয়াছে, বঙ্গদেশের গব-
ন্টর সেক্রেটারিদিগের কার্য্যপ্রণা-
পরিবর্ত্ত করা পরামর্শসিদ্ধ কি না?
শিউবোর্ড থাকিবে কি উঠিয়া
ব, এ বিষয়েও মতজিজ্ঞাসা করা
াছে।

এই বিষয় উপলক্ষে সর জন লরে-
সহিত তাঁহার মন্ত্রিবর্গের বহু অংশে
ভদ হইয়াছে। সর উইলিয়ম মুর
আর সকলেই বঙ্গদেশে এক জন
র হন এই প্রস্তাব করিয়াছেন।
াহেবেরও এই মত; কিন্তু সর জন
ন বলেন, ইহা করিলে গবর্ণর জেন
র গৌরবের হানি হইবে। এখনই
যাইতেছে, অধীনস্থ গবর্ণরেরা
বিষয়ে গবর্ণর জেনরলের অধীনতা
র করিতে সম্মত হন না। বঙ্গদেশকে
নতা প্রদান করিলে এই অনিষ্টের
া বৃদ্ধি হইবে। আমরা ত এ যুক্তির
ীয়তাবোধে সমর্থ হইতেছি
বাম্বাই ও মান্দ্রাজের গবর্ণরেরা স্বাধী-
ব্যবহার করিলে যদি তাঁহার মান
না হয়, বাঙ্গলা দেশের গবর্ণর ঐ
ব্যবহার করিলে তাঁহার মান হানি
কেন? তবে কি বাঙ্গলা দেশের
নন্ট গবর্ণর তাঁহার ধামাধরা
থাকেন, এই তাঁহার অভিপ্রেত?
গবর্ণর জেনরল বাঙ্গলা দেশের
নন্ট গবর্ণরকে মনোনীত করিতেছেন,
াৎ তাঁহাকে গবর্ণর জেনরলের
অনুগত হইয়া থাকিতে হইতেছে। অতঃ-
পর তাঁহার যদি গবর্ণর উপাধি হয়,
তিনি ইংলণ্ড হইতে নিয়োজিত হইয়া
আসিবেন, তখন আর তাঁহার উপরে
এখনকার ন্যায় প্রভুত্ব চলিবে না,
তাঁহার এই শঙ্কা জন্মিয়াছে; কিন্তু উহাতে
যদি কাজ ভাল হয়, তাহাই কি কর্ত্তব্য
নহে? এক তুচ্ছ অভিমানের বশীভূত
হইয়া একটী প্রদেশের অনিষ্টসাধন করা
কি উদারাশয় ব্যক্তির বিধেয়? কয়টী
প্রেসিডেন্সীতে স্বতন্ত্র গবর্ণর হইলে যদি
সুন্দররূপে কার্য্যনির্ব্বাহ হয়, আর গব-
র্ণর জেনরলের প্রয়োজন রহিত হইয়া
ব্যয়সংক্ষেপ ও এ দেশের ইষ্টসাধন হয়,
সেটী কি অভীষ্ট নহে? এখন যেরূপ
টেলিগ্রাফ ও রেলওয়েপ্রভৃতির বন্দো-
বস্ত হইতেছে, তাহাতে গবর্ণর জেনরল
ব্যতিরেকে চলিতে পারে, তাহাও বিল-
ক্ষণ বোধ হইতেছে। পূর্ব্বে এরূপ বন্দো
বস্ত ছিল না; সুতরাং গবর্ণর জেনরলের
প্রয়োজন ছিল। সর জন লরেন্স কাজ কমা
ইবার নিমিত্ত আসামকে এক জন প্রধান
কমিসনরের হস্তে দিতে বলিয়াছেন।
বেহার ও কাশী লইয়া এক জন নূতন
লেপ্টনন্ট গবর্ণর হউন; বঙ্গদেশের লেপ্ট-
নন্ট গবর্ণরের বেতন বোম্বাই ও মান্দ্রা-
জের শাসনকর্ত্তাদিগের ন্যায় হউক,
(কারণ "বঙ্গদেশের লেপ্টনন্ট গবর্ণরকে
সর্ব্বদা ভোজপ্রভৃতি দিতে হয়!!!)
সাধারণ ব্যয় বৃদ্ধি হউক, সেই ব্যয় সঙ্ক
লনার্থ নূতন কর হউক, তথাপি এক জন
গবর্ণর বঙ্গদেশে না আইসেন!! তাহা হই
লেই গবর্ণর জেনরলের ক্ষমতা ও গৌর-
বের হ্রাস হইবে! মান্দ্রাজ ও বোম্বাইয়ের
শাসনপ্রণালীর পরিবর্ত্ত করা তাঁহার অভি
প্রেত নহে। তত্রত্য শাসনকর্ত্তৃগণ সাক্ষাৎ
সম্বন্ধে যেন ষ্টেটসেক্রেটারিকে পত্র
লিখিতে না পারেন। ষ্টেট সেক্রেটারি
ইংলণ্ড হইতে কোন স্থানের লেপ্টনন্ট
গবর্ণর প্রেরণ না করেন, এই স
তাঁহার অভিমত।

সর জন লরেন্স সিমলাব
প্রস্তাবে আহ্লাদসহকারে স্বমত প্র
করিয়াছেন। কলিকাতা রাজধানী থা
সিমলাতে গ্রীষ্মকাল অতিবাহিত হ
তিনি স্বয়ং স্বীকার করিয়াছেন,
পর্ব্বতবাসোপলক্ষে পথে ২৮ দিন
হয়। তখন শাসনকার্য্য বন্ধ থাকে
নাই; কিন্তু তিনি বলেন, "ঐ
আমি প্রতিবৎসর দরবার কি
উহার অর্থ সরকারী অর্থ ক্ষয় করি
ভিন্ন আর কি কোন অর্থ হয়? রা
কি কেবল দরবারের গুণে বশী
হইয়া আছেন? তাঁহাদিগের উ
অত্যাচার হইলে গবর্ণর জেনরল দ
করেন, বলিয়া কি তাঁহারা তুষ্ট থ
বেন? মেজর জেনরল ডুরাণ্ড সি
বাসের প্রতিবাদ করিয়াছেন। সর
লরেন্স বলেন, "সকলেই স্বীকার
য়াছেন, সিমলা মধ্যস্থ স্থান সে
বসিয়া উত্তম শাসন হইতে পা
এ "সকলেই" কে? গবর্ণর জে
ও তাঁহার সেক্রেটারিগণ ভিন্ন আর
ব্যক্তিকেই ত সিমলাবাসের অনুমে
করিতে দেখা যায় না।

বঙ্গদেশে এক জন স্বাধীন শা
কর্ত্তা নিযুক্ত করা উচিত। এপ্র
শাসন করা কুসংস্কারবিশিষ্ট সি
য়ানদিগের কার্য্য নহে। শাসনক
কৌন্সিলের প্রয়োজন নাই; তবে তঁ
এক জন এতদ্দেশীয় সেক্রে
আবশ্যক। স্থানীয় ব্যবস্থাপক
মাজেই উঠিয়া যাউক; এগুলির
লোকের অতিশয় অশ্রদ্ধা হইয়
প্রত্যেক প্রদেশের রাজস্ব পৃথক
যে দেশে যেমন আয় হইবে, সে
তেমনি ব্যয় হইবে। যত দিন গ
জেনরলের পদ আছে, তত দিন

লর উপরে তত্ত্বাবধান করুন সৈন্যাদির নিশ্চিন্ত অংশক্রমে সকল শ হইতে শতকরা কতক টাকা ত থাকুন। পবলিকওয়ার্ক ও অন্য কার্য্য স্থানীয় গবর্ণমেণ্টের হস্তে ক। কি গবর্ণর কি লেপ্টনণ্ট গবর্ণর কে ইংলণ্ড হইতে প্রেরণ করা ত। সিমলাবাস উঠিয়া যাউক। গব স্তেনরল যখন স্বাস্থ্যরক্ষার্থ পর্ব্বতে বেন তখন শাসনভার অন্যহস্তে য়া হইবে।

—:০:—

বর্দ্ধমানের মহারাজ ও তাঁহার সম্মানার্থ তোপধ্বনি।

উক্ত মহারাজ সম্মানতোপধ্বনির ন্ত একান্ত লালায়িত হইয়াছেন। ারে লালায়িত দেখিয়া আমাদিগের করণে যুগপৎ কৌতুক বিস্ময় ক্ষোভ তি অনেকগুলি ভাবের উদয় হইল তুক এই, ইহকেই বলে "যেচে ।" বিস্ময় এই, ভগবানের কেমন চনা, যাঁহার অন্ন কোন কষ্ট নাই, ন অন্ততঃ মানসিক কল্পনাবলে একটী টির হেতু উপস্থিত করিয়া কষ্ট পাই- । ক্ষোভ এই, তিনি যে দেশে বাস ন, তাঁহার চাটুকারদলভিন্ন সেখান কোন ব্যক্তিই এবিষয়ে প্রায় তাঁহার ক্ষতা করিতে উৎসুক নহেন। তিনি প্রকার পদস্থ, তিনি যদি বাঙ্গলা শের হিতৈষী হইতেন, অনেক শ্রেয়ঃ ন করিতে পারিতেন সন্দেহ নাই। হা হইলে লোকে যে আজি আপনা তে উদ্যোগী হইয়া রাজদ্বারে তাঁহার ানবর্দ্ধন করিবার চেষ্টা পাই- ন। আমাদিগের গুণজ্ঞ গবর্ণমেণ্টও হার গুণে মুগ্ধ ও স্বেচ্ছাপ্রবৃত্ত হইয়া হার মানবর্দ্ধন করিতেন। তিনি দেখাইয়া দিন দেখি, এমন কি ন করিয়াছেন যে, লোকে তাঁহা মান বৃদ্ধির নিমিত্ত সমুৎসুক হইবেন? তিনি আপনাকেই আপনি বড় দেখেন। দেশের হিতার্থ কাহার সহিত মিশিয়া কাজ করা অগৌরবকর জ্ঞান করেন। তাঁহার ওখানে এ দেশীয়দিগের সম্মানের যে এক অদ্ভুত পদ্ধতি আছে, তাহাতে কোন তেজস্বী পুরুষ তাঁহার নিকট গমনে উৎসুকমনা নহেন। তিনি কাহার নন, তাঁহারও কেহ নহেন। যিনি যেমন ব্যবহার করিবেন, অপরে তাঁহার সহিত তেমনি ব্যবহার করিবেন এটী প্রসিদ্ধ বাক্য। যাঁহারা চাটুকার, তাঁহারা এ কারণ বুঝিতে পারেন না। তাঁহারা লোকের নিকটে এই প্রতিপন্ন করিবার চেষ্টা পান, এ দেশের লোকেরা তাঁহার অতুল ঐশ্বর্য্য দেখিয়া ঈর্ষ্যা করেন। কিন্তু আমরা ত এই বুঝিতেছি, যদি অতুল ঐশ্বর্য্য ঈর্ষ্যার কারণ হইত, ঐশ্বর্য্যবান্ আর ত অনেক লোক আছেন, তাঁহাদিগের প্রতি দেশের লোকের ঈর্ষা না জন্মিল কেন? আজি কালি লোকের মনের ভাব পরিবর্ত্ত হইয়াছে। এখন আর ধনের প্রতি পক্ষপাত নাই, গুণের প্রতি পক্ষপাত জন্মিয়াছে। হিন্দু পেট্রিয়টের ভূতপূর্ব্ব সম্পাদক স্বর্গত হরিশ্চন্দ্র মুখোপাধ্যায়ের স্মরণার্থ চিহ্ন করিবার নিমিত্ত লোকে এত যত্নবান কেন? সর জন গ্রাণ্ট বিদেশীয় লোক; এ দেশের লোকে স্বতঃপ্রবৃত্ত হইয়া তাঁহার প্রতিকৃতি করিলেন, আর বর্দ্ধমানের মহারাজ দেশের লোক হইয়া বালজনোচিত সামান্য সম্মানলোভে লুব্ধ হইয়াছেন, কিন্তু দেশের লোকে তাঁহার সপক্ষতা করিতেছেন না, তাহার কারণ কি? মহারাজ কি সেটী বুঝিতে পারিতেছেন না?

আমাদিগের এক পত্রপ্রেরক লিখিয়াছেন, মহারাজ ভারতবর্ষীয় সভার সহিত যোগ দেন নাই বলিয়া হিন্দু পেট্রিয়টসম্পাদক তাঁহার প্রতি কুপি হইয়াছেন, তাহাতেই তিনি (পেট্রি সম্পাদক) শত্রুতাচরণ করিতেছে ভাল আমরা পত্রপ্রেরককে জিজ্ঞা করিতেছি, ভারতবর্ষীয় সভার সহি যোগ দেওয়া গৌরবের না অগৌরবে বিষয়? ঐ সভা দেশের ইষ্ট না অনি কার্য্যে অভিনিবিষ্ট আছেন? ভা বর্ষীয় সভায় যোগ দিলে লোকে কহি মহারাজ দেশের মঙ্গলচেষ্টায় এব তৎপর; এটী মহারাজের নিন্দার সুখ্যাতির বিষয়? হিন্দু পেট্রিয়ট এ মিত্ত যদি কোপ করিয়া থাকেন, তাঁ ক্রোধ সঙ্গত কি অসঙ্গত? মহার ভারতবর্ষীয় সভার সভ্যদিগের সহি এক গৃহে উপবিষ্ট হইয়া দেশের কল চিন্তা করিতে কি লজ্জা বোধ করে ইউরোপখণ্ডের লার্ডেরা কি করি ছেন? তাঁহারা কি সাধারণ হিত কার্য্যে সাধারণ লোকের সহিত মিলি হইয়া অসংখ্য সাধুবাদের আস্পদ হ ছেন না? অতএব সিদ্ধান্ত হইতে যদি গুণের পুরস্কার বলিয়া তাঁ সম্মানবৃদ্ধির নিমিত্ত তোপধ্বনি ব্য করা হয়, কোন ভদ্র লোকে তাহ অনুমোদন করিবেন না।

তবে আমাদিগের এক পত্রপ্রে লিখিয়াছেন, তিনি বাঙ্গলা দেশের সকলের অপেক্ষা অধিক কর দেন, ঐশ্বর্য্যের অধিপতি এবং উচ্চ কুলে গ্রহণ করিয়াছেন। এ কারণে যদি স সম্মানার্থ তোপধ্বনির অনুজ্ঞা হেওয় তাহাতে আমাদিগের আপত্তি কিন্তু আমাদিগের এই আশঙ্কা হই অনেক বিষ্ণু ঠাকুরের সন্তান, সুবর্ণবণিক ও অনেক জমীদার তোপ করিয়া ক্ষেপিয়া উঠিবেন। গবর্ণমেণ্টকে ব্যতিব্যস্ত হইয়া প হইবে। একাধারে যদি তিন গুণের

...রেন, তাহাও দুষ্প্রাপ্য হইবে না ...ষয়ে মহারাজের অনুকূল ও প্রতিকূল ...নি প্রেরিত পত্র আমাদিগের হস্তে ...ত হইয়াছে। আমরা ঐ দুইখানি ...ন্তরে গ্রহণ করিলাম। গবর্ণমেণ্ট ...য়র বলাবল বিবেচনা করিয়া জানিতে ...বেন, এতৎসম্বন্ধে লোকের কিরূপ ...বাদয় হইয়াছে।

-:০:-

...তন লর্ডের সং... সংকল্প।

...যেখানে প্রজার সহস্র গুণ ও সহস্র ...তা থাকুক, প্রধান পুরুষেরা অনুগ্রহ ...করিলে তাহা প্রকাশ করিবার পথ ...দনুরূপ উন্নতিলাভের সম্ভাবনা না ...ক, কলতঃ যেখানকার প্রজারা প্রধান ...বদিগের ইচ্ছার একান্ত পরতন্ত্র, ...ানে রাজপুরুষেরা প্রজার যে কিছু ...চেষ্টা করেন, তাহাই প্রজাকে মহা ...ও পরম ভাগ্য বলিয়া বিবেচনা ...তে হয় সন্দেহ নাই। সম্প্রতি আমা ...গর গবর্ণর জেনরল বাঙ্গলা, বোম্বাই, ...দ্রাজ, পঞ্জাব ও উত্তরপশ্চিমাঞ্চল ...ত মনোনীত করিয়া গবর্ণমেণ্টের ...অধ্যয়ন ও সিবিল সর্ব্বিসে প্রবেশা ...রলাভার্থ নয় জনকে ইংলণ্ডে প্রেরণ ...বার যে সঙ্কল্প করিয়াছেন, তাহাতে ...মাদিগের হৃদয় কৃতজ্ঞতারসে যে ...র্দ্র হইবে, তাহা বলা বাহুল্য। এদে ...র কোন্ ব্যক্তি এ অনুগ্রহকে বহু ...য়া না মানিবেন? কিন্তু এদেশীয়দি ...ক সিবিল সর্ব্বিসের পদদানবিষয়ে ...র্ণমেণ্ট যে ব্যবহার করিতেছেন, তাহা ...খিয়া আমাদিগের চিত্ত বিস্ময়বিমূঢ় ...য়াছে। তাঁহাদিগের মনে মনে আছে, ...দেশীয়দিগকে সিবিল সর্ব্বিস হইতে ...ভূত করা অন্যায় হইতেছে; কিন্তু অভি ...ন, শঙ্কা ও অবিশ্বাসপ্রভৃতি নানা ...রণে এক কালে এদেশীয়দিগের সম্বন্ধে সিবিলসর্ব্বিসদ্বার উদ্ঘাটন করিয়া দিতে পারিতেছেন না। তাঁহাদিগের কৃপণের যজ্ঞ আরম্ভ করা হইয়াছে। যজ্ঞে যে ন্যায্য ব্যয় পড়ে, শেষে সে সমস্ত দিতে হয়, কিন্তু কৃপণ একবারে দিতে পারে না। আমাদিগের প্রধান পুরুষদিগকে শেষে এ দেশে সিবিল সর্ব্বিস পরীক্ষাপ্রণালী প্রবর্ত্তিত করিয়া সম্পূর্ণরূপে সিবিল সর্ব্বিসদ্বার উদ্ঘাটন করিয়া দিতে হইবে; কিন্তু এক কালে পারিতেছেন না, ইহাই বিস্ময়ের বিষয়।

নূতন পুস্তক।

১। বালিকাহিতকরী সভার পঞ্চম বার্ষিক রিপোর্ট। সভার উদ্দেশ্য এই কয়টী; দরিদ্রদিগকে বিদ্যাশিক্ষা দেওয়া দরিদ্র রোগীদিগকে ঔষধবিতরণ করা, দরিদ্র বিধবা ও মাতৃপিতৃহীন লোকদিগকে সাহায্য ও স্ত্রীশিক্ষাবিষয়ে উৎসাহদান এবং উত্তর পাড়া ও তাহার নিকটবর্ত্তী স্থানের লোকের সামাজিক আচার ব্যবহার, ধর্ম্মনীতি ও বুদ্ধিবৃত্তির উন্নতিসাধন। সভা ১৮৬৭ অব্দের ১লা এপ্রেল অবধি ১৮৬৮ অব্দের ৩১ মার্চ্চ পর্য্যন্ত দরিদ্র বালকদিগের বিদ্যাশিক্ষার্থ ৬১৶, দরিদ্র বিধবাপ্রভৃতির সাহায্যার্থ ৭৫৷৷০ এবং বালিকাদিগের ছাত্রবৃত্তিতে ৩৩৬ টাকা দান করিয়াছেন। এই রূপ সভা যদি স্থানে স্থানে হয়, দেশের অনেক মঙ্গল হইতে পারে। হিতকরী সভা উপসংহারকালে বাবু বিজয়কৃষ্ণ মুখোপাধ্যায় ও শ্রীরামপুরের ডেপুটী মাজিষ্ট্রেট রাইলাণ্ড সাহেবের নিকটে কৃতজ্ঞতা প্রকাশ করিয়াছেন। এ প্রকার বিষয়ে যাঁহারা সাহায্য ও উৎসাহদান করেন তাঁহারা সহস্র গুণে প্রশংসনীয় সন্দেহ নাই।

২। পুলিষগাইড বাবু কৃষ্ণচন্দ্র চৌধুরী পুলিষ কেটেকিজম ও চার্জ্জেস নামক ইংরাজী পুস্তক হইতে উদ্ধৃত ও অনু... দিত করিয়া এখানি সঙ্কলন করিয়াছে...

৩। সুরাসঙ্কীর্ত্তন। কাদি... নিবাসী শ্রীযুক্ত বাবু শ্যাচরণ ম... ইহার প্রণয়ন করিয়াছেন। সুরার নি... করাই গ্রন্থকারের উদ্দেশ্য।

আমরা জাহানাবাদ হইতে নিম্ন... খিত পত্রখানি প্রাপ্ত হইয়াছি।

হুগলি জেলার অন্তঃপাতী জাহান... মহকুমায় ২৪এ জ্যৈষ্ঠ হইতে আরম্ভ হ... অজস্র ১৫ দিব। অতিশয় বৃষ্টি হওয়... শীলাবতী নদী ও দারকেশ্বর নদীর জল ... অতিক্রম করিয়া বাঁধ ভাঙ্গিয়া শত... গ্রাম জলমগ্ন হইয়া প্রায় দশ হাজার ... ভগ্ন হইয়াছে। অনেকের দ্রব্যাদি স্রো... ভাসাইয়া লইয়া গিয়াছে। ব সংখ্যক ... ও মনুষ্যের প্রাণনাশ হইয়াছে। জলপ্ল... গৃহ ভগ্ন হওয়াতে অনেকে তৎকালে ... পরি অবস্থিতি করিয়া অতিকষ্টে প্রাণ... করিয়াছে। বন্যার সময় ৪ দিবস শীল... নদীর উভয় পার্শ্বস্থ লোক নিরন্তর হ... কার শব্দ করিয়া দিবা রজনী অতিব... করিয়াছে। অনেকে অনাহারে প্রাণ... করিয়াছে, ঘাটালের গঞ্জের মহাজন... যথেষ্ট দ্রব্যাদি স্রোতে নীত হইয়াছে যা... অধিকাংশ লোক নৌকারোহণ করিয়া ... রক্ষা করিয়াছে; কিন্তু অন্যান্য গ্রা... লোকেরা নৌকার অসদ্ভাবপ্রযুক্ত বৃক্ষে ... আরোহণ করিয়া নিষ্পাপন করিয়া... ঘাটালের ডাক্তর, চৌকীদারী টাক্স আ... দারোগা পুলিষের ইন্সপেক্টর ও সব ই... ক্টরের বাসার সম্মুখে সেতু ভগ্ন হইয়া ... গৃহ ধ্বসিয়া হইয়া পতিত হয়। ই... নিরুপায় হইয়া সকলে উচ্চৈঃস্বরে আ... করিতে আরম্ভ করেন। অকস্মাৎ এক ... নৌকা ইহাঁদের নিকট উপস্থিত হয়, ... তেই ইহাঁরা আরোহণ করিয়া অতি ... স্বীয় স্বীয় পরিবার লইয়া স্থানান্তরে ... প্রাণরক্ষা করেন। নৌকা উপস্থিত না ... ইহাঁরা নিশ্চিত মৃত্যু মুখে পতিত হই...

টালের বাবু গোপালচন্দ্র ... স্বীয় ব্যয়ে ...কা করিয়া অতি কষ্টে প্রায় এক শত ...ককে জলমজ্জন হইতে উদ্ধার করিয়াছেন ... তৎ কালে কিছু কিছু আহারের ব্যয়ও ...ছেন, । এখানে প্রায় অষ্টাহ ডাক বন্ধ ...য়াছিল । ক্রমশঃ নদীর স্রোত হ্রাস হইলে ...হুগলির মাজিষ্ট্রেট সাহেব ও জাহানাবা ...ডেপুটী মাজিষ্ট্রেট বাবু ঈশ্বরচন্দ্র মিত্র ...শেষ কেবল ঘাটালের অতি সন্নিহিত ...য়ির নগর, কৃষ্ণনগর, মিশ্চিপর, আড়-...ড়াপ্রভৃতি ... কুড়ীটি গ্রামে নিজে অতি ...ই প্রত্যেকের ভগ্ন কুটীর অবলোকন ...য়াছেন । উক্ত ঘাটাল সারকেলে ১০ টী ...মে কমবেশ আড়াই হাজার গৃহ বন্যার ...ল ভগ্ন হইয়াছে । ডেপুটী বাবু নিজে ...কল ভগ্ন কুটীর দেখিয়াছেন, তাহা ...য়া যাহাদিগকে উপস্থিত বর্ষায় গৃহ পুন ...র্ম্মাণ করিতে অক্ষম দেখিলেন, কেবল তাহা ...কে ডাকাইয় দুই চারি টাকা করিয়া ...ত করিয়াছেন । ইহাতে প্রায় সহস্রা ...ক টাকা গবর্ণমেণ্টের তহবিল হইতে ব্যয় ...য়াছে । আমরা আশা করিয়া ছিলাম ...রূপ ঘাটাল সারকেলে ডেপুটী বাবু নিজে ...ককে সাহায্য করিয়াছেন, সে রূপ ...ন্য গ্রামেও যাইয়া যাহাদের চালাঘরে ...র ভগ্ন হইয়াছে, তাহা দিগকেও টাকা ...ন্য করিবেন । তাহা না হওয়াতে সেই ...ট গ্রামের বিপদাপন্ন লোকেরা অত্যন্ত ...খিত হইয়াছে, তাহাদের আর কোন ...য় নাই । শুনিলাম জাহানাবাদের ডেপুটী ...রূপ গ্রামে দরিদ্র প্রজার সাহা-...র্থে অতিরিক্ত বর্দ্ধমানের কমিসনর সাহেব ...ক বিশেষ করিয়া লিখিবেন । কমিসনর ...বের মহাশয় স্বয়ং 'বিপদাপন্ন লোকের ...য়োগে তুমি ... গ্রামে করিলে দরিদ্র ...কের পক্ষে সুখের কারণ হয়, তাহা ...লে আর ইহাদিগকে নিরাশ্রয় হইয়া বৃক্ষ ...র্বস্থিতি করিতে হয় না । গবর্ণমেণ্ট ...বিষয়ের অনুসন্ধান জন্য জাহানা ...দর ডেপুটি বাবুকে অন্যূন ২ দুই সপ্তাহ ...কাশ দেওয়া উচিত । ২।১ দিবসের ...য় চল্লণ মাইল ব্যাপিয়া অনুসন্ধান ...কঠিন । আর ঘাটালে যেরূপ সাহায্য ...হইয়াছে, তাহাতে দরিদ্র লোকের ...ন্য উপ... হইবার সম্ভাবনা নাই । অব ...ধুসপ্তাহে ২ টাকা ঊর্দ্ধ সংখ্যা ৪ টাকা পা ...ন । ইহাতে কি গৃহ প্রস্তুত হইতে পারে ? ...কিন্তু প্রদান করিলে ইহারা অল্পেশে গৃহ নির্ম্মাণ করিতে সক্ষম হয়, কারণ এমন সময়ে গৃহ প্রস্তুত করিবার উপযোগী দ্রব্যাদি অতিশয় দুর্ম্মূল্য হইয়াছে ।

ঘাটালের বিদ্যালয়গৃহটী নদীর বেগে সম্পূর্ণরূপ ভগ্ন হইয়াছে । ইহাতে সকলে অত্যন্ত দুঃখিত হইয়াছেন । এমন সময়ে যে চাঁদা দ্বারা বিদ্যালয়গৃহ প্রস্তুত হয়, তাহার আশা নাই, সকলেই স্ব স্ব গৃহ নির্ম্মাণার্থ বিশেষরূপ বিব্রত । যদি গবর্ণমেণ্ট আনুকূল্য করেন তাহা হইলে বিশেষ উপকার হয় । মুন্সেফের কাছারির মধ্যে জল প্রবিষ্ট হওয়াতে কাগজ পত্র নৌকায় রাখা হইয়াছিল । কাছারী বাটী বাসযোগ্য নহে ।

—:০:—

বিবিধসংবাদ ।

২৪ এ আষাঢ় সোমবার ।

সম্প্রতি আরব ষ্টেমনমাষ্টরের একটী চতুর্দ্দশবর্ষীয় বালিকা এক জন মুসলমান ভৃত্যের সহিত ... সেবন করিতেছিল । ওই দুরাত্মা ভৃত্য বালিকাটীর উপরে অপহরণ ও ধর্ষণের চেষ্টা করায় হইয়াছিল । বিচারালয়ে অপরাধ সাব্যস্ত হইলে সেসিয়ন জজ ইহার ... বৎসর মিয়াদ দিয়াছেন । বয়স্থা স্ত্রীলোক হইলে যাহা হউক অল্প বয়স্থা কন্যা । অদ্যত দশ বৎসর দ্বীপ ... বাসের আজ্ঞা দেওয়া উচিত ছিল ।

এক অতিরিক্ত গেজেটে প্রকাশ করিয়াছেন যে টনাটগরা সদরসাধারণকে জানাইবার ... কলিকাতার ... দর্শন করিবার নিমিত্ত ... হইবেন ৯ই জুলাই কলিকাতা ত্যাগ করিয়া ... চুঁচুড়া, শ্রীরামপুর, কালনা কৃষ্ণনগর ... বহরমপুর হইয়া ... গমন করিবেন । এই সকল স্থানে ... করিতে আমাদের পনর কাটিয়া যাইবে ... উৎসব হইয়া অনেক গমন করিলে কি ভাল হইত না ।

লিটন সাহেব বলেন, গত বৎসরের ন্যায় বৎসরও মাদ্রাজের মধ্যে অতিশয় সংক্রামক ... হইতেছে । ইউরোপীয় ও এতদ্দেশীয় উভয় ... সমান কষ্টভোগ করিতেছেন । জানুয়ারি ... এমন এক ব্যক্তি ও দেখা যাইতেছে ... ইহার উপরে অনাবৃষ্টি হওয়াতে কষ্ট ... হইয়াছে ।

কাপ্তেন গুর্ডন আলাহাবাদে মৃত হইয়াছেন । কলিকাতার ডেপুটী কমিসনর সর্ব্বত্র টেলিগ্রাম করাতে কাপ্তেন আলাহাবাদে যাইবা মাত্র ... পরিষদের দ্বারা ধৃত হন । দুই জন ইউরোপীয় পুলিস কর্ম্মচারী তাঁহাকে কলিকাতায় আনয়ন করিয়াছেন ।

সেণ্ট জেমস গির্জা সংস্কারার্থ গবর্ণর জেনরল যে ১০,০০০ টাকা দিয়াছেন তাহার অনুমোদন হইতেছে । এক জন লিখেন, গির্জাতে এক্ষণে যে সঙ্গীত হয় তাহাতে বাঙ্গালী গীত ও সুর আছে । তাঁহারা তাহা শ্রবণ করিতে পারেন না । অতএব অসন্তোষের কারণ কি ? পাকা কথা ।

অদ্য প্রধানতম বিচারালয়ের ফৌজদারি ... য়ন আরম্ভ হইয়াছে । বিচারপতি মাকিং । ... ইউরোপীয় অপরাধীর সংখ্যা অপেক্ষা ... অধিক ।

বোম্বাইয়ের প্রধানতম বিচারালয়ের নিষ্প... সকল প্রকাশিত করিবার নিমিত্ত গবর্ণমেণ্ট এ... মুদ্রাযন্ত্র করিবার আজ্ঞা দিয়াছেন । এটী সম... হওয়া কর্ত্তব্য । বেতনভোগী কর্ম্মচারিগণ ... এইসকল রিপোর্ট প্রকাশ করেন, তাহা হই... অল্পমূল্যে সকলে এগুলি প্রাপ্ত হইতে পা... এবং গবর্ণমেণ্টেরও লাভ থাকে । এগ... রপোর্টসকলের যে অসঙ্গত মূল্য লওয়া ... তাহাতে অল্প লোকেই এগুলি পাঠ করি... পারেন ।

সম্প্রতি শিলার সাহেব পোর্টব্লেয়রে কো... দের কতৃত্ব পুনর্গ্রহণ করিবার নিমিত্ত যে স... হেন তাহাতে যেসকল কাণ্ড প্রদর্শিত ... তাহাতে একখানি ইংরাজী সংবাদপত্র বলি... ছেন আমেরিকা ও উপনিবেশ সমূহে যে প্র... গাঁয়ার ও অসভ্য লোকেরা সভাস্থলে দ্ব... করে তাহারদের সাক্ষাতেও তাহা ... তেছে । এতদ্ভিন্ন জ্ঞান তিনি বলেন, এখানে প্র... নদি শাসন প্রণালী চলিতে পারিবে না । কা... হারা প্রতিনিধি হইবেন তাঁহাদিগের এই ... পার হইলে দেশের অতিশয় অমঙ্গল হই... প্রকাশ হওয়াতেই অমঙ্গল হয় ।

আমরা হিন্দুপেট্রিয়ট পাঠ করিয়া আ... হইলাম, বাবু ... কুমার ঠাকুর ভারতবর্ষ... তার একটী সুন্দর বাটী প্রস্তুত করিবার নিমি... ... টাকা প্রদান করিয়াছেন । বি... মের সাধ্যও ... প্রকাশ করিয়া ভারতবর্ষীয় সভ্য ... একটী অ... করা হওয়া আবশ্যক । বঙ্গদেশ... ... ভাল চাহিতেছি না, তবে ... সংস্কার করিতেছেন । তিনি কি এই কি... ... ৫০,০০০ টাকা দিতে সাহসী হইতে... না ?

নবাব গোলাম হোসেন খাঁ ... করিতে ছিলেন । এই কথোপকথন মধ্যে তাঁহাকে ... কোন আয়গার দেওয়া হয় । ডেলিনিউস বলে... আয়গীর লইয়া তাঁহাকে মাসে টাকা দেওয়া ... হইতেছে ; কুমদান করাতে গ্রাহীতার প্রভুত্ব ... হয়, এটী পঞ্জাবী শাসনকর্ত্তৃগণ জানেন ... কি ?

ডেলিনিউস কোন দলের মুখপাত্র না... য়াতে সকল বিষয়ে পক্ষপাতশূন্য হইয়া ... দিতে সমর্থ হন । আমরা অতিশয় কৃতজ্ঞ হই... প্রকাশ করিতেছি, হিন্দু ও মুসলমান ভারতসন্ত... দিগের টাকায় খৃষ্টীয় পুরোহিতদিগের বে... প্রদান ও খৃষ্টীয় ধর্ম্মযাজক নিয়োগ করা যে রা... নীতি হইয়াছে, ডেলিনিউস তাহার প্রতিবা... করিয়া বলিয়াছেন, সকল কার্য্য ধর্ম্মের না... ডাকাইতিমাত্র । আমরা বলিতেছি, এ ক... করিয়া গবর্ণমেণ্ট এক প্রকার বোম্বাইয়ের ম... হাদিগের অনুকরণ করিতেছেন ।

২৫ এ আষাঢ় মঙ্গলবার।

কুচবিহারের কমিসনরের যত্নে তথায় একটী
াকের প্রদর্শন হইতেছে। প্রত্যেক প্রদর্শককে
ুতঃ অর্দ্ধমণ তমাক প্রেরণ করিতে হইবে।
ন; পুরস্কার দেওয়া হইতেছে। প্রদর্শন ক্রমে
ুলক; ব্যাপার হইয়া না উঠে।

সম্প্রতি রামপুরে এক কৃষি ও শিল্পপ্রদর্শন
া গিয়াছে। রামপুরের নবাব প্রজাদিগকে
কৃষ্ট প্রণালী অনুসারে কৃষিকার্য্য করাইবার
দ্দেশে এ প্রদর্শনের সৃষ্টি করিয়াছিলেন। তিন
স মেলা ছিল। নবাবের কর্ম্মচারিগণ উত্তম
াবস্ত করাতে কোনপ্রকার গোলযোগ
নাই।

ইণ্ডিয়ান পবলিক অপিনিয়ন বলেন, দিল্লী
ি অম্বালা পর্য্যন্ত দ্রুতগতি রেলওয়ে
তেছে। কিন্তু রেলওয়ে হইলেই ডাকগাড়ীর
কারীদিগের অন্ন মারা যাইবে। অতএব যত
রেলওয়ে না হয় ততদিন যথাসাধ্য লাভ
বার জন্য ডাক গাড়ীর অধিকারীর
ট করিয়া অধিক ভাড়া লইতেছেন। উত্তর
ঞ্চলে ব্যবসায়সম্বন্ধে সর্ব্বদাই প্রায়
দ্ধ হইয়া থাকে।

এত দিনের পর ভারতবর্ষীয় সভার একটী
ক বাটী হইল। ৪০,০০০ টাকা দিয়া রাণীর
গলিতে একটী বাটী ক্রয় করা হইতেছে।
প্রসন্নকুমার ঠাকুর, রাজা সত্যশরণ ঘোষাল,
মোহন ঠাকুর ও যতীন্দ্রমোহন ঠাকুর
অছি হইবেন। এই বাটীতে ৫ লক্ষ পুস্তক
হইবে। ভারতবর্ষীয় সভার বাটীটী যেখানে
ক যেন বৃহৎ হয়।

লার্ড নেপিয়র মান্দ্রাজের বিশ্ব বিদ্যালয়ে
নক ২৬৪ টাকা মূল্যে একটী ছাত্রবৃত্তি
া দিয়াছেন। মান্দ্রাজনগর ও ঐ বিভাগের
যে ছাত্র এবেশিকা পরীক্ষায় প্রধান হই
তাঁহার ইহা প্রাপ্য হইবে। জাতি ও বর্ণভেদ
ঁ বৃত্তি তিন বৎসরের নিমিত্ত দেওয়া
ব।

উত্তর আরকটের অন্তর্গত চিয়ার তালুকে
শস্য শিলাবৃষ্টি হইয়া শস্য এক কালে নষ্ট
য়াছে। কৃষকগণ শস্য কাটিবার উদ্যোগ
রিতেছিল, এমন সময়ে এই দুর্ঘটনা হইয়াছে।
দ্রাজ গবর্ণমেণ্ট এত প্রকার এখানকার কৃষক
গর নিকটে এবৎসর কর লইবেন না।

দিল্লী হইতে এক ব্যক্তি লিখিয়াছেন,
ণ্টিষ্ট মিশনরিরা গবর্ণমেণ্টের সাহায্য গ্রহণ
ন না, অতএব গবর্ণমেণ্ট ব্যাপ্টিষ্ট মিশন
রিকে বেতন দেন বলিয়া যে লেখা হইয়াছিল,
সেটী আমাদিগের ভ্রমপ্রযুক্ত হইয়াছিল।

২৬ এ আষাঢ় বুধবার।

রাজা থিয়োডোরের পুত্রকে ইংলণ্ডে লইয়া
যাইবার প্রকৃত কারণ প্রকাশিত হইয়াছে। এটী
ইংলণ্ডের গৌরব প্রদর্শনার্থ হয় নাই। সর রবার্ট
নেপিয়র বলেন, আবিসিনিয়াতে থাকিলে শিশু
রাজকুমারের জীবনসংশয় হইত। শিশুটি বুদ্ধি
মান্ বোধ হইতেছে। প্রথমতঃ রাজকুমারকে
বোম্বাইয়ের ডাক্তর উইলসনের অধীনে বিদ্যা
শিক্ষার্থ প্রেরণ করিবার কল্পনা হয়; কিন্তু ইংল
ণ্ডেশ্বরী পদচ্যুত রাজকুমারদিগের প্রতি সচরা-
চর যে দয়াপ্রদর্শন করেন, তিনি তৎপ্রেরিত
হইয়া যুবক থিয়োডোরকে ইংলণ্ডে লইয়া যাই
বার আজ্ঞা দিয়াছেন। থিওডোরের স্ত্রীকেও
পুত্রের সহিত আনিবার কল্পনা হয়। কিন্তু উক্ত
রাজ্ঞী পীড়িত হইয়া প্রাণত্যাগ করিয়াছেন।
সর রবার্ট নেপিয়রের যত দূর সাধ্য তত দূর
এই স্ত্রীলোকের সেবা ও চিকিৎসা করাইয়াছি
লেন। কি সৈনিকগণ কি সেনাপতি কেহই তাঁহাকে
কোনপ্রকার অসম্মান করেন নাই। স্ত্রীলোকদি
গের প্রতি অত্যাচার করা ব্রিটিশ সৈনিকের
স্বভাব নহে। ১৮৫৭ অব্দের বিদ্রোহনিবন্ধন যে
এত ক্রোধ হয় তাহাতেও সৈনিকেরা বিদ্রোহী
দিগের স্ত্রীগণকে কিছু বলে নাই, কেবল সৈনি
কাধম নীল কয়েক জনকে বধ করিতে চাহিয়াছি
লেন।

এতদ্দেশীয় সমাজ সর জন গ্রাণ্টের চিত্রিত
প্রতিমূর্ত্তির নিমিত্ত ৫৩৩৮৵১০ টাকা চাঁদা
দন। ইহার মধ্যে ২০৯৭৷৷০ টাকা ব্যয় হইয়াছে।
অবশিষ্ট টাকা ভারতবর্ষীয় সভাগৃহের ফণ্ডে
জমা হইয়াছে। কোন ব্যক্তি ইহাতে দুঃখিত
হইবেন না।

কাপ্তেন আইবস অমনি অমনি পার পাই
লেন। লেপ্টনণ্ট মে ক্ষান্ত হইয়াছেন।
লেপ্টনণ্ট মে একজন অতিশয় ভদ্র আফিসর। স্ত্রী
ত্যাগ করিবার বন্দোবস্ত হওয়াতে তিনি আই
বসের প্রতি বৈরনির্য্যাতন করিলেন না। কিন্তু
কথা হইতেছে, কাপ্তেন আইবসকে আর শিক্ষ
কতা কার্য্যে রাখা উচিত কিনা?

২৭ এ আষাঢ় বৃহস্পতিবার।

লাহোরের লোকেরা সর জন লরেন্সকে অনু
রোধ করিয়াছেন, তিনি ভারতবর্ষ ত্যাগ করি
বার পূর্ব্বে যেন রণজিত সিংহের রাজধানীতে
এক দরবার করেন। এপ্রকার অনুরোধ সর জন
লরেন্সকে দ্বিতীয় বার করিতে হয় না, কিন্তু
কয়েক বৎসরাবধি যেসকল দরবার হইল, ত
রাজনীতি সম্বন্ধে কি ফল ফলিল তাহা স
ধারণকে জানাইলে ভাল হয়।

আমষ্টর ফিলিপ ওয়েস সাহেব সংবাদ
লিখিয়াছেন ১৭ই জুলাই শুক্রবার বঙ্গ অখ
ভয়ানক ঝড় হইবে। কলিকাতায় বড় হইবে
ভাল পরীক্ষাই হউক, ১৭ ই ত আর দূরব
নয়।

মধ্য ভারতবর্ষে সোণারীয়নামক এক
জুয়াচোর আছে। ইহারা স্বর্ণকারের কাজ ক
ওজনে কম দিয়া জুয়াচুরি করিয়া অর্থোপা
করা ইহাদিগের ব্যবসায়। আমরা আহ্লা
হইলাম, বাঁদার পোলিটিকাল এজেণ্ট ইহাদি
দমনচেষ্টায় প্রবৃত্ত হইয়াছেন।

২৮ এ আষাঢ় শুক্রবার।

রবার্ট এডমণ্ডস নামক এক ব্যক্তির
অতিশয় সুরাপায়িনী ছিল। সে সর্ব্বদা স্বা
গৃহত্যাগ করিয়া স্থানান্তর থাকিত। একদা
প্রকার অনাত্র যাওয়াতে এডমণ্ডস তাহ
প্রত্যাগত হইবার নিমিত্ত অনেক অনুরোধ ক
স্ত্রীলোক তাহাতে অসম্মত হওয়াতে এডম
তাহাকে প্রহার করিল। স্ত্রীলোকটী তখ
সুরাপানে উন্মত্ত ছিল; প্রহারের পর সে কো
দৌড়িয়া স্থানে স্থানে গমন করে। পরে
প্রত্যাগমন করিলে তাহার মৃত্যু হয়। এড
নকে এই নিমিত্ত প্রধানতম বিচারালয়ে অ
করা হয়। বুধবার মকদ্দমা উঠাতে রা
কৌন্সিল মেরিণ্ডন সাহেব বলিলেন, হ
প্রমাণ নাই, শুক্রবার আষাঢ়ের প্রমাণ আ
এডমণ্ডস নিজে এই দায় স্বীকার করিলে ত
বারিষ্টর লো সাহেব স্ত্রীলোটীর দুশ্চরিত্র
উল্লেখ করিয়া লঘুদণ্ডবিধানের অনুরোধ করি
বিচারপতি মাকবি এ ব্যক্তির কঠিন পরিশ্র
সহিত প
যকৃতের
না? আমরা
প্রণালীর বিপক্ষে
রাজে ইংলণ্ডে এবং ভারতবর্ষীয়ে ভারতব
মকদ্দমা হইলে সুবিচার, কিন্তু ইংরা
জার্ম্মেনীয় অথবা অন্য কোন বিদেশীয়ে
ইউরোপীয়ে ও ভারতবর্ষীয়ে মকদ্দমা
অবিচার।

বোম্বাইয়ের ব্যবস্থাপক সভায় এতদে
যেসকল সভ্য নিয়োজিত করা হইয়
তাহার মধ্যে এক জন পারসী নিয়োজি

াই। তাহাতে লোকে অসন্তুষ্ট হইয়াছেন। অসন্তোষের কারণ আছে।

প্রধান বিচারপতি প্রিবিকৌন্সলের আপীল বিভাগের অনুবাদকের পদ জে, এম, মেণ্ডএটা মক এক জন ফিরিঙ্গিকে প্রদান করিয়াছেন। ন এপর্য্যন্ত ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের পর টবিভাগীয় আফিসের এক জন কেরাণী লেন। প্রধান পুরুষেরা কি সুশ্রাব্য ফিরিঙ্গি লোর শ্রবণকৌতুহল পরিত্যাগ করিতে বেন না?

২৯ এ আষাঢ় শনিবার।

াঙ্গলা দেশের লেপ্টনাণ্ট গবর্ণর গ্রে সাহেব স্থানান্তরিবার কালিকাতা ত্যাগ করিয়াছেন।

ব্রহ্মপুত্রের নিকটস্থ নদীসকলের জলবৃদ্ধি তেছে। তাহাতে অনেক শস্য নষ্ট হইয়াছে। াকে জলপ্লাবননিবন্ধন অনিষ্টশঙ্কা করিতে ন। লেপ্টনাণ্ট গবর্ণরের এ সময়ে রাজধানী াগ করা পরামর্শসিদ্ধ হয় নাই।

ডাক্তর নর্ম্মাণ মাকলিয়ড স্বদেশে প্রতিগমন রয়া স্কটলাণ্ডের জেনরল আসেম্লিতে ভারত সম্বন্ধে এক বক্তৃতা করিয়াছেন। তিনি ন, ভারতবর্ষীয়দিগকে এক দিনে খৃষ্টীয়ান া যাইবে না। ভারতবর্ষের ধর্ম্ম সর্ব্বপ্রাচীন ংস্কৃত ভাষা সকল ভাষার মূল। সকল তির পূর্ব্বে ভারতবর্ষীয়েরা সভ্য হইয়া নানা য়ের আলোচনা করিয়াছেন। খৃষ্টীয় মিসনরি প্রথমতঃ হিন্দুধর্ম্মসংক্রান্ত কুসংস্কারসকল করুন, পশ্চাৎ অন্য উৎকর্ষ আপনা আপনি ব। ডাক্তর মাকলিয়ড আরও বলিয়াছেন, দাসীদিগের প্রতি সদ্ব্যবহার না করিলে কাজ হইবে না। কিন্তু সব জন লরেন্স খানকার পাদরিরা ভাবেন, যাবতীয় বিদ্যা বাইবল পাঠ করাইয়া বিদ্যাশিক্ষার ভার রদিগের হস্তে দিলেই কাজ হইবে। ইহাঁ র কিছু আবেশ অধিক।

াইমস অব ইণ্ডিয়া চিরস্থায়ী বন্দোবস্তের ক্ষে এক দীর্ঘ প্রস্তাব লিখিয়াছেন। আমরা তেছি, আমাদিগের দুইখানি ইংরাজী ক পত্র ঐ মতে মত দিয়া বলিতেছেন, লা য়ালিস ভ্রমে পতিত হইয়াছিলেন। তে দেশের প্রধান লোকেরা স্বার্থনিবন্ধন ভক্ত হন এবং কৃষকেরা সুখে থাকে সে বস্ত মন্দ তাহার সন্দেহ কি? চিরস্থায়ী বস্তে ভূমির কর আর বৃদ্ধি হয় না সত্য, দেশের সম্পত্তির মূল্যবৃদ্ধি হইয়া বাণিজ্যের বিধা হয়, তাহা কোন ব্যক্তি অস্বীকার বেন।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ বিক্রীত হইতেছে:—

৪	টাকার সিক্কা	৯৭৷৷০ । ৯৪৸
৪	কোং	৯৪৷৷০ । ৯৪৸
৫	পবলিকওয়ার্ক	১০৫৷৷০ । ১০৫৸
৫	» কোং	১০৯৷৷ । ১০৯৸৶
৫৷৷০	» কোং	১১৪৸৶০ । ১১৫

—:০:—

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ২রা জুলাই। সর ষ্টাফোর্ডনার্থ কোট রেবরেণ্ড এচ, ডগলাসকে বোম্বাইয়ের বিশপ করিতে চাহিয়াছেন। বোধ হয়, তিনি উক্ত পদ গ্রহণ করিবেন।

সর রবার্ট নেপিয়র এইমাত্র লণ্ডনে উপনীত হইয়াছেন। যখন তিনি পারিস হইয়া আগমন করেন, তখন তত্রত্য ইংরাজেরা তাঁহাকে এক অভিনন্দন প্রদান করিয়াছেন। এতদুত্তরে সর রবার্ট নেপিয়র বলিয়াছেন, প্রত্যেক সৈনিক প্রশংসনীয় সাহস অধ্যবসায় ও আত্মসুখত্যাগ করাতে গত যুদ্ধে জয় হইয়াছে। উপসংহার কালে তিনি বলিলেন, বন্দীদিগকে মুক্ত করিবার নিমিত্ত যত না হউক, ইংলণ্ডকে অপমান করিলে তিনি যে সেখানে সেখানে আত্মসম্মান রক্ষা করিতে পারেন তৎপ্রদর্শনার্থ আবিসিনিয়াতে সৈন্যপ্রেরণ করা হইয়াছিল।

৩রা জুলাই। পার্লিয়ামেণ্টের উভয় হাউসের সভ্যগণ একবাক্য হইয়া আগ্রহাতিশয় সহকারে আবিসিনিয়ার যুদ্ধে জয়ের কারণ সর রবার্ট নেপিয়রকে ধন্যবাদ দিয়াছেন। সেনাপতি মেয়ার ওয়েদার, হিথ, ষ্টানলি, মালকম ও রসেলের নাম বিশেষরূপে উল্লিখিত হয়। আরল মালম্স বরি, আরল রসেল ও ডিউক অব কেম্ব্রিজ লার্ড হাউসে, এবং ডিস রেলি ও গ্লাডষ্টোন সাহেব কমান হাউসে বক্তৃতা করিয়া যুদ্ধার্থী সৈন্যদিগের বিশেষ প্রশংসা করিয়াছেন।

যখন এইসকল বক্তৃতা হয় তখন সর রবার্ট নেপিয়র কমান হাউসে উপস্থিত ছিলেন। সেনাপতি উঁহাকে সর রবার্টের রাজ্ঞীর সহিত সাক্ষাৎ করিয়াছেন। এমত জনশ্রুতি সর রবার্ট নেপিয়রকে পিয়র করিয়া সাহেব পদোচিত সম্মান রক্ষার উপযোগী বৃত্তি নির্দ্ধারিত করিয়া দেওয়া হইবে।

১লা জুলাই এক পত্র লিখিয়া সর ষ্টাফোর্ড নার্থ কোর্ট আবিসিনিয়ার যুদ্ধের জয় নিবন্ধন সর রবার্ট নেপিয়রকে রাজ্ঞীর কৃত ধন্যবাদ দিয়াছেন।

যেসকল লোক মহাসভায় প্রতিনিধি নীত করিবার স্বত্ব পাইবেন, তাঁহাদিগে রেজিষ্টারি করিবার বিল শীঘ্র বিধিবদ্ধ নিমিত্ত প্রস্তাব হইয়াছে।

৬ ই জুলাই। ওয়েলসের রাজকুমারীর কন্যা হইয়াছে। কন্যা ও মাতা উভয়েই আছেন।

সর রবার্ট নেপিয়রের একখানি পত্র লিখিত হইয়াছে। আবিসিনিয়ার যুদ্ধের ও ফল বর্ণনার সময়ে তিনি বলিয়াছেন, সিনিয়ার রাজাদিগের স্বত্বের উপরে হস্তাপ করিয়া ইংলণ্ড স্বকার্য্যসাধন করিয়া এক্ষণ অবধি আবিসিনিয়ার সৌভাগ্য হইল।

সম্রাট নেপোলিয়ন বিস্তর ফরাশী সৈ বিদায় দিয়াছেন।

পোপ সম্প্রতি যে বক্তৃতা করিয়া বারণ বনবিউষ্ট তাহার প্রতিবাদ করিয়াছে

অষ্ট্রীয় সেনাদলের ৩৬০০০ সৈন্যকে ইয়া দেওয়া হইয়াছে।

মিলানের ডিউককে সার্দ্দিয়ার রাজা ব ঘোষণা করা হইয়াছে।

৪ ঠা জুলাইয়ের এক টেলিগ্রাম নিউ হইতে আসিয়াছে। ইহাতে প্রকাশ করে, পতি জনসন যাবতীয় ভূতপূর্ব্ব বিদ্রো ক্ষমা করিয়াছেন।

গর্ণমেণ্ট বিজ্ঞাপন।

লেপ্টনণ্টগবর্ণরের
আদেশানুসারী
নিয়োগ।

১ লা জুলাই। এ, ইয়াউনি সাহেব ভা পুরের এক জন মিউনিসিপাল কমিসনর হইবে

নিম্নলিখিত ব্যক্তিরা চট্টগ্রামে মিউনিসি কমিসনর হইবেন।

এফ, ডবলিউ, আর, কাউলি ও এ, কিসন সাহেব।

কাউলি সাহেব আরও উক্ত মিউনিসি লিটির সহকারী সভাপতি হইবেন।

টী, ডি, বাইটন সাহেব ময়মনসিংহের বি শিক্ষাসভার সভ্য হইবেন।

বাবু অম্বিকাচরণ মিত্র দিনাজপুরের অন্ত গঙ্গারামপুরের মুন্সেফ হইবেন।

বাবু যদুনাথ রায় দিনাজপুরের অন্ত ঠাকুরগ্রামের মুন্সেফ হইবেন।

...গরের ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি কালে...
...লি ঈশ্বরীপ্রসাদ রায় প্রথম শ্রেণীর অধীন...
...ষ্টেটের ক্ষমতা পাইবেন।
...লিউ, মাকফরন সাহেব কটকের প্রতি-...
...সিবিল ও সেসিয়ন জজ হইবেন।
...রা জুলাই। নিম্নলিখিত ডেপুটি মাজি-...
...ও ডেপুটি কালেক্টরদিগকে পশ্চাল্লিখিত...
...নিযুক্ত করা গেল।

...বীনচন্দ্র সেন বি, এ,	যশোহরে।
...যোগেশচন্দ্র মিত্র বি, এ,	মালদহে।
...দেবেন্দ্র নাথ বসু	বালেশ্বরে।
...হরিচৈতন্য ঘোষ	চট্টগ্রামে।

...বরেণ্ড জে, এচ, উইলকিন্সন দেবরগড়ের ...শিক্ষাসভার সভ্য হইবেন।

...ই জুলাই। যত দিন আর এস, মাক্সল্স্...
...বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত...
...এচ. এ. কক্রেল সাহেব রেবেনিউ বোর্ডের ...নিধি জুনিয়র সেক্রেটারি হইবেন।
...ত দিন এচ. এ, কক্রেল সাহেব সরকারী ...াপলক্ষে স্থানান্তর থাকিবেন তত দিন এ ...জলস সাহেব ত্রিহুতের প্রতিনিধি মাজি ...ও কালেক্টর হইবেন।
...ই, এম, বারবর সাহেব ত্রিহুতের প্রতিনি ...ষ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হই

...ন ডবলিউ, এস, ওয়েলস সাহেব ...ইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন ...ই. আলেকজাণ্ডার সাহেব রাজসাহীর ...নি এ মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।
...ত দিন ডব লিউ. বি, জি, টেলার সাহেব ...লইয়া অনুপস্থিত থাকিবেন তত দিন ...ও. হাক্স সাহেব পাবনার প্রতিনিধি মাজি ...ও কালেক্টর হইবেন।
...ত দিন লেপ্টনন্ট কর্ণেল ই, ট, ডালটন ...র কার্য্যোপলক্ষে কিয়ঝোড়ে অনুপস্থিত ...থাকেন তত দিন ছোটনাগপুরের বিচার ...ও রাজস্বসম্বন্ধীয় কমিসনর কর্ণেল জে, এফ, ...লাস ব্যতীত ভিন্ন কমিসনরের ক্ষমতা ...বেন।
...জপুরের অতিরিক্ত জজ তথায় সেসিয়ন ...র ক্ষমতা পাইবেন

...ই জুলাই। ২৫ জুন অবধি জি, এল, ...রিস সাহেব বগুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ...ডপুটি কালেক্টর হইয়াছেন।
...ত দিন এল, আর, টটেনহাম সাহেব বিদায় ...অনুপস্থিত থাকেন, তত দিন হারিস সাহেব হাবড়ার প্রতিনিধি মাজিষ্টেট ও কালেক্টর হইয়া ১৮৫৯ অব্দের ১০ আইন ও ১৮৬২ অব্দের ৬ আইনের মকদ্দমার আপীল শ্রবণ করিতে পারিবেন।

২৫ এ জুন অবধি সি, এ, কেলি সাহেব মুরসিদাবাদে দ্বিতীয় শ্রেণির জাইণ্ট মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন।

ভাগলপুরের ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর মৌলবী মহম্মদ ইসাক মাজিষ্টেটের ক্ষমতা পাইবেন।

—:০:—

আমাদিগের গোয়ালিয়রস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

১। গত ২২ এ জুন এখানে চৌর্য্যের দৌরাত্ম্যের কথা যাহা লিখিয়াছি, অদ্যাপি সম্পূর্ণরূপে তাহার নিবৃত্তি হয় নাই। এখনও চুরর কথা শুনিতে পাওয়া যায়। আমরা দেখিতেছি, পুলিষের লোকেরা এই চৌর্য্যের প্রাদুর্ভাবসূত্রে অনেক দোষীকে নির্দ্দোষ ও নির্দ্দোষীকে দোষী করিয়া বিলক্ষণরূপে স্বার্থ সাধন করিতেছে. কোন ব্যক্তি কোন বিষয়ের জন্য আদালতে মকদ্দমা করিতে ইচ্ছা করিলে সামর্থ্যের অভাবে ও আমলাগণের চক্রান্তে পড়িয়া সে মোকদ্দমা হয় তো বিচারপতির গোচর করিতে পারে না। মহাশয়, এই একটী ক্যাণ্টনমেণ্টমধ্যে শান্তি ভঙ্গের ব্যাপার দেখিয়া বাস্তবিক অবাক্ হইয়াছি। এ দিকে চৌকীদারী ট্যাক্সের মহাধুম, পদে পদে গৃহস্থগণকে ট্যাক্স আদায়ীরা বিরক্ত করিতেছে, ও দিকে ত গৃহস্থের দ্রব্যাদি রক্ষা হওয়ার এই শ্রী, ও দিকে বাজার চৌধুরী বাজার সার্জ্জেণ্ট বাজার ইজারদার ইহারা সর্ব্বে সর্ব্বা হইয়া লোকের আহার্য্য ব্যবহার্য্য দ্রব্যাদি স্বচ্ছন্দরূপে প্রাপ্তিবিষয়ে বঞ্চিত করিতেছে। পূর্ব্বেই লিখিয়াছি যে আগ্রা অপেক্ষা এখানে দ্বিগুণ ও ত্রিগুণ মূল্যে দ্রব্যাদি বিক্রয় হয়। বাজার চৌধুরী ও বাজার সার্জ্জেণ্ট সামান্য বেতনে যেরূপ বড় মানুষী ধরণে থাকে তাহা দেখিয়া অবাক হইতে হয়। মহাশয়! আপনি যদি কিছু কালের জন্য এস্থানে আসিতে পারেন তাহাহইলে বিশেষ রূপে জানিয়া গবর্ণমেণ্টের চক্ষু খুলিয়া দিয়া এখানকার অনেক উপকার করিতে পারেন। সকল মনরেগুলেটের প্রভিন্সে (নিয়ম বহির্ভূত প্রদেশে) কি এইরূপ গোল মাল। আমার মতে যখন এদেশ অদ্যাপি সম্পূর্ণরূপে অসভ্যাবস্থায় রহিয়াছে এবং দস্যু বৃত্তিই অত্রত্য ইতর লোকের জীবনো-

পায়, তখন এখানে বহুদর্শী বিচক্ষণ স্বার্থহীন রাজনীতিজ্ঞ বিচারপতি ও কর্ম্মচারিগণ নি...জিত করা উচিত। কিছু দিন হইল, হিন্দু পে...য়ট কোন কাগজ হইতে ক্যাণ্টনমেণ্ট মাজি...ষ্টের মেথরগিরি হইতে ঠাকুরসেবাপর্য্যন্ত ক...বিবরণ উদ্ধৃত করিয়া বলিয়াছিলেন যে ...শীঘ্র ক্যাণ্টনমেণ্ট মাজিষ্টেটগণের পরিব...সিবিল মাজিষ্টেট নিযুক্ত হইবে ততই ভা...

এখানকার বর্ত্তমান ক্যাণ্টনমেণ্ট মাজি...অতি ভদ্র, মিষ্টভাষী, সহাস্যবদন ও অমায়ি...আমরা তাঁহার ভদ্রতায় বিশেষ সুখী হইয়াছি...দোষীর নিকটে যে মহদ্ভয়ং বজ্রমুদ্যতং...হইলে বিচারপতির ন্যায়ানুযায়ী কার্য্য করা...না, শুনিতে পাই সে বিষয়ে ইহাঁর তাদৃশ ...নাই। এমন কি স্বার্থপর পক্ষপাতী পুরাতন ...চারীরা ইহাঁকে যে বিষয়ে যেরূপ বুঝায় ...তেই তৃপ্ত থাকেন। প্রার্থনা যে তিনি কর্ম্মচ...গণের কুহকে না পড়িয়া পর্ব্বতের ন্যায় অ...ভাবে থা কয়া বিচক্ষণতা সহকার কার্য্য করে...তাহা হইলে এখানকার অনেক দৌরা...কমিয়া যায়।

সে দিন মহারাজের পুলিষের সুখ্যাতি কি...যাহা লিখিয়াছি বিশেষ অনুসন্ধানদ্...তাহার যথার্থতা বিষয়ে নিশ্চিন্ত হইয়া সুখী...লাম। ইহাঁর রাজধানীমধ্যে লোকসংখ্যা ...নহে কিন্তু চৌর্য্যের নামমাত্র নাই বলিলেও ...ইহাঁর রাজধানী মধ্যে যত লোক আছে তা...কে কি কর্ম্ম করে, কাহার কত পরিবার, তা...দের কিরূপ ভাবে সংসার চলে ইত্যাদির বি...সন্ধান লওয়া হয়। যদি কোন পরিবারের ...য়ের অপেক্ষা ব্যয়ের আধিক্য দেখা যায় তবে ...শেষ বিশেষ লোকদ্বারা কিরূপে সেই ...নির্ব্বাহ হইতেছে ইহার সন্ধান লওয়া হয়...সঙ্গোচিত প্রমাণদ্বারা যদি গৃহস্বামীর অন্য...পার্জ্জনের প্রমাণ পাওয়া যায় তাহাহইলে ...চিত দণ্ডের দ্বারা তাহার প্রতিবিধান করা...

পুলিষের গোচর না করিয়া বাহির হ...কোন অপরিচিত ব্যক্তি রাজধানীমধ্যে এক...ত্রিও অবস্থান করিতে পারে না। ইহাতে ...অনেক সময়ে ভদ্রলোকের কিছু কষ্ট হয়...বোধ হয় এরূপ কঠিন নিয়ম থাকাতে চৌ...ষ্কর্ম্মের প্রভাব হইতে পারে না। ইহা ...প্রতিগ্রামের এক এক মোড়লের ...সেই সেই গ্রামের শান্তিরক্ষার ভার অ...থাকাতে প্রায় সকল গ্রামগুলিই শান্তিনিকে...উপযুক্ত বিদ্বান রাজনীতিজ্ঞ মন্ত্রী ...কর্ম্ম...অভাবে দেওয়ানিবিভাগের ...তাদৃ...শৃঙ্খলা নাই, নতুবা যেরূপ শুনিতে

জারা অন্যান্য অনেক বিষয়ে সচ্ছন্দে আছে, লিসে যে সকল কর্ম্মচারী আছে, তা- রা রক্ষক এই ছাউনির ন্যায় তক্ষক নহে, কা- ই কোন গোল নাই।

২। মহাশয়, সব আসিষ্টাণ্ট সার্জ্জনের জন্য মপ্রকাশে কএকবার লেখা হইয়াছিল, দিনা- জেটেও একবার লেখাতে সম্পাদক মহাশয় গ্রহ করিয়া গবর্ণমেণ্টকে আমাদের প্রার্থনা কারতে অনুরোধ করিয়াছেন, সুচিকিৎসক াবে এখানে আমাদের আত্মীয়েরা আর ব- লইয়া থাকিতে পারে না। সংপ্রতি াদের একটী বন্ধুর স্ত্রী প্রসবের পর সুতিকা গে আক্রান্ত হন। বন্ধুটী অল্পবয়স্ক, তাঁহার স্ত্রী প্রথম প্রসূতা, তাহাতে এমন কেহ বহুদর্শী ত্মীয় তাঁহার নিকটে নাই যে এ অবস্থায় কি া থাকতে হয় বলিয়া দেয়। উত্তম বন্দোবস্ত াবে অজ্ঞাতসারে পীড়াবৃদ্ধি হইলে তাম- াযমাণে হিন্দুস্থানী নেটিব ডাক্তরকে আ ত বাধ্য হইলাম, সে রোগের কিছুই উপশম তে পারিল না, বরং বৃদ্ধি হইল। অবশেষে জন ইংরাজ ডাক্তরকে আনা হইল, কিন্তু পীড়া দুরারোগ্য হইয়া উঠিয়াছে, জ ডাক্তার কি করিবেন, ৭।৮ দিনের শিশুকে ায় ফেলিয়া জননী চলিয়া গিয়াছেন। আ আদ্যোপান্ত দেখিলাম কেবল উত্তম রূপে ংসা না হওয়াই তাঁহার মৃত্যুর কারণ। মহা- আমরা বৎসামান্য কর্ম্মের প্রত্যাশায় এই শে আত্মীয় স্বজন ছাড়িয়া আসিয়াছি, ব গবর্ণমেণ্ট কি আমাদিগের এইসকল কষ্ট রিবেন না? একজন সব আসিষ্টাণ্ট সার্জ্জ- কি গবর্ণমেণ্টর আয়ের কিছু লঘুতা হইবে: নে পাহলক ওয়ার্ক ও কমিসরিএট টমেণ্ট ন্যায্যতিরিক্ত যে অসঙ্গত অর্থ গ্রাস তছে তাহাতে অনেকগুলি সব আসিষ্টাণ্ট ক হইতে পারেন!!!

৩। এখানে শবদাহের নিমিত্ত যে শ্মশান নির্দ্দিষ্ট আছে, তথায় যাহারা শব লইয়া তাহাদিগকেও প্রায় শব হইতে হয়। এক ল-বারিহীন প্রান্তরমধ্যে যেখানে একটী ানব দৃষ্টিগোচর হয় না সেই খানে বাড়ী কাষ্ঠাদি সকল বহন করিয়া লইয়া যাইতে তৃষ্ণায় ছাতি ফাটিয়া গেলেও সহজে একটু ল পাইবার যো নাই।

খানকার অধিবাসীরা অনেক বিষয়ে মিথ্যা য় করিতে কাতর নহেন। অল্প অর্থে যে স্থানে একটী বৃক্ষ ও একটী গৃহ নির্ম্মিত করা যায় সে বিষয়ে কাহারও উদ্যোগ ও যত্ন নাই।

—:•:—

আমাদিগের গাজিপুরস্থ সংবাদ দাতা লিখিয়াছেন।

এখানে একটী বৃহৎ আফিমের কুঠী আছে। ইহাকে সদর কুঠী কহে। চারি দিক হইতে আফিমের আমদানি হইয়া এই স্থানে সংগ্রহ হয়। এপ্রেল মাসে এই আফিমের পরিমাণ আরম্ভ হয় এবং জুন মাসের শেষে সমাপ্ত হয়। এই সময়ে গাজিপুরে লোকারণ্য হয়। এই সময়ে প্রায় প্রত্যহই ১৪,০০০ আফিমের উৎপাদকের সমাগম হয়। এই সময়ে চারি দিক হইতে বাঙ্গাল বাবুরা ঠিকা লিখিতে এই খানে আগমন করেন। এ বার আফিম কিছু কম হইয়াছে, তথাপি প্রায় ৩০,০০০ মণ ওজন হইয়াছে এবং অযোধ্যা হইতে এখনও আফিমের চালান আসিতেছে। এই আফিম হইতে গবর্ণমেণ্টের ৪ কোটি টাকারও অধিক লাভ হয়।

১৮০৪ অব্দে লর্ড কর্ণওয়ালিস সাহেব এই স্থানে পঞ্চত্ব প্রাপ্ত হন। এই স্থানে ইঁহার একটী অতি বৃহৎ মসলিয়ম (গোর) আছে। ইহা সহরের পশ্চিম কোণস্থিত এবং চারিদিক উত্তম উত্তম উদ্যানের দ্বারা বেষ্টিত। এই স্থানটি অতি রমণীয়।

এই সময়ে এ স্থানে অত্যন্ত সর্পের ভয় হইয়া থাকে। গত সপ্তাহে তিন জন লোকের সর্পাঘাতে মৃত্যু হইয়াছে।

এ বার এখানে এখনপর্য্যন্তও বৃষ্টি হয় নাই। এরূপ অবস্থা যদি আর কিছু দিন থাকে তাহা হইলে মনুষ্য এবং শস্যের পক্ষে অত্যন্ত অনিষ্ট হইবে সন্দেহ নাই।

—:•:—

আমাদিগের শ্রীহট্টের সংবাদদাতা লিখিয়াছেন।

১। অত্রত্য অন্যতর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু বিজয়মাধব মুখোপাধ্যায় এবং অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর মৌলবী দেলওয়ার আলী খাঁ এ বার পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। শেষোক্ত ব্যক্তি পূর্ব্বে এখান কার "কাজী" ছিলেন।

২। সাধারণতঃ বর্ষাকালে এখানকার পথগুলি কর্দ্দমময় হইয়া থাকে। এ বর্ষে মিয়াধার বৃষ্টি হওয়াতে আরো কদর্য্য হইয়াছে। এমন কি, রাছে। আমাদিগের পথের সংস্কারকর্ত্তা কি নাই?

৩। রথের সময় এখানে মন্দ আমোদ হ- য়রত হুই এ বার রথাধ্যক্ষ ও দর্শকদিগকে ষ্টতে বঞ্চিত করিয়াছে।

৪। গত সোমবার রাত্রি প্রায় বারটা এখানে বিলক্ষণ ভূমিকম্প হইয়া গিয়াছে

—•—

আমাদিগের দোরস্থ সংবাদ দ লিখিয়াছেন।

১। মহাশয়! আমার সন ১২৭২ বা সাল আর্দ্ধদর্শন দিয়া আমাদিগের সৌ বশতঃ প্রতিগমন করিল। এতদ্দেশের প্র ক্ষের দুরবস্থার কথা কি কহিব। গত সন সালের প্রবল বন্যার করাল গ্রাসোচ্ছিষ্ট গণ বহু কায় ক্লেশে দয়ালু গবর্ণমেণ্টের ব কটাক্ষ এবং তৎকালীন ইজারদার শ্রীযুক্ত জয়নারায়ণ গিরি ও তাঁহার নায়েব শ্রীযুক্ত সুখতরাম প্রধান মহাশয়দ্বয়ের সাহায্যে ঞ্চিৎ প্রাণধারণ ও দুর্ভিক্ষরূপ প্রবল কর হইতে আত্মরক্ষা করিয়া বাসোপযুক্ত নির্ম্মাণ করিয়াছিল। কিন্তু পুনরায় গত ক মাসের অভূতপূর্ব্ব ঝটিকায় তাহা নির্ম্মূল হ বিধিবোপায়াবলম্বনদ্বারা অধিকাংশ ব্যক্তি দেয়াল সম্পূর্ণরূপে প্রস্তুত হইয়াছিল, তৃণাচ্ছাদন করাই হয় নাই। এমত সময় ব্যাপিনী মহাপ্রলয়রূপধারিণী উপস্থিত আপন জলধারারূপ তীক্ষ্ণঅস্ত্রদ্বারা তা গের গৃহের দেয়ালের সহিত ও রোপণ ধান্য বৃক্ষের সহিত এক ঘায়ে আশালতা ছে করিয়া দিয়া গিয়াছে। এখানকার প্রজার একমাত্র জীবনোপায়, তাহারই যখন ব্যাঘাত জন্মিল, তখন তাহারা আর কিসে ধারণ করিবে? গত ১২৭২ সালের বন্যার শ্রীযুক্ত বাবু জয়নারায়ণ গিরি ইজার দার ম এখানকার একমাত্র অধিকারী এবং শ্রী বাবু সুখতরাম প্রধান মহাশয় এখানকার মাত্র নায়েব থাকাতে তাঁহারা আপন গোলার ধান্য বিতরণ করিয়া প্রজাগণের রক্ষা করিয়াছিলেন। কিন্তু অধুনা জমীদার দয়েরা বন্দোবস্ত লওয়াতে চয় জন অধি ও ৪ জন নায়েব হইয়াছেন। যদিও শ্রীযুক্ত মহাশয়ের কিয়দংশ অধিকার আছে, এবং শ্রীযুক্ত প্রধান মহাশয়ের পুত্রদ্বয় দুই অং নায়বী পদে অধিষ্ঠিত আছেন বটে কিন্তু মহাশয় এক আনা মাত্র অধিকারী এবং এ

রয়য় ৵১০ আড়াই আনার নায়েব, তা-
তাঁহারা সমুদায় প্রজার সাহায্য করণে
পে সমর্থ হইবেন? তথাপি তাঁহারা গত-
প্রায় সমুদায় নিকটস্থ এবং কতকদূরস্থ
গণকে ধান্যরোপণজন্য বীজ ও তদানুষ-
বায় নির্ব্বাহজন্য টাকা কর্জ্জ ও দান দিয়া
প উপকার করিতেছেন, যদ্যপি বাকী ৮/১০
র জমিদার মহাশয়েরা তত না হউক তাহার
ংশ করিতেন, তাহা হইলে অনেক উপকার
। ভূতপূর্ব্ব কালেক্টর শ্রীযুক্ত হর্শেল সাহেব
দয় দয়ালুস্বভাব হইয়াও আমাদিগের
াবশতঃ জমীদারগণকে এই দোরোস্ত বন্দো
দিবার সময় "সাজার মা গঙ্গা পায় না"
জনপ্রবাদটী স্মরণ করেন নাই, তাহা হইলে
দিগকে এমত দুরবস্থায় কদাচ পতিত
ত হইত না। উক্ত জনপ্রবাদের যাথার্থ্য
াক্ত বিবরণে বিলক্ষণ সপ্রমাণ হইয়াছে।
ও ২।১ টী কারণের নির্দ্দেশে প্রবৃত্ত হইলাম
। এই শ্রীযুক্ত গিরি ইস্তারদার মহাশ
সময়ে প্রতিবৎসরেই যেখানে আবশ্যক
চনা হইত সেইখানেই বর্ষার প্রারম্ভের
র্ব্বাহ বাঁদসকলের উত্তমরূপ সংস্কার
ত। অদ্য দুই বৎসর তাহারও অনেক ত্রুটী হই
ছ। নায়েবেরা পরস্পর "আমি এই গ্রামে
ব তিনি উক্ত গ্রামে করুন" বলিয়া এক জন
ারম্ভ করিয়া দ্বিতীয় ব্যক্তিকে তদনুবর্ত্তী
ত না দেখিলে "আমি একা কেন ঠক"
চনা করিয়া অবশেষে তিনিও ক্ষান্ত হন।
ত এক গ্রামে সকলেই কার্য্যে প্রবৃত্ত হইয়া
লযোগ করিয়া ফেলেন। অতএব এক
কর উপর সকলে ভার না দিলে সুচারুরূপে
নির্ব্বাহ হওয়া সুকঠিন। বঙ্গদেশীয়েরা
ণ একতাগুণসম্পন্ন, তাহা কে না জানেন।
ও ইহাদের (নায়েবদের) মধ্যে কোন সং-
ক নায়েব একের প্রতি ভার সমর্পণের কি
ং লইবার অভিলাষ প্রকাশ করেন, অন্যান্য
য়ব মহাশয়েরা প্রশ্নকর্ত্তার কিছু লাভ আছে
চনা করিয়া এতদুভয়ের কিছুতেই সম্মত
না সুতরাং "ষাঁড়ে ষাঁড়ে যুদ্ধ হয় ক্ষুণ্ণ
ণীর প্রাণ যায়" নায়েবে নায়েবে কি জমী-
র জমীদারে পরস্পর গোলযোগ হইয়া প্রজার
র্থ ঘটে। বিশেষতঃ উপস্থিত বর্ষায় ইস্তারা
লাবশিষ্ট পুরাতন এবং জমীদারকৃত সুতন
দসমুদায় ভগ্ন হইয়া গিয়াছে, ভূমি সুচারুরূপে
পিত না হইবার ইহাও অন্যতর প্রধান কারণ
বার "মড়ার উপর খাঁড়ার ঘা" বলা বরাবর

এক দলভুক্ত হইয়া ভ্রমণ করে। শ্রীযুক্ত গিরি ইস্তারদার মহাশয়ের এই বরাহবধোপলক্ষে বাৎসরিক অন্যূন ১০০ টাকা ব্যয় হইত, কিন্তু এক্ষণে তাহা কে করেন! যিনি শিকারী আমি-বেন তাঁহাকেই তাহার সম্পূর্ণ বেতন দিতে হই বেক বলিয়া কেহ তাহাতে অগ্রসর হন না। শুনি লাম তজ্জন্য কোন সন্ধিবেচক নায়েব অপর নায়েবগণকে একমত হইয়া ৪ চারি জন শিকারী আনয়নমানসে পত্র লিখিয়াছেন। দেখা যাউক, তাঁহারা কি উত্তর দেন। ফলতঃ এসকল বিষয়ে সদ্ভদারমতি গবর্ণমেণ্ট কোন নিয়মস্থাপন না করিলে আর প্রজাগণের কোন উপায় নাই। অলমতি বিস্তরেণ।

—:০:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

বর্দ্ধমানের রাজাকে তোপদ্বারা সম্মান করা উচিত কি না, তাহা লইয়া তর্ক হইতেছে। কলিকাতার দুইখানি দৈনিক পত্র এ বিষয়ে রাজার আবেদনের অনুমোদন করিয়াছেন। আমরা বোধ করিতেছি, যখন ভূমির করবৃদ্ধি করিয়া চিরস্থায়ী বন্দোবস্তের মূলে আঘাত করা গবর্ণমেণ্টের উদ্দেশ্য হইয়াছে, তখন গবর্ণমেণ্টও রাজার সম্মতি লইয়া যাহা আড়ম্বর করিবার নিমিত্ত এইসম্মান প্রদান করিতে পারেন। বর্দ্ধমানের রাজা বঙ্গদেশের মধ্যে সর্ব্ব প্রধান ধনী না হউন, সর্ব্বপ্রধান জমীদার বটেন। সত্য বটে তাঁহা অপেক্ষা কলিকাতার শীল ও মল্লিকদিগের অধিক সম্পত্তি ও অধিক আয় আছে। রাজার জমীদারি পত্তনী বিলি আছে। প্রজার সহিত তাঁহার সাক্ষাৎসম্বন্ধে কোন সংস্রব নাই; অতএব তাঁহার আয় স্থিরতর রহিয়াছে। পক্ষান্তরে কলিকাতার ধনীদিগের সম্পত্তি ও আয় দিন দিন বৃদ্ধি পাইতেছে। তথাপি ইহাঁরা আধুনিক, বর্দ্ধমানের রাজা প্রাচীনবংশীয়; অতএব তাঁহার সম্মান অধিক তাহা অবশ্য স্বীকার করিতে হইবে। কিন্তু তিনি যতই ধনী হউন না, জমীদারের অধিক আর কিছুই নহেন। তাঁহার কোন পূর্ব্ব পুরুষ স্বাধীন রাজার ক্ষমতা চালন করেন নাই; তাঁহাদিগের কেহই কখন শাসনকর্ত্তা ছিলেন না। বীরসিংহরায় সুন্দরকে বধ করিবার আজ্ঞা দিয়াছিলেন বটে, কিন্তু তাহা রাজা বলিয়া নহে; সে সময়ে স জমীদার ঐ প্রকার হত্যা করিতে পারিতে মুসলমান সম্রাটেরা ইহাতে বড় উচ্চ ক করিতেন না। ইদানীন্তন কালে শীলকু গুদামবন্ধ ও শ্যামচাঁদ বন্দোবস্ত করি বলিয়া যদি তাঁহাদিগকে মাজিষ্ট্রেট বলা তবেই বর্দ্ধমানের পূর্ব্বতন রাজাদিগকে য শাসনকর্ত্তা বলিতে পারি। এক্ষণে এরূপ হইবে কোন জমীদারকে এ সম্মান দেওয়া উচিত না? আমরা দুঃখসহকারে বলিতেছি শ কারী রাজা ও রাজবংশীয়ব্যতীত এ স আর কাহাকে দেওয়া উচিত নহে। এক এই সীমা অতিক্রম করিলে গবর্ণমেণ্ট কো দণ্ডায়মান হইবেন? আর এক জন শ কর্ত্তা আসিয়া আর এক জন জমীদারকে সম্মান দিবেন; অতএব ক্রমশঃ দেও আদালতে না যাইবার স্বত্বের ন্যায় প্রায় কাংশ প্রধান শ্রেণির জমীদারের সম্মানে হইবে। এসকল সম্মান যাহাকে তা দেওয়া উচিত নহে; তাহা করিলে ইংল প্রথম জেমসের প্রদত্ত নাইট এবং সেণ্ট আ বিশ্ববিদ্যালয়ের উপাধির ন্যায় লোকে ই ছিছি করিবেন। যাহা ইংলণ্ডের পিয়রগণ না, মহারাজ মহাতাপ চাঁদ কিসে পাই তাহা আমাদিগের জানিতে বাকি আছে।

বর্দ্ধমানের রাজা বিজয়গ্রামের র দৃষ্টান্ত প্রদর্শন করিতে পারেন। মহারাজ পণ্ডিত জমীদার মাত্র, কিন্তু তাঁহার পূর্ব্ব যেরা শাসনকর্ত্তা ছিলেন। তথাপি তর্ক স্বীকার করিলাম, যেন বিশেষ স্থল বলিয়া জন জমীদারকে এই সম্মান দেওয়া এক্ষণে প্রশ্ন হইতেছে মহাতাপচাঁদ সেই স্থলীয় হইতেছেন কি না? যিনি ডিউ ওয়েলিংটনের ন্যায় দেশের বিশেষ উ করেন, তিনিই এই সম্মান পাইতে পা মাহাতাপচাঁদ কি করিয়াছেন? বর্দ্ধমান, প্রভৃতিতে যেসকল অতিথিশালাপ্রভৃতি তাহা তাঁহার পূর্ব্বপুরুষকৃত। তিনি ক সামান্য চিকিৎসালয় ও একটী মধ্যম শ্রেণির লয়ব্যতীত আর কি করিয়াছেন? কোন সেতু, কোন প্লাবিত গ্রামের সুতন গৃহ, প্রধান চিকিৎসালয়ের মূলধন, কোন বি লয়ের ছাত্রবৃত্তি, ও ব্যবস্থাপক সভার কো কারী আইন তাঁহার নাম ধারণ করে? স্বদেশীয়দিগের কোন কার্য্যেই সাহায্য না। তিনি বলিয়া বেড়ান, "আমি ভার সভাতে প্রবেশ করি নাই বলিয়া আমার

প্রকাশ করা হয়। * কেন প্রবেশ করা হয়
? এ কথার অর্থ এই হইতেছে, যে ভারত
য় সভায় এক দল গাদা আছেন; ইহাঁরা
ল বাহ্য আড়ম্বর ও বোকামী করিতে
। রাজা সেই সকলে হস্তার্পণ করিতে চাহেন
কিন্তু যদি কার্য্যের পরিচয় হয়, তাহ
ল ভারতবর্ষীয় সভাদ্বারা যে উপকার হই
ছ, তাহাতে তাঁহারা যথার্থই সর্ব্বসাধারণের
স্পদ হইয়াছেন। এসকল লোকের সাহায্য
রা ও স্বদেশীয়দিগের হিতকর কার্য্য হইতে
থাকা কি সমান নহে? রাজা যদি দোকান
ও আধুনিক জমীদারদিগের সহিত মিশ্রিত
া অপমান জ্ঞান করেন, তাহা হইলে তিনি
শীয়দিগের বর্ত্তমান সভ্যতাস্রোতের সম্মুখে
য়মান হইয়াছেন। এ সকল গৌরব আর
উচিত নহে এবং বঙ্গদেশে তাহা নাই।
খে কেবল বংশ ও ধনের মর্য্যাদা নাই;
া ও ক্ষমতার মর্য্যাদা সকল সম্মানের
ক্ষা উচ্চ আসন পাইয়াছে। এখন
তাপচাঁদের ন্যায় প্রাচীন ধনীকে লোকে
করেন না, অপেক্ষাকৃত দরিদ্র রমানাথ
রের নামে লোকের অশ্রুপাত হয়। দিগম্বর
এক জন আধুনিক লোক। রাজার প্রতি
দেশীয় লোকদিগের ভক্তি নাই। এটী
নিবন্ধন নহে, সর্ব্বসাধারণ ঈর্ষ্যাপরবশ
ত পারেন না। রাজা ভারতবর্ষীয় হইয়া
তির প্রতি ঘৃণাপ্রকাশ করেন। তিনি
রোপীয় রুচি ইউরোপীয় ব্যবহার ও ইউরো
দিগের সহবাস ভাল বাসেন। কেবল ইহাই
ষয় নহে, কিন্তু স্বদেশীয়দিগকে তুচ্ছ
া বিদেশীয়দিগের আরাধনাই দোষের
ছে। স্বদেশীয় কোন ব্যক্তি কোন সাধারণ
কারী কার্য্যের নিমিত্ত চাঁদা চাহিলে
তত দেন না; কিন্তু সেইদিবস কয়েক সহস্র
ব্যয় করিয়া কয়েকটী ইউরোপীয় কবর
র করিয়াছেন। তিনি স্বদেশীয়দিগকে
না। ভারতবর্ষীয়গণও তাঁহাকে তুচ্ছ জ্ঞা
। কেহই তাঁহার অর্থের প্রার্থী নহেন;
নিত যে ক্ষমতা আছে, তাহা তিনি সাধা
র্থ বিনিয়োজিত করেন, ইহা সকলে
করিয়াছিলেন। তিনি এ আশা সম্পূর্ণ
ত পারেন নাই। তিনি নামে ভারতবর্ষীয়
তঃ তিনি রাধাকান্ত দেব প্রভৃতির ন্যায়
শ্রদ্ধাস্পদ হইবার কোন কাজ করিয়া
এতএব তাঁহাকে সম্মান করা আর
মান করা সমানই হইতেছে, তাঁ-

—২২২—

হার সম্মানের প্রতিবন্ধকতার প্রকৃত কারণই এই। তিনি জমীদারমাত্র, এটী সেই প্রতিবন্ধকতার একটী হেতুমাত্র হইয়াছে। আমাদিগের মত এই হইতেছে মহাতাপচাঁদকে তোপের সম্মান দেওয়া কোন মতে কর্ত্তব্য নহে। যখন শম্ভুনাথ পণ্ডিত প্রথমতঃ প্রধানতম বিচারালয়ের আসনে উপবেশন করেন, তখন দেশের এক সীমা অবধি অপর সীমাপর্য্যন্ত আনন্দধ্বনি হয়। মহাতাপচাঁদের সম্মানে দম্ভস্ফুরণ হইতেছে!! শ্রীবিঃ—

ইংলিসমান ও ইণ্ডিয়ান ডেলি নিউস উভয় সমাচারপত্র পাঠে জানা গেল যে, বর্দ্ধমানের মহারাজাধিরাজ বাহাদুর সম্ভ্রমসূচক চিহ্নস্বরূপ তোপধ্বনি সেলামি পাইবার জন্য গবর্ণমেণ্টে প্রার্থনা করিয়াছেন। আমাদের স্মরণ ছিল না যে, মহারাজ বাহাদুর ঐ রূপ সেলামি পাইতেন না; কিন্তু তাঁহার বংশের এবং বঙ্গ রাজ্যমধ্যে তাঁহার তুল্য ধনী ও তিনি যে পরিমাণে রাজস্ব রাজকোষে বর্ষে বর্ষে দিয়া থাকেন, তদ্রূপ দ্বিতীয় ব্যক্তি না থাকাতে ঐরূপ সেলামি তাঁহাকে না দেওয়াতে বঙ্গ রাজ্যের প্রতি রাজপুরুষদের অশ্রদ্ধাপ্রকাশ হইতেছে। বাঙ্গলা দেশের তুল্য রাজভক্ত প্রজা ও ঐ দেশের তুল্য রাজকর আয়ের আকর ভারতবর্ষের মধ্যে আর নাই। স্বাধীন ভূস্বামী অন্যদেশে না পাওয়ার কারণ এই যে, ব্রিটিশ গবর্ণমেণ্ট রাজ্যারম্ভেই সমস্ত দেশ নিজ কর্ত্তৃত্বাধীনে আনিয়া নিজ নিযুক্ত কর্ম্মচারিদ্বারা রাজ কার্য্য চালাইতেছেন। কিন্তু উত্তর পশ্চিমাঞ্চলে এবং মান্দ্রাজ ও বোম্বাই দেশে অনেক পুরাতন রাজা এপর্য্যন্ত স্বাধীনাবস্থায় আছেন। ফলতঃ তদ্দ্বারা বঙ্গদেশের ও অপর রাজ্য খণ্ডের পুরাতন অথচ ধনী রাজগণের সম্মান পূর্ব্বে যেরূপ ছিল, তাহার প্রভেদ হওয়া অনুচিত। বর্দ্ধমানের রাজবংশ অতি পুরাতন ও ব্রিটিশ রাজ্যের পূর্ব্বে তদ্বংশের স্বাধীনতা, উত্তর পশ্চিমাঞ্চলের অনেক রাজা যাঁহারা ঐ পর্য্যন্ত সেলামি পাইয়া আসিতেছেন, তাঁহাদের সঙ্গে কোন ক্রমেই বিভিন্ন ছিল না। দুর্ভাগ্যমাত্র এই যে, বঙ্গদেশের রাজগণের সম্পত্তি ব্রিটিশ গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীনে আসিয়াছে, কিন্তু উত্তর পশ্চিমাঞ্চলপ্রভৃতি স্থানের রাজগণ তদ্রূপ অবস্থায় এপর্য্যন্ত পতিত হন নাই, তাহাও কেবল দয়াক্রমে রহিয়াছে। কিন্তু তদ্ভিন্ন উভয় রাজগণের সম্মানবিষয়ে প্রভেদ করা বিচারসিদ্ধ হইতে পারে না। বর্দ্ধমানের জের তুল্য রাজকর ব্রিটিশ অধিকারের একক কেহ দেন না। প্রায় ৪০ চল্লিশ লক্ষ কর প্রতিবৎসর তিনি দিয়া থাকেন সকল রাজা এক্ষণে সেলামি পাইয়া থা তাঁহাদের মধ্যে অনেকেই তাঁহার তুলা নহেন। বিশেষতঃ ধনে মানে ও বিভ রাজ্যের মধ্যে বর্দ্ধমানের মহারাজ সর্ব্বশ্রে ভারতবর্ষের মধ্যে বঙ্গরাজ্য ইংলণ্ডের স্বরূপ। ইহাতে বঙ্গ রাজ্যের সর্ব্বশ্রেষ্ঠ য পশ্চিমাঞ্চলের বহুসংখ্যক সেলামি প যোগ্য রাজার সদৃশ সম্মানভাজন না করা মেণ্টের নিতান্ত অবিচার ও তদ্দ্বারা ব প্রতি গবর্ণমেণ্টের অশ্রদ্ধাপ্রকাশ হই এক্ষণে বর্দ্ধমানের সিংহাসনে যিনি অ আছেন, তাঁহার গুণ নানা অংশে আছে। ১৮৬২ সালে ইনকমটেক্স যে সময় চলিত হয়, তৎকালে বর্দ্ধমানের মহ সর্ব্বাগ্রে টাক্স দিতে সম্মতিপ্রকাশ করেন তাঁহার আয় সর্ব্বাপেক্ষা অধিক থাকায় শিরে টাক্সের ভার অধিক পড়িয়াছিল। তাঁহার সম্মতি কেবল মৌখিক ছিল না; যতঃ ঐরূপ সম্মতি দেওয়ার জন্য বঙ্গ প্রায় তাবৎ জমিদার তাঁহার প্রতি অ হইয়াছিলেন এবং ব্রিটীস ইণ্ডীয়া এশোসি অর্থাৎ যে সভার সাহায্যে হিন্দুপেট্রিয়ট সম্বাদপত্র প্রচলিত আছে তাঁহারা স মহারাজকে অবহেলা করিয়াছিলেন। হিন্দু য়ট উক্ত বিষয়ে যে গোলযোগের অ সম্প্রতি দিয়াছেন, তদ্দ্বারাও বোধ হয় যে, মহারাজের সম্বন্ধে পূর্ব্বদ্বেষ এপর্য্যন্ত বিস্মৃ নাই। যাহা হউক, বর্দ্ধমানাধিপতির দান ম ধন প্রত্যেক বিষয়ের প্রতি বিবেচনা ক তোপের সেলামি পাওয়ার যোগ্য পাত্র অপেক্ষা এদেশে আর নাই; অতএব গবর্ণ সমীপে আমাদের বিনয়পূর্ব্বক নিবেদন যে, মহারাজের প্রার্থনা গ্রাহ্য করিয়া বঙ্গরা প্রধান ব্যক্তির সম্মান বর্দ্ধিত করুন। শ্রী

বঙ্গীয়দিগের দৈহিক অবনতি।

বঙ্গদেশ ক্রমশঃ বিদ্যালোকে আলোকম
তেছে, এবং সভ্যতা সুখসচ্ছন্দতা সমৃদ্ধিপ্র
সৌভাগ্যচন্দ্র দিন দিন পরিবর্দ্ধিত হইয়া
বাসীদিগকে সমুজ্জ্বল করিতেছে বটে,
শোক, রোগ, দৌর্ব্বল্য, অকালবার্দ্ধক্য
অকালমৃত্যুপ্রভৃতি রাহুস্বরূপ হইয়া
সৌভাগ্য চন্দ্রকে গ্রাস করিতেছে, ইহা স

গ্য বিষয় নহে। ইহা দেখিয়া এদেশীয়েরা
শ্চিন্ত ও নিদ্রিত আছেন, অতিশয় দুঃখ ও
র বিষয়। কত দিনে তাঁহাদের নিদ্রাভঙ্গ
? দেশ যে উচ্ছিন্নযায়। আর কেন তাঁহারা
রত হউন এবং দেশরক্ষার সদুপায় করুন।
রক্ষণোপযোগী নিয়মগুলি প্রতিপালন
ও যাহাতে সর্ব্বত্র ও সর্ব্বলোকমধ্যে প্রচ
ও প্রতিপালিত হয়, তদ্বিষয়ে বিশেষ যত্ন-
হউন। দেশানিষ্টকর ভ্রমপ্রমাদাত্মক দেশা
কল সংশোধন করুন। অনেকসংখ্য বর্ত্ত-
রীতি নীতি সামাজিক ও সাংসারিক
আমাদের দৈহিক বলবীর্য্য হ্রাসের মূল

।
প্রথমতঃ বাল্যবিবাহ। অনেক মহাত্মা এই
কে বঙ্গবাসীদিগের বলবীর্য্যহ্রাস ও অকাল
অন্যতর কারণ বলিয়া উল্লেখ করেন।
কালে পরিণয়ক্রিয়া সম্পন্ন হইলে অশেষ
নিষ্ট হয়। স্বল্প বয়সে স্ত্রীসংসর্গ ও সন্তান
দন করিলে শারীরিক নিয়ম ভঙ্গ হয়। এই
ী পুরুষ উভয়েরই শরীর ক্রমে ক্রমে
বলবীর্য্যহীন এবং পরিণামে রুগ্ন হইয়া
অপরিপক্ক বীজে বৃক্ষ উৎপাদিত হইলে
সেই বৃক্ষ স্বল্পকালস্থায়ী হয়, অপরিণত
সন্তান উৎপন্ন হইলে সেইরূপ সেই সন্তান
হয়। সুতরাং স্বল্প দিবসমধ্যে মানব
সধরণ করিয়া অল্পবয়স্ক পিতা
ক অপার শোকসাগরে নিমগ্ন করে।
বিবাহটি যেমন দোষের, যৌবনাতিরিক্ত
ত্যধিক বয়সে উদ্বাহ হওয়ায় তেমনি
র। আমাদের দেশ অতিশয় গ্রীষ্ম ও উষ্ণ
। এখানকার লোক স্বভাবতই কাম ক্রোধ
রিপুগণের বশীভূত। অতএব অধিক
ত্যধিক বয়সে পরিণয় হইলে লোকসকল
কুক্রিয়ান্বিত ও কুস্বভাবাপন্ন হইতে পারে
তন্নিবন্ধন নানাপ্রকার শরীরনাশক সংক্র
ভৃতি রোগ জন্মিবার সম্ভাবনা থাকে।
মাতার দোষগুণের ফলাফল সন্তানে
অতএব তাঁহাদের স্নেহাস্পদ সন্তানেরা
জননীর কুক্রিয়ার শাস্তিস্বরূপ রোগ অধি
রিয়া কেহ অবিলম্বেই মৃত্যুমুখে পতিত
কেহবা বিকলাঙ্গ, হীনবীর্য্য ও অকর্ম্মণ্য
জীবিত থাকেন। অতএব পাত্র পরিণত
র্থাৎ পূর্ণযৌবনাবস্থ ও পাত্রী দ্বাদশ
র্ষ বা দ্বাদশবর্ষীয়া হইলে যদি বিবাহ হয়,
হইলে দেশের কতক মঙ্গল সম্ভাবনা।
তীয়তঃ আমাদের মূল বিবাহপ্রথাটিই বহু
ল। এখানকার লোক ব্রাহ্মণ শূদ্রাদি
নানা বর্ণে বিভক্ত। ইহাঁরা আবার কুলীন শ্রোত্রিয়প্রভৃতি কএক শ্রেণীতে বিভক্ত। মৃত মহাত্মা বল্লাল সেন কুলীনের প্রথা প্রচলিত করেন। তিনি অতি সদভিপ্রায়েই এই প্রথাটি প্রতিষ্ঠিত করিয়াছিলেন তাহার সন্দেহ নাই। এক সময়ে এই প্রণালীটি মহোপকারিণী হইয়াছিল বোধ হইতেছে; কিন্তু এক্ষণে তেমনি ঘৃণনীয় ও ঘৃণাই হইয়াছে। বর কন্যার বয়স মনের গতি শারীরিক ও অন্যান্য অবস্থা বিশেষ বিবেচনা করিয়া বিবাহ দেওয়া পিতা মাতার কর্ত্তব্য; কিন্তু আধুনিক কুলীন সম্প্রদায় তদ্বিষয়ে কিছুমাত্র লক্ষ্য করেন না। ইহাঁরা সমান ঘরে আপন আপন সন্তানসন্ততির বিবাহ দিতে পারিলেই আপনাদিগের জীবন সার্থক জ্ঞান করেন। অন্যান্য বর্ণের কুলীন অপেক্ষা রাঢ়ীয় কুলীনব্রাহ্মণদিগের বিবাহপ্রথাটি দেশের বিশেষ অপকারক। ইহাদের মধ্যে কেহ কেহ দৈন্যনিবন্ধন, কেহবা অর্থলোভে একটী অল্পবয়স্ক খর্ব্বকায় শিশুর সহিত দীর্ঘাকারা হয় ত অধিকবয়স্কা কন্যা ত্রয়ের বিবাহ দিতেছেন। কেহবা স্বল্পবয়স্কা এক দুই তিন বা ততোধিক কন্যার, এক জন অধিক বয়স্ক বহু বিবাহিত মুমূর্ষু ব্যক্তির সহিত পরিণয়ক্রিয়া নির্ব্বাহ করিতেছেন। অন্যান্য বর্ণের শ্রোত্রিয় ও বংশজভাবাপন্ন ব্রাহ্মণ শ্রোত্রিয় ও বংশজদিগের বিবাহপ্রণালী অধিকতর অনিষ্টকর। ইহাদের মধ্যে বহু মূল্যে কন্যাবিক্রয়প্রথা প্রচলিত থাকাতে কেহ কেহ এই ব্যবসায়টিকে প্রকৃত ব্যবসায়স্বরূপ অবলম্বন করিয়া থাকেন। অন্যান্য পণ্যজীবীরা আপন আপন পণ্যদ্রব্য গুলিকে অধিক মূল্যে বিক্রয় করিতে পারিলে যেরূপ চরিতার্থতালাভ করেন, ইহাঁরাও আপন আপন কন্যাদিগকে অধিক মূল্যে বিক্রয় করিতে পারিলে সেইরূপ কৃতার্থ হন। অধিক অর্থ পাইলে কন্যাগুলিকে অপাত্রে অর্পণ করিতে অসম্মত হন না। অকৌলীন্য বংশজ ও শ্রোত্রিয়ের কন্যার পাণিগ্রহণ প্রায় শৈশবাবস্থায় হইয়া থাকে। পুরুষদিগের প্রায় প্রৌঢ়াবস্থায় ও বৃদ্ধাবস্থায় দারপরিগ্রহ হয়।

শ্রীরাঃ

—:০:—

মহাশয়! গত ৩রা আষাঢ় দিনাজপুরের শ্রীযুক্ত রাধাগোবিন্দ রায়বাহাদুর আপন পিতার শ্রাদ্ধ মহাসমারোহে সম্পন্ন করিয়াছেন। কলিকাতা, নবদ্বীপ, বর্দ্ধমান, মুরসিদাবাদ, বাকুলা, বিক্রমপুরপ্রভৃতি নানা দূরদেশস্থ ও স্থা পণ্ডিতগণের নিমন্ত্রণ হয়। সভাস্থ পণ্ডিত সভাবরণরূপে এক এক শাল ও এক এ বস্ত্র উত্তরীয় সহিত প্রদত্ত হইয়াছিল। বি পণ্ডিতগণের প্রত্যেককে খাদ্যদ্রব্য প্রায় ৫০ মূল্যের ও স্বদেশীয় পণ্ডিতগণের প্রত্যে ২০ টাকা মূল্যের দ্রব্য প্রদত্ত হইয়াছে। বি পণ্ডিতগণের বিদায় সর্ব্বশুদ্ধ ৩০০ টাকা ও শত্রু পণ্ডিতগণের বিদায় সর্ব্বশুদ্ধ ৪০ টা উপস্থিত পণ্ডিতের বিদায় ১৫ টাকা, ১ জোড়। ছাত্রবিদায় ১০ টাকা বস্ত্র ১ জো অনাহূত সূত্রধারিমাত্রের বিদায় ৩ ১ বনাত। ভট্ট ও বৈষ্ণবের বিদায় ৫ হ ৭ সাত বস্ত্র ও তৈজসপাত্র প্রদত্ত হয়। দুঃখী কাঙ্গালিগণের প্রত্যেককে এক ১ টাকা ও ফকিরদের প্রত্যেককে ১ ভঁ বদ্না ও ১ টাকা প্রদান করা হইয়াছে। শ্রাদ্ধে যেসকল রথা প্রভৃতি গমন কি ছিল, তাহাদের বাসের নিমিত্ত গৃহ নি হইয়াছিল এবং সকল লোককেই প্রায় দশ সের আহারদ্রব্য দেওয়া হইয়াছিল। কর্ম্মদি ব্রাহ্মণভোজনের ন্যায় কাঙ্গালি দীন অভ্যাগত যত লোক উপস্থিত ছিল, সক তুল্যরূপে মিষ্টান্ন ভোজন করান হইয়াছি এই সকল আগন্তুক ব্যক্তির বিদায়ের দীনাজপুর নগরস্থ সমুদায় লোককে ক্রমে এক শ্রেণি করিয়া মিষ্টান্ন জলপান করা তেছে। চেরিটেবল সোসাইটিতে দীন দু দিগের নিমিত্ত কতকটাকা প্রদত্ত হইবে শুনা হইয়াছে। (১)

ত্রিহুতে একটী কালেক্টরী আদালত আ আদালতটী বড় সামান্য নয়। অনেক লোক উহাতে প্রতিপালিত হইতেছেন পদানুরূপ কিঞ্চিৎ কিঞ্চিৎ সংস্থানও করিয়া কিন্তু কেমন ঈশ্বরের বিড়ম্বনা, চিরকাল ক রও এক ভাবে যাইতে দেখা গেল না। কর্ম্মের এমনি গুণ, কখনই অবগুণ্ঠনে থাকি পারে না। কেহ যে কখন চিরকাল পাপা করিয়া নিষ্কৃতি পাইবে, অসম্ভব। আজি বা দুদিন পরেই হউক অবশ্যই তাহাকে উ

(১) আমরা অনুরুদ্ধ হইয়া এই পত্র প্রচারিত করিলাম; কিন্তু যেসকল ব্যয়ে ব লের উৎসাহবর্দ্ধন হয়, তাদৃশ বিষয়ে উ দান করা আমাদিগের অভিপ্রেত নহে।

লভোগ করিতে হইবে। যে রাজ্যে, যে সংরে, অথবা যে গৃহে এক বার পাপরূপ ধুমকেতুর উদয় হয়, তাহার শ্রেয়ঃ কখনই নাই। ত্রোত উহা অচিরে ক্ষয়দশায় উপনীত হয়। কিছু দিন হইল, এক জন আমীন কোন বাঁটোয়ারির জরিপ করিয়া আসিয়া কালেক্টরের নিকটে হাজার হুণ্ডী (আমীনের প্রাপ্য জমা টাকা) ইবার আবেদন করেন, কালেক্টর সাহেব সেরেদার ও আমলাদিগকে জিজ্ঞাসা করিয়া ঐ বেদনপত্রে আমীনের যথাপ প্রাপ্য ৪১ টাকা তে সম্মতি প্রদান করেন। যৎকালে উক্ত দালতের সেরেস্তাদার ঐ অনুমতিপত্রদৃষ্টে ল কালীতে ডিপজিট পুস্তকে উক্ত টাকা থলিখিতে যান, তখন আমীন উপস্থিত আছে না জিজ্ঞাসা করিয়া অনুসন্ধান না পাওতেই হউক অথবা অন্য কোন কারণেই হউক দিবস ঐ টাকা দিতে অসম্মত হইয়া, পজিট পুস্তক আপনার নিকট রাখেন। ধর্ম্মের মন সূক্ষ্মগতি, ইচ্ছা না থাকিলেও দোষী ক্তি যেন আপনা হইতেই স্ব দোষ ব্যক্ত কতে প্রবৃত্ত হয়। তিন দিবসপরে যে ব্যক্তি দায় অনর্থের মূল, যাহার জন্যে আদালতে ুল আগুন লাগিয়াছে, সেই ব্যক্তি সহসা কি া ভাবিয়া, সেরেস্তাদারের নিকটে আসিয়া াষ ব্যক্ত করে। এ ব্যক্তি অত্রত্য আদাল র সহকারী একাউন্টেন্ট। ইহার নিকট ধনিউ সংক্রান্ত কাগজ পত্র থাকে। সেরে ার জানিয়া শুনিয়াও কোন কথা কাহাকে ন নাই; বরং গোপনে রাখিয়াছিলেন। এখানকার সুযোগ্য ডেপুটি মাজিষ্ট্রেট পাল বাবু কোন সূত্রে ঐ গোলযোগের য় কর্ণগোচর করিয়া কালেক্টরকে অবগত ন। তাহাতে কালেক্টর সাহেবের বিষম দেহ উপস্থিত হওয়াতে তিনি অনুসন্ধান য়া দেখেন, যে ঐ আমীনের ৪১ টাকার ৫৪১ টাকা জাল করা হইয়াছে। ইহা দেী কালেক্টর সাহেব তৎক্ষণাৎ উক্ত ব্যক্তিহাজতে দেন এবং উহার কাগজ পত্র ানুপুঙ্খ রূপে পরীক্ষার্থে সেরেস্তাদরের উপর র্পণ করেন। কএক বৎসরের কাগজপত্র খিয়া ইহার মধ্যে ২২০০ বাইশ শত টাকারও ক জালে বাহির হইয়াছে। এখনও কত ছ, বলা যায় না। ঐ সকল টাকা এক র লওয়া হয় নাই। সময়ে সময়ে ভিন্ন ভিন্ন য়ে বাহির করিয়া লইয়া আত্মসাৎ করা হই ছে। এই জালকাণ্ডে অনেকগুলি ধৃত হইয়া ছিলেন। কিন্তু মাজিষ্ট্রেটের বিচারে উক্ত ব্যক্তি ও অপর এক জন শেসনে সমর্পিত হইয়াছে।

শুনিলাম ঐ দোষী ব্যক্তি স্বমুখে নিজ দোষ স্বীকার করিয়াছে এবং কহিতেছে আদালতের অনেকে ঐ জালকাণ্ডে লিপ্ত আছে। যাহা হউক কালেক্টর সাহেবের এবিষয়ে বিশেষ অনুসন্ধান লওয়া কর্ত্তব্য।

২। সমাচার-পত্রে দেখিতে পাই, বাঙ্গালা দেশে ভয়ানক বৃষ্টি হইয়াছে। কিন্তু কি আশ্চর্য্য এখানে অদ্যাবধি কিছুমাত্র বৃষ্টিপাত হয় নাই। যেমন রৌদ্রের প্রখরতা তেমনি গ্রীষ্ম। এরূপ গ্রীষ্মাতিরেক কখন দেখা যায় নাই। যদি আর দুই চারি দিবস এরূপ থাকে তবে এস্থানের অবস্থা অতি ভয়ঙ্কর হইয়া উঠিবে। ইহার মধ্যেই গ্রীষ্মাতিরেকনিবন্ধন ওলাউঠার প্রাদুর্ভাব হইয়াছে। তাহাতে যদি শীঘ্র বৃষ্টিপাত না হয় তবে আর নিস্তার নাই।

২৭ এ জুন ১৮৬৮ } ব্রহুত

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু রামচন্দ্র চট্টোপাধ্যায় আলিগড়
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ় ১৩
» » হরচন্দ্র মজুমদার কুঠি বেলিয়া
১৮৬৮ জুলাই হইতে ডিসেম্বর ৭
» » রাজকৃষ্ণ মুখোপাধ্যায় জনাই
১৮৬৮ জলাই হইতে ৬৯ জুন ১৩
» » কার্ত্তিকচন্দ্র চক্রবর্ত্তী ডুবিডহর
১২৭৫ বৈশাখ হইতে ৩৮
» » পার্ব্বতীচরণ চট্টোপাধ্যায় আলাহাদ
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে ৭৬ বৈশাখ ১৩
» » কামাখ্যাচরণ মুখোপাধ্যায় রঙ্গপুর
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ ৭
» » দ্বারকানাথ মিত্র কলিকাতা
১২৭৫ বৈশাখ হইতে আশ্বিন ৫॥
» » হেমচন্দ্র মুখোপাধ্যায় বরাহনগর
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ ৫॥
» » জয়গোপাল চক্রবর্ত্তী মগরারহাট
১২৭৫ শ্রাবণ হইতে আশ্বিন ৩৮০
» » কৈলাসচন্দ্র ঘোষ কলিকাতা
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ ৫॥
» » অভয়াদাস বসু কলিকতা সুকেডষ্টিট
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ ৫॥
» » যজ্ঞেশ্বর সিংহ তাস্তাড়া
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ ১৩
» » হেমচন্দ্র ঘোষ চাঁদপুর
১৮৬৮ জুলাই হইতে ডিসেম্বর ৭
» » গোপালচন্দ্র মল্লিক চাঁদ
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটি

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫॥০ টাকা; মফস্বলে ডাকসমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের স্থানে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হ যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাদড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃ প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১০ ম ভাগ। — ২২৫ — ৩৭ সংখ্যা।

" প্রবর্ত্তনাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং

মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

সন ১২৭৫ । ৬ ই শ্রাবণ । ১৮৬৮ । ২০ এ

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা।

বিজ্ঞাপন।

সহস্রমুদ্রা পারিতোষিক।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই-
ছে, যে গত ২ রা চৈত্র আমার ভবনের সম্মু-
স্থিত গবর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয়গৃহের
পোর উপর বেলুড় গ্রামবাসী অনুমান ষষ্টিবর্ষীয়
শান্ত নরসুন্দরনামক জনৈক পথিকের যে
ভয়ানক হত্যাকাণ্ড হইয়া গিয়াছে, আজি অবধি
মাসের মধ্যে যে ব্যক্তি তাহার হননকারীর
সন্ধান করিয়া দিতে পারিবেন, তাঁহাকে
এ মুদ্রা পারিতোষিক প্রদান করা যাইবে।
মাসের পর এক বৎসরকালমধ্যে অনুসন্ধান
ল সংবাদদাতাকে ৫০০ পাঁচ শত মুদ্রা
ন করা হইবে। অতিশয় আক্ষেপের বিষয়
উল্লিখিত দিবস অবধি গবর্ণমেণ্ট পক্ষ
ও এবং স্বপক্ষ হইতে নানাবিধ অনুসন্ধান
হইতেছে; কিন্তু কোনক্রমে কৃতকার্য্য
ত পারা যাইতেছে না।

কোড় রাজধানী
৬৮ সাল
ই জুন
} শ্রীগোপীলাল পাঁড়ে।

—:০:—

গ্রাহকগণের প্রয়োজনহেতু নিম্নলিখিত
ত পুস্তকত্রয়ের কিয়দংশ প্রকাশিত হইল।
কগণ পূর্ব্ব তদ্ব্যতীত নিয়মনির্দ্দিষ্ট সম্পূর্ণ
প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন। বিদেশে
শের স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

লিনাথের টীকা সহিত।

শুপাল বধ (মাঘকৃত) মূল্য ৮
ঘুবংশ (কালিদাসকৃত) " ৫॥০
রাতার্জ্জুনীয় (ভারবিকৃত) ৩॥০

দ্যার্থিগণের ক্রয়সুবিধার্থ নিম্নলিখিত
গুলিন সংস্কৃত পুস্তক দেবনাগরাক্ষরে
মুদ্রণারম্ভ হইবেক। প্রকাশের পূর্ব্বে গ্রাহক
ভুক্ত হইলে গীতা বার পৃষ্ঠা অপর প্রতি আট
পৃষ্ঠা তিন পয়সার হিসাবে খণ্ডে বা সম্পূর্ণ যেমত
প্রকাশিত হইবেক উক্ত নিয়মে মূল্য প্রদান
করিলে পুস্তক প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের
স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

ঋতুসংহার। মেঘদূত। শকুন্তলা। নলোদয়।
মালবিকাগ্নিমিত্র। বিক্রমোর্ব্বশী। মুদ্রারাক্ষস।
রত্নাবলী। মালতীমাধব। সাংখ্যতত্ত্বকৌমুদী
বা সাংখ্যকারিকা। মহাবীরচরিত। উত্তররাম-
চরিত। মুগ্ধবোধ। দশকুমারচরিতের উত্তরার্দ্ধ।
পাণিনি। বসন্ততিলকভাণ। অমরকোষ। শাঙ্কর
ভাষ্য, আনন্দগিরি, শ্রীধরস্বামী ও মধুসূদন
সরস্বতীর টীকাসহিত শ্রীমদ্ভাগবত। মহাভারত।
বিষ্ণুপুরাণ। কাদম্বরী। ভট্টিকাব্য। নাগা নন্দ
কাব্যপ্রকাশ। চন্দ্রক। মার্কণ্ডেয় চণ্ডী।

কলিকাতা সংবাদ জ্ঞান
রত্নাকর যন্ত্র নিমতলা
ষ্ট্রীট ৩২ সংখ্যক ভবন।
} শ্রীভুবনচন্দ্র বসাক

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং
জোড়া বাগান।

বিক্রয়ের নিমিত্ত।

গারডেনরীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ
রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো
থনট এবং কোং

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
ডাঙ্গা বাড়ীস্থ ব্রাদার্স কোম্পানির দোকানে ৺ম
প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
বিক্রয় হইতেছে:—

প্রণীত
শ্রীসইতিহাস
রোমইতিহাস
ভূষণসার ব্যাকরণ
নীতিসার (১ ম ভাগ)
নীতিসার (২ য় ভাগ)
প্রচারিত।
মুগ্ধবোধ ব্যাকরণ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের সহিত প্র
সভা ও কলিকাতা ব্রাহ্মসমাজের প্রচার
গের যোগ করিবার প্রস্তাব উক্ত দিবসে
খিত স্থানে অপরাহ্ণ ৩ ঘণ্টার সময়ে বি
হইবে, প্রতিনিধি সভা ও প্রচারবিভাগের
মহাশয়েরা তৎকালে উপস্থিত হইয়া ত
নিষ্পত্তি করিবেন।

শ্রীকেশবচন্দ্র

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলমাদি
বিধ দ্রব্য পাওয়া যায়, মফস্বলে ফর্দ্দা অ
ইত্যাদি পাঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে
আনার হিসাবে কমিসন দি, যদি কেহ ৫
টাকার দ্রব্যাদি লয়েন তাহা হইলে /১০ আ
হিসাবে কমিসন পাইবেন।

গোলড স্মিথ পৈক্টিকেল ওয়ার্ক
আরেবিয়ান নাইট
স্পেকটেটার
বেলেয়ার্স লেকচার
জোসেফস ওয়ার্ক

২ রাজী ভগবৎ গীতা ২
২ কাদম্বরী ২
হিষ্টরী অফ প্রশেষইন গ্রেট ব্রিটন ২॥
শকুন্তলা ১
হিতপোদেশ ১
বধ পরীক্ষা ১
লোমজুন ১
য়দর্শন ১
কীয় ইতিহাস ১
হিমূল ৸৹
য়স্থ দীপিকা ১
তানন্দ লহরী ।৹
শশ চরিত ১॥
দ্ধ মুখমুণ্ডল ।৵
লিকাতার মানচিত্র (উত্তম বাঁধান) ২
রকাকেলী কৌমদী ১॥
ম উপাখ্যান ॥৹
বতবর্ষের পুরাবৃত্ত (দ্বিতীয় বার মুদ্রিত)
চিত্র সহিত মূল্য ।৶৹
প্ত কাণ্ড রামায়ণ পদ্য ১
ষ্টাদশ পর্ব্ব মহাভারত পদ্য ২॥
ক্ষাপ্রণালী ২
লেজের উপযোগীতা ৸৹
নকী নাটক ১
রবাক.. বলী ।৹
ধবা বঙ্গাঙ্গনা ॥৹
চকবদ কাব্য ॥৹
ীত মঞ্জরী ১।৹
বকঙ্কণ চণ্ডী
শীখণ্ড ৸৹
ভাগখণ্ড ১৹
লীকৌতুক নাটক ১
বিলাপ ১
ভিষেক নাটক ১
দ্রবিলাপ নাটক ১
কাতা জোড়া- } শ্রীপ্রতাপচন্দ্র রায়
কা ৬৪ নং } নগদ মূল্যে বিক্রেতা

—:০:—

ামিনী নাটক (মূল্য এক টাকা) সংস্কৃত পুস্তকালয়ে, চীনেবাজারে শ্রীযুক্ত বাবু নাথ মুখোপাধ্যায়ের ৬৮ নম্বর দোকানে সংস্কৃত যন্ত্রের অধ্যাপক শ্রীযুক্ত বাবু মোহন মুখোপাধ্যায়ের নিকটে প্রাপ্য। গকে ২৫ পঁচিশ টাকার হিসাবে কমি ওয়া যায়।

শ্রীহারাণচন্দ্র মুখোপাধ্যায়।

স্কেলের ব্যবহার ও জরিপী নক্সা প্রস্তুত করিবার মিশ্রমসম্বলিত বস্তু পরিমাপক বিদ্যা ও জরিপ "কলিকাতা সুকিয়া ষ্ট্রীট মহেশদাসের বাগানে ১৮।১৮ নং বাটিতে এবং সংস্কৃত পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মূল্য কমিসন শুদ্ধ ১ এক টাকা।

শ্রীপ্রসন্নকুমার দানিয়াড়ী।

ইংরাজী ১৮৬৯ সালের প্রবেশিকা পরীক্ষার সাহিত্যের অপগুস্তক রেবরেণ্ড আর, রবিন্সন কর্ত্তৃক প্রস্তুত হইয়া থেকার স্পিঙ্ক কোং এবং কলিকাতা স্কুলবুক সোসাইটীদ্বারা বিক্রীত হইতেছে। মূল্য ১।০ এক টাকা চারি আনা

—:০:—

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্র বেদান্ত বাগীশ।

—:০:—

কাব্য প্রকাশিকা।

এই মাস হইতে প্রকাশিত হইল। ইহাতে সমুদায় কাব্য নাটকাদির দেবনাগর অক্ষরে মূল ও টীকা এবং বাঙ্গলা অক্ষরে বাঙ্গলা অনুবাদ থাকিবে। নিয়মিত গ্রাহকগণের প্রতি প্রতি খণ্ডে ।৵০ ছয় আনা এবং প্রত্যেক খণ্ডের ॥০ আট আনা মূল্য নির্দ্ধারিত হইল। যাঁহারা গ্রহণ করিতে অভিলাষ করেন, ঝামাপুকুর লেন ১৫ নং বি, পি, এমস্ যন্ত্রে অথবা কালেজ ষ্ট্রীট ১১ নং লাইব্রেরিতে আমার নিকট পত্র লিখিলে পাইতে পারিবেন। বিদেশীয় গ্রাহকগণকে স্বতন্ত্র ডাক মাসুল দিতে হইবে।

৩রা শ্রাবণ ১২৭৫। } শ্রীবরদাপ্রসাদ মজুমদার।

—:০:—

ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে।

রিভার টারমিনস্, অর্থাৎ সিয়ালদহ হইতে গঙ্গাতীর পর্য্যন্ত রেলওয়ের চলাচল আরম্ভ।

কাটখোলার নিকটবর্ত্তী বাগবাজারে ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে কোম্পানির রিভার টারমিনস্ নামক রেলওয়ে, আগত ৩রা আগষ্ট সোম

বার অবধি দ্রব্যাদি দেওন ও লওন জন্য, খো
যাইবেক।

ইষ্টারণ বেঙ্গাল রেল ওয়ে } ফ্রাঙ্কলি
সিয়ালদহ টারমিনস } প্রেষ্টেজ
৯ ই জুলাই ১৮৬৮। } এজেণ্ট

—:০:—

প্রবাদমালা।

বঙ্গদেশীয় বিবিধ জানপদ ব্যবহার মূলব
পুস্তক যাহার প্রয়োজন হইবে, তিনি কলিক
স্কুলবুক সোসাইটীর গবর্ণমেণ্ট পেলেসের
ভবনে প্রার্থনা করিলে পাইতে পারিবে
মূল্য ।/০ আনা মাত্র।

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের জুলাই মাসের ১ লা
হইতে ৭ ই পর্য্যন্ত নদীয়ার নদী
হাএর সর্ব্বকমতি জলের মাপ।

স্থানের নাম	ফুট
মাথা ভাঙ্গা নদী	
মহানার উপর পদ্মানদীতে	১৬
নিজ মহানায়	৪
তথা হইতে হাট বোয়ালিয়া	
৪৪ মাইল	৩
হাট বোয়ালিয়া হইতে আনিকদিয়া	৪
আনিকদিয়া হইতে কৃষ্ণগঞ্জ	
৩৮ মাইল	৪
কৃষ্ণগঞ্জ হইতে হুগলি নদীপর্য্যন্ত	
৩৪ মাইল	৪
ভাগীরথী।	
মহানার উপর	১১
মহানার নীচে	১৯
তথা হইতে জিয়াগঞ্জ	১০
জিয়াগঞ্জ হইতে কাটোয়া	
৬০ মাইল	১৩
কাটোয়া হইতে নদীয়া	
৪৬ মাইল	১৩
জলঙ্গী নদী	
মহানা	
তথা হইতে করিমপুর	
১৯ মাইল	২
করিমপুর হইতে টিয়াকাটা	
৩৫ মাইল	৩
টিয়াকাটা হইতে নদীয়া	
৬০ মাইল	৩

সন ১৮৬৮ জুলাই মাসের ১১ তারিখে
পুর গঞ্জ ঘাটের জলের মাপ।

ফুট	ই
১৩	৮

বহরমপুর ১১ জুলাই ১৮৬৮ } শ্রীযুক্ত টি হেন্স উইকস সি একজিকিউটিব ইঞ্জিনিয়র বহরমপুর ডিবিজন।

সোমপ্রকাশ।

৬ই শ্রাবণ সোমবার।

ভারতবর্ষের জেলসমূহ।

ভারতবর্ষের কারাগারে ধর্ম্মনীতি
ন্ত উন্নতি হইবার যো নাই। উহার
রক্ষাপ্রণালীও অতি জঘন্য। এ
ত কেবল মিস কার্পেন্টর নন, যাব
সদাশয় ব্যক্তি আক্ষেপ করিয়া
ন; কিন্তু জেলের মধ্যে আর যে
কাণ্ড হয় তাহা অনেকে অবগত
। অতএব অদ্য আমরা ঐসকল
ার এক মানচিত্র পাঠকগণের নয়ন
উপনীত করিয়া দিলাম।

পাঠকগণ! এক বার আমাদিগের
ও ফৌজদারি আদালতে আগমন
। ঐ যে গবাক্ষহীন কুঠরিটী দর্শন
তেছেন, উহাতে হাজতের কয়েদিরা
। মলিন বসন, অচ্ছিন্ন শ্মশ্রু ও
আকার দেখিয়া কি হাজতি কয়েদি
কে চিনিতে পারিতেছেন না? হাজতে
মাত্র পুলিষ প্রহরীরা প্রহার
ন্ত করে। তবে তাহাদিগের গুণ
তাহাদিগকে যৎকিঞ্চিৎ পূজা
ই তাহারা প্রসন্ন হয়। জেলের প্রহ
যে ব্যবহার করে, তাহাও পাঠক-
এক বার শ্রবণ করুন। *** "যেন
বাড়ীতে আশা হইয়াছে" এটী
সম্ভাষণ হয়। পরে প্রহার।
ত কয়েদিরা যে গৃহে থাকে, তাহা
ালা অপেক্ষা অপকৃষ্ট। তথায়
াছে সূর্য্যের আলোক, না আছে পব-
প্রবেশ। প্রথম দিন হাজতি কয়ে
আহার দেওয়া হয় না। প্রাতঃকাল
ল "** বাহির হ" বলিয়া চীৎকার
হতভাগ্যের। প্রাতঃকৃত্য করে;
ার সময়ে আদালতে যাইতে হইবে।
কের ভাগ্যে সামান্য ডাইল ভাতও
পূর্ণ করিয়া হয় না। ফৌজদারি
ালতে যাইবার সময়ে পথে গরুর

ন্যায় ইহাদিগকে প্রহার করা হয়। বিচারপতি যাহার কারাবাসের আজ্ঞা দেন, হাজতের কষ্ট তাহার কোথায় লাগে। মেয়াদের প্রথম দিবস অনবরত প্রহার করা হয়। পেয়াদারা প্রহার করে। যেসকল কয়েদি অনেক দিন থাকিয়া কিছু প্রতিপত্তি লাভ করিয়াছে তাহারাও প্রহারে পরাঙ্মুখ হয় না। বোধ হয়, তাহাদিগকে প্রথমে প্রহার সহ্য করিতে হইয়াছিল, উহারা তাহার পরিশোধ লয়। "একটু জলপান করিব" এ কথার উত্তর পদাঘাত। "বাহিরে যাইব" ইহার উত্তরও ঐ। পৃথিবীতে যতপ্রকার কটু বাক্য আছে, তদ্দ্বারা গালি দেওয়া হয়। এটী ত সামান্য কথা। প্রথম রাত্রিতে আহার হয় না। পর দিবস খাটিবার পূর্ব্বে হতভাগ্য কয়েদিকে আহার করিতে ডাকা হয়। সামান্য শিশুকে যে পরিমাণে আহার দেওয়া হয়, সেই পরিমাণে হতভাগ্য ব্যক্তিকে অন্ন দেওয়া হইয়া থাকে। দুই এক গ্রাস আহার করিয়াছে, এমত সময়ে এক জন নীচজাতীয় কয়েদি অথবা পেয়াদা পৃষ্ঠে পদাঘাত করিয়া বলিল "উঠ্না *** যেন জামাই আদরে আহার করিতেছেন।" কয়েদী উচ্চজাতীয় হইলে আহার বন্ধ হইল; যদি নীচজাতীয় হয়, এই স্পর্শে আহারীয় নষ্ট হয় না। এ স্থলে প্রহরীরা অন্নে থু থু দিয়া থাকে। আহার হইল না। উঠিবামাত্র সর্ব্বাপেক্ষা বৃহৎ ঝুড়ি ও দশ সের মাটি উঠে এমত কোদালি দিয়া খাটাইতে আরম্ভ করা হইল। কয়েদি সে চাসা কি না, মাটি কাটা অভ্যাস আছে কি না, তাহার কোন বিবেচনা করা হয় না। গবর্ণমেণ্টের নিয়ম আছে যে যে ব্যবসায় জানে, জেলে তাহাকে সেই ব্যবসায় করান হইবে; কিন্তু প্রথম কয়েক দিবস এ নিয়ম কোন জেলেই প্রতিপা-

লিত হয় না। কয়েদী আপনি মাটি
তেছে, আপনি মস্তকে ঝুড়ি তুলিতে
প্রতি ঝুড়িতে ৸০ সের মৃত্তিকার
হইলে নিস্তার থাকে না, অনিবার
হইতে থাকে, হতভাগ্য ব্যক্তি বিশ্রা
আশয়ে যদি এক নিমেষমাত্র সে
হইয়া দাঁড়াইল, অমনি নিকটস্থ পে
তাহাকে প্রহার করিল। এইরূপে স
দিন অতিবাহিত হইল, সায়ংকাল
স্থিত। হতভাগ্য কয়েদী সমস্ত
আত্যন্তিক পরিশ্রম করিয়া ক্ষুধার্ত্ত
এ সময়ে ভাবে "প্রাতঃকালে
হউক, এ বেলা উদর পূর্ণ করিয়া আ
করিতে পারিব।" কিন্তু সে জানে
ভারতবর্ষের জেলসকল দ্বিতীয় যমা
সায়ংকালেও প্রাতঃকালের ন্যায় অ
রের ব্যাঘাত করা হয়। এই প্র
কোন দিন অর্দ্ধভোজন, কোন দি
স্পর্শমাত্র, তাহার উপর ভয়ানক খা
প্রহার ও গালিবর্ষণ হইতে থা
আর সহ্য করিতে না পারিয়া হতভ
ব্যক্তিকে শেষে বন্দোবস্ত করিতে
আমাদিগের এদেশীয় পাঠকগণ "
বন্দোবস্তের" অর্থ অনায়াসে বুঝি
পারিবেন। যাঁহার কোন আত্মী
মেয়াদ হইয়াছে, তিনিই জানেন ম
মার ব্যয়ভিন্ন জেলের অঙ্কে স্বতন্ত্র
করিতে হয়। এই জেলবন্দোবস্ত
কঠিন কাজ: প্রধান অপ্রধান ও
নানা দেবতার পূজা আবশ্যক
সর্ব্বাগ্রে জেলদারোগার পূজা। এত
শীয় দারগারা অল্পে সন্তুষ্ট হন;
যেখানে ইউরোপীয় দারোগা, সেই খ
সর্ব্বনাশ। তাঁহার কেবল গন্ধপুষ্পে
না, ষোড়শোপচারে পূজা চাই। ই
ভাল বাড়ী, গাড়ী, ঘোড়া,
চাকর, খানসামা প্রভৃতি আছে, উ
অল্প টাকায় চলে না। নামে তিনি
প্রস্তুত দ্রব্যসকলের কমিসন পান

সরান্তে ঐ টাকা বাহির হয়; অথচ
হার নিত্য ব্যয় আছে। অনেকে কমি-
নর দোহাই দিয়া মহা আড়ম্বরে
কেন। স্থানীয় কর্ত্তৃপক্ষ ও গবর্ণমেণ্ট
কেন, কমিসনের টাকায় দারোগার
য়ানা চলিতেছে। কিন্তু কিসে যে
য়ানা চলে তিনি জানেন, আর
দিয়া জানে। দারোগার পূজার
য়ের দারোগার পূজা আবশ্যক।
র পর জেলের নেটিব ডাক্তরের
। ডাক্তরকে পূজা না দিলে পীড়া
লেও খাটিবার হাত হইতে পরিত্রাণ
ই। নেটিব ডাক্তরের পর জমাদার ও
দার। তাহাদিগের পর সাস্ত্রিগণ,
ন্ত্রগণের পর পেয়াদা। প্রধান ও অঙ্গ
তার ত পূজা গেল। তাহার পর
কগুলি উপদেবতার পূজা দিতে হয়।
কল কয়েদি বহুকাল থাকে, তাহা
র একপ্রকার আধিপত্য হয়। অনেক
লের পুরাতন কয়েদিদিগের এক
র ইজারা আছে। এক জন নূতন
দি আসিলে নীলাম ডাক হয়। যে
তন কয়েদি সর্ব্বাপেক্ষা অধিক
া দেয়, তাহার অধীনে নূতন কয়ে
ক রাখা হয়। পুরাতন কয়েদি যে
া জেলরকে দেয়, হতভাগা নবাগত
কে প্রহার করিয়া তাহার দেড়া
য় করা হয়। অনেকে জেলে থাকি
যে ধনসঞ্চয় করিয়া আইসে, তাহার
উপায় এই। এই নিমিত্ত জেলরপ্র-
প্রধান দেবতার পূজার পর পুরাতন
দগণের পূজার প্রয়োজন হয়।
কে কিছু না দিলে ভাল করিয়া
র হয় না। যে ব্যক্তি কামরার
া সে কয়েদিকে কিছু না দিলে
ত নিদ্রা যাওয়া ভার। এই প্রকার
দিতে পারিলে কতক রক্ষা; নচেৎ
। দিবসের অরক্ষ কষ্ট বরাবর
। আইসে। পীড়া হইলে "ভান
তছে" বলা হয়।

যাহারা উত্তমরূপে পূজা করিতে পারে, তাহাদিগের অবস্থা অন্য প্রকার। তাহাদিগকে খাটিতে হয় না; তাহারা কেবল সর্দ্দারি করিয়া বেড়ায়। তাহাদিগকে জেলের নিয়মিত আহার করিতে হয় না। তাহাদিগের নিমিত্ত উত্তম মৎস্য মাংস, ঘৃতপ্রভৃতি আইসে। জেলে তমাক খাইতে নিষেধের নিয়ম তাহাদিগের পক্ষে নহে। অহিফেনসেবীর অহিফেন, গেঁজেলের গাঁজা, গুলিখোরের গুলি ও মাতালের সুরা অর্থ ব্যয় করিতে পারিলে দুর্লভ হয় না। প্রত্যেক জেলের নিকটে কয়েক ঘর বেশ্যা থাকে। কিসে ইহাদিগের উপার্জ্জন হয়, পাঠকগণ কি জানিতে চাহেন? আমরা আর তাহা বলিতে চাহি না।

গবর্ণমেণ্ট জেলের যেসকল নিয়ম করিয়া দিয়াছেন, তাহা অতি ভয়ানক। অতিশয় লজ্জার বিষয় এই যে, জেলে পয়সা ব্যয় করিতে না পারিলে কাহারও উদর পূর্ণ করিয়া আহার করিবার যো নাই। চারি হাতা ভাত ও এক হাতা ডাইলই সকলের বরাদ্দ। মৎস্য প্রায় ভাগ্যে জুটে না। ডাক্তর মোএট আবার জাঙ্গিয়ার সৃষ্টি করাতে অনেককে পয়সা খরচ করিয়া গোপনে জাতীয় বস্ত্র পরিধান করিতে হয়। এক গৃহে গো মহিষের ন্যায় চোর, ডাকাইত ও হত্যাকারীর সহিত সামান্য অপরাধে কারারুদ্ধ ব্যক্তি কেও থাকিতে হয়। গৃহের আয়তন অনুসারে লোক রাখিবার প্রণালী কোথাও নাই। জেলের চিকিৎসাপ্রণালী সকল স্থানে সুন্দর নয়। অনেক স্থলে সিবিল সার্জ্জন স্বচক্ষে কিছুই দেখেন না; কোন ব্যক্তির পীড়া যথার্থ কি না, তাহা নেটিব ডাক্তরকে দেখিতে বলেন। এ ব্যক্তি যথার্থ রোগকে ভান ও ভানকে যথার্থ রোগ বলিলে তাহাই গ্রাহ্য হয়। শরীরে বল আছে কি না? তাহা বিবে

চনা করা হয় না। প্রত্যেক ব্যক্তিকে
করিয়া পাথর ভাঙ্গিতে দেওয়া
যাহারা সবলকায় তাহাদিগের
ইহা বড় কষ্টের হয় না; কিন্তু দু
দিগের প্রাণ ওষ্ঠাগত হয়। নিয়মিত
করিতে না পারিলে সে দিন অ
দেওয়া হয় না। "এইপর্য্যন্ত কাজ কি
হইবে" এটী জেলের নিয়ম; কিন্তু
যে কত দূর নিষ্ঠুরতা তাহা কর্ত্তৃ
বিবেচনা করেন না। শরীর কি স
দিন সমান বহিয়া থাকে? চা-ক
পূর্ব্বে এই নিয়মে কাজ দিতেন; দ
কারোলিনার ভূতপূর্ব্ব দাসদিগ
প্রকারে খাটান হইত। আমরা স্পষ্ট
ধানে বলিতেছি, বর্ত্তমান খাটনিরপ্র
অতি ভয়ঙ্কর। জেলর কমিসন পা
যত খাটাইবেন, তত পয়সা। লাই
টাক্স আসেসরেরা যেমন কমিস
লোভে যাঁহার তাঁহার উপর করনি
রণ করেন, জেলরগণ সেইপ্রকার
বিবেচনা না করিয়া খাটাইয়া ল
দক্ষিণ কারোলিনার তুলকরেরা প
দিয়া ক্রীতদাসদিগকে ক্রয় করিত
যদিও এইরূপ অত্যাচার হইত, তথা
তাঁহারা নিতান্ত নির্ম্মম হইয়া কাফ্রি
গকে বধ করিতে পারিতেন না। দা
মৃত্যু হইলে তাঁহাদিগের ক্ষতি হই
জেলরদিগের সে স্বার্থ নাই; এক ক
মরিলে আবার দশ জন আসিবে। পূ
কালে মুসলমান ও হিন্দু রাজগণ যে
রাজস্ব ইজারা দিতেন, গবর্ণমে
কার্য্যতঃ সেইপ্রকার কয়েদিদিগ
ইজারা দিয়া থাকেন। উদর পূর্ণ করি
আহার দেওয়া হয় না, ইহা কি সাম
আক্ষেপের বিষয়? এক জাঙ্গিয়া
কুরতি পরাইয়া এক মাস রাখা হ
তাহা যেমন দুর্গন্ধ, সেইপ্রকার ব
কর। সামান্য ধুতি দিলে কি দে
হয়? তাহা প্রত্যহ ধৌত রাখা যাই

রে, কয়েদিদিগের স্বচ্ছন্দতা হয় এবং
ও অল্প পড়ে।
উপরে যেরূপ বর্ণিত হইল. তাহাতে
লের কার্য্যপ্রণালীর সংশোধন ও
কর্ষসাধন কি একান্ত আবশ্যক হই-
ছে না? বর্ত্তমান প্রণালীর দোষেই
কোচস্রোত প্রবাহিত রহিয়াছে।
যে স্থলে বৈরনির্য্যাতনার্থ বিনিয়ো-
ত হয়, সেই খানে তাহার ফল হয় না
লে দণ্ডদান প্রায় বৈরনির্য্যাতনার্থই
য়া থাকে। বর্ত্তমান প্রণালীতে হত-
্য কয়েদিদি.গর আপনার ও পৃথিবীর
রে ঘৃণা হয় মাত্র। চরিত্রদোষ
শোধন দূরে থাকুক, নূতনপ্রকার
ত্র দোষ ঘটিয়া উঠে। অতএব কর্ত্তব্য
, জেলের অধ্যক্ষগণকে পর্য্যাপ্ত বেতন
া কমিসন উঠাইয়া দেওয়া উচিত।
সন থাকাতে অনেক পাপকার্য্যে
সাহ দেওয়া হইতেছে। ধার্ম্মিক লোক
কাহাকেও জেলের অধ্যক্ষতাপদে
য়াজিত করা উচিত নয়। যাহাতে
াদিগের চবিত্রদোষ সংশোধন হয়,
লের কার্য্য প্রণালী এরূপ করা উচিত।
পূর্ণ করিয়া আহার না পাইলে কোন
করই ধর্ম্মে মতি থাকে না; এটী
স্মরণ থাকে।

—:০:—

ইংরাজীশিক্ষার অনিষ্টকারিতা।

পাঠকগণ উপরের লিখিত কয়েকটি
র পাঠ করিয়া আপাততঃ চমৎকৃত
বন সন্দেহ নাই। ইংরাজী শিক্ষা
াদিগের দেশের যাবতীয় ইষ্টের
আমরা যে মানুষের মত হইয়াছি,
রা যে তেজস্বিতা, মনস্বিতা সত্য
ও কার্য্যদক্ষতাপ্রভৃতি সদ্‌গুণ
ন করিয়াছি এবং কর্ত্তব্যাকর্ত্তব্য
র সমর্থ হইয়াছি, সে সমুদায়ই ইং
প্রসাদলব্ধ। যে ইংরাজী হইতে
শের এত ইষ্ট হইয়াছে, আমরা
তাহাকে অনিষ্টকারিণী বলিয়া নির্দ্দেশ
করিতেছি এবাক্য কাহার বিস্ময় উৎপা
দন না করিবে? কিন্তু ইহার একটী গূঢ়
তাৎপর্য্য আছে, এরূপ বলিবার একটী
বিশেষ কারণ আছে এবং আমাদিগের
বাক্যের অধিকারিভেদ আছে।

ইংরাজীশিক্ষা দুটী দলের পক্ষে
অনিষ্টকারিণী হইয়া উঠিয়াছে। প্রথম,
যেসকল ইংরাজ মনে করেন, ভারতবর্ষ
তাঁহাদিগের ভোগার্থ সৃষ্ট হইয়াছে;
তাঁহারা ভারতে আসিয়া প্রভুসম্মান
ভোগী হইবেন, আর ভারতবাসীরা তাঁহা
দিগের ভৃত্যের ন্যায় অনুগত হইয়া থাকি
বেন; তাঁহারা সহস্র অন্যায় ও অত্যাচার
করুন, ভারতবাসীরা দ্বিরুক্তি না করিয়া
ভৃত্যের ন্যায় তাহা সহ্য করিবেন; পদই
বল, অর্থই বল, তাঁহারা অনুগ্রহ করিয়া
যাহা দিবেন, ভারতবাসীরা সন্তুষ্টচিত্তে
মহাভাগ্য জ্ঞান করিয়া তাহা ভোগ করি
বেন; পদ কাণা হউক, কুব্জা হউক, ইহাঁরা
তাহাতে অসন্তোষ বা অন্য কোন প্রকার
উচ্চ বাচ্য করিতে পারিবেন না; ইংরাজী
শিক্ষা সেই গর্ব্বিত ইংরাজদিগের মনোবা
ঞ্ছাপূর্ণ হইবার বিষয়ে,ব্যাঘাত জন্মাইয়াছে
যাহাঁরা ইংরাজী শিখিতেছেন, তাঁহাদি-
গেরই মন অন্যপ্রকার হইয়া উঠিতেছে।
তাঁহারা ইংরাজদিগের দোষ গুণ দিব্য
চক্ষে দেখিতে পাইতেছেন; ইংরাজেরা
কি পদার্থ তাহা বুঝিতে পারিতেছেন;
তাঁহারা দেবতার ন্যায় আমাদিগের
আরাধ্য কি না তাহা বুঝিতেছেন; অণু-
মাত্র দোষ দর্শন করিলেই স্পষ্টাক্ষরে
তাহা ব্যক্ত করিতে সাহসী হইতেছেন;
সর্ব্বতোভাবে সমকক্ষের ন্যায় ব্যবহার
করিতে আরম্ভ করিয়াছেন; তুল্যসম্মান
ও তুল্যপদ লইয়া বিবাদ করিতেছেন এবং
বিদ্যাবুদ্ধিতে অনেককে অতিক্রম করি-
য়াছেন। তাঁহারা এতদূর অতিক্রম করি
য়াছেন, যে রাজপুরুষদিগকে শঙ্কিত হইতে
হইয়াছে এবং তাঁহাদিগের বিদ্যা
গতিরোধ করিবার নিমিত্ত
উপায় অবলম্বন করিতে হইয়াছে।
খিত অভিমানমত্ত অনুদারচিত্ত ই
দিগের কি এ সকল সহ্য হয়? ঐ
পুরুষেরা নব্য সম্প্রদায়ের উপরে
বিরক্ত হইয়াছেন যে, নব্যসম্প্রদায়
এক কালে উৎসন্ন হয়, যে স্থানে
সম্প্রদায় বাস করে, সেটী যদি দহ
যায়, তাঁহারা অন্তরের সহিত আহ্ল
হন। এখন পাঠকগণ বিবেচনা ক
দেখুন, ইংরাজী শিক্ষা কি এই অনি
কারণ হয় নাই? উক্ত মহাত্মারা
ইহাতে অনিষ্ট জ্ঞান করিতেছেন
গবর্ণমেণ্ট হইতেই এই অনর্থ আপ
হইয়াছে, এই ভাবিয়া কি তাঁহারা
সময়ে গবর্ণমেণ্টের প্রতি দৃষ্টিবিষ
করিতেছেন না? সে দিন এক জন
রাশয়! সমাচারপত্রসম্পাদক মনো
মনে রাখিতে না পারিয়া স্পষ্টাক্ষ
কহিয়াছেন, বঙ্গদেশ ও বোম্বাইয়ের
সম্প্রদায় না থাকিলেই ভাল হয়।
কি সামান্য আক্রোশ ও ক্ষোভের ব
এদেশীয়দিগের ইংরাজী শিক্ষাই
ঐ মহাপুরুষদিগের এই মনোদুঃ
মূল নয়?

দ্বিতীয়, ইংরাজী শিক্ষা অলব্ধ
রথ কৃতবিদ্যের পক্ষে বিষম অ
কারিণী হইয়াছে। রাজনীতি ও স
উভয় সম্বন্ধেই তাঁহারা অসুখিত হ
ছেন। তাঁহারা যেরূপ যোগ্যতা
করিয়াছেন, সেরূপ পদ লাভ
তেছে না। যেরূপ শিক্ষা হইয়
সেরূপ কার্য্য দেখিতে পাইতেছেন
যাঁহাদিগের নিকটে এই শিক্ষা হইল
পক্ষপাত করা বড় দোষ, তাঁহারাই নি
পক্ষপাত করিতেছেন, জাতিভাই বলি
সকল কাজেই টানিতেছেন এবং স্ব
তীয় ও স্বদেশীয়ের অনুরোধে ন্যায়, য

াইনের বিরুদ্ধ ব্যবহারেও পরাঙ্-
হইতেছেন না। কৃতবিদ্যদিগের আর
ী বিশেষ অসন্তোষের কারণ এই,
ারা দেখিতে পান, ইংরাজেরা ধর্ম্ম-
ধর্ম্মনীতি করিয়া গর্ব্ব করিয়া
ান; কিন্তু অনেক কাজেই সেই ধর্ম্ম
তে জলাঞ্জলি দেওয়া হয়। অনেক
া সেই ধর্ম্মনীতি মৌখিক বাক্য ও
ই পর্য্যবসিত হয়। কোন ইংরাজ
গর্হিত কর্ম্ম করিলে প্রথম প্রথম
লইয়া মহা ধুম ধাম পড়ে। তর্কের
ত পার্লিয়ামেণ্ট সভা উচ্ছলিত
উঠে, শেষে সমুদায় নির্ব্বাণ হইয়া
যে গর্হিত কর্ম্ম অনুষ্ঠিত হইল,
আজিও হইল, কালিও হইল, তাহার
প্রতিবিধান হইল না। হেষ্টিংসের
লইয়া কত দীর্ঘ প্রস্থ গ্রন্থ হইয়া
; কত ধুম ধাম হইল, পরিণামেই
হইল। লাড ডেলহাউসি নাগপুর
ত রাজ্যে রাজনীতির নামে কি
চার না করিলেন? ভারতবর্ষে বিদ্রো
প্রজ্বলিত করিয়া দিলেন, তাঁহার
হইল? গবর্ণর আয়ারেরই বা কি
? তাঁহাকে অভিনন্দন দিবার
কত উদ্যোগ দেখা গেল।
কে নূতন কর্ম্ম দিবার চেষ্টারও
াই! এ সকল দেখিয়া এদেশীয়
দিগের মনে কিরূপ ভাবের উদয়
ছে? তাঁহাদিগের হৃদয় কি রোষা
দগ্ধ হইতেছে না? ইংরাজী শিক্ষা
ই অনিষ্টের কারণ নয়? ইহাঁরা
ংরাজী না শিখিতেন, রাজপুরু-
অনুগ্রহ করিয়া যাহা দিতেন,
ই কি ইহাঁরা ভাগ্য করিয়া মানি
না? রাজপুরুষেরা ন্যায় করুন,
অন্যায় করুন, ইহাঁরা কি তাহার
ন্ধান করিতেন?

সমাজসম্বন্ধেও কৃতবিদ্যদিগের
সঙ্কট উপস্থিত হইয়াছে। উপধর্ম্ম-
দূষিত হিন্দুসমাজের নানা দোষ ইহাঁ
দিগের নয়নপথে উপনীত হইতেছে।
ইহাঁরা সেগুলির নিকটে মস্তক নত
করিতে পারিতেছেন না। সমাজসম্বন্ধে
কর্ত্তব্যের ব্যাঘাতভয়ে সমাজ পরি-
ত্যাগ করিতেও পারিতেছেন না। এরূপ
অবস্থা কি ক্লেশকর নয়? ইংরাজী শিক্ষা
কি এই অসুখের কারণ নয়? ইহাঁরা
যদি ইংরাজী না শিখিতেন, সেই বাল্য-
বিবাহ, সেই বহুবিবাহ, সেই কৌলীন্য
কি ইহাঁদিগের প্রীতি উৎপাদন করিত
না? অশিক্ষিত ব্যক্তিরা ঐসকলে যেরূপ
অকৃত্রিম আনন্দ লাভ করিতেছেন, ইহাঁ
রাও কি সেইরূপ করিতেন না? এক
ইংরাজী শিখিয়া ইহাঁদিগের তাঁতিকুল
বৈষ্ণবকুল উভয় কুলই গেল। রাজপুরু
ষেরাও ইহাঁদিগের মনোরথ পূর্ণ করি-
লেন না, সমাজে থাকিয়াও সুখী হই-
লেন না।

রেবিনিউবোর্ড ও মদের দোকান।

বিদ্যাপক্ষপাতীরা মনে করেন, আমাদিগের বিদ্যানুরাগী গবর্ণমেণ্ট প্রজার বিদ্যাশিক্ষার্থ এত বিদ্যালয় করিয়া দিবেন যে প্রত্যেক প্রজা আপন আপন গৃহদ্বারের সমক্ষে বিদ্যালয় প্রতিষ্ঠিত দর্শন করিয়া আপনাকে চরিতার্থ জ্ঞান করিবেন। সুরাপায়ীরাও সেইরূপ ভাবিতেছিলেন গবর্ণমেণ্ট তাঁহাদিগের গৃহের পার্শ্বে পার্শ্বে এক একটী মদের দোকান করিয়া দিবেন, তাঁহারা শয়নস্থ থাকিয়াও সুরাক্রয় করিতে পারিবেন। কিন্তু আজি কালি তাঁহা দিগের প্রতি শনির কিছু কোপদৃষ্টি পড়িয়াছে: রেবিনিউবোর্ড যেথা সেথা দোকান করিতে দিতেছেন না। তাঁহারা আবার সুরাবিক্রেতার চরিত্রের অনু সন্ধান করিবার নিয়ম করিতেছেন। এটীও একটী অশুভ সমাচার। রাত্রি দুই প্রহর হউক, আর তৃতীয় প্রহর প্রয়োজন হইলেই এখন যেমন সদ মদ পাওয়া যায়, মদ্যবিক্রয়ীর চ লইয়া ধরাধরি হইলে পাওয়া কিছু হইবে। তবে একবারে হতাশ্বাস হ কথা নাই। বৃহস্পতির কিঞ্চিৎ অনু দৃষ্টিও আছে। দোকানের স্থান ও বিক্রয়ী মনোনীত করিবার ভার ডি সুপরিণ্টেণ্ডেণ্টের উপরে নিহিত য়াছে। তিনি যে স্বয়ং সর্ব্বদা ঐসক অনুসন্ধান করিয়া মাথা ধরাইবেন, শঙ্কা নাই। অধীনস্থ কর্ম্মচারীর উ ভার পড়িলেই অর্দ্ধোদয়যোগ। মেণ্ট যে তাঁহাদিগের প্রতি এক ব নিতান্ত নিদারুণ ও নিকৃপ বেন, সুরাপায়ীরা সে শঙ্কাও ব বেন না। গবর্ণমেণ্টের মাসুলের আছে। গ্রাহক বৃদ্ধি হইলেই তাঁহ গের লাভ। যদি কোন সুপরিণ্টে দুর্ব্বুদ্ধিবশতঃ রেবিনিউ বোর্ডের প্রমাণ করিয়া দোকানের সংখ্যা ক ইয়া দেন, রাজস্বক্ষতি হইবে, অবি তিনি তিরস্কৃত হইবেন, রেবিনিউ র্ডের আজ্ঞা শিথিল হইয়া পড়ি স্বার্থসম্বন্ধ থাকিলে রাজপুরুষদি পুরাণ আজ্ঞার পরিবর্ত্ত হইয়া নূ আজ্ঞা হইতে বিস্তর ক্ষণ লাগে রেবিনিউ বোর্ডের এ আজ্ঞা পরি হইয়া যাইবে; আর এক জন নূতন রিণ্টেণ্ডেণ্ট আসিয়া দোকানের সং বাড়াইয়া তুলিবেন। মাদকসেবনে প্র ধন প্রাণ ও চরিত্র উৎসন্ন ও ষিত হইতেছে, ইহা দেখিয়াও যে গ মেণ্ট আয়ের ক্ষতির ভয়ে মাদকে নিষেধ করিতে পারিতেছেন না, গবর্ণমেণ্ট আয়ের অল্পতা দেখিয়া মৌনাবলম্বী হইয়া থাকিবেন সুরাপা স্বপ্নেও যেন সে শঙ্কা করেন না।

মদ্যপায়িগণ! তোমরা ভগ্নোৎ

হইও না। গবর্ণমেণ্ট যা করুন, তোমাদিগের আর ভয় নাই। সমাচারপত্রে লিখিত হইয়াছে আমেরিকায় এক প্রকার মদের খনি আবিষ্কৃত হইয়াছে. তোমরা কোন খনিজ্ঞ ব্যক্তিকে নিয়োজিত কর, ভারতবর্ষেও ঐরূপ খনি বাহির হইবার অসম্ভাবনা নাই। তাহা যদি হয়, তাহা হইলেই পোহাবার।

—:০:—

বিবাহিতা বিধবা ও তাহার উত্তরাধিকার।

সম্প্রতি প্রধানতম বিচারালয়ে পুনর্ব্বিচারার্থ নিম্নলিখিত মকদ্দমাটী উপনীত হইয়াছে। এক ব্যক্তি পত্নী এক পুত্র ও এক কন্যা রাখিয়া লোকান্তর গমন করিলে পর ঐ স্ত্রী পুনর্ব্বার বিবাহ করে। বিবাহের পর পুত্রের কাল হয়। এক্ষণে ঐ স্ত্রী মৃত পুত্রের উত্তরাধিকারিণী বলিয়া বিষয়ের অধিকার প্রার্থনা করিতেছে। বিচারপতি কেম্প ও ই, জাকসন সাহেব বিচারাসনে আসীন হইয়াছিলেন; উভয়ের মতভেদ হইয়াছে। কেম্প সাহেব বলেন, ঐ স্ত্রী মৃত পুত্রের উত্তরাধিকারিণী বলিয়া বিষয়ের অধিকার পাইবেন ; জাকসন সাহেব বলেন, পাইবেন না। আমাদিগের বিবেচনায় জাকসন সাহেবের কৃত সিদ্ধান্তই ন্যায় এবং আইনকর্ত্তা ও হিন্দু শাস্ত্রকারদিগের অভিপ্রায়ের অনুমোদিত ও সঙ্গত হইতেছে। কেম্প সাহেব ১৮৫৬ অব্দের ১৫ আইনের ২ ধারার যে উল্লেখ করিয়াছেন, তাহার তাৎপর্য্য পর্য্যালোচনা করিলে কোনক্রমে এরূপ বোধ হয় না যে উল্লিখিত মৃত পুত্রের ধনে পুনর্ব্বিবাহকারিণী মাতা অধিকারিণী হইবে। ঐ ধারায় আছে, মৃত স্বামীর যদি স্ত্রীর প্রতি পুনরায় বিবাহ করিবার স্পষ্ট অনুমতি না থাকে, আর যদি সে বিবাহ করে, তাহার পূর্ব্ব স্বামীর ধনে স্বত্ব ও অধিকার থাকিবে না। যদি এরূপ হইল; সেই স্বামির ধন পুত্র পাইয়াছিল, পুত্রের মৃত্যুর পর বিবাহকারিণী মাতা পাইবে, ইহা আইন কর্ত্তার অভিপ্রায়ানুগত হইতেছে না। জাক্সন সাহেব যথার্থ কথাই কহিয়াছেন, উক্ত মাতা উক্ত মৃত পুত্রের ধনে অধিকারিণী হইলে তাহার উপরে তাহার নূতন পতির প্রভুত্ব হইবে, তাহা হইলে এক পরিবারমধ্যে অপরের প্রবেশাধিকাররূপ উপদ্রব ঘটিবে। হিন্দু শাস্ত্রকারেরা পিণ্ডদানানুসারে ধনাধিকারের নিয়ম করিয়াছেন, ধনীর ধন পিণ্ডানধিকারী ব্যক্তির হস্তগত হইলে পিণ্ডদানের ব্যতিক্রম হইবার সম্ভাবনা। বিশেষতঃ হিন্দুশাস্ত্রানুসারে উত্তরাধিকারলব্ধধনে স্ত্রীলোকের নিরঙ্কুশ স্বত্ব জন্মে না। প্রস্তাবিত স্থলে মাতার অধিকার হইয়া ঐ ধন পরহস্তগত হইলে ভাবী অধিকারীর অনিষ্ট ঘটিবার সম্ভাবনা। তবে যে ব্যক্তি বিধবার পাণিগ্রহণার্থী হইবে, তাহার পক্ষে লাভ। ভোজন ও দক্ষিণা উভয় লাভ হইলে কে না পরিতৃপ্ত হয়?

—:০:—

প্রাপ্ত।

বঙ্গীয়দিগের দৈহিক অবনতি।

(গত প্রকাশিতের পর।)

প্রস্তাববাহুল্যভয়ে পূর্ব্ব পত্রিকায় প্রথাগুলি বর্ণন করিয়াই লেখনী নিরস্ত করিয়াছিলাম। অদ্য বিদ্যালয়সমূহের শিক্ষা প্রণালীর বর্ণনে প্রবৃত্ত হইলাম।

অধুনাতন বিদ্যালয়সকলের শিক্ষা প্রণালী ও কার্য্য নিষ্পাদক সময়প্রভৃতিই যে ছাত্রগণের শরীরনাশক তাহা স্পষ্টই প্রতীয়মান হইতেছে। মহোদয় পাঠকগণ যদি স্থিরচিত্তে এক বার বিবেচনা করিয়া দেখেন, তাহা হইলে সহজেই হৃদয়ঙ্গম করিতে পারিবেন, এক্ষণে যে প্রণালীতে বিদ্যাধ্যাপনাকার্য্য নির্ব্বাহ হইতেছে, তাহাতে বিদ্যার্থিগণের শরীর ভগ্ন ও রুগ্ন হইবার সম্পূর্ণ সম্ভাবনা। কি ইংরাজী বাঙ্গলা উভয়বিধ বিদ্যালয়েই কেবল মস্তিষ্ক পরিশ্রমের রীতি নীতি প্রচলিত দেখিতে পাওয়া যায়। কি আক্ষেপের বিষয়, বিদ্যালয়েই ব্যায়ামপ্রভৃতি শারীরিক শ্রমের প্রথা প্রচলিত নাই। বিদ্যা অধ্যাপক ও তত্ত্বাবধায়কগণ এতদ্প্রণালীর প্রচারজন্য কিছু মাত্র যত্ন করেন না। যে রূপ পুষ্টিকর আহার জীবনরক্ষা হয় না, সেই রূপ শারীরিক শ্রমপ্রভৃতি দৈহিক নিয়মপালনভিন্ন রক্ষার উপায়ান্তর নাই। অতএব কেবল ছাত্রগণের বুদ্ধিপ্রভৃতি মানসিক বৃত্তি চালনা করাইয়া ক্ষান্ত ও নিশ্চিন্ত থাকা নহে। তাহারা যাহাতে উভয়বিধ পরিশ্রমে প্রবৃত্ত হয়, তদ্বিষয়ে বিশেষ যত্নবান হওয়া সুবিবেচক সুশিক্ষকের কর্ম্ম। অনেক সুচিকিৎসক পণ্ডিত মহোদয় আপন শারীরিক স্বাস্থ্যবিধান বিষয়ক পুস্তকে ও চিকিৎসা সংক্রান্ত গ্রন্থে লিখিয়াছেন যে শরীরের সহিত মনের নিকট সম্বন্ধ আছে, সুতরাং একের বৈলক্ষণ্য ঘটিলে অন্যের বৈলক্ষণ্য ঘটিবার সম্পূর্ণ সম্ভাবনা। আর পূর্ব্বকালের শাস্ত্রকারেরাও কহিয়া গিয়াছেন কোন কার্য্যেই বাড়াবাড়ি ভাল নহে। এব একেবারে শারীরিক পরিশ্রম পরাঙ্মুখ হইয়া অবিরত অপরিমিত মানসিক পরিশ্রম করিলে শরীর ক্রমশই দুর্ব্বল ও ক্ষীণ হইয়া থাকে। সুতরা সেই সঙ্গে বুদ্ধিপ্রভৃতি মানসিক বৃত্তিও স্মরণশক্তিহীন ও নিস্তেজ হইয়া পড়ে। অতএব শরীর ও মনের সমরূপে চালনা করা বিধেয় ও যুক্তিসিদ্ধ। এক্ষণে কোন কোন বিদ্যালয়ে কর্ত্তৃপক্ষগণের যে শরীর চালনাকার্য্যে মনোযোগী হইতেছেন বড় মঙ্গলের বিষয়।

বিদ্যালয়ের কার্য্যসাধক সময়টিও সামান্য অনিষ্টকর নহে। বেলা দশ ঘটিকায় কার্য্য আরম্ভ করিয়া বেলা চারি ঘটিকার সময় কার্য্যবিধান প্রথাটি সকল বিদ্যালয়েই প্রচলিত আছে। ঈদৃশ সময়ের বশবর্ত্তী হইয়া বিদ্যালয়ের কার্য্য সমাধা করাতে সুকু

ত বালকগণের বিশেষ ক্লেশ হয় ও পরি
ম তাহাদিগকে রুগ্ন এবং ভগ্নশরীর
খিতে পাওয়া যায়। এ দেশ অতি য় উষ্ণ
গ্রীষ্মপ্রধান বেলা যত অধিক হইতে
ক, রবি তত প্রচণ্ড মূর্ত্তি ধারণ করিয়া
অগ্নিস্ফুলিঙ্গবর্ষণ কিরণ বিস্তার করিয়া
গণকে দগ্ধ করিতে থাকে। দুই প্রহরের
গৃহের বাহির হয় ও পথে পাদক্ষেপ
কাহার সাধ্য ? এই সময়ে আবাল বৃদ্ধ
া সকলেই স্ব স্ব নির্কপিত কার্য্যে
ধ হইয়া অনাতপ স্থানে আরাম করিতে
া করেন, কেহ কেহ বা প্রকৃত প্রস্তাবে
নস্বখসম্ভোগ করিয়া থাকেন। বোধ
সেন তাঁহারা ভীষণ তপনতাপভয়ে
ভয়া প্রচ্ছন্ন ভাবে রহিয়াছেন। মনুষ্য
ামান্য পশু পক্ষী গণও স্বাভাবিক সংস্কা
বশবর্ত্তী হইয়া নিজ নিজ আহারাদি স্বচ্ছন্দে
হইয়া ছায়ায় বিশ্রাম করিয়া থাকে।
এব এরূপ সময়ে শিশুগণকে কার্য্যে
ক্ত করা কি যুক্তিসিদ্ধ ও ন্যায়ানুগত
হয় ? ভোজনান্তে কিঞ্চিৎ কাল বিশ্রাম
নিতান্ত আবশ্যক। ইহা অনেক ভ্রান্ত
ও চিকিৎসকগণ কহিয়া গিয়াছেন
কি দুঃখের বিষয় বালকগণকে ইহা
াত্যে কার্য্য করিতে হয়। বিদ্যালয়ের
পত সময়মধ্যে তথায় উপস্থিত হইতে
রিলে পাছে শিক্ষক মহাশয় শাস্তি
করেন এই ভয়ে ছাত্রগণ আহারের
ঠিত পর ক্ষণেই কেহ কেহ বা অনশ-
সুর্য্যতাপে দগ্ধ হইয়া দ্রুতবেগে বিদ্যা
উপস্থিত হয়। পল্লীগ্রামস্থ গবর্ণমেণ্ট
্যকৃত অধিকাংশ ইংরাজী ও বঙ্গবিদ্যা
ামের প্রান্তে ও মাঠের মধ্যে স্থাপিত
ছায়ার নামমাত্র নাই। চারি দিক
রিতেছে। ভীষণ রৌদ্রের সময় মাঠে
কার্য্য করাতে যে বিশেষ ক্লেশ হয়,
করি তাহা অনেকেই স্বীকার করেন।
ণীর মেজে আর্দ্র, আলো ও বায়ু গমনা
জন্য গবাক্ষ সদৃশ বাতায়ন থাকাতে
গার কারাগারস্বরূপ বোধ হয়। সুতরাং
স্থানে ও সময়ে এবং গৃহে বহু বালক
ত করিয়া পাঠ করাতে ছাত্রগণের অতি
শয় ক্লেশ হইতে পারে। পথের ক্লেশ বিদ্যা
য়ের ক্লেশ সূর্য্যতাপপ্রভৃতি নানা বিধ
ক্লেশে কষ্ট হওয়াতে বালকগণ ঘর্ম্মাক্ত কলে
বর মুহুর্মুহুঃ তৃষ্ণার্ত্ত ও বিচলিতচিত্ত
হইতে থাকে। সুতরাং তাহারা পাঠে বিশেষ
রূপে মনোনিবেশ করিতে পারে না। অধি
কাংশ শিক্ষকই তাহাদিগকে ভয়াদি দর্শা
ইয়া বলপূর্ব্বক পাঠে নিযুক্ত করেন। অনেক
শরীরবিদ্যাবিৎ (ফিজিয়ালজিষ্ট) পণ্ডি
তেরা কহিয়া গিয়াছেন যে, অস্থির ও ভীত
চিত্ত হইলে খাদ্য দ্রব্য সুচারুরূপে পরিপাক
হয় না। সুতরাং ছাত্রগণের ভক্ষিত সামগ্রী
অজীর্ণাবস্থায় পাকস্থলীতে থাকিয়া যায়
বিদ্যালয়ের অবকাশের পর বালকগণ যখন
বাটীতে আইসে, তখন তাহাদের মলিন ও
শুষ্ক বদন দেখিয়া কাহার না দুঃখ হয়। যে
প্রণালীতে বালকগণকে পাঠ দান করা
হইয়া থাকে, তাহাও নানা বিধ অনিষ্টের
উৎপাদক। বালকদের বুদ্ধি ও স্মরণশক্তি
অতি কোমল ও স্বল্প। তাহাদিগকে অধিক
পরিমাণে পাঠ দেওয়া কোন ক্রমেই বিধেয়
নহে। যেরূপ ক্ষুদ্র আধারে অধিক দ্রব ধারণ
করাইবার চেষ্টা করিলে সেই আধার ভগ্ন
হয়, সেইরূপ সুকুমারমতি স্বল্পস্মরণশক্তি
বিশিষ্ট শিশুগণকে অপরিমিত পাঠ প্রদান
করিলে তাহাদের মন ও শরীর ভগ্ন হইয়া
যায় প্রায় অনেক শিক্ষক বলপূর্ব্বক ছাত্র
গণকে সাধ্যাতীত কর্ম্ম করাইবার চেষ্টা
পাইয়া থাকেন, সুতরাং তাহারা আহার
নিদ্রা পরিত্যাগ করিয়া অহোরাত্র পাঠা
ভ্যাসে রত হয়। পাঠের জন্য ছাত্রগণকে
তাড়না ও প্রহার করা নিতান্ত অনুচিত।
কিন্তু পরিতাপের বিষয় এই, অনেক শিক্ষকই
তাহা করিয়া থাকেন। একাদিক্রমে পাঠে
নিযুক্ত না রাখিয়া মধ্যে মধ্যে অবকাশ
দেওয়া অতিশয় আবশ্যক। কিন্তু প্রায় কোন
বিদ্যালয়েই এই প্রথা প্রচলিত নাই। আধু-
নিক বিশ্ববিদ্যালয়টাই যত অনর্থের মূল হই
য়াছে। বিশ্ববিদ্যালয়ে প্রবেশার্থী ছাত্রগণকে
দেখিলেই পাঠকগণের সকল আপত্তির
নিষ্পত্তি হইতে পারে। এইরূপ নানা
অত্যাচারে বালকগণ অগ্নিমান্দ্য ও বাত
প্রভৃতি নানাবিধ রোগে আক্রান্ত
থাকে। কেহ কেহ বা পাঠদ্দশাতেই
কবলে নিপতিত হন, কেহ কেহ বা স
রিক কার্য্যের বাহির হইয়া জীবন্মৃত
থাকেন। যাঁহাদের নিজের দৈহিক
এরূপ হইল, তাঁহাদের সন্তানগণ যে
বলবীর্য্যশালী ও দীর্ঘা হইবে, তাহা
রণে কেন বিচার করিয়া দেখুন না।
সকল অনিষ্টের আশঙ্কায় বোধ করি, পূ
পণ্ডিতগণ ও নিয়মকারকেরা এ
সময়ে ও নিয়মে বিদ্যাধ্যাপনা কার্য্য
করিতেন না। পূর্ব্ব কালে চতুষ্পাঠীর অ
কগণ ও পাঠশালার গুরু মহাশয়েরা
ও অপরাহ্ণে ছাত্রগণকে শিক্ষাদান করি
এখনও চতুষ্পাঠী এবং গুরু মহাশয়ের
শালা উক্ত রূপ নিয়মের বশবর্ত্তী হইয়া
তেছে।

—:০:—

বিবিধসংবাদ।

৩১ এ আষাঢ় সোমবার।

আমাদিগের গ্রাহকগণ সোমপ্রকাশের
প্রমাদ দর্শন করিলে যে অসন্তোষিত ও তৎস
নে যত্নবান হন, এটী আমাদিগের পরম
দের বিষয়; তন্নিমিত্ত আমরা তাঁহাদিগের নি
কৃতজ্ঞতা প্রকাশ করিয়া থাকি। আজি এ
গ্রাহক আমাদিগের নিম্নলিখিত ভ্রমটীর উ
করিয়া দেওয়াতে কৃতজ্ঞতাভাজন হইয়া
১০ আষাঢ়ের সোমপ্রকাশে আমরা "ভারত
প্রতি আর এক অবিচার" শিরোনামে
প্রস্তাব লিখিয়া আক্ষেপ করিয়া বলিয়াছি
আবিসিনিয়াতে যেসকল সৈন্য গমন
তাহাদিগের ভাতা ভারতবর্ষীয় ধনাগার
দেওয়া হইবে, কিন্তু এক্ষণে নিশ্চয় স
আসিয়াছে, ইংলণ্ড এই টাকা প্রদান করি
আমাদিগের ভ্রম নিতান্ত অনবধানতানি
হয় নাই। রিউটারের টেলিগ্রামই আমাদি
ভ্রমের কারণ। উহাতে জানা যায় সর ষ্টা
নর্থকোট ছয় মাসের ভাতা দিতে সম্মত
য়াছেন। ভারতবর্ষীয় সেক্রেটারি এ কথা
য়াছিলেন বলিয়া সন্দেহ হয়। এ কথা প্রথ
ইংলণ্ডের যুদ্ধসংক্রান্ত মন্ত্রীর মুখ হইতে বা
হওয়া উচিত ছিল। যাহা হউক, আহ্লা
বিষয় এই, ইংলণ্ড আমাদিগের প্রতি
অবিচারটী করিলেন না।

দিল্লীগেজেট বলেন, সম্প্রতি ঝরিয়
নিকটস্থ গড়গ্রামে কতগুলি লোক বনভো
করিতেছিলেন, এমত সময়ে তত্রত্য সহ
কমিসনর টনি সাহেব (ইনি এক জন সিবি
য়ান) ও আর এক জন ইউরোপীয় ঐ
শকটারোহণে গমন করেন। একখানি

ক্রোতে

বের শকটের সম্মুখে পতিত হওয়াতে তিনি ক্রোধসংবরণ করিতে না পারিয়া ভোজনকারীদিগের মধ্য দিয়া বগি লইয়া যান এবং তাঁহাদিগের খাদ্য দ্রব্য নষ্ট করেন। সাহেব এই কাজ করাতে কয়েক জন হুলস্ত মসাল তাঁহার শকটের উপরে নিক্ষেপ করিয়াছিলেন। ডেপুটি কমিসনরের নিকটে তাঁহার নামে নালীশ হইয়াছে। দিল্লীগেজেট বলেন, ভারতবর্ষীয়েরা হাকিমের নামে নালীশ করিতে সাহসী হন, এটী সুখের বিষয়; কিন্তু এবার টনি সাহেবকে ভৎসনা মাত্র করিয়া ছাড়িয়া দেওয়া উচিত। এরূপ হাকিমের তিরস্কারে কিছু হয় না। এদেশীয়েরা হাকিমের নামে নালীশ করেন না কেন দিল্লীগেজেট কি শুনিবেন? হাকিমে হাকিমে যে "গা শোঁকা শুঁকি" করেন।

ইংলণ্ডের অন্তর্গত পাডিংটন গ্রামের জে, কে, স্মিথস নামক এক জন ব্যারিষ্টর একপ্রকার বাষ্পীয় পক্ষীর সৃষ্টি করিয়াছেন।

১২ ই জুলাই রাত্রিতে গোয়ালপাড়ায় ভূমিকম্প হইয়াছে। বাটীসকল দোলায়মান হওয়াতে গাঢ় নিদ্রিত ব্যক্তিদিগেরও নিদ্রা ভঙ্গ হইয়াছিল। পর দিবস বেলা দশ ঘটিকার সময়ে পুনর্ব্বার কম্প হয়। ব্রহ্মপুত্রের জল বৃদ্ধি হওয়াতে এখানকার বিস্তর শস্য নষ্ট হইয়া গিয়াছে।

কাশীর কান্টোনমেন্ট মাজিষ্টেটের আদালত হইতে জরিমানার পুস্তক ও নগদ ৫০ টাকা অপহৃত হইয়াছে। সচরাচর যেরূপ হইয়া থাকে, খাতাঞ্চিকে দণ্ড দিবার চেষ্টা হয়; কিন্তু এ ব্যক্তি মুক্ত হইয়াছেন। কান্টোনমেন্ট মাজিষ্টেটদিগের আদালত হইতে খাতা ও টাকা চুরি করিবার অনেক লোক আছে।

কতগুলি ইংরাজ স্ত্রীলোক এতদ্দেশীয় স্ত্রীলোকদিগকে বিদ্যাশিক্ষা ও খৃষ্টীয় ধর্ম্ম অবলম্বন করাইবার নিমিত্ত এক সভা করিয়াছেন। ইঁহারা এ দেশে স্ত্রীলোক মিসনরি প্রেরণ করিবেন; ইহাঁদিগের যে মূলধন হইয়াছে তাহা হইতে প্রতিবৎসর ৪০,০০০ টাকা আয় হইবে।

লেপ্টনণ্ট গবর্ণর মফস্বলে গমন করাতে বঙ্গদেশীয় ব্যবস্থাপক সভা বন্ধ থাকিল। এটী আর যেন না খুলে।

সম্প্রতি মিস কাপেণ্টর ইষ্টইণ্ডিয়ান আসোসিয়েসন সভায় এক বক্তৃতা করিয়া বলিয়াছেন, ভারতবর্ষীয় জেলে কোনপ্রকার উৎকর্ষ হইবার যো নাই। জেলের স্বাস্থ্যরক্ষাপ্রণালী অতি জঘন্য। তথায় ধর্ম্মনীতির উন্নতি হইবার সম্ভাবনা নাই। তিনি তন্নিমিত্ত প্রস্তাব করিয়াছেন, চরিত্রসংশোধন হয় এমত কারাগার (রিফর্ম্মেটার) করা কর্ত্তব্য। আমাদিগের গবর্ণমেন্টের ও কথা ভাল লাগে না। সৈনিক বারিকের স্বাস্থ্যরক্ষার কথা হইলে এক্ষণেই লক্ষ লক্ষ টাকা ব্যয় করিবার আজ্ঞা হইত।

প্রধানতম বিচারালয়ের দুই জন নূতন উকীল তত্রত্য ডিক্রীনবীস হইয়াছেন। এটী প্রধান বিচারপতির সুখ্যাতির বিষয়, কিন্তু উচ্চতর বেতনের যাবতীয় পদ ইউরোপীয় ও ফিরিঙ্গিদিগকে দেওয়া হইয়াছে।

গমেণ্টকে জানাইয়াছেন, মিউনিসিপাল লাইসেন্স করের উপরে আবার সরকারী লাইসেন্স কর হওয়াতে লোকের অতিশয় কষ্ট হইতেছে। একথা পূর্ব্বেই উঠিয়াছিল; কিন্তু ব্যবস্থাপক সভা ইহার প্রতি মনোযোগ করেন নাই। আমাদিগের করস্থাপনপ্রণালীর দোষেই কর অধিকতর কষ্টকর হইয়াছে।

আমাদিগকে এক জন জিজ্ঞাসা করিয়াছেন, কাপ্তেন ওল্‌ডের যখন প্রধানতম বিচারালয়ে বিচার হইবে, তখন তাঁহার মুক্তি নিশ্চয়। তিনি মুক্ত হইলে তাঁহাকে কোন্ পদে নিযুক্ত করা হইবে? তিনি হয় কোন স্থানের কান্টোনমেণ্ট মাজিষ্টেট নতুবা কোন বিদ্যালয়ের অধ্যাপক হইবেন। কাপ্তেন আইব্‌স্ পরদারগামী হইয়াছিলেন বলিয়া তাঁহাকে ইনস্পেক্টরের পদ দেওয়া হইতেছে।

ভারতবর্ষীয় রেলওয়েতে যাঁহারা দ্রব্য প্রেরণ করেন, কোম্পানি তাঁহাদিগের নিকটে যে মাশুল লন, তাহাতে সকলে অসন্তুষ্ট। ১ লা আগষ্ট অবধি মাশুল আরো বৃদ্ধি হইবে। এতদ্দেশীয় বণিকেরা এ নিমিত্ত এজেন্সি বোর্ডে আবেদন করিয়াছিলেন; তাহাতে কোন ফল না হওয়াতে তাঁহারা লেপ্টনণ্ট গবর্ণরের নিকটে আবেদন করিয়াছেন। কিন্তু লেপ্টনণ্ট গবর্ণর এই আবেদনের প্রত্যুত্তর দান করা উচিত, বিবেচনা করেন নাই। শ্যামনগরের হত্যাকাণ্ডের পর গ্রে সাহেবের নিকটে রেলওয়েঘটিত অত্যাচারের প্রতীকার প্রার্থনা করা বৃথা। আবেদনকারিগণ ভারতবর্ষীয় গবর্ণমেন্টের নিকটে আবেদন করুন।

হিন্দুপেট্রিয়ট অবগত হইয়াছেন, আডজুটেণ্ট জেনরলের প্রস্তাবানুসারে প্রধানতম বিচারালয়ের নিষ্পত্তিসকল মুদ্রিত করিবার এক নূতন প্রণালী হইতেছে। এ নিমিত্ত এক সভা হইবে। কাউই সাহেব অধ্যক্ষ এবং ডাম্পিয়র ও ষ্টোক্স সাহেব এবং বাবু অনুকূলচন্দ্র মুখোপাধ্যায় সভ্য হইবেন। ইঁহারা যে রিপোর্ট প্রকাশ করিবেন, বারিষ্টর গুডিব তাহার সম্পাদক ও বাবু মনোমোহন ঘোষ সহকারী সম্পাদক হইবেন। বারিষ্টর উডমান ও ইবান্স আদিম বিভাগের এবং বোর্ক, মেকেঞ্জি, মনোমোহন ঘোষ ও রাজেন্দ্রনাথ মিত্র আপীলবিভাগের রিপোর্ট করিবেন। গবর্ণমেণ্ট এ কার্য্যের নিমিত্ত বার্ষিক ৫০,০০০ টাকা দিবেন। রিপোর্টগুলির বার্ষিক মূল্য ৪৫ টাকা হইবে। মূল্য অধিক হইতেছে। গবর্ণমেণ্ট যখন এত টাকা দিতেছেন, তখন সহজেই ব্যয় কুলান হইবে। আইনের রিপোর্টের মূল্য যত অল্প হয়, ততই তাহার কাটতি হইয়া থাকে। বার্ষিক ২০ টাকা করিলেই পর্য্যাপ্ত হইবে।

নিম্নলিখিত সর্দ্দার ও জায়গীরদারদিগের উত্তরাধিকারের সময়ে নজরা না দিতে হইবে না। যে সকল সর্দ্দার ও জায়গীরদারের সহিত সন্ধি হইয়াছে; অথবা যাঁহারা দত্তকগ্রহণের সনন্দ পাইয়াছেন। যে সকল সর্দ্দার ও জায়গীরদার বার্ষিক কর দিয়া থাকেন। ইহাঁদিগের

আর না থাকুক। যেসকল আয়গায় [illegible] অথবা কয়েক পুরুষের নিমিত্ত দেওয়া হই

৩২ এ আষাঢ় মঙ্গলবার।

লেপ্টনাণ্ট গবর্ণর দুই দিবস দু[illegible] ছিলেন। তিনি কাছারি ও আদালত বিদ্যালয়সকল দর্শন করিয়াছেন। চুঁচুড়া স্কুল দেখিয়া গ্রে সাহেব বিশেষ আহ্লাদি হুগলীকালেজ ও মিসনরি বিদ্যালয় থা এই বিদ্যালয়টী স্বাধীন অবস্থায় উ চলিতেছে দেখিয়া তিনি বিস্ময় প্রকাশ গ্রে সাহেব জিজ্ঞাসা করেন, বাবু হুর্গাচর ইহার সাহায্য করেন কি না? তিনি জ পারিলেন, এই বণিক্ এক জন প্রধান কারী। তিনি আরও অবগত হইলেন, মিসনরি বিদ্যালয়ে সন্তানদিগকে প্রেরণ অনিচ্ছু। চুঁচুড়ার হিন্দুস্কুল এক জন লোকের যত্নে এত উন্নতি লাভ করিয়া ব্যক্তির নাম যদুনাথ দাস।

এডওয়ার্ড কাসিনামক যে সার্জ্জেণ্ট হিতে তাহার স্ত্রীকে বধ করে, সামরিক বিলয় তাহার এক বৎসর মিয়াদের আজ্ঞা কাসির স্ত্রী অতিশয় দুশ্চরিত্র ছিল, সে স্ব অত্যন্ত কষ্ট দিত এই নিমিত্ত সার্জ্জেণ্ট এক ক্রোধ সম্বরণ করিতে না পারিয়া তাহা করিয়াছিল। এইসকল বিষয় বিবেচনা প্রধান সেনাপতি এই হতভাগ্য ব্যক্তিকে করিয়াছেন। নিম্ন শ্রেণির ইউরোপীয় কেরা কেমন ভয়ানক তাহা এইসকল বণে প্রকাশ করিবে। ইহাদিগের অপেক্ষা দিগের নিম্ন শ্রেণির স্ত্রীলোকেরা শতগুণে

লক্ষ্ণৌ টাইমস টাইমস অব ইণ্ডিয়ার শিত চিরস্থায়ী বন্দোবস্তের প্রতিকারে টীর প্রশংসা করিয়া বলিয়াছেন, "অযো তালুকদারেরা বঙ্গদেশের জমীদারদিগের স্থায় পতিত হন নাই, এটী তাঁহাদিগের অ সৌভাগ্যের বিষয় এবং তন্নিমিত্ত গবর্ণমে ধন্যবাদ প্রদান করুন।" কিন্তু মহারাজ মান বলেন, চিরস্থায়ী বন্দোবস্ত না থাকাতে দারেরা যথোচিতরূপে ভূমির উন্নতি করে কারণ উন্নতি হইলেই রাজস্ববৃদ্ধি করা হ যাহা হউক, তালুকদারগণ যে এত সুখী তাঁহারা নিজে জানেন না। লক্ষ্ণৌ টাইমস য়াসে জানিলেন, এটী বড় আশ্চর্য্যের বিষয়

লক্ষ্ণৌয়ে অতিশয় গ্রীষ্ম হইয়াছে। অ সরদিগরমি হইতেছে; পশু ও গৃহপালিত সকল আতপতাপে প্রাণত্যাগ করিতে এপর্য্যন্ত বৃষ্টি হয় নাই। শীঘ্র জল না অনেকে লক্ষ্ণৌ হইতে পলায়ন করিবেন।

কতকগুলি লোক সম্প্রতি হাউস অব এক আবেদন করিয়া বলেন, মাগদালা ও থিওডোরকে বধ করা অতিশয় অন্যায় য়াছে। ষ্টুয়ার্ট মিল এই আবেদন প্রদান ক আবেদন পাঠ করিবার সময়ে প্রতিনিধিগণ দ্বার উচ্চস্বরে হাস্য করিয়া উঠেন। ই আর কিছু না হউক, ইংলণ্ডীয় ইংরাজ

রা কোন ক্রমে বিদেশীয় জাতিগণের
কোন প্রকার অত্যাচার করিতে
নহেন।

লিকাতার পুলিষেও প্রহার ও শারীরিক
দিবার প্রথা আছে। সার্জ্জেণ্ট হাল নামক
ব্যক্তি পি, এম, ওয়ামসলিনামক এক জন
কে থানায় আনয়ন করিয়া তাহাকে
প্রহার করে যে তাহাতে তাহার হস্ত ভগ্ন
সে কিছু দিন চিকিৎসালয়ে থাকিতে
হয়। প্রহারকারীকে সোপরদ্দে সমর্পণ করা
ছে। যাঁহারা লালবাজার দিয়া গমনাগমন
তাঁহারা দেখিতে পান, রাজধানীর ইউরো
পুলিষ প্রহরীরা কি প্রকার সচ্ছন্দতা সহ
লোফারদিগের সহিত সুরাপান করি-
। মারামারী ও মাতা কাটাকাটী হইতেছে।
বিড়াল যেমন ইন্দুর দেখিয়া ও চক্ষু
করিয়া থাকে, প্রহরী সেইপ্রকার অন্য
মুখ ফিরাইয়া চুরট টানিতে থাকে। এই
লোফার প্রহরীদিগের গুণেই হত্যাকারী ও
রা এত নির্ব্বিঘ্নে স্বকার্য্য সাধন করিতেছে।
ইণ্ডিয়ান ডেলিনিউস বলেন, সম্প্রতি কটক
অস্ত্রধারী গারো আমলি গ্রামে পতিত
কয়েক জন বণিকের সম্পত্তি লুঠ করিয়া
পলায়ন করিয়াছে।

১লা শ্রাবণ বুধবার।

আবার ছিয়াত্তর সাল আসিতেছে ; দুর্ভিক্ষ
র বিলক্ষণ সম্ভাবনা দেখা যাইতেছে।
র কোন অংশ প্লাবিত হইয়াছে, আবার
অংশে বৃষ্টি নাই। বঙ্গদেশের অনেক স্থানের
বস্থা। কিন্তু উত্তর পশ্চিমাঞ্চলের অধি
শ শস্যক্ষেত্র অনাবৃষ্টিনিবন্ধন শুষ্ক রহি
ছ। জামালপুর অবধি বক্সারপর্য্যন্ত বৃষ্টি হয়
। কাশী অবধি মির্জাপুরপর্য্যন্ত যৎকিঞ্চিৎ
াছে। কানপুর, এটোয়া, সেখরাবাদ, আলা
াদ ও ফতেপুরে অনাবৃষ্টিনিবন্ধন শস
ন হইতেছে না। দিল্লী হইতে সিমলা পর্য্য
রও এই অবস্থা।

ফ্রান্সিস রাইটনামক এক জন ইউরোপীয়
পনাকে পুলিষ ইনস্পেক্টর বলিয়া পরিচয়
কয়েক জন প্রেমারাজাকে ধৃত করিয়া
টাকা উৎকোচ লইয়া মুক্ত করে। এ
ক্তকে সোপরদ্দে সমর্পণ করা হইয়াছে।
হব ক্রীড়া করিয়াছিলেন বোধ হইতেছে।
মেজর লিজ কমন্স হাউসে প্রবেশ করিবার
পায় আছেন। মেজর লিজ সম্প্রতি ভারত-
ত্যাগ করিয়াছেন কেন, তাহার অনুসন্ধান
সে বোধ হয় ভাল হয়। তৎসম্বন্ধে অনেক
জনরব উঠিয়াছে।

২রা শ্রাবণ বৃহস্পতিবার।

রঙ্গপুরে বিদ্যাশিক্ষার তাদৃশ অনুশীলন নাই
যুক্ত উকীল পাওয়া ভার। এই হেতু প্রধান
াদালতের আজ্ঞা দিয়াছেন, ১৮৬৫ অব্দের
আইন অনুসারে উকীলদিগের পূর্ব্বপরীক্ষার
নিয়ম আছে, তাহা উক্ত জেলার ওকালতির

বিকানিয়ারের সীমায় সর্ব্বদা দস্যুবৃত্তি
হওয়াতে দস্যুদিগকে দমনে রাখিবার নিমিত্ত
গবর্ণমেণ্ট এক জন ব্রিটিশ সৈনিক আফিসরকে
নিযুক্ত করিবার সঙ্কল্প করিয়াছেন।

চট্টগ্রামে চার চাস উঠিয়া গেল দেখা যাইতেছে।
তিন বৎসর হইল এখানে এই চাস আরম্ভ হয়।
ইহার মধ্যে ৯ খান ক্ষেত্র দগ্ধ করা হইয়াছে ;
অনেক স্থলে চার চারাও উৎপাটিত করিয়া
ফেলা হইয়াছে। চা-করেরা ক্ষতিগ্রস্ত হইয়াছেন
সন্দেহ নাই ; কিন্তু এ ক্ষতির নিমিত্ত তাঁহারা
আপনারাই দায়ী। চাস আরম্ভ হইবামাত্র মজুর
দিগের উপরে অত্যন্ত অত্যাচার করা হয় ;
অনেক স্থলে পুলিষের সাহায্যে কৃষকদিগের ভূমি
কাড়িয়া লইয়া তাহাতে চা বপন করা হয়।
কাহাকেও প্রায় বেতন দেওয়া হইত না।
দুর্ভাগ্যনিবন্ধন অনেক ইউরোপীয় কর্ম্মচারী
গুপ্ত চা-কর হওয়াতে নালীশ করিলেও তাহার
প্রতিকার হইত না। এরূপ স্থলে যে ঐসকল
ঘটনা হইবে, তাহা আশ্চর্য্যের বিষয় নহে।

সেনিস পর্ব্বতের উপরের রেলওয়ে সমাপ্ত
হইয়াছে। এক্ষণে ইটালি হইতে ফ্রান্সের মধ্যে
আল্পস পার হইয়া যাওয়া যায়।

ইংলিসম্যান বলেন বক্সাদুয়ারে অদ্যাপিও
ক্রীতদাসের ব্যবসায় চলিতেছে। গবর্ণমেণ্ট
ইহা জানিতে পারিয়া বিজনির রাণীকে ৭০০
ক্রীতদাস ও দাসীকে মুক্ত করিতে বাধিত করি
য়াছেন।

যেসকল পাদরি সৈনিক শিবিরে নিযুক্ত
হইবেন, তাঁহাদিগকে বাটী প্রস্তুত করিবার
নিমিত্ত ৪৩২০ ও ২৭০০ টাকা দেওয়া হইবে।
প্রতিমাসে প্রথম শ্রেণির চাপলেনদিগের বেতন
হইতে ১২০ এবং দ্বিতীয় শ্রেণির চাপলেনদি
গের নিকট ৭৫ টাকা কর্ত্তন করিয়া টাকা আদায়
করা হইবে। গৃহ প্রস্তুত হইবার পূর্ব্বে কাহার
মৃত্যু হইলে কি হইবে ?

ক্রফোর্ডনামক যে ব্যক্তির আলাহাবাদের
অপর এক জন ইউরোপীয়ের স্ত্রীর সহিত
ব্যভিচারদোষে এক বৎসর মেয়াদ হয়, উত্তর
পশ্চিমাঞ্চলের লেপ্টনাণ্ট গবর্ণর তাহাকে
ছাড়িয়া দিয়াছেন। এব্যক্তি কয়েদ থাকিলে
ইহার স্ত্রীর ভরণ পোষণ চলে না বলিয়া এই
অনুগ্রহ করা হইয়াছে। স্ত্রীর কষ্ট হয় বলিয়া
কয়েদিদিগকে ছাড়িয়া দেওয়া যদি যুক্তিসিদ্ধ
হয়, তাহা হইলে আদালত ও জেল উঠাইয়া
দেওয়া কর্ত্তব্য।

কাপ্তেন আইবস মধ্য ভারতবর্ষে এক জন
ইনস্পেক্টর হওয়াতে ক্রোওঅর্থ ইণ্ডিয়া বলেন,
পরদারগামিতার মকদ্দমার পূর্ব্বে এই নিয়ো
গের প্রস্তাব হয়, কিন্তু আইবস সাহেবকে
ইনস্পেক্টর করিতে দেওয়া হইবে না ; তাঁহাকে
রেজিমেণ্টে প্রত্যাগমন করিতে হইবে। তাহা
হওয়াই উচিত।

আমরা উক্ত পত্রে দর্শন করিলাম মান্দ্রাজের,
ষ্টাফ কোরের কাপ্তেন কার সাহেব লণ্ড সাহেবের
ন্যায় দক্ষিণ ভারতবর্ষীয় প্রায় ২০০০ প্রবাদ
বাক্য সংগ্রহ করিয়াছেন। কাপ্তেন কার কতক
গুলি সংস্কৃত প্রবাদবাক্যও সংগ্রহ করিয়াছেন।

যাবতীয় পদ এতদ্দেশীয়দিগকে প্রদান কর
কেহ তাহার প্রতিবাদ করিয়া বলিয়াছে
" আমাদিগের এতদ্দেশীয় সহযোগীদি
অবগতির নিমিত্ত আমরা বলিতেছি, এতদ
য়েরা উচ্চ পদ প্রাপ্ত হন, এ বিষয়ে আমাদি
আপত্তি নাই। তাঁহারা উন্নত পদ লাভের যো
হইলে অবশ্য পাইবেন। কিন্তু ইংলণ্ডের য
গুলি অজ্ঞ লোক যে যে পদ এতদ্দেশীয়দি
প্রদান করিবার যে কথা বলেন, তাহার
বাদ করাই আমাদিগের উদ্দেশ্য। এক
যথার্থ উপযুক্ত ভারতবর্ষীয় কলিকাতায়
তম বিচারালয়ের আসনে আছেন, দে
আমরা আহ্লাদিত হই, মান্দ্রাজ ও বোম্ব
এ প্রকার কেহ নাই বলিয়া আমাদিগের
হইতেছে। সর দিনকররাও গবর্ণর জেনে
মন্ত্রিসভার এক জন বেতনভোগী সভ্য
এটী আমাদিগের কামনা। বঙ্গদেশের লেপ
গবর্ণরের যদি মন্ত্রিসভা হয়, তাহা হইলে
জন এতদ্দেশীয়কে তন্মধ্যে গ্রহণ করা অ
গের মত। কিন্তু অনুপযুক্ত ভারতবর্ষীয়ের
মহীসুরের ও অচিহ্নিত কার্য্যের সকল পদ
তাহা হইলে শাসনকার্য্যের বিশেষ ব্য
হইবে।" আমাদিগেরও ঐ কথা। মধ্যে
উপযুক্ত ইউরোপীয় কর্ম্মচারী থাকেন,
কাহারও অনভিমত নহে। উপযুক্ত এ
কর্ম্মচারীকে পরিত্যাগ করিয়াও অনুপযুক্ত
রোপীয়কে কর্ম্ম দেওয়া হয় বলিয়াই লোকে
ষ্ট।

৩রা শ্রাবণ শুক্রবার।

ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, দারি
অর্পণ করাতে সিকিমের রাজাকে প্রতি
যে বৃত্তি দেওয়া হয়, গবর্ণমেণ্ট তাহা বৃদ্ধ
বেন। এটী ১৮৫৯ অব্দের ১০ আইন অ
হইতেছে না কি ?

উক্ত পত্র বলেন, আলাহাবাদ হইতে
পুর পর্য্যন্তের রেইলওয়ে যেসকল এতদ
রাজ্য হইয়া গিয়াছে তত্রত্য রাজগণ রেই
পুলিষের ব্যয় দিতে অসম্মত হইয়াছেন।
রেইলওয়ের উপরে তাহাদিগের ক্ষমতা
তখন এব্যয় গ্রহণ করা অনুচিত।

সম্প্রতি ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট সি
করিয়াছেন উত্তর পশ্চিমাঞ্চলের যে
মাজিষ্ট্রেট ও কালেক্টরের জজ হইবার
আসিবে, তাঁহারা যদি সেই সময়ে থাক
কার্য্যে নিযুক্ত থাকেন, তাহা হইলে ঐ
করিবেন ; কিন্তু জজের বেতন পাইবেন।

এপ্রেল মাসে মধ্য ভারতবর্ষে ১১,৮৮
টাকা আয় হইয়াছে। ইহার মধ্যে ভূমি
৮,৩৯,২৭৬ টাকা, লবণ হইতে ১,৪৪
টাকা। আবগারী হইতে ৬৩,৩৬১ ট
ষ্টাম্প হইতে ৬২,৪৫০ টাকা আদায় হই
ঐ মাসে ৪,৯৫,৩৫১ টাকা ব্যয় হইয়াছে।

ইণ্ডিয়ান পবলিক ওপিনিয়নে একজ
রোপীয় স্বামীর স্ত্রীভক্তির কথা লিখিত
য়াছে। স্ত্রীলোকটী স্বাধীন ধর্ম্মনীতি

তে একটী উপপত্তি করিয়াছিল। উপপত্তি
ল প্রায় একটীতে হয় না। আর একটী
ত প্রথম উপপত্তি ক্রোধান্বিত হইয়া
ক শিক্ষা দিবার নিমিত্ত এক দিবস
বস্থক পরিপূর্ণ করিয়া উপপত্নীর নিকটে
করে। পরে এক নল তাহার পদে ও এক
আপনার তলপেটে ঝাড়িয়া তাহাকে আহত
এবং আপনি হত হয়। আহত স্ত্রীলোককে
হসালয়ে লইয়া যাওয়া হইয়াছে। তাহার
সকল দোষ মার্জ্জনা করিয়া নিরন্তর তাহার
করিতেছেন। অসভ্য ভারতবর্ষীয় স্বামী
অবশ্যই এমত স্ত্রীকে ত্যাগ করিতেন;
ব্যক্তি যথার্থ খৃষ্টীয়ান; এক কালে চপেট
করিলে অপর গাল বাড়াইয়া দেন।

ক্ত পত্র বলেন, নূতন বিদায়ের নিয়ম হও-
পঞ্জাবের সিবিলিয়ানদিগকে অন্য কোন
শ বদলী করা হইবে না। এটী বড়
সমাচার। পঞ্জাবীদিগের গুণ পঞ্জাবেই
এটী সকলেরই ইচ্ছা।

এক জন ইউরোপীয় সুরাপান করিয়া
ন হওয়াতে দুর্গের প্রবেষ্ট সার্জ্জেণ্ট
ক কুলিবাজারে থানায় দিয়া আসে।
লের জেবে ১০ টী টাকা ছিল। সার্জ্জেণ্ট
কা ষ্টিবেন্স নামক এক জন ইনস্পেক্টর ও
ইনস্পেক্টর ওয়াইজের পুত্রের হস্তে দিয়া
ল। এ দুই ব্যক্তি ঐ টাকা আত্মসাৎ
ত ইহাদিগকে সেসিয়নে অর্পণ করা হই
লোকাস্পদল হইতে পুলিস কর্ম্মচারী যত
নোনীত করা হইবে, তত দিন এ অবস্থা
না। কিন্তু গবর্ণমেণ্ট ভাবেন ইউরোপীয়
ই ধর্ম্মের ঢালা বাঁধিলেন।

৪ঠা শ্রাবণ শনিবার।

তকল্প পোটকানিও কোম্পানির অংশী
অধিবেশন হইয়া গিয়াছে। সুইনহো
সভাপতির আসনগ্রহণ করেন। সিলার
সবান্ধবে উপস্থিত হইয়া আপনার বাঁধা
াড়িয়াছিলেন; কিন্তু অংশিগণ বর্ত্তমান
দিগের উপরেই সম্পূর্ণ বিশ্বাস প্রকাশ
ছেন। মকদ্দমা চালানও তাঁহাদিগের
ত হইয়াছে। সিলার সাহেব আদালতে
এত ভয় পাইতেছেন কেন?

রিষ্টর জ্ঞানেন্দ্রমোহন ঠাকুর ও রেবরেণ্ড
াহন বন্দ্যোপাধ্যায় খৃষ্টীয় ধর্ম্ম প্রচার ও
দেশীয় খৃষ্টীয়ানদিগের স্বত্বরক্ষার নিমিত্ত
ভা করিয়াছেন। খৃষ্টীয়ান ব্যতীত আর
এই সভার সভ্য হইতে পারিবেন না।
। এ সভার প্রকৃত অর্থ বুঝিতে পারিলাম
না। কিন্তু এতদ্দেশীয় খৃষ্টীয়ানগণ দেশের একাংশ বলিয়া যদি মাতৃভূমির মঙ্গলসাধন উদ্দেশ্য স্থির করিয়া থাকেন, তাহা হইলে সুখের বিষয়।

আমরা ইণ্ডিয়ান একজামিনারনামক এক খানি নূতন সাপ্তাহিক পত্র পাইয়াছি। পত্রখানি যেপ্রকারে আরম্ভ হইয়াছে, ঐ ভাব বরাবর থাকিলে উন্নতিলাভ করিবে সন্দেহ নাই। এক খানি নিরপেক্ষ ইংরাজী কাগজ থাকা অতিশয় আবশ্যক।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ বিক্রীত হইতেছে:—

৪	টাকার সিক্কা	৯৪৷৷০ । ৯৪৸
৪	কোং	৯৪৷৷৶ । ৯৪৸
৫	পবলিকওয়ার্ক	১০৫৷৷০ । ১০৫৷৷৶
৫	" কোং	১০৯৷৷ । ১০৯৷৷৶
৫৷৷০	" কোং	১১৪৷৷০ । ১১৫

—:০:—

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ৪ ঠা জুলাই। গত রাত্রিতে অটওয়ে সাহেব কমন্স হাউসে প্রস্তাব করিয়াছেন, এক্ষণে মহাসভার হস্তে যেপ্রকার কাজের ভিড় দেখা যাইতেছে, তাহাতে ভারতবর্ষীয় শাসনপ্রণালীর উৎকর্ষসাধনবিষয়ক আইনের পাণ্ডুলেখ্যের বিষয়ের বিবেচনা করা যাইতে পারে না। আপাততঃ উহা স্থগিত রাখিয়া ষ্টেট সেক্রেটারির কৌন্সিলসংক্রান্ত পাণ্ডুলেখ্য উপস্থিত করা কর্ত্তব্য।

সর ষ্টাফোর্ড নর্থকোট প্রত্যুত্তরে বলিলেন এসকল পদ অনিশ্চিতরূপ হইলে লোক পাওয়া ভার হইবে। তিনি বলিলেন, কৌন্সিলের সভ্যদিগের অবস্থানঘটিত আইনের পাণ্ডুলেখ্যের ছয়টীমাত্র ধারা আছে। তাহার একটা গ্রাহ্য হইয়াছে। তৃতীয় পঞ্চম ও ষষ্ঠের প্রতি প্রায় কোন আপত্তি করা হয় নাই; চতুর্থ ধারাটী নিয়োগসংক্রান্ত হইতেছে, এটী অন্য পাণ্ডুলেখ্যের অন্তর্গত করিবার প্রস্তাব হইয়াছে। অবশিষ্ট ধারাটী কেবল বেতন সংক্রান্ত। তিনি তন্নিমিত্ত প্রস্তাব করিলেন এই অবস্থায় কমিটি দ্বারা পাণ্ডুলেখ্যের বিধিবদ্ধ হওয়া উচিত। যখন সভ্যনিয়োগ ও নূতন ধারা বসাইবার কথা হইবে, তখন রিপোর্টের সময়ে ইহা করিলে চলিবে। ঐ পাণ্ডুলেখ্য পঠিত না হইয়া সভা ভঙ্গ হইয়াছে।

গবর্ণমেণ্ট সীমাসংক্রান্ত আইনের পাণ্ডুলেখ্যসম্বন্ধে যে ব্যবহার করিয়াছেন, তদুপলক্ষে গত রাত্রিতে লাডদিগের হাউসে অতিশয় উৎসাহপূর্ণ তর্ক হইয়া গিয়াছে। বোম্বাই ব্যাঙ্ক ঘটিত আইনের পাণ্ড লেখ্য বিধিবদ্ধ হইয়াছে।

৭ ই জুলাই। ফ্রান্স হইতে আমেরিকা পর্য্যন্ত তার পাতিবার নিমিত্ত ফরাশী গবর্ণমেণ্ট বারণ আরলেঞ্জর ও জুলিয়স রিউটার সাহেবকে সম্পূর্ণ ভার ও ক্ষমতা দিয়াছেন।

সর আলেক জণ্ড'র গ্রাণ্ট এডিনবরা বিদ্যালয়ের অধ্যক্ষ হইয়াছেন।

গত কল্য লাডদিগের হাউসে সীমাস ঘটিত আইন বিধিবদ্ধ হইয়াছে। নবস্কোশিয়া তর্ক হয়। এবিষয়ে অসন্তোষপ্রকাশ করা হই কিন্তু অনুসন্ধানের প্রস্তাব অগ্রাহ্য হই প্রতিনিধি মনোনীত করিবার সময়ে উ দিলে তাহার বিচার ও দণ্ড এক বিশেষ লতে হইবে বলিয়া যে ধারাটী হয়, তাহা কল্য কমন্স হাউসে অগ্রাহ্য হইয়াছে।

১০ ই জুলাই। রাজ্ঞী মহাসভাকে রোধ করিয়োছেন, সর রবার্ট নেপিয়র ও বংশীয় সকলকে বাৎসরিক ২০,০০০ টাক দেওয়া কর্ত্তব্য।

আয় ব্যয়ের হিসাব উপলক্ষে ফরাশী সভায় যে তর্ক হইয়াছে, তাহাতে মসুর রু মুষ্টিয়ার বলিয়াছেন ফরাশী গবর্ণমেণ্ট রক্ষায় অভিলাষী। ফরাশী সৈন্যগণ সেই প্রতিভূস্বরূপ রহিয়াছে।

স্পেক্টেটর পত্র বলেন, সর ষ্টাফোর্ড নর্থ ভারতবর্ষের গবর্ণর জেনরল হইয়া কাজ ক পারিবেন না। গত কল্য ওয়াশিংটন হ সংবাদ আসিয়াছে; ইহাতে জানা যাইতে নীচতন্ত্রপ্রিয় দল হোরেশিয় সাইমরকে পতি ও সেনাপতি কেয়ারকে সহকারী পতি করিতে অভিলাষী হইয়াছেন। উভ এই পদের প্রার্থী হইতে সম্মত হইয়াছে

৮ জুলাই। গত রাত্রিতে কমন্স হ ক্রফোর্ড সাহেব ভারতবর্ষের ডা মাসুল বৃদ্ধির প্রসঙ্গ করিয়া কহি সৈন্যদিগের পক্ষে কম মাসুল অন্যায় হইয়াছে। এতদুত্তরে ষ্টেট সাহেব বলিলেন, ডাকের কার্য্য ও কর্ম্মচা গের ব্যয়বৃদ্ধি হওয়াতে মাসুল বৃদ্ধির প্রয়ে হইয়াছে। তিনি বলিলেন, মাসুলবৃদ্ধির প করিয়া ভালই হইয়াছে। এতদ্দ্বারা চারি টাকা অধিক আদায় হইতেছে। সৈন্যদি পত্র কম মাসুলে লইয়া যাইবার প্রথারও সমর্থন করিলেন। সীমাবিষয়ক বিল এব লণ্ড ও আয়ারলণ্ডের রিফরম বিল লাডদি হাউসে বিধিবদ্ধ হইয়াছে।

সর ষ্টাফোর্ড নর্থকোট নেপিয়রকে ভোজ দিয়াছেন।

গত কল্যকার এক টেলিগ্রাম ওয়াশি হইতে আসিয়াছে। ইহা দ্বারা জানা যাইতে নীচতন্ত্রপ্রিয় দল আপনাদিগের নিয়লি রাজনীতি স্থির করিয়াছেন। সকলকে কর হইবে; গবর্ণমেণ্টের কাগজের সুদ ও নগদ দিতে হইবে, তবে যেখানে অন্যপ্র বন্দোবস্ত আছে, সেখানে তদনুসারে হইতে পারিবে। যেসকল লোক ইউনা ষ্টেটে পুরুষানুক্রমে বাস করিয়া তথায় জ ছেন ও যাঁহারা বিদেশ হইতে আসিয়া করিয়া দেশবাসী বলিয়া পরিগণিত হই তাঁহাদিগের স্বত্বের কোন প্রভেদ থাকিবে

গর্ণমেণ্ট বিজ্ঞাপন।

লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

৮ ই জুলাই। জে বক্রওয়েল সাহেব পুরীর শিক্ষাসভার সভ্য ও সেক্রেটারি হইবেন।
জি, হেস সাহেব পুর্ণিয়াতে এক জন ডেপুটি ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইয়া দ্বিতীয় শ্রেণীর অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।
১ ই জুন অবধি ২৩ এ জুনপর্য্যন্ত লেপ্টনণ্ট এচ. গার্ডনর সিংহভূমের ডেপুটি কমিসনর কার্য্যের ভার পাইয়াছিলেন।
যত দিন ডাক্তর ডবলিউ, এচ, হেস বিশেষ কারী কার্য্যোপলক্ষে স্থানান্তরে থাকিবেন, দিন লেপ্টনণ্ট ই. জি, সিলিঙষ্টোন সিংহভূ প্রতিনিধি ডেপুটি কমিসনর ও অধস্থ জজ বেন।

৯ ই জুলাই। বাবু উদয়চাঁদ দত্ত পুরীর চি- সা কর্ম্মচারী হইবেন।
বাবু অন্নদাচরণ কাস্তগিরি মালদহের চি- সা কর্ম্মচারী হইবেম।
যত দিন এ, জে, এলিয়ট সাহেব বিদায় া অনুপস্থিত থাকিবেন, তত দিন জে, এফ ন সাহেব দিনাজপুরের প্রতিনিধি সিবিল সিয়ন জজ হইবেন।
১০ ই জুলাই। ছাপরার সব রেজিষ্টার বাবু রণ বসু কিছু দিনের নিমিত্ত মতিহারিতে বেন।
বাবু উমাচরণ বসুর অনুপস্থানকালে ডেপুটি ষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর ই. এফ ফিশার ছাপরার প্রতিনিধি সব রেজিষ্টার হই

তীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন কা নাথ আচার্য্য দুই বৎসরের জন্য মেডিকাল জের দ্বিতীয় সার্জ্জনের হাউস সার্জ্জন ন।
১১ ই জুলাই। বীরভূম জেলা হইতে সাঁও রগণার দক্ষিণাংশপর্য্যন্ত রেইলওয়ের যে ট আছে, তন্মধ্যে ১৮৫৪ অব্দের ১৮ আই রে বিচার করিবার ভার রাজমহলের রী কমিসনরকে দেওয়া গেল।
১৩ ই জুলাই। যত দিন জে, এ, ক্রফোড বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত ার, বি, কক্রেল সাহেব কলিকাতার নধি কষ্টম কালেক্টর হইবেন।
ার: বি, কক্রেল সাহেবের অনুপস্থান আর, এচ, পসি সাহেব হুগলির প্রতি াজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।
ার, এফ, রাম্পিনি সাহেব বালেশ্বরের নধি আইণ্টমাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ন।
য়া এ জয়ন্তিয়া পর্ব্বতের অন্তর্গত জয়- সহকারী কমিসনর ১৮৬৮ অব্দের ৯ আইন রে কালেক্টরের ক্ষমতা পাইবেন।

কাপ্তেন এফ, এচ, হড চট্টগ্রামের এক জন মিউনিসিপাল কমিসনর হইবেন।
নিম্নলিখিত ব্যক্তিরা দ্বারভাঙ্গার মিউনিসি পাল কমিসনর হইবেন।
এফ, জে, ডিকেন্স সাহেব।
এচ, ডবলিউ, ষ্টিবেন্স সি, ই,।
নিম্নলিখিত ব্যক্তিরা শ্রীহট্টের দাতব্য চিকিৎ সালয় চালইবার সভার সভ্য হইবেন।
এফ, ডবলিউ, বি, পিটসন সাহেব।
জে, সি, বিসি » ।
এচ, এল, জোন্স » ।
মৌলবী আবু মহম্মদ আবদুল কাদের।
আহাম্মদ বক্স মজুমদার ।
বাবু বিজয়মাধব মুখোপাধ্যায় ।
স্বরূপচন্দ্র দাস ।
এস. জে, কিলবি সাহেব ময়মনসিংহের সহ কারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।
ডাক্তর এচ, জনষ্টোন মেডিকাল কালেজের চিকিৎসালয়ের প্রতিনিধি হাউস সার্জ্জন হই বেন।
১৪ ই জুলাই। দারজিলিঙের অতিরিক্ত সহকারী কমিসনর ডবলিউ, সি, মলার সাহেব ১৮৬৮ অব্দের ৯ আইন অনুসারে কালেক্টরের ক্ষমতা পাইবেন।
নিম্নলিখিত সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট বদলি হইবেন।
জে, এচ, জনষ্টোন সাহেব মেদনীপুর হইতে ২৪ পরগণাতে।
ডবলিউ, কাম্বেল সাহেব পূর্ণীয়া হইতে মেদনীপুরে।
এচ, জে, উইলকিন্স সাহেব হুগলী হইতে ভাগলপুরে।
রেবরেণ্ড এ, ডবলিউ, আর, কুইনলান হাবড়ার প্রতিনিধি চাপলেন হইবেন।
এচ, এ, সি. বাউটন সাহেব শিবসাগরের প্রতিনিধি সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হই বেন।
শিব সাগরের সহকারী পুলিষ সুপরিণ্টে ণ্ডেণ্ট এ, সি, বুষ্ট সাহেব নওগাঁতে বদলী হইয়া তত্রত্য প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

আমাদিগের কালনাস্থ সংবাদ দাতা লিখিয়াছেন।

এখানকার অনেক লোক কৃষিকার্য্যের উপর নির্ভর করিয়া জীবনযাপন করে। যাহাদিগের এরূপ জীবিকা, তাহারা প্রাণপণে আপন আপন মাঠাল জমিগুলির উন্নতিপক্ষে যত্ন করিয়া থাকে। যে রাজকর্ম্মচারীর অনবধানতাদোষে সেইসকল জমির হানি হয়, রাজপুরুষগণের উচিত যে তৎক্ষণাৎ তাহার প্রতিকার করেন। এরূপ লিখিবার তাৎপর্য্য এই যে, কালনা হইতে পাণ্ডুয়াপর্য্যন্ত যে রাস্তাটী গিয়াছে, তাহার যথাযোগ্য স্থানে সাঁকো (সেতু) না থা অনেক মাঠাল জমির অনিষ্ট হইতেছে। এ কার উত্তর সীমায় যেসকল মাঠাল জমি আ জলের বিশেষ আবশ্যক হইলে তন্নিকটস্থ বাঁদী নামক পুষ্করিণী হইতে জল লইয়া আ মত কৃষিকার্য্য নির্ব্বাহ হইত। এক্ষণে পুষ্করিণীর পশ্চিম দিক দিয়া রাস্তা প্রস্তুত হ এবং তথায় সাঁকো না থাকায় কৃষক বিশেষ ক্ষতি হইতেছে। সত্য বটে যে এ রা অনেক দিন নির্ম্মিত হইয়াছে, তা এত দিন ঐ জমিসকলের কোন অনিষ্ট হয় এখনই কেন হয় কেহ একথা জিজ্ঞাসিলে এ বলিতে পারি যে পূর্ব্বে এ রাস্তাটী কেবল মৃ দ্বারা নির্ম্মিত হইয়াছিল জল আনিবার আ হইলে এক স্থানে কাটিয়া জল লইয়া সমাধা করিত। পরে আবার ঐ স্থানটী রূপ বাঁধাইয়া দিত। এক্ষণে সে রাস্তাটী প করিয়া প্রস্তুত করা হইয়াছে। আর কাহার ইহাতে হস্তক্ষেপ করে; সুতরাং এখানে (বাদীর পশ্চিমে) একটী সাঁকো করিয়া দে নিতান্ত আবশ্যক। আমরা বর্দ্ধমানের শ্রী কমিসনর সাহেব মহোদয়কে অনুরোধ করি অনুগ্রহ করিয়া বর্দ্ধমানের একজিকিউটীব নিয়ার সাহেবকে এজন্য অনুমতি করেন। ই ব্যয় অতি সামান্য, কিন্তু অনেক প্রজার বি উপকার হইবে।

এখানকার অতি নিকট সর্ব্বমঙ্গলান স্থানে একটা আশ্চর্য্য ঝড় হইয়া গিয়া একদা বেলা ৩ টার সময় সহসা পূর্ব্বদিক হ বাতাসটা আগমন করে। যে যে স্থান গিয়াছে, তথায় যেন প্রকৃত একটী রাস্তা প্র হইয়া গিয়াছে। আশ্চর্য্যের বিষয় এই যে গ্রা উত্তর সীমায় প্রবল ঝড় বহিয়াছিল কিন্তু দ দিগের বৃক্ষশাখাও আন্দোলিত হয় নাই। ব বেগের কথা অধিক কি কহিব, তথায় বারইয়ারি পূজা হইয়াছিল, বায়ুর প্রবলে প্রতিমার মস্তক উড়াইয়া প্রায় ৫০ হস্ত ফেলিয়া দেয়। পাণ্ডাগণ ভয়ে অস্থির। প্রতি হইলেন কালী, হইলেন ছিন্নমস্তা, তাহাতে প গণ ভীত হইতেই পারেন। আশ্চর্য্য ঝড় বটে

অত্রত্য নূতন মুন্সেফ বাবু যাদবচন্দ্র চক্রব মহাশয়ের বিচারপ্রণালী দেখিয়া সক সন্তুষ্ট হইয়াছেন। ইনি যেমন বহুদর্শী তে কার্য্যকুশল। এরূপ বিচারপতিদ্বারা গ্রা শ্রীবৃদ্ধি হয় ও প্রজারা যথার্থ বিচারে বঞ্চি হয় না। আমরা প্রার্থনা করি ইনি স্থায়িরূ এখানেই অবস্থান করুন।

আবার এখানে লাইসেন্স টাক্সের হজাম

কতদিনে এউপদ্রব নিবারণ হইবে তাহা যায় না।

-:০:-

আমাদিগের কোরহাটিস্থ সংবাদ-

ালিখিয়াছেন।

। আমরা বিক্রমপুরপুলিষের দুঃসহ অত্যা ও নানাবিষয়িণী দুর্নীতি প্রদর্শন করিয়া নিয়ত চীৎকার ও অশ্রুবিসর্জ্জন করিয়া তেছি, কিন্তু দুর্ভাগ্যবশতঃ উক্ত পুলিষ ও প্রকৃতিস্থ হইতেছে না। কর্ম্মচারী মহা ণ কার্য্যতৎপর হইবেন কি, দুরন্ত হাত রোগই ইহাদিগের সর্ব্বনাশ সাধন করিতে াছে। ইহাঁরা উক্ত মহারোগের প্রতীকার রে প্রজাদিগের মঙ্গল ও দেশের শ্রীবৃদ্ধি র চেষ্টা পান না, প্রত্যুত সময়ে ত হাদিগের প্রতি নিরর্থক দৌরাত্ম্য করিয়া দিগকে যার পর নাই ব্যথিত ও পরিতা করিতেছেন। গবর্ণমেন্ট কি এই জন্য পুলিষের সৃষ্টি করিয়াছেন? এই রূপেই শের শান্তি স্থাপিত ও সংরক্ষিত এবং তিসমূহ সংশোধিত হইবে? ইহাই কি র প্রকৃষ্ট উপায়? যদি তাহাই হয়, তবে দের নূতন পুলিষের সাধ মিটিয়াছে। আর া যেন নিরর্থক ক্রন্দন করিয়া অশ্রুজলে ান না হই।

প্রায় দুই মাস অতীত হইতে চলিল, ঢাকা নিবাসের (লিউনেণ্টক এসাইলাম) ডাক্তর বাবু রামপ্রসাদ সেন মহাশয় কর্ম্ম াগ করিয়াছেন। অনেকে বলেন, তিনি জ পরিত্যাগ করিয়া বড় লাভবান হইতে ন নাই এবং অনর্থক তিনি উহা ত্যাগ াছেন। আমরা যত দূর জানি, তাহাতে ত পারি, যাঁহারা ওরূপ বলেন, তাঁহাদের ন্ত ভ্রম। তিনি উন্মত্তদিগের যথোচিত সা সম্পাদন করিয়া বাহিরের রোগীদি আবশ্যকমত চিকিৎসা করিতেন। এই এত দিন চলিয়া আসিতেছিল। সম্প্রতি ধর চিকিৎসা করা নিষিদ্ধ হয়। কিন্তু রাম বাবু এরূপ আদেশে পরিতুষ্ট হইবার নন। তিনি বন্ধু বান্ধবদিগের চিকিৎসার ীয় পদ পরিত্যাগ করিলেন। ইহাতে পূর্ব্বাপেক্ষা লাভও অল্প হয় না, অপচ নেতারূপ শৃঙ্খলোন্মুক্ত হইলেন। পদ রামপ্রসাদ বাবুর পক্ষে অমঙ্গলকর ও জনক হয় নাই।

৩। আমরা অতিশয় সন্তোষসহকারে প্রকাশ করিতেছি, বিক্রমপুরের ভূতপূর্ব্ব ডেপুটী ইনস্পেক্টর বাবু বৈকুণ্ঠনাথ সেন মহাশয় ফরিদপুরের এসেসর ডেপুটি কালেক্টরী পদে স্থায়িরূপে নিযুক্ত হইয়া তথায় গমন করিয়াছেন। গত বর্ষে কর্ত্তব্য কর্ম্মে অনন্য পারদর্শিতা প্রদর্শন করিয়াছেন বলিয়াই বৈকুণ্ঠ বাবু এসেসরি পদে স্থায়ী হইলেন। বিক্রমপুরের ডেপুটী তত্ত্বাবধায়কের পদে সুযোগ্য বাবু অমৃতলাল গুপ্ত মহোদয়ই নিযুক্ত রহিলেন। অমৃত বাবু এক জন কর্ত্তব্য পরায়ণ লোক তাহার সন্দেহ নাই। ইনি পরিদর্শন কার্য্যে বিলক্ষণ নিপুণ; এই বিভাগে ইহাঁর স্থায়িত্বে অনেকে প্রীত হইয়াছেন। আমরা ভরসা করি, অমৃত বাবুর দ্বারা বিক্রমপুরস্থ বিদ্যালয়গুলি অল্পকালমধ্যেই সমধিক উন্নত হইবে।

-:০:-

আমাদিগের মজঃফরপুরের সংবাদ-

দাতা লিখিয়াছেন।

মজঃফরপুরে এপর্য্যন্ত কিছুমাত্র বৃষ্টি হয় নাই, উত্তরোত্তর এস্থান অতিশয় ভয়ানক হইয়া উঠিতেছে। আজি কালি যেরূপ গ্রীষ্ম ও রৌদ্রের প্রচণ্ড উত্তাপ, তাহা বর্ণনা করা যায় না। এরূপ গ্রীষ্ম কেহ কখন দেখে নাই। প্রায় ১৭ বৎ সর গত হইল, এক বার এই রূপ গ্রীষ্ম ও অনাবৃষ্টি হইয়াছিল, তাহাতে তৎকালে দ্রব্যাদি যাহার পর নাই, মহার্ঘ্য হওয়াতে প্রায় দুর্ভিক্ষ উপস্থিত হয়। এবারেরও ঠিক সেই রূপ অবস্থা দেখিয়া পুনরায় দুর্ভিক্ষের আশঙ্কা হইতেছে। নভোমণ্ডলে অদ্যাপি কিছুমাত্র মেঘও দৃষ্ট হয় না; সুতরাং শীঘ্র যে বারিবর্ষণ হইবে, তাহার আশা নাই। বসন্তকালে যেরূপ পাশ্চাত্য বায়ু হয়, এক্ষণে অবিরল সেইরূপ বায়ু বহিতেছে। ওলাউঠা ও তাহার সঙ্গে সঙ্গে বসন্ত রোগেরও অত্যন্ত প্রাদুর্ভাব হইয়াছে।

এবারে এখানকার সেসিয়নে ১০ টি মকদ্দমা উপস্থিত হইয়াছে। জাল কাণ্ডের মকদ্দমা নিষ্পত্তি হইয়া গিয়াছে। উক্ত দিগম্বর সাহার কঠিন পরিশ্রমের সহিত ৫ পাঁচ বৎসর মেয়াদ ও ৫০০ টাকা অর্থদণ্ড হইয়াছে। তাহিদেরও ৩ তিন বৎসর মেয়াদ হইয়াছে; অপর ব্যক্তি অব্যাহতি পাইয়াছে। আরও দুইটী সেসিয়নের মকদ্দমা নিষ্পত্তি হইয়া গিয়াছে। কিন্তু একটীতে বিচারপতির কিছু অন্যায় লক্ষিত হইল।

এখানকার নূতন সব রেজিষ্টার সৈয়দ কুলি খাঁ কার্য্যভার গ্রহণ করিয়াছেন।

—:০:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পা

মহাশয় সমীপেষু।

মহাশয়! গবর্ণমেন্ট পল্লীগ্রামে চৌকী টাক্সের নিয়ম প্রচলিত করাতে প্রথমে অনে আশা করিয়াছিলেন তদ্দ্বারা দেশের ম মঙ্গল সাধিত হইবে; কিন্তু এক্ষণে উহার দৃষ্টি করিয়া সে আশা দূরে থাকুক, প্রত্যুত ঘটনাই দেখা যাইতেছে। যে যে গ্রামে টাক্স প্রচলিত আছে, সেই সেই স্থানে দির নিবৃত্তি না হইয়া বরং প্রাদুর্ভাব দৃষ্ট ইহার বিশেষ কারণ এই, পূর্ব্বে চৌকীদ তাহাদের সীমার মধ্যে প্রতিগৃহস্থের নি মাসিক কিছু কিছু (পরিমাণে অধিক ন বেতন পাইত এবং সেই অনুরোধেই রাত্রিতে তাহারা গৃহস্থের বাটীর তত্ত্ব লইত এক্ষণে উক্ত টাক্সসংগৃহীত টাকাদ্বারা মেণ্ট হইতে উহারা বেতন পাইয়া থাকে, সু তাহারা আর গৃহস্থের অনুরোধ রাখে না, পু ন্যায় পাহারাও দেয় না। এরূপ অবস্থায় র্ম্মকারী লোকেরা বিলক্ষণ প্রশ্রয় পাইতে অপর আমরা শুনিয়াছিলাম যে, চৌকীদারি হইতে চৌকীদারের বেতনের ব্যয় নির্ব্বাহ যে টাকা উদ্বৃত্ত হইবে, সেই টাকা ও গবর্ সাহায্যদ্বারা গ্রামের রাস্তা ঘাটপ্রভৃতির উ সাধন করা হইবে; কিন্তু তাহার কিছুই যায় না, কেবল করভারবহনই লোকের হইয়াছে। মহাশয়! দৃষ্টান্তস্থলে হুগলি জে অন্তঃপাতি গুপ্তিপাড়াকে গ্রহণ করা গুপ্তিপাড়া একটী জনসমাকীর্ণ ও বিস্তীর্ণ এ ঐ গ্রামে মাসিক ৮০ টাকা চৌকিদারি সংগ্রহ হইয়া থাকে। তন্মধ্যে ৪৯ টাকা গ্রামের চৌকিদারের বেতনে আর উক্ত আদায়কারীর বেতনপ্রভৃতিতে ২৩ টাকা হয়। উদ্বৃত্ত ৮ টাকা গবর্ণমেন্টের নিকট ম থাকে। আট বর্ষ গত হইল গুপ্তিপাড়া চৌকিদারি কর স্থাপিত হইয়াছে; কিন্তু পের বিষয় এই, এপর্য্যন্ত রাস্তা ঘাটপ্রভৃ কোন উন্নতিলক্ষণ লক্ষিত হইল না। গ্র পথগুলি পূর্ব্বমত জল ও কর্দ্দমে পরিপূরিত কেবল একটী মাত্র পথের কিয়দংশ সং হইয়াছে; কিন্তু তাহাতে গবর্ণমেন্টের যে

হইয়াছে, তাহার অর্দ্ধেক টাকাতে ঐ পথ
ত হইতে পারে। আরও দুঃখের বিষয়
উক্ত টাক্স আদায়কারীদিগের দৌরাত্ম্যে
নায় ব্যবহারে গ্রামস্থ সকলেই বিরক্ত হইয়া

গুপ্তিপাড়ানিবাসী
এক জন প্রজা।

—:০:—

পাদক মহাশয়! আপনার সোমপ্রকাশ পত্র
অবগত হইলাম, আমাদের দয়াশীল
র্ণমেণ্ট না কি শ্রীল শ্রীযুক্ত লেপ্টনণ্ট
র মহোদয়কে বর্ত্তমান বাঙ্গাল পুলিষ
াধন করিতে অনুমতি প্রদান করিয়াছেন।
আমাদের সদ্য সাধারণের মঙ্গলজনক
দ সন্দেহ নাই। কিন্তু আমরা ভীত হই-
ছ যে, কর্ত্তৃপক্ষীয়েরা পাছে এই সংশোধন
লীটী, কেবল যাঁহারা উচ্চ উচ্চ আসনে
ষ্ট হইয়া ও লম্বা চৌড়া রিপোর্ট লিখিয়াই
ধাপন করিয়া থাকেন, অর্থাৎ সেক্রে
বিভাগীয় কমিসনর, হদ্দ মুদ্দ ম্যাজিষ্টেট
দের নিকট হইতে মত লইয়াই মীমাংসা
া ফেলেন। আমরা নিশ্চয় বলিতে পারি
হইলে এই সংশোধনপ্রণালী কখনই
ায় হইবার সম্ভাবনা নাই। কারণ, অত্যুচ্চ
হইতে অধিক নিম্নের কোন ক্ষুদ্র পদার্থের
দৃষ্টিপাত করিলে তাহা কখনই সুস্পষ্ট
ও পরিচিত হয় না। গবর্ণমেণ্টের যত প্রকার
ধ্যক্ষ আছেন, তন্মধ্যে পুলিষের ন্যায় নিম্ন
ার নাই। এইসকল কর্ম্মচারীর দ্বারাই
রণের শান্তিরক্ষা হইয়া থাকে। ইহাদের
তাও প্রশস্ত দেখা যায়। অথচ ইহাদের ইন
র জেনেরল অবধি সকলের তুল্য ক্ষমতা।
ার কথা কেহই গ্রাহ্য করেন না। যদিচ
ল পুলিস এখনও একেবারে দোষশূন্য
াই, তথাপি মুক্ত কণ্ঠে স্বীকার করা
ত পারে, যে এক্ষণে এই শ্রেণীতে অনেক
পক্ষ, উপযুক্ত, ভদ্র লোক প্রবেশক রিয়াছেন
পক্ষ ইহাদের কথা শুনিলে, বোধ করি,
অপকার হয় না, বরং অনেকাংশে উপ
হইবার সম্ভাবনা। কোন ভূ-ময় ঊর্ব্বরতা
ক জানিবার প্রয়োজন হইলে, ঐ ভূমির
কর নিকট জিজ্ঞাসা করিলেই ভূমির যথার্থ
া সহজে ও উত্তমরূপে অবগত হওয়া
ত পারে। এক জন ভূবিদ্যাবিশারদ পণ্ডিত
কখনই সেইরূপ সহজে ও নিঃসংশয়িত
অবগত হইবার সম্ভাবনা নাই। তদ্রূপ
এই বাঙ্গাল পুলিস সংশোধনপক্ষে, বিভা

গীয় ইনসপ্টর গণ অবধি ক্রমশঃ উপরি পদস্থ
শান্তিরক্ষকদিগের নিকট হইতে মতগ্রহণ করা
হয়, তাহা হইলে যথার্থ দোষ গুণের মীমাংসা
সহজেই সম্পাদিত হইবে। আমি যে কেবল
ইহাদিগের মত লইয়াই গবর্ণমেণ্টকে কর্ম্ম করিতে
অনুরোধ করিতেছি তাহা নহে, বর্ত্তমান পুলিষ
শান্তিরক্ষা সংক্রান্ত কোনকোন বিষয়ে কাঠিন্য
ও প্রতিবন্ধ অনুভব করিয়াছেন; আর ঐসকল
বাধা রহিত করিয়া তাঁহাদিগকে স্বাধীনতা
দিলেই বা কতদূর দোষ গুণ ঘটিবার সম্ভাবনা
আছে এই সমস্ত বিষয়ের অনুসন্ধান করিয়া কর্ম্ম
করিলে আর কোন দোষ হইতে পারিবে না।
যাহা হউক, অদ্য এইপর্য্যন্ত বলিয়াই নিরস্ত
হইলাম। আপনার ও আপনার পাঠকবর্গের
মত জানিতে পারিলে, এ বিষয়ে লেখনী
ধারণে সাহসী হইব: অলমতি বিস্তরেণ।

পিরোজপুর
১৮ ৬৮ ৯ জুলাই
} কস্যচিৎ শুভাকাঙ্ক্ষিণঃ।

মহাশয়! গত ২৭ জ্যৈষ্ঠের সোমপ্রকাশের বিবিধসংবাদমধ্যে এক স্থানে দেখিলাম, আপনি লিখিয়াছেন যে "কলিকাতার উপনগরের লোকদিগকে বারুইপুরের মুন্সেফের নিকটে মকদ্দমা করিতে আসিতে হয়, অথচ আলীপুরে দুই জন মুন্সেফ আছেন"। আমি এই বিষয় পাঠ করিবামাত্র বিস্ময়াপন্ন হইলাম এবং মনে মনে ভাবিলাম, গবর্ণমেণ্টের এ কি প্রকার বন্দোবস্ত? কোথায় বারুইপুর আর কোথায় উপনগর? আলীপুরের মুন্সেফের সহিত উপনগরবাসিগণের কি কোন বিবাদ আছে যে তজ্জন্য তাহাদিগকে আলীপুর ডিঙ্গাইয়া বারুইপুরে যাইতে আদেশ হইয়াছে? গবর্ণমেণ্টের যে কর্ম্মচারী বারুইপুরস্থ মুন্সেফের উল্লিখিতরূপ অধিকার স্থির করিয়া দিয়াছেন, তাঁহার কি সামান্য বুদ্ধিও নাই? এইরূপ নানা চিন্তা করিবার পর, এক দিবস কলিকাতার উপনগরের পূর্ব্বাংশের কয়েক ব্যক্তিকে জিজ্ঞাসা করিলাম, তাঁহারা দেওয়ানি মকদ্দমা করিবার সময় কোন আদালতে গমন করিয়া থাকেন? তাঁহারা বলিলেন, বারুইপুরের মুন্সেফী আদালতে। সোমপ্রকাশের সংবাদটী যে অযথার্থ নহে, তাহার তৎক্ষণাৎ প্রমাণ পাইয়া আমি অতঃপর কোন আদেশানুসারে উল্লিখিত অঘন্য বন্দোবস্ত রহিয়াছে, তাহার অনুসন্ধানে প্রবৃত্ত হইলাম, কিন্তু অবশেষে জানিতে পারিলাম ঐ অঘন্য বন্দোবস্তের কোন আদেশ নাই। গবর্ণমেণ্টের "বাউণ্ডেরি কমিসনর" ইং ১৮ সালের ২২ এ অক্টোবরের "নোটিফিকেশ দ্বারা (১৮৬৩ সালের ১১ ই নবেম্বরের কাণ্ডা গেজেটের ৩০৭৩ পৃষ্ঠা দেখ) নদী বিভাগের অন্তঃপাতী নদীয়া, যশোহ ২৪ পরগণা এই তিন জেলার মুন্সেফদি অধিকারসীমা যেরূপ নির্ণীত করিয়া ছেন, তদ্দ্বারা কলিকাতার উপনগরকে ব পুরস্থ মুন্সেফের অধীন করা হয় নাই। নোটিফিকেশনে লিখিত আছে যে, "আ রস্থ মুন্সেফের অধিকার আলীপুর উপবিভাগ আলীপুর ও অন্যান্য উপবিভাগের সীমা ১৮৬৩ সালের ২রা মের কলিকাতা গেজে প্রকাশিত হইয়াছে। তাহা পাঠ করিয়া দেখি প্রমাণ হইবে, কলিকাতার উপনগর আলী ভিন্ন অন্য কোন উপবিভাগের অন্তর্গত ন এতদ্দ্বারা প্রকাশ পাইতেছে, উক্ত উপ আলীপুরের মুন্সেফের অধিকারের মধ্যে আ কিন্তু কি জন্য বারুইপুরের মুন্সেফ ঐ উপনগ মকদ্দমা সকল গ্রহণ ও বিচার করেন, বু পারি না। কি গোলযোগ!!! এক প্র বিজ্ঞাপন (নোটিফিকেশন) অন্য প্রকার ক

সম্প্রতি অবগত হইলাম, বারাসতের মু মহাশয় দমদমার মকদ্দমাসকল গ্রহণ কি অসম্মত হইয়াছেন এবং তথাকার লো গকে বারুইপুরস্থ মুন্সেফের নিকট যাইতে য়াছেন। এতদ্বিরুদ্ধে দমদমার অনেক ভদ্র মহামতি লেপ্টনণ্ট গবর্ণর বাহাদুরের স এক দীর্ঘ আবেদন করিয়াছেন। দুরস্থিত পুরে মকদ্দমা করিতে যাইতে হইলে দমদমা দিগকে কি কি অসুবিধা ও ক্লেশ সহ্য ক হয়, তাহা তাঁহারা ঐ আবেদনে সুন্দররূপে করিয়াছেন। উক্ত ১৭৬৩ সালের ২২ এ ব বরের "নোটিফিকেশন" (বিজ্ঞাপন) দমদমাকে বারাসতের মুন্সেফের অধি রাখিতে গবর্ণমেণ্ট আদেশ করিয়াছেন; তত্রত্য মুন্সেফ তাহা স্মরণ না করিয়া কি দমদমার লোকদিগকে বারুইপুরস্থ বিচার যাইতে বলিয়াছেন, তাহা বুঝিতে পারা না। ভরসা করি গবর্ণমেণ্ট আবেদনকারীদি বিষয়ে সুবিচার করিবেন।

সম্পাদক মহাশয়! গবর্মেণ্টের "বাউ কমিসনর" উক্ত "নোটিফিকেশন" নদীয়া বিভাগান্তর্গত মুন্সেফদিগের অধি সীমা যেরূপ নিরূপিত করিয়া দিয়াছেন, অতি উত্তম হইয়াছে; কিন্তু কি আশ্চ স্থানীয় কর্ম্মচারিগণের অনবধানতা প্রযুক্ত

ী কার্য্য না হওয়াতে প্রজাগণ বৃথা কষ্ট
করিতেছে ও তন্নিবন্ধন গবর্ণমেণ্টের উপর
র অসন্তোষ জন্মিতেছে। উপসংহার
বক্তব্য যে, জেলা ২৪ পরগণার জজ
সাহেব যেন এক "সারকিউলার" দ্বারা
প্রত নোটিফিকেসনের মর্ম্মানুসারে তাঁহার
স্থ মুন্সেফদিগকে তাঁহাদিগের স্ব স্ব অধি
মা ভালরূপে বুঝাইয়া দেন এবং সর-
জেনেরেল আফিসস্থিত "বাউণ্ডেরি
নর" মহোদয়ের নিকট হইতে প্রত্যেক
কির নকসা আনাইয়া তাহা অধীনস্থ
ী আদালত সমূহে রাখিতে আদেশ
; নতুবা, মকদ্দমা করিবার সময় মুন্সেফী
ার সীমার গোলযোগনিবন্ধন সর্ব্বসাধা
তাঁহার উপরেই সাতিশয় অসন্তোষপ্রকাশ
বন. সন্দেহ নাই

কাতার উপনগর } নি চ মু।
। শ্রাবণ ১২৭৫

আমরা হিন্দুপেট্রিয়টে নদীয়ার মাজিষ্ট্রেট সাহেবের ব্যবহারের বিষয় পাঠ করিয়া য়াপন্ন হইলাম। এক দিবস কৃষ্ণনগর কালে কতগুলি ছাত্র ময়দানে ক্রীড়া করিতেছি। ক্রীড়া বন্ধ হইয়াছে এমত সময়ে তত্রত্য রোপীয় জেলদারোগা ডরণসফোর্ডের স্ত্রী দিগকে পুনর্ব্বার ক্রীড়া করিতে বলেন। ঃ তাহাতে অসম্মত হন এবং এক দর্শক "আমরা ফিরিঙ্গিদিগের কথা শুনি বলিয়াছিলেন। সাহেব এ কথা বিবির শুনিয়া কেনেডিনামক আর এক জনকে া ছাত্রদিগকে প্রহার করেন। বারিষ্টর মনো ন ঘোষের জ্ঞাতা সর্ব্বাপেক্ষা অধিক মার য়াছিলেন। এ বিষয়ে নালীশ হওয়াতে ষ্ট্রেট বেল সাহেব ডেপুটি মাজিষ্টেটকে বদন লইতে নিষেধ করেন। ডরণসফোর্ড ও বেল সাহেবের নিকটে গিয়া বন্দোবস্ত য়া আইসেন। বাবু মনোমোহন ঘোষ ও ষ্টর গ্রিগরি অর্থীর পক্ষে উপস্থিত হওয়াতে পুটি মাজিষ্ট্রেট বলিলেন, "আমি বিপাকে ড়য়াছি। যখন আমার প্রধান নালীশ লইতে ধ করিয়াছেন, তখন আমি কি করি।" ক পীড়াপীড়ির পর বেল সাহেব নালীশ । প্রত্যর্থিগণ কতক অংশে আপনাদিগের ষ স্বীকার করেন। বিচারের সময়ে মাজি- ট অনেক কথা লিখিতে অসম্মত হইয়াছি- ন। তিনি সময়ে সময়ে বারিষ্টরদিগকে বিশে- যতঃ মনোমোহনকে অপমানও করিয়াছিলেন। প্রত্যর্থির সাক্ষিগণ মিথ্যা কথা কহিয়াছিল, জেরা করাতে সকলেই পূর্ব্বাপর বিপরীত কথা বলে; তথাপি মাজিষ্ট্রেট তাহাদিগের জবানবন্দী লিখিতে সম্মত হন নাই। পরিশেষে বারিষ্টরদিগের পীড়াপীড়িতে স্বীকার করেন, এই সাক্ষিগণের কথা বিশ্বাসযোগ্য নহে। অপরাধীদিগের দোষ সপ্রমাণ হওয়াতে ডরণসফোর্ডের ১০০ টাকা ও কেনেডির ২০ টাকা জরিমানা হইয়াছে। এ মকদ্দমায় আর একটী চমৎকার এই যে, কৃষ্ণনগরের এক জন উকীল অথবা মোক্তার প্রত্যর্থীদিগের পক্ষসমর্থনে উৎসুক হন নাই। ডরণস ফোর্ড অতঃপর অর্থী ও বাবু মনোমোহন ঘোষের নিকটে ক্ষমাপ্রার্থনা করিয়াছিলেন। মকদ্দমায় যাহা হউক, বেল সাহেবের ব্যবহারদর্শন করিয়া আমাদিগের বোধ হইতেছে, তিনি মাজিষ্ট্রেটের পদের যোগ্য লোক নহেন। ডেপুটি মাজিষ্ট্রেটের জানা উচিত ছিল, বিচারসম্বন্ধে তিনি পৃথিবীর কাহারও আজ্ঞানুসারে কাজ করিতে বাধিত ছিলেন না। এই দুই ব্যক্তির চরিত্রের অনুসন্ধান করিয়া উচিত দণ্ড দেওয়া কর্ত্তব্য।

শ্রীবিঃ—

১। পূর্ব্বে আপনাকে জানাইয়াছিলাম যে, হিন্দুহষ্টেলের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত দ্বারকানাথ ভট্টাচার্য্য এম এ, বি এল, ও শ্রীযুক্ত রাস বিহারী ঘোষ এম এ, বি এল, প্রভৃতি কয়েক জন বোর্ডারের যত্নে হিন্দু হষ্টেলে "হষ্টেল ডিবেটিংক্লাব" নামে একটী ইংরেজী সভা স্থাপিত হইয়াছে। অত্রত্য সুবিখ্যাত বক্তা শ্রীযুক্ত কেশবচন্দ্র সেন মহাশয় সভাপতিপদে বৃত হইয়াছেন। প্রথম প্রথম সভার আড়ম্বর দেখিয়া ভাবিয়াছিলাম যে, ইহা স্থায়ী হইয়া হষ্টেলস্থ ছাত্রগণের বহুলপরিমাণে উপকারসাধন করিবে। কিন্তু সভার কয়েক অধিবেশনপরেই আমাদের সে আশা দরিদ্রের মনোরথের ন্যায় মনে উদিত হইয়া মনেই বিলীন হইয়া গেল। সুপরিণ্টেণ্ডেণ্ট দ্বারকানাথ বাবুর অবস্থান কালেই প্রায় এক মাস বয়ঃক্রমের সময় ঐ সভাটীর মৃত্যু হয়। দ্বারকানাথ বাবু রাসবিহারী বাবু প্রভৃতি এক্ষণে স্থানান্তরিত হইয়াছেন। এক্ষণে আমরা বর্ত্তমান সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত গোপাল চন্দ্র মজুমদার মহাশয় ও বোর্ডারদিগকে অনুরোধ করিতেছি যে, তাঁহারা সচেষ্ট হইয়া সভাটীকে পুনরুজ্জীবিত করুন। হষ্টেল যেরূপ স্থান তাহাতে একটী সভার সম্পাদন করিয়া রচনা ও বক্তৃতাদি শক্তির উৎকর্ষসাধন করা ছাত্রগণের পক্ষে অতিশয় আবশ্যক; কিন্তু পূর্ব্বের ন্যায় অব্যবস্থিততা প্রকাশ না পায়। আমরা সুযোগে আর একটী প্রস্তাব করিতেছি। এ বিশেষ সভা করিয়া তাহাতে দেশীয় ভাষা আলোচনা করা আবশ্যক। বিজাতীয় ভাষাপেক্ষা দেশীয় ভাষায় রচনা ও বক্তৃতাদি সর্ব্বগুণে মহোপকারক হইবে। এক্ষণে অনেকে ইংরেজীপ্রিয় হইয়া দেশীয় ভাষার প্রতি অশ্রদ্ধ হইয়াছেন; সুতরাং আমাদের এই প্রস্তাবটী যে আশুফলোপধায়ী হইবে, এরূপ বোধ হইতেছে না। যাহা হউক আমরা সুপরিণ্টেণ্ডেণ্ট মহাশয়ের প্রতি নির্ভর করিয়া রহিলাম, করনা করি তিনি ইহা কার্য্যে পরিণত করিবেন।

২। অনেক দিন অবধি শুনিতেছি শ্রীযুক্ত বাবু প্যারীচরণ সরকার মহোদয়ের অনুসারে হষ্টেলে একটী পুস্তকালয় স্থাপিত হইবে। ছাত্রগণের পাঠোপযোগী বিবিধ পুস্তক ও সাময়িক পত্রিকা তাহাতে থাকিবে। এই প্রস্তাবটী যে মহোপকারক তাহা সকলেই একবাক্যে স্বীকার করিবেন; কিন্তু দুঃখের বিষয় হইয়া প্রকাশ করিতেছি যে, ইহা এ পর্য্যন্ত কার্য্যে পরিণত হয় নাই। উক্ত লাইব্রেরীর ব্যয় নির্ব্বাহার্থ চাঁদা করা হইয়াছিল, অনেকে চাঁদার বহিতে স্বাক্ষর করিয়াছেন বটে, কিন্তু কয়েক জনব্যতীত সকলেই স্ব স্ব মুদ্রা প্রদান করেন নাই। আমরা নির্ব্বাহিসহকারে তাঁহাদিগকে অনুরোধ করিতেছি তাঁহারা শীঘ্র শীঘ্র অঙ্গীকৃত টাকাগুলি প্রদান করুন। প্যারী বাবু ও গোপালবাবুও উদাসীন না হইয়া সমীহিত কার্য্যসাধনে তৎপর হউন। এরূপ বিষয়ে কাল বিলম্ব করা বিধেয় নয়। রাজ রাবণকথিত রাজনীতিটী তাঁহাদিগের স্মরণ করা কর্ত্তব্য।

৩। পূর্ব্বাপেক্ষা হষ্টেলে থাকিবার ব্যয় হইয়াছে। দুগ্ধ জল খাওয়া ধোপাপ্রভৃতির ব্যতীত প্রথম শ্রেণীতে ১২ টাকা দ্বি শ্রেণীতে ১১ টাকা ও তৃতীয় শ্রেণীর ১০ হইয়াছে। পূর্ব্বে প্রাবেশিক ফী দিতে হইত কিন্তু এক্ষণে ১০ টাকা করিয়া প্রাবেশিক হইবে। ছাত্রবৃত্তিবিহীন মধ্যবিধ ছাত্রের পক্ষে ইহা অত্যন্ত কষ্টকর বলিতে হইবে। লের ব্যয়বাহুল্যই এরূপ হইবার কারণ নির্দ্দেশিত হয়। এক্ষণে বাড়ী ভাড় ১৬০ টাকা ব্যয়িত হইয়া থাকে। ইহার আমাদিগের বক্তব্য এই, গবর্ণমেণ্টের

তে হষ্টেল স্থাপন করা উচিত। তাহা হইলে অধিক পরিমাণে ব্যয় হইবে না। ফলে ধ ছাত্রগণের হষ্টেলে থাকাই সুকর হইয়া চে। প্রাবেশিক ফী একবারে উঠাইয়া কর্ত্তব্য। যদি বিশেষ কারণ বশতঃ ত হয় অন্ততঃ ৫ টাকা করা উচিত।

হষ্টেল } শ্রীঃ—

—০—

৪এ জ্যৈষ্ঠ শুক্রবার অবধি ৩রা আষাঢ় দিবারাত্রি অবিশ্রান্ত বৃষ্টি হইয়া মাঠ ও পুষ্করিণীপ্রভৃতি সকলই প্লাবিত হই- ল; কিন্তু ৪ঠা আষাঢ় বজ্রপাতস্বরূপ দর আর সবাটীর দুই ক্রোশ উত্তরে কেশে া কালন্দী নদীর দক্ষণ বাঁদের স্থানে হানা পড়িয়া এরূপ প্রবল জলরাশি হিত হইয়াছে যে, তদ্দ্বারা অমরশী, রজর- ভুরামুঠা, জলামুঠা, কিঃপাটাসপুর, প্রভৃতি ১০।১৫ পরগণা ন, পাটাসপুর, প্রভৃতি ১০।১৫ পরগণা স্ত জলে ডুবিয়া রহিয়াছে। এরূপ প্লাবন া কখন দেখি নাই। এমন কি অশীতিবর্ষ প্রাচীনেরাও কহিতেছেন যে, এরূপ বৃষ্টি া আমরাও কখন দেখি নাই। কেবল যে ঘাইর অত্যাচার তাহা নহে। এখানে- ণী প্রবাহিত বলিলেও অত্যুক্তি হয় না। বসের দুরন্তিনী সুবর্ণরেখা পশ্চিম দিগ এবং কংসাবতী উত্তরদিগ হইতে প্রবল আসিয়া সগর্ব্বে সহোদরার সহিত মিলিত ছেন। অধিকাংশ গৃহ জলসাৎ হইয়াছে, ষ্ট অকর্ম্মণ্য হইয়াছে অধিকন্তু এই কয়েক পার মধ্যে এমত কাহার বাসস্থান নাই যে র উঠানে কি ভিত্তিতে জল না লাগিয়াছে। গাদি যে কত মরিয়াছে তাহার ইয়ত্তা নাই। মনুষ্যও নষ্ট হইয়া গিয়াছে। অনশনে ক কষ্ট পাইতেছে। লোকের নৌকাভিন্ন দও অগ্রসর হইবার যো নাই, তাহাতে রের এমন উপদ্রব হইয়াছে যে, লোকে ভলে পা দিতে পারে না। চাউল ও ক্রমে ল্য হইতেছে, তামাক ও তৈলের সের ৷৶ এবং লবণের সের ।০ আনায় বিক্রীত হই , তাহাও সকল স্থানে পাওয়া যায় না। তরকারি কিছুই নাই, সকলই নষ্ট গিয়াছে। করা যে ধান্য বপন করিয়াছিল তাহা ত বারে বিনষ্ট হইয়াছে। বর্ত্তমান বৎসরে পুন ষ আবাদ হয় তাহারও সুযোগ দেখি- না। যে হেতুক হানাসকল তদবস্থ তেই আছে। তরশিয়রেরা বাঁধিবার কোন উপায় করিতেছেন না। এ প্রদেশ অত্যন্ত নিম্ন ও জলাভূমি, তজ্জন্য প্রায় প্রত্যেক পরগণার চতু র্দ্দিগে সীমাবন্দীস্বরূপ এক একটী বাঁধ আছে। অন্য স্থানের জল আসিলে বাঁদের দ্বারা যেমন উপকার তাহার ভিতরের জল বহির্গত হইতে না পারিলে তেমনই অনিষ্ট ঘটে। জলনির্গ মনের যেসকল স্থান আছে তাহাতে লোণা জল উঠিতে না পারে এজন্য গবর্ণমেণ্ট হইতে চৈত্রমাসে বাঁদ দেওয়া হয়, কিন্তু বর্ষাকালে তাহা ওভরশীয়রেরা সহজে কাটাইয়া দেন না, এজন্য প্রায় প্রতিবৎসর শস্যের অনেক ক্ষতি হয়। ইঞ্জিনিয়রেরা যদি সর্ব্বদা মফস্বলের কার্য্য দেখেন, তাহা হইলে আর এরূপ দুর্ঘটনা ঘটে না। এ অঞ্চলে অধিকাংশ ক্ষুদ্র ২ জমীদার ও তালুকদার সুতরাং সময়ে উচিত প্রতিবিধান হয় না। মহাশয়! এ দেশের যে, কি দুরবস্থা ঘটিয়াছে তাহা চক্ষে না দেখিলে বলিবার যো নাই। শুনিলাম কাঁথি ও তমোলুক বিভাগের ডেপুটী মাজিষ্ট্রেটদ্বয় বন্যাপীড়িতদিগের যথো- চিত সাহায্য করিতেছেন; কিন্তু এপর্য্যন্ত আমা দের এ দিগে আইলেন না। মহাশয়! ঝড়, দুর্ভিক্ষ ও বন্যা এইসকলদ্বারা দেশ ত একে- বারে শ্রীহীন হইল; এখন প্রজাগণের মরণভিন্ন গতি নাই। এই দুঃসময়ে প্রজা রক্ষা করা রাজার প্রধান ধর্ম্ম।

মেদিনীপুরের অন্তঃপাতী বালগোবিন্দপুর } শ্রীঃ—

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু বৃন্দাবনচন্দ্র মণ্ডল	বালেশ্বর
১৮৬৮ জুলাই হইতে ৬৯ জুন	১৩
” ” নবীনচন্দ্র নাগ	মেদিনীপুর
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ	১৩
” ” কেশবচন্দ্র পালচৌধুরী	রাণাঘাট
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ	১৩
যদুপতি চট্টোপাধ্যায়	চকদীঘী
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়	১৩
মহেন্দ্রনাথ রায়চৌধুরী	রাজপুর
	৫৷৷০
যদুলাল মল্লিক	পাথুরেঘাটা
১১৭৫ জ্যৈষ্ঠ হইতে ৭৬ বৈশাখ	১০
হরিশ্চন্দ্র	কাশী
১২৭৫ শ্রাবণ হইতে	১৮
রাজকৃষ্ণ মুখোপাধ্যায়	বংশালদীঘী
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ	৫৷৷০
” ” নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায়	
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে কার্ত্তিক	
” ” গোপালচন্দ্র গঙ্গোপাধ্যায় চাঁপ	
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে ৭৬ বৈশাখ	

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৷৷০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহ একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ ব যাইবে। শেষ বারের পত্র রেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হ যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হই

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাত প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১০ ম ভাগ। ৩৮ সংখ্যা

"প্রবর্ত্তয়ন্ প্রকৃতিসিদ্ধিনায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ম ষাণ্মাসিক ৫৷৷ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ১৩ ই শ্রাবণ। ১৮৬৮। ২৭ এ জুলাই { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

যন্ত্রস্থিত।

সত্বরে প্রচারিত হইবে।

বিধবাবিবাহ নাটক ১
াজা হরিশ্চন্দ্র চরিত। ।০
াহিতাদর্পণ ৩ য় পরিচ্ছেদ পর্য্যন্ত ১
র্ষনৈষধ চরিত ১ ম সর্গ নারায়ণী টীকা
হিত ৷৷০

ক মাসের মধ্যে যাঁহারা গ্রাহক হইবেন
গ্রিম মূল্য দিবেন কেবল তাঁহাদিগকেই
ত্য দর্পণ ও নৈষধ এই দুই গ্রন্থের প্রকাশিত
নিয়মিতরূপে দেওয়া যাইবে। এক মাসের
ার স্বতন্ত্র খণ্ড বিক্রয় করা যাইবে না।
ারে সম্পূর্ণ গ্রন্থ বিক্রয় হইবে।

বিক্রেয় পুস্তক।

মচন্দ্র কোষ ১৬
অমর. মেদিনী, ত্রিকাণ্ড শেষ, হারাবলী
কত্র বাঁধান ৩০
চ্ছকটিক নাটক ১০
মতাক্ষরা ১০
লিকাতা ঠনে ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়।

——:০:——

সহস্রমুদ্রা পারিতোষিক।

তদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই-
, যে গত ২ রা চৈত্র আমার ভবনের সম্মু
ত গবর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয়গৃহের
ার উপর বেলুড় গ্রামবাসী অন্যূন ষষ্টিবর্ষীয়
ক্ত নরসুন্দরনামক জনৈক পথিকের যে
ক হত্যাকাণ্ড হইয়া গিয়াছে, আজি অবধি
াসের মধ্যে যে ব্যক্তি তাহার হননকারীর
ন্ধান করিয়া দিতে পারিবেন, তাঁহাকে
মুদ্রা পারিতোষিক প্রদান করা যাইবে।
াসের পর এক বৎসরকালমধ্যে অনুসন্ধান
সংবাদদাতাকে ৫০০ পাঁচ শত মুদ্রা

প্রদান করা হইবে। অতিশয় আক্ষেপের বিষয় এই, উল্লিখিত দিবস অবধি গবর্ণমেণ্ট পক্ষ হইতে এবং স্বপক্ষ হইতে নানাবিধ অনুসন্ধান করা হইতেছে; কিন্তু কোনক্রমে কৃতকার্য্য হইতে পারা যাইতেছে না।

পাকোড় রাজধানী
১৮৬৮ সাল
১২ ই জুন } শ্রীগোপীলাল পাঁড়ে।

গ্রাহকগণের প্রয়োজনহেতু নিম্নলিখিত সংস্কৃত পুস্তকত্রয়ের কিয়দংশ প্রকাশিত হইল। গ্রাহকগণ পূর্ব্ব তদ্বাক্তীত নিয়নির্দ্দিষ্ট সম্পূর্ণ মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

মল্লিনাথের টীকা সহিত।
শিশুপাল বধ (মাঘকৃত) মূল্য ৮
রঘুবংশ (কালিদাসকৃত) ঐ ৫৷৷০
কিরাতার্জ্জুনীয় (ভারবিকৃত) ৩৷৷০

বিদ্যার্থিগণের ক্রয়সুবিধার্থ নিম্নলিখিত কতকগুলিন সংস্কৃত পুস্তক দেবনাগরাক্ষরে সটীক মুদ্রণারম্ভ হইবেক। প্রকাশের পূর্ব্বে গ্রাহক ভুক্ত হইলে গীতা যার পৃষ্ঠা অপর প্রতি আট পৃষ্ঠা তিন পয়সার হিসাবে খণ্ডে বা সম্পূর্ণ যেমত প্রকাশিত হইবেক উক্ত নিয়মে মূল্য প্রদান করিলে পুস্তক প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

ঋতুসংহার। মেঘদূত। শকুন্তলা। নলোদয়। মালবিকাগ্নিমিত্র। বিক্রমোর্ব্বশী। মুদ্রারাক্ষস। রত্নাবলী। মালতীমাধব। সাংখ্যতত্ত্বকৌমুদী বা সাংখ্যকারিকা। মহাবীরচরিত। উত্তররামচরিত। মুগ্ধবোধ। দশকুমারচরিতের উত্তরার্দ্ধ। পাণিনি। বসন্ততিলকভাণ। অমরকোষ। শাঙ্কর ভাষ্য, আনন্দগিরি, শ্রীধরস্বামী ও মধুসূদন সরস্বতীর টীকাসহিত শ্রীমদ্ভাগবত। মহাভারত। বিষ্ণুপুরাণ। কাদম্বরী। ভট্টিকাব্য। নাগা
কাব্যপ্রকাশ। চড়ক। মার্কণ্ডেয় চণ্ডী।

কলিকাতা সংবাদ যান
যন্ত্রাকর যন্ত্র নিমতলা
ষ্ট্রীট ৩২ সংখ্যক ভবন। } শ্রীভুবনচন্দ্র

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
জোড়া বাগান।

বিক্রয়ের নিমিত্ত।

গারডেনরীচ ২৪ নং বাটী।

উপরি উক্তবাগান ও বাটী যাঁহা
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নি
রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবে
থনট এবং কে

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও প
ভাঙ্গা বাড়ীতে ব্রাদার কোম্পানির দোকা
প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্ত
বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূ
শ্রীসইতিহাস	১
রোমইতিহাস	
ভূষণসার ব্যাকরণ	
নীতিসার (১ ম ভাগ)	
নীতিসার (২ য় ভাগ)	

প্রচারিত।

মুগ্ধবোধ ব্যাকরণ

শ্রীদ্বারকানাথ শর্ম্ম

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ

প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক বাঙ্গলা কলমাদি

...ব; পাওয়া যায়, মফস্বলে ঘড়ী অঙ্গুরি ...দি পাঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক ...হিসাবে কমিসন দি। যদি কেহ অধিক ...দ্রব্যাদি লয়েন তাহা হইলে /১০ আনার ...ব কমিসন পাইবেন।

	টাকা
...ালেড স্মিথ পৈটিকেল ওয়ার্ক	৩৸
...রেবিয়ান নাইট	৩৸
...পকটেটার	৩৸
...লেয়ার্স লেকচার	৩৸
...কসেক্স ওয়ার্ক	৩৸
...রাজী ভগবৎ গীতা	২
...কাদম্বরী	২
...হিষ্ট্রী অফ প্রশেষইন গ্রেট ব্রিটন	২॥
...শকুন্তলা	১
...হিতপোদেশ	১
পুরুষ পরীক্ষা	১
...য়লামজুন	১
প্রিয়দর্শন	১
তুরকীর ইতিহাস	১
...তিমূল	৸০
কাশ্মস্ত দীপিকা	১
সঙ্গীতানন্দ লহরী	।০
নৈশধ চরিত	১॥
বিদগ্ধ মুখমুণ্ডল	।৵
কলিকাতার মানচিত্র (উত্তম বাধান)	২
দ্বারকাকেলী কৌমদী	১॥
...ম উপাখ্যান	॥০
ভারতবর্ষের পুরাবৃত্ত (দ্বিতীয় বার মুদ্রিত) মানচিত্র সহিত মূল্য	।৶০
সপ্ত কাণ্ড রামায়ণ পদ্য	১
অষ্টাদশ পর্ব্ব মহাভারত পদ্য	২॥
শিক্ষাপ্রণালী	২
গোলকের উপযোগীতা	৸০
জানকী নাটক	১
বীরবাক্যা বলী	।০
বিধবা বঙ্গাঙ্গনা	॥০
কীচকবধ কাব্য	॥০
চরীত মঞ্জরী	১।০
কবিকঙ্কণ চণ্ডী	৸
কাশীখণ্ড	৸
প্রভাশখণ্ড	১।
কলীকৌতুক নাটক	১
কবিকলাপ	১
রামাভিষেক নাটক	১
চন্দ্রবিলাষ নাটক	১

...লিকাতা জোড়া- ...কো ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র রায় নগদ মূল্যে বিক্রেতা

বঙ্গকামিনী নাটক (মূল্য এক টাকা) সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে, চীনেবাজারে শ্রীযুক্ত বাবু ভোলানাথ মুখোপাধ্যায়ের ৬৮ নম্বর দোকানে এবং সংস্কৃত যন্ত্রের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের নিকটে প্রাপ্য। ক্রেতৃগণকে ২৫ পঁচিশ টাকার হিসাবে কমিসন দেওয়া যায়।

শ্রীহারাণচন্দ্র মুখোপাধ্যায়স্য।

—:০:—

স্কেলের ব্যবহার ও জরিপী নক্সা প্রস্তুত করিবার নিয়মসম্বলিত বস্তু পরিমাপক বিদ্যা ও জরিপ "কলিকাতা সুকিয়া ষ্ট্রীট মহেশদাসের বাগানে ১৮।১৮ নং বাটীতে এবং সংস্কৃত পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মূল্য কমিসন শুদ্ধ ১ এক টাকা।

শ্রীপ্রসন্নকুমার দানিয়াড়ী।

—

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া সুতন বাঁধান মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্ত বাগীশ।

—:০:—

কাব্য প্রকাশিকা।

এই মাস হইতে প্রকাশিত হইল। ইহাতে সমুদায় কাব্য নাটকাদির দেবনাগর অক্ষরে মূল ও টীকা এবং বাঙ্গলা অক্ষরে বাঙ্গলা অনুবাদ থাকিবে। নিয়মিত গ্রাহকগণের প্রতি প্রতি খণ্ডে ।৵০ ছয় আনা এবং প্রত্যেক খণ্ডের ॥০ আট আনা মূল্য নির্দ্ধারিত হইল। যাহারা গ্রহণ করিতে অভিলাষ করেন, ঝামাপুকুর লেন ১৫ নং বি, পি, এমস, যন্ত্রে অথবা কালেজ ষ্ট্রীট ১১ নং লাইব্রেরিতে আমার নিকট পত্র লিখিলে পাইতে পারিবেন। বিদেশীয় গ্রাহকগণকে স্বতন্ত্র ডাক মাসুল দিতে হইবে।

৩রা শ্রাবণ ১২৭৫। } শ্রীবরদাপ্রসাদ মজুমদার।

—:০:—

ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে।

রিভার টারমিনস্, অর্থাৎ সিয়ালদহ হইতে গঙ্গাতীর পর্য্যন্ত রেলওয়ের চলাচল আরম্ভ।

হাটখোলার নিকটবর্ত্তী বাগবাজারে ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে কোম্পানির রিভার টারমিনস্, নামক রেলওয়ে, আগামী ৩রা আগষ্ট বার অবধি দ্রব্যাদি দেওন ও লওন জন্য, খো যাইবেক।

ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে সিয়ালদহ টারমিনস ৯ ই জুলাই ১৮৬৮। } ফ্রাঙ্কলি প্রেষ্টেজ, এজেণ্ট।

-:০:-

প্রবাদমালা।

বঙ্গদেশীয় বিবিধ জনপদ ব্যবহার মূলক। পুস্তক যাহার প্রয়োজন হইবে, তিনি কলিক স্কুলবুক সোসাইটীর গবর্ণমেণ্ট পেলেসের ভবনে প্রার্থনা করিলে পাইতে পারিবে মূল্য ।/০ আনা মাত্র।

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের জুলাই মাসের ৮ ই হইতে ১৪ ই পর্য্যন্ত জলের

সপ্তাহিক রিপোর্ট।

নদীর নাম	ফুট
মাথা ভাঙ্গা নদী	
মহানার উপর পদ্মানদীতে	২০
নিজ মহানায়	৮
তথা হইতে হাট বোয়ালিয়া ৪৪ মাইল	৬
হাট বোয়ালিয়া হইতে আমুকদিয়া	
আমুকদিয়া হইতে কুষ্টিয়া ৩০ মাইল	৬
কুষ্টিয়া হইতে হুগলি নদীপর্য্যন্ত ৩৪ মাইল	৯
ভাগীরথী।	
মহানার উপর পদ্মানদীতে	২২
মহানায়	১৪
তথা হইতে জিয়াগঞ্জ	৭
জিয়াগঞ্জ হইতে কাটোয়া ৬০ মাইল	৯
কাটোয়া হইতে নদীয়া ৪৬ মাইল	১৫
নদী জলঙ্গী	
মহানা	
তথা হইতে করিমপুর ১৯ মাইল	২
করিমপুর হইতে টিয়াকাটা ৩৫ মাইল	৩
টিয়াকাটা হইতে নদীয়া ৬০ মাইল	৩

সিয়াল মারির মহানা খুলিয়াছে।

সন ১৮৬৮ জুলাই মাসের ১৮ তারিখে পুর গঞ্জ ঘাটের জলের মাপ।

	ফুট
	১৩

বহরমপুর ১৮ জুলাই ১৮৬৮ } শ্রীযুক্ত টি. হেল্স উইকস এক্জিকিউটিব ইঞ্জিনিয়র বহরমপুর ডিবিজন।

ত তদ্ভাবধান নাই। গবর্ণমেণ্ট মধ্য-
না হইলে ভারতবর্ষে শীঘ্র রেলওয়ে
না, অতএব লার্ড ডেলহাউসির প্রতি
আক্ষেপের বিষয় হয় নাই; কিন্তু
পর কোন শাখা রেলওয়ে অথবা
খননকারী কোম্পানির প্রতি এ
ত প্রদর্শন করা বিধেয় নহে; টেলি
কোম্পানির ত কথাই নাই। মূল-
ামীরা আপন আপন ধন বিনিযো-
করুন; গবর্ণমেণ্ট প্রকারান্তরে
উৎসাহ দিতে পারেন দিন, তাহাতে
ক্তি নাই; কিন্তু "তোমাদিগের
হইলে আমরা অংশীদিগকে অন্ততঃ
করা ৫ টাকা দিব" এ প্রকার
ঙ্খা করা গবর্ণমেণ্টের আর আব-
হইতেছে না। যাঁহারা যে কাজ
বেন, তাহার লাভালাভফলভোগী
াদিগেরই হওয়া উচিত। তাঁহাদি
লাভের নিমিত্ত অন্যকে বিব্রত
বিধেয় হয় না।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট বঙ্গদেশবাসী
বঙ্গদেশীয় সিবিলিয়ানগণ।

যদি কোন জীর্ণ নৌকা জলমগ্ন হয়,
হইলে লোকে বিস্ময়প্রকাশ করেন.
কিন্তু নূতন ও দৃঢ় নির্ম্মিত নৌকা
র্ভমধ্যে প্রবেশ করিলে লোকে
ন যে বিস্ময়াপন্ন হন এরূপ নয়,
কে তিরস্কার করিতে ত্রুটি করেন
বস্তুতঃ কর্ণধারের দোষব্যতিরেকে
কার দুর্ঘটনা প্রায় ঘটে না। যদি
ন নির্ব্বোধ লোক কোনপ্রকার ভ্রমে
ত হইয়া কাহার অনিষ্টসাধন করে,
কে তাহাকে নির্ব্বোধ বিবেচনা
য়া তাহার অপরাধ গ্রাহ্য করেন না;
যে ব্যক্তির বিলক্ষণ বুদ্ধি আছে,
মন্দ বুঝিবার ক্ষমতা আছে, সে
জানিয়া শুনিয়া কোন অন্যায় কাজ
, সমাজ তাহার উপরে যার পর নাই
বিরক্ত হন। মেইন সাহেবের শেষোক্ত ব্যক্তির দশা ঘটিয়াছে। জুলিয়স সর উইলিয়ম বকষ্টোনকে যে কথা বলিয়াছিলেন, মেইন সাহেবের বিষয়ে সর্ব্বসাধারণে সেই কথা বলিতেছেন, এমন তীক্ষ্ণ বুদ্ধি এপ্রকার গর্হিত কার্য্যে নিয়োজিত করিবার দৃষ্টান্ত অল্পই দৃষ্ট হইয়া থাকে। পরমেশ্বর মনুষ্যকে স্বাধীন ইচ্ছা দিয়াছেন সত্য; কিন্তু বুদ্ধিকে মন্দ পথগামিনী করিবার কাহারও অধিকার নাই। দুঃখের বিষয় এই, মেইন সাহেব এই নিয়মে উপেক্ষা করেন। তাঁহার আগমনাবধি গবর্ণমেণ্টকে সাক্ষাৎসম্বন্ধে চিন্তাশীল প্রজাগণের সহিত বিবাদ করিয়া অন্যায়পক্ষের সমর্থন করিতে হইতেছে। অন্য অন্য সময়ে গবর্ণমেণ্ট কোন বিষয়ে ভ্রমে পতিত হইলে সরল হৃদয়ে তাহা স্বীকার করিতেন; কিন্তু মেইন সাহেবের অসৎপক্ষের সমর্থনবলে গবর্ণমেণ্ট সেই সদ্‌গুণে জলাঞ্জলি দিয়াছেন। কোন কালে গবর্ণমেণ্টের সহিত প্রজাদিগের এরূপ বিচ্ছেদ হয় নাই। ভরতবর্ষীয় কর্ম্মচারিগণ বরাবর এই বলিয়া গর্ব্ব করিয়াছেন যে ইংলণ্ডের ন্যায় এখানে তাঁহাদিগের দল বিশেষের মুখাপেক্ষা করিয়া কার্য্য করিবার প্রয়োজন হয় না। দলবিশেষের মুখাপেক্ষার আবশ্যকতা না থাকাতেই বেণ্টিঙ্ক, মালকম, হেনরি লরেন্সপ্রভৃতির সদৃশ মহানুভব ব্যক্তিরা আমাদিগের দৃষ্টিপথে অবতীর্ণ হন; কিন্তু এক্ষণে উহার সম্পূর্ণ বৈপরীত্য লক্ষিত হইতেছে। মেইন সাহেব উহাতে বাতাস দিতেছেন। উহার কি ফল ফলিতেছে? গবর্ণমেণ্ট বারম্বার অপদস্থ হইতেছেন এইমাত্র। ডিসরেলি সাহেব ইংলণ্ডে আর ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ভারতবর্ষে সাধারণ মত পদদ্বারা দলন করিতেছেন, এই কারণে উভয়েরই উভয় স্থলে তুল্য সম্মানলাভ হইতেছে

বর্ত্তমান গবর্ণর জেনরল খৃ
ধর্ম্মের পরম শত্রু মুসলমানদিগের
বঙ্গদেশ ও বঙ্গদেশীয় সিবিলিয়ানদি
ঘৃণা করেন। তিনি ক্রমশঃ এ প্রদে
সিবিলিয়ানদিগকে যাবতীয় প্রধান
হইতে বহিষ্কৃত করিতেছেন। বঙ্গদে
নামে তিনি জ্বলিয়া উঠেন। কাজের
তাঁহার স্কন্ধে; কিন্তু এই অসৎ প্রণা
সমর্থনভার মেইন সাহেবের স্কন্ধে প
হইয়াছে। ভারতবর্ষের শাসনপ্র
লইয়া যেসকল তর্ক হয়, তাহাতে
বার্টল ফ্রিয়ার বঙ্গদেশের সুখ্যাতি ব
বলিয়াছেন, এ দেশের লোকেরা
বিষয়ে পৃথিবীর সর্ব্বপ্রধান জাতির
তিনি মেকলের বর্ণিত বাঙ্গালী চ
অনাস্থা প্রদর্শন করিয়া এই অভি
ব্যক্ত করিয়াছেন, বাঙ্গালীদিগের
কতক কম বটে; কিন্তু ঐ দোষের
সংশোধন হইয়া আসিতেছে। এপ্র
সভ্য প্রদেশ শাসন এক জন সামান্য
লিয়ানের দ্বারা আর সম্পন্ন হওয়া সম্ভ
নহে। অতএব তিনি বলিয়াছেন, "
অকপটভাবে কহিতেছি, ইউরো
কোন বৃহৎ জাতিকে শাসন কি
যে বুদ্ধি ও পরিশ্রম আবশ্যক হয়,
দেশ শাসনে সেইপ্রকার বুদ্ধি, অ
সায় ও পরিশ্রমের প্রয়োজন, হইতে
সাধারণেরও এই মত। সর জন ল
ও তাঁহার দলের লোকেরা এ প্রশ
বাদ শ্রবণে সন্তুষ্ট নহেন। তাঁহারা
অসন্তুষ্ট হইয়াই মৌনাবলম্বী
আছেন, পাঠকগণ এরূপ বিবেচনা
বেন না। তাঁহারা বাঙ্গালী ও বঙ্গদে
সিবিলিয়ানদিগের উন্নতিবিষয়ে
বন্ধকতাচরণে বিলক্ষণ তৎপ
প্রদর্শন করিতেছেন। মেইন স
এ অংশে সকলকে অতিক্রম করিয়া
তিনি সর বার্টল ফ্রিয়ারের উক্ত বা
প্রসঙ্গে বলেন:—

"বঙ্গদেশ ধনী ও সভ্য স্থান। নের নিমিত্ত ব্যবস্থাপ্রণয়ন করিতে ব্যবস্থাপক সভার সভ্যের পদ দ্য বাঙ্গালী ও বঙ্গদেশীয় সিবিলি গকে দিতে হইবে। কিন্তু এই দুই র এ রূপ ইউরোপীয় ভাব ও সং হইয়া উঠিয়াছে যে, তাঁহারা কোন র হইবেন না। লোকের অবস্থা ও গত ভাব বুঝিয়া কাজ করাই ভারত াসনের প্রধান মূল নিয়ম। বাঙ্গালী দেশীয় সিবিলিয়ানেরা ভারতবর্ষের অন্য স্থানের প্রতিনিধি নহেন এবং ন্য লোকদিগের অভিপ্রায়জ্ঞান ও াকাশে পটু নহেন। তাঁহাদিগের যেটি ভাল, সেটি সমুদায় ভারত পক্ষে কোন ক্রমেই শ্রেয়স্কর না। আমি ভূয়োদর্শনবলে বলি , ব্যবস্থাপক সভায় অধিকসংখ্যক বাঙ্গালী গ্রহণের অপেক্ষা বিপদের আর নাই। তাঁহারা সর্ব্বদাই নূতন পরিবর্ত্ত ও উৎকর্ষের প্রস্তাব করি। যদি ঐ প্রস্তাবগুলি অকপট হয়, মধ্যে এরূপ অনেক প্রস্তাব বে, যে বেন্টহাম স্বয়ং সেগুলিকে ালিক বলিয়া নির্দ্দেশ করিতেন।" কয়েক পংক্তিতে মেইন সাহেবের ভাব সুস্পষ্টরূপে প্রকাশিত হই । বাঙ্গালীদিগের প্রতি তাঁহার যে ও ঈর্ষ্যা আছে, তাহা অব্যক্ত রহি ছ না। বঙ্গদেশ ধনী; বাঙ্গালী ও নকার সিবিলিয়ানেরা ইউরোপীয় ারে বিশিষ্ট; অতএব ইহাঁরা ভারত অন্য স্থান শাসনের পরামর্শ দিতে ন না। ইহার অর্থ কি? কিসে শীক হরাষ্ট্রীয়দিগের সুবিধা হয় ইহাঁরা া জানেন না, এই কি ইহার অর্থ মেইন সাহেব ও সরজন লরেন্স াতিতে শীক? তাঁহাদিগের কি ইউ রোপীয় সভ্যতা ও সংস্কার নাই? তাঁহারা ভারতবর্ষের অবস্থা যেরূপ বুঝিবেন, বাঙ্গালীরা কি সেরূপ বুঝিবেন না? বাঙ্গালীরা যদি পঞ্জাবের সীমার পাঠান দিগের ন্যায় নিকলসনপ্রভৃতিকে দেব তার ন্যায় পূজা করিতেন, তাহা হইলে বোধ হয় তাঁহারা ভারতবর্ষের অবস্থা বুঝিতে পারিতেন। তাঁহারা ভারতবর্ষীয়; কিন্তু ভারতবর্ষীয় হইয়া সভ্য ও বিদ্বান হইলেই আর তাহাঁদিগের ভারতবর্ষের অবস্থা বুঝিবার ক্ষমতা থাকে না! বাঙ্গালীরা সর্ব্বাপেক্ষা অধিকতর বিপদের কারণ!! নিয়মবহির্ভূত কর্ম্মচারিগণের পক্ষে সন্দেহ নাই; কারণ বঙ্গদেশেই তাঁহাদিগের ভুর ভার ভাঙ্গিয়া যায়। যাঁহারা পঞ্জাবে ও মধ্য ভারতবর্ষে ইন্দ্রত্ব করিয়াছেন, এখানে তাঁহারা সৎ সামান্য সম্মানলাভেও অধিকারী হইতেছেন না; অতএব তাঁহারা যে বিদ্বেষ প্রকাশ করিবেন, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। কিন্তু পৃথিবী বলেন, ইতিহাস স্বীকার করেন এবং ইংলণ্ডীয় সর্ব্বসাধারণের মত এই যে এ দেশের লোক সভ্য ও কৃতবিদ্য হইলেই ইংলণ্ড ও ভারতবর্ষ উভয়েরই মঙ্গল। নিয়মবহির্ভূত প্রদেশের অবতারদিগের এপ্রকার মত নয়, তাঁহাদিগের মতে এদেশীয়দিগের বিদ্যা শিক্ষা হইলেই ব্রিটিশ সম্রাজ্য হারাইতে হইবে। এই নিমিত্ত তাঁহারা অল্পবুদ্ধি পঞ্জাবীদিগের দেশীয় ভাষায় বিশ্ববিদ্যালয় করিবার মত লওয়াইয়াছেন। গবর্ণমেণ্টের সকল কাজ ইংরাজীতে হইবে; তাঁহারা দেশীয় ভাষা অবলম্বন করিবেন না; কিন্তু প্রজা দেশীয় ভাষা ভিন্ন আর কিছু জানিবেন না! এটী সামান্য আশ্চর্য্যের বিষয় নহে? হস্ত পদ বন্ধন করিয়া রাখা হইতেছে, আর বলা হইতেছে অগ্রসর হও; উপযুক্ত হইলে তোমাদিগকে সর্ব্বপ্রধান সকল দেওয়া হইবে। এ বড় কৌতুক বাক্য। বাঙ্গালীরা এ কথায় ভুলেন সুতরাং তাঁহারা অত্যন্ত বিপদের ক সন্দেহ কি? মেইন সাহেব ভারতব সভাকেও আঘাত করিয়াছেন। সকল বিষয়েই হস্তক্ষেপ করেন অনেক সময়ে গবর্ণমেণ্টকে আত্ম স্বীকার করিতে বলেন, তাহা উক্ত মতিদিগের একান্ত কণ্টকর হইয়া তাঁহাদিগের মনের ভাব এই, তাঁ পঞ্জাব শাসন করিয়াছেন; দোস্ত ম খাঁর সহিত সন্ধি করিয়াছেন; ভ বর্ষের মধ্যে সর্ব্বাপেক্ষা অ সংখ্যক ইউরোপীয় সৈন্যের অধি হইয়া দিল্লী আক্রমণ করিয়াছে তাঁহাদিগের আবার ভ্রম হইতে পা যদিও হয় তবে সে ভ্রম ধরিবার কি বাঙ্গালী ও বঙ্গদেশীয় সি য়ানগণ?

—:•:—

বিধবা পুত্রবধূকে প্রতিপালন করা শ রের অবশ্য কর্ত্তব্য কি না?

অধিক দিন অতীত হয় নাই, এ তম বিচারালয়ে এই একটী মকদ্দম য়াছিল, শ্বশুরকে পুত্রবধূর প্রতিপ করিতে হইবে কি না? বিচার কেম্প ও লক বলিয়াছিলেন, অনুসারে তাঁহার এটি করা কর্ত্তব্য; প্রধান বিচারপতি ও বিচারপতি ফার্সন সিদ্ধান্ত করেন, ধর্ম্মনীতিস এই কর্ত্তব্যতা যতই বলবতী হউক, এতৎকার্য্যে শ্বশুরকে বাধিত ক পারেন না। জজদিগের তুল্যাংশে ভেদ হয়; কিন্তু প্রধান বিচারপতি দিগে মত দিবেন, তাহাই গ্রাহ্য নিয়ম থাকাতে প্রত্যর্থী শ্বশুর পুত্রবধূর প্রতিপালনের ভার মুক্ত হন। কিন্তু এদেশীয়েরা এ সি

ষ্ট হন নাই। তাঁহাদিগের এ অনন্তো-
সর বিলক্ষণ কারণ আছে।

সর বার্ণেস পিকক এক জন প্রধান
শক্তির ব্যবহারাজীব সত্য ; কিন্তু
আমরা মধ্যে মধ্যে দেখিতে পাই, তিনি
হিন্দু আইন ও হিন্দু ব্যবহারের বিষয়ে
প্রায় নিরপেক্ষ হইয়া সিদ্ধান্ত করিতে
পারেন না। তিনি সকল বিষয় ইংরাজী
চক্ষে দর্শন করেন। ইংলণ্ডের আইন
যাহার মতে পৃথিবীর আদর্শস্বরূপ,
সুযোগ পাইলে তিনি প্রায় ঐ আইন
দেশে প্রচলিত করিবার চেষ্টার ত্রুটি
করেন না। ঈশ্বরচন্দ্র ঘোষের মকদ্দমা
তাহার একটি প্রধান দৃষ্টান্ত স্থল। প্রধান
বিচারপতি মাল থসের এক যুক্তিবিরুদ্ধ
ব্যাখ্যা অবলম্বন করিয়া এদেশের কৃষক
দিগকে সামান্য মজুর শ্রেণিতে পরিণত
করিবার চেষ্টা পাইয়াছিলেন। কিছু দিন
হইল, তিনি সিদ্ধান্ত করিয়াছিলেন, যদি
কোন কৃষক জমীদারকে স্বদেয় কর
যথারূপ টাকা না দিয়া শস্যের এক অংশ
দিতে চাহে, সে কোন ক্রমে ১৮৫৯
সালের ১০ আইনের ৩ ও ৪ ধারার অভি
প্রায় ফলভোগী হইতে পারে না।
তিনি বলেন, শস্যের মূল্য সকল সময়ে
সমান থাকে না। ১২৫৬ সালে চারি
আড়ুর অর্দ্ধাংশ দুই টাকায় বিক্রীত
হইয়াছে ; এক্ষণে তাহার মূল্য চারি টাকা।
ইহাতে প্রকাশ হইতেছে, তার পরিবর্ত্ত
হইয়াছে অতএব প্রজাকে পরগণার
জরিপ কর দিতে হইবে। প্রধান বিচা
রপতি তর্ককালে বিষম ভ্রমে পতিত হই
য়াছেন। তৎকালে তাঁহার এই বিবে-
চনা করা উচিত ছিল, দ্রব্যের মূল্য
পরিবর্ত্তের অনুসারে টাকার ও
মূল্য পরিবর্ত্ত হইয়া থাকে। ১২৫৬
সালের দুই টাকা ও ১২৭৫ অব্দের চারি
টাকার মূল্য সমান। তখন দুই টাকায় যে
দ্রব্য পাওয়া যাইত, এখন সেই দ্রব্য
ক্রয় করিতে চারি টাকা লাগে। মূল্যের
অর্থ কি? তাহার কি অপরিবর্ত্তনীয়
পরিমাণ নির্দ্ধারিত আছে? আইনে
একমাত্র হারের কথা উল্লিখিত আছে।
এই হার প্রদর্শন করিতে পারিলে কর
বৃদ্ধি হইবে না, যখন দ্রব্যের মূল্যানুসারে
টাকার মূল্য নিরূপিত হইতেছে, তখন
টাকার অপেক্ষা উৎপন্ন দ্রব্যের অংশ
দ্বারা হার স্থির করাই শ্রেয়ঃকল্প হই-
তেছে। সর বার্ণেস পিকক স্থির
করিয়াছেন জমীদারদিগকে স্বেচ্ছা
নুরূপ করবৃদ্ধি করিতে না দিলে সম্পত্তির
মূল্যবৃদ্ধি হয় না। এবিষয়ে ইংলণ্ডের
জমীদারদিগের ব্যবহারই তাঁহার আদর্শ,
তিনি করবৃদ্ধির পথ পাইলেই প্রায়
তাহা করিয়া থাকেন। ফলতঃ তিনি
সুবিধা পাইলে হিন্দুশাস্ত্রে ও হিন্দুদি
গের ব্যবহারে উপেক্ষা করিতে ত্রুটি করেন
না। ইংলণ্ডের উত্তরাধিকার ও দায়ভাগ
তাঁহার মতে সর্ব্বাঙ্গসুন্দর। তার
তবর্ষীয়দিগকে যেমে প্রকারে তদধীনস্থ
করা তাঁহার অভিমত। মেইন সাহেব
ব্যবস্থাপক সভায় বসিয়া ব্যবহারাজীবের
কাজ করিতে আর সর বার্ণেস পিকক
বিচারাসনে বসিয়া ব্যবস্থাপকের কাজ
করিতে বড় ভাল বাসেন। এই উভয়
ব্যক্তির এক বিষয়ে বিলক্ষণ সৌসাদৃশ্য
আছে ; উভয়েই আপনার নির্দ্ধারিত
কর্ত্তব্য কর্ম্মের সীমাতিক্রমে অতিশয়
যত্নবান্। এই কারণ মেইন সাহেবের সরল
ভাব এবং প্রধান বিচারপতির অপক্ষ
পাতিতার উপরে লোকের তাদৃশ
ভক্তি নাই

শ্বশুরকে বিধবা পুত্রবধূর ভরণ
পোষণ করিতে হইবে কি না? ইহা
লইয়া পুনর্ব্বার তর্ক আরম্ভ হইয়াছে।
সর্ব্বসাধারণে প্রধান বিচারপতির
বাক্যে উপেক্ষা করিতেছেন। নিম্নতর
বিচারপতিগণও এ সিদ্ধান্তকে অপসি-
দ্ধান্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। আ
শ্রবণ করিলাম, সম্প্রতি ২৪ পরগ
উপযুক্ত সদর আমীন বাবু শ্যাম
মুখোপাধ্যায় এই প্রকার একটী মকদ্দ
নিষ্পত্তি করিয়াছেন। তিনি প্রধান বি
রপতির সিদ্ধান্তের অনুসরণ না ক
হিন্দুব্যবহারানুসারে স্থির করিয়াছেন,
রকে পুত্রবধূর প্রতিপালন করিতে হই
এই মীমাংসাই যে সৎ মীমা
সেবিষয়ে অণুমাত্র সন্দেহ নাই
আমাদিগের দেশে যেপ্রকার বিবা
প্রথা আছে, তাহাতে যুক্তিও পুত্রব
পক্ষপাতিনী হইতেছে। পুত্রের বি
কালে পিতাই সম্পূর্ণ প্রভুত্ব করে
পুত্রের অর্জ্জনক্ষমতা হউক, আর
হউক, সঙ্গতি থাকুক, না থাকুক তা
তাড়ি বিবাহ দিয়া বসেন। তাহার
সেই পুত্রের মৃত্যু হইলে পুত্রবধূ নি
নিরাশ্রয় হইয়া পড়ে। তখন শ্বশুর
সেই নিরাশ্রয় পুত্রবধূকে প্রতিপা
না করেন, কে করিবে?

বাল্যবিবাহ এদেশের সমা
অঙ্গস্বরূপ হইয়াছে। এটী অনিষ্ট
তাহা আমরা অস্বীকার করিতেছি

বিচারপতিগণ ব্যবস্থাপক ন
যেপ্রথা প্রচলিত আছে, তদনুসা
তাঁহাদিগকে কাজ করিতে হইবে।
বিবাহ হয়, তখন স্ত্রীপুরুষ উভয়েরই
পর বিবেচনা করিবার ক্ষমতা জন্মে
মাতাপিতা সন্তানদিগের মঙ্গল অ
আপনাদিগের আমে দেরই অধিক
ষণ করিয়া থাকেন। বিবাহের সময়ে
রাই সর্ব্বে সর্ব্বা হন। কন্যার পিতা জ
তার ক্ষমতার প্রতি দৃষ্টিপাত না ক
বৈবাহিকের সঙ্গতির বিষয় বিবে
করিয়াই সম্বন্ধ স্থির করেন। বরের পি
ভরণ পোষণ করিবেন, অলঙ্কারাদি দি
ইহা স্থির হইলেই বিবাহ হইয়া গে
তিনি খত লিখিয়া না দিন ;কিন্তু পর

ক যে অঙ্গীকার করেন তাহা আইন
চুক্তিস্বরূপ হইতেছে। এক ব্যক্তি
এক জনকে টাকা ধার দিলেন;
য় ব্যক্তি যদি সেই খতে জামীন হন,
রালয় তাঁহাকে দায়ী করেন কি না?
হের পূর্ব্বে যে লগ্ন পত্র হয়, তাহাতে
লখিত থাকে? কন্যাকর্ত্তা ও বর
এই নিয়ম করেন, অমুক দিবসে
ক সময়ে আমরা পরস্পরের কন্যা
কে পরিণয়সূত্রে বদ্ধ করিব। এই
ম ভঙ্গ হইলে যদি কাহার জাতি ও
মের হানি হয়, বর কন্যা অথবা তাঁহা
ার পিতাকে আদালতে দায়ী হন? এরূ
হলে কি স্পষ্ট প্রতীয়মান হইতেছে
যে, এক ব্যক্তির কন্যাকে আপনার
ত্রর সহিত বিবাহ দিয়া শ্বশুরকে এই
মে বদ্ধ হইতে হয় যে যদি পুত্র
র ভরণ পোষণ আবশ্যক হয়, তাহা
রতে হইবে। যেখানে বিবাহের সময়ে
কন্যা একটী বাক্য ব্যয় করিতেও সমর্থ
পিতা যাহা করেন, তাহাই হয়, সেখানে
তা কি জন্য দায়ী না হইবেন?
খানে স্বেচ্ছাধীন কাজ হইতেছে না,
খানে যিনি কাজ করাইবেন তাঁহাকে
ী হইতে হইবে এটীকি আইনের মূল
ম নহে? এক ব্যক্তি বলপূর্ব্বক কাহার
কটে খত লইলে সে খত কি গ্রাহ্য
, না সে ব্যক্তি দায়ী হয়? যিনি
খাইয়া লন, তাঁহাকে দায়ী হইতে হয়।
বার্ণেস পিকক যে ধর্ম্মনীতিসংক্রান্ত
খা বলিয়াছেন, এস্থলে তদ্বিষয়েরও
বেচনা করা অপ্রাসঙ্গিক হইতেছে না।
ামাদিগের সামাজিক ব্যবহারকে ধর্ম্ম
বদ্ধ হইতে স্বতন্ত্র করা অতিশয় কঠিন।
কান ব্যবহারাজীবের সূক্ষ্ম তর্কে তাহা
া না। যেসকল লোক স্বভাবতঃ অক্ষম,
মাজ যাঁহাদিগকে আপন আপন ইচ্ছা
ত কাজ করিতে দেন না; আইনে যাঁহা
দগের সম্পত্তিঘটিত স্বত্বের সীমা
করিয়া দিয়াছে; যাঁহারা শাস্ত্র ও
দেশাচারের সম্পূর্ণ পরাধীন তাঁহাদি
গের প্রতি যাহা ধর্ম্মনীতিসংক্রান্ত কর্ত্তব্য
কর্ম্ম, তাহা আইনসঙ্গতও হইতেছে। যে কথা
না বলিলে আমি কোন কাজ করিতাম না
সে কথা বলিয়া আমাকে যদি কোন ব্যক্তি
কোন কাজ করান, তাহা হইলে তাহার
ফলভোগী ও তন্নিমিত্ত দায়ী কোন ব্যক্তি
হইবেন?

—:০:—

নূতন পুলিষ ও নূতন চোর।

পূর্ব্বে "চোর ও সাধ্" এরূপ প্রবাদ
বাক্য ছিল। গৃহস্থ জাগরিত হইলে চোর
পলায়ন করিত। এখন আর সেকাল
নাই। এখন নূতন পুলিষের প্রভাবে
"বাঘে ও গরু" এক ঘাটে জল খায়।
চোর ও গৃহস্থ দুই সমকক্ষ হইয়া উঠি
য়াছে। বরং গৃহস্থের অপেক্ষা চোরের
অধিক সাহস দেখা যাইতেছে। গত মঙ্গল
বার আমাদিগের মুদ্রাযন্ত্রের অদূরবর্ত্তী
রাজপুরগ্রামে কালীচরণ বারিক নামে
এক ব্যক্তির গৃহে কয়েক জন চোর
প্রবিষ্ট হয়। চোরেরা গৃহ হইতে সিন্দুক
বাহির করিতেছে, এমন সময়ে গৃহস্থ
জানিতে পারিল! চোরেরা তৎক্ষণাৎ
তাহার সম্মুখীন হইয়া কহিল, "যদি
তুমি গোল কর, তোমাকে যমালয়ে প্রের
করিব।" চোরদিগের হস্তে তীক্ষ্ণ ছুরিকা
ছিল। গৃহস্থ প্রাণ ভয়ে নীরব হইয়া
রহিল। চোরেরা স্বচ্ছন্দে অভীষ্টসিদ্ধি
করিয়া প্রস্থান করিল। এখনকার চোরের
কেবল সাহস নয়, আর একটী গুণ বাড়ি
য়াছে। পূর্ব্বে উহারা গৃহস্থকে "নি
দিলি" (নিদ্রাজনক) ঔষধ দিত, এখন
উহারা পুলিষ প্রহরীকে ঐ ঔষধ দিতেছে।
চোরেরা যখন চৌর্য্য সম্পাদন করে,
পুলিষ প্রহরীরা অচেতন হইয়া ঘোর
নিদ্রা যায়।

-:০:-

কলিকাতার পুলিষের ১৮৬৭ অব্দের রিপোর্ট।

ঐ বর্ষে কলিকাতা ও উপনগ
তিনটী হত্যা হয়। ইহার মধ্যে ইহু
সুমারের হত্যা সর্ব্বপ্রধান। কিন্তু পু
ষের অযোগ্যতানিবন্ধন একটীর সাম
দণ্ডভিন্ন আর কিছুই হয় নাই। হত
বিষয়ে কয়েক বৎসরাবধি কলিকা
পুলিষ কিছুই করিতে পারিতেছেন
এনিমিত্ত লেপ্টনাণ্ট গবর্ণর আপে
করিয়া বলিয়াছেন, এ বিষয়ে কমিসন
মনোযোগী হওয়া কর্ত্তব্য। গ্রে সা
স্বীকার করিয়াছেন, পর্য্যাপ্তসং
এতদ্দেশীয় সুশিক্ষিত পুলিষ কর্ম্মচ
অভাবই ইহার কারণ। এক দল
রীকে কেবল অপরাধী অন্বেষণার্থ
উচিত। এ সকল লোককে প্রায়
বেশে ভ্রমণ করিতে হয়। ইউরো
কনষ্টেবলেরা তাহা করিতে পারেন
হিন্দুস্থানী প্রহরীরাও পারেন না।
বর্ষে পূর্ব্ব বৎসর অপেক্ষা চুরি ও অ
দুর্ঘটনা অল্প হইয়াছে। অল্প লো
সম্পত্তি অপহৃত হয়, কিন্তু ইহার
কাংশ উদ্ধৃত হইয়াছে। সামান্য
রাধ ও দাঙ্গা প্রভৃতি বিষয়ে পুলিষ
ক্ষণ যোগ্যতা প্রদর্শন করিয়াছেম;
হত্যা ও যেসকল পাপকর্ম্ম অতিশয়
সম্পাদিত হয় এবং যাহার আ
য়ার নিমিত্ত অধ্যবসায়, চতুরতা ও
বুদ্ধিতা প্রদর্শনের প্রয়োজন হয়,
তাহার কিছুই করিতে পারেন
ইহার কারণ কি? হগ সাহেব
স্বীকার করিয়াছেন, কয়েক জন
রেকে ইউরোপীয় কনষ্টেবলেরা
অকর্ম্মণ্য ও দুশ্চরিত্র। লোফার দল
ইহারা মনোনীত হয়। সুরাপান ইহ
স্বভাবসিদ্ধ। হগ সাহেব তন্নিমিত্ত
গের সংখ্যা কমাইয়া বেতনবৃদ্ধি
প্রস্তাব করিয়াছেন। কিন্তু আম

াশঙ্ক হইতেছে, ইহাতেও ফল হইবে
া। নিম্ন শ্রেণির ইউরোপীয়েরা নিম্ন
শ্রেণির ভারতবর্ষীয় অপেক্ষা যে অনেক
কৃষ্ট আমরা তাহার প্রমাণ পাইতেছি।
যখানে ভূরি উৎকোচ সম্পর্ক, সেখানে
এই শ্রেণির ইউরোপীয়েরা লোভসম্বরণ
রিতে পারে না। অতএব ৪০ জন নিম্ন
শ্রেণির ইউরোপীয় কনষ্টেবল না করিয়া
য়েক জন মধ্যম শ্রেণির ইউরোপীয়
নস্পেক্টর রাখিলে অনেক উপকার দর্শি
ার সম্ভাবনা। হগ সাহেব পুলিস প্রহ
ীদিগের বাসস্থানের উন্নতিসাধনের
যে প্রস্তাব করিয়াছেন, আমরা তাহার
ম্পূর্ণ অনুমোদন করিতেছি। এক্ষণে
যেসকল থানা আছে, তাহা দ্বিতীয়
কারাগার বলিলে হয়। প্রহরীদিগের
বেতনবৃদ্ধির প্রস্তাবও একান্ত অনুমো
দনীয়।

হগসাহেবের রিপোর্ট প্রীতিকর নহে। তিনি নিজে সন্তোষপ্রকাশ করেন নাই, লেপ্টনাণ্ট গবর্ণর সন্তুষ্ট নহেন, সর্ব্ব সাধারণের ত কথাই নাই। তাঁহার রিপোর্টের একাংশ অতি কৌতুকাবহ হইয়াছে। তিনি বলেন, রাত্রিতে এক কালে সুরাবিক্রয় নিবারণ পুলিসের সাধ্যায়ত্ত নহে। লণ্ডনে এই প্রকার আছে; প্যারিসেও রাত্রিতে গোপনে সুরা বিক্রীত হয়। লণ্ডন ও প্যারিসে রাত্রিতে সুরা বিক্রয় হয় যথার্থ; কিন্তু সেখান কার অপরাধী প্রায় পুলিসের হাত এড়াইতে পারে না। কিন্তু কলিকাতায় তাহার বিপরীত। তিনি এই বলিয়া মনকে প্রবোধ দিয়াছেন, রাত্রিতে সুরা বিক্রয়ের নিষেধের কারণ এই যে, দুশ্চরিত্র লোকেরা একত্রিত হইয়া দৌরাত্ম্য করিতে না পারে। কলিকাতার শুঁড়ির দোকানে প্রায় গোলযোগ হয় না। সুরা স্থানান্তরে নীত হইয়া পীত হয়, তাহা তিনি জানেন কি না? যে কারণ শুঁড়ির দোকানে হয় না, তাহা বেশ্যালয়ে ও মাতালের আড্ডায় হইয়া থাকে। সোম প্রকাশে সর্ব্বাগ্রে এই অনিষ্টের উল্লেখ করা হয়। হগ সাহেব তাহা স্বীকার করিয়া বলেন, এই সংবাদপত্রে শুঁড়ির দোকানের কোন গোলযোগের কথা লিখিত হয় নাই। সত্য; রাত্রিতে সুরা বিক্রয় হওয়াতে উহা হত্যার ও অন্যান্য পাপক্রিয়ার নিদান হয়, এই কথা বলাই আমাদিগের অভিপ্রেত ছিল, শুঁড়ির দোকানে গোলযোগ হয় একথা বলা আমাদিগের অভিমত নহে।

—:০:—

নূতন পুস্তক।

১। লক্ষণমালা। এখানি সংস্কৃত অলঙ্কার গ্রন্থ। শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র চক্রবর্ত্তী কাব্যপ্রকাশ, কাব্যাদর্শ, সাহিত্যদর্পণপ্রভৃতি অলঙ্কার গ্রন্থ অবলম্বন করিয়া ইহার সঙ্কলন করিয়াছেন। আমরা এখানি পাঠ করিয়া সন্তুষ্ট হইলাম। এখানি মূল গ্রন্থ নয়, সংগ্রহ গ্রন্থ যথার্থ বটে; কিন্তু সংগ্রহকার বুদ্ধিপূর্ব্বক সুপ্রণালীতে ইহার সংগ্রহ করিয়া বিলক্ষণ সহৃদয়তা প্রদর্শন করিয়াছেন। অলঙ্কারের জ্ঞাতব্য বিষয়গুলি ইহাতে সন্নিবেশিত হইয়াছে। যাঁহারা অল্প সময়ে অলঙ্কার শাস্ত্রের স্থূল স্থূল বিষয়গুলি জানিবার অভিলাষ করেন, তাঁহাদিগের পক্ষে এখানি মহোপকারক হইবে।

২। হিতশিক্ষা দুই ভাগ। কলিকাতা নর্ম্মালবিদ্যালয়ের শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায় ইহার প্রণয়ন করিয়াছেন। বালক ও বালিকাদিগের মনোরঞ্জন হইয়া বিবিধ বিষয়ের শিক্ষা হয়, এই উদ্দেশে এখানি প্রণীত হইয়াছে। আমরা দেখিয়া সন্তুষ্ট হইলাম, সে উদ্দেশ্য সিদ্ধ হইয়াছে।

৩। বর্ণশিক্ষা দুই ভাগ। এ দুইখানিও উক্ত বাবু গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়প্রণীত। বিদ্যাসাগরের বর্ণ পরিচয় সত্ত্বে নূতনবিধ বর্ণশিক্ষার গ্রন্থপ্রণয়নের প্রয়োজন দেখা যাইতেছে না।

৪। বঙ্গকামিনী নাটক। এখানি শ্রীযুক্ত বাবু হারাণচন্দ্র মুখোপাধ্যায় প্রণীত। বাল্যবিবাহের দোষ কীর্ত্তন করাই গ্রন্থকারের উদ্দেশ্য। বালিকাদিগের অমতে বিবাহ দিলে পরে যে অনিষ্ট ঘটে, তাহা এই গ্রন্থে বিস্তারিত রূপে বর্ণন করা হইয়াছে।

৫। সুশীলানন্দ। ইহাতে একটী গল্প করা হইয়াছে। শ্রীযুক্ত বাবু অতুলচন্দ্র রায় ইহার রচনা করিয়াছেন।

৬। বর্ণবোধিনী। এখানিও বালিকাদিগের বর্ণশিক্ষার্থ বিরচিত হইয়াছে।

—:০:—

বিবিধসংবাদ।

৬ই শ্রাবণ সোমবার।

উত্তর পশ্চিমাঞ্চলে অনাবৃষ্টি নিবন্ধন দিন দিন লোকের কষ্টবৃদ্ধি হইতেছে। পিত্রনিয়া বলেন, যদি শীঘ্র বৃষ্টি না হয়, তাহা হইলে সাধারণের কষ্টনিবারণের উপায় অবলম্বন করিবার নিমিত্ত সর উইলিয়ম মিয়র মফস্বলে গমন করিবেন। ইতিমধ্যে তিনি প্রত্যেক জেলায় শস্যের অবস্থা জানিবার নিমিত্ত টেলিগ্রামে প্রত্যহ সংবাদ লইতেছেন। পুনর্ব্বার দুর্ভিক্ষের আশঙ্কা সর্ব্বত্র হইয়াছে।

গত শুক্রবার আর্ম্মানি ঘাটের নিকটে একখানি নৌকা জলমগ্ন হয়। এক জন হতভাগা আরোহী নিকটে একখানি নৌকা দেখিয়া তাহার মাজিকে তাহাকে তুলিয়া লইতে বলে। কিন্তু এ ব্যক্তি সাহায্য না করিয়া যাইতে লাগিল। জলমগ্ন ব্যক্তি তথাপি নৌকার নিকটে গেল, কিন্তু এক জন দাঁড়ি তাহাকে দাঁড় দিয়া ঠেলিয়া দিল। আবকারী বিভাগের রাইলাণ্ড সাহেব তখন গঙ্গা পার হইতেছিলেন। তিনি এই নিষ্ঠুরতা দর্শন করিয়া উক্ত ব্যক্তিকে নিজের নৌকায় লইলেন। নির্দ্দয় মাজি তাহার দাঁড়িকে ফৌজদারিতে সমর্পণ করাতে তাহাদিগের এক সপ্তাহ করিয়া মিয়াদ হইয়াছে।

মধ্য ভারতবর্ষের অন্তর্গত সাগরে এক জন ইউরোপীয় সৈনিক ভোলানামক এক ভারতবর্ষীয়কে এক সঙ্গিনদ্বারা গুরুতর আঘাত করাতে সামরিক বিচারালয় তাহার যাবজ্জীবন কারাবাসের আজ্ঞা দিয়াছেন। মাজের ষ্টাফকোরের কাপ্তেন জোসেফ কার্নেগ পারেডের সময়ে সুরাপানে উন্মত্ত হইয়াছিলেন বলিয়া তাঁহাকে সেনাদল হইতে বহিষ্কৃত করা হইয়াছে। প্রধান সেনাপতি সামরিক বিচারালয়ের আজ্ঞা গ্রাহ্য করিবার সময়ে বলিয়াছেন

কার দোষের ক্ষমা করিলে সৈনিক সুশৃঙ্খ
ব্যাঘাত জন্মিবে। আলগা দেওয়াতেই ত
অনর্থ বাড়িতেছে।

লিবরপুল হইতে এ বৎসর বিস্তর লবণ
াতে অনেক মহাজন ক্ষতিগ্রস্ত হইয়াছেন।
কে ইংলণ্ড হইতে জাহাজ আসিবার পূর্ব্বে
। ১।৫ টাকা শত করা মণ ক্রয় করিয়াছি
কিন্তু এক্ষণে ৮২। ৮৩ টাকা মূল্য দাঁড়া
ছ।

কাতার পুলিষ এত অকর্ম্মণ্য কেন, সর্ব্বসা
তাহার প্রকৃত কারণ বুঝিতে পারিয়াছেন,
া আহ্লাদিত হইলাম, ডেলি নিউস বলি
ন, " ইউরোপীয় প্রহরীরা সুরাপায়ী নাবিক
র দাঙ্গা নিবারণ করিতে পারে বটে, কিন্তু
নে গোপনে অনুসন্ধান করিয়া অপরাধী
ক ধৃত করিতে হয়, সেখানে ইহারা কিছুই
ত পারে না। কোন পল্লীগ্রামে গমন
ামাত্র অপরাধীরা ইউরোপীয় প্রহরীকে
তে পারে। কিন্তু এতদ্দেশীয় প্রহরীর
শ বুঝিয়া উঠা অতিশয় কঠিন। অতএব
প্রস্তাব করিয়াছেন, অপরাধীদিগকে ধৃত
র নিমিত্ত এক দল পৃথক এতদ্দেশীয়
রাখা অতিশয় কর্ত্তব্য হইতেছে। সকলে-
ই মত।

উক্ত পত্র বলেন, সিকিমের রাজা ভারত
গ র্ণমেণ্টের প্রতি বিশেষ অনুরাগ প্রদর্শন
ত তাঁহার বৃত্তি বৃদ্ধি করিবার অনুরোধ
সেই অনুরোধানুসারে ষ্টেট সেক্রেটারি
টাকা হইতে রাজার বৃত্তি ৯০০০ টাকা
াছেন।

লাণ্ডর নামক একখানি উর্দ্দু সংবাদপত্র
, মাড্রোয়ার ও সুরুনিতে অদ্যাপিও এই
আছে, যে স্থলে পীড়াশান্তি হইবার সম্ভা
াই, তথায় পীড়িত ব্যক্তিদিগকে জীবি-
ায় সমাহিত করা হয়। কুষ্ঠ রোগাক্রান্ত
দিগের ভাগ্যে এ প্রকার মৃত্যু রাজপুত-
নেক স্থানে ঘটে।

রেলওয়ের নিম্ন শ্রেণির ইউরোপীয়েরা
ভয়ানক হইয়া উঠিতেছে। সে দিবস
ার প্রধানতম বিচারালয়ে এক জন এই
দুরাত্মা একটী স্ত্রীলোকের মৃত্যুর কারণ
তে দণ্ড পাইয়াছে। আমরা বোম্বাই
ট পাঠ করিয়া অবগত হইলাম, থল
নিকটে বোম্বাই রেলওয়ের এক জন ইউ
য় কর্ম্মচারী একটী এতদ্দেশীয় খৃষ্টীয়ান
ককে বলাৎকার করিয়াছে। স্ত্রীলোকটী
চীৎকার করিয়া উঠে। পার্শ্বের এক শকটে এক
জন ব্রাহ্মণ ছিলেন। তিনি চীৎকার শ্রবণ
করেন; কিন্তু শকট দ্রুত যাওয়াতে আপনার
শকট হইতে অন্য শকটে যাইতে পারেন নাই।
ষ্টেসনে আসিবামাত্র দুরাত্মা গোলে মিশ্রিত
হইল। দুর্ভাগ্যনিবন্ধন ব্রাহ্মণ ও স্ত্রীলোকটী
তাহাকে চিনিতে পারিলেন না। রেলওয়ে কর্ম্ম
চারীদিগের নিমিত্ত পৃথক শকট করিলে কি ভাল
হয় না?

৭ শ্রাবণ মঙ্গলবার।

গত শনিবার টাঁকশালের ঘাটে বেরেনিকা
প্রেশিয়া নামে একটী খৃষ্টীয়ান যুবতীর মৃত দেহ
দৃষ্ট হইয়াছে। এই স্ত্রীলোকটী ডি, আস্ত্রনামক
এক ব্যক্তির বাটীর পরিচারিকা ছিল। সে এক জন
পুরুষের সহিত পলায়ন করিয়া আসিয়াছিল।
স্ত্রীলোকটী হত হইয়াছে এবং পুলিষ হত্যাকা-
রীকে ধৃত করিবার চেষ্টায় আছেন। চেষ্টার
কসুর নাই।

ডেলিনিউস বলেন, কলিকাতাস্থ কাবুলীয়
বণিকগণ জনরব তুলিয়াছেন, মধ্য আসিয়ার
যাবতীয় মুসলমান কিছু দিনের নিমিত্ত পরস্পরের
সহিত বিবাদ বন্ধ রাখিয়া একবাক্য হইয়া কৃশী
য়দিগকে সুমারকন্দ হইতে বহিষ্কৃত করিবার
চেষ্টা দেখিবে। কাজে যেরূপ হউক, কথাটী
আপাততঃ মুসলমানদিগের শুনিতে মিষ্ট
লাগিবে।

উক্ত পত্র অবগত হইয়াছেন, এবৎসরের
শেষে মাদ্রাজের জে, বি, নর্টন সাহেব মেইন
সাহেবের পরিবর্ত্তে গবর্ণর জেনরলের কৌন্সি
লের আইনসংক্রান্ত সভ্য হইবেন।

উক্ত পত্রের এক জন পত্রপ্রেরক বলেন, অফি
সিয়াল আসাইনির হস্তে অনেক দেউলিয়ার
সম্পত্তি আছে। কোন মহাজন এই সম্পত্তি
লইতে অগ্রসর হইতেছেন না। অতএব তিনি
প্রস্তাব করিয়াছেন, এসকল সম্পত্তি দেউলিয়া
দিগের উত্তরাধিকারীদিগকে দেওয়া কর্ত্তব্য।
প্রস্তাবটী যুক্তিসিদ্ধ।

ষ্টেটসেক্রেটারি ভারতবর্ষের যাবতীয় সাহা-
য্যকৃত বিদ্যালয় ও শিক্ষকের সংখ্যা চাহিয়া
পাঠাইছেন। শিক্ষকের সংখ্যা কেন? ইহাঁদি
গের বেতন বৃদ্ধির ফুল কি ফুটিয়াছে?

লাহোর ক্রনিকেল শ্রবণ করিয়াছেন, ৫ গণিত
ফিউজিলিয়র দলের লেপ্টনণ্ট নিকল ফিরোজ
পুরের সহকারী কমিসনর ওয়েকফিলড সাহেবের
নামে লাইবেলের নালীশ করিয়াছেন। এক দিন
ওয়েকফিলড সাহেব বলিয়াছিলেন, লেপ্টনণ্ট
ফিরোজপুরের ফেরিদারগাকে প্রহার করি
লেন। ওয়েকফিলড সাহেব ক্ষমা প্রার্থনা ক
কিন্তু লেপ্টনণ্ট তাহা গ্রাহ্য করেন নাই।
লেপ্টনণ্টের নামে প্রহারের নালীশ
য়াছেন। যেখানে দুশ্চরিত্র লোকের
অধিক, সেইখানেই প্রায় লাইবেলের নালী
যথার্থ দোষী এমন অনেক লোকে এই উ
আত্মদোষ গোপনের চেষ্টা করেন।

কাদাপা ও কামালপুরের মধ্যস্থিত মা
রেলইওয়ের একটী বৃহৎ সেতু বৃষ্টিনি
ভগ্ন হইয়াছে।

আটর্ণীদিগের গত পরীক্ষায় চারি জন
হইয়াছেন। ইহাঁদিগের দুইজন ইউরোপী
জন এতদ্দেশীয়। চয় জন পরীক্ষা দিতে য

৮ ই শ্রাবণ বুধবার।

শ্যামনগরের হত্যাকাণ্ডের অনুসন্ধ
যে কমিটি নিযুক্ত হন, তাঁহারা আপনা
রিপোর্ট প্রদান করিয়াছেন। এখানি স
গোচরার্থ প্রকাশ করা না হয় কেন?
পেট্রিয়টের বিরুদ্ধে নালীশের শেষ না দে
কি গ্রে সাহেব এখানি বর্ণযোজকদিগের
সমর্পণ করিবেন না? ব্রাশনাথ চট্টোপা
কে? কোন ব্যক্তির আজ্ঞানুসারে তিনি
টিতে উপস্থিত ছিলেন? এটী যেন সর্ব্বস
য়কে বলা হয়।

কোন কোন স্থলে প্রধান সদর আমী
মুন্সেফী আপীলী মকদ্দমার পুনর্ব্বিচারের নি
প্রেরণ করিবার সময়ে মুন্সেফকে সরে জ
অনুসন্ধান করিবার আজ্ঞা দিয়া থাকেন।
নতম বিচারালয় বলিয়াছেন, এটী আইন
এবং মুন্সেফদিগের সম্ভ্রমের হানিকর। স্থ
অনুসন্ধান করিতে গেলে সরকারী কার্য্যের
হয়। ভবিষ্যতে এরূপ করিতে নিষেধ ক
য়াছে।

এ বার বর্ষা অতিশয় প্রবল। এ বৎসর
জুলাই পর্য্যন্ত কলিকাতায় ৪৪.১৯ ইঞ্চ
হইয়াছে। পূর্ব্ব ১৪ বৎসরে এ সময়ে গড়ে
৫১ ইঞ্চ জল হয়।

সম্প্রতি সর ষ্টাফোর্ড নর্থ কোট ভারত
গবর্ণমেণ্টকে মহীসুরবংশীয়দিগের পেন
নিয়মের পরিবর্ত্ত করিবার অনুরোধ করিয়া
টিপু সুলতানের যেসকল পৌত্র ও দৌ
এক্ষণে বৃত্তি পান, তাঁহারা তাহাই পাইবে
কিন্তু তাঁহাদিগের মৃত্যুর পর উত্তরাধিকারী
বৃত্তি কমাইয়া দেওয়া হইবে। কেহই ১
টাকার অধিক পাইবেন না। পৌত্রীদি
মৃত্যুর পর, তাঁহাদিগের সন্তানগণকে
দেওয়া হইবে না।

উত্তর পশ্চিমাঞ্চলের স্থানে স্থানে বৃষ্টি হইতে
ত হইয়াছে।

লেপ্টনাণ্ট ওল্‌ড্‌ অনেক খেলা খেলি-
। ব্যাঙ্কের লোকে জাল বিলের টাকার
ধা করাতে ওল্‌ড্‌ নিজের নৌকা করিয়া
মতঃ বালি পর্য্যন্ত গমন করেন; তৎপরে
কপুরের দিগে আসা হয়। পথে কিঞ্চিৎ
হওয়াতে লেপ্টনাণ্ট মাজিকে কয়েকখানি
খণ্ড গঙ্গায় ক্ষেপণ করিতে বলিলেন।
র হস্তে ক্ষত থাকাতে সে তাহা পারিল
লেপ্টনাণ্ট নিজে দুইখানি ফেলিলেন,
তৃতীয়খানি "হঠাৎ" নৌকার তলায়
তে তাহা ভাঙ্গিয়া জল উঠিতে লাগিল।
ভীরে উঠিবার কথা কহিল; কিন্তু ওলড
তে সম্মত হইলেন না; বরং "আমার জ্বর
ছে" বলিয়া নৌকা মধ্যে শয়ন করিলেন। ক্র
জল উঠিয়া নৌকা ডুবিয়া গেল। লেপ্ট
সন্তরণ দিবার নিমিত্ত পূর্ব্বে দুইমিও
ট্‌ লইয়া ছিলেন। উভয়ে সন্তরণ দিতে
লেন। মাজি তীরে উঠিয়া এক বাঁশ
ইয়া দিয়া প্রভুকে তাহা ধরিয়া উঠিতে
ল; কিন্তু তিনি অসম্মত হইয়া তাহাকে
সনা করিয়া একখানি ডিঙ্গি আনিতে বলি
। মাজি আসিয়া দেখে লেপ্টনাণ্ট অস্ত
হইয়াছেন। ওলড শেষে আলাহাবাদে
দিয়া কলিকাতায় আনীত হন।

বিধা পাইলে কেহই ছাড়েন না। নূতন
া নিয়ম হওয়াতে এক চিহ্নিত কর্ম্মচারী
লইয়াছেন। যে, গবর্ণমেণ্ট অনেককে
হলভা বিদায় দিতে অসম্মত হইয়া-
।

৯ই শ্রাবণ বৃহস্পতিবার

ারো পর্ব্বত, জয়ন্তিয়া ও ছোটনাগপুরের
মহলে লাইসেন্স টাক্স গৃহীত হইবে না

এ জুন পর্য্যন্ত ১০,০৩,৬৫,০৫০ টাকার
প্রচলিত থাকে। ইহার প্রতিভূস্বরূপ
৯০,৮৮১ টাকার অমুদ্রিত রৌপ্য, ১,০৯
১৮ টাকার টাকার অমুদ্রিত স্বর্ণ ও ০,২৫,
১৬ টাকার গবর্ণমেণ্টের কাগজ ছিল।
ইংলিসম্যান অবগত হইয়াছেন, যেসকল
হী নেপালে আছে, তাহাদিগের ওলাউঠা
অন্য রোগ হওয়াতে বেগম হজরত
নিজ ব্যয়ে একটী বৃহৎ বাসস্থান করিয়া
ন। বেগম ভারতবর্ষে প্রত্যাগমনের অনু
াহিয়াছেন। বোধ হয়, গবর্ণমেণ্ট ইহাতে
হইবেন।

নাগপুরের ভূতপূর্ব্ব রাজার দত্তক পুত্র ১৮৫৭ অব্দ অবধি বোম্বাইয়ের নিকটস্থ চুচর দ্বীপে বাস করিতেছেন। তিনি কাশীতে বাস করিবার অনুমতির প্রার্থনা করিয়াছেন। দত্তকত্ব স্বীকার করিয়া তাঁহার বিলক্ষণ লাভ হইয়াছে।

থিওডোরের তিনখানি স্বর্ণের মুকুট ও স্বর্ণ খচিত এক পরিচ্ছদ ইংলণ্ডেশ্বরীকে উপঢৌকন স্বরূপ প্রদান করা হইয়াছে। তাঁহার পুত্রটী ইহার মধ্যে পিতার ধাতু প্রকাশ করিতেছেন। অধিক লোকে পুত্তলিকার ন্যায় দেখিতে আইলে শিশুটী বিরক্তিপ্রকাশ করেন এবং রাজপুত্র বলিয়া একটু গর্ব্ব প্রকাশ করিবার ত্রুটি করেন না।

রাজপুতনার দক্ষিণাংশস্থিত সিরুহিতে বৈত নার ঠাকুর অতিশয় দৌরাত্ম্য আরম্ভ করাতে তাঁহাকে ধৃত করিবার জন্য ৫০০০ টাকা পুর স্কার ঘোষণা করা হইয়াছে। আর কয়েকজন ঠাকুরও বিদ্রোহী হইয়াছেন। রাজপুতনায় সর্ব্বদা এইপ্রকার গোলযোগ হইয়া থাকে।

১০ই শ্রাবণ শুক্রবার।

পঞ্জাবের পর্ব্বতীয় প্রদেশের অন্তর্গত মণ্ডি বালক রাজা এক জন ইংরাজি শিক্ষকের নিকটে সুশিক্ষিত হইয়া গবর্ণর জেনেরলের নিকটে পরীক্ষা দিবার প্রস্তাব করিয়াছেন।

নাগপুর ও ঝান্সিপুরের মধ্যস্থিত রাস্তার অবস্থা অতিশয় মন্দ হওয়াতে হাউয়ার্ড ব্রাদার্স বিজ্ঞাপন দিয়াছেন, বর্ষার মধ্যে আর ডাকের গাড়ী চালাইতে পারিবেন না। এই রাস্তাটি না সর রিচার্ড টেম্পলের একটী কীর্ত্তিস্তম্ভস্বরূপ ছিল।

টঙ্কের নবাব আপনার এক জীবনবৃত্তান্তের সহিত লাওয়ার ঠাকুরের মৃত্যুর বিষয় সংবাদ প্রকাশ করিয়াছেন। নবাব যাহাই করুন, আর সিংহাসন পাওয়া ভার। তিনি কেবল কয়েক জন ধূর্ত্ত ইউরোপীয়ের উদর পূর্ণ করিয়া ঋণগ্রস্ত হইতেছেন।

আলবার্ট লাইফ ইন্সুরান্স কোম্পানির নিকটে মৃত ঈশানচন্দ্র বসুর পরিবার রীতিমত চিৎকিৎসক ও পুলিষের সার্টি ফিকেট দিয়া ১০ টাকা প্রাপ্ত হইয়াছেন।

ক্রেণ্ডঅব ইণ্ডিয়া আহ্লাদসহকারে নিজের সেকেলে সুর ধরিয়াছেন। তিনি বলেন, মহীসুরের মৃত রাজার খাতা অনুসন্ধান করাতে মেজর ইবান্স বেলের নামে ১০,০০০ টাকা খরচ দেখা গিয়াছে। ক্রেণ্ডের অভিপ্রায় এই, মেজর ইবান্স বেলপ্রভৃতি অর্থের নিমিত্ত এতদ্দেশীয় রাজাদিগের সপক্ষতা করেন। ক্রেণ্ড বৃথা করিয়াছেন। বড় বড় ঘরের মুহুরীরা লোকের নামে খরচ লিখেন; মুরশিদা নবাবের খাতায় বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের টারির নামে এক বার ব্যয় দেখা গিয়া তন্নিমিত্ত কি সেক্রেটারী দায়ী? প্রধ বিচারালয়ের অনেক মোক্তারের খাতায় বিচারপতির সরকারের নামে খরচ লেখা কোন বিবেচক ব্যক্তি এসকল ধূর্ত্ততা বুঝি পারেন?

১১ই শ্রাবণ শনিবার।

ডেলিনিউস বলেন, বণিকসমাজ কাণ্ডার উত্তর বিভাগে ড্রেণ করিবার প্র করিয়া যে আবেদন করেন, তাহা লে গবর্ণর হগ সাহেবের নিকটে রিপোর্টের প্রেরণ করেন। হগ সাহেব স্বমত রক্ষা ছেন সন্দেহ নাই। গ্রে সাহেব তদনু আবেদন অগ্রাহ্য করিয়াছেন। ভারতবর্ষী র্ণমেণ্টও যে কিছু করিবেন, তাহা বোধ হ ডেলিনিউস বলিয়াছেন, "আমরা যে কাণ্ড দেখিতেছি, তাহাতে বিলক্ষণ বো তেছে আমাদিগের গবর্ণমেণ্টসমূহের প্রধা চারীদিগের এ বোধ নাই যে, তাঁহারা এ ইষ্টা নষ্টের দায়ী। ইংলণ্ডীয় লোককে ব র্ষীয় গবর্ণমেণ্টের বিষয় অবগত করান কর্ম্ম হইতেছে।" গ্রে সাহেবের যেরূপ দেখা যাইতেছে, তাহাতে তিনি ইউরে ও এতদ্দেশীয় উভয় সম্প্রদায়েরই বিরাগভ হইবেন বিলক্ষণ বোধ হইতেছে।

উক্ত পত্র বলেন, হিন্দু রাজাদিগের পুত্র কেবল রাজা উপাধি পাইবেন, এ নি গবর্ণমেণ্ট কয়েকটী নিয়ম করিয়াছেন। কর্ত্তব্য। এক্ষণে রাজা ও কুমারের ছড় হইতেছে।

বোম্বাই গেজেটের এক জন পত্রপ্রের চারলস জাকসনকে কয়েকটী বিষয়ের অনু করিতে বলিয়াছেন। তিনি যাবতীয় লো য়াকে আহ্বান করিয়া তাঁহাদিগের জবান গ্রহণ করুন; তাহা হইলে জানিতে পারি অনেকে দেউলিয়া হইয়া ৮ ; কিন্তু উত্তম ব আছেন; গাড়ী ঘোড়া প্রভৃতিরও অভাব ৩টী জানা কথা। ইউরোপীয় দেউলিয়া এ প্রাধান্য প্রদর্শন করেন।

ইউরোপীয় সমাচার।

২৫এ জুন। অদ্যকার মনিটিউর পত্র ব শান্তিভঙ্গের কোন সম্ভাবনা নাই। প্রিন্স নে য়ন বুকারেষ্ট নগরে উপনীত হইয়াছেন; কনষ্টান্টিনোপলে যাইতেছেন।

কোম্পানি ইটালীয় গবর্ণমেণ্টের নি তমাকের ইজারা লইয়াছেন। ১৮৬৯

স্বর যে অকুলান হইবে, এই করে তাহা র্ণ হইবে।

এজের খালখনকারী কোম্পানির ইংলণ্ড- ডিরেক্টর লেণ্ড সাহেব টাইমসের এক প্রস্তা ত্যুত্তরস্বরূপ এক পত্র লিখিয়া খালের ও ভাবী অবস্থার বিষয় বর্ণন করিয়াছেন। দা কতকগুলি লোক লাড ষ্টানলির সহিত করিয়া প্রার্থনা করিয়াছেন, সুএজের ষয়ে ফ্রান্স ও ইংলণ্ডের সন্ধি হওয়া ।

লগ্রেড হইতে সংবাদ আসিয়াছে, সার বি- যেসকল প্রতিনিধি মনোনীত হইয়াছেন। া সকলেই হত রাজকুমার মাইকেলের পুত্র মিলানের পক্ষ।

ই জুলাই। গত কল্য ক্রিষ্টাল বাটীতে বাট নেপিয়রকে এক ভোজ দেওয়া হয়। আপনার আফিসরদিগের সহিত তথায় করিয়াছিলেন। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ন্ত বিলের দ্বিতীয় ধারাটী কমিটীতে বিবে ইতেছে। লাড উইলিয়ম হে প্রস্তাব করি লেন, ষ্টেটসেক্রেটারির কৌন্সিলের পূর্ব্বতন সভ্যের কার্য্যকাল একরূপ করা উচিত; সব ষ্টাফোর্ড নর্থকোট আপত্তি করাতে প্রস্তাব পরিত্যাগ করিয়াছেন। পূর্ব্বতন ণ আর পাঁচ বৎসর বার্ষিক ১৫০০০ টাকা নে কর্ম্ম করিতে পান, এই প্রস্তাবের বিরোধ সর ষ্টাফোর্ড নর্থকোট সম্মত হইয়াছেন। য়ে সাহেব প্রস্তাব করেন, ১৫০০০ টাকার র্কে ১২০০০ বেতন করা উচিত। ৭৩ র মতে ও ২৬ জনের অমতে এই সংশোধন ব গ্রাহ্য হইয়াছে।

বাম্বাই ১৮ ই জুলাই। লাড উইলিয়ম হে ণ অব কমন্সে বলিলেন, বর্ত্তমান টেলিগ্রাফ যেসকল দেশ হইয়া গমন করিয়াছে, সেই দেশের সহিত রাজনীতিসংক্রান্ত কোন াদ ঘটিলে টেলিগ্রাফে সংবাদ পাইবার াত হইবে। অতএব লোহিত সমুদ্র হইয়া শ্রেণি টেলিগ্রাফ করা তাঁহার অভিমত। ষ্টাফোর্ড নর্থকোট প্রত্যুত্তরে বলিলেন, গ্রাফ ভারতবর্ষপর্য্যন্ত গিয়াছে। ী তদবধি হইতে ভারতবর্ষপর্য্যন্ত; সাইমেন্স পান প্রশিয়া, রুশীয়া ও পারস্য হইয়া রুটী করিতেছেন। সাইমেন্স কোম্পানির গ্রাফের অতি অল্পাংশ অসম্পূর্ণ রহিয়াছে। অনুমান করেন, আগামী গ্রীষ্মকালের এই টেলিগ্রাফ সম্পূর্ণ হইবে। সর ষ্টাফোর্ড কাট বলিলেন, এই টেলিগ্রাফই পর্য্যাপ্ত ব। এই টেলিগ্রাফ ব্রিটিশ গবর্ণমেণ্টের র্ণ কর্ত্তৃত্বাধীনে থাকিবে। জিবরালটর হইয়া স্থ সমুদ্র দিয়া টেলিগ্রাফ করিবার প্রস্তাব র মতে আবশ্যক। উপসংহারকালে ষ্টাফোর্ড নর্থকোট বলিলেন, গবর্ণমেণ্ট আর ভূত হইবেন না; অতএব লোহিত সমুদ্রে টেলিগ্রাফ হয়, তাঁহারা তাহার কোন সাহায্য য়া ভারতবর্ষের রাজস্ব অপব্যয় করি- না।

লণ্ডন ১৪ ই জুলাই। ইষ্টইণ্ডিয়া ইউনাই

টেড সার্ভিস ক্লব সর রবার্ট নেপিয়রকে এক ভোজ দিয়াছেন। সর বার্টল ফ্রিয়ার ভোজের অধ্যক্ষতা করিয়া সর রবার্ট নেপিয়রের প্রশংসা করিয়া এক বক্তৃতা করিয়াছিলেন। সর রবার্ট নেপিয়র প্রত্যুত্তরদানসময়ে বলিয়াছেন, আবি- সিনিয়ার যুদ্ধে বিলক্ষণ প্রকাশ করিয়াছে ভারত বর্ষীয় ও রাজকীয় সেনাদল বরাবর একত্রিত থাকিবে। তিনি বলিলেন, তাঁহাকে লাড উপাধি দিবার প্রস্তাব হইয়াছে; কিন্তু তাহা গ্রহণ করিবেন কি না তিনি এ বিষয়ে অনেক চিন্তা করিয়া স্থির করিয়াছেন, এক জন ভারত বর্ষীয় কর্ম্মচারীর স্বরূপ তিনি ইহা লইবেন।

রাজা থিওডোরের পুত্র প্লিমৌথে পহুছিয়া- ছেন।

১৭ ই জুলাই। সর রবার্ট নেপিয়র লাড উপাধি পাইয়াছেন।

রাজা থিওডোরের পুত্রকে রাজ্ঞীর নিকটে পরিচিত করিয়া দেওয়া হইয়াছে।

২০ এ জুলাই। প্রতিনিধি মনোনীত করিবার সময়ে উৎকোচ দেওয়া হয়, তাহার নিবারণ করিবার বিল হাউস অব কমন্সের কমিটি গ্রাহ্য করিয়াছেন।

সেনাদলের পুনর্ব্বন্দোবস্ত বিষয় লইয়া লাড দিগের হউসে তর্ক হইয়া গিয়াছে। কেম্ব্রিজের ডিউক সর হেনরি ষ্টর্কের প্রশংসা করিয়া এরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন গবর্ণমেণ্ট তাঁহাকে নির্ব্বিঘ্নে আপন কার্য্য সম্পাদন করিতে দিবেন।

লাড ষ্টানলি বলিলেন, অন্য দেশে বাসনিবন্ধন ভদ্রতা বাসী বলিয়া পরিগণিত হইবার প্রস্তাবের বিষয়ে লিওনাড সাহেব বন্দোবস্ত করিতে সম্মত হইয়াছেন

গবর্ণমেণ্ট যেসকল রেলওয়ের প্রতিভূ তাহার ইংলণ্ডীয় অধিরা অংশ ক্রয় করিতে পারেন, এবিষয়ে আয়ার্টন সাহেব আপনার অঙ্গীকৃত বিল অর্পণ করিয়াছেন।

মঙ্গলবার সর রবার্ট নেপিয়র রাজ্ঞীর সহিত ভোজন করিবেন।

শুক্রবার রাজকীয় ইঞ্জিনিয়রগণ তাঁহাকে কাথহামে ভোজ দিবেন।

শীঘ্র মহাসভায় নূতন সভ্য মনোনীত কর হইবে, এই আশায় অনেকে প্রার্থী লোকের আনুগত্য করিতেছেন।

আরল থালমস্‌বরি বলিয়াছেন, মাল্টোলান ইংরাজী জাহাজ দ্বারা অবরোধ করা আইন বিরুদ্ধ; অতএব তাহা রহিত করিবার আজ্ঞা হইয়াছে। সেনাপতি আরবথনটের মৃত্যু হইয়াছে।

২১ এ জুলাই। গতকল্য প্রিন্স অব ওয়েলস সর রবার্ট নেপিয়রের স্মরণার্থ এক ভোজ দিয়া ছেন।

পালিয়ামেণ্টের উভয় বাটী সর রবার্ট নেপি য়রকে ধন্যবাদ করাতে তিনি এক পত্রদ্বারা তাঁহাদিগের নিকটে কৃতজ্ঞতা স্বীকার করি য়াছেন।

কর্কের একজন বস্ত্রবিক্রেতার দোকান হইয়াছে

কুইন্স টৌন হইতে যেসকল লোকে আমে রিকায় আগমন করিতেছেন, তাঁহাদিগের কার তল্লাসী লওয়া হইতেছে।

গত রাত্রিতে কমন্স হাউসে আডা সাহেব গরষ্ট সাহেবের প্রশ্নের প্রত্যুত্তরে লেন, সিংহলের লোকদিগের যে কষ্ট হইয়া তদ্বিষয়ে তিনি তত্রত্য শাসনকর্ত্তার রি টের প্রতীক্ষা করিতেছেন।

—:০:—

গর্ণমেণ্ট বিজ্ঞাপন।

লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

৩রা জুলাই। লেপ্টনাণ্ট যে, জন কিঙ্গোড়ের দেওয়ানী কর্ম্মচারীর বিশেষ কারী হইবেন।

৯ই জুলাই। ১৫ ই জুন অবধি সব ষ্টাণ্ট সার্জ্জন আসরফ আলি কিছুদিনের নি কলিকাতা মেডিকাল কালেজের বা শ্রেণির ধাত্রীবিদ্যার অধ্যাপক হইয়াছেন।

১৪ ই জুলাই। যত দিন এম, বি, রচে সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, দিন ডবলিউ, এল, এচ, ফর্ডস সাহেব হু প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট হইবেন।

১৫ ই জুলাই। মুঙ্গেরের ডেপুটী মাজি ও ডেপুটী কালেক্টর মৌলবী ওয়াজিউল্লা শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন

কলিকাতার প্রতিনিধি কষ্টম কালেক্টর বি, কক্রেল সাহেব নিজ পদগুণে প্রতি শিপিঙ মাষ্টর ও হইবেন।

১৬ ই জুলাই। যতদিন জে, আর, ম সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকি ততদিন এচ, হাডিক সাহেব পুর্ণিয়ার নিধি সিবিল ও সেসিয়ন জজ হইবেন।

জে, এফ ব্রৌণ সাহেব মুরসিদাবাদের নিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

১৫ ই জুলাইয়ের গেজেটে তাঁহাকে দি পুরের প্রতিনিধি সিবিল ও সেসিয়ন জ নিযুক্ত করিবার যে বিজ্ঞাপন হয় তা স্থগিত রহিত করা গেল।

যতদিন জে, এফ, ব্রৌণ সাহেব উ না হন, ততদিন মুরসিদাবাদের প্রতিনিধি মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সি, এ, সাহেব তত্রত্য প্রতিনিধি মাজিষ্ট্রেট ও ক্টর হইবেন।

যতদিন এ, জে, এলিয়ট সাহেব বিদায় অনুপস্থিত থাকিবেন, ততদিন ডবলিউ সাহেব দিনাজপুরের প্রতিনিধি সিবিল ও য়ন জজ হইবেন।

কর্ণেল সাহেবের অনুপস্থানকালে ড এম, সাউটার সাহেব ষ্টাম্প ও ষ্টেসনরির নিধি সুপারিণ্টেণ্ডাণ্ট হইবেন।

পি, ডি, ডিকেন্স সাহেব রেজিষ্টার লের কার্য্যভিন্ন প্রেসিডেন্সিবিভাগের ষ্টারের কাজ করিবেন।

জে, সি, ডজসন সাহেব যশোহরের নিধি সিবিল ও সেসিয়ন জজ হইবেন।

এচ, ডবলিউ. আলেকজণ্ডার বাহেব যশো
প্রতিনিধি অতিরিক্ত জজ হইবেন।
স. সি. ষ্টিবেন্স সাহাবাদের প্রতিনিধি মাজি
ও কালেক্টর হইবেন।
ডবলিউ, এচ, বার্ণার সাহেব সাহাবাদের
নিধি জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর
ন।
৪ পরগণার ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুট
ক্টর কুমার হরেন্দ্রকৃষ্ণ কিছু দিনের নিমিত্ত
লদহে বিচারকার্য্য নির্ব্বাহ করিবেন।
জ, মনরো সাহেব রেবেনিউ বোর্ডের প্রতি
জুনিয়র সেক্রেটারি হইবেন।
ই জুলাইয়ের গাজেটে এচ. এ. কক্রেল
বকে এই পদে নিযুক্ত করিবার যে বিজ্ঞা
", তাহা এতদ্দ্বারা রহিত হইল।
জ, ওয়েষ্টলাণ্ড সাহেব যশোহরের প্রতি
মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।
জ, এ, হপকিন্স সাহেব নদীয়ার প্রতিনিধি
ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।
হকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর জে, আর
ট সাহেব রাণীগঞ্জ উপবিভাগের ভার
া বাঁকুড়াতে মাজিষ্ট্রেট ও ডেপুটী কালে
ক্ষমতা পাইবেন।
ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু
ানাথ দে কালনা উপবিভাগের ভার
া প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ও
ননে সমর্পণ করিবার মকদ্দমার প্রথম বিচার
ার ক্ষমতা পাইবেন।
, ই, লুইস সাহেব রঙ্গপুরের প্রতিনিধি
ল ও সেসিয়ন জজ হইবেন।
জ, ওকিনলে সাহেব মালদহের প্রতিনিধি
ষ্ট্রেট ও কালেক্টর হইবেন।
ন, সি, কুইন সাহেব যশোহরের প্রতিনিধি
ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।
ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর ই,
ড.ফ্, সাহেব শ্রীরামপুর উপবিভাগের ভার
া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।
জ, সি, প্রাইস সাহেব বাখরগঞ্জের প্রতি
মাজিষ্ট্রেট ও কালেকটর হইবেন।
চ, ক্লার্ক সাহেব ময়মনসিংহের প্রতিনিধি
ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।
৪ পরগণার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি
ক্টর বাবু শিবপ্রসাদ সান্যাল কিছুদিনের
ারাসত উপবিভাগের ভার পাইবেন।
ই জুলাই, যতদিন ডবলিউ. ও, এ,
ট সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকি
ততদিন লেপ্টনাণ্ট ই, এন. ডি. লাটোর
প উপবিভাগের ভার পাইবেন।
পরগণার প্রতিনিধি জাইন্ট মাজিষ্ট্রেট
পুটি কালেক্টর ই. জে, বটন সাহেব ১৮৫৯
১০ ও ১৮৬২ অব্দের ৬ আইনের মক
আপীল শ্রবণ করিতে পারিবেন।
ই জুলাই। নিম্নলিখিত ব্যক্তিরা দেবগ
বিদ্যাশিক্ষাসভার সভ্য হইবেন।
বগড়ের সহকারী কমিসনর পদগুণে।
সিবিল সার্জ্জন ঐ।
চ, ডসন সাহেব।
হকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর জি,
টইনবি সাহেব তদ্রূপ উপবিভাগের ভার
পাইয়া মাজিষ্ট্রেটের ও প্রধানতম বিচারালয় ও সেসিয়নে সমর্পণ করিবার মকদ্দমার প্রথম বিচার করিবার ক্ষমতা পাইবেন।

২৬ এ জুলাইয়ের মধ্যে রঙ্গপুরের সিবিল ও সেসিয়ন জজের পরাধিকারী যদি উপনীত না হন, তাহা হইলে তিনি নিজ কার্য্যভার তত্রত্য অপর জজের হস্তে দিবেন।

আর, এচ, পসি সাহেব বালেশ্বরের প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন। ১৫ই জুলাইয়ের গেজেটে তাঁহাকে হুগলির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টররূপে নিযুক্ত করিবার যে বিজ্ঞাপন দেওয়া হয়, তাহা এতদ্দ্বারা রহিত হইল।

যতদিন আর, বি, কক্রেল সাহেব সরকারী কার্য্যোপলক্ষে স্থানান্তর থাকিবেন, ততদিন ই, জে. বার্টন সাহেব হুগলির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

এচ, এস, বীডন সাহেব ২৪ পরগণার প্রতিনিধি জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টরই ই. এম, রিলি সাহেব কুষ্টীয়া উপবিভাগের ভার পাইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন। তিনি আর ও তত্রত্য প্রধান কষ্টম কর্ম্মচারী হইবেন।

যতদিন লেপ্টনাণ্ট এ, আর, উইলকিন্সন বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, ততদিন পি, জি, স্কট সাহেব সাহারণপুর প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট হইবেন।

দেবগড়ের সিবিল আসিষ্টাণ্ট সার্জ্জন ও সব আসিষ্টাণ্ট কমিসনর ডাক্তর আর, সি. চন্দ্র বাঁওতাল পরগণার প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

২০এ জুলাই। নিম্নলিখিত কর্ম্মচারিগণ প্রথম ও দ্বিতীয় শ্রেণির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন:—

প্রথম শ্রেণিতে, (ইহাতে ১৪ টী প্রতিনিধির পদ শূন্য আছে:)

এচ, হাজ্কি সাহেব।
ই. ই. লুইস ".
এচ, জে, রেনলড্স ".
এচ, বেল ".
ডবলিউ, এস. ওয়েল্স ".
জে, বি, ওয়ার্গাণ ".
এ. স্মিথ ".
সি, টি, মেইকাফ ".
টি, জে, সি, গ্রাট ".
ডবলিউ, এচ, ডিঅইলি ".
সি. বি, গারেট ".
জে, এস, পার্ক ".
পি, এ, হস্ফি ".
এন, এস, আলেকজণ্ডার ".
জে, মনরো ".

দ্বিতীয় শ্রেণিতে (ইহাতে ১৩ টী প্রতিনিধির পদ কিছু দিনের জন্য শূন্য আছে।

ডবলিউ, ওয়েব সাহেব।
এচ, সি, সদরল্যাণ্ড ".
ই, এচ, হুইলিলড ".
টি, এফ, বিগনলড ".
ডবলিউ, আর, লগর্ম্মণ ".
আর, ডি, হাইম, এম, এ।
এচ, সি, বি, সি. বেথান ".
জে, সি. গেডিস ".
ই. জি, প্রেজিয়র ".
জি, গ্রেহাম ".
ডবলিউ, ইয়াড ৫ এম এ।
ডবলিউ, কেম্বল ".
জে. এস, আরমষ্টণ ".

নিম্নলিখিত কর্ম্মচারিগণ দ্বিতীয় প্রতিনিধি জজ ইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন। (এই সকল পদ কিছু দি নিমিত্ত শূন্য আছে)।

এচ. ক্লার্ক সাহেব।
জে, এ, হপকিন্স ".
সি, সি, কুইন ".
ডবলিউ, এচ, বার্ণার ".
এচ, এস, বীডন ৫ বি, এ।
ডবলিউ, এফ, মিয়াস ".
জে, আর, হালেট ".
জি. জে. এস, হজকিন্সন ".
জে, জি, চারল্স ".
জে, এফ, ষ্টিবন্স ".
এ, মাণ্সন ".

২১ এ জুলাই। কিজোড়ের দেওয়ানী চারীর বিশেষ সহকারী লেপ্টনাণ্ট জক কটকের করদমহলের সহকারী সুপরিণ্টে হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

যত দিন বাবু কমলাকান্ত চক্রবর্ত্তী লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন বাবু চরণ বন্দ্যোপাধ্যায় ত্রিপুরার অন্তর্গত জ দীঘীর প্রতিনিধি মুন্সেফ হইবেন।

লোহারডগার সার্টিফকেট টাক্কের আ বাবু গোপালচন্দ্র মিত্র, ১৮৩৩ অব্দের ৯ অনুসারে তথায় ডেপুটী কালেক্টরের ক্ষ পাইবেন।

পালা মাউএর সহকারী পুলিষ সুপ ণ্ডাণ্ট জে, এস, লার্ম্মিণ সাহেব যশোহরের র্গত খুলনাতে বদলী হইবেন।

এচ, টমসন সাহেব চট্টগ্রামের সহকারী কালেক্টর ও বন্দররক্ষক হইবেন, কিন্তু ততঃ প্রতিনিধি কষ্টম কালেক্টর ও বন্দর থাকিবেন।

জে, ডবলিউ, ওয়াডেন চট্টগ্রামের নিধি সহকারী কষ্টম কালেক্টর ও বন্দর হইবেন।

নিম্নলিখিত প্রতিনিধি ডেপুটী মাজিষ্ট্রে ডেপুটী কালেক্টরদিগকে নিম্নতর শাসন ক ষষ্ঠ শ্রেণীতে সম্পূর্ণরূপে নিযুক্ত করা গেল
বাবু অমৃতলাল পাল বি, এ, ভাগলপু
" যোগেশচন্দ্র মিত্র এম, এ, মাল
নিম্ন লিখিত ব্যক্তিদিগকে কিছু দি নিমিত্ত ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কা রূপে নিযুক্ত করা গেল:--

বাবু অন্নদাপ্রসাদ ঘোষ। যত দিন বাবু রজ-
বন্দ্যোপাধ্যায় বিশেষ সরকারী কার্য্যোপ
স্থানান্তর থাকিবেন, তত দিন আর, সি,
মিলটন সাহেব, বাবু সীতাকান্ত ঘোষের পরি
। বাবু অতুলচন্দ্র চট্টোপাধ্যায় বাবু হর
মুখোপাধ্যায়ের পরিবর্ত্তে।

উল্লিখিত কর্ম্মচারিগণ পশ্চাল্লিখিত স্থানে
করা দ্বিতীয় শ্রেণীর অধীন মাজিষ্ট্রেটের
তা পাইবেন:--

বাবু অন্নদাপ্রসাদ ঘোষ মেদিনীপুরে।
আর, সি, হামিলটন সাহেব চাকা বিভাগে।
বাবু অতুলচন্দ্র চট্টপাধ্যায় চট্টগ্রাম বিভাগে।

১০ ই জুনের গেজেটে বাবু অবিনাশচন্দ্র
বি, এ পাটনা বিভাগের এক জন প্রতি
ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর
য়া নিযুক্ত করিবার যে বিজ্ঞাপন দেওয়া হয়
রহিত হইল।

আমাদিগের আসুলিয়াস্থ সংবাদ-
তা লিখিয়াছেন।

১। কএক সপ্তাহ অতীত হইল, "আসু
হিতৈষিণী সভার অধিবেশন হইয়া
াছে। সভ্যগণ এবং গ্রামস্থ কতিপয় সম্ভ্রান্ত
মহোদয় উপস্থিত থাকিয়া সভার কার্য্য
ম্পন্ন করিয়াছেন। হিতৈষিণী সভার পূর্ব্ব
য়াজিত এজেন্ট মহাশয়দিগের নাম ইতি
র্ব্বে কএকবার সোমপ্রকাশে প্রকাশ করা হইয়া
ছে, এক্ষণে এই অধিবেশনে যে কএক জন
ক্ত হইয়াছেন, তাঁহাদিগের নাম নিম্নে লিখি
শিত হইল।

বাবু কার্ত্তিকচন্দ্র চট্টোপাধ্যায় কলিকাতা
" বিনোদবিহারী চট্টোপাধ্যায় } বর্দ্ধমানপুর
" ভগবচ্চন্দ্র রায়।
" যজ্ঞেশ্বর চট্টোপাধ্যায় কৃষ্ণনগর কালেজ।

২। শান্তিপুরের ইংরাজী বিদ্যালয়ের কতক
অহিতকর সংবাদ শ্রবণ করিয়া যার পর
দুঃখিত হইলাম। শুনিলাম উক্ত বিদ্যালয়ের
ন ও দ্বিতীয় শিক্ষক মহাশয়েরা সম্পাদক
শয়ের সহিত কলহ করিয়া তথায় আর
টী স্বতন্ত্র স্কুল করিয়াছেন। বিদ্যালয়
এত দিনের পর চরমকাল উপস্থিত। শান্তি
যেরূপ প্রকাণ্ড গ্রাম, ইহাতে অন্যূন ২০। ২৫
ার ঘর লোকের বসতি; এখানে একটী গবর্ণ
ট স্কুল হওয়া একান্ত কর্ত্তব্য। গবর্ণমেণ্ট উক্ত
য়ে আমাদিগকে নিরাশ করিয়াছেন, তথাপি
ধ্যোৎসাহী কৃত বিদ্যালয়টীর দ্বারাও অনেক উপ
র হইতেছিল। প্রতি বৎসর প্রবেশিকা পরী
য় ছাত্রদিগকে একপ্রকার উত্তীর্ণ হইতে দেখা
গিয়াছে। শিক্ষক মহাশয়দিগের কার্য্য দক্ষতা
গুণে বিদ্যালয়ের যশোরাশি ক্রমশ দিগন্ত ব্যাপী
হইয়া উঠিতেছিল, কিন্তু কি বিপদ!!! অক-
স্মাৎ কোথা হইতে ভয়ানক কলহ বাত্যা উপ
স্থিত হইয়া আমাদিগের আশাতরু এক কালে
উৎপাটিত করিয়া ফেলিল। এই বিবাদের মূল
কি? কেনইবা শিক্ষক মহাশয়েরা সম্পাদক মহা
শয়ের সহিত কলহ করিয়া স্বতন্ত্র বিদ্যালয়
স্থাপন করেন এবং কেনইবা সম্পাদক মহাশয়
শিক্ষক মহাশয়দিগকে এরূপ অবমাননা করেন?
আমাদিগের মতে পুঙ্খানুপুঙ্খ রূপে ইহার অনু
সন্ধান করিয়া দেখা উচিত। বিদ্যালয়ের অধ্যক্ষ-
সভা ইহাতে দৃষ্টিপাত করুন, এ বিষয়ে যদ্যপি
সম্পাদকের দোষ লক্ষিত হয়, তাহা হইলে আর
এক জন সুশিক্ষিত সচ্চরিত্র ব্যক্তিকে উক্ত
পদে বরণ করা বিধেয়। আর যদি শিক্ষক মহা
শয়দিগের ইহাতে অপরাধ থাকে, তাহা হইলে
তাহাদিগকে স্কুল হইতে বিদায় দিয়া অন্য অন্য
শিক্ষক নিযুক্ত করুন। নতুবা একের পাপে অপ
রের দণ্ড হওয়া কোন মতেই যুক্তি সিদ্ধ নহে।
শান্তিপুরে এই রূপ ২ টী বিদ্যালয় হইলে উভয়
যে উভয়েরই অনিষ্টের মূল হইয়া উঠিবে তদ্বি
ষয়ে অণুমাত্র সন্দেহ নাই।

৩। আমাদিগের রাণাঘাটের ডেপুটী মাজি
ষ্ট্রেট বাবু মহিমচন্দ্র পাল বনগ্রাম মহকুমার ভার
পাওয়াতে তাঁহার পদে কৃষ্ণনগরের ডেপুটী মাজি
ষ্ট্রেট বাবু দ্বারকানাথ দে বাহাদুর আসিয়াছেন।
ইনি বহুদিবসাবধি উক্ত কার্য্য করিয়া এক্ষণে
বিলক্ষণ পারদর্শী হইয়াছেন। ইতি মধ্যে এখানে
এক জন প্রসিদ্ধ মোক্তারকে কোন অপরাধের
নিমিত্ত হাজত দেওয়াতে উক্ত মহকুমার যাবতীয়
মোক্তার তাহার ভয়ে সশঙ্কিত হইয়াছেন।

৪। শুনিয়া আহ্লাদিত হইলাম যে, রাণা-
ঘাটের ইংরাজী বিদ্যালয়ের পঙ্কোদ্ধার হইবার
প্রস্তাব হইয়াছে। কএক জন অযোগ্য শিক্ষককে
স্কুল হইতে বিদায় দিয়া তাঁহাদিগের পদে অন্য
সুশিক্ষিত শিক্ষক নিযুক্ত করা হইতেছে।

৫। সম্প্রতি পবলিক ওয়ার্ক ডিপার্টমেণ্ট
হইতে এদেশের অনেক গুলি হিতকর কার্য্য
সম্পন্ন হইবার উপক্রম হইয়াছে। কতকগুলি
খাল কাটাইবার প্রস্তাব মঞ্জুর হইয়া আসি-
য়াছে। নদীয়া জেলার মধ্যে রাণাঘাট সব ডিবি
জনের অধীন বয়রা হইতে মালিদা ও কলাই-
ঘাটা পর্য্যন্ত যে খালটী আছে, তাহার পঙ্কো
দ্ধার করাও একান্ত আবশ্যক। এই স্থানে পূর্ব্বে
ত্রিপথগামিনী অলকনন্দা প্রবল ছিলেন। এই
বহু নদীর উপর কতকগুলি প্রসিদ্ধ ভদ্র
আছে, তথায় এরূপ জলকষ্ট হয়, যে
কালে তাহাদিগের জীবন ধারণ করা
হইয়া উঠে।

৬। কৃষ্ণনগরের সেসন জজ্ শ্রীযুক্ত ম্যা
নল সাহেব বিদায় লওয়াতে তাঁহার পদে
লুইস সাহেব আসিয়াছেন। ইনি ভদ্র ও সৎ
রক।

৭। নদীয়া জেলার অন্তর্গত কোতো
থানার অধীন কএক খানি গঙ্গা তীরস্থ
গ্রামে (প্রেসিডেন্সি ডিবিজনের কমি
শ্রীযুক্ত চাপমান সাহেবের প্রস্তাব মত)
মেণ্ট হইতে বাঁধের কার্য্য আরম্ভ হইয়াছে

৮। আসুলিয়ার ৩ মাইল পশ্চিম ম
পোতা গ্রামে কতিপয় কৃতবিদ্য যুবক মি
হইয়া একটী গবর্ণমেণ্ট সাহায্যকৃত ইং
বিদ্যালয় স্থাপনে যত্নবান হইয়াছেন। শুনি
তাঁহারা সাহায্য প্রার্থনা করাতে উহার নি
হবিবপুরের ইংরাজী স্কুলের সম্পাদক প্রতি
হইয়া উঠিয়াছেন। কি আশ্চর্য্য! মালিপো
অপেক্ষা হবিবপুর কি প্রসিদ্ধ স্থান? মালিপো
গবর্ণমেণ্টের সাহায্য দেওয়া একান্ত ক
ইহার নিকট অন্যূন ১০। ১২ খানি ভদ্র
আছে। হবিবপুরে সাহায্য হইয়াছে বলিয়
মালিপোতায় হইবে না?

৯। গত ১৫ ই জুলাই বুধবারে আমাদি
লেপ্টনাণ্ট গবর্ণর শ্রীযুক্ত গ্রে সাহেব কৃষ্ণ
আসিয়া পৌঁছিয়াছেন।

১০। কএক দিবস হইল আমাদিগের রা
টের ডেপুটি মাজিষ্ট্রেট শ্রীযুক্ত বাবু দ্বারক
দে বাহাদুর এ প্রদেশের ইনস্পেক্টিও
মাষ্টার বাবু দীনবন্ধু মিত্র এবং গুরুট্রেণিং
সমুহের ডেপুটি ইনস্পেক্টর বাবু নবগো
বন্দ্যোপাধ্যায় মহাশয় আসুলিয়া বঙ্গবিদ্য
উপস্থিত হইয়া বালকদিগকে পরীক্ষা ক
আহ্লাদ প্রকাশ করিয়া গিয়াছেন।

১১। এদেশে চাউল পূর্ব্বাপেক্ষা দু
হইয়াছে। শরৎ শস্যের লক্ষণ মন্দ নহে।

আমরা এলাহাবাদ হইতে নিম্ন
খিত সংবাদগুলি প্রাপ্ত হইয়াছি।

অতিশয় দুঃখের বিষয় এই যে, এখানে
জুন সোমবার রাত্রে যে বৃষ্টি হইয়াছিল, ত

একালপর্য্যন্ত আর বৃষ্টি হইল না। পুনরায় র অত্যন্ত প্রাদুর্ভাব হইয়াছে এবং মড়কও কার হইয়াছে। ক্রমশঃ কৃষিকার্য্যের-সময় হইতেছে দেখিয়া কৃষকগণ হতাশ হইয়া তেছে। মহাজনগণও অনাবৃষ্টি দেখিয়া আশঙ্কায় আপনাদিগের গোলার দ্বার প রুদ্ধ করিতেছেন, সুতরাং ক্রমশঃ কল দুর্ম্মূল্য হইতেছে।

ও একটী সামান্য দুঃখের বিষয় নয়. কষ্টের সময় আবার গত পরশ্ব ঃই র সময় এখানকার একাউণ্টেণ্ট জেন াফিসের নিকটবর্ত্তী একটী স্থানে অগ্নিকাণ্ড গিয়াছে।

বৎসর এখানে অন্যান্য পীড়া অপেক্ষা পীড়া অধিক হইতেছে।

খানকার মিউনিসিপাল কমিটি ইংরাজ য় ময়লা ফেলিবার অসুবিধানিবারণার্থ নিয়ম করিয়াছেন যে, কতগুলি করিয়া স্থের ফারম সকলের নিকট পাঠাইয়া দিতে যখন ময়লা ফেলা গাড়ুয়ান কোন অন্যায় ব, তখন সেই ফারমেতে দরখাস্ত করিয়া যোগে মিউনিসিপাল কমিটিতে পাঠাইলে া ইহার বিশেষ তদারক করিবেন। মহা· ইংরাজ টোলায় ত এই প্রকার বন্দোবস্ত ছে, এখন বাঙ্গালি ও হিন্দুস্থানী টোলার া বলা যায় না।

—০—

আমাদিগের ছাপরাস্থ সংবাদদাতা য়াছেন।

বৃষ্টির অভাবে সৃষ্টিনাশ হইবার উপক্রম ছে। চতুর্দ্দিকে ত্রাহি ত্রাহি শব্দ হইতেছে. দবঃ সৃষ্টিনাশকঃ" এ বাক্যটী আর অস্বী । তাপমান যন্ত্রে ১১৫ হইতে ১২০ পারদ উঠিতেছে; ওলাউঠাপ্রভৃতির রেও ত্রুটি নাই। এখানে দুর্ভিক্ষ হইবার সম্ভাবনা। গবর্ণমেণ্ট এই সময়ে সাবধান এবার বেহার বুঝি উড়িষ্যা হয় !!! এখানকার মুসলমানেরা সকলে মিলিয়া মধ্যে নোমাজ পড়িয়া ঈশ্বরকে তুষ্ট , বৃষ্টি করাইবে, ইহা স্থির করিয়া ক্রমশঃ । ৫ দিবস এই রৌদ্রে মাঠের মধ্যে যুথ য়া নোমাজ পড়িতেছে; কিন্তু এ পর্য্যন্ত বন্ধুও বর্ষণ হইল না। ইহাতে মুসলমান র মুখ দেখাইতে পারে না। খোদা যদি ফোঁটা দুই চার বৃষ্টি করেন, মোল্লাদের াকে।

৩। আমরা আপনাকে লিখিয়া লিখিয়া শ্রান্ত হইলাম, আপনি একবার এখানকার "মিউনিসিপালসংক্রান্ত অরাজকতার সংশোধনের চেষ্টা করিলেন না; কিন্তু জগদীশ্বর আছেন, এখানকার দয়াবান্ জজ বালফোর সাহেব কিছু কিছু শুনিয়া, হাইকোর্টে এবং গবর্ণমেণ্টে রিপোর্ট করিয়াছেন, অনুসন্ধান হইলে অনেকেরি ভুর ভাঙ্গিয়া যাইবে।

—০—

আমাদিগের গোয়ালিয়রস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

জ্যৈষ্ঠ মাসের শেষে কিয়ৎ পরিমাণে বৃষ্টি হওয়াতে মনে করিয়াছিলাম যে, এখানকার গ্রীষ্মের কথা যেরূপ শুনিয়াছিলাম, এবার বুঝি সে রূপ হইল না, কিন্তু সম্প্রতি আমার সে সংস্কারও দূর হইয়াছে। অদ্য প্রায় আষাঢ় মাসের শেষ হইল, অথচ এক বিন্দু জল নাই। "লুর" প্রভাব পুনর্বার প্রাদুর্ভূত হইয়াছে। গুমটের দরুণ লোকেরা ত্রস্ত হইয়াছে এবং ক্ষেত্রের শস্যসকল শুষ্কপ্রায় হইতেছে। মহাশয়! অত্রস্থ লোকেরা কহে যে এখানে এরূপ অকাল (অনাবৃষ্টি) কখনই হয় নাই। বঙ্গদেশে জল ধরে না এখানে এ দিকে জলের নাম নাই। ঈশ্বরের গূঢ় অভিপ্রায় বুঝে কাহার সাধ্য। এখানে একে দ্রব্যাদি অত্যন্ত মহার্ঘ্য, তাহাতে আবার এই অনাবৃষ্টিনিবন্ধন ব্যবসায়ীরা আরও মহার্ঘ করিতেছে।

২। গত ২৪ এ আষাঢ় সোমবার সন্ধ্যা ৮ ঘটিকার সময় আমাদের ইংরাজী সভার প্রথম সাম্বৎসরিক সভা অতি সমারোহপূর্ব্বক সম্পন্ন হইয়া গিয়াছে।

৩। গত ২২ এ আষাঢ় শনিবার সন্ধ্যার সময় একটী শোচনীয় ঘটনা সংঘটিত হইয়াছে। মেজর কুক সাহেব ও লেপ্টনাণ্ট ইয়ং সাহেব একখানি নৌকা করিয়া মুরার নদীতে বিচরণ করিতেছিলেন। এমন সময় ঝটিকা উত্থিত হওয়াতে নৌকা জলমগ্ন হইল এবং দুই জন জলমগ্ন হইলেন। কুক সাহেব অনেক কষ্টে উদ্ধার হইয়াছেন; কিন্তু ইয়ং সাহেব আর উঠিতে পারিলেন না। অনেক অনুসন্ধানে রাত্রি প্রায় এক ঘটিকার সময় তাঁহার মৃত দেহ পাওয়া যায়। ২৩ এ রবিবারে উপাসনা ও সম্মানের সহিত তাঁহার সমাধি হইয়া গিয়াছে। মহাশয়! ইংরাজদের যেরূপ বহু পরিচ্ছদ তাহাতে সন্তরণ জানিলেও হস্ত পদ চালনা করিবার যো নাই। শুনিলাম ইয়ং সাহেব সন্তরণ জানিতেন, মুরার তাদৃশ ভয়ানক নহে, কেবল পোষাক দরুনই উঠিতে পারেন নাই।

৪। মহাশয়! অদ্যাপি চোরের প্রাদুর্ভাব কমে নাই। মাজিষ্টেট প্রভৃতি সকলে অত্যাচারের কথা শুনিয়াছেন ও নানা উপায় করিতেছেন; কিন্তু কই কিছুই হইতেছে না। ইহার কারণ কি? অনেক সাহেব বাঙ্গলাতেও চুরি হইতেছে, ইহাঁরা চতুর চৌকীদার নিযুক্ত করিতেছেন, তথাপি পদ হইতে পারিতেছেন না। একে দ্রব্যাদি মহার্ঘ, তাহাতে অনাবৃষ্টিনিবন্ধন মহার্ঘ্য হইতেছে, পুলিষের এই শ্রী, কাজে কাজে "মগের মুলুক" হইয়াছে। "যার তার তাহার বাজ্য।"

দুটী আশ্চর্য্য চোরের কথা শুনুন। এক ব্যাঘ্রচর্ম্মে আবৃত হইয়া এক সাহেবের একটী চোর প্রবেশ করিবার উদ্যোগ করিতেছিল। রক্ষকেরা ব্যাঘ্রের ভয়ে পলায়ন করে। অবশেষে কএক জন মিলিত হইয়া লাঠি তাড়াতাড়ী করাতে চোর ব্যাঘ্রের ন্যায় চতুষ্পদে ভর দিবার তুল্য দৌড়িতে লা অবশেষে নিতান্ত বিগতিক দেখিয়া দণ্ড হইয়া বেগে দৌড়িয়া বনমধ্যে প্রবেশ ক

আর একটি চোর বড় চমৎকার। এ কোন কৃষক মস্তকোপরি ঘাসের বোঝা করিয়া গরুটী এক গাছি দীর্ঘ রসিদ্বারা বন্ধন করত যাইতেছিল। গরুটীর গলায় ঘণ্টা বাঁধা ছিল। চোর গরুর গলা হইতে কাটিয়া আপনি লইল এবং গরুটীর গলায় কাটিয়া তাহার সঙ্গীর কাছে দিল, সঙ্গী লইয়া প্রস্থান করিল। চোর গরুর ন্যায় বাজাইতে বাজাইতে কৃষকের সঙ্গে সঙ্গে চ কৃষকের মস্তকে বোঝা, সে কোন দিকে ক্ষেপ করিতে পারে না। এই রূপ য যাইতে যখন গরু অদৃশ্য হইল, তখন চো ককে কহিল আমি তোর দড়ি ধরিয়া তোর কত দূর যাইব। এই বলিয়া সে দৌড়িয়া য়ন করিল। কৃষক এই ব্যাপার দেখিয়া নি গুবিমূঢ় হইয়া অবাক হইয়া রহিল। চো ধরিবার কোন উপায় করিতে পারিল না।

৫। শুনিলাম দিনকররাও তাঁহার ব আসিয়াছেন। লস্কর সহরে তাঁহার বাটী, এ তাঁহার জাইগির ও অন্যান্য বিষয় আছে। তিন পুত্র, জ্যেষ্ঠ বেনারস কালেজে প ইনি কত দিন এখানে থাকিবেন, বলিতে না।

তিরেক এবং অসহ্য রৌদ্রের উত্তাপ বৃদ্ধি
ছে, যদি দুই চারি দিবসের মধ্যে বৃষ্টি না হয়
নিশ্চয়ই এবার আর রক্ষা নাই।

পাঁচ দিন হইল, মজঃফরপুরের ২৩ ক্রোশ
বহেড়া গ্রামে একটী অদ্ভুতপূর্ব্ব অদ্ভুত
সংঘটন হইয়াছে। ঐ দিবস বেলা আনু-
ক তিন টার সময়ে সহসা নভোমণ্ডল
বরণে আচ্ছন্ন হইয়া চারি দিগ অন্ধকারময়
উঠে এবং ঘোরতর ঝড় ও তাহার সঙ্গে
বারিবর্ষণের ন্যায় ভস্ম ও অঙ্গার বর্ষণ
ত থাকে। এইরূপ প্রায় এক ঘণ্টা কাল
ছিল। পরিশেষে দৃষ্ট হইল, সর্ব্বস্থান ভস্ম ও
রে ব্যাপ্ত হইয়াছে এবং স্থানে স্থানে ভস্ম
ঙ্গার স্তূপাকার পতিত রহিয়াছে। এরূপ
ত ব্যাপার কেহ কখন দেখেন নাই ও শুনেন
। কেবলমাত্র বহেড়াগ্রামে হয় নাই, উহার
ধ্যে অপর তিনখানি গ্রামেও ঐরূপ ভস্ম
ঙ্গার বৃষ্টি হইয়াছিল। কি কারণে এবম্ভূত
ত বর্ষণ হইয়াছে, অদ্যাবধি তাহার কোন
তা হয় না। শুনিলাম বহেড়া গ্রামের
ধ্যে একটী ইদেরা আছে, উহার জলে
স্তর গন্ধকের গন্ধ ঘ্রাণ পাওয়া যায়।
এখানকার কালেক্টর ও মাজিষ্ট্রেট এইচ, এ,
ফল মহোদয় কিছু কালের জন্যে রেবিনিউ
ডর জুনিয়র সেক্রেটারীর প্রতিনিধি হইয়া
াদিগকে অনাথ করিয়া যাইতেছেন।
ম্মা কক্রেলের ন্যায় ভদ্র, সদাশয় বিচক্ষণ
মপ্রকৃতি এবং দয়ালু রাজপুরুষদিগের
অতি অল্পই দেখিতে পাওয়া যায়। ইনি
দিন এখানে রহিয়াছেন, কিন্তু এপর্য্যন্ত
রা এক মুহূর্ত্তের জন্যও অসুখী হই নাই।
গে প্রার্থনা করি, ইনি যেন আমাদিগকে এক
ভুলিয়া না যান। কক্রেল সাহেবের অ
তিকালপর্য্যন্ত এখানকার সুযোগ্য জাইণ্ট
জষ্টেট এ, সি, ম্যাঙ্গল্‌স সাহেব কালেক্টর
াজিষ্ট্রেট হইবেন। আমরা ম্যাঙ্গলস সাহে
যেরূপ উত্তম ও সদাশয় লোক বলিয়া
নি, তাহাতে ইহাঁর কার্য্যে কেহই অসন্তুষ্ট
বন না। জাইণ্ট মাজিষ্ট্রেটের প্রতিনিধি
া, মধুবনী সব্ ডিবিজনের বিখ্যাত বিচার
ড ডি, এম, বার্ব্বর সাহেব এখানে আসিতে
। ভরসা করি, ইনি আসিবার সময়ে মধু
তে আপনার পূর্ব্ব স্বভাব রাখিয়া আসি-
।

ত্রিহুত।
১৬ ই জুলাই
১৮৬৮।
} শ্রী

মহাশয়! আপনার ১৩ ই জুলাইয়ের সংবাদ পত্রের বিবিধ সংবাদ পাঠ করিয়া জানিলাম, আগষ্টসফিলিপ সাহেব সংবাদপত্রে লিখিয়াছেন ১৭ই জুলাই শুক্রবার বঙ্গ অথাতে ভয়ানক ঝড় হইবে এদেশে যদিও তত দূর হয় নাই বটে কিন্তু তিলকাঞ্চনগোছ হইয়া গিয়াছে। গত ১৭ ই জুলাই শুক্রবার অতি প্রত্যুষে আকাশ মণ্ডল মেঘাচ্ছন্ন হইয়া বিন্দু বিন্দু বৃষ্টি পড়িতে আরম্ভ হয়, কিয়ৎক্ষণ বৃষ্টি হইয়া থামিয়া যায় কিন্তু আকাশ মণ্ডল ঘোরতর ঘনঘটায় আবৃত হইয়া রহিল। দিবা ১। ২ টার সময় ঘনঘটার গম্ভীর গর্জ্জন সমুদ্ভূত হইয়া বৃষ্টিপাত সহকারে দক্ষিণদিক হইতে প্রবল বাত্যা উত্থিত হইয়া একবারে চারিদিক অন্ধকারে আচ্ছন্ন করিয়া তুলিল। তদ্দর্শনে সকলে ভাবিতে লাগিল আবার কি বিপদ হয়। ঈশ্বরের ইচ্ছায় ততদূর না হইয়া কিয়ৎ ক্ষণ ঝড় ও বৃষ্টি হইয়া থামিয়া গেল।

দাতনের পূর্ব্বদিকে কুদুলচোর পরগণায় অলঙ্গুরাই গ্রামে এক ধনাঢ্য তেলির বাটীতে হত্যাসহ একটী ভয়ানক ডাকাইতি হইয়া গিয়াছে দাতনষ্টেসনের সবইনিস্পেক্টর মুন্সী একানৎ আলী এবং ইনস্পেক্টর বাবু অমৃত লাল মুখোপাধ্যায় অনেক পরিশ্রমে ৫০০ ; ৬০০ টাকার অপহৃত দ্রব্যসহ ১৩। ১৪ জন ডাকাইত ধরিয়াছেন। শুনিলাম মেদিনীপুরের অন্যতর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু রামাক্ষয় চট্টোধ্যায় মহাশয়ের নিকট বিচারার্থে মোকদ্দমা নীত হইয়াছে।

১৯ এ জুলাই
মোং দাতুন
} কস্যচিৎ পাঠকস্য।

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু ভুবনমোহন বসু সীতাপুর
১২৭৫ শ্রাবণ হইতে আশ্বিন ৩৸০
» » দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায় বীরভূম
১২৭৫ শ্রাবণ হইতে অশ্বিন ৩৸০
» » তারিণীশঙ্কর মজুমদার দারজিলিং
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ় ১৩
» » গোকুল চাঁদ দুগড় বালুচর
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ ১৩
» » মদনমোহন ভট্ট তুলাবাজার
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ় ১০
» » হেমেন্দ্রনাথ ঠাকুর জোড়াসাকো
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ ১০

» » রামগতি ন্যায়রত্ন হরমপু
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ় ১
» উইলিয়ম রবসন বৈঠকখা
১৮৬৮ মে হইতে ৬৯ এপ্রেল ১

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাকম সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং ত্রৈ সিক ৩৸০। তিন মাসের স্থানে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার অন যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, তাঁ যেন এক অথবা আধ আনার অধিক মূ ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রক মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি ক শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে প ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ যাইবে। শেষ বারের পত্র রেয়ারিং প হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হই যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র, কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঁদড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃ প্রকাশিত হয়।

প্রেরিত

ন্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক

মহাশয় সমীপেষু।

অধুনা অস্মদ্দেশীয় জনসমাজে স্ত্রীগণের
সুশীলনেচ্ছা অত্যন্ত প্রবল হওয়াতে
কয়েক জন এই কলিকাতার উত্তর
গের মধ্যস্থানে একটী বালিকাবিদ্যালয়
নের ইচ্ছা করিয়াছি। এই বিদ্যালয় স্থাপ-
গত রবিবারে শ্যামবাজারস্থ বিদ্যালয়ে
সভা হয়। ঐ সভায় কি প্রণালীতে
বিদ্যালয় সংস্থাপিত হইবে ও কি প্রকারে
ব্যয়োপযোগী ধন সঞ্চিত হইবে, তাহা
হইয়াছে। ঐ দিবস যেসকল বিষয় ধার্য্য
তাহা এই:—

। অধুনা সকলেই বিদ্যাবিষয়ে অত্যন্ত
ন হইয়া বাটীতে স্ত্রীশিক্ষক নিযুক্ত করিয়া
নাদিগের স্ত্রী কন্যা ও ভগিনীগণকে শিক্ষা
করিতেছেন, কিন্তু ইহাতে সর্ব্বসাধারণের
সুবিধা না হওয়াতে পঞ্চমাবধি নবম
বালিকাদিগের শিক্ষাপ্রদানার্থ এই বিদ্যা
স্থাপিত হইবে। কিন্তু যখন বালিকারা বয়-
আধিক্যহেতু বিদ্যালয়গমনে অসমর্থ
, তখন বিদ্যালয় হইতে শিক্ষক নিযুক্ত
উহাদিগের বাটীতে বিনা বেতনে শিক্ষা
করিবে।

। ইহাতে সাহিত্য, অঙ্ক, সূচীকার্য্য,
ত্রপ্রভৃতি অন্যান্য শিক্ষোপযোগী বিষয়ে
দেওয়া যাইবে।

। উহার ব্যয়ের উপযোগী ধন সঞ্চয়ের
সর্ব্বসাধারণের নিকট হইতে কিঞ্চিৎ
ং দান প্রার্থনা করা হইবে।

খন আমাদিগের দেশে সভ্যতার উন্নতি
ছে ও সর্ব্বসাধারণের বিদ্যাবিষয়ে অত্যন্ত
গ জন্মিয়াছে; অতএব আমরা ভরসা
তছি যে, দেশহিতৈষী মহোদয়গণ এবম্প্র-
বিষয়ে আমাদিগকে সাহায্যপ্রদান করিতে
করিবেন না।

লিকাতা
রা শ্রাবণ
২৭৫

একান্ত বশম্বদ

শ্রীদে না বি

। এ বৎসর এখানে কৃষিকার্য্য এক বারেই
না। প্রথমতঃ অতিবৃষ্টিনিবন্ধন উৎপন্ন
বীজসকল নষ্ট হইয়াছে, এক্ষণে অনা-
তঃ বীজ অঙ্কুরিতই হইল না। প্রজাগ-
ণের হাহাকার ধ্বনি আর শ্রবণ করা যায় না। এপ্রদেশে ধান্যই একমাত্র জীবনোপায়; উহার অভাব হইলে কেহই তিষ্ঠিয়া থাকিতে পারিবে না। একে ত এই সর্ব্বনাশ, তাহাতে আবার জমীদারগণ খাজনার জন্য উৎপীড়ন করিতে ত্রুটি করিতেছেন না। তাঁহাদেরই বা অপরাধ কি? কালেক্টর সাহেব তাঁহাদিগকে অব্যাহতি না দিলে তাঁহারা প্রজাগণকে কিরূপে অব্যাহতি দেন? নিজ কোষ হইতে বা ঋণদ্বারা কত নির্ব্বাহ হইবে। শুনিলাম, জমীদার মহোদয়গণ কালেক্টর সাহেবের নিকট গত জুন মাসের নিয়মিত রাজস্ব সেপ্টেম্বর মাসে দিবার প্রার্থনায় আবেদন করিয়াছিলেন, তাহা উক্ত সাহেব মহাশয় গ্রাহ্য করেন নাই; সুতরাং প্রজার নিকট আদায় না করিয়া জমীদারেরা আর কোথা হইতে দিবেন। "মড়ার উপর খাঁড়ার ঘায়" এই দৃষ্টান্তস্থল।

। কাঁথি অঞ্চলে বন্যা হইয়া প্রজাপুঞ্জের সর্ব্বস্বান্ত হইবার সংবাদে গবর্ণমেণ্ট বীজধান্য বিতরণদ্বারা তাহাদিগের সাহায্যদানে সম্মত হইয়াছেন। উক্ত ধান্য ক্রয় করিবার জন্য শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র ঘোষ ডেপুটী কালেক্টর ও মাজিষ্ট্রেট মহাশয় এ স্থলে শুভাগমন করিয়াছিলেন। এখানকার অন্যতর জমীদার শ্রীযুক্ত বাবু জয়নারায়ণ গিরিজ এক হাজার মণ এবং ভূতপূর্ব্ব নায়েব শ্রীযুক্ত বাবু সুরতরাম প্রধান মহাশয় দুই শত মণ ধান্য বিনা মূল্যে দিবার অঙ্গীকার করিয়াছেন। এখানকার প্রজাগণের যে কিছু সাহায্য ইঁহারাই করিতেছেন। গত ১২৭২ সালের বন্যার পর এখানকার ও পার্শ্বস্থ অন্যান্য পরগণার বিপন্ন ব্যক্তিগণকে উভয়েই প্রায় ২০০০০ মণ ধান্য বিতরণ করিয়াছিলেন; বার শত মণ বিতরণ করা তাঁহাদের পক্ষে বিচিত্র কি? ধনশালী মাত্রেরই গিরি ও প্রধান মহাশয়দিগের অনুকরণ করা কর্ত্তব্য।

দোবো
সন ১২৭৫
২৬ এ আষাঢ়

অনাবৃষ্টি।

অতিবৃষ্টি যেমন দেশের একটী প্রধান দুরবস্থার কারণ, অনাবৃষ্টিও তদ্রূপ যাবতীয় বিপদের আস্পদ। যে দেশে অথবা যে রাজ্যে অতিবৃষ্টি কিম্বা অনাবৃষ্টি উপস্থিত হইয়াছে, তথাকার অবস্থা যে কিপ্রকার শোচনীয় হইয়া উঠে, বলা যায় না। ও দিকে যেমন দুর্ভাগ্য বঙ্গদেশ উপর্য্যুপরি দৈবদুর্ব্বিপাকনিবন্ধন বিপদপরম্পরায় পরিণত হইয়া পুনরায় আবার অ
রূপ অভিনব মহাসঙ্কটে পতিত হই
এ দিকে জলাভাবে ত্রিহুতের অবস্থাও
ঠিক সেইরূপ হইয়া আসিতেছে। এবার
তের দশা কি হইবে বলিয়া উঠা যায় না
কিছুমাত্র নাই। সেই কারণে কৃষিকার্য্যের
সমূলে উন্মূলিত হইতে চলিল। অনবরত
মার্ত্তণ্ডের অগ্নিস্ফুলিঙ্গের ন্যায় ঘোরতর
জালে কর্ষিত ক্ষেত্রসকল দাবানল দগ্ধ অরণ্
ন্যায় ভীষণ মূর্ত্তি ধারণ করিয়াছে।
মেড়ুয়া ও জনার এক বারে জ্বলিয়া গি
পুনরায় আর যে হইবে এরূপ সম্ভাবনা
শ্যামা মেড়ুয়া ও জনার, এখানকার ইতর
দিগের জীবন ধারণের প্রধান উপায়; সু
তদভাবে দুঃখী লোকদিগের দশা কি
ভাবিয়া স্থির করা যায় না। যেসকল ক্ষেত্রে
বীজ রোপণ করা হইয়াছিল জলাভা
সকল একবারে শুষ্ক হইয়া গিয়াছে
পরিমিত চারাগুলি নিদাঘদীধিতির প্রখর
প্রভাবে অনলে তৃণবৃত্তি প্রাপ্ত হইয়াছে।
আর নিস্তার নাই। আজি শ্রাবণ মাস, এ
বারিবর্ষণের নামমাত্র নাই। কোথায় এ
মাঠ, ঘাট, পুষ্করিণীপ্রভৃতি জলে প
হইবে, না ধরাতল তৃষ্ণাতুর মুমূর্ষু জনের
হাঁ করিয়া রহিয়াছে। মধ্যে এক দিবস
বিন্দুমাত্র অশ্রুবিন্দুর ন্যায় বারিবিন্দু
তিত হওয়াতে, পূর্ব্বাপেক্ষা আরো এ
অতিশয় বৃদ্ধি হইয়াছে। এমন গ্রীষ্ম কখ
হয় নাই। সহস্ররশ্মির প্রখর অংশু
প্রভাবে দিবাভাগ এরূপ উত্তপ্ত ও ভয়প্র
যে গৃহের বাহির হয় কাহার সাধ্য। মনে
যায়, রাত্রি উপস্থিত হইলে একটু বাঁচা যা
কিন্তু সেও কেবল আশামাত্র। বস্তুতঃ
আর বাঁচে না, এবার গেলেম। গ্রীষ্মাধি
নিবন্ধন রাত্রে নিদ্রা হইবার যো নাই, সু
রাত্রে নিদ্রা না গেলে ক দিন জীবনরক্ষা
এক দিন আমরা নিশীথসময়ে পায়ে
বেড়াইতে বেড়াইতে মজঃফরপুরের নানা
ভ্রমণ করিয়া দেখিলাম, নগরবাসী যা
শ্রমজীবী দুঃখী লোকেরা সদর রাস্তার উ
কেহবা খাটিয়ার উপর কেহবা অবস্থানুরূ
খানি সামান্য পত্রাসনে, কেহবা ধরাসনে
করিয়া অতিকষ্টে রাত্রি যাপন করিতেছে।
দিগকে দেখিয়া আমাদের হৃদয়ে বিষ
দুঃখের উদয় হইল। ভাবিলাম, ঈশ্বর এব
করেন। ফলতঃ এবার এখানে যেরূপ অনা

সোমপ্রকাশ

১০ ম ভাগ। ১৯ সংখ্যা।

"প্রবর্ত্ততাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

—২৫৭—

এক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২০এ শ্রাবণ। ১৮৬৮। ৩রা আগষ্ট { মফস্বলে মাসুলসমেত বার্ষিক
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত বাবু মহেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় হাবাদ হইতে আমাদিগের নিকটে এই র এক পত্র লিখিয়াছেন যে, তাঁহার অনু- ভ্রাতা তাঁহাকে পত্রদ্বারা জানাইয়াছেন, প্রক'শ যন্ত্রালয়ে সংবাদ প্রেরণ করিলে জানিতে পারিবেন। মহেশ বাবু যেপ্রকার হইয়াছেন, তাহাতে তাঁহার সহিত তাঁহার দৃষ্ট ভ্রাতার এরূপ ব্যবহার করা আর য় হয় না। অবিলম্বে তিনি আপনার অবস্থা ন্তান্ত বিস্তারিতরূপে লিখিয়া আপনার উৎকণ্ঠা দূর ও বাটীতে প্রত্যাগমন , এই আমাদিগের অনুরোধ।

সোমপ্রকাশ সম্পাদক।

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে।

ও দিল্লী রেলওয়ে।

মিরট দিয়া গতায়াত।

র্দসাধারণকে জানান যাইতেছে যে, যাবতীয় বাণিজ্য দ্রব্য ও আরোহিগণের হইয়া ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের সমস্ত প্রধান ষ্টেশনে গতায়াত হইবে।

ণ্ডিয়া রেলওয়ে কাউন্সী স্কোয়ার কলি ২৭এ জুলাই। } সিসিলষ্টিকেন্সন এজেণ্সি বোর্ড

—:০:—

যন্ত্রস্থিত।

সত্বরে প্রচারিত হইবে।

ধবাবিবাহ নাটক ১
জা হরিশ্চন্দ্র চরিত। ।০
হিতোপদেশ ৩য় পরিচ্ছেদ পর্য্যন্ত ১
র্ষনৈষধ চরিত ১ ম সর্গ নারায়ণী টীকা
হিত ॥০

এক মাসের মধ্যে যাঁহারা গ্রাহক হইবেন ও অগ্রিম মূল্য দিবেন কেবল তাঁহাদিগকেই সাহিত্য দর্পণ ও নৈষধ এই দুই গ্রন্থের প্রকাশিত খণ্ড নিয়মিতরূপে দেওয়া যাইবে। এক মাসের পর আর স্বতন্ত্র খণ্ড বিক্রয় করা যাইবে না। এক বারে সম্পূর্ণ গ্রন্থ বিক্রয় হইবে।

বিক্রেয় পুস্তক।

হেমচন্দ্র কোষ	১৬
অমর, মেদিনী, ত্রিকাণ্ড শেষ, হারাবলী একত্র বাঁধান	৩০
মৃচ্ছকটিক নাটক	
মিতাক্ষরা	
কলিকাতা ঠনঠনে ১৭৭ নং	শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়।

-:০:-

গ্রাহকগণের প্রয়োজনহেতু নিম্নলিখিত সংস্কৃত পুস্তকত্রয়ের কিয়দংশ প্রকাশিত হইল। গ্রাহকগণ পূর্ব্ব তদ্ব্যতীত নিয়নির্দ্দিষ্ট সম্পূর্ণ মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের স্বতন্ত্র ডাক মাসুল লাগিবে।

মল্লিনাথের টীকা সহিত।

শিশুপাল বধ (মাঘকৃত)	মূল্য	৮
রঘুবংশ (কালিদাসকৃত)	"	৫॥০
কিরাতার্জ্জুনীয় (ভারবিকৃত)		৩৸০

বিদ্যার্থিগণের ক্রয়সুবিধার্থ নিম্নলিখিত কতকগুলিন সংস্কৃত পুস্তক দেবনাগরাক্ষরে সটীক মুদ্রণারম্ভ হইবে। প্রকাশের পূর্ব্বে গ্রাহক ভুক্ত হইলে গীতা বার পৃষ্ঠা অপর প্রতি আট পৃষ্ঠা তিন পয়সার হিসাবে খণ্ডে বা সম্পূর্ণ যেমত প্রকাশিত হইবে উক্ত নিয়মে মূল্য প্রদান করিলে পুস্তক প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের স্বতন্ত্র ডাক মাসুল লাগিবে।

ঋতুসংহার। মেঘদূত। শকুন্তলা। নলোদয়। মালবিকাগ্নিমিত্র। বিক্রমোর্ব্বশী। মুদ্রারাক্ষস রত্নাবলী। মালতীমাধব। সাংখ্যতত্ত্বকৌ বা সাংখ্যকারিকা। মহাবীরচরিত। উত্তর চরিত। মুগ্ধবোধ। দশকুমারচরিতের পাণিনি। বসন্ততিলকভাণ। অমরকোষ। শ ভাষ্য, আনন্দগিরি, শ্রীধরস্বামী ও মধু সরস্বতীর টীকাসহিত শ্রীমদ্ভাগবত। মহাভা বিষ্ণুপুরাণ। কাদম্বরী। ভট্টিকাব্য। নাগান কাব্যপ্রকাশ। চণ্ডক। মার্কণ্ডের চণ্ডী।

কলিকাতা সংবাদ জ্ঞান রত্নাকর যন্ত্র নিমতলা ষ্ট্রীট ৩২ সংখ্যক ভবন। } শ্রীভুবনচন্দ্র বসু

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ জোড়া বাগান।

বিক্রয়ের নিমিত্ত।

গারডেনরীচ ২৪ নং বাটী

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো- থনট এবং কোং

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটে ভাঙ্গা বাড়ী মো: আদার কোম্পানির দোকানে প্রণীত ও সংশোধিত নিম্নলিখিত পুস্তকগু বিক্রয় হইতেছে—

প্রণীত	মূল্য
গ্রীসইতিহাস	১ টা
রোমইতিহাস	১
ভূগোলসার ব্যাকরণ	
নীতিসার (১ ম ভাগ)	
নীতিসার (২ য় ভাগ)	
প্রচারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	

শ্রীহরকানাথ শর্ম্ম

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

রাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলমাদি নানা
বা পাওয়া যায়। মফস্বলে ঘড়ী অঙ্গুরি
দি পাঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক
র হিসাবে কমিসন দি। যদি কেহ অধিক
র দ্রব্যাদি লয়েন তাহা হইলে /১০ আনার
বে কমিসন পাইবেন।

	টাকা
ুলড স্মিথ পইটিকেল ওয়ার্ক	৩৮
ারেবিয়ান নাইট	৩৮
পক টেটার	৩৮
লেয়ার্স লেকচার	৩৮
াসেকস ওয়ার্ক	৩৮
রাজী ভগবৎ গীতা	২
কাদম্বরী	২
হিষ্ট্রী অফ প্রশেষ ইন গ্রেট ব্রিটন	২॥
শকুন্তলা	১
হিতপোদেশ	১
রষ পরীক্ষা	১
য়লামজুন	১
য়দর্শন	১
কীর ইতিহাস	১
তিমূল	৸০
য়স্ত দীপিকা	১
তানন্দ লহরী	।০
ধ চরিত	১৷৷
ক মুখমণ্ডল	।৵
লিকাতার মানচিত্র (উত্তম দোপান)	২
রকাকেলী কৌমুদী	১॥
উপাখ্যান	॥০
রতবর্ষের পুরাবৃত্ত (দ্বিতীয় বার মুদ্রিত)	
চিত্র সহিত মূল্য	।৶০
কাণ্ড রামায়ণ পদ্য	১
াদশ পর্ব্ব মহাভারত পদ্য	২॥
কাপ্রণালী	২
লকের উপযোগিতা	৸০
নকী নাটক	১
বাক্যাবলী	।০
বা রঙ্গাঙ্গনা	৷৷০
কবধ কাব্য	৷৷০
ত মঞ্জরী	১৷০
বকঙ্কণ চণ্ডী	৸
খণ্ড	৸
ালখণ্ড	১০
কৌতুক নাটক	১
বকলাপ	১

রামাভিষেক নাটক
চন্দ্রবিলাস নাটক ১
কলিকাতা জোড়া- } শ্রীপ্রতাপচন্দ্র রায়
সাঁকো ৬৪ নং } নগদ মূল্যে বিক্রেতা

বঙ্গকামিনী নাটক (মূল্য এক টাকা) সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে, চীনেবাজারে শ্রীযুক্ত বাবু ভোলানাথ মুখোপাধ্যায়ের ৬৮ নম্বর দোকানে এবং সংস্কৃত যন্ত্রের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের নিকটে প্রাপ্য। ক্রেতৃগণকে ২৫ পঁচিশ টাকার হিসাবে কমিসন দেওয়া যায়।

শ্রীহীরাণচন্দ্র মুখোপাধ্যায়স্য

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্ত বাগীশ।

—:০:—

কাব্য প্রকাশিকা।

এই মাস হইতে প্রকাশিত হইল। ইহাতে সমুদায় কাব্য নাটকাদির দেবনাগর অক্ষরে মূল ও টীকা এবং বাঙ্গলা অক্ষরে বাঙ্গলা অনুবাদ থাকিবে। নিয়মিত গ্রাহকগণের প্রতি প্রতি খণ্ডে /৵০ ছয় আনা এবং প্রত্যেক খণ্ডের ॥০ আট আনা মূল্য নির্দ্ধারিত হইল। যাঁহারা গ্রহণ করিতে অভিলাষ করেন, ঝামাপুকুর লেন ১৫ নং বি, পি, এমস্ যন্ত্রে অথবা কালেজ ষ্ট্রীট ১১ নং লাইব্রেরিতে আমার নিকট পত্র লিখিলে পাইতে পারিবেন। বিদেশীয় গ্রাহকগণকে স্বতন্ত্র ডাক মাসুল দিতে হইবে।

৩রা শ্রাবণ ১২৭৫। } শ্রীবরদাপ্রসাদ মজুমদার।

—:০:—

ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে।

রিভার টারমিনস্, অর্থাৎ সিয়ালদহ হইতে গঙ্গাতীর পর্য্যন্ত রেলওয়ের চলাচল আরম্ভ।

হাটখোলার নিকটবর্ত্তী বাগবাজারে ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে কোম্পানির রিভার টারমিনস্ নামক রেলওয়ে, আগামী ৩রা আগষ্ট সোম বার অবধি দ্রব্যাদি দেওন ও লওন জন্য, খোলা যাইবেক।

ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে সিয়ালদহ টারমিনস ৯ ই জুলাই ১৮৬৮। } ফ্রাঙ্কলিন প্রেষ্টেজ, এজেণ্ট।

-:০:-

প্রবাদমালা।

বঙ্গদেশীয় বিবিধ জনপদ ব্যবহারমূলক। পুস্তক যাঁহার প্রয়োজন হইবে, তিনি কলিকাতা স্কুলবুক সোসাইটীর গবর্ণমেণ্ট পেলেসের ৯ নং ভবনে প্রার্থনা করিলে পাইতে পারিবেন মূল্য ।/০ আনা মাত্র।

—:০:—

হরিশ্চন্দ্র চরিত মূল্য ।০

হরিশ্চন্দ্র চরিত শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারকর্ত্তৃক সঙ্কলিত হইয়া মুদ্রিত হইয়াছে এই গ্রন্থখানিতে পৌরাণিক অলৌকিক ব নাই, পরন্তু শুদ্ধ বালক বালিকাদিগের সত নিষ্ঠা শিখাইবার নিমিত্ত রাজা হরিশ্চন্দ্রে উপাখ্যান যতদূর আবশ্যক, তাহাই আছে।

কলিকাতা ঠনঠনে ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্য

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের জুলাই মাসের ১৫ ই হইতে ২১ এ পর্য্যন্ত নদী হায়ের সর্ব্বক্ষম ও জলের সাপ্তাহিক রিপোর্ট।

নদীর নাম	ফুট	ইঞ্চ
মাথা ভাঙ্গা নদী		
মহানার উপর পদ্মানদীতে	২০	৯
নিজ মহানায়	৮	৬
তথা হইতে হাট বোয়ালিয়া ৪৪ মাইল	৭	৯
হাট বোয়ালিয়া হইতে আমুকদিয়া	৬	৬
আমুকদিয়া হইতে কৃষ্ণগঞ্জ ৩৮ মাইল	৬	৯
কৃষ্ণগঞ্জ হইতে হুগলি নদীপর্য্যন্ত ৩৪ মাইল	৮	৯
ভাগীরথী।		
মহানার উপর পদ্মানদীতে	২২	৯
মহানায়	১৪	৩
তথা হইতে জিয়াগঞ্জ	৭	৯
জিয়াগঞ্জ হইতে কাটোয়া ৬০ মাইল	১০	৯

কাটোয়া হইতে নদীয়া
৪৬ মাইল ১৩ ৯

নদী জলঙ্গী
মহানা ৩
তথা হইতে করিমপুর
১৯ মাইল ৪ ৯
করিমপুর হইতে টিয়াকাটা
৩৫ মাইল ৫ ৬
টিয়াকাটা হইতে নদীয়া
৬০ মাইল ৭ ৯

মহানা গত ৪ ঠা জুলাই খুলিয়াছে।
সন ১৮৬৮ জুলাই মাসের ২৪ এ তারিখে বহরমপুর গঙ্গ ঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
	১৪	৫॥

বহরমপুর ৩০ জুলাই ১৮৬৮ } শ্রীযুক্ত টি হেল উইকস সি, ই একজিকিউটিব ইঞ্জিনিয়র বহরমপুর ডিবিজন।

—:০:—

বিজ্ঞাপন।

পূর্ব্ববাঙ্গালা রেলওয়ে।

হাটখোলার নিকট বাগ্‌বাজারে গঙ্গার ার যে রেলওয়ের আড্ডা খুলিবার কথা অনুপ্রত্যনীয় কারণবশতঃ ১০ ই আগষ্ট ও তাহা হইল না।

খালদহ } ম্যাক্‌কলিন প্রেইজ
৭ আগষ্ট ১৮৬৮ } এজেণ্ট

সোমপ্রকাশ।

২০এ শ্রাবণ সোমবার।

ভারতবর্ষের ভাবী অনিষ্ট।

ইউরোপখণ্ডের সভ্যতার সহিত কার কতকগুলি কুসংস্কারও যে দেশে বদ্ধমূল হইবে, তাহার বিলক্ষণ দেখা যাইতেছে। ইংলণ্ড এ দেশে নার প্রভুশক্তি বিস্তার করিয়া তবর্ষীয়দিগের রাজনীতিসংক্রান্ত লোপ করিতেছেন বলিয়া ইহাঁদি- অপকট কৃতজ্ঞতাভাজন হইতে তেছেন না বটে; কিন্তু অন্য অন্য য় যে অদৃষ্ট ও অশ্রুতপূর্ব্ব উন্নতি- ন করিতেছেন, তন্নিমিত্ত অকৃত্রিম কৃতজ্ঞতার ভাজন হইবেন সন্দেহ ইংলণ্ডের গৌরবও সহস্রাংশুর সমপ্রভ হইয়া চিরশোভমান হইবে। রোমকদিগের পর অন্য কোন জেতৃজাতি পরাজিতদিগের মানসিক উন্নতিসাধন বিষয়ে ইংলণ্ডের সদৃশ যত্নপ্রকাশ করেন নাই। যে বুদ্ধিমত্তা তেজস্বিতা ও সভ্যতার প্রভাবে ইংরাজদিগের পর ভারতবর্ষীয়েরা অন্য কোন বিদেশীয় জাতিকে এ দেশে সাম্রাজ্য স্থাপন করিতে দিবেন না, ইংলণ্ড তাহা আমাদিগকে প্রদান করিতেছেন। তিনি আমাদিগকে ফলভোগী হইতে দিলেন না সত্য; কিন্তু যে বীজ বপন করিলেন, তাহা কালক্রমে বৃহৎ বৃক্ষ হইয়া অমৃত ফল উৎপাদন করিবে, সে বিষয়ে অণুমাত্র সংশয় নাই। কিন্তু আক্ষেপের বিষয় এই, এক দল ইংরাজ স্বদেশের এই ভাবী গৌরবের বিঘ্ন জন্মাইতেছেন। যেসকল কুসংস্কার ইউরোপে পরিত্যক্ত হইতেছে, যাহা লইয়া ইউরোপে হুলস্থূল পড়িয়াছে এই দল তাহা এ দেশে বদ্ধমূল করিবার চেষ্টায় আছেন। আমরা জানিতাম, ইংলণ্ডীয় সেনাদলের পুরাতন অস্ত্রই কেবল এখানকার সৈন্যদিগের নিমিত্ত প্রেরিত হয়; কিন্তু ইংলণ্ডের পরিত্যক্ত কুসংস্কারও যে এখানে চালিত হয়, তাহা জানিতাম না।

যে যে কারণে ভারতবর্ষের বর্ত্তমান গবর্ণমেণ্ট সাধারণ্যে প্রজার অপ্রিয় হইয়াছেন, ইংলণ্ডেশ্বরীর কৃত স্পষ্টাক্ষর অঙ্গীকার ভঙ্গ করিয়া খৃষ্টধর্ম্ম প্রচলিত করিবার চেষ্টা তন্মধ্যে প্রধান। এক্ষণে এখানকার কর্ম্মচারীদিগের মধ্যে যথার্থ রাজনীতিজ্ঞ লোক অতি অল্প আছেন। প্রধানের অনুকরণ করা প্রায় সকলের স্বভাব দাঁড়াইয়াছে। প্রধানের দৃষ্টান্ত অনুসারে প্রায় যাবতীয় ইউরোপীয় কর্ম্মচারী শনিবারকেও বিশ্রামবার করিয়া তুলিয়াছেন। ধর্ম্মানুরাগ নিন্দনীয় নয়; কিন্তু যদি শাসন ও রাজকার্য্য উহাঁতে অনুস্যূত করা হয়, তাহা হইলে অ হইয়া উঠে। হিন্দুদিগের যাবতীয় ধর্ম্মসম্বন্ধ বলিয়া অনেক উৎকৃষ্ট বি একান্ত হতাদর হইয়াছে। ইউ শাসনকর্ত্তৃকগণ ধর্ম্মের সহিত সংস্রব করিতেছেন। আয়ারলণ্ডে স্বতন্ত্র ে ষ্টাণ্ট ধর্ম্মসম্প্রদায় না থাকে ইংল অধিকাংশ লোকের মত। ডিন সাহেবের চেষ্টায় লার্ডেরা গ্লাড সাহেবের পুরোহিত নিয়োগ হ করিবার বিল এ বৎসর অগ্রাহ্য করি বটে, কিন্তু নূতন মহাসভা হইলে অ লণ্ডে আর সরকারী বেতনভোগী জনও পুরোহিত থাকেন এরূপ হয় না। ইংলণ্ডের পুরো নিয়োগ প্রথা রহিত করিবার এটী সূত্র হইতেছে। ইউরোপ মহাখণ্ডের প্রকার মত, কিছু দিন হইল তাহা নগরে প্রকাশিত হইয়াছে। তথায় রোপের প্রধান প্রধান বিশ্ববিদ্যাল ছাত্রেরা এক সভা করিয়া প্রকাশ্য বলিয়াছেন, খৃষ্টধর্ম্ম বর্ত্তমান সভ্য অনুরূপ নহে এবং ধর্ম্মের সহিত গ মেণ্টের কোনপ্রকার সংস্রব রা বিধেয় হয় না। সম্রাট নেপলিয়ন স চেষ্টা করিয়াও খৃষ্টধর্ম্মের প্রতি লো শ্রদ্ধা জন্মাইতে পারেন নাই। ফর বিপ্লবের সময়ে যে মত প্রকাশিত এক্ষণে তাহা সর্ব্বত্র পরিগৃহীত তেছে। বহু অর্থ ব্যয় ও বহু আড় করিয়া পদ্ধতিবদ্ধ কতকগুলি শব্দ উচ্চ করিলেই যে ঈশ্বরের প্রতি ভক্তিপ্রক হইল, ইউরোপ ও আমেরিকা উ খণ্ডেরই কৃতবিদ্যমণ্ডলী এ কথা স্বী করিতে সম্মতনহেন। ইটালিতে পো প্রতি লোকের ভক্তি অন্তর্হিত হইয়া অষ্ট্রিয়ার সম্রাট প্রজাদিগের ম উপেক্ষা করিতে অসমর্থ হইয়া বিদ লয়ে কাথলিক ধর্ম্ম অবশ্য শিক্ষা করি

বে, এ নিয়ম পরিত্যাগ করিয়াছেন। ...য়ালয়ে ধর্ম্ম শিক্ষা না করিলে নয় ...মত ইউরোপে আর আদৃত হইতেছে ...। ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান করা আর না ...। ব্যক্তিবিশেষের স্বায়ত্ত; কেহ ...ার ধর্ম্মাধর্ম্মফলভোগী হন না। ...র্ণমেণ্ট যদি সামাজিক বিষয়ের উপরে ...ত্ব করেন, তাহাতে যেমন অনিষ্ট ..., ধর্ম্মবিষয়ে প্রভুত্ব করিলেও সেই ... হইয়া থাকে।

আমেরিকায় কখনই গবর্ণমেণ্টের ...ত ধর্ম্মের সংস্রব নাই। এ বিষয়ে ...কারা সকলের অগ্রসর হইয়াছেন। ...দিন কোম্পানির রাজত্ব ছিল, তত ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ধর্ম্মসংস্রব ...গ তত বলবান ছিল না; কিন্তু ক্রমে ... সাংঘাতিক হইয়া উঠিতেছে। ...ল রাজকার্য্যে নয়, আমাদিগের ...ক্ষাপ্রণালীমধ্যেও ক্রমে ক্রমে খৃষ্ট ...র "চিহ্ন" দেওয়া যাইতেছে। ...মেণ্ট বিদ্যালয়ের প্রায় সেই উহার ...ন কারণ বলিয়া পরিত্যাগ হইতে ...ডাক্তর ডফ দেখাইলেন, মিসনরি ...লের ছাত্রগণ প্রেসিডেন্সি কালেজ ...ত ছাত্রগণের সমকক্ষ হইয়া কখন ...ক্ষা দিতে পারিবেন না; যত দিন ...নরি বিদ্যালয়কর্ত্তা গবর্ণমেণ্টের ...লয়ের তুল্য করা না হইতেছে, তত গবর্ণমেণ্টের বিদ্যালয় উঠাইয়া ...কথা বলিলে তাহা অগ্রাহ্য হইবে। ...এ তিনি মিসনরি বিদ্যালয়কে উন্নত ...গবর্ণমেণ্ট বিদ্যালয়ের সমকক্ষ ...তাহা আমরা বিবেচনা করিয়া ...মেণ্ট বিদ্যালয়গুলিকে অধ্যাপিত ...সমকক্ষতাসম্পাদন সহজ ...করিতেন। ...পুস্তক কিনাইবার ...হইল, বিশ্ববিদ্যালয়সভাও ...বাক্যে বিমোহিত হইলেন। ...পুস্তক কিনিয়া গেল; এই কারণেই মিসনরি বিদ্যালয় হইতে পূর্ব্বাপেক্ষা অধিক ছাত্র বহির্গত হইতেছেন; তদ্দ্বারা মিসনরিরা গবর্ণমেণ্টের বিদ্যালয় উঠাইবার প্রস্তাব করিবার সুবিধাও পাইয়াছেন। সম্প্রতি একটী ঘটনা হইয়াছে, তাহাতে আমাদিগের শিক্ষাপ্রণালীর সম্পূর্ণ বিপদ আশঙ্কিত হইতেছে। আবারক্রম্বির মনোবিজ্ঞান খৃষ্টধর্ম্মকে মূল করিয়া লিখিত হইয়াছে। বর্ত্তমান সভ্য কালে মনোবিজ্ঞান তর্ক ও প্রকৃতির নিয়মানুসারে স্থিরীকৃত হইবে। ডাক্তর আবারক্রম্বি তর্কের স্থলে বাইবলের কতকগুলি অযৌক্তিক বাক্য প্রমাণ দিয়া স্ববাক্য সমর্থন করিয়াছেন। এই পুস্তকখানি বিশ্ববিদ্যালয় হইতে রহিত করিবার প্রস্তাব হয়। বাবু কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় প্রথমতঃ আবারক্রম্বি রহিত করিবার কথা কহিয়াছিলেন; কিন্তু অপর মিসনরিগণ চীৎকার করিয়া উঠাতে, তিনি নিরস্ত হইলেন এবং কর্ত্তব্য কর্ম্ম বিস্মৃত হইয়া সেই মতে মত দিলেন। কি শাসন প্রণালী কি শিক্ষা প্রণালী যাবতীয় বিষয় এই রূপে ধর্ম্মসম্বন্ধ হওয়াতে আমাদিগের ইষ্ট না হইয়া অনিষ্টেরই আশঙ্কা জন্মিতেছে। আমাদিগের খৃষ্টধর্ম্মানুরক্ত রাজপুরুষ ও মিসনরিগণ মনে করিতেছেন, যে কোন উপায়ে হউক, খৃষ্টধর্ম্মের বহুল প্রচার করিতে পারিলেই ভারতবর্ষের মঙ্গল করা হইবে; কিন্তু এক্ষণকার সময়োন্নতি প্রতিকূলগামিনী, এখন লোকের মনের যেপ্রকার ভাব দেখা যাইতেছে, তাহাতে ঐ চেষ্টা অনর্থকারিণী হইবে সন্দেহ নাই।

—:০:—

শিক্ষকসমাজ।

ভাগলপুরে শিক্ষকসমাজ নামে একটী সভা হইয়াছে। এতদ্দেশীয় শিক্ষকগণ এক্ষণে যে সমস্ত কষ্টভোগ ...তেছেন, তাঁহাদিগের বেতন ও পদ ...নিশ্চিত নিয়ম না থাকাতে যে অনি... ...তেছে, তাহার প্রতিকার করাই ...জের উদ্দেশ্য। এই সমাজ যা... শিক্ষকের প্রতিনিধিস্বরূপ হইয়া ব... ...শের ডিরেক্টর ডবলিউ, এস, আট... সাহেবের নিকটে এক আবেদন ... করিয়াছেন। তাঁহারা বলেন, শিক্ষ... ...গের উন্নতিলাভের নির্দ্দিষ্ট নিয়ম ন... অনেক শিক্ষক এরূপ আছেন, যাঁ... বহু কাল কর্ম্ম করিতেছেন, কিন্তু ... পদও উন্নতিলাভ করিতে পারেন ন... অথচ বিদ্যালয়ের কর্ত্তারা বরাবর ত... ...দিগের কার্য্যে সন্তুষ্ট হইয়াছেন। অ... বিভাগে নিকৃষ্ট ক্ষমতাশালী লো... সময়ে সময়ে যেপ্রকার বর্দ্ধিত ... লাভ করিতেছেন, তদ্দর্শন করিয়া ... কের কার্য্য নিতান্ত কষ্টকর বলিয়া ... য়মান হয় সন্দেহ নাই।

এক্ষণে শিক্ষাবিভাগের পদ ... হইলে প্রায় বিশ্ববিদ্যালয়ের ছাত্রদি... দেওয়া হয়, অথচ অনেক শিক্ষক ... কের প্রশংসাপত্র পাইয়া কাজ ক... ছেন। গর্ডন ইয়ঙ্ সাহেব ১৮৫৭ ... স্থির করিয়াছিলেন, কোন পদশূন্য ... যে ব্যক্তি নিম্নতর পদস্থ থাকিয়া সু... রূপে কার্য্য করিয়া প্রতিপত্তিলাভ ... য়াছেন এবং যাঁহার প্রশংসাপত্র অ... তাঁহাকেই উক্ত পদ দেওয়া হই... এস্থলে নূতন প্রার্থীর গুণ কিছু অ... হইলেও তাহা ধর্ত্তব্য হইবে না; এক্ষণে কার্য্যতঃ এনিয়ম রহিত হইয়া... সমাজ বলেন, বিশ্ববিদ্যালয়ের ছা... গের অনুরোধে পূর্ব্বতন উপযুক্ত শি... দিগকে উচ্চপদ প্রদান না করা অন্য... এ অভিযোগের কারণ আছে। বি... দ্যালয়ের ছাত্রগণকে উৎসাহ দে... কর্ত্তব্য তাহার সন্দেহ নাই; কিন্তু পু...

যুক্ত শিক্ষকদিগকে নিরাস করিয়া সাহ দেওয়া বিধেয় নয়। বিশ্ববিদ্যা-য়র উপাধি না থাকিলে যে লোকে যুক্ত হন না, এ কথা অকিঞ্চিৎকর। ন্সের পলিটেকনিক বিদ্যালয়ে বিশ্ব ্যালয়ের প্রশংসাপত্র ব্যতিরেকে বেশ করিবার যো ছিল না; কিন্তু ন নেপলিয়ন কন্সল ছিলেন, তৎকালে যুবক তাঁহার নিকট আসিয়া বলি-ন "আমার পিতা আমাকে গৃহে ক্ষা দিয়াছেন; কালেজে অধ্যয়ন করি াদিগের এমত সঙ্গতি নাই; কিন্তু াদলে প্রবেশ করিবার ইচ্ছা করি-ছ; আমি উপযুক্ত কি না তাহা শয় স্বয়ং পরীক্ষা করুন।" নেপলি দেখিবামাত্র লোক চিনিতে পারি-। তিনি নিজে বালকটীর পরীক্ষা লেন; তিনি নিজে অসামান্য অঙ্ক-াবিৎ ছিলেন, তাঁহাকেও ঐ যুবকের ংসা করিতে হইল। ঐ যুবক পলি-নিক বিদ্যালয়ের নিয়ম ভঙ্গ করিয়া য় প্রবেশ করিলেন, শেষে স্পেনের কালে এক জন গণনীয় সেনাপতি হইয়া ক্ষণ যশোলাভ করিয়াছিলেন। বিশ্ব ালয়ে গৃহ অপেক্ষা সাধারণ্যে উৎকৃষ্ট া হয় যথার্থ; কিন্তু তাহা বলিয়া ধিহীন ব্যক্তিমাত্রেই অনুপযুক্ত দ্ধান্ত হইতে পারে না। শিক্ষা গে যেসকল লোক আছেন, তাঁহা র অধিকাংশ উপাধিধারী নহেন। রা আপনাদিগের জীবনকাল শিক্ষ-কার্য্যে অতিবাহিত করিয়াছেন। কতাকার্য্যে অনেকের বিলক্ষণ া জন্মিয়াছে। কেবল বিদ্যা থাকি-উত্তম শিক্ষক হওয়া যায় না। আমে ও ইউরোপ উভয় খণ্ডেই শিক্ষক-র বিশেষ শিক্ষা আবশ্যক হয়। শিক্ষা পূর্ব্বতন শিক্ষকদিগের ই। এসকল ব্যক্তি কার্য্যার্থী থাকিতে নূতন ও শূন্য পদ অন্য লোককে প্রদান করা আর পদস্থ ব্যক্তিকে শিক্ষাবিভাগ ত্যাগ করিতে বলা সমান কথা। পরীক্ষোত্তীর্ণ সিবি-লিয়ানগণকে যদি প্রত্যেক নূতন পদ দেওয়া হইত, যদি তিন বৎসরের এক জন কম্পিটিশনওয়ালা বিংশতি বৎসরের এক জন কালেক্টরের মস্তক লঙ্ঘন করিয়া জজ হইতেন, তাহা হইলে কি হইত? কার্য্যতঃ শিক্ষাবিভাগে তাহাই ঘটিতেছে।

শিক্ষকসমাজ একটী ভ্রমে পতিত হইয়াছেন। নিয়মিতরূপে সমুদায় কাজ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদিগকে দেওয়া হয়, এ কথাটী যথার্থ নহে। তাহা হইলে ত একটা প্রণালী প্রবর্ত্তিত দৃষ্ট হইত। বস্তুতঃ শিক্ষকদিগের কোন প্রণালীই নাই। ইয়ঙ্ সাহেবের এক পুস্তক ছিল, তন্মধ্যে যাবতীয় শিক্ষকের নাম লিখিত থাকিত। যাঁহার যে সুখ্যাতি অখ্যাতি হইত, ডিরেক্টর তাহা ঐ পুস্তকে লিখিয়া রাখিতেন। কোন পদ শূন্য হইলে তিনি প্রশংসাপত্র ও কার্য্যকালের সুখ্যাতি বিবেচনা করিয়া লোক নিযুক্ত করিতেন। দূর ও অস্বাস্থ্যকর স্থানের কর্ম্মচারিগণ উত্তম স্থানে বদলী হইতেন। ইয়ঙ্ সাহেব কাহারও অনুরোধ শুনিতেন না। এই নিমিত্ত সকলেই জানিতেন যে, সময় হইলেই ডিরেক্টর সুবিচার করিবেন; কিন্তু এক্ষণে সকলই বিকৃত হইয়াছে। অনুরোধবল ব্যতিরেকে আটকিন্সন সাহেবের নিকটে প্রায় কিছু হয় না। কর্ম্মার্থীর সহস্র গুণ থাকিলেও ডিরেক্টর তাহা দেখেন না। তিনি প্রায় অনুরোধবশবর্ত্তী হইয়া কাজ করিয়া থাকেন। কোন স্থানে এক জন বি, এ, ২০ টাকা বেতনে শিক্ষকের পদে আছেন, কোন স্থানে বা এক জন নিগুণ লোক অধ্যাপক হইয়াছেন। আটকিন্সন সাহেব কিছুই দেখেন না। তাঁহার নি পূর্ব্বতন শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের ধিধারী ছাত্র বলিয়া বিচার নাই; য সহায়বল তাঁহারই উন্নতি। অ সমাজ বৃথা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদি বিষয় লইয়া ক্ষোভ করিয়াছেন। দলেরই সমান কষ্ট হইতেছে। স পর্লিকওয়ার্ক বিভাগের ন্যায় ছয় অন্তর শিক্ষকদিগের এক রিপো তালিকা প্রস্তুত করিবার যে প্র করিয়াছেন, তাহা উত্তম। কিন্তু করিতে পরিশ্রম ও মনোযোগ লা আটকিন্সন সাহেব কি তাহা ক পারিবেন? সমাজ যে কষ্টের বলিয়াছেন, তাহা যথার্থ, কিন্তু আম গের আশঙ্কা হইতেছে, আটকিন্সন থাকিতে কোন প্রকার উন্নতিই হ না। ২৫০০ টাকার বেতনের পদ ত হিত কার্য্যে আর নাই; অতএব ত দিগের বর্ত্তমান ডিরেক্টরের পেন্স সময়পর্য্যন্ত শিক্ষাবিভাগ যে আছেন, সেইখানেই রহিলেন। সমা আবেদনের প্রত্যুত্তরস্বরূপ আটকি সাহেব নিম্নলিখিত কথা লিখিয়াছেন

"নিম্নতর শিক্ষাকার্য্যের কর্ম্মচ গণের উন্নতির বিষয়ে সমাজ য বলিয়াছেন, তাহা নথির সা থাকিল।"

যাঁহার অধিক বুদ্ধি, তিনি ই তাৎপর্য্য বুঝি, পারিবেন; আমা গের সামান্য বুদ্ধি, ইহার কিছুই করিতে পারিলাম না। গবর্ণমেণ্ট শি বিভাগের প্রতি দৃষ্টিপাত করিবেন প্রতিজ্ঞা করিয়াছেন। বঙ্গদেশে ই ইংরাজী বিদ্যাশিক্ষার উন্নতিসাধন বর্ত্তমান গবর্ণমেণ্টের অভিপ্রেত ন আটকিন্সন সাহেব সেই উদ্দেশ্যসা করিয়া শিক্ষাবিভাগকে উৎসন্ন দি ছেন। যদি উহাই উদ্দেশ্য হইল, ি

৫০০ টাকায় যে কাজ করিতেছেন, মেদ সাহেব ৩০০ টাকায় তাহার দিক করিতে পারেন, তবে এত টাকা য় করা কেন? এই ব্যয়ে ত আর এক ল সৈন্য হইতে পারে।

মুদ্রাযন্ত্রের স্বাধীনতা।

ক মাস পরম্পরা শুনিয়া বিস্ময়াপন্ন নে, মুদ্রাযন্ত্রের যে স্বাধীনতা ইংরাজ র কীর্ত্তিস্তম্ভ, মহত্ত্ব ও গৌরবের , যে স্বাধীনতা প্রদান করিয়া লাড টকাফ চিরস্মরণীয় ও ভারতবর্ষীয় গের অকপট কৃতজ্ঞতার ভাজন হই ন, যে স্বাধীনতার প্রভাবে এদেশীয় বাদপত্রসকল দেশের প্রধান ক্ষমতা া উঠিয়াছে; যাহার গুণে প্রধান র্দিগের অভিপ্রায় প্রজাদিগের এবং াদিগের অভিপ্রায় প্রধান রাজপুরুষ গর গোচর করিয়া এত মঙ্গল ন করা হইতেছে; যাহার বলে এদে তের দিন দিন সভ্যতার উচ্চতর ানে আরোহণ করিতেছেন, যে নতা সকলের ঘৃণিত বিচারপ্রণা ও উৎসাদন করিতেছে, যে ন ও কলঙ্ক; ভীরু বাঙ্গালীদিগকে ী করিয়া দিয়া আত্মস্বত্বের শিক্ষা ছে, যে স্বাধীনতার মহিমায় রাজ ারীদিগের অত্যাচার প্রতিদিন চিত হইয়া যাইতেছে; যে মহান গুণে গবর্ণমেণ্ট সত্য কথা তে পাইতেছেন ও যাহা শুনিয়া রা যথানিয়মে স্বদোষ ও ভ্রম ধনে সমর্থ হইতেছেন এবং যে তা তাঁহাদিগের এ দেশে প্রভু ি স্থাপিত প্রধান উপায়স্বরূপ ছে, সেই স্বাধীনতার সংবাদপত্রের ন্তা আশু হ্রাস হইতেছে। রাজ দিগের কেহ কেহ কহিতেছেন, দেশীয় সংবাদপত্রসমূহের অহঙ্কার ও ধৃষ্টতা আর সহ্য হয় না।" এই সমাচারটী যখন আমাদিগের শ্রুতিগোচর হইল, সুগপৎ নানা ভাব উদিত হইয়া চিত্তকে আবর্ত্তশীল সাগরের ন্যায় অস্থির করিয়া তুলিল; কিন্তু হৃদয় ইহাতে বিশ্বাস করিল না। আমাদিগের বর্ত্তমান রাজপুরুষেরা এত নিকৃষ্ট হইবেন, আমরা ভ্রমেও এরূপ বিবেচনা করি না কি রূপেই বা ইহা সাধারণ হইবে? ইংলণ্ড স্বাধীনতাপ্রিয়, মুদ্রাযন্ত্রের স্বাধীনতা তথাকার মহাস্ত্র। ভারতবর্ষের যাবতীয় বিষয় ক্রমে ইংলণ্ডের তুল্য হয়, তত্রত্য গবর্ণমেণ্ট ও তত্রত্য লোকের এই ইচ্ছা। যখন এরূপ হইতেছে, তখন তাঁহারা স্বাধীনতাভোগী থাকিয়া ভারতবর্ষকে তাহা হইতে বঞ্চিত করিবেন, ইহা ত আমাদিগের বুদ্ধিতে লয় না। ইংলণ্ডেশ্বরীর বৃদ্ধ বয়সে কি এই ইচ্ছা হইয়াছে, যে ভারতবর্ষের নরনারীরা সকলের মুখ বন্ধ করিয়া যে যথেচ্ছাচারসুখ ভোগ করিয়া গিয়াছেন, তিনিও সেই সুখের আস্বাদগ্রহণ করিবেন? যে রোগের মুখ না হয়, তাহা অতিশয় অপকারক হইয়া উঠে, ইহা কি আমাদিগের প্রধান পুরুষেরা অবগত নহেন? তাঁহারা আমাদিগের চোখ ফুটাইয়া দিয়াছেন; কিন্তু কিছু দেখিতে দিবেন না। ন্যায়ানুযায়ী বুঝিবার ও বলিবার ক্ষমতা করিয়া দিয়াছেন; অথচ কিছু বলিতে দিবেন না। এ কেমন কথা? আমরা অন্যায় দেখিলেই বলিব; আমাদিগের স্বত্ব ও অধিকারহরণচেষ্টা দেখিলেই চীৎকার করিব; যত ক্ষণ তাহার প্রতীকার না হইবে, বিবাদ করিব; কিন্তু কখন রাষ্ট্রবিপ্লাবনচেষ্টা বা অস্ত্রধারণ করিব না। যদি কাহার সে দুশ্চেষ্টা হয়, তাহার ভ্রমভঞ্জন করিয়া দিয়া নিবারণচেষ্টা পাইব, এই আমরা জানি।

দেশীয় না বিদেশীয় উপাধি মিষ্ট?

ডেলিনিউসের এক জন ইং পত্রপ্রেরক একটী উত্তম প্রশ্ন উত্থ করিয়াছেন। কোন কোন ভারতব ইংরাজদিগের ন্যায় "মিষ্টার "এস্কোয়ার" উপাধিলাভার্থী হ হেন। পত্রপ্রেরক বলেন, "এস্কোয় উপাধি গ্রহণ করিবার ক্ষমতা ভার ধীয়দিগের নাই। উক্ত পত্রসম্প পত্রপ্রেরকের কৃত প্রতিবাদের অনু দন করিয়াছেন। ভারতবর্ষীয় হইয়া ভবর্ষীয় উপাধি ত্যাগ করা আমাদি বিবেচনায় নিতান্ত বিড়ম্বনার বিষ "বাবু" উপাধি অপেক্ষা কি "মিষ্ট এবং "এস্কোয়ার" উপাধি অ মিষ্ট? এ উপাধি কি সম্মানসূচক নহে তবে বিদেশীয় উপাধির প্রতি কেন? বোম্বাইয়ের পারসী মাত্ "মিষ্টার" হইয়াছেন। তত্রত্য অ মহারাষ্ট্রীও এই উপাধি সাদরে গ্র করিয়াছেন। মান্দ্রাজেও ইহা সর্ব্বত্র হইয়াছে। বঙ্গদেশে ভারতবর্ষীয় "নি রের" সংখ্যা অল্প; উত্তর পশ্চি ঞ্চলে প্রায় দৃষ্ট হয় না বটে, কিন্তু এ পীয়েরা বিদেশীয় উপাধিতে লালা য়িত হইয়াছেন, শুনিলে মন অসু হয়। আমাদিগের স্বদেশের প্রতি আজও অনুরাগ হয় নাই, এতদ্দ্বারা ত প্রমাণ হইতেছে। এতদ্দেশীয় খৃষ্টী দিগেরই "মিষ্টার ও এস্কোয়ার" উপাধি অধিক ভক্ত। তাঁহারা যেমন ধর্ম্ম পরি করিয়াছেন, সেইরূপ সকল বিষয়ে পরিবর্ত্তের ইচ্ছা ও ভান করিয়া থাকেন তাহাতে লোকে তাঁহাদিগকে উপহা করেন এইমাত্র। ধর্ম্ম পরিবর্ত্ত হইবামা অনেকেরই পরিচ্ছদ আহার ব্যবহার স লেরই পরিবর্ত্ত হয়। অনেকে খৃষ্টীয় হইয়া সোজা বাঙ্গালা কথা ভুলিয়া যান

এক জন এদেশীয় খৃষ্টীয়ান ইংলণ্ড হইতে প্রত্যাগমন করিয়া স্বদেশীয় ভাবাই বিস্মৃত হইয়াছিলেন। স্বদেশের জল বায়ু আর তাঁহার সহ্য হইত না; তিনি মধ্যে মধ্যে বিদায় লইয়া ইংলণ্ডে যাইবার কথা কহিতেন। ইহাঁরা হিন্দু ও মুসলমানদিগকে "বাঙ্গালী" বলিয়া ঘৃণা করেন, যেন আপনারা আর কোথা হইতে আসিয়াছেন !! দেশীয় বস্ত্র পরিধান করিলে আমাদিগকে যেপ্রকার দেখায়, ইউরোপীয় বস্ত্রে তাহার বিপরীত বোধ হয়। ইহাতে ইউরোপীয়েরা ঘৃণা ও ভারতবর্ষীয়েরা হাস্য করেন। বস্ত্রপ্রভৃতির অপেক্ষা ইংরাজী উপাধি গ্রহণ অধিকতর উপহাসকর। ইহাতে যথার্থ সম্মানবৃদ্ধি হয় না, কেবল স্বদেশীয় ও বিদেশীয়দিগের নিকটে তুচ্ছ হইতে হয়। "জন মুখোপাধ্যায়" "মাইকেল বসু" প্রভৃতি নামগুলি কি শ্রুতিমধুর !!! এগুলি কর্ণে যেমন সুধা বর্ষণ করে, মিষ্টার রামচন্দ্র মুখোপাধ্যায় এস্কোয়ার বলিলে তেমনি মধু ঢালিয়া দিবে সন্দেহ নাই।

-:০:-

রাজকর্ম্মচারীদিগের গুণানুসারে পদোন্নতির ব্যবস্থা করা আবশ্যক।

মধ্যে মধ্যে গেজেটে এই বিজ্ঞাপন দেখিতে পাওয়া যায়, অমুক মাজিষ্ট্রেট ও কালেক্টর অমুক জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি মাজিষ্ট্রেট, উচ্চ পদ লাভ করিলেন; কিন্তু কে কি গুণে ঐ পদ লাভ করিলেন, তাহার উল্লেখ থাকে না, বিসন ও রাইলাণ্ডপ্রভৃতির যেমন উন্নতি হইতেছে, মনরো ও ওকিনলেপ্রভৃতিরও তেমনি হইতেছে। "মুড়ি মুড়কির এক দর।" এ রাজা যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞের দান নয়, বাবু দেবনারায়ণের রাসপঞ্চাধ্যায় পড়ানও নয় সকলেই সমান দান পাইবেন। গুণানুসারে উন্নতিলাভের ব্যবস্থা করিলে কি ভাল হয় না? এ নিয়ম হইলে আমাদিগের প্রধান পুরুষদিগের কেবল যে গুণজ্ঞতাগুণের পরিচয় হয় এরূপ নয়, যে সকল কর্ম্মচারী অপদার্থ অকর্ম্মণ্য ও অসচ্চরিত্র, তাহারাও শুধরিয়া যাইতে পারে. এবং প্রজারাও সদ্বিচারলাভে আপনাদিগকে চরিতার্থ করিয়া মানে। তবে যদি গ্রে সাহেব এরূপ সঙ্কল্প করিয়া থাকেন, যে কর্ম্মচারী অপনার অসাধু ব্যবহার, অন্যায় ও অত্যাচারদ্বারা ভারতবর্ষীয়দিগকে অসন্তুষ্ট করিয়া তুলিবেন, গ্রে সাহেব তাঁহাকেই উচ্চ পদ প্রদান করিবেন, সে স্বতন্ত্র কথা। সিবিলসর্ব্বিস পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিলেই লোক ভদ্র ও কাজের লোক হন না। কর্ম্মকালের সুখ্যাতি ধরিয়া যদি গ্রে সাহেব উচ্চ পদ দিবার নিয়ম করেন, তাহা হইলেই স্বল্পকালমধ্যে দেখিতে পাইবেন যাঁহারা এক্ষণে কণ্টকস্বরূপ হইয়া প্রজাগণকে জ্বালাতন করিতেছেন, তাঁহারা মানুষের মত হইয়া উঠিয়াছেন।

-:•:-

নূতন পুস্তক ও পত্রিকা।

১। কাব্যপ্রকাশিকা। শ্রীযুক্ত বরদাপ্রসাদ মজুমদার ক্রমান্বয়ে সংস্কৃত কাব্যগুলি প্রকাশ করিবার সঙ্কল্প করিয়া এক খণ্ড মুদ্রিত ও প্রচারিত করিয়াছেন। এ খণ্ডে শকুন্তলা ও কুমারসম্ভব টীকা ও বাঙ্গলা অনুবাদসহিত সন্নিবেশিত হইয়াছে।

২। উত্তরপাড়া মাসিক পত্রিকা। বঙ্গভাষার উন্নতিসাধন করা পত্রিকাপ্রচারকদিগের উদ্দেশ্য। উত্তরোত্তর উৎকৃষ্ট বিষয় সকলের আন্দোলনে প্রবৃত্ত হইলে এ উদ্দেশ্য ক্রমে সিদ্ধ হইতে পারিবে।

৩। কলিকাতা স্কুলবুক সোসাইটীর পঞ্চবিংশ (১৮৬৬। ৬৭ অব্দের) রিপোর্ট। এই সোসাইটী ১৮১৭ জুলাই মাসে প্রতিষ্ঠিত হয়। রি দৃষ্ট হইল, ক্রমশঃ কার্য্যের উন্নতি তেছে। বিজ্ঞাপনীপ্রচারকেরা এব দুঃখপ্রকাশ করিয়া লিখিয়াছেন সকল পুস্তক অনুবাদিত হইয়াছে, বড় বিক্রয় হইতেছে না। চকমকির প্রভৃতি সামান্যপ্রকার পুস্তকের বাদ চেষ্টা পরিত্যাগ করিয়া যদি উ লোকদ্বারা উৎকৃষ্ট পুস্তকের অ সম্পাদন করা হয়, অধিকপরি বিক্রয় হইতে পারে।

৪। "বেনারস আসোসিয়েসন" ১৮৬৭ অব্দের কার্য্যবিবরণ। এই স বে প্রকার চলিতেছে, তাহাতে ই দ্বারা অনেক কাজ হইবার সম্ভাব সভ্যগণ সামাজিক উন্নতিসাধনবি মনোনিবেশ করিবার সঙ্কল্প ক ছেন। কাশীতে এই কার্য্য হইলেই জিত হয়।

—:•:—

প্রাপ্ত।

বঙ্গীয়দিগের দৈহিক অবনতি।

এক্ষণে গবর্ণমেণ্ট ও বৈদেশিক বণিকগ কার্য্যালয়সকল যেরূপ নিয়ম ও সময়ের ভূত হইয়া চলিতেছে, তাহাতে কর্ম্মচারিগ শরীর ভগ্ন ও রুগ্ন হইবার সম্পূর্ণ সম্ভা আছে। বিচারালয় ও সরকারী ধনাগার রাজকীয় কার্য্যালয় ও বণিকগণের কার্য্যালা কার্য্যনির্ব্বাহক সময় এক রূপ নয়। কোথ দশঘটিকার পূর্ব্বে কার্য্য আরম্ভ হয়, কোথ অধিক বেলা যাইলে কার্য্যাবসান হয়। পূ প্রস্তাবে লিখিত হইয়াছে যে, এ দেশ অ শয় উষ্ণ ও গ্রীষ্মপ্রধান। অতএব এব সময়ে এ দেশে বিষয়কার্য্য সমাধা ক কিরূপে যুক্তিসিদ্ধ হইতে পারে।

যখন সামান্য পশুপক্ষিগণ উদ্ভিদ প্রভৃ রৌদ্রের সময় স্ব স্ব আহারস্থলে বিমু হইয়া অনাতপ স্থানে বিশ্রাম ক রিতে

মনুষ্যের কি প্রকারে এপ্রকা অস অতি শ্রমসাধ্য বিষয়কর্ম্মসাধন সঙ্গত পারে? ইহাতে কি তাঁহাদের ক্লে হয় না। তবে কি করেন, উদরের জন্য ই করিতে হয়। ইংরাজদিগের দেশ শয় শীতপ্রধান এদেশ অতিশয় গ্রীষ্ম প্রধান। তথাকার লোকের আহারা নিয়ম ও রীতি নীতির সহিত অত্রত্য কর সৌসাদৃশ্য নাই। তাঁহারা প্রতি চারি বার, এখানকার লোক দুই বার র করেন। তথায় শীতাধিক্যহেতু প্রাতে পরাহ্ণে কার্য্য করা দুষ্কর হয়। তথায় র ও সূর্য্যের উত্তাপবিহীন এক মুহূর্ত্ত থাকিবার যো নাই। বোধ করি, এই তথাকার যাবতীয় বিষয় কার্য্যসাধন দশটা, চারিটা সময় নির্দ্ধারিত ছে। অতএব শীতল প্রদেশের কার্য্য ক নিয়ম ও সময় উষ্ণ প্রদেশে নিয়োজিত যুক্তিসিদ্ধ ও ন্যায়ানুগত হইতে পারে

রাজা ও বণিকগণ পক্ষপাত জাতি ায় ও জাত্যভিমানাদি নানা কারণবশতঃ ীদিগকে প্রায় স্বল্প বেতন, সামান্য র্য্য ও পদ প্রদান করিয়া থাকেন; কিন্তু য়ে সাধ্যাতীত শ্রম করাইতে বিলক্ষণ এখানকার লোক অধিক পরিশ্রমী, ক্ষিত ও কার্য্যদক্ষ হইলেও তাঁহারা অধিক বেতন ও উচ্চ পদের পাত্র পারেন না। কর্ম্মকারকদিগের অনে প্রবাসী। তাঁহাদিগকে এই অল্প বে ন রিক ও প্রবাসের ব্যয় নির্ব্বাহ করিতে তাঁহাদিগের অধিকাংশ সুশিক্ষিত ও ভাবাপন্ন নহেন বলিয়া অনেকে অনেক । দুষ্ক্রিয়ায় আসক্ত হন। তাঁহাদিগের াসেবাতেও অল্প বেতনের কি ব্যয় হইয়া থাকে। সুতরাং তাঁহাদি র সামান্য কুৎসিত স্থানে ও গৃহে বাস, াসক্ত পীড়াজনক দ্রব্য আহার ও পরিধান করিয়া কাল ন করিতে হয়। আবার কর্য্যালয়ের পিত সময়মধ্যে উপস্থিত হইতে না লে প্রভুরা কুপিত হইয়া পাছে বেতন কর্ত্তন, পদাঘাত, মুষ্ট্যাঘাত ভ্রূভঙ্গী প্রদর্শন প্রভৃতি করেন, এই ভয়ে জীবন ধারণোপযোগী যৎসামান্য আহার করিয়া পদব্রজে দ্রুতবেগে দুরন্ত সূর্য্যতাপে দগ্ধ হইতে হইতে গলদ্ঘর্ম্মকলেবরে কর্ম্মস্থানে উপস্থিত হন। তথায় উপস্থিতির অনতি বিলম্বে নিজ নিজ কার্য্যে নিযুক্ত হইয়া অবি শ্রান্ত বেলা চারি ঘটিকা বা সন্ধ্যা অথবা কতক রাত্রিপর্য্যন্ত কর্ম্ম করিয়া থাকেন। এ দিগে পথক্লেশ এবং রৌদ্র ও গ্রীষ্ম, ও দিগে প্রভুর কোপবাক্য, তপর দিগে অতি রিক্ত পরিশ্রম, এ সকলে শরীর কত দিন সুস্থাবস্থায় থাকিতে পারে? বিল সরকার, বাজার সরকার প্রভৃতি কর্ম্মচারিগণের দুরবস্থা মনে করিলেও হৃৎ বিদীর্ণ হইয়া যায়। আহারান্তে প্রচণ্ড রৌদ্রের সময় গলি গলি, বাড়ী বাড়ী দ্বারে দ্বারে, ভিক্ষুকের ন্যায় তাহাদিগকে ভ্রমণ করিতে হয়। এক্ষণে কাহার প্রতিই বা দোষারোপ করা যায়? আমাদের দেশস্থ লোকই যত অনর্থের মূল। ইহাঁরা সামান্য নির্লজ্জ নহেন। ইহাঁদের জাত্যভিমান অত্যন্ত প্রবল। কুষি বাণিজ্য প্রভৃতি স্বাধীন বৃত্তি, ইহাঁদের নিকট আদরণীয় হয় না। ঐগুলি আদরণীয় হইলে ইহাঁরা স্বেচ্ছামত সময় ও কার্য্যবিভাগ করিয়া স্বচ্ছন্দে জীবিকা অর্জ্জন করিতে পারেন, তাহা হইলে স্বাস্থ্যব্যাঘাত হইবার অণুমাত্র সম্ভাবনা থাকে না।

আমরা এই রূপ দোষার্পণ করাতে অনেকে অনেক প্রকার আপত্তিও উত্থাপন করিতে পারেন। কিন্তু তাঁহারা যদি পক্ষপাত শূন্য হইয়া স্থিরচিত্তে এক বার ভাবিয়া দেখেন, তাহা হইলে সহজেই সকল আপত্তির খণ্ডন হইয়া যাইবে। অগ্রে শরীররক্ষা করা সকলেরই সর্ব্বতোভাবে কর্ত্তব্য; পশ্চাৎ বিষয় কর্ম্ম। যদি শরীরই অপটু হইল, তাহা হইলে বিষয়কার্য্য কিরূপে নির্ব্বাহ হইবে। এইসকল অনিষ্টের আশঙ্কায় পূর্ব্ব কালের রাজা, মহাজন, দেশীয় বণিকগণ, এতাদৃশ সময়ের বশবর্ত্তী না হইয়া নিজ নিজ বিষয় কার্য্য প্রাতে ও অপরাহ্ণে সম্পাদন করিতেন তাঁহারা কি এতই অবিবেচক ও অদূরদর্শী ছিলেন? তাঁহাদের বিষয় কার্য্য কি কার্য্য নহে। তাঁহাদের কার্য্য কি সু ভাবে সম্পন্ন হইত না? ই রাজেরা এ অধিকার করিয়া অনেক দিবসাবধি ত এ ও বৈকালে স্ব স্ব কার্য্য নিষ্পাদন ক ছিলেন। দেশীয় জমিদার, মহাজন প্রভৃতি প্রাতঃকালে ও অপরাহ্ণে আপন কার্য্য সম্পাদন করিতেছেন। ইহ কি এত নির্ব্বোধ ও হিতাহিতজ্ঞান ইহাঁদের কর্ম্মচারিগণের সহিত প্রভৃতি কর্ম্মকারকগণের শারীরক বলবি তুলনা করিলে বহু বৈলক্ষণ্য বোধ হই অতএব দেশ কাল পাত্র বিবেচনা ক কার্য্যনির্ব্বাহক নিয়ম ও সময় নির্দ্ধারণ রাজপুরুষগণের কর্ত্তব্য কর্ম্ম।

—:০:—

বিবিধসংবাদ।

১৩ই শ্রাবণ সোমবার।

এক ব্যক্তি সংবাদপত্রে লিখিতেছেন, শূকরের কোন অনিষ্ট হয় না। শূ সর্পকে আহার করিয়া থাকে। আমেরিকা শূকরেরা রাটল সর্প ভক্ষণ করে, ইহার আছে। সর্পের বিষে তাহাদিগের কি কি না, ইহার পরীক্ষা আবশ্যক।

সম্প্রতি প্রধান সদর বোর্ডের প্রধান পতি নূতন উকীলদিগকে খাস আপীলে সাবধান করিয়াছেন। যেসকল খাস আ ভাল ভাল উকীলেরা গ্রহণ করেন না, মে রেরা তাহা নূতন উকীলদিগের দ্বারা রুজু ইয়া লন। কিন্তু আপীলের প্রায় ভাল থাকে না। প্রধান বিচারপতি বলেন, তাঁহাদিগের অপেক্ষা বহুদর্শী ও উপযু হারা তাঁহারা মকদ্দমা লইতে অসম্মত হন, তাঁহাদিগের তাহা গ্রহণ করা অনুচিত।

১০ আইনের মকদ্দমা দেওয়ানী আদা লইয়া যাইবার প্রস্তাব হওয়াতে মফ মোক্তারেরা অতিশয় অসন্তুষ্ট হইয়া অনেকে এই বলিয়া আবেদন করিতে যদি দেওয়ানী আদালত বিচার করেন, হইলে তাঁহারা যেন তথায় গিয়া প্রশ্নোত্তর বার অনুমতি পান. তাঁহারা বলেন অদ্যের ১০ আইন অনুসারে তাঁহারা রে এক্তেষ্টের পরীক্ষা দিয়াছেন। প্রাপ্ত প পত্রের বলে তাঁহারা কয়ঘটিত মকদ্দমায় তরকার্য্যে অনুমত হইয়াছেন। আইনে

প্রদত্ত স্বত্ব লোপ করিতে পারে না। অত
বিধাৎ রেবেনিউ এজেন্টদিগের পক্ষে না
যাঁহারা আপাততঃ এইসকল মকদ্দমা
ইতেছেন তাঁহাদিগের স্বত্ব না যায়।
স্বত্ব লোপ করা অসঙ্গত সন্দেহ নাই,
অনুধাবন করিয়া দেখা যায়, প্রতীয়মান
কিন্তু মোক্তারেরা সুক্ষ্মরূপে মকদ্দমা
ইতে পারেন না। তাঁহারা সত্যেতে মিথ্যার
দিয়া প্রকৃত বিষয়টীকে বিকৃত করিয়া
ন।

নিকদিগের আবেদনানুসারে বঙ্গদেশীয়
মেণ্ট রেবেনিউ বোর্ডের সম্মতি লইয়া
ন্য সামান্য দ্রব্যের শুল্ক কমাইয়াছেন।
বী পর্লিস্ অপিনিয়ন সর জন লরেন্সের
বলসর্ব্বিসসংক্রান্ত ছাত্রবৃত্তি বিষয়ে বলি
ন গবর্ণমেণ্টের ব্যয়ে যেসকল ভরতবর্ষীয়
লি.ান ও চিকিৎসক প্রভৃতি হইবার নিমিত্ত
ণ্ডে গমন করিবেন, তাঁহাদিগকে এই প্রতিজ্ঞা
করা কর্ত্তব্য যে যাঁহারা কৃতকার্য্য হইবেন,
হারা ক্রমশ এই টাকা প্রত্যর্পণ করিবেন।
নি বলেন যদি এইপ্রকার সতর্ক না হওয়া
তাহা হইলে শ্বেতবর্ণ পরীক্ষার্থীদিগের
পক্ষা কৃষ্ণবর্ণদিগের প্রতি অধিকতর অনুগ্রহ
র্শন করা হয়, এই কথা বলিয়া ইংলণ্ডে
কার উঠিবে। এই প্রকার চীৎকার হওয়াই
ত। কারণ আমাদিগের গবর্ণমেণ্ট যেপ্রকার
র্লনিক ও অমূলক দয়ার বশবর্ত্তী হইয়া তাড়
ড় একটা কাজ করিয়া বসেন, তাহা এত
রা নিবারিত হইবে। আমরা আরও প্রস্তাব
রতেছি, দুই এক ব্যক্তিভিন্ন যাবতীয় পরী-
র্থীর সচ্চরিত্রতার নিমিত্ত ১০০০০ টাকায়
মিন লওয়া কর্ত্তব্য। যাঁহারা সিবিল সার্ব্বি-
র পরীক্ষায় উত্তীর্ণ হইবেন, তাঁহাদিগকেই
বল এই জামিন দিতে হইবে। পরীক্ষার্থীকে
রও স্বাস্থ্য ও সচ্চরিত্রতার প্রমাণপত্র দিতে
ইবে। এদেশের যে ব্যক্তি সিবিল সার্ব্বিস
রীক্ষা দিবার কথা মুখে আনিবেন, তাঁহার
০০০০ টাকা দণ্ড হইবে, এককালে এই
কার আইন করিবার প্রস্তাব করিলে ভাল
ইত না।

গবর্ণমেণ্ট সাধারণ মতে উপেক্ষা না করিয়া
প্তেন আবকারি শিক্ষাবিভাগ হইতে বহি
ত করিয়াছেন।

এতদিনের পর দিল্লীর পুরাতন নৌকার
ল উঠিয়া যাইতেছে। এই সেতু রক্ষা করিতে
য টাকা ব্যয় হইয়াছে, তাহাতে একটী প্রথম
শ্রণির লৌহসেতু হইত।

উত্তর পশ্চিমাঞ্চলের স্থানে স্থানে বৃষ্টি
ইতে আরম্ভ হইয়াছে।

কলিকাতার ছোট আদালতের জজেরা ক্রমে প্রধানতম বিচারালয় সিদ্ধান্ত করিয়াছেন, কোন মকদ্দমায় যদি তমাদিদোষ ঘটিয়া থাকে, তাহা হইলে বিচারপতি নিজে সেই আপত্তি উত্থাপন করিতে পারিবেন। পূর্ব্বে অনেকের সংস্কার ছিল, প্রত্যর্থী নিজে না করিলে তমাদির আপত্তি গ্রাহ্য হইত না। এসিদ্ধান্তটী যুক্তিসিদ্ধ।

গত শুক্রবার বিচারপতি ফিয়ারের বাটীতে সমাজিক বিজ্ঞানসভার ত্রৈমাসিক অধিবেশন হইয়া গিয়াছে।

রোজ ব্রৌণের হত্যার অনুসন্ধান অদ্যাপি লইতেছে। মাধব চন্দ্র দত্তকে পুনর্ব্বার শনিবার পুলিষে আসিতে হয়। গবর্ণমেণ্টের আটর্ণী আর এক মাস সময় লইয়াছেন।

১৪ ই শ্রাবণ মঙ্গলবার।

রেলওয়ে বিভাগের কার্য্য অনেক বৃদ্ধি হওয়াতে গবর্ণমেণ্ট এক জন অতিরিক্ত ডেপুটি কন সলটিও ইঞ্জিনিয়রকে নিযুক্ত করিবার আজ্ঞা দিয়াছেন।

গ্রোট সাহেব আসিয়াটিক সোসাইটির সভাপতির পরিত্যাগ করাতে সোসাইটি তাঁহাকে এক অভিনন্দনপত্র প্রদান করিয়াছেন।

ডেলিনিউস বলেন, অফির জাহাজ ৪০০ কাহার লইয়া অনেসলি আখাত হইতে কলিকাতায় আসিয়াছে। জাহাজের লোকেরা কাহারদিগের প্রতি অতিশয় অত্যাচার করিয়াছে। আফিসরেরা তাহাদিগকে প্রহার করিতেন, তাহাদিগের রন্ধনের পাত্রসকলের চতুর্থাংশ কাড়িয়া লওয়া হয়। তাহাদিগকে শৃগাল কুক্কুরের ন্যায় সংকীর্ণ স্থানে রাখা হইত। এইসকল দুর্ব্ব্যবহারে এত কষ্ট হয় যে কলিকাতার নিকটে আসিলে প্রত্যহ ২।৩ জন করিয়া প্রাণত্যাগ করে। আর কিছু দিন জাহাজে থাকিলে সকলকেই প্রাণত্যাগ করিতে হইত। সর্ব্বশুদ্ধ ২৭ জনের মৃত্যু হইয়াছে। নাবিকদিগের পদাঘাত, আফিসরদিগের মুষ্টিপ্রহার, অনাহার ও সংকীর্ণ স্থানে বাস ইহাতে যে মৃত্যু হইবে, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। যাহা হউক, যেমন হইয়া থাকে, গবর্ণমেণ্ট অনুসন্ধানের আজ্ঞা দিয়াছেন। কয়েক জন ভারতবর্ষীয় কাহার প্রাণত্যাগ করিয়াছে, তাহার আবার অনুসন্ধান কি?

আগামী অক্টোবর অবধি কলিকাতার ছোট আদালতে ষ্টাম্প চলিবে। পূজা নিকট হওয়াতে মকদ্দমার সংখ্যা অনেক বৃদ্ধি হইয়াছে। জজেরা বলিয়াছেন, এ সময়ে নূতন প্রণালী প্রবর্ত্তিত করিলে বিশেষ গোলযোগ হইবার সম্ভাবনা।

রবিবার রাত্রিতে এক দুরাত্মা ঠনঠনিয়ার এক বেশ্যার বাটীতে অবস্থিতি করে। এই ব্যক্তি স্ত্রীলোকটীর গলা কাটিয়া বধ করিয়া তাহার অলঙ্কার লইয়া পলায়ন করিয়াছে। পুলিস অনুসন্ধান করিতেছেন। অনন্ত কাল অনুসন্ধান করিবেন।

কাবুল হইতে সংবাদ আসিয়াছে আজিম খাঁ কাবুলে প্রত্যাগমন করিয়াছেন। আমু আলি খাঁ গিজনির নিকটে আসিয়াছেন। উক্ত স্থানে আজিম খাঁর অল্পই সৈন্য আছে। সিয়া আলি খাঁ কান্দাহারে আগমন করিয়াছেন। আবদুল রহমন খাঁ সাহায্য করিতে পারিতেছেন না। এরূপ জনশ্রুতি, তিনি শীঘ্র রুশীয় সেনাপতির নিকটে গমন করিবেন। কাবুলের লোকদিগের উপরে অত্যাচারের বাধ নাই।

মকস্বলাইট বলেন, পেসোয়ারস্থিত এক ইউরোপীয় সৈনিক তাঁহার নিকটে এক পত্র লিখিয়া আক্ষেপ করিয়াছেন, এক জন আফ্রিদি সর তাঁহার স্ত্রীকে ব্যভিচারিণী করিবার চেষ্টা আছেন। ঐ স্ত্রীলোককে পত্রদ্বারা আপন বাটীতে আহ্বান করিতেছেন। মকস্বলাইট তন্নিমিত্ত এই আফিসরকে এই বলিয়া ভয়প্রদর্শন করিয়াছেন যে, যদি তিনি এই দুশ্চেষ্টা ত্যাগ না করেন তাহা হইলে তাঁহার নাম শুদ্ধ পত্র গুলি প্রকাশিত হইবে। আজি কালি সৈনিক শিবির বড় গুলজার।

সর উইলিয়ম মিয়র সম্প্রতি এক মিনিট লিখিয়া দেখাইয়াছেন উত্তর পশ্চিমাঞ্চলে অতিরিক্ত বিচারকার্য্যে ৯৭ জন ভারতবর্ষীয় ২ জন ইউরোপীয় নিযুক্ত আছেন। রাজস্ববিভাগে ২০৬ জন ভারতবর্ষীয় ৬২৪ ইউরোপীয় রহিয়াছেন। বিচারবিভাগে পরীক্ষা দিয়া প্রবেশ করিতে হয়, অতএব আফিসে কার্য্যে যে শ্রেণির ইউরোপীয়েরা আছেন পরীক্ষা দেওয়া তাঁহাদিগের পক্ষে বড় সহজ রাজস্ববিভাগের ২৩৬ জন ভারতবর্ষীয়ের মধ্যে কত জন তহসিলদার ও কত জন কালেক্টর? এই প্রভেদ করিয়া বেতনের করিলে ইউরোপীয়দিগের সংখ্যা অধিক হয় সর উইলিয়ম মিয়র পঞ্জাবী দলে মিশ্রিত লেন, বড় আক্ষেপের বিষয়।

১৫ ই শ্রাবণ বুধবার।

প্লীহার পীড়িতাবস্থা হত্যাপরাধ মুক্তিলাভের যেমন উপায় হইয়াছে, অবাধ্যতা তেমনি বেতনদান হইতে নিলাভের অপদেশ হইয়াছে। অনেক ইউরো এই ছল পাইয়া ভৃত্যদিগকে বেতন দেন তাহারা তাহা চাহিতে আসিলে অন

প্রবেশ ও গালি দিবার অপরাধ দিয়া নালীশ করা হয়। মাজিষ্ট্রেটেরাও দণ্ড দিতে চাহেন না। কিন্তু গত কল্য কলিকাতার মাজিষ্ট্রেট রবার্টস সাহেব এক আশ্চর্য্য বিচার করিয়াছেন, তাহা সকলকে অতিক্রম করিয়া উঠিয়াছে। হারবার্ট নামক এক ইউরোপীয় কাপ্তেন আয়া ও তাহার স্বামীর নামে চৌর্য্যাপরাধের নালীশ করেন। চুরি প্রমাণ হইল না, কিন্তু যে ঘরে অপহৃত অলঙ্কার ছিল, আয়া তন্মধ্যে প্রবেশ করিয়াছিল প্রমাণ হওয়াতে রবার্টস সাহেব চুরির অপরাধে মুক্ত করিয়া অনধিকারপ্রবেশের অপরাধে আয়ার দশ টাকা জরিমানা করিয়াছেন!! ভৃত্যেরা ত প্রভুর সকল গৃহেই প্রবেশ করিয়া থাকে। আয়ার কি সে ঘরে প্রবেশের নিষেধ ছিল?

গত কল্য কলিকাতার পুলিষে আর এক কাণ্ড হইয়া গিয়াছে এক জন নাবিক তাহার কাপ্তেনের নামে নালীশ করে। এরূপ স্থলে সচরাচর যেরূপ হইয়া থাকে, তাহার সাক্ষিগণ সাক্ষ্য দিল না। মাজিষ্ট্রেট তাহারই দণ্ড দিলেন। নাবিক ইহাতে নিঃশব্দে কাপ্তেনের নিকটে আসিয়া তাঁহাকে এক ভয়ানক ঘুষি মারিল। মাজিষ্ট্রেট এনিমিত্ত তাহার ছয় মাস কারাবাসের দণ্ড দিয়া বলিলেন, তিনি যত দিন উত্তর বিভাগের মাজিষ্ট্রেট ছিলেন, তত দিন এপ্রকার কাণ্ড আদালতে হয় নাই। দক্ষিণ বিভাগের পুলিষ কর্ম্মচারিগণ আপন আপন কর্ত্তব্য কর্ম্মে মনোযোগী নহেন; এ বিষয়ে এতদ্দেশীয় বিভাগীয় কর্ম্মচারিগণ তাঁহাদিগের অপেক্ষা প্রধান। ঐ ঘুসতে উক্ত বিভাগের প্রশংসাভিন্ন কি আর কোন বিষয়ের প্রমাণ হইল না?

ডেলিনিউসের দারজিলিঙস্থিত সংবাদ দাতা আক্ষেপ করিয়াছেন, তথায় একটী গিরজা করিবার নিমিত্ত যে চাঁদা হইয়াছে, তাহাতে উক্ত বাটী প্রস্তুত হইবে না। ভাবনা কি? গবর্ণমেণ্টের নিকট আবেদন করিতে বল.

উক্ত পত্রপ্রেরক বলেন, এপর্য্যন্ত দারজিলিঙে ৬৯ ইঞ্চ বৃষ্টি হইয়াছে।

কটক ও সম্বলপুরে ছুটী বারিক হইতেছে।

বোম্বাইয়ের লাইসেন্স টাক্স কালেক্টর দোষা ভাইয়ের প্রস্তাবানুসারে বোম্বাই গবর্ণমেণ্ট সিদ্ধান্ত করিয়াছেন, কবধার্য্য করিয়া তালিকা দিবার ১৫ দিবসের মধ্যে যিনি সংবৎসরের কর এক কালে দিবেন, তাঁহার শেসার্দ্ধের বাঁটা বাদ দেওয়া হইবে। এ সময়ের পরে হইলে ইহা দেওয়া হইবে না। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট এই নয় সাব্যস্ত করিয়াছেন। দোষা ভাইয়ের দৃষ্টান্ত দেখিয়া কলিকাতার য়ুইলাও সাহেব এবং এ প্রদেশের আসেসরেরা জ্ঞান শিক্ষা করিতে পারেন।

খোকন্দের খোদাইয়ার খাঁ ইয়ারখন্দের কুশবেগির বিরুদ্ধে যুদ্ধসজ্জা করিবেন। খোকন্দ রুশীয়ার অধীনস্থ; অতএব শীঘ্র রুশীয় সৈন্যগণ তিব্বতে প্রবেশ করিবে।

এবার ৮৫০০ হাজারের অধিক যাত্রী মক্কায় গমন করিয়াছিলেন। কনষ্টাণ্টিনোপলস্থিত দূত সুলতানকে ভারতবর্ষীয় যাত্রীদিগের কষ্টে বিষয়ে মনোযোগী হইতে অনুরোধ করেন তদনুসারে কয়েক জন চিকিৎসক মক্কায় প্রেরিত হইয়াছেন। মক্কার রাস্তাসকল পরিষ্কৃত হইয়াছে। নগরের ভিতরে ময়লা রাখিবার যো নাই। আবশ্যক বিষয়ের বিশেষরূপ বন্দোবস্ত ও পানীয় জলে স্বতন্ত্র পুষ্করিণী প্রভৃতি করাতে এবার পীড়ার তাদৃশ প্রাদুর্ভাব হয় নাই। তুরস্ক গবর্ণমেণ্টের ন্যায় আমাদিগের গবর্ণমেণ্ট যদি পুরীর প্রতি দৃষ্টিপাত করেন, তাহা হইলে ভাল হয়। পুরীতে যে কত কাণ্ড হয়, কত লোক পীড়ায় প্রাণত্যাগ করেন, কাহার সাধ্য তাহা স্থির করেন।

১৬ই শ্রাবণ বৃহস্পতিবার।

উত্তর পশ্চিমাঞ্চলে হঠাৎ অতিরিক্ত বৃষ্টি হওয়াতে নদীর জল অতিশয় বৃদ্ধি হইয়াছে। এক দিবসের মধ্যে মৃজাপুরের নিকটে ৯ ফুট জল বাড়িয়াছে।

আসামের সীমাস্থিত সিঙ্ফু, মিসমি, কুকি প্রভৃতি বন্যগণ সর্ব্বদা দৌরাত্ম্য করাতে লেপ্ট নাণ্ট গবর্ণর সিঙ্ফুদিগের গ্রাম দগ্ধ ও তাহাদিগকে অন্ধ করিবার নিমিত্ত এক দল সৈন্য প্রেরণ করিবার অনুমতি প্রার্থনা করিয়াছেন। পঞ্জাবের সীমায় এসকল কাণ্ড শত শত বার হইয়াছে; তথাপি বন্যেরা সুযোগ পাইলেই অত্যাচার করে। বন্যেরা দণ্ড স্মরণ করিবার লোক নহে। সুচতুরতাবে তাহাদিগকে সৎপথে আনিবার চেষ্টা করিলে অধিক কাজ হইতে পারে।

আরবের ওহাবিদিগের যুদ্ধ হইতেছে। মস্কাটস্থিত ব্রিটিশ রেসিডেণ্ট এ বিষয় বোম্বাই গবর্ণমেণ্টকে জানাইয়া বলিয়াছেন, ওহাবিরা পরস্পরের মস্তকচ্ছেদন করিলে মস্কাটপ্রভৃতি রাজ্যের সুবিধা হয়। এটী ফরাসী রাষ্ট্রবিপ্লবক সেণ্ট জষ্ট প্রভৃতির মুখ হইতে বহির্গত হইলে ভাল শুনাইত। কর্ণেল ব্রুস আইরিসদিগের উপরে অতিশয় চটা ছিলেন। মৃত্যুকালে তিনি বলিয়া যান, তাঁহার কবরের সময়ে যেন কতক গুলি আইরিসকে সুরাপানের নিমিত্ত ৫০ টাকা দেওয়া হয়। তাঁহার বন্ধুগণ এই বাহুল্যতা কার্য্যে বিস্ময় প্রকাশ করাতে ব্রুস বলিয়াছিলেন "আমি উহাদিগকে ভাল বাসি বলিয়া টাকা দিতেছি না; সুরাপান করিলে উহারা পরস্পরের মস্তক ভগ্ন করিবে। এই বীজ যত কমে কর্ণেল পেলিও ব্রুসের ধাতু পাইয়াছেন!

সিমলার যে বাটীতে গবর্ণর জেনরল বাস করেন, তাহা বিক্রীত হইতেছে। সর জন লরেন্সের পর অন্য কোন শাসনকর্ত্তা বৎসরের অধিকাংশ আলসে যাপন করিতে পাইবেন না, এটী কি তাহার লক্ষণ?

পুনার অধিবাসীরা সর সাইমর ফিটজরাল্ডের নিকটে এই আবেদন করিয়াছেন যে সকল ব্যক্তি লিখন পঠন জানেন এবং যাঁহাদিগের বাৎসরিক টাকা আয় আছে, তাঁহারা যেন মিউনিসিপাল কমিসনর মনোনীত করিবার ক্ষমতা পান। বর্ত্তমান কমিসনরদিগের উপরে সকলে বিরক্ত। দেশের সকল স্থানেই মিউনিসিপালিটির উপরে লোকে সর্ব্বত্র বিরক্তিপ্রকাশ করিতেছেন। অতএব এবিষয়ে কোন সদুপায় অবলম্বন করা অতিশয় কর্ত্তব্য।

১৮৬৯ অব্দে সুয়েজের খাল দিয়া জাহাজ চলিবে। এই খালের আরম্ভ অবধি ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট ইহার নানাপ্রকার প্রতিবন্ধকতা করিয়া আসিতেছেন। কিন্তু এক্ষণে ইংলণ্ডের সংবাদপত্রসকল ক্রমশ স্বীকার করিতেছেন, ফরাশী ইঞ্জিনিয়রেরা কৃতকার্য্য হইবেন।

এক জন ইউরোপীয় উত্তর পশ্চিমাঞ্চলে ভ্রমণ করিয়া মুসলমানদিগের নিকটে কোরাণ পাঠ করিতেছেন। তিনি সম্প্রতি ভাগলপুরে গমন করিয়াছেন। এ ব্যক্তি আপনাকে সুইজরলণ্ডীয় বলিয়া পরিচয় দেন। পুলিষ ইহাঁর উপর চক্ষু রাখিয়াছেন। এব্যক্তি কি রুশীয়ার চর নহেন? রুশীয় চরগণ যে পঞ্জাব ও উত্তর পশ্চিমাঞ্চলে আসিয়াছে, তাহার অনেক লক্ষণ দেখা যাইতেছে।

আগামী অক্টোবর মাসে মিস কার্পেণ্টর ভারতবর্ষে আসিবেন। তিনি বোম্বাইয়ে এক নর্ম্মালবিদ্যালয় স্থাপিত করিবেন। এই কারণ এক জন শিক্ষয়ত্রীকে ইংলণ্ড হইতে আনয়ন করিবেন। এই নর্ম্মাল বিদ্যালয়ের ব্যয় মিস কার্পেণ্টর নিজ হইতে এবং চাঁদা করিয়া দিবেন মিস কার্পেণ্টর দেশ কাল পাত্র বিবেচনা করিয়া কাজ করিতে জানেন, তাঁহার বিদ্যালয়ে খৃষ্টীয় ধর্ম্মের সম্পর্ক থাকিবে না।

আলাহাবাদস্থিত ১০৭ গণিত ইউরোপীয় সেনাদলের লেপ্টনাণ্ট লিন ও তাঁহার স্ত্রী উক্ত রেজিমেণ্টের কর্ণেল পেটনের নামে ১০০০০ টাকা দাবি দিয়া নালীশ করিয়াছেন। লেপ্টনাণ্ট

ন, কর্ণেল পেটন বলিয়াছেন, যে বিবি লিন
ামনামক এক জন কমিসরিএট কণ্ট্রাক্টারের
টে ৫০০ টাকা উৎকোচ লইয়াছেন। হরি
১০০০ টাকার দাবিতে কর্ণেলের নামে
শ করিয়াছেন। ইতিমধ্যে লেপ্টনাণ্টের
ত্রর অনুসন্ধানার্থ সৈনিক কমিসন বসি
। এই কমিসন রিপোর্ট না দিলে আলাহা-
র অধস্থ জজ বিচার আরম্ভ করিবেন না।
র্বিএট ও পবলিকওয়ার্ক বিভাগসম্বন্ধে
হও দায়।

য়েক মাস পূর্ব্বে জন মাবনাইট বোম্বাইয়ের
জন প্রধান বণিক বলিয়া ল হন।
৫০০ টাকা াটী ভাড়া দিতেন। গাড়ী,
া, কুকুর ও ঘুতের সংখ্যা ছিল না।
প্তছে এই মাবনাইট সাহেব সুরাপানে
তেন, হইয়া রাস্তায় পতিত থাকাতে তাঁহার
াকা জরিমানা হয়। এ টাকা দিবার ক্ষমতা
কোতে সাহেবকে অষ্টাহের নিমিত্ত কারা
খাটিতে হইয়াছে। ইউরোপীয়েরা এদেশে
য়া নবাব হন। অল্প লোকে আপন অবস্থা
া কাল্ল করিতে পারেন। অনেককে শেষে
ক কষ্ট পাইতে হয়।

ভারতবর্ষীয় ও বঙ্গদেশীয় উভয় গবর্ণমে-
ট রাজমহলপর্য্যন্ত পূর্ব্ব বাঙ্গালা রেলও
সা নাম ক্রয় করিবার প্রস্তাব করিয়াছেন।
টাকা ও যশোহরপর্য্যন্ত শাখা হউক। বিলা
গর গমনাগমনের সুবিধাভিন্ন দারজি-
লেংএর করিবার আর ত কোন লাভ
তে পাই না।

ইন্সুরেন্স কোম্পানির আইন ও ১৮৬৪ অব্দের
াইন প্রচলিত হইয়াছে।

বেশ্যাদিগকে পৃথক স্থানে রাখিয়া উপদংশ
গ্রস্তাদিগকে এক চিকিৎসালয়ে রাখিবার
ত। মিউনিসপালিটিসমূহকে দেওয়া হই
। এ নিমিত্ত ব্যবস্থাপক সভায় এক বিল
করা হইয়াছে। চিকিৎসালয়ের ব্যয়
ন সপালিটি ও স্থানীয় গবর্ণমেণ্টকে দিতে
। বেশ্যাদিগের নিকটে রেজিষ্টরির যে ফী
হইবে, তাহাতে ব্যয় কুলান হয় এমত
বস্ত করা উচিত।

ক্তর কোল কাম্পানি ও লাখার বাণিজ্যের
রপোর্ট করিয়াছেন, এই রিপোর্ট প্রীতিকর
ই। কয়লার কোলির যেন স্মরণ থাকে,
বিষয়ে উপকার করিতে গেলে তাঁহাকে
প্রেরণ করিবার উদ্দেশ্য বিফল হইবে।
রণবীর সিংহ যেপ্রকার লোক হউন,
তাঁহার সহিত পরামর্শ করিয়া সকল কাজ করা কর্ত্তব্য।

মে মাসের শেষে গবর্ণমেণ্টের ভিন্ন ভিন্ন ধনাগারে ১১,৪৯,৭৩,১০৪ টাকা জমা ছিল জমা টাকা প্রতিবৎসর কমিতেছে। এবার আবিসিনিয়ার যুদ্ধের ও ভয় আছে।

ডেলিনিউস বলেন, নলহাটির শাখা রেলওয়ে ক্রয় করিবার নিমিত্ত ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ষ্টেটসেক্রেটরির অনুমতি চাহিয়াছিলেন; কিন্তু সর ষ্টাফোর্ড নর্থকোট ইহাতে অসম্মত হন, সর জন লরেন্স পুনর্ব্বার অনুরোধ করিয়াছেন। এসকল কাজ ত ইষ্টইণ্ডিয়া কোম্পানির, গবর্ণমেণ্টের নহে, এটী আমাদিগের গবর্ণমেণ্টের বোধ হয় না কেন?

ফ্রেণ্ড অব ইণ্ডিয়া রুশীয়দিগের এক ব্যবহার দর্শনে বিস্ময় প্রকাশ করিয়াছেন। সুমার খন্দ গ্রহণ করা হইয়াছে। কিন্তু রুশীয় গবর্ণমেণ্ট এমত অসন্তোষ প্রকাশ করিতেছেন, যেন উক্ত নগর প্রত্যর্পণ করিবেন। ফ্রেণ্ড এটীকে রুশীয় চাতুরী বলেন। এ বিষয়ে রুশীয়া ব্রিটিশ গবর্ণমেণ্টের অনুকরণ করিতেছেন. লাড ডেলহৌসি বলিতেন ব্রিটিশ গবর্ণমেণ্ট ভারতবর্ষ বাসীদিগের নিকটে সুশাসনের অঙ্গীকার করিয়াছেন। এই কারণ প্রদর্শন করিয়া তিনি অযোধ্যা গ্রহণ করেন; কিন্তু লোকে দেখিলেন, রাজনীতি সংক্রান্ত স্বত্ব লোপ হইলে কোন সচ্ছন্দতাই প্রীতিদায়িনী হয় না। রুশীয়েরাও মধ্য আসিয়ায় এই মঙ্গল সাধন করিতেছে।

ফ্রেণ্ডঅব ইণ্ডিয়া এতদ্দেশীয় সৈন্যদিগের কিয়দংশকে সুইন রাইফল দিবার অনুরোধ করিয়াছেন। সময়ের কি আশ্চর্য্য গতি এবং সত্যের কি মাহাত্ম্য! গবর্ণমেণ্টের এই চাটুকার এক্ষণে সেনাদল একত্রিত করিবার প্রণালীর প্রতি দোষারোপ পরিত্যাগ করিয়া এতদ্দেশীয় সৈন্যদিগের প্রতি অবিশ্বাসের প্রতিবাদ করিয়াছেন। এই ভাব এখন থাকিলে হয়

উক্ত পত্র সর ষ্টাফোর্ড নর্থকোটের শিক্ষা প্রণালী বিস্তারিত করিবার প্রস্তাবের প্রতিবাদ করিয়া বলেন, "ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে অগত্যা উচ্চতর ইংরাজী শিক্ষার নিমিত্ত বিস্তর টাকা ব্যয় করিতে হইবে। কিন্তু এক্ষণে গবর্ণমেণ্টের রাজনীতি ইংরাজী শিক্ষাবৃদ্ধির বিরোধিনী হইয়াছে।" সত্য কথা বাহির হইয়া পড়িয়াছে। সর জন লরেন্স বাঙ্গালীদিগের উপরে বাদ সাধিয়া ইংরাজী শিক্ষাই বন্ধ করিবার চেষ্টায় আছেন। ভারতবর্ষ তাঁহার স্বর্গময় প্রতিমূর্ত্তি করিবেন।

১৭ ই শ্রাবণ শুক্রবার।

দিল্লিতে এত বৃষ্টি হইয়াছে যে কয়েকখ বাটী ও কয়েক জন মনুষ্যের জীবন নষ্ট হইয়া বহু দিবসের পর বৃষ্টি হইলে প্রায়ই অধিক মনে হয় এবং তাহা হইতে বহুতর অ ঘটে।

গত কল্য অবধি প্রধানতম বিচারাল আদিম বিভাগের বাটীতে প্রধান বিচারপ বিচারপতি মাকবি, মাকফার্সন, লুই জ্যা ও দ্বারকানাথ মিত্র পাঁচ জন বিচারপতি এ আপীল শ্রবণ করিতেছেন। সিবিলিয়ান এতদ্দেশীয় বিচারপরিগণ এবিভাগে আগমন করেন না। কিন্তু বিচারপতি লুইজ সন ও দ্বারকানাথ মিত্রের সদৃশ জজেরা আ বিভাগে আসিলে ইহার অলঙ্কার স্বরূপ হই পাবেন।

২৪ পরগণার দক্ষিণাংশের লোকদি অতিশয় অনকষ্ট হইয়াছে। প্রায় ৩০০ দ কৃষক রাজধানী বিভাগের কমিসনরের নি আসিয়া বলিয়াছে, এমন কষ্টের সময়ে তাহা গুর জমীদার মাতৃশ্রাদ্ধের নিমিত্ত চাঁদা চা তেছিলেন। জমীদারদিগের এইসকল ব্যবহা নিমিত্তই আমরা কৃষকদিগের সহিত চিরস্থ বন্দোবস্ত করিতে বলিয়া আসিতেছি।

আমেরিকায় কলে গোদোহন হইতে সারি সারি গরু রাখিয়া প্রত্যেকের বাঁটে রব্বে নল দেওয়া হয়। যাবতীয় নল একটী পাত্র হইতে বহির্গত হওয়াতে দুগ্ধ তাহা গিয়া পড়ে। হস্ত অথবা বাষ্পদ্বারা দূর হই কল চলে এবং যেপ্রকার দুগ্ধ বাহুরে টানি থাকে, সেইপ্রকার নলে আকর্ষণ করে। দ্বারা দোহনের অর্দ্ধেক সময় মধ্যে এই ক দোহন হয়। ইহার আর এক সুবিধা এই গা স্বচ্ছন্দ বোধ হইয়া থাকে।

ঠনঠনিয়াতে সম্প্রতি মুক্তারামে যে বে হত হয়, তাহার হত্যাকারীরা ধৃত হইয়াছে দুই ব্যক্তি হত্যার রাত্রিতে ঐ বেশ্যার শয়ন করিয়াছিল। বেশ্যার ভগিনীকন্যা চার জন প্রতিবেশী এ ব্যক্তিদিগকে চি য়াছে।

১৮ ই শ্রাবণ শনিবার।

ডেলিনিউস বলেন, কিছু দিন হইল, ভা বর্ষীয় গবর্ণমেণ্ট পরীক্ষা করিয়া দেখি নিমিত্ত বঙ্গদেশ ও উত্তরপশ্চিমাঞ্চলে মা ১৩৯৫ টাকা ব্যয়ে ৪৬ টী ডাকঘর স্থাপন ক

লন। ব্যয় অপেক্ষা আয় অধিক হওয়াতে
চিরস্থায়ী হইয়াছে। ডাকঘর যেখানে
সেই খানেই প্রায় লাভ হইবে।

৪ পরগণার যে জমীদার এই কষ্টের সময়ে
দিগের নিকটে মাতৃশ্রাদ্ধ বলিয়া ভিক্ষা
ছেন। তদুপলক্ষে ডেলিনিউস বলিয়া-
"জমীদারগণ কবে কৃষকদিগের প্রতি
াদিগের কর্ত্তব্য কর্ম্ম বুঝিবেন, অথবা
মন্ট তাহা করিতে বাধিত করিবেন?
য়র মীমাংসা শীঘ্র করা উচিত। ফেলিয়া
উচিত নহে। ৯ ডেলিনিউস চিরস্থায়ী
বস্ত ভঙ্গ করিবার প্রস্তাবটী করিয়া হল-
বটিকা প্রয়োগ করিলেন না কেন?

াশীর এক জন মিস্ত্রী মৃত্তিকার ভিতর
নি তাম্রফলক পাইয়াছে: ইহাতে
ত ও সংস্কৃত ভাষায় কিছু লেখা আছে।
লখার মর্ম্ম কি, তাহা এপর্য্যন্ত কেহ স্থির
নাই। এখানি তত্রত্য চিত্রশালিকায়
। কাশীর নিকটে একটী স্থান আছে,
সর্ব্বদা অলঙ্কার ও অস্ত্রপ্রভৃতি লাঙ্গলে
থাকে। অনেকে অনুমান করেন, এস্থানে
লপুর্দে একটী নগর ছিল। এস্থান খনন
া দেখা কর্ত্তব্য।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ
ত হইতেছে:—

টাকার সিক্কা	৯৫৸৵০ । ৯৬
৯ কোং	৯৫৵ । ৯৫৷০
পবলিকওয়ার্ক	০৫৷৵০ । ১০৫৷৷০
৯ কোং	১০৯৸০ । ১১০
৯ কোং	১১৪৸৵০ । ১১৫

ইউরোপীয় সমাচা

ণ্ডন ২২ এ জুলাই: গত কল্য গিলডহাল
ত সর রবার্ট নেপিয়রকে লণ্ডন নগরের
াসীর স্বত্ব ও ২০০ গিনি মূল্যের এক তল
প্রদান করা হইয়াছে।

ক্যার সময়ে তাঁহার সম্মানার্থ লাড মেয়
াটীতে ভোজ হইয়াছে।

। রবার্ট নেপিয়রকে প্রশংসা করিয়া যে
বক্তৃতা করা হয়, তদুত্তরে তিনি বলিয়া
াহাকে অনেক লোক সাহায্য করেন,
তঃ ভারতবর্ষের গবর্ণর জেনরল এবং
ও মাদ্রাজের গবর্ণরের নিকটে তিনি
মাদের। যুদ্ধে যেসকল ভারতবর্ষীয় ও
পীয় সৈন্য কর্ম্ম করে, তিনি তাহাদিগের
র প্রশংসা করেন।

গত রাত্রিতে সর রবার্ট আনষ্টরার সর
ষ্টাফোর্ড নার্থকোটকে জিজ্ঞাসা করেন, বিদা
য়ের পুর্ব্বতন নিয়মানুসারে যেসকল সিবিলি
য়ান বিদায় লইয়া ইংলণ্ডে আছেন, তাঁহাদি
গকে নূতন নিয়মানুসারে স্বত্ব না দিলে কষ্ট
হইবে। এবিষয়ে কোন বন্দোবস্ত হইয়াছে কি
না? সর ষ্টাফোর্ড নর্থকোট বলিলেন, এমন স্থলে
ব্যক্তিবিশেষের অবশ্য কষ্ট হইবে, ইহা নিবা
রণ করা অসাধ্য। তিনি বলিলেন, এই কষ্টের
একটী মাত্র প্রতিকার আছে। যাঁহারা প্রতি
নিধিস্বরূপ কার্য্য করিতেছিলেন, তাঁহারা ভার
তবর্ষে প্রতিগমন করিলে ভরণ পোষণের টাকা
ভিন্ন আপন আপন পদের বেতনের শতকরা
৭৫ টাকা পাইবেন। এই টাকা ভারতবর্ষের
রাজস্ব হইতে দেওয়া হইবে। তিনি আরও বলি
লেন, আগামী সপ্তাহের মধ্যে তিনি এতৎসং
ক্রান্ত যাবতীয় বিষয় অবগত হইয়া মহাসভাকে
তাহা জানাইবেন।

কমন্স হাউস টেলিগ্রাফসংক্রান্ত বিল বিধিবদ্ধ
করিয়াছেন।

২৪ এ জুলাই. গত রাত্রিতে কমন্স হাউসে
স্মিথ সাহেবের প্রশ্নের প্রত্যুত্তরস্বরূপ সর
ষ্টাফোর্ডনার্থকোট বলিয়াছেন, তিনি আগামী
সোমবার ভারতবর্ষের আয় ব্যয়ের হিসাব মহা
সভায় প্রদান করিবেন। তিনি আরও বলিলেন
হিসাবের সময় পরিবর্ত্ত করিবার মানস করা
হয় নাই।

ভারতবর্ষের শাসনপ্রণালীর উৎকর্ষসাধন
বিষয়ক যে দুই আইনের পাণ্ডুলেখ্য হয়, তাহা
পরিত্যক্ত হইয়াছে।

গর্ণমেণ্ট বিজ্ঞাপন।

লেপ্টনণ্টগবর্ণরের
আদেশানুসারী
নিয়োগ।

২১ এ জুলাই। মুঙ্গেরের ডেপুটি মাজিষ্টেট
ও ডেপুটি কালেক্টর মৌলবী ওয়াজি উল্লা
পুর্ণিয়াতে বদলী হইয়া প্রথম শ্রেণির অধীন
মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

২৩ এ জুলাই। ডি, এম, বারবর সাহেব
মজঃফরপুরের মিউনিসিপালিটর সংকারী সভা
পতি হইবেন।

ডি, এম, বারবর সাহেব ত্রিহুতের কেরিক্ষণ
কমিটির সেক্রেটারি হইবেন।

যত দিন জে, আর, মস্প্রাট সাহেব
লইয়া অনুপস্থিত থাকিবেন, ততদিন
আলেকজাণ্ডার সাহেব পুর্ণিয়ার প্রতি
সিবিল ও সেসিয়ন জজ হইবেন।

এচ, হাক্সি সাহেব মুরসিদাবাদের প্রতি
সিবিল ও সেসিয়ন জজ হইবেন।

২২ এ জুলাইয়ের গেজেটে হাক্সি সা
পুর্ণিয়ার প্রতিনিধি সিবিল ও সেসিয়ন
পদে নিয়োগের যে বিজ্ঞাপন হয়, তাহা
দ্বারা রহিত হইল।

২৪ এ জুলাই। শিয়ালদহের ডেপুটি
ষ্টেট ও ডেপুটি কালেক্টর কুমার হরে
বাহাদুর ১৮৫৪ অব্দের ১৮ আইন অনু
দক্ষিণ পুর্ব্ব রেইলওয়ের সমুদায় অংশে
পাইবেন।

এচ, বি, বিম্‌স সাহেব রাজমহলে
আসিষ্টান্ট কমিসনর হইয়া সাঁওতাল পর
দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের
পাইবেন।

২৫ এ জুলাই: নিম্নলিখিত নূতন নি
জিত ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্ট
পশ্চালিখিত স্থানে থাকিবেন।

বাবু যাদবচন্দ্র গোস্বামী বি, এ, ম
সিংহে। মৌলবী সিরাজল ইসলাম বি
শ্রীহট্ট। এ, মিলার সাহেব বাখরগঞ্জে
পার্ব্বতীচরণ রায় চাকাতে।

নিম্নলিখিত ব্যক্তিরা আপন আপন
ভার গ্রহণদিবসাবধি প্রথমশ্রেণির প্রতি
মাজিষ্ট্রেট ও কালেক্টরের ক্ষমতা পাইবেন

জে, এফ, লৌস সাহেব	মুরসিদা
জি, এস, টি হারিস	হাবড়
এফ, জে, আলেকজাণ্ডার	রাজসাহী
পি, এ, হমফ্রে, "	পাবন

নিম্নলিখিত ব্যক্তিরা যে দিবস পশ্চা
কর্ম্মচারীদিগের হস্ত হইতে কার্য্যভার
হইবেন, সেই দিন অবধি প্রথম শ্রেণির
নিধি মাজিষ্ট্রেট ও কালেক্টরের ক্ষমতা পাই

ডবলিউ ওয়েল সাহেব এচ, এ, কক্রেল
বের পরিবর্ত্তে।

ই, এচ, হুইনফিলড সাহেব আর,
কক্রেল সাহেবের পরিবর্ত্তে।

ডবলিউ, আর, লাম্বিনি সাহেব ই, ই
সাহেবের পরিবর্ত্তে।

আর, ডি; হাইম্‌ সাহেব এম, এ,
মনরো সাহেবের পরিবর্ত্তে।

এচ, সি, বি, সি, রেবাস সাহেব ডব
বি, জি, টেলর সাহেবের পরিবর্ত্তে।

নিম্নলিখিত ব্যক্তিরা দ্বিতীয় শ্রেণির
নিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

ওকিনলে সাহেব। মালদহে।
ওয়েষ্টলাণ্ড সাহেব যশোহরে।
সি, মাজল স, সাহেব ত্রিহুতে।
সি, প্রাইস " বাখরগঞ্জে।
সি ষ্টিবেন্স " সাহাবাদে।
র, এচ, পসি " বালেশ্বরে।
জে, বার্টন " হুগলীতে।

দিবস ডবলিউ, এচ, বার্থার সাহেব শিয়া
ত্যাগ করিয়া শাহাবাদের প্রথম শ্রেণির
ট মাজিষ্টেটের পদে নিযুক্ত হইবেন, সেই
অবসি ডবলিউ, বি, ওলড্হাম সাহেব
য় শ্রেণির প্রতিনিধি জাইণ্ট মাজিষ্টেট ও
ট কালেক্টর হইবেন।

৭ ই জুলাই। বালেশ্বরের প্রতিনিধি মাজি
ও কালেক্টর আর, এচ, পসি সাহেব নিজ
ণে করদ মহলের সুপরিণ্টেণ্ডেণ্টের সহ
হইবেন।

ডবলিউ, ডেবি সাহেব কুমিল্লার এক জন
মিসিপাল কমিসনর হইবেন।

নিম্নলিখিত ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি
লক্টরেরা ১৮৬৮ অব্দের ৯ আইন অনুসারে
াতে কালেক্টরের ক্ষমতা পাইবেন।

বু দিননাথ আঢ্য।
প্যারীমোহন বন্দ্যোপাধ্যায়।

৮ এ জুলাই। জি, কে, ওবেষ্টর সাহেব
নের মিউনিসিপালিটির সহকারী সভা
ও ডবলিউ সেপাড সাহেব অনারর সভা
ন।

—০—

আমাদিগের বীরভূমের সংবাদদাতা

রাছেনঃ—

। সে দিন জানুয়ারী আবাদ স্কুলের পারি
কবিতরণ কার্য্য অতি সমারোহে সম্পন্ন
গিয়াছে। অনেক ৩০ টাকা মূল্যের পুস্তক
ত হইয়াছে। এই উপলক্ষে স্কুলগৃহে
ভার অধিবেশন হইয়াছিল, তাহার সভা-
আসনে এখানকার মহারাজ আসীন
ছিলেন।

। গত ২১ এ জুলাই অপরাহ্ণ ২ ঘটিকার
লেপ্টনাণ্ট গবর্ণর কাটোয়ায় উপনীত
ছিলেন। ২০ এ এখানে তাঁহার আগমন
এরূপ গেজেট হইয়াছিল। কি কারণে
পৌঁছিতে পারেন নাই, বিশেষ জানা
ই। এখানকার মহারাজ সপুত্রক হইয়া
সাক্ষাৎকারলাভের আশায় উপস্থিত
। দেখিলাম, তাঁহার সঙ্গে অতি সমাদরের
সাক্ষাৎ হইয়া গেল। অনুন ১ ঘটিকা
তাঁহার সঙ্গে নানা বিষয়ে কথা বার্ত্তা হয়।
কার সময় গবর্ণর মহোদয় আপন ষ্টিমার
কাটোয়ায় অবতরণ করিবেন, এরূপ
গিয়াছিল; কিন্তু অবতরণ করা আর
ঘটিয়া উঠে নাই। আমাদের মহারাজের সঙ্গে
বিস্তর লোক, হস্তী, ঘোড়া গিয়াছিল। তাহাতে
কাটোয়ায় হুলস্থূল পড়িয়াছিল। পর দিন
প্রাতেই ষ্টিমার ছাড়িয়াছিল।

৩। রাইপুরে একটী রাত্রি ও একটী বালিকা
বিদ্যালয় স্থাপিত হইয়াছে। রাইপুর, বীরভূমের
অন্যান্য স্থান হইতে সভ্যতম জনপদ। এখানে
অনেকগুলি কৃতবিদ্য লোক আছেন। ঈদৃশ
স্থানে এই দুই বিদ্যালয়ের যে এ পর্য্যন্ত অভাব
ছিল, ইহাই আক্ষেপের বিষয়।

৪। শুনিলাম, বীরভূমের সকল স্থানে সুচারু
রূপে বৃষ্টিপাত হয় নাই। সকলেই সশঙ্কিত
হইয়াছেন।

৫। এখানকার অতি নিকটে বহরান নামে
এক গ্রাম আছে। শুনিলাম, সেখানে এক ব্যক্তি
জালকার্য্যে অতিশয় নিপুণ ছিল। এই কার্য্যটী
তাহার জীবনোপায় হইয়া দাঁড়াইয়াছিল; কিন্তু
এত দিনে এ বিষয়টী প্রকাশ হইয়া পড়িয়াছে।
কাটোয়ার সুযোগ্য ডেপুটী মাজিষ্ট্রেট তাহাকে
যন্ত্রসহ গ্রেপ্তার করিয়াছেন। সে ব্যক্তি এখন
বিচারাধীনে আছে।

৬। বেরমপুরের ডাকাইতির বিষয় সোমপ্র
কাশে পূর্ব্বে প্রকাশিত হইয়াছিল। স্থানীয়
পুলিষে তাহার কোন অনুসন্ধান করিতে পারে
নাই। শুনিলাম, কান্দির ডেপুটী মাজিষ্টেট সেই
দস্যুদলের কয়েক ব্যক্তিকে ধরিয়াছেন।

—০—

আমাদিগের নজঃকরপুরস্থ সংবাদদাতা লিখিয়াছেনঃ—

গত ৬ ই শ্রাবণ রাত্রি ৮ টার সময়ে মজঃফ-
রপুর ব্রিটিশ ইণ্ডিয়ান আসোসিএসন ও বিজ্ঞান
সভার অধিবেশন হইয়াছিল। সভাস্থলে অনেক
দেশীয় বিদেশীয় সম্ভ্রান্ত লোক সমুপস্থিত
ছিলেন। বিশেষতঃ এখানকার জজ মাজিষ্ট্রেট
প্রভৃতি প্রধান প্রধান রাজপুরুষেরা সমাগত
হন। সভার আড়ম্বরের ত কিছুমাত্র ত্রুটি হয়
নাই; কিন্তু কার্য্য কিছুই দেখিতেছি না; কেবল
জাঁকজমকই সার হইতেছে। আমরা পূর্ব্বে
ভাবিয়াছিলাম, এ সভাদ্বারা দেশের বিশেষ
উন্নতিলাভ হইতে পারিবে; কিন্তু আক্ষেপের
বিষয় এই এপর্য্যন্ত এমন কোন কার্য্য দৃষ্ট হইল
না, যাহার নিমিত্ত সভাকে ধন্যবাদ দেওয়া
যাইতে পারে।

২। সাতিশয় বিষাদের সহিত প্রকাশ করি-
তেছি, ত্রিহুতের স্থানে স্থানে অদ্যাপি দাস ক্রয়
প্রথা প্রচলিত আছে। ঐ সকল দাসকে
কহে। নফরেরা প্রভুর সকল কার্য্যই
থাকে। তন্নিমিত্ত উহারা স্বতন্ত্র বেতন পা
কেবল সামান্যরূপ অন্ন ও বস্ত্র পাইয়া থ
তাহাতেই ঐ হতভাগ্যেরা যাবজ্জীবন কা
বাক্যে স্বামীর আজ্ঞা বহন করিয়া থ
পালিত পশুর ন্যায় ইহাদের সন্তান স
উপরও স্বামীর স্বত্ব জন্মিয়া থাকে। কি
ঐ স্বত্ব নাশ হয় না। স্বামী মনে করিলে
দিগকে বিক্রয় করিতে সমর্থ হন। ৭০
টাকায় অথবা তদপেক্ষা ন্যূন মূল্যেও
দম্পতী বিক্রীত হইয়া থাকে। প্রকাশ্য
বড় ক্রয় বিক্রয় হয় না; কিন্তু গোপনে গো
অনেক স্থলে হইয়া থাকে। এক দিন
জমীদারের সহিত ঘটনাক্রমে আমা
সাক্ষাৎ হইয়াছিল। তাঁহার
একটী শীর্ণকায় চীরধারী চাকর দে
জিজ্ঞাসা করাতে জানিলাম, সে নফর। ঐ
দারের পিতা ঐ নফরের মাতাপিতাকে
ক্রয় করেন। তদবধি ঐ দুর্ভাগাদম্পতী
বারে দাসত্বশৃঙ্খলে বদ্ধ হইয়াছে
উহাদের যে কয়েকটী সন্তান জন্মিয়াছে,
রাও ঐ প্রভুর দাসরূপে পরিগণিত হইয়
ন্যায়পরায়ণ ইংরাজরাজত্বের ভিতর
ন্যায়বিরুদ্ধ ঘৃণিত প্রথা প্রচলিত আছে,
অপেক্ষা লজ্জা, বিস্ময় ও আক্ষেপের
আর কি হইতে পারে। এক্ষণে গবর্ণ
নিকটে সবিনয়ে প্রার্থনা যাহাতে এ
লোমহর্ষণ কুৎসিত প্রথা অচিরে তিরো
হয়, তদ্বিষয়ের বিশেষ অনুসন্ধান লইতে য
হউন।

কয়েক দিন হইল এখানে উত্তম বৃষ্টি
তেছে। আপাততঃ আর দুর্ভিক্ষের আ
দেখিতেছি না। কৃষকেরা সানন্দে ধান
রোপণ করিতেছে।

কালেক্টরী আদালতে পুনরায় আর
নূতনপ্রকার ফাল ধৃত হইয়াছে। আমরা
ষ্টর সাহেবকে অনুরোধ করি, আদালতের
তন কাগজ পত্র ভাল করিয়া পরীক্ষা ক
তাহা হইলে আরো কত বাহির হইবে।

—০—

ক্ত পত্র আরো বলেন, ষ্টেট সেক্রেটারি া দিয়াছেন, অযোধ্যায় এক কালে টাকা যে সে ভূ বিক্রয় হইবে না। যে বাটী, কারখানা, উদ্যান ও ক্ষেত্র হই-তাহার মূল্য দিলে নিষ্কর দেওয়া হইবে। আমরা হিস্যুপেটিয়ট দর্শন করিয়া অতি-াহ্লাদিত হইলাম, সিবিল সর্ব্বিস কমিসনর রতবর্ষীয়দিগের প্রতি একটী সুবিচার করি। সংস্কৃত ও আরবির নম্বর ৩১৫ হও সাধারণের যে অসন্তোষ জন্মে, কমিসনর-ন্নিবারণার্থ পুনর্ব্বার ঐ ঐ ভাষার নম্বর করিয়াছেন, কমিসনরগণ আরও নিয়ম ছেন, পরীক্ষায় উত্তীর্ণ হইলে নূতন লয়ান ২৪ বৎসর বয়স না হইলে ইংলণ্ড করিতে পারিবেন না। ভারতবর্ষীয় পরী ক্ষার্থীদিগকে কিছু অধিক দিন ইংলণ্ডে রাখা তাঁহাদিগের অভিপ্রেত। আহ্লাদের বিষয় এই, পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদিগকে ষ্টেট সেক্রেটারি প্রথম বৎসর ১০০০ ও দ্বিতীয় বৎসরে ২০০০ টাকা পুরস্কার দিবেন।

২১ এ শ্রাবণ মঙ্গলবার।

গত কল্য বঙ্গদেশীয় ব্যাঙ্কের অংশীদিগের সাম্বৎসরিক সভা হয়। এই সভায় স্থির হইয়াছে, বর্ত্তমান সেক্রেটারি ও ধনাধ্যক্ষ ডিকসন সাহেব পদত্যাগ করিলে তাঁহাকে মাসিক ১০০০ টাকা পেন্সন দেওয়া হইবে। বোম্বাইয়ে যে শাখা স্থাপিত হয়, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাহা উঠাইয়া দেওয়াতে অসন্তোষ প্রকাশ করা হইল। কারণ তদ্দ্বারা বোম্বাই ব্যাঙ্কের কার্য্যের প্রতি হস্তার্পণ করা হয় নাই।

আমরা আহলাদিত হইলাম, ইণ্ডিয়ান ডেলি নিউস রাত্রিতে সুরাবিক্রয়ের বিষয়ে আমাদিগের মত অবলম্বন করিয়াছেন। যখন সুরাপায়ী লোকের সংখ্যা বৃদ্ধি হইতেছে, তখন তাহারা অবশ্য সুরাপান করিবে। রাত্রিতে প্রকাশ্য রূপে বিক্রয় করিবার যো নাই; কিন্তু শুঁড়িরা এ লাভের লোভ ত্যাগ করিতে পারে না। তাহারা ও মাতালেরা আইন লঙ্ঘন করে; পুলিষ প্রহরীরা উৎকোচ লয়। শুঁড়িরা পশ্চাতের দ্বার বন্ধ করাতে বেশ্যালয়ে সুরা বিক্রীত হয়। সুরাপানে ইন্দ্রিয় উত্তেজিত হয়; সুরা ও বেশ্যা এক স্থানে উভয়ের যোগ হইলে কি হয় তাহা সকলেই বুঝিতে পারেন। তন্নিমিত্ত ডেলিনিউস বলেন, যখন সুরাপান বন্ধ করিবার যো নাই তখন অনিষ্ট যত নিবারিত থাকে, ততই মঙ্গল। অতএব মাসুল বৃদ্ধি করিয়া রাত্রিতে মদ্য বিক্রয় করিতে দেওয়া কর্ত্তব্য।

ইংলিশম্যান বলেন ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অনুরোধে (?) অযোধ্যার রাজা আর "ওয়াজিদ আলিশাহ" বলিয়া স্বাক্ষর করিবেন না। তিনি শাহ উপাধি পরিত্যাগ করিতেছেন। এ উপাধিতে তাঁহার কি ক্ষতি ছিল আমরা কিছুই বুঝিতে পারিলাম না।

গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন ভারতবর্ষীয়দিগের ন্যায় ফিরিঙ্গিরাও গিলক্রিষ্ট ছাত্রবৃত্তি পাইতে পারিবেন। এই বার ত ডিক্রুজের বংশীয়দিগকে "নেটিব" নাম লইতে হইল। লাভের বেলা দোষ নাই!

সম্প্রতি রাজধানী বিভাগের কমিসনরের বাটীতে ২৪ পরগণার দক্ষিণাংশের কতকগুলি জমীদার, মিসনরি ও প্রজার এক সভা হয়। মিসনরিরা বলেন, লোকের এত কষ্ট হইয়া সাহায্য না দিলে আর চলে না। জমীদা উহার আবশ্যকতা স্বীকার করিয়াছেন মাই; কিন্তু সর্ব্বাপেক্ষা চাপমান সাহেব বা করিয়াছেন। তিনি কৃষকদিগকে বলিয় যতই কষ্ট হউক না কেন, কর অবশ্য হইবে। কমিসনর কি এই মধুমাখা বাক্য ইবার নিমিত্ত তাহাদিগকে এত দূর আনি লেন?

দিল্লীরাজবংশীয়েরা উত্তর পশ্চিম বাস করিবার যে আবেদন করেন, তাহ ষ্টাকোড নর্থ কোট এই বলিয়া অগ্রাহ্য ক ছেন যে, রাজনীতিসম্বন্ধে যাহাঁরা নিরব থাকেন, তাহাঁদিগের বাসস্থান মনোনীত বার সামর্থ্য নাই। এপ্রকার প্রার্থনা অ করা অপরামর্শসিদ্ধ হয় নাই। উত্তর প ঞ্চলে থাকিলে রাজকুমারগণের কুলোকের জালে বদ্ধ অথবা চক্রান্তে পতিত হইয়া নি হইবার সমধিক সম্ভাবনা।

সিন্ধিয়ান বলেন, কাপ্তেন মিঙ্কিনের অ ভাওলপুরের সবিশেষ উন্নতি হইতেছে। কা কয়েকটী জলসেচক খাল খনন করিবার নি টাকা কর্জ্জ করিতেছেন। দাউদপুত্র প্র দৌরাত্ম্যকারীরা নিরস্ত হইয়াছে। যুবক এই দৃষ্টান্ত স্মরণ রাখেন এই আমাদি প্রার্থনা। তেঁসলা বংশীয় শেষ রাজার অ ব্যবহার কালে ব্রিটিশ রেশিডেণ্ট নাগপু অভূতপূর্ব্ব উন্নতিসাধন করেন, কিন্তু রা নিজে শাসনভার লইবামাত্র সকলই নষ্ট য়াছিলেন। মহীসুর ও ভাওলপুরে তাহা হ আর কোন ভারতবর্ষীয় এতদ্দেশীয় শাসনক লীর অনুমোদন করিতে সাহসী হইবেন না।

আবিসিনিয়ার যুদ্ধে জয় হওয়াতে রা সর রবার্ট নেপিয়র ও সৈন্যদিগকে যে ধন্য দিয়াছেন তাহা গজেটে প্রকাশিত হইয়াছে আমরা দুঃখিত হইলাম, স্থানাভাব প্রযুক্ত প্রকাশ করিতে পারিলাম না। ভারতব সৈন্যদিগকে বিশেষতঃ এতদ্দেশীয় সৈন্যদি রাজ্ঞী বিশেষ প্রশংসা করিয়াছেন। সর জা নাথকোট বলেন, ভারতবর্ষীয় (এতদ্দেশী সৈন্যদিগকে ধন্য বাদ দিবার ভার আম হস্তে পতিত হওয়াতে আমি অতিশয় আ দিত হইতেছি। সর্ব্বসাধারণে ইহাতে রাজ্ঞী নিকটে অবশ্যই কৃতজ্ঞ হইবেন। এই প্রকার কথায় যতকাজ হয় কেবল বল প্রকাশে তা হইতে পারে না।

আমরা আহ্লাদিত হইলাম, মান্দ্রাজ গ মেণ্ট আমাদিগের গবর্ণমেণ্টের ন্যায় স্ত্রী

করিয়াছেন। নিয়মবহির্ভূত প্রদেশে বোধ রূপ হইবে না।

২২ এ শ্রাবণ বুধবার।

ওয়ান এক্জামিনর অনুমান করেন, লণ্ডের বেতনভোগী প্রোটেষ্টাণ্ট ধর্ম্ম য় উঠিয়া যাইবার পরেই ভারতবর্ষের ভোগী পাদরিরা অন্তর্হিত হইবেন। দিগের সহিত খৃষ্টীয়ানদিগের এ চেষ্টা র্ত্তব্য। আমাদিগকেই বলা হয় যে আমরা বিষয়ে গবর্ণমেণ্টের মুখাপেক্ষা করি। াগামী জানুয়ারি মাসে আর্কডিকন প্রাট পদ ত্যাগ করিবেন। আর্কডিকন প্রাট উদ্বোধন ও কটনের পর কলিকাতার ন ইহা সকলেরই ইচ্ছা ছিল। কিন্তু ীয় গবর্ণমেণ্ট সে আশা পরিপূর্ণ করেন বঙ্গদেশের পাদরিরা আর্কডিকনের র্থ এক সভা করিতেছেন।

বুল হইতে সংবাদ আসিয়াছে আমির ধীনে কাবুল ও গজনি আছে। জেলে দ বিদ্রোহ হইয়াছে। আবদুল রহমন খাঁ তুর্ক স্থানে বিব্রত এবং তাঁহার সহিত আলি খাঁর গোপনে সন্ধি হইয়াছে। আলি খাঁ গিজনি আক্রমণ করিতেছেন, নগরবাসিগণ তাঁহার শুভাকাঙ্ক্ষী।

দার রাজার অত্যাচার ক্রমশঃ অসহ্য হই । গুজরাটনিবাসী বলেন, তিনি কয়েক জন রকে বিনা দোষে কারারুদ্ধ করিয়া আদায় করিয়াছেন। রেসিডেণ্টের অস্থ রক্ষা করেন নাই। এক ব্যক্তির গৃহ হয়, কিন্তু গুইকুমার তাঁহার ৫০,০০০ জরিমানা করিয়াছেন। প্রজাগণ হতস- ইতেছেন এবং কেহ কেহ দরিদ্রতা ও চার সহ্য করিতে না পারিয়া আত্মহত্যা ছেন। গুইকুমার বাস্তবিক এইরূপ অথবা ট মিত্র অত্যুক্তি করিতেছেন, ইহার অনু করিয়া ব্রিটিশ গবর্ণমেণ্টের প্রতিবিধান উচিত।

াম্বাইয়ের নূতন ব্যাঙ্ক শতকরা পাঁচ লাভ প্রদান করিতেছেন।

২৩ এ শ্রাবণ বৃহস্পতিবার

প্রতি পেইন কোম্পানি হায়দরাবাদের মর এক জন কর্ম্মচারীর নামে প্রধানতম ালয়ে নালীশ করেন, উক্ত ব্যক্তি বলেন. ফিরঙ্গি, ৩৫ বৎসরকাল নিজামের রাজ্যে ন, তিনি ব্রিটিশ প্রজা নহেন। কিন্তু বিচা এই আপত্তি গ্রাহ্য না করিয়া ডিক্রী ন। লাড ষ্টানলি পারস্যস্থিত কয়েক জন বর্ষীয়ের বিষয়ে বলিয়াছেন. দুই পুরুষের বিদেশে বাস করিলে সে ব্যক্তিকে আর প্রজা বলিয়া গণ্য করা হইবে না।

প্টেনাণ্ট মাকডনেলনামক যে আফিসর তে সৈনিকদিগের তলপেটের ফ্লানেল পরীক্ষা করিতে অসম্মত হন, সামরিক-বিচারালয় তাঁহাকে ভৎসনা করিয়াছেন। প্রধান সেনাপতি বলেন লেপ্টনাণ্ট প্রধানের আজ্ঞা লঙ্ঘন করিয়া সৈনিকের একটি প্রধান কর্ত্তব্য কর্ম্মের অন্যথা চরণ করিয়াছেন। প্রত্যেক যোদ্ধাকে প্রধানের আজ্ঞা অবশ্য শ্রবণ করিতে হইবে, আপত্তি থাকে আজ্ঞাপালন করিয়া করিবেন। কাপ্তেন ব্রোণ যে আজ্ঞা দিয়াছিলেন সেটীও অন্যায় হয় নাই। পীড়ার সময়ে আফিসরগণের ইহা করা আবশ্যক।

মান্দ্রাজ গবর্ণমেণ্ট টমাস জোন্স সাহেবকে তত্রত্য ছোট আদালতের নূতন বন্দোবস্ত করিবার অনুরোধ করিয়া বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের অনুমতি চাহিয়াছেন। তিনি তত্রত্য আড়কাটী দিগের বিষয়েও উৎকর্ষসাধন করিবেন। এখান কার আড়কাটীদিগের প্রতি কবে দৃষ্টিপাত করা হইবে। ইহাদিগের দোষে সিকি-শুল্ক নষ্ট হইয়া থাকে।

ষ্টেটসেক্রেটারি আজ্ঞা দিয়াছেন বেতন অল্প বলিয়া হউক আর পুরস্কার বলিয়া হউক যখন কোন অচিহ্নিত কর্ম্মচারী অতিরিক্ত টাকা পাই বেন, বিদায় লইলে বেতনের সহিত তাহারও কর্ত্তন হইবে। গবর্ণর জেনরল পুরস্কারের দণ্ড স্বরূপ অতিরিক্ত টাকা কর্ত্তন না হয়, এই প্রস্তাব করিয়াছিলেন। তাঁহার প্রস্তাবই যুক্তিসিদ্ধ বোধ হইতেছে।

মধ্য ভারতবর্ষের তুলার কমিসনর রিবেট কার্ণাক সাহেব রিপোর্ট করিয়াছেন গত বর্ষে বেরার হইতে ২,০৪,০০০ বস্তা এবং মধ্যভারতবর্ষ হইতে ১৬০০ বস্তা তুলা রপ্তানী হয়। এবার পূর্ব্ববৎসর অপেক্ষা ৩৮০০০ ও ১৮০০০ বস্তা কম হইতেছে। কার্ণাক সাহেব ইহার কোন কারণ প্রদর্শন করেন না। এবার প্রথমে অতিবৃষ্টি তৎ পরে অনাবৃষ্টি হওয়াতে তুলার চাসের ক্ষতি হইবার যে সম্ভাবনা হইয়াছিল, সৌভাগ্যক্রমে শ্রাবণ মাসের প্রারম্ভে বৃষ্টি হওয়াতে সে শঙ্কা দূর হইয়াছে।

২৪ এ শ্রাবণ শুক্রবার।

আগষ্টস ষ্টুয়ার্টনামক যে আটর্ণীকে এক বিনামী বিক্রয় কবলা প্রস্তুত করিবার অপরাধে প্রধান বিচারপতি বিচারালয় হইতে বহিষ্কৃত করেন, তিনি প্রিবি কৌন্সিলে আপীল করিয়া পুনর্ব্বার নিযুক্ত হইয়াছেন। প্রিবিকৌন্সিল বলেন. বিনামী দলীল করা অন্যায়; কিন্তু যখন তদ্দ্বারা অন্যের অনিষ্টের চেষ্টা পাওয়া না হয় তখন ইহা দণ্ডনীয় নহে। এতদ্দ্বারা বিনামীকে এক প্রকার প্রশ্রয় দেওয়া হইবে।

মধ্য ভারতবর্ষের কমিসনর তত্রত্য আদালত সমূহে নানাপ্রকার ভাষা ব্যবহৃত হওয়াতে গোল যোগ হয় বলিয়া আক্ষেপ করাতে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট উর্দ্দু উঠাইয়া দিয়া মাহরাষ্ট্রীয় ভাষা প্রচলিত করিবার আজ্ঞা দিয়াছেন

বাজুটিয়া পুনর্ব্বার সীমা অতিক্রম করিয়া দৌরাত্ম্য করাতে কোহাট হইতে এক দল তাহাদিগকে দমন করিতে গমন করিয়

আগামী সূর্য্যগ্রহণদর্শনার্থ ক্রমশঃ দুই পের সকল দেশের জ্যোতির্দ্বিৎ আগমন তেছেন। তিন জন আর্ম্মেনীয় জ্যোতি সম্প্রতি আগমন করিয়াছেন।

২৫ এ শ্রাবণ শনিবার।

ইউরোপীয় লোফারদিগের অত্যাচার হইয়া উঠিয়াছে। মফস্বলে ইহাদিগের গুরুতর অনিষ্ট সাধিত হয়। ইহারা সহজে না পাইলে বলপূর্ব্বক তাহা লইয়া থাকে। শের দানশীলতা প্রসিদ্ধ. তথাপি ইহাঁরা পারিয়া উঠেন না। অনাথ আলয়প্রভৃতি হইল, তাহাতে কিছুই হইল না। অনেক ইউরোপীয় স্ত্রীলোকেরা আপনাদিগের ব লোফারদিগের দ্বারা নিপীড়িত হওয়াতে ন ণ্টের চক্ষু উন্মীলিত হইয়াছে। সম্প্রতি সাহেব ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভায় এক অর্পণ করিয়াছেন। ইংলণ্ডের ন্যায় এ একটী আলয় হইবে; অলস লোফারদি তথায় খাটিয়া উদর পূর্ণ করিতে হইবে। ওয়ে কোম্পনি ও জাহাজী কাপ্তেনেরাই কাংশ লোফার ছাড়িয়া দেন। ইহাঁরা যে লোক আনিবেন, তাঁহাদিগকে ইংলণ্ডে যাইবার ভার ইহাঁদিগের উপরে পড়িবে এক বৎসরের অধিককাল হইলে গবর্ণমেণ্ট ব্যয়ের সাহায্য করিবেন। প্রত্যেক লোক এক মাসের খোরাকী দিয়া ইংলণ্ডে পাঠ দেওয়া হইবে। এইসকল ব্যক্তি দোষ ক মফস্বল আদালতে ইহাদিগের দণ্ড হই দণ্ড এই, শ্রমার্থ যে আলয় হইবে উহাদি তথায় পাঠাইয়া দেওয়া হইবে। মেইন সা এচেষ্টাটী অতিশয় প্রশংসনীয়। লোফারি বিষয়ে কোনপ্রকার সন্দিবেচনা না ক কেবল যে তাহারাই কষ্ট পাইবে এরূপ অন্যের মহাকষ্টের হেতু হইবে।

ব্রহ্মদেশের রাজা আপনার সৈন্যদিগকে শিখাইবার নিমিত্ত ফ্রান্স, জার্ম্মেনী ও ই হইতে কয়েকজন আফিসর আনাইতেছেন

ফেণ্ড অব ইণ্ডিয়া বলেন, সর চারলস সন মেইন সাহেবের পদে নিযুক্ত হইতে প এই কথা বলিয়া ফেণ্ড বলেন, "আমরা করি সর চারলস জাক্সন আপনার কর্ত্তব্য জলাঞ্জলি দিয়া সিমলাবাস করিবেন আমাদিগের মিসনরি পত্রপ্রেরক দেখুন, স লরেন্সের চাটুবাদীও প্রকারান্তরে তাঁহা কীর্ত্তন করিয়াছেন।

ইউরোপীয় সমাচার

৯ এ জুলাই। সর ষ্টাফোর্ড নর্থকোট লিয়ানদিগের নূতন বিদায়ের নিয়মাবলি করিয়া প্রচারিত করিয়াছেন। সর রবার্ট র লাড হাউসে আসন গ্রহণ করিয়াছেন। রেল মালমসবারি গত রাত্রিতে লাড লাড হাউটনের এক প্রশ্নের উত্তরে বলি , আবিসিনিয়ার বন্দীদিগের বিষয়ে কি ব্য তাহা গবর্ণমেণ্ট বিবেচনা করিতে গবর্ণমেণ্টের টেলি গ্রাফ বিল ও মহাসভায় ধি মনোনীত করিবার সময়ে উহাকোড লের বিল লাডহৌসে গ্রাহ্য হইয়াছে।

স্থল কামেরণ ইংলণ্ডে উপনীত হইয়া কিন্তু তিনি অতিশয় পীড়িত। ফরাশী ভা বন্ধ হইয়াছে।

র্ব্বিয়ার রাজকুমার মাইকেলকে বধ করি পরাধে বেল গ্রেডে ১৪ জনের প্রাণদণ্ড ইয়াছে।

উইয়র্কে ৩০০ লোক সবাদি গরমিতে ত্যাগ করিয়াছেন। ইংলণ্ডেও এপ্রকারে কর মৃত্যু হইয়াছে।

লণ্ডের গমের ফসল অতি উত্তম ছে।

৯ এ জুলাইয়ের এক টেলিগ্রাম গত কল্য শিংটন হইতে আসিয়াছে। ইহাতে জানা তেছে সেপ্টম্বর মাসপর্য্যন্ত মহাসভা বন্ধ বে।

আমেরিকার সহিত চীনের এক সন্ধিপত্র রিত হইতেছে। এতদ্দ্বারা চীনের যাবতীয় নদী ও স্থান আমেরিকার বাণিজ্যার্থ া হইয়াছে।

শুক্রবার সর রবার্ট নেপিয়র সৈনিকদিগের র আলয়ে এক সভার অধ্যক্ষতা করিয়া শনিবার তিনি উইম্বলডনে বলণ্টিয়রদিগে ার বিতরণ করিয়াছেন এবং সন্ধ্যার স রাজকীয় গোলন্দাজ আফিসরগণ তাঁহাকে া দিয়াছিলেন।

নিবারে উইম্বলডনে যে বলণ্টিয়র প্রদর্শন াহা উত্তম হয় নাই।

প্রতি যে টেলিগ্রাম আসিয়াছে, তাহাতে যাইতেছে বলগেরিয়াতে বিদ্রোহ চলি । তুরস্ক সৈন্যেরা সীমায় গিয়াছে এবং কগুলি ক্ষুদ্র যুদ্ধ হইয়াছে। লাড ক্রাণ পর মৃত্যু হইয়াছে।

ওয়াশিংটন হইতে টেলিগ্রাম আসিয়াছে য় বন্দোবস্ত হইবার আইনে যেসকল পকে ইউনাইটেড ষ্টেটের চক্রবাড়ের অন্ত করা হয় নাই মহাসভা তন্নিমিত্ত লোকদি সভাপতি মনোনীত করিবার নিমিত্ত মত দিবেন না।

৫ এ জুলাই মালটা ও আলেকজাণ্ডি, মধ্যস্থিত সমুদ্রগর্ভস্থ টেলিগ্রাফ ছিন্ন হই ।

১ লা আগষ্ট। অনরেবল অর্থর কিনাডের প্রশ্নের উত্তরদানকালে গত রাত্রিতে সর ষ্টাফোর্ড নর্থকোট কমন্স হাউসে বলিয়াছেন সীমাস্থিত সৈনদিগকে মেডাল প্রদানের প্রস্তাবের তিনি নিজে সূত্রপাত করিতে পারেন না। এটী সর জন লরেন্সের দ্বারা হওয়া উচিত।

আবর করণের মারকুইস ডিউকের পদ পাই য়াছেন, আরও কয়েক জনকে লাড করা হবে।

ষ্টেলাণ্ড ডানবস সাহেব ভারতবর্ষীয় রেল ওয়ের সাম্বৎসরিক রিপোর্ট প্রকাশ করিয়াছেন। বর্ত্তমান বর্ষে ৫,০০,০০,০০০ টাকা ব্যয় হইবে।

বোম্বাইয়ে জলপূর্ণ ডক করিবার যে প্রস্তাব হয় তাহা সর ষ্টাফোর্ড নর্থকোট ও তাঁহার কৌন্সিল গ্রাহ্য করিয়াছেন।

লণ্ডন ৩১ এ জুলাই। গত কল্য মহাসভার কার্য্য বন্ধ হইয়াছে। ইংলণ্ডেশ্বরী সভ্যদিগকে সম্ভাষণ করিবার সময়ে বলিয়াছেন, বিদেশীয় গবর্ণমেণ্টের সহিত তাঁহার বন্ধু ভাব আছে; ইউরোপে এক্ষণে যুদ্ধ ঘটিবার কোন আশঙ্কা নাই এবং যাহাতে শান্তির ব্যাঘাত না হয় ইংলণ্ডের সেই রাজনীতি হইবে।

আবিসিনিয়ার যুদ্ধে জয় ও জয়ের অসংবাদিত পরেই সেনাদল উক্ত দেশ ত্যাগ করাতে আহ্লাদ প্রকাশ করা হইয়াছে। মানববর্গের উপ কার ও সমাজের প্রতি কর্ত্তব্য কর্ম্মসাধনার্থ এই যুদ্ধ হয়, তাহা আবিসিনিয়া ত্যাগ করাতে প্রকাশ পাইতেছে।

ফেনিয়ানদিগের দৌরাত্ম্যের উল্লেখ করিয়া রাজ্ঞী বলিয়াছেন, উক্ত দল আয়ারলণ্ডে গোল যোগ ও বিদ্রোহ ঘটাইবার চেষ্টা করাতে গবর্ণমেণ্ট যেসকল কঠিন উপায় অবলম্বন করিয়াছিলেন, উহারা তাহা হইতে বিরত হওয়াতে তাহা অনাবশ্যক হইয়াছে। হেবিয়স কর্পস আইন রহিত হওয়াতে কোন ব্যক্তি এক্ষণে আর হাজতে নাই, কোন ফেনিয়ান বিচারার্থ রুদ্ধ নহে। গত অধিবেশনকালে যেসকল কার্য্য হইয়াছে, তাহার উল্লেখ করিয়া রাজ্ঞী উপসংহারকালে বলিলেন, মহাসভাকে শীঘ্র ভঙ্গ করা হইবে। রাজ্ঞী এই সম্ভাবনা করেন, যে সকল সভ্য মনোনীত হইবেন, তাঁহারা দেশের নির্দ্ধারিত আইন ও শাসনপ্রণালী অনুসারে তাঁহার প্রজাদিগের প্রাপ্ত ধর্ম্ম ও রাজনীতি সংক্রান্ত স্বত্ব রক্ষায় যত্নবান হইবেন।

টেলিগ্রাফে সংবাদ আসিয়াছে, বলগেরিয়ার বিদ্রোহীরা পরাজিত হইয়া ছিন্ন ভিন্ন হই য়াছে।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

২৫ এ জুলাই। ফরিদপুরের পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট কাপ্তেন এস, এ, টি, ডজ উন্নতি ল করিয়া তৃতীয় শ্রেণিভুক্ত হইবেন।

২৭ এ জুলাই। ৩ রা জুলাইয়ের গেজে এ, আর, টমসন ও জে, ডি, ওয়ার্ড সাহেব প্রথম শ্রেণির মাজিষ্ট্রেট ও কালেক্টর বলিয়া নিয়োগ করা হয়, তাহা ২৩ এ মে অবধি য় য়াছে।

২৮ এ জুলাই। বেহারের অশ্বারোহী রাই দলের নিম্নলিখিত নিয়োগ গ্রাহ্য করা গেল

এডওয়ার্ড, ডনবার, অরকাহার্ট সাহব পলটনের কর্ণেট হইবেন।

ভর্ষ্ড, উইলিয়ম, লিণ্ডইসিন সাহেব ত্রিহু পলটনের কর্ণেট হইবেন।

বালেশ্বরের সহকারী পুলিষসুপরিণ্টেণ্ড এম, জি, টমাস সাহেব শিবসাগরে বদলী বেন।

বর্দ্ধমানের সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ড এচ, এন, হারিস সাহেব গয়াতে বদলী হই হারিস সাহেব যত দিন বর্দ্ধমানের প্রতি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট কার্য্যভার অন্য না দিতে পারেন, তত দিন গয়াতে যাই না।

এচ, এ, সি, রাউটন বালেশ্বরের সহ পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট হইবেন।

১৫ ই জুলাইয়ের গেজেটে রাউটন সাহে শিবসাগরে বদলী করিবার যে বিজ্ঞাপন তাহা এতদ্দ্বারা রহিত হইল।

৩০ এ জুলাই। যত দিন ই, টি, ষ্ট্রে সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, দিন সি, এচ, কাম্বেল সাহেব রেবেণিউ বো এক জন প্রতিনিধি সভ্য হইবেন।

যত দিন সি, এফ, মণ্ট্রেসর সাহেব লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন এচ কক্রেল সাহেব বর্দ্ধমান বিভাগের প্রতি কামসনর হইবেন।

যে দিবস ডাক্তর হেস কার্য্যভার দি সেই দিন অবধি লেপ্টনাণ্ট সিসিণ্ড্রুইন ি তুমের প্রতিনিধি ডেপুটি কমিসনর ও অধঃস্থ হইবেন। তিনি আরও বামনঘাটিতে মাজি ও কালেক্টরের ক্ষমতা পাইয়া উক্ত অঞ্চ অধঃস্থ জজ হইবেন; কিন্তু কটকের করদ ম সুপরিণ্টেণ্ডাণ্টের আজ্ঞাধীন থাকিবেন।

এচ, ডবলিউ, আলেকজণ্ডার সাহেব র্ণার প্রথম শ্রেণির মাজিষ্ট্রেট ও কালেক্টর পাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন

৩১ এ জুলাই। যত দিন জে, সি ড সাহেব সরকারী কার্য্যোপলক্ষে স্থানান্তর বেন, তত দিন জি, এস, পার্ক সাহেব য রের প্রতিনিধি অতিরিক্ত জজ হইবেন।

২২ এর গেজেটে এচ, ডবলিউ, আ জণ্ডার সাহেবের উক্ত পদে নিয়োগের যে পন হয়, তাহা ইহা দ্বারা রহিত হইল।

টি, নর্ম্মান সাহেব ফরিদপুরের প্রতি ম্যাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া উন্নতি করিয়া দ্বিতীয় শ্রেণিভুক্ত হইবেন।

ডবলিউ, এচ, বার্থার সাহেব বাজস প্রতিনিধি জাইণ্ট ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কা হইবেন।

...এর সেজেটে বার্ণার সাহেবকে সাহায্য ...প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি ...ষ্টর বলিয়া যে নিয়োগ করা হয়, তাহা ...রা রহিত হইল।

...যত দিন এচ, এন, জোন্স সাহেব বিদায় ...অনুপস্থিত থাকিবেন, তত দিন জে, ডি, ...সাহেব শ্রীহট্টের প্রতিনিধি পুলিষ সুপরি...ণ্ট হইবেন।

...যোধ্যার রাজার নিকটস্থিত গবর্ণর জেনর ...প্রতিনিধি এজেণ্ট কাপ্তেন এচ, পি, প্রিকক ...র বাটীর মধ্যের মকদ্দমা নিষ্পত্তি করিবার ...২৪ পরগণার মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

...রাঙ্গাড়ের দেওয়ানী কর্ম্মচারীর বিশেষ সহ ...লেপ্টনাণ্ট টেজে, জনষ্টোন যত দিন তথায় ...বেন, তত দিন অবস্থ জজের ক্ষমতা চালন ...বেন।

...ত দিন মেজর টি, লাম্ব বিদায় লইয়া অনুপ ...থাকিবেন, তত দিন মেজর এ, কে, ...র হুরঙ্গের প্রতিনিধি ডেপুটি কমিসনর হই... মেজর লাম্ব কার্য্যভার অর্পণ করিলে যত ...ঙ্গর কোম্বার উপস্থিত না হন, তত দিন ...াণ্ট টি, বি, মিচেল হুরঙ্গের প্রতিনিধি ...কমিসনর থাকিবেন।

...যত দিন কাপ্তেন এ, ই, কাম্বেল বিদায় ...অনুপস্থিত থাকেন, তত দিন টি, স্মিথ ...গোয়ালপাড়ার প্রতিনিধি ডেপুটী কমি... হইয়া ১৮৬২ অব্দের ১৫ আইনের ১ ধারা ...ক্ষমতা পাইবেন।

...ত দিন টী, স্মিথ সাহেব স্থানান্তর থাকেন, ...ন কাপ্তেন ডবলিউ, এচ, জে, লাঙ্গ কুচ ...বর প্রতিনিধি ডেপুটী কমিসনর হইবেন।

...লা আগষ্ট। যত দিন এস, ওয়াকোপ ...বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত ...ই, গ্রে সাহেব বর্দ্ধমান, হুগলী ও ২৪ পরগ... প্রতিনিধি অতিরক্ত জজ হইয়া হাবড়াতে ...ন জজের ক্ষমতা পাইবেন

...হকারী পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট এচ, মনরো ...ব ৩রা মে অবধি ২৩ এ মে পর্য্যন্ত শাহাবা... প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট ছিলেন।

...ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু ...দমোহন মজুমদার কিছু দিনের নিমিত্ত ...ত উপবিভাগের ভার পাইয়া ২৪ পরগণার ...ষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

...৩রা আগষ্ট। নিম্নলিখিত ভদ্র লোকেরা ...ার চিকিৎসালয়ের সভার সভ্য হইবেন।

...ক্তর কার্ণট।

...ববরেণ্ড টি, স্কেলটন।

...কাপ্তেন বারাট।

...াক্তর এফ, এ, ফেরিস:

...নিম্নলিখিত ভদ্র লোকেরা হাবড়ার বিদ্যা... সভার সভ্য হইবেন:—

...ন নরিসন সাহেব।

...াক্তর বর্গেস।

...ববরেণ্ড এ, ডবলিউ, কুইনলান।

...বাবু গিরীশচন্দ্র ঘোষ।

...কুমারনাথ ভট্টাচার্য্য।

যতদিন লেপ্টনাণ্ট আর, ডিজে, উইথর্লি বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, ততদিন এচ, এন, হারিস সাহেব বর্দ্ধমানের প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট হইবেন।

নিম্নলিখিত ভদ্রলোকেরা বাঁকীপুরের চিকিৎসালয় চালাইবার সভার সভ্য হইবেন।

জে, লাম্বার্ট সাহেব।

বাবু দুর্গাগতি বন্দ্যোপাধ্যায়।

বাবু বৈজনাথ প্রসাদ।

মির শামসুল হুদা।

গয়ার ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর মৌলবী আলিহোসেন কিছু দিনের নিমিত্ত লওয়াদা উপবিভাগের ভার পাইবেন

নিম্নলিখিত ভদ্র লোকেরা ঝিঝুতের ফেরি ফণ্ড কমিটির সভ্য হইবেন:—

উপবিভাগীয় কর্ম্মচারী নিজপদগুণে।

জি, লিঙ্কইমিন সাহেব।

এম, গেল।

তৃতীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন নকুড় চন্দ্র বন্দ্যোপাধ্যায় বরিসালের দাতব্য চিকিৎসালয়ের ভার পাইবেন। তৃতীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন উদিত উল্লা চট্টগ্রামের দাতব্য চিকিৎসালয়ের ভার পাইবেন।

সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট সি, পি, ক্রাউচ সাহেব ১৪ ই মে অবধি ৩০ এ জুন পর্য্যন্ত কটকের প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট ছিলেন।

৪ ঠা আগষ্ট। কাছাড়ের সহকারী কমিসনর ও, জি, আর, মাকউইলিয়ম সাহেব ১৮৬৮ অব্দের ৯ আইনঅনুসারে কালেক্টরের ক্ষমতা পাইবেন

আসামের থাকবস্তির নিম্নলিখিত কর্ম্মচারিগণ আপন আপন বিভাগে ১৮৩৩ অব্দের ৯ আইনঅনুসারে কালেক্টরের ক্ষমতা পাইবেন।

কামরূপের প্রথম বিভাগের সহকারী রেবেনিউ সরবেয়র লেপ্টনাণ্ট এ, ডি, বটার। লক্ষীপুরের দ্বিতীয় বিভাগের সহকারী রেবেনিউ সরবেয়র লেপ্টনাণ্ট ডবলিউ, বারণ। শিবসাগরের পতিত ভূমি জরিপের নিমিত্ত পরীক্ষার্থ সহকারী রেবেনিউ সরবেয়র এচ, বি, টালবট সাহেব

নিম্নলিখিত কর্ম্মচারিগণ ১৮৪৮ অব্দের ১০ আইনঅনুসারে আপন আপন বিভাগে কালেক্টরের ক্ষমতা পাইবেন।

জি, এচ, ব্রাইথ সাহেব দ্বিতীয় বিভাগ লক্ষীপুরের সিবিল আসিষ্টাণ্ট সরবেয়র।

লক্ষীপুরের সিবিল আসিষ্টাণ্ট সরবেয়র ডবলিউ, সিঙ্কুয়র সাহেব। প্রথম বিভাগ কামরূপের সিবিল আসিষ্টাণ্ট সরবেয়র সি, ব্রাউন ফিলড সাহেব।

—:০:—

আমাদিগের আনুলিয়াস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

১ মহাশয়! কৃষ্ণনগরে ক্রমশঃ বারবিলাসিনীর সংখ্যা বৃদ্ধি হইতেছে। সুরার প্রভাব মন্দ নহে। প্রায় গলি গলি মদের দোকান স্থানে স্থানে ...গুলির আড্ডা দেখা যাইতেছে। বলিতে ...ইহার এক বৎসর পূর্ব্বে এখানে মাদক সেব... অতি অল্পই প্রাদুর্ভাব ছিল। শুনিয়াছি... মদের উপর গবর্ণমেণ্ট বিশেষ কর নির্দ্ধারিত ...য়াছেন, এবং রজনীতে মদ্যবিক্রেতারা অ... আপন দোকান বন্ধ করিয়া আপন অ... স্থানে প্রস্থান করিবেন। কিন্তু কৈ এখানে ...ত কিছুই দেখি না।

"উদোর বোঝা বুদোর ঘাড়ে"। পাঠ... পবলিক ওয়ার্কের একটী আচরণের কথা শু... নদীয়া জেলার মধ্যে কোতয়ালি ও নাক... পাড়া থানার অন্তর্গত কএকখানি পল্লী... সময় সময়ে জলকষ্টনিবন্ধন প্রজাদি... শোকাবহ আর্ত্তনাদ শ্রবণে গবর্ণমেণ্ট প্র... গ্রামে কূপ খনন করিবার আদেশ দিয়াছি... এক বৎসর অতীত হইল এই কার্য্য এখান... পবলিক ওয়ার্ক হইতে সম্পাদিত হইয়া... শুনিলাম উক্ত গ্রামসমূহের মারীভয় নি... নিমিত্ত এই নূতন উপায় আবিষ্কৃত ... কূপের বদ্ধ জলে স্নান আহার করিয়া ... কিরূপ সুস্থ থাকে বোধ হয় আপনাদি... অনেকের, অবিদিত নাই। বিশেষতঃ আমা... দেশের প্রথানুসারে হিন্দু ও যবনজাতী... এক কূপে জল গ্রহণ করে না। গ্রীষ্মক... অতি অল্প পরিমাণে জল থাকে; ২।১ জ... কার্য্য শেষ হইতে না হইতে তাহা নিঃশে... হয়। ইহাতে সাধারণের উপকার হওয়া... বিত্ত নহে। প্রজারা সরোবর খনন ও পঙ্কো... করিবার নিমিত্ত আবেদন করাতে গবর্ণ... কূপখননের আদেশ দিয়াছিলেন, যদি ত... খাল কাটার প্রস্তাব করিতেন তাহা হ... ইহাঁরা যে কি করিতেন বলিতে পারি না। ...উক্ত পবলিক ওয়ার্ক ডিপার্টমেণ্টের কর্ম্ম... মহাশয়েরা এই সকল জানিয়াও যে এরূপ ...অপব্যয় করিয়াছেন, ইহা অপেক্ষা আশ্চ... বিষয় কি? যৎকালে এই সকল কূপ খনন ...হইয়াছিল, তৎকালে প্রজারা ইহার নিগূঢ় ...জানিতে পারেন নাই। তাঁহাদের এই বো... য়াছিল যে, এ সমুদয় ব্যয় গবর্ণমেণ্ট হইতে ...তেছে। তাঁহারা ইহার নিমিত্ত পরিণামে ...হইবেন না। এক্ষণে বর্ষার প্রবল জলে কূপ ...পড়িয়া যাওয়াতে গবর্ণমেণ্টের আদেশ হই... যে, ইহা প্রস্তুত করিতে যে ব্যয় হইয়াছিল, ...স্থানীয় প্রজাদিগের নিকট আদায় হইবে ...প্রজারা দিতে অসম্মত হয় তাহা হইলে ... রেরা উহা আদায় করিয়া দিবেন। ইহা... কি? পূর্ব্বে কি ইহার কোন প্রস্তাব হইয়...

দারেরা কি জানিতেন যে, গবর্ণমেণ্ট হইতে
খননের পরে তাঁহাদিগের ক্ষতিপূরণ
তে হইবে? প্রজারাই বা কেন উহার ব্যয়
? গবর্ণমেণ্টের এ প্রস্তাব করাই অসঙ্গত
ছে। দেশের হিতসাধনের নিমিত্ত পবলিক
র্কের সৃষ্টি। যদি বৃষ্টি কি দৈব বশতঃ কোন
র পুল ভাঙ্গিয়া যায়, তাহা হইলে সাঁকোর
বর্ত্তী গ্রামের লোকেরা উহার ব্যয় দেয়।
শ জলকষ্টনিবন্ধন প্রজাদিগের হিতার্থ
ইয়াছিল, তবে প্রজারা ইহার নিমিত্ত দায়ী
কন? আবার প্রত্যেক কূপের প্রতি যে পরি
ব্যয় ধরিয়া বিল প্রেরিত হইয়াছে, বোধ
তাহার অর্দ্ধেক টাকায় জমীদারেরা উহার
ক্ষা শতগুণ উৎকৃষ্ট কূপ কাটাইতে পারি
। আমাদিগের পবলিকওয়ার্কের কর্ম্মচারী
য়েরা ঘর ছান মটকা মারেন না। সুতরাং
কাজই ভস্মে ঘৃতাহুতি প্রায় হয়। যেরূপ
খনন করা হইয়াছিল, যদি তাহা ভাল
া বাঁধান হইত তাহা হইলে কখনই এরূপ
য় হইত না

ৎপ্রতি এ আঙ্গুলিয়া গ্রামে জ্বরের অত্যন্ত
র্ভাব হইয়াছে। অনেকে জ্বরাক্রান্ত হইয়া
গত আছেন। রাণাঘাটের সুযোগ্য ডাক্তর
যদুনাথ মুখোপাধ্যায় এবং এখানকার
ডাক্তর বাবু কালীপ্রসন্ন ভট্টাচার্য্য মহাশয়
রিক যত্নসহকারে চিকিৎসা করিতেছেন।
যদি কেহই কালগ্রাসে পতিত হন নাই।

ত ১২ শ্রাবণ রবিবার রজনী ৮॥০ টার
কৃষ্ণনগরে একটী ভয়ানক উল্কাপাত
য়াছে। আমরা তৎকালে কয়েক জন
সহিত একত্র বসিয়া আকাশ মণ্ডলে
র পরম রমণীয় শোভা অবলোকন
ছিলাম। হঠাৎ এই অত্যুজ্জ্বল আলোক
দিগের সমক্ষে প্রকাশ হওয়াতে উহার
সিদ্ধান্ত করিতে পারিলাম না। পর
শুনা গেল ইহা বহুদূর পর্য্যন্ত হইয়াছে।
পাত একটী মহৎ অমঙ্গলের চিহ্ন। বঙ্গ
আর ভদ্রস্থ নাই। বাকির মধ্যে রক্তবৃষ্টি।

আমাদিগের গোয়ালিয়রস্থ সংবাদ-
লিখিয়াছেনঃ—

। যে বর্ষার আগমনজন্য এ অঞ্চলের
স্থানে হাহাকার ধ্বনি উঠিয়াছিল, শ্রাবণ
মাসের প্রথমেই সেই বর্ষার আবির্ভাব হইয়াছে
৩রা শ্রাবণ এখানে বর্ষা আরম্ভ হইয়া প্রত্যহই
প্রায় বৃষ্টি পতিত হইতেছে। অনাবৃষ্টিনিবন্ধন
লোকের যেসকল কষ্ট হইবার সম্ভাবনা ছিল,
এখন তাহা আর নাই। শুষ্ক প্রায় শস্যাদি পুন
র্জ্জীবিত হইয়াছে এবং দ্রব্যাদির মূল্যও পূর্ব্ববৎ
হইতেছে।

এই বর্ষার সময়ে "পবলিক ওয়ার্কের"
বিশেষ মাহাত্ম্য প্রকাশ হইতেছে। এখানে যত
গুলি নূতন বারিক ও পুরাতন বারিক আছে,
তাহার ছাদগুলি এরূপ পরিপাটী ও মজবুৎ যে,
বৃষ্টির জল প্রায় বাহিরে পড়ে না, ঘরেই পুষ্করিণী
হইতেছে। সৈন্যগণ আর বারিকের ভিতর
থাকিতে পারে না। সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়ার
সাহেব অত্রস্থ এঞ্জিনিয়ারের এই সকল কার্য
দেখিয়া গবর্ণমেণ্টে রিপোর্ট করিয়াছেন।

আগ্রা হইতে ডাকপ্রভৃতি আসিতে বড় কষ্ট
হইতেছে। রাস্তার মধ্যবর্ত্তী চম্বল নদী স্ফীত হই
য়াছে। স্রোতের প্রভাবে শকটপ্রভৃতি পার
করাইতে বড় কষ্ট হইতেছে। চম্বলের তীরবর্ত্তী
রাস্তার অনেকখানি ভাঙ্গিয়া গিয়াছে। মহা
শয়! এই রাস্তা নির্ম্মাণ করিতে এত খরচ
হইয়াছে যে, যদি টাকা বিছাইয়া রাস্তা করা
হইত, তবু উদ্বৃত্ত থাকিত। তথাপি রাস্তার
শ্রী দেখুন। পবলিক ওয়ার্কের এইসকল ব্যাপার
দেখিয়াও গবর্ণমেণ্ট যে কোন সদুপায় করিতে
ছেন না কেন, ইহা বলা যায় না।

২। রাজমন্ত্রী রাজা দিনকর রাও বাহাদুর
এখানে তিন দিনমাত্র ছিলেন। গত ১৩ই
জুলাই দিনকর রাওয়ের পরিচিত অত্রস্থ এক
ব্যক্তির (আমাদের বন্ধুর) সহিত আমরা দিন
কর রাওয়ের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছি-
লাম। যে ব্যক্তি, নাম জগদ্বিখ্যাত, তাঁহার
সহিত সাক্ষাৎ করিতে লোকের সহজেই কৌতূ-
হল বৃত্তি উত্তেজিত হয়

মহাশয়! যেরূপ শুনিয়াছিলাম, সাক্ষাৎ
করিয়া দিনকর রাওকে তদপেক্ষা সদ্‌গুণসম্পন্ন
বোধ হইল। বড় লোকের মধ্যে এরূপ, নম্র,
মিষ্টালাপী ও নিরহঙ্কার মনুষ্য অতি বিরল।
লোকটী দেখিতে খর্ব্বাকার, বয়স অনুমান পঞ্চাশ
বৎসর হইবে, বর্ণ ঈষৎ শ্যামল, পরিধেয় সামান্য
পরিচ্ছদ, মস্তকে মহারাষ্ট্রীয়দিগের ন্যায় বৃহৎ
পাগড়ী আছে। হিন্দু ধর্ম্মের প্রতি ইহাঁর বি
শেষ নিষ্ঠা আছে, ইনি বাসার নিকটবর্ত্তী হনুমান
দেবের মূর্ত্তিকে ধ্যান ধারণা ও উপাসনা করিয়া
এক ঘণ্টা পরে উঠিলেন! আকৃতি দে
লোকের সহজেই ভক্তি হয়।

আমাদের বোধ হইল, রেওয়ার
গ্রহণ বিষয়ে কিছু পরামর্শ করিবার জন্য
জের নিকট আসিয়াছিলেন।

৩। অদ্যাপি চোরের প্রাদুর্ভাব কমে
কএক দিন হইল, এক জন গাড়োয়া
গোয়ালের দেওয়াল কাটিয়া ৩টী গরু চুরি
লইয়া গিয়াছে। আর দুইটী ছিল, গরু
না যাওয়াতে লইয়া যাইতে পারে নাই
ভাগ্য গাড়োয়ানের গরুগুলিই উপজীবি
উপায় ছিল!! অদ্যাপি গরু কোন
পাওয়া যায় নাই।

এক দিন পুলিষের ঠিক পশ্চাদ্ভাগে
দের এক বন্ধুর বাটীর উপরে অতি অল্প র
এক জন চোর উঠিয়াছিল। বাটীর লোক জা
পারাতে চোর লম্ফ দিয়া পলায়ন করিল।
ষের লোকদিগকে তৎক্ষণাৎ এ বিষয় ব
তাহারা কহিয়া উঠিল, "ও চোর নহে। বি
কি কুক্কুর হইবে। এই অল্প রাত্রে চুরি হ
সম্ভাবনা নাই।"

৫। কএক দিন হইল, কমিসরিএট ডি
মেণ্টের মধ্য বিভাগের ডেপুটী কমিসারি
রেল কর্ণেল মাকবীন সাহেব অত্রস্থ কমিস
আফিস পরিদর্শনার্থ আসিয়াছিলেন। মহা
কোন বিষয়ের পরিদর্শন করিতে হইলে, ত
অভ্যন্তর প্রদেশ সম্যক্ রূপে পরিদর্শন কি
হয়; কিন্তু কই এ পরিদর্শন ত সেরূপ দে
লাম না।

৬। ভারতবর্ষীয় ব্রাহ্ম সমাজ গৃহ নির্ম্মা
ব্রিগেডিয়ার জেনাবেল, আসিষ্টাণ্ট কমিস
জেনারেলপ্রভৃতি সাহেবেরা বিশেষ সহো
সহিত চাঁদা পুস্তকে স্বাক্ষর করিয়াছেন। ব্র
ধর্ম্মে প্রতি জেনাবেল সাহেবের বড় ভ
যখন তখন দেখা হইলে ব্রাহ্মধর্ম্মের
জিজ্ঞাসা করেন।

৭। মহাশয়! "ফ্রেণ্ড অব ইণ্ডিয়া
দেশীয় সংবাদপত্রসমূহ হইতে কোন
অংশ অনুবাদ করিয়া প্রায় প্রকাশ কর
কিন্তু যে সকল বিষয় প্রকাশ করিলে বি
উপকার হইবার সম্ভাবনা, তাহা প্রায়
করেন না।" হিন্দু পেট্রিয়ট ও যদি স্বীয় ক
স্বর বৃদ্ধি করিয়া সোমপ্রকাশপ্রভৃতি কা
হইতে উপকারী বিষয়সকল অনুবাদ কি
প্রকাশ করেন, তাহা হইলে বড় ভাল হয়।

আমাদিগের কোরহাটীস্থ সংবাদ-
তা লিখিয়াছেনঃ—

১। সম্প্রতি বিক্রমপুরের বিদ্যালয়গুলি
ন্তি হীনাবস্থ হইয়া উঠিয়াছে। শিক্ষকগণ
) যথোচিত মনোযোগসহকারে ছাত্রদিগকে
া প্রদান করিতেছেন না। কোন কোন
র্কল বিদ্যালয়ের ছাত্রেরা পণ্ডিত উপস্থিত
াকাতে প্রায়ই স্কুলে যাইয়া কিছু কাল
লিয়া পুনরায় বাটীতে চলিয়া আইসে। প্রায়
চনিয়তই আমরা শিক্ষকদিগের অমনোযোগ
অনুপস্থিতিনিবন্ধন ছাত্রগণের শিক্ষার
য়র বিষয় শুনিয়া আসিতেছি। কোন
ন বিদ্যালয়ের শিক্ষকের চরিত্রগত এমন
্য দোষের কথা শুনা যায় যে, তাহা লিখিতে
নীও লজ্জা বোধ করে। এরূপ দোষাশ্রিত
কগণ শিক্ষাবিভাগের কলঙ্কস্বরূপ। ইহাঁরা
গণের শিক্ষাবিষয়ে যত মনোযোগ করেন,
াঁদের মনোযোগ কি ফলেই বা আইসে?
কবর্গ তাহা অনায়াসেই হৃদয়ঙ্গম করিতে
রন। শুনা যায়, এইসকল শিক্ষক আবার
ই নিকটবর্ত্তী হাট বাজারস্থ বেশ্যালয়ে রাত্রি
ন করিয়া থাকেন। পূর্ব্বেই উক্ত হইয়াছে
কাংশ বিদ্যালয়ে শিক্ষক বাবুদের অমনো
গ ছাত্রগণের যথোচিত শিক্ষা হইতেছে
এইসকল শিক্ষক কি যথোচিত পারি-
ক (বেতন) পান না? রীতিমত বেতন
পূর্ব্বক কর্ত্তব্য সম্পাদন না করা যে দোষ
া কি বুঝেন না? বলিতে কি, ২। ৪ টী
ীত বিক্রমপুরের প্রায় সকল বিদ্যালয়েই
কগণকে শিক্ষা বিষয়ে অমনোযোগী দেখা
। আমরা সাক্ষেপে জিজ্ঞাসা করি, শিক্ষা
াগে ইনস্পেক্টর ডেপুটী ইনস্পেক্টর কি জন্য
ছেন? কোন্ বিদ্যালয়ে কিরূপ শিক্ষা হয়,
ার তত্ত্বাবধানের নিমিত্ত কি তাঁহারা নন?
মপুরস্থ স্কুলগুলির আধুনিক অবস্থার প্রতি
করিলে বোধ হয় না যে, এখানে তত্ত্বাবধানের
কেহ নিযুক্ত আছেন। উর্দ্ধতন কর্ত্তৃপক্ষের
চিত শাসন না থাকিলে তদধীন কর্ম্মচা-
ণ যে কার্য্যে শৈথিল্য করিবে আশ্চর্য্য কি?
রা অনুরোধ করি, বিক্রমপুর বিভাগের
ুটী ইনস্পেক্টর মহাশয় সাভিনিবেশ দৃষ্টি-
কারে তত্রত্য বিদ্যালয়সমূহের অবস্থার অনু-

(১) অবশ্য স্বীকার্য্য যে, সকল শিক্ষক
া প্রকৃতির নন, যাঁহারা প্রকৃত দোষী, তাঁহা-
আমাদের কথার একমাত্র লক্ষ্য।

সন্ধান করুন। অন্যথা শিক্ষাসম্বন্ধে এখানে গবর্ণমেণ্টের অর্থব্যয় শুদ্ধ বিড়ম্বনার হইবে।

২। কতিপয় দিবস গত হইল, মুন্সিগঞ্জ সব্‌ডিবিজনের অধীন কোন এক গ্রামে এক ধূর্ত্ত পুলিষ কর্ম্মচারীর বেশধারণপূর্ব্বক তিন জন অনুচরসহ ফৌজদারীসংক্রান্ত মকদ্দমার তদন্ত করিয়া বিস্তর অর্থ উপার্জ্জন করিতেছিল। সম্প্রতি উক্ত সব ডিবিজনের ইনস্পেক্টর ঐ ধূর্ত্তকে ধৃত করিয়া মাজিষ্ট্রেটীতে সমর্পণ করিয়াছেন। জানা গেল ঐ ব্যক্তি না কি পশ্চিম দেশীয়। ইহাকে সমধিক দণ্ড প্রদান করা কর্ত্তৃপক্ষের সর্ব্বতোভাবে কর্ত্তব্য।

৩। ইতিমধ্যে বহর মুন্সেফী আদালতের এক জন উকীল জাল অপরাধে সেসনে সমর্পিত হইয়াছিলেন, কিন্তু জুরীর বিচারে অপরাধ সপ্রমাণ না হওয়াতে মুক্তিলাভ করিয়াছেন। জুরিগণের বিচারে অধুনা অপরাধীদিগকে প্রায়ই দণ্ডভোগ করিতে হয় না।

৪। গত ৫ ই শ্রাবণ রবিবার মুন্সিগঞ্জ ইংরাজী বিদ্যালয়স্থ সভার বার্ষিক অধিবেশন মহাসমারোহে সম্পন্ন হইয়া গিয়াছে। তত্রত্য ডেপুটী মাজিষ্ট্রেট, বহরের মুন্সেফপ্রভৃতি কয়েক জন প্রধান প্রধান লোক সভায় উপস্থিত ছিলেন। সভার কার্য্য সুন্দররূপে সম্পন্ন হইয়া গিয়াছে। শুনিলাম, ব্যক্তিবিশেষকে না কি সাগ্রহ অনুরোধদ্বারা সভায় উপস্থিত করান হইয়াছিল।

৫। ১৭ ই জুলাই অত্যন্ত ঝড় হইবে বলিয়া যে জনরব উঠিয়াছিল, তাহাতে এতদঞ্চলীয় লোক বড়ই শঙ্কিত হইয়াছিল। ঝড় না হও য়াতে এক্ষণে তাহারা স্থির হইয়াছে।

—:০:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক
মহাশয় সমীপেষু।

"ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েসন
ও মেমোরিয়াল ফণ্ড।"

মহাশয়! ইহা কি আমাদিগের পক্ষে দুঃখের বিষয় নহে, যে যখন যে কোন মহৎ কার্য্যের অনুষ্ঠান হয় এবং যখন কোন মহাত্মার নাম চিরস্মরণীয় করিবার সঙ্কল্প হয়, তখন সেই সকল কার্য্য প্রায় কলিকাতা রাজধানীতেই অনুষ্ঠিত হয়। আমরা এমত কথা বলি না যে, ঐ স্থানে অনুষ্ঠিত হওয়াতে ব্যয় নিষ্ফল হয়; কিন্তু বিবেচনা করা আবশ্যক যে, যে স্থানে যে বস্তুর সম্পূর্ণ অভাব থাকাতে লোকের সর্ব্বদা অ
হইয়া থাকে, যদি সেই স্থানে সেই অভাবের
দংশও দূরীভূত করা হয়, তাহাও সামান্য
কার্য্য নহে। কলিকাতায় অনেক দা
চিকিৎসালয় আছে, অনেক সাধারণ পুস্তক
আছে; সুতরাং তথায় তাহাদের আরো
করা অতিরিক্তমাত্র। কলিকাতার দক্ষিণ
৫০ পঞ্চাশ মাইল অন্তর। ইহার মধ্যে এ
দাতব্য চিকিৎসালয় স্থাপিত হইলে ক
না বিশেষ উপকার হয়? আপনি কি অ
নহেন যে, এই প্রদেশের অধিবাসিগণ পীড়া
হইলে কতিপয় ব্যক্তিভিন্ন অনেকেই
রীতিমত চিকিৎসা বিনা অকালে কালক
নিপতিত হয়। দেখুন দেখি ইহার অপেক্ষা
বিদারক বিষয় আর কি আছে। এই
কারণে আমাদিগের এই বক্তব্য যে, ব্রিটিশ
য়ান এসোসিয়েসনের হস্তে এই ক্ষণে যে
মেমোরিয়াল ফণ্ড আছে, তাহার টাকায় ঐ
এক চিকিৎসালয় স্থাপন করুন। তাহা হ
সাধারণের কেবল যে প্রকৃত উপকার হ
এমত নহে, স্বর্গীয় মহাত্মাদিগের নামও চি
রণীয় হইবে।

বড়।
৩ ই শ্রাবণ
১২৭৫।

শ্রীঃ—

—:০:—

অবগত হইয়াছি মহাত্মা গবর্ণর জে
লের কীর্ত্তিস্তম্ভে প্রস্তরযোজনা আরম্ভ
য়াছে। যদি ইংরাজী শিক্ষা এ দেশ হইতে উ
যায়, বোধ করি সেহ হু খিত হইবেন না।
ত কিছুতেই হইব না। ইংরাজী ভাষায় শি
প্রাপ্ত আধুনিক যুবকদলের বুদ্ধির সহিত তাঁহ
ধৃষ্টতাও বৃদ্ধি পাইতেছে, একি অল্প দু
বিষয়।

মহাশয়! আমরা একটু ইংরাজী
তাহাও ভুলিতে পারিব না, অথচ জগ
প্রসাদে ইংরাজ রাজ্যও থাকিবে। ই
নিশ্চয় জানিলাম যে, আমাদের মত হতভা
দের আর অন্নচিন্তা থাকিবে না। আমরা
কয়েক দেশের চাকরী "মনপে লাইজ" ক
লইব। আহা কি সুখ! বয়ঃপ্রাপ্ত (ও
সুপ্রাচীন) ইংরাজীজ্ঞদিগের দক্ষিণা
করা ও বালকদলের ইংরাজী শিক্ষা বন্ধ
লেই "লরেন্স" পেড়ে কাপড় উঠিবে স
নাই! এটি কি আপনার পত্রিকার স্থান পা

২। দলাদলিতে কি না হয়! সু
লোকমুখে শু ম, কাটোয়ার অনতিদূ

নামক গ্রামে মহাসমারোহের এক "বার রি" পূজার আয়োজন হইতেছে। গ্রামে ভয় আছে। বর্দ্ধিষ্ণু বিপক্ষ দল ঐরূপ এক করিয়াছে বলিয়া, অপর পক্ষীয়, "গজ বিদ্যাদিগ্‌গজের" শ্রেণীভুক্ত কতক ব্যক্তি প্রায় ২০০০ তিন সহস্র টাকা টামেট" করিয়া চাঁদা আদায় করিতেছেন। য়াবি তলায় ডঙ্কাধ্বনি শ্রবণমাত্র ক্তি তথায় উপস্থিত না হন, ভদ্রই হউন অসমই হউন তাহাকে ক্লেশভোগ করিতে উদরান্নের জন্য ব্যস্ত দীন দরিদ্রদিগের ৫।২৫ টাকা পরিমাণে চাঁদা হইয়াছে। সম্মতি নাই, না দিলে সর্ব্বনাশ। প্রহা- ভয়ে (?) কেহ নালিশ করিতে পারে না। কৃষিজীবিদলের এক্ষণে এক মুহূর্ত্ত যুগ বোধ হয়। এরূপ সময় ও নালিশ করিবার বিধান ভয়ে কেহ অগ্রসর হইতেছে না। য় ! বিনতি করিতেছি, আপনি এবিষয়ে সম্পাত করিয়া উপায় করিয়া দিন। বিচারপতি কি এ বিষয়ে হস্তক্ষেপ ত পারেন?

কাতা
প্রবাসাশ্রম
৩রা আগষ্ট

কস্যচিৎ
দুঃখমোচনাকাঙ্ক্ষিণঃ

—:০:—

দ্য আমাদের এখানে একটি বিলক্ষণ ভূমি হইয়া গিয়াছে। দিবা ১১।৪৫ মিনিট পূর্ব্ব উত্তরদিগ হইতে বগী অথবা অন্য প্রকাল অশ্বযানের গতিশব্দবৎ একপ্রকার হইতে আরম্ভ হইয়া প্রায় ১৫ সেকেণ্ড ভূমি দোদুল্যমান হয়। আমরা ভূকম্পের ম বিলক্ষণ অনুভব করিয়াছি।

জিলার বহি নামক সবডিবিজনের নিকট নামক স্থানে একটি উষ্ণ প্রস্রবণ আছে। প্রস্রবণের অনতিদূরে বৃহৎ পর্ব্বতশ্রেণি। প্রস্রবণটির জল এত উষ্ণ যে তণ্ডুল প করিলে অন্ন প্রস্তুত হয়। বোধ হয় নিকটস্থ কোন পর্ব্বত হইতে অদ্যকার পর উৎপত্তি হইয়া থাকিবে। যে দিগ দিয়া আসিয়াছিল, সেই দিগেই ঐ প্রস্র যায়া হউক এই ভূমিকম্প কত দূর ব্যাপিয়া ছে, আর ঐ প্রস্রবণের নিকটস্থ পল্লীতে হইয়াছিল আমি এক্ষণে উহার অনুস- প্রবৃত্ত হইয়াছি।

জুলাই
হাজারি বা।

শ্রীচুনিলাল মুখোপাধ্যায়

জেলা মুরসিদাবাদের অন্তঃপাতী থানা দেও য়ান সরাইয়ের অধীনে লালগোলা নামে একটী অনতিবিস্তীর্ণ গ্রাম আছে। প্রতিবৎসর বর্ষা কালে তথায় জল বায়ু এতদূর কদর্য্য হয় যে, সেই সময়ে স্থানপরিবর্ত্তনব্যতিরেকে সুস্থ থাকিবার উপায়ান্তর নাই। একমাত্র বাঁশই উহার মূল কারণ। গ্রামের মধ্যে মধ্যে এক একটী বিস্তীর্ণ বাঁশের বাগান। উক্ত বাঁশের নীচে এক এক গভীর গর্ত্ত। বর্ষাকালে সমুদায় দেশ জলে প্লাবিত হইলে উক্ত গর্ত্তসকলও জলপূর্ণ হয় এবং বাঁশের রাশি রাশি পত্র উহাতে পতিত হইয়া পচিতে থাকে। দুই এক দিন পরেই উক্ত গলিত পত্র হইতে এক প্রকার কদর্য্য বাষ্প উত্থিত হইয়া সর্ব্বত্র ব্যাপ্ত হয় এবং দেশব্যাপী মহামারী উপস্থিত করে। ইহাতে গ্রামের যে প্রকার দুর্দ্দশা উপস্থিত হইতেছে তাহাতে বোধ হয় যে অল্প দিনেই গ্রাম উচ্ছিন্ন হইবে।

ইহা কি সামান্য আক্ষেপের বিষয় যে, প্রতিবৎসর ঈদৃশ দুর্গন্ধ বাষ্পজনিত মহামারীতে অনেক লোক অকালে কালের করাল কবলে পতিত হইতেছে তথাপি লোকে যত্নপূর্ব্বক ঐ বাঁশেরই আবাদ করিয়া থাকে। অন্য আবাদ করিলে লাভও হয় স্বাস্থ্যরক্ষারও ব্যাঘাত জন্মে না, কিন্তু লোকের কেমন সংস্কার দোষ সে দিকে কেহই যান না। গ্রামের প্রধান ব্যক্তিদিগের কর্ত্তব্য, তাঁহারা একবাক্য হইয়া ইহার একটী সদুপায় করেন।

কস্যচিৎ
উল্লিখিত গ্রামবাসিনঃ

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু ত্রৈলোক্যনাথ রক্ষিত		তমোলুক
১৮৬৮ আগষ্ট হইতে ৬৯ জুলাই		১৩
" " মহেশচন্দ্র পাল চৌধুরী		কুমারটুলী
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়		১০
" " রাখালচন্দ্র রায়		কাঁথি
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়		১৩
" " উমাচরণ সেন		রঙ্গপুর
১৮৬৮ আগষ্ট হইতে ৬৯ জুলাই		১৩
" " অমৃতচন্দ্র গুহ		বানরীপাড়া
১৮৬৮ আগষ্ট হইতে অক্টোবর		৩৸০
" " ভোলানাথ পাল সিমুলিয়া		১০
" " শিবচন্দ্র সংহ		সিলং
১৮৬৮ আগষ্ট হইতে ৬৯ জুলাই		১৩
" " শ্যামধন মুখোপাধ্যায়	ভবানীপুর	১০
শ্রীযুক্ত জে, ওয়েলণ্ড সাহেব		সিমুলিয়া
১৮৬৮ আগষ্ট হইতে জুলাই		১০

শ্রীযুক্ত ই, এফ, হারিসন সাহেব
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা, মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ ব যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হই যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা যেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঁদড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃ প্রকাশিত হয়।

বিক্রয়ার্থ।

ন্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধা-
দেব বাহাদুরের কৃত। উত্তমকপে সোণা
তন বাঁধান মূল্য ২৫০ টাকা।

শ্রী আনন্দচন্দ্রবেদান্ত বাগীশ।

—:০:—

শ্চন্দ্র চরিত মূল্য ।০
শ্চন্দ্র চরিত শ্রীযুক্ত জগমোহন তর্কা-
র্তৃক সঙ্কলিত হইয়া মুদ্রিত হইয়াছে।
মুখবন্ধিতে পৌরাণিক অলৌকিক বর্ণন
পরম শুদ্ধ বালক বালিকাদিগের সত্য-
শিখাইবার নিমিত্ত রাজা হরিশ্চন্দ্রের
ান যতদূর আবশ্যক, তাহাই আছে।

কাতা
নে ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়

—:০:—

নওয়ার্ড ষ্টার অব স্কোটিয়া ওয়ার উইক
বৃটিস প্রিন্স জাহাজে সম্প্রতি আমদানী
ছে।

ন্দ্যোপাধ্যায় এবং কোং এতদ্দ্বারা সর্ব
গণকে জানাইতেছেন যে উপরি উক্ত
সকলে তাঁহাদিগের লণ্ডনস্থ এজেন্টগণ
যে সকল দ্রব্যাদি আমদানি হইবে তাঁহার
ইনভয়েস প্রাপ্ত হইয়াছেন।
ক্ত কোম্পানির প্রধান ঔষধালয়, আমং
২০ নং ভবন মুক্তাপুর মোড়কেল কলে
ভাবাজার ষ্ট্রিট ৩৯ নং ভবন শাখা ঔষ
টাটকা, বিশুদ্ধ এবং উৎকৃষ্ট ঔষধ সকল
ত মূল্যে খুচরা বা এক কালীন অধিক
ণে বিক্রয়ার্থ নিয়ত প্রস্তুত আছে।

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

ংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা
রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে
ক আনার হিসাবে কমিসন দে। অধিক
পুস্তক লইলে /১০ আনার হিসাবে
ন। কোন বঙ্গবাসী কর্ত্তৃক দশপদী কবিত
ল্য /১০ আনা, ডাকে পাঠাইতে হইলে
আনা। বোয়ালিয়া ধর্ম্মসভায় শ্রীযুক্ত
শ্চন্দ্র মিত্রের নিকট ঢাকা সুলভ যন্ত্রে
ই পুস্তকালয়ে পাওয়া যায়।
র্ব্বা উপাখ্যান অর্থাৎ সেক্সপিয়রকৃত নাট
ম্মুবাদ ২॥
অষ্টাধ্যায়ত ১ ম অবধি ১২ স্কন্ধ বাং
৮

শ্রীশ্রীহরিভক্তিবিলাস সম্পূর্ণ ৮
শ্রীমদ্রামায়ণ দুই খণ্ডে সম্পূর্ণ ৫
চক্রপাণিচিকিৎসা গ্রন্থ সিন্দুরীয়া পক্ষী
নিবাসী বাবু কাশীনাথ মল্লিকের প্রযত্নে উত্তম
পণ্ডিতদ্বারা হস্তের লিখিত ২৬
নিত্যধর্ম্মানুরঞ্জিকা পত্রিকা বার্ষিক ৩
কৌতুক বিলাস যাহাতে গোপালভাঁড়ের
কৌতুকগুলি সম্পূর্ণ আছে ১
চন্দ্রহংস ; জৈমিনি ভারত হইতে
উদ্ধৃত ১
ব্রহ্মতত্ত্ব চূড়ামনী অর্থাৎ ব্রহ্মনির্ণয় ১॥
নীলাঞ্জন কাব্য ৬
পুরঞ্জান কাব্য ৬
মণিকুণ্ডলা কাব্য ১
অভিমন্যু বধ নাটক ॥৵
দ্বাদশ শিশুর বিবরণ ৬
রত্নোত্তমা গদ্য কাব্য
কৌরববিয়োগ নাটক ২
সিভিল গাইড মার্শমেন সাহেব কৃত ২০
পদ্মগন্ধা উপাখ্যান ৬
সন্দেশাবলী স্বরূপচন্দ্র দাসকৃত ৩৬
পিশাচোদ্ধার ১
নিতিপ্রভা ॥
এটলাস বাং ৮ খানি ম্যাপ গণেশচন্দ্র শর্ম্মা
রকৃত ৩
ভূতত্ত্বদর্শন পৃথিবীর মানচিত্র ৫
ভারতবর্ষের ম্যাপ দেবনাগর অক্ষরে ৭
নীতিশিক্ষা ৬
অনবর শোহীলী গদ্যপদ্য পারসীক
কাব্য ১॥
কুমার সম্ভব সংস্কৃত হইতে পদ্য অনুবাদ ১
ভারতবর্ষের ইতিহাস কেদারনাথ দত্তকৃত ১
ঐ গোবিন্দচন্দ্র সেন কৃত ২.
ধনতত্ত্বসারসংগ্রহ ১
প্রাচীন ইতিহাস সমুচ্চয় ১
ঐ মার্শমেন সাহেবকৃত দুই খণ্ড ২
নাট্য পরিশিষ্ট নাটক ১
চরিতমঞ্জরী ১
শব্দকল্পদ্রুম পরিশিষ্ট ২৫
কলিকাতা জোড়া-
সাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র রায়
নগদ বিক্রেতা।

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের আগষ্ট মাসের ১ লা হইতে ৭ ই পর্য্যন্ত নদীয়ার নদী হায়ের সর্ব্বকম ত জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকমতি জল	মন্তব্য কথা
	ফুট ইঞ্চ	
নদী মাথা ভাঙ্গা		
মহানার উপর পদ্মানদীতে	৩৯ ৪	
মহানায়	১৮	
তথা হইতে হাট বোয়ালিয়া ৪৪ মাইল	১৮	
হাট বোয়ালিয়া হইতে আমুকদিয়া	১৬	
আমুকদিয়া হইতে কৃষ্ণগঞ্জ ৩৮ মাইল	১৬	
কৃষ্ণগঞ্জ হইতে হুগলি নদী পর্য্যন্ত ৩৪ মাইল	২০	
ভাগীরথী নদী।		
মহানার উপর পদ্মানদীতে	২৫	
মহানায়	১৮	
তথা হইতে জিয়াগঞ্জ	১০	
জিয়াগঞ্জ হইতে কাটোয়া ৬০ মাইল	১৭	
কাটোয়া হইতে নদীয়া ৪৬ মাইল	২১	
জলঙ্গী নদী		
মহানা	৯	
তথা হইতে করিমপুর ১৯ মাইল	১০	
করিমপুর হইতে টিয়াকাটা ৩৫ মাইল	১১	
টিয়াকাটা হইতে নদীয়া ৬০ মাইল	১২	

সন ১৮৬৮ আগষ্ট মাসের ১০ ই ত
বহরমপুর গঞ্জ ঘাটের জলের মাপ।

ফুট
২২

বহরমপুর ১০ ই আগষ্ট ১৮৬৮। } শ্রীযুক্ত টি, কেন্স উইকস একজিকিউটিব ইঞ্জিনিয় বহরমপুর ডিবিজন।

—:০:—

বিজ্ঞাপন।

সম্প্রতি বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট নিয়ম
দেশীয় ভাষায় শিক্ষা দিবার এবং রাস্তা
করিবার অভিপ্রায়ে কর করিবার এবং ভূ
কারীদিগের স্কন্ধে সেই করভার নিক্ষেপ
বার প্রশ্ন উত্থাপন করিয়াছেন। এই কর য
সহজে ও ন্যায়ানুসারে ধার্য্য এবং পরিমি
আদায় হয়, তদ্বিষয়ে মত দিবার নিমিত্ত
গবর্ণমেণ্ট ভারতবর্ষীয় সভাকে অনুরোধ
য়াছেন। গত ১৩ ই মে বঙ্গদেশীয় গব
যে পত্র লিখেন, তাহাতে বলা হইয়া
"স্পষ্ট বোধ হইতেছে, ভূমির উৎপন্নের
কর ধার্য্য করাই ন্যায়সিদ্ধ হইতেছে। জমী
লাখেরাজদার, পত্তনীদার, ইজারদার, মা

বর্ত্তী লোক এবং বাস্তবিক যেসকল কৃষকের
র উপরে স্থায়ী স্বার্থ আছে, অর্থাৎ যাঁহারা
বন্দী প্রজা নহেন এবং যাঁহারা উটবন্দী
ার ন্যায় বাজার দরে কর দেন না, তাঁহারা
র উপস্বত্বের যে অংশ পান, তদুপরি ও তৎপ
াগে করধার্য্য ও আদায় করাই ন্যায় ও
রসিদ্ধ বোধ হইতেছে। * উটবন্দী প্রজা
ীত ভূমির সহিত তার যেসকল লোকের
কান সম্বন্ধ ও স্বার্থ আছে, এই প্রস্তাব
াদিগের সকলকেই স্পর্শ করিতেছে ইত্যা

ভারতবর্ষীয় সভার কমিটী গবর্ণমেণ্টের
পত্রের উত্তরদানের পূর্ব্বে সর্ব্বসাধারণের
জানিবার অভিলাষী হইয়াছেন, তদনুসারে
ারা বিজ্ঞাপন দিয়া অনুরোধ করিতেছেন,
৬৮ অব্দের আগামী সেপ্টেম্বর মাসের ২ রা
া অপরাহ্ণ ৪ ঘটিকার সময়ে লার্কিন্স
নর ১ নং ভারতবর্ষীয় সভাগৃহে একটী
াধ্য সভা হইবে। সর্ব্বসাধারণে ঐ সময়ে
ানে গিয়া আপনাদিগের মত প্রকাশ করি-
।

শ্রীযতীন্দ্রমোহন ঠাকুর
ভারতবর্ষীয় সভার অবৈ-
তনিক সম্পাদক।

—০—

হোমিওপেথিক চিকিৎসা, প্রথম সংখ্যা,
আমরক্ত, মূল্য চারি
আনামাত্র।
লিকাতার চোরবাগানে স্কুলবুক ডিপো
নিয়ার সংস্কৃতযন্ত্রে মুদ্রাঙ্কিত এবং
াজারে বেরিণী কোম্পানির দোকান
ক ফারমেলীতে পাওয়া যায়।

সোমপ্রকাশ।

২ রা ভাদ্র সোমবার।

—:০:—

আমরা অনুরুদ্ধ হইয়া সম্প্র
ত্র করিতেছি, ২ রা সেপ্টেম্বর সো
টকার সময়ে ভারতবর্ষীয়সভাগৃহে
মেণ্টের প্রস্তাবিত শিক্ষা ও রথ্যা-
ন্ত করের বিষয়ে সাধারণের মত
র্থ এক প্রকাশ্য সভা হইবে। জমী-
তালুকদার, ইজারদার, পত্তনদার
দখলী ও মৌরসী স্বত্ববান্ প্রভৃতি
ীয় ব্যক্তির তথায় উপস্থিত হওয়া
কর্ত্তব্য। প্রস্তাবিত কর প্রচারিত হইয়া উঠবন্দী প্রজাভিন্ন অন্য সকলকেই গ্রহণ করিবে।

—:০:—

ডেপুটী বাবু।

মফস্বলের প্রতি মহকুমায় এক অথবা কয়েক জন করিয়া ডেপুটি মাজিষ্ট্রেট আছেন। সিবিলিয়ান মাজিষ্ট্রেটেরা সকল কাজ করিবার অবসর পান না বলিয়া বিচারপতি সুলভ করিবার নিমিত্ত ডেপুটি মাজিষ্ট্রেটের সৃষ্টি হয়। এ দেশের কৃতবিদ্য ও সম্ভ্রান্তবংশীয়দিগকে রাজকার্য্যে নিযুক্ত করিয়া সকলের উৎসাহবর্দ্ধন করাও গবর্ণমেণ্টের আর এক উদ্দেশ্য ছিল। তন্নিমিত্ত অনেক দেব, রায়, ঘোষাল প্রভৃতি ডেপুটি মাজিষ্ট্রেট হইয়াছিলেন। প্রথম কয়েক জন উপযুক্ত লোক নিয়োজিত হইয়াছিলেন, এখনও অনেক উপযুক্ত লোক এ পদে আছেন। কিন্তু কয়েক জন অপদার্থ লোক এ পদে প্রতিষ্ঠিত হওয়াতে এ পদ সাধারণের নিকটে হাস্যাস্পদ হইয়া উঠিয়াছে। ডেপুটী বাবু বলিলে যেন একটী অবতার আমাদিগের সম্মুখে বসিয়া আছেন, এইরূপ বোধ হয়। এ শ্রেণির এরূপ দুর্দ্দশার তিনটী কারণ আছে। প্রথমতঃ হেষ্টিংস সাহেবের প্রসাদে বিস্তর খান সামা ও দপ্তরির পুত্র, আমলা, কেরাণী ও মুহুরি এক কালে ডেপুটি হইয়া উঠেন। তাঁহাদিগকে পরের মাথা কাটিয়া খাইতে হয়। অন্য অন্য পরীক্ষা দিয়া স্বযোগ্যতা কর্ম্মচারী নিয়োগ প্রধানে অগ্রে নিয়োগ বিধি। এ পদ ও এ কাজটী সামান্য? তৃতীয়তঃ ডেপুটি মাজিষ্ট্রেটদিগের স্কন্ধে বহুতর কার্য্যভার ন্যস্ত হওয়াতে যাঁহার যে কিছু বুদ্ধি থাকে, তাহা লোপ পাইয়া যায়।

সিবিলিয়ানেরা বিস্তর গ্রন্থ
করিয়া কঠিন পরীক্ষা দিয়া কর্ম্ম
আমাদিগের অচিহ্নিত বিচারপ
গেরও বিস্তর শিখিতে ও
পরীক্ষা দিতে হয়। উকীলদিগের
এই নিয়ম। চিকিৎসাপ্রভৃতি অন
বিভাগ দর্শন কর, সেখানেও পূর্ব্বে
হইয়া থাকে, কেবল ডেপুটি মাজি
টেরা বিনা পরীক্ষায় "গাড্ড
হইয়া থাকেন।

আমরা উপরে কহিয়াছি,
মাজিষ্ট্রেটদিগের মধ্যে অনেক উ
লোক আছেন; কিন্তু তাঁহারা উ
ডেপুটি বাবুদিগের সঙ্গে পড়িয়া
যাইতেছেন। ঐ গুণান্বিত মহ
দিগের একটি মানচিত্র পাঠক
অগ্রে উপনীত হইতেছে, পাঠকগ
বার নেত্র উন্মীলন করিয়া দর্শন ক
ঐ দেখ, চোস্ত পেণ্টুলন, রঙ্গিন
কান, তদুপরি জোব্বা, মাথায়
পাগড়ী (কেহ কেহ এতদ্দেশীয় খ
নদিগের ন্যায় বিবর টুপি পরি
শ্যামল চসমা ব্যবহার করিয়া থাকে
এবং চাপ্‌পাই গোঁপ কেমন
পাইতেছে! কেবল এইমাত্র শোভ
দেখ, আমলা ও মোক্তারদিগকে ভ
র্শন করিবার নিমিত্ত কেমন কপোতি
নিকট হইতে নয়নহিল্লোল ঋণ ক
লওয়া হইয়াছে। সামুদ্রিক শাস্ত্রক
বলেন, যেখানে আকৃতি, সেই খ
গুণ। আমরাও তেমনি বলিতেছি,
পরিচ্ছদশোভা, কাজের শোভাও তে
উহাঁরা ধমকাইয়া প্রায় অনেক
সারিয়া লন। উহাঁদিগের অনেকে প
বর্ষণ করিয়া সাক্ষী অর্থী ও প্রত
শরীর শীতল করিয়া দেন। যদি
দেখা যায় "আদালতের প্রতি অব
এই শিরেই অধিক জরিমানা অ
দেখিতে পাওয়া যায়। পাঠকগণ

ঐ মহামতিদিগের কার্য্যদক্ষতার
চয় পাইলেন এরূপ বিবেচনা করি
না. উহাঁদিগের অনেকে মকদ্দমার
হা বুঝিতে না পারিয়া অর্থী ও
র্থী উভয়কেই সেসিয়নে সমর্পণ
ত উদ্যত হন। ও দিকে পার্শ্বে
লারেরা "খেয়োখেয়ি" আরম্ভ
ন। ডেপুটী বাবু মধ্যে মধ্যে গোল
ইতে বলেন, সন্দেহ নাই। তাঁহার
দক্ষ আরদালি ও পাখাওয়ালার
হ ভিত্তি আলম্বন করিয়া ঈষন্মু-
য়নে অভিসন্তুষে মধ্যে মধ্যে
প! চুপ!" করিতে থাকে; কিন্তু
পে করে? ডেপুটী বাবু নিজেই
এক সহস্র। তিনি স্বয়ংই আসর
করিয়া রাখেন। এই সকল মহাম-
নিকটে ১০ আইনের মকদ্দমা উপ-
হইলেই মোক্তার বাড়ীর কাণ্ড
স্থত হয়। অর্থী প্রত্যর্থীরা জীবন্ত
ই হইতে থাকে। কোন স্থলে অর্থী
কা বাকী করের নিমিত্ত আবেদন
াছেন, দয়ালু হাকিম তাঁহাকে
র অংশের ডিক্রি দিতেছেন! কোন
অর্থীকে বলা হইতেছে, তোমার
ড় বেআদবী" হইয়াছে, তাহার পর
সহস্র প্রমাণ দিয়াও জয়লাভ করিতে
তেছেন না। জেলার জজের
ট যেসকল মকদ্দমার আপীল হয়,
লির বিচার কতক সাবধান হইয়া
হয়, কিন্তু কালেক্টর পর্য্যন্ত যাহার
, উক্ত "ঘটিরাম" ডেপুটি বাবুরা
লি ত সিরাজদ্দৌলার রাজত্ব পান,
চ্ছা সেই আজ্ঞা দেন। আইন অ-
র যথার্থ বিচার হইবে ইহা ভাবিয়া
ব্যক্তি উক্ত গুণধরদিগের
ট যান না; যাহাঁর চতুরতা অধিক,
ই জয়লাভ করেন। ফৌজদারি
মার যেগুলির সেসিয়নে যাইবার

অথবা যাহার আপীল জজের নিকটে
হইবার সম্ভাবনা থাকে, সেই গুলির
বেলা যে কিছু চিন্তা; কিন্তু যাহাতে
সেচিন্তা নাই, তাহাতে প্রায়
এক মাস মেয়াদ ও ৫০ টাকার
অধিক দণ্ড দেওয়া হয় না। কারণ
তাহার আপীল নাই। অনেক স্থলে
মোক্তারেরা কোন সাক্ষীর বিশেষ কথা
অথবা বিশেষ আপত্তি লিপিবদ্ধ করিতে
বলিলেও অনেকে তাহা করেন না। যিনি
উকীল লইয়া যান, উক্ত মহামতিরা তাঁহার
উপরে জ্বলিয়া উঠেন। "আমি তবে
মকদ্দমা বুঝি না; আমাকে ভয় প্রদর্শন
করিবার নিমিত্ত উকীল আনয়ন করা
হইয়াছে; দেখি কি প্রকারে এ মকদ্দমায়
জয়লাভ করা হয়।" এই ভাবিয়া ঐ
ব্যক্তিকে হারাইবার যার পর নাই চেষ্টা
করা হয়। উকীলের সম্মুখে প্রায় আজ্ঞা
দেওয়া হয় না। বাসায় গিয়া অনেক বিবে
চনা ও পরামর্শ করিয়া যদি কোন ছিদ্র
না পান, তাহা হইলেই তাহা
মাদিগের শ্রদ্ধাস্পদ এতদ্দেশীয় উপযুক্ত
মুন্সেফ সদরআমীনপ্রভৃতি বিচারপতিগণ
উকীলের সহিত তর্ক করিয়া সকল বিষয়ের
মীমাংসা করেন; কিন্তু উক্ত অভিমানী
ডেপুটী মাজিষ্ট্রেটেরা তর্ককে "আদা
লতকে অবজ্ঞা" জ্ঞান করেন। এক্ষণে
আমরা গবর্ণমেণ্টকে অনুরোধ করিতেছি
যাহারা ওকালতির পরীক্ষা দেন নাই, এমন
লোককে যেন আর ডেপুটি মাজিষ্ট্রেটী
পদ প্রদান করা না হয়, এত দিন যাহা হই
বার হইয়াছে, এখন উপযুক্ত লোক
সুলভ হইয়াছেন। ফৌজদারি বিচার
সর্ব্বাপেক্ষা কঠিন; ইহাতে লোকের
স্বাধীনতার উপরে সাক্ষাৎসম্বন্ধে হস্তক্ষেপ
করা হয়। যেসকল লোকে আইনের
কিছুই জানেন না, তাঁহাদিগকে বিচার
পতিপদে নিয়োজিত করা আর অবি-
চার করিতে বলা তুল্য কথা।

চিরস্থায়ী বন্দোবস্ত।

বঙ্গদেশের চিরস্থায়ী বন্দোবস্ত
চিরস্থায়ী বিবাদের কারণ হইয়া
য়াছে। এই বন্দোবস্ত ভ্রমমূলক,
ভ্রম কেবল কয়েক জন সমাচা
সম্পাদকের নয়, ভারতবর্ষের বড়
প্রধান রাজপুরুষদিগের অনেকের
য়াছে। আপদ একটী প্রধান উপদে
সর চারলস উড, লার্ড কানিঙ ও ব
বেয়ার্ড স্মিথ দুর্ভিক্ষ আপদ হ
যে উপদেশ প্রাপ্ত হন এবং যদ্দি
উত্তর পশ্চিমাঞ্চলে চিরস্থায়ী বন্দে
করিবার আদেশ হয়, টমাসনের প্র
সম্প্রদায় সেটীকে নির্ব্বুদ্ধিতা বলিয়া
করিতেছেন। এ সম্প্রদায়ের সংস্কার
আকর্ষণ করিলেই যাহার রস বহির্গত
চিরকালের মত সেই ভূমির একবি
স্থাপন করিয়া আকর্ষণের পথ বন্ধ ক
দেওয়া নিতান্ত অবিবিচ্যকারীর ক
ইহাতে যে কি উপাদেয় ফল ল
সম্ভাবনা আছে, তাঁহারা তদ্বোধে
নহেন। জমীদারেরা যেরূপ কৃষকদি
নিকটে লন, সেইরূপ মধ্যে মধ্যে তা
জমীদারদিগের নিকট হইতে র
বাড়াইয়া লইবেন, বর্ত্তমান রাজপুর
গের এই উদ্দেশ্য। ফলতঃ ইহাঁদিগের
সরকারী আয়ের একটী পথ এক ব
বন্ধ করা অকর্ত্তব্য। কিন্তু যদি অনু
করিয়া দেখা যায়, এ যুক্তি সা
বলিয়া প্রতীয়মান হয় না। বোধ
এক ব্যক্তি একটী বৃক্ষ অর্জ্জন কি
যাহাতে বৃক্ষটী সতেজ হইয়া উঠে,
তাহার এই চেষ্টা রহিল; তাহার
মনে আশা এই, বৃক্ষটি বলবান ও ফ
হইলে তাহার শাখা পল্লবে ত
রজ্জুনের কাষ্ঠ এবং ফল বি
দ্বারা অন্য অন্য উপকরণ সংগ্রহ হই
আর এক ব্যক্তি ঐরূপ একটী বৃক্ষ রো

ল ; ইতি মধ্যে তাহার ভাণ্ডের
াজন হইল, সে সমুদায় শাখাপল্লব
ন করিয়া বৃক্ষটীকে নিস্তেজ করিয়া
লল। ঐ উভয় ব্যক্তির মধ্যে কোন্
ক অধিক বুদ্ধিমান্ ? ভূমির চিরস্থায়ী
াবস্ত করিয়া লাভ করিবার ইচ্ছাটী
কে সতেজ রাখিয়া তাহার শাখাপল্লব
লদ্বারা সংসার নির্ব্বাহ করিবার
র তুল্য । পক্ষান্তরে মধ্যে মধ্যে
র রাজস্ববৃদ্ধি করা এক কালে
ায় শাখাছেদন করিয়া বৃক্ষকে
ন্ন করিবার তুল্য হয়। ফলতঃ ভূমির
স্থায়ী বন্দোবস্ত করিলে সম্পত্তির
বৃদ্ধি হইয়া ক্রমে যে আয় হয়, সাম
রাজস্ববৃদ্ধিতে তাহা কখন হয় না।
াইয়ে কৃষকদিগের ৩০ বৎসর মেয়াদী
ত ৩০ গুণ পণে বিক্রীত হইতেছে।
; কিন্তু কি কারণে যে এরূপ হই-
ছে, কেহ সেই প্রকৃত কারণের উল্লেখ
ন ন'ই ; কোন স্থলে মেলা অথবা
ব হইলে তদুপলক্ষে মাঠের মধ্যস্থিত
কাঠা ভূমির [illegible] দিবসের
ন্ত দশ বার টাকা [illegible] কিন্তু মেলার
ঐ ভূমির বিঘা দশ টাকায় পাওয়া
। বোম্বাইয়ের তুলার বাণিজ্যে এরূপ
মূল্য বৃদ্ধি হইয়াছে। আমেরিকার
প্রচুর পরিমাণে মাঞ্চেষ্টরে রপ্তানী
ল এই মূল্য কদাপি থাকিবে না।
র উৎপন্ন অধিক ও তাহার অধিক
না হইলে কখন ভূমির মূল্য বৃদ্ধি
া। এক বিঘা তুলার চাস করিতে
১২ টাকা ব্যয় পড়ে। কিন্তু কৃষক
বাদে প্রায় ৩০ টাকা পায়, আরও
ক পাইবার আশা আছে ; সেই
ন্ত তাহারা অত্যন্ত অধিক মূল্য দিয়া
ইয়ে জোত ক্রয় করিতেছে। তুলায়
াইয়ের চাষাদিগের বিলক্ষণ লাভ
ছে। যত দিন লাভ তত দিন মূল্য ;
র পরে ঐসকল ভূমি দুই বৎসরের
করের পণেও বিক্রীত হইবে না। আমরা শুনিয়াছি, তুলার ভূমির যেরূপ মূল্য ধান্য ও অন্য অন্য শস্যের ভূমির সেপ্রকার মূল্য নহে। পক্ষান্তরে বঙ্গদেশে ধান্যাদি শস্য দশ সহস্রের মধ্যে ৯৯৯৯ বিঘাতে উৎপাদিত হয়। ভারতবর্ষের কোন স্থানেই এইসকল ভূমির ৩০ গুণ মূল্য নাই। কলিকাতার নিকটস্থ অতি উর্ব্বর ভূমির বিঘাও বার্ষিক করের ২০ গুণের অধিক মূল্যে বিক্রীত হয় না।

চিরস্থায়ী বন্দোবস্ত দেশের সমৃদ্ধি বৃদ্ধির একটী প্রধান উপায়। উহার গুণে ভূমির বহুগুণ মূল্যবৃদ্ধি হয়। সহৃদয় ব্যক্তিমাত্রেই স্বীকার করিবেন, প্রতি বৎসর যে ভূমির কর বৃদ্ধি হয়, লোকে তদপেক্ষা অধিক মূল্য দিয়া চিরস্থায়ী বন্দোবস্তভুক্ত ভূমি ক্রয় করিয়া থাকেন। বর্দ্ধিত কর দিলে কি উৎপন্ন অধিক হয় ? জমীদার সর্ব্বদা শোষণ করিলে কি প্রজার ধনবৃদ্ধি হইতে পারে ? যেসকল স্থানের জমীদারিতে মিয়াদি বন্দোবস্ত আছে, তত্রত্য জমীদারগণ রাজস্ববৃদ্ধির ভয়ে নূতন বন্দোবস্তের কয়েক বৎসর পূর্ব্ব অবধি অনেক ভূমি অকৃষ্ট ফেলিয়া রাখেন। ভূমি পতিত থাকিলে কি কৃষি, বাণিজ্য, রাজস্ব, প্রজার জীবিকা ও দেশের ধন হানি হয় না ? চিরস্থায়ী বন্দোবস্ত নিবন্ধন সম্পত্তির মূল্য এবং তাহার সহিত বাণিজ্য ও ষ্টাম্পপ্রভৃতির মূল্য যে অধিক হইয়াছে, একথা বলা বাহুল্য। দেশের বাণিজ্যের বৃদ্ধি ও দ্রব্য সামগ্রী মহার্ঘ্য হইয়াছে কৃষিজাত দ্রব্য এখন পড়িতে পায় না। তথাপি কৃষকদিগের যেরূপ সচ্ছল হওয়া উচিত, তাহারা সেরূপ হইতে পারিতেছে না। তাহার কারণ কি ? তাহার কারণ জমীদার ও মহাজন। জমীদার সর্ব্বদাই শোষণ করিয়া কর লন বলিয়া কৃষকগণের অসঙ্গতি দুর হয় না ; সুতরাং তাহাদিগকে মহাজনের আশ্রয় গ্রহণ করিতে হয়। পুরুষানুক্র
এই দুর্দ্দশা হইয়া আসিয়াছে।
বন্দোবস্ত অবধি উহার কতক
য়াছে। ১৮১২ অব্দের ৫ আইন
যখন মৌরসী পট্টা দিবার
সেই অবধি কৃষকদিগের মঙ্গল
আরম্ভ হইয়াছে। সর্ব্বদা করবৃদ্ধি
কি চাসে তেমন মন লাগে ? না
তাহাতে মঙ্গল হয় ? জোতের স্থি
থাকিলে কৃষক অর্থ ও শ্রম
করিতে উৎসাহী হয় না ; একথা
স্বীকার ক রবেন ? তাহা ব্যয় না ক
তাহার দুর্দ্দশা ঘুচিবার সম্ভাবনা
অতএব কৃষকের উপর করবৃদ্ধি ন
এটী কাহার অভিপ্রেত না হইবে ?
যদি জমীদারের মধ্যে মধ্যে ক
হয়, তিনি কি প্রজার নিকটে কর
করিতে বিমুখ হইবেন ? জমীদার কৃ
করবৃদ্ধি করিতে পারিবেন না,
জমীদারের রাজস্ববৃদ্ধি হইবে, এটী
সঙ্গত হইতে পারে না। ১
অব্দের ১০ আইনের সৃষ্টিকর্ত্তার
যুদ্ধ করিয়া যে অভীষ্ট সিদ্ধ করিবার
পাতিত করিয়াছেন, তাহা রুদ্ধ
যাইবে।

ভারতবর্ষ কৃষিজীবী দেশ। যাহাতে এ
কৃষিকার্য্যের উন্নতি হয়, সর্ব্বপ্রযত্নে
র্ণমেণ্টের সেই রাজনীতি অবলম্বন
কর্ত্তব্য। আমরা পুনরায় বলিতেছি,
কার্য্যের উপর ভূমির রাজস্ব ও
জ্যের শুল্ক নির্ভর করিতেছে।
কৃষকগণ সঙ্গতিশূন্য হইলে এ অভীষ্ট
হওয়া দুর্ঘট হইবে। কৃষকদিগের এ
যে অবস্থা, অত্যন্ত সচ্ছল হইলেও
এক বৎসরের অধিক খাদ্য সংগ্রহ
না। যদি স্থিরতর কর থাকে,
হইলে দশ বৎসরের মধ্যে যাহার
গোলা তাহার দুই গোলা ধান্য

অবস্থায় দুর্ভিক্ষ অথবা অন্য
তাহারা অনায়াসে আত্ম
চ সমর্থ হয়। যাহার শয়ন
াই সে বৈঠকখানা করিতে
কৃষকদিগের দিনের অন্ন
কঠিন, তখন উৎকৃষ্ট কৃষি
তনবিধ শস্য উৎপাদন করি
কিরূপে ফলোপধায়ী হইবে?
ৎপাদিকা শক্তি বৃদ্ধিনিবন্ধন
য়, সেই লাভই লাভ। ক্ষেত্রে
য়া শোষণ করিয়া কর লইলে
কি না তাহা মুসলমান সম্রাটেরা
খিয়াছেন। আসিয়া মাইনরে
াটেরা সে পরীক্ষা করিতেছেন।
কা শক্তি বৃদ্ধি হইবামাত্র কর
তে উক্ত দেশ উৎসন্ন হইতেছে।
ম্বন্ধে কৃষিকার্য্যের উপরে কর
কৃষক জমীদার ও গবর্ণমেণ্ট সক
ক্ষতি হয়। প্রজার উৎপাদিত শস্য
ণিজ্যের যে শ্রীবৃদ্ধি এবং সম্প
ল্যবৃদ্ধিনিবন্ধন সরকারী আয়ের
হয় তাহাই প্রকৃত লাভ। ফলতঃ
ন দেশের গবর্ণমেণ্টের কৃষিকা
ৎসাহ দেওয়াই কর্ত্তব্য। কৃষক-
সহিত চিরস্থায়ী বন্দোবস্ত না
এই উদ্দেশ্য সাধিত হইবার
নাই। কৃষকদিগের কর একবিধ
গেলে কার্য্যতঃ জমীদারের সহিত
া বন্দোবস্ত হইয়া উঠিবে। মধ্যে
মির কর বৃদ্ধি করিলে আশু লাভ
পারে বটে; কিন্তু পরিশেষে
দ রদ্র ও গবর্ণমেণ্টকে ক্ষতিগ্রস্ত
ইবে সন্দেহ নাই। এই নিমিত্ত
জমীদারদিগকে মধ্যে রাখিয়া
গের সহিত চিরস্থায়ী বন্দোবস্ত
নিমিত্ত গবর্ণমেণ্টকে মধ্যে মধ্যে
ত করিয়া থাকি।

—:•:—

রামদুলাল সরকার।

টাকা যেরূপে রামদুলাল সরকা
এ ৫৮	৮৬৬৩৮	১০০	অর্দ্ধ নোট
এ ৫৫	৮৯৪৪৪	৫০	»
এ ৫২	৬৪৬৯০	২০	»
এ ২৬	১০২৯৬	২০	»
এ ৩২	৪৬৪৫২	২০	»
এ ৪৪	৮৯৯৩৭	২০	»
এ ৪৫	৩৫০৭৪	২০	»
এ ৪৩	৯৯৬৬২	২০	»
বি ২২	০১৭৫৫	২০	» } ভিন্ন পেট
বি ২২	০১৭৫৪	২০	» } নোট
এ ৪৯	০৭৭৭৩	১০	»
এ ৪৯	০০৪৬১	১০	»
এ ৪১	৬০৪৬৬	১০	পূর্ণ
এ ৪৯	৪৮৭২৯	১০	অর্দ্ধ নোট
এ ৫০	১৬৮৫৫	১০	»
এ ৪৯	৮২৮২১	১০	»
এ ৪২	০৮২৬৯	১০	»
এ ১৯	৩৫৪০১	১০	»
এ ১৯	৪৮৮৩২	১০	»
এ ১৮	৩৭৮৯৬	১০	»
এ ১৮	৩৯৮৫৭	১০	»
এ ৩১	৯২১০৩	১০	»
এ ৩১	৯২১০১	১০	»
এ ৩১	৯২১০২	১০	»
এ ৩১	৫৪১১৫	১০	»

কলিকাতা পোষ্ট আফিস ১৩ ই আগষ্ট ১৮৬৮। } ডবলিউ, এইচ, মাসগ্রো পোষ্ট মাষ্টার।

হেমন্তকুমারী।

নন্তকুমারীনামক এক খানি নাটক জনৈক
সংগ্রহ করিয়া নড়াইলের জমীদার শ্রীযুক্ত
গাবিন্দচন্দ্র রায় মহাশয়কে উপহার প্রদান
ছেন, তাহা মুদ্রিত হইতেছে, স্বাক্ষর-
জন্য।০ আনা, বিনা স্বাক্ষর কাপীর জন্য
নো মূল্য নির্দ্ধারিত হইয়াছে. স্বাক্ষরকারী
ভূক্ত হইতে যাঁহারা বাসনা করেন, তাঁহারা
াক্ষরকারীর নিকট পত্র লিখিবেন।

কলিকাতা। } শ্রীকালীপ্রসন্ন সেন গুপ্ত।
মাল স্কুল। }

—:০:—

লক্ষ্মণমালা।

কাব্যপ্রকাশ, সাহিত্যদর্পণ, কাব্যাদর্শ,
ন্দিকা, এবং দশরূপপ্রভৃতি সংস্কৃত অল
গ্রন্থ হইতে প্রয়োজনীয় অংশ সমুদায় গ্রহণ
" লক্ষণ মালা " নামে এক খানি সংস্কৃত
র গ্রন্থ মুদ্রিত ও প্রচারিত হইয়াছে। গ্রহ-
াণ কলিকাতা পটোলডাঙ্গাস্থ বাড়ুর্য্যা-
কোং নিকট এবং চাকা নন্দকুমার গুহ ও
স, ব্রাদার্সের পুস্তকালয়ে তত্ত্ব করিলে
ত পারিবেন। মূল্য ৸০ আনা মাত্র।

৫ ই আগষ্ট। } প্রকাশক
৮৬৮। } শ্রী গাবিন্দচন্দ্র চক্রবর্ত্তী

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণু পুরাণ।

অনুবাদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড
পৃষ্ঠা। অগ্রিম মূল্য ।৷০ ।

নি গ্রহণাভিলাষী হইবেন তিনি মুক্তাপুর
ষ্ট্রীট ৩৫ ১ নং ভবনে কার্য্য প্রকাশ
অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
ক জগন্মোহন তর্কালঙ্কারের নামে যত
র ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম
াইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার
নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

ারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নংজোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
ত অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ
ক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
ডাঙ্গা বাড়ুর্য্যে ব্রাদার কোম্পানির দোকানে মৎ
প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল্য
গ্রীসইতিহাস	১ টাকা
রোমইতিহাস	১ "
ভূষণসার ব্যাকরণ	।০
নীতিসার (১ ম ভাগ)	৶
নীতিসার (২ য় ভাগ)	৶
প্রচারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	৸

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—:০:—

বঙ্গকামিনী নাটক (মূল্য
এক টাকা)

সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে, চীনেবাজারে
শ্রীযুক্ত বাবু ভোলানাথ মুখোপাধ্যায়ের ৬৮ নম্বর
দোকানে এবং সংস্কৃত যন্ত্রের অধ্যক্ষ শ্রীযুক্ত
বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের নিকটে প্রাপ্য।
ক্রেতৃগণকে ২৫ পঁচিশ টাকার হিসাবে কমি
সন দেওয়া যায়।

শ্রীহারাণচন্দ্র মুখোপাধ্যায়স্য

—:০:—

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধা-
কান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা
দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্ত বাগীশ।

—:০:—

হরিশ্চন্দ্র চরিত মূল্য ।০

হরিশ্চন্দ্র চরিত শ্রীযুক্ত জগন্মোহন তর্কা-
লঙ্কারকর্ত্তৃক সঙ্কলিত হইয়া মুদ্রিত হইয়াছে।
এই গ্রন্থখানিতে পৌরাণিক অলৌকিক বর্ণন
নাই, পরন্তু শুদ্ধ বালক বালিকাদিগের সভ্য-
নিষ্ঠা শিখাইবার নিমিত্ত রাজা হরিশ্চন্দ্রের
উপাখ্যান যতদূর আবশ্যক, তাহাই আছে।

কলিকাতা
ঠনঠনে ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা
বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে
৶০ এক আনার হিসাবে কমিসন দি। অধিক
টাকার পুস্তক লইলে ৶১০ আনার হিসাবে
পাইবেন। কোন বঙ্গবালা কর্ত্তৃক দশপদী
রচিত মূল্য ৶১০ আনা। ডাকে পাঠাইতে
৶১০ আনা। বোয়ালিয়া ধর্ম্মসভায়
বাবু হরিশ্চন্দ্র মিত্রের নিকট চাকা সুলভ
এবং এই পুস্তকালয়ে পাওয়া যায়।

অপূর্ব্ব উপাখ্যান অর্থাৎ সেক্সপিয়রকৃ
কের মর্ম্মানুবাদ

শ্রীমদ্ভাগবত ১ ম অবধি ১২ স্ক
গদ্য

শ্রীশ্রীহরিভক্তিবিলাস সম্পূর্ণ

শ্রীমদ্রামায়ণ দুই খণ্ডে সম্পূর্ণ

চক্রপাণিচিকিৎসা গ্রন্থ সিন্ধুরীয়া
নিবাসী বাবু কাশীনাথ মল্লিকের প্রযত্নে
পণ্ডিতদ্বারা হস্তের লিখিত

নিত্যধর্ম্মানুরঞ্জিকা পত্রিকা বার্ষিক

কৌতুক বিলাস যাহাতে গোপালভ
কৌতুকগুলি সম্পূর্ণ আছে

চন্দ্রহংস ; ভৈমিনি ভারত
উদ্ধৃত

ব্রহ্মতত্ত্ব চূড়ামণি অর্থাৎ ব্রহ্ম নির্ণয়

নীলাঞ্জন কাব্য

পুরঞ্জান কাব্য

মাণিকুণ্ডলা কাব্য

অভিমন্যুবধ নাটক

দ্বাদশ শিশুর বিবরণ

রত্নে'ত্তমা গদ্য কাব্য

কৌরববিয়োগ নাটক

সিভিল গাইড মাশমেন সাহেব কৃত

পদ্মগন্ধা উপাখ্যান

সন্দেশাবলী স্বরূপচন্দ্র দাসকৃত

পিশাচোদ্ধার

নীতিপ্রভা

এটলাস বা২৮খানি ম্যাপ গণেশচন্দ্র
রকৃত

ভূতত্ত্বদর্শন পৃথিবীর মানচিত্র

ভারতবর্ষের ম্যাপ দেবনাগর অক্ষরে

নীতিশিক্ষা

অনবর শোহীলী গদ্যপদ্য প
কাব্য

কুমার সম্ভব সংস্কৃত হইতে পদ্য অনু

ভারতবর্ষের ইতিহাস কেদারনাথ দত্তকৃ

ঐ গোবিন্দচন্দ্র সেন কৃত

মনস্তত্ত্বসারসংগ্রহ

প্রাচীন ইতিহাস সমুচ্চয়

ঐ মার্শমেন সাহেবকৃত দুই খণ্ড

নাট্য পরিশিষ্ট নাটক

চরিতমঞ্জরী ১।
শব্দকল্পদ্রুম পরিশিষ্ট ২৫
লিকাতা জোড়া- } শ্রীপ্রতাপচন্দ্র রায়
কো ৬৪ নং } নগদ বিক্রেতা।

ভারতবর্ষীয় সভা।

সম্প্রতি বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট নিম্নশ্রেণিকে
য় ভাষায় শিক্ষা দিবার এবং রাস্তা প্রস্তুত
বার অভিপ্রায়ে কর করিবার এবং ভূম্যধি-
দিগের স্কন্ধে সেই করভার নিক্ষেপ করি
প্রস্তাব উত্থাপন করিয়াছেন। এই কর যাহাতে
জ ও ন্যায়ানুসারে ধার্য্য এবং পরিমিতরূপে
য় হয়, তদ্বিষয়ে মত দিবার নিমিত্ত উক্ত
মেণ্ট ভারতবর্ষীয় সভাকে অনুরোধ করি-
ন। গত ১৩ই মে বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট
পত্র লিখেন, তাহাতে বলা হইয়াছে:—
স্পষ্ট বোধ হইতেছে, ভূমির উৎপন্নের উপরে
ার্য্য করাই ন্যায়সিদ্ধ হইতেছে। জমীদার,
রাজদার, পত্তনীদার, ইজারদার ও নানাবিধ
র্ত্তী লোক এবং বাস্তবিক যেসকল কৃষকের
উপরে স্থায়ী স্বার্থ আছে, অর্থাৎ যাঁহারা
ন্দী প্রজা নহেন এবং যাঁহারা উটবন্দী
র ন্যায় বাজার দরে কর দেন না, তাঁহারা
উপস্বত্বের যে অংশ পান, তদুপরি ও তৎপ
ণে করধার্য্য ও আদায় করাই ন্যায় ও
সিদ্ধ বোধ হইতেছে। ^ উটবন্দী প্রজা
ত ভূমির সহিত আর যেসকল লোকের
ন সম্বন্ধ ও স্বত্ব আছে, এই প্রস্তাব
দিগের সকলকেই স্পর্শ করিতেছে। তন্নি
ভারতবর্ষীয় সভার কমিটী গবর্ণমেণ্টের
পত্রের উত্তরদানের পূর্ব্বে সর্ব্বসাধারণের
নিবার অভিলাষী হইয়াছেন, তদনুসারে
বিজ্ঞাপন দিয়া অনুরোধ করিতেছেন,
অদের আগামী সেপ্টেম্বর মাসের ২ রা
অপরাহ্ণ ৪ ঘটিকার সময়ে লার্কিন
র ১ নং ভারতবর্ষীয় সভাগৃহে একটী
সভা হইবে। সর্ব্বসাধারণে ঐ সময়ে
নে গিয়া আপনাদিগের মত প্রকাশ করি-

শ্রীযতীন্দ্রমোহন ঠাকুর
ভারতবর্ষীয় সভার অবৈ-
তনিক সম্পাদক।

—০—

মিওপেথিক চিকিৎসা, প্রথম সংখ্যা,
আমরক্ত, মূল্য চারি
আনামাত্র।
লিকাতার চোরবাগানে স্কুলবুক প্রেসে

ঠনঠনিয়ার সংস্কৃতযন্ত্রে পুস্তকালয়ে এবং লালবাজারে বেরিণী কোম্পানির হোমিও পেথিক ফারমেসীতে পাওয়া যায়।

—:•:—

পুনঃপ্রাপ্ত নোট।

যে ব্যক্তি ১৮৬৮ সালের ৮ ই আগষ্ট পত্র মধ্যে পাটনার ডাকযোগে নিম্নলিখিত নোট সকল পাঠাইয়াছেন। তিনি নিম্নস্বাক্ষরকারীর নিকট সবিশেষ লিখিয়া পাঠাইবেন।

এ ৫৮ ৮৯০০৭ নং ১০০ টাকার
এ ৫৮ ৮৩৮৬৯ নং ১০০ ঐ

ডবলিউ, এইচ, মাগোয়ান।
কলিকাতার পোষ্টমাষ্টার।

গদ্য সংগ্রহ।

অল্পপাঠী ছাত্রদিগের পাঠোপযোগী কোন সংস্কৃত গদ্য গ্রন্থ না থাকায়, সংস্কৃত কালেজের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার সর্ব্বাধিকারী মহাশয়ের আদেশানুসারে উক্ত কালেজের অন্যতর অধ্যাপক পণ্ডিতবর শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন মহাশয় মহাভারত ও বিষ্ণুপুরাণ হইতে কতকগুলি নীতিগর্ভ গল্প সঙ্কলন করিয়া "গদ্যসংগ্রহ" নামক এক খানি পুস্তক প্রচার করিয়াছেন। পটোলডাঙ্গা ৮৬ নং আমাদিগের পুস্তকালয়ে পাওয়া যায়। মূল্য ১ এক টাকা মাত্র।

বাক্‌ব্যাপারাদর্শ এবং কোং

—:•:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের আগষ্ট মাসের ৮ ই হইতে ১৪ ই পর্য্যন্ত নদীয়ার নদী হারের সর্ব্বকর্ম্মত জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকর্ম্মতি	জল
	ফুট	ইঞ্চ
নদী মাথাভাঙ্গা		
মহানার উপর পদ্মানদীতে	৩৮	০
মহানায়	২১	৬
তথা হইতে হাট বোয়ালিয়া		
৪৪ মাইল	২২	৬
হাট বোয়ালিয়া হইতে		
আন্দুকদিয়া	১৯	৬
আন্দুকদিয়া হইতে কৃষ্ণ-		
৩৮ মাইল	১৯	৬
কৃষ্ণগঞ্জ হইতে হুগলি নদী		
পর্য্যন্ত ৩৪ মাইল	১৯	০

ভাগীরথী নদী।

মহানার উপর পদ্মানদীতে	২৫
মহানায়	১৮
তথা হইতে জিয়াগঞ্জ	১০
জিয়াগঞ্জ হইতে কাটোয়া	
৬০ মাইল মধ্যে	২৩
কাটোয়া হইতে নদীয়া	
৪৬ মাইল মধ্যে	২৪
জলঙ্গী নদী	
মহানায়	৯
তথা হইতে করিমপুর	
১৯ মাইল	১১
করিমপুর হইতে টিয়াকাটা	
৩৫ মাইল	১১
টিয়াকাটা হইতে নদীয়া	
৬০ মাইল	১৩

সন ১৮৬৮ আগষ্ট মাসের ১৭ ই ত
বহরমপুর গঞ্জ ঘাটের জলের মাপ।

	ফুট
	২৩

বহরমপুর ১৭ ই আগষ্ট ১৮৬৮। } শ্রীযুক্ত টি. কেম্প উইকস এক্জিকিউটীব ইঞ্জিনিয় বহরমপুর ডিবিজন।

সোমপ্রকাশ।

৯ ই ভাদ্র সোমবার।

এবার বঙ্গদেশে অতিবৃষ্টির বৎ
জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে ১৫ দিন ব্যা
বৃষ্টি হওয়াতে যে অনিষ্ট হইয়া
লোকে তাহা হইতে মস্তক উত্তে
করিতে না করিতে শ্রাবণ মাসে আ
দশ দিন ব্যাপিয়া অতিবৃষ্টি হইয়া গে
এটী পূর্ব্বাপেক্ষা অধিকতর অনিষ্ট
হইয়াছে। জ্যৈষ্ঠ মাস বর্ষার প্র
আরম্ভকাল, অতএব তখন সুবৃষ্টিযে
শস্য জন্মিবার বিলক্ষণ আশা ছি
কিন্তু শ্রাবণ মাসের বৃষ্টিতে সে আ
উন্মূলিত করিয়াছে। বহুল পরিম
শস্যের অনিষ্ট সাধিত হইয়
লোকেরও ঘরদ্বার পতিত হইয়া যা
নাই কষ্ট হইয়াছে। আমাদিগের পত্র
কেরা আর্ত্তনাদ করিয়া চতুর্দ্দিক হ
পত্র লিখিতেছেন, এবার সোমপ্রকা
সমুদায় পত্রের স্থান সমাবেশ হইল ন

— ৩৫৮ —

লিপুর, জনাই, জাহানাবাদ প্রভৃতি
নে অনেক ঘরবাড়ী পড়িয়া গিয়াছে,
াতাদিকারণে অনেক লোকের মৃত্যুও
াছে। আগামী বারে ঐ পত্রগুলি
ঠকগণের নয়নপথে অবতারিত
বে।

—:০:—

সিবিল সর্ব্বিস পরীক্ষা।

সিবিল সর্ব্বিস কমিসনরগণ ভারত
ির চীৎকারশ্রবণে নিতান্ত বধির
নাই। ইংলণ্ডে গিয়া পরীক্ষা দেও
ত কঠিন, তাহাতে আবার কমিস
ণ আরবি ও সংস্কৃতের যে নম্বর
ইয়াছিলেন, তাহাতে প্রকারান্তরে
রতবর্ষীয় পরীক্ষার্থীদিগকে বঞ্চিত
া হইয়াছিল; কিন্তু আমরা আহ্লা
ত হইয়া পাঠকগণের গোচর করি
ছি, তাঁহারা আপনাদিগের ভ্রম কতক
শে সংশোধন করিয়াছেন। ১৮
, অব্দে যে পরীক্ষা হইবে, তাহার
মাবলি প্রকাশিত হইয়াছে। রাজ্ঞীয়
ল শ্রেণির প্রজাই এই পরীক্ষা দিতে
রিবেন। উক্ত ১৮৬৯ অব্দের ১ লা
ক্রয়ারি অথবা তৎপূর্ব্বে প্রত্যেক পরী
র্থীকে সিবিল সর্ব্বিস কমিসনরদিগের
কটে নিম্ন লিখিত বিষয়গুলি লিখিয়া
াঠাইতে হইবেঃ—

প্রথম, ১৮৬৯ অব্দের ১ লা ফেব্রু
র পরীক্ষার্থীর বয়ঃক্রম ১৭ বৎসরের
নয়, ২১ বৎসরেরও অধিক হয় নাই।
তীয়, এই বলিয়া এক জন চিকিৎস
এক লিপি প্রেরণ করিতে হইবে
পরীক্ষার্থীর কোন বিশেষ পীড়া
এবং শরীরের অবস্থও এরূপ নয়
তিনি সিবিল সর্ব্বিসের অযোগ্য
তে পারেন। তৃতীয়, পরীক্ষার্থীর সচ্চ
রিত্রতার প্রমাণপত্র। যখন কোন পরী
র্থীর বয়ঃক্রম, স্বাস্থ্য অথবা সচ্চরিত্র
তার বিষয়ে সন্দেহ জন্মিবে, তখন কমিস
নরগণ আপনারা তাহার অনুসন্ধান
করিতে পারিবেন। চতুর্থ, নিম্নলিখিত
বিষয়ের কোন্ কোন্ শাখায় পরীক্ষার্থী
পরীক্ষা দিবেন।

বিষয়	নম্বর
ইংরাজী রচনা	৫০০
ইংলণ্ডের ইতিহাস; (ইংলণ্ডের আইন ও শাসনপ্রণালী ইহার অন্তর্গত থাকিবে)	৫০০
ইংরাজী ভাষা ও সাহিত্য	৫০০
গ্রীসের ভাষা, সাহিত্য ও ইতিহাস	৭৫০
রোমের ঐ ঐ	৭৫০
ফ্রান্সের ঐ ঐ	৩৭৫
জার্ম্মেণির ঐ ঐ	৩৭৫
ইটালির ঐ ঐ	৩৭৫
অঙ্ক (বিশুদ্ধ ও বিমিশ্র)	১২৫০
(১) রসায়ন; (২) ইলেক্ট্রিসিটি ও মাগনেটিজম; (৩) ভূতত্ত্ব ও ধাতুতত্ত্ব; (৪) পশ্বাদির ইতিহাস এবং (৫) উদ্ভিদ বিদ্যা	১০০০ (ক)
ন্যায় ও ধর্ম্মনীতিতত্ত্ব	৫০০
সংস্কৃত ভাষা ও সাহিত্য	৫০০
আরবি ভাষা ও সাহিত্য	৫০০

পরীক্ষার্থিগণ স্বেচ্ছাপূর্ব্বক পূর্ব্বোক্ত বিষয়ের যেটী ইচ্ছা পরীক্ষা দিতে পারিবেন। কিন্তু পরীক্ষিতব্য বিষয়ে পরীক্ষার্থীর বিশেষ ব্যুৎপত্তি থাকা আবশ্যক। আমাদিগের আশঙ্কা হইতেছে, এটী কথার কথামাত্র হইবে। ২১ বৎসরের মধ্যে এসকল বিষয়ে প্রগাঢ় ব্যুৎপত্তি হওয়া অধিকাংশের সম্ভাবিত নহে।

পরীক্ষায় উত্তীর্ণ হইবামাত্র কে কোন্ প্রেসিডেন্সিতে যাইবেন, তাহা কমিসনরদিগকে জানাইতে হইবে। পরীক্ষার পরে পরীক্ষার্থীকে আর বৎসর ইংলণ্ডে থাকিতে হইবে। কালের মধ্যে সময়ে সময়ে নিম্নলি বিষয়ে পরীক্ষা গৃহীত হইবেঃ—

বিষয়	
১। সংস্কৃত	
যিনি যে প্রেসিডেন্সিতে যাইবেন, ত চলিত ভাষা	
২। ভারতবর্ষের ইতিহাস ভূগোল	
৩। আইন	
৪। বার্ত্তাশাস্ত্র	

সাময়িক পরীক্ষা তিন বার গৃ হইবে। ইহাতে উত্তীর্ণ হইলে সি সর্ব্বিস কমিসনরগণ পুনর্ব্বার প র্থীর স্বাস্থ্য ও সচ্চরিত্রতার অনু করিয়া শেষে প্রশংসাপত্র দি তখন নূতন সিবিলিয়ান ভারত আসিতে পারিবেন। ২৪ বৎসরের ব বয়ঃক্রম হইলে কেহ সিবিল স প্রবেশ করিতে সমর্থ হইবেন না। সাময়িক পরীক্ষায় উত্তীর্ণ হইলে, প্র পরীক্ষার্থী ষ্টেটসেক্রেটারির নি ১০০০ টাকা ও দ্বিতীয় বৎসরে টাকা পাইবেন। শেষ পরীক্ষায় হইলে ৩৫ টাকার এক ষ্টাম্পে দুই জামীনদার লইয়া ১০,০০০ টাকার চুক্তিপত্রে স্বাক্ষর করিয়া ভারত যাইবার অঙ্গীকার করিতে হইবে। পরীক্ষায় যিনি অকৃতকার্য্য হই তিনি আর পরীক্ষা দিতে পারি না।

সিবিল সর্ব্বিস কমিসনরগণ সং ও আরবির নম্বর বৃদ্ধি করিয়া উত্তম কাজ করিয়াছেন। কিন্তু ভা র্ষের ইতিহাস, ভূগোল ও ভাষা অ গ্রীক ও লাটিনের প্রাধান্য প্রধান

(ক) শেষোক্ত শাখার দুটী প্রশাখা মাত্র জানিলে যথেষ্ট হইবে। পরীক্ষার্থী স্বেচ্ছাপূর্ব্বক ইহা মনোনীত করিতে সমর্থ হইবেন।

চিত। গ্রীক ও লাটিন জানিলে
াজীতে উত্তম ব্যুৎপত্তি হয় সত্য ;
উহার সহিত ভারতবর্ষের আইন
বচারপ্রণালীর কি সংস্রব আছে,
া আমরা বুঝিতে পারিলাম না।
কর, এক জন গ্রীক, লাটিন, ফরাশী
টালীয় ভাষা উত্তম জানেন ; কিন্তু
ন উর্দ্দু ও বাঙ্গলা জানেন না, তিনি
দেশে আসিয়া কি করিবেন ? অত
ভারতবর্ষের চলিত ভাষার নম্বর
ক করা উচিত ছিল। অঙ্কের ১২৫০
ইয়া ভারতবর্ষের ইতিহাস ও ভূগো
নম্বর বৃদ্ধি করিলে ভাল হইত।
নের ১২৫০ নম্বর করা অতি উত্তম
াছে। পরীক্ষার পর ইংলণ্ডে দুই
র থাকিবার যে নিয়ম করা হইয়াছে,
ও উত্তম হইয়াছে। ভারতবর্ষে
ক্ষাগ্রহণের নিয়ম না করিলে এদে
প্রতি যথার্থ সুবিচার করা হইবে
তাহা আমরা বারম্বার বলিয়াছি ও
তেছি ; কিন্তু যত দিন এ নিয়ম না
তছে, তত দিন ইংলণ্ডে যাইতে
ব। ইংলণ্ডে গমন করিয়া কয়েক মাস
অবস্থান করিলে বিশেষ ফলো
হইবার সম্ভাবনা নাই। পরী-
যোগ্য বয়স আর এক বৎসর বৃদ্ধি
লে ভাল হয়। ২১ বৎসরের পূর্ব্বে
নে বিশ্ববিদ্যালয়ের বি, এ, উপাধি
য়া যায় না। এই উপাধি লইতে
সিবিল সর্ব্বিসের বয়ঃক্রম অতীত
অতএব বর্ত্তমান নিয়ম থাকিলে
নকার বিশ্ববিদ্যালয়ের কৃতবিদ্য
ণ সিবিল সর্ব্বিসে প্রবেশ করিতে
ন না। বি, এ, পরীক্ষার বয়স ২০
র করিয়া সিবিল সর্ব্বিসের পরী
বয়ঃক্রম ২২ বৎসর করাই কর্ত্তব্য।
ভারতবর্ষীয় সিবিলিয়ান হইলেই
ামরা আনন্দিত হইলাম, এ কথা
কেহ মনে করেন না। উপযুক্ত তার

তবর্ষীয়েরা এই পদ পান, ইহাই আমাদি
গের অভিপ্রেত।

—:০:—

কোর্ট ইনস্পেক্টর।

প্রতি নিম্নতর ফৌজদারি আদালতে কোর্ট ইনস্পেক্টর বলিয়া এক এক জন পুলিস কর্ম্মচারী আছেন। ইহাঁরা যাবতীয় ফৌজদারি মকদ্দমা চালাইবেন, এই অভিপ্রায়ে ইহাঁদিগের প্রথম সৃষ্টি হয় ; কিন্তু কার্য্যতঃ ইহাঁরা সেই সেকেলে নাজিরের পদে দণ্ডায়মান হইয়াছেন। হাজতের কয়েদিদিগের হিসাব, ও ফৌজদারির প্রত্যর্থীদিগের হাজির করা ইহাঁদিগের কাজ হইয়াছে, রাজ্ঞী ও প্রত্যর্থির পক্ষের সাক্ষীর বিষয়ে দৃষ্টি রাখাও ইহাদিগের একটী কর্ম্ম। তদ্ভিন্ন কোন ব্যক্তির জামীন লইতে হইলে কোর্ট ইনস্পেক্টরেরা সে কার্য্য সম্পাদন করিয়া থাকেন। ঐ দলের মধ্যে যাঁহারা অসৎ ঐ ব্যাপারটী তাহাঁদিগের উপার্জ্জনের একটী প্রশস্ত পথ। উহাঁদিগের অসাধুতানিবন্ধন অনেক অনিষ্টও ঘটিয়া থাকে। বোধ করি, ১লা মকদ্দমার দিন স্থির হইয়াছে ; কিন্তু অসৎ ইনস্পেক্টরের গুণে ২১ হইয়া উঠিল। জামীনে টাকা, সাক্ষীর হাজিরিতে টাকা, জবানবন্দিতে টাকা। নাজিরগণ সেকেলে দলস্থ ছিলেন ; তাঁহাদিগের চক্ষুলজ্জা ছিল, অল্পে সন্তুষ্ট হইতেন এবং ভয় ছিল। এক্ষণকার যাঁহারা অর্দ্ধশিক্ষিত অসৎ কোর্ট ইনস্পেক্টর তাঁহারা ভয়ঙ্কর লোক। তাঁহারা কিঞ্চিৎ ইংরাজী জানেন, তন্নিবন্ধন কতক সাহস আছে, কেহ কিছু বলিলে "হুরমতের দাবি" দিতে যান ও দণ্ডবিধি প্রদর্শন করেন। ইহাঁদিগের অল্পে পেট ভরে না। চক্ষুর্লজ্জা কাহাকে বলে তাহা ইহাঁরা জানেন না। স্বকর্ত্তব্য সাধনের পক্ষে হইলে এটী অবশ্যই প্রশংসনীয় ; কিন্তু

ইহাঁদের এই লজ্জাহীনতা কেবল
সার বেলা।

যখন আমিষ্টের নির্ম্মিত হইতেছে, এ
এই সকল কর্ম্মচারীর পদ উঠাইয়া দে
কর্ত্তব্য। প্রতি আদালতে এক এক
পুলিস কর্ম্মচারী থাকুন ; কিন্তু তাঁ
দিগের কার্য্যের সীমা করিয়া দে
উচিত। জামীনেই অধিক টাকা উপা
হয়। প্রায় আদালতের মোক্তা
জামীন হন ; যাঁহার টাকা আছে, ন
টাকা জমা দেন। এ স্থলে মাজি
নিজে অনায়াসে জামীন লইতে পা
অন্য কোন ব্যক্তি জামীন হইলে যে
বিশ্বস্ত কর্ম্মচারিদ্বারা তাঁহার
সঙ্গতি জানা যাইতে পারে। মক
চালাইবার ভার কোন পুলিস কর্ম্মচা
হস্তে দেওয়া উচিত নহে। প্রতি অ
লতে গবর্ণমেণ্টের পক্ষে এক জন উ
নিযুক্ত করা কর্ত্তব্য। ইহাতে অল্প
হইবে। তাহাতে ফৌজদারী মকদ্দ
যথার্থ বিচার হইবার সম্ভাবনা আ
কোন পুলিস কর্ম্মচারীকে কোন স্থা
আদালতে দুই বৎসরের অধিক র
উচিত নহে। আদালতে অধিক ক
থাকিলে যেসকল গুণ পুলিস কর্ম্মচা
আবশ্যক তাহা থাকে না। এইর
আদালতের কার্য্য সম্পাদন করিয়া
কোর্ট ইনস্পেক্টরের পদ রহিত করা
তাহাতে ইষ্ট বিনা অনিষ্টের অণু
সম্ভাবনা নাই।

—:০:—

[illegible]

অষ্ট্রিয়ার সম্রাট ও মহাসভা শি
প্রণালীর সহিত বিশেষ ধর্ম্মশি
সংস্রব ত্যাগ করাতে ইংলিসম্যান বলে
গবর্ণমেণ্টের সহিত যে ধর্ম্মের
সংস্রব থাকিবে না, অষ্ট্রিয়া তা
প্রথম সূত্রপাত করিয়াছেন। ইং
ম্যান আরও ভঙ্গীক্রমে এরূপ অভি

করেন, ক্রমশঃ খৃষ্টীয় ধর্ম্মের প্রতি
কর যে অবিশ্বাস হইতেছে তাহাতে
কালমধ্যে খৃষ্টীয় গিরজাসকল
া আলিঙ্গন করিবে। ইহাতে ডেলি
ার এক জন পত্রপ্রেরক বিরক্ত
বলিয়াছেন, নাস্তিকেরা আপনা
র মত সাধারণগ্রাহ্য বোধ করিয়া
; কিন্তু এক্ষণে পৃথিবীর মধ্যে যত
বদ্য লোকে খৃষ্টীয় ধর্ম্মে বিশ্বাস
ন, এত লোকে কোন কালে বিশ্বাস
নাই।" বিশ্বাস ও অবিশ্বাস
া হউক, অষ্ট্রিয়াতে যেরূপ হই-
এবং গ্লাডষ্টোন সাহেব আয়ার
র নামে যেরূপ করিতে উদ্যত হই-
ন, তাহাতে অনায়াসে নির্দ্দেশ করা
তে পারে, গবর্ণমেণ্টের ধর্ম্মসম্প্রদা-
সহিত সংস্রব রাখিবার কাল
ত হইয়াছে। ফরাশী বিপ্লবঘটিত
াচার না হইলে বর্ণটেয়রের বাণ
দিন খৃষ্টীয় ধর্ম্মকে ছিন্ন ভিন্ন করিয়া
লত। সেপাহী বিদ্রোহ এখানকার
রাধীনদিগের নির্ব্বাণোন্মুখ খৃষ্টীয়
নুরাগ প্রজ্বলিত করিয়াছে; কিন্তু
া দীর্ঘকাল প্রজ্বলিত থাকিবে,
া বোধ করা না। খৃষ্টধর্ম্মের প্রথম
র্ভাবকালে খৃষ্টীয়ানেরা অনেক
করিয়াছেন। ধর্ম্মের উপরে লোকের
ভক্তি কমিতেছে তত ই পাদরিরা
হিষ্ণু হইতেছেন আমাদিগের নবী
ন্ত মিশনরি বন্ধুর পত্র তাহার
ন্ত। অসহিষ্ণুতা হইতেই ধর্ম্মের
ল হইল স্থির সিদ্ধান্ত করিতে হইবে।
ী ধর্ম্মের সহকারিতাব্যতিরেকে রাজ
তি ও সমাজসংক্রান্ত উন্নতি সাধিত
বে না, একথা ইতিহাসসিদ্ধ সঙ্গত
া নহে। রোমকেরা যে অদৃষ্ট ও অশ্রু
র্ব মহত্ত্বলাভ করিয়াছিলেন; খৃষ্টধর্ম্ম
হার কারণ নহে। জুপিটরের প্রতি
ক্তির কালেই রোমকদিগের ঐ মহত্ত্ব
লাভ হয়। কোন্ সময়ে রোমকদিগের পূর্ব্বদিগের সাম্রাজ্য তুরস্কদিগের হস্তে পতিত হয়? নূতন বাইবেল অনেক পরে হইয়াছে বলিয়া ইহাতে বড় অধিক অসম্ভব কাণ্ড লিখিত হয় নাই বটে; কিন্তু যিশুখৃষ্ট ইহাদিগকে ভজাইবার নিমিত্ত পুরাতন টেষ্টমেণ্ট গ্রহণ এবং তাঁহার ভ্রমান্ধ শিষ্যগণ তাঁহার অদ্ভুত কার্য্যের কীর্ত্তন করিয়া খৃষ্টধর্ম্মনাশের যে বীজ বপন করিয়া গিয়াছেন, সেই বীজ এক্ষণে বৃহৎ বৃক্ষ হইয়া কোলেঞ্জো প্রভৃতিকে প্রসব করিতেছে। যতই মার্জ্জিত হউক না কেন, উপধর্ম্মকে সত্যের নিকটে মস্তক অবনত করিতে হইবে সন্দেহ নাই।

—:০:—

কণ্ট্রাক্ট আইন।

কণ্ট্রাক্ট আইনটী অমৃতবিলক্ষণ পদার্থ হইয়া উঠিল, মহাকবি ভারতচন্দ্র বলেন, "দেবাসুরে সদা দ্বন্দ অমৃত লাগিয়া" অমৃতের নিমিত্ত দেবাসুরেই কেবল বিরোধ হইয়াছিল; কিন্তু আমরা দেখিতেছি, এই এক কণ্ট্রাক্ট আইন লইয়া দেবতায় দেবতায় অসুরে অসুরে এবং দেবতায় অসুরে সর্ব্বত্র বিরোধ হইতেছে। নীলকরেরা ইহাকে এমনি মোহন মন্ত্রপূত করিয়া দিয়াছেন যে, আমাদিগের প্রধান রাজপুরুষেরা বিমোহিত হইয়া ইহাকে ছাড়িয়াও ছাড়িতে পারিতেছেন না। বহু দিন অবধি মেইন সাহেব ইহাকে বিধিবদ্ধ করিয়া কৃষকদিগকে নীলকরের ক্রীতদাস করিয়া দিবার যে চেষ্টা পাইতেছেন, তাহা সামান্য বিস্ময়ের বিষয় নহে। যাহা হউক, আমাদিগের আহ্লাদের বিষয় এই, আমাদিগের বর্ত্তমান গবর্ণর জেনরল সর জন লরেন্স, ষ্টেটসেক্রেটারি ও নীল কমিসনরগণ ইহার বিরোধী হইয়াছেন। আমরা সর জন লরেন্সের যে ন্যায়পরতার এত প্রশংসা করিয়া থাকি, কণ্ট্রাক্ট আইনের বিপক্ষতা তাহার অন্যতর ফল। তাঁহার ধর্ম্মপ্রবৃত্তি সমধিক প্রবল। তিনি ন্যায়পরতাদ্বারা উহাকে সকল সময়ে নিয়ন্ত্রিত করিয়া রাখিতে পারেন না। এই নিমিত্ত আমরা সময়ে সময়ে তাঁহার ধর্ম্মপ্রবৃত্তির নিকটে ন্যায়পরতাকে পরাভূত দেখিতে পাই। এ বিষয়ে আমাদিগের পুনরায় হস্তক্ষেপের ইচ্ছা রহিল।

—:০:—

নূতন পুস্তক।

১। গদ্যসংগ্রহ। এখানি সংস্কৃত কলিকাতা সংস্কৃত পাঠশালার অলঙ্কারশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত মহেশচন্দ্র ন রত্ন মহাভারত ও বিষ্ণুপুরাণ হইতে সংগ্রহ করিয়াছেন। এক্ষণে প্রায় তীয় বিদ্যালয়ে সংস্কৃতচর্চ্চা আ হইয়াছে। সংস্কৃতে পদ্যগ্রন্থই অধি গদ্য গ্রন্থ বিরল বলিয়া অনেকে আপ করিয়া থাকেন। এ সময়ে ন্যায়রত্ন সঙ্কলিত গদ্যগ্রন্থ যে সমধিক সমা হইবে, তাহার সংশয় নাই।

২। বিষ্ণুপুরাণ, প্রথমখণ্ড। এ নিও সংস্কৃত। ইহাতে বাঙ্গলা অনু ও শ্রীধরস্বামিকৃত টীকা আছে। শ্রী বরদাপ্রসাদ বসাকের যত্নে মুদ্রি প্রচারিত হইতেছে। এখানি লো পক্ষে মহোপকারক হইবে।

৩। হরিশ্চন্দ্রচরিত। এ সূর্য্যবংশীয় রাজা হরিশ্চন্দ্রের চ লইয়া শ্রীযুক্ত জগন্মোহন তর্কাল ইহার সঙ্কলন করিয়াছেন। রাজা শ্চন্দ্র সত্যনিষ্ঠা, দৃঢ়প্রতিজ্ঞতা ও নুরাগের আদর্শস্বরূপ। তাঁহার পাঠ করিলে বালকদিগের সবিশেষ কারলাভের সম্ভাবনা আছে।

৪। অবোধবন্ধু। এইনামে যে ম পত্র প্রচারিত হয়, তাহার কত একত্র বদ্ধ হইয়া মুদ্রিত হইয়াছে।

৫। বঙ্গবালা। ইহার প্রথম পৃষ্ঠে খিত আছে, "কোন বঙ্গবালাকর্ত্তৃক রচিত।" ইহাতে কতকগুলি বাঙ্গলা বিতা রচিত হইয়াছে। এ দেশের স্ত্রী াকেরা যে এরূপ কবিতা লিখিতে খিতেছেন, ইহাতে আমরা অতিশয় হ্লাদিত হইলাম।

৬। শ্রীযুক্ত বাবু শ্রীরাম মুখোপা-য়ের কৃত সাক্ষ্যের আইন। ১৮৫৫ ন্দর ২ আইন, ১৮৫৯ অব্দের ৮ আইন ং প্রধান সদর বিচারালয়ের নিষ্পত্তি লম্বন করিয়া শ্রীরামবাবু এই পুস্তক নি সংগ্রহ করিয়াছেন। গ্রন্থকার যে ল অভিপ্রায় প্রকাশ করিয়াছেন, হার সমুদায় আইনসঙ্গত; তাঁহার াস্তগুলি যথাযোগ্য হইয়াছে। থাতা দদিগ লইয়া মফস্বলের আদালতে শেষ গোলযোগ হয়; যে সে ব্যক্তি তা, জমাওয়াসীল বাকীর কাগজ-ভৃতি প্রমাণ বলিয়া গ্রাহ্য করান। াম বাবুর পুস্তক পাঠ করিলে অনেক ক্তারের এ বিষয়ে শিক্ষা হইবে। মরা বোধ করি, এই পুস্তকখানি ক্তারি পরীক্ষার নিমিত্ত স্থির করিলে শেষ উপকার হইতে পারে। মোক্তার রই এই পুস্তকখানি পাঠ করা কর্ত্তব্য।

—:০:—

প্রাপ্ত।

শোণপুরের মেলা।

(গত প্রকাশিতের পর।)

২৬। এটী হরিহর নাথের মন্দির। এই রে হরিহরনাথনামক প্রকাণ্ড প্রস্তরের লিঙ্গ প্রতিষ্ঠিত আছেন। ইনিই শোণপু-মেলার কারণ। প্রবাদ আছে ত্রেতা যুগে ধ্যরাজ মহারাজ রামচন্দ্র জানকীলাভার্থ লে অযোধ্যা হইতে জনকপুরে সেই সময়ে পথিমধ্যে নানা স্থানে জা করেন, এটী সেই সময়ের শিবলিঙ্গ। র্ত্তিকী পূর্ণিমাতে ইহাঁর মহাসমারোহে হয়. সেই সূত্রে মেলা হয়। শিবলিঙ্গটী রনাথনামে প্রসিদ্ধ। এই জন্যই এই মেলাকে "হরিহরছত্র" বলিয়া থাকে; কিন্তু ইংরাজ মহলে ইহা শোণপরের মেলা বলিয়া প্রসিদ্ধ। তাহার কারণ এই, যে গ্রামে এ মেলাটী হয় তাহার নাম শোণপুর। যাহা হউক, এই মেলা উপলক্ষে ভূরি ভূরি অর্থ ও দ্রব্য সামগ্রী হরিহরনাথের শ্রীচরণে সমর্পিত হয় এই মেলা ছাপরা অথবা সারণ জেলায় হইয়া থাকে। সারণ জেলার পূর্ব্ব দিগের শেষ সীমায় এই শোণপুর; সুতরাং মেলার পূর্ব্বসীমা ত্রিহুত, দক্ষিণ সীমা পাটনা এবং আরা পশ্চিম সীমা সারণ জেলা হওয়াতে সকল জেলা হইতেই আফিসরগণ ও পুলিষ প্রহরী মেলার শান্তিরক্ষার্থ নিযুক্ত হন; কিন্তু মেলাটী সারণ জেলাতে হওয়াতে সারণ জেলার পুলিষ ও মাজিষ্ট্রেটই ইহার কান্তি ও সৌন্দর্য্যের অধিনায়ক হন। "রিজ রক্ত কোর্স" ও "মিউনিসিপাল কোর্স" হইতেও ২০০। ২৫০ কনষ্টাবল তথায় গিয়া দণ্ডায়মান থাকে।

২৭। এস্থলে তাম্বু ও সামীয়ানা বিক্রয় হয়। এস্থলের শোভা দেখিলে বোধ হয়, যেন লক্ষ্ণৌ কি আগরায় সর জন লরেন্স মহোদয়ের ভাইসরয়েল এবং তালুকদারি দরবার হইতেছে।

২৮। এ স্থলে কসাইদের দোকান। এখানে অনবরত জবাই হয়, রক্তের স্রোত বহিতে থাকে।

২৯। গঙ্গা ও গণ্ডকীর গর্ভ। এ স্থানটী নৌকাময় দেখিতে পাওয়া যায়। স্থল ভাগে যেরূপ মনুষ্য, গো, অশ্ব, পশুপক্ষপ্রভৃতির নিমিত্ত পাদবিক্ষেপের স্থান থাকে না, জলেও সেইরূপ নৌকার ছড়াছড়িতে স্নান করিবার স্থান পাওয়া কঠিন হয়। রজনীতে যেরূপ ময়দানে তাম্বু ও সামিয়ানাপ্রভৃতিতে বাবুরা আলো জ্বালিয়া নৃত্য গীতাদি আমোদ করিয়া থাকেন, নৌকাবাসীরাও সেইরূপ আমোদে মত্ত থাকেন।

৩০। এই পথটী এদেশীয়দিগের গমনাগমন জন্য প্রস্তুত হয়। এটী বড় রাস্তা বলিয়া পরিচিত হয়। এ পথের দুই ধারে হিন্দুস্থানী বাঙ্গালী পশ্চিমে ইহুদিপ্রভৃতি নানা জাতীয় দেশ বিদেশীয় বণিক্‌গণ নানা দেশদেশীয় সুখসেব্য দ্রব্য সামগ্রী ক্রয় করেন।

৩১। চিড়িয়াখানা কিম্বা পক্ষীর বা এটীও অতিশয় মনোহর স্থান। নানাবিধ পক্ষী ক্রয় বিক্রয় হইয়া এক এক স্থানে এক এক প্রকার পক্ষী হয়। পক্ষিগণের সুমধুর শব্দে মন হইতে থাকে।

৩২। এটী কালীদেবীর মন্দির। পাটনার সুবিখ্যাত দেওয়ান রামসুন্দর মহোদয়ের কীর্ত্তি। দেওয়ানজী মহোদয় লিগের মধ্যে একটী রত্ন ছিলেন। লক্ষ লোককে অন্ন ও বস্ত্র দান করিয়াছিলেন বহুসংখ্য লোককে চাকরি করিয়া দিলেন।

৩৩। ৩৪। ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৪০। ৪১। ৪২ এগুলি দেশীয় মদের অনর্থের বীজ ও সর্ব্বনাশের মূল। গবর্ণ প্রজাপুঞ্জের মাতা পিতাস্থানীয় হইয়া এ মহৎ অনিষ্ট করিয়া এই সামান্য অর্থস করিতেছেন! এক দিগে চৌর্য্যের ও দ প্রভৃতির নিবারণজন্য পুলিষ স্থাপন য়াছেন, অন্য দিগে চোরের ও বদমা গের আশ্রয় ও প্রশ্রয় দিবার জন্য খুলিয়াছেন!!

—:০:—

বঙ্গীয়দিগের দৈহিক অবনতি।

(গত প্রকাশিতের পর)

পূর্ব্ব পূর্ব্ব পত্রিকায় ক্রমান্বয়ে শিক্ষ প্রণালী, রাজকীয় ও ইংরাজাদি ভিন্নজ বণিকগণের কার্য্যালয়ের কার্য্যপ্রথা, ম সেবন এবং নারীগণের মূঢ়তার বিষয় লি হইয়াছে। অদ্য জলের বিষয় বর্ণনায় হেছে।

অনেকেই জলকে বিমিশ্র, বিস্বাদ, গ বর্ণহীন স্বচ্ছতরল পদার্থ বলিয়া জা বাস্তবিক ইহা বিমিশ্র নহে, চিকিৎসক বিৎ পণ্ডিতেরা পরীক্ষাদ্বারা সিদ্ধান্ত ক য়াছেন, যে ইহা দুই বায়ুর সংযোগে উৎ স্বভাবত ইহা নির্ম্মল নহে। ইহাতে অ ণিক এবং ইন্‌অরগ্যানিক দ্বিবিধ প

: সমুদ্রাদির জলে ক্লোরাইড অফ
ম অর্থাৎ লবণের অংশ থাকাতে
স্বাদ হয়। এইরূপ ভিন্ন ভিন্ন ঝরণার
ও ভিন্ন ভিন্ন বস্তু দেখা যায়। কাচাতেও
নক এসিড গ্যাস কাচাতেও হাইড্রো
রেটেড গ্যাস ইত্যাদি নানা বস্তু পাওয়া
রুষ্টি জল স্বভাবতঃ নির্ম্মল বটে; কিন্তু
য় নিপতিত হইলে নানাবিধ দ্রব্যের
গে এবং বহুবিধ কারণে অল্পক্ষণমধ্যে
নি জলও বিনষ্ট হয়। কোন
ো ও স্বচ্ছ জল পাওয়া
চিকিৎসকেরা কহেন, নির্ম্মল ও বিশুদ্ধ
ব্যবহারের উপযুক্ত ও শরীরের পক্ষে
ল উপকারী। কিন্তু কয় জন লোক
ল ব্যবহার করেন? অপরিষ্কার
দ সচ্ছাচর প্রয়োজন। জলদ্বারা যে
ত ও দোষ হয় জল পান করা যায়
র অধিকাংশ গুরুতর কার্য্য জলদ্বারা নিষ্পা
হয়। ই আমাদের জীবনধারণের
ত্র উপায় বোধ করি, এই জন্য
ী নাম রাখা হইয়াছে। আর জগদীশ্বর
সেই জন্য স্থানে স্থানে
ক করিয়া দিয়াছেন। ইহার
শ্যকতা ও উপকারিতা গুণ দেখিয়া বিবে
হয়, পূর্ব্ব কালের শাস্ত্রকারেরা ইহাকে
য়নস্বরূপা বর্ণন করিয়াছেন। জল
ও বিশেষ উপকারী ও নিতান্ত আবশ্যক,
ইত, আরও দূষিত হয় এবং ইহাদের
কার অনিষ্ট ঘটে স্থবিজ্ঞ ব্যক্তিরা
করিয়া থাকেন, কোন প্রকা
জ্ঞ ও পার্শ্ব দ্রব্য জলে পড়িলে কিংবা
কোন কারণে জল দূষিত হইলে তাহা
ত মেলেরিয়ানামক একপ্রকার গ্যাস
সেই গ্যাস বিষতুল্য; তাহাতে
বিশেষে অপকারী দোষ জন্মায় বলেয়া
ণ প্রস্তাবিত
ত দেশে মারাত্মক
নানাপ্রকার রোগাক্রান্ত হইতে
। কেহ কেহ বা অবশেষে
ত হয়। অনেকে চিরকগ্ন বল
ন ও অকর্ম্মণ্য হইয়া থাকে
ক এমন অনেক দৃষ্টান্ত দেখা গিয়াছে
কোনকোন দেশের জল বদ্ধ ও দূষিত
: সেই সেই দেশে নানা প্রকার
ঢ় পীড়ার প্রাদুর্ভাব হয় এবং বহু
লোক কালসদনের অতিথি হইয়া
প্রায় জনশূন্য করিয়া যায়।
স্থ হইতে
ও চিরকগ্ন ও জীবন্মৃত
ছিলেন। অশেষে নানাবিধ উপায়ে
ও বহুবিধ যত্নে জল পরিষ্কৃত হওয়াতে দেশ
গুলির এক প্রকার রক্ষা হইয়াছিল। কোন
কারণে জল দূষিত হইলে পাছে দেশের
যশোপঃ শরীরের পক্ষে অপকার ঘটে, এই
ভয়ে পূর্ব্বকালে ধর্ম্মব্যবস্থাপকেরা ধর্ম্মভয়
দেখাইয়া বলিয়া গিয়াছেন যে, যিনি কোন
প্রকারে জল বিকৃত করিবেন, তাঁহার পাপ
হইবে এবং পাপের শাস্তিস্বরূপ নানা
প্রকার শারীরিক ও মানসিক রোগ ও ক্লেশ
ভোগ করিতে হইবে। কিন্তু এক্ষণকার লোক
দিগের ধর্ম্মভয় শিথিল হওয়াতে জলের উৎ
কর্ষ রক্ষাবিষয়ে হতাদর হইয়াছে; তজ্জন্য দে
শেও নানা প্রকার দুর্ঘটনা ঘটিতেছে এবং বহু
বিধ পীড়ারও প্রাদুর্ভাব হইয়াছে। এ দেশ
অতিশয় নিম্ন; সুতরাং এখানে নদ, নদী,
বিল খাল, খানা, ডোবা পুষ্করিণীপ্রভৃতি
জলাশয়ই অসংখ্য পরিমাণে দেখিতে পাওয়া
যায়। এই সমুদয় জলা ও অন্যান্য নিম্ন স্থান
সকল প্রতিবৎসর বর্ষার জলে প্লাবিত
হওয়াতে সাগর ও সরোবরাকার ধারণ
করে।

প্রথম পুষ্করিণী। পূর্ব্ব পুরুষেরা ধর্ম্ম
বুদ্ধিতে হউক বা লোকের জলকষ্ট নিবারণ
জন্য হউক, অথবা অন্য কোন কারণ বশত
হউক, নিজ নিজ দেশের নানা স্থানে ছোট
বড় নানাপ্রকার পুষ্করিণী খনন করিয়া
গিয়াছেন। প্রায় অধিকাংশ পল্লী গ্রামের
প্রায় ও অপ্রকাশ্য পথপার্শ্বে,
প্রায় প্রত্যেক গৃহস্থের খিড়কি ও সদরে
এবং গ্রামের মধ্য স্থলে ও প্রান্ত ভাগ
প্রভৃতি স্থানে বহুবিধ অসংখ্য ও অনাবশ্যক
জলাশয় দেখিতে পাওয়া যায়। দেশের উপ
কারার্থ এইসকল খাত হইয়াছিল সন্দেহ
নাই, কিন্তু এক্ষণে তেমনি অপকারকারী
হইয়াছে। এক সময়ে ইহারা জীবনরক্ষক
ছিল; এক্ষণে জীবননাশক হইয়াছে; অধি
কাংশ জলাশয়ে বার মাস জল থাকে না
অনেকগুলিতে অল্প পরিমাণে জল থাকে।
বর্ষাকালের জলে ইহারা পরিপূরিত হইয়া
প্রকৃত জলাশয়ের আকার প্রাপ্ত হয়।
অনেক অনেক পুষ্করিণী পানাপ্রভৃতিদ্বারা
আচ্ছাদিত হইয়া গিয়াছে। কোন কোন পুষ্ক
রিণী এরূপ আচ্ছাদিত হইয়াছে যে, তাহা
দিগকে জলাশয় বলিয়া কোন প্রকারেই উপ
লব্ধি হয় না। প্রায় অধিকাংশ জলাশয়ের
তীরে নানাপ্রকার বৃক্ষাদি হওয়াতে এক
প্রকার জঙ্গলময় হইয়া গিয়াছে; বোধ করি
ব্যাঘ্রাদি হিংস্র জন্তুগণ অনায়াসেই লুকা
ইয়া থাকিতে পারে। ঐ বৃক্ষাদির
পতিত পত্রাদি জলে নিপতিত হইয়া জলকে
বিকৃত করে। বহুবিধ জীব জন্তু জলে পচিয়া
জল দূষিত হয়। নির্ব্বুদ্ধি কৃষকেরা অ
বশতঃ আপনাদের কৃষিজাত পাট ও
প্রভৃতি জলে পচাইয়া উহাকে বি
করিয়া তুলে। এইসকল কারণে কেবল
বিনষ্ট হয় এমন নহে, দেশের লোকে
অনভিজ্ঞতাবশতঃ বা আলস্যহেতু
দূষিত করিয়া থাকেন। মল মূত্রাদি ও
রাবশিষ্ট বা পরিত্যক্ত দ্রব্যসকল
ক্ষিপ্ত হয়। জলপাত্র ও ভোজনপাত্র
প্রায় যাবতীয় গৃহসজ্জা ও সামগ্রী জ
ধৌত ও মার্জ্জিত হইয়া থাকে। তাহা
কলঙ্কে জলও কলঙ্কিত হইয়া যায়।

দ্বিতীয় নদী। প্রায় প্রতি পরগণা
প্রতি নগরে এক একটী নদী দৃষ্ট হয়।
শটি কিছু পুরাতন; সুতরাং অধিক
নদ নদীও পুরাতন অর্থাৎ অপ্রবল
য়াছে। অনেক নদী মজিয়া গিয়াছে
কোন কোন নদী অংশে মজিয়া আসিতে
অধিকাংশ স্রোতের স্রোত বন্ধ
গিয়াছে তাহাদের জল গমনাগমনের
একেবারে রুদ্ধ হইয়া গিয়াছে। কোন
নদী এরূপ মজিয়া গিয়াছে যে, লোকে
স্থানে বাঁধ বাঁধিয়া পুষ্করিণীর ন্যায় ব
অংশ করিয়া লইয়াছেন। এক্ষণে তা
গকে নদী বলিয়া কোন প্রকারেই বো
না। যেন পুষ্করিণীর শ্রেণি হইয়
অনেক নদীতে বার মাস জল থাকে
কোথায় কোথায় গর্ভে ও অন্যস্থলে
গুল্মাদি উদ্ভিজ্জ দ্রব্য জন্মিবাতে
ময় হইয়াছে। কোন কোন নদীর ধারে
বৃক্ষাদি হওয়াতে জঙ্গল হইয়া গিয়
চিকিৎসকেরা কহেন, স্রোতের জল শ
পক্ষে বিশেষ উপকারী; কিন্তু
স্রোতের জল পাওয়া সুকঠিন। যে
স্রোতস্বতীতে বার মাস জল থাকে
হোয়ার ভাঁটা হয় তাহাদের জল
কারণে অপরিষ্কৃত ও দূষিত হইয়া থ
মলমূত্রাদি এবং মনুষ্যের মৃত দেহ ও
বিধ মৃত পশু পক্ষী ইহাদের জলে নি
হয়। যেগুলি বর্ষার জলে নদী বলিয়া
চিত হইয়া থাকে, তাহাদের জলের
নাই। নানাবিধ পশু পক্ষী ও তা
তটস্থ বৃক্ষাদির পত্রাদি ও স্বভাবজা
গুল্মপ্রভৃতি উদ্ভিজ্জ দ্রব্য পচিয়া
এরূপ দুর্গন্ধময় করে যে, তাহা
করিতে ধৃত বোধ হয়। এই ত
জলের অবস্থা, এ অবস্থায় দেশস্থ লো
শরীরের অবস্থা যে কিরূপ হইবে
অনায়াসেই হৃদয়ঙ্গম হয়।

শ্রীরা
সাং জনাই

বিবিধসংবাদ।

২রা ভাদ্র সোমবার।

হারা কোন উত্তম কাজ করেন, প্রধান
রা অবসর উপস্থিত হইলেই যদি সস্নেহ
র করিয়া তঁহাদিগের সম্মানবর্দ্ধন করেন
র্ষে; তাঁহাদিগের উৎসাহ অধিকতর বর্দ্ধিত
আমরা শুনিয়া সন্তুষ্ট হইলাম, বাঙ্গালা
ব লেপ্টনেণ্ট গবর্ণর যখন মুরসিদাবাদে গমন
, সর্ব্বাগ্রে আজীমগঞ্জের রায় মেঘরাজ
ারি বাহাদুরের সহিত সাক্ষাৎ করিয়াছি-
ন। এই রায় বাহাদুর ভুটানের যুদ্ধকালে
মেণ্টের অনেক সাহায্য করিয়াছিলেন।
ীমগঞ্জে শ্রীযুক্ত হরকচাঁদ গুলেচাপ্রভৃতি
কগুলি ধনী ও সম্ভ্রান্ত ব্যক্তি আছেন,
রা এপ্রদেশে রাজদ্বারে বিশেষ সম্মানভা-
হইলে তাঁহাদিগের দ্বারা অনেক সৎকার্য্য
ন হইতে পারে।

ক্ষৌ টাইমসে বলেন শিবমঙ্গল সিংহ ভূত
৮ গণ্ড সিপাহী দলের, এক জন সৈনিক
ন। বিদ্রোহকালেইনি গবর্ণমেণ্টের পক্ষ
যুদ্ধ করেন। বিদ্রোহ শান্তির পর শিব
সিংহ পুলিসে প্রবেশ করিয়া ভূতপূর্ব্ব
ক বিদ্রোহীকে ধৃত করাতে অযোধ্যার
কমিসনর সম্প্রতি তাঁহাকে ১০০ টাকা
স এক তলবাব প্রদান করিয়াছেন। আক্ষে
বিষয় এই, এটী কমিসনর নিজ হইতে দিতে

ক্ত পত্রের এক জন পত্রপ্রেরক বলেন,
ণাতের অন্তর্গত বহুগড়ের রাইট নামক
জন ইণ্ডিগোনিয়র সুরাপানে উন্মত্ত হইয়া
ন বন্ধু গর্টসকে গুলি করিয়া বধ করি
গর্টস ও রাইট এক বাটীতে থাকিত।
কিছু টাকা কর্জ্জ করিয়া শেষে তাহা
করা বন্ধ, উভয়ের মনোভঙ্গ হইয়া
ন্তর করে। এক দিবস গর্টস,
করা, রাইটের বাটীতে আসিয়া
খানি কাগজ লইয়া লিখিতে আরম্ভ করাতে
মস্ত রাইট তাহাকে বলে, হয় তুমি এস্থান
কর, নচেৎ এক খত লিখিয়া দাও।
৮ইয়ের কিছু না করাতে রাইট তাহাকে
করিয়াছে। তাহাকরিবামাত্র রাইটের
া হইল। তখন সে নিজ কেরাণীদ্বারা
ন্তকারের সংবাদ প্রেরণ করিয়া নিদ্রিত
গলির ইউরোপীয়েরা কেমন তথা
লা তাহার এই এক দৃষ্টান্ত।

ন্সাল হেনরি রাইট নামক এক জন ইউ
ীর জুয়াচোর আপনাকে এক জন পুলিস
স্পক্টর বলিয়া পরিচয় দিয়া দুই জন এতদ্দে
ক্তিকে ভীড়াকারীকে ধৃত করিয়া ৩ টাকা
কাচ লইয়া ছাড়িয়া দেয়। বিচারপতি
ণ এ ব্যক্তির কঠিন পরিশ্রমের সহিত ৮ব
মেয়াদ দিয়াছেন। বৈদ্যনাথ গোয়ালা
ক এক জন পাঙ্কারাওয়ালা রাইটের সাহায্য
তে তাহার পনর মাস মেয়াদ হইয়াছে।
বাপীয় ও এতদ্দেশীয় বলিয়া আইন ভেদ
নাই, উহা দেখিয়া কোন ব্যক্তি এ কথা
তে সাহসী হইবেন?

হাজরার পর্ব্বতবাসীদিগকে দণ্ড দিবার নিমিত্ত এক দল সৈন্য প্রেরিত হইয়াছে। পবলিক ওপিনিয়ন বলেন, কোহাটের সীমান্থিত একটী পল্লীগ্রাম কিছু দিন হইল লুণ্ঠিত হওয়াতে তথায়ও এক দল সৈন্য প্রেরিত হইবে। এই সকল সীমান্থিত যুদ্ধ অমঙ্গলের কারণ। অযা লায় যুদ্ধ হওয়াতে দেশের অনেক অমঙ্গল হই য়াছে।

৩রা ভাদ্র মঙ্গলবার।

রাজা থিওডোরের পুত্র আলামেয় ইংলণ্ড দর্শন করিয়া এত আহ্লাদিত হইয়াছেন যে, তিনি উক্ত দেশ ত্যাগ করিতে চাহেন না। রাজকুমার ইংলণ্ডীয় খৃষ্টীয় সম্প্রদায়ের ধর্ম্ম শিক্ষা পাইবেন।

আগামী মার্চ্চমাসে ভরতপুরের রাজা প্রাপ্ত ব্যবহার হইয়া স্বীয় রাজ্যের শাসনভার গ্রহণ করিবেন।

বিচারপতি নর্ম্মাণ সম্প্রতি সিদ্ধান্ত করিয়া ছেন, যদি কুলাচার না থাকে তাহা হইলে সন্তান হীন বিধবা স্ত্রীলোক দেবসেবার ভার পাই বেন না।

সম্প্রতি প্রধানতম বিচারালয় মীমাংসা করি য়াছেন, জজ যদি জুরির নিকটে মকদ্দমার প্রকৃত অবস্থা বর্ণনা করিতে না পারেন এবং তন্নিমিত্ত জুরি যদি সাক্ষ্যের বিরুদ্ধে মত দেন, তাহা হই লেও প্রধানতম বিচারালয় জুরির মত রহিত করিয়া পুনর্ব্বিচারের আজ্ঞা দিতে সমর্থ নহেন। এই পূর্ব্বকার এক মীমাংসার বিরুদ্ধ হইতেছে। যেখানে বাস্তবিক অবিচার হয়, সেখানে প্রধান তম বিচারালয়ের পুনর্ব্বিচারের আজ্ঞা দিবার সম্পূর্ণ ক্ষমতা আছে

১৮৬৭।৬৮ অব্দে বঙ্গদেশে ১,৮৭,৮৫০ খানি দলীল রেজিষ্টরি করা হইয়াছে। ৩৩৯,৮৮১ টাকা ফী আদায় ও ২৫০১৮১ টাকা বিভাগীয় ব্যয় এবং ৮৯,৬০০ টাকা উদ্বৃত্ত হইয়াছে। পূর্ব্ব বৎসর অপেক্ষা শতকরা ৩ টাকা অধিক আয় হইয়াছে। রেজিষ্টারি করিতে লোকের কত সময় গিয়াছে, তাহার একটী তালিকা দিলে ভাল হইত।

২৪ পরগণার দক্ষিণ অঞ্চলের উপরে ঈশ্বরের কোপদৃষ্টি পড়িয়াছে। গত বারের ১৫ দিবসের বৃষ্টির পরও যাহারা পুনর্ব্বার ধান্য রোপণ করিয়াছিল, এই বৃষ্টিতে তাহা পুনর্ব্বার জলমগ্ন হওয়াতে তাহাদিগের দ্বিতীয় বারের পরিশ্রম বিফল হইয়াছে। এই বেলা এইসকল দরিদ্র লোকের সাহায্য করিবার উপায় অবলম্বন করা কর্ত্তব্য হইতেছে।

ভারতবর্ষের শাসনপ্রণালীর উৎকর্ষসংক্রান্ত দুইখানি বিলই পরিত্যক্ত হইয়াছে। মহাসভা আগামী দুই বৎসর ইংলণ্ডের অত্যন্ত রীশ বিষয় লইয়াই ব্যস্ত থাকিবেন। মহাসভার অবসর না হইলে ভারতবর্ষের মঙ্গল হইবে না এটী আশ্চর্য্য কথা। এ নিয়মের পরিবর্ত্ত হইবার কি কোন উপায় নাই?

বোখারার রাজার মৃত্যুসংবাদ অমূলক বলিয়া প্রতিপন্ন হইয়াছে। রুশীয়েরা বোখারার নিকটে আসিয়াছে। বোখারাতে একটী দুর্গ ও বাণিজ্যসংক্রান্ত কতকগুলি স্বত্ব প তাহারা সন্ধি করিবে বলিয়াছে। যাহা উহার ভদ্র নাই।

দিল্লীগেজেট শ্রবণ করিয়াছেন, গবর্ণ এই বন্দোবস্ত করিবার মানস করিয়াছেন, পর কোন হিন্দুস্থানী রেজিমেণ্ট দিল্লীর উ যাইবে না; আর কোন পঞ্জাবী রেজি দিল্লীর দক্ষিণে আসিবে না। উক্ত পত্র য বলিয়াছেন এটী নির্ব্বুদ্ধিতার কাজ।

উক্ত পত্র বলেন, মধ্য ভারতবর্ষের এ কমিসনর আজ্ঞা দিয়াছেন, সহকারী পুলিস রিক্টেণ্ডাণ্টের নীচের কোন কর্ম্মচারীর বি যখন কোন মাজিষ্টেট কোন অভিপ্রায় এ করিয়া তাঁহাকে পদচ্যুত, স্থগিত অথবা দায়িত্বে অর্পিত করিবার ইচ্ছা প্রকাশ করি তখন ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট তাঁহার সহিত মত হউন আর না হউন, উক্ত কর্ম্মচা স্থগিত রাখিবেন।

কিছু দিন হইল, আগরার প্রধানতম বি লয় সিদ্ধান্ত করেন, লক্ষ্ণৌএর অউরই কর বিরুদ্ধ। গবর্ণর জেনরল তন্নিমিত্ত ব্যবস্থাপক সভা দ্বারা সদ্য এক আইন করাইয়া এই আইনসিদ্ধ করিয়া তুলিয়াছেন। এ ব্যাপ অতিশয় কৌতুককর।

৪ঠা ভাদ্র বুধবার।

এবার ইংলণ্ডে ভারতবর্ষের ন্যায় হইয়াছে। ছায়াতে তাপমান যন্ত্রে ৯০ ডি এবং রৌদ্রে ১২০ ডিগ্রি পর্য্যন্ত পারা তেছে। অনেক লোকে সরদি গরমিতে ত্যাগ করিয়াছেন। তৃণ ও বৃক্ষপল্লব শু তেছে। লোকে গবাক্ষ না খুলিয়া থাকিতে না। সকলকে অতি লঘু বস্ত্র পরিধান ক হইতেছে। অনেক সেকেলে ভারতবর্ষীয় ই খস, খস ও পাখার নিমিত্ত চিৎকার করি গরফ না হইলে পথ্যকাল চলে না। ইংল বিচারপতিগণ সেকেলে ব্যবহারের অ গোঁড়া কিন্তু এমনি ভয়ানক গ্রীষ্ম যে বি পতি ওয়াইলড নিজে পরচুলা খুলিয়া বা দিগকে আপন আপন পরচুলা খুলাইয়া গুণের দোকান সকল ক্ষুদ্র, এবং ছিম স্থান বলিয়া প্রায় কোন ঘরের বারাণ্ডা তন্নিবন্ধন এবার অতিশয় কষ্ট হইতেছে। দেখিতেছি, ইংলণ্ড ভারতবর্ষকে অ করিয়া ইহার বাণিজ্যের সহিত উষ্ণতার কারী হইলেন: দুই বৎসরাবধি ইংলণ্ডে তিশয্য হইয়াছে।

গতকল্য বেলা ৯ ঘটিকার সময়ে সূর্য্য য়। অর্দ্ধেকেরও অধিক গ্রাস হইয়াছিল। থাকাতে অনেকে ভাল করিয়া দেখিতে নাই।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম, বি হোমিওপেথীর চিকিৎসক ডাক্তর টি,

—৩১৪—

নিবন্ধন ফ্রান্সে যাইবার সময়ে এডেনে ত্যাগ করিয়াছেন।

মান্দ্রাজ টাইমস বলেন ৩৫ গণিত এতদ্দে রেজিমেণ্টের বাদ্যকর জোসেফ আণ্টিয়কের ব্যভিচারিণী হওয়াতে বাদ্যকর উপপতির ন নালীস করিয়া তাহাকে জেলে দেয়। নতম বিচারালয়ে এই দণ্ড হইবার অনন্তর বাদ্যকর প্রধান বিচারপতির নিকটে গিয়া ল, মহাশয় আমার স্ত্রীর ত এই দশা হইল। র একটী সন্তান আছে, ইহাকে লালনপালন বার লোক চাই। অতএব আমরা পাদ্রীস্তর করিতে পারি কি না? যদি তাহা না হয় কা স্ত্রী রাখিতে আমার ক্ষমতা আছে কি প্রধান বিচারপতি বলিলেন তাহা নাই। তে বাদ্যকর অতি দুঃখে বাটীতে প্রত্যাগমন ল। মেইন সাহেবের বিল বিধিবদ্ধ হইলে করের দলের লোকেরা কুলটা স্ত্রীর হস্ত ত রক্ষা পাইবেন।

১২ ই আগষ্ট কর্ণেল বথনী হাজরার বন্য কে আক্রমন করিয়া পরাজিত ও আগড় ত্যকা হইতে দূরীভূত করিয়াছেন। বন্যদি ৩০ জন হত হইয়াছে। কর্ণেল বথনী ও জন সিপাহী সামান্য আঘাত পাইয়াছেন। রাতে শান্তি স্থাপিত হইয়াছে।

কুইন সলাণ্ডের ইক্ষ ও তুলঙ্করেরা চীন দ্বীপবাসীদিগকে ধৃত করিয়া লইয়া দাস করিতেছে। এইসরলহৃদয় বন্যদি প্রথমতঃ এক বৎসরের নিমিত্ত আনয়ন হয়, কিন্তু একবার আনিতে পারিলে আর হয় না। আবাদকরেরা এইসকল হতভাগ. কে ধৃত করিবার নিমিত্ত জাহাজ প্রেরণ। কুইনসলাণ্ডে পূর্ব্বে ভারতবর্ষী. কুলি ণের প্রস্তাব হইয়াছিল, কিন্তু গবর্ণমেণ্ট ত সম্মত হন নাই। কুইন সলাণ্ডের গবর্ণ ইহার নিবারণচেষ্টা পাইতেছেন। কাপাস গের স্বভাব সকল স্থানেই সমান। এক কৃষকদিগকে কার্য্যতঃ ক্রীতদাস করিবার কন্ট্রাক্ট আইনের নিমিত্ত কতই চেষ্টা ছে।

দেশের ন্যায় বোম্বাইয়েও অতিবৃষ্টি ছে। বোম্বাই ও বরদার রেলওয়ের দুটী ধ্বংস হইয়াছে এবং বোম্বাই রেলওয়ের শ নর্ম্মদা ও তাপ্তীর প্রাণনে এক কালে হইয়াছিল। সৌভাগ্যক্রমে রাস্তার হানি হয় নাই। এক স্থানে প্রায় চারি ফুট ড়াইয়াছিল।

কলিকাতার কতকগুলি বাটী বৃষ্টিতে ভগ্ন হইয়া কয়েকজন মনুষ্য হত হইয়াছে।

ওয়ালটর, জেমিসন মেয়ারনামক এক জন ধূর্ত্ত আমেরীকান লণ্ডনের ডাকঘরের কর্ম্মচারী বলিয়া পরিচয় দিয়া বলে সে ইংলণ্ডীয় পোষ্ট মাষ্টর জেনরলের আজ্ঞানুসারে একখানি ডিং ষ্টরি প্রস্তুত করিতেছে। অনেক বণিক বিজ্ঞাপ নের নিমিত্ত ইহাকে টাকা দেন। এ ব্যক্তিকে বোম্বাইয়ের পোলিসম্যানে অর্পণ করা হইয়াছে। মেয়ার কলিকাতা ও মান্দ্রাজেও জুয়াচুরি করিয়াছে। মেইন সাহেব কৃত লোফার বিল ঠিক সময়েই হইয়াছে।

সর হেনরি ডুরাণ্ড ছয়মাসের বিদায় পাইয়াছেন।

ভাগলপুরের সর্ব্বপ্রধান জমীদার রাজা লীলানন্দ সিংহ ভাগলপুর স্কুলের নিমিত্ত ১৫ টাকা প্রদান করাতে গবর্ণমেণ্ট তাঁহাকে ধন্যবাদ প্রদান করিয়াছেন

১লা জানুয়ারি অবধি ১৪ ই আগষ্টপর্য্যন্ত ৬৭ ৮৭ ইঞ্চ বৃষ্টি পড়িয়াছে। প্রায় সম্বৎসরের বৃষ্টি দুই মাসের মধ্যে হইল।

বোম্বাইয়ের বারিষ্টর হাউয়ার্ড সাহেব রেল ওয়ের দুর্ঘটনায় হত হওয়াতে রেলওয়ে কোম্পানি তাঁহার স্ত্রীকে ৯৭,৫০০ টাকা প্রদান করিতে বাধিত হইয়াছেন।

৫ ই ভাদ্র বৃহস্পতিবার।

ইংলিসম্যান বলেন, ভুটানের গবর্ণমেণ্ট অসম্মান প্রদর্শন করাতে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাঁহাদিগকে যে টাকা দিতেন তাহা আর দিবেন না। এই টাকা ভোটেরা "কর" বলিয়া লইত তাহা লইয়া তাহাদিগের সহ বিবাদ হইতেছে।

টেলিগ্রাম আসিয়াছে যে, সিয়ারআলি খাঁর সৈন্যগণ কাবুলে প্রবেশ করিয়াছে।

মান্দ্রাজের প্রধান জেলে আলিপুরের ন্যায় একটী মুদ্রাযন্ত্র হইতেছে। এইপ্রকার একটী ছাপাখানা হইবে। আলিপুরের জেলে গবর্ণমেণ্ট চট প্রস্তুত করিতেছেন। এই সঙ্গে গবর্ণমেণ্ট কি একটী বস্ত্রের কল করিয়া সকলকে দৃষ্টান্তপ্রদর্শন করিতে পারেন না?

প্রেমচাঁদ রায়চাঁদের জবানবন্দী আপাততঃ শেষ হইল। সর চার্লস জ্যাক্সন এ ব্যক্তির পুনরায় জবানবন্দী লইবেন। এই জবানবন্দীতে প্রকাশ পাইয়াছে ১৮৫৪ ও ১৮৬৫ অব্দে প্রেমচাঁদই বোম্বাইয়ের টাকার বাজারের হর্ত্তা কর্ত্তা হইয়াছিলেন। তিনি নানাপ্রকার ব্যাঙ্ক ও কোম্পানি করিয়া তাহার অংশসকল বিক্রয় করেন। তিনি ৫০০ টাকার অংশ ১৫০০ টাকায় করিতেন; ক্রেতার টাকা না থাকিলে "বিশ্বাসী" পাত্র বলিয়া বোম্বাই ব্যাঙ্ক কর্জ্জ দেওয়াইতেন। প্রেমচাঁদের পর বোম্বাই ব্যাঙ্ক কেবল খত লেখাইয়া লইয় ধার দিতে আরম্ভ করেন। ব্যাঙ্কের সেক্রে বেলেয়ার তাঁহার সহচর ছিলেন; দুই জনে কাজ করেন। প্রেমচাঁদ অনুরোধ করিতেন বেলেয়ার যাহাকে তাহাকে টাকা কর্জ্জ দি যাহা হউক, এক্ষণে কথা হইতেছে যে মৃত বোম্বাই ব্যাঙ্কের সহিত অনেক লোকের সর্ব্বনাশ করিয়াছে, তাহাদিগে হইবে কি না?

যশোহরের অমৃত বাজারপত্রিকার তত্রত্য ডেপুটি মাজিষ্টের রাইট সাহে নালীশ করিয়াছেন, সেই মকদ্দমাটীর ভার, হয় কোন বারিষ্টর বিচারপতি নচে ঝেফোটের ন্যায় কোন সিবিলিয়ানের দেওয়া কর্ত্তব্য। এই মকদ্দমা উপলক্ষে হরের ভূতপূর্ব্ব মাজিষ্টেট ও জাইণ্ট মাজি অতিশয় গর্হিত ব্যবহার করিয়াছিলেন। বেলের মকদ্দমায় কবে কোন্ ব্যক্তিকে হইতে গ্রেপ্তার করা হইয়াছে? এক জন প্র সরকারী কর্ম্মচারী ছিলেন, মাজিষ্টেট ই স্থগিত করিয়াছেন। এসকল মকদ্দমার দ পূর্ব্বে স্থগিত অথবা পদচ্যুত করা অন সিবিল সর্ব্বিসের প্রণালীকে ধন্যবাদ! যিনি সকল কাজ করিয়াছেন, কোন এতদ্দে যদি তাঁহারা অর্দ্ধেক গুণ ধারণ করিতেন, হইলে তাঁহাকে এত দিন পাতাল দে হইত।

ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, স্কটলণ্ডের দায়ভুক্ত জুনিয়র ও সিনিয়র চাপে গের বেতন সমান করা হইবে

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন, ভারতব গবর্ণমেণ্ট বঙ্গদেশের প্রধান ইঞ্জিনিয়রকে ব য়াছেন, আশ্বিণ অথবা যে ঘাটে তিনি ভ বুঝেন, সেতু প্রস্তুত করিতে পারেন। ও গোরাই পারের নিমিত্ত দুইখানি বাষ্প জাহাজ রাখিবার প্রস্তাব হইয়াছে। এটী অতিশয় আবশ্যক। প্রতিবৎসর পদ্মায় যে লোক মারা যায় বলা যায় না।

বোখারার রাজার সহিত রুশীয়দিগের যে নিয়মে সন্ধি হইয়াছে, তাহা বোম্বাইগে প্রকাশিত হইয়াছে। রাজা প্রতিবৎসর লক্ষ স্বর্ণ টিলা করস্বরূপ দিবেন। চারিজ

এবং কারমণিতে একটী রুশীয় শিবির । সুমারকন্দের উ র জের ফিতে রুশীয় দুর্গ হইবে। সুমারকন্দ হইতে রাপর্য্যন্ত রাজা নিজ ব্যয়ে একটী রাস্ত দিবেন। যেসকল বোখারীয় রুশীয় সেনা হস্তে বন্দীর ন্যায় আছে, তাহাদিগের কের মুক্তির নিমিত্ত ১০০০ স্বর্ণ টিলা হইতেছে। ওরেণবর্গ হইতে যে সকল আসিবেন তাঁহাদিগের কোন ক্ষতি না োহা রাজাকে দেখিতে হইবে। রাজা যত এই নিয়মানুসারে কাজ করিবেন, তত দিন তে বোখারা শাসন করিতে দেওয়া হইবে। ইহ তে সম্মত হওয়াতে রুশীয় সেনাপতি ন সৈন্যদিগকে লইয়া তাসখন্দ ও জিজাকে করিয়াছেন। সুমারকন্দ গোয়ালিয়রের এক দল রুশীয় সৈন্যদ্বারা রক্ষিত হইবে। ব্রোচের মুন্সেফ যাদুরাম মতিরাম সরকারী ছদ্মরূপ করিয়া তৎ পরে তাহা মিলাইয়া দিবার চেষ্টা পাওয়াতে তাঁহার এক বৎসর দ ও ১০০০ টাকা জরিমানা হইয়াছে। প্রধানতম বিচারালয়ের অদিম বিভাগ ই সেপ্টেম্বর পর্য্যন্ত বন্ধ থাকিবে। মফস্বলে মাস ছুটী হইতেছে। প্রধানতম বিচারালয়ের রপক্ষগণ এত বিদায় পান কেন মরা তাহা বুঝিতে পারিলাম না।

পব্লিক ওপিনিয়ন বলেন সম্প্রতি পঞ্জাবের ার ৮০ ব্যক্তি গবর্ণর জেনেরলের নিকটে বেদন করিবার নিমিত্ত সিমলায় গমন করে। জন লেপেল বাহির হইয়াছেন, এমত সময় কারা দৌড়িয়া আসিল; কিন্তু প্রহরীরা তাহা কে গ্রেপ্তার করিয়া প্রহার রা ভূমিসাৎ করিল। পরে তাহাদিগের হস্তে বেদন পত্র দৃষ্ট হইল। এ ব্যক্তিদিগকে কি ডিস্ট্রেটের হস্তে দেওয়া বিধেয় হ.? কলি তার এক ব্যক্তি এ প্রকার করিয়া এক মাস রণ বাটীতে বাস করিয়াছিল।

কয়েক দিবসাবধি গঙ্গায় অতিশয় বান র্দ্ধিতেছে। তিন দিবস হইল দুইখানি গাদা াট জলমগ্ন হইয়াছে। জাহাজের কোন ক্ষতি হয় নাই।

আমরা গ্রেণ্ড অব ইণ্ডিয়া দর্শন করিয়া আহ্লা দিত হইলাম, আর্কডিকন প্রাট বন্ধুগণের অনু রোধে আর কিছু দিন ভারতবর্ষে থাকিবার নিমিত্ত আবেদন করিয়াছেন। বঙ্গদেশীয় ও ভার তবর্ষীয় গবর্ণমেণ্ট এবিষয়ে ষ্টেট সেক্রেটারিকে অনুরোধ করিয়াছেন।

উক্ত পত্র বলেন, কণ্ট্রাক্ট আইন না হইলে কৃষকদিগের মঙ্গল হইবে না। যাহার অনিষ্ট করা হইতেছে তাহাকেই আবার কৃতজ্ঞ হইতে বলা এটী কেবল ফ্রেণ্ড অব ইণ্ডিয়া ও মেইন সাহেবের বুদ্ধিতেই আইসে।

উক্ত পত্র বঙ্গদেশের জমীদারদিগকে এই বলিয়া সতর্ক করিয়াছেন তাঁহারা এই বেলা গবর্ণর জেনরলের প্রস্তাবে সম্মত হইয়া স্বেচ্ছা পূর্ব্বক শিক্ষাকর প্রদান করুন, নচেৎ আরও মন্দ হইবে। এমন ফ্রেণ্ড যাহাদিগের সহায় তাহাদিগের ভাল হইবার সম্ভাবনা কি।

৬ ই ভাদ্র শুক্রবার।

গেজেটে পাটনা ও মেদনীপুরের বৃষ্টি ও শস্যের অবস্থা প্রকাশিত হইয়াছে। সামান্যতঃ পাটনাবিভাগে দশ আনা শস্য হইবে; কিন্তু মেদনীপুরের অধিকাংশ স্থানে জলপ্লাবন হওয়াতে বিস্তর ক্ষতি হইয়াছে। গড়বেতায় কেবল তত বৃষ্টি হয় নাই। মেদনীপুরের কালেক্টর জমীদারদিগের ঔদাসীন্যের নিমিত্ত বিশেষ আক্ষেপ করিয়াছেন। বাঁধ রক্ষার নিমিত্ত অনেক জমীদার রাজস্ব হইতে অব্যাহতি পান; কিন্তু কেহই স্বকর্ত্তব্য সাধন করেন না।

রেঙ্গুণ টাইমস বলেন, ব্রিটিশ ব্রহ্মের বিদ্যাশিক্ষার ডিরেক্টর হডারণ সাহেব লিখিয়াছেন, সম্প্রতি আকাবের গবর্ণমেণ্ট বিদ্যালয়সমুদায় আসবাব ও পুস্তকের সহিত ভস্মীভূত হইয়াছে। কোন দুশ্চেষ্টিত লোক একাজ করিয়াছে; কিন্তু এব্যক্তি ধৃত হয় নাই।

মান্দ্রাজ টাইমস বলেন, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট মইসুরের সৈন্য সংখ্যা কমাইবার আজ্ঞা দিয়াছেন। গবর্ণমেণ্টের কণ্টিজেণ্ট ভিন্ন এতদ্দেশীয় রাজ্যসমূহে সৈন্য রাখিবার কোন প্রয়োজন নাই।

গত শুক্রবার নড়াইলের জমীদার বাবু হরনাথ রায় ৭৫ বৎসর বয়সে কাশীপুরে প্রাণত্যাগ করিয়াছেন। হরনাথ রায় সেকেলে জমীদারের এক জন আদর্শ ছিলেন। ইহাঁর দ্বারা অনেক সৎ কর্ম্ম হইয়াছিল।

ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, উপনগরের মিউনিসিপালিটির সহকারী সভাপতির পদে আর এক ব্যক্তিকে নিযুক্ত করা হইয়াছে। উক্ত পত্র ভূতপূর্ব্ব সহকারী সভাপতির হিসাব দর্শন করিবার অনুরোধ করিয়াছেন। আমরাও এই কথা বলি। হালডেন সাহেবের বিষয়ে অনেক জনরব প্রকাশিত হইয়াছে। আমরা মফস্বলের মিউনিসিপালিটির সুবিধা ও সুনামের নিমিত্ত এই প্রস্তাবের অনুমোদন করিতেছি।

উপনগরের পুলিষ এত সতর্ক যে গ
বাহির মৃজাপুরগ্রামে সম্প্রতি ৬ টী সি দ হইয়াছে
কিন্তু এক বারও পুলিষ অনুসন্ধান করিতে আই
সেন নাই। এস্থানটীতে কৃষ্ণপক্ষে প্রায় পাহার
ওয়ালাকে দেখা যায় না। এখানকার যেম
রাস্তা সেই প্রকার পুলিষ। গত ঝড়ের সময়ে
সর্ব্বত্র সাহায্য দেওয়া হয়, কিন্তু এখানে
এক ব্যক্তি এক পয়সা পান নাই। এই সঙ্গে যদি
করসংগ্রহ প্রস্তাবটী বিস্মৃত হন তবেই কত
সন্তোষ।

৭ ই ভাদ্র শনিবার।

গবর্ণমেণ্ট আইনসংক্রান্ত রিপোর্ট প্র
শের যে সঙ্কল্প করিয়াছিলেন, তাহার প্রথমখ
প্রকাশিত হইয়াছে। গ্রাহকগণকে বার্ষিক
ও ডাকমাসুল সমু য় ৪৯ টাকা দিতে হইবে
এত টাকা দেওয়া অল্প লোকের সাধ্যায়
হইবে।

প্রেসিডেন্সিকালেজের ছাত্রদিগের এ
১২ টাকা বেতন দিতে হইতেছে. ১৫ টাকা
বার অভিপ্রায়ে ছাত্রদিগের রক্ষকগণের আ
এক তালিকা করা হইতেছে। যদি অধিকা
ছাত্র ধনিসন্তান হয়, তাহা হইলে বেতন
হইবে। তার যত দূর ইচ্ছা টানা যায় না।

মফস্বলের যাবতীয় কালেজে দুই
করিয়া ইউনীয় আইনের অধ্যাপক হইবে
আপাততঃ এক জনকে নিযুক্ত করা হইতে
তিনটী আইন শ্রেণি হইবে। তিন বৎসর উপ
শ্রবণ না করিলে পরীক্ষা দিতে দেওয়া হইবে
এক্ষণে যেমন ৯॥ ঘটিকা অবধি ১০॥ ঘ
পর্য্যন্ত উপদেশ শ্রবণ করিবার
আছে, তাহা থাকিতে কিছুই হইবে
উপদেশশ্রবণের সময় অধিক হউক
তিন মাস অন্তর পরীক্ষা হইতে থাকুক।
এত ব্যয় বৃথা হইবে। এক্ষণে দেখিতে পা
যায় ছাত্রেরা আগে কিছু করেন না,
তাড়াতাড়ি করিয়া যা কিছু করেন এই মা

ডেলিনিউস অবগত হইয়াছেন, ভারত
সভা রাজস্বসম্বন্ধে পরামর্শ দিবার নিমিত্ত যে
স্থাপনের প্রস্তাব করেন. ষ্টেটসেক্রেটারি
অগ্রাহ্য করিয়াছেন। অন্য অন্য সভার
ত্যাগ করিয়া ব্যবস্থাপক সভাকে প্র
সভা করিবার চেষ্টা পাওয়াই কর্ত্তব্য।

উক্ত পত্র বলেন. বেহারের জলসেচন
নিমিত্ত ভূমি লইবার জন্য এক জন ডেপুটি
ইহ নিযুক্ত হইয়াছেন। এটী শুভ লক্ষণ।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ
ত হইতেছে:—

টাকার সিক্কা	৯৪৸৵।৯৫
" কোং	৯৫॥ । ৯৫॥৵
পবলিকওয়ার্ক	১০৬ । ১০৬৵
" কোং	১০৯৸০ । ১১০
" কোং	১১৫ । ১১৫৷০

—:০:—

ইউরোপীয় সমাচার।

৩ ই আগষ্ট। সর জন লরেন্সের পর আরল
ভারতবর্ষের গবর্ণর জেনরল হইবেন,
দপত্রসমূহ এই জনরব লইয়া আন্দোলন
ভেছেন। প্রায় সকলেই বলিয়াছেন, তিনি
দর উপযুক্ত নহেন। ষ্টাণ্ডার্ড পত্র বলেন,
র নিয়োগের প্রতি আপত্তির নিগূঢ় কারণ
যে তিনি কনসারবেটিব দলভুক্ত। এক স-
পত্র বলেন, শেষ জনরব এই যে আরল-
ভারতবর্ষে যাইবেন না। উক্ত পত্র আরও
. আরলমের নিজে এপদের নিমিত্ত আবে
রেন নাই, তিনি উহা গ্রহণ করেন, এ
ঁহাকে অনুরোধ করা হইয়াছিল। সাধা
ত সর ষ্টাফোর্ড নর্থকোটের অনুকূলে
।

৫ ই আগষ্ট। সম্রাট নেপলিয়ন পারিসে
আরোহে বিস্তর সৈন্যের যুদ্ধ কৌশল দর্শন
ছেন। লার্ড নেপিয়র ঐ সময়ে উপস্থিত
ন। লার্ড নেপিয়র অতঃপর সালসের
র দর্শনার্থ গমন করিয়াছিলেন।
রায়ারলণ্ডের অন্তর্গত টিপারেরিতে একটী
ক ও ঘৃণাকর অত্যাচার হইয়াছে। এক
বলিক ও কনষ্টাবলকে বধ এবং জমীদার
র চারি জনকে আহত করা হইয়াছে।
ত কল্যের গেজেটে আবিসিনিয়ার সেনা
কতকগুলি আফিসরকে যে পুরস্কার দেওয়া
তাহার ঘোষণা হইয়াছে।
১৭ ই আগষ্ট। লণ্ডনস্থিত আমেরিকান
দূত রেবার্ড জনসন সাহেব লণ্ডনে উপ
হইয়াছেন।
ফরাসী গবর্ণমেণ্ট যে কর্ম্ম চালিয়াছিলেন,
র টাকা আদায় হইয়াছে।
রায়ারলণ্ডের অন্তর্গত ৬ষ্ঠ লের এক জন
র বাটী আক্রান্ত হয়, কর আক্রমণ
বাদুরীকৃত হইয়াছিল।
নিউইয়র্ক হইতে টেলিগ্রাম আসিয়াছে,
বৃষ্টি হওয়াতে জার্জ্জিয়া, ফ্লোরিডা ও
সিপির তুলা নষ্ট হইয়াছে।
৯ এ আগষ্ট। অদ্যকার প্রাতঃকালের টাই
এক প্রস্তাবে আবিসিনিয়ার সেনাদলের
সদিগকে পুরস্কার দিবার প্রণালীর প্রতি
রোপ করা হইয়াছে। সেনাপতি রসেল
র বেবলের নাম কেন উল্লিখিত হয় নাই
তাহার কোন কারণ বুঝিতে পারেন না,
মেয়ার ওয়েদার কেজনা ব্রেবেট কর্ণেল
পুন হলাণ্ড কেবল মেজর হইয়াছেন,
ষ্টাফোর্ডের বোধহয় নহে। সর ষ্টাফোর্ড
নর্থ কোট ভারতবর্ষীয় ষ্টার গ্রহণ করিতেছেন বলিয়া ঐ প্রস্তাবে বিস্ময় প্রকাশ করা হইয়াছে। টাইমস বলেন, এক্ষণে প্রকাশিত হইয়াছে, ভারতবর্ষে কোন সাধারণ হিতকর কার্য্য না করিলে এই চিহ্ন পাওয়া যায় না।

প্রোটেষ্টাণ্টেরা আপনাদিগের পক্ষসর্থনার্থ লিডনহালে যে সভা করিতে চাহিয়াছিলেন, বৃষ্টি হওয়াতে সে উদ্দেশ্য বিফল হইয়াছে।

মহাসভায় সভ্য মনোনীত করিবার সময়ে উৎকোচগ্রহণের মকদ্দমা স্বীকার করিবার নিমিত্ত সালসিটির জেনরল সার্জ্জেণ্ট জর্জ্জহেম এবং আন্সলি ক্লিসবি সাহেব কিউ, সি, নূতন জজ নিযুক্ত হইয়াছেন।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

১৪ ই আগষ্ট—ভারতবর্ষীয় রেলওয়ের পুলিষের প্রতিনিধি সহকারী ইনস্পেক্টর জেনরল লেপ্টনণ্ট এচ, এম, রামসে উক্ত রেলওয়ের বঙ্গদেশের মধ্যস্থিত অংশের মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন, কিন্তু রেলওয়ে কোম্পানির ভৃত্যদিগের রেজিষ্টরিভিন্ন লেপ্টনণ্ট রামসে মাজিষ্ট্রেটের অন্য কোন ক্ষমতা চালন করিতে পারিবেন না।

২৮ এ জুলাই অবধি ই, ডি, গডফ্রি সাহেব শ্রীরামপুর ও উত্তর পাড়ার মিউনিসিপাল কমি সনর হইয়াছেন।

সি, এচ, কাম্বেল সাহেব পরীক্ষক সমাজের সভাপতি হইবেন।

নিম্নলিখত ভদ্রলোকেরা পরীক্ষকসমাজের সভ্য হইবেন:—

জে, মনরো সাহেব।

ডবলিউ, এম, ষ্টুয়ার্ট।

১৫ ই আগষ্ট। ১৫ ই জুন অবধি বাবু মহেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রেসিডেন্সি কালেজের এক জন প্রতিনিধি সহকারী অধ্যাপক হইয়াছেন।

২৪ এ জুলাই অবধি বাবু মহেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় শিক্ষাবিভাগের চতুর্থশ্রেণিস্থ হইয়াছেন।

যত দিন এফ, আডাম্‌স্ সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন জে, এচ, জনষ্টোন সাহেব মেদিনীপুরের প্রতিনিধি পুলিস সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

—:০:—

মগরাস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

গত ৭ই আগষ্ট ডায়মণ্ডহারবরের কাছারির মালখানার এক সিন্দুক ভগ্ন করিয়া কতকগুলি টাকা চুরি করিয়া লইয়া গিয়াছে। পুলিষ নানা বিধঅনুসন্ধান করিতেছেন, কিছুই করিতে পারিতেছেন না।

আজি চারি দিবস ক্রমাগত ঝড় ও বৃষ্টি হওয়াতে এপ্রদেশের মাঠ ও ক্ষেত্রসকল এক জলে প্লাবিত হইয়া নষ্টাবশিষ্ট ধান্যের সকল জলময় হইয়াছে, এ বৎসর শস্যের প অনিষ্ট হইতেছে। প্রাচীন লোকর মুখে ত্তরের মন্বন্তরের কথা শুনিয়াছিলাম, বুঝি দিগের ভাগ্যক্রমে তাহাই আগামী ব ঘটে।

এপ্রদেশে একে ত রাস্তা ঘাট ভাল যাহা আছে তাহা বর্ষাকালে এরূপ কর্দ্দ যে বাটীর বাহির হয় কাহার সাধ্য; বি বর্ষায় জলে অনেকাংশ ভগ্ন হইয়া যা সাধারণের যৎপরোনাস্তি কষ্ট ও ডাক গমনের অতিশয় ব্যাঘাত ঘটিয়াছে। এ কর্ত্তৃপক্ষের বিশেষরূপে দৃষ্টি রাখা উচিত

ইতিপূর্ব্বে থানা সুলতানপুরের এ এক ডাকাইতি হয়, পুলিষকর্ম্মচারিদিগের স্পেষ্টর চাঁদ চৌধুরী মহাশয় নানাবিধ স্কান ও পরিশ্রম করিয়া জেলা মেদিনীপুর মাল সমেত দস্যুদিগকে ধৃত করিয়া ড হারবারের বিচারালয়ে পাঠাইয়াছেন।

—:০:—

আমাদিগের কালনাস্থ সংবাদদা লিখিয়াছেন।

এখানে জন্মাষ্টমীর দিন অবধি এরূপ হইতেছে যে, তাহাতে জলপ্লাবন হইয়া গি অনবরত পশ্চিম দিগ হইতে হুঃ হুঃ শব্দে ব আসিতেছে, তাহার সঙ্গে সঙ্গেই বৃষ্টি। বৃষ্টি বেগেরই সীমা কি। কালনার নিকটস্থ সকল গ্রামই জলে পরিপূর্ণ। অনেক গ্রাম বাবে লোকশূন্য। নিরাশ্রয় ব্যক্তিরা গে ও অন্যান্য সামগ্রী সমস্ত লইয়া এখানে আশ্রয় গ্রহণ করিতেছে। অনেকের দু পরিসীমা নাই। মাঠে প্রায় ৩।৪ হাত বা ততোধিক জল দাঁড়াইয়াছে। ধান্যের ক্ষতি হইয়াছে। অধিক কি এ অঞ্চলে হইবে এরূপ বোধ হয় না। আরো দুঃখের এই যে, আউস ধান্য প্রায় পাকিয়া উঠিয়া ভয়ানক জলপ্লাবনে সমস্ত নষ্ট হইয়া গে সর্ব্বনাশ হইয়া গিয়াছে। ধান্যের ত এই, লোকের বাসগৃহেরও ভয়ানক অনিষ্ট ঘাইতেছে। জীর্ণ গৃহ ত প্রায় মৃত্তিকাসাৎ য়াছে, অনেক উত্তম উত্তম অট্টালিকারও শার শেষ দেখা যাইতেছে। এখনও বৃষ্টি তেছে। এদিগে গঙ্গা, নদী পুষ্করিণী স পরিপূর্ণ!! এখন যাহা হইতেছে তাহাই অ যাহা হউক, এবার যে কি দুর্দ্দশা উ হইবে, ভাবিয়া স্থির করিতে পারা যায় আউস ধান্য নষ্ট হওয়াতে ইহার মধ্যেই চা

হইতেছে। এক্ষণে জমিদারদিগের যে প্রজাদিগের সাহায্য করিয়া তাহাদি স্থায়ী করেন

—:—

আমাদিগের মজঃফরপুরের সংবাদ-

লিখিয়াছেন।

ত ২৯ এ জুলাই বুধবার এখানে একটী যুবার ফাঁসী হইয়া গিয়াছে। ঐ ব্যক্তি রভঃপুত রমনীর প্রণয়পাশে বদ্ধ হয়। এক াত্রিতে ঐ যুবতীকে প্রলোভন দেখাইয়া পিত্রালয় হইতে স্থানান্তরে লইয়া যায় একটী বিজনস্থানে ঐ প্রণয়বিমোহিতা স্ত্রীর সংহার করিয়া উহার বস্ত্রালঙ্কার সমুদায় সাৎ করে।

এক নবপ্রসূতা নারী প্রসবের কতিপয় দিবস এক দিন তাহার প্রতিবাসীদিগের তে গিয়া কহিল, বোধ হইতেছে আমি আর বে না, অতএব এ জন্মের নিমিত্ত তোমাদি নিকট বিদায় লইতে আসিয়াছি। উহার বাসিগণ প্রথমে তদ্বাক্যে বিশ্বাস না করিয়া উহার সহিত নানাপ্রকার কৌতুক তে লাগিল। অনন্তর ঐ রমণী যেমন স্বীয় র্তে আসিয়া প্রাঙ্গণে উপবিষ্ট হইল অমনি র প্রাণবায়ু অসার দেহাধার পরিত্যাগ য়া নিত্য বায়ুর সহিত সংমিলিত হইল। কেই বলে ইচ্ছামৃত্যু।

শুনিয়া সাতিশয় দুঃখিত হইয়া প্রকাশ করি ত যে, এবারেও গণ্ডকী নদীর বাঁধ পুনরায় হইয়াছে। গত বৎসর ঐ বাঁধ ভাঙ্গিয়া কত উৎসন্ন গিয়াছে বলা যায় না। এ বারেও আবার তাহাই ঘটিল, তবে আর ভদ্রতা বিপদের উপর বিপৎপাত অসহ্য। যাহা যাইবার তাহাদেরই যাইবে, অন্যের বাঁধের ওভরসিয়র কি করেন? টাকা কম ব্যয় হয় না।

জঃফরপুর হইতে হাজিপুরপর্য্যন্ত একখানি কের গাড়ি হইলে এখানকার লোকের শেষ উপকার দর্শে। আমরা ভারতবর্ষস্থ কোন ম্পানিরে অনুরোধ করি, এখানে এক নি ডাকের গাড়ি খুলুন, যথেষ্ট লাভ হইতে রিবে।

পুনরায় এখানে গ্রীষ্মাতিশয় ও প্রচণ্ড রৌদ্র ভূত হইতেছে; কএক দিন বৃষ্টি না হওয়াই হার প্রকৃত কারণ। ফলতঃ এ বার এখানে টির ভাগ অল্প; কিন্তু এখনও যেরূপ সমাচার পাওয়া যাইতেছে তাহাতে রবিশস্যের বড় হানি হইবে না। ধান্যের পক্ষে কিছু গোলযোগ।

৪।৫ দিনের মধ্যে এখানকার নদীসকল জলে পরিপূর্ণ হইয়াছে। উহাতে তীরস্থিত শস্যাদির অপকার হইবার সম্ভাবনা।

——:০:——

আমাদিগের এলাহাবাদস্থ সংবাদ-

দাতা লিখিয়াছেন

১। গত ৬ই বৃহস্পতিবার এলাহাবাদ ব্রাহ্মসমাজের তৃতীয় সাম্বৎসরিক সভা হইয়া গিয়াছে

২। মহাশয়কে পূর্ব্বে জ্ঞাত করিয়াছিলাম, এখানকার সদর বোর্ডের প্রধান মেম্বর সি, বি, থরনহিল সাহেব পীড়িত হইয়া কেপে গমন করিয়াছেন। সম্প্রতি আমরা তাঁহার মৃত্যুর কথা শুনিয়া যাহার পর নাই দুঃখিত হইলাম। মনুষ্যের গুণেতেই সকলে বাধ্য হন, তাহার সন্দেহ নাই। কি আশ্চর্য্যের বিষয়, যে ব্যক্তি উক্ত মহাত্মার মৃত্যুর সংবাদ শ্রবণ করিতে ছেন, তিনিই দুঃখিত হইতেছেন। উক্ত গুণাল ন্বিত মহোদয় এতৎপ্রদেশের সদর বোর্ডের প্রধান মেম্বর ও একজন যথার্থ দেশহিতৈষী ছিলেন বলিয়া এখানকার বাঙ্গালি ও হিন্দুস্থা নীরা তাঁহার প্রতিমূর্ত্তিস্থাপন অথবা অন্য কোন প্রকার কার্য্য তাঁহার স্মরণার্থের চিহ্নস্বরূপ করিবার মানস করিয়াছেন। শ্রীযুক্ত বাবু নীলক মল মিত্র ও শ্রীযুক্ত লালা গয়াপ্রসাদ ১০০০ এক হাজার করিয়া টাকা স্বাক্ষর করিয়াছেন এবং যাহাতে এ কার্য্য সম্পন্ন হয়, তদর্থ তাঁহারা চাঁদাসংগ্রহে অতিশয় যত্নবান আছেন।

৩। আনন্দের বিষয় বলিতে হইবে যে, এ প্র দেশে কএক দিবসাবধি ক্রমাগত বৃষ্টি হইতেছে।

এখানে বৃষ্টি হওয়াতে গ্রীষ্মের প্রাদুর্ভাব তত নাই এবং চক্ষুর পীড়া ও ওলাউঠা রোগের অনেক হ্রাস হইয়াছে

৪। এখানকার বর্ত্তমান পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট ক্লার্ক সাহেব ও কোতয়াল নারায়ণ সিং এখানে আগমন করিয়া অবধি পুলিষের বন্দোবস্তের বিষয়ে সবিশেষ মনোযোগী হইয়াছেন। পুলিষ প্রহরীরাও এখন স্বকর্ত্তব্য সম্পাদন করিতে আরম্ভ করিয়াছেন।

৫। অনকবেনেণ্টেড সারভিস ব্যাঙ্কের এজেণ্ট দুই জন হিন্দুস্থানীর প্রতি কুকুর লেলা ইয়া দিয়া আপনারা স্ত্রী পুরুষ দুই জনে তামাসা দেখেন। কুকুর যাইয়া ঐ দুই ব্যক্তিকে দন্তের দ্বারা আঘাত করে। আমাদিগের দয়ালু মাজি ষ্ট্রেট সাহেবের নিকট এই মকদ্দমাটী উপস্থি হইলে তিনি এজেণ্টের ১০ দশ টাকা জরিমা করিয়া ৫ পাঁচ টাকা ঐ দুই ব্যক্তিকে দে এবং বাকি পাঁচ টাকা গবর্ণমেণ্টের খাত জমা দেন।

-:০:-

আমাদিগের মজীলপুরস্থ সংবা

দাতা লিখিয়াছেন।

জেলা ২৪ পরগণার অন্তর্গত জয়ন খানার এলাকার মধ্যে অত্যন্ত চুরি হইতে আ হইয়াছে; রাত্রি বাদ যায় না। প্রতিরা দুই এক বাটীতে সিদ হইতেছে, তস্করেরা দিয়া চুরি করিতেছে। কাহার বা গোলা হই ধান্য লইয়া যাইতেছে, খানার চতুঃপা চুরির বড় বাড়াবাড়ি, কেবল চুরিও নয়, কোন বাটীতে অর্দ্ধ ডাকাইতির ন্যায় হইতে অনেকে পুলিষ দস্যুদিগের হেঙ্গমায় ও লতে যাইবার ভয়ে ক্ষতি অস্বীকার করিতে মজীলপুর জয়নগর ও তৎসন্নিহিত গ্রামসমূ চুরির অধিক প্রাদুর্ভাব। এদিগে চুরি এই শ্রীবৃদ্ধি, ও দিকে চৌকীদারী টা কেমন কড়া কড়ি, প্রজাদিগের কি খেয়ার দিয়া ডুবে পার হওয়া হইতেছে না? এ পুলিষের তনবধানতা, তাহাতে আবার পু অনেক মহাপুরুষের হাতপাতা রোগ আ সুতরাং প্রজালোকের নিরাপদে থাকিবার বনা নাই। অধিকাংশ স্থলে যথার্থ গোপনে থাকে। যাহা হউক পুলিষ সম্ব দৌরাত্ম্য নিবারণে যত্নবান হউন।

এ প্রদেশে অত্যন্ত বর্ষা হওয়াতে ধা গাছ সকল জলে ডুবিয়া পচিয়া যাইতেছে, অতি অসুবিধা; কৃষকেরা হা হতোস্মি ভেছে।

—:০:—

আমাদিগের কাশীস্থ সংবাদ

লিখিয়াছেনঃ—

১। আমরা শুনিয়া দুঃখিত হইলাম, ও লজ শ্রীযুক্ত জে, এইচ, বি, আইরণ সাইড দয় এখান হইতে আগরায় বদলি হই ইনি এখানে আসিয়া যেপর্য্যন্ত মাজি কার্য্যে নিযুক্ত ছিলেন, সেপর্য্যন্ত এখানে গুরুতর অত্যাচার হইতে শুনা যায় নাই সদ্বিচারবিতরণ ও দেশের উন্নতিসাধন প্রজার মনোরঞ্জক হইয়াছিলেন। ইনিই হোমিওপেথিক চিকিৎসালয়ের জন্ম এমন সুবিচারক ও দেশহিতৈষী ব্যক্তি

— ৩৮ —

ত হওয়াতে এখানকার লোকের বিলক্ষণ
বটে; কিন্তু এমন ব্যক্তিকে আমরা যতই
সোপানে আরোহণ করিতে দেখিব, ততই
দিগের আহ্লাদ বৃদ্ধি হইতে থাকিবে সন্দেহ

। গত ৭ই আগষ্ট শুক্রবার এখানে
ধরার পুলের নিকট একটী ষষ্টবর্ষীয়
সর্পদংশনে প্রাণ পরিত্যাগ করিয়াছে।
। গত ৩০ এ জুলাই অবধি ৮। ৯ দিবস
এখানে ৩। ৪ টী হত্যাকাণ্ড হইয়া
ছে। এতদ্ভিন্ন আর আর কয়েক স্থানে দাঙ্গা
১০। ১২ জন আহত হইয়াছে।
ালিসপুরের হত্যাকাণ্ডটী দেখিয়া আমাদি-
এবং সমুদায় কাশীবাসীর আতঙ্ক হইয়াছে
ক কাল রাত্রি ৮ ঘটিকার পর প্রায় পথ দিয়া
াগমন করিতে শঙ্কিত হন না, এরূপ
অতি বিরল। হত্যাকাণ্ডটী প্রায় রাত্রি
টিকার সময় সম্পাদিত হয়; কিন্তু পুলিষ
গত পরিশ্রম ও সতর্কতার সহিত কার্য্যনি-
করিয়া থাকেন যে, সমুদায় রাত্রি এবং পর
দিবা ২ দণ্ড পর্য্যন্ত যেখানকার মৃত দেহ
খানেই পতিত ছিল।

—:•:—

গোহাটী দুর্গাপুর হইতে এক ব্যক্তি
খিয়াছেন।

নিরুপায় কৃষকদিগের আর কিছুতেই ভদ্র
তেছি না। অতিবৃষ্টিনিবন্ধন এ বার
নে ইহাদিগের সর্ব্বনাশ সমুপস্থিত। প্রায়
মাঠই ধান্যশূন্য দৃষ্টিগোচর হইতেছে।
ক্ষেত্রে ধান্য আছে, তাহাও কোন কার্য্য
হে। কৃষকগণ দুঃখসন্তপ্তহৃদয়ে রাস্তায়
হাহাকার করিয়া বেড়াইতেছে। এ বৎসর
কারে পরিবারদিগকে প্রতিপালন করিবে
কি বলিয়াই বা মহাজনদিগকে বুঝাইবে
কেবল তাহাদিগের একমাত্র চিন্তার
হইয়াছে, এইপ্রকার আর্ত্তনাদসহকৃত
রাক্তিভিন্ন আর কিছুই তাহাদিগের
হইতে শ্রুতিগোচর হয় না।
আমরা সম্প্রতিকালাবধি এই আশা করিয়া
তেছি যে, এখানে একটী পোষ্ট আপীস্
পিত হয় সম্প্রতি এক দেশহিতৈষী
মের যত্ন তাশয়ে আমাদিগের সেই আশা
ী হইয়াছে। তিন মাস হইল, এখানে
শাখা পোষ্ট আপীস সংস্থাপিত হয়।
কার্য্যপ্রণালীও এক্ষণে উত্তমরূপ চলি-
অস্মত্ত ইংরাজী বিদ্যালয়ের দ্বিতীয়
শিক্ষক পোষ্টমাষ্টারের কার্য্য করিতেছেন। এখানে পোষ্ট আপীস্ না থাকাতে যে আমাদিগের কিপর্য্যন্ত কষ্ট হইত তাহা লিখিয়া শেষ করা যায় না। এক্ষণে এটী স্থায়ী হইলেই পরম সৌভাগ্যের বিষয় বলিতে হইবে। আমাদিগের প্রিয় বন্ধু শ্রীযুক্ত বাবু শ্রীকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়ের অকাল মৃত্যুতে আমরা যে কিপর্য্যন্ত দুঃখিত হইয়াছি বলিতে হৃদয় বিদীর্ণ হইয়া যায়। এই মহাত্মা হইতে আমাদের গ্রামখানির ভবিষ্যৎ উন্নতি হইবে আমরা এ রূপ আশা করিয়া আসিতেছিলাম; কিন্তু দুর্দ্দান্ত ওলাউঠা আমাদিগকে সে আশা হইতে সম্পূর্ণরূপে নিরাস করিয়াছে। মহাশয়! আমরা যে কেবল শ্রীকৃষ্ণ বাবুর মৃত্যুতেই শোক সন্তপ্ত হইয়াছি এমত নহে, এবার কার ওলউঠা আমাদিগের অনেক আত্মীয়কে বিনষ্ট করিয়াছে।

মহাশয়! এখানে একটী হোমিওপেথি ঔষধালয় আছে। পূর্ব্বে অনেকেই এই ঔষধ সেবন করিতেন। কিন্তু এক্ষণে আর সেরূপ দেখা যায় না। ইহা কারণ কেবল উপযুক্ত চিকিৎসকের অভাবভিন্ন আর কিছুই নহে। এখানে অনেক গুলি হাতুড়িয়া আছে; ইহারা যদি চিকিৎসা শাস্ত্রের এক খানিও পুস্তক পড়িত, কিংবা লেখা পড়াও যদি জানিত তাহা হইলে আমরা কিছু বলিতাম না। মহাশয়! এই সমস্ত মূর্খ চিকিৎসা করিয়া থাকে। ইহাদিগের নিকট হইতে রোগী আরোগ্যলাভ করিবে কি, চিকিৎসক আসিবার কথা শুনিলেও প্রাণ বায়ু উড়িয়া যায় (১)। অতএব আমাদিগের দয়ালু গবর্ণমেণ্টের নিকট নিবেদন যে তিনি এখানে এক জন উপযুক্ত ডাক্তার প্রেরণ করিয়া প্রজাপুঞ্জকে মৃত্যুর করাল গ্রাস হইতে রক্ষা করুন।

—:•:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

মহাশয়! কলিকাতা মিউনিসিপাল কমিসনর দিগের কার্য্যদর্শনে স্পষ্ট প্রতীয়মান হই যে নগরের রাজপথাদি সুশৃঙ্খলে রা নিমিত্ত যেসকল কর সংগৃহীত হইয়া থ তাহার সমুদায় ইউরোপীয় পল্লীস সংস্কারার্থে পর্য্যবসিত করাই তাঁহা প্রধান উদ্দেশ্য। তঁহাদিগের এই অদে পাতিত্যের বিষয় আধুনিক এক ঘট আমাদিগের সম্পূর্ণরূপে হৃদয়ঙ্গম হইয়াছে

জানবাজারষ্ট্রীটনামক প্রধান রাজ নেউগীপুকুর ওয়েষ্টলেননামক এক আছে। প্রায় এক বৎসর গত হইল, ইহার পার্শ্বস্থ ইষ্টক নির্ম্মিত সীমার কিয়দংশ ও উহ এক সাঁকো ভগ্ন হওয়াতে যাতায় অত্যন্ত অসুবিধা হয়। সাঁকো ভগ্ন হও রাত্রিতে হস্তপদাদি ভঙ্গের [সবিশেষ আ পূর্ব্বে আমাদিগের সংস্কার ছিল যে, রাজ ভগ্ন হইলে তাহা অবিলম্বে সংস্কৃত হয়; যখন এত দিনেও পূর্ব্বোক্ত বিষয়ে ক দিগের কিঞ্চিন্মাত্র মনোযোগ হইল না, আমাদিগের সেই ভ্রম দূর হইল। বহুদিব রাজপথ সংস্কারার্থে নিযুক্ত কর্ম্মচারী জিজ্ঞাসা করাতে তাহারা কহিল, "সা মনোযোগ না করিলে আমরা কি করিব শুনিয়া পল্লীস্থ ভদ্র লোকেরা সেক্রেটারী বের নিকট এক আবেদন পত্র প্রেরণ ক কিন্তু দুর্ভাগ্যবশতঃ বঙ্গজদিগের প্রতি দ্বারই উদ্ঘাটিত নাই। তিনিও প্রধান কিঞ্চিন্মাত্র মনোযোগ না করিয়া গলির কেবল কিঞ্চিৎ খোয়া প্রেরণ করিয়া ক্ষা লেন। কমিসনরদিগের অমনোযোগিতার কারণই দেখিতে পাওয়া যায় না। এই দুই পার্শ্বে অনেকগুলি ভদ্র লোক বাস ক নগরসংস্কারার্থ করের অধিকাংশই অস্মদ্ দিগের নিকট হইতে গ্রহণ করা হয়। ত তাঁহাদিগের সুবিধার উপর কিঞ্চিৎ মনো করা গবর্ণমেণ্টের অবশ্য কর্ত্তব্য কর্ম্ম।

কলিকাতা } নিতান্ত বশম্বদ
৬ই ভাদ্র } শ্রীকেদারনাথ দেব

(১) মূর্খ চিকিৎসকদিগের নিন্দা না করিয়া আমাদিগের আপনাদিগকে ধিক্কার দেওয়াই উচিত। আমরা যদি তাহাদিগের দ্বারা চিকিৎসা না করাই, তাহাদিগের উৎসাহ বৃদ্ধি ও শ্রীবৃদ্ধি হইবার সম্ভাবনা কি? কাপুরুষের মত কেবল বৃথা আক্ষেপ ও গবর্ণমেণ্টকে উত্তেজিত না করিয়া গ্রামের ভাল চিকিৎসক ও ভাল রাস্তা ঘাটাদির নিমিত্ত আমাদিগেরই যত্নবান হওয়া উচিত। স।

কৃতজ্ঞতা স্বীকার।

সম্পাদক মহাশয়! আমি কৃতজ্ঞতা করিতেছি যে, রাজনিয়ম ও ব্যবস্থাসং প্রথম খণ্ড (দেওয়ানী কার্য্যবিধান) মুদ্রা জেলা ময়মনসিংহের অধীন আটিয়ার জ মান্যবর শ্রীযুক্ত ছাদত আলী খাঁ সাহেব

ও নাগরপুরের প্রসিদ্ধ ধনী শ্রীযুক্ত
বদুনাথ চৌধুরী মহাশয় ২০০ টাকা
কলিকাতার হাইকোর্টের নজীর অনুবাদক
বাবু অভয়াদাস বসু মহাশয় ১৮৬৭
জুলাই হইতে ১৮৬৮ সালের জুন মাস
র প্রকাশিত হাইকোর্টের বাঙ্গালা সাপ্তা-
রপোর্ট বহি বিনা মূল্যে আমাকে প্রদান
ছেন। এক্ষণে অটিয়ার মান্যতম জমীদার
ভারতবর্ষের ব্যবস্থাপক সভার মেম্বর
ার) শ্রীযুক্ত খাজে আবদুলগণি সাহেব
া সানুনয় প্রার্থনা এই, তিনি উক্ত গ্রন্থের
র ও তৃতীয় খণ্ড (রেবেনিউ ও ফৌজদারি
ক আইনাদি) মুদ্রাঙ্কনার্থ ১৫০ টাকা
করিলে ঐ খণ্ডদ্বয় মুদ্রিত ও প্রচারিত
বার পর নাই সাধারণের উপকার সম্পাদিত
পারে। এবংবিধ মহৎ কার্য্য সম্পাদন
সাহায্য করা দেশীয় ব্যবস্থাপক ও প্রসিদ্ধ
কৃতবিদ্য জমীদারদিগের নিয়ত কর্ত্তব্য
বলিয়াই খাজে সাহেবের সমীপে এই
া করিলাম, যদি তিনি এতদ্বিষয়ে কৃপা
করেন, তাহা হইলে কলিকাতা জোড়া
া ব্রাহ্মসমাজে আমার নিকট পত্র লিখি-
আমি প্রাপ্ত হইতে পারিব।

একান্ত বাধ্য

শ্রীরামচন্দ্র ভৌমিক।

খানে একটী গবর্ণমেণ্ট ইংরাজী স্কুল
। প্রায় ২৫। ২৬ বৎসর হইল, ইহা প্রতি
হইয়াছে। এক্ষণে ৫ জন ইংরাজী শিক্ষক
মৌলবী ও ১ জন মুন্সীদ্বারা ইহার অধ্যাপনা
নির্ব্বাহ হইয়া থাকে। একটী স্থানীয় কমিটী
। ঐ কমিটি ইহার তত্ত্বাবধান করিয়া
ন। দেশীয় ও বিদেশীয় সকল সম্প্রদায়ের
ক জন করিয়া সম্ভ্রান্ত ব্যক্তি, বিশেষতঃ
কার প্রধান প্রধান রাজপুরুষের ঐ কমিটীর
ধ্যে পরিগণিত। স্কুলের জন্য একটী
াগার আছে। পুস্তকাগারটি অতি সুন্দর
শস্ত। উহাতে ইংরাজী, উর্দ্দু ও পারসী
ত নানাপ্রকার পুস্তক এবং খগোল ভূগোল
নপ্রভৃতি বিদ্যাসম্বন্ধীয় নানাবিধ যন্ত্র ও
দেশের উর্দ্দু ও ইংরাজী মানচিত্র আছে।
ঃ বিদ্যালয়ের কোনপ্রকার অসঙ্গতি দৃষ্ট
না। তথাপি আমরা বরাবর দেখিয়া
তেছি স্কুলটীর অবস্থা প্রায় সমভা-
হিয়াছে। কখন এই হতভাগ্য বিদ্যালয়
টীকে আশানুরূপ উন্নতির সোপানে আরো
হণ করিতে দেখা গেল না।

বিধাতা যাহার উপর রুষ্ট, হাজার করিলেও
কস্মিনকালে তাহার ভাল হয় না। যেমন জন্ম
কালে পাপগ্রহের দৃষ্টি থাকিলে যতই কেন শান্তি
স্বস্ত্যয়ন করা যাউক না, যতই কেন শুভাকাঙ্ক্ষা
করা যাউক না, কিছুতেই কিছু হয় না, তদ্রূপ
মজঃফরপুরের গবর্ণমেণ্ট স্কুলটী কেমন কুলগ্নে
জন্মগ্রহণ করিয়াছে, যে এপর্য্যন্ত ইহার কিছু
তেই গ্রহশান্তি হইতেছে না। কোন্ পাপগ্রহ
যে রুষ্ট হইয়া ইহার উন্নতির পথে দণ্ডায়মান
রহিয়াছে বলা যায় না। মজঃফরপুরের স্কুল
কিছু নূতন প্রতিষ্ঠিত স্কুল নহে; কিন্তু কেমন
বিধাতার বিড়ম্বনা, কোন কালে স্কুলটী ভালরূপ
প্রতিষ্ঠালাভ করিতে পারিল না। আমরা এ
বিদ্যালয়টীর অন্যায় দোষকীর্ত্তনে প্রবৃত্ত হই-
য়াছি, সহৃদয় পাঠকবর্গ এমন বিবেচনা করিবেন
না। পাঠকগণ ইউনিভরসিটির আদ্যোপান্ত
ক্যালেণ্ডর একবার দেখুন, তাহা হইলে জানিতে
পারিবেন, এই গবর্ণমেণ্ট স্কুলটির কিরূপ উন্নতি
হইয়াছে! যদি ক্যালেণ্ডর সংগ্রহ করিতে না
পারেন তবে আমরা বলিতেছি ইউনিভরসিটির
সৃষ্টি হওয়া অবধি এ পর্য্যন্ত ৮ টী মাত্র বালক
প্রবেশিকা পরীক্ষায় কৃতকার্য্য হইয়াছেন, তাহাও
আবার ভালরূপে নয়। আক্ষেপের কথা
আর কি বলিব, গত বৎসর এখান হইতে ৯
জন বালক প্রবেশিকা পরীক্ষা দিতে যান,
তন্মধ্যে ৪ জন বাঙ্গালী, ২ জন মুসলমান ও
৩ জন হিন্দুস্থানী বালক ছিলেন; কিন্তু এক জন
মাত্র বাঙ্গালী অতি কায় ক্লেশে তৃতীয় শ্রেণীতে
উত্তীর্ণ হইয়াছেন।

বর্ত্তমান প্রথম শিক্ষককে আমরা যেরূপ
কৃতবিদ্য ও বহুদর্শী বলিয়া জানি, তাহাতে
তাঁহার প্রথম আগমনে আমাদের এরূপ আশা
জন্মিয়াছিল, যে এ বিদ্যালয়টি ক্রমশঃ ভাল
হইতে পারিবে; কিন্তু দুর্ভাগ্যক্রমে এপর্য্যন্ত
আমাদের সে আশা ফলোন্মুখ হইতেছে না।
আমরা এ বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ ও শিক্ষকদি
গের উপর বৃথা কেন দোষভার অর্পণ করিব?
সকলই আমাদের অদৃষ্টের দোষ। আমাদিগের
সন্তানেরা কৃতবিদ্য হইবে এ সৌভাগ্য গর্ব্ব বুঝি
ঈশ্বর আমাদিগকে করিতে দিলেন না। স্কুলে
ভালরূপ বিদ্যাদান হয় না, ইহার অপেক্ষা আক্ষে
পের বিষয় আর কি হইতে পারে। আমরা
নিশ্চয় জানি, বাঙ্গলা ও বেহারের কোন গব-
র্ণমেণ্ট স্কুলের অবস্থা এরূপ অপকৃষ্ট নহে।
যাহা হউক, ত্রিহুতের মধ্যে ইহা প্রধান স্কুল।
ইহার এরূপ অবস্থা থাকা অতিশয় প
তাপের কারণ। এক্ষণে শিক্ষাসংক্রান্ত ক
পক্ষের সস্নেহ দৃষ্টি নিপতিত হয়, ই
প্রার্থনীয়।

শ্রীঃ—

—:০:—

মহাশয়! গত ১৬ ই শ্রাবণের অমৃতবা
পত্রিকায় কলিকাতাস্থ সংবাদদাতা মহাশয়
হষ্টেলসম্বন্ধে যেরূপ অভিপ্রায় প্রকাশ করি
ছেন, তাহা সর্ব্বাঙ্গবিশুদ্ধ হয় নাই। আ
সংবাদদাতাকে বিশেষরূপে জানাইবার নি
প্রতিবাদ করিতে বাধ্য হইলাম।

সংবাদদাতা হষ্টেলের চার্জ্জ বৃদ্ধির বিষয় উ
করিয়া বলিয়াছেন যে, "হিন্দু হষ্টেলকে শী
কালগ্রাসে পতিত হইতে হইবে।" এটী অ
বাক্য। প্রায় ৮ বৎসর হইল হষ্টেল স্থাপিত
য়াছে; ক্রমেই ইহার উন্নতি হইতে
পূর্ব্বে যেখানে ২৭ জনমাত্র বোর্ডার ছি
এক্ষণে সেইখানে ৪৫ জন হইয়াছেন। ৭
ডাকিয়া আনিয়া বোর্ডার করা হইত;
এক্ষণে অনেকে যত্নবান হইয়া প্রাবেশি
দিয়া স্বয়ংই প্রবিষ্ট হইতেছেন। হষ্টেলের
বৃদ্ধি হওয়াতে মধ্যবিদ ছাত্রগণের কিছু
হইয়াছে বটে; কিন্তু চার্জ্জ বৃদ্ধি অসাময়িক
নাই। সংবাদদাতা বাটীভাড়াঘটিত একটী
কারণের উল্লেখ করিয়াছেন; কিন্তু আ
তাঁহাকে আরো গুটি কত বলিতেছি। প্রথ
নীচের ঘরে ওদাম থাকাতে তাহার ভাড়া
মাসিক ৫০ টাকা পাওয়া যাইত; এ
উঠাইয়া দেওয়া হইয়াছে। দ্বিতীয়তঃ
বোর্ডারদিগের পড়িবার জন্য লণ্ঠনের ব্য
প্রচলিত ছিল; কিন্তু তাহাতে
অসুবিধা হয় বলিয়া রিডিং ল্যা
সেজের ব্যবহার হইয়াছে; ইহাতে পূর্ব্বা
জ্বালাইবার তৈলের ব্যয় প্রায় দ্বিগুণ বৃ
য়াছে। তৃতীয়তঃ বাসকারীর সংখ্যা বৃ
য়াতে চাকরের সংখ্যাও বৃদ্ধি হইয়াছে।
বন্ধন পূর্ব্বাপেক্ষা বেশি টাকা ব্যয় হইতে
চার্জ্জ বৃদ্ধি না করিলে এ সমস্ত ব্যয়ভা
বহন করিবে? সদাশয়া সমুদায় ব্যয়
মেণ্টের স্কন্ধে নিক্ষেপ করিতে চান; কিন্তু
মেণ্টের সহিত এরূপ কোন নিয়ম বিধি
নাই যে তাঁহাকে ব্যয় নির্ব্বাহ করিতে
ছাত্রদিগের থাকার অসুবিধা ও
দোষ জন্মে বলিয়া শ্রীযুক্ত বাবু প্যারীচর
কার মহোদয়ের প্রস্তাবানুসারে হষ্টেল
হয়। প্রথমতঃ গবর্ণমেণ্টের নিকট হইতেই

হইয়াছিল বটে; কিন্তু উত্তর কালে হিন্দু
র অবস্থা উন্নত হইলে চার্জ্জ বৃদ্ধি করিয়া
হইতেই ব্যয় নির্ব্বাহ করা হইবে এইরূপ
ইয়া থাকে। এক্ষণে সেই অবস্থা উপ
ইয়াছে; সুতরাং গবর্ণমেণ্ট অধিক টাকা
কেন? গত এপ্রেল ও মে মাসে আয়ের
ও প্রায় ৩০।৩৫ টাকা করিয়া ব্যয় হইয়া
এ মাসের ব্যয়ের যেরূপ অবস্থা দেখা যাই
তাহাতেও বোধ হয় অনটন হইবে।
টাকা গবর্ণমেণ্টই দিয়াথাকেন, ইহা'র
তাঁহাকে অতিরিক্ত ব্যয়ভার বহন করিতে
ধ করা কি দুষ্টতার কার্য্য নহে? মাসিক
াকা করিয়া চার্জ্জ বৃদ্ধি হইয়াছে, তাহা
হিন্দুহষ্টেল উচ্ছিন্ন হইবে, ইহা নিতান্ত
ত কথা। আমরা সম্বাদদাতাকে জিজ্ঞাসা
পূর্ব্বে যে মেডিকেল কালেজে ছাত্রবৃত্তি
ও ছাত্র পাওয়া দুঘট হইত, এক্ষণে সেই-
ছাত্রদিগকে বেতন দিয়া পড়িবার নিয়ম
ত হওয়াতে, তাহা কি উচ্ছিন্ন হইতেছে?
ত্তরে যেদিন বাঙ্গালিরা প্রথম মৃতদেহ
চ্ছেদ করেন, সেদিন ইংরেজেরা কত আন
সব করিয়াছিলেন, দুর্গ হইতে আনন্দসূচক
ধ্বনি হইয়াছিল। কিন্তু এক্ষণে সকলে
কাঁটিয়া হাত ক্ষয় করিতেছেন, ইহাতে কি
পাওয়া যাইতেছে না? না মেডিকেল
জের অবনতি হইতেছে?

াদদাতা মহাশয় দরিদ্র বালকগণের অব
র বিষয় যাহা লিখিয়াছেন, তাহাতে
ক্ষা করাই উচিত। পূর্ব্বে যে পরিমাণে
ছিল, তাহাতেও নিতান্ত দরিদ্র বালকগণ
তে পারিত না। সম্বাদদাতার লিখন
দেখিয়া স্পষ্টই বোধ হইতেছে যে, তিনি
হষ্টেলের বিষয় কিছুই জানেন না। শুদ্ধ
বের উপর নির্ভর করিয়া লিখিয়াছেন।
াদদাতা বাজারের অবস্থা যাহা লিখি-
ন, তাহাও বিশুদ্ধ হয় নাই। পূর্ব্বাপেক্ষা
লে চাউল, ডাউল, কাষ্ঠ ইত্যাদিতে
ক টাকা ব্যয় হইতেছে।

হিন্দুহষ্টেল } শ্রীঃ—
রা ভাদ্র }

—:•:—

গঙ্গাটিকুরী গ্রাম।

হাশয়! উল্লিখিত গ্রাম কাটোয়ার অতি
বর্ত্তী। গ্রামটি দিন দিন শ্রীবৃদ্ধির সোপানে
রূঢ় হইতেছে দেখিয়া বড় আহ্লাদ জন্মি
ছ, কিন্তু দুঃখের বিষয় এই, যে গ্রামমধ্যবর্ত্তী
মার্গ "ফেরী ফণ্ডের" হস্তে ন্যস্ত থাকাতে
অত্রত্য জনগণ ও শকটবাহিপ্রভৃতি অপরাপর
সকলেই সমধিক ক্লেশ পাইতেছেন। বৎসরাধিক
কাল অতীত হইল, উক্ত পথের সংস্কারকার্য্য
আরম্ভ হইয়াছে; কিন্তু গ্রামের মধ্যে এখনও
জানু পর্য্যন্ত কর্দ্দমে নিমগ্ন হইয়া যায়, এরূপ
স্থানই অধিক। "কান্দর" নামে একটি ক্ষুদ্র
নদী গ্রামের পার্শ্ব দিয়া বহিয়া থাকে। এখানকার
"ওবরাসয়ার" বাবু একটি পুল নির্ম্মাণদ্বারা
"কান্দরের" বেগ কথঞ্চিৎ অবরোধ করিয়া-
ছেন। ভয় হইতেছে, পাছে জলোচ্ছ্বাসে আমা
দের শস্যক্ষেত্রসমূহ প্লাবিত হইয়া আমাদের
দক্ষিণ হস্তের বন্দোবস্ত বন্ধ করে। বর্ষে বর্ষে
"কান্দরের" বেগ দেখিয়া আসিতেছি, নির্ম্মিত
পুলেরও দার্ঢ্য পরীক্ষা করা গেল; এক্ষণে
স্রোতস্বতী স্বয়ং আমাদের ভাবনা দূর করি
বেন।

গত ফেব্রুয়ারি মাসে গ্রামে একটি বঙ্গবিদ্যা
লয় স্থাপিত হইয়াছে এবং মে মাস অবধি,
গবর্ণমেণ্ট তাহাতে মাসিক ১৩ তের টাকা সাহা
য্যদান করিতেছেন। দুঃখের বিষয় এই "উৎ
সাহ" ভিন্ন বিদ্যালয়ের অধিক কিছু "পুঁজি"
নাই। ভরসা করি, গ্রামস্বামী বনয়ারী আবাদের
মহারাজ এবং নিকটস্থ ভদ্রমণ্ডলী বিদ্যালয়টির
চিরস্থায়িত্বের দিগে দৃষ্টিপাত করিয়া জগদীশ
রের প্রসাদলাভ করিবেন। মহাশয়! গরিবের
কি বিদ্যালাভ হইবে না? অবশ্য হইবে! দেখুন
"দশের লাঠি একের বোঝা"। ইতি।

হাটখোলা } একান্তানুগৃহীত
তাং ১৬ ই আগষ্ট } গ্রামবাসী
শ্রীশ্রীনারায়ণ ঘোষাল

—:•:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু সূর্য্যকুমার রায়	মিরচিতলা
১২৭৫ ভাদ্র হইতে ৭৬ শ্রাবণ	১৩
" " কানাইলাল বসু	রায়না
১২৭৫ ভাদ্র হইতে ৭৬ শ্রাবণ	১৩
" মতিরাম	গৌহাটী
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়	১৩
" " রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায়	দামুনহুদা
১৮৬৮ আগষ্ট হইতে ৬৯ জুলাই	১৩
" " গণেশচন্দ্র সিংহ	সুরুল
১২৭৫ ভাদ্র হইতে কার্ত্তিক	৩৸
" " অন্নদাপ্রসাদ রায়চৌধুরী	বড়িশা
১৮৬৮ আগষ্ট হইতে অক্টোবর	৩৸
" " কেদারনাথ রায়	শ্রীপুর
১২৭৫ ভাদ্র হইতে কার্ত্তিক	৩৸
শ্রীযুক্ত বাবু কালীকৃষ্ণ দত্ত	কলিকাতা
" " কুঞ্জলাল বন্দ্যোপাধ্যায়	ভবানীপুর

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাকম সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং ৈ সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাত্তি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার অ যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, ও যেন এক অথবা আধ আনার অধিক ম ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রক মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ ব যাইবে। শেষ বারের পত্র রেজারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রের বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপং আনা তাহার পর /১০ আনা দিতে হ যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হই

নোট এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাত প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১০ ম ভাগ ৪৩ সংখ্যা।

" প্রবক্ষ্যনাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।

—৩২১—

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ১৬ ই ভাদ্র। ১৮৬৮। ৩১ এ আগষ্ট { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭. ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

বন্দ্যোপাধ্যায় কোং।

তদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই-
যে, সম্প্রতি অনওয়ার্ড, ষ্টার অব স্কোসিয়া
উইক এবং রিটিশপ্রিন্স জাহাজে ঔষধ
আমদানী হইয়াছে। ঐসকল জাহাজে
কোং দিগের লণ্ডনস্থ এজেণ্টগণ হইতে
কল ঔষধ ও অন্যান্য দ্রব্যাদি আমদানী
ছে এবং যেসকল দ্রব্যাদি আমদানী হইবে
র ইন্ ভয়েস প্রাপ্ত হইয়াছেন।
ক্ত কোম্পানির প্রধান ঔষধালয় আমহরষ্ট
২৩নং ভবন মুজাপুর মেডিকেল হলে এবং
াজার ষ্ট্রীট ৩৯ নং ভবন শাখা ঔষধালয়ে
, বিশুদ্ধ, এবং উৎকৃষ্ট ঔষধসকল পরি-
মূল্যে খুজরা বা এক কালীন অধিক পরি-
বিক্রয়ার্থ নিয়ত প্রস্তুত আছে।

কলিকাতা
৮ই আগষ্ট
৮৬৮। }

—:০:—

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে।

র্দিসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে,
া হইতে উত্তরপশ্চিমাঞ্চলের কোন কোন
ন তাম ও দস্তা লইয়া যাইবার নিমিত্ত যে
ষ ভাড়ার নিয়ম আছে, আগামী ১ লা
বর অবধি তাহা রহিত হইয়া সকল ষ্টেসনে
ন ভাড়া প্রচলিত হইবে।

তাম্র	৩য় শ্রেণী
দস্তা	২য় ঐ

ণ্ডিয়া রেলওয়ে
হাউসী স্কোয়ার কলি } সিসিলষ্টিফেক্সন
া ১৭ ই আগষ্ট। } এজেন্সি বোর্ড
২০৯৭

—:০:—

উৎকৃষ্টরূপে সংগৃহীত দেওয়ানী কার্য্যবিধান।

উক্ত গ্রন্থে ওকালতী পরিক্ষার্থীদের পাঠ ও সধারণের উপকারার্থে ১৭৯৩ সাল হইতে ১৮৬৮ সাল পর্য্যন্তের প্রকাশিত বাঙ্গালী দেওয়ানী সমুদায় আইন সাকুলর অর্ডর, কনষ্টক্সন, এবং নজীর, (ব্যাখ্যাসহ) ও নির্দ্দর্শনতত্ত্ব, মটগেজ কণ্ট্রাক্টের সার ও হিন্দু মহম্মদীয় ও ইংরাজ দিগের ব্যবস্থা ও ইংলণ্ডের সংক্ষিপ্ত শাসন প্রণালী সংগৃহীত হইয়া কর্ত্তৃপক্ষগণকর্ত্তৃক সংশোধনানন্তর বঙ্গভাষায় মুদ্রিত হইতেছে। মূল্য ডাক মাসুলব্যতীত ১০ টাকা। কিন্তু যাঁহারা শ্রীযুক্ত বাবু রামচন্দ্র ভৌমিকের নামে কলিকাতা জোড়াসাঁকো ব্রাহ্ম সমাজে শ্রীযুক্ত আনন্দচন্দ্র বেদান্তবাগীশ মহাশয়ের নিকট (মণি অডর কি এক আনা মূল্যের ডাক টিকেট দ্বারা অথবা অন্য গতিকে) ৮ টাকা অগ্রিম মূল্য পাঠাইবেন, তাঁহারা ঐ পুস্তক ক্রমে প্রাপ্ত হইতে পারিবেন। পুস্তকের প্রথম ভাগ ২০এ ভাদ্র, ২য় ভাগ ৩০এ আশ্বিন ও শেষ ভাগ ২৫এ কার্ত্তিক প্রচারিত হইবে। ডাকে গ্রহণ করিলে আট আনা মাসুল দিতে হইবে। ওকালতী পরীক্ষার্থিগণ সম্প্রতি অন্যান্য আইন শিক্ষা করুন। এই দেওয়ানী আইন ক্রমে প্রাপ্ত হইয়া অনায়াসে শিক্ষা করিতে পারিবেন।

———

পুনঃপ্রাপ্ত নোট।

নিম্নলিখিত অপহৃত অর্দ্ধ ও পূর্ণ নোটগুলি পাওয়া গিয়াছে। নোটের অধিকারিগণকে জানান যাইতেছে, নিম্ন স্বাক্ষরকারীর নিকট আবেদন করিবেন।

	সংখ্যা	মূল্য	পূর্ণ অথবা অর্দ্ধ
এ ৫৮	৮৬৬৩৮	১০০	অর্দ্ধ নোট
এ ৫৫	৮৯৪৪৪	৫০	»
এ ৫২	৬৪৬৯০	২০	»
এ ২৬	১০০৯৬	২০	»
এ ৬২	৪৬৪৫২	২০	»
এ ৪৪	৮৯৯৩৭	২০	»
এ ৪৫	৩৫০৭৪	২০	»
এ ৪৩	৯৯৬৬০	২০	»
বি ২২	০১৭৫৫	২০	» ভিক্টোরিয়া পেটেণ্ট
বি ২২	০১৭৫৪	২০	» নোট
এ ৪৯	০৭৭৭৩	১০	»
এ ৪৯	০৩৪৬১	১০	»
এ ৪১	৬০৪৬৬	১০	পূর্ণ
এ ৪৯	৪৮৭২৯	১০	অর্দ্ধ নোট
এ ৫০	১৬৮৫৫	১০	»
এ ৪৯	৮২৮২১	১০	»
এ ৪২	০৮২৬৯	১০	»
এ ১৯	৩১৪০১	১০	»
এ ১৯	৪৮৮৪২	১০	»
এ ১৮	৩৭৮৯৬	১০	»
এ ১৮	৩৯৮৫৭	১০	»
এ ৩১	৯২১০৩	১০	»
এ ৩১	৯০১০১	১০	»
এ ৩১	৯১১০২	১০	»
এ ৩১	৫৪১১৫	১০	»
এ ৫৮	৮১০০৭	১০০	
এ ৫৮	৮৫৮১৯	১০০	

কলিকাতা
পোষ্ট আফিস
১৩ ই আগষ্ট
১৮৬৮। } ডবলিউ, এইচ, ম্যাগে
পোষ্ট মাষ্টার।

ইন্দুপ্রভা নাটক।

ষ্ট্যান হোপ যন্ত্রালয়ে এবং চীনাবাজার, লডাঙ্গা ও যোড়াসাঁকোর পুস্তকালয়ে ওয়া যায়। মূল্য ১ এক টাকা।

শ্রী গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়
কলিকাতা বাগ্‌বাজার।

—:০:—

১৮৬৯ অব্দের ইংরাজী এণ্ট্রান্স কোর্সের টবুক, প্রথম ভাগ পোইট্রী, টেুনিং আকা ময় ভূতপূর্ব্ব হেড মাষ্টার এইচ, দত্ত বি, এ, ক প্রণীত, ৫৮। ৫ গিরিশ-বিদ্যারত্ন যন্ত্রে ং সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে প্রাপ্য। মূল্য কা।

—:০:—

হেমন্তকুমারী।

হেমন্তকুমারীনামক এক খানি নাটক জনৈক ক সংগ্রহ করিয়া নড়াইলের জমীদার শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র রায় মহাশয়কে উপহার প্রদান াছেন, তাহা মুদ্রিত হইতেছে, স্বাক্ষর- র জন্য ।০ আনা, বিনা স্বাক্ষর কারীর জন্য ানা মূল্য নির্দ্ধারিত হইয়াছে, স্বাক্ষরকারী ভুক্ত হইতে যাঁহারা বাসনা করেন, তাঁহারা স্বাক্ষরকারীর নিকট পত্র লিখিবেন।

কলিকাতা
ফ্রি স্কুল। } শ্রীকালীপ্রসন্ন সেন গুপ্ত

—:০:—

কাব্যপ্রকাশ, সাহিত্যদর্পণ, কাব্যাদর্শ, চন্দ্রিকা, এবং দশরূপকপ্রভৃতি সংস্কৃত অল- গ্রন্থ হইতে প্রয়োজনীয় অংশ সমুদায় গ্রহণ া "লক্ষণ মালা" নামে এক খানি সংস্কৃত ার গ্রন্থ মুদ্রিত ও প্রচারিত হইয়াছে। এই ণ কলিকাতা পটোলডাঙ্গাস্থ বাড়ুয্যা- কোং নিকট এবং ঢাকা নন্দকুমার গুহ এ ল, ব্রাদার্সের পুস্তকালয়ে তত্ত্ব করিলে ত পারিবেন। মূল্য ৸০ আনা মাত্র।

১ ই আগষ্ট। } প্রকাশক
৮৬৮। } শ্রী গোবিন্দচন্দ্র চক্রবর্ত্তী

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড পৃষ্ঠা অগ্রিম মূল্য) ॥০ ।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মৃজাপুর ষ্ট্রীট ৩৪।১ নং ভবনে কার্য্য- প্রকাশ অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারের নামে যত খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার নিয়ম নাই ইতি

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয় করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষরিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল ডাঙ্গা বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দোকানে মৎ প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল্য
গ্রীসইতিহাস	১ টাকা
রোমইতিহাস	১ ″
ভূষণসার ব্যাকরণ	।০
নীতিসার (১ ম ভাগ)	৶
নীতিসার (২ য় ভাগ)	৶
প্রচারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	৸

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—:০:—

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধা-কান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া সুতন বাঁধান, মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্ত বাগীশ।

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে /০ এক আনার হিসাবে কমিসন দি। অধিক টাকার পুস্তক লইলে /১০ আনার হিসাবে পাইবেন।

অপূর্ব্ব উপাখ্যান অর্থাৎ সেক্সপিয়রকৃত নাটকের মর্ম্মানুবাদ	১॥
শ্রীমদ্ভাগবত ১ ম অবধি ১২ স্কন্ধ বাং গদ্য	৮
শ্রীশ্রীহরিভক্তিবিলাস সম্পূর্ণ	৮
শ্রীমদ্রামায়ণ দুই খণ্ডে সম্পূর্ণ	
চক্রপাণিচিকিৎসা গ্রন্থ সিন্দুরীয়া নিবাসী বাবু কাশীনাথ মল্লিকের প্রযত্নে পণ্ডিতদ্বারা হস্তের লিখিত	
নিত্যধর্ম্মানুরঞ্জিকা পত্রিকা বার্ষিক	
কৌতুক বিলাস যাহাতে গোপালভ কৌতুকগুলি সম্পূর্ণ আছে	
চন্দ্রহংস ; জৈমিনি ভারত উদ্ধৃত	
ব্রহ্মতত্ত্ব চূড়ামণি অর্থাৎ ব্রহ্মনির্ণয়	
নীলাঞ্জন কাব্য	
পুরঞ্জান কাব্য	
মণিকুণ্ডলা কাব্য	
অভিমন্যু বধ নাটক	
দ্বাদশ শিশুর বিবরণ	
রত্নোত্তমা গদ্য কাব্য	
কৌরববিয়োগ নাটক	
সিভিল গাইড মার্শমেন সাহেব কৃত	
পদ্মগন্ধা উপাখ্যান	
সন্দেশাবলী স্বরূপচন্দ্র দাসকৃত	
পিশাচোদ্ধার	
নীতিপ্রভা	
এটলাস বাং ৮ খানি ম্যাপ গণেশচন্দ্র রকৃত	
ভূতত্ত্বদর্শন পৃথিবীর মানচিত্র	
ভারতবর্ষের ম্যাপ দেবনাগর অক্ষরে	
নীতিশিক্ষা	
অনবর শোহীলী গদ্যপদ্য পা কাব্য	
কুমার-সম্ভব সংস্কৃত হইতে পদ্য অনুব	
ভারতবর্ষের ইতিহাস কেদারনাথ দত্তকৃ	
ঐ গোবিন্দচন্দ্র সেন কৃত	
মনতত্ত্বসারসংগ্রহ	
প্রাচীন ইতিহাস সমুচ্চয়	
ঐ মার্শমেন সাহেবকৃত দুই খণ্ড	
নাট্য পরিশিষ্ট নাটক	
চারুমঞ্জরী	
শব্দকল্পদ্রুম পরিশিষ্ট	

কলিকাতা জোড়া-সাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র নগদ বিক্রে

ভারতবর্ষীয় সভা।

সম্প্রতি বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট নিম্নশ্রে দেশীয় ভাষায় শিক্ষা দিবার এবং রাস্তা এ করিবার অভিপ্রায়ে কর করিবার এবং ভূম কারীদিগের স্কন্ধে সেই করভার নিক্ষেপ

প্রশ্ন উত্থাপন করিয়াছেন। এই কর যাহাতে ও ন্যায়ানুসারে ধার্য্য এবং পরিমিতরূপে য় হয়, তদ্বিষয়ে মত দিবার নিমিত্ত উক্ত মণ্ট ভারতবর্ষীয় সভাকে অনুরোধ করি। গত ১৩ ই মে বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট ত্র লিখেন, তাহাতে বলা হইয়াছে:— ষ্ট বোধ হইতেছে, ভূমির উৎপন্নের উপরে র্য্য করাই ন্যায়সিদ্ধ হইতেছে। জমীদার, াজদার, পত্তনীদার, ইজারদার ও নানাবিধ র্ত্তী লোক এবং বাস্তবিক যেসকল কৃষকের উপরে স্থায়ী স্বার্থ আছে, অর্থাৎ যাঁহারা দী প্রজা নহেন এবং যাঁহারা উটবন্দী ন্যায় বাজার দরে কর দেন না, তাঁহারা উপস্বত্বের যে অংশ পান, তদুপরি ও তৎ াগে কর ধার্য্য ও আদায় করাই ন্যায় ও সিদ্ধ বোধ হইতেছে।" উটবন্দী প্রজা ত ভূমির সহিত আর যেসকল লোকের ন সম্বন্ধ ও স্বত্ব আছে, এই প্রস্তাব দিগের সকলকেই স্পর্শ করিতেছে তন্নি ভারতবর্ষীয় সভার কমিটী গবর্ণমেণ্টের পত্রের উত্তরদানের পূর্ব্বে সর্ব্বসাধারণের ানিবার অভিলাষী হইয়াছেন, তদনুসারে া বিজ্ঞাপন দিয়া অনুরোধ করিতেছেন. অদের আগামী সেপ্টেম্বর মাসের ২ রা অপরাহ্ণ ৪ ঘটিকার সময়ে লার্কিন্স র ১ নং ভারতবর্ষীয় সভাগৃহে একটী ্য সভা হইবে। সর্ব্বসাধারণে ঐ সময়ে নে গিয়া আপনাদিগের মত প্রকাশ করি-

শ্রীযতীন্দ্রমোহন ঠাকুর
ভারতবর্ষীয় সভার অবৈ-
তনিক সম্পাদক।

—০—

োমিওপেথিক চিকিৎসা, প্রথম সংখ্যা,
আমরক্ত, মূল্য চারি
আনামাত্র।

লিকাতার চোরবাগানে স্কুলবুক প্রেসে য়ার সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়ে এবং াজারে বেরিণী কোম্পানির হোমিও ফারমেশীতে পাওয়া যায়।

—:০:—

পুনঃপ্রাপ্ত নোট।

য ব্যক্তি ১৮৬৮ সালের ৮ ই আগষ্ট পত্র পাটনার ডাকযোগে নিম্নলিখিত নোট সকল পাঠাইয়াছেন। তিনি নিম্নস্বাক্ষর কারীর নিকট সবিশেষ লিখিয়া পাঠাইবেন।

এ ৫৮	৮৯০০৭ নং	১০ টাকার
এ ৫৮	৮৪৮৬৯ নং	১০০ ঐ

ডবলিউ, এইচ, মাগোয়ান।
কলিকাতার পোষ্টমাষ্টার।

—০০—

গদ্য সংগ্রহ।

অল্পপাঠী ছাত্রদিগের পাঠোপযোগী কোন সংস্কৃত গদ্য গ্রন্থ না থাকায়, সংস্কৃত কালেজের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার সর্ব্বাধিকারী মহাশয়ের আদেশানুসারে উক্ত কালেজের অন্যতর অধ্যাপক পণ্ডিতবর শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন মহাশয় মহাভারত ও বিষ্ণুপুরাণ হইতে কতকগুলি নীতিগর্ভ গল্প সঙ্কলন করিয়া "গদ্যসংগ্রহ" নামক এক খানি পুস্তক প্রচার করিয়াছেন। পটোলডাঙ্গা ৮৬ নং আমাদিগের পুস্তকালয়ে পাওয়া যায়। মূল্য ১ এক টাকা মাত্র।

বাড়ু য্যাত্রাদর্শ এবং কোং

—০০—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের আগষ্ট মাসের ১৫ ই হইতে ২১ এ পর্য্যন্ত নদীয়ার নদী হায়ের সর্ব্বকর্মত জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকর্মতি	জল
	ফুট	ইঞ্চ
মহানার উপর পদ্মানদীতে	৪৩	৯
মহানায়	২৭	৬
তথা হইতে হাট বোয়ালিয়া		
৪৪ মাইল	১৯	৬
হাট বোয়ালিয়া হইতে		
আনুকদিয়া	২৩	৯
আনুকদিয়া হইতে কুষ্টগঞ্জ		
৩৮ মাইল	২৩	৯
কুষ্টগঞ্জ হইতে হুগলি নদী		
পর্য্যন্ত ৩৪ মাইল	২৭	৯
ভাগীরথী নদী।		
মহানার উপর	১৫	৩
মহানার নীচে	১৮	৯
তথা হইতে জিয়াগঞ্জ	৯	৬
জিয়াগঞ্জ হইতে কাটোয়া		
৬০ মাইল মধ্যে	২২	৯
কাটোয়া হইতে নদীয়া		
৪৬ মাইল মধ্যে	২৫	
জলঙ্গী নদী		
মহানায়	৬৯	
তথা হইতে করিমপুর		
১৯ মাইল	২১	
করিমপুর হইতে টিয়াকাটা		
৩৫ মাইল	১৩	
টিয়াকাটা হইতে নদীয়া		
৬০ মাইল	১২	

সন ১৮৬৮ আগষ্ট মাসের ২৪ এ ত
বহরমপুর গঙ্গা ঘাটের জলের মাপ।

		ফুট
বহরমপুর ২৪ এ আগষ্ট ১৮৬৮।	শ্রীযুক্ত টি কেল্স উইকস একজিকিউটিব ইঞ্জিনিয় বহরমপুর ডিবিজন।	২১

—০০—

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে।

বাঁকিপুর রেলওয়ে ষ্টেসনের নিকটে খানি কবেন্সি নোট পাওয়া গিয়াছে। প্রত্যে মূল্য ২০ টাকা।

যদি কেহ উহার কোন প্রকার সমাচার পাবেন, তিনি নিম্নস্বাক্ষরিত ব্যক্তির নি জানাইবেন।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে হাউস এজেন্সি বোড কলিকাতা ২৬ এ আগষ্ট ১৮৬৮।	সিসিল ষ্টিফে এজেন্সি বোড

সোমপ্রকাশ।

১৬ ই ভাদ্র সোমবার।

এবার সোমপ্রকাশের অধিক স্থান অতিবৃষ্টিঘটিত অনিষ্টের সমা পরিপূরিত হইল। প্রধানপুরুষেরা লির প্রতি এক বার দৃষ্টিপাত করি গত দুর্ভিক্ষের সময়ে তাঁহারা স্থানীয় কর্ম্মচারীদিগের উপর নি করিয়া প্রজাক্ষয় করিয়াছিলেন আপনারাও তিরস্কৃত ও অপমা হইয়াছিলেন, এ বার যেন সেরূপ না অগ্রে সাবধান হওয়া উচিত। কে কি ক্ষতি হইল, প্রজাগণের কি দুর ঘটিল, তাহার প্রতিবিধানের উপা কি? কর্ত্তৃপক্ষ পরিশ্রম স্বীকার ক স্বয়ং অনুসন্ধান ও প্রতিবিধানের উ অবলম্বন করুন।

বিষবিক্রয়বিষয়ে এত শক্তাশক্তি কেন? মানুষ ভ্রমপ্রমাদপূর্ণ, আলস্য দূষিত ও রাগদ্বেষাদিবিলুষিত। সেই মানুষের যেখানে প্রাদুর্ভাব, সেখানে যে যে বস্তুর সামান্যমাত্র সংসর্গে মহৎ অনিষ্ট ঘটিবার সম্ভাবনা, সেই সেই বস্তুর ব্যবহারবিষয়ে অতি সাবধান হওয়া আবশ্যক; কিন্তু আমরা চমৎকার দেখিতে পাই, যাবতীয় মারত্মক পদার্থের ব্যবহারকালে যথোচিত সাবধান হওয়া হয় না। রেলওয়ে একটী বিষবৎ মারত্মক পদার্থ; কিন্তু অনেক সময়ে এতৎসংক্রান্ত কার্য্যকালে বিলক্ষণ অনবধানতা দৃষ্ট হয়। গত সোমবারে দৃষ্ট হইল, দুই জন ইউরোপীয় এক ঘোড়ার গাড়িতে পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের শিয়ালদহের ষ্টেসনের গেটে বেশ করিতেছেন, এমত সময়ে দক্ষিণ হইতে সহসা মিউনিসিপাল রেলগাড়ি আসিয়া সেই গাড়ির উপরে পড়িল। ঘোড়ার গাড়ি খানি চূর্ণ হইল, রেলের গাড়ি রেলের বাহিরে পড়িল। অশ্বশকটারোহী দুই ব্যক্তির এক ব্যক্তিকে অতিশয় আঘাত লাগিল: আহ্লাদের বিষয় এই, তাঁহার প্রাণরক্ষা হইয়াছে। যখন চতুর্দ্দিকে রেলগাড়ি আরম্ভ হইল, তখন অন্যে প্রাণিহত্যা নিবারণের উপায় করিয়া তাহার কার্য্য আরম্ভ করা কি উচিত নয়? যে যে পথ পার হইয়া মিউনিসিপাল রেলের গাড়ি যাইতেছে, সেই সেই স্থানে গাড়ির গমনকালে মানুষ ও অশ্বাদির শকট চলিতে না পারে এ ব্যবস্থা করা কি উচিত নহে? যদি বল পথিকেরা আপনারা সাবধান হইবেন, এটী কাজের কথা নয়। আমরা উপরেই কহিয়াছি, মানুষের মন ভ্রমপ্রমাদাদিতে পূর্ণ। আমরা পূর্ব্বে যে দুর্ঘটনাটীর প্রসঙ্গ করিলাম, তাহা অশ্বশকটস্থ ইউরোপীয়দ্বয়ের ভ্রমনিবন্ধনই ঘটিয়াছিল। তখন বেলা ঠিক ৫ টা। তখন পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের গাড়ি ছাড়িবার একটী সময়। যে ইউরোপীয় আহত হন, তাঁহার চাণকে যাইবার প্রয়োজন ছিল। বিলম্ব হইলে গাড়ি চলিয়া যাইবে এই ভাবিয়া তিনি আপনার কোচমানকে গাড়ি চালাইতে কহেন। তিনি ভাবিয়াছিলেন, মিউনিসিপাল রেলগাড়ি আসিতে আসিতে তাঁহার গাড়ি গেট পার হইবে; কিন্তু বিপরীত ঘটনা হইয়া গেল। এইরূপ ভ্রমপ্রমাদাদিনিবন্ধন অনর্থ ঘটিবারই অধিক সম্ভাবনা। অতএব আমরা পুনরায় বলিতেছি ইহার নিবারণের আশু সদুপায় করা উচিত।

—:০:—

কণ্ট্রাক্ট আইন।

এই আইনটী মেইন সাহেবেরই অধিক ভাল লাগিয়াছে। তিনি যখন প্রথম এ দেশে আসেন, তৎকালে বলিয়াছিলেন, চুক্তিভঙ্গ হইলে বলপূর্ব্বক তদনুসারে কাজ করাইয়া লওয়া ইংলণ্ডীয় ব্যবস্থার মূল নিয়মের বিরুদ্ধ; কিন্তু জানি না কি কারণে কিছু দিনপরে তাঁহার মতের পরিবর্ত্ত হইয়া গেল। তিনি এক্ষণে সভার সম্মুখে স্পষ্টাক্ষরে এ কথা বলিতে পারিতেছেন না যে এ আইনটী ইংলণ্ডের ব্যবস্থার মূল নিয়মানুগত; কিন্তু বলিতেছেন ইংলণ্ডের আইনের মূলগত দোষ আছে; এ বিষয়ে ফ্রান্সপ্রভৃতি ইংলণ্ড অপেক্ষা প্রধান এবং ইংলণ্ডকে শীঘ্র ব্যবস্থাবিষয়ে ভারতবর্ষকে আদর্শ জ্ঞান করিতে হইবে। তিনি দুঃখিত হইয়া নীলকরদিগকে ভর্ৎসনা করিয়া বলিয়াছেন, তাঁহারা প্রথমে কণ্ট্রাক্ট আইনের নিমিত্ত এত গোলযোগ যদি না করিতেন, তাহা হইলে অনায়াসে বিধিবদ্ধ হইয়া যাইত; কেহই ইহার বাধা দিতে পারিতেন না। এমন সৎ মন্ত্রী অগ্রে এ দেশে আইসেন নাই এটা নীলকরদিগের দুর্ভাগ্যের বিষয় সন্দেহ নাই।

মেইন সাহেব আপনার প্রস্তাবিত এতৎসংক্রান্ত ধারাগুলির সমর্থনার্থ যে তর্ক অবলম্বন করিয়াছেন, তাহা নিতান্ত অসঙ্গত। তিনি বলেন, এ দেশে মকদ্দমা করিয়া পুরুষানুক্রমে দেওয়ানী ডিক্রী জীবিত করিয়া রাখা হয়। ডিক্রী বিক্রীত হইয়াও থাকে। যাঁহারা ডিক্রী করেন অথবা ক্রয় করেন তাঁহারা বরাবর কৃষকদিগের উপরে তাহা খড়্গস্বরূপ উত্তোলিত করিয়া রাখেন। ইহাতে তাহাদিগকে সর্ব্বদা শঙ্কিত ও ডিক্রীদারের পদানত হইয়া থাকিতে হয়। কিন্তু চুক্তি অনুসারে কাজ করাইয়া লইলে এই দোষ ঘটিবার সম্ভাবনা থাকিবে না। এটী মেইন সাহেবের প্রধান তর্ক। ইহার উত্তরস্থলে আমাদিগের বক্তব্য এই, বোম্বাইয়ের কোন কোন অংশভিন্ন অন্য স্থানে পুরুষানুক্রমে ডিক্রী জীবিত রাখা সচরাচর দৃষ্টিগোচর হয় না। ১৮৫৯ অব্দের ১০ আইন হওয়াতে বঙ্গদেশে ত উহার বহু ব্যতিক্রম ঘটিয়াছে। কণ্ট্রাক্ট আইন করিয়া এক শ্রেণির মহৎ অনিষ্টসাধন না করিয়া ডিক্রী জারির নিয়ম পরিবর্ত্তন কি শ্রেয়:কল্প নয়? পুরুষানুক্রমে লোকে ডিক্রীজারির যে সুবিধা পায় আইনের দোষ কি তাহার কারণ নয়?

আইন কমিসনরগণ ও সর জন লরেন্স স্পষ্টাক্ষরে কহিয়াছেন, নীলকরগণ যে প্রকার অত্যাচার করেন, তাহাতে আদালত যদি চুক্তি অনুসারে কাজ করান, তাহা হইলে অত্যন্ত অনিষ্ট ঘটিবে। মেইন সাহেব বলেন, রেজিষ্টরি না করিয়া যে কণ্ট্রাক্ট করা হইবে, তাহা অসিদ্ধ হইবে এবং যে চুক্তিপত্রে কাল ও অন্যান্য নিয়মের স্পষ্টরূপে নির্দ্দেশ

কিবে, তদনুসারে কার্জ করিতে
ইবে না। সর জন লরেন্স ইহার
ত্তর দিয়াছেন। তিনি বলেন, যখন
াঁধাবাঁধি করিবার চেষ্টা হই
, তখন প্রকারান্তরে মেইন সাহেবের
ইস্বীকার করা হইতেছে, আদালত
চের চুক্তি অনুসারে কাহাকে কার্জ
তে বাধিত করিবেন না। যদি
হয়, তাহা হইলে এমত আইনের
াকতা কি? এতদ্দ্বারা কেবল নীল
ভূতিকে কষ্ট দেওয়া হইবেমাত্র।
রা বলিবেন, "চুক্তি অনুসারে যে
করান উচিত, তাহা গবর্ণমেণ্ট ও
াপকগণ স্বীকার করিয়াছেন; কিন্তু
া তাহা হইতেছে না, অতএব আইন
র্ত্ত কর।" উল্লিখিতপ্রকার কণ্ট্রাক্ট
ন হইলে নীলকরেরাই উৎপাতে
বেন, সর জন লরেন্স এই যে কথাটী
াছেন, তাহাতে স্পষ্টই বোধ হই-
ছ, তিনি স্বদেশীয়দিগের গুণ ভাল
ন না। পক্ষান্তরে মেইন সাহেব
শীয়দিগকে ভালরূপ চিনিয়াছেন।
করেরা ভাবিতেছেন, সহস্র বন্ধন
ক না কেন, একবার চুক্তি অনুসারে
করাইবার বিধি হইলে হয়, তাহার
আদালতের জজেরা আছেন।
মেইন সাহেব এই আর এক তর্ক
াছেন এ দেশে প্রায় সকল লোকেই
মীতে সম্পত্তি অর্জ্জন করেন, অত-
ডক্রী হইলে তাহা জারি করিয়া
আদায় করা সাধ্যায়ত্ত নয়। কেন
বিনামী স্থলে কাহার না কাহার
সম্পত্তি থাকে। বিনামদারের নামে
ডক্রী হয় না? সেই ডিক্রী ত
মী সম্পত্তিকে স্পর্শ করিতে পারে?
ক্টসম্বন্ধে যে শ্রেণির অধিকতর
র্ত্ত হইবার সম্ভাবনা আছে, সে
র একে ত সম্পত্তি অল্প; তাহারা
প্রায় বিনামী করে না; করিলেও
তাহাদিগের বিনামী প্রমাণ হওয়া কঠিন
নয়। যাহা হউক, আমাদিগের এই একটী
আশ্চর্য্য বোধ হইতেছে, কৃষক ও আবাদ
কর, এ উভয়ের মধ্যে কাহার অসাধুতা
অধিক, মেইন সাহেব এক বার সে বিবে
চনা করেন নাই। ইউরোপীয় আবাদকর
গণ কি ধাতুর লোক, তাহা এখন আর
অনেকের অবিদিত নাই। আবাদকরগণ
বিশেষতঃ নীলকরগণ বলব্যতিরেকে কার্জ
করাইতে জানেন না, এ কথা অনেকেই
জানেন। ইহাঁরা ইউরোপখণ্ড হইতে
মূল ধন আনয়ন করেন, এ বাক্য অকি-
ঞ্চিৎকর। এইখানে কর্জ্জ করিয়া সেই
টাকায় লাভ করাই প্রায় সকলের চেষ্টা।
টাকার সুদ, কর্ম্মচারীদিগের চুরি, আপ
নাদিগের বাবুগিরি এ সমুদায় সদুপায়ে
উপার্জ্জন করিয়া সম্পন্ন করা ভার;
সুতরাং বলের আশ্রয় গ্রহণ করিতে হয়।
কণ্ট্রাক্ট আইন বলপূর্ব্বক কার্য্য করাই-
বার উৎকৃষ্ট উপায়। নীলের দাদন এক
বার লইলে যে তাহার পরিশোধ হয় না,
মেইন সাহেব কি ইহার অস্বীকারে সাহসী
হইবেন? খাটিয়া দিলেই কি কৃষকেরা
পরিত্রাণ পাইবে? পুরুষানুক্রমে নীল
করিয়াও যখন দুই টাকা শোধ যায়
নাই, তখন এক জন খাটিয়া দিলেই যে
নীলকরেরা তৃপ্ত হইবেন, তাহার প্রমাণ
কি? এক্ষণে পলায়ন করিলে নিস্তার
আছে; খাতার লিখিত দাদনের টাকা
এক কালে দিলে রক্ষা আছে, কিন্তু মেইন
সাহেবের প্রস্তাব বিধিবদ্ধ হইলে ধর্ম্ম
জ্ঞানশূন্য নীলকরের হস্তে কৃষকের কিছু
তেই পরিত্রাণ নাই। নীলকরেরা আপ
নারা যে যথেচ্ছ ব্যবহার করিতে চান,
তাহা বৈধ হইয়া উঠিবে। ব্রিটিশ গব-
র্ণমেণ্টের স্বহস্তে কৃষক প্রজাগণকে কয়েক
জন উদাসীনের ক্রীতদাস করিয়া দেওয়া
হইবে মাত্র। "আদালত যদি আবাদক
রের প্রার্থনা যুক্তি ও ন্যায়সঙ্গত বিবেচনা
না করেন, তাহা হইলে কখনই চুক্তি
সারে কাজ করিতে বলিবেন না।"
কথার কথামাত্র হইবে সন্দেহ ন
কোন্ আদালত ইউরোপীয় নীলক
বিরুদ্ধ আচরণ করিতে সাহসী হইবে
এপর্য্যন্ত কত জন নীলকর জালখ
দাখিল করিয়াও দণ্ড পাইয়াছেন?
রণো দেওয়ানী আদালত বিলম্ব ক
মকদ্দমার নিষ্পত্তি করেন এবং সুবি
করেন না, এ কথা নীলকরদিগের স
মেইন সাহেবও বারম্বার বলিতেছে
দেওয়ানী আদালতসকল যেন মন্দ, অ
তর্কমুখে স্বীকার করিলাম; কিন্তু
আদালত অর্থীর পক্ষে মন্দ, সে যে
র্থীর পক্ষে মন্দ হইবে না, এ কি
কথা! যে বিচারপতি সামান্য
পূরণের বিচার করিতে পারেন না, কি
কি কোন্ চুক্তি অনুসারে কার্জ
উচিত এবং কোন্ চুক্তি অনুসারে
করা অনুচিত বুঝিয়া সুবিচার ক
সমর্থ হইবেন? সামান্য বিষয়ে য
বুদ্ধি খেলে না, তিনি কি সূক্ষ্ম
কঠিন আইনের তর্ক বুঝিতে পারি
"নীলকরের পক্ষে যে আদালত
দেন, তাহাই ভাল, আর যে আদ
তাঁহাদিগের অত্যাচার নিবারণ ক
তাহা মন্দ" মেইন সাহেবের তর্কে
এই তাৎপর্য্য? মেইন সাহেব ব
কণ্ট্রাক্ট আইন না হইলে ইউরো
সমাজকে অপমান করা হয়। এ
এ তর্কের নিকটে আমরা হারিলাম
দেশীয় সমাজ সাত সেলাম না ব
ইউরোপীয় সমাজের সম্মুখে গ
গমন করিলে তাহাতে ইউরোপীয় স
যদি অপমান বোধ করেন তখন
সাহেব কি করিবেন? যাহা হউক,
সাহেবের সহিত তর্ক করা বৃথা;
নীতিজ্ঞকে সকল বিষয় প্রসারিত ন
দর্শন করিতে হয়। আমরা এ

ী দৃষ্টান্ত প্রদর্শন করিতেছি। বোধ
এক ব্যক্তি চুক্তি অনুসারে এক বিঘা
তে নীল বপন করিল; তাহাকে
কর নীলকরের অভিপ্রেত হইল;
এব এক বিতস্তি পরিমাণে চারা
ছে এমত সময়ে নীলকরের ভৃত্যেরা
গরুদ্বারা খাওয়াইল; হয় পুনর্ব্বার
ক্রয় কর কৃষকের অসাধ্য হইল,
া নীলবপনের সময় অতীত হইয়া
। নীলকর আদালতে চুক্তিমত অনু-
কাজ করাইবার নালীশ করিলেন,
নীলকরের দৌরাত্ম্য সপ্রমাণ
তে পারিল না, সুতরাং তাহাকে
বৎসরের নিমিত্ত ক্রীতদাস হইতে
। মেইন সাহেবের মতানুসারে
ই আইন যদি বিধিবদ্ধ হইত, এই
র কাণ্ড হইত সন্দেহ নাই। পূর্ব্বে
মেণ্ট নীলকরদিগের সাহায্য করি
না, তাহাতেই প্রতি নীলকুঠিতে
ার ছিল এবং কৃষকদিগকে বল
ক খাটাইয়া লওয়া হইত। যদি
নে বলপূর্ব্বক সেই খাটাইয়া লইবার
য্য করা হইত, তাহা হইলে
র যে কি দুর্দ্দশা ঘটিত তাহা
া শেষ করা যায় না। এ প্রকারে
ঃ সভ্য ও স্বাধীনতাপ্রিয় ইংরে
; স্পেনদেশীয়েরা আমেরিকায়
করিয়াছিল, এখন তাহা ভারতবর্ষে
শোভা পায় না। যাহা হউক, সর
রেন্স সুবুদ্ধির কাজ করিয়াছেন।
জন ছিন্নপক্ষ আবাদকরের মনো
করিতে গিয়া যদি তিনি মেইন
বের মতে অনুমোদন করিতেন
দ্বংশীয়দিগের নিকট চিরনিন্দনীয়
ন সন্দেহ নাই।

ংলণ্ডীয় একটিটি আইনের মূল
এই, যেসকল ক্ষতি টাকাদ্বারা
হয়, তাহাতে বিশেষ কাজ করিতে
বলা হইবে না। এক ব্যক্তি অপরের ভূমি লইয়া প্রত্যর্পণ করিতেছেন না। এই ভূমির অবস্থা যদি এরূপ হয় যে, ঐ প্রকার ভূমি অন্যত্র পাওয়া না যায়, তাহা হইলে আদালত অর্থীকে তাহার মূল্য না দিয়া ঐ ভূমিই দেওয়াইবেন। এক ব্যক্তি অপরের কিঞ্চিৎ অলঙ্কার লইলেন। ঐপ্রকার অলঙ্কার যখন তখন বাজারে পাওয়া যাইতে পারে। অতএব এ স্থলে ক্ষতিপূরণস্বরূপ টাকাই দেওয়ান হইবে। এই নিয়মানুসারে যদি বিবেচনা করা যায় চুক্তিভঙ্গে খাটাইয়া লওয়া ন্যায়ানুগত হইতে পারে না। আমি যেরূপ বস্তু লইব, তদনুরূপ বস্তু প্রত্যর্পণ করিব, ইহাই ন্যায্য। আমি টাকা দাদন লইলাম এবং প্রতিজ্ঞা করিলাম, সেই টাকার অনুরূপ নীল দিব। নীলকর নীল লইয়া বিক্রয় করিবেন, তাহাতে তাঁহার টাকা লাভ হইবে। এস্থলে টাকাভিন্ন অন্য কোনপ্রকার ক্ষতি পূরণ প্রদান করিলে আইনের মূল নিয়মের অনুমোদিত হয় না। দিলাম এক, লইব আর এক, ইহা কখন ন্যায়সিদ্ধ হইতে পারে না। ফলতঃ কৃষি ও বাণিজ্য সম্বন্ধে এক প্রকার চুক্তি করিয়া অন্য প্রকার (খাটাইয়া) লওয়া অতিশয় অন্যায় হইতেছে। ইংলণ্ডে যদি এই আইন করা হয়, জমীদার ও কৃষকগণ কি বলেন?

কণ্ট্রাক্ট আইন লইয়া বিস্তর তর্ক হইয়া গিয়াছে। আর ইহার পুনঃ পুনঃ আন্দোলন করিয়া লোককে বিরক্ত করা কেন? এ দেশে ইহার আবশ্যকতা নাই। নীলকরভিন্ন অন্য কোন ইউরোপীয় আবাদকর ইহার নিমিত্ত আহার নিদ্রা পরিত্যাগ করেন নাই। এতদ্দেশীয়দিগের পরস্পরের ক্রয় বিক্রয়াদি ব্যবহার বিনা চুক্তিপত্রে সম্পন্ন হইয়া থাকে। যেসকল ভারতবর্ষীয় ইক্ষু, ধান্য প্রভৃতি উৎপাদন করেন, তাঁহারা দিগকে তন্নিমিত্ত যত টাকা দেন, তাহার কোন লেখাপড়া থাকে মুখে মুখেই কার্য্যনির্ব্বাহ হয়। আ সচরাচর দেখিতে পাই, এক ব্যক্তি য়াসে দশ সহস্র টাকার অলঙ্কার জন অল্প দিনের পরিচিত লো নিকটে বিনা রসিদে বন্ধক দিয়া সেন; মধ্যে মধ্যে যে টাকা দেন, ত রও রসিদ লওয়া হয় না; কিন্তু ব্যক্তিকে ঠকিতে হয় না। বোম্বা সাহকারেরা পরস্পরের খাতায় বিশ্বাস করেন যে, খাতায় যাহা থাকে তাহাই প্রমাণ হয়। ইহঁ রসিদ লন না। আমাদিগের ভূ কখন রসিদ লয় না ও রসিদ দেয় অথচ ছোট আদালতে কত জন বেতনের নিমিত্ত নালীশ করিয়া থা যে ডিক্রীর জন্য তিনি এত আ করিয়াছেন, তদ্বিষয়ে অনুসন্ধান ক জানিতে পারিবেন, কোন বর্ষীয় ডিক্রী জারি করিয়া সকল পান না। সমাজের অনুরোধে সকল প্রায় বাদ দিয়া টাকা লইতে হয়। গণ জমীদারের গোলা হইতে লেখাপড়ায় ধান্য লয়; কিন্তু যথা তাহা প্রত্যর্পণ করে। এ দেশে চু পত্রের উৎপাত নাই; মেইন সাহে রোগ আনিবার কেন চেষ্টা পাই ছেন? এ রোগ এ দেশে এক প্রবিষ্ট হইলে সকলকে ব্যতিব্যস্ত ক তুলিবে।

মফস্বলে সেবিং ব্যাঙ্ক।

সর রিচার্ড টেম্পল এদেশের বিশেষ উপকার করিলেন। পূর্ব্বে কালেক্টরিতে এক একটী সেবিং ছিল, কিন্তু কয়েক বৎসর হইল গবর্ণ সেগুলি বন্ধ করিয়া দিয়াছেন। বাস্ত

কল সেবিং ব্যাঙ্কের কাজ যে প্রণা
ত সম্পাদিত হইত, তাহাতে ব্যক্তি
রের বিশেষ উপকার অথবা গবর্ণমে
লাভ ইহার অন্যতর কিছু হইত না।
নষ্টরের হস্তে এইসকল ব্যাঙ্কের
ক্ষতাভার সমর্পিত ছিল; কিন্তু
কাতার কর্ত্তৃপক্ষের অনুমতিব্যতি
ক কোন ব্যক্তি আপনার জমা
। ফিরিয়া পাইতেন না। এ বন্দো
গবর্ণমেণ্টের ব্যয় হইত এবং টাকা
র করিবার অসুবিধা হওয়াতে
কও বড় জমা দিতেন না। কালে
র উপরে উহার অধ্যক্ষতা ভার ছিল,
ারা নানা কার্য্যে ব্যস্ত; সুতরাং
াচিত যত্নসহকারে উহার তত্ত্বাব
করিতে পারিতেন না। এইসকল
ণে ঐগুলি উঠিয়া যায়। উঠিয়া য,ও
ক কাহার বিশেষ ক্ষতি হয় নাই বটে
যাহাতে প্রজাগণ বিশেষতঃ দরিদ্র
ল মিতব্যয়ী হইয়া কিঞ্চিৎ কিঞ্চিৎ
করিতে পারেন, প্রত্যেক গবর্ণমে
সে চেষ্টা পাওয়া কর্ত্তব্য। রাজ
ভিন্ন অন্য কোন স্থানে টাকা জমা
বার উপায় নাই। অতএব সর
ড টেম্পল মফস্বলের যাবতীয় মহ
ন এক একটী সেবিংব্যাঙ্ক করিবার
ব করিয়া অতি উত্তম কাজ করি
ন। প্রত্যেক স্থানের কয়েক জন
স্ত ইউরোপীয় ও এতদ্দেশীয় ভদ্র
ক ব্যাঙ্কের অধ্যক্ষ হইবেন। তাঁহারা
টাকা অল্প সুদে কৃষকদিগকে
দিবেন। এইপ্রকারে টাকা খাটাইয়া
ভ হইবে, যাঁহাদিগের টাকা
রা তাহা অংশক্রমে লইবেন।

আমরা কায়মনোবাক্যে এই প্রস্তা-
অনুমোদন করিতেছি; কিন্তু এক
ন আমরা রাজস্বসংক্রান্ত মন্ত্রীকে
ান হইয়া কাজ করিতে অনুরোধ
তছি, তিনি যে সকল লোকের
হস্তে অধ্যক্ষতাভার সমর্পণ করিবার
বাসনা করিয়াছেন, তাঁহাদিগের হস্তে
সম্পূর্ণ ভার হয়, এটী আমাদিগের অনু
মোদিত নহে। ইংলণ্ডের অনেক সেবিং
ব্যাঙ্ক কতকগুলি দুষ্টাশয়ের দোষে উৎসন্ন
হওয়াতে বিস্তর দরিদ্র লোক
সর্ব্বস্বান্ত হইয়াছে। বোম্বাই ব্যাঙ্কের
কমিসনের সম্মুখে যে সমস্ত নিগূঢ়
বৃত্তান্ত প্রকাশিত হইতেছে, তাহাতে
বিলক্ষণ আশঙ্কা জন্মিয়াছে। অধ্যক্ষগণ
কোনপ্রকার লোভে পড়িয়া ব্যাঙ্কের
টাকা নিজের কার্য্যে বিনিয়োজিত
করিতে না পারেন, সে বিষয়ে বিশেষ
সাবধান হওয়া কর্ত্তব্য। কালেক্টরদিগের
অনুমতিব্যতিরেকে যেন এক পয়সা
কাহাকে কর্জ্জ দেওয়া না হয়। আমাদি
গের আর একটী বক্তব্য এই, প্রস্তাবিত
সেবিঙ ব্যাঙ্কগুলিকে যেন কলিকাতার
প্রধান সেবিঙ ব্যাঙ্কের শাখাস্বরূপ
করা হয়। যাঁহারা টাকা জমা দিবেন,
তাঁহারা যখন মনে করিবেন, তখনই
টাকা বাহির করিয়া লইয়া যাইতে পারি
বেন, এ সুবিধা করা আবশ্যক। সকল
ব্যাঙ্কেরই মূলধন একপ্রকার হওয়া
উচিত। তাহা না হইলে যে স্থানে জমা
অল্প, অথচ কৃষিকার্য্যের নিমিত্ত অনেকে
কর্জ্জ লইবে, সেখানে অসুবিধা ঘটিবে।
সর রিচার্ড টেম্পলের প্রস্তাবানুসারে
যদি রীতিমত কাজ হয়, আমাদিগের
কৃষকগণের অবস্থার পরিবর্ত্ত হইবার
বিলক্ষণ সম্ভাবনা আছে। যেসকল মহা
জন এখন অসঙ্গত সুদ লইয়া কৃষকদি
গকে উৎসন্ন করিতেছেন, তাঁহাদিগকে
হয় অন্তর্হিত হইতে হইবে, নতুবা সঙ্গত
সুদলইতে হইবে। যদি এইপ্রকার বন্দো
বস্ত করা হয়, সর রিচার্ড টেম্পলের
প্রস্তাবিত সেবিংব্যাঙ্কগুলি ফলোপধায়ী
হইবে সন্দেহ নাই। তিনি সেবিংব্যাঙ্ক
করিয়া কৃষকদিগের সবিশেষ উপকার
করিতে চলিলেন। যদি তাহাদিগের
চিরস্থায়ী বন্দোবস্ত করিয়া জ
শিক্ষাপ্রণালী স্থাপন করিতে পা
তাহা হইলে তিনি অবিনশ্বর যশো
করিয়া অকপট কৃতজ্ঞতাভাজন
বেন সন্দেহ নাই।

দেশাচারের নিন্দাবাদ।

এদেশের ব্যবস্থাপক গণের
বিষয়ে ভ্রমপ্রমাদ দৃষ্ট হয় বটে;
অনেক বিষয়ে তাঁহারা ইংলণ্ডের অ
হইতেছেন। এ দেশের আইনসংক্র
সাক্ষ্যের আইন যে ইংলণ্ডের অপে
উৎকৃষ্ট সে বিষয়ে সংশয় নাই। উপ
রোগ নিবারণের আইন ভারতব
প্রথমে হইয়াছে, তৎপরে ইংলণ্ডে
হয়। কিন্তু আমরা একটী আশ্চর্য্য
তেছি, ভারতবর্ষ অপেক্ষা ইংলণ্ডে
অধিক হইতেছে। ইংলণ্ডে প্রথমতঃ
কটী বন্দরে এই আইন প্রচলিত
এইসকল স্থানে বিস্তর উপকার
য়াছে। মালটাদ্বীপে উপদংশ রোগ
নাই বলিলে হয়। মহাসভা ক্র
এই আইন ইংলণ্ডের সর্ব্বত্র প্রচলিত
বার মানস করিয়াছেন। ঐ পীড়া
কেমন ভয়ঙ্কর তাহা চিকিৎসক
জানেন। যে ব্যক্তি ইহাতে আক্রান্ত
কেবল তিনি নহেন, তাঁহার তিন
পুরুষপর্য্যন্ত ইহার ফলভোগী
অনেক পীড়া এরূপ আছে তা
লোকের মৃত্যু হয়; কিন্তু এপর্য্যন্ত ত
নিদান নির্ণীত হয় নাই। সম্
ইউরোপের কতকগুলি চিকিৎসক সি
করিয়াছেন, পিতা আর্থা পি
হের উপদংশ রোগ এসকল পীড়
মৃত্যুর কারণ। ইহাতে শরীর
নিস্তেজ হয়, এমন কিছুতেই হয় না। ভ
বর্ষে এ বিষয়ে অধিকতর সতর্কতা
শ্যক। এখনে অনেকের ধাতুর

আমরা শুনিয়াছি এটী ও উপদংশ
ার ন্যায় বেশ্যাসংযোগ ব্যতিরেকে
। এই পীড়ায় শরীর অতিশয় দুর্ব্বল ও
ভঙ্গ হইয়া যায়। অতএব গবর্ণমেণ্টের
য যাহাতে আইনটী সর্ব্বত্র প্রচ
হইয়া উপদংশনিবারণের সবিশেষ
া হয়, তাহা করেন। মিউনিসিপা
সমূহ এ বিষয়ের ব্যয় ভারবহনে
ত হইবেন বোধ হয় না। ইহাকে
বলা নয়, ব্যয় বাঁচান বলাই উচিত।
রোগ উপদংশ ও ধাতুর পীড়া
ত উৎপাদিত না হয়; এতন্নিবন্ধন
কে কি ব্যয় না করেন? উপদংশ
াক্রান্ত স্ত্রীলোকদিগকে চিকিৎসা
বলপূর্ব্বক আনয়ন করাতে ইংলণ্ডের
ক বেশ্যা আপনাদিগের লজ্জাকর
ায় ত্যাগ করিতেছে। আমাদিগের
রক্ষিতারক্ষিত বিচার না করিয়া যাবে
বেশ্যার পরীক্ষার নিয়ম করা উচিত।

—:০:—

বিবিধসংবাদ।

৯ই ভাদ্র সোমবার।

লী গেজেট বলেন, অযোধ্যার কৃষক দিগে
যে আইন হইয়াছে, তাহাতে তালুকদা
বিশেষ অসন্তোষ প্রকাশ করিয়াছেন.
া বলেন, গবর্ণমেণ্ট তালুকদারদিগের সনদের
ত কাজ করিয়াছেন। অথচ তাহা হইয়া
অন্যের উপকারার্থ কাজ করা হইয়াছে
মীদারদিগের স্বভাবসিদ্ধ নহে যেমন
শে ১০ আইন করা হইয়াছে, সেইপ্রকার
দারদিগের মুখাপেক্ষা না করিয়া কৃষক
দখলী স্বত্ব স্বীকার করা উচিত ছিল।
ণ সহায় থাকিলে কোন গবর্ণমেণ্টের
থাকে না। সম্রাট নেপোলিয়নকে দমন কর।
া, ভাগীরথী, গঙ্গা ও ব্রহ্মপুত্র প্লাবিত
ছে। অনেক স্থানে এক জন দাঁড়াইয়াছে
কে গমনাগমন করিতে পারিতেছেন না
এই বেলা সতর্ক হইতে বলিতেছি।
সরকার ও আড়ম্বর না করিয়া, গ্রে
অতিরিক্ত লবণ বঙ্গদেশের অনিষ্টের
ন করুন।

পঞ্জাবের সীমার নিকটে যে ক্ষুদ্র যুদ্ধটী হইতেছে, তাহাতে কাশ্মীরের রাজা গোপনে বাধা দিতেছেন, এ কথা দুই এক মহামতি বলিয়াছিলেন। কিন্তু এ দিগে শুনা যাইতেছে গোলযোগের সংবাদ পাইবামাত্র রাজা রণবীর সিংহ বন্যদিগকে দমন করিবার নিমিত্ত চারি রেজিমেণ্ট সৈন্য প্রেরণ করিয়াছেন।

সর আলেকজণ্ডার গ্রাণ্ট নিশ্চয় এডিনবরা বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষতাগ্রহণ করিতেছেন। তিনি আপাততঃ বোধ হয়ের বিদ্যাশিক্ষার ডিরেক্টর ও ব্যবস্থাপক সভার সভ্য আছেন বটে, কিন্তু অক্টোবর মাসে এ দেশ ত্যাগ করিবেন। সর আলেকজণ্ডার গ্রাণ্ট গমন করিলে শিক্ষাবিভাগে আর প্রকৃত উপযুক্ত লোক রহিলেন না।

কাবুল হইতে সংবাদ আসিয়াছে, আকুব আলি খাঁ গিজনি অবরোধ করিয়াছেন। এই সংবাদ পাইয়া আজিম খাঁ নিজে ভ্রাতুষ্পুত্রের সহিত যুদ্ধ করিতে গমন করেন। এই যুদ্ধে তিনি পরাজিত হইয়াছেন এবং সিয়ারআলি খাঁ পুনর্ব্বার কাবুলের সিংহাসনে আরোহণ করিয়াছেন। আবদুর রহমন খাঁ হিরাটের দিগে যাইতেছেন। হিরাট তাঁহাকে প্রদান করিয়া সন্ধি করা হইয়াছে। এবার যেন সিয়ারআলীকে যথোচিত উৎসাহ দেওয়া হয়।

বোখারার রাজার সহিত রুশীয়দিগের শেষ সন্ধি হইয়াছে। বোখারা রুশীয়ের করদ রাজ্য হইল। রাজার জ্যেষ্ঠ পুত্র আরও যুদ্ধ করিতে ইচ্ছুক ছিলেন, কিন্তু রাজা তাঁহাকে রুশীয়দিগের হস্তে অর্পণ করিয়া দ্বিতীয় পুত্রকে উত্তরাধিকারী বলিয়া ঘোষণা করিয়াছেন। রুশীয় সম্রাটের ভ্রাতা কান্সপ্লয়ন হ্রদে ভ্রমণ করিতেছেন তথায় এক জাহাজের উপরে তাঁহার সহিত পারস্যের রাজার সাক্ষাৎ হইয়াছে।

মহীসুরের কতগুলি সম্ভ্রান্ত গবর্ণর জেনরলের নিকটে এই ভাবে আবেদন করিয়াছিলেন, যখন ইংলণ্ডেশ্বরী মহীসুর প্রত্যর্পণ করিয়াছেন, তখন বর্ত্তমান অপ্রাপ্তব্যবহার রাজাকে আড় রে সিংহাসনে অভিষিক্ত করা কর্ত্তব্য। কিন্তু গবর্ণর জেনরল বলিয়াছেন, যত দিন রাজা প্রাপ্ত ব্যবহার না হইবেন এবং তাঁহাকে শাসনকার্য্যের যোগ্য দেখা না যাইবে, তত দিন এপ্রকার অভিষেক হইবে না। রাজপুত্রের লেখা পড়ার প্রতি কিরূপ মনোযোগ দেওয়া হইতেছে?

১০ই ভাদ্র মঙ্গলবার।

মধ্য ভারতবর্ষে ও রাজপুতনায় প্রচুর বৃষ্টি হইয়াছে। ইন্দোরে এত বৃষ্টি হইয়াছে রাস্তাসকল প্লাবিত এবং একটী বৃহৎ ভগ্নপ্রায় হইয়াছিল। কলিকাতায় এত পতিত হইয়াছে যে, ইটের মূল্য হাজার কা টাকা দাঁড়াইয়াছে।

হাজরাতে যুদ্ধ হওয়াতে যেপর্য্যন্ত টে করিবার প্রয়োজন বোধ দিল্লী হইতে তার করিবার আজ্ঞা হয়; কিন্তু তার লইয়া যা গাড়ী ছিল না। ডেপুটী কমিসনর ফিটজে সাহেব এই অবস্থায় বলপূর্ব্বক কতকগুলি গাড়ীতে তার লইয়া গিয়াছেন। অনেক কে ভাড়া দিয়া পলায়ন করিতে য়াছে!! সেনাপতি এসন ১৮৫৭ অব্দে দ্রব্যের অভাবে দিল্লী আক্রমণার্থ অগ্রসর পারিতেছিলেন না; পঞ্জাবী শাসনক তাঁহাকে দেশবাসীদিগের যাহা কিছু থাকে, লুঠ করিতে করিতে যাইতে বলিয়াছিলেন

আর এক জন ইউরোপীয় জুয়াচোর পড়িয়াছে। মার্শলনামক এক জন ধূর্ত্ত স পত্রে বিজ্ঞাপন দিয়া এক জন নীলকুঠির চাহিয়াছিল। স্মিথনামক ভুপালের এক দোকানদার নীলকুঠির অধ্যক্ষ হইবেন আবেদন করেন। মার্শল তাঁহাকে নিয়োগ দেয়। ইতিমধ্যে সে বলিয়া পাঠাইল নী কতক অংশ বিক্রীত হইবে। স্মিথ এই প্রে পড়িয়া ক্রমশঃ ৩০০০ টাকা প্রদান ক ধূর্ত্ত অনেক দিন নানা কৌশলে স্মিথকে ইয়া ভুপালে রাখিয়াছিল। মার্শল তাহাকে টাকা পাথেয় দিবে বলিয়া তথায় রাখে পাথেয় অথবা নীলকুঠির অংশের কবল আসাতে স্মিথ ব্যস্ত হইয়া দিল্লীতে গমন লেন। মার্শল তখন আগরায় পলায়ন করি স্মিথ তখন জানিতে পারিলেন, নীলকুঠি সকলই মিথ্যা। জুয়াচোর মার্শল ধৃত হও পঞ্জাবের প্রধান বিচারালয় তাঁহার কঠিন শ্রমের সহিত আড়াই বৎসর মেয়াদ দিয়া এ দেশের ইউরোপীয়েরা সতর্ক হউন।

আমরা হিন্দুপেট্রিয়টে দেখিলাম বাবুর স্ত্রী রাণী কাত্যায়নীর ৯০ বৎসর মুরসিদাবাদে মৃত্যু হইয়াছে।

১১ই ভাদ্র মঙ্গলবার।

বাবু গোপীনাথ সেন বলেন, বর্ত্তমান ১লা জানুয়ারি অবধি ২১এ আগষ্ট প কলিকাতায় ৭৩·৩৪ ইঞ্চ বৃষ্টি পতিত য়াছে। সৎবৎসরে গড়ে ৬৯ ইঞ্চ বৃষ্টি

। পূর্ব্ব ১৪ বৎসরে এই সময়ের মধ্যে ৪৫·৮৩ ইঞ্চ বৃষ্টি হইয়াছে।

অদ্যকার কলিকাতা গেজেটে যশোহরের র্ব্ব কালেক্টর ডে, মনরো সাহেবের লিখিত া পাকার বিষয়ে এক রিপোর্ট প্রকাশিত ছে। এই কীট পল্লবমধ্যে থাকে। স্পর্শ ল মৃতবৎ হইয়া ভূমিতে পতিত হয়। সাহেব বলেন, সদর উপবিভাগের প্রায় বা ছয় আনা অংশের আউস ধান্য এই য় নষ্ট করিয়াছে। নড়াইলে শোঁকো ও বলিয়া একপ্রকার কীট লাগিয়াছে। ালিকার অধ্যক্ষ বলেন, শস্যের শীষ। লইয়া বিচলি দগ্ধ করিলে এই কীট ইতে পারে। বর্ষাধিক্য হইলেই এইসকল র প্রাদুর্ভাব হইয়া থাকে।

ংহলের লোকেরা উক্ত দ্বীপের ভূতপূর্ব্ব কর্ত্তা সর হেনরি ওয়াডের এক প্রস্তর তিমূর্ত্তি স্থাপিত করিয়াছেন। ইহাতে কর্ত্তাদিগের সদ্গুণের পরিচয় হয়।

আগামী অক্টোবর মাসে সর সাইমর ফিট ড মহারাষ্ট্রীয় সর্দ্দারদিগের সভাজন এক দরবার করিবেন বলিয়া উদ্যোগ ড়াছেন।

১২ই ভাদ্র বৃহস্পতিবার।

ংকলে বিস্তর পুরাতন বাটী ও দুর্গ আছে। ন্তু এ গুলর কেহ ইতিহাস লেখেন নাই। রাজেন্দ্রলাল মিত্র লেপ্টনাণ্ট গবর্ণরকে ইয়াছেন, পূজা বন্ধের সময়ে তিনি ধাইবার আভলাষী হইয়াছেন। তদর্থ মাসিক ১২০০ মাত্র টাকা প্রার্থনা করিয়া ছই জন চিত্রকর তাঁহার সঙ্গে থাকিবেন; দিগের নিমন্ত্র আর ১৫০ টাকা ব্যয় বে। লেপ্টনাণ্ট গবর্ণর এই প্রস্তাবের অনুমোদন করিয়া ভারতবর্ষীয় গবর্ণমে অনুরোধ করাতে গবর্ণর জেনরল আহ্লাদ রে এই প্রস্তাবে সম্মত হইয়াছেন।

গ্রহণের দিবস দিনাজপুরের নিকটে একটি জলস্তম্ভ উঠিয়াছিল। যেসকল স্থান হইতে দ আসিয়াছে, তাহাতে দেখা যাইতেছে, ালে সর্ব্বগ্রাস কোথায়ও হয় নাই।

নিজামের রাজ্যে লোফারদিগের সংখ্যা হওয়াতে তত্রত্য গবর্ণমেণ্ট তাহাদিগকে র্ণক বহিষ্কৃত করিবার প্রস্তাব করিয়াছেন। মধ্য ভারতবর্ষের কমিসনর জর্জ্জ কাম্বেল মহাসভায় প্রবেশ করিবার চেষ্টায় ন। কাম্বেল সাহেবের চেষ্টা সফল হইলে তবর্ষের বিশেষ উপকার হইবে।

কানুদাস নারায়ণদাসনামক বোম্বাইয়ের এক জন বণিক্ দেউলিয়া হইতে গিয়া অপনার সম্পত্তি গোপন করাতে তাঁহার দুই বৎসর মেয়াদ হইয়াছে। এ দণ্ড শোচনীয় নয়।

পবলিক ওপিনিয়ন হাজরা হইতে সংবাদ পাইয়াছেন:— "এরূপ জনশ্রুতি, পুনর্ব্বার তথায় যুদ্ধ হইয়াছে। সেনাপতি ওয়ালড আহত হইয়াছেন। ১৯ গণিত পদাতিকের বিস্তর লোক নষ্ট হইয়াছে।"

এত সিবিলিয়ান নূতন বিদায়ের নিয়মানুসারে আবেদন করিয়াছেন যে, গবর্ণমেণ্ট নূতন নিয়ম করিতে বাধিত হইতেছেন।

পারস্যের রাজা ইংলণ্ডের নিকটে কয়েক খানি বাষ্পীয় যুদ্ধজাহাজ চাহিয়াছেন। ইংরাজ আফিসরেরা এইসকল জাহাজের অধ্যক্ষতা করিবেন। পারস্যের উপকূলের বাণিজ্য রক্ষা করা রাজার অভিপ্রেত। জাহাজের অধ্যক্ষদিগকে তাঁহার আজ্ঞাধীন থাকিতে হইবে বর্ষে বর্ষে কিস্তিবন্দিতে জাহাজের মূল্য দেওয়া হইবে। শেষে যেন এটী মস্কাটের ইমামের প্রতি বলপ্রকাশার্থ না হয়।

বোম্বাই ব্যাঙ্কের কতগুলি অংশী সর ষ্টাফোর্ড নর্থকোটকে অনুরোধ করিয়াছিলেন, উক্ত ব্যাঙ্কের যে ক্ষতি হইয়াছে, গবর্ণমেণ্ট তাহার কিয়দংশের ভারবহন করেন। আমরা আহ্লাদিত হইলাম, ষ্টেট সেক্রেটারি এই অসঙ্গত প্রার্থনা অগ্রাহ্য করিয়াছেন।

পাঁচ দিনের বিচারের পর জুরিরা মণিমাধব সেনকে নির্দ্দোষ করিয়াছেন।

আগামী শনিবার লেপ্টনাণ্ট গবর্ণর কলিকাতায় প্রত্যাগমন করিবেন। বিবি গ্রে প্রত্যাগত হইয়াছেন।

ফ্রেণ্ড অব ইণ্ডিয়া বলেন, সোয়াতের আখুন্দ ওহাবিদিগকে বহিষ্কৃত করিবার চেষ্টায় আছেন সীমাস্থিত বন্যেরা পরাজিত হইয়া পলায়ন করিতেছে।

উক্ত পত্রে দৃষ্ট হইল, গত সপ্তাহে মুলমিন হইতে বাহাদুর কাষ্ঠ লইয়া সুলতাননামক এক খানি জাহাজ মাতলা নদীতে প্রবেশ করে। জাহাজের তলায় এক বৃহৎ ছিদ্র হওয়াতে জল উঠিতে লাগিল। একখানি বাষ্পীয় জাহাজ ঐ সময়ে যাইতেছিল, তাহার কাপ্তেন মগোম্মুখ জাহাজকে টানিয়া লইয়া যাইতে চাহিলেন। কিন্তু সুলতানের কাপ্তেন তাড়া অধিক বিবেচনা করিয়া অসম্মত হইলেন। এক জন গোলন্দাজ ও ছয় জনমাত্র লস্কার রক্ষা পাইয়াছে। ব নিজে কোথায়, ইহা'র অনুসন্ধান করা উ

১৩ই ভাদ্র শুক্রবার।

১লা নবেম্বর অবধি ১০ আইনের ম সকল দেওয়ানী আদালতে যাইবে। মোক্ত তথায় এই মকদ্দমা চালাইবার যে প্রার্থনা করিয়াছিলেন, তাহা অগ্রাহ্য হই

গত গ্রহণ উপলক্ষে অযোধ্যার বিস্তর কাণপুরে গঙ্গাস্নান করিতে আসিয়াছি দিল্লীগেজেটের এক জন পত্র প্রেরক ধানেশ্বরে প্রায় ৩,৫০, ০০০ যাত্রী সমাগ য়াছিলেন।

সেনাদলের আর এক লজ্জাকর কার্য্য শিত হইয়াছে। দিল্লীগেজেট বলেন নের এক জন সৈনিক চিকিৎসক সৈন্যি স্ত্রীলোকগণের প্রতি দুর্ব্ব্যবহার করাতে অনুসন্ধানার্থ এক কমিসন বসিয়াছেন।

সর উইলিয়ম মুর একটী অতিশয় নীয় কার্য্য করিয়াছেন। তিনি ঘোষণা ছেন হিন্দি ও উর্দ্দু ভাষায় ইতিহাস, চরিত, ভ্রমণ, বিজ্ঞান, শিল্প ও দর্শ সম্বন্ধে যিনি উৎকৃষ্ট গ্রন্থ রচনা করিতে যেন, তাহাকে ১০০০ টাকা পুরস্কার হইবে। ধর্ম্মসংক্রান্ত অথবা ধর্ম্মনীতির কোন গ্রন্থ গৃহীত হইবে না। সংগ্রহ গদ্য পদ্যে লিখিত হইবে, ভাষা উত্তম চাই।

১৪ই ভাদ্র শনিবার।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম, কাথি মিসন কালেজের অন্যতর অধ্যাপক উই হুপর সাহেব একটী ছাত্রকে অতিশয় ননা করিয়াছেন। ছাত্রটীর অপরাধ এই যে ঘরে পড়াইতেছিলেন, ছাত্রটী ভিতর দিয়া যাইতেছিলেন। অন্যান্য ছ অধ্যাপকও সেই স্থান দিয়া অগ্রে গিয়াছি শিক্ষকের কোপকল অবমানিত ছাত্রটীর দিয়া ফালয়া গেল। মিশনরির অধীরত্ব শয় নিন্দার নিমিত্ত হয়।

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ২০ এ আগষ্ট। ব্রেজিল হইতে যে সংবাদ আসিয়াছে, তাহাতে জানা তেছে, দলবদ্ধ গবর্ণমেণ্টের সৈন্যগণ আক্রমণ করিয়াছে। পারওয়ার সৈ তাহাদিগের প্রতিবন্ধকতা করিয়াছি জুরা সভাপতির পদের প্রার্থী আছে

মসুর রচকোটের এক বৎসর মেয়াদ ও
০০ ফ্রাঙ্ক জরিমানা হইয়াছে।
দীশ্বরলাও বাটীতে অগ্নি লাগিয়া অতিশয়
করিয়াছে।
১ এ আগষ্ট। গত কল্য চেষ্টার ও হোলি
রইলওয়েতে একখানি মেইল ট্রেণের সহিত
তেল বোঝাই এক শকট শ্রেণির ধাক্কা
য়াছে। ২৩ আরোহী দগ্ধ হইয়া প্রাণত্যাগ
াছেন।
ত কল্য নিউইয়র্ক হইতে যে টেলিগ্রাম
য়াছে তাহাতে জানা যাইতেছে, লুধিয়ান
টীতে গোলযোগ হইতেছে। কেন্টকী
শ নীচতন্ত্রপ্রিয়দলের প্রতিনিধির জয়
হইয়াছে। এই দলের সংখ্যা ৮৫০০।
২ এ আগষ্ট। অদ্যকার প্রাতঃকালের
দপত্রসমূহ বলেন, রাজ্ঞী বিক্টোরিয়ার ক
রিবার উদ্দেশে এক দল ফেনিয়ান সুইট
াণ্ডে গমন করিয়াছে।
ওয়েল্‌সের রাজকুমার রাইফল ব্রিগেডের
ল হইয়াছেন।
চেলসিয়াতে হাঁসপাতালের অধ্যক্ষ স
ডকজাণ্ডার উডফোড বলিয়াছেন, সেনা
রসেল ও কর্ণেল মেয়ারওয়েদার ভারত
ষ্টারনাইট হইবেন।
লাড ফারণহাম ও তাঁহার স্ত্রী চেষ্টার ও
হেড রেলওয়ের দুর্ঘটনায় হত হইয়াছেন।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ।

ই আগষ্ট। নিম্নলিখিত ব্যক্তিরা চট্টগ্রা
মালিখাঁর মসজিদের কার্য সম্পাদন নিমিত্ত
স্বরূপ নিযুক্ত হইবেন।
মৌলবী হামিদুল্লা খা।
সি মবারক আলী।
বসিরুল্লা।
চয়ার আলি খা।
আমেরিকার নূতন দূত রেবার্ডি জনসন সাহেব শেফলডে আর এক বক্তৃতা করিয়া কহিয়াছেন, ইংলণ্ড ও আমেরিকার সদ্ভাব থাকে, আমেরিকার গবর্ণমেণ্ট তাঁহাকে যথাসাধ্য সে চেষ্টা পাইতে অনুমতি করিয়াছেন। সংবাদপত্র সম্পাদকেরা অনুমান করিতেছেন, এক্ষণে মনের মালিন্যের যে কারণ আছে, জনসন সাহেবের বক্তৃতা দ্বারা তাহা অন্তরিত হইবে।

ওয়েষ্ট ইণ্ডিয়া মেইল কোম্পানির সৌদামটনের কুঠিসকল অগ্নি লাগিয়া দগ্ধ হইয়া গিয়াছে।

এডিনবরার ডিউকের জীবনরক্ষানিবন্ধন কলিকাতা, মান্দ্রাজ, লাহোর, লক্ষ্ণৌ, অযোধ্যা ৭ টাকা হইতে রাজ্ঞীকে যে অভিনন্দন প্রদান করা হইয়াছে, রাজ্ঞী তাহা প্রাপ্ত হইয়াছেন।

৯ ই সেপ্টেম্বর। বিদেশীয় গবর্ণমেণ্টের পরস্পরের দোষে পরস্পরের হস্তে অপরাধীদিগকে অর্পণ করিবার যে আইন আছে, তদ্বিষয়ের বিবেচনার্থ যে কমিটি নিযুক্ত হন, তাঁহারা আইনকে আরও প্রশস্ত করিবার অনুরোধ করিয়াছেন।

৮ ই সেপ্টেম্বরের এক টেলিগ্রাম নিউইয়র্ক হইতে আসিয়াছে। ইহাতে জানা যাইতেছে, সেনাপতি গ্রাণ্ট দক্ষিণ বিভাগের দেওয়ানী কর্ত্তৃপক্ষের সাহায্যার্থ সৈন্যদিগকে অনুমতি দিয়াছেন।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

২৬ এ আগষ্ট। পালামাউএর সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট টি, জি, চারলস্ কিছু দিনের নিমিত্ত ২৪ পরগণায় বদলী হইবেন।

২৭ এ আগষ্ট। যত দিন কাপ্তেন ডব গর্ডন বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, দিন এচ, এন, হারিস সাহেব হাবড়ার এ নিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

২৮ এ আগষ্ট। বাবু শ্যামাচরণ সা ১৮৬৮ অব্দের ৯ আইন অনুসারে ফরিদ আসেসর হইয়া তথায় উক্ত আইন অনু কালেক্টরের ক্ষমতা পাইবেন।

গত ১০ ই জুনের গেজেটে বাবু বৈকুণ্ঠ সেনের উক্ত স্থানে আসেসর নিয়ো যে বিজ্ঞাপন হয় তাহা এতদ্দ্বারা রহিত হই

বাবু দিননাথ বড়ুয়া তেজপুরের মুন্সেফ বেন।

বাবু রাধাকান্ত বড়ুয়া (যিনি এক্ষণে বি লইয়াছেন,) বড়পেটার মুন্সেফ হইবেন।

বাবু রাধাকান্ত বড়ুয়ার অনুপস্থানপ বাবু দ্বারকানাথ ঘোষ বড়পেটার প্রতি মুন্সেফ হইবেন।

২৯ এ আগষ্ট। নিম্নলিখিত ভদ্র লোকে পুলিষের ধৃতকারী বিভাগের অতিরিক্ত স কারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

বাবু নবকৃষ্ণ ঘোষ প্রথম চক্রবাড়ে ১৮ অব্দের ১ লা মে অবধি।

মুন্সি বকাউল্লা চতুর্থ চক্রবাড়ে ১৮৬৭ অ ১ লা মে অবধি।

বাবু বৈদ্যনাথ মুখোপাধ্যায় পঞ্চম চক্রবা ১৮৬৭ অব্দের ১ লা মে অবধি।

মৌলবী এলাহি বকস তৃতীয় চক্রবা ১৮৬৮ অব্দের ১ লা সেপ্টেম্বর অবধি।

বাবু রামচরণ বসু সম্প্রতি চট্টগ্রাম বি গের অন্যতর প্রতিনিধি ডেপুটি মাজিষ্ট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন। তাঁহা নওয়াখালিতে স্থিত করা গেল এবং তি তথায় ৬ ই জুলাই উপনীত হইয়াছেন।

বি, এস, রবার্টসন সাহেব গত ২৪ এ জু অবধি ১৫ই জুলাই পর্য্যন্ত হাজারিবাগে প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট ছিলেন।

সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর ই, এ রডক সাহেব ১৮৬৭ অব্দের ২১ এ অক্টোব অবধি ২৯ এ নবেম্বরপর্য্যন্ত চম্পারণে ১৮৬ অব্দের ২১ আইনানুসারে লাইসেন্স টাক আসেসরের ক্ষমতা চালন করিয়াছেন।

৩১ এ আগষ্ট। ডবলিউ, এফ, মিয়াস সাহেব বাখরগঞ্জের প্রতিনিধি জাইণ্ট মাজি ষ্ট ও ডেপুটি কালেক্টর হইবেন।

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি কা ক্টর মৌলবী গোলামহোসেন চাকাবিভাগে বদলী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

১৫ ই আগষ্ট। এন, মরসন সাহেব বঙ্গদে- শীয় ব্যবস্থাপক সভায় ১৮৬৬ অব্দের ৫ আইন অনুসারে হাবড়ার ঠিকাগাড়ী ও পাল্কির রেজি ষ্টার হইবেন।

২১ এ আগষ্ট। ডবলিউ, এচ, ওকলি স সাহে সহকারী বনরক্ষক হইয়া সিকিমে অবস্থিত করিবেন।

২৮ আগষ্ট। বাবু আনন্দময় মৈত্র শান্তি
র মিউনিসিপালিটির সহকারী সভাপতি
বন।

১ লা সেপ্টেম্বর। এচ, এস, বীডন সাহেব
কাণ্ডার উপনগরের মিউনিসিপালিটির প্রতি
সহকারী সভাপতি হইবেন।

৩ রা সেপ্টেম্বর। সি, সি, কুইন সাহেব যশো
র একজন মিউনিসপাল কমিসনর এবং মিউ
সপালিটির সহকারী সভাপতি হইবেন।

ডবলিউ, কে, ক্লিমোটসন সাহেব শিলচরের
রেজিষ্টার হইয়া উপবিভাগ কাছাড়ের সদর
মায় অবস্থিতি করিবেন।

মুঙ্গেরের মিউনিসিপালিটির সভাপতি বঙ্গ
য় ব্যবস্থাপক সভার ১৮৬৬ অব্দের ৫
ন অনুসারে ঠিকা গাড়ী ও পাল্কির রেজি
হইবেন। ১৮৬৭ অব্দের ১ লা জুলাই
দি এই নিয়োগ হইয়াছে।

সেপ্টেম্বর। ২৪ পরগণার ডেপুটি মাজিষ্ট্রেট
ডেপুটি কালেক্টর বাবু গোপালচন্দ্র সেন পুন-
বর্দ্ধমানে বদলি হইয়া তথায় মাজিষ্ট্রেটের
তা পাইবেন।

৫ ই সেপ্টেম্বর। টি, এ, ডানো সাহেব জামা
র উপবিভাগের ভার পাইয়া ময়মনসিংহে
রষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

নিম্নলিখিত সবডেপুটি অফিসেন এজেন্টদি
বদলী করা গেল:—

জ. কসারাট সাহেব মতিহারী হইতে পাট
ত।

এস. কুপার সাহেব ছাপরা হইতে মতি
তে।

জ. ফিলড সাহেব পাটনা হইতে ছাপরাতে।

সংহভূমের চিকিৎসা কর্ম্মচারী ডাক্তর এস
মাস্থক নিজ কার্য্য ও কিছু দিনের জন্য
ত; প্রতিনিধি ডেপুটি কমিসনরের কার্য্য
বেন।

৫ ই সেপ্টেম্বর। বাবু ভুবনমোহন রাহা
নি সম্প্রতি এক জন প্রতিনিধি ডেপুটি
ষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন)
ড়াতে অবস্থিতি করিবেন। ১৬ এ আগষ্ট
উক্ত স্থানে আসিয়াছেন।

এম, ডবলিউ, আর, কাউলি সাহেব চট্টগ্রা
স্থানীয় বিদ্যাশিক্ষা সভার সম্পাদক হই

রামশঙ্কর সেন রাণাঘাটের এক জন
ন.সপাল কমিসনর ও তত্রত্য মিউনিসিপা
র সহকারী সভাপতি হইবেন।

তদিন কাপ্তেন পি, সি, ডালমেহর বিদায়
অনুপস্থিত থাকিবেন, তত্তদিন ডবলিউ,
টমাস সাহেব বঙ্গদেশীয় লেপ্টেনাণ্ট গবর্ণরের
স্থিত ভারতবর্ষীয় রেলওয়ে অংশের পুলি
প্রতিনিধি সহকারী ইনস্পেক্টর জেনরল
বেন।

১৮৬৮ অব্দের ১ লা জুন অবধি নিম্নলিখিত
কারিরা তৃতীয় শ্রেণি হইতে দ্বিতীয় শ্রেণির
কারী কমিসনরের পদ প্রাপ্ত হইয়াছেন:-

এ, সি, কাম্বেল সাহেব।
প, ই, কার্পেণ্টার।
লেপ্টনাণ্ট টি, বি, থিবেল।
এম, ও, বাইড সাহেব।
কাপ্তেন এল, খ থনওয়েট।
লেপ্টনাণ্ট জে, বটলার।

যতদিন সি, ই, লাস সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, ততদিন মেদিনীপুরের প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর টি, এচ, এচ, শট সাহেব আপনার কার্য্য ও তত্রত্য সিবিল ও সেসিয়ন জজের চলিত কার্য্য সকল করিবেন।

৮ ই সেপ্টেম্বর। মুঙ্গেরের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর জে, এ, ক্রেবণ সাহেব ১৮৫৪ অব্দের ১৮ আইনের ৩৩ ধারানুসারে ভাগলপুরে রেইলওয়ে ঘটিত মকদ্দমা গ্রহণ করিতে পারিবেন।

২৪ পরগণার সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট এচ, বি, এচ, রবার্টস সাহেব পূর্ণিয়াতে বদলী হইবেন।

—:০:—

আমাদিগের কোরহাটীস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

১। হিতৈষী ব্যক্তিমাত্রেরই প্রথমে নিজ পরিবারের তৎপরে সাধ্যানুসারে স্বকীয় গ্রামের উন্নতিবিধানে যত্ন করা কর্ত্তব্য। ইহার পর স্বকীয় দেশের শ্রীবৃদ্ধিসাধনও কর্ত্তব্য বটে; কিন্তু স্বীয় পরিবার ও স্বীয় গ্রামবাসী ভ্রাতৃবর্গের কোন উন্নতি সাধন না করিয়া দূরবর্ত্তী অপর স্থানের উপকার ও মঙ্গলসাধনে তৎপর থাকিলে জন্মভূমির নিকট অকৃতজ্ঞ হইতে হয়। আমরা এতৎসম্বন্ধে একটী উদাহরণ প্রদর্শন করিতেছি। অত্রত্য দত্ত পরিবারসম্ভূত বাবু শশিভূষণ দত্ত ও বাবু দ্বারকানাথ দত্ত মহাশয় দ্বয় শিক্ষিত হইয়া অনেক দিন যাবৎ বিদেশে থাকিয়া বিলক্ষণ অর্থ উপার্জ্জন করিতেছেন। শশি বাবু নিম্ন আসামের ডিপুটী ইনস্পেক্টরের এবং দ্বারিক বাবু উত্তর পূর্ব্ব বিভাগের ইনস্পেক্টরী আফিসের হেড ক্লার্কের পদে নিযুক্ত আছেন। লোকপরম্পরায় শুনা যায়, তাঁহারা আসাম অঞ্চলে বিদ্যালয়স্থাপন প্রভৃতি বিবিধ হিতকর কার্য্যে যে প্রকারেই হউক উৎসাহিতা প্রদর্শন করিয়া থাকেন; কিন্তু কি আশ্চর্য্য এ পর্য্যন্ত আমরা ইহাঁদিগকে নিজ গ্রামের হিতোদ্দেশে একটী পয়সাও ব্যয় করিতে দেখিলাম না।

২। এবার ঢাকাতে ৮ ব্যক্তি মোক্তারি পরীক্ষায় কৃতকার্য্যতা লাভ করিয়াছেন।

৩। শুনিয়া দুঃখিত হইলাম, কস বাজার নিবাসী কতকগুলি অর্ব্বাচীন কুসংস্কারাবিষ্ট লোক তত্রত্য স্কুলটীর উচ্ছেদ পক্ষে চেষ্টা করিতেছে। গ্রামস্থ স্কুলের পণ্ডিত বাবু নিত্যানন্দ চক্রবর্ত্তী মহাশয়কে বলি, তিনি এ বিষয় কর্ত্তৃপক্ষ জ্ঞাপন করুন।

৪। প্রায় মাসেক কাল যাবৎ নবাবগঞ্জ নের অন্তর্গত স্থানসমূহে চৌর্য্যের অত্যন্ত র্ভাব দৃষ্ট হইতেছে। প্রায় প্রতি দিনই দুই চুরি হইয়া থাকে। এপর্য্যন্ত আমরা অনেক ক্ষুদ্র ক্ষুদ্র চুরির সংবাদ অবগত হইয়াছি, নি বাহুল্যবিবেচনায় এ স্থলে তৎসমু উল্লেখে বিরত রহিলাম। কেবল একটী বিষয় লিখিলাম। ও দিন পারাগী নামক এক ব্যক্তির বাটীতে রাত্রিযোগে কয়েক প্রবেশপূর্ব্বক একটী স্ত্রীলোকের উপর সম অত্যাচার করিয়া নগদ ও জিনিষে প্রায় শত টাকা অপহরণ করিয়া লইয়াছে। শুনি পুলিশ অনুসন্ধানে যাইয়া মালসহ ব্যক্তিকে ধৃত করিয়াছেন।

—:০:—

আমাদিগের গাজিপুরস্থ সংবাদ তালিখিযাছেন।

২১ এ আগষ্ট শুক্রবার বেলা দুইপ্রহরে গাজিপুরের নিকটবর্ত্তী পিথাপুর নামক মৃত্তিকা বসব হইয়া গিয়াছে। ঐ মৃত্তিকা দ গঞ্জনকার, মাজিষ্ট্রেট সাহেবের কাছা আনীত হইয়াছিল। অবগত হইলাম, মৃ শুভ্র ও ঈষৎ লাল। প্রায় এক মাস আমরা কুতবপুরের ঐরূপ অদ্ভুত ঘ বিষয় সোমপ্রকাশে প্রকাশ করিয়াছিলাম।

আমরা এখান হইতেও কাশীমবাজ রাণী স্বর্ণময়ীর যশঃসৌরভ আঘ্রাণ করিতে তিনি সম্প্রতি এখানকার ভিক্টোরিয়া এক বারে ৩০০ টাকা দান করিয়াছেন। ম ময়ী রাণী স্বর্ণময়ী এক বারে চারিশত টা দেয়, যদি কিছু মাসিক চাঁদা দিতেন, চলিলে এই বিদ্যালয়টীর অপেক্ষাকৃত উপকার হ কাশীস্থ বিদ্যোৎসাহী রাজা দেবনারায়ণ এক্ষণে উপরি উক্ত বিদ্যালয়টীতে মাসিক টাকা চাঁদা দিতেছেন। অস্মদ্দেশীয় ঐ শালী ব্যক্তিগণ এরূপ শুভকর কার্য্যে দেবনারায়ণ সিংহ এবং রাণীস্বর্ণময়ীর অনু বেন না করেন?

এখানকার অধিবাসিগণের স্কন্ধে চুঙ্গী মিউনিসিপাল কর ভার নিহিত করিবার অনু হইতেছে। গত কল্য উক্ত করদ্বয় প্রবর্ত্তিত বাক্ত অভিপ্রায়ে এক সভা হইয়াছিল। সভ্যগণ নানা কারণবশতঃ কিছু স্থির ক পারেন নাই। শুনিতেছি, আগামী সো

এক সভা হইবে। তাহাতে যেরূপ পদ্ধতি
ধিত হয়, পরে জানাইব।

াতিপুরের ৭ ক্রোশ দক্ষিণ জমনিয়া গ্রামে
ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানির একটী
ডা আছে। তথায় রেলওয়ের যাত্রিগণের
গমনের নিমিত্ত কতকগুলি এক্কা ও
গাড়ি প্রস্তুত থাকে। তদ্দ্বারা তাঁহাদের
য়াতে অধিক কষ্ট ও ব্যয় হয়। গবর্ণমেণ্ট
সুবিধা দূর করিবার নিমিত্ত এখান হইতে
য়াপর্য্যন্ত ট্রাকসন ইঞ্জিন চালাইবার
প্রায় করিয়াছেন। তদনুসারে রাস্তা এবং
ন্য উপকরণ প্রস্তুত হইতেছে। বোধ হয়,
এক বৎসরের মধ্যে গাড়ি চলিবে। তাহা
যাত্রিগণ এক্কা আরোহণরূপ দুঃসহ যন্ত্রণা
পরিত্রাণ পাইবেন।

নাবৃষ্টিনিবন্ধন এ প্রদেশের শস্যের
ক্ষতি হইয়াছে। দ্রব্যাদি ক্রমশঃ এখানে
হইয়া উঠিতেছে। এক মাস পূর্ব্বে যে
॥১ সের দরে বিক্রীত হইয়াছিল, তাহা
।০ সের করিয়া লইতে হইতেছে. যদ্যপি
কিছু দিন দ্রব্যাদি এই অবস্থায় থাকে, তাহা
যে সাধারণের অত্যন্ত কষ্ট হইবে,
ত সংশয় নাই।

ই আষ্ট
৮৬৮

—:০:—

আমাদিগের কাশীস্থ সংবাদদাতা-
য়াছেন।

ত্য কালেক্টর আফিসের একজন কর্ম্মচারী
খানি জাল "বাউচার" প্রস্তুত করিয়া
াহেবের আমানত টাকা হইতে ১৪০০০
বাহির করিয়া লয়। সেশনে বিচার হইয়া
১২ বৎসর কারাবাস ও ৬ সহস্র টাকা
নার আজ্ঞা হইয়াছে।

রাঙ্ঘাট ষ্টেশনে অমৃতলাল ঘোষ নামক
বৎসরবয়স্ক একটি বালক কয়েক জন
নিকট "তোমরা ভিড়ের ভিতরে গেয়া
আনিতে পারিবে না, আমি বড় বাবুর
আমাকে টাকা দাও তোমাদিগকে টিকিট
দিতেছি" এই বলিয়া টাকা
পলায়ন করে. পশ্চাৎ ২৮ এ আগষ্ট শুক্র
স্পালেটোলাস্থ কোন বারাঙ্গনালয়ে পুলিস
ধৃত হইয়া ফৌজদারিতে নীত হয়। ২ রা
ধর বুধবারে মাজিষ্ট্রেট সাহেবের বিচারে
৪ মাস মিয়াদ হইয়াছে।

আমরা শুনিয়া যার পর নাই আহ্লাদিত
হইলাম যে, খলিস পুরের হত্যাকারীরা ধৃত হই
য়াছে। হত্যাকারীদিগের মধ্যে এক জন এতদ্দে
শীয় মুসলমান আর দুই জন নাবিক আছে।
পুলিস যে দুই ব্যক্তিরে পূর্ব্বে হত্যাকারী বলিয়া
ধরিয়া লইয়া গিয়াছিলেন তাহারা নিষ্কৃতি প্রাপ্ত
হইয়াছে। মকদ্দমা সেশনে অর্পিত হইয়াছে।

৪ ঠা সেপ্টেম্বর
১৮৬৮ } বারাণসী।

—:০:—

আমাদিগের মজঃফরপুরস্থ সংবাদ
দাতা লিখিয়াছেন।

কয়েক দিবস হইল, এখানে কিছুমাত্র বৃষ্টিপাত হয় নাই। অত্যন্ত গ্রীষ্ম বোধ হইতেছে। ফলতঃ এবার এখানে বৃষ্টির ভাগ অল্প। সকল জলই বাঙ্গালাদেশে বর্ষিত হইল।!!

২। সাতিশয় সন্তোষের সহিত প্রকাশ করিতেছি, মজঃফরপুরের বিজ্ঞানসভার দিন দিন শ্রীবৃদ্ধি হইতেছে। সভাটীর প্রতি এতদঞ্চলের প্রায় অনেক সম্ভ্রান্ত ব্যক্তির সানুরাগ দৃষ্টি পতিত হইয়াছে। সভার উদ্দেশ্য অতি মহৎ; তন্নিমিত্ত আমরা সভার সেক্রেটারি মহানুভব ইমদাদালী খাঁ বাহাদুরকে অসংখ্য ধন্যবাদ প্রদান করি।

৩। গত ৩রা আগষ্টের পত্রিকায় জেলা ত্রিহুতের দাসক্রয়প্রথা প্রচলিত থাকার বিষয়ে যাহা প্রকাশিত হইয়াছে, উহা সম্যকরূপে জ্ঞাত হইয়া লিখিত হয় নাই। এক্ষণে অনুসন্ধান দ্বারা সে সংবাদের সত্যতার বিষয়ে বিলক্ষণ সন্দেহ উপস্থিত হইতেছে।

৪। অল্পদিন হইল, এখানে একটী লিথো গ্রাফি প্রেস্ আসিয়াছে। ঈশ্বরেচ্ছায় উহার দিন দিন শ্রীবৃদ্ধি হউক।

—:০:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক
মহাশয় সমীপেষু।

(গ্রাম্যপাঠশালা ও পণ্ডিতগণ)।

মহাশয়। আজ কাল গ্রাম্য পাঠশালাসমূহের দুর্দ্দশার এক শেষ হইয়া উঠিতেছে। আমাদিগের গবর্ণমেণ্ট যেরূপ সাহায্যপ্রদান করিতেছেন, তাহা করা না করা উভয়ই তুল্য। পণ্ডিত মহাশয়েরা মাসিক ৫ টাকা করিয়া বেতন পান এবং কাহার কাহার ঐ উপজীবিকা হইতে
টী পরিবার প্রতিপালন করিতে হয়। সু
এই স্বল্প বেতনদ্বারা হতভাগ্য পণ্ডিত
সংসার নির্ব্বাহ করা কিরূপ দুষ্কর ব্যাপ
একবার বিবেচনা করিয়া দেখুন। স্কুলের
দিগের বেতন বৎসর শেষে "ধানে চালে"
হওয়াও দুষ্কর। শুনিলাম অনেক গ্রামে
পণ্ডিতদিগের ভাগ্যে ঘটিয়া উঠে না;
গের মধ্যে অনেকে ভদ্রবংশে জন্মগ্রহণ
ছেন, সুতরাং অন্য কোন নীচ ব্যবসায় অ
করিতে পারেন না, ইহাতেই এক প্রকার
করিলে নয় বলিয়া) প্রত্যহ বিদ্যালয়ে
আসা করিয়া থাকেন। শিক্ষক মহাশয়
মধ্যে অনেকেই স্কুলে গমন করিয়া ঘরে
নাই; তেল বাড়ান্ত, ময়রার টাকা, র
বেতন ইত্যাদি ভাবিয়াই অধিক সময় অ
হিত করেন। বালকদিগের নিকট এক এক
পাঠ গ্রহণ করিয়া সত্বর তাহাদিগকে
দেন। এরূপ করিলে কি প্রকারে বিদ্যা
কার্য্য চলিতে পারে? গবর্ণমেণ্ট সকল
মেণ্টের কর্ম্মচারীদিগের উৎসাহার্থ বেত
করিয়াছেন, কিন্তু এই গোবেচারাদিগের
এত নির্দ্দয় কেন? এই বিষয় আন্দোলন ক
কতবার কত সংবাদপত্রের সম্পাদক ম
চীৎকার করিলেন, কতবার উক্ত হত
পণ্ডিতবর্গের আক্ষেপধ্বনি শ্রবণকুহরে
হইল, কখন শুনিলাম ইহাদিগের বেত
হইবে, কখন শুনিলাম হইবে না। মধ্যে
য়াছিলাম এই বিষয় লইয়া অনেক বাদা
হইতেছে, বাদানুবাদই সার। যত না হয়
মঙ্গলের বিষয়। শিক্ষাবিভাগে এতটাকা
ব্যয় কেন? আমরা এক্ষণে গবর্ণমেণ্টকে
রোধ করিতেছি যে, যাহাতে বিদ্যালয়
থাকে তদ্বিষয়ে যত্নবান হউন। উপযুক্ত দ
না পাইলে কেহই সন্তুষ্ট হন না, তাহা এ
বিবেচনা করিয়া দেখা উচিত।

—:০:—

কৃষ্ণনগর কালেজ ও তাহার নিয়ম।

কৃষ্ণনগর কালেজের কার্য্য যেরূপে
দিত হইতেছে, তাহার অন্য অন্য কলে
সহিত তুলনা করিতে হইলে অনেকাংশে প্র
বোধ হয়। যদিও উক্ত কলেজের
পাল সাহেব মহাশয়েরা এই নিয়ম বিদ্যাল
উপকারার্থে করিয়া আসিতেছেন এবং ত
কলেজের কার্য্য সুন্দররূপ সম্পন্ন হয় বটে,
বালকদিগের ইহা প্রতিপালন করা সময়ে স

ন্ত কষ্টকর হইয়া উঠে। অন্য অন্য কলেজ
ক্ষা এখানে ছাত্রদিগের বেতন আদায়ের
টি অপেক্ষাকৃত শক্ত। মাসের প্রথম দিব
বালকদিগের নিকট বেতন লওয়া হয়,
কেহ কোন গতিকে দিতে না পারেন,
হইলে প্রত্যেক দিবস দুই আনা করিয়া
নার সহিত বেতন দিতে হইবে। এই
কি ছাত্রদিগের পক্ষে উচিত? না ইহা
নে। আদায় করা কলেজের ন্যায়সঙ্গত?
না করিয়া দেখিলে দুঃস্থ বিদেশীয় ছাত্র
র সংখ্যাই অধিক। তাঁহাদিগের স্ব স্ব
য় হইতে মাস মাস আবশ্যক খরচ আসিয়া
। তাঁহারা মাসান্তে প্রাপ্য টাকার আগমন
ক্ষা করিতে থাকেন, যদি কোন গতিকে
না আসে তাহা হইলে লাটের খাজনার
কলেজের বেতন ধার করিয়া দিতে হয়।
তাহাও অনেকের ঘটিয়া উঠে না.
াৎ অগত্যা নিয়মানুসারে ৵ দুই আনা
দিয়া থাকেন। অনেক কলেজে মাসের
পর্য্যন্ত বেতন আদায়ের নিয়ম আছে.
ন তত দূর না হউক অন্ততঃ ১০ ই পর্য্যন্ত
লও বালকেরা সুস্থির হইয়া স্ব স্ব বেতন
পারে এবং তাহাতে অধিক কষ্ট করিতে
। গবর্ণমেণ্টের ইহাতে বিশেষ ক্ষতি
না। তবে ইহা করিবার আপত্তি কি?
। কএক দিবস এরূপ প্রবলবেগে বৃষ্টি হই-
, যে তাহাতে কার্ত্তিকের ঝড়ের অপেক্ষা
শ্রয়ের সংখ্যা অধিক হইয়াছে। আঙ্গুলি
মধ্যে কয়েকটী বৃহৎ বাটী অবনিসাৎ হইয়া
ক্ষতি হইয়াছে। আহ্লাদের বিষয় এই,
র প্রাণত্যাগ হয় নাই।

শ্রীঃ—

াধ করি, আপনার পাঠকবর্গের অনেকেই
ইর এটকিন্সন সাহেবের ১৮৬৬। ৬৭
র রিপোর্টের উপলক্ষে শ্রীযুক্ত গ্রে সাহেব
ন্ত ব্যক্ত করিয়াছেন, তাহা পাঠ করিয়া
বেন। উহা ভূতপূর্ব্ব ইনস্পেক্টর ও বর্ত্ত-
মুনিয়র সেক্রেটারি হারিসন সাহেবের উক্তা
হারিসন সাহেবের শিক্ষাসংক্রান্ত অনেক
জানা আছে। অতএব তিনি ডিরেক্টরের
প্রণালীর যে দোষ গুণপ্রকাশে সমর্থ হই
তাহা আশ্চর্য্যের বিষয় নহে। কিন্তু
ক বিষয়ে তাঁহার ভ্রমও দৃষ্ট হইল। আমি
য় কিঞ্চিৎ লিখিয়া আপনার নিকট প্রেরণ
তছি।

হারিসন সাহেব প্রত্যেক স্থানেরই ব্যয় বৃদ্ধির বিষয়ের উল্লেখ করিয়াছেন। কিন্তু তাহার কারণ কি তাহার তাল অনুসন্ধান করেন নাই। প্রথমতঃ কালেজের অধ্যাপকদিগের বেতন বৃদ্ধি হওয়াতে যে প্রত্যেক ছাত্রের শিক্ষার ব্যয় বৃদ্ধি হইয়াছে, অথচ অধ্যাপনার কোন সুপ্রণালী হয় নাই, তাহা অনেকেরই বিলক্ষণ জানা আছে বটে; কিন্তু কেহই তাহা ধর্ত্তব্য করেন না। শিক্ষকদিগের যে বেতনবৃদ্ধি হয়, তাহাতে আমাদিগের কোন আপত্তি নাই। কিন্তু "গাধা পিটিয়া ঘোড়া করা" আমাদিগের অনুমোদনীয় নয়। যে স্কুলে শিক্ষক ৩০০। ৪০০ টাকায় বিলক্ষণ তুষ্ট ছিলেন। এক্ষণে তাঁহাদিগকে চতুর্গুণ বেতন দেওয়া হইতেছে। এ বিষয়ে গ্রে সাহেব যে দুঃখপ্রকাশ করিয়াছেন, তাহাতে আমাদিগের হাস্য আইসে। অধিক "মূল্যে গরদা মাল কিনিলে পরে পস্তাইতে হয়।"

হারিসন সাহেব লিখিয়াছেন যে, প্রথম শ্রেণীস্থ স্কুল ও তাহার ছাত্রসংখ্যার বৃদ্ধি হইয়াছে এবং দ্বিতীয় শ্রেণীস্থ স্কুল ও তাহার বালকসংখ্যার হ্রাস হইতেছে। ইহা দেখিয়া তিনি ভাবিয়াছেন যে, কেবল বাঙ্গলা শিক্ষোপযোগী স্কুলের প্রতি মনোযোগ না করিয়া এবং উৎকৃষ্ট ইংরাজী শিক্ষোপযোগী স্কুলের প্রতি অনাদর করিয়া মধ্যবিধ শিক্ষা দেওয়ার জন্য দ্বিতীয় শ্রেণী স্কুলের উৎসাহ দেওয়া হইতেছে! এটি নিতান্ত ভ্রম। পল্লীগ্রামস্থ দরিদ্র বালকদিগের পক্ষে এই প্রকার স্কুল অতিশয় হিতকর। প্রথমতঃ তাহাদিগকে নগরে বহু ব্যয় এবং পিতা মাতার চক্ষুর অগোচরে থাকিতে হয় না। দ্বিতীয়তঃ দ্বিতীয় শ্রেণীর স্কুলে অধ্যয়ন করিলে মাইনর স্কলাসিপ পাইবার ভরসা থাকে। এইসকল বিবেচনা করিলে হারিসন সাহেব বিলক্ষণ বুঝিবেন যে দ্বিতীয় শ্রেণীর স্কুলের উৎসাহ দিলে দেশের মঙ্গল।

বালিকাবিদ্যালয় উপলক্ষে শ্রীযুক্ত গ্রে সাহেব লিখিয়াছেন যে, যদিচ ব্যয়বৃদ্ধি হইয়াছে, তথাপি এ বিষয়ে কোনপ্রকার উৎসাহ দেওয়া কর্ত্তব্য। বালিকাবিদ্যালয় যত অধিক হয় ততই ভাল; কিন্তু যে যে স্থলে বালক বিদ্যালয় নাই অথবা উৎকৃষ্টরূপে পুরুষের শিক্ষা হয় না, তথায় বালিকাদিগের নিমিত্ত ব্যয় করা বিফল। আমি আসামে যেপ্রকার বালিকা বিদ্যালয় দেখিতেছি, তাহার অবস্থা মনে করিলে বোধ হয় যে, অন্য স্থানে যাহাই হউক, এস্থলে বালিকা বিদ্যালয়ের নিমিত্ত ব্যয় না করি বালকদিগের উন্নতিসাধন করাই কর্ত্তব্য।

আমাদিগের কর্ত্তৃপক্ষের উদ্দেশ্য যে, দেশী দরিদ্রসন্তানেরা কোন প্রকারে শিক্ষা প্র হয়। কিন্তু কেহই বিবেচনা করেন না যে, ই তাহাদিগের সাধ্যাধীন কি না। লেখা প শিক্ষা করিবার অবসর সবিশেষ আবশ্য কিন্তু ধন না থাকিলে অবসর কি প্রকারে হই পারে। যাহারা কোন প্রকারে কার্য্যক্ষম হই গৃহকর্ম্ম করিতে বাধিত হয়, তাহারা যে লে পড়া শিখিবার সময় পাইবে, তাহা কোন প্র রেই বিশ্বাসযোগ্য নহে। ইংরাজেরা বিবে করেন না যে, তাঁহাদিগের দেশে যে উন্নতি ৫ শত বৎসরে সম্পাদিত হইয়াছে, তাহা এদে এক বারে কিরূপে হইবে। রাজার চেষ্টা যদি দেশের উন্নতি হইত, তাহা হইলে এত পৃথিবী স্বর্গতুল্য হইত। কোন কোন অদূর সাহেব বিবেচনা করেন যে, নিম্ন শ্রেণীর লো শিক্ষা পাইলেই দেশের উন্নতি হইবে; কি আমরা এ পর্য্যন্ত কোন দেশের এরূপ কথা শু নাই যে, ঐ উপায়ে উদ্দেশ্য সাধিত হইয়াছে

৫। গ্রে সাহেব লিখিয়াছেন, ব্যয়সং করিবার তিনটি উপায় আছে। (১) ধ গকে এই প্রকার উপদেশ দেওয়া কর্ত্তব্য তাঁহারা প্রধান প্রধান কর্ম্ম পাইবেন, অ তাঁহাদিগের শিক্ষার ব্যয় তাঁহারাই নি করুন। (২) তাহার নিম্নশ্রেণীস্থ লোক কেও ঐ প্রকার পরামর্শ দেওয়া কর্ত্তব্য। (কেবল দরিদ্রদিগকে রাজকোষ হইতে ব্যয় শিক্ষা দেওয়া উচিত। এটি শুনিতে বটে; কিন্তু কার্য্যে পরিণত করা সহজ অনেকেই বিবেচনা করেন যে, মিত্র ঘোষ পাধ্যায় নামধারীমাত্রেই বুঝি ধনী। ই "ভদ্র ও কুলোদ্ভব বটেন; কিন্তু অনেকে পর নাই নির্দ্ধন। কেবল জাত্যনুরোধে ইহ নীচ ব্যবসায় করেন না। নচেৎ অন্যান্য এই অবস্থায় মনুষ্যেরা ইতর কর্ম্ম করিয়া থা এদেশে যদি প্রকৃত ধনীর সংখ্যা করা অতি অল্পমাত্র প্রকৃত ধনী নয়নগোচর হন।

গোহাটী
৩০ এ আগষ্ট
১৮৬৮।
} শ্রীঃ

—:•:—

মহাশয়! জেলা আদালতের অধুনাতন রপতিগণের অনেকেরি একটী মহৎ রোগ হয়। মকদ্দমার দোষ গুণের প্রমাণাদি গ্র

পক্ষের উকীলগণের তর্ক বিতর্ক শেষ হইয়া সেই দিবস বা তাহার পর দিবসও বিচার র অভিপ্রায় ব্যক্ত হয় না। কখন কখন দশ দিন কখন বা অধিক বিলম্ব হইয়া যায়। নিবন্ধন অর্থী ও প্রত্যর্থীকে কতদূর কষ্ট সহ্য তে হয়, তাহা সকলেই বুঝিতে পারেন। কোন মকদ্দমায় এমনও ঘটিয়া থাকে যে, ক্ষমা শ্রবণকালে বিচারকের তর্কের ভাব তে অর্থীর উকীল মনে করিলেন যে অর্থীর হইবে; কিন্তু এক সপ্তাহ পরে হউক, বা সপ্তাহ পরে হউক, রায় প্রকাশ হইলে লেন যে, তাঁহার (উকীলের) আশালতা তী হয় নাই। তাঁহার অধিকতর ক্ষোভের এই যে, রায়ের বিরুদ্ধে একটীও তর্ক করি সময় পাইলেন না। নীরব থাকিতে না য়া যদি কোন কথা কহিয়া ফেলেন তৎ- আপীল করিবার উপদেশ প্রাপ্ত হন। স্বীকার করি, ১৮৫৯ সালের ৮ আইনের ধারানুসারে বিচারপতিগণ মকদ্দমার প্রমা গ্রহণ করিয়া "অবিলম্বে কিংবা অন্য দিন" আপনাদের অভিপ্রায় প্রকাশ তে পারেন। কিন্তু "অন্য কোন দিন" ল পক্ষান্ত বা মাসান্ত ভিন্ন কি আর কিছু না? এক বা দুই দিনের অবসর কি প্ত নয়? যেসকল মকদ্দমা সহজে বোধ না হয়, তাহারই মীমাংসাতে ঐরূপ বিল আবশ্যকতা হয়। সামান্য মকদ্দমাগুলির কেন "অবিলম্বে" নিষ্পত্তি না হয়, তাহা র অল্পায়তন বুদ্ধিতে আসিল না। মকদ্দমা ানন্তর স্বকীয় অভিপ্রায় লিপিবদ্ধ না ল বিচারপতির পক্ষেও অনেক অসুবিধা য় সম্ভাবনা। উভয়পক্ষীয় উকীলগণের শ্রবণকালে অভিযোগসংক্রান্ত আমূল ত তাঁহার মনোমধ্যে প্রবিষ্ট হয়। সুতরাং অর্থীর দোষ কি প্রত্যর্থীর দোষ বিলক্ষণ বিবেচনা করিতে পারেন। দুই চারি দিন নিষ্পত্তিপত্র লিখিতে হইলে প্রথমতঃ মার অবস্থা স্মরণ করিবার চেষ্টাজন্য লইতে হইবে। দ্বিতীয়তঃ এইরূপে স্মরণ তে পারিলেও বাদী বা প্রতিবাদীর পক্ষের ল কোন কারণ তাঁহার স্মৃতিপথের দূরবর্ত্তী তে পারে। অতএব এ অবস্থায় যে বিচার তাহা কত দূর ন্যায়সঙ্গত পাঠকগণ াসে বুঝিয়া লইবেন। ব্যবস্থাপক মহাশ আইনে মকদ্দমা নিষ্পত্তির দিন নির্দ্দি বার নিয়ম করিয়া অর্থী প্রত্যর্থী উভয়ের র অনেক শান্তি হইবার উপায় করিয়া

দিয়াছেন; কিন্তু বিচারপতি মহাশয়দিগের প্রসাদে উত্তরোত্তর ঐ ক্লেশের বৃদ্ধি হইতেছে।

২৩ এ ভাদ্র ১২৭৫ } কস্যচিৎ ভ্রমণকারিণঃ।

—:০:—

মহাশয়! কৌলীন্যপ্রথা প্রচলিত থাকাতে দিন দিন যে, কত অমঙ্গল হইতেছে, তাহা লিখিয়া শেষ করা যায় না। ইতিমধ্যে আমাদিগের এখানে একটী বিংশতিবর্ষীয়া যুবতীর সহিত এক জন সপ্ততিবর্ষীয় পাত্রের উদ্বাহবন্ধন সংঘটিত হইয়াছে। পাত্রীটী অতিশয় রূপলাবণ্যবতী; কিন্তু তাঁহার পিতামহসমবয়স্ক ভর্ত্তার সৌন্দর্য্য এবং গুণের কথা বলিয়া শেষ করা যায় না। সমস্ত গাত্র দগ্ধ এবং শ্বেতবর্ণ লোম পরিব্যাপ্ত। মুখখানি দেখিলে হরিভক্তি উড়িয়া যায়। আমরা শুনিলাম, যেসমস্ত স্ত্রীলোক আপনাদিগের শিশু সন্তানদিগকে ক্রোড়ে লইয়া বিবাহ দেখিতে আসিয়াছিলেন, তাঁহাদিগের ক্রোড়স্থিত সে শিশুগণ বরপাত্রকে দেখিবামাত্র উচ্চৈঃস্বরে "মা মা" বলিয়া চীৎকার করিয়া উঠিয়াছিল। বরপাত্রকে বরযাত্রীর জন্য অধিক কষ্ট পাইতে হয় নাই। দৌহিত্র, পৌত্র, ভ্রাতুষ্পুত্র এবং ঘটকদ্বারা সে কার্য্য সম্পন্ন হইয়া গিয়াছে। হায় কি পরিতাপ!!! এই অবলার কি দুরদৃষ্ট! অথবা তাহার অদৃষ্টেরই বা দোষ কি? কেবল একমাত্র কৌলীন্যপ্রথা যে এই সমস্ত অনিষ্টের আকর তাহা কে না মুক্তকণ্ঠে স্বীকার করিবেন?

এবার এখানে বর্ষার অতিশয় প্রাদুর্ভাব দেখা যাইতেছে। আউস ধান্য একবারে বিনষ্ট হইয়াছে। আমন ধান্যও যে হইবে সে আশাও নাই। আবার বুঝি দুর্ভিক্ষ দেখা দেন। তাহা হইলে এ বার দরিদ্র প্রজাদিগের নিশ্চয় মৃত্যু।

গোস্বামী দুর্গ পুর ২রা সেপ্টেম্বর ১৮৬৮ } আপনার বশম্বদ শ্রীঃ—

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু ভবানীচরণ মুখোপাধ্যায় ডিহিরি ১৮৬৮ সেপ্টেম্বর হইতে নবেম্বর ৩৸০
" " গুরুদাস ধর গণকর
১৮৬৮ সেপ্টেম্বর হইতে ৬৯ আগষ্ট ১৩
" " গৌরীবল্লভ শর্ম্মা দিব্রুগড়
১৮৬৮ সেপ্টেম্বর হইতে ৬৯ ফেব্রুয়ারি ৭
" চন্দ্রকুমার রায় নড়াইল

১২৭৫ ভাদ্র হইতে ৭৬ শ্রাবণ
শ্রীযুক্ত মুন্সিমতিউল্লা রঙ্গপুর (২ কপি)

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাকমা সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং ৈ সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডার, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার অ যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, তা যেন এক অথবা আধ আনার অধিক মু ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রক মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি ক শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে প ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং প হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হই যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা ব বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঁদড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃ প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১০ ম ভাগ। ৪৬ সংখ্যা।

"প্রবর্ত্ততাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ৬ই আশ্বিন। ১৮৬৮। ২১এ সেপ্টেম্বর { মফস্বলে মাসুলসমেত অ গ্রিম বা
ষাণ্মাসিক ৭. ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।



প্রত্যেক খণ্ড ৮০ পৃষ্ঠা মূল্য (নগদ) ॥০
এই পুস্তক প্রথম অবধি দ্বিতীয় সর্গপর্য্যন্ত
। সংখ্যা নাগরাক্ষরে রামানুজের টীকা ও
লা অনুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে
ত হইয়া বিতরিত হইতেছে। ইহাতে মাহে-
তীর্থ ও নাগোজী ভট্টের টীকাও স্থলবিশেষে
ত করা হইতেছে ও ইহা প্রতিমাসে ১০
া অর্থাৎ ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচা
হইবে। মূল্য ॥০ আনা। যাঁহারা গ্রাহক
ভুক্ত হইতে চাহেন, তাঁহারা আমার নামে
প্রকাশ যন্ত্রে পত্র লিখিবেন।

শ্রাবণ
১২৭৫
ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

—:০:—

কলিকাতা নিমতলা ঘাট ষ্ট্রীট ৬২ সংখ্যক
স্থ সংবাদ জ্ঞানরত্নাকর যন্ত্রে সাহিত্যদর্পণ
ত হইতেছে। গ্রহণার্থিগণ পত্রাদি লিখিয়া
ক শ্রেণীভুক্ত হইলে ১ এক টাকা মূল্যে
ক প্রাপ্ত হইবেন।

শ্রীভুবনচন্দ্র বসাক।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
তে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ
ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডার্স্ আরবো-
থনট এবং কোং

পুনঃ প্রাপ্ত নোট।

নিম্নলিখিত অপহৃত অর্দ্ধ ও পূর্ণ নোটগুলি পাওয়া গিয়াছে। নোটের অধিকারিগণকে জানান যাইতেছে, নিম্ন স্বাক্ষরকারীর নিকট আবেদন করিবেন।

	সংখ্যা	মূল্য	পূর্ণ অথবা অর্দ্ধ	
এ ৫৮	৮৬৬৫৮	১০০	অর্দ্ধ নোট	
এ ৫৫	৮৯৪৪৪	৫০	»	
এ ৫২	৬৪৬৯০	২০	»	
এ ২৬	১০২৯৬	২০	»	
এ ৩২	৪৬৪৫২	২০	»	
এ ৪৪	৮৯৯৩৭	২০	»	
এ ৪৫	৩৫০৭৪	২০	»	
এ ৪৩	৯৯৬৩২	২০	»	
বি ২২	০১৭৫৫	২৸	»	ভিক্টোরিয়া-পেটাম
বি ২২	০১৭৫৪	২০	»	নোট্স।
এ ৪৯	০৭৭৭৩	১০	»	
এ ৪৯	০৩৪৬১	১০	»	
এ ৪১	৬০৪৬৬	১০	পূর্ণ	
এ ৪৯	৪৮৭২৯	১০	অর্দ্ধ নোট	
৫০ এ	১৬৮৫৫	১০	»	
৪৯ এ	৮২৮২১	১০	»	
৪২ এ	০৮২৬৯	১০	»	
১৯ এ	৩৫৪০১	১০	»	
১৯ এ	৪৮৮৪২	১০	»	
১৮ এ	৩৭৮৯৬	১০	»	
১৮ এ	৩৯৮৫৭	১০	»	
এ ৩১	৯২১০৩	১০	»	
এ ৩১	৯২১০১	১০	»	
এ ৩১	৯২১০২	১০	»	
এ ৩১	৫৪১১৫	১০	»	
এ ৫৮	৮৯০০৭	১০০		
এ ৫৮	৮৪৮৬৯	১০০		

কলিকাতা পোষ্ট আফিস ১৩ ই আগষ্ট ১৮৬৮। } ডবলিউ, এইচ, ম্যাগে
পোষ্ট মাষ্টার।

—:০:—

ইন্দুপ্রভা নাটক।

ষ্টান্হোপ যন্ত্রালয়ে এবং চীনাবা
পটোলডাঙ্গা ও জোড়াসাঁকোর পুস্তক
পাওয়া যায়। মূল্য ১ এক টাকা।

শ্রীগোপালচন্দ্র বন্দ্যোপ
কলিকাতা বাগ্ বাজ

—:০:—

১৮৫৯ অব্দের ইংরাজী এণ্ট্রান্স কো
নোটবুক্, প্রথম ভাগ পোইট্রী, টেনিং ও
ডেমির ভূতপূর্ব্ব হেড মাষ্টার এইচ, দত্ত বি
কর্ত্তৃক প্রণীত, ৫৮।৫ গিরিশবিদ্যারত্ন
এবং সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে প্রাপ্য।
১ টাকা।

——:০:——

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম
বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তক
/০ এক আনার হিসাবে কমিসন দি। অ
টাকার পুস্তক লইলে /১০ আনার
পাইবেন।

র্দ্ধ উপাখ্যান অর্থাৎ সেক্সপিয়রকৃত নাট
ানুবাদ ২॥
ভাগবত ১ ম অবধি ১২ স্কন্ধ বাং
৮
শ্রীহরিভক্তিবিলাস সম্পূর্ণ ৮
ধ্যাত্মব্যবসায়ন দুই খণ্ডে সম্পূর্ণ ৫
ায়ুর্বেদীয় চিকিৎসা গ্রন্থ সিন্ধুবীয়া পটী
বাবু কাশীনাথ মল্লিকের প্রযত্নে উত্তম
দ্বারা কাস্তর লিখিত ২৬
ত্বপ্রকাশ নুরঞ্জিকা পত্রিকা বার্ষিক ৩
ক বিলাস যাহাতে গোপালভাঁড়ের
গুলি সম্পূর্ণ আছে ১
দ্বিৎসে ; জৈমিনি ভারত হইতে
১
তত্ত্ব চূড়ামণি অর্থাৎ ব্রহ্মনির্ণয় ১॥
লাঞ্ছন কাব্য ৮
জ্ঞান কাব্য ৮
কুণ্ডলা কাব্য ১
ভিমন্যু বধ নাটক ॥৵
দশ শিশুর বিবরণ ৮
াত্মা গদ্য কাব্য ১
ীরবিয়োগ নাটক ২
ভিল গাইড মাশমেন সাহেব কৃত ১০
ঘুসঙ্কা উপাখ্যান ৮
দশাবলী স্বরূপচন্দ্র দাসকৃত ৩৮
াচোদ্ধার ১
তপ্রভা ॥
লাস বাং ৮ খানি ম্যাপ গণেশচন্দ্র
কৃত ৩
ত্বদর্শন পৃথিবীর মানচিত্র ৫
রতবর্ষীয় ম্যাপ দেবনাগর অক্ষরে ৭
তি শঙ্কা ৬
বর শোচীলী গদ্যপদ্য পারসীক
১॥
ার সম্ভব সংস্কৃত হইতে পদ্য অনুবাদ ১
রতবর্ষের ইতিহাস কেদারনাথ দত্তকৃত ১
গোবিন্দচন্দ্র সেন কৃত ২
তত্ত্বসারসংগ্রহ ১
চীন ইতিহাস সমুচ্চয় ১
মাসমেন সাহেবকৃত দুই খণ্ড ২
ট্য পরিশিষ্ট নাটক ১
প্রতমঞ্জরী ১।
ব্দকল্পদ্রুম পরিশিষ্ট ২৫

কাতা জোড়া- } শ্রীপ্রতাপচন্দ্র রায়
ক' ৬৪ নং } নগদ বিক্রেতা।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে।

কারাগোলা ঘাটে রেলওয়ের সর্ব্বত্র রপ্তানির নিমিত্ত মাল লওয়া যাইবে।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, যখন কারাগোলা ঘাটে পারাপারের ষ্টিমার থাকিবে তখন ঐ ষ্টিমারে রেলওয়ের সর্ব্বত্র রপ্তানির নিমিত্ত সর্ব্বপ্রকার দ্রব্যাদি লইতে ইষ্টইণ্ডিয়া রেলওয়ে কোং প্রস্তুত আছেন।

রেলওয়ে দ্রব্যাদি পাঠাইবার ভাড়া অনুসারে ভাড়া লওয়া হইবে। কেবল ষ্টিমার হইতে সাহেবগঞ্জ ষ্টেসনে লইয়া যাইবার নিমিত্ত বোঝাই খরচা ও ভাড়া প্রতি মণে এক আনার হিসাবে অধিক লওয়া যাইবে। যে ষ্টেসনে দ্রব্যাদি রপ্তানি হইবে সেই ষ্টেসনে সমুদায় দিলেও চলিবে।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে হাউস এজেন্সি বোর্ড কলিকাতা ৭ ই সেপ্টেম্বর ১৮৬৮। } সিসিল ষ্টিফেন্সন এজেন্সি বোর্ড।

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড ৮০ পৃষ্ঠা। অগ্রিম মূল্য) ॥০ ।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মুন্সাপুর আমহর্ষ্টষ্ট্রীট ৩৪।১ নং ভবনে কাব্য প্রকাশ যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারের নামে যত খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া নূতন বাঁধান. মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্ত বাগীশ।

———

হোমিওপেথিক চিকিৎসা, প্রথম সংখ্যা, আমরক্ত, মূল্য চারি আনামাত্র।

কলিকাতার চোরবাগানে স্কুলবুক প্রেসে ঠনঠনিয়ার সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়ে এবং লালবাজারে বেরিণী কোম্পানির হোমিওপেথিক ফারমেশীতে পাওয়া যায়।

—:০:—

পুনঃ প্রাপ্ত নোট।

যে ব্যক্তি ১৮৬৮ সালের ৮ ই আগষ্ট পর্য্যন্ত মধ্যে পাটনার ডাকযোগে নিম্নলিখিত নোট সকল পাঠাইয়াছেন, তিনি নিম্নস্বাক্ষরকারীর নিকট সবিশেষ লিখিয়া পাঠাইবেন।

এ ৫৮ ৮৯০০৭ নং ১০০ টাকার
এ ৫৮ ৮৪৮৫৯ নং ১০০ ঐ

ডবলিউ, এইচ, মাগোয়ান।
কলিকাতার পোষ্টমাষ্টার।

—:০:—

"শিক্ষক ব্যতিরেকে সঙ্গীত শিক্ষা অর্থাৎ।

ইউরোপীয় স্বরলিপি সম্বলিত সেতার, বেহালা, এস্‌রাজ, বংশী, হার্ম্মোনিয়ম ও গান প্রভৃতি শিখিবার সহজ উপায়; মূল্য ৩ তিন টাকা। লালদীঘীর পূর্ব্ব পার্শ্বস্থ দে কোম্পানির ও ঠনঠনিয়াস্থ সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে বিক্রী হইতেছে।

কলিকাতা ৩ রা সেপ্টেম্বর ১৮৬৮। } শ্রীমহেন্দ্রনাথ চট্টোপাধ্যায় পটোলডাঙ্গা পোটোটোলা লেন।

—:০:—

বঙ্গদেশের অন্তঃপাতী ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন হাইকোর্ট অব জুডিকেচরে টেষ্টমেণ্টারি ও ইনটেসটেট বহ্নারম্ভ ডিকসন হইতে কলিকাতানিবাসী জমীদার মৃত অনরেবল প্রসন্নকুমার ঠাকুর সি, এস, আই, মহাশয়ের লাষ্ট উইল ও টেষ্টমেণ্টের ও দুই কডিসিলের প্রবেট, উক্ত মৃত ব্যক্তির লাষ্ট উইল ও টেষ্টমেণ্টের লিখিত তিন জন একজিকিউটর কলিকাতা নিবাসী শ্রীউপেন্দ্রমোহন ঠাকুর ও শ্রীজ্যোতীন্দ্রমোহন ঠাকুর ও শ্রীদুর্গাপ্রসাদ মুখোপাধ্যায়কে অদ্য দেওয়া হইল। অতএব যাঁহারা উক্ত মৃত ব্যক্তির প্রতি কোনপ্রকার দাবি রাখেন, তাঁহারা উক্ত একজিকিউটারদিগের নিকট তাহা সত্বর জানাইবেন এবং যাঁহারা তাঁহার নিকট ঋণী থাকেন, তাঁহারা উক্ত একজিকিউটারদিগের নিকট অবিলম্বে আপন আপন ঋণ পরিশোধ করিবেন।

কলিকাতা ৭ ই সেপ্টেম্বর ১৮৬৮। } হ্যাচ এবং হাইল প্রকটারস।

—:০:—

ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে।

বিজ্ঞাপন।

১৮৬৮ সালের ১ লা অক্টোবর তারিখে এবং তদবধি ২০ ফনড্রেড ওয়েট মোট ওজনের এক টন হারে অথবা প্রত্যেক গাড়ির ওজন পরি
নুসারে তুলা আমদানী করা হইবে।

নিম্নলিখিত টেবেলে শ্রেণী বিভাগ অনুসারে ভাগুড়ায় আনিবার ভাড়া দর্শান যাইতেছে।

ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ
	যে ষ্টেসন হইতে আমদানী হইবে	যে তুলার ২০ পাউণ্ড কসিয়া এক ফিটবিক ফুট পরিমিত হইয়াছে অথবা যাহার এক গাইটে ২০০ পাউণ্ড পরিমিত এক গাইটে কসিয়া ১৫ ফিটবিক ফিটের অনধিক হইয়াছে।	যে তুলা ৩০ পাউণ্ড কসিয়া এক ফিটবিক ফুট পরিমিত হইয়াছে, অথবা যাহার ১০০ পাউণ্ড পরিমিত এক গাইটে কসিয়া ৪০ ফিটবিক ফিটের অনধিক হইয়াছে।	যে তুলা ৩৫ পাউণ্ড কসিয়া এক ফিটবিক ফুট পরিমিত হইয়াছে, অথবা যাহার ১০০ পাউণ্ড পরিমিত এক গাইটে কসিয়া ৩০ ফিটবিক ফিটের অনধিক হইয়াছে।	যে তুলা ৩৮ পাউণ্ড কসিয়া এক ফিটবিক ফুট পরিমিত হইয়াছে, অথবা যাহার ১০০ পাউণ্ড পরিমিত এক গাইটে কসিয়া ২৬ ফিটবিক ফিটের অনধিক হইয়াছে।	যে তুলা স্ক করিয়া ৪০ পাউণ্ড এক ফিটবিক ফুট পরিমিত হইয়াছে, অথবা যাহার ১০০ পাউণ্ড পরিমি এক গাইটে কসিয়া ১৫ ফিট বিক ফিটের অনধিক ৪৩ য়াছে।
		টা, আ, পা,	টা, আ, পা,	টা, আ, পা,	টা, আ, পা,	টা, আ, পা,
১৮	দিল্লী ও গাজি	প্রত্যেক টনে ৬০ ০ ০	৫৭ ০ ০	৫৪ ০ ০	২৮ ০ ০	৩৬০ ০ ০
০৬	য়াবাদ।	প্রত্যেক গাইটে ৮ ৶ ০	৭ ৸/ ০	৭ ৷৶ ০	৬ ৷৷/ ০	
৬৭	খুরজা	প্রত্যেক টনে ৫৭ ৷৷৶ ০	৫৪ ৸/ ০	৫১ ৸৶ ০	৪৬ ৶ ০	৩৪৬ / ০
		প্রত্যেক গাইটে ৭ ৸৶ ০	৭ ৷৷০ ০	৭ ৶ ০	৬ ৷/ ০	
৪০	আলিগড়	প্রত্যেক টনে ৫৬ / ০	৫৩ ৷/ ০	৫০ ৷৷০ ০	৪৪ ৷৸৶ ০	৩৩৬ ৷৸ ০
		প্রত্যেক গাইটে ৭ ৷৶ ০	৭ ৷/ ০	৬ ৸৶ ০	৬ ৸৶ ০	
২১	হাত্রাস	প্রত্যেক টনে ৫৪ ৸৶ ০	৫২ ৷৶ ০	৪৯ ৷৶ ০	৪৪ ০ ০	৩২৯ ৷৷৸ ০
		প্রত্যেক গাইটে ৭ ৷৷ ০	৭ ৸৶ ০	৬ ৸ ০	৬ ০ ০	
০৫	আগরা	প্রত্যেক টনে ৫৪ ০ ০	৫১ ৷/ ০	৪৮ ৷৷৶ ০	৪০ ৶ ০	৩২৩ ৸৶ ০
		প্রত্যেক গাইটে ৭ ৷৸ ০	৭ ০ ০	৬ ৷৷৸ ০	৫ ৸৶ ০	
৮১	ফিরোজাবাদ	প্রত্যেক টনে ৫২ ৷৷/ ০	৪৯ ৸৶ ০	৪৭ [illegible] ০	৪২ / ০	৩১৫ ৷/ ০
		প্রত্যেক গাইটে ৭ ৶ ০	৬ ৸/ ০	৬ ৷৷ ০	৫ ৸ ০	
৬৯	শেকোয়াবাদ	প্রত্যেক টনে ৫১ ৸৶ ০	৪৯ ৷০ ০	৪৬ ৷৷৶ ০	৪১ ৷৷ ০	৩১১ ০ ০
		প্রত্যেক গাইটে ৭ / ০	৬ ৸০ ০	৬ ৷৸ ০	৫ ৷৷৶ ০	
৩৫	ইটোয়া	প্রত্যেক টনে ৪৯ ৸/ ০	৪৭ ৷/ ০	৪৪ ৸/ ০	৩৯ ৸৶ ০	২৯৮ ৸/ ০
		প্রত্যেক গাইটে ৬ ৸/ ০	৬ ৷৷০ ০	৬ ৶ ০	৫ ৷৶ ০	
৪৮	কানপুর	প্রত্যেক টনে ৪৪ ৷৷৶ ০	৪২ ৷৶ ০	৪০ ৶ ০	৩৫ ৷৷৶ ০	২৬৭ ৷৷৶ ০
		প্রত্যেক গাইটে ৬ ৶ ০	৫ ৸/ ০	৫ ৷৷ ০	৪ ৸৶ ০	
২৯	আলাহাবাদ	প্রত্যেক টনে ৩৭ ৷৷/ ০	৩৫ ৷৷৶ ০	৩৩ ৸/ ০	৩০ / ০	২২৫ ৶ ০
		প্রত্যেক গাইটে ৫ ৶ ০	৪ ৸৶ ০	৪ ৷৷৶ ০	৪ ৶ ০	
৭৩	মৃজাপুর	প্রত্যেক টনে ৩৪ ৶ ০	৩২ ৷৷০ ০	৩০ ৸ ০	২৭ ৷৶ ০	২০৫ ১ ০
		প্রত্যেক গাইটে ৪ ৷৷৶ ০	৪ ৷৶ ০	৪ ৶ ০	৩ ৸ ০	
৪০	বারাণসী	প্রত্যেক টনে ৩২ ৷০ ০	৩০ ৷৷৶ ০	২৯ ০ ০	২৫ ৸/ ০	১৯২ ০ ০
		প্রত্যেক গাইটে ৪ ৷৶ ০	৪ ৶ ০	৪ ০ ০	৩ ৷৷/ ০	
৬	জুমানিয়া	প্রত্যেক টনে ৩০ ৶ ০	২৮ ৷৷৶ ০	২৭ ৶ ০	২৪ ৷৶ ০	১৮১ ৸ ০
		প্রত্যেক গাইটে ৪ ৸ ০	৩ ৸৶ ০	৩ ৸ ০	৩ / ০	
৯৬	পাটনা	প্রত্যেকে টনে ২৩ ৷৷৸ ০	২২ ৷৶ ০	২১ ৷/ ০	১৮ ৸৶ ০	১৪১ ৸ ০
		প্রত্যেক গাইটে ৩ ৷০ ০	৩ ১ ০	৩ ৸৶ ০	২ ৷৷৸ ০	

১। প্রত্যেক টনের ভাড়ার পরিবর্ত্তে প্রত্যেক গাইটের ভাড়া লওয়া যাইতে পারে, যদি প্রত্যেক গাইটের মোট ওজন ৩২০ পাউণ্ডের অনধিক হ

২। খোলা তুলার ভাড়া চতুর্থ শ্রেণির দ্রব্যের ভাড়ার সমান ধরা হইবে। কিন্তু এক খানি গাড়ির নিম্নতম ভাড়া প্রত্যেক মাইলে ০ পর যাইবে

৩। তুলার প্রত্যেক টনে ।৶ আনা অথবা গাইট করা এক আনা হিসাবে ভাগুড়ার টারমিনাল রেট দিতে হইবে।

বোড অব এক্জেক্সি
২৮ এ আগষ্ট ১৮৬৮।

সিসিল ষ্টিফেন্সন
বোড অব এক্জেক্সা।

সাবিত্রীচরিত
কাব্য।
শ্রীভোলানাথ চক্রবর্ত্তি প্রণীত।
মূল্য ১ এক টাকা।
সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

কলিকাতার মানচিত্র মুদ্রিত হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত আছে। (উত্তম বাঁধাই) মূল্য ২ টাকা।
শ্রীকালীপ্রসন্ন সেন গুপ্ত।
কলিকাতা নর্ম্মাল স্কুল।

সোমপ্রকাশ।

৬ই আশ্বিন সোমবার।

দুর্গোৎসব উপলক্ষে আগামী বার অধি দুই সপ্তাহ সোমপ্রকাশ বন্ধ করে। ইহার জন্ম অবধি এই রীতি স্থিত হইয়া আসিয়াছে।

কলিকাতা গেজেটে হুগলী কৃষ্ণনগর গোহাটির মিউনিসিপালিটির সম্বৎ ক রিপোর্ট প্রকাশিত হইয়াছে। সনরগণ এক কালে সর্ব্বশু ৭।৮ টাকা র টাক্স লইতে আরম্ভ করিয়াছেন। স্থাপন ও অত্যাচার বন্ধ না থাকিত হইলে আমরা রিপোর্টপাঠে সন্তুষ্ট তাম। হুগলির রিপোর্টটি কাগজে করিতে তন; সভাপতি আক্ষেপ য়াছেন, কমিসনরগণ মশলাপ্রভৃতির স্তু সামান্য জরিমানা মাত্র করেন!! পুলিষ ও কর্ম্মচারীদিগের বেতনেই কাংশ টাকা নির্দ্দেশিত হইতেছে। ন কোন স্থানে (মাজিষ্ট্রেটের কাছারির টে) রাস্তা ও রেলওয়েপ্রভৃতি হই ছে। কৃষ্ণনগরের মিউনিসিপালিটির র্ট সর্ব্বাপেক্ষা প্রীতিকর। কমিসনর কার্য্য বিভাগ করিয়া লইয়াছেন। রিণীর জল শুষ্ক ও মশানাপূর্ণ হও ত কমিসনরগণ খড়েনদী হইতে একটী াল করিয়া সকল পুষ্করিণীর সহিত া করিয়া দিয়াছেন। এতদ্বারা স্থ্যের উন্নতি হইতেছে। সভাপতি সাহেব গৌরব করিয়া কহিয়াছেন, "যখন সভ্য ও বিদ্বান কমিসনরগণ আছেন তখন আরও শ্রীবৃদ্ধি হইবে।" কৃতবিদ্য দিগের হস্তে ভারার্পণ করলে যদি শ্রীবৃদ্ধি না হয়, কাহার হস্তে হইবে? দুঃখের বিষয় এই সকল স্থানে কৃতবিদ্যের অন্বেষণ করা হয় না। হুগলিঅপেক্ষা গৌহাটির কমিসনরগণ অধিক কাজ করিয়াছেন। সভাপতি জে এফ, শেরার বলেন পুষ্করিণীসকলের পঙ্কোদ্ধার ও পানা পরিষ্কার করাতে স্বাস্থ্যের পক্ষে অনেক মঙ্গল হইয়াছে। আমরা অন্য অন্য স্থানের মিউনিসিপালিটির রিপোর্ট দেখিবার নিমিত্ত কৌতূহলগ্রস্ত হইয়া রহিলাম। উৎকোচগ্রাহী কর্ম্মচারী, অসঙ্গত কর, ভগ্না ও অপরিষ্কৃত রাস্তা এবং চৌকিদারহীন পল্লী এইসকলেই কলিকাতার উপনগরের মিউনিসিপালিটির গুণ প্রকাশ করিতেছে। দেশের মধ্যে এই মিউনিসিপালিটির সমকক্ষ নাই!!

জমীদার ও কৃষক।

আয়ারলণ্ড ও বঙ্গদেশের জমীদার ও কৃষকদিগের পরস্পর বিলক্ষণ সৌসাদৃশ্য আছে। এখানকার জমীদারেরা যেমন স্থানান্তরে থাকিয়া নায়েব ও গমস্তাদিগের উপরে সমুদায় ভার অর্পণ করেন, আয়ারলণ্ডের জমীদারেরাও সেই প্রকার করিয়া থাকেন। এখানকার জমীদারেরা যেমন কোন ভূমিতে প্রজার কোন প্রকার স্বত্বস্বীকার ও স্বত্বদানে অনিচ্ছু, ইহাঁরা যেমন যত ইচ্ছা কররৃদ্ধি করিবার চেষ্টা পান, প্রজারা তাহাতে সম্মত না হইলে তাহাদিগকে উঠাইয়া দেন, আয়ারলণ্ডের জমীদারেরাও সেইরূপ করিয়া থাকেন। জমীদার কখন উঠাইয়া দেন, এই ভয় থাকাতে যেমন এখানকার কৃষকেরা ব্যয় করিয়া ভূমির কোনপ্রকার স্থির উন্নতি সাধন করে না আয়ারলণ্ডেও সেইপ্রকার কৃষকেরা ভূমির উন্নতিসাধনে পরাঙমুখ। এখা আইনে যেমন জমীদারের যথেচ্ছা রের প্রতিরোধ না করিয়া প্রত্যুত স ক্ষতা করে, আয়ারলণ্ডেও সেই কবিয়া থাকে। এখানকার ন্যায় আয় লণ্ডের জমীদারেরাও প্রজার বিদ্যাশি সভ্যতা ও উন্নতিলাভের প্রতিবন্ধ তবে প্রভেদ এই, আয়ারলণ্ডে বলপূর্ব চণের গুদামে বন্ধ করিবার যো নাই এ মিথ্যা মকদ্দমা করিয়া জয় লাভের স বনা নাই। অপর, তথাকার কৃষকেরা কতর সাহসী, তাহারা মধ্যে মধ্যে অব হইয়া অত্যাচারকারীর উপরে অত্ চার করিয়া থাকে, এখানকার কৃষকে তত দূর করিতে পারে না। উভয় দেশে কৃষকেরই দারিদ্র্য সমান, উহারা দি আনে দিন খায়; অতঃপর উ দেশের কৃষকেরই অবস্থার উন্নতিসা একান্ত আবশ্যক হইয়া উঠিয়াছে।

আমরা যে কারণে এই বিষয়ে প্রসঙ্গ উপস্থিত করিয়াছি, তাহা এ আয়ারলণ্ডের টিপারেরি বিভাগে উ লিয়ম স্কলিনামক এক জন জমীদ আছেন। এক জন পত্রপ্রেরক তাঁহ চরিত্র বর্ণন করিয়া বলিয়াছেন, "ই কটুভাষী, একগুঁয়ে, ধূর্ত্ত ও দৃঢ়প্রতিজ্ঞ কেবল স্বার্থসাধন করাই তাঁহার জ দারী কার্য্যের প্রধান উদ্দেশ্য।" দেশে স্কলির সমানধর্ম্মা অনেক জ দার আছেন সন্দেহ নাই। তাঁহারা যা ধরেন তাহা ছাড়েন না; যাহাকে জ করা অভিপ্রেত হয়, লক্ষ টাকা ব হইলেও তাহাতে নিরস্ত হন না আই তাঁহাদিগের বিলক্ষণ দক্ষতা ও প্রজ প্রতি অত্যাচারকার্য্যে সবিশেষ পটু আছে। অতএব স্কলির সহিত য এ দেশের এক জন রায়, চৌধুরী অথ মুখোপাধ্যায়ের তুলনা করা যায়, অ ঙ্গত হয় না। স্কলি সম্প্রতি একটী নু

জমীদারি ক্রয় করিয়াছেন। পূর্ব্বতন জমীদার অতিশয় ভদ্র ও দয়ালুস্বভাব ছিলেন, কৃষকগণ কখন তাঁহার এক পয়সা খাজনা বাকী রাখিত না। তিনি যখন জমীদারি বিক্রয় করেন, কৃষকেরা তাঁহাকে নিষেধ করিয়াছিল; কিন্তু অবস্থা মন্দ হওয়াতে তিনি সেই অনুরোধ রক্ষা করিতে পারেন নাই। স্কলি জমীদার হইয়াই কৃষকদিগকে বলিলেন, তোমরা নূতন কবুলতি দাও এবং এই-কার কর যে বৎসর বৎসর নূতন পাট্টা লইবে। কেহ কোন ভূমির কোন কার উন্নতিসাধন করিলে যদি আমি সেই মি হইতে তাঁহাকে বহিষ্কৃত করি, তিনি তিপূরণ পাইবেন না এবং ২১ দিন র্ব্বে সংবাদ দিলে ভূমি ত্যাগ করিয়া ইতে হইবে। অনেক কৃষকের পুরুষা ক্রমে ঐ স্থানে বাস ছিল, তাহারা ভদ্রা নর মায়ায় এই প্রস্তাবে অসম্মত হইল। লি দুই জন পেয়াদা ও কয়েক জন লিষ প্রহরীকে সঙ্গে লইয়া ক্রমে ক্রমে জাকে উঠিয়া যাইবার সংবাদ দিতে লেন গ্রামে প্রবেশ করিবামাত্র লোকে তাকে গালি দিতে লাগিল। যে বাটীতে লেন, সেই বাটী শূন্য দেখিলেন। রূপে ভ্রমণ করিতে করিতে তাঁহারা ন ভরানামক এক কৃষকের বাটীর টস্থ হইয়াছেন, অমনি কয়েকটী বন্দুক । দুই ব্যক্তি হত হইল; স্কলি নিজে তর আঘাত পাইলেন; হত্যাকরীরা ান করিল।

এই ঘটনা লইয়া ইংলণ্ডে তুমুল ন্দোলন হইতেছে। করণারের জুরি ব্যক্তিদিগের মৃত্যুর কারণের অনুস-নর সময়ে জমীদারের নিষ্ঠুর ব্যব-র উল্লেখ করিয়া ঘৃণাপ্রকাশ করি ন। সংবাদপত্রের সম্পাদকগণও প্রকাশ করিতে ত্রুটি করিতেছেন কৃষকেরা যে কাজ করিয়াছে, সেটীও অতিশয় গর্হিত হইয়াছে; কিন্তু কথা এই হইতেছে, কেন তাহারা এপ্রকার করিল? আয়ারলণ্ডে কি জন্য সচরাচর এপ্রকার ঘটনা ঘটিয়া থাকে? বঙ্গদেশের কৃষকেরা যে এত ভীরু ও শান্তস্বভাব তাহারাও নীলকরদিগের অত্যাচার সহ্য করিতে না পারিয়া নীলকুঠি দাহ ও কুঠির লোকদিগকে আক্রমণ করিয়াছে। প্রধান ব্যক্তি যদি বিবেচনাপূর্ব্বক কাজ না করেন, কৃষকের ধৈর্য্যসীমা অতি ক্রান্ত হয়। ইংলণ্ডের বুদ্ধিমান ও বিবেচক লোকেরা আয়ারলণ্ডের কৃষকদিগকে সমধিক স্বত্ব প্রদান করা হয়, এই প্রস্তাব করিতেছেন। জন ষ্টুয়ার্ট মিলের সদৃশ সদাশয় লোকেরা চিরস্থায়ী বন্দোবস্তকেই জমীদারের অত্যাচারনিবারণের এক মাত্র ঔষধ বলিয়া স্থির করিয়াছেন। যে ভূমিতে ৭। ৮ পুরুষ বাস করিতেছে, তথা হইতে উঠিয়া যাওয়া যে কি কষ্ট কর, তাহা ভুক্তভোগিভিন্ন অন্যে বলিতে পারেন না। বোধ কর, এক ব্যক্তি আপনার অর্থ ব্যয় করিয়া একটী পাকা বাটী করিলেন। জমীদার যদি স্বেচ্ছানুসারে তাহার করবৃদ্ধি করিতে অথবা প্রার্থিত কর না দিলে প্রজাকে উঠাইয়া দিতে পারেন, তাহার অপেক্ষা শোচনীয় বিষয় আর কি হইতে পারে? আক্ষেপের বিষয় এই, আয়ারলণ্ডে ও ভারতবর্ষে উভয় স্থানেই আইনে জমীদারকে এই ক্ষমতা দিয়াছে। আইনের ন্যায় বিচারপতিরাও সময়ে সময়ে জমীদারদিগের অত্যাচারের সুবিধা করিয়া দিয়া থাকেন। বঙ্গদেশের বর্ত্তমান প্রধান বিচারপতি দাখিলা তজদিগ করিবার যে কঠিন নিয়ম করিয়াছেন, তাহাতে ১৮৫৯ অব্দের ১০ আইনের ৩ ও ৪ ধারার বৈফল্য সম্পাদিত হইয়াছে। এইসকল অনিষ্টের নিবারণ একান্ত আবশ্যক। আমরা অহরহঃ স্বচক্ষে এই অনিষ্ট দর্শন করিতেছি। মফস্বলের ত কথাই নাই, কলি উপনগরের এক জন জমীদার কয়ে প্রজাকে এক কালে উৎসন্ন দিতে কৃষকদিগের বিদ্যাশিক্ষার নিমিত্ত বর্ষ ও আয়ারলণ্ড উভয় স্থানেরই মেণ্ট অতিশয় ব্যস্ত হইয়াছেন। বি খাইয়া তাহারা বিদ্যাশিক্ষা ক এক বার বিবেচনা করা উচিত। জমীদারদিগের ব্যয়বৃদ্ধির ক্ষমতা চিত কর; চিরস্থায়ী বন্দোবস্ত তাহাদিগের জীবিকার স্বচ্ছল দাও, তাহার পর তাহাদিগের শিক্ষার চেষ্টা করিও। বাটীর বি অতিথিশালা থাকিলেও বিবস্ত্র অন্নছত্রে আসিতে পারে না। যাহা পক্ষাঘাত, সে কিরূপে সেখানে য বোধ কর, এক জন কৃষক সংবৎসর করিয়া শস্য উৎপাদন করিল; শস্য জন্মিল। কৃষক হর্ষোৎফুল্ল ভাবিতে লাগিল, এ বৎসর সুখে বাহিত করিবে; এমত সময়ে দারের ন্যায়ের কর বৃদ্ধির ডিক্রী করিয়া সকল বিক্রয় করিয়া লইলে ইহার পর কষ্ট আর কি আছে? প মের ফল ভোগ করিতে না পারা সামান্য ক্ষোভ ও দুঃখের বিষয়! আ কালি আদালতের সাহায্যে যে প্র কর বৃদ্ধি ও লোককে বাস্তুহীন কর তেছে, তাহাতে দুঃখিত না হইতে এমত লোক নাই। ভদ্র জমীদারের কিছু অনুগ্রহ করেন; কিন্তু তাঁহাদি সংখ্যা অতি অল্প।

যাঁহারা কৃষকদিগের সহিত চির বন্দোবস্ত করিবার বিরুদ্ধ মত প্র করেন, তাঁহারা বলেন, তাহা হইলে স সম্পত্তির মূল্য হওয়া ভার হইবে। লো ক্রয় করিতে উন্মুখ হইবে না। কর করিতে পাওয়া যায় বলিয়াই জমীদ আদর ও মূল্য হইয়া থাকে। ইহার

স্থলে আমাদিগের বক্তব্য এই, যেসকল
বার উপস্বত্ব ও লাভের বিশেষ ন্যূনাতি
ক না হয়, কিরূপে তাহার ক্রয় বিক্রয়
তেছে ? জমীদারের আপনারাই
কার করেন, জমীদারির ক্রয় বিক্রয়
নায়স্বরূপ। যেমন লোকে গবর্ণমে
ণ কাগজ ক্রয় করেন, তাঁহারাও সেই
ার জমীদারি কিনিয়া থাকেন। যখন
কা বিনিয়োজিত করাই উদ্দেশ্য হইল,
ন ক্রেতাদিগের সহিত চিরস্থায়ী
দ্বস্ত হইলেই যে সে উদ্দেশ্যের
ঘাত জন্মিবে, তাহার কারণ কি ?
র্ণমেণ্টের কাগজের সুদ ত বৃদ্ধি হয়
তথাপি লোকে ইহা ক্রয় করেন
? জমীদারির আয় স্থির হইলেও
এই প্রকার লোকে ক্রয় করিবেন
বিষয়ে সন্দেহ নাই। বরং এক্ষণে অনেকে
দ্ধমার ভয়ে জমীদারি ক্রয় করেন না;
ধতর আয় ও সুন্দর বন্দোবস্ত থাকিলে
ভয় থাকিবে না। অতএব এক্ষণে
দ্বারা মোহরপ্রভৃতি ক্রয় করিয়া টাকা
কি করেন, তাঁহারা কি জমীদারি
বিমুখ হইবেন ?

এই প্রস্তাবের লিখন সাঙ্গ হইলে
ই সেপ্টেম্বরের ফ্রেণ্ড অব ইণ্ডিয়া
দিগের হস্তে পতিত হইল। আমরা
দনপর্য্যন্ত যে বিষয়টী সাধারণের
ঙ্গম করিয়া দিবার চেষ্টা পাইতে
াম, ফ্রেণ্ডও সেই বিষয়ে প্রস্তাব করি
ছেন। তিনিও কহিতেছেন, কৃষকদি
সহিত চিরস্থায়ী বন্দোবস্ত করা
ত। তৎকৃত প্রস্তাবের কিয়দংশ এই
উদ্ধৃত করিয়া দেওয়া গেল।

রলণ্ডয়ে ও খাল প্রভৃতি হওয়াতে
কল স্থান উৎপন্নজাত করিয়াছে,
ত কৃষকদিগের সহিত যদি চিরস্থায়ী
বস্ত করা হয়, তাহা হইলে এই প্রশ্ন
মির কি প্রকার বন্দোবস্ত করা
উচিত ?) ভিন্ন রূপ ধারণ করিবে। দ্রব্যের ও ধাতুর মূল্যবৃদ্ধি অনুসারে কর বৃদ্ধির ক্ষমতামাত্র গবর্ণমেণ্টকে পরিত্যাগ করিতে হইবে। কিন্তু গবর্ণমেণ্ট এই যৎসামান্য ক্ষমতা ত্যাগে বিলক্ষণ লাভবান্ হইবেন। লোকে সৌভাগ্যশালী হইবেন এবং সমাজের উন্নতি হইবে ; অথচ কোন বিষয়ে হস্তার্পণের প্রয়োজন রাখিবে না। লোকে সন্তুষ্ট থাকিবেন, বুদ্ধি বৃদ্ধি হইবে, মূলধন জমিবে এবং বাণিজ্য বৃদ্ধি হইয়া পরম্পরা সম্বন্ধে করবৃদ্ধি হইবে। কেবল এই সকল উপকারমাত্র নহে ; এতদপেক্ষা একটি গুরুতর উপকার এই হইবে যে, আমরা (ইংরাজেরা) লক্ষ লক্ষ বিদেশীয় লোকের শাসনকর্ত্তা হইয়া সেই লক্ষ লক্ষ লোকের মন এরূপে হরণ করিব যে আমাদিগের বিপদ্ কালে তাঁহারা যথাসাধ্য সাহায্য করিবে। কারণ অন্য কোন গবর্ণমেণ্ট কৃষকদিগের এই স্বত্ব স্বীকার করিবেন না। ১৮৫৭ অব্দে আমরা ও বিপক্ষেরা যথাসাধ্য আমাদিগকে দুরাভূত করিবার চেষ্টা পান, কিন্তু লোকে তাঁহাদিগের সাহায্য না করাতে সেই চেষ্টা সফল হয় নাই। অতএব আমরা এই স্পষ্ট উপদেশ পাইয়াছি, অযোধ্যার ন্যায় আমরা স্বত্বের উপরে হস্তক্ষেপণ করিব না ; পক্ষান্তরে অনিয়মও আমাদিগের অনুমোদনীয় হইবে না। আমাদিগের সভ্য ও সহজ শাসন প্রণালীর যদি পুনর্ব্বার কেহ উচ্ছেদ করিবার চেষ্টা পান, সে চেষ্টা বিফল হইবে। কৃষকশ্রেণি সাধারণ্যে বিদ্রোহী না হইলে আমাদিগের প্রভুত্ব লোপ হইবে না। অতএব এই কৃষকগণ ভূমির যে বন্দোবস্তপ্রার্থী হইয়াছে, তাহা প্রদান কর ; তাহারা তাহা পাইলে অবশ্যই আপনাদিগের সৌভাগ্য ইংরাজ রাজত্বের অস্তিত্বের উপর নির্ভর
তেছে জানিবে। এটী কখন ঘটে ন
পরীক্ষা করিলে জানিতে পারিবে,
ভবিষ্যতে কৃষকদিগের চিরন্তন স
গণও আমাদিগের বিপক্ষ হন, তখ
তাহারা আমাদিগের পার্শ্বে দণ্ডায়
হইয়া সাহায্য করিবে। যাঁহারা মে
বন্দোবস্তের অনুমোদন করেন, তাঁ
গের কথা শুনিয়া বৃহৎ জমীদারদি
বহিষ্কৃত করা উচিত নয়। আবার
দেশের জমীদারগণ যাহা বলেন, ত
সারে অপামর সাধারণকে পদদ্বারা দ
করাও আমাদিগের কর্ত্তব্য নহে। যে
কৃষকদের ভূমির উপর স্বত্ব আ
সেখানে সুবিধামত ও সর্ব্বদিগ
পায় এমত করিয়া চিরস্থায়ী বন্দো
কর। নিশ্চয় জানিবে প্রতি মে
বন্দোবস্তের শেষে আমরা যেমন স
বিষয়ের সূক্ষ্মানুসন্ধান করি যদি ত
হইতে বিরত হই সমাজ আপনা আ
উন্নত হইবে।" ফ্রেণ্ড অব ইণ্ডি
প্রস্তাবের শেষাংশে ভবিষ্যদ্বাণীর ন
গবর্ণমেণ্টের ও সর্ব্বসাধারণের জ্ঞান
উচিত। তিনি উপসংহারে বলিয়াছে
'এক আদর্শে সকল স্থানের সমাজ
স্থত করা কাহারও সাধ্য নহে। টম
নের মতাবলম্বীরা যে প্রণালী প্রবর্ত্তি
করিবার অভিলাষী, তাহা ত হইতে
পারে না। ইষ্টই হউক, আর অনি
হউক, ঘটনাটি এই হইতেছে যে,
দেশ ও অযোধ্যায় বৃহৎ বৃহৎ জমীদ
আছেন। স্থানীয় গবর্ণমেণ্টের উদ্দি
এই যে জমীদারেরা যাহাতে স্বকী
সাধন করেন এবং তাঁহাদিগের অধি
যাহাতে সাধারণ উপকারের নিমিত্ত
সেই চেষ্টা পান। ভারতবর্ষের অন্য অ
অংশে কৃষক ভূম্যধিকারীরা আছে। ত
স্থানের গবর্ণমেণ্ট তাহাদিগকে শিক্ষি

ভূমির অবস্থা ভাল করিয়া শতকরা টাকা করে চিরস্থায়ী বন্দোবস্ত করুন। তে ধনাগারের কখন ক্ষতি হইবে। সূক্ষ্মদর্শী লোকেরা ইতিমধ্যে কদিগের দুই এক জনকে স্থানে স্থানে তশয় উপযুক্ত দর্শন করিতেছেন। পূর্ব্বাবস্থার পরিবর্ত্তচিহ্ন সন্দেহ । এই পরিবর্ত্তপুষ্প কালে উৎকৃষ্ট প্রদান করিবে। এতদ্দ্বারা আপামর ারণ বুদ্ধিমান, সৌভাগ্য শালী, ভুভক্ত এবং বোধ হইতেছে ধর্ম্ম ত হইবেন। যদি কৃষকদিগের হত চিরস্থায়ী বন্দোবস্ত না কর, তাহা লে যে পরিবর্ত্তটী হইবে, তাহা সেই কলে মূর্ত্তি ধারণ করিবে। স্তম্ভের (নিম্ন শ্রেণী) স্ফীত (বিপ্লবপর-র) হইয়া চূড়াকে (উচ্চ শ্রেণিকে) তল শায়ী করিবে।"

বাবু জয়কৃষ্ণ মুখোপাধ্যায় ও সোমপ্রকাশ।

আমরা জমীদারদিগের উপরে শিক্ষা করিবার প্রস্তাবের প্রতিকূলে যে স-আপত্তি করি, তাহার অন্যতর কারণ জমীদারেরা এরূপ লোক নন যে, তাঁহারা ন নূতন কর সহজে নিজ তহবিল তে প্রদান করেন, তাঁহারা যে কোন ায়ে হউক, তাহা প্রজার নিকট হইতে গ্রহ করিবেন। আমরা জমীদারী কর বিষয়টী উদাহরণস্বরূপে প্রদর্শন য়া স্বপক্ষসমর্থন করিয়াছিলাম। ই সেপ্টেম্বরের ফ্রেণ্ড অব ইণ্ডিয়ায় হইল, বাবু জয়কৃষ্ণ মুখোপাধ্যায় র প্রতিবাদ করিয়া লিখিয়াছেন, রা (সম্পাদক) যে কথা কহিয়া াম, তাহা অমূলক। তিনি বলেন, ন নিজে এবং বর্দ্ধমানের অন্তঃপাতী দীঘা ও ভাস্তাড়াপ্রভৃতির জমীদারে ইন্‌কম টাক্স ও জমীদারী ডাক য়া এক পয়সা লন নাই। ইহার উত্তর ল আমাদিগের বক্তব্য এই, আমরা াতঃ বর্দ্ধমান ও অন্যান্য স্থানের জমীদারের কথা বলিতে পারিতেছি না বটে কিন্তু যাঁহার অধিকারে আমাদিগের নিজের কতকগুলি জমি আছে, তাঁহাকে প্রতি টাকায় আধ পয়সা করিয়া জমীদারী ডাকের ব্যয় দিতে হয়। আমাদিগের পার্শ্ববর্ত্তী জমীদারেরাও ঐরূপ লইয়া থাকেন। জমীদার প্রজার নিকট হইতে প্রতি টাকায় আধ পয়সা করিয়া লইলেন, কিন্তু তাঁহাকে ঐ আধ পয়সার অনেক কম দিতে হয়। এক্ষণে বিবেচনা করিয়া দেখা কর্ত্তব্য, জমীদারী ডাক জমীদারের উপার্জ্জনের একটী পথ হইয়াছে কি না? যে জমীদার ঔদার্য্য গুণসম্পন্ন ও প্রজার প্রতি দয়াবান্ হইবেন, তিনি না লইতে পারেন, কিন্তু যাঁহারা তাদৃশ গুণসম্পন্ন নন, তাঁহাদিগের লইবার বাধা কি? যখন পথ মুক্ত রহিয়াছে, তখন লইবার সময়ে কে আসিয়া হস্তধারণ করিবে?

আমরা আর একটী উদাহরণ দিতেছি, ইহাতেও পাঠকগণ বুঝিতে পারিবেন প্রজার নিকট হইতে অর্থদোহনপটু জমীদারের সদৃশ দ্বিতীয় নাই। এক জন জমীদার একদা একটী স্কুল করিলেন। তখন সাহায্যদানের এই নিয়ম ছিল, বিদ্যালয়স্থাপয়িতারা যত টাকা দিতেন, গবর্ণমেণ্ট সেই পরিমাণে সাহায্য করিতেন; ছাত্র দত্ত বেতন তন্মধ্যে পরিগণিত হইত না। উক্ত জমীদার বিদ্যালয়ে নিজ দেয় অর্থের সংগ্রহার্থ নিজ জমীদারীতে গেলেন এবং প্রজাদিগকে এই কথা বলিলেন, তাঁহার পুত্রের অধ্যয়নার্থ তিনি একটী বিদ্যালয় স্থাপন করিয়াছেন। অতএব তাহার ব্যয় সমাধানার্থ তিনি পাঁচ বৎ বৎসরের নিমিত্ত প্রজাদিগের নিকট হইতে কিছু কিছু প্রার্থনা করেন; পাঁচ বৎসরের পর তাঁহার পুত্র কলিকাতায় থাকিবেন, তখন আর দিতে হইবে না। প্রজারা তাঁহার প্রীত্যর্থ একটী বৈঠক করিয়া একবাক্য হইয়া তাঁহার প্র পরিপূরণ করিল; কিন্তু জমীদার পাঁ সরপরে স্বকৃত প্রতিজ্ঞানুরূপ অব্যা দান দূরে থাকুক, প্রজারা বয় ব ভিক্ষাস্বরূপ যাহা দিয়াছিলেন, তা জমাভুক্ত করিয়া লইলেন। এটী অ দিগের সাক্ষাৎ বিদিত বিষয়। আ কেবল নয় আমাদিগের নিজ ও পার্শ্ব গ্রামের অনেকেও এ বিষয় জানেন। হয়, এক জন স্কুল ইনস্পেক্টর ও ডে ইনস্পেক্টরেরও ইহা অবিদিত নহে

ভারতবর্ষের আয় ব্যয়।

ভারতবর্ষের আয় ব্যয়ের হি এ দেশ অপেক্ষা ইংলণ্ডে অধিকতর ক্ষতরূপে প্রদত্ত হইয়া থাকে। ইংল একখানি পত্রে ভারতবর্ষের ১৮ অব্দের নিম্ন লিখিত আয় ব্যয়ের হি দেওয়া হইয়াছে:

আয়।

ভূমির ও অধীন রাজদত্ত কর	২৩,৪৬,৭৭,
শুল্ক	২,৫৪,৫২
লবণ	৬,০২,৪৩
অহিফেন	৮,৮১,৪২
ষ্টাম্প	২,৩৯,৩৯
ডাকঘর	৩৫,২৩
টেলিগ্রাফ	২৯,৮৯
লাইসেন্স কর	১৪,৮০,
মোট	৪৮,৬৬,৩২,

ব্যয়।

সেনাদল	১৬,৩৯,০১,
ঋণ ও সুদ	৬,৯২,৮৭
পবলিকওয়ার্ক	৩,৭৯,৭৮,
বিশেষ ঐ (বারিক)	২,৭৬,১২
রণতরির জন্য	৮৮,২৫,
বিদ্যাশিক্ষা	৭৮,৩২
খৃষ্টীয় গিরজা ও পাদরির নিমিত্ত	১৫,৫৫

লয়	২,৩৮,৩২,০০০
নকার্য্য	১,২৫,০৪,৪১০
ার	২,৪৮,৮৯,০০০
পেন্সন রাজনীতি সংক্রান্ত বিষয়	
ন্তি	২,৪২,০২,৮৩০
মোট	৪০,২৪.২০,১৫০

াকী আট কোটি টাকা ইংলণ্ডের দিগের গণনা করিতে হইবে। বিচার গে ৭২,৭১,১১০ টাকা, পুলিবে ২৬, ০০ টাকা, ৪পতরিতে ২৫,২২,০০০ এবং শিক্ষাবিভাগে ৭,৩৪,০০০ আয় দেখা যাইতেছে; অতএব হইতেছে প্রায় ৯ কোটি টাকার ব স্পষ্টরূপ দেওয়া হয় নাই। এই ব দেখিয়া আমাদিগের দুটি ভ্রমের শোধন হইল। আমরা জানিতাম, য় সম্প্রদায়ের নিমিত্ত রাজকোষ ত ৩০ লক্ষ টাকা ব্যয় হয়; কিন্তু ণ দেখা যাইতেছে, ১৫,৫৫,০০০ মাত্র ব্যয় হইয়া থাকে। আমরা দলের ব্যয় ১২ কোটি জানিতাম; এক্ষণে ১৬ কোটি (অর্থাৎ বিদ্রোহ সময়ে যে ব্যয় পড়িত) ব্যয় হই । আমরা আরও জানিতাম, রণ উঠিয়া যাওয়াতে ইংলণ্ডীয় গবর্ণ আমাদিগকে এ ভার হইতে মুক্ত াছেন; কিন্তু উল্লিখিত হিসাবে তে পাইলাম, আমাদিগকে প্রায় কোটি টাকা দিতে হইতেছে। কি ণ আমাদিগের স্কন্ধে এ ব্যয়ভার প করা হইয়াছে? কয়েকখানি ঙ্গ চীন ও আরব সমুদ্রে থাকিয়া ণ্ডের বাণিজ্যরক্ষা করিতেছে এবং কার ক্রীতদাসব্যবসায় নিবার- কয়েকখানি আছে। ইহার অন্যতর জাহাজদ্বারাই আমাদিগের স উপকার হইতেছে না; তথাপি াদিগকে ৮৮ লক্ষ টাকা দিতে হই কেন? আমরা বিস্ময়ান্বিত হই লাম, গবর্ণমেণ্ট এখানে যে হিসাব প্রদান করেন, তন্মধ্যে এসকল ব্যয়ের স্পষ্ট হিসাব দেন না। ইহারাই বা কারণ কি? এক সৈনিক ব্যয়ে প্রায় অর্দ্ধেক রাজস্বের ক্ষয় হইতেছে। ১৬ কোটি টাকা ত বেতন ও জাহাজভাড়াতে যায়; তদ্ভিন্ন বারিকের ব্যয় আছে। এ অংশে মিতব্যয়িতা না হইলে আমাদিগের নিস্তার নাই। চির কালই আমাদিগের স্কন্ধে নূতন নূতন করভার নিক্ষেপের চেষ্টা হইবে। রাজস্বসম্বন্ধে গবর্ণমেণ্ট কবে ন্যায়ানুগত ব্যবহার করিতে শিখিবেন? ফ্রান্স ও প্রশিয়া অপেক্ষাও ভারতবর্ষের সৈনিক ব্যয় অধিক; অথচ সৈন্যসংখ্যাগত বহু বৈলক্ষণ্য আছে। রাজস্ব বিষয়ে ভারতবর্ষের সহিত ইংলণ্ডের কিরূপ সম্বন্ধ হওয়া উচিত, তাহা স্থির করা যে একান্ত আবশ্যক, তাহা এই অস্পষ্ট হিসাবদ্বারা সপ্রমাণ হইতেছে। ভারতবর্ষের পৃথক্ সেনাদল, পৃথক্ রণতরি করা সর্ব্বাগ্রে আবশ্যক। ষ্টেট সেক্রেটারি স্বেচ্ছা পূর্ব্বক ব্যয় করিতে না পারেন, তাহার উপায় করা কর্ত্তব্য। ভারতবর্ষের ব্যবস্থাপক সভার হস্তে যত দিন না আয়ব্যয়দর্শনের ভার আসিতেছে, তত দিন সহস্রবিধ কর দিলেও আমাদিগের মঙ্গল নাই। অশুভ ক্ষণে ইংলণ্ডের সহিত ভারতবর্ষের সেনাদলের একতা হইয়াছিল।

—:০:—

অন্তঃপুরশিক্ষাপ্রণালী।

এ দেশে যেসমস্ত বিষয়ের উন্নতি এক্ষণে নয়নগোচর হইতেছে, মিসনরিরা তাহার অধিকাংশের সূত্রপাত করিয়াছেন। বঙ্গদেশের অন্তঃপুরের স্ত্রীগণ আজি কালি যে শিক্ষানুরাগী হইয়াছেন, মিসনরিদিগের যত্নই তাহার প্রথম কারণ। আমরা প্রায়ই দেখিতে পাই, কয়েক জন খৃষ্টধর্ম্মাবলম্বিনী রমণী এ দেশের অন্তঃপুরস্থিত স্ত্রীলোকদি শিক্ষার নিমিত্ত কয়েক বৎসরকাল ক্ষণ পরিশ্রম করিতেছেন। তাহার ফল ফলিল, বোধ হয় পাঠকগণ ত ন্ত অবগত হইবার নিমিত্ত এ কৌতূহলাক্রান্ত হইবেন সন্দেহ না মৃত বিবি মলেন্স প্রথমতঃ আমাদি বর্ত্তমান অন্তঃপুরশিক্ষাপ্রণালীর উ বন করেন। তাঁহার পর বিবি মরে এক গুণবতী মিসনরিপত্নী এই প্রণা অনুসরণে প্রবৃত্ত হন। বিবি মরে গুলি ইউরোপীয় ও এতদ্দেশীয় খৃষ্টা শিক্ষয়িত্রীকে স্থানে স্থানে প্রেরণ করে তাঁহারা লিখন পঠন ও সূ কাজের শিক্ষা দিতেন। বিবি মরে লের তত্ত্বাবধান করিতেন। ঐ গুণব রমণী ইংলণ্ডে গমন করিলে পর তাঁ বিদ্যালয়সকল মিস ব্রিটনের হস্তে প হয়। ইনি আমেরিকাবাসিনী। ভা জারবোর্ড সাহায্যে তিনি অন্তঃপু শিক্ষাকার্য্যের ভারগ্রহণ ক'রন। তাঁ অধীনে ১৭ জন ইউরোপীয় এবং জন এতদ্দেশীয় শিক্ষয়িত্রী আছেন। তাঁ প্রযত্নে স্থানে স্থানে বালিকাবিদ্যা স্থাপিত হইয়াছে। মিস ব্রিটন এ দে স্ত্রীলোকদিগের স্বভাব ও অভাব প্র রূপে অবগত হইয়াছেন। অনেক ইউ পীয়, অন্য কি বিচারপতি ফিয়ারপ আমাদিগকে এই বলিয়া ভৎর্সনা ক যে, এ দেশের পুরুষেরা এত কৃত হইয়াও স্ত্রীলোকদিগকে সর্ব্বসাধার সম্মুখে বাহির হইতে দেন না; মিস ব্রিটনই আমাদিগের এরূপ ব রের কিঞ্চিৎ মর্ম্ম অবগত হইয়াছে তিনি বলেন, সহসা ওরূপ হওয়া সাধ্য নয়। তাঁহার মত এই, এক্ষণে যেস বালিকা জন্মগ্রহণ করিতেছে, তা গকে ক্রমশঃ শিক্ষা দিয়া প্রাচীন কা হিন্দুসমাজের ন্যায় স্বাধীনতা প্র

তে হইবে। যাঁহারা পিঞ্জরবদ্ধ পক্ষীর দীর্ঘকাল অন্তঃপুরে রুদ্ধ হইয়া ন, তাঁহাদিগকে সহসা স্বাধীনতা ন করিলে অনিষ্ট ফল উৎপন্ন হইবে। বয়ে তাঁহার সহিত মিস কার্পেন্ট মত ভেদ হয়; কিন্তু যাঁহারা এ ীয় বিজ্ঞ ব্যক্তিদিগের মনের ভাব ন, তাঁহারা মিস ত্রিটনের বাক্যকেই াণিক বলিয়া আদর করিবেন সন্দেহ । মিস ত্রিটন এইপ্রকার সংস্কারের র্ত্রী হওয়াতে তাঁহার প্রবর্ত্তিত াপ্রণালীও তদনুরূপ হইয়াছে। ারা শিক্ষা করিবার অভিলাষী হন, াদিগের বাটীতে এক এক জন এত ীয় খৃষ্টীয়ান শিক্ষয়িত্রী প্রেরিত া থাকেন। আপাততঃ সামান্য ইত্য পুস্তক, অঙ্ক, ও বিদ্যাসাগরের দেশীয় ইতিহাস পাঠ করান হয়। ীগণ সূচির কাজও শিক্ষা করেন। তসপ্তাহে এক জন ইউরোপীয় শিক্ষ ী ছাত্রীদিগের উন্নতির পরীক্ষা ন। মিস ত্রিটন নিজে মধ্যে মধ্যে া সকল বিষয় স্বচক্ষে দর্শন করিয়া কন। ছাত্রীরা প্রায় ২ টাকার অধিক ন দেন না। যেখানে ইংরাজী শিক্ষা তথায় ৪ টাকাই ঊর্দ্ধসংখ্য বেতন। বাদিগের নিকটে এক পয়সাও লওয়া না, বরং অনেকে মিস ত্রিটনের টে সাহার্য্য পান। তিনি বিধবাদি ক নিজের বাটীতে আনিয়া সংগীত অন্য অন্য বিষয় শিক্ষা দিবার চেষ্টা ইয়াছিলেন, তাহাতে কৃতকার্য্য তে পারেন নাই। এই প্রকারে প্রায় ০ শত এতদ্দেশীয় স্ত্রীলোক ও বালিকা ত্রিটনের যত্নে শিক্ষালাভ করিতে ন। গবর্ণমেণ্ট প্রতিছাত্রীতে এক া সাহায্য দান করেন। আমেরিকার সনরিরা মাসিক ১২০০ টাকা দিয়া কেন; কিন্তু যে ব্যয় হয়, তাহাতে শিক্ষয়িত্রী ও মিস ত্রিটনকে নিজে অতি সামান্য অবস্থায় অবস্থান করিয়া কাল হরণ করিতে হয়। যিনি লর্ড সাহেবকে নিজের বাটীতে দর্শন করিয়াছেন, তিনি মিস ত্রিটনের বাটীতে গমন করিলে দেখিবেন, মিসনরিদিগের ন্যায় তাঁহাদিগের স্ত্রীগণও অতি সামান্য আহার ও পরিচ্ছদ পাইয়া জগতের হিতসাধন করিতেছেন।

পদ সাগরে নিমগ্ন হইতে অথবা এক
ন উপযুক্ত শাসনকর্ত্তার শাসনসুখ
ভব করিতে চলিলাম? যদি লার্ড
নিঙের দৃষ্টান্ত দর্শন করিয়া সিদ্ধান্ত
া যায়, লার্ড মের ভারতবর্ষের যোগ্য
সনকর্ত্তা বলিয়া প্রতীয়মান হইবেন
ন্দেহ নাই। এখানকার একখানি ইং
জী পত্রে এই কথা বলিয়া লার্ডমেয়ের
তি অসন্তোষ প্রকাশ করা হইয়াছে
তিনি পরিশ্রমী লোক বটেন; কিন্তু
হার নূতন রাজনীতি উদ্ভাবন করি-
ক্ষমতা নাই; তাঁহাকে ষ্টেটসেক্রে-
রির আজ্ঞাবহ থাকিয়া কাজ করিতে
বে, তিনি স্বাধীনবৃত্তি হইয়া কোন
জ করিতে পারিবেন না।

এক্ষণে ইংলণ্ডের সহিত ভারতবর্ষের
প্রকার সম্বন্ধ ও টেলিগ্রাফ প্রভৃ-
া দ্বারা নৈকট্য হইয়াছে, তাহাতে
র ভারতবর্ষের নিমিত্ত স্বাধীনবৃত্তি
র জেনরলের প্রয়োজন নাই। ইং
স্বয়ংই দিন দিন আমাদিগের শুভা
শুভ চিন্তাশীল হইতেছেন। ষ্টেটসেক্রে
টারি এখন তন্ন তন্ন করিয়া ভারতবর্ষের
সকল বিষয় দেখিতে আরম্ভ করিয়াছেন।
এ অবস্থায় স্বাধীনবৃত্তি গবর্ণর জেনর-
লের অণুমাত্র আবশ্যকতা দেখা যাই
তেছে না। জগদীশ্বর করুন, লার্ড ডেল
হাউসির নায় স্বাধীনবৃত্তি গবর্ণর জেন
রল যেন ভারতবর্ষে আর কখন না আই
সেন। তিনি ভারতবর্ষের যে হিত করিয়া
গিয়াছেন, ভারতবর্ষ আজিও তাহার
ধাক্কা সামলাইতে পারেন নাই।

লার্ডমেয় ভারতবর্ষীয় ও ভারতব-
র্ষস্থ ইউরোপীয় উভয়ের ভেদ না করিয়া
তুল্যরূপে উভয়ের শাসন ও পালনকার্য্য
সম্পন্ন করিবেন, এই আশঙ্কা করিয়া ইং
রাজী সমাচারপত্রসম্পাদকেরা কি
তাঁহাকে অযোগ্য বলিয়া নির্দ্দেশ করি
তেছেন? লার্ড ডেলহাউসি যেরূপ করিয়া
ছিলেন, যিনি সেইরূপ ভারতবর্ষের
অনিষ্ট করিয়া ইংলণ্ড ও ইংরাজ রাজ
পুরুষদিগের ইষ্টসাধন করিতে পারেন,
তিনিই কি যোগ্য ব্যক্তি?

ইংলণ্ডের সহিত দিন দিন ভারতব-
র্ষের যেপ্রকার সম্বন্ধ হইতেছে, তদ্বি
ষয় বিবেচনা করিলে ভারতবর্ষে আর
স্বতন্ত্র গবর্ণর জেনরল নিয়োগ আবশ্যক
বলিয়া প্রতীয়মান হয় না। বোম্বাই ও
মান্দ্রাজে এক এক জন গবর্ণর আছেন।
বাঙ্গালাদেশ ও উত্তর পশ্চিমাঞ্চলে লেপ্ট
নাণ্ট গবর্ণর উপাধি রহিত হইয়া এক
এক জন গবর্ণর নিয়োজিত হউন। ঐ
উভয় দেশের সীমার পরিবর্ত্ত ও বৃদ্ধি
করিয়া অযোধ্যাপ্রভৃতিকে উহার অন্ত
র্গত করা হউক। নূতন গবর্ণরদিগকে
কতকগুলি বিষয়ে স্বাধীনতা প্রদান করা
হউক। তাঁহারা এক কালে সাক্ষাৎ
সম্বন্ধে ষ্টেটসেক্রেটারির নিকটে গুরুতর
বিষয়সকলের রিপোর্ট করিবেন। ষ্টেট
সেক্রেটারির কৌন্সিল সভা আছে, সভ্য
দিগের এক এক জনের উপরে এক
বিষয় দর্শনের ও গুরুতর বিষয়ের ব
করিয়া মীমাংসা করিবার নিয়ম থ
সত্বর ও সুন্দররূপে কার্য্যসম্পাদন
সন্দেহ নাই।

ভারতবর্ষে স্বতন্ত্র গবর্ণর জে
নিয়োগপ্রথা রহিত হইলে কেবল
ব্যয়সংক্ষেপরূপ লাভ হইবে এরূপ
সময় সংক্ষেপরূপ আর একটী মহ
হইবে। এখন ষ্টেটসেক্রেটারির নি
কোন বিষয় প্রেরণ করিতে হইলে গ
জেনরলের হস্ত দিয়া পাঠাইতে
তাহাতে অনেক সময়াতিপাত
থাকে।

বহুদূরবর্ত্তী ইংলণ্ড হইতে ভ
বর্ষের শাসনকার্য্য সম্পন্ন হওয়া
বিত নয়, যদি কেহ এরূপ আ
করেন, তদুত্তরে বক্তব্য এই, যদি
জিলিঙ হইতে এই কার্য্য সম্পন্ন
ইংলণ্ডের সহিত আজি কালি ভার
র্ষের যেরূপ নৈকট্য সম্বন্ধ হই
তাহাতে ইংলণ্ড হইতে শাসন
নির্ব্বাহ না হইবার বিষয় কি? প
ইংলণ্ডের সহিত ভারতবর্ষের বহুদ
ছিল। এক্ষণকার ন্যায় টেলিগ্রা
জাহাজপ্রভৃতির গমনাগমনের সু
ছিল না। তখন ইংলণ্ড হইতে অন্ত
আনাইয়া কোন কার্য্য করিতে হ
সে কার্য্য ধ্বংস হইয়া যাইত, সুত
এক জন স্বতন্ত্র গবর্ণর জেনরল নি
ও তাঁহাকে সমধিক স্বাধীনতাপ্রদ
আবশ্যকতা হইয়াছিল। এখন সে
দায়ের পরিবর্ত্ত হইয়া গিয়াছে,
আর কেন? এখন পূর্ব্ববৎ স্বধী
প্রদানের ফল কেবল অনিষ্ট। অ
গবর্ণর জেনরলের যদি ষ্টেটসেক্রেট
অধীনতা না থাকিত, তাহা হ
কৃষকদিগকে নীলকরের ক্রীত
করণের মহৌষধস্বরূপ কণ্ট্রাক্ট অ

াবাধবদ্ধ হইয়া যাইত। স্বাধানরাজ্ঞ
া জেনরলেরাই ভারতবর্ষের অর্থ
ুর কারণ। তাঁহারা অকারণে অথবা
ন্য কারণে নানা স্থানে সমরানল
লিত করিয়া ভারতবর্ষকে ঋণজালে
ত করিয়াছেন। কাবুলের যুদ্ধ উহার
তর উদাহরণ।

—:০:—.০:—

চৌকীদারী টাক্স ও গ্রামা
চৌকীদার।

আমরা প্রস্তাবান্তরে স্থানীয় করের
বাদ করিলাম। সাক্ষাৎ সম্বন্ধে কর
শীয় প্রজাদিগের একান্ত বিদ্বিষ্ট।
করসংগ্রাহক কর্ম্মচারীদিগের
স কেবল যে অত্যাচারের নিদান হয়
নয়, তদ্দানে অনেকের সামর্থ্যও
। চৌকিদারী টাক্সকেই আজি আমা
য় বাক্যের প্রমাণ স্থলে গ্রহণ করি
। যাঁহারা চৌকিদারী টাক্সের
পাত্র নির্ণয় করিয়াছেন, তাঁহাদি
ভ্রমপ্রযুক্ত অনেক অযোগ্য পাত্রও
অনির্দ্দিষ্ট হইয়াছে। কত
র গৃহের কপাট ও গো মেষপ্রভৃতি
য় করিয়া টাক্স আদায় করিতে হয়
তাহার সূক্ষ্ম অনুসন্ধান হয়, তাহা
ই প্রমাণ হইবে, কত লোক দিতে
র্থ।

এ টাক্সে আমরা প্রজার অণুমাত্র
দেখিতে পাই না। যে কিছু অর্থ
ইত হয়, প্রায়ই তাহা সংগ্রাহক কর্ম্ম
ও প্রহরীদিগের বেতনে পর্য্যাপ্ত
যাহা কিছু উদ্বৃত্ত থাকে, তাহা রাজ
গত হয়; তাহার পুনরাবৃত্তি হয়
যে যে স্থানে চৌকিদারী টাক্স হই
, আর যেখানে হয় নাই, উভয়ের
ধ্যেও কিঞ্চিন্মাত্র বৈলক্ষণ্য লক্ষিত
। উভয় স্থলেরই রাস্তা ঘাটপ্রভৃ
অবস্থা তুল্য। রক্ষাকার্য্যও তুল্য
সম্পাদিত হইতেছে। বরং স্থানে
স্থানে, দেখিতে পাওয়া যায়, যেখানে চৌকিদারী টাক্স নাই, এরূপ গ্রামে চৌর্য্যের প্রাদুর্ভাব অপেক্ষাকৃত অল্প।

যখন প্রমাণ হইল, চৌকিদারী টাক্স প্রভৃতি অপরোক্ষ করের প্রতি প্রজার নিতান্ত বিদ্বেষ, তাহাতে অনেকের অসামর্থ্য এবং যেখানে চৌকিদারী টাক্স আছে, আর যেখানে নাই, উভয় গ্রামের অবস্থা সমান, তখন চৌকিদারী টাক্স উঠাইয়া দেওয়াই কর্ত্তব্য। উহা প্রজার হৃদয়শূলের ন্যায় হইয়া অনর্থক তাহাদিগকে উদ্বেজিত ও অসুখিত করিতেছে। যদি পুলিষ কর্ম্মচারীরা রাত্রিতে গ্রামে গ্রামে ভ্রমণ করিয়া চৌকিদারদিগকে সতর্ক করেন, চৌর্য্যাদি হইলে তাহা গোপন না করিয়া তাহা লইয়া ধুম ধাম করা ও চৌকিদারের দণ্ড করা হয়, এবং এরূপ একটা নিয়ম করা হয়, যিনি নিয়মিতরূপে মাসে মাসে চৌকিদারের বেতন না দিবেন, তাঁহাকে ঐ বেতনের ত্রিগুণ বা চতুর্গুণ দণ্ড দিতে হইবে, তাহা হইলে গ্রাম্য চৌকীদার দ্বারাই সুন্দররূপে গ্রাম শাসন হইতে পারে। আমরা দেখিতে পাই, যেখানে অধিকতর কড়াকড় আছে, সে গ্রামের রক্ষাকার্য্য সুন্দররূপে সম্পাদিত হইতেছে। এখন সচরাচর দেখিতে পাওয়া যায়, গ্রাম্য লোকদিগের একটী অদ্ভুত পূর্ব্ব গুণ আবির্ভূত হইয়াছে। উহার দ্বারাও রক্ষাকার্য্যের সবিশেষ আনুকূল্য হইতেছে। পূর্ব্বে গ্রামের মধ্যে চৌর্য্যাদি হইলে গ্রামের লোকে পুলিষের উপদ্রব ভয়ে তাহা গোপন করিতেন এখন আর প্রায় সেরূপ করেন না, এখন গ্রামের অধিকাংশ লোকে সাহসী হইয়াছেন এবং এসকল বিষয় যত প্রকাশ হয় ততই মঙ্গলের বিষয় ইহা বুঝিতে পারিয়াছেন। ফলতঃ যাবৎ গ্রামস্থ লোকদিগের এই সকল ভাবের হ্রাস হইয়া গ্রামের র ভার তাঁহাদিগের হস্তে ন্যস্ত না হইবে তাবৎ সম্পূর্ণরূপে অভীষ্ট সিদ্ধ হই সম্ভাবনা নাই। কলিকাতাই ইহার এ সেখানে পুলিষের বন্দোবস্তের ন্যূ নাই, প্রহরী অসংখ্য, ইনস্পেক্টর ও স্পেক্টর জেনেরল প্রভৃতি অবস্থান বিরাজ করিতেছেন, কিন্তু হত্যাদি তর দুষ্ক্রিয়ার অনুষ্ঠানকালে উহা হইতেছে না, পরেও উহার অনুস হইতেছে না। অতএব স্থির হইতে চৌকীদারী টাক্স করিয়া প্রহরীর সং অধিক করিতে পারিলেই গ্রা সুন্দররূপ রক্ষা হয় না। তবে চৌকি টাক্স লইয়া প্রজাদিগকে জ্বালায় করিবার আবশ্যকতা কি?

এদেশীয়দিগের ইংলণ্ডগমনে কি
উপকার হইতেছে?

বাবু উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ব ষ্টর হইয়া কয়েক দিন হইল ইং হইতে কলিকাতায় প্রত্যাগমন কি ছেন। আরো কয়েক জন ইংলণ্ড হ এদেশে ফিরিয়া আসিয়াছেন। আ পূর্ব্বে আশা করিয়াছিলাম, এদেশী ইংলণ্ডে পথ পাতিত করিলে এদে বিশিষ্ট উপকার দর্শিবে। কিন্তু ক ইহার বৈপরীত্য লক্ষিত হইতেছে "যিনি লঙ্কায় যাইতেছেন, তিনিই র হইতেছেন।" যাঁহারা ইংলণ্ড হ প্রত্যাগত হইতেছেন, তাঁহাদিগের এ দেশের কোন বিষয় ভাল লাগিতে না। অন্য কথা কি, ইহাঁদিগের কাংশ পূর্ব্বপরিণীত পত্নী পরিত্যা উন্মুখ হইতেছেন। যাঁহাদিগের এ দে কোন বিষয়ই ভাল লাগিল না, তাঁ গের হইতে দেশের উপকারপ্রত্ মরীচিকায় জললাভপ্রত্যাশার

কল সন্দেহ নাই। তাঁহারা বিলাত
ত কেবল আত্মসুখাভিলাষী হইবার
বটি শিখিয়া আসিতেছেন। বোধ
র বিগাতপ্রত্যাগত পারশীর স্ত্রী
ত্যাগের মকদ্দমায় বিচারকর্ত্তা বলিয়া
ন, পারশীর স্ত্রী পরিত্যাগ যদি
ও গমনের ফল হয়, তাহা হইলে
শীয়েরা যেন তথায় গমন না করেন।
রা আরো কছু অধিক বলিতেছি,
শ যদি তাঁহাদিগের ভাল না লাগে
হারা যেন আর ইংলণ্ডে না যান।

—:০:—

প্রাপ্ত।

বঙ্গীয়দিগের দৈহিক অবনতি।

বায়ু।

(গতপ্রকাশিতের পর)

য়ু অতি লঘু এবং তরল পদার্থ। মৎস্যে
প জলমধ্যে নিমগ্ন থাকে, আমরাও
রূপ বায়ুসাগরে নিমগ্ন আছি! নিশ্বাস
াস প্রভৃতি জীবন রক্ষণোপযোগী কার্য্য
বায়ুদ্বারা সম্পাদিত হয়। ফলতঃ বায়ুই
ধারণের এক মাত্র উপায়। বায়ুর বিন্ত
অল্পেই বিনষ্ট হইতে পারে। ইহা যদি
কোন বিষ গ্যাসের সহিত মিশ্রিত হয়
া ইহার স্বাভাবিক অংশের কিছু
াত ঘটে, তাহা হইলে ইহার নির্ম্মলত্ব
বিনষ্ট হইয়া যায়। নির্ম্মল বায়ু শরীরের
যেরূপ উপকারী, দূষিত বায়ু সেই রূপ
কারী। এক্ষণে নানা কারণে এ দেশের বায়ু
ষ হইয়া আসিতেছে। অন্যান্য দূষিত
মধ্যে মেলিরিয়াটি অধুনা এখানে
ন হইয়া ঠিয়াছে। পূর্ব্ব পূর্ব্ব প্রস্তাবে
া নাম ও কতক দোষোল্লেখ করা হই-
ল। অদ্য তাহার সংক্ষেপ বিবরণে প্রবৃত্ত
া গেল। ইহা শরীরের পক্ষে মহানিষ্ট
ইহার গুণ মনুষ্য মাত্রেরই অবগত
কর্ত্তব্য। মেলিরিয়াটি যে কি পদার্থ,
র নিরূপণজন্য অনেক রসায়নবিদ্যা
দ পণ্ডিত মেলিরিয়াপ্রধান প্রদেশেস্থ
ায়ুকে রাসায়নিক পদার্থ ও অনুবীক্ষণ
যন্ত্রদ্বারা পুনঃ পুনঃ পরীক্ষা করিয়াছিলেন; কিন্তু তাঁহাদের সে চেষ্টা সফল হয় নাই। বাস্তবিক ইহা আমাদের কোন ইন্দ্রিয়ের গোচর নহে। ইহার উৎপত্তি বিষয়ে নানা প্রকার মত দেখিতে পাওয়া যায়। অনেকেই বলেন ইহা স্বভাবতঃ ভূগর্ভ হইতে নিঃসৃত হয়। পরে বায়ুর সহিত মিশ্রিত হইয়া যায় উষ্ণতাতে ইহা উপন্ন হয়। শীত কটিবন্ধে ইহা জন্মে না। অন্যান্য স্থানাপেক্ষা কেন্দ্র নিকটবর্ত্তী স্থানে ইহার প্রবল প্রাদুর্ভাব এবং অনিষ্টকারিতাগুণ প্রধান রূপে লক্ষিত হয়। কেহ কেহ কহেন, আর্দ্রতা ইহার উৎপত্তির একটি কারণ। আর্দ্র ও জলপ্লাবিত প্রদেশগুলির মধ্যে মেলিরিয়ার আধিক্য দেখিতে পাওয়া যায় কোন কোন সুবিজ্ঞ চিকিৎসক বলিয়াছেন যে, কেবলমাত্র আর্দ্রতা ও উষ্ণতাতে ইহা জন্মে না মৃত্তিকা জল, তেজ এবং বায়ু এই চারিটি ভূতই ইহার উৎপত্তির হেতু। পরন্তু পচা পাশব ও উদ্ভিজ্জ দ্রব্য হইতেও ইহা উৎপন্ন হয়। যে দেশ অধিক উষ্ণ ও আর্দ্র তথায় অসংখ্য পরিমাণে উদ্ভিজ্জ দ্রব্য জন্মিয়া থাকে এবং সেই দ্রব্যগুলি যে পরিমাণে পচিতে থাকে, মেলিরিয়াও সেই পরিমাণে জন্মে অনেক পণ্ডিত বলেন, এমন অনেক দেশ আছে যে তথায় পাশব ও উদ্ভিজ্জ দ্রব্য পচিতেছে না অথচ মেলিরিয়া উৎপন্ন হইয়া থাকে। সেই স্থানের মৃত্তিকার কেমন শোষণশক্তি ও গুণ যে ইহা জলপ্লাবিত হইলে অমনি সমুদয় জল শোষণ করিয়া লয়। পরে সূর্য্যকিরণ খরতর হই। ঐ সকল স্থান যত শুষ্ক হইতে থাকে ততই মেলিরিয়া উত্থিত হয়। ইহা গরল তুল্য পদার্থ। মানবদেহের পক্ষে বিশেষ অপকারী। নগরস্থ কলুষিত বায়ু যদিও অস্বাস্থ্যকর ও রোগমূলক কিন্তু তাহা মেলিরিয়া নহে. মেলিরিয়াতে একঘর পালাজ্বর প্রভৃতি জ্বর উৎপন্ন হয়। আর্দ্র ও জলপ্লাবিত স্থানবাসীরা সর্ব্বদাই মেলিরিয়াঘটিত জ্বর ভোগ করিয়া থাকেন। ভূগর্ভনিঃসৃত উক্ত সংহারক বায়ু অবস্থাভেদে মানব দেহোপরি নানা ক্ষমতা প্রকাশ করিয়া থাকে। যেখানে ইহা প্রচুর পরিমাণে উৎপন্ন হয়, তথায় ইহার অহিতকারিতা গুণ আশু লক্ষিত হয়। কোন অর্ণবপোতের নাবিকেরা কোন স্থ ভূমিতে অবতরণ করিয়া এক রজনী বাহিত করিয়া তাহাতে প্রত্যাগমনের পূ জ্বরাক্রান্ত হইয়াছিলেন। যথায় ইহা পরিমাণে উৎপন্ন হয়, তথায় ইহার অশু বিলম্বে ফলিয়া থাকে। উক্ত বায়ু সে সপ্তাহ, পক্ষ, অথবা মাসান্তে, অনে জ্বরাক্রান্ত হইয়া থাকেন। ঐ সময়ের পীড়াটি শরীরের মধ্যে অঙ্কুরিত হয়, কোনপ্রকার উত্তেজক কারণ পাইলেই বর্দ্ধিত হয়। সর্ব্ব সময়ে মেলিরিয়ার প্রাদুর্ভাব থাকে না। যে সময় স্থান জলমগ্ন থাকে, তখন ইহার তেজের খর্ব্বতা দেখা যায়। পরে যখন ঐ স্থান শুষ্ক হইতে থাকে, তখন ইহা সংহা ধারণ করিয়া চারি দিগে বিস্তৃত হয় মহাত্মা বিসপ হিবার আপন লিখিত প্রদেশের ভ্রমণবৃত্তান্তে তৎ তৎ স্থ মেলিরিয়ার প্রাদুর্ভাবের বিবরণ লি সময়ে লিখিয়াছেন যে, " আমি মোষ্ঠার ডারসনকে জিজ্ঞাসা করিলাম মে ল উথ,ন সময়ে বানরে। অরণ্য পরিত্যা কি না? তিনি উত্তর করিলেন বানর কি মাত্রেই যা ারিক সংস্কারের বশংবদী এপ্রেল মাসের প্রারম্ভে উক্ত স্থান পরিত্যাগ করে। ব্যাঘ্রেরা পর্ব্বতে পলায়ন করে। কালস্যার ও বন্য বরাহ কর্ষিত ক্ষেত্রে গমন করিয়া উপদ্রব ডাকবাহক ও সৈনিক পুরুষদিগ অরণ্য দিয়া গমনাগমন করিতে হয়। ও সকলে একবাক্য হইয়া বলেন, ঐ সম প্রাণিশূন্য ভয়ানক স্থানে একটী রবও শুনিতে পাওয়া যায় না। বর্ষা সর্ব্বদা বারিবর্ষণ হয় ও আবাশ মে থাকে। তখন বাষ্পোদ্গম বন্ধ থাকে ঐ অরণ্য দিয়া কথঞ্চিৎ রূপ নির্ব্বিঘ্নে রাত করা যাইতে পারে। গ্রীষ্মকালে ও অব্যবহিত পরে অর্থাৎ মে এবং মাসের শেষে ও সেপ্টেম্বরের প্রারম্ভে অতিশয় ভয়ঙ্কর ভাষণাকার ধারণ করে; পশু প্রাণিসকল অক্টোবর মাসে পুনর

র। ঐ মাসের শেষে কাঠুরিয়া ও
পালকেরা সাবধান হইয়া তথায়
ন করে নবেম্বরের অর্দ্ধেকের পর মার্চ্চ
পর্য্যন্ত সেনাগণ তাহার ভিতর দিয়
নাগমন করে। স্থানের উষ্ণতা ও উচ্চ
ভেদে মেলিরিয়াঘটিত জ্বরের ভিন্ন ভিন্ন
কার দৃষ্ট হয়। এতদ্ভিন্ন ইহার কএকটি
শষ গুণ আছে, তাহা নিম্নে প্রদর্শিত
ল।

১ ম। ইহা জলোপরি দিয়া এক স্থান
তে অন্য স্থানে গমন করিতে পারে না।
হয় জল ইহাকে আকর্ষণ করিয়া লয়।

২ য়। ক্ষুধার্ত্ত ও দুর্ব্বল ব্যক্তিরা ইহা
সহজেই আক্রান্ত হন।

৩। যে দেশে ইহার বিশেষ প্রাদুর্ভাব,
কার লোক অপেক্ষা ভিন্নস্থান বাসী-
কে সহসা ভীষণরূপে আক্রমণ করে।
রিয়া প্রধান প্রদেশবাসীরা সর্ব্বদাই ঐ
সেবন করিয়া থাকেন বলিয়া উহা তাঁহা
এক প্রকার সহ্য হইয়া গিয়াছে। অন্যা
কেমন নহিলে যে, মেলিরিয়াটী তাঁহা
বিশেষ অনিষ্ট করিতে পারে না।

৪ র্থ। মেলিরিয়াপ্রধান প্রদেশসকল
অপেক্ষা রজনীতে ভীষণ আকার ধারণ
। ঐ সকল প্রদেশের অনাবৃত স্থানে যদি
যাপিত হয়, তাহা হইলে জ্বর হইবার
সম্ভাবনা। ইহার কারণ হয় ত পূর্ব্ব
ক্ত মেলিরিয়া সকল রজনীতে ঘনীভূত
ক্ষুচিত হইয়া থাকে; কিম্বা রাত্রিতে উহা
পরিমাণে উৎপন্ন হয়; অথবা লোকের
র গুণেই হউক, এই কারণ গুলির মধ্যে
না কোন কারণে জ্বর হয়া থাকে।
ণব যানের ২৯৬ জন নাবিক কোন
মেলিরিয়াপ্রধান প্রদেশে গমন করি-
ল। তন্মধ্যে ২৮০ জন দিবসেই জাহাজে
াগমন করে। অবশিষ্ট ১৬ জন তথায়
অতিবাহিত করে বলিয়া জ্বরাক্রান্ত
তাহাদের মধ্যে ১৩ জন মৃত্যু গ্রাসে
তিত হয়। কিন্তু যাহারা দিবসে প্রত্যাগ
রে তাহাদের এক জনও পীড়িত হয়
।

৫ ম। ইহা নিম্নস্থানপ্রিয়। বায়ু
অপেক্ষা গুরুতা প্রযুক্ত হউক বা পৃথিবীর আকর্ষণ শক্তির গুণেই হউক, অথবা পৃথিবীর নিকটবর্ত্তী বায়ু সকল স্যাঁতপরিপূরিত হয় বলিয়া তাহার সহিত মিশ্রিত হয়। যে কোন কারণে হউক ইহা নিম্ন স্থানে থাকে। অনেক মেলিরিয়াপ্রবল প্রদেশস্থ সৈন্য দিগের বাসস্থানের তালিকায় দেখিতে পাওয়া যায় যে, যেসকল সৈন্য দুই বা তিন তালা গৃহে বাস করে তাহাদের অপেক্ষা এক তালা গৃহবাসীরা অধিক পীড়িত হয়।

৬ ষ্ঠ। ইহা বায়ু দ্বারা সঞ্চালিত হইয়া নিকটবর্ত্তী স্বাস্থ্যকর স্থানসকলে গমন করিয়া তাহাদিগকে পীড়াজনক করিয়া তুলে। বাদার সন্নিহিত নগরগুলির প্রতি দৃষ্টি করিলে সহজেই উপলব্ধি হইতে পারে যে, যখন বাদার দিক হইতে বায়ু আইসে তখন নগরবাসীরা পীড়িত হন। যখন অন্যান্য দিক হইতে বায়ু বহিতে থাকে তখন নগরগুলি স্বাস্থ্যকর থাকে।

৭ ম। সুবিস্তৃত শাখা প্রশাখাবিশিষ্ট বৃহৎ বৃহৎ বৃক্ষসকল ইহাকে আকর্ষণ করিয়া লয় এবং উহা সেই বৃক্ষসমূহে আবদ্ধ থাকে যদি কেহ সেই পাদপসমূহের তল দিয়া গমনাগমন করে, কিম্বা তাহাদের তলে নিদ্রা যায় তাহা হইলে মেলিরিয়া তাহাকে আক্রমণ করিয়া থাকে। যাহারা মেলিরিয়ার উক্ত গুণ বিষয়ে অনভিজ্ঞ তাহারা সেই সেই গাছের তল দিয়া গমনাগমন করে; সুতরাং পীড়িত হয়; গাছগুলি এক পক্ষে যেমন অপকারক পক্ষান্তরে সেমনি উপকারক। ইহা শ্রেণীস্থ বৃক্ষ গুলিকে অতিক্রম করিয়া স্থানান্তরে যাইতে পারে না।

মেলিরিয়াটি কেবলমাত্র জ্বরোৎপাদক নহে, ইহা সাধারণের স্বাস্থ্যনাশক। ডাক্তর ওয়াটসন সাহেব বলিয়াছেন, যেখানে মেলিরিয়া অধিক পরিমাণে জন্মে এবং যথায় ইহা বহুকাল ব্যাপিয়া থাকে। তথাকার লোকেরা মলিন ও পাংশুবর্ণ হয়। তাহাদের শরীর ভগ্ন ও রুগ্ন হইয়া যায়। অধিকন্তু তাহারা অকর্ম্মণ্য হইয়া পড়ে এবং তাহাদিগের অল্পবয়স্ক তনয় তনয়াদিগের আকার প্রকার দেখিলে বোধ হয় যেন তাহাদের বয়সের আধিক্য হইয়াছে। যে পরিমাণে তা শারীরিক বল বীর্য্যের হ্রাস হয় সেই মাণে মানসিক বৃত্তিগুলিও নিস্তেজ আইসে। পাঠকবর্গ একবার এখা লোকদিগের প্রতি দৃষ্টিপাত করুন। তঁ পূর্ব্বোক্তপ্রকার দুর্দশাগ্রস্ত হইতেছে না, দেখিতে পাইবেন। এখানে দিন যেরূপ মেলিরিয়ার প্রাদুর্ভাব হইতে অত্র লোকের যেরূপ দৈহিক অবস্থা আসিতেছে; বোধ হয় যেন দেশটি ম লয়প্রাপ্ত হইবে। কৃষিকার্য্য ও হলপ্র অর্থাৎ জল নির্গমনের উপায় হইলে রিয়া উৎপত্তির নিবারণ হইতে প বাণিজ্যের ও চিরস্থায়ী বন্দোবস্তের ক এখানে কৃষিকার্য্য এক প্রকার হইয়া থ কিন্তু জল প্রণালীগত বিলক্ষণ দোষ অ জল প্রণালীর বর্ণনা সময়ে বলিয়াছি অদ্য বলিতেছি যে, উহার প্রতি দয়াবান বৎসল গবর্ণমেণ্ট ও দেশের লোক মনো হউন, অবশ্যই শুভ ফল ফলিবে।

—:•:—

বিবিধ সংবাদ।

৬ ই আশ্বিন সোমবার।

কাশ্মীরেও দুর্ভিক্ষের আশঙ্কা হইয় এদিগে বৃষ্টি আর ধরে না উত্তর পশ্চিমা প্রখর সূর্য্যোত্তাপে সকলই দগ্ধ হইতেছে।

সম্প্রতি আলাহাব দে প্রবল বাত্যা বস্তর বাটী নষ্ট করিয়াছে। গবর্ণমেণ্টের ধানার ই জন লোক হত হইয়াছে। এই ব অতি অল্প স্থানে হই য়াছে। ইহা ক্ষুদ্র নদীর তর ন্যায় যেদিগে বহিয়া গিয়াছে সেই দি বৃক্ষ ও বাটী ভূমিসাৎ হইয়াছে।

ভুজবল সিংহনামক এক জন রজপুত বান্দাপরগণার নিকটস্থ বাদল সিংহ নামক জন জমীদারকে বধ করিবার কার্য্যে লিপ্ত থাকাতে গবর্ণমেণ্ট ঘোষণা করিয়াছেন যে ভুজবলকে ধৃত করিবেন, তিনি ৫০০ নগদ ও কিছু ভূমি নিজের জীবনপ করিয়া পাইবেন। তাঁহার মৃত্যুর পর উত্তরাধিকারীকে নিয়মিত করের তৃতীয় মাত্র দিতে হইবে। রাজপুতনার ঠাকুরদি শাসন করা অতিশয় কর্ত্তব্য। মধ্য কালে এরা ইউরোপে যেরূপ করিতেন, নবাব আ অযোধ্যার তালুকদারদিগের দ্বারা যে কার্য্য তাহা একণে রাজপুতনায় হইতেছে।

৮ ই আশ্বিন মঙ্গলবার।

বোম্বাইয়ের টেলিগ্রাফ বিভাগের আর জন কর্ম্মচারীর মৃত্যু হইয়াছে। লরেন্স বাস

...ন পটুগিজ এক জাল টেলিগ্রাম করিয়া ...পিকের নিকট হইতে ৩১০০ টাকা লও ... তাহার তিন বৎসর মেয়াদ হইয়াছে। এক ...সো নামক এক জন ইংরাজ কেরাণী এই ...র সময়ে পূর্ব্বাপর এরূপ বিপরীত জবা... দিয়া ছল যে বিচারপতি অতিশয় অসন্তোষ ...প করেন।

...াজিম খাঁর সকল সৈন্য তাঁহাকে পরি... করাতে তিনি পলায়ন করিতে বাধিত ...ছেন। জেলেলাবাদ সিয়ার আলির হস্তগ... হইয়াছে। আবদুল রহমন খাঁ রুশীয় সেনাপ... নিকটে দূত প্রেরণ করিয়াছেন।

...য ইউরোপীয় আপনাকে টেলগ্রামের ডাক ... এক জন ইনস্পেক্টর বলিয়া পরিচয় দিয়া ...কে ঠকাইয়া টাকা লয়, তাহার কঠিন ...মের সহিত আট মাস মেয়াদ হইয়াছে।

৮ ই আশ্বিন বুধবার।

...ংবার রাত্রিতে বেচুয়ানামক এক জন ...ই কয়েক ব্যক্তিকে এক ছুরিকা দ্বারা ...ত করিয়া দণ্ড হইয়াছে। এক ব্যক্তির ... হইয়াছে। মালাই উন্মত্ততার ভাণ করি... । মালাইরা আফিমের নেশার মধ্যে মধ্যে ...রণ লোকদিগকে বধ করে। জাবাতে এই ...দৃষ্টান্ত সর্ব্বদা হয়। তথায় এমত লোককে ...ন ব্যক্তি বধ করিতে পারেন।

৯ ই আশ্বিন বৃহস্পতিবার।

...ক্রেণ্ড অব ইণ্ডিয়া বলেন, বাবু প্রসন্নকুমার ...র পুত্র বাবু জ্ঞানেন্দ্র মোহন ঠাকুর পিতার ...ত পাইবার নিমিত্ত প্রধান বিচারালয়ে ...ীল করিয়াছেন।

...ক পত্র আক্ষেপ করেন বর্ত্তমান পঞ্জাবী ...মেন্টসমূহে আর পূর্ব্বকার ন্যায় শীক ... নাই। এক্ষণে কেবল নিম্নশ্রেণির শীক ও ...নের সংখ্যাই অধিক। ফ্রেণ্ড বলেন বেতন ...ওয়াতে উচ্চতর শ্রেণীর লোকেরা প্রবেশ ...না। ইহা একটী কারণ বটে, কিন্তু যতদি... ...দর্শীয় ভদ্র লোকদিগকে কমিসন দেওয়ান... ...ততদিন সিপাহী সেনাদলের অবস্থ... মন্দ হইবে।

...ত জুলাই মাসে গবর্ণমেণ্টের ভিন্ন ভিন্ন ...াবে ১১০০,৯২,৩৮০ টাকা জমা ছিল। ...ৎসরে এসময়ে ১২,৩৩,৪১,৩১৫,ও ১৮৬৬ ...র জুলাইয়ের শেষে ১৩,০০,৮৫,৮০৯ টাকা ...। জমা টাকা কমিবার কারণ কি?

১০ ই আশ্বিন শুক্রবার।

...আগষ্ট মাসের শেষে সমুদায় ভারতবর্ষে ১০ ...,৮১০ টাকার নোট প্রচারিত ছিল। ...প্রতিভূস্বরূপ নগদ ৬,২৮,৭৬ ৬৩১ টাকা, ...ক্ষিত রৌপ্য ৫৬,৬১,৭১৮ টাকা, ১৪,৭৪, ... টাকার অমুদ্রিত স্বর্ণ এবং ৩,২৫,৩৪,৯৫৬ ...র গবর্ণমেণ্টের কাগজ ছিল।

১১ ই আশ্বিন শনিবার।

...গত কল্যের গেজেটে সহকারী মাজিষ্ট্রেট ...পর পরীক্ষার নূতন নিয়মাবলী প্রকাশিত ...াছে। আমরা আহ্লাদিত হইলাম পূর্ব্বা... ...া সুখতর পরীক্ষা হবে! কিন্তু পরীক্ষক ...র্ত্ত করা কর্ত্তব্য। যাঁহারা আপনারা দেশীয় ...ভাষা জানেন না, তাঁহাদিগকে পরীক্ষক করিলে ...কাম উদ্দেশ্যই সকল হইবে না।

১৩ ই আশ্বিন সোমবার।

এক জন আগড় হইতে লিখিয়াছেন, বন্যেরা গতিপ্রার্থী হইয়াছে। কিন্তু তাহাদিগের দূতগণ বলিতেছেন যেসকল দর্দ্দারকে রুদ্ধ করা হইয়াছে তাঁহাদিগকে ছাড়িয়া না দিলে সন্ধি হইবে না। প্রায় ১২০০০ সৈন্য সমবেত হইয়াছে। সোয়াতের আখুন্দ অদ্যাপিও বন্ধুভাব প্রকাশ করিতেছেন। তাঁহার তাড়নায় হিন্দুস্থানী বিদ্রোহীরা পলায়ন করিতেছে। এই হতভাগ্য দলকে সাধারণে ক্ষমা করা উচিত; যথেষ্ট দণ্ড হইয়াছে।

রাজকুমার নেওন মেওয়া কলিকাতায় উপনীত হইয়াছেন।

ডাক্তর রস্তমজি বাইরামজি একটী সিপাহী রেজিমেণ্টের আসিষ্টাণ্ট সার্জ্জন হইয়াছেন। ইংলণ্ড হইতে প্রত্যাগমন অবধি তিনি আপন স্ত্রীকে ত্যাগ করাতে পারসী বিবাহের আইন অনুসারে সম্প্রতি তাঁহার স্ত্রী তাঁহার সহবাসের নিমিত্ত নালিশ করেন। ডাক্তর এই আপত্তি করেন, প্রথমতঃ তিনি প্রধানতম বিচারালয়ের আদিম বিভাগের অধীনস্থ নহেন এবং দ্বিতীয়তঃ তাঁহার স্ত্রী এমন মুখর যে তাঁহার সহবাস তাঁহার পক্ষে কষ্টকর হয়। প্রথম আপত্তিতে মকদ্দমা অগ্রাহ্য হইয়াছে। বিচারপতি টাকার দ্বিতীয় আপত্তি উপলক্ষে বলিয়াছেন, যদি বিবাহিতা স্ত্রী ত্যাগ ইংলণ্ডে যাইবার ফল হয় তবে তথায় গমন না করাই কর্ত্তব্য।

১৪ ই আশ্বিন মঙ্গলবার।

২১ এ সেপ্টেম্বর সিমলাতে এক শিল্পপ্রদর্শন হইয়াছে। কত গুলি শকের চিত্রকর চিত্রপট ও ফটগ্রাফ প্রদর্শন করিয়াছিলেন। ইহারা সকলেই ইউরোপীয়। বিশপ কটনের বিদ্যালয়ে প্রদর্শন হয়। সর রিচাড টেম্পল এই উপলক্ষে এক বক্তৃতা করেন এবং গবর্ণর জেনরল নিজে প্রদর্শন খুলিয়াছিলেন।

বেরারে বৃষ্টি হওয়াতে শস্যের পক্ষে কতক সুবিধা হইয়াছে। পঞ্জাবেও কতক বৃষ্টি হইয়াছে। কিন্তু হিসার বিভাগটী অনাবৃষ্টিতে উৎসন্ন হইল। বিস্তর লোকে গৃহ ত্যাগ করিয়া গুজরাটের দিকে পলায়ন করিতেছে। ময়দানে তৃণ নাই; এক ঘড়া জল দুই আনায় বিক্রীত হইতেছে।

কাবুল হইতে সংবাদ আসিয়াছে, সিয়ার আলি খাঁ ও তাঁহার সর্দ্দারগণ ব্রিটিশ গবর্ণমেণ্টের সহিত সংস্রব ত্যাগ করিবার মানস করিয়াছেন। আমীর এক দিবস দরবারে বলিয়াছেন, ব্রটিশ গবর্ণমেণ্ট কাহাকেও বিপদের সময়ে সাহায্য করেন না। তাঁহারা বলবান বটেন; কিন্তু অতিশয় স্বার্থপর সিয়ার আলি যে একথা বলিবেন, তাহা পূর্ব্বেই জানা আছে।

১৫ ই আশ্বিন বুধবার।

ফেলমিউস অবগত হইয়াছেন, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, ক্রমশঃ উর্দ্দুর পরিবর্ত্তে যাবতীয় আদালতে প্রদেশীয় ভাষা প্রচলিত করা হইবে। এটী বুদ্ধির কাজ।

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন, ষ্টেটসেক্রেটারির আজ্ঞানুসারে প্রতি প্রেসিডেন্সিতে এরূপ এক তালিকা থাকিবে যে, গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের কোথায় কত ভূমি আছে তাহাতে তাহার হিসাব থাকিবে। চিহ্নিত কর্ম্মচারিগণ স্বরূপে আপন আপন প্রেসিডেন্সিতে ভূমি ক্রয় করিতে পারিবেন না।

১৬ ই আশ্বিন বৃহস্পতিবার।

গবর্ণর জেনরলের অনুরোধানুসারে ষ্টেটসেক্রেটারি বঙ্গদেশ, বোম্বাই ও মান্দ্রাজে স্ত্রীবিদ্যালয় স্থাপন করিবার কারণ পাঁচ বৎসর নিমিত্ত ১২০০০ করিয়া টাকা ব্যয় করিতে আজ্ঞা দিয়াছেন।

১৭ ই আশ্বিন শুক্রবার।

ফ্রেণ্ডঅব ইণ্ডিয়াতে টোনসেণ্ড সাহেব লিখিয়াছেন, সর জন লরেন্সকে লার্ড উপাধি দেওয়া হইবে।

১৮ ই আশ্বিন শনিবার।

সীতানা হইতে বিস্তর ওহাবি ব্রিটিশ সীমা হইতে পলায়ন করিয়া আসিতেছে। সোয়াতের আখুন্দ ও অম্বের নবাব তাহাদিগকে বিব্রত করিতেছেন। উহারা ছিন্ন ভিন্ন হইলে সীমায় শান্তি বিরাজমান হইবে সন্দেহ নাই।

২০ এ আশ্বিন সোমবার।

আমির সিয়ার আলী খাঁ ভারতবর্ষীয় দূতকে বলিয়াছেন, তিনি ব্রিটিশ গবর্ণমেণ্টের সহিত বন্ধুত্ব করিতে অনিচ্ছুক নহেন। শুনা যাইতেছে, গবর্ণর জেনরল নাকি আহ্লাদসহকারে এই প্রস্তাব গ্রাহ্য করিয়াছেন।

আজমিরে অনাবৃষ্টিনিবন্ধন তৃণপর্য্যন্ত নষ্ট হইয়াছে। মাড়ওয়ার হইতে বিস্তর লোক গুজরাটে পলায়ন করিতেছে।

২১ এ আশ্বিন মঙ্গলবার।

লাহোর ক্রনিকেলে লিখিত হইয়াছে, এক জন কুলি এক জন ইউরোপীয়ের নিকটে ৪০ টাকা পাইত। ঐ বেতন আদায় করিতে যাওয়াতে ইউরোপীয় তাহাকে গুলি করে। সৌভাগ্যক্রমে গুলি লাগে নাই। পুলিষ ঐ ব্যক্তিকে ধরিতে গিয়া দুর্দ্দশাগ্রস্ত হন। পরিশেষে অতি কষ্টে এই ব্যক্তি ধৃত হইয়াছে। মুলতানের ডিপুটী কমিসনর ৪০০০ টাকা জামিনিতে ঐ ব্যক্তিকে মুক্ত করিয়াছেন।

২২ এ আশ্বিন বুধবার।

এরূপ জনশ্রুতি, হাইদরাবাদের নিজাম ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের যে টাকা ধারেন তাহা শোধ দিয়া বেরার প্রত্যর্পণ করিবার বোধ করিয়াছেন।

২৩ আশ্বিন বৃহস্পতিবার।

ভারতবর্ষীয় সেনাগণ উত্তর পশ্চিম পার হইয়া বন্য দলকে আক্রমণ করিয়া পরাস্ত করিয়াছে। বন্যগণ এক্ষণে সন্ধিপ্রার্থনা করিতেছে।

২৪ এ আশ্বিন শুক্রবার।

ফ্রেণ্ডঅব ইণ্ডিয়া অনুমান করেন, অদ্য বর্ষে কলিকাতার পয়ঃপ্রণালী সম্পূর্ণ হইবে।

৩০ এ সেপ্টেম্বর পর্য্যন্ত কলিকাতায় ৭

ষ্টি পড়িয়াছে। গত চৌদ্দ বৎসরে ৬১·৫১ মল হইয়াছিল।

২৫ এ আশ্বিন শনিবার

রাজাদেবনারায়ণ সিংহ, কপুরতলার ও ধোলপুরের রাজগণ এবং উত্তর পশ্চি লর অনেক ভদ্র লোক একত্র হইয়া টাকা করিয়া তত্রত্য প্রধানতম বিচারালয়ের র্ব্ব বিচারপতি এডওয়ার্ডস সাহেবকে র্থ চিহ্ন স্বরূপ ৮০০০ হাজার প্রদান করি ন। নগদ টাকার অপেক্ষা বিচারপতির র্থ সাধারণের হিতকর কোন কাজ করিলে হইত।

—:০:—

ইউরোপীয় সমাচার।

গণ ১৬ ই সেপ্টেম্বর। ২৪ এ নবেম্বর ন্ত মহাসভা স্থগিত থাকিবে।

আবিসিনিয়ার সেনাদলের অন্তর্গত বেলুচি মেণ্টের মেজর সেবিল কম্পানিয়ন অব দ উপাধি পাইয়াছেন।

পিরু ও ইকুয়েডরের ভূমিকম্পের প্রকৃত দ টেলিগ্রাফে আসিয়াছে।

প্রশীয়ার রাজা সম্প্রতি এক বক্তৃতা করিয়া াছেন, ইউরোপীয় শান্তিভঙ্গের কোন ঙ্কা নাই। তিনি আরও বলিয়াছেন, শান্তি যে হইবে তাহার আর এক লক্ষণ এই য় সৈন্য ও নাবিকগণ সুসজ্জ রহিয়াছে। ত হইলে তাহারা যুদ্ধ করিতে পরাঙ্মুখ না। প্রতিনিধি মনোনীত করিবার ক্ষমত করিবার নিমিত্ত যেসকল বারিষ্টর মফস্বলে ছেন, তাঁহারা স্ত্রীলোকদিগকে এ ক্ষমত অসম্মত হইয়াছেন। এই সিদ্ধান্তের বিরুদ্ধে ীল করিবার অনুমতি দেওয়া হইয়াছে কার প্রাতঃকালের টাইমসের এক প্রস্তাবে রলিওকে ভারতবর্ষের ভাবিষ্যৎ রাজধানী ার প্রস্তাব করা হইয়াছে।

ই সেপ্টেম্বর। মাগদালোর লার্ড নেপিয়রকে নবরাবাসীদিগের স্বত্ব ও স্বাধীনতা দেওয়া ছে। ইহা গ্রহণ করিবার সময়ে তিনি বলি ন এটী তাঁহার নিজের ও সহযোগী যোদ্ধা র সম্মানচিহ্নের স্বরূপ গ্রহণ করিলেন হাতে তিনি স্কচদিগকে প্রশংসা করিয়া লেন, ধর্ম্মাবারণ হওয়াতে তাঁহারা এত াগ্যশালী হইয়া থাকেন।

ত কল্য যুদ্ধের জনরব হওয়াতে পারিসের ল আর শয়ন করা চত হইয়া ছলেন; কিন্তু ী গবর্ণমেণ্টের সপক্ষ সংবাদপত্রে লেখ ছে, প্রশীয়ার রাজার বক্তৃতা শান্তিসূচক নেপালেয়ন একলে য়োবিটজে আছেন। ৮ই সেপ্টেম্বর সে জন, ইয়র্ক কানাডার র জেনরল হইয়া এন। অদ্যকার প্রাতঃ ইমসের এক প্রস্তাবে পুনর্ব্বার আক্ষেপ হইয়াছে আবিসিনিয়ার যোদ্ধাগকে পুরস্কার দেওয়া হয় নাই। কাপ্তেন হালাম, ফসেট, ওহক এবং মেজর ষ্টানলিক ডের নাম করা হইয়াছে।

ইটালীয় গবর্ণমেণ্ট ফরাশী গবর্ণমেণ্টকে রোম হইতে সৈন্য প্রত্যানয়ন করিবার অনু রোধ করিয়াছেন বলিয়া যে জনরব হয়, তাহা কর্ত্তৃ পক্ষ অলীক বলিয়াছেন।

টুর্কিস্থানে সাহায্যকারী রুশীয় সৈন্য প্রেরিত হইবে। সেনাপতি কফমান সেণ্ট পিটরস্‌বর্গে যাইবার কল্পনা আপাততঃ ত্যাগ করিয়াছেন।

ওরিএণ্টল ব্যাঙ্কের অধ্যক্ষগণ শত করা ১২ টাকা লাভ দিয়াছেন। নাশনাল ব্যাঙ্কের অধ্যক্ষগণ শতকরা ৬ টাকা ও এক টাকা পুরস্কার দিয়াছেন।

১৯ এ সেপ্টেম্বর। কর্ণেল উইলসন পাটেন আরল মেয়ের পরিবর্ত্তে আয়ারলণ্ডের প্রধান সেক্রেটারি হইয়াছেন।

গত কল্য সম্রাট নেপলিয়নের সহিত স্পেনের রাজ্ঞী ইসাবেলার সাক্ষাৎ হইয়াছে।

২১ এ সেপ্টেম্বর। স্পেনের বর্ত্তমান রাজবং শের বিপক্ষ হইয়া কাডিজের সৈন্যগণ ও রণতরির নাবিকগণ বিদ্রোহী হইয়াছে। দুর্গের সৈন্যগণও বিদ্রোহী হইয়াছে। লা'টো নের ডিউক বিদ্রোহীদিগের অধ্যক্ষতা করিতে ছেন। প্রেসকট সেনাপতি দেশবহিষ্কৃত হইয়া ছিলেন, তাঁহারা প্রত্যাগমন করিয়াছেন। মাড্রিডে শান্তি আছে। ফ্রান্সের অন্তর্গত নিবার বিভাগে গবর্ণমেণ্টের পক্ষের প্রতিনিধি মনো নীত হইয়াছেন। বার বিভাগেও গবর্ণমেণ্টের পক্ষের লোক মনোনীত হইয়াছে।

আয়ারলণ্ডের ধর্ম্মসম্প্রদায়সংক্রান্ত কমি সনের রিপোর্ট প্রকাশিত হইয়াছে। কমিসনরেরা কাশেল, কিলাকো, কিলমোর ও মিথের বিশপের পদ উঠাইয়া অন্য অন্য বিশপের এলাকার পরিবর্ত্ত করিতে বলিয়াছেন। ডবলিনের আর বিশপের পদ ও আটটী ব্যতীত আর সকল ডনের পদ উঠাইয়া দিবার প্রস্তাব হইয়াছে যেখানে প্রোটেষ্টাণ্টদিগের সংখ্যা ৪০ জনের কম সেখানে ধর্ম্মযাজক রাখিবার আবশ্যকতা নাই, এই প্রস্তাব করা হইয়াছে। সেণ্টপিটরস বর্গ হইতে সংবাদ আসিয়াছে, আগামী জুন বর মাসে রুশীয়ার সহিত বোখারার যুদ্ধ আরম্ভ হইবে।

২২ এ সেপ্টেম্বর। স্পেন হইতে শেষে যে টেলিগ্রাম আসিয়াছে তদ্দ্বারা জানা যাইতেছে বিদ্রোহীরা সেবিলস্ত ও আণ্ডালুসিয়ার সমুদয় অংশ অধিকার করিয়াছে। সেনাপতি প্রিম মাড্রিড আক্রমণার্থ অগ্রসর হইতেছেন। মন্ত্রি গণ পদত্যাগ করিয়াছেন। সিনোর কষ্কা কৌন্সি লের সভাপতি ও প্রধান সেনাপতি হইয়াছেন।

প্রশিয়ার রাজা সম্প্রতি আর এক শান্তি সূচক বক্তৃতা করিয়াছেন। তাঁহার পূর্ব্বকার বক্তৃতার তিরার্থ কেন করা হইয়াছে তাহা তিনি বুঝিতে পারেন না। ফ্রান্সে মোসিলিতে গবর্ণমেণ্টের পক্ষের লোক প্রতিনিধি মনোনীত হইয়াছে।

২১ এ সেপ্টেম্বরের এক টেলিগ্রাম নিউইয়র্ক হইতে আসিয়াছে। ইহাতে জানা যাইতেছে, ঐ দিবস মহাসভা বসিয়া অক্টোবর পর্য্যন্ত স্থ হইয়াছে।

২৩ এ সেপ্টেম্বর। স্পেন হইতে শেষ যে গ্রাম আসিয়াছে তাহাতে জানা যাই বিদ্রোহ ক্রমশঃ বাড়িয়া উঠিতেছে। ভূত ম ফ্রান্সে পলায়ন করিয়াছেন। তাপাততঃ করিবার নিমিত্ত প্রতিনিধিস্বরূপ কয়েক নিযুক্ত হইয়াছেন। সেনাপতি এসপার্টো পতি হইয়াছেন। রাজ্ঞী ইসেবেলা সান ষ্টিনে আছেন।

এরূপ জনশ্রুতি ফরাশী গবর্ণমেণ্ট সৈন্যকে আপন আপন গৃহে যাইবার অ দিবার মানস করিয়াছেন।

কাপ্তেন ষ্টেক পদত্যাগ করাতে গত র গেজেটে দেখা গেল, সর রবার্ট মণ্টগমারি বর্ষীয় কৌন্সিলের সভ্য হইয়াছেন। সার্জ্জন স্‌ডেন ও লন আবি সনিয়ার যুদ্ধে বলিয়া তাঁহাদিগকে উচ্চ পদ দেওয়া হইয়া

গত কল্যের এক টেলিগ্রাম নিউইয়র্ক আসিয়াছে। ইহাতে জানা যাইতেছে, জ প্রদেশে ভয়ানক দাঙ্গা হইয়া ৩৫ জন কাফ্রি হইয়াছে।

এবার মিসরে ৪ লক্ষ বস্তা তুলা হই স্থির হইয়াছে।

২৪ এ সেপ্টেম্বর। লিডসের লোকে অভিনন্দন পত্র প্রদান করিয়াছেন তাহার উত্তরদানের সময়ে রেবার্ড জনসন সাহেব য়াছেন, আমেরিকা ও ইংলণ্ড উভয়ের যা ভেদ নাই।

স্পেন হইতে শেষ যে টেলিগ্রাম আসি তাহাতে বিদ্রোহের পরস্পর বিরোধী স এসিয়াছে। কিন্তু বিদ্রোহীরা স্পষ্ট জয় করিতেছে। তাহারা বোরবণ রাজবংশকে চ্যুত করিয়া জাতিসাধারণ প্রতিনিধি স্থাপন করিবার কথা করিয়াছে। রাজ্ঞী বলা সানতিবা টেনে আছেন।

২৫ এ সেপ্টেম্বর। চারলস মিস্‌স বারলেট হইয়াছেন।

স্পেন হইতে শেষ যে টেলিগ্রাম আসি তাহাতে জানা যাইতেছে, বিদ্রোহীরা যুদ্ধ ক গুলি অধিকৃত করিয়াছে। তাহারা আণ্ডালুসিয়া, এষ্ট্রিমাডুরা, করনা গালি ও সাণ্টাণ্ডার প্রদেশগুলি অধিকার করিয়া তাহাদিগের প্রধান দল সেবিলে আছে, দিগকে দমন করিবার নিমিত্ত সৈন্য ছে।

২৮ এ সেপ্টেম্বর। স্পেন হইতে শেষ যে গ্রাম আসিয়াছে তাহাতে জানা যাইতেছে বার নিকটে সেনাপতি লর্বালকসের ও সা সহিত শীঘ্র যুদ্ধ হইবে। সেনাপতি নবারি সেনাদলের অগ্রভাগ লইয়া সরাগুের মিলিত হইয়াছেন। সেনাপতি প্রিম তিন ফ্রাইগেট লইয়া কার্থেজিনা আক্রমণ ক ছেন। তত্রত্য শাসনকর্ত্তা আত্মসমর্পণ ক অসম্মত হইয়াছেন। যুদ্ধ শীঘ্রই হইবে। ব লিস্ত এবং পুরাতন ও নূতন কাষ্টিলের কাংশ লোকে বিদ্রোহী হইয়াছে। রুশীয়

প্রুশিয়ার রাজার সহিত সাক্ষাৎ করিতে গমন করিয়াছেন।

৩১ এ অক্টোবর মাগদালার লাভ নেপিয়র বোম্বাইয়ে প্রত্যাগমন করিবেন। মাডাম রাচেলের দোষ সপ্রমাণ হওয়াতে তাহার পাঁচ বৎসর মেয়াদের আজ্ঞা হইয়াছে।

২৯ এ সেপ্টম্বর। স্পেন হইতে শেষ যে সংবাদ আসিয়াছে তাহাতে প্রকাশ হইয়াছে, কার্থেজিনা ও গ্রানেডা নগরের লোকেরা বিদ্রোহী হইয়াছে। রাজকীয় সৈন্যগণ উক্ত স্থান ত্যাগ করিয়াছে। বিদ্রোহী দল এক ঘোষণাদ্বারা আপনাদিগের বক্তব্য প্রকাশ করিয়াছে। তাহারা সকলকে প্রতিনিধি মনোনীত করিবার ক্ষমতা, মুদ্রাযন্ত্রের স্বাধীনতা, ধর্ম্মের ও বাণিজ্যের স্বাধীনতা দিবার অভিলাষী হইয়াছে। বর্ত্তমান রাজবংশকে দূর করিয়া দেওয়া তাঁহাদিগের অভিপ্রেত।

—•—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ।

১৬ ই সেপ্টেম্বর—যত দিন ডবলিউ. ওয়েবেল সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন তত দিন ই. এস, মোমাল সাহেব বগুড়াতে দ্বিতীয় শ্রেণির প্রাত নাধ ম্যাজিষ্টেট ও কালেক্টর হইবেন।

আর. সি. হামিলটন সাহেব (ি ন সম্প্রতি চাকাবিভাগে ডেপুটী মাজিষ্টেট ও ডেপুট কালেক্টর হইয়াছেন) ২৯ এ আগষ্ট বাখরগঞ্জে কার্য্যভার গ্রহণ করিয়াছেন।

নিম্নলিখিত মুন্সেফগণ প্রথম শ্রেণিস্থ হইয়াছেন:—

বাবু জয়গোপাল সেন, সাহাবাদের অন্তর্গত বক্সার।

» বৈষ্ণবচরণ দাস চাকাতে।

» গুরুপ্রসাদ সেন, রঙ্গপুরে।

মৌলবী নুরুলহোসেন চট্টগ্রামের অন্তর্গত সাতকানিয়াতে।

বাবু উমাচরণ কাস্তগিরি ত্রিপুরার অন্তর্গত আমীর গ্রামে।

মৌলবী হসমতুল্লা ত্রিপুরার অন্তর্গত বেগমগঞ্জে।

বাবু বৈষ্ণবচরণ দাস চাকার মুন্সেফ হইবেন।

বাবু গুরুপ্রসাদ সেন, মালদহের মুন্সেফ হইবেন, কিন্তু যত দিন আর এক জন কর্ম্মচারী রঙ্গপুরের প্রতিনিধি মুন্সেফের কার্য্যের ভার না লন তত দিন তিনি তথায় থাকিবেন।

নিম্নলিখিত মুন্সেফেরা দ্বিতীয় শ্রেণিস্থ হইয়াছেন।

মৌলবী গজনফর আলী হাজারী বাগের অন্তর্গত খড়্গদহে।

» ফরিদবক্স গয়ার অন্তর্গত বেহারে।

» তনিজুদ্দিন ভাগলপুরের অন্তর্গত তেগড়াতে।

বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত বর্দ্ধমানের অন্তর্গত বাম নাড়াতে।

» কালীচরণ চট্টোপাধ্যায় চট্টগ্রামের অন্তর্গত দিয়াঙে।

» হরপ্রসাদ সেন, রঙ্গপুরের অন্তর্গত অলিপুরে।

» ভগবানচন্দ্র সেন, ময়মনসিংহের অন্তর্গত নিকলিতে।

» হরিশ্চন্দ্র মিত্র বর্দ্ধমানের মুন্সেফ হইবেন।

» মহেশচন্দ্র রায় কাউখালতে তৃতীয় শ্রেণির মুন্সেফ হইবেন।

» পার্ব্বতীকুমার রায় হাজারিবাগে তৃতীয় শ্রেণির মুন্সেফ হইবেন।

বাবু ত্রৈলোক্যনাথ মিত্র, বি, এল, রাজসাহীর অন্তর্গত বেল মাড়িয়ার মুন্সেফ হইবেন।

যত দিন বাবু যাদবচন্দ্র ঘোষ বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর রামকুমার বসু তমোলুক উপবিভাগের ভার পাইয়া মেদিনীপুরে মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইবেন।

যত দিন লেপ্টনণ্ট কর্ণেল ই. এ. রাউলাট বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন এফ, গ্রাণ্ট সাহেব পশ্চিম দুয়ারের প্রতিনিধি ডেপুটি কমিসনর হইবেন।

১৮ ই সেপ্টেম্বর—জে, জি, এন পোগস সাহেব ইংলণ্ডীয় বিষ্টরিয়ার ১৪ ও ১৫ অব্দের ৪০ আইন ও ভারতবর্ষের ১৮১২ অব্দের ৩ আইন অনুসারে ঢাকায় বিবাহের রেজিষ্টার হইবেন।

ডবলিউ. এচ, ওকলি সাহেব দারজিলিঙের এক জন মিউনিসিপাল কমিসনর হইবেন।

নিম্নলিখিত ব্যক্তিরা বালেশ্বরের বিদ্যালিক্ষা সভার সভ্য হইবেন।

রেবেরেণ্ড ই. সি. বি, হালাম।

বাবু দেবেন্দ্রনাথ বসু।

জে, ওয়েষ্টলাণ্ড সাহেব যশোহরের বিদ্যালিক্ষা সভার সম্পাদক হইবেন।

যত দিন বাবু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন বসিরহাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুট কালেক্টর বাবু হীরালাল মুখোপাধ্যায় বারুইপুর উপবিভাগের ভার পাইবেন।

বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর আর. টি. সিবেষ্টার সাহেব তথায় মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

১৯ এ সেপ্টেম্বর। মৌলবী ইয়াদত আলী বীরভূমের অস্থায়ী জজ হইবেন। ২৬ এ আগষ্টের গেজেটে তাঁহার বাঁকুড়ার নিয়োগের যে বিজ্ঞাপন হয় তাহা এতদ্দ্বারা রহিত হইল।

২৬ এ আগষ্টের গেজেটে বাবু রামতারক বসুকে বাখরগঞ্জের অধঃস্থ জজের পদে নিযুক্ত করিবার যে বিজ্ঞাপন দেওয়া হয়, তাহা রহিত হইল।

বাবু নবকুমার বন্দ্যোপাধ্যায় বরিশালের ছোট আদালতের জজ ও বাখরগঞ্জের অধঃস্থ জজ হইবেন।

যশোহরের প্রতিনিধি অতিরিক্ত জজ জি. এস, পার্ক সাহেব আপনার কার্য্যভিন্ন কিছু দিনের জন্য তত্রত্য প্রতিনিধি সিবিল ও সেসন জজের কার্য্য করিবেন।

যত দিন ডাক্তর এস. এল, শারকোর বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন ... জে. ফকস ২য় পরগণার প্রতিনিধি সিবিল আসিষ্টাণ্ট সার্জ্জন হইবেন।

গোয়ালপাড়ার অন্তর্গত ধুবড়িতে সম্প্রতি যে দাতব্য চিকিৎসালয় হইয়াছে, তাহা চালাইবার নিমিত্ত নিম্নলিখিত ব্যক্তিদিগের এক সভা হইবে।

গোয়ালপাড়ার ডেপুটী কমিসনর।

সিবিল সার্জ্জন।

বাবু প্রতাপচন্দ্রবড়ুয়া রায় বাহাদুর।

ধুবড়ির মুন্সেফ।

বাবু কার্ত্তিকনারায়ণ চৌধুরী।

» কাশীনারায়ণ সিংহ বড়ুয়া।

» পদ্মলোচন গোস্বামী।

» গোলোকনাথ গোস্বামী।

ধুবড়ির অতিরিক্ত সহকারী কমিসনর উক্ত সভার সম্পাদক হইবেন।

২১ এ সেপ্টেম্বর। যত দিন ডবলিউ. এচ, ডি, অইলি সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন ডবলিউ. ই. ওয়াড সাহেব এম, এ, ভাগলপুরের প্রতিনিধি মাজিষ্টেট ও কালেক্টর হইবেন।

ডেপুটী মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টর মৌলবী গোলাম হোসেন (যাঁহাকে ঢাকা বিভাগে বদলী করা হয়) ময়মনসিংহে অবস্থিতি করিবেন।

যত দিন এ. রাট্রে সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন মেদিনীপুরের সহকারী মাজিষ্টেট ও কালেক্টর এফ. জে, জি. কায়েল সাহেব কার্য্য উপবিভাগের ভার পাইয়া মেদিনীপুরে মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতা পাইবেন।

২২ এ সেপ্টেম্বর। এচ, ক্লার্ক সাহেব ময়মনসিংহের বিদ্যালিক্ষা সভার সম্পাদক হইবেন।

যত দিন এচ, বি, বি, সি, বেবান সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন জে, বরুওয়েল সাহেব পুরীর প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর এবং পদাতিক কটকের করদ মহালের সহকারী সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন। তিনি দ্বিতীয় শ্রেণির প্রতিনিধি মাজিষ্টেট ও কালেক্টর হইবেন।

তৃতীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন নবীনচন্দ্র গুপ্ত পালমাউ সদর মহকুমায় দেওয়ানী চিকিৎসার ভার পাইবেন।

যত দিন এফ. টি. প্রাটস সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন জে, মাষ্টাস সাহেব চাকার প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

২৮ এ সেপ্টেম্বর। এফ, প্রেবস সাহেব ... পরগণার প্রতিনিধি সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

৯ ৫ সেপ্টেম্বর। কটকের করদমহলের রিষ্টেণ্ডণ্ট আপাততঃ যে ক্ষমতা প্রাপ্ত ছেন, তদ্ভিন্ন উক্ত মহলসমূহে মাজিষ্টেটের া পাইবেন।

———

আমাদিগের এলাহাবাদস্থ সংবাদ

। লিখিয়াছেনঃ—

কাশয়। গত ২৬এ আগষ্ট এলাহাবাদ গব স্কুলের ছাত্রগণকে পারিতোষিক বিত রা হইয়াছে। ২৬২ জনের মধ্যে ৬০ ছাত্র পারিতোষিক প্রাপ্ত হইয়াছে। ত্যন্ত আহ্লাদিত হইয়া প্রকাশ করিতেছি, ত ১২ ই সেপ্টেম্বর শনিবার রাত্রিতে গগন মেঘাচ্ছন্ন হইয়া রবিবার অবধি এখানে ইতে আরম্ভ হইয়াছে। সোমবার প্রাতঃ অবধি রাত্রি প্রায় ১১ ঘটিকা পর্য্যন্ত বৃষ্টি হইয়াছে যে বড় বড় পুষ্করিণী, নালা প্রভৃতি সমুদয় ভাসিয়া গিয়াছে। জলের য যে সকল শস্য শুষ্কপ্রায় হইয়াছিল, তাহা ার হানিসম্ভাবনা নাই এবং রবিশস্যে আরম্ভ হইয়াছে। সম্প্রতি সমুদায় দ্রব্য ছুই তিন সের শস্তা হইয়াছে।

ষ্ট হওয়াতে দেশের সম্পূর্ণ উপকার হই সন্দেহ নাই। কিন্তু ইহাদ্বারা এখানে যে নিষ্ট ঘটিয়াছে তাহা দেখিয়া বড় দুঃখিত । গত সোমবার বেলা প্রায় দুই প্রহরের ষ্টির সঙ্গে সঙ্গে গঙ্গার নিকট হইতে হঠাৎ প্রবল বাত্যা উত্থিত হইয়া অনেক বড় ক্ষ ও গৃহাদি একে বারে ভূতলশায়ী দিয়াছে। এখানকার গবর্ণমেণ্ট চাপা াটীটি পড়িয়া যাওয়াতে দুই ব্যক্তি চাপা তাহার মধ্যে এক ব্যক্তি একেবারে জীবন াছে দ্বিতীয় ব্যক্তি মৃত প্রায় হইয়া তালে আছে।

সোমবারের বৃষ্টিতে এখানকার আতর বসতির নিকটে একটি পুষ্করিণীর নিকট দহ পড়িয়াছে। ইহা ন্যূনাধিক অর্দ্ধ দীর্ঘ ২০।২৫ হস্ত পরিমাণে প্রশস্ত এবং স্ত গভীর। আশ্চর্য্যের বিষয় এই যে, কোন জলনিকাশী রাস্তা ছিল না। উচ্চ গার তোলা আবাদি জমী ছিল। বৃষ্টির জলের স্রোতে কি প্রকারে এত নান্তরিত করিল বলিতে পারি না।

———

আমাদিগের শ্রীহট্টস্থ সংবাদদাতা াছেন।

দিন হইল, অত্রত্য ভদ্র লোকেরা এখানে একটী গবর্ণমেণ্ট বিদ্যালয় হইবার প্রার্থনায় আমাদিগের প্রতিনিধি কালেক্টর মাজিষ্ট্রেট শ্রীযুক্ত কেম্বল সাহেবের নিকট আবেদন করিয়াছিলেন। ইতিমধ্যে তাঁহার (কেম্বল সাহেবের) নিকট কর্ত্তৃপক্ষ "শ্রীহট্টের পূর্ব্বের গবর্ণমেণ্ট স্কুল উঠিয়া যাইবার কারণ কি? শ্রীহট্টবাসীরা তথায় গবর্ণমেণ্ট স্কুল সংস্থাপনের উদ্যোগে আছেন কি না? এবং তথায় স্কুল স্থাপনের উপযোগী ভাল গৃহ আছে কি না? এই তিন বিষয় জানিয়া রিপোর্ট করিবার আদেশ করিয়াছেন। এই কারণে সে দিন কেম্বল সাহেব এক সভা করিয়াছিলেন। সভায় স্থির হইয়াছে, আপাততঃ স্থানীয় চাঁদা দ্বারা একটী গৃহ নির্ম্মিত হইবে। তজ্জন্য এপর্য্যন্ত ৭০০ অপেক্ষা অধিক টাকা স্বাক্ষরিত হইয়াছে।

কএক দিন অজস্র বৃষ্টি হওয়াতে অকস্মাৎ জল বৃদ্ধি হইয়া গিয়াছে।

—:০:—

আমাদিগের গাজিপুরস্থ সংবাদ দাতা লিখিয়াছেন।

প্রায় দেড় মাস কাল বৃষ্টি না হওয়াতে এখানে ভয়ানক গ্রীষ্ম বোধ হইতেছে, তন্নিবন্ধন পুনরায় ওলাউঠার বিলক্ষণ প্রাদুর্ভাব হইয়াছে। গত সপ্তাহে ৩০ জন লোক উক্ত রোগাক্রান্ত হয়, তন্মধ্যে ১৪ জন ঈশ্বরের কৃপায় আরোগ্য লাভ করে অবশিষ্ট হতভাগ্যেরা অচিকিৎসায় প্রাণত্যাগ করিয়াছে। এখনও পীর নগরে (যে অংশে ইউরোপীয়দিগের বাস) প্রতি দিন দুই তিনটীর প্রতি ওলাউঠার প্রকোপ দৃষ্ট হইতেছে। দেখিতেছি, এ পর্য্যন্ত নিবারণের কোন উপায় অবলম্বিত হয় নাই, হইবেই বা কি প্রকারে? পাঁচ ছয় বৎসর পূর্ব্বে এখানে এক দল ইউরোপীয় সৈন্য ছিল। তখন এখানকার গবর্ণমেণ্টের দাতব্য চিকিৎসালয়ের কার্য্য ও সৈন্যদিগের চিকিৎসা এক জন বিচক্ষণ সব আসিষ্টাণ্ট সর্জ্জনদ্বারা নির্ব্বাহিত হইত। কিন্তু বিশেষ কারণবশতঃ সৈন্যগণের আড্ডা এখান হইতে স্থানান্তরিত হয় এবং তৎসঙ্গে সঙ্গেই সব আসিষ্টাণ্ট সর্জ্জনের পদ উঠিয়া গিয়া তৎস্থানে এক জন নেটিব ডাক্তর নিযুক্ত হন। এক্ষণে ইনিই সব আসিষ্টাণ্ট সর্জ্জনের বেশ ধারণ করিয়াছেন, প্রতিবারে সব আসিষ্টাণ্ট সার্জ্জনের ন্যায় দর্শনী না পাইলে তিনি প্রায় কাহার বাটীতে পদার্পণ করেন না, সুতরাং তাঁহার দ্বারা সকলপ্রকার লোকের চিকিৎসা হওয়া কঠিন হইয়া উঠিয়াছে। পরন্তু গত জুলাই মাসে গাজিপুরের নিকটবর্ত্তী সরাই মামক যখন ভয়ানক ওলাউঠা আরম্ভ হয়, তখন (নেটিব ডাক্তর) তথায় চিকিৎসার্থ হন এবং এখানে ইঁহার কর্ম্ম এক জন ক শ্বার করেন। তদ্দ্বারা যে ঘোরতর অনিষ্ট টন হইয়াছিল, তাহা আমরা স্বচক্ষে প্র করিয়াছি। যাহা হউক, এক্ষণে আমাদের গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা যে সব আসি সর্জ্জনের পদ পুনঃ স্থাপিত করিয়া গাজি একটী প্রধান অভাব পূরণ করেন।

১৫ ই সেপ্টেম্বর
১৮৬৮

—:০:—

আমাদিগের কালনাস্থ সংবাদদ

লিখিয়াছেন।

এখানকার যেসকল সংবাদ সোমপ্র লেখা হইয়া থাকে, তাহার মধ্যে অধি সম্বাদই অন্যতর রাজপুরুষদিগের দৃষ্টি পতিত হয় এবং তাহার বিশেষ অনুস করিতেও দেখা যায়। কিছু দিন হইল পা হইতে কালনা পর্য্যন্ত যে রাস্তাটী হইয়াছে, যুক্ত স্থানে অর্থাৎ কালনার উত্তর দিকে জ রার মাঠে একটী সাঁকো করা নিতান্ত শ্যক প্রতিপন্ন করিয়া সোমপ্রকাশে যে হয়, কৈ এপর্য্যন্ত ত তাহার কোন প্রতী হইল না। বর্দ্ধমানের একজিকিউটিব ইঞ্জি সাহেব কেন ইহাতে মনোযোগী হইতে না, তাহা আমরা বুঝিতে পারি না। শান পুষ্করিণীর পশ্চিম দিকে, সাঁকো না থা অনাবৃষ্টির বৎসরে জলসেচনে যেরূপ তাহা পূর্ব্বে লেখা হইয়াছে, আবার অতি তেও এই সকল মাঠের সম্পূর্ণ ক্ষতি থাকে। জলে মাঠ সকল পরিপূর্ণ হইলে নির্গমনের সুবিধা না থাকায় শস্যসকল প উঠে। এই বর্ত্তমান বৎসরে অতিবৃষ্টিনি জীবধারার সর্ব্বমঙ্গলাপ্রভৃতি গ্রাম ও মাঠ প্লাবিত হইয়া যায়, জল নির্গমের উপায় থাকায় ঐ সকল স্থানের বিশেষ ক্ষতি হইয়া যদি শানবাধের পশ্চিমে একটী সাঁকো থা তাহা হইলে ঐ মাঠসকলের এ ক্ষতি হইত ঐ স্থানের লোকসকল অনেক চেষ্টা করিয়াছি কিন্তু গবর্ণমেণ্টের রাস্তা কে কাটিয়া জল ব করিতে পারে? যাহা হউক, গত কর্ম্মের অনুতাপ করিবার প্রয়োজন নাই। এখন অ অবগত হইলাম যে পবলিকওয়ার্কের ভাইজার শ্রীযুক্ত বাবু অমৃতলাল মুখোপাধ

রের উপর এ রাস্তা মেরামত করিবার
হইয়াছে। অমৃত বাবু যেরূপ ভদ্র, কার্য্য
ও পরিশ্রমী তাহা অনেকেই অবগত
ছেন। ইনি নিজ সাধুতায় ও অধ্যবসায়
ক্রমে এত দূর উন্নত হইয়াছেন, আমরা
করি ইনি এই সাঁকোর বিষয়ে বিশেষ
যোগী হইবেন। ইহার জন্য সমূহ লোকের
ষ্ট হ তেছে।

প্রায় এক বৎসরেরও অধিক হইবে এখানে
ব্রাহ্মসমাজ স্থাপিত হইয়াছে। সমাজটীর
ত্বের বিষয়ে সন্দেহান হইয়া এ পর্য্যন্ত
রা ইহাতে বাক্যব্যয় করি নাই; এক্ষণে
স্থায়িত্বের পক্ষে অনেক ভরসা হইয়াছে।
বাসীব পূর্ব্বতন সুপরিণ্টেণ্ডাণ্ট বাবু শশি
লাহিড়ির যত্নে সমাজটী স্থাপিত হয়। বর্দ্ধ
াধিপতি মহারাজ মহাতাবচন্দ্র বাহাদুর
সমস্ত ব্যয় দিতে স্বীকার করিয়াছেন,
এখনও তাহা কার্য্যে পরিণত হয় নাই।
গণ অনেক চেষ্টা ও যত্ন করিয়া সমাজটী
করিয়াছেন। সভ্যগণ চাঁদা সং
করিয়া একটী গৃহ করিবার উদ্যোগে
ছেন। যদিও সভ্য ও সুশিক্ষিত ব্যক্তি
রই ইহাতে যত্ন করা কর্ত্তব্য, তথাপি অনেকের
নাই। কেহ বলেন, সমাজের অবস্থা অগ্রে
হউক, কেহ বলেন ইহাতে ভাল লোক
ভাবিয়া দেখিলে এ আপত্তি অকিঞ্চিৎকর
। ধর্ম্মসংক্রান্ত বিষয়ে অভিমান থাকিলে
ই হইবে না। উচ্চপদস্থ ব্যক্তিরা
আর অর্থশালী ব্যক্তিরা কি, ঈশ্বর প্রতি
ার দৃঢ়তা আছে, তিনিই ভাল
ক। কিন্তু কেমন যে কতগুলি লোক আছেন
াদের সকল বিষয়েই কৌশল চলিতেছে।
হউক, এক্ষণে বর্ত্তমান সভ্য মহাশয়দিগকে
রোধ করি, কাহারা আন্তরিক যত্ন করিয়া সমা
রক্ষা করুন। সৎ দৃষ্টান্ত দেখিলেও লোকের
প্রবৃত্তি পরিমার্জ্জিত হইতে পারে।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর
ক্ত বাবু দ্বারকানাথ দে বাহাদুর এখানে একটী
কা ও একটী বালকবিদ্যালয় স্থাপিত করি
বিশেষ যত্ন করিতেছেন। সঙ্কল্প উত্তম
দেশহিতৈষী বিচারপতিদিগের ইহা কর্ত্তব্য
সন্দেহ নাই, কিন্তু এখানকার গঞ্জপ্রভৃতি
ের লোকের চাঁদার উপর নির্ভর না করা
আমরা বিশেষ অবগত আছি যে স্থানীয়
দার উপর নির্ভর করা বিড়ম্বনামাত্র। যে
স্থানে সাধারণ চাঁদার উপর নির্ভর, সেই স্থানের
বিদ্যালয়েরই অশেষ দুর্দ্দশা। বিশেষতঃ এখান
কার চাদার উপর আমাদের কিছুমাত্র বিশ্বাস
নাই। এখানকার দাতব্য চিকিৎসালয়টীর
জন্য পূর্ব্বতন মাজিষ্ট্রেট হগ সাহেব যে
চাদা সংগ্রহ করিয়াছিলেন, তাহা দেখিয়াই
আমাদের বিশেষ বিশ্বাস জন্মিয়াছে। সেই সাধা
রণ চাদার উপর নির্ভর হইলে কোন কালে চিকিৎ
সালয়টীর শেষ দশা উপস্থিত হইত। কেবল
বর্দ্ধমানাধিপতি মহারাজ বাহাদুর সম্পূর্ণ ভার
লইয়াই ইহার শ্রীবৃদ্ধি করিয়াছেন। অধিকার
বাহ্য শোভা যাহা থাকুক; কিন্তু ঐশ্বর্য্যশালী
লোক নাই বলিলেও অত্যুক্তি হয় না। কালনার
নিকটবর্ত্তী যেসকল গ্রামে দুই এক জন ঐশ্ব-
র্য্যশালী লোক আছেন, তাঁহাদের দ্বারা সম্পূর্ণ
সাহায্য পাইবার প্রত্যাশা করা যায় না।
বাস্তবিকও এসকল বিষয়ে তাঁহাদের তাদৃশ
যত্ন নাই। আমরা ডেপুটী বাবুকে এই অনুরোধ
করি, তিনি নিম্নলিখিত উপায়টী অবলম্বন
করিলেই বিদ্যালয়টী হইবার কোন বাধা থাকে
না। সেই উপায় বর্দ্ধমানাধিপতির সাহায্য।
মহারাজ সাহায্য করিলেই এখানে বিদ্যালয়
হইতে পারে এবং স্থায়িত্বের পক্ষে নিঃসন্দেহ
হওয়া যায়। স্থানীয় লোকের নিকট হইতে
এককালীন কিছু কিছু অর্থ লইলে কেহই
তাহাতে কাতর হইবে না। অথচ অধিক টাকা
সংগ্রহ হইয়া স্কুল গৃহের বিশেষ আনুকূল্য
হইবে। আমরা ভরসা করি দ্বারকানাথ বাবু
উল্লিখিত উপায় অবলম্বন করিয়া এ স্থানের
মহোপকার করিবেন। তিনি যত্ন ও চেষ্টা করিলে
বর্দ্ধমানাধিপতি ইহাতে মনোযোগ করিতে
পারেন। বিশেষ বর্দ্ধমানের মাজিষ্ট্রেট সাহেব
কিছু বলিলে উহা সিদ্ধ হইবার সম্পূর্ণ সম্ভাবনা।
এ বিষয়ে আরও বক্তব্য আছে। তাহা ক্রমে
লিখিতে ইচ্ছা রহিল।

—:০:—

প্রেরিত

**মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক
মহাশয় সমীপেষু।**

১। ৮ই আশ্বিন দিবসের রাত্রিতে এই
ভাজনঘাট গ্রামে, এক বারে চারিটী সিঁদ চুরি
হইয়া গিয়াছে। তন্মধ্যে তিনটীতে তস্করেরা
বিশেষ ক্ষতি করিতে পারে নাই, কিন্তু অপর
টীতে গৃহস্থের সর্ব্বনাশ করিয়াছে। ইহাতে,
একটী নিদ্রিত কন্যার পরিহিত প্রায় ১০০ এক-
শত টাকার অলঙ্কার অপহৃত হইয়াছে।
চুরির সংবাদ পাইলে, কৃষ্ণগঞ্জ থানার, জ
দার দুইজন কনষ্টাবলের সহিত আসিয়া তদ
মাত্র করিয়া গিয়াছেন। অনুসন্ধানক
তত্রত্য চৌকীদারেরা, কয়েক ব্যক্তির উ
সন্দেহ খ্যাপন করে। এই পর্য্যন্ত করিয়াই পু
প্রস্থান করিয়াছেন। পরে কিরূপ হয়, বলি
পারি না।

২। ১২৭৩ সালে, অনাবৃষ্টির জন্য, দে
সর্ব্বনাশ হইয়াছিল। বর্ত্তমান বর্ষে তাহার
রীত ঈতি উপস্থিত হইয়াছে। শরৎকাল
প্রায় হইল তথাপি মুষলধারে অবিশ্রামে
বর্ষণ নিবৃত্ত হইল না। এই ভূয়োবর্ষায়
প্রদেশের খাল বিল প্রভৃতি সমুদায় জল
একবারে পরিপূর্ণ হওয়াতে, অনেক ভূমি
সহিত জলময় হইয়াছে এবং তীরস্থ
পত্রাদিদ্বারা উহাদের জল দূষিত হওয়াতে,
চতুর্দ্দিকে মারী বিকীর্ণ করিবে, তাহারও
বনা হইয়াছে। বাঙ্গালা দেশ, কিজন্য যে
পুনঃ বিপৎ সঙ্কুল হইতেছে, তাহার কারণ
সন্ধান করা আবশ্যক।

৩। গত ১লা অক্টোবর হইতে, কয়ে
অধিবাসীর যত্নে ও অধ্যবসায়গুণে, এই ঘ
ঘাট গ্রামে, একটী ইংরেজী বঙ্গ বিদ্যালয় স্থা
হইয়াছে। উক্ত ব্যক্তিগণ এই বিদ্যালয়
দিন আপনারা চালাইয়া পরে গবর্ণমে
সাহায্য-প্রার্থী হইবেন। এ স্থলে ইহা উল্লেখ
আবশ্যক যে, এখানে একটী অর্দ্ধ আদর্শ
বিদ্যালয় আছে। তাহাতে এরূপ বৃহৎগ্রা
যে, ইহাতে এক বারে সচ্ছন্দে দুইটী বি
চলিতে পারে। সুতরাং উহাদের অন্যতরে
স্থানেই এই উদ্যোগের অবশ্যম্ভাবী ফল, ত
সন্দেহ নাই।

৪। গত ২৭ শে ভাদ্র প্রাতঃকালে, ঘ
ঘাটের সন্নিহিত "টুকি" নামক গ্রামের
রজ্জু বদ্ধ এক মুসলমান বৃদ্ধকে লম্বমান দৃষ্ট
ছিল। তাহার পরিধান একখানি জীর্ণ ছি
মাত্র ছিল। পরে সংবাদ পাইলে পু
অনুসন্ধানে এই স্থির হইলে যে মৃতব্যক্তি
সাংসারিক সামান্য বিবাদে স্বয়ং ঐ রূপে
হত্যা সম্পাদন করিয়াছে।

৫। এই বর্ষায় পল্লীগ্রামের যেরূপ দু
হয়, তাহা পল্লীগ্রামবাসিভিন্ন আর ক
হৃদয়ঙ্গম হইবার সম্ভাবনা নাই। নগরে অ
বারিবর্ষণ হইলেও সচ্ছন্দে সর্ব্বত্র গতিবি
যায় এবং জলনির্গমের পথ সুপ্রশস্ত হও
জল তৎক্ষণাৎ বহির্গত হইয়া, নির্দ্দি

করিতে পারে। কিন্তু পল্লীগ্রামের ভাব, সম্পূর্ণ বিপরীত। ইহাতে একবার বর্ষণ ই একবারে সমুদায় কর্দ্দমময় হওয়াতে গমন দুঃসাধ্য হইয়া উঠে এবং বারিনিঃ পথ না থাকাতে তৃণলতাদিপূর্ণ আবাস ান্তবর্ত্তী ক্ষুদ্র গর্ত্তে, অথবা তদভাবে, গৃহ েই জল সঞ্চিত হয়। বর্ষাকালে পুনঃপুনঃ ওয়াতে উক্ত জলাশয়সকলের জল, দূষিত হইতে পারে না; কিন্তু বর্ষাবিগমে ২ শেষে ও হেমন্তে) উহার অন্তর্গত তৃণ দি পচিয়া চতুর্দ্দিকে মেলিরিয়া বিকীর্ণ করি াকে। সুতরাং ঐ সময়েই পল্লীগ্রামে রো প্রাদুর্ভাব লক্ষিত হয়। এই অনিষ্ট প্রত্যেক র যত্নেই নিবারিত হইতে পারে। স্ব স্ব য়র জল, যাহাতে সচ্ছন্দে বিদূরিত হয়, া তাহার উপায় করিলেই এই অনিষ্ট নিবা ইতে পারে। উচ্চ ভূমিতে বাসগৃহ নির্ম্মাণ লও জল বায়ু প্রভৃতির সুবিধা হয় এবং স্ব স্ব গৃহসংলগ্নিত বর্জ্জ্যভাগ পরিষ্কৃত ও া বদ্ধ করিয়া রাখিলে গতায়াতের ক্লেশ হয় না।

৬। বেঙ্গল রেলওয়ে সর্ব্ব প্রথমে সদ্ব্যবহার ী লোকের সুখ্যাতির ভাজন হইয়াছিল; সদ্যোজাত দধির ন্যায় যতই পুরাতন হই , ততই উহা বিরস হইয়া আরোহীদিগকে প্রদান করিতেছে। গত পূজার পূর্ব্বে া কয়েক বন্ধুতে মিলিয়া উক্ত রেলওয়ে া গমন করিতেছিলাম। ২য় শ্রেণীর টিকিট ও আমাদিগকে অর্দ্ধচন্দ্র গ্রহণ পূর্ব্বক শ্রেণীর শকটে আরোহণ করিতে হইল জে যেরূপে দ্রব্য ঘনসন্নিবেশে বোঝাই তাহাতেও আমাদিগকে সেই রূপে শিত হইতে হইয়াছিল। সে দিন এইরূপ ার মধ্যে ভয়ানক কষ্টে পড়িয়া আমাদি অনাতমের সর্দ্দিগর্ম্মি উপস্থিত হওয়াতে মৃতপ্রায় হইয়া বসিবার চেষ্টা করিলেন। স্থানাভাব বশতঃ তাহাতে অকৃতকার্য্য আমাদিগের স্কন্ধধারণ পূর্ব্বক তথায়ই মান থাকিতে বাধ্য হইলেন। মহাশয়! বস আমাদিগের যেরূপ ক্লেশভোগ হইয়া তাহা লেখনীদ্বারা সম্পূর্ণরূপে প্রকাশ ত পারা যায় না। আমাদের বিলক্ষণ য় জন্মিয়াছে যে, বন্দোবস্ত একটু ভাল লেই, আরোহীদিগের ক্লেশ নিবারণ হইতে । অধিকসংখ্যক শকট যোজনা, অথবা রিক্ত শকট শ্রেণি চালনা করিলেই ত এই কষ্ট নিবারণ হইতে পারিত। কিন্তু বর্ত্তমান এজেণ্ট সাহেব এদেশীয়দিগের সুবিধার জন্য তাদৃশ যত্নশীল নন বলিয়াই এইরূপ অত্যাচার ও অন্যায় ব্যবহার অব্যাহত ভাবে ক্রমাগত চলিয়া আসিতেছে। তিনি এদেশীয়দিগের বিদ্যা, বুদ্ধি, ক্ষমতা, স্বচ্ছন্দ, জীবন প্রভৃতিকে সামান্য জ্ঞান করেন। তাঁহার এইসকল গুণে রেলওয়ের কোন কর্ম্মচারীকেই তাঁহার প্রতি অনুরক্ত দেখা যায় না।

জেলা নদীয়া।
২২ এ আশ্বিন
১২৭৫।

ভবদীয় বশম্বদ
লেখক।

—:০:—

সম্পাদক মহাশয়! ২৩ এ ভাদ্রের প্রভাকর পাঠে অবগতি হইল যে, বেহাগ উপরাগের বিতর্কের এ পর্য্যন্ত উপসংহার হয় নাই। কিন্তু আমরা সকলেই জ্ঞাত আছি যে, এই তর্কের মীমাংসা করণাশয়ে শ্রীযুক্ত বাবু রাখালদাস মিত্র ও শ্রীযুক্ত বাবু প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায় ইহাঁরা উভয়েই পাথুরিয়াঘাটানিবাসী সঙ্গীতো পাধ্যায় শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী মহাশয় প্রভৃতিকে ইহার মীমাংসক নির্দ্ধারণ করিয়াছি লেন। তাঁহারাও উপযুক্ত সময়ে একখানি মীমাংসাপত্র স্বাক্ষর করিয়া তাঁহাদের নিকট প্রেরণ করেন। আমরা সেই সিদ্ধান্তপত্র বিশেষ করিয়া পুনঃপুনঃ আলোচনা করিয়াছি, তাহাতে অতি সুন্দররূপে মীমাংসকগণ শাস্ত্রোক্ত প্রমাণ প্রয়োগ ও যুক্তিযুক্ত বাক্যদ্বারা অংশ, গ্রহ ন্যাস, বাদী, অনুবাদী, সম্বাদী, বিবাদীর বিশেষ মীমাংসা করিয়া গান্ধার স্বরই ঐ উপরাগের তান বা বাদী স্থির সিদ্ধান্ত করিয়াছেন।

এই ভারত ভূমে এমন কেহই নাই যে সত্যের অনাদরাচরণ করিতে সক্ষম। যদি কেহ ন্যায়বিরুদ্ধ কার্য্যে বাক্যস্ফূর্ত্তি করেন, তাঁ গণে তাহা উন্মত্তের প্রলাপ বাক্যবৎ বোধ করি বেন সন্দেহ নাই। পত্রপ্রেরক মহাশয় সঙ্গীত শাস্ত্রে নিরেট পণ্ডিত অনুমান করি, য হেতু তিনি বাদী স্বর ও গ্রহ স্বর এক স্বর বলিয়া প্রতি পাদন করেন। আবার মীমাংসাপত্র বেহাগকে উপরাগমধ্যে পরিগণিত করাতে তাহাতেও একটু পত্রপ্রেরক কটাক্ষ করিয়াছেন। কলতঃ সে কটাক্ষ কটাক্ষ মাত্র। শাস্ত্রসিদ্ধ যেসকল রাগ নহে, প্রায় তৎসমুদায়কেই উপরাগমধ্যে পরিগণিত করা যায়। সঙ্গীতপ্রিয় মহাশয় স্বয়ং লিখিয়াছেন, মূলে যাহার অস্তিত্ব নাই থাকে, তাহাই উপশব্দে কথিত হয়। প্রেরিত পত্র খানিতে যতগুলি শব্দার্থ তিনি ব্যবহার ক ছেন, তন্মধ্যে উপ শব্দার্থটী স্বরূপ লেখা য়াছে। যখন কোন প্রাচীন সঙ্গীত গ্রন্থাদি বেহাগের অস্তিত্ব দেখিতে পাওয়া যায় তখন বেহাগকে উপরাগ নয় ত কি বলি সঙ্গীতপ্রিয় লিখিয়াছেন, প্রাণকৃষ্ণ বাবু আ গুণির সহবাসে সেতার বাজাইতে শিক্ষা ক সে কথা অলীক নহে। শাস্ত্রাদি ত তাঁহার বোধ নাই তখন সহবাসে ক্রিয়াশিক্ষা বি দোষ বোধ হয় না। পত্রপ্রেরকের লে ভঙ্গীতে বোধ হয় হনুমন্তমতে যেন বে লিখিত আছে। হনুমন্ত মতের গ্রন্থ প্রাণ বাবুর কথা দূরে থাক, শারদাসহায় নিজে থাকেন কি না সন্দেহ। তবে যদি শারদাসহা মতই উক্ত মত হয়, তবে হানি নাই। ন হনুমন্ত মতের সেই বচনটী (যাহাতে বেহাগ বলিয়া সিদ্ধান্ত হইয়াছে) প্রচার করিলে বাদিত হইব। সঙ্গীতপ্রিয় বলেন, হিন্দুস্থ হনুমন্ত মতই প্রচলিত। কিন্তু তা প্রমাণ আমরা এ পর্য্যন্ত ত কোথায় পাই এবং হনুমন্ত মতের গ্রন্থও বড় একটা দে পাওয়া যায় না। তবে শারদাসহায়ের অথবা প্রাণকৃষ্ণ বাবুর মতই যদি উক্ত বলিয়া আপাততঃ গণ্য হয়, হউক ক্ষতি ন এ বার অবধি উক্ত মতদ্বয়কে উক্ত মত বলি আমরা ব্যবহার করিব। ক্ষেত্রমোহন গো ক্রিয়াজ কতকগুলি লছমীপ্রসাদের শি শিক্ষা করিয়াছিলেন, সে কথা যথার্থ বা কিন্তু স্বরূপ বলুন দেখি, শারদাসহায়প্রভৃ উঁহারা সংস্কৃত মতানুযায়িক সঙ্গীতশ এ পর্য্যন্ত কাহাকেও শিক্ষা দিয়াছেন কি এসকলের শাস্ত্রবিষয়ে অনধিকারচর্চ্চার এ জন কি? দেখিলাম, ইমনও সংস্কৃত মত গর্ত্ত রাগমধ্যে গণ্য হইয়াছে। ইমন যে সং শাস্ত্রোক্ত রাগ নহে, তাহা সংস্কৃত গ্রন্থ অনুসন্ধান করিলে জানিতে পারিবেন। শব্দই যে সংস্কৃত শব্দ নহে, তাহাতে ত মহাশয়ের চৈতন্য নাই। তবে যদি অধুন হিন্দি দোঁহাযুক্ত হনুমন্ত মতে থাকে বলা না। বেলোয়াল এই শব্দ কি কোন সংস্কৃতে আছে? না সংস্কৃত গ্রন্থকা উহাকে বেলাবলী বলিয়া নির্দ্দেশ করিয়াছে মূলে থাকিলে বোধ করি বেলোয়াল এই নিক শব্দটী প্রয়োগ করিতেন না, অবশ্যই বলী বলিয়া লিখিতেন। অতএব হে পাঠক এইরূপ আধুনিক হনুমন্ত মতের প্রমাণ আনুপূর্ব্বিক পত্রখানি লেখা হইয়াছে। সং

র নাম গন্ধও নাই। আমাদের গোস্বামীজির
ত ভাষায় লিখিত প্রাচীন মনুসংহিতা মতে
ণাদি দেখা আছে, তিনি নাকি আধুনিক
ত মত দেখেন নাই এবং দেখিতে ইচ্ছা
ন নাই। সুতরাং সঙ্গীতপ্রিয় মহাশয়কে
ার পত্রে যথোচিত উত্তর দিতে গোস্বামীজি
ন। আশ্চর্য্যের বিষয়! পত্রপ্রেরক মহাশয়ের
কৃষ্ণ বাবুর জন্য এত অনর্থক রাগ কেন?
কি প্রাণকৃষ্ণ বাবুর নিকট অধুনাতন হস্ত
মত শিক্ষা করিয়াছেন? প্রাণকৃষ্ণ বাবু কি
ার গুরু অথবা তিনি স্বয়ংই প্রাণকৃষ্ণ বাবু?
তিনি স্বয়ংই প্রাণকৃষ্ণ বাবু হয়েন, তবে রাগ
র এবং বেহাগকে রাগ বলিবার বিশেষ কারণ
ছ। যেহেতু পঞ্চাশটি টাকা বাজিতে ক্ষতি
া তাঁহার পক্ষে বিশেষ ক্ষতিই বলিতে হইবে
গাত্রজ্বালা হওয়াও তাঁহার পক্ষে বিচিত্র
। তা রাখাল বাবুর নিকট চাহিলেও বোধ
তিনি উক্ত টাকা স্বচ্ছন্দে দিতে পারিতেন।
তে যদি অপমান বোধ করেন, তবে উপ
প্রাপ্ত হইয়া নিরপরাধ মহামনা গোস্বামী
ক বক্রোক্তিপ্রদানে বিরত হউন।

৩রা আশ্বিন ১২৭৫। } অতঃপরং কস্য চিন্ন কস্য।

সম্পাদক মহাশয়! আপনি কি নিরীহ কৃষক
র অবস্থা দেখিয়াছেন? আমি স্বয়ং তাহা
ন্ন অধীন কায়ক্লেশ প্রত্যক্ষ করিয়াছি।
র পল্লীগ্রামনিবাসী। তাহারা প্রথমে ভীষণ
রে দগ্ধকলেবর হইয়া ভূমিকর্ষণ করে;
ঘোর বর্ষাসময়ে অনাবৃত মস্তকে ধান্য
হস্তে লইয়া কর্দ্দমময় ক্ষেত্রে দাঁড়াইয়া
ণ করিতে থাকে, মস্তকে অনবরত ধারা
ত। আবার বোধনকালে এরূপ কুজের
দাঁড়াইতে হয় যে অত্যল্প কালমধ্যেই
ও মন নিরুৎসাহ এবং একান্ত ক্লান্ত হইয়া
।

হাশয়! যাহারা এইরূপ এবং অন্যবিধ বহু
র কষ্ট স্বীকার করিয়া প্রথমে ভূমিকর্ষণ
র শস্যরোপণ করে, যাহারা ধান্যের চারা
তদবধি নানা উৎপাত হইতে রক্ষা করিয়া
ময়ে শস্যদ্বারা মনুষ্যের অসীম কল্যাণ
করে, তাহাদের পুরস্কারস্বরূপ ভূমিতে
ত্র দখলী স্বত্ব আছে; সে স্বত্বও ভূস্বামী-
র কুটিল হস্ত হইতে নির্ব্বিঘ্নে রক্ষা করা
য় কষ্টসাধ্য। যদিও কোনরূপে রক্ষিত হয়
করবৃদ্ধির অধীন হওয়াতে তাহার
উচ্চতর লাভ, কদাচিৎ প্রজাদিগের ভাগ্যে ঘটে! কোথায় কৃষিজীবী সামান্য প্রজা, কোথায় বিপুল বিভবশালী ভূস্বামী; অর্থ ও সামর্থ্য বিবিধ উপায়দ্বারা প্রজাদিগকে হীনবল করিয়া তাহারদিগের শ্রমের ফল অনায়াসে কাড়িয়া লন, ইহা কি সামান্য পরিতাপের বিষয়?

অতএব আমরা ন্যায়পর গবর্ণমেণ্টকে সানুনয় অনুরোধ করিতেছি, প্রজাকে ভূমির একটি স্থায়ী স্বত্ব প্রদান করুন, সে স্বত্ব যেন ভূস্বামীদিগের কুটিল কৌশলের অধীন না হয়। মহামতি লর্ড কর্ণওয়ালিস জমীদারদিগকে যে স্বত্ব দান করিয়া গিয়াছেন, সে স্বত্ব প্রকৃত পক্ষে কৃষকদিগেরই প্রাপ্য. তাহারা ঐ স্বত্বের অধিকারী হইলে ভূমির যে অপেক্ষাকৃত উন্নতি ও গৌরব বৃদ্ধি হইত, তৎপক্ষে বোধ হয় মতদ্বৈধ না হইতে পারে। উপসংহারকালে পুনর্ব্বার অনুরোধ করি, গবর্ণমেণ্ট অচিরাৎ এতদ্বিষয়ে সুবিধান করিয়া প্রজাদিগকে রক্ষা করুন; বারান্তরে এ সম্বন্ধে আরো কিছু লেখার ইচ্ছা রহিল।

১২৭৫
১৮ ই আশ্বিন } শ্রীকৈলাসনাথ বসু।

এডিন বরার উইলিয়াম লাইয়ন্সনামক জন যাত্রাওয়ালারও অসাধারণতর মেধা তিনি ডেলি য়্যাডভাইসর নামক সংবা এক বার পাঠ করিয়া তাহার সমুদায় বিজ্ঞা সংবাদাবলী ইত্যাদি বলিতে পারিতেন। স্মরণশক্তি যে এইরূপ অসাধারণ পরি উৎকর্ষিত হইতে পারে তাহার বিস্তর দৃ স্থল আছে। কেহ বলেন, পদ্য ও গদ্য প্রতি মুখস্থ করিলে, মেধা শক্তির বিস্তর উৎকর্ষ সাধিতে পারে।"

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের ক বিক্রীত হইতেছে।

৪ টাকার সিক্কা	৯৪৲	৯৫
৪ " কোং	৯৪৷৷	৯৪
৫ " পর লকওয়ার্ক	১০৫৲	১০৫
৫ " কোং	১০৮৷৷৲	১০৮
৫ " কোং	১১৩৷৷৲	১১৩

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ২০ এ অক্টোবর। স্পেন হইতে গ্রাম আসিয়াছে, আপাততঃ শাসন কর্ত্তৃ নিমিত্ত যে গবর্ণমেণ্ট নিযুক্ত হইয়াছেন, তাঁ এক আজ্ঞাদ্বারা মনাষ্টারি ও ধর্ম্মসম্বন্ধীয় সকল করিয়া সেসমুদায়ের ভূমিসকল বাজেয়াপ্ত য়াছেন। ১৮৩৭ অব্দ অবধি যেসকল ধর্ম্ম হইয়াছে সেইসকলের প্রতি কেবল এই আ বর্ত্তিতেছে।

মসুর অলফাগা ও রণস্তরের অধ্যক্ষ টা বলিয়াছেন, এক জন রাজা মনোনীত উচিত। নিম্নতন্ত্রপ্রিয়গণ সাধারণ তন্ত্র চাহি ছেন, কিন্তু তাঁহারা বলেন, যদি দেশের স রাজকীয় শাসনপ্রণালী চাহেন ত তাঁ তাহাতে সম্মত হইবেন।

নিউ ইয়র্ক হইতে ১৯এ তারিখের যে টেলি আসিয়াছে, তদ্দ্বারা জানা গেল, ইণ্ডিয়া প্রভৃতি সাধারণতন্ত্রপ্রিয়লোক হইয়াছে

ই নবেম্বরপূর্ব্বাহ্ণ আমেরিকার মহাসভা
কিবে।

১ এ অক্টোবর। স্পেন হইতে টেলিগ্রাম
াছে, মাডরিডস্থিত জাতিসাধারণ সভা
া আপনি ভঙ্গ হইয়াছে। আপাততঃ
কারী গবর্ণমেণ্ট নিশ্চয় জানিয়াছেন, রাজ
ও ধর্ম্মসংক্রান্ত স্বাধীনতা সম্পূর্ণরূপে
স্থাপিত হইবে, ইহার পূর্ব্ব লক্ষণ দেখা
ছে। তাঁহারা আশা করেন, বিদেশীয়
ণ্টসমূহ তাঁহাদিগকে স্বীকার করিবেন।
আমেরিকা হইতে টেলিগ্রাম আসিয়াছে,
ত্রপ্রিয় দল বলিয়াছেন, তাঁহাদিগের রাজ
অপরিবর্ত্তিত থাকিবে।

২ এ অক্টোবর। এমত জনশ্রুতি, স্পেনের
ইসেবেলা ব্রাইটনে বাস করিবেন।
নিউইয়র্ক হইতে ২১ এ তারিখের টেলি
প্রকাশ করে, নীচতন্ত্রপ্রিয় দল নিরুৎ-
হইয়াছেন এবং সেনাপতি গ্রাণ্ট যে সভা
হইবেন তাহার সম্পূর্ণ সম্ভাবনা হইয়াছে।
ানফ্রান্সিস্কোতে অতিশয় ভূমিকম্প হই
কিন্তু কোন জীব নষ্ট হয় নাই

২৩ এ অক্টোবর। গত কল্য লিবরপুলে
জন্‌সন্‌ সাহেব ও লার্ড ষ্টানলিকে
ভোজ দেওয়া হইয়াছে। উভয়ে বক্তৃতা
বলিয়াছেন, আমেরিকা ও ইংলণ্ডের
রের অনেক কারণ গিয়াছে। আলাবামা
প্রশ্নেরও মীমাংসা হইবে, তাহার সম্পূর্ণ
না হইয়াছে। লার্ড ষ্টানলী বক্তৃতা-
ন আরও বলিয়াছেন, বিদেশীয় গবর্ণমেণ্ট
যেসকল সৈন্য সংগ্রহ করিয়াছেন, তাহা
ারে কলঙ্কস্বরূপ। সব জন বরগাইন
রবাসীর ন্যায় স্বত্ব ও স্বাধীনতা পাই
ন।
কর্ণেল টেলর লাঙ্কষ্টার ডচির চান্সেলর
ছেন।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

৩০ এ অক্টোবর—৩০ এ আগষ্ট অবধি
লিখিত পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্টগণ উন্নত
পদে:—

প্রথম শ্রেণিতে।

লেপ্টনণ্ট কর্ণেল সি, রিয়া।

দ্বিতীয় শ্রেণিতে।

আর, ডবলিউ, কিড্‌ সাহেব।

তৃতীয় শ্রেণিতে।

এফ, টি, প্লাটস্‌ সাহেব।

চতুর্থ শ্রেণিতে।

এ. এচ. জাইল্‌স্‌ সাহেব।

ডবলিউ, ডি, প্রাট সাহেব গত ৩০ এ আগষ্ট অবধি পঞ্চম শ্রেণির পুলিষ সুপারিণ্টেণ্ডেণ্ট হইবেন।

২১ এ অক্টোবর—জে, কলেট সাহেব আরার এক জন মিউনিসিপাল কমিসনর হইবেন।

বাবু সরূপচন্দ্র মিত্র যশোহরের এক জন মিউনিসিপাল কমিসনর হইবেন।

জি, কে, মিয়ার্স সাহেব রঙ্গপুরের প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

২২ এ অক্টোবর—বাবু রাধাগোবিন্দ রায় দিনাজপুরের সাধারণ বিদ্যাশিক্ষাসভার সভ্য হইবেন।

সব আসিষ্টাণ্ট সার্জ্জন বেণীমাধব ঠাকুর পশ্চিম দুয়ারের অন্তর্গত ময়নাগড়ি মহকুমার দেওয়ানী চিকিৎসার ভার পাইবেন।

সব আসিষ্টাণ্ট সার্জ্জন কালীকুমার দাস ব্রিহুতের দাতব্য চিকিৎসালয়ের ভার পাইবেন।

২৩ এ অক্টোবর মৌলবী ইয়াজত আলি গয়ায় অবস্থ জজ হইবেন।

২৭ এ অক্টোবর—জে, জে, বি, ডালটন সাহেব মুঙ্গেরের সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া আপাততঃ দ্বিতীয় শ্রেণির প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন

সি, জি, বেকার সাহেব বি, সি, (যিনি এক্ষণে বিদায় লইয়া আছেন) পঞ্চম চক্রবাড়ের পুলিষের ডেপুটি ইনস্পেক্টর জেনরল হইবেন।

মেজর ডবলিউ, আর, গডন প্রথম চক্রবাড়ের পুলিষের ডেপুটি ইনস্পেক্টর জেনরল হইবেন।

লেপ্টনণ্ট কর্ণেল সি, রিয়া হাজারিবাগের পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

মেজর ডবলিউ, টি, ফেগান রাজসাহীর পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন; কিন্তু আপাততঃ পঞ্চম চক্রবাড়ের প্রতিনিধি ডেপুটী ইনস্পেক্টর জেনরল থাকিবেন।

মেজর এ, ফ্রান্সিস (যিনি এক্ষণে বিদায় লইয়া আছেন) মানভূমের পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

কাপ্তেন এচ, পি, ডবলিউ, উইক হার্ড
ওর পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

কাপ্তেন জে, সি, সি, ডণ্ট বি, সি, (যি
এক্ষণে বিদায় লইয়া আছেন) পাটনার পুলি
সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

লেপ্টনণ্ট ডবলিউ, ই, চেম্বার্স ভাগলপুরে
পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

এম, এম, রেলি সাহেব (যিনি এক্ষণে বিদ
লইয়া আছেন) রঙ্গপুরের পুলিষ সুপরি
ণ্টেণ্ডেণ্ট হইবেন।

ডবলিউ, ডি, প্রাট সাহেব শাহাবাদে
পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

জে মাষ্টার্স সাহেব কামরূপের প্রতিনি
পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

জে, পাচ সাহেব শ্রীহট্টের পুলিষ সুপ
ণ্টেণ্ডেণ্ট হইবেন।

নিম্নলিখিত সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডে
গণ বদলী হইবেন।

এচ, এন, হারিস সাহেব গয়া হইতে রাঁ
সাহীতে।

জে, বি মাচ সাহেব যশোহর হইতে গয়াতে

সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট জে, ি
ফারকোহারসন সাহেব হাজারিবাগ হই
যশোহরে।

—:০:—

আমাদিগের আমুলিয়াস্থ সংবা

দাতা লিখিয়াছেন।

আমুলিয়া যে অতি প্রাচীন কালের
তাহা অনেকেই অবগত আছেন। গ্রামটী দ
যেরূপ প্রশস্ত সেরূপ নহে। তাহার কারণ
নিম্নে চূর্ণী নদীতে প্রতিবৎসর অনেক
ভাঙ্গিয়া যায়। বর্ত্তমান বর্ষে নদীর সাঙ্গি
প্রবল বেগে অনেক নিরীহ প্রজার বসত
নদীগর্ভে পতিত হইয়াছে। এক স্থানে ঐ
ভাঙ্গিয়া যাওয়াতে প্রায় ১০। ১২ হস্ত ম
নিম্নে একটী প্রকাণ্ড কোটার ভিত্তি বাহি
য়াছে। যে স্থলে উহা দৃষ্ট হয়, তাহার উ
অন্ততঃ ১০০ বৎসর পর্য্যন্ত অপর লো
বাস ছিল। তাহারা ইহার কিছুমাত্র জা
পারে নাই। ইটগুলি পুরাকালের ছোট
ইটের ন্যায়। সম্প্রতি এতদ্‌ গ্রামস্থ ভদ্র ম
গণের আদেশমত অত্রস্থ " হিতৈষিণী
হইতে এই ভিত্তি খুঁড়িবার কল্পনা হইতেছে

২। ইতিপূর্ব্বে এই আমুলিয়া গ্রা
৭ মাইল পশ্চিম মালিপোতা ইংরাজী
সাহায্যদানের বিষয়ে লেখা হইয়াছিল

...ন পরে গ্রামস্থ ব্যক্তিগণের অভীষ্টসাধন হই... : গবর্ণমেণ্ট কএক মাস হইতে সাহায্যপ্রদান ...তেছেন। বিদ্যালয়টী স্থায়ী হউক ইহাই ...মাদিগের প্রার্থনা।

কুষ্টিয়াস্থ এক ব্যক্তি লিখিয়াছেন

সম্প্রতি কু...য়া সব ডিবিজনের পুলিষ কর্ম... ...রপর থাকে নিদ্রায় অভিভূত থাকাতে কোন ...রাত্রে ২ টা কোন রাত্রে ৫।৭ টা সিঁদ হইতেছে। ...মলায় ১ রাত্রে ৩ টী সিঁদ হইয়াছে। তন্মধ্যে ...মারের বাসায় সিঁদ দিয়া নগদ ৪০ টাকা ও বস্ত্রা ...দিনে ৩০ ৩৫ টাকা একুনে ৭০।৭৫ টাকা লইয়া ...য়াছে। ৩।৪ দিন হইল থানায় এজাহার দেওয়া হইয়াছে। একাল পর্য্যন্ত ধরিয়া আনিয়া তদারক করেন নাই।

সম্প্রতি আমলার নিকটে ছুতারপাড়া গ্রামে ১ কৃষকের স্ত্রী এক কালে ৭ পুত্রে ৪ টী সন্তান প্রসব করে। এক ফুলে ৬ কন্যা ১ পুত্র আর ১ ফুলে ১ কন্যা। তন্মধ্যে ১ টী কন্যার সেই দিন মৃত্যু হয়। এক দিনের ৪ সন্তান ভূমিষ্ঠ হইয়াছিল। ৩ জন ধাত্রী আছে। দেখিতে নিতান্ত ক্ষুদ্র নহে।

—:০:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

মহাশয়! ইতিমধ্যে আমাদিগের এখানে একটী অতিশয় শোচনীয় ঘটনা হইয়া গিয়াছে গোস্বামী দুর্গাপুরের নিকটবর্ত্তী চাঁপাগাছী নামক গ্রামে ঐ ঘটনাটি সংঘটিত হয়। কয়েক দিবস গত হইল, এক জন গৃহস্থের একটি পাঁচবর্ষীয় শিশু সন্তান হারায়। হতভাগা গৃহস্থ সমস্ত রাত্রি নিজ সন্তানের অনুসন্ধান করে কিন্তু কিছুতেই কৃতকার্য্য হইতে না পারিয়া অগত্যা গৃহে প্রত্যাগমন করিতে বাধ্য হয় পর দিবস এক বৃহৎ গর্ত্তের অভ্যন্তরে উক্ত শিশুর ছিন্ন মস্তক ও মৃত দেহ দৃষ্ট হইল। তৎক্ষ... পুলিসে সংবাদ দেওয়া হয়। পুলিষ সব ইন্‌স্পেক্টর ... ও নানাপ্রকার অনুসন্ধান করেন; পা... গৃহস্থের নিকটবর্ত্তী গৃহ স্থের বাটীতে উপ... যা কারণজিজ্ঞাসু হওয়াতে গৃহস্থ... একটী বিধবা যুবতী স্ত্রী বহির্গত হইয়া ... বলে কহিল, আমিই উহাকে কাটিয়াছি। সবইন্‌স্পেক্টর জিজ্ঞাসা করিলেন কি জন্য তুমি উহাকে কাটিলে? সে প্রত্যুত্তর করিল "কোন কারণ নাই, তবে এই পর্য্যন্ত বলিতে পারি আমি উহাকে যখনই দেখিতাম তখনই উহাকে কাটিয়া ফেলিতে ইচ্ছা হইত। কল্য সন্ধ্যাকালে যেমন আমাদিগের বাটীতে আসিয়াছিল, অমনি উহাকে কাটিয়া ফেলিয়াছি। উহার গায়ের অলঙ্কারাদি আমার নিকটে আছে। এই বলিয়া সমস্ত আনয়ন করিয়া সব ইন্‌স্পেক্টরের সমীপে রাখিল। পুলিষ তদনন্তর তাহাকে কৃষ্ণনগরে বিচারার্থ প্রেরণ করেন। দায়রার বিচারে ফাঁশি হইবার আজ্ঞা হইয়াছে।

এখানে চৌকীদারেরা প্রায়ই রাত্রিতে দেখা দেয় না। মাসের মধ্যে এক বার দেখা হইলেই বড় ভাল। পুলিষ ইন্‌স্পেক্টর কি করেন? তাঁহারা এখন এ বিষয়ে যত্ন করিবেন কেন?

এ বার এখানে অতিবৃষ্টিনিবন্ধন গ্রামখানি এত অপরিষ্কৃত হইয়াছে, তাহা দেখা যায় না। প্রায় সমস্ত গৃহই দুর্গন্ধময় জলে পরিপূর্ণ। ভদ্র মহাশয় এ বিষয়ে উদাসীন্য প্রকাশ করিতেছেন। তাঁহাদিগের বাটীতে যাওয়াও দুষ্কর। অতএব আমরা সকলকে অনুরোধ করিতেছি, তাঁহারা এ বিষয়ে যত্নবান হউন।

গোস্বামী দুর্গাপুর
২৭ এ অক্টোবর
১৮৬৮
} আপনার বশম্বদ
শ্রীঃ—

—:০:—

বিশ্ববিদ্যালয়ের উপাধি ও পেনকলম।

কয়েক দিন হইল সেক্রেটরিএট ডিপার্টমেণ্ট বঙ্গাল এক্কাউণ্টেণ্টস্, জেনারাল আফিসে কতক গুলি রাইটার আবশ্যক হওয়াতে ন্যূনাধিক দুই শত আবেদনকারী আবেদন করেন। আবেদন কারীদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা, এল এ ও বি এ পরীক্ষোত্তীর্ণ কেহ কেহ ছিলেন। কিন্তু পরীক্ষোত্তীর্ণ বলিয়া কেহই পান নাই; সকলেই পরীক্ষিত হইয়াছিলেন. প্রশ্নগুলির দুই একটী নমুনা দেখিয়া পাঠকগণ বুঝিয়া লউন। ১৮৫৫ সালের কি কি প্রধান প্রধান ঘটনা তাহার সংক্ষিপ্ত রচনা এবং লাটিন গ্রীক ও ফরাশি শব্দ কতকগুলির ডিকটেশন মাত্র ছিল। ইহার মধ্যে অধিকাংশ মাত্র কতগুলি আবেদনকারী স্ব স্ব গৃহ হইতে দিনকতক বাহির হয়েন নাই; আর কতকগুলি অপার্য্যমাণে প্রশ্নোত্তর করিয়া লজ্জিত হইয়াছেন। বিশ্ববিদ্যালয়ের উপাধি বৃক্ষের এই ফল। চিরকালটা পরীক্ষা দিয়া আবার পরীক্ষা না দিলে কর্ম্মের দফা নিশ্চিত। প্রাবে... শিক ফি এত দিয়াও কী বিশ্ববিদ্যালয়কে ক্ষতিগ্রস্ত হইতে হইয়াছে? এবার অর্থাৎ ১৮৬৮ সালে নূতন আইন হইয়াছে, ঐ আইন অনুযায়ী দায়গ্রস্ত পরীক্ষার্থিগণকে স্ব স্ব গৃহ হইতে পেনকলম লইয়া যাইতে হইবে। যাহা হউক আহ্লাদের বিষয় বলিতে হইবে যে হেতু কাগজ কালী ও দোয়াত লইয়া যাইতে হইবে না।

২৮ এ অক্টোবর
১৮৬৮
শোভাবাজার
} একান্ত বশম্বদ
কোন গবর্ণমেণ্ট স্কুলের
ভূতপূর্ব্ব প্রতিপালক

—:০:—

সম্পাদক মহাশয়! ভদ্র লোক কাহাকে বলে? উত্তম বেশ ভূষা, সুগন্ধি দ্রব্য অঙ্গে লেপন, গাড়ী ঘোড়ায় আরোহণপ্রভৃতি করিলেই কি ভদ্র হয়? ভদ্র লোক ও ব্যবহারেই জানা যায়। যিনি ন্যায়পথে চলিয়া ন্যায় সঙ্গত ব্যবহার করেন, তিনিই ভদ্র। সম্প্রতি এক জন ভদ্র লোকের আচার ব্যবহারের কথা আপনাকে শ্রবণ করাই: ৯ ই কার্ত্তিক জগদ্ধাত্রী পূজোপলক্ষে আমাদিগের এই মহানগরীর মধ্যে * * * * কোন সম্ভ্রান্ত * * * * মহাশয়ের বাটীতে বিদ্যাসুন্দর গীতাভিনয় হয়। সাধারণতঃ যেপ্রকার গীতাভিনয়ের কথা শ্রবণ করিয়াছেন এবং যেসকল গীতাভিনয় স্বচক্ষে দর্শন করিয়াছেন এ সেপ্রকার নহে। এই অভিনয়ে স্ত্রী ও পুরুষ উভয় আছে। কি প্রকার স্ত্রীলোক তাহা বুঝিতে পারিয়াছেন? সকলেই বেশ্যা। আমরা কৌতূহলাক্রান্ত হইয়া দর্শনেচ্ছায় গমন করিয়াছিলাম, গিয়া দেখি বাটী প্রায় বেশ্যা ও মাতালে পরিপূর্ণ। একে ত বিদ্যাসুন্দর, সকলই অশ্লীল ঘটিত, তাহাতে আবার বেশ্যাগণ অভিনেত্রী, অভিনয়কার্য্য যত সভ্যরূপে সম্পন্ন হইয়াছে তাহা বুঝিতে পারিয়াছেন। তাহাদিগের আচরণ দেখিলে অবাক হইতে হয়। বিশেষতঃ মাতালদিগের অশ্লীল বাক্যোচ্চারণ, নব্য বাবুদিগের উত্তেজনা ছলে পদে পদে সভ্যতাবিনাশ, ছকু বাবুর (ছকু বাবু একটী সং) কুৎসিত ব্যবহার ও বেশ্যাগণের সহিত একত্রে নৃত্য, সুন্দরের ধরা পড়িবার কালে বেশ্যার সহিত কুৎসিত ব্যবহার উপহাসচ্ছলে রাণীর বীরসিংহের প্রতি নিন্দনীয় আচরণপ্রভৃতি এতদূর গর্হিত হইয়াছে যে, সেসকল আচরণ দেখিয়া কোন ভদ্র লোক না সঙ্কুচিত হইয়াছেন? মহাশয়! ভদ্রলোকের সন্তানগণ কি প্রকারে যে ঐপ্রকার ব্যবহার করিলেন তাহা বুঝিতে পারি না। বিশেষতঃ গৃহস্থের বাটীতে গৃহস্থ কুলাঙ্গনাদিগের সম্মুখে (অনেক কুলনারীনিমন্ত্রিত হইয়া দর্শনচ্ছলে আসিয়াছি

ঐপ্রকার নিন্দনীয় আচরণ ও অধীন
লি কতদূর সঙ্গত ও সভ্যতাপ্রকাশক
ছে তাহা বলিতে পারি না। বাবুজী মহা
উক্ত ব্যাপার নিজ বাটীতে সম্পন্ন করা
কোনপ্রকার লজ্জা বোধ করিলেন না,
অতি আশ্চর্য্যের বিষয়। তাঁহার যদি যাত্রা
এতই ইচ্ছা ছিল, এক দল পেসাদারের
দিয়া ক্ষান্ত রহিলেন না কেন? তাহা
সকল দিক রক্ষা পাইত এবং তিনি এত
ন্দনীয় হইতেন না। অবশেষে শ্রবণ করি
এক জন বৃদ্ধ, সভ্যতা সঙ্গীতবিদ্যাবিশা
ক্ত সম্প্রদায়ের প্রধান। বৃদ্ধ বয়সে এই
কি প্রকারে করিতেছেন, তাহা বুঝা ভার
উক, বাবুজী সভ্যতার উচ্চ সোপানে
হণ করিয়া বিলক্ষণ সভ্যতা ও ভদ্রতার
ত্র প্রদান করিলেন। ধন্য বঙ্গবাসিগণ!
রা দিন দিন বিলক্ষণ সভ্য হইতেছ!!

লিকাতা
মতলাষ্টীট } কস্যচিৎ দর্শকস্য।

—:০:—

আমরা দেখিয়া অতিশয় বিস্মিত ও দুঃখিত
ম যে, কতিপয় ব্রাহ্ম শ্রীযুক্ত বাবু কেশব
সন মহাশয়কে ঈশ্বরপ্রেরিত মুক্তিদাতা
করিয়া তাঁহার চরণে পতিত হইয়া তাঁহার
পরিত্রাণের জন্য প্রার্থনা করেন এবং
কেহ তাঁহার চরণধূলি লেহন করেন
দের বিশ্বাস যে এক্ষণে এই ভারতবর্ষে
ব চরণাশ্রয়ব্যতীত কাহার মুক্তি হইবে না,
এক জন ঈশ্বরাবতার। ঐসকল ব্রাহ্মের
কেহ কেহ তাঁহাদের পত্রে কেশব বাবুকে
লে প্রভু ও "পাপীর গতি" প্রভৃতি শব্দে
ধন করিয়া থাকেন। কখন কখন তাঁহারা
ব বাবুকে লইয়া কোন বিশেষ সঙ্গীত
ত করিতে রাজপথে পরিভ্রমণ করেন
াপ সমাজেও তাঁহারা এমনি সংকুচিত
রা ফেলিয়াছেন যে তাহার আদ্যোপান্ত
দান করা সুকঠিন হইয়াছে। কেশব বাবুকে
বর্ত্তী করিয়া ঈশ্বরের নিকট প্রার্থনা করা
াপসনার এক অঙ্গস্বরূপ করা হইয়াছে।
রা এক দিবস এক জন ব্রাহ্মকে এই রূপ
র্থনা করিতে শ্রবণ করিলাম, "হে দয়াল-
! আমি অত্যন্ত পাপী, ঈশ্বর আমার বাক্য
ণ করিবেন না, অতএব আপনি আমার
তাঁহার নিকট প্রার্থনা করুন।" পত্রেতেও
হ কেহ এই ভাবে তাঁহাকে লিখিয়া
থাকেন "আপনার দয়াল পিতাকে এই কথা
বলিবেন।"

কেশব বাবুকে এইরূপ অযথা অধিকার
প্রদান করা তাঁহাকে পরিত্রাতা বলা, তাঁহার
নিকট পরিত্রাণের জন্য প্রার্থনা করা, তাঁহার
চরণ লেহন করা, তাঁহার নামে বিশেষ সঙ্গীত
রচনা করিয়া পথে পথে অথবা সমাজে প্রচার
করা ব্রাহ্মধর্ম্মের সম্পূর্ণ বিরুদ্ধ কার্য্য। যেসকল
ব্রাহ্ম এইরূপ আচরণ করেন, আমরা তাঁহাদি
দিগকে সত্যের ও ভ্রাতৃভাবের অনুরোধে সামু
নয় বাক্যে কহিতেছি যে তাঁহারা তদ্রূপ আচরণ
করিয়া আপনাদের ও কেশব বাবুর মঙ্গলের
পথে কণ্টকারোপণ না করেন। যাঁহার নিকট
আমরা উপকার লাভ করিতেছি, তাঁহাকে মনু-
ষ্যোচিত শ্রদ্ধা ভক্তি করা অবশ্যই কর্ত্তব্য,
কিন্তু তাঁহাকে "পরিত্রাতা" "ঈশ্বরাবতার"
বলা অথবা নীচভাবে তাঁহার চরণলেহন করা
ঈশ্বর এবং সত্যের অবমাননা বলিয়া আমাদের
বিশ্বাস হইতেছে।

ব্রাহ্ম ধর্ম্ম কেবল একমাত্র অদ্বিতীয় পবিত্র
পরমেশ্বরকে মুক্তিদাতা বলিয়া স্বীকার
করেন। মনুষ্যের উপাসনা করা ব্রাহ্ম ধর্ম্মের
সম্পূর্ণ অননুমোদিত কার্য্য। যে ব্যক্তি অনন্য-
গতি হইয়া ভক্তির সহিত সেই সত্যস্বরূপ, ন্যায়
স্বরূপ, মঙ্গলস্বরূপ, পবিত্র করুণাময় পাপীর
গতি ও আশ্রয় পরমেশ্বরের শরণাপন্ন হইবেন
এবং তাঁহার নিকট ক্রন্দন ও প্রার্থনা করিবেন,
তিনি তাঁহাকে মুক্তিদান করিবেন। প্রত্যেক
মনুষ্যের হৃদয়ে তিনি তাঁহাকে লাভ করিবার
ইচ্ছা নিহিত করিয়া রাখিয়াছেন। কোন মনুষ্য
বা পুস্তককে তিনি ইহা ও মুক্তিলাভের জন্য
নিয়োগ করেন নাই।

উপসংহারকালে কেশব বাবুর নিকট আমা
দের নিবেদন যে উক্ত ব্রাহ্মগণ তাঁহার সম্বন্ধে
যেরূপ আচরণ করিতেছেন, তাহা যদি তাঁহার
গর্হিত বলিয়া বোধ হয়, তাহা হইলে ঐ
স্রোত বন্ধ করিবার কোন উপায় অবলম্বন
করিবেন; নতুবা সাধারণের এইরূপ বিশ্বাস
জন্মিবে যে, তিনি উক্ত কার্য্যে অনুমোদন
করেন।

শান্তিপুর
১৭৯৩ শক
৬ কার্ত্তিক } শ্রীযদুনাথ চক্রবর্ত্তী
শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী
শ্রীনীলকমল দেব

—:০:—

মহাশয়! আপনার ১৯ এ আষ্টোবরের
সোমপ্রকাশে ভুরণানিবাসী এক ব্যক্তির প্রেরিত
পত্রের শেষ ভাগ পাঠ করিয়া যার পর নাই
আশ্চর্য্যান্বিত হইলাম। পত্রপ্রেরক মহাশয় কাপা
সীয়া ও তাহার নিকবর্ত্তী ১০। ১২ খানি এ
একটী ও বিদ্যালয় না থাকাতে তথাকার
লোকের ও উকীল, মোক্তার, তালুকদার
জোতদার মহাশয়গণের সন্তানগণের বিদ্য
ক্ষার নিমিত্ত গবর্ণমেণ্ট হইতে একটী বিদ্যা
প্রতিষ্ঠিত হইবার আশা করিতেছেন। এ উ
কেমন আশা বলিতে পারি না। যে গ্রাম এক
লোকে পরিপূর্ণ ও যাহার অধিকাংশ জমী
জোতদার, মোক্তার ও উকীল, তথাকার বা
গণের বিদ্যাশিক্ষার ভাবনা কি? লেখায় অ
বোধ হইতেছে তাঁহারা নির্ধন নহেন, তবে
তাঁহারা সকলে একত্রিত হইয়া, যত্ন ও পরি
সহকারে চাঁদা দিয়া একটী বিদ্যালয় স্থা
করেন না? গবর্ণমেণ্টের নিকটে সাহায্যপ্র
আবশ্যকতা কি? যে স্থলে প্রজাগণ মনে ক
বিদ্যালয় হইতে পারে, সে স্থলে বিদ্য
সংস্থাপন করা গবর্ণমেণ্টের উদ্দেশ্য নহে।

এক জন পত্রপ্রেরক লিখিয়াছে
শোয়ার আসামে অসময়ের বৃষ্টি হওয়াতে ন
বশিষ্ট ধান্যসকল এক প্রকার কীটে বিনষ্ট
হইতেছে। যদি কৃষকগণ গুঁড়া চূণ ধান্য গা
উপর ছড়াইয়া দেয়, তাহা হইলে অনা
কীটসকল নষ্ট হইয়া অনেক ধান্য রক্ষা হ
পারে। ঐ প্রদেশের কৃষকগণ এরূপ ক
স্থানে স্থানে অনেক ধান্য রক্ষা করিয়াছে,
যখন ধান্যকর্ত্তন করা হইবে, তখন ধা
গোড়াসমেত না কাটিয়া কেবল শীষ কা
লইয়া অবশিষ্ট অংশ অগ্নিদ্বারা জ্বালাইয়া
কীটসকল এক কালে বিনষ্ট হইবে, পর
কীটের উৎপাতের আর আশঙ্কা থাকিবে

যশোর জোবদপুরের এলাকা, মস্যা
নবাসী এক জন কায়স্থ ইতিমধ্যে নিজ
সীর সহিত বরাত করিয়া প্রাণ সমর্পণ ক
শমনসদনে আতিথ্যস্বীকার করিয়াছেন।

সম্প্রতি পঞ্চগ্রাম এ ম এক ব
বাটীতে ডাকাইতি হয়। দস্যুগণ দুই বাটী
আক্রমণ করিয়া বাক্সখোলে উৎসর্গের ব
বলপূর্ব্বক লইয়া যায়। যায় কোথায় লইয়া
তাহার কিছু অনুসন্ধান পাওয়া যায়
পরে বারিকপুরের সব ইনস্পেক্টর শ্রীযুক্ত
চাঁদ চট্টোপাধ্যায় ডিভিজনল ইনস্পেক্টর
বাবু দেবনারায়ণ বন্দ্যোপাধ্যায় ম
বহু যত্ন ও পরিশ্রমসহকারে অনুসন্ধা
বোটীকে হস্তগত করিয়া ৯ জন আসা
ধৃত করিয়া চালান দিয়াছেন বিচার এ
হয় নাই। সম্পাদক মহাশয়! অনেক ডা
তির কথা শুনা আছে। কিন্তু যৌ

মত্ত ডাকাইতির কথা এই প্রথম শুনিলাম।
বর্ত্তমান সপ্তাহের মধ্যে একটী বালক সর্পদং
ম মানবলীলা সম্বরণ করিয়াছে।

২২ এ অক্টোবর
শ্রীঃ
১৮৫৮ সাল

—:০:—

এক দিনের পর কাশীধামে প্রসিদ্ধ ব্রাহ্ম
নেতা শ্রীযুক্ত বাবু কেশবচন্দ্র সেন প্রকাশ্য
: আগমন করিয়াছিলেন। ইতিপূর্ব্বে আরও
এক বার তিনি এখানে আসিয়াছিলেন বটে
থাবলম্বিত ধর্ম্মপ্রচারের কোন সম্ভাবনা
দ.য়া নৈবাশ্যের সহিত প্রস্থান করেন।
গণ কাশীবাসীদিগের হিন্দু ধর্ম্মে ভক্তি
ক করিয়া স্থির করিয়াছিলেন যে, কাশীতে
র্ম্ম অঙ্কুরিত হইবার অনেক বিলম্ব আছে।
প্রবোধে তাঁহারা এত দিন ক্ষান্ত রহিয়াছি
গত দশবার কিছু দিন পরে কয়েক জন
খানে উপস্থিত হন এবং এখানকার
মিওপাধী চিকিৎসক শ্রীযুক্ত বাবু লোকনাথ
তাঁহাদের অভ্যর্থনা করেন। উপস্থিত
গণ লোকনাথ মৈত্র প্রভৃতি কয়েক
কদ্বারা প্রোৎসাহিত হইয়া তাহাদের ধর্ম্মা
কে এখানে আনয়ন করিবার অভিপ্রায়ে
গমন করেন। ১৮ এ আশ্বিন মঙ্গলবার
র বাবু শিবদল লইয়া এখানে উপস্থিত
এবং দুই দিবস অবস্থিতি করিয়া শুক্রবার
র আটটার সময় এখানকার নর্ম্মাল বিদ্যালয়
পৌত্তলিক ও বিশুদ্ধ হিন্দুধর্ম্মের বিষয়ে
াজীতে একটী বক্তৃতা করেন। অনেক ইউ
রীয় ও এতদ্দেশীয় ভদ্র লোক বক্তৃতা
তে তথায় গমন করিয়াছিলেন; বক্তৃতাটী
উৎকৃষ্ট ও বিশুদ্ধ ইংরাজীতে হইয়াছিল
হয়, অনেক ইউরোপীয় তাহা স্বীকার করি
। উপসংহারকালে কেশব বাবু বলিলেন,
র্ম্মে যেমন কতকগুলি ভ্রম ও দোষ আছে,
সেইরূপ উহাতে সত্য ও পবিত্র ভাব
তে পাই। এতএব হিন্দুধর্ম্মের অপকৃষ্ট
বাদ দিয়া, উৎকৃষ্ট অংশ গ্রহণ করিলে
ক ও পবিত্র ধর্ম্ম (যোর হয়, ব্রাহ্মধর্ম্ম)
হইবে। যে দিবস ভারতভূমির সর্ব্ব
ধর্ম্ম বিস্তারিত হইবে, সেই দিবস
উন্নতিসোপানে পদার্পণ করিব"
শর বাবু দশ ঘটিকার সময় সভা ভঙ্গ হয়
ন (২ কার্ত্তিক) প্রাতঃকালে লোকনাথ
মহাশয়ের বাটীতে কেশব বাবু সম্বাগতের
ব্রাহ্ম সংকীর্ত্তন করিয়া অপরাহ্ণ তিনটার
সময় এখান হইতে স্বদেশাভিমুখে গমন করিয়াছেন।

দেওয়ালী উপলক্ষে এখানে একপ্রকার অনিষ্টকর আমোদ হইয়া থাকে। এতদ্দেশীয় দিগের মধ্যে কি ধনী, কি নির্ধন, কি বালক, কি বৃদ্ধ শ্যামাপূজার পূর্ব্বদিন রাত্রি হইতে ক্রমাগত তিন রাত্রি জুয়া খেলিয়া কেহ বা সর্ব্বস্বান্ত হন, কেহ বা প্রচুর অর্থলাভ করেন। দেশের এই মহৎ অনর্থ নিবারণ করিবার উদ্দেশে এখানকার মাজিষ্ট্রেট সাহেব গত বৎসর ঘোষণা করিয়া দিয়াছিলেন যে, কোন ব্যক্তি দেওয়ালীতে জুয়া খেলিতে পাইবে না। তথাচ গুপ্ত খেলার দ্বারা যে কত লোকের সর্ব্বনাশ হইয়াছিল, তাহা আমরা বিশেষ অবগত আছি। গত বৎসর ত জুয়া খেলিতে পাইবে না বলিয়া কিছু কিছু বাহাড়ম্বর হইয়াছিল, এবার তাহার কিছুই শুনিতে পাইলাম না। জুয়াখেলা যে এদেশীয়দিগের সর্ব্বনাশের এক প্রধান কারণ, বোধ হয় সকল রাজপুরুষ তাহা অবগত নহেন। যদি তাঁহারা এই ভাবিয়া ক্ষান্ত হইয়া থাকেন যে, জুয়া খেলা নিবারণ করিতে গেলে ধর্ম্মের বিষয়ে হস্তক্ষেপ করা হয়, তাহা হইলে তাঁহাদের সম্পূর্ণ ভ্রম হইয়াছে। রাজপুরুষগণ নিশ্চয় জানিবেন, জুয়া খেলার সহিত ধর্ম্মের কোন সংস্রব নাই। দ্যূত প্রতিপদে ক্রীড়া করিবে শাস্ত্রে এই মাত্র আছে, কিন্তু সর্ব্বস্বান্ত করিয়া জুয়াখেলা খেলিবে, এরূপ বিধি নাই। রাজা যুধিষ্ঠির নির্ব্বন্ধিতা করিয়া পণ রাখিয়া ক্রীড়া করিয়াছিলেন, এই নিমিত্ত তাঁহার অত্যন্ত দুরবস্থা হইয়াছিল। অতএব জুয়াখেলা যাহাতে এদেশ হইতে এক বারে অপনীত হয়, সদয় গবর্ণমেণ্টের নিকটে আমাদের তাহা একান্ত প্রার্থনীয়।

১৯ এ অক্টোবর
১৮৬৮।
বারাণসী
শ্রীরঘুনাথ ভট্টাচার্য্য

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু বিহারিলাল শীল জিয়াগঞ্জ ৭
" লাইব্রেরি রাঁচি ছোটনাগপুর
১২৭৫ কার্ত্তিক হইতে ৭৬ আশ্বিন ১৩
" " গোপীবিনোদ দাস দিনাজপুর
১২৭৫ আশ্বিন হইতে ৭৬ ভাদ্র ১৩
" " জগদানন্দ মুখোপাধ্যায় ভবানীপুর ৫॥
" " চন্দ্রমোহন গঙ্গোপাধ্যায় ভবানীপুর ৫॥
" " উমাচরণ রায় কানপুর
১৮৬৮ নবেম্বর হইতে ৬৯ অক্টোবর ১৩।
" " রামদাস সেন ছাপরা
১৮৬৮ নবেম্বর হইতে ৬৯ এপ্রেল ৭

" " যোগেন্দ্রনাথ গুপ্ত দানাপুর

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫॥০ টাকা; মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের স্থানে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রকাশ মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হই যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঁড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃ হয়।

সোমপ্রকাশ

১০ ম ভাগ। ৪৮ সংখ্যা।

" প্রবর্ত্তনাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং। "

সাপ্তাহিক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ অগ্রিম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } মূল ১২৭৫। ৩রা কার্ত্তিক। ১৮৬৮। ১৯এ অক্টোবর { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

কি রা ৸

প্রত্যেক খণ্ড ৮০ পৃষ্ঠা মূল্য (নগদ) ॥০
এই পুস্তক প্রথম অবধি দ্বিতীয় সর্গপর্য্যন্ত
থম সংখ্যা নাগরাক্ষরে রামানুজের টীকা ও
ঙ্গালা অনুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে
দ্রিত হইয়া বিতরিত হইতেছে। ইহাতে মাহে-
তীর্থ ও নাগোজী ভট্টের টীকাও স্থলবিশেষে
ত করা হইতেছে ও ইহা প্রতিমাসে ১০
মা অর্থাৎ ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচা
হইবে। মূল্য ॥০ আনা। যাঁহারা গ্রাহক
ভুক্ত হইতে চাহেন, তাঁহারা আমার নামে
য় প্রকাশ যন্ত্রে পত্র লিখিবেন।

শ্রাবণ
১২৭৫
ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
ত অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ
ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডার্স্ আরবো-
থনট এবং কোং

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে /০ এক আনার হিসাবে কমিসন দি। অধিক টাকার পুস্তক লইলে /১০ আনার হিসাবে পাইবেন।

অপূর্ব্ব উপাখ্যান অর্থাৎ সেক্সপিয়রকৃত নাটকের মর্ম্মানুবাদ ২॥
শ্রীমদ্ভাগবত ১ম অবধি ১২ স্কন্ধ বাং গদ্য ৮
শ্রীশ্রীহরিভক্তিবিলাস সম্পূর্ণ ৮
শ্রীমদ্রামরসায়ন দুই খণ্ডে সম্পূর্ণ ৫
চক্রদত্তপ্রভৃতি চিকিৎসা গ্রন্থ সিন্ধুরীয়া পটী নিবাসী বাবু কাশীনাথ মল্লিকের গৃহে উত্তম পণ্ডিতদ্বারা হস্তের লিখিত ২৬
নিত্যধর্ম্মানুরঞ্জিকা পত্রিকা বার্ষিক ৩
কৌতুক বিলাস যাহাতে গোপালভাঁড়ের কৌতুকগুলি সম্পূর্ণ আছে ১
চন্দ্রহংস ; জৈমিনি ভারত হইতে উদ্ধৃত ১
ব্রহ্মতত্ত্ব চূড়ামণি অর্থাৎ ব্রহ্মনির্ণয় ১৷৷
নীলাঞ্জন কাব্য ৸
পুরঞ্জন কাব্য ৸
মণিকুণ্ডলা কাব্য ১
অভিমন্যুবধ নাটক ৷৷৵
দ্বাদশ শিশুর বিবরণ ৸
রত্নোত্তমা গদ্য কাব্য ১
কৌরববিয়োগ নাটক ২
সিভিল গাইড মার্শমেন সাহেব কৃত ২০
পদ্মগন্ধা উপাখ্যান ৸
সন্দেশাবলী স্বরূপচন্দ্র দাসকৃত ৩৸
পিশাচোদ্ধার ১
নীতিপ্রভা ৷৷
এটলাস বাং ৮ খানি ম্যাপ গণেশচন্দ্র শর্ম্মারকৃত ৩
ভূতত্ত্বদর্শন পৃথিবীর মানচিত্র ৫

ভারতবর্ষের ম্যাপ দেবনাগর অক্ষরে
নীতিশিক্ষা
অনবরত শোধীলী গদ্যপদ্য পার
কাব্য
কুমার সম্ভব সংস্কৃত হইতে পদ্য অনুবা
ভারতবর্ষের ইতিহাস কেদারনাথ দত্তকৃত
ঐ গোবিন্দচন্দ্র সেন কৃত
মনস্তত্ত্বসারসংগ্রহ
প্রাচীন ইতিহাস সমুচ্চয়
ঐ মার্শমেন সাহেবকৃত দুই খণ্ড
নাট্য অভিশিষ্ট নাটক
চরিতমঞ্জরী
শব্দকল্পদ্রুম পরিশিষ্ট
কলিকাতা জোড়াসাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র নগদ বিক্রে

—:০:—

সাবিত্রীচরিত
কাব্য।

শ্রীভোলানাথ চক্রবর্ত্তিপ্রণীত।
মূল্য ১ এক টাকা
সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

——:০:——

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান ; সর রাজা রা
কান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সো
দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা।
শ্রীআনন্দচন্দ্রবেদান্তবাগীশ

—:০:—

মহামহোপাধ্যায় বরদাচার্য্য কৃত বসন্ততিল
ভাষ নেপালস্থ পণ্ডিত শ্রীযুক্ত ভীমবল্লভ পন্ত
কর্ত্তৃক সংশোধিত হইয়া দেবনাগরাক্ষরে মুদ্রিত
হইয়াছে। মূল্য ॥০ আট আনা। কলিকাত

জ্ঞানরত্নাকর যন্ত্র নিমতলা ঘাট ষ্ট্রীট
২খাক ভবন।

শ্রীভুবনচন্দ্র বসাক।

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণু পুরাণ।

রস্থবাদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড
ষ্টা (অগ্রিম মূল্য) ॥০।
নি গ্রাহকাভিলাষী হইবেন তিনি মূজাপুর
২৪ষ্ট্রীট ৩৪।১ নং ভবনে কাব্যপ্রকাশ
অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
জগমোহন তর্কালঙ্কারের নামে যত
ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম
াইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার
নাই ইতি।

—০—

হিন্দী পুস্তকের বিজ্ঞাপন।

াম, রঘুপ্রভৃতি কবির বিরচিত লোক।
াই আদিতে মানবের ২৬২ প্রকার লক্ষণ
নলু জি লালের রচিত মাধব সুলোচনার
র সহিত মাধববিলাসনামক পুস্তক দেব
াক্ষরে মুদ্রিত ও প্রচারিত হইল, মূল্য ।৵
আনা ডাক মাসুল ৵০ আনা, কলিকাতা
াদ জ্ঞানরত্নাকর যন্ত্র নিমতলা ঘাট ষ্ট্রীট
সংখ্যক ভবন।

শ্রীভুবনচন্দ্র বসাক।

নদিয়ার নদী।

ন ১৮৬৮ সালের সেপ্টেম্বর মাসের ১৫ ই
হইতে ৭ ই অক্টোবর পর্য্যন্ত নদীয়ার
নদী কায়ের সর্ব্বোচ্চ ও জলের
সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বোচ্চ ও জল	
	ফুট	ইঞ্চি।
নদীয়া মাথাভাঙ্গা		
মহানার উপর পদ্মানদীতে	৭	৯
নিজ মহানায়	৮	৬
তথা হইতে হাট বোয়ালিয়া		
৪৪ মাইল	৭	৩
হাট বোয়ালিয়া হইতে		
আমুকদিয়া	১৩	৯
আমুকদিয়া হইতে কৃষ্ণগঞ্জ		
৩৮ মাইল	১৭	৯
কৃষ্ণগঞ্জ হইতে হুগলি নদী		
৩৪ মাইল	১৮	৯
ভাগীরথী নদী।		
মহানার উপর	২৬	৬
উহার নীচে নিজ মহানায়	১৮	৩
তথা হইতে জিয়াগঞ্জ	৭	৬
জিয়াগঞ্জ হইতে কাটোয়া		
৬০ মাইল	১৮	৯
কাটোয়া হইতে নদীয়া		
৪৬ মাইল	২১	৯
জলঙ্গী নদী।		
নিজ মহানায়	৪	৯
তথা হইতে করিমপুর		
১৯ মাইল	৪	৪
করিমপুর হইতে টিয়াকাটা		
৩৫ মাইল	৭	৪
টিয়াকাটা হইতে নদীয়া		
৬০ মাইল	৮	৮

সন ১৮৬৮ সালের ১০ ই অক্টোবর তারিখের বহরমপুর গঞ্জ ঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
গঞ্জঘাটের উপর	১৫	৯

বহরমপুর
১০ ই অক্টোবর
১৮৬৮।

শ্রীযুক্ত সি. ই. উইক
এক জিকিউটিব ইঞ্জিনিয়র
বহরমপুর ডিবিজন।

সোমপ্রকাশ।

৩রা কার্ত্তিক সোমবার।

আমাদিগের পরিচিত এক বিশ্বস্ত ব্যক্তি কহিলেন, মজঃফরপুরে লোকে দাস রাখেন কি না, ইহার অনুসন্ধান হইতেছে। তাঁহার মুখে যেপ্রকার শুনা গেল, তাহাতে যে সুক্ষম অনুসন্ধান হয়, এরূপ বোধ হয় না। "যে সরিষার দ্বারা ভূত ছাড়ান হইবে, তাহার ভিতরেই ভূত রহিয়াছে।" যাঁহারা অনুসন্ধান করিয়া বাহির করিয়া দিবেন, তাঁহাদিগের অনেকে ঐ দোষে অলিপ্ত নহেন। আমাদিগের পরিচিত ব্যক্তি বলিলেন, গবর্ণমেণ্ট যদি নিম্ন লিখিত বিষয়গুলির অনুসন্ধান করেন, কৃতার্থতালাভে সমর্থ হইতে পারেন।

১। "নফর" এই শব্দ দ্বারা নির্দে
শিত হয়, মজঃফরপুরে এমন লো
আছে কি না।

২। নফর শব্দের অর্থ কি?

৩। যাহারা নফর শব্দ দ্বারা নি
শিত হইয়া থাকে, তাহাদিগের অবস্থ
কিরূপ? তাহাদিগের কাজই বা কি

৪। যে সকল লোকে মজঃফরপু
সচরাচর সাক্ষ্য দেয়, তাহার মধ্যে নফ
বলিয়া পরিচয় দিয়া সাক্ষ্য দিয়াছে, এ
লোক আছে কি না?

আমাদিগের বিবেচনায় এই উপা
অবলম্বন করিয়া অনুসন্ধান করা মন্দ হ
তেছে না।

—:০:—

গবর্ণমেণ্ট ক্রমে ক্রমে সমুদায় ডিপ
র্টমেণ্টের ব্যয় সংক্ষেপ, অপব্যয় নিবা
ও সুপ্রণালী স্থাপন করিয়া সুশৃঙ্খলরূ
কার্য্য সম্পন্ন করিবার সদুপায় বিধান কি
তেছেন; কিন্তু পবলিক ওয়ার্ক ডিপা
মেণ্ট ও রেলওয়ের কিছুই করিতে পা
তেছেন না। আমাদিগের এক জন প
প্রেরক "পবলিক ওয়ার্ক ডিপার্টমে
ও বহরমপুর কালেজ" এই শীর্ষক
ঙ্কিত একখানি প্রেরিতপত্র প্রেরণ ক
য়াছেন, প্রধানপুরুষেরা তাহার প্রতি
একবার দৃষ্টিপাত করিলেই জানি
পারিবেন, ঐ ডিপার্টমেণ্টের কা
কিরূপে সম্পন্ন হইতেছে।

এ ডিপার্টমেণ্ট এরূপ জঘন্য অ
স্থায় রহিয়াছে, কারণ কি? এ বিভা
কি ভদ্রলোক প্রবেশ করেন না? ই
নিয়ার দলে প্রবিষ্ট হইলে কি লোকে
ধর্ম্মজ্ঞান ও সচ্চরিত্রতাদি বিলুপ্ত হই
যায়? যাঁহারা পবলিক ওয়ার্ক ডিপা
মেণ্টে প্রবেশ করেন, তাঁহারা রাত
রাতি ভাগ্যবন্ত হন, গবর্ণমেণ্ট কি এ
জানেন? এই বাক্যটী প্রায় একপ্রক

সদ্ধ হইয়া উঠিয়াছে যে, পবলিক
র্কের কর্ম্মচারীরা পুনরায় আসিবার
না রাখিয়া কার্য্য সম্পন্ন করেন
সুতরাং কাজ শক্ত হয় না ; দুদিন
তে না যাইতে মেরামত করাইবার
মস্ত তাঁহাদিগকে পুনরাহ্বান করিতে
।

এই দৌরাত্ম্যের নিবারণার্থ আমা
গর বিবেচনায় নিম্নলিখিত উপায়ের
লম্বন বিধেয় হয়। যখন যে নির্ম্মা
র কার্য্য উপস্থিত হইবে, ইঞ্জিনিয়া-
া তাহার নক্সা ও ব্যয়ের অনুমান
য়া এক একটী হিসাব দিবেন এবং
তিমত কার্য্য হইতেছে কি না, মধ্যে
া তাহার তত্ত্বাবধান করিবেন এবং
্য শেষ হইলে তাহা দেখিয়া লইবেন।
ব ব্যয়ের ভার অনিঞ্জিনিয়র সচ্চরিত্র
র্ম্মিক লোকের হস্তে দিতে হইবে।
ব্যক্তির হস্তে এষ্টিমেট ও ব্যয়ভার
র কার্য্য সমর্পিত হইলে পবলিক
ক ডিপার্টমেণ্টের চৌর্য্য নিবারণ
া যে সুন্দররূপে কার্য্য সম্পন্ন হইবে,
নক্রমেই তাহার সম্ভাবনা নাই।
া যে লোকের হস্তে ব্যয়ভার সম-
র কথা কহিতেছি, তাহার নিয়োগ
ল বিশেষরূপে সাবধান হইতে
ব। এরূপ ধার্ম্মিক লোক নিয়োগ
শাক যে সম্মুখাগত অর্থরাশিতে
াদিগের মতিভ্রম জন্মাইতে না
র। আমরা শুনিয়াছি, অনেক সাধু
ব্যক্তিও পবলিক ওয়ার্ক ডিপার্ট
ট প্রবেশ করিয়া হতচরিত্র হইয়া-
। আমরা যখন উল্লিখিত উপায়
ম্বন করিবার পরামর্শ দিতেছি,
গবর্ণমেণ্ট জিজ্ঞাসা করিতে
ন, ইঞ্জিনিয়রদলে কি এক জনও
লোক নাই ? এ প্রশ্নে আমাদিগের
এই, ঐ দলে কেহই ভাল লোক
এ কথা বলা আমাদিগের অভি
প্রেত নহে। অল্প হউক, অধিক হউক,
ভাল লোক থাকিতে পারেন ; কিন্তু
যখন তাঁহাদিগের দ্বারা চৌর্য্যের নিবা
রণ হইতেছে না, তখন আমাদিগের
নির্দ্দেশিত উপায় অবলম্বন করাই কর্ত্তব্য
হয়।

মফস্বলে ন্যায্য ব্যবহার দুর্লভ।

নগরে সমুদায় বিষয়ই দুর্লভ ও
মহার্ঘ্য এবং মফস্বলে সুলভ ও অল্প-
মূল্য। নগরে গিয়া বাস কর, কত ব্যয়
পড়িবে, জ্ঞানার্জ্জনের চেষ্টা পাও, কত
ব্যয় পড়িবে, পীড়া হইলে চিকিৎসা
করাও, কত ব্যয় পড়িবে ; কিন্তু মফস্বলে
এ সমুদায়ই স্বল্প ব্যয়ে সম্পন্ন হয়। মফ
স্বলে কেবল এক ন্যায্য ব্যবহার দুর্লভ।
ত্রিহুত হইতে এক ব্যক্তি আসিয়াছেন,
তিনি কহিলেন, মফস্বলের অবস্থা অতি
শোচনীয়, তথায় বিচারপতি পর্য্যন্ত
ন্যায় ও আইনসিদ্ধ ব্যবহারে অনুরাগী
নহেন। তাঁহারা যেরূপ ব্যবহার করেন,
তাহা দেখিলে কোন রূপেই এরূপ বোধ
হয় না যে তাঁহাদিগের উপরে কেহ
আছেন। তথায় সদ্বিচার ও ন্যায্য ব্যব
হার নিতান্ত দুর্লভ। এরূপ হইবার কয়ে
কটী কারণ আছে। প্রথম, উপরের
লোকেরা তাঁহাদিগের কার্য্যের তত্ত্বাব
ধান করেন না ; তাঁহারা অন্যায় করিলে
নীচের লোকেরা আপনাদিগের অনিষ্ট
শঙ্কায় কিছু বলিতে পারেন না ; সুতরাং
তাঁহারা স্বৈরাচারপরায়ণ হইয়া উঠেন।
মফস্বলে অনেক বিধিবিরুদ্ধ কার্য্য অনুষ্ঠিত
হয়। ত্রিহুত হইতে আগত ব্যক্তি বলি-
লেন, তথাকার অধিকাংশ হাকিম নীল
করদিগের সবিশেষ সংসর্গ করিয়া
থাকেন ; সুতরাং তত্রত্য প্রজাদিগের
সহিত নীলকরের কোন বিবাদ উপস্থিত
হইলে প্রজার জয়লাভ দুর্ঘট হয়।
এরূপ হওয়া বিস্ময়ের বিষয় নহে। একে
ইউরোপীয় বিচারপতির ইষ্টরে
নীলকরের প্রতি স্বদেশীয় বলিয়া
বতঃ স্নেহ জন্মিয়া থাকে, তা
আবার ঘনিষ্ঠতানিবন্ধন সুহৃদ্ভাব
কাজে কাজেই বিচারকালে বিচার
ইচ্ছা না থাকিলেও চিত্ত নীলকর
পাতী হইয়া উঠে। এরূপ স্থলে স
রের সম্ভাবনা কি ? মফস্বলের
ব্যক্তিরা আপনা আপনি অত
হইতে বিনিবৃত্ত হইবেন, সে সম্ভা
নাই। সচরাচর তাঁহাদিগের এই স
আছে, দুর্ব্বল ব্যক্তিদিগকে দমন র
উচিত; কোনরূপে তাহাদিগকে বা
দেওয়া কর্ত্তব্য নয়। দুর্ব্বলেরা আপ
গের ন্যায্য প্রাপ্য গণ্ডা বুঝিয়া ল
চেষ্টা পাইলেই তাহাদিগের বৃদ্ধি
প্রবলেরা এইরূপ মনে করেন।

আমরা মফস্বলের বিচাপতিদি
রোগের বিষয় জানাইলাম, এক্ষণে
র্ণমেণ্ট ইহার প্রতীকারচেষ্টা করুন।

—:০:—

দুর্ভিক্ষশঙ্কা।

এবার অনেক স্থানেই দুর্ভি
আশঙ্কা জন্মিয়াছে ; দুর্ভিক্ষের যে
প্রধান হেতু অতিবৃষ্টি ও অনাবৃষ্টি
বর্ষে তাহা ঘটিয়াছে বঙ্গদেশে অ
ও উত্তর পশ্চিমাঞ্চলে অনাবৃষ্টি। ব
শের অধিকাংশ নিম্ন ভূমির শস্য
বৃষ্টিতে নষ্ট হইয়াছে। গত বর্ষে
সকল স্থানের লোকে ভালরূপ শস্য
নাই। তাহাতে ঐ সকল স্থানের লো
সবিশেষ কষ্ট হইয়াছে। ২৪ পরগ
দক্ষিণাংশের কতক স্থানের লো
কষ্ট অধিকতর বৃদ্ধি হইয়াছে। পক্ষা
উচ্চ ভূমিতে উত্তম শস্য জন্মিয়া
যদি আর একটু বৃষ্টি হয়, সম্পূর্ণ
লাভের সম্ভাবনা।

তমোলুক, ঘাটাল ও কাঁথিপ্র
স্থানেও সুবিধা নাই। গতবারে

র দ্বিতীয় বন্যা।" এই শিরস্কযুক্ত
প্রেরিত পত্র সোমপ্রকাশে প্রকাশিত
তদ্দ্বারা উহা সপ্রমাণ হইতেছে।
ম অঞ্চল হইতে এবার যে একখানি
পত্র আসিয়াছে, তদ্দ্বারা তথায়
ক্ষ আশঙ্কার বিলক্ষণ প্রাদুর্ভাব দৃষ্ট হই
উত্তর পশ্চিমাঞ্চলে যেপ্রকার বৃষ্টির
শুনা যাইতেছে, তথায় এখনি দুর্ভিক্ষ
স্থিত হইয়াছে বলিলে বলা যায়।
ক স্থলে দুর্ভিক্ষমূল্যে শস্য বিক্রীত
ছে।

এখন উপায় কি? বিপদাপন্ন স্থানের
য দান একান্ত আবশ্যক; কিন্তু কি
র সাহায্য দান করা কর্ত্তব্য?
৪ সালের ১৬ই কার্ত্তিকের ঝড়ে
দিগের গৃহাদি ভগ্ন হয়, তাহাদিগে
াহায্য দান করা হইয়াছিল, তাহা
য়া আমাদিগের সংস্কার জন্মিয়াছে,
কার সাহায্যদান করা আর না করা
টাকাগুলি বৃথা নষ্ট হয়: যাহার
খানিও বাসগৃহ ছিল না, সে ৪।৫
সামান্য সাহায্য পায়। তাহাতে
র কি উপকার দর্শে? পক্ষান্তরে
খানি গৃহ ২৫ টাকার ন্যূনে হয় না।
এব উল্লিখিত সাহায্যদানপ্রথা
ক্তিত না হয় এই আমাদিগের ইচ্ছা।
স্থানে দুর্ভিক্ষসম্ভাবনা হইয়াছে,
য় এই সময়ে প্রয়োজনানুসারে বাঁধ
ও রাস্তাপ্রভৃতি আরম্ভ করিয়া
হউক এবং যে স্থানে ভালরূপ
জন্মিয়াছে তথা হইতে যে স্থানে
নাই, সেই খানে শস্যের আমদানী
হউক: গবর্ণমেণ্ট স্বয়ং এই ভার
করুন। যে মূল্যে শস্য ক্রয় করা
এবং শস্য লইয়া যাইবার যে ব্যয়
বে তাহার গণনা করিয়া লাভ না
মন্ত্রণি দুর্ভিক্ষ অথবা দুর্ভিক্ষ
ত প্রদেশে বিক্রয় করিতে হইবে।
পায় অবলম্বিত হইলে তত্রত্য
লোকেরা দুর্ভিক্ষের তাদৃশ প্রকোপ জানিতে পারিবেন না, গবর্ণমেণ্টেরও সাহায্য করিয়া যথার্থ উপকার করা হইবে।

—:০:—

"১৮৭২ অব্দের এদেশীয়দিগের বিবাহের আইন।"

ব্রাহ্মেরা আপনাদিগের বিবাহের একটী স্বতন্ত্র পদ্ধতি প্রবর্ত্তিত করিয়াছেন। ঐ পদ্ধতির অনুসৃত বিবাহ যদি রাজার অনুমোদিত না হয়, তাহা হইলে উহা অবৈধ বলিয়া পরিগণিত হইতে এবং তদ্বিবাহজাত সন্তানেরা ধনাধিকারবঞ্চিত হইতে পারে। এই আশঙ্কা করিয়া ব্রাহ্মেরা ঐ বিবাহের বৈধতাসম্পাদনার্থ আবেদন করেন। আমরা এতৎসংক্রান্ত একটী আইনের পাণ্ডুলেখ্য ১লা সেপ্টেম্বর ব্যবস্থাপকসভায় প্রবেশিত দর্শন করিয়া চমৎকৃত হইলাম। উহার শিরস্থানে লেখা আছে, "খৃষ্ট ধর্ম্মাবলম্বী নয়, এরূপ কতকগুলি ভারতবর্ষীয়ের বিবাহের বৈধতাসম্পাদনার্থ আইনের পাণ্ডুলেখ্য"। পরে আছে, "যাহারা খৃষ্ট ধর্ম্মাবলম্বী না এবং হিন্দু, মুসলমান বৌদ্ধ, পারসী, ইহুদীদিগের প্রণীত পদ্ধতি অনুসারে বিবাহ করিবার আপত্তি করে।" এরূপ লেখার উদ্দেশ্য কি? খৃষ্ট ধর্ম্মের বেলা খৃষ্টধর্ম্মাবলম্বী নয়, এই কথাটী স্পষ্টাক্ষরে লেখা হইল। কিন্তু হিন্দু ধর্ম্মাদির সঙ্গে লেখা হইল, তত্তৎ পদ্ধতিক্রমে বিবাহ করিতে আপত্তি করে। বোধ করি এক ব্যক্তি আর সমুদায় কার্য্য হিন্দু প্রথানুসারে অনুষ্ঠান করিতেছে, কেবল বিবাহের সময়ে ঐ প্রথা পরিত্যাগ করিয়া অন্য প্রথা অবলম্বন করিল, তাহার বিবাহ এই আইনের অনুসারে বৈধ হইবে কি না? যদি হয়, এটী সমাজের উপকারক না হইয়া অপকারক হইয়া উঠিবে সন্দেহ নাই। যদি কোন হিন্দু দুই টাকা রেজিষ্টরী ফী এবং তিন জন সাক্ষী রাখিয়া বেশ্যার পাণিগ্রহণ করে এবং বেশ্যাকে লইয়া আপনার পৈতৃক ভূমিতে অবস্থিতি করে, সেটী সমা উপকারের না অপকারের হইবে?

ব্রাহ্মেরা যখন বিবাহের স্বতন্ত্র তির সৃষ্টি করিয়াছেন, তখন সেই তির অনুসারে যিনি বিবাহ করি তাঁহার বিবাহ সিদ্ধ হইবে, এই আইন করিলে কি সর্ব্বাঙ্গীন মঙ্গল না? তাহা করিলে হিন্দুধর্ম্মাদির ব্রাহ্মধর্ম্মের স্বতন্ত্রতা স্বীকার ক উহার গৌরব বৃদ্ধি করা হইত স নাই। আমরা যে অনিষ্টের আশঙ্কা তেছি, তাহাও থাকিত না। ব্রা স্বরূপনিরূপণ করা কঠিন বিবে করিয়া পাণ্ডুলেখ্যকর্ত্তা উক্ত পাণ্ডুলেখ্য করিয়াছেন, কেহ কেহ রূপ বলেন; কিন্তু আমাদিগের বিবে এটী অতি অকিঞ্চিৎকর বাক্য। দিগের অবলম্বিত নির্দ্দিষ্ট পদ্ধতি সারে যে বিবাহ হইবে, তাহাই বিবাহ। যদি এ লক্ষণ না হয়, হি মুসলমানপ্রভৃতি বিবাহেরও লক্ষণ করিতে হয়। হিন্দুধর্ম্মানু বিবাহ করিয়া তাহার অপহ্নব করা সহজ না হয় ব্রাহ্মবিবাহের অ করাই বা কিরূপে সহজ হইবে?

পাণ্ডুলেখ্যে বরের ১৮ বৎসর এব ন্যার ১৪ বৎসর বিবাহের যে বয়স নি করা হইয়াছে, এটী অতি উত্তম হইয়া কন্যার ১৮ বৎসর বয়স পূর্ণ হই পূর্ব্বে সে যদি বিবাহার্থিনী হয়, মাতার অনুমতি গ্রহণের এবং বহুবি কারির দণ্ডের যে বিধি করা হইয় সেটী ও উত্তম কল্প। এই পাণ্ডুলে একটী অসম্পূর্ণতা দোষও লক্ষিত হই স্ত্রী অথবা স্বামী পরিত্যাগের এ

ইহাতে প্রবেশিত করিয়া দেওয়া
ব্য।

কলিকতা রাজধানীর যোগ্য স্থান কি না?

যখন কলিকাতায় মিউনিসিপালিটীর
ধুম ছিল না, ড্রেণ ও পয়ঃপ্রণালীর
গন্ধও ছিল না, তখনকার গবর্ণর
নেরলেরা কলিকাতাকে অস্বাস্থ্যকর
য়া নির্দ্দেশ করেন নাই, তাঁহারা
লা অথবা দারজিলিঙকে কলিকাতার
ধানী করিবার কখন স্বপ্নও দেখেন
; কিন্তু কি আশ্চর্য্য, শত বৎসরের
কলিকাতা হঠাৎ এমনি অস্বাস্থ্যকর
াসের অযোগ্য হইয়া উঠিল, যে
ণকার প্রধান পুরুষেরা নিমেষকাল
এখানে থাকিতে সাহসী হন না!
বা এরূপ হওয়া আশ্চর্য্যের বিষয়
। পূর্ব্বকার প্রধান রাজপুরুষেরা
বিগ্রহাদি বিষয়ে সতত লিপ্ত ছিলেন
ন নূতন নূতন রাজনীতি ও কার্য্যপ্র
ীর উদ্ভাবনের আবশ্যকতা ছিল;
রাং তাঁহারা পরের অর্থে আপনাদি
ভোগবাসনা চরিতার্থ করিয়া
াতিপাত করিয়া যান, এরূপ অব
পাইতেন না; কাজে কাজেই কলি
া অস্বাস্থ্যকর, এখানে বাস করিলে
ধতকাল সংক্ষিপ্ত হইয়া আসিবে,
কার আতঙ্ক তাঁহাদিগের
র স্থান প্রাপ্ত হইত না। এখন
গবর্ণর জেনরলদিগের সে
াত নাই; সন্ধি বিগ্রহাদির তাদৃশ
নাই; এখন আর কোন বিষয়ে
দুরবগাহ চিন্তায় মগ্ন হইয়া ক্লেশ
তে হয় না; এখন কোন জটিল বিষয়
স্থিত হইলে ষ্টেটসেক্রেটারিই
ার মীমাংসা করিয়া দিয়া থাকেন;
জ কাজেই এক্ষণকার গবর্ণর জেনর
া ভোগাভিলাষী হইয়া উঠিয়াছেন।

যে পুত্র পিতার অতুল সম্পত্তির অধি
কারী হইয়া অর্জ্জনক্লেশ হইতে মুক্ত
হয়, তাহাকে ভোগের উপায়সৃষ্টিতেই
বিলক্ষণ পটু দেখিতে পাওয়া যায়।
অতএব এক্ষণকার গবর্ণর জেনরলেরা
বিলাসী হইয়া যে শৈলবাসের অন্বেষণে
তৎপর হইবেন, সেটা বিস্ময়ের বিষয়
নহে।

উপরে যেরূপ প্রদর্শিত হইল,
তাহাতে এই স্থির হইতেছে, ইদানীন্তন
গবর্ণর জেনেরলদিগের ভোগপ্রিয়তা ও
অলীক শঙ্কা স্থানান্তরে রাজধানী করি-
বার প্রস্তাবের প্রধান কারণ। অন্যের
অথবা অন্য সুবিধা অসুবিধা পরিগণিত
হইতেছে না। এক্ষণে আমরা যে অনেককে
শৈলবিহারী দেখিতে পাই, সেটী প্রধা
নের অনুকরণমাত্র। শত বৎসরে কলি
কাতা যে শ্রীসম্পন্ন হইয়াছে, গবর্ণর
জেনরল ইহাকে পরিত্যাগ করিলে ইহা
যে ক্রমে সেই শ্রীভ্রষ্ট হইবে, এ অনি-
ষ্টটীর বিষয় কেহ চিন্তা করিতেছেন না।
পর্ব্বতবাস করিয়া শাসন কার্য্যের যে কি
সুবিধা হইবে, তাহাও আমরা হৃদয়ঙ্গম
করিতে পারিতেছি না।

কলিকাতা অস্বাস্থ্যকর, ইহা সপ্র-
মাণ করিবার নিমিত্ত লাড কানিঙ, উই
লসন ও রিচিসাহেব প্রভৃতি কয়েক
প্রধান ব্যক্তির মৃত্যুকে উদাহরণস্থলে
প্রদর্শিত হইয়া থাকে। আমাদিগের
বিবেচনায় এ আপত্তি যুক্তিসহ নহে। এক
শত বৎসরের মধ্যে কত প্রধান লোক
কলিকাতায় আসিয়াছেন এবং সুস্থ শরীরে
স্বদেশে প্রতিগমন করিয়াছেন। কলি-
কাতা যদি যমের পঞ্চম দ্বার হইত,
আমরা কাহাকেই স্বদেশে প্রতিনিবৃত্ত
দেখিতে পাইতাম না। পক্ষান্তরে যাঁহারা
কলিকাতাতেই রাজধানী থাকুক, এই
মতের সমর্থন করিতেছেন, তাঁহারা উইল
সন প্রভৃতির মৃত্যুর বিশেষ কারণ প্রদ
র্শন করিয়াছেন।

কলিকাতা পরিত্যক্ত হইলে রাজ
কোথায় হয়, ইহা লইয়াও বি
মতভেদ হইতেছে। কেহ কহিতে
সিমলায় রাজধানী হউক, কেহ
তেছেন দারজিলিঙে, কেহ বোম্বাই
যখন এ বিষয়ে মতের ঐক্য হই
না, একটী স্থান সর্ব্ববাদিসম্মত
তেছে না, তখন রাজধানী যে
আছে, সেই স্থানেই থাকুক, এই
স্তই সঙ্গত হয়।

এপ্রকার দ্বন্দ্বস্থলে আমরা
বারে যে সদুপায়ের নির্দ্দেশ করি
লাম, তদবলম্বনই শ্রেয়ঃকল্প। গ
জেনরলের স্বাস্থ্যাস্বাস্থ্য লইয়াই এ
কথা। কিন্তু যদি ভারতবর্ষের
প্রেসিডেন্সিতে এক এক জন গ
রাখিয়া গবর্ণর জেনরলের পদটী
ইয়া দেওয়া হয়, সমুদায় আপত্তি
হইয়া যায়। যিনি বাঙ্গালা প্রেসিডে
গবর্ণর হইবেন, তাঁহার যদি কলি
সহ্য না হয়, তিনি উত্তর পশ্চিমা
বাস করিবেন। ইংলণ্ডই আমাদি
রাজধানী হউক। এখন সকল বি
সুবিধা হইয়াছে, এখন ইংলণ্ড হ
ভারতবর্ষ শাসন দুরূহ হইবে না। ই
ভারতবর্ষের রাজধানী হইলে ভারত
য়েরা অধিকতর উৎসাহসমন্বিত
বেন। এদেশীয়দিগের ব্রিটিশ রাজ্যের
ক্রমে মমত্বাভিমান জন্মিবে। ইং
স্বাধীন শাসনপ্রণালী, এখানে
নাই। এখানে ব্যবস্থাপক সভাপ্রভৃতি
স্বাধীন লোকদিগের প্রবেশানুমতি প্র
করিয়া স্বাধীন শাসনপ্রণালীর বীজ
করা হইয়াছে। ইংলণ্ড রাজধানী
সবিশেষ নৈকট্য সম্বন্ধ হইলে সেই
অঙ্কুরিত ও বৃহৎ বৃক্ষে পরিণত
ভারতবর্ষীয়দিগকে সত্বর তাহার
দেয় ফলভোগী করিবে সন্দেহ নাই

—:•:—

মাতলা রেলওয়ে।

আরব্ধ কার্য্য সম্পন্ন না করিয়া বিঘ্ন পরিত্যাগ করা ইংরাজ জাতির বিরুদ্ধ নহে। এ স্বভাবের যে ব্যতি ঘটিয়াছে, বঙ্গদেশের বর্ত্তমান নষ্ট মাতলা রেলওয়ের পরিত্যাগে ত হইয়া তাহার পরিচয় দিয়াছেন। ক্ষ টাকা ব্যয় হইয়া গিয়াছে, আর ক্ষ টাকা ব্যয় করিলে উহার হইতে পারে, এ সম্ভাবনা থাকিতে ত্যাগ করিয়া আসা কাপুরুষের সন্দেহ নাই। অন্তরের সহিত যদি পাওয়া হয় বিলক্ষণ লাভ হইতে । শিয়ালদহ হইতে সোণাপুর স্থ আরোহীর শকটে বেশ লাভ । মধ্যে মধ্যে দ্রব্যাদিদ্বারাও হয়। মাতলা হইতে আক্সি কালি ব্য অতিশয় আমদানী হইতেছে। র বন কোম্পানিকে গবর্ণমেণ্ট যদি সাহিত না করিতেন, তাহা হইলে র অধিকতর আমদানী হইত। এখ গবর্ণমেণ্টের কর্ত্তব্য আপনাদিগের ারভাব পরিত্যাগ করিয়া উহাদি উৎসাহ বর্দ্ধন করেন। মাতলায় প্রস্তুত হইবার কয়েকটী কলও হইতে চলিয়াছে। ঐগুলি হইলে একটী আয়ের উৎকৃষ্ট উপায় । আর যদি গবর্ণমেণ্ট ান হইয়া মাতলায় জাহাজাদি অসি ড়পায় করিয়া দেন, ক্ষতি হইবার প্রকার সম্ভাবনা থাকিবে না।

অপর, মাতলায় আর অর্থব্যয় করা যায় জাহাজাদি গমনাগমনের ব্যবস্থা যদি গবর্ণমেণ্টের একান্ত অনভিপ্রেত হয়, মোণাপুর হইতে কুল্পিপর্য্যন্ত টী খাল খুলুন। তাহা খুলিলে কেবল াহাজ গমনাগমনে লাভ হইবে এরূপ ঐ লাইনে অধিকসংখ্য লোকের গমনাগমন এবং কাষ্ঠ ও আতব তণ্ডুলের ব্যবসায় দ্বারাও অধিকতর লাভ হইবার সম্ভাবনা। দক্ষিণ অঞ্চলে তণ্ডুলের একটী বিলক্ষণ ব্যবসায় আছে, অনেক টাকার ক্রয় বিক্রয় হইয়া থাকে।

—:•:—

সিয়ার আলি খাঁ ও ভারত-বর্ষীয় গবর্ণমেণ্ট।

সিয়ার আলি পুনরায় পিতৃদত্ত সিংহাসন প্রাপ্ত হইয়াছেন। দুরাত্মা আজিম খাঁ দূরীভূত হইয়া আবদুল রহমনের শরণাগত হইয়াছেন আজিম যে সমস্ত অত্যাচার করিয়াছিলেন, সিয়ার আলি তাহার প্রতীকারচেষ্টায় আছেন। তিনি বলপূর্ব্বক যেসকল লোকের অর্থ গ্রহণ করিয়াছেন, সিয়ারআলি তাহাদিগের কোন উপায় করিয়া দিবেন, এই রূপ আশ্বাসপ্রদান করিতেছেন। যেসকল সরদার সিয়ার আলির বিপক্ষ হইয়াছিলেন, তিনি তাহাদিগকে ক্ষমা করিয়াছেন। এইরূপ তিনি আপনার ঔদার্য্যাদি গুণের পরিচয় প্রদান করিতেছেন। বোধ হয় এইসকল বিশেষ গুণ দেখিয়াই তাঁহার পিতা দোস্ত মহম্মদ তাঁহাকে সিংহাসনের অধিকারী করিয়া যান। কিন্তু দুঃখের বিষয় এই, আমাদিগের গবর্ণমেণ্ট তাঁহার ঐ সকল গুণ গ্রহণে সমর্থ হন নাই। আমরা প্রথমাবধিই ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে তাঁহার সহিত মৈত্রী বিধানের অনুরোধ করিয়া আসিতেছি; কিন্তু কি বুঝিয়া বলিতে পারি না, গবর্ণমেণ্ট তখন তাঁহার সহিত সৎ ব্যবহার করেন নাই। কিন্তু এক্ষণে রুশিয়াকে অগ্রসর দেখিয়া অনেকেই ঐ অনুরোধ করিতেছেন। আহ্লাদের বিষয় এই, আমাদিগের গবর্ণমেণ্টেরও ভাবপরিবর্ত্ত হইয়াছে। সিয়ার আলি ও ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট উভয়েই পরস্পর মৈত্রীবন্ধনে উৎসুক হইয়াছেন।

রুশিয়েরা মধ্য আসিয়ায় যেপ্র জাল বিস্তর করিয়াছে, তাহাতে রূপে এরূপ বোধ হয় না যে, উহার স্থানেই জয়লাভ করি। রণকণ্ডূ বি দন ও রাজ্যবর্দ্ধনলালসাকে চরি করিয়া কৃতার্থম্মন হইবে। স্বর্ণপ্রসূ ব বর্ষ জয়লোভ পরিত্যাগ করা সহজ মহাবীর আলেকজাণ্ডরের ভারতবর্ষ এ লোভনীয় হইয়াছিল। ইংর রাও ভারতবর্ষে অধিকারলা গৌরবের বিষয় বলিয়া বিবেচনা ক থাকেন। ইংলণ্ডেশ্বরীর মুকুটশোভ এত উজ্জ্বল হইয়াছে, ভারতবর্ষে অ পত্যলাভ তাহার অন্যতর কারণ। এ লোভনীয় বিষয়ের লোভ পরিত্যাগ রুশীয়ের সাধ্যায়ত্ত নহে উহারা বহু অর্দ্ধ ভারতবর্ষের প্রতি স দৃষ্টিপাত করিতেছে।

যাঁহাদিগের মুসলমান ধর্ম্মের আত্যন্তিক বিদ্বেষ আছে, তাঁহারা ভাবিতেছেন, রুশিয়েরা যদি মধ্য আসিয়ার কার্য্যে প্রভু হয়, মুসলমান ধর্ম্ম উন্মূ হইবে। তাঁহাদিগের মতে এটী এ পরম লাভ সন্দেহ নাই; অতএব রুশি জয়কার্য্য তাঁহাদিগের অনভিপ্রেত তাঁহারা যে ক্ষণে এই চিন্তা করিতে সেই ক্ষণেই ভারতবর্ষের বিষয়ে ভ তেছেন, রুশিয়েরা খৃষ্টধর্ম্মাব ইংরাজেরও খৃষ্টপরায়ণ, অতএব য়ের বিবাদ ঘটিবার সম্ভাবনা অ আমাদিগের গবর্ণমেণ্ট যেন ঐ পতিত না হন। উভয়ের সীমা পর স্পর্শী হইলে স্বভাবতই বিবাদের কারণ ঘটিয়া উঠে। এই নিমিত্ত স শাস্ত্রকারেরা বিষয়ানন্তর রাজাকে বলিয়া গণনা করিয়াছেন। বিশেষত রাজা জিগীষু হন, তাঁহার বিবাদ ঘট কারণের অসদ্ভাব হয় না। ধর্ম্মের এ বিষয় ঘটিত বিরোধের নিবারণে সম

ধর্ম্মের সে সামর্থ্য থাকিলে কুরুপা
আমেরিক ইংরাজে এবং আমে-
ও আমেরিকে যুদ্ধ হইত না। ঐ
গুলি সামান্যও নহে।
যখন কোন বেগবান নদ স্রোতো
হইয়া আসিতে থাকে, পর্ব্বত
বা তৎসদৃশ কোন বস্তু তাহার সম্মুখে
স্তম্ভিত করিতে না পারিলে তাহার গতি
হয় না। রুশিয়েরা বেগবান নদের
, উহাদিগের ভারতবর্ষাভিমুখে গতি
করিবার প্রধান উপায় সিবাস্তপোলি।
উহাদিগের গতিরোধবিষয়ে শৈলরূপ
ণ করিবেন। অতএব আমাদিগের
মেণ্টের একান্ত কর্ত্তব্য যে সর্ব্বতো
ব তাঁহার সপক্ষতা করেন।

নূতন পুস্তক।

১। প্রদ্যুম্নবিজয়। এখানি সংস্কৃত
ক। শ্রীযুক্ত রামতারণ শিরোমণি
র রচনা করিয়াছেন। সংস্কৃত
কে গদ্য পদ্য ও প্রাকৃত যেপ্রকার
ই থাকে, ইহাতে তাহা আছে।
জি কালি সংস্কৃত ও প্রাকৃতের চর্চ্চা
ণ বিরল হইয়াছে, এ প্রকার নাটক
র প্রশংসার বিষয় সন্দেহ নাই।
ষ্ণের প্রার্থনানুসারে শ্রীকৃষ্ণ প্রদ্যুম্নকে
নাক দৈত্যের বধার্থ প্রেরণ করেন।
ায় ঐ দৈত্যের কন্যা প্রভাবতীর
হত প্রদ্যুম্নের পরিণয় হয়, ইহাই
াটকের বর্ণনীয় ইতিবৃত্তের সারাংশ।
টকখানি সাত অঙ্কে প্রণীত হইয়াছে।
রোমণি প্রথম অথবা দ্বিতীয় শ্রেণী
ধ নহেন; কিন্তু তাঁহার কবিতাগুলি
া ও প্রাকৃতের অপেক্ষা সমধিক হৃদয়
হী হইয়াছে। প্রাকৃতগুলি গদ্য অপে
ও অধিকতর নীরস হইয়াছে। এরূপ
বার কারণ এই, প্রাকৃতের বহু প্রকার
দ আছে। প্রাচীনকালের নাটক
য়িতারা ভদ্র লোক ও ইতর লোকের
পরস্পর কথোপকথনকালে স্বতন্ত্র
স্বতন্ত্র প্রাকৃতের প্রয়োগ করিয়াছেন,
কিন্তু শিরোমণি তাহা করিতে পারেন
নাই। গৌড়ীয় রীতি অবলম্বন করিয়া
গ্রন্থখানি লিখিত হইয়াছে। শিরোমণি
গৌড়ীয় কবিদিগের ন্যায় অনল্প আড়-
ম্বরপ্রিয়। পাঠকগণ তাহাতে এরূপ
অনুমান করিবেন না যে, তাঁহার সমুদয়
কবিতাই আড়ম্বরপূর্ণ। কতকগুলি
কবিতা বিলক্ষণ প্রসাদগুণবিশিষ্ট,
প্রাঞ্জল, সুতরাং সমধিক মনোহর হই
য়াছে। ফলতঃ অনেকগুলি কবিতার
রচনা প্রচীন কবিদিগের ন্যায় হইয়াছে।

২। অরণ্যযাত্রা। এখানি বাঙ্গালা।
কলিকাতা সংস্কৃত পাঠশালার অন্যতর
অধ্যাপক শ্রীযুক্ত হরিনাথ ন্যায়রত্ন বাল-
কবালিকাদিগের উপকারার্থ রামচন্দ্রের
অরণ্যযাত্রা অবলম্বন করিয়া এখানি
লিখিয়াছেন। আদি কবি বাল্মীকি এই
অংশে রামচন্দ্র, ভরত ও লক্ষ্মণ প্রভৃ
তির যেপ্রকার চরিত্রবর্ণন করিয়া-
ছেন, তাহাতে এতৎপাঠে বালক বালি
কাদিগের মহোপকারলাভ সম্ভাবনা, অনু
বাদক লিখিয়াছেন, "কৈকেয়ীর স্বার্থ
পরতা, দশরথের সত্যপালন, রামের
বাক্যনিষ্ঠা, পিতৃভক্তি, ধৈর্য্য ও গাম্ভীর্য,
লক্ষ্মণের সরলতা, বীরভাব ও গুণানুরাগ
কৌশল্যার পুত্রবাৎসল্য, সীতার পতি
পরায়ণতা ও মহানুভাবতা এবং ভরতের
মহীয়ান্ ঔদার্য্য, গুণানুরাগ ও ধর্ম্মপ
রতা, এগুলি ভগবান্ বাল্মীকি এই
অংশে অতি সুন্দররূপে বর্ণন করিয়া-
ছেন।" অনুবাদ অতি উৎকৃষ্ট হইয়াছে।

৩। কাব্যমঞ্জরী। এখানি শ্রীযুক্ত
বলদেবপালিতপ্রণীত। ইহাতে নানা-
বিধ পদ্যে কবিতার জন্ম, কামবন,
প্রভাত, মধ্যাহ্ন, প্রদোষ ও রজনীপ্রভৃতি
কবি বর্ণনীয় কয়েকটী বিষয়ের বর্ণনা
করা হইয়াছে। এগুলি পাঠ করিয়া এ
কারের যে বিলক্ষণ কবিত্ব শক্তি আ
তাহার পরিচয় পাওয়া গেল।

৪। কুমুদ্বতী নাটক বনোয়ারিল
রায় ইহার প্রণয়নকর্ত্তা। অবন্তীপুরে
রাজা কিশোরকেতন এই গ্রন্থের না
ও বিদর্ভনাথের কন্যা কুমুদ্ব
নায়িকা। কিশোরকেতন এক দি
স্বপ্নে দেখেন যেন এক তাপসকুম
তাঁহার নিকটে আসিয়া তাঁহার প
গ্রহণের অনুরোধ করিতেছেন। প
কিশোরকেতন দুর্ব্বাসা মুনির প্রা
নুসারে তপোবনে গমন করেন।
খানে সত্যব্রত মুনির আশ্রমে কুমুদ্ব
সহিত তাঁহার সাক্ষাৎ হয়। উ
প্রণয়সঞ্চার হইয়া পশ্চাৎ বিবাহ
বিদর্ভনাথ স্বীয় কন্যার বিবাহ
নিমিত্ত সত্যব্রতের আশ্রমে রা
আসিয়াছিলেন। নাটকখানি অ
নয়যোগ্য হইয়াছে। লেখাটী সু
হইয়াছে।

৫। ইন্দুমতী। এখানিও বা
নাটক। গিরিশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ই
প্রণয়ন করিয়াছেন। গ্রন্থকারের প্র
করা যায়, ইহাতে এমন কিছু দে
পাওয়া গেল না। গ্রন্থকার নানা গ্রন্থে
কিছু লইয়া রচনা করিয়াছেন। ই
অংশেও বিশেষ চমৎকারিতা
৬। ধর্ম্মস্য সূক্ষ্মা গতিঃ। এখ
নাটক। জমীদারের অত্যাচার
করাই ইহার উদ্দেশ্য। জগদীশ
জমীদার বিশ্বনাথ মুখোপাধ্যায়
নার ভ্রাতুষ্পুত্রের হত্যার চেষ্টা
ধর্ম্মে তাঁহার রক্ষা করেন এবং
প্রভাবে তাহা প্রকাশ হইয়া পড়ে। দা
উৎকোচ গ্রহণ করিয়া গোপনের
পাইয়াছিলেন; কিন্তু ধর্ম্মের এমনি
মাজিষ্ট্রেট সরকিটে গিয়া উহা
কৌশল জানিতে পারিয়া সকলকে

রেন ; সেসনের বিচারে উহা দিগের
ও হয়। ইহারও কি গল্প রচনা কি
ন্য বিষয় কোন অংশে গ্রন্থকার চমৎ
রি চ:প্রদর্শন করিতে পারেন নাই।

৭। মনোরমা। এখানি একখানি
ণ্পার বহি। কন্যাসন্তানকে লেখাপড়া
ানে আবশ্যক, ইহা প্রতিপন্ন করিবার
মিত্ত একটী বিদ্যাবতী রমণী ও মূখ
মী: ব্যবহার গল্পচ্ছলে লিখিত হই
ছে। এগ্রন্থেও কিছু বিশেষ চাতুর্য্য
ক্ষত হইল না।

৮। বর্ষাবিহারহেতু বিরহিণীবি
প। শ্রীযুক্ত গিরিশচন্দ্র লাহিড়ী সদো
ার প্রণয়ন করিয়াছেন। সংস্কৃত ছন্দ
লম্বন করিয়া এখানি লিখিত হই
ছ। এই ছন্দ পাঠকগণের হৃদয়গ্রাহী
বে কি না, তাহার পরীক্ষার্থ আমরা
কটী কবিতা এই স্থলে উদ্ধৃত করিয়া
াম।

রুপচরণনীপ্ত ক্ষীণমধ্য কুশাঙ্গী (১)
তনয়নভঙ্গী নিন্দি নেত্রে কুরঙ্গী ॥
সতসরসিজআভা উল্লাসে বিভাতে
রল মুহুল হস্তে খেত বীণা বিনোদে
ও অধর বিম্বে বাল সৌর প্রকাশে।
(২) বদন পদ্ম প্রীতি বাগে বিকাশে ॥
টল চিকুর বেণী নাগিনী গলা নাশে
রুণ বিমল কান্তি আশুরাশ প্রণাশে ॥
মুজদেব প্রীতিদে ভীতিভঙ্গে।
খর মূক জ্ঞানেত্বং প্রসাদে ॥
ভজন রাজত নীনে বিশ্ব দীপ্ত প্রচারে।
রস মধুর ভাষা দোষ দেব ন লাসে।
দিবাকর খরতাপে (১)
ব বারিদ সঘন প্রতাপে ॥
চাহ দেখ সাখি গগন নদেশে।
আগুয়ান বাদর নাদন বেশে ॥
প্র তাড়িত ঘন সুরেন্দ্রচাপে।
ত সলিল শর মহেন্দ্র দাপে ॥

(১) পাদপূরণী ছন্দে রচিত। (২) খেত.
(১) এই দুইটী চরণ ১৮ অক্ষরটিকা ছন্দের
পাঠ। এবং এই ছন্দের অধিক কবিতা
ে করা হইয়াছে, ব্যাপক ভয়ে ছন্দের
কিছু লেখা হইল না।

তাড়ত ঘনঘ ঘন হিঘোর নাদে।
সাঙ্গত সমরত বিরহী বাদে ॥
সাখ ঝাঁপিত অধর ঘোর ঘনে।
ঘন চাতক বোলত তোষ মনে ॥
ঘন তাড়ত তাতায় মেঘ দলে।
দিলে নীচগ খদক পূর জলে ॥
নাচায় শি খকুল পুচ্ছ বিসারি। (১)
রস মদ পাগর নীর নেহারি ॥
কেকহুঁ ভুজঙ্গম বৈর উপেখি।(২)
প্রণয়ত খেলত তত্ত্ব দেখি।
বনফুল চৌদাশ বাস (৩) বিনাশে।
মধুলেস উন্মদ মধুপ বিলাসে ॥
নব তৃণ শোভিত শ্যামল বরণে।
কচুবর আওত মন্থর গমনে ॥
কেতক তারক, জীবন নাশক,
মন্মথ শায়ক পুঞ্জে।
ফুল্ল বকুলয়ি, লোচন রোচয়ি
ষটপদ লোলয় গুঞ্জে ॥
আধ বিকাশিত, মালতী পুষ্পিত,
সৌরভ বাহত বাতে ॥
কুজত তীরব, বার্ষ সুখা স্বর,
নাচত কুঞ্জত গাতে ॥
শোভিত সরোবর, পদ্মমনোহর,
হাঁসক নীর নবীনে।
বাল তৃণাঙ্কুর, শ্যামল সুন্দর,
রাজত যমু পুলিনে।
সরস চুম্বত, পাখি মনোরঞ্জক,
ক্রীড়ত কুণ্ডক তীরে।
হংস বলাকক, শৈবল ভেদক,
চঞ্চু নিবেশয় নীরে ॥
পাকল পরব শোভিত তরুণে।
পিক শাবক বেলত করুণে ॥
ঘোর মহীরুহ ব্রততী পাশে।
ছেদ খণ্ডন বন প্রাণ উদাসে ॥
কোশ তকী মূল বনক আভাসে।
উজ্জ্বল খত তল নয়ন বিলাসে ॥
ধান্য গোচ্ছ যত অবনত গাতে।
হেলত দোলত বাত আঘাতে ॥
মৃগকুল মোদত গহন বেড়াওয়ে।
শরত শশক দল ইত উত ধাওয়ে ॥
শূকর খেলত পঙ্ক মাঝারে।
মহিষ সুখতাচত সরহি সাঁতারে ॥

(১) বিস্তার করিয়া। (২) উপেক্ষ করিয়া
(৩) গন্ধ।
(১) বকশ্রেণী (২) ঝিল্লী তরুই, (৩) সরোবরে

৯। হিতসাধিনী। এখানি আ
পত্রিকা। প্রথম খণ্ড ও প্রথম সংখ
পত্রিকার উদ্দেশ্য, ঈশ্বরস্তোত্র, বি
বর্ষা ও শারদের দ্বন্দ্ব এই কয়টী বি
সন্নিবেশিত দৃষ্ট হইল। ইহাতে
এবং মিত্রাক্ষর ও অমিত্রাক্ষর ছ
বিষয় কয়টী লিখিত হইয়াছে। এ
পত্রিকা স্থায়ী হইবে, আমাদি
এরূপ বোধ হয় না।

—:•:—

প্রাপ্ত।

সর রিচাড টেম্পলের যত্নে কৃষকদি
উন্নতিজন্য প্রতি মহকুমায় সেবিংস
স্থাপিত হইতে চলিল। আমরা এই স
মফস্বলের অবস্থা ব্যাঙ্কস্থাপনকর্ত্তাদি
হৃদয়ঙ্গম করিয়া দি। প্রার্থনা এই কর্ত্ত
যেন মফস্বলের অবস্থার প্রতি দৃষ্টি রাখি
ব্যাঙ্কের নিয়মাবলী স্থাপন ও সুশৃঙ্খ
পূর্ব্বক কার্য্যনির্ব্বাহ করেন।

কৃষকেরা মহকুমার ২০ মাইল,
বিশেষে ততোধিক দূরেও বসতি কর
প্রায়শঃ শতকরা মাসিক তিনটাকা
আনা সুদে মহাজনের নিকট টাকা কর্জ
লয়। কোন কোন স্থলে ক্রমশঃ সংবৎস
টাকা লইয়া চৈত্র মাসে শতকরা ৩১। সে
একত্রিশ টাকা হিসাবে সুদ দেয়। তদ্ভি
সময়ে সময়ে নিতান্ত দায় পড়িলে প্র
টাকায় মাসিক তিন পাই সুদও দিয়া থা
চৈত্র হইতে আষাঢ় মাসপর্য্যন্ত যখন কৃ
দের ঘরের ধান্য নিঃশেষ হইয়া নিত
আহারের কষ্ট হয়, সেই সময় মহাজ
নিকটে যে ধান্য ঋণ করিয়া লয়, মহ
নেরা ইহাকে দাদন বলে, শ্রাবণ
ভাদ্রে আশু ধান্যে পরিশোধ করিলে শি
বৃদ্ধি ও অগ্রহায়ণ মাসে আমন ধান্যে প
শোধ করিতে হইলে অর্দ্ধবৃদ্ধি দিতে হয়।

যেসকল মহাজন মফস্বলে বস
করে ও কৃষকদিগকে টাকা কর্জ্জ দিয়া থা
তাহাদের মূল ধন হাজার টাকার অধিক প্র
দেখা যায় না। শতকরা ২।১ জন অধিক ধ
দৃষ্ট হয়। এই সকল লোকের টাকা আদা
প্রদানের প্রণালী এই—কৃষকাদগের সহি
সাক্ষাৎ সম্বন্ধে টাকা আদান প্রদান করা অ
শয় কষ্টকর যাহারা এরূপ বিবেচনা করে

* শিকড় হইতে সোয়া হইয়া ও অর্দ্ধাঙ্গুল
দেড়া বলে।

.বগে অর্থ রক্ষা করিতে ভাল বাসে, ারা গদিয়ান মহাজনের নিকট টাকা ছত রাখিয়া প্রায়শ শতকরা বার্ষিক ১৮ া ও কোন কোন স্থলে ১২ টাকা ও স্থল যে অধিক টাকা রাখিলে ন্যূন কল্পে ৯ টাকা পাইয়া থাকে। যাহারা মহাজনের নিকটে া গচ্ছিত রাখিতে অল্প লাভ বিবেচনা , অথচ অল্প টাকা খাটাইয়া নানাবিধ পলে নিজ ব্যয় পোষাইয়া লইতে চায়; ারাই কৃষকদিগের নিকটে উক্ত নিয়মে লইয়া টাকা ও ধান্য কর্জ্জ দিয়া থাকে। া কৃষকভিন্ন অন্যান্য লোককেও সোণা বন্ধক রাখিয়া আবশ্যকমতে প্রতি র মাসিক আধ আনা অথবা তিনপাই টাকা কর্জ দেয়. মফস্বলের একপ ায় ৪॥. টাকা সুদে গচ্ছিত টাকা রাখিয়া কা সুদে কৃষকদিগকে টাকা কর্জ দিলে ঙ্কর কার্য্য সুবিধামত চলিবে কি না ও ্যতে উন্নতি হইবে কি না, তাহা ব্যাঙ্ক ধকর্ত্তাদিগের পূর্ব্বেই বিবেচনা করা ত।

ৃষকদিগের সম্পত্তির মধ্যে কেবল কয়ে লদগরু; মূল্যবান বস্তু আর কিছুই না। সেই গরু উত্তম হইলে তাহার ১৫ ও অধম হইলে ৫ টাকা হইতে । প্রত্যেক কৃষকের প্রতি লাঙ্গলে অথবা তিনটী করিয়া বলদ থাকে না থাকিলে তাহাই বিক্রয় করিয়া মহা া ঋণ পরিশোধ করিতে হয়।

ষকদিগের এখনও এরূপ সংস্কার বদ্ধ রহিয়াছে যে ইংরেজেরা ফাকি দিয়া র যথাসর্ব্বস্ব লইয়া দেশে চলিয়া যাই াগজ (নোট) দিয়া টাকা লওয়া তাহার দেখায়। এ রূপ অবস্থায় ব্যাঙ্কের নিয়ম বহুচিন্তাশ লতা আবশ্যক এবং ব্যাঙ্কে ্যক্ষগণের এরূপ ভদ্রতা আবশ্যক যে প্রণালী দেখিয়া কৃষকেরা গবর্ণমেণ্টের প্রায় ও আপনাদের ভবিষ্যদুন্নতি এবং উপকার সহজেই হৃদয়ঙ্গম করিতে ।

বঙ্গীয়দিগের দৈহিক অবনতি।

(গতপ্রকাশিতের পর)

পূর্ব্ব পূর্ব্ব পত্রিকাসকলে পরিণয় ও শিক্ষা প্রণালী, রাজকীয় এবং ইংরেজাদি ভিন্ন জাতীয় বণিকদিগের কার্য্যালয়ের কার্য্যপ্রণা ও মাদকসেবনপ্রভৃতি বিষয় লিখিত হই য়া ছ। অদ্য দেশীয় নারীগণের মূঢ়তা বিষ য়ক বর্ণনা করা যাইতেছে।

বিদ্যা অমূল্য ধনে বিদ্যার অজ্ঞান তিমির বিনষ্ট হয়; হিতাহিত বিবেচনা হয়; বিদ্যা লোকদিগকে নম্র বিনীত সরল ও সৎ স্বভা বাপন্ন করে। বিদ্যার রসাস্বাদনে কোমল রসনাও অধিক কোমলস্বভাব প্রাপ্ত হই। সুধাসদৃশবাক্য বারি বর্ষণ করিয়া শোকসন্তপ্ত লোকদি গর তাপিতান্তঃকরণ শীতল করে। বিদ্যায় সুখসচ্ছন্দতা ও সমৃদ্ধিবৃদ্ধি হইতে পারে। বিদ্যারূপ কল্পবৃক্ষে নানা বিধ সুখ ও শুভকর ফল প্রাপ্ত হওয়া যায়। কিন্তু কি পরিতাপের বিষয়! এমন অমূল্য বিদ্যাধনে এদেশীয় প্রায় যাবতীয় অঙ্গনা নিতান্ত বঞ্চিত। এদেশীয়েরা আপন আপন পুত্র দিগকে বিদ্যাভূষণে ভূষিত করিবার জন, সাতিশয় যত্ন ও চেষ্টা করিয়া থাকেন, কিন্তু কন্যাগণের বিদ্যোপার্জ্জননিমিত্ত কিঞ্চিন্মাত্র যত্ন ও কোন প্রকা। উপায় অবলম্বন করেন না। চেষ্টা অন্তরে থাকুক, তাহাদিগকে বি প্রদান করা আবশ্যক কি না বোধ করি অনে কেই তাহা ভ্রমেও এক বার ভাবেন না। অঙ্গনাগণ অজ্ঞানাচ্ছন্ন থাকিয়া যাবজ্জীবন দাসীর ন্যায় গৃহকার্য্যসকল নির্ব্বাহ করেন বোধ করি ইহাই তাঁহাদের অভিপ্রেত প বেরা বিদ্যাবান হইলে যে রূপ দেশের ও সংসারের উপকার হইতে পারে, স্ত্রীগণ বিদ্যাবতী হইলে সেইরূপ অথবা তদপেক্ষা অধিক পরিমাণে দেশের ও সংসারের শ্রীবৃদ্ধি সাধন হওয়া অসম্ভব নহে। স্ত্রী পুরুষ উভয়ে সুন্দর শিক্ষিত হইলে সংসার কি অত্যাশ্চর্য্য অনির্ব্বচনীয় সুখাস্পদই হয়। কোন সুখের অসদ্ভাব থাকে না। গৃহকার্য্য গুলি কেমন সুচারুরূপে নির্ব্বাহ হইতে পারে। শিশুগণও কেমন সুন্দররূপে প্রতি পালিত ও সৎ স্বভাবাপন্ন হইতে প আবলাগণ চির কাল মূর্খ থাকিবে, ইহ জগদীশ্বরের অভিপ্রেত হইত, তাহা তিনি নারীগণকে পুরুষদিগের ন্যায় বু স্মরণশক্তিপ্রভৃতি মানসিক বৃত্তিগুলি করিতেন না। অধুনা অনেকেই স্ত্রী প্রচলিত করিবার জন্য বিশেষ যত্ন ও স্বীকার করিতেছেন এবং অনেক দেশহি ভদ্রসন্তান স্থানে স্থানে বালিকাবিদ স্থাপিত করিয়া বালিকাদিগকে শিক্ষা এ করিতেছেন। এগুলি দেশের শুভ সন্দেহ নাই। সাংসারিক অধিকাংশ ও সুখ দুঃখ স্ত্রীগণের প্রতি নির্ভর তবে স্ত্রীগণকে অজ্ঞানাবৃত রাখা কি প্র যুক্তিযুক্ত ও ন্যায় সঙ্গত বলিতে পারা ভ্রাতৃবিরোধ, গৃহবিচ্ছেদ, প্রতিবা অন্যান্য আত্মীয় স্বজনগণের সহিত বিসম্বাদাদি প্রায় যাবতীয় সাংসারিক লত। স্ত্রীগণের মূর্খতানিবন্ধনই ঘটি থা স্ত্রীজাতি দ্বেষ, হিংসাও পরনিন্দাএ গুণের কিছু অধিক বশীভূতা। অব অবলাগণ শিশুপালনাদি কার্য্যে নি অজ্ঞ ইহারা পশু পক্ষীর ন্যায় স্বাভ সংস্কারের বশবর্ত্তী হইয়া উক্ত কার্য্য সমাধা করিয়াথাকেন। কিন্তু কি আশ্ আমরা তাহাদেরই হস্তে এরূপ গুরুতর রের ভার দিয়া সম্পূর্ণরূপ নিশ্চিন্ত থা মূর্খ কি কখন সুশিক্ষক হইতে পারে? কি কখন পথপ্রদর্শক হইতে পারে? গণকে প্রতিপালনার্থে হিতাহিতজ্ঞা মূঢ় স্ত্রীগণের হস্তে অর্পণ করা ডাই হাতে পো সমর্পণের ন্যায় হয়। অ অবলাগণ শিশুসন্তানগণকে সর্ব্বদা ভূত ভয়প্রদর্শন প্রহার ও তাড়না ক থাকেন। বালক বালিকাগণ এই খান তেই ভয় শিক্ষা করে ও ভীরুস্বভাব অনেক মূর্খ মাতার দোষে অনেক বাল চৌর্য্যের অভ্যাস হয়। বালকগণ অসৎ ক প্রবৃত্ত হইলে অনেক মূর্খ মাতা স্নেহ বা সলাবশতঃ তাহাদিগকে নিষেধ করেন ক্রমে ক্রমে তাহাদের সেই গর্হিত গুলি এমনি অভ্যাস হই যায় যে, অ বয়সেও তাহারা তাহা ভুলিতে পারে

ণ মাতার যত্নে ও স্নেহে প্রতিপালিত
পিতার অপেক্ষা মাতার কিছু বিশেষ
ও অনুগত হয় এবং মাতার নিকট
থাকিতে ভাল বাসে। শাস্ত্রকারেরা
সঙ্গদোষে স্বভাব নষ্ট হয়। যাহার
সহবাস তাহার সেমনি স্বভাব হয়;
ং বালকেরা মাতাদিগের সমস্ত দোষ
কার করিয়া বসে। এই রূপে অজ্ঞ
রা বালক বালিকাদিগের বিশুদ্ধ কোমল
বিনষ্ট ও দূষিত করিয়া ক্ষান্ত হন
নহে, নানাবিধ কারণে তাহাদের
ভঙ্গও করিয়া থাকেন। এদেশীয় স্ত্রীগণ
ষয় অপেক্ষা কিছু ধর্মভীরু। তাঁহারা
, উপদেবতা ও ভূতপ্রেতাদিতে ভক্তি
শ্বাস করিয়া থাকেন। এতন্নিবন্ধন বহু-
নিষ্ঠ ঘটিয়াথাকে। সন্তানের পীড়া
অনেক মূর্খ মাতা উপদেবের আবি-
ছান করিয়া রোজা আনাইয়া ঝাড়াই
ব্যবস্থা করেন। তাহাতে অনেক
মৃত্যুমুখে পতিত হয়। অনেক মূর্খ
সন্তানের যথারীতি আহারের
করিতে পারেন না। তাহাতে
বালক উদরাময় ও অজীর্ণতাদি
বিধ রোগাক্রান্ত হন। কেহ কেহ বা
গ্র হইয়া থাকেন ও সাংসারিক কার্য্যের
হন। কেহ কেহ বা অচিরেই মৃত্যু
নিপতিত হইয়া মূর্খ মাতাদিগকে স্বপ
প্রসবিনী হংসীর প্রতিপালক দুরাশা
বৃহদ্বের ন্যায় হতাশ ও শোকার্ত্ত করিয়া

বিবিধ সংবাদ।

১৭ এ আশ্বিন সোমবার।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট কলিকাতাবাসীদি
কলের বিশেষ উপকার করিয়াছেন। জমি
সকলের প্রতিবন্ধ করিয়া এতদ্দে
সকলে ভোগ করিবার মানস করিয়াছি
তাহারা স্থানীয় ফণ্ড হইতে অপব্যয়
শেষে তাহারা গবর্ণমেণ্টের নিকটে
চাহিয়াছি। এ গবর্ণর জেনরল বলিয়া
তিনি এ সাহায্য দিতে সম্মত নহেন।
যে আর সম্পূর্ণ হইয়াছে, তাহাতে কি
উপকার হইল, ইহা যত দিন না জানা যাইবে,
তত দিন আর ভোগ করা কর্ত্তব্য নহে। জটিল
দিগের পক্ষে এটি এক শিক্ষা।

আজমীরে রামাৎ মহান্তদিগের যে আবসথ
আছে তাহার তাবৎ মহান্ত খৃষ্টীয়ান হইয়া
মঠ ও তৎসংক্রান্ত সম্পত্তি আত্মসাৎ করিবার
চেষ্টা পান। এ নিমিত্ত মকদ্দমা হওয়াতে তত্রত্য
ডেপুটী কমিসনর সিদ্ধান্ত করিয়াছেন বিশেষ
ধর্ম্মসম্প্রদায়ের নিমিত্ত যে সম্পত্তি থাকে, তাহা
ব্যক্তি বিশেষের নহে। অতএব খৃষ্টিয়ান মহা-
রকে মঠ ত্যাগ করিতে হইয়াছে। উত্তম হই-
য়াছে।

সর বার্ণস পিকক্কের ন্যায় বারবারাণ্ডীর
এদেশে অতি অল্পই আসিয়াছেন। কিন্তু আমরা
দেখিতেছি এখনে প্রধান বিচারপতির অনেক
সিদ্ধান্ত যুক্তি ও চিরাগত ব্যবহারের বিরুদ্ধ হই
তেছে। তিনি সম্প্রতি নিষ্পত্তি করিয়াছেন
কোন খ্রিষ্টী স্ত্রি খৃষ্টিয়ান বলিয়া রহিত হইবে না ও
তদনুসারে যে ব্যক্তি কাল্পনিক ঋণীর সম্পত্তি
নীলামে ক্রয় করিয়াছেন, তাহা প্রত্যর্পণ করিতে
হইবে না। পুত্রবধূকে ভরণ পোষণ না করিবার
বিষয়ের সিদ্ধান্তও এইপ্রকার। বার্দ্ধক্য ক্রমশঃ
আপনার ক্ষমতা প্রকাশ করিতেছে কি?

কমিসরিএটের এক জন বেরাণী ৭০০০
টাকা জালে অপরাধে ধৃত হইয়াছেন। পূজার
সময়ে তাহার চড়িবার একটী মরশুম।

বোম্বেয়ার বন্দরে স্টীমেন্ত দ্রব্যাদি লইয়া
যাইবার নিমন্ত গবর্ণমেণ্ট একখানি স্বতন্ত্র
জাহাজ করিয়াছেন। আপাততঃ ব্রহ্মদেশে
গমনশীল জাহাজে খাদ্য ও বস্ত্রপ্রভৃতি যাও
য়াতে অন্নাভাবগ্রস্ত লোকদিগের কষ্ট হওয়াতে
এই উপায় অবলম্বন করা হইতেছে।

আগ্রা ও অযোধ্যার শাখা রেলওয়ে
কোম্পানি নলহাটী শাখা রেলওয়ে চালাইবার
ভারগ্রহণে অভিলাষী হইয়াছেন। তাঁহারা
এরূপ ইঙ্গিত করিয়াছেন যে তাঁহারা ভাড়া বৃদ্ধি করিবার
প্রস্তাব করিয়াছেন। উঠিয়া যাওয়া অপেক্ষা
এ বন্দোবস্ত মন্দ নয়।

মফস্বলাইট বলেন, দিল্লীর লোকদিগের
সংস্কার হইয়াছে, কাবুলে যাইবার নিমিত্ত হাজ-
রায় নৈন্যসংগ্রহ করা হইয়াছে। কাবুল ও
ইংলণ্ড লইয়া সারা লোকের মন চঞ্চল
হইয়াছে।

এ পর্য্যন্ত পঞ্জাব গবর্ণমেণ্ট আপনাদিগের
কর্ম্মচারীদিগকে সংবাদপত্রে লিখিতে নিষেধ
করিয়া আসিতেছিলেন; কিন্তু কার্য্যতঃ অল্প
লোকেই এই নিষেধ গ্রাহ্য করিতেন। প
ঞ্জাবনিবাসী বলেন, গবর্ণমেণ্ট এক্ষণে
দিয়াছেন, লেখাতে বাধা নাই, কি
প্রকাশ্য সম্পাদকতা করিতে পারিবে
এক্ষণে খোঁচ তথাপি চাই।

উক্ত পত্র বলেন, এক দল পাঠান
বর্ষে ভ্রমণ করিতেছিল, গবর্ণমেণ্ট তাহা
ভ্রমণ নিষেধ করিয়াছেন। ইহাদিগের
স্ত্রী, পুরুষ ও বালক ১৭০ জন। ইহা
বন্দুক বিক্রয় করিয়া সেই টাকায় ইহা
পাথেয় দেওয়া হয়। সুলতানপুরে উপনীত
পাঠানেরা আপনাদিগের বন্দুক চাহে।
না পাইয়া তাহারা লগুড় হস্তে পুলিসকে
ণ করিয়া কয়েক জনকে আহত করে।
কষ্টে ইহারা পরাজিত ও রুদ্ধ হইয়াছিল
অস্ত্রাদিগকে খাইবার প্রভৃতি স্থান
যাইতে হইবে। অস্ত্র না থাকিলে ইহারা
এক্ষণে স্বদেশে যাইতে পারিবে না। অতএ
দিগের বন্দুক কাড়িয়া লওয়া নিতান্ত অপ
সিদ্ধ হইয়াছে।

ডেলি নিউস শ্রবণ করিয়াছেন, হী
মিঞ্চনামক এক জন সুবেদার বিদ্রোহের
লক্ষ্ণৌয়ে বীরত্ব প্রকাশ করাতে গব
তাহাকে ১৮২ টাকা আয়ের এক জায়গীর
ছেন।

বোম্বে গবর্ণমেণ্ট কাবুল হইতে সংবাদ
য়াছেন, আবদুল রহমন খাঁ যদি আক্রমণ
আপন না করেন, তাহা হইলে সের আলি
তাঁহাকে আক্রমণ করিতে যাইবেন। সি
আলি সিংহাসনে পুনর্ব্বার আরোহণ ক
কয়েকটী যথার্থ রাজনীতিজ্ঞের কার্য্য ক
ছেন। আভিমুখীর পরাজয়ে তাঁহার বি
প্রেরণ করা হইয়াছে। যে সকল সর্দ্দার
তাঁহার প্রতি শত্রুতাচরণ করেন, তাঁহারা
প্রাপ্ত হইয়াছেন। আফগান বলপূর্ব্বক
দিগের নিকটে যে সকল টাকা লন আমী
দিতে চাহিয়াছেন। কিন্তু আলির বিশেষ
না থাকিলে দোস্ত মহম্মদ তাঁহাকে মনো
করিতেন না। সমস্ত জনশ্রুতি আবুদ
জাদি লইয়া ভারতবর্ষ আক্রমণ করিবেন

১৮ এ আশ্বিন মঙ্গলবার।

কয়েক জন ক্ষুদ্র রাজা আপন আপন সী
ফৌজদারি বিচার করিবার ক্ষমতা চাহিয়া
লেন, কিন্তু ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট হা
অসম্মত হইয়াছেন।

সম্প্রতি লক্ষ্ণৌবিভাগের কমিসনর ত

য়রদিগের বস্ত্র ও অন্নের নিমিত্ত স্থানীয় ইতে ব্যয় করিবার অনুমতি চাহিয়াছি- আমরা আহ্লাদিত হইলাম, অযোধ্যার কমিসনর বলিয়াছেন, এ সকল চাঁদা হওয়া কর্ত্তব্য। ইংলণ্ডের ন্যায় এদেশে ই বলণ্টিয়র হইবে না। এখানকার " শীত র বীরগণ " কেবল সরকারী বারুদ ও নষ্ট করিতে আছেন।

াগরার আম্রবৃক্ষসমূহ ইহার মধ্যে মুকুলে র্ণ হইয়াছে।

ক্ষৌ টাইমর অবগত হইয়াছেন, তত্রত্য ন অধিবাসীকে অবৈতনিক মাজিষ্টেট ার প্রস্তাব করা হইয়াছে।

ক পত্র বলেন, কাশ্মীরের রাজার সহিত, র তন্তুবায়গণের বিবাদ হওয়াতে কয়েক তদ্দেশীয় রাজা আপন আপন রাজ্যে র কারখানা করিতেছেন। অনেকের সং আছে কাশ্মীরের জলবায়ুর গুণে তথায় উত্তম শাল হয়, কিন্তু আমাদিগের বোধ উত্তম পশম ও উপযুক্ত তন্তুবায় হইলে রের প্রাধান্য লুপ্ত হইতে পারে।

'লোব হেরাল্ডের এক জন পত্রপ্রেরক মহ এক জন সহকারী কমিসনরের অত্যাচা এক দৃষ্টান্ত দিয়াছেন। সহকারী কমিসনর জন লেপ্টনাট। ইনি মধ্যে মধ্যে মৃগয় ত আসিয়া কৃষকদিগকে বলপূর্বক আপ ীকারী করিয়া লন, পর্য্যায়ক্রমে গ্রহে যাইয় গকে কাজ করিতে হয়। লেপ্টনাট এমত যে একটী ব্যাঘ্র আসাতে নিজে এক লায়ন করিলেন। ব্যাঘ্র তেন জন হতভাগ ন কৃষককে ভিন্ন ভিন্ন করিল এবং ক লোকের নিকট হইতে আপনার খাদ্য সংগ্রহ করে। এই দুরাত্মা কে? তাহার ব অনুসন্ধান আবশ্যক।

২৯ এ আশ্বিন বুধবার।

বাম্বাই গেজেটের ভূতপূর্ব্ব সম্পাদক জে. মার্কলিন সাহেব লণ্ডন হইতে উক্ত পত্রে য়াছেন, চিরস্থায়ী বন্দোবস্ত ভঙ্গ করিলে ক এতদ্দেশীয় রাজ্যগ্রহণ অপেক্ষাও গবর্ণ রি উপরে অধিক অসন্তুষ্ট হইবেন। মার্ক সাহেব বলেন কৃষকদিগের সহিত চিরস্থায়ী বস্ত করাই তাঁহার অভিমত। বোম্বাই গণ সর্ব্বদা আক্ষেপ করেন, বঙ্গদেশে সাম্রা বায়ার্থে যথেষ্ট টাকা পাওয়া যায় না কিন্তু লিন সাহেব বলিয়াছেন, বঙ্গদেশের টাকায় ইপ্রভৃতি স্থান রক্ষা হইতেছে। বোম্বাই য়ের ভূমির কর অধিক বলিয়া তত্রত্য লোকে মনে করেন অধিক দেন। কিন্তু যদি প্রদেশীয় রাজস্বপ্রণালী হয়, বোম্বাই জানিতে পারেন বঙ্গদেশ অথবা বোম্বাই ইহার কে অধিক টাকা প্রদান করে।

গত মাসে ভারতবর্ষীয় চিত্রশালিকায় ১৬, ৬৫৭ জন গমন করিয়াছিলেন। ইহাদিগের মধ্যে ১৪,৭২৩ জন এতদ্দেশীয় পুরুষ ও ১২৩৩ জন স্ত্রীলোক; ৪২৩ জন ইউরোপীয় পুরুষ ও ১৬৮ জন স্ত্রীলোক ছিলেন। প্রত্যহ গড়ে ৬৩০ জন গমন করিয়াছিলেন। শুক্রবার ছাত্র ভিন্ন আর কেহ এখানে যাইতে পারেন না। রবিবার যাইবার নিষেধ নাই।

১ লা জানুয়ারি অবধি ৭ ই অক্টোবর পর্য্যন্ত কলিকাতায় ৯১·৪৯ ইঞ্চ বৃষ্টি হইয়াছে। গত ১৪ বৎসরে এই সময়ের মধ্যে গড়ে ৬৩·৬৪ জল হইয়াছিল।

সম্প্রতি নৈহাটির ষ্টেসনের নিকটে কয়েক জন দস্যু রাত্রিকালে রেলওয়ের যাত্রিদিগকে প্রহার করিয়া লুঠ করিয়াছে। ঐ স্থানে একটী থানা আছে, কিন্তু আমরা যেপ্রকার শুনিতে পাই, তাহাতে সব ইনস্পেক্টর ভিন্ন আর কোন ব্যক্তি কোন কাজের নহে।

৩০ এ আশ্বিন বৃহস্পতিবার।

সকল থানায় বদমাইশদিগের এক এক তালিকা আছে। কিছু দিন হইল আলাহাবাদের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কার্য্যালয়ের এইরূপ তালিকাতে বাবুলালনামক এক ব্যক্তির নাম থাকে। পুলিষকর্ম্মচারিগণ এই ব্যক্তির নাম যথায় তথায় প্রকাশ করাতে বাবুলাল নালিশ করেন আপীলে ক্রমশঃ মকদ্দমা প্রধানতম বিচারালয়ে যায়। বিচারপতিগণ বলিয়াছেন, সমাজের শিক্ষার্থ সকল দেশে বদমাইশের তালিকা রাখা হয়; কিন্তু এগুলি অতি গোপনে রাখা কর্ত্তব্য। অনেক সময়ে শত্রুতানিবন্ধন অনেকের নাম এই খাতায় উঠে। এতদনুসারে উত্তর পশ্চিমাঞ্চলের পুলিষ ইনস্পেক্টর জেনরল যাবতীয় কর্ম্মচারীকে আজ্ঞা দিয়াছেন, বদমাইশের তালিকা কোন মতে যেন প্রকাশিত না হয়। আমরা অহ্লাদিত হইলাম কর্ণেল পিউ এই প্রকার বঙ্গদেশে এক সরকুলর দিয়াছেন।

বিভাগীয় ট্রেজুরিরক্ষার্থ প্রহরীদিগের নূতন বন্দোবস্ত হইয়াছে। দিনের বেলা প্রহরীরা শূন্য বন্দুক লইয়া চৌকি দিবে, কিন্তু রাত্রিতে সকলের বন্দুক বারুদ পূর্ণ থাকিবে। ট্রেজুরির নিকটে সকল প্রহরীকে থাকিতে হইবে।

পুলিষের হস্তে ধনাগার আসা অবধি রিত্তাকার্য্যে অনেক বিশৃঙ্খলা ঘটিয়াছে।

কয়েক জন ইউরোপীয় লোকার মাত্র মাজিগিরি করিতেছে। সম্প্রতি কয়েক জাহাজ হইতে তটে লোক আনিবার সময়ে প্রদর্শন করিয়া প্রত্যেক আরোহীর নিকট টাকা করিয়া ভাড়া লইয়াছে। ধানছে এই এক নূতন লীলা।

সম্প্রতি বিচারপতি লক এক ডিক্রী মকদ্দমা উপলক্ষে আজ্ঞা দিয়াছেন, দেউ একবার অব্যবহিত পূর্ব্বে যদি কোন ব্যক্তির ত্তি নীলামে বিক্রীত হয়, তথাপি আফিসি আসাইনি ঐ টাকা উঠাইয়া লইতে পা এক ব্যক্তি দেউলিয়া হন; দিনাজপুরে সম্পত্তি থাকাতে আফিসিয়াল আসাইনি জজকে উক্ত সম্পত্তি দিতে বলেন। ইতি এক জন ডিক্রীদার তাহা নীলাম করিয়াছি তৎপরে ৩০ দিন গতও হইয়াছিল। ত ডিক্রীদার আপন টাকা পাইলেন না। এ স্তের সহিত বোম্বাইয়ের প্রধানতম বিচারা সিদ্ধান্তের ঐক্য নাই। আমাদিগের মতে অনিষ্টের মূল হইবে।

১ লা কার্ত্তিক শুক্রবার।

ফ্রেণ্ডঅবইণ্ডিয়া বলেন, ত্রিহুত চম্প ও তন্নিকটস্থ প্রদেশে দুর্ভিক্ষ হইবার বি সম্ভাবনা। এবর্ষে উক্ত প্রদেশে অল্প পরি বৃষ্টি হইয়াছে। যদি বর্ষা ঋতুর শেষে বৃষ্টি হয়, তাহা হইলে শীত কালে শস্যের বি হানি হইবে। এ দিকে হুগলি জেলায় আধিক্য হেতু চষিবার চাস নষ্ট হইয়া গিয় তদ্দেশীয় লোকের তৃতীয় বার বপন য়াছে। হুগলিতে ও রোগ ভীষণাকারে দিয়াছে।

কলিকাতায় এক জন ব্রাহ্মণ দ্বারবান নামে এক মেথরাণীকে ভয়ানক রূপে হত করিয়াছে। উক্ত দ্বারবান ঐ মেথর প্রতি আসক্ত হয়। পরে ঐ স্ত্রীলোক ইচ্ছার বশবর্ত্তী না হওয়াতে সে তাহাকে তর রূপে আহত করে, তৎপরে আত্ম করিবার চেষ্টা পায়, কিন্তু কৃতকার্য্য পারে নাই।

উত্তর পশ্চিমাঞ্চলের দুর্ভিক্ষের অ অনেক দূর হইয়াছে। সম্প্রতি বৃষ্টি হ শস্যের অনেক সুবিধা হইয়াছে। কিন্তু শস্যের মূল্য কমে নাই।

বন্দীদিগের মোচনার্থ [illegible]

পরিত ধর্ম্মাধ্যক্ষকে আবিসিনিয়ার রাজ
খায় থাকিতে অনুরোধ করিয়াছেন।

২রা কার্ত্তিক শনিবার।

ড মেওকে আনিবার নিমিত্ত অদ্য কলি
হইতে ফিরোজনামক বাষ্পীয় পোত
জ গমন করিয়াছে।

ণ্ডো ইউরোপীয়ান কবলপাণ্ডেণ্ট বলেন,
য় ফরাসি মিসনরি উহার আফ্রিকায় এক
ক্ষিয়া করিয়াছেন। গলফিবিরা ও সেনি
র মধ্যবর্ত্তি ভূমিতে কতিপয় খৃষ্টিয়ানের
আছে, ইহাদিগকে পূর্ব্বে কেহ জানিতেন
মুসলমানেরা ইহাদিগের পূর্ব্ব পুরুষদিগকে
কা জয় কালে তাড়াইয়াছিল, তদবধি
এইখানে আছে।

ক্ষিণ আমেরিকায় সম্প্রতি ভয়ানক ভূমি
হইয়া গিয়াছে। বিস্তর প্রাণিহত্যা হই
এই কম্পটী অনেক স্থান ব্যাপিয়া হইয়

—:০:—

ইউরোপীয় সমাচার।

ন ৫ ই অক্টোবর। স্পেন হইতে টেলিগ্রাম
য়াছে সেনাপতি সেরানো মহাসমা-
মাড্রিডে প্রবেশ করিয়াছেন। সেনা
প্রম বার্সিলোনাতে প্রবেশ করিয়া সাতি
মাদরে পরিগৃহীত হইয়াছেন। রাজ্ঞী ইসে
তাঁহার রাজত্বনাশের প্রস্তাব করিয়া
পোপ আপন রাজ্যে রাজ্ঞীকে আশ্রয়
সম্মত হইয়াছেন।

নাপতি কফমান তুর্কিস্থান হইতে পিটর্সে
আসিয়াছেন।

নষ্টান্টিনোপল হইতে সংবাদ আসিয়াছে,
নের যে বিপক্ষেরা ষড়যন্ত্র করে, তাহারা
ড়িয়াছে।

লটা ও আলেকজণ্ড্র এম্বুদর্গে টেলি
সুন্দররূপে পাতা হইয়াছে।

ই অক্টোবর। প্রত্যেক প্রেসিডেন্সিতে এক
ী ষ্টীমর্ম্মাল বিদ্যালয় করিবার কার্য্য
বৎসরের নিমিত্ত ১৫,০০০ টাকা করিয়া
আজ্ঞা হইয়াছে।

রলস মিলস সাহেবের বদে সর জেমস কলবিক
ডে ভারতবর্ষীয় কৌন্সিলের সভ্য হইয়া
মাটিন হেলিডে সাহেব নহেন।

র্কের ডিন পিটরবরোর বিশপ হইয়াছেন।

ই অক্টোবর। মত জনরক্ত সেনাপতি
এডিনবরো ডিউককে স্পেনের রাজা
র প্রস্তাব করিয়াছেন।

১০ ই অক্টোবর। গতকল্য গ্লাডষ্টোন সাহেব তাঁহার মনোনীতকারীদিগের অগ্রে বক্তৃতা করিয়া বলিয়াছেন, কবপ্রদান না করিলে কেহ প্রতিনিধি মনোনীত করিবার মত দিতে পারিবেন না, এ নিয়ম রহিত করা উচিত গবর্ণমেণ্ট যে অতিরিক্ত টাকা ব্যয় করিতেছেন তাহা অন্যায় এবং সবিশেষ মিতব্যয়িতা আব শ্যক। তিনি আপামর সাধারণের শিক্ষাবিষয়ের সপক্ষতা করিলেন। আয়ারলণ্ডের ধর্ম্মসম্প্রদায় উপলক্ষে তিনি বলিলেন, তাঁহার মত অপরিবর্ত্তিত আছে। আয়ারলণ্ডের ধর্ম্মসম্প্রদায় অত্যাচারের স্বরূপস্বরূপ রহিয়াছে এবং ইহা রহিত করা অতি কর্ত্তব্য। একধর্ম্মাক্রান্ত লোকদিগের টাকায় অন্য ধর্ম্ম শিক্ষা দেওয়া তাঁহার মতে অতিশয় অন্যায়।

গত রাত্রির গেজেটে বান্দা ও কড়াইয়ের সুতের টাকা পুনরায় বিতরণ করিবার আজ্ঞা প্রকাশিত হইয়াছে।

পালমাল গেজেটে ভূতপূর্ব্ব এক জন গবর্ণর জেনরলের সেক্রেটারির পত্র প্রকাশিত হইয়াছে। তিনি বলেন, বোম্বাইকে ভারতবর্ষের রাজধানী করা অতিশয় আব শ্যক।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ।

৮ ই অক্টোবর। আর, এচ, হেনি সাহেব চম্পারণে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইয়া প্রথম শ্রেণির অবীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

বর্দ্ধমানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু গোপালচন্দ্র সেন কিছু দিনের জন্য মানভূমে বদলী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

নিম্নলিখিত কর্ম্মচারিগণ ১৮২২ অব্দের ৩ ১৮২৪ অব্দের ৯ আইন অনুসারে হুগলী, বাঁকুড়া, বর্দ্ধমান ও মেদিনীপুরে কালেক্টরের ক্ষমতা পাইবেন।

এফ, জোন্স সাহেব সি, এস।

বাবু তারকনাথ ঘোষ।

" গোবিন্দচন্দ্র বসু।

৯ ই অক্টোবর। এফ, এচ, মাকলিন সাহেব হাবড়ার সহকারী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

এচ, এল, হারিসন সাহেব বেরিলিউ বে
প্রতিনিধি জুনিয়র সেক্রেটারি হইবেন।

তাঁহার অনুপস্থানকালে এ, মে
সাহেব বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের প্রতিনিধি
য়র সেক্রেটারি হইবেন।

১০ ই অক্টোবর। জে, ডি, ওয়াড
প্রথম শ্রেণির মাজিষ্ট্রেট ও কালেক্টর হই
কিন্তু আপাততঃ চট্টগ্রামের প্রতিনিধি অতি
জ থাকিবেন।

জে, এফ, ব্রৌণ শ্রীহট্টে দ্বিতীয় শ্রেণির
ষ্ট্রেট ও কালেক্টর হইবেন; কিন্তু আপা
মুরসিদাবাদে প্রতিনিধি প্রথম শ্রেণির মা
ও কালেক্টর থাকিবেন।

যে দিবস জে, সি, ডজসন সাহেব ভা
ত্যাগ করিয়াছেন, সেই দিবস'বধি পু
নিয়োগদ্বয় হইবে।

কলিকাতার কালেক্টর জে, মে
সাহেব ১৮২৮ অব্দের ৯ আইন অনুসারে
কাতা, ২৪ পরগণা ও হুগলিতে কালে
ক্ষমতা পাইবেন।

যত দিন এচ, ডবলিউ, বাবার সাহেব
লইয়া অনুপস্থিত থাকিবেন তত দিন
জেনিঙস সাহেব বগুড়ার প্রতিনিধি
সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

এ, ইয়াডলি সাহেব কিছু দিনের নি
বাঁকুড়াতে দ্বিতীয় শ্রেণির প্রতিনিধি মাজি
ও কালেক্টর হইবেন।

যত দিন এ জে, আর, বেলব্রিজ
বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত
জি, কে, ওয়েষ্টর সাহেব বর্দ্ধমানের
শ্রেণির মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

১লা অক্টোবর অবধি নিযুক্তির শাসনক
নিম্নলিখিত কর্ম্মচারিগণ পঞ্চম হইতে
শ্রেণিভুক্ত হইয়াছেন।

বাবু রাখালদাস মুখোপাধ্যায় ডবলিউ.
স্মিথ সাহেবের পরিবর্ত্তে। (যিনি উচ্চ প
য়াছেন)

আর, টি, সিডেষ্টর সাহেব, বাবু রামন
সুমাদারের পরিবর্ত্তে। (যিনি পদত্যাগ
য়াছেন)

জে, আর, বি, রস সাহেবের মৃত্যু হই
নিযুক্তির শাসনকার্য্যের পশ্চাল্লি খত কর্ম্ম
গণ ২রা অক্টোবর অবধি উচ্চ পদ পাইয়া

দ্বিতীয় শ্রেণিতে।

টি, টুইডি সাহেব।

তৃতীয় শ্রেণিতে।

বাবু হেমচন্দ্র রায়।

চতুর্থ শ্রেণীতে।
বু লক্ষীকান্ত রায়।
০ ই অক্টোবর। যত দিন মেজর ডে, এফ,
বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন তত
লেপ্টনেণ্ট এম, ও, বয়ড কামরূপের প্রতি
ডেপুটী কমিসনর হইবেন।
৪ পরগণার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী
ক্টর বাবু ব্রজসুন্দর মিত্র থাকবন্ত বিভাগে
হইয়া হুগলী, বর্দ্ধমান, বাঁকুড়া ও মেদি
র ১৮২২ অব্দের ৭ আইন ও ১৮২৫
র ৯ আইন অনুসারে কালেক্টরের ক্ষমতা
বন।

—:০:—

আমাদিগের আনুলিয়াস্থ সংবাদ
া লিখিয়াছেন।

। গত ১৭ ই আশ্বিন ইংরাজী ২৯ সেপ্টে
ঙ্গল বার দিবা ৩ ঘটিকার সময় আনুলি
হৈতৈষিণী সভার অধিবেশন হইয়া গিয়াছে
সমুদয় ভদ্র লোক, এবং সভার সভ্যগণ
স্থিত থাকিয়া মহাসমারোহে সভার কার্য্য
করিয়াছিলেন। রাণাঘাটের বর্ত্তমান
গ্য সাধুস্বভাবসম্পন্ন সুবিজ্ঞ হিতৈষী
ী মাজিষ্ট্রেট শ্রীযুক্ত বাবু রামশঙ্কর সেন
য় উপস্থিত ছিলেন এবং তাঁহারি আগ্রহ
উক্ত সভার অধিবেশন হয়, এখ
সম্পাদক শরৎ বাবু গত বর্ষের এবং বর্ত্তমা
র সভার সমুদয় আয়ব্যয় বৃত্তান্ত পাঠ
ল তৎপরে রামশঙ্কর বাবুর প্রস্তাবক্রমে,
ধিনী সভা হইতে সমাজের নিমিত্ত যে
র্ণ আটচালা গৃহ প্রস্তুত হইতেছে উহার
শিষ্টাংশ সমাপ্ত করিবার ব্যয় এবং সমাজ
বিদ্যালয়ের আবশ্যক দ্রব্য সামগ্রী প্রস্তুত
ার ব্যয় সর্ব্ব সমেত ১০৫ টাকার একটী
ব হইল। উহার মধ্যে গ্রামস্থ মহোদয়গণের
ট হইতে ৫০ টাকা স্বাক্ষরিত হইয়াছে
শিষ্ট বয়েক টাকা সংগ্রহ করিবার অভি
য় রামশঙ্কর বাবু স্থানীয় জমীদার মহাশয়
ক পত্র লিখিয়াছেন। পরিশেষে দিবা
র সময় সভাপতি বাবু ক্ষত্রগোপাল রায়
শয় একটী সুললিত বক্তৃতা করেন, বক্তৃ
অতিশয় মধুর হইয়াছিল। তাঁহার বক্তৃতা
হইয়া অনেকপরেই সভাভঙ্গ হয়।
উপসংহারকালে আমরা রাণাঘাটের ডিপুটী
গ্রেট অশেষ গুণান্বিত রামশঙ্কর বাবুকে
বাদ প্রদান না করিয়া নিরস্ত হইতে পারি
না। তাঁহার এই হিতৈষিণী সভার প্রতি
যেরূপ যত্ন দেখিতেছি, তাহাতে ইহা যে শীঘ্র উন্নতির সোপানে আরোহিত হইবে তাহার আর সন্দেহ নাই। ইনি এই সভার এক জন প্রধান সভ্য হইয়াছেন। আনুলিয়ার মধ্যস্থিত রাজবর্ত্মগুলির প্রতিও ইহাঁর বিশেষ যত্ন আছে এবং শুনিলাম স্বয়ং উহার প্রতিবিধান করিবেন। রামশঙ্কর বাবুর ইতিপূর্ব্বে সংবাদ পত্রে সুখ্যাতি শ্রবণ করিয়া আসিয়াছিলাম; কিন্তু এক্ষণে তাঁহার কর্ম্ম স্বচক্ষে অবলোকন করিতেছি। ইনি যে প্রকৃতির লোক, তাহাতে কোন ব্যক্তি ইহাঁর কার্য্য দেখিয়া ধন্যবাদ প্রদান না করিবেন?

২। এখানকার ডাকঘরটী সুন্দররূপ চলিতেছে। গবর্ণমেণ্ট যে এতদিনের পরে ইহার প্রতি নেত্রপাত করিয়াছেন সেও সুখের বিষয়। পূর্ব্বে ইহার আবশ্যক দ্রব্যাদি সমুদয় প্রদত্ত হইয়াছিল এবং কএক সপ্তাহ অতীত হইল আপিসের ব্যবহারোপযোগী মোহর প্রভৃতি আসিয়াছে এক্ষণে গৃহ প্রস্তুত করিবার বিষয়ে একটু মনোযোগ হইলে আমাদিগের ঐকান্তিক প্রার্থনা।

কিছু দিন হইল এখানকার এক জন নীচ জাতীয় পীড়িত ব্যক্তি রাণাঘাটের সবডিবিজনের সন্নিকটস্থ শ্রীযুক্ত বাবু ভুবনমোহন দত্ত মহাশয়ের বাগানের মধ্যে গমনপূর্ব্বক গলদেশে রজ্জু বন্ধন করিয়া বৃক্ষোপরি মানব লীলা সম্বরণ করিয়াছে এই ব্যক্তি ভিক্ষা করিয়া জীবন ধারণ করিত। ইহাঁর এই দুর্ম্মতি হইবার কারণ কি বুঝিতে পারিলাম না। পুলিষ নিয়মমত অনুসন্ধান করিয়াছিলেন। কিন্তু পরিশেষে আত্মহত্যারই প্রমাণ পান।

৪। অতিশয় আহ্লাদের বিষয় এই যে সংপ্রতি রাণাঘাটনিবাসী শ্রীযুক্ত বাবু ভুবনমোহন ভট্টাচার্য্যপ্রভৃতি কয়েকজন বিশেষ সাধী ব্রাহ্মের যত্নে তথায় একটী উপাসনা সমাজ সংস্থাপনের সংকল্প হইতেছে। উদ্যোগটী উত্তম বটে, কিন্তু সাধন হওয়াত সুকঠিন। শুনিলাম তথাকার কি ধনাঢ্য কি দরিদ্র সকল সম্প্রদায়ের লোকই ইহার সম্পূর্ণ প্রতিদ্বন্দ্বী হইয়া উঠিয়াছেন। উক্ত সভা হইতে দেশের যে অমঙ্গল হইবে ইহাতেই তাঁহাদিগের দৃঢ় প্রত্যয় হইয়াছে। ব্রাহ্মণ পণ্ডিতগণ ত রাগ করিতেই পারেন, কারণ সকলেই চক্ষু মুদ্রিত করিতে শিখিলে তাঁহাদিগের অন্ন মারা যায়।

৫। শুনিয়া দুঃখিত হইলাম যে কএক দিন হইল গোয়াড়ির জজ আদালতের নিকটস্থ রাণী স্বর্ণময়ীর পুষ্করিণীতে উক্ত নগরস্থ জনৈক পতিবিহীনা রমণী ঘোর তিমিরাবৃত রজনী স্বীয় হস্ত পদ পরিধেয় বসনদ্বারা বন্ধন করি জীবনে জীবন সমর্পণ করিয়াছে: প্রভা পুলিষ কর্ত্তৃক শব তোলা হয়।

৬। এবার এদিগে বন্যবরাহের উপদ্রব বিক। এমন গ্রাম নাই যেখানে ১০।৫ টী বি না করে। ইহারা নিশাকালে দলবদ্ধ হ জনাকীর্ণ স্থলে এবং প্রান্তরে গমন কি গ্রামস্থ ব্যক্তির অনেক ক্ষতি করিয়া থা ইহাদিগের অবয়ব ভয়ানক। দন্ত দুটী দেখি কৃতান্তের অঙ্কুশ বলিয়া বোধ হয়। অ য়ার মধ্যে কএকটী আগমন হইয়াছিল, ৩ ২ টী কএক ব্যক্তিকর্ত্তৃক হত হইয়াছে কএকটী গতিক মন্দ দেখিয়া অন্য স্থানে করিয়াছে। প্রথম বরাহটী মরিবার পূর্ব্বে অবলার প্রাণহত্যা করিয়া বরাহ অবতা নাম রাখিয়া গিয়াছে।

আমাদিগের মগরাস্থ সংবাদদ
লিখিয়াছেন।

মহাশয়! আমরা গত ৯ ই সেপ্টে বঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রথম চক্রে শ্রী বাবু নবকৃষ্ণ ঘোষ, তৃতীয় চক্রে শ্রী মৌলবী এলাহি বক্স, চতুর্থ চক্রে শ্রী মুন্সী বকাউল্লা ও পঞ্চম চক্রে শ্রীযুক্ত বাবু নাথ মুখোপাধ্যায় মহাশয়েরা ডিটে এপার্টমেণ্টে পুলিষের অতিরিক্ত জ্যা সুপরিণ্টেণ্ডেণ্ট হইয়াছেন দর্শন করিয়া পর নাই আহ্লাদিত হইলাম; কিন্তু ঐ ঢানিক খাঁ (যিনি জেলা ২৪ পরগণার ডি টর ইনেস্পেক্টর ছিলেন) কি কারণে ডি টর পুলিষ হইতে বাহির হইলেন, জানিতে পারিলাম না। ইহাঁর মত পুলিষ দক্ষ সুপারিণ্টেণ্ডেণ্টের আর কেহই নাই। উ ব্যক্তিকে উপযুক্ত পদ না দিলে অনেকে ক্ষোভ হয়ে।

১। পুরাণ সময় উল্লেখ খাল দিয়া ঘন ডাঙ্গায় যাইতে ছিল, বেলঘরিতে ড্রে জলমগ্ন হওয়াতে দুই দিক জলে ড কোথায় ভাসিয়া গিয়াছে, তাহার নি নাই। অবশিষ্ট আট জনের প্রাণরক্ষা হয়

২। এ প্রদেশে বারম্বার দৈবোৎপাতে শস্য এক কালে নষ্ট হওয়াতে প্রজাগণ নাই কষ্টসংকারে ত করি এমন কি কোন কোন দুই এ অনাহারে থাকিতে হয়, এই

মেন্টের নিকটে সাহায্যের আকাঙ্ক্ষায় চাত
ন্যায় ছিল, অদৃষ্ট ক্রমে আসেসার মহাশ
১ লা অক্টোবর মগরায় আগমন হইয়াছে।
য়ের বিষয় কি করেন বলা যায় না, প্রজার
া বিবেচনা করিয়া টাক্স ধার্য্য করিলে ভাল
যেন মড়ার উপর খাঁড়ার ঘা না হয়।

৩। বর্ষা শেষ না হইতে হইতে প্রজাগণের
কারার্থে স্থানে স্থানে সরকারি রাস্তা সকলের
মেন্ট হইতে সংস্কার আরম্ভ হইয়াছে, ইহাতে
ল বৃদ্ধ অনেকেই মজুরি খাটিতেছে বটে;
কষ্ট যাইতেছে না। কিছু সাহায্য দিলে
হয়, অধিক কষ্টে পড়িলে নানা উপায়েও
কষ্ট শীঘ্র যায় না।

৪। ইতিমধ্যে থানা দেবীপুরের এলেকা
াসবেড়িয়া গ্রামে দুটী স্ত্রীলোক পরস্পর
বাদ করে, সেই সূত্রে একটীর প্রাণ নষ্ট হয়.
কারী পুলিসের দ্বারা ধৃত হইয়া প্রেরিত
ছে।

৫। ডায়মণ্ড হারবরের সন্নিহিত হাঁড়ায়
মেন্ট একটী নূতন দুর্গ নির্ম্মাণ করিতে
করিয়াছেন। বোধ হয়, এটী সমুদ্রপথ
জন্য হইতেছে।

৬। এখানকার বাদা ও মাঠসকল এ বৎসর
এরূপ পরিপূর্ণ যে দুদ্দের প্রখরতা হইলে
ক হইতে কুজ্ঝটিকার ন্যায় বাষ্প উঠিতে
যায়।

৭। ৬ই অক্টোবরের মধ্যে এখানে একটী
কার ও একটী স্ত্রীলোকের সর্পদংশনে
নষ্ট হইয়াছে।

গরা।
ই অক্টোবর
৮৪৮।

আমাদিগের তমোলুকস্থ সংবাদ

া লিখিয়াছেনঃ—

। এখানকার সুযোগ্য ডেপুটী মাজিষ্ট
ব বাবু যাদবচন্দ্র ঘোষ মহাশয় দুই মাসের
ছুটী লইয়া বাটী গমন করিয়াছেন। তাঁহার এই দীর্ঘ
র বিচ্ছেদ এ দেশের পক্ষে অত্যন্ত দুঃখের
ছে। তিনি যেরূপ ব্যগ্র ও অমায়িক ভাবে
শের হিতসাধনে দৃঢ় ব্রতী ছিলেন, তজ্জন্য
সাধারণের ভক্তি ও ধন্যবাদের পাত্র হইয়া
সন্দেহ নাই। করি, তাঁহার অবসর
নিঃশেষ হইলে তিনি পুনরায় এস্থানে আগ
রিয়া এতদ্দেশের মঙ্গলসাধন করিতে থাকি
বেন। শ্রীযুক্ত বাবু রামকুমার বসু মহাশয় এই অবসরকালের নিমিত্ত তদীয় স্থলে আগমন করিয়াছেন। তাঁহার নিকট আমাদের এই প্রার্থনা যে, তিনি যেন যাদব বাবুর ন্যায় দেশের হিত সাধনে কায়মনে যত্নবান্ হন।

২। আহ্লাদের সহিত প্রকাশ করিতেছি যে এখানকার অন্যতর জমীদার কলিকাতানিবাসী বাবু মন্মথনাথ দে মহাশয় এখানকার ইংরাজি বিদ্যালয় নির্ম্মাণের নিমিত্ত শত মুদ্রা দান করিয়াছেন এবং কিছু কিছু মাসিক সাহায্য করিবেন, এরূপ অভিপ্রায়ও প্রকাশ করিয়াছেন। মন্মথ বাবুর এই দানকার্য্যটী প্রশংসার সন্দেহ নাই; তজ্জন্য আমরা তাঁহাকে অসংখ্য ধন্যবাদ প্রদান করিয়া প্রার্থনা করি, যেন তিনি স্বীয় অধিকারস্থ ছস্থ প্রজাবর্গের মানসিক ও সাংসারিক উভয় বিধ উন্নতিসাধনের চেষ্টা করিয়া অতুল যশোভাজন হইতে থাকেন।

৩। দেভোগনিবাসী শ্রীযুক্ত বাবু ইন্দ্রনারায়ণ প্রধান এখানকার বিদ্যালয় ও দাতব্য চিকিৎসালয়ের মেম্বর পদে মনোনীত হইয়াছেন। তাঁহার দ্বারা বিদ্যালয় ও চিকিৎসালয়ের বিশেষ উপকার হইবার সম্ভাবনা।

৪। এখানকার দাতব্য চিকিৎসালয়ের মেটিব ডাক্তর শ্রীযুক্ত বাবু চন্দ্রকুমার গুপ্ত প্রায় পাঁচ বৎসরপরে তিন মাসের বিদায় লইয়া বাটী গমন করিয়াছেন। এখানকার পবলিকওয়ার্ক ডিপার্টমেন্টের ডাক্তর বাবু অম্বিকাচরণ রক্ষিতের উপর উক্ত কার্য্যালয়ের ভার অর্পিত হইয়াছে।

৫। মহাশয়! এখানকার মিউনিসিপাল রাস্তাগুলির কোন কোন স্থান নদীজলদ্বারা ভগ্ন হইয়া সাধারণের গতিবিধির অসুবিধা ঘটিয়াছে এবং গলি রাস্তার কোন কোন স্থলে ময়লা পতিত থাকিতে দেখা যাইতেছে। ইহা দ্বারা প্রমাণ হইতেছে যে, মিউনিসিপাল কমিটীর স্বকর্ত্তব্যসাধনে বিশেষ মনোযোগ নাই। কমিটীর এ সকল বিষয়ে তীক্ষ্ণ দৃষ্টি রাখা অত্যাবশ্যক।

৬। জনশ্রুতি এইরূপ যে, মফস্বলের কোন প্লাবনজলপূর্ণ ক্ষেত্রে একটী বোয়াল মৎস্য একটী অষ্টাদশবর্ষীয় যুবককে অর্দ্ধগ্রাস করিয়াছিল। উভয়কেই মৃত ভাসিতে দেখিয়া তত্রত্য লোকে এই অভূতপূর্ব্ব পদার্থটী কাঁথির মাজিষ্ট্রেট রাইট সাহেবের নিকট প্রেরণ করিয়াছেন। সত্য হইলে অতি আশ্চর্য্যের বিষয় বলিতে হইবে সন্দেহ নাই। মৎস্যটী নাকি নয় হস্ত দীর্ঘ।

৭। এখানকার কোর্ট ইন্স্পেক্টর বাবু চন্দ্র মুখোপাধ্যায়, গড়বেতায় ও তথাকার ইং এখানে পরিবর্ত্তিত হইয়াছেন এবং এখ প্রতিষ্ঠাবান পুলিষ ইন্স্পেক্টর বাবু ভগ বর্ত্তী মেদিনীপুরে বদলি হইতেছেন। শুনি ইহাঁর স্থলে বাবু অমৃতলাল মুখোপাধ্যায় তেছেন। ইনিও তাঁহাদের পূর্ব্বপরিচিত শ্রমসহিষ্ণু, উৎসাহপূর্ণ, কার্য্যদক্ষ জনষ্টন সাহেব এখানকার ডিষ্ট্রীক্ট সুপ ণ্ডেণ্ট হইয়া কেবল পুলিষের লোকদি এখানে ওখানে ঘুরাইয়াই মারিতেছেন তাহা আমরা বুঝিতে পারি না।

৯ ই অক্টোবর
১৮৬৮।

—:•:—

আমাদিগের বীরভূমস্থ সং

দাতা লিখিয়াছেন।

মহাশয়! কান্দড়া গ্রামের পশ্চিম টকুরী, বনয়ারীগঞ্জ দিয়া কাটোয়া পর্য্যন্ত রাস্তা গিয়াছে। এটী নূতন প্রস্তুত হইয় ক্রোরি আয় হইতে ইহার ব্যয় নির্ব্বাহিত পাকা রাস্তা কেবল পথিকদের গমনাগ সুগমহেতু, কিন্তু এই রাস্তাটী পথিকগণের ধনার হেতু মাত্র হইয়াছে। এই রাস্তার কোন স্থান এমন কর্দ্দমময় হইয়া দাঁড়াই যে গরু বাছুরের ত কথাই নাই, বলবান হ দৈবাৎ প্রোথিত হইয়া গেলে উত্তোলিত অল্প কষ্টসাধ্য হয় না। পথিকগণ এ ত্যাগ করিয়া আলি পথে গমনকে অল্প কর জ্ঞান করেন। দেখুন, এমন অবস্থায় রাস্তা নির্ম্মাণের উদ্দেশ্য কি বিফল হইল আমরা কাটোয়ার ডিঃ মাজিষ্ট্রেট কালি বাবুকে বিলক্ষণ জানি। এ শ্রেণীর মধ্যে এক জন কার্য্যক্ষম কর্ম্মচারী। তিনি যে এ য়ের অনুসন্ধান করেন না, ইহা অল্প ক্ষো বিষয় নহে।

২। মহাশয়! এখন স্কুলের সঙ্গে সঙ্গে প্রতি গ্রামেই শাখা পোষ্ট আফিস স্থাপিত হ দেখা যাইতেছে। কোন গ্রামে বা স্থানীয় স্কু শি কর্ণধার এই নূতন ডাকঘরের কার্য্য করি ছেন, কোন স্থানে আবার স্বতন্ত্র লোক নি হইতেছেন। ফলে এ সংস্থাপন কিছু সুবিধাবিধায়ক হইতেছে না; কিন্তু কোন স্থানের লোকেরা এই ডাকঘরগুলি স্থ করিবার জন্য যে অসৎ উপায় অবলম্বন কা ছেন, ইহা অল্প দুঃখের বিষয় নহে; সে

াম, কোন এক শাখা পোষ্ট আফিস
রাইপুরের কতিপয় ব্যক্তির নামে কতক
" ব্যারিং " পত্র আইসে। শিরোনামায়
ারী " " প্রাইভেট " প্রভৃতি কথাগুলি
থাকে। যাঁহাদের নামে ছিল, তাঁহারা
ণ করিয়া দেখেন অভ্যন্তরে কিছুই লেখা
এখন " ব্যারিং " পত্র আইলে সহসা
হণে সম্মত হইতেছেন না। অদ্য এই
জ্ঞিত করিলাম। এই কুরীতিস্রোত রুদ্ধ
লে সেই শাখা পোষ্ট আপিসের নাম
করিতে ক্ষান্ত হইব না।

। দেখিলাম, রাইপুরের রাত্রিবিদ্যালয়টী
উত্তমরূপে চলিতেছে। ৩৭ জন ছাত্রের
াজিরা পুস্তকে দেখা গেল। ছাত্রগুলিকে
মনোযোগের সহিত অধ্যয়ন করিতে
া'র পর নাই আহ্লাদিত হইলাম, বস্তুতঃ
স্কুল স্থানে স্থানে স্থাপিত হওয়া এখন
প্রয়োজনীয় হইয়া দাড়াইয়াছে। নিম্ন
লোকমধ্যে জ্ঞানতৃষ্ণা সমধিক বলবতী
যাইতেছে।

। ধূমকেতুর ন্যায় বীরভূম স্কুলের
াডিংহাউস " নির্ম্মাণের কথা মধ্যে মধ্যে
থাকে। পূর্ব্বে এই গৃহখানি কাঁচা হইবে
হইয়াছিল। এখন শুনিলাম, কর্ত্তৃপক্ষ
ক পাকা করিয়া তুলিবার জন্য প্রয়াস
ইয়াছেন ও ব্যয়ানুরূপ আয় সংগৃহীত
ছে। মূল কথা এ শুভ কার্য্য সম্পাদনে
দীর্ঘসূত্রী হওয়া ভাল দেখায় না।

। সে দিন রাইপুরে এক শোচনীয় ব্যাপার
টিত হইয়াগিয়াছে। জনৈক ব্রাহ্মণ আগামী
পূজার জন্য কাষ্ঠসংগ্রহমানসে এক বৃক্ষ
নে. কয়েক জন মজুরকে নিযুক্ত করেন
সেই বৃক্ষটী হইতে কিছু দূরে উপবেশন
। তাঁহার পুত্র সঙ্গে ছিল। বৃক্ষটী তাদৃশ
র্ধ; কিন্তু বিধির লিখন কে খণ্ডন করে?
পতনোন্মুখ হইলে সকলেই তথা হইতে
ন করে; কিন্তু হতভাগ্য ব্রাহ্মণের পলায়ন
ায়ত্ত হইয়া উঠিল না। বৃক্ষটী ঘাড়ে
য়া গেল; তৎক্ষণাৎ তাহার প্রাণবায়ু
ণ করিল।

। বনয়ারী আবাদ রাজ সংসারের অন্যতম
য়ান শ্রীযুক্ত বাবু রামলাল সরকার মহাশ-
বাটীতে পূজার সময় " নলদময়ন্তী "
কর অভিনয় হয়। অভিনয়কার্য্য অতি
রূপে নির্ব্বাহিত হয়। অভিনেতৃগণ যেরূপে

আপন আপন কর্ত্তব্য কার্য্য সম্পাদন করেন, তাহাতে তাঁহাদের ভূয়সী প্রশংসা করিতে হয়।

২৫ এ আশ্বিন
১২৭৫।

—:•:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

থানা নাকাশীপাড়ার অন্তর্গত সুনতানপুর, আড়পাড়া, নারায়ণপুরপ্রভৃতি কয়েকখানি গ্রামের নিকট দিয়া বহুদূর ব্যাপী একটী বৃহৎ বিল আছে। কাটাখাল নামে উহার একটি প্রসিদ্ধ খাল নিশ্চিন্তপুরের কুঠীর পূর্ব্ব দিয়া ভাগীরথী নদীর সহিত সংযুক্ত থাকাতে বৎসর বৎসর তথায় বন্যা আসিত; কিন্তু ভাগীরথী দূরস্থ থাকাতে বন্যা তাদৃশ প্রবল বেগে আসিতে পারিত না। ইহাতে বিলের স্থানে স্থানে পূর্ব্বে বিস্তর শস্য উৎপন্ন হইত। এক্ষণে গঙ্গা নদী অতিশয় নিকটস্থ হওয়াতে বন্যা প্রবলরূপে আসিতেছে। তিন চার বৎসর কাল সমুদয় শস্য জলমজ্জনহেতু নষ্ট হওয়াতে ক্রমান্বয়ে ১৬। ১৭ খানি গ্রামের প্রজা সকল একে বারে নিঃস্ব হইয়া গিয়াছে। এমন কি এ প্রদেশে ভিয়াত্তরে দুর্ভিক্ষ মধ্যে কু তে অদ্যাপি বিরাজ করিতেছে। এ বৎসর আমাদিগের ক্লেশনিবারণজন্য প্রজাবৎসল ভ্রীশ্রীমতী মহারাণীর অনুগ্রহে তথায় একটি মৃত্তিকার বাঁধ দেওয়া হয়। উহাতে এ প্রদেশের বিশেষ উপকারের সম্ভাবনা বটে, কিন্তু তাহাতেই সুখ বৈকুণ্ঠেও নাই, সে কথা মিথ্যা নহে। যে হেতু ঐ খালের উভয় পার্শ্বের সমতল ভূমির স্থানবিশেষে বাঁধ ভগ্ন হইয়া অনেক চৈমতিক ধান্য জলমগ্ন হইয়া গিয়াছে। যে স্থানে বাঁধটি ভগ্ন হয়, উচ্চতাপ্রযুক্ত ঐ স্থান দিয়া আর জল বহির্গত হইবার উপায় নাই। বর্ষার জলে বিল পরিপূর্ণ এবং নিম্ন ভূমি সকল জলমগ্ন রহিয়াছে। ইহাতে স্বাস্থ্যের ও কৃষিকার্য্যের বিস্তর ক্ষতি ও তীরস্থিত তৃণ ও কুগাছা প্রভৃতি পচিয়া দুর্গন্ধময় বাষ্পে বায়ু ক্রমে দূষিত হইতেছে। লোকসকল পীড়িত হইতেছে। দুঃখের বিষয় এই যে এ প্রদেশে অদ্যাপি ভালরূপ চিকিৎসলয় স্থাপিত হয় নাই, এ দিকে আশ্বিন মাস উপস্থিত। নিম্নভূমিমাত্রেই জলমগ্ন রহিল, রবিশস্য বপনের উপায় নাই। এক্ষণে ঐ খালের মধ্যে কোন নিম্ন স্থানে বাঁধ কাটিয়া জল বহির্গত করিয়া না দিলে কোনরূপে শস্য হইবার সম্ভাবনা নাই। ইহাতে এ প্রদেশের প্রকার সর্ব্বনাশ উপস্থিত. মহিমার্ণব শ্রী গবর্ণর বাহাদুর দীন হীন প্রজাগণের প্রতি কৃপাকটাক্ষ করিয়া ঐ বাঁধটি কাটিয়া সত্ত্ব জল বহির্গত ও পশ্চাৎ তথায় একটী কপাটি পুল প্রস্তুত করাইয়া এ প্রদেশের মঙ্গল করুন। যদ্যপি বিলের জল বহির্গত না হ বদ্ধ থাকে, তাহা হইলে অনুন ২০ হাজার বিঘা উর্ব্বরা ভূমি পতিত রহিবে প্রজাগণ একেবারে উচ্ছিন্ন দশা প্রাপ্ত হ তাহার আর সন্দেহ নাই।

২৬ ভাদ্র } শ্রীহারাধন মুখোপাধ্যায়
সাং আড় পাড়া।

জেলা ফরিদপুরের অন্তঃপাতী থানা ভুর অধীনস্থ গ্রামসমূহ জঙ্গলে পরিপূর্ণ এবং তত্রত্য লোকদিগের অনেক পরিমাণে হইতেছিল দেখিয়া কিয়দ্দিন হইল, তথা পুলিস কর্ত্তৃপক্ষ উহার প্রতিবিধানার্থ মনোহন। তদনুসারে তথাকার পুলিষ হইতে পেয়াদা একখানি পরয়ানা লইয়া কাপাসা নামক গ্রামে উপস্থিত হওয়াতে তথ লোকেরা উক্ত পেয়াদার নিকট স্ব স্ব জঙ্গল পরিষ্কার করিয়া দিবেন এরূপ অঙ্গী করিয়াছিলেন, কিন্তু জঙ্গল পরিষ্কারে অর্থব্যয় হইবে দেখিয়া উহা কিয়ৎ পরি পরিষ্কার করিয়া ক্ষান্ত রহিয়াছেন। মহা সম্পূর্ণ জঙ্গল পরিষ্কৃত হইলে সর্ব্বসাধা যেরূপ মঙ্গল হইত, কিয়দংশ পরিষ্কারে কিছুই হয় নাই। তথাকার লোকেরা জন্য যে জঙ্গল সমুদ্ভূত নানাপ্রকার সহ্য করিতে এবং অমূলক পীড়াদিতে অর্থ ব্যয় করিতে সম্মত, তথাপি সাক্ষাৎ এক কপর্দ্দকও ব্যয় করিতে সম্মত ন তত্রত্য পুলিস হইতে পুনর্ব্বার এ বিষয়ের সন্ধান লইলে ভাল হয়

গবর্ণমেণ্ট প্রায় সকল স্থানেই দুই বিদ্যালয় স্থাপনপূর্ব্বক তথাকার সৌভা সোপান করিয়া দিতেছেন, কিন্তু ঐ অন্তর্গত প্রায় অধিকাংশ স্থানেই ভাল লয় নাই। যদিও কোন কোন স্থানে দুই সামান্য বিদ্যালয় আছে, তাহাতে কিছু হ শিক্ষাবিভাগের কর্ত্তৃপক্ষ অনুসন্ধান ক জানিতে পারিবেন। পূর্ব্বোল্লিখিত কাপা গ্রাম ও তাহার নিকটবর্ত্তী প্রায় ১০। ১২ গ্রামে একটীমাত্র বিদ্যাল; নাই। ঐ স্থানে যেসকল ভদ্র লোক আ তাঁহা

...য অধিকাংশই প্রজাপীড়ক জেলা বোর্ডের ...ীল মোক্তার এবং তালুকদার ও জোতদার ...য়া পরিগণিত। এইসকল ব্যক্তির এবং ...াকার সর্ব্বসাধারণের সন্তান সন্ততির শিক্ষার ...মিত্ত যদি গবর্ণমেণ্ট হইতে তথায় একটী বিদ্যা ...প্রতিষ্ঠিত হয়, তাহা হইলে গবর্ণমেণ্ট ...নানা প্রদেশের ন্যায় তথাকার লোক ...গের নিকটেও কৃতজ্ঞতাভাজন হইবেন ...ন্দেহ নাই।

৭ ই অক্টোবর ১৮৪৮।

ভ্রাতৃনিবাসী।

...লোয়ার আসামে অধিকতর বৃষ্টি হওয়াতে ...অনেক নষ্ট হইয়াছে। যে কিছু ছিল, ...এক প্রকার কীটে বিনষ্ট করিতেছে। ...রাং দুর্ভিক্ষলক্ষণ এ দেশে লক্ষিত হইতেছে

শ্রী:—

পব্লিক ওয়ার্ক ডিপার্টমেণ্ট ও বহরমপুর কালেজ বাটী।

পব্লিক ওয়ার্ক ডিপার্টমেণ্টের লোকেরা ...রূপ ন্যায়পরতা ও দক্ষতার সহিত কার্য্য ...য়া থাকেন, তাহা কাহারও অবিদিত নাই। ...রমপুর কালেজ বাটী নির্ম্মাণে তাঁহাদের ঐ ...র পরাকাষ্ঠা প্রদর্শিত হইয়াছে। ১৮৪২ ...লে কালিডে সাহেবের সময় ঐ বাটী নির্ম্মাণার্থ ...দ্যোগ হয়। প্রাণ্ট সাহেবের সময় প্লান প্রস্তুত ...তেই পর্য্যবসিত হয়। বীডন সাহেবের ...ম আমলেই অর্থাৎ ১৮৫৩ সালের ২৯ এ ...াই উহার ভিত্তিপ্রস্তর নিখাত হইয়াছিল। ...পরে অজগরের গতির ন্যায় উহার কার্য্য ...ল্পে চলিতে থাকে। গত সংবৎসর ৯ই ...সর জানুয়ারি মাসে ঐ বাটী সম্পন্ন হইবে ...সকলেরই বোধ হইয়াছিল, কিন্তু মধ্যে ...ষ্টমাসে বাটীর আশা গোড়া ফাটিয়া যায়। ...ল বলে, ইহা দেখিয়াও সুধীজন একজনকেও ...ঞ্জিনিয়ার বিবেচনা সাহেব স্বদেশ প্রস্থান ...া পরেই ইনি উন ...ইঞ্জিনিয়ার সাহেব আসিয়া বাটী পরিদর্শন ...লেন; যদি কোন বাঙ্গালীর দ্বারা কার্য্য ...প সাধিত হইত তাহা হইলে বোধ হয় ...র মাতঃ কাটা যাইত; যিনি প্লান করিয়া ...নিও সাহেব এবং যিনি দাঁড়াইয়াছেন ...ও সাহেব তদপেক্ষা কোঁকের গায়ে আর ...কে বসা ...ম হইয়া গেল ফাটা ...সবল ...য়া সারা হয়। তাহাই

হইতে হইতে বর্ষাকাল আসিয়া উপস্থিত। ছাদের জল ঘরের বাহিরে কিছুই পড়ে না, সমুদায়ই ঘরে পড়িতে লাগিল। সেই সময়ে আবার লেপ্টনণ্ট গবর্ণর সাহেব এখানে আসিবেন জনরব উঠিল। কর্ম্মচারীরা বড় বিব্রত হইলেন ছাদের উপর তৈল সিন্দুরপ্রভৃতিদ্বারা রঙ করিয়া দিলেন। গবর্ণর সাহেব তাহাতেই ভুলিয়া গেলেন। কর্ম্মচারীরাও "বামন গেল ঘর তা লাঙ্গল তুলে দব" হইলেন। ছয় মাসে যে কর্ম্ম না হইতে পারিত গবর্ণর সাহেব আসিবেন বলিয়া প্রায় ২০ দিনের মধ্যে সেই কাজ হইয়াছিল। তিনি সংকালে আইসেন, তৎকালে ঐ বাটীর গ্যালারির আসনগুলি নির্ম্মাণ করা ছাড়া আর কোন কার্য্য বাকী ছিল না। কিন্তু প্রায় ৯ মাস হইতে চলিল, তিনি এখান হইতে গিয়াছেন; ইতিমধ্যে আর কিছুমাত্র কার্য্য হয় নাই। বিবিধান সাহেবের দোষেই হউক, অথবা প্লানকর্ত্তা প্রাণ্টসাহেবের দোষেই হউক, গত বর্ষে বাটী কাটিয়া গিয়াছিল সত্য বটে; কিন্তু আমরা স্বচক্ষে দেখিয়াছি, বিবিধান সাহেব বিশেষ কার্য্যদক্ষ লোক ছিলেন। তিনি এই বাটীর কার্য্যদর্শনার্থ প্রতিদিন অবাসে ৪ই বার করিয়া আগমন করিতেন; কিন্তু তাঁহার পদে যে উইকস সাহেব নিযুক্ত হইয়াছেন, ইনি শাদা কি কাল কি রাঙা লোক, তাহা বোধ হয় তাঁহার আফিসের লোক ছাড়া অন্য কেহই দেখিতে পায় না। তিনি এই স্থানে আসিয়া অবধি কয় দিন কালেজ বাটী দর্শনার্থ গমন করিয়াছেন, ইহা তাঁহাকেই জিজ্ঞাসা করা কর্ত্তব্য। ফল কথা, আমরা লেপ্টনণ্ট গবর্ণর সাহেবকে অনুরোধ করি যে, তিনি এক বার ই ড নয়ার সাহেবকে জিজ্ঞাসা করিয়া পাঠান যে তাঁহার গমনের পর বহরমপুর কালেজবাটীর কত দূর কার্য্য হইয়াছে এবং ঐ বাটী কালেজ আফিসরদিগের হস্তে অর্পণ করিবার আর কত বিলম্ব আছে? ইহা হইলেই তিনি সমুদায় জানিতে পারিবেন। আমাদিগকে আর অধিক লিখিয়া কষ্ট পাইবার প্রয়োজন নাই। এই বাটীর বিষয়ে আমাদের আরও কিছু বক্তব্য রহিল।

শ্রী:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু শশিভূষণ মুখোপাধ্যায়		পুরী
১২৭৫ কার্ত্তিক হইতে ৭৬ আশ্বিন		১৩
৯	৯ রাধামোহন গোস্বামী	খণ্ডপুরুড়ী
১২৭৫ কার্ত্তিক হইতে ৭৬ আশ্বিন		১৩
৯	৯ অমৃতনারায়ণ আচার্য্য	মুক্তাগাছা
৯	৯ নীলমণি ঘোষাল	কলিকাতা

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটি বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, রসাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টার শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ যাইবে। শেষ বারের পত্র রেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর ৵১০ আনা দিতে হই যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা ক তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃ প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১০ ম ভাগ। ৪৯ সংখ্যা।

"প্রবর্ত্তনাং প্রজানিদ্বিতায় পার্থিবঃ সরস্বতী অনিমদ্বতী ন ধীয়তাং।"

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ১১ই কার্ত্তিক। ১৮৬৮। ২৬এ অক্টোবর { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭. ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

কি রা ম ম ব ণী

প্রত্যেক খণ্ড ৮০ পৃষ্ঠা মূল্য (নগদ) ॥০
এই পুস্তক প্রথম অবধি দ্বিতীয় সর্গপর্য্যন্ত
র সংখ্যা নাগরাক্ষরে রামানুজের টীকা ও
লা অনুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে
ত হইয়া বিতরিত হইতেছে। ইহাতে মাহে-
তীর্থ ও নাগোজী ভট্টের টীকাও স্থলবিশেষে
ত করা হইতেছে ও ইহা প্রতিমাসে ১০
অর্থাৎ ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচা
হইবে। মূল্য ॥০ আনা। যাঁহারা গ্রাহক
ভুক্ত হইতে চাহেন, তাঁহারা আমার নামে
প্রকাশ যন্ত্রে পত্র লিখিবেন।

শ্রাবণ
২৭৫
ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

—:০:—

বিক্রয়ার্থ।

ষ্ট্রীটের ৫ নং বাটী গুদামসহ
১৯ নং জোড়া বাগান।
উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
ত অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ
ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডার্স্ আরবো-
থনট এবং কোং

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে /০ এক আনার হিসাবে কমিসন দি। অধিক টাকার পুস্তক লইলে /১০ আনার হিসাবে পাইবেন।

বিদ্যাসুন্দর নাটক	১
কৃষ্ণকুমারী নাটক	১
পদ্মাবতী নাটক	৸০
শর্ম্মিষ্ঠা নাটক	১
নবীনতপস্বিনী নাটক	১
চন্দ্রবিলাস নাটক	১
রামাভিষেক নাটক	১
দলভঞ্জন নাটক	॥০
জানকী নাটক	১
প্রেমাধিনী নাটক	॥৵০
ইন্দুপ্রভা নাটক	১
নলদময়ন্তী নাটক	১
ভ্রান্তিরহস্য নাটক	১
কীচক বধ নাটক	৸০
স্বর্ণশৃঙ্খল নাটক	॥৵০
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক	১
কলিকৌতুক নাটক	॥৵০
লীলাবতী নাটক	১॥০
কুসুমকুমারী নাটক	১
কৌরববিয়োগ নাটক	২
শিববিবাহ নাটক	।৵০
সধবার সমাধি নাটক	১
সপত্নী নাটক	১
পুনর্ব্বিবাহ নাটক	॥০
রমণী নাটক	/০
প্রেমকরা বিষমদায় নাটক	।০
শ্রীবৎস রাজার উপাখ্যান নাটক	॥০
নবনাটক বহুবিবাহ নিষেধ	১
কাদম্বরী নাটক	১
মুক্তাবলী নাটক	৸০
নবরমণী নাটক	
মহানাটক	
প্রবোধচন্দ্রোদয় নাটক	
প্রাণেশ্বর নাটক	
বঙ্গব্যবহার নাটক	
বালবিবাহ নাটক	
বালোদ্বাহ নাটক	
বিধবা পরিণয়োৎসব নাটক	
বিশ্ববামনোরঞ্জন নাটক	
উর্ব্বশী নাটক	
এরাই আবার বড়লোক নাটক	
কিছু কিছু বুঝি নাটক	
বিক্রম নাটক	
কলিকাতা জোড়া-সাঁকো ৬৪ নং	শ্রীপ্রতাপচন্দ্র নগদ বিক্রে

—:০:—

সাবিত্রীচরিত
কাব্য।
শ্রীভোলানাথ চক্রবর্ত্তিপ্রণীত।
মূল্য ১ এক টা
সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যা

—:০:—

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা
কান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে
দিয়া নূতন বাঁধান, মূল্য ২৫০ টাকা
শ্রীআনন্দচন্দ্রবেদান্তবাগীশ

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণু পুরাণ।
অনুবাদ ও টীকা সমেত প্রকা
৮০ পৃষ্ঠা (অগ্রিম মূল্য) ॥০

নি গ্রহণাভিলাষী হইবেন তিনি মৃজাপুর
রষ্টষ্ট্রীট ৩৪।১ নং ভবনে কাব্যপ্রকাশ
অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
ক জগন্মোহন তর্কালঙ্কারের নামে যত
ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম
াইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার
নাই ইতি।

—০—

হিন্দী পুস্তকের বিজ্ঞাপন।

ম, রঘুপ্রভৃতি কবির বিরচিত দোহা
ই আদিতে মানবের ২৬২ প্রকার লক্ষণ
নলজি লালের রচিত মাধব সুলোচনার
সহিত মাধববিলাসনামক পুস্তক দেব
াক্ষরে মুদ্রিত ও প্রচারিত হইল। মূল্য ॥৹
আনা, ডাক মাসুল ৵০ আনা; কলিকাতা
দ জ্ঞানরত্নাকর যন্ত্র নিমতলা ঘাট ষ্ট্রীট
াংখ্যক ভবন।

শ্রীভুবনচন্দ্র বসাক।

—:০:—

বন্দ্যোপাধ্যায় কোং।

তদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই
যে, সম্প্রতি অনওয়ার্ডষ্টার অব স্কোসিয়া
উইক এবং ব্রিটিশ প্রিন্স জাহাজে ঔষধ
আমদানী হইয়াছে। ঐসকল জাহাজে
কোং দিগের লণ্ডনস্থ এজেণ্টগণ হইতে
ঔষধ ও অন্যান্য দ্রব্যাদি আমদানী
ছে এবং যেসকল দ্রব্যাদি আমদানী
তাহার ইন্‌ভয়েস প্রাপ্ত হইয়াছেন।
ক্ত কোম্পানির প্রধান ঔষধালয় আমহরষ্ট
২৩ নং ভবনে মৃজাপুর মেডিকেল হলে
সভাবাজার ষ্ট্রীট ৩৯ নং ভবন শাখা ঔষ
টাটকা, বিশুদ্ধ, এবং উৎকৃষ্ট ঔষধ সক৹
ত মূল্যে খুচরা বা এক কালীন অধিক
লে বিক্রয়ার্থ নিয়ত প্রস্তুত আছে।

কাতা
ই আগষ্ট

৹

নূতন পুস্তক।

আস মানের নক্সা।

বাবুদের দুর্গোৎসব।

(হুতোম ভাষা।)

লিকাতা পটোলডাঙ্গাস্থ ট্রেণীং ইন ষ্টিটি
বিদ্যালয়ের প্রধান পণ্ডিত শ্রীযুক্ত রামস-
ট্টাচার্য্যের নিকটে অথবা শ্রীযুক্ত বরদা-
মুদারের পুস্তকালয়ে প্রাপ্য। মূল্য
মাত্র।

—০—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের ৮ ই অক্টোবর মাস হইতে ১৪ ই অক্টোবর পর্য্যন্ত নদীয়ার নদী তীরের সর্ব্বকমতি জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকমতি জল ফুট	ইঞ্চি
নদীয়া মাথাভাঙ্গা		
মহানার উপর পদ্মানদীতে	১২	»
মহানায়	৮	»
তথা হইতে হাট বোয়ালিয়া		
৪৪ মাইল	৬	»
হাট বোয়ালিয়া হইতে		
আসুকদিয়া	১৩	»
আসুকদিয়া হইতে কৃষ্ণগঞ্জ		
৩৮ মাইল	১৭	»
কৃষ্ণগঞ্জ হইতে হুগলি নদী		
৩৪ মাইল	১৮	»
ভাগীরথী নদী।		
মহানার বার	২৩	৯
মহানার নীচে	১৫	»
তথা হইতে জঙ্গিপুর	৫	»
জঙ্গিপুর হইতে কাটোয়া		
৬০ মাইল	১১	৬
কাটোয়া হইতে নদীয়া		
৪৬ মাইল	১৪	৬
জলঙ্গী নদী।		
মহানা	১০	
তথা হইতে করিমপুর		
১৯ মাইল	১	»
করিমপুর হইতে টিয়াকাটা		
৩৫ মাইল	৪	»
টিয়াকাটা হইতে নদীয়া		
৬০ মাইল	৪	৩

সন ১৮৬৮ সালের ১৯ এ তারিখের বহরমপুর গঞ্জ ঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
গঞ্জঘাটের উপর	৮	৬

বহরমপুর
১৯ এ অক্টোবর
১৮৬৮।

শ্রীযুক্ত সি. ই. উইল্ক
একজিকিউটিব ইঞ্জিনিয়র
বহরমপুর ডিবিজন।

সোমপ্রকাশ।

১১ই কার্ত্তিক সোমবার।

উপনগর ও তাহার অবস্থা।

কলিকাতার উপনগরবাসিদিগের সুখ ও সচ্ছন্দতার সম্পাদনার্থ
মিউনিসিপালিটীর সৃষ্টি হইয়াছে, ও
তাঁহাদিগের নিকটে কর প্রদানার্থ
নগরবাসিদিগের সৃষ্টি হইয়াছে, ও
তাহার নির্ণয় করিতে পারিতেছি
এক মাত্র কর দান বিষয় ব্যতি
পুলিষ প্রভৃতি অনেক বিষয় ও
তাহার সত্তা দেখিয়া গবর্ণমেণ্ট
অনায়াসে অনুমান করা যায়; কিন্তু
কর দান সম্বন্ধ পরিত্যক্ত হইলে উ
রের মিউনিসিপালিটির এমন নি
থাকে না যে তদ্দ্বারা ইহার সত্তা অনু
হয়। রাস্তা প্রস্তুত করা ও ত
সংস্কার করা, নর্দ্দমা ও পুষ্করিণী প্রভৃ
পরিষ্করণ বিষয়ে দৃষ্টিপাত করা, এ
ক্ষুদ্রকার্য্য। মহামহিম মিউনিসিপালি
এ সকল বিষয় লক্ষ্য হয় না! কর্ণ
দারেরা যে পরিমাণে টাকা লন, ত
রিমাণে কাজ করিলেন কি না? যথে
খোয়া দিলেন, কি পুরাতন রাস্তা
করিয়া কেবল স্থানে স্থানে কত
খোয়া দিয়া কাজ শেষ করিলেন? ে
ব্যক্তি তাহা দেখিয়া লন? প্রতিব
রাস্তার কণ্ট্রাক্ট লইবার বিজ্ঞ
দেওয়া হয়, কিন্তু কমিসরিএট ও পব
কণ্ডযাক কণ্ট্রাক্টের ন্যায় চিরকালের
ক্টদারের হস্তেই কণ্ট্রাক্টের ভার প
হয়। ইহাঁরা বহুকালের পাকা লো
ইহাঁদিগের কৃত কার্য্য যে মন্দ
এ কথা বলিতে ত আমাদিগের
হয় না! রাত্রিতে ও বর্ষাকালে লো
পদ ও শকটের চক্র রাস্তার মধ্য
গর্ত্তে পতিত হইয়া যে ভগ্ন হয়, ত
তে কণ্ট্রাক্টদারের দোষই বা কি
পথ চলে ও যে শকট চালায়, তাহ
দোষ। দেখিয়া পথ চলিলে গর্ত্তের
পড়িতে হয় না।

কলিকাতা ও উপনগর এ উভ

ধ্যে শরহুলার রোড নামে একটী
াশস্ত রাস্তা আছে। আমরা এক বার
ধার অবস্থাবর্ণনা করিয়াছি। ইহার
ৎস্কার করিবার ভার কলিকাতার মিউ
সিপালটির হস্তে দেওয়া হইয়াছে।
ার মাটি মজুর খাটিতেছে; কিন্তু এ
র্য্যন্ত দুর্ভাগ্যক্রমে আমরা এক দিনের
মিত্ত রাস্তাটীর উত্তম অবস্থা দর্শন
রিতে পারিলাম না। রাস্তার পূর্ব্ব
গে মিউনিসিপাল রেলওয়ে। ইহাতে
স্তার জলনির্গমের পথ এক দিকে
া হইয়াছে। গলির মুখ অপেক্ষা
লওয়ের এত উচ্চতা যে অতিকষ্টে
কটাদির গমনাগমন সম্পন্ন হয়। এই
ত্র নয়, মিউনিসিপাল রেলওয়ের এক
র্শ ছাড়িয়া কলিকাতার দিগে
রের বেড়া দেওয়া হইতেছে। এত-
রা কত লোকের যে বাটীর ও গলির
ফিরে আসিবার পথ রুদ্ধ হইতেছে,
হা বলা যায় না। মধ্যে মধ্যে দ্বার
ছে সত্য; কিন্তু সেটী লোকের সুবিধা
রয়া রাখা হইতেছে না। ইহাতে
ধ হইতেছে, অনেক ভাড়াটিয়া ভূমির
া পলায়ন করিবে এবং তন্নিবন্ধন
সেই ভূমির মূল্যও কমিয়া যাইবে।
নগরের আর একটী কষ্ট এই, দিনের
া খালধারভিন্ন অন্যত্র চৌকীদারকে
খিবার যো নাই। অন্ধকার ও বর্ষার
ীতেও পাহারাওয়ালা বড় দর্শন
না। গড়পার গ্রামে এক দিবস যিনি
করেন, তাঁহারই এই সংস্কার জন্মে।
শ সম্রাজ্যের মধ্যে এই অংশ
আজিম খাঁর অধীনস্থ বলিয়া
হয়। যেমন রাস্তা, সেইপ্রকার
রক্ষার কার্য্য। স্বাস্থ্যরক্ষার বন্দো
র ত কথাই নাই।

মিউনিসিপালিটি স্বকর্ত্তব্যসাধন
তছেন না বলিয়া আমরা আক্ষেপ
াম বটে; কিন্তু যত দিন এ প্রকার মিউনিসিপাল বন্দোবস্ত থাকিবে, তত দিন রাস্তাপ্রভৃতির উৎকর্ষসাধন ও স্বাস্থ্যরক্ষার সদুপায় বিধান হইবার সম্ভাবনা অল্প। আপনাদিগের কাজ আপনারা না করিলে ভাল হয় না। আমরা যে স্থানে বাস করি, তথাকার রাস্তাপ্রভৃতি উৎকৃষ্ট হইলে আমরা ভিন্ন কে তাহার ফলভোগী হইবে? অতএব ঐ গুলির উৎকর্ষসাধনবিষয়ে আমাদিগেরই সবিশেষ যত্নবান হওয়া আবশ্যক; কিন্তু আমরা স্বয়ং যত্নবান্ না হইয়া অপরের হস্তে সেই ভার সমর্পণ করিয়াছি। এপ্রকার কার্য্যের ফল যে আশানুরূপ হইবে না, তাহার এক প্রকার সিদ্ধান্ত হইয়া আছে। যে পিতা ভৃতিভুক্ ভৃত্যের হস্তে পুত্রের স্বাস্থ্যরক্ষাদির ভারসমর্পণ করিয়া নিশ্চিন্ত থাকেন, তাঁহার মনোবাঞ্ছা প্রায় পূর্ণ হয় না। অতএব আমাদিগের কর্ত্তব্য, আমরা ঐসকল বিষয়ের উৎকর্ষসাধনে স্বয়ং যত্নবান হই এবং গবর্ণমেণ্টেরও কর্ত্তব্য, ক্রমে পঞ্চায়েতের বন্দোবস্ত করিয়া আমাদিগকে ঐ বিষয়ে শিক্ষিত করিয়া তুলেন। অন্যথা গবর্ণমেণ্টের যত্ন সফল হইবে না; আমরাও কাহের লোক হইব না

---:০:---

তরলমতি যুবকগণ।

নবযুবকদিগের চতুরতা, দক্ষতা, অধ্যবসায় ও দৃঢ়প্রতিজ্ঞতা দর্শন করিলে মানবমাত্রেরই আহ্লাদ জন্মে। ডিসরেলি সাহেব গর্ব্ব করিয়াছিলেন, যুবকদিগের দ্বারা যে দেশ রক্ষা পায় ও যে দেশের শ্রীবৃদ্ধি হয় তাহার গৌরব রাখিবার স্থান হয় না। তাঁহার সে গর্ব্ব অশোভমান নয়। কিন্তু যখন চতুরতা কেবল বৃথা আড়ম্বরে পরিণত হয়, অধ্যবসায় আপনার বাহ্য সম্মানলাভচেষ্টায় পর্য্যবসিত হয় এবং অমূলক ও অসম্ভাবিত প্রস্তাব লইয়া দেশের কল্যাণসাধন দাঁড়ায়, তখন অতিশয় আক্ষেপের বিষয় উঠে। যুবকদিগের মন অতিশয় উ তাঁহাদিগের অনুমানশক্তি অত্যন্ত অতএব মধ্যে মধ্যে তাঁহারা যে প্রস্তাব করিবেন, তাহা বিস্ময়াবহ কিন্তু সেই প্রস্তাবগুলি যদি দে কল্যাণবিরোধী হয়, তাহা হইলে দিগের মুখ বন্ধ করিবার চেষ্টা পা কর্ত্তব্য। আমাদিগের যুবকসম্প্রদ মধ্যে এপ্রকার একদল লোক দেখি পাওয়া যাইতেছে যে, তাঁহারা অতি আড়ম্বরপ্রিয়। কাজ যত হউক না হ ধুম ধাম হইলেই তাঁহারা আপ গকে চরিতার্থ জ্ঞান করেন। রা বিরোধী হউক, সমাজের বিরো হউক, আর দেশের উন্নতির প্রতিব হউক, কিছু নূতন হইলেই তাঁহারা করিলেন, দেশের উন্নতি, সমাজসং ও কুরীতিসংশোধন হইল। তাঁ যদি একটী পুস্তকালয় অথবা তর্ক র্কের সভাস্থাপন করেন, যাবৎ লে নন্ট গবর্ণর অথবা বিচারপতি কি প্রতিপোষক অথবা দর্শক না হই তাবৎ তাহা সার্থক ও পরিশ্রম স বোধ করেন না। যদি কেহ একটী সা প্রবন্ধ পাঠ করিবার অভিলাষী তৎশ্রবণার্থ অন্ততঃ দশ জন ইউরো ভদ্রলোককে আহ্বান করা হয়; কি ইউরোপীয় ভদ্র লোকেরা উপস্থিত হ কি শ্রবণ করেন? কোন নূতন বিষয় তাহা নহে প্রগাঢ় চিন্তা ও অবিশ্র পরিশ্রম করিয়া তাঁহারা বিজ্ঞান, সাহি অথবা ইতিহাসসংক্রান্ত কোন প্রশ্নে মীমাংসা করিতেছেন, ইউরোপীয়ে সভাস্থলে উপস্থিত হইয়া কি তা দেখিতে পান? তাহা নহে। "আ কত দূর শিক্ষা করিয়াছি," তাহা প্রদ করা হয় এই মাত্র: ইউরোপীয়েরা স্বা বিক ভদ্রতানিবন্ধন প্রকাশ্যরূপে কি

ন না ; কিন্তু তাঁহারা মনে মনে
প করেন। যাঁহারা এ দেশের প্রকৃত
তাঁহারা দুঃখিত হন ; কিন্তু অনেক
অনেক ইউরোপীয় এইসকল তব-
ত বালককে বর্ত্তমান বংশীয়দিগের
তনিধি জ্ঞান করিয়া থাকেন। এইটীই
ষ্টের হইতেছে। প্রত্যেক ব্যক্তির
ন আপন হৃদয়গত ভাব ব্যক্ত করি
অধিকার ও স্বাধীনতা আছে, কিন্তু
সেই ভাব দেশের যাবতীয় লোকের
া ভাব বলিয়া বিবেচিত হয়, তখন
য় তিবাদ একান্ত আবশ্যক
উঠে।

আমরা বেদলের প্রসঙ্গ করিতেছি
ারা এক কালে যাবতীয় বিষয়ের
র্ত্ত দর্শনেচ্ছু হইয়াছেন। দেশের
হপ্রথা উঠিয়া যাউক, ইউমান
তের শিক্ষাবিভাগ রহিত হউক,
মত যুবকেরা আপন আপন পরি
গত্নী পরিত্যাগ করিয়া দারান্তর
করুন, ইঁহাদিগের এই অভিলাষ।
স্বৈরাচার দর্শন করিয়া আমরা
শয় বিস্মিত ও দুঃখিত হইয়াছি।
ল রাজনীতিসংক্রান্ত বিষয়ের
মধ্যে হস্তক্ষেপ করিতে বিমুখ হন
আমরা শুনিয়া অতিশয় দুঃখিত
ম, ইহাঁদিগের কেহ কেহ ব্যবস্থা
দলে প্রবেশ করিতে উদ্যত হই-
ন। সৈনিকের কাজ অতিশয় সম্মা
কাজ সন্দেহ নাই ; কিন্তু যে ব্যক্তি
া পরিত্যাগ করিয়া কেবল অর্থ ও
গৌরবলোভে আশয়ে বিদেশীয়
র হইয়া তাবেদারিগিরি করেন,
র তাহা সম্মানের না হইয়া অগৌ
নিমিত্ত হয়। এই নবাদল স্থির
াছেন, যদি ব্রিটিশ গবর্ণমেণ্ট
দিগের প্রার্থনা পরিপূরণ না
, কোন বিদেশীয় রাজার সেনা
প্রবেশ করিয়া রণশিক্ষা ও স্বদেশ
রুষপ্রকাশ করিবেন। কতকগুলি উচ্ছৃঙ্খলিত অপরিণামদর্শী যুবক এইপ্রকার আড়ম্বর করিতেছেন। ইহাঁদিগের সংস্কার এই, বিশ্ববিদ্যালয়ের উপাধি পাইলেই বিদ্যার ও কর্ত্তব্যসম্পাদনের শেষ হইল, তৎপরে তাঁহারা না পাবেন এমত কাজ নাই। আমরা রাজপুরুষেতর ইউরোপীয় ভদ্র লোক ও রাজকর্ম্মচারী দিগকে অনুরোধ করিতেছি, তাঁহারা যেন এই সকল লোককে দেশের অথবা কৃতবিদ্যমণ্ডলীর প্রতিনিধি বলিয়া জ্ঞান না করেন। ইহাঁরা এক বিজাতীয় দল। দেশে ইহাঁদিগের কোন ক্ষমতা নাই এবং ইহাঁদিগের সহচরভিন্ন ইহাঁদিগের কথা আর কেহ শ্রবণ করেন না। এ স্থলে গবর্ণমেণ্টের প্রতিও আমাদিগের বক্তব্য এই, তাঁহারা বিহিত বিবেচনা করিয়া নব যুবকদিগের সেনাদলে প্রবেশ করিবার বাসনা চরিতার্থ করিয়া আপনাদিগের কর্ত্তব্যসম্পাদন করেন।

লার্ড নেপিয়র, শারীরিক দণ্ড ও বালক অপরাধিগণ।

মান্দ্রাজের শাসনকর্ত্তা লার্ড নেপিয়র যথার্থ তত্ত্বজ্ঞের ন্যায় এ দেশের সমাজ ও শাসনপ্রণালীর প্রতি দৃষ্টি রাখিয়া কার্য্য করিয়া থাকেন। তিনি পক্ষপাতশূন্য হইয়া এদেশীয়দিগের হিতচিন্তা করেন। অপক্ষপাতী বলিয়া তিনি সকল সময়ে স্বদেশীয়দিগের প্রণয়ভাজন হইতে পারেন না। যে যে কারণে তিনি ভারতবর্ষস্থিত ইউরোপীয়দিগের অপ্রিয় হইয়াছেন, উদারভাবে সকল বিষয়ে স্বাভিপ্রায় প্রকটন করা তাহার অন্যতর কারণ। যে দল বিবেচনা করেন, ভারতবর্ষীয়দিগের উপরে যত ক্ষমতা প্রকাশ করিবে, যত তাঁহাদিগের প্রাপ্য লাভের প্রার্থনা অগ্রাহ্য করিবে, ততই ব্রিটিশ রাজ্য বদ্ধমূল হইবে, লার্ড নেপিয়র সে দলস্থ নহেন। তাঁহার সংস্কার প্রজার মনোরঞ্জন করিয়া শাসন ক ও'পনা, "তোমরা আমাদিগের অধী আমরা যাহা মনে করি করিতে পা এটী সর্ব্বদা ভারতবর্ষীয়দিগের পথে উদিত করিয়া শাসন করা এ অনেকের মত ; কিন্তু লার্ড নেপিয় কার্য্য দেখিয়া বোধ হয়, পরাজিতদি তাঁহাদিগের হীনাবস্থা বিস্মৃত কর শাসন করাই তাঁহার মতে শাসনক প্রকৃত কর্ত্তব্য কর্ম্ম। এই নিমিত্ত যেসকল প্রস্তাব করেন, তন্মধ্যে এ মহেচ্ছতার পরিচয় পাওয়া যায়। সর্ব্বদা সকল বিষয়ে কৃতকার্য্য হ পারিতেছেন না বটে; কিন্তু তাঁহার ভারতবর্ষীয়দিগের ভক্তির উত্তরো বৃদ্ধি হইতেছে।

কিছু দিন হইল, লার্ড নেপি একটী উৎকৃষ্ট প্রস্তাব করিয়াছিলে তিনি ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে ব অল্পবয়স্ক অপরাধীদিগের চ সংশোধনার্থ কারাগার স্থাপন কর্ত্তব্য। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট দ নূতন বাটীর নিমিত্ত ৫০ লক্ষ টা ব্যয় করা অন্যায় জ্ঞান করেন না ; এ বিষয়ে অর্থের অসঙ্গতির আ করিয়া প্রস্তাব অগ্রাহ্য করিয়াছে লার্ড নেপিয়র তন্নিমিত্ত সাক্ষাৎস ষ্টেট সেক্রেটারির নিকটে পত্র লিখে এক্ষণে অল্পবয়স্ক অপরাধীদি প্রায় বেত্রাঘাত করিয়া ছাড়িয়া দে হয়। লার্ড নেপিয়র বলেন, এখান সমাজের যে অবস্থা এবং লো গের আত্মসম্মানের যেপ্রকার সং আছে, তাহাতে যে ব্যক্তিকে এক শারীরিক দণ্ড দেওয়া হয়, চির কা নিমিত্ত তাঁহার সম্মান বিনষ্ট হইয়া বালকগণের পক্ষে চির কালের নি না হউক, বহুকাল পর্য্যন্ত এই

াকে। সর ডাকোড নর্থকোট ইহার
ত্তর দিয়া বলিয়াছেন, চির কালের নিমিত্ত
লক্ষ থাকে কি না, ইহার অনুসন্ধান
রা আবশ্যক।

শারীরিক দণ্ডের বিষয়ে এদেশীয়
গের যে মত, তাহা সমাচারপত্রে
রেবার প্রকাশিত হইয়াছে। কিন্তু দুঃ
র বিষয় এই ইংলণ্ডীয় কর্ত্তৃপক্ষ এখান
ার কয়েক জন কুসংস্কারাবিষ্ট ইউ
াপীয়ের মতকে সমস্ত ভারতবর্ষীয়ের
ত অপেক্ষা গুরুতর ও অধিকতর অব;দ
ীয় জ্ঞান করেন। দশ বেত অপেক্ষা
ন বৎসর মেয়াদ খাটিতে অথবা
র্বস্ব জরিমানা দিতে প্রস্তুত, এরূপ
াকের সংখ্যাই এ দেশে অধিক। এক
র শারীরিক দণ্ড হইলে সে ব্যক্তিকে
রকাল নতমস্তক থাকিতে হয়, এ কথা
সে ভারতবর্ষীয় বলিবেন। আইন
রেরা অগত্যা দণ্ডদানব্যবস্থা করেন।
ারাধীর চরিত্রদোষসংশোধনই দণ্ডের
দ্দেশ, বৈরনির্য্যাতন ও চিরকালের
মিত্ত হেয় ও অপমানিত করিয়া
া আইনের উদ্দেশ্য নহে। কিন্তু শারী
দণ্ডে উহাই আইনের উদ্দেশ্য ইহা
তপন্ন করিয়া দিতেছে। আমাদিগের
র্মেণ্ট ইহা স্বীকার করেন না।
ারা এ বিষয়ে আমাদিগের আত্ম
নের সংস্কার এত অগ্রাহ্য করেন
ইংলণ্ডীয় কর্ত্তৃপক্ষ আমাদিগের মনো
ভাবও জানিতে পারেন নাই, গবর্ণ
সতর্ক করিয়াছেন, প্রধানতম বিচা
য় বারম্বার নিয়ম করিয়াছেন, তথাপি
ষ্ট্রেটেরা যে বিবেচনাপূর্ব্বক শারী
দণ্ড দেন না তাহা কোন ব্যক্তি
কার করিতে সাহসী হইবেন? এদে
ইউরোপীয়েরা ১৮৬৪ অব্দের ৬
নের বন্ধন হইতে কার্য্যত মুক্ত।
তে এই দণ্ড নাই; সেনাদলে এ দণ্ড
গিয়াছে। কিন্তু এই অসভ্যকালো
চিত আইন আমাদিগের ব্যবস্থাপুস্তককে
কলঙ্কিত করিয়া রাখিয়াছে। এতদপেক্ষা
আক্ষেপের বিষয় আর কি আছে? লার্ড
নেপিয়র এ বিষয়ের প্রতিবাদ করিয়া
আমাদিগের যথার্থ হৃদয়গত ভাব প্রকাশ
করিয়াছেন। বর্ত্তমান গবর্ণমেণ্টের পরিবর্ত্ত
হইলে এই উদ্দেশ্য সাধিত হইবার বিল
ক্ষণ সম্ভাবনা আছে। অতএব আমরা
তাঁহাকে অনুরোধ করিতেছি, কিছুতেই
যেন তিনি ইহা হইতে বিরত না হন।

—:০:—

সীমান্থিত বন্যজাতিগণ।

রোমরাজ্যের শেষাবস্থায় সম্রাটগণ
বন্যজাতিদিগকে দমন করিতে অসমর্থ
হন এবং অর্থদ্বারা তাহাদিগকে বশীভূত
করিয়া নিরস্ত করিয়া রাখেন। ইহাতে
তাহারা কিছু দিন নিবৃত্ত হইত বটে,
কিন্তু অর্থলোভ পুনর্ব্বার বলবান হইত,
এবং পুনর্ব্বার অত্যাচার করিত। পরি
শেষে এই বন্যগণই রাজ্য নষ্ট করে।
ব্রিটিশসিংহ কোন যুদ্ধে পরাজয় স্বীকার
করেন নাই। এরূপ প্রতাপশালী হইয়াও
ব্রিটিশ গবর্ণমেণ্টকে রোমক সম্রাটের
ন্যায় অর্থদ্বারা সীমান্থিত বন্যদিগকে
বশীভূত করিয়া রাখিতে হইতেছে.
বন্যগণ পালা জ্বরের ন্যায় মধ্যে মধ্যে
সীমায় আসিয়া দেখা দিতেছে, গবর্ণমেণ্ট
তাহাদিগের দমনার্থ সৈন্যপ্রেরণ করি
তেছেন। বন্যগণ সম্মুখ সংগ্রামে পরা-
জিত হইতেছে, কিন্তু তাহারা সন্ধিপ্রার্থ
না করিবামাত্র গবর্ণমেণ্ট নিরস্ত হইতে
ছেন। ইহাতে কি ফল হইতেছে? পীড়া
পীড় দেখিবামাত্র পর্ব্বতীয়েরা ক্ষমা
প্রার্থনা করে; কিন্তু যেইমাত্র ব্রিটিশ
সৈন্যগণ পশ্চাদ্গামন করে, সেই ক্ষণেই
ন্তু শেষ বিষয় এই যে, সম্পাদক মহাশয়েরা
রে বিপরীতে কায়মনোবাক্যে চেষ্টা করিতে
।

এই নূতন বিবাহপদ্ধতি আইনবদ্ধ হইলে
হাদিগকে ও ঐ মতে পুনর্ব্বিবাহ বা তাঁহা
গের সন্তান সন্ততিদিগের বিবাহ করিতে
র্মমেন্ট বাধা করিতেছেন না, তবে তাঁহারা
ার মূলচ্ছেদন করিতে উদ্যত হইয়াছেন কেন?
ার কারণ কিছুই বুঝা যায় না। এই উপলক্ষে
বাসের গাধার কুকুরের" কথাটী আমার মনে
ড়িল। ইহাকে বিনাশ করা অপেক্ষা যাহাতে
দ্ধতি সংস্কৃত হইয়া আইনবদ্ধ হয়, তাহার
ষ্টা সকলেই করুন।

এই নূতনবিধ বিবাহপদ্ধতির কতী ক
রণ যদি পরিবর্ত্তিত হইয়া যায়, তাহা হইলে
বোধ হইবে না, এরূপ না হইয়া তাহাকরণ
লে ভাল হয়।

২য়। বিবাহসভায় রেজিষ্টরের উপস্থিত
ণা।

(ক) বিবাহের সময় প্রস্তুত, বা কন্যা
য় স্বজন সম্মত হইবার কিছু পরে কোন
বন্ধক শেষঃ রেজিষ্টরের সভা
উপস্থিত হইতে পারিলেন না, এই জন্য
াহ বন্ধিত হইবে এটী কোন মতে যুক্তি
ধ হয় না।

রেজিষ্টরকে বিবাহসভায় আনয়ন
অধিক ব্যয় আবশ্যক, কিন্তু সকলের
অবস্থা সমান নহে, সুতরাং দরিদ্র লোকদিগের পক্ষে বিবাহ হওয়া দুঃসাধ্য হইয়া উঠিবে।

(গ) যদি এক স্থানে এক সময়ে ৩।৪ টী বিবাহ হয় তাহা হইলে রেজিষ্টরমহাশয় সকল স্থানে এক সময়ে কি প্রকারে উপস্থিত হইতে পারিবেন।

এক সময়ে অনেকগুলি বিবাহ হওয়াও কিছু অসম্ভব নহে।

৩য়। রেজিষ্টরের সম্মুখে এই বলিয়া প্রতিজ্ঞা করিতে হইবে যে "ঈশ্বরের সমক্ষে আইন অনুসারে আমি তোমাকে স্ত্রী (স্বামী) রূপে গ্রহণ করিলাম।

"ঈশ্বরের সমক্ষে" বলিবার আবশ্যকতা নাই, কারণ যখন রেজিষ্টরকে বিবাহসভায় আনয়ন করিবার আবশ্যকতা বোধ হইতেছে না, তখন অগ্রে ঈশ্বরের সমক্ষে বিবাহ হইয়া যাইবে, পরে বিবাহ রেজিষ্টরী করিবার সময় আবার ঈশ্বরের সমক্ষে বলিবার প্রয়োজন দেখা যাইতেছে না।

৪। বিবাহ রেজিষ্টরী করিবার সময় যে সকলকে রেজিষ্টরী আফিসে যাইতে হইবে এটী ন্যায়সঙ্গত বোধ হয় না। দলিল দস্তাবেজ রেজিষ্টরীর সময় যেমন রেজিষ্টরকে বাটীতেও আনা হয় এবং আপিসেও যাওয়া হয়, সেই রূপ হইলে লোকের সুবিধা হইতে পারে।

৫। বহু বিবাহ যেরূপ স্পষ্টাক্ষরে নিষেধ করা হইয়াছে, বিধবাবিবাহ এবং ভিন্ন জাতিতে বিবাহ সেইরূপ স্পষ্টাক্ষরে আদেশ করা হইলে আইনের গোলযোগ কাটিয়া যায়। যেরূপ ব্যবস্থা পরিষ্কার হয় ততই সাধারণের সুবিধা।

ঈশ্বরের ইচ্ছায় এই নূতনবিধ পদ্ধতিটী সংশোধিত হইয়া আইনবদ্ধ হইলে দেশের একটী মহৎ উপকার সাধিত হয়।

কালনা
১লা কার্ত্তিক
১২৭৫ সাল

সোমপ্রকাশ পাঠক।

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত রাজা মহেন্দ্রনারায়ণ সিংহ মুঙ্গের
১২৭৭ কার্ত্তিক হইতে ১৪ আশ্বিন ১৩
শ্রীযুক্ত বাবু গোকুলকৃষ্ণচন্দ্র বর্দ্ধমান ১৩
শ্রীযুক্ত আর, সাউয়াস কৃষ্ণনগর
১২৭৫ কার্ত্তিক হইতে ৭৬ আশ্বিন ১৩

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে মফস্বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা এবং ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাকমাসুল সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং ত্রৈমাসিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম মূল্য গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, মনি-অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার অন্যতর যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই উপায় দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, তাঁহারা যেন এক অথবা আধ আনার অধিক মূল্যের ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রকাশের মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি করিয়া শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে পাঠাইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত হইয়া আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে চিঠি লিখিয়া জানান যাইবে, কাল অতীত হইয়া গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহার পর একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ করা যাইবে। শেষ বারের পত্র রেয়ারিং পাঠান হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ডাকঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ করিবেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ করা যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ইচ্ছা করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি ৵০ আনা তাহার পর ৵১০ আনা দিতে হইবে। যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা করিবেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে।

এই পত্র কলিকাতার দক্ষিণ পূর্ব্ব মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের দক্ষিণ চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃকালে প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

৫০ সংখ্যা।

ভাগ ;

" প্রবক্তৃসাং প্রকৃতিনিশ্চিতায় যাত্নিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং । "

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫৷৷ সাড়ে পাঁচ টাকা।

সন ১২৭৫। ১৮ই কার্ত্তিক। ১৮৬৮। ২রানবেম্বর

মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষিক
ষাণ্মাসিক ৭. ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

কি রা

৮/

তেক খণ্ড ৮০ পৃষ্ঠা মূল্য (নগদ) ৷৷০
ই পুস্তক প্রথম অবধি দ্বিতীয় সর্গপর্য্যন্ত
সংখ্যা নাগরাক্ষরে রামানুজের টীকা ও
া অনুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে
হইয়া বিতরিত হইতেছে। ইহাতে মাহে-
ীর্থ ও নাগোজী ভট্টের টীকা ও স্থলবিশেষে
করা হইতেছে ও ইহা প্রতিমাসে ১০
অর্থাৎ ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচা
হইবে। মূল্য ৷৷০ আনা। যাঁহারা গ্রাহক
কুক হইতে চাহেন, তাঁহারা আমার নামে
াতা ব্রাহ্ম সমাজেপত্র লিখিবেন। বিদেশীয়
াদিগকে ৵০ এক আনা ডাকমাশুল দিতে
।

াবণ
১৭৫
াহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

—:০:—

াত্রবৃত্তি পরীক্ষার্থিগণের পাঠোপযোগী
রমূলক মানসাঙ্ক মুদ্রিত হইতেছে। হাবড়া
র স্কুলসমূহের ডেপুটি ইনস্পেক্টর শ্রীযুক্ত
ত মাধবচন্দ্র তর্কসিদ্ধান্ত মহাশয়ের নিকট
পত্রসহ ঐ পুস্তকের পাণ্ডুলিপি প্রেরণ
ত তিনি এই উত্তর দেন, " এরূপ একখানি
র বিলক্ষণ অসদ্ভাব ছিল, আপনি তাহা
করিয়াছেন। প্রত্যেক বাঙ্গালা স্কুলে ছাত্র
র শ্রেণির ত কথাই নাই, অন্যান্য উচ্চ
গুলিতেও ঐ গ্রন্থ শিক্ষিত হয়, ইহা
ার আন্তরিক ইচ্ছা। হুগলি নর্ম্মাল স্কুলের
্যবর অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু রক্ষমোহন

মল্লিক মহাশয়কে আপনার মানসাঙ্ক আমি
দেখিতে দি, তিনি লিখিয়াছেন যে কালীপ্রসন্ন
বাবুর মানসাঙ্কের অধিকাংশ দেখিয়াছি এবং
মুক্তকণ্ঠে কহিতেছি যে গ্রন্থকারের উদ্দেশ্য
সফল হইয়াছে। ফলতঃ বাঙ্গালা স্কুলসমূহের
পক্ষে গ্রন্থখানি বড় কাজের হইয়াছে এবং
অঙ্ক বিষয়ের একটী অভাব পূরণ করিয়াছে "

শ্রীকালীপ্রসন্ন গঙ্গোপাধ্যায়।

—:০:—

বিক্রয়ার্থ।

গারেডেন বীচ ২৪ নং বাটী শুপারসন

১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বা-
রিত ব্যক্তির নিকট জানাইবেন

গিলেণ্ডারস আর্ব্
পনট এণ্ড কে

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ

প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা
বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে
৵০ এক আনার হিসাবে কমিসন দি অধিক
টাকার পুস্তক লইলে ৵১০ আনার হিসাবে
পাইবেন।

বিদ্যাসুন্দর নাটক	১
কৃষ্ণকুমারী নাটক	১
পদ্মাবতী নাটক	৸৵০
শর্ম্মিষ্ঠা নাটক	১
নবীনতপস্বিনী নাটক	১
চন্দ্রবিলাস নাটক	১
রামাভিষেক নাটক	১
দলভঞ্জন নাটক	৷৷০
জানকী নাটক	১
প্রেমাধিনী নাটক	
ইন্দুপ্রভা নাটক	
নলদময়ন্তী নাটক	
ভ্রান্তিরহস্য নাটক	
কীচক বধ নাটক	
স্বর্ণশৃঙ্খল নাটক	
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক	
কলিকৌতুক নাটক	
লীলাবতী নাটক	
কুসুমকুমারী নাটক	
কৌরববিয়োগ নাটক	
শিববিবাহ নাটক	
সম্বন্ধ সমাদি নাটক	
সপত্নী নাটক	
পুনর্ব্বিবাহ নাটক	
রমণী নাটক	
প্রেমকরা বিষমদায় নাটক	
শ্রীবৎস রাজার উপাখ্যান নাটক	
নবনাটক বহুবিবাহ নিষেধ	
কাদম্বরী নাটক	
মুক্তাবলী নাটক	
নবরত্নমণি নাটক	
মহানাটক	
প্রবোধচন্দ্রোদয় নাটক	
প্রাণেশ্বর নাটক	
বঙ্গব্যবহার নাটক	
বালবিবাহ নাটক	
বালোদ্বাহ নাটক	
বিধবা পরিতাপোপসম নাটক	
বিদ্বন্মনোরঞ্জন নাটক	
উর্ব্বশী নাটক	
এরাই আবার বড়লোক নাটক	
কিছু কিছু বুঝি নাটক	
বিক্রম নাটক	

কলিকাতা জোড়া
সাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র
নগদ বিক্রে

সোমপ্রকাশ

শ ভাগ। ১ সংখ্যা।

" প্রবক্ষ্যন্তং প্রজানিধিনায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২রা অগ্রহায়ণ ১৮৬৮। ১৬ ইনবেম্বর { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

ধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, সংস্কৃত
বিক্রমোর্ব্বশীমিত্র নাটক গ্রন্থ প্রাকৃত ভাষায়
সম্বলিত বঙ্গাক্ষরে কলিকাতা প্রাকৃতযন্ত্রে
ত আরম্ভ করিয়াছি, বোধ হয় মূল্য ১৷৷০
ারিত হইবে। অতএব ইহাতে আর কেহ
র্পণ করিবেন না।

বিয়া ঘাটা
এ কার্ত্তিক } শ্রীপঞ্চানন মুখোপাধ্যায়
১২৭৫

—:০:—

বাল্মীকি রামায়ণ।

প্রত্যেক খণ্ড ৮০ পৃষ্ঠা মূল্য (নগদ) ৷৷০
এই পুস্তক প্রথম অবধি দ্বিতীয় সর্গপর্য্যন্ত
য় সংখ্যা নাগরাক্ষরে রামানুজের টীকা ও
লা অনুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে
ত হইয়া বিতরিত হইতেছে। ইহাতে মাহে-
ীর্থ ও নাগোজী ভট্টের টীকাও স্থলবিশেষে
ত করা হইতেছে ও ইহা প্রতিমাসে ১০
অর্থাৎ ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচা
হইবে। মূল্য ৷৷০ আনা। যাঁহারা গ্রাহক
ভুক্ত হইতে চাহেন, তাঁহারা আমার নামে
কাতা ব্রাহ্ম সমাজে পত্র লিখিবেন। বিনে
গ্রাহকদিগকে ৵০ এক আনা ডাকমাশুল
হইবে।

াবণ
১৭৫ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।
াহ্মসমাজ

—:০:—

ত্রবৃত্তি পরীক্ষার্থিগণের পাঠোপযোগী
রমূলক মানসাঙ্ক মুদ্রিত হইতেছে। ইংরাজী
র স্কুলসমূহের ডেপুটি ইনস্পেক্টর শ্রীযুক্ত
ত মাধবচন্দ্র তর্কসিদ্ধান্ত মহাশয়ের নিকট
এক পত্রসহ ঐ পুস্তকের পাণ্ডুলিপি প্রেরণ করাতে তিনি এই উত্তর দেন, "এরূপ একখানি গ্রন্থের বিলক্ষণ অসদ্ভাব ছিল, আপনি তাহা দূর করিয়াছেন। প্রত্যেক বাঙ্গালা স্কুলে ছাত্র বৃত্তির শ্রেণির ত কথাই নাই, অন্যান্য উচ্চ শ্রেণিগুলিতেও ঐ গ্রন্থ শিক্ষিত হয়, ইহা আমার আন্তরিক ইচ্ছা। হুগলি নর্ম্মাল স্কুলের যোগ্যবর অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু ব্রজমোহন মল্লিক মহাশয়কে আপনার মানসাঙ্ক আমি দেখিতে দি, তিনি লিখিয়াছেন যে কালীপ্রসন্ন বাবুর মানসাঙ্কের অধিকাংশ দেখিয়াছি এবং মুক্তকণ্ঠে কহিতেছি যে গ্রন্থকারের উদ্দেশ্য সফল হইয়াছে; ফলতঃ বাঙ্গালা স্কুলসমূহের পক্ষে গ্রন্থখানি বড় কাজের হইয়াছে এবং অঙ্ক বিষয়ের একটী অভাব পূরণ করিয়াছে।"

শ্রীকালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়।

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল ডাঙ্গার বাড়ুর্য্যে ব্রাদার্স কোম্পানির দোকানে মৎপ্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল্য
শ্রীসইতিহাস	১ টাকা
রামইতিহাস	১ ঐ
ক্ষুরধারের ব্যাকরণ	।০ আনা
নীতিসার (১ ম ভাগ)	৵০ ঐ
নীতিসার (২ য় ভাগ)	৵০ ঐ

প্রচারিত।

মুগ্ধবোধ ব্যাকরণ ৸০ ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণু পুরাণ।

অনুবাদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড ৮০ পৃষ্ঠা (অগ্রিম মূল্য) ৷৷০।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মু
আমহরষ্ট্রীট ৩৪।১ নং ভবনে কাব্যপ্র
যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যা
শ্রীযুক্ত জগমোহন তর্কালঙ্কারের নামে
খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অ
না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠা
নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা
কান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে
দিয়া নূতন বাঁধান, মূল্য ১৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্তবাগীশ

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামঘর
১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা
করিতে অথবা লইতে ইচ্ছা ক
রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো
থনট এণ্ড কোং

—:০:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম এ
বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদি
৵০ এক আনার হিসাবে কমিসন দি, অধি
টাকার পুস্তক লইলে ৵০ আনার হিস
পাইবেন।

বিদ্যাসুন্দর নাটক
কৃষ্ণকুমারী নাটক
পদ্মাবতী নাটক

শর্ম্মিষ্ঠা নাটক ১
বীনতপস্বিনী নাটক ১
ভবিলাস নাটক ১
মাভিনয়ক নাটক ১
ভঞ্জন নাটক ৷৷০
নকী নাটক ১
প্রমাধিনী নাটক ৷৷৵০
ভুপ্রভা নাটক ১
দময়ন্তী নাটক ১
স্থিরহস্য নাটক ১
চক বধ নাটক ৸০
শৃঙ্খল নাটক ৷৷৵০
গাসক্তি নিবর্ত্তক নাটক ১
লিকৌতুক নাটক ৷৷৵০
লাবতী নাটক ১৷৷০
ভূমকুমারী নাটক ১
রবর্ষিয়োগ নাটক ২
রবিবাহ নাটক ৷৵০
ক্ত সমাধি নাটক ১
ত্নী নাটক ১
র্ব্বিবাহ নাটক ৷৷০
লী নাটক ৵০
নকন্যা বিষমদায় নাটক ৷৷০
ৎস রাজার উপাখ্যান নাটক ৷৷০
নাটক বহুবিবাহ নিষেধ ১
ময়ী নাটক ৸০
াবলী নাটক ১
মনী নাটক ৷৷০
নাটক ৷৷০
বাধচন্দ্রোদয় নাটক ১
শেশ্বর নাটক ১৷৷০
বিচার নাটক ৷৷৵০
াবিবাহ নাটক ৷৷০
লাধাই নাটক ৵০
বা পরিণয়োৎসব নাটক ১
থামনোরঞ্জন নাটক ৷৷০
শী নাটক ১
ই আবার বড়লোক নাটক ৷৷০
কিছু বুঝি নাটক ৷৷৵০
ম নাটক ৷৷০

কাতা জোড়া- শ্রীল হাপচন্দ্র রায়
কা ৬৩ নং নগদ বাক্রেতা।

দাসিতের বিলাপ শীঘ্র মুদ্রিত হইয়া প্রকা
ইবে মূল্য স্বাক্ষর কারীর প্রতি ৷৷০ এবং

বিনা স্বাক্ষর কারীর প্রতি ৸০ বার আনা মাত্র হইতে মধ্যে কেহ স্বাক্ষর করিতে চাহেন, সোম প্রকাশ সম্পাদকের নাম ও ঠিকানা লিখিয়া পাঠাইবেন।

১২৭৫ ২১ কার্ত্তিক } ইং শি

১০৫০

এতদ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, নিম্ন লিখিত অবয়ব বিশিষ্ট আমার পিতার শ্রীযুক্ত গিরিশচন্দ্র মুখোপাধ্যায় নিরুদ্দেশ হইয়াছে যিনি তাঁহাকে আবদ্ধ করিয়া বিনা ক্লেশে রাখিয়া আমাকে সংবাদ দিতে পারিবেন, আমি তাঁহাকে ২৫ টাকা পুরস্কার দিতে সম্মত আছি। আর যদি অত্যাচারাদির ক্লেশ না দিয়া আমার নিকট পাঠাইয়া দিতে পারেন, তাহাহইলে সমুদায় পথের ব্যয় ও পুরস্কার ৫০ টাকা পাইবেন।

অবয়বাদি যথা।

নাম গিরিশচন্দ্র মুখোপাধ্যায়, পিতার নাম রামচন্দ্র মুখোপাধ্যায়, সাকিন চাল্কি ডাঙ্গা জেলা যশোহর, হাল সাকিন কটক স্থল, জেলা কটক, বয়স ১৮। ১৯ বৎসর, উত্তম শ্যামবর্ণ, কৃশ শরীর, মুখে দাঁড়ি গোঁপের রেখা হইয়াছে, কিঞ্চিৎ উচ্চ দন্ত, মাথায় খাট চুল, থুথনির নীচে এক কি দুই ও এক চক্ষের ভুরুতে এক ও দক্ষিণ হস্তের বা হুতে এক অস্ত্রাঘাতের এবং কবজায় টীকার দাগ আছে। পিছের চুল ক্রমশঃ গ্রীবার উপর লম্বা হইয়া লামিয়াছে ইংরেজী ও বাঙ্গলা জানে, লোকের সহিত কথা কহিতে ভীরুতা প্রকাশ পায় না।

ষ্টেসন জামালপুর জেলা ময়মনসিংহ ৬ ই নবেম্বর ১৮৬৮। } শ্রী. গালোকচন্দ্র রায়। সব ইনস্পেক্টর।

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের ১ লা নবেম্বর মাস হইতে ৭ ই নবেম্বর পর্য্যন্ত ভাগীরথী নদীর সর্ব্বকমস্থিত জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকমস্থিত জল ফুট	ইঞ্চ
মহানার উপর পদ্মানদীতে	২০	০
মহানায়	৫	০
তথা হইতে জলিপুর ১৩॥ মাইল মধ্যে	২	৬
জলিপুর হইতে বহরমপুর ৪৬ মাইলের মধ্যে	২	
বহরমপুর হইতে কাটোয়া ৫০ মাইলের মধ্যে	২	
কাটোয়া হইতে নদীয়া ৪৬ মাইল মধ্যে	৩	

সন ১৮৬৮ সালের ১০ ই নবেম্বরে বহ

গজঘাটের জলের মাপ।

	ফুট
গজঘাটের উপর	২

বহরমপুর ১০ ই নবেম্বর ১৮৬৮। } শ্রীযুক্ত সি. ই. উইক একজিকিউটিব ইঞ্জি বহরমপুর ডিবিজন।

সংস্কৃত মেঘদূত।

মল্লিনাথকৃত সঞ্জীবনীনামক উৎকৃষ্ট এবং উইলসন সাহেবেরকৃত ইংরাজী প বাদ এবং নোট (টীকা) সমেত মুদ্রিত য়াছে। মূল্য ১॥ টাকা কলিকাতা সকল রিতে পাওয়া যায়।

সোমপ্রকাশ।

২রা অগ্রহায়ণ সোমবার।

ইউরোপীয় সৈনিক বারিক ও সিপাহী কুটীর।

যে যে কারণে সর জন লরেন্স ঠালাতে অসমর্থ হইলেন, অকারণ সৈ বয় বৃদ্ধি করা তাহার প্রধান। সৈ দিগের নিকটে তাঁহার প্রশংসালা অধিকতর ইচ্ছানিবন্ধন সরকারী রা হইতে ১১ কোটি টাকা ব্যয় করা হই পূর্ব্বতন বারিকগুলি অস্বাস্থ্যকর না দোষের মধ্যে এই লার্ড ডেলহাউসি চারলস নেপিয়রের প্রতিবাদ অগ্র করিয়া স্থানে স্থানে উপরের ঘরও বড় অধিক উচ্চ করান নাই। স্থা যে দোষ দেওয়া হয়, সেটী প্রকৃত ন নয়। প্রকৃত কথা এই, প্রত্যেক শি রকে এক একটী দুর্গ স্বরূপ করা হই সর জন লরেন্সের আশঙ্কা এই, প সকল লোকে বিদ্রোহী হইয়া ইউরো য়দিগের শিরশ্ছেদন করেন। এই নি এতদ্দেশীয় সৈন্যদিগকে নিকৃষ্ট স্থ

কৃষ্ট বস্ত্র ও নিকৃষ্ট শিক্ষা দেওয়া
তেছে। ইংলণ্ডীয় কর্ত্তৃপক্ষ তাঁহার
কাকে ভূয়োদর্শনসমুত্থিত বোধ করিয়া
দবাক্য তুল্য জ্ঞান করেন; কিন্তু
মরা স্পষ্টাক্ষরে এই অনুদার ব্যবহা-
র প্রতিবাদ করিতেছি। কোন শাসন
র্ত্তা প্রকাশ্যরূপে লোককে এত অবি-
স করিয়া শাসন করেন নাই। সর জন
রন্স হইতে জাতিবৈর আরও বৃদ্ধি
ল। যাবতীয় ভারতবর্ষীয় কি গুপ্ত
দ্রোহী? এক লক্ষ সিপাহী বিদ্রোহী
; কিন্তু তাহাদিগের দমনার্থ সহস্র
স্র ভারতবর্ষীয় অস্ত্রধারণ করিয়া-
লেন। কাহাদিগের সাহায্যে পঞ্জাব
া পায়? কাহারা দিল্লী জয় করিয়া
য়? ইহাতেও এত অবিশ্বাস প্রকাশ
কৃত রাজনীতিজ্ঞোচিত কার্য্য নহে।
য়ক বৎসরপরে ইংরাজেরা দেখিতে
ইবেন, সর জন লরেন্সের এ রাজনীতি
ফল বিধায়িনী নয়। কত অর্থ অনর্থ
য়ত হইল। এক্ষণকার সৈনিক ব্যয়
দ্রোহের সময়ের ব্যয়ের প্রায় তুল্য
য়াছে। লেড সাহেব অধিকতর চেষ্টা
রিয়া যাহা কমাইয়াছিলেন, তাহার
গুণ বৃদ্ধি হইয়াছে। এই কারণে
াকে এত করভার বহন করিতে
ছে। এত টাকা ত গেল; কিন্তু
ল সৈন্যের প্রতি কি সমান বিবে
করা হইতেছে? এতদ্দেশীয় সৈন্য
র আর্দ্র ও ক্ষুদ্র কুটীর কি ঘুচিয়াছে?
রোপীয় সৈন্যগণ যে শ্রেণি হইতে
ানীত হয়, তাহারা জন্মাবচ্ছিন্নে ভার
র্ষের বারিকের ন্যায় বাটীতে থাকে
; কিন্তু যে শ্রেণি হইতে সিপাহীরা
ইসে, তাহারা গবর্ণমেণ্টের পর্ণকুটীর
পক্ষা উত্তম গৃহে বাস করে। লোকে
এরূপ মনে করেন, যে গবর্ণমেণ্ট মনে
লে সহস্র সহস্র দেশীয় সৈনিক পান

বসিয়া তাহাদিগের বাসস্থান ও স্বাস্থ্যের বিষয়ে তত মনোযোগ দেন না। সেটী কি অমূলক বলিয়া বিবেচিত হইবে? ফলতঃ এইরূপ বোধ হয়, যেন এক জন সিপাহীর জীবন অপেক্ষা গবর্ণমেণ্ট একটী বন্দুকের উপর অধিক মায়া করিয়া থাকেন। এত টাকা যখন ব্যয় করা হইল, তখন সকল সৈন্যের উত্তম বাসস্থান করা হইল না কেন? ইংলণ্ডে সৈন্য পাওয়া কঠিন হইয়াছে। এ দেশে পরিশ্রমের মূল্য এত বৃদ্ধি হইতেছে যে, গবর্ণমেণ্ট যদি এতদ্দেশীয় সৈন্যদিগের প্রতি অধিক বিশ্বাস ও স্নেহপ্রদর্শন না করেন, তাহা হইলে দশ বৎসর পরে আর সৈন্য পাওয়া ভার হইবে।

—:০:—

ভারতবর্ষীয় সাক্ষ্যের আইন।

ভারতবর্ষের আইনসংক্রান্ত কমিসনরগণ রাজ্ঞীর নিকটে এ দেশের সাক্ষ্য বিষয়ক আইনের যে পাণ্ডুলেখ্য প্রদান করিয়াছেন, তাহা ও কমিসনরদিগের মত গেজেটে প্রকাশিত হইয়াছে। কমিসনরদিগের এ বিষয়ে যে সময় অতিবাহিত হইয়াছে, তদ্বিষয় বিবেচনা করিলে তাঁহাদিগের পাণ্ডুলেখ্যের প্রশংসা করা যায় না। ডাক্তর লশিঙটন প্রিবি কৌন্সিলের এক আজ্ঞা প্রচার করিবার সময়ে আক্ষেপ করিয়াছিলেন, ভারতবর্ষের নিম্নতর আদালতসমূহে অনেক অপ্রাসঙ্গিক সাক্ষ্য ও দলীল প্রমাণরূপে গৃহীত হয়। কিন্তু প্রস্তাবিত পাণ্ডুলেখ্যে আইন কমিসনরগণদ্বারা এবিষয়ের অল্প মাত্র উৎকর্ষ সাধিত দৃষ্ট হইল। ডাক্তর লশিঙটনের মতানুসারে তাঁহারা কেবল নথি লঘু করিবার চেষ্টা পাইয়াছেন, এই মাত্র। এপর্য্যন্ত যেসকল সাক্ষ্য ও দলীল প্রমাণ বলিয়া গৃহীত হইত তাঁহারা তাহার অধিকাংশ পরিত্যাগ করিয়াছেন বটে; কিন্তু তৎপরিবর্ত্তে প্রমাণগ্রহ বিশেষ নিয়ম করা হয় নাই।

উল্লিখিত পাণ্ডুলেখ্যের এ ধারাতে আছে, আদালত শব্দে য়ানী ও ফৌজদারি উভয়বিধ বিচার অর্থাৎ আইন অথবা অর্থী প্রত্য সম্মতিক্রমে যাঁহাদিগের সাক্ষ্য গ্র করিবার অধিকার আছে, তাঁহাদি বুঝাইবে। ফৌজদারি আইনের ১৪৪ নুসারে এক্ষণে পুলিষ কর্ম্মচারীদিগে বিশেষ ঘটনার অনুসন্ধানার্থ স গ্রহণ করিবার ক্ষমতা আছে, তাঁহা আদালত শব্দে অভিহিত হইবেন না, বিশেষ করিয়া লেখা উচিত ছি ফৌজদারি আইন অনুসারে পুলি রিপোর্ট সাক্ষ্য বলিয়া পরিগণিত না, এটীও স্পষ্ট করিয়া বলিয়া দে উচিত ছিল ভবিষ্যতে গোলযোগ বার সম্ভাবনা।

যখন যে বিষয় লইয়া মকদ্দমা উ ছিত হয়, যদ্দ্বারা তাহার প্রমাণ হই সম্ভাবনা থাকে, সে সমুদায় প্র সাক্ষ্য হইতে লইবে, কিন্তু বিচারপ সাক্ষ্য লইলেই তাহা প্রমাণ বলিয়া করিবেন না। এক ব্যক্তি তৃতীয় ব্যক্তি যে বিষয় বলিতে শুনিয়াছেন, অ লিখিতে দেখিয়াছেন, তাহা গ্র হইবে না; কিন্তু যে স্থলে এটীই বিচার্য্য হইবে, অর্থাৎ যখন গ্লানির দ্দমা উপস্থিত হইবে, সে সময়ে এই প্রমাণ বলিয়া গৃহীত হইবে। এই ধারা উৎকৃষ্ট হইয়াছে। ১৮৫৫ অ দুই আইনে এ বিষয়ে বিশেষ বিধি ন এই দুটী ধারা হওয়াতে অনেক অস ও অপ্রাসঙ্গিক সাক্ষ্য অগ্রাহ্য হইবে

কমিসনরগণ বলেন, যাহার কা নামে দেয়া লিখিত থাকিলেই যে ত গ্রাহ্য হইবে তাহা নহে। এটী হয় নাই। অনেক স্থলে এদেশীয়

রেলওয়ে ও খালপ্রভৃতি সামান্যতঃ
শের শ্রীবৃদ্ধিসাধনের প্রধান উপায়।
স্কৃত নীতিশাস্ত্রজ্ঞেরা নদীহীন
শকে বাসের অযোগ্য বলিয়া নির্দ্দেশ
য়া গিয়াছেন। খাল নদীর প্রতিনিধি।
মরা যে খালটীর প্রসঙ্গ করিতেছি,
হইলে কেবল যে বাণিজ্যের সুবিধা
া দেশের উন্নতি সাধিত হইবে তাহা
, কৃষিকার্য্যেরও বিলক্ষণ উপকার
র্শবে। সুন্দররূপ জলনির্গমের পথ
ক্ষেত্রে জল দানের উপায় না থাকাতে
তবৃষ্টি ও অনাবৃষ্টি উভয়েতেই শস্যের
ষ্ট ঘটিয়া থাকে। খাল হইলে উভ
ই সদুপায় হইবে।

দক্ষিণাঞ্চলের প্রতি সময়ে সময়ে
ও বরুণ উভয়েরই কোপদৃষ্টি নিপতিত
ন্নিবন্ধন তত্রত্য লোকদিগকে যার
নাই কষ্ট ভোগ করিতে হয়। কষ্ট
গ ব্যতিরেকে সৌভাগ্যের উদয় হয়
দক্ষিণাঞ্চলের লোকেরা এত দিন যে
ভোগ করিয়াছিলেন, তাহার ফল
প এককালে দ্বিগুণ সৌভাগ্য লাভ
লেন। এক দিকে কুল্পি যাইবার
ওয়ে অপর দিকে খাল হইল।

এসময়ে ঐ দুটী মহোপকারক
র্য্য আরম্ভ করাতে রাজপুরুষেরা
ধের যোগ্য পাত্র হইয়াছেন। অতি
নিবন্ধন দক্ষিণাঞ্চলের লোকেরা
শয় কষ্ট পাইতেছেন। এসময়ে
দিগের কষ্টনিবারণের উপায়
একান্ত আবশ্যক হইয়া উঠিয়াছে।
য়ে ও খাল এ দুটীই সেই সদুপায়
তেছে। ক্লেশাপন্ন ব্যক্তিদিগকে
ং অর্থদান আমাদিগের অভিমত
। তাহাতে লোকের ক্লেশনিবৃত্তি
া। খাটাইয়া দিলে তাহাদিগের
দিনের একটী আর নির্দ্দিষ্ট থাকে,
ঙ্গে চির কালের মহোপকারক
ণ্ডলিও সাধিত হইয়া যায়। তবে
একটু বিশেষ বিবেচনা করা কর্ত্তব্য, সচ্ছলের সময়ের নির্দ্দিষ্ট মজুরী দিবার নিয়ম না করিয়া যাহাতে লোকের সংসার নির্ব্বাহ হয়, এইরূপ বিবেচনা করিয়া মজুরী দেওয়া উচিত।

আমরা অনেক বার যে বিষয়ের প্রসঙ্গ করিয়াছি, এই প্রসঙ্গে তাহার উল্লেখ করা অবৈধ হইতেছে না। বারাসতে ও নদীয়া জিলায় যে কয়েকটী নদীর স্রোত বন্ধ হইয়া যাওয়াতে জলনির্গমের পথ বন্ধ হইয়া গিয়াছে, সেগুলি কাটিয়া তাহার স্রোত প্রবল করিয়া দেওয়া কর্ত্তব্য। তাহা হইলে ঐ স্থানগুলি কেবল যে স্বাস্থ্যকর হইবে এরূপ নয়, তদ্দ্বারা বাণিজ্য ও কৃষিকার্য্যাদিরও সবিশেষ উন্নতি হইবার সম্ভাবনা।

বাবু কেশবচন্দ্র সেন ও তাঁহার অনুচরগণ।

এবারও বাবু কেশবচন্দ্র সেনের অনুচরগণের ব্যবহারবিষয়ক প্রেরিত পত্র দ্বারা সোমপ্রকাশের অনেক স্থান পরিপূরিত হইয়াছে। অনুচরেরা কেশব বাবুর আশ্রয়ব্যতিরেকে মুক্তিলাভের উপায় নাই ভাবিয়া তাঁহাকে পূজা করিতে (পুষ্পচন্দনাদিদ্বারা নয়) আরম্ভ করিয়াছেন, দেখিয়া পত্রপ্রেরকেরা বিস্ময়প্রকাশ করিতেছেন। কিন্তু পৃথিবীতে যেগুলি ধর্ম্ম বলিয়া প্রচলিত, অবলম্বিত ও আদৃত হইতেছে, কুসংস্কারশূন্যচিত্ত হইয়া তাহার স্বরূপ নিরূপণ করিয়া দেখিলে বিস্ময় জন্মিবার অণুমাত্র কারণ থাকে না। প্রকৃত ধর্ম্মের তত্ত্ব গুহায় নিহিত হইয়াছে। যেগুলি বাস্তবিক ধর্ম্ম নয় সেই গুলিই ধর্ম্ম বলিয়া অনুষ্ঠিত হইতেছে। প্রকৃত ধর্ম্ম যদি জগতে প্রচলিত হইত, সকল লোকেই একধর্ম্মাবলম্বী বলিয়া পরিগণিত হইতেন, কখন ধর্ম্মভেদ হইত না। মনুষ্যের ভ্রমপ্রমাদনিবন্ধন জগতে প্রকৃত ধর্ম্মের
দুরূহ হইয়া উঠিয়াছে। কি খৃষ্ট কি
মান, কি হিন্দু, কি নবরচিত ব্রাহ্ম
ইহার অবয়বরচনার বিষয় যদি
লোচনা করিয়া দেখ, দেখিতে পা
কতকগুলি প্রণালী ও পদ্ধতিবদ্ধ
নুষ্ঠানই ধর্ম্ম বলিয়া আদৃত হইয়
খৃষ্টিয়ানেরা বলেন, বাইবল প্রমাণক
হিন্দুরা বলেন বেদপ্রমাণক এবং
মানেরা বলেন কোরাণপ্রমাণক
বাইবলে জলসংস্কারাদি মুসলমান
ত্বকছেদাদি এবং হিন্দুধর্ম্মে উ
নাদি কতকগুলি ক্রিয়ানুষ্ঠানের
আছে। সকলের সারসংগ্রহ ক
যে আধুনিক ব্রাহ্মধর্ম্ম বিরচি
হইয়াছে, তাহাতেও অমন্ত্রক অন্ন
নাদি এবং উপাসনাকালে একত্র
বেত হইয়া নয়নমুদ্রণাদি কতক
ক্রিয়ানুষ্ঠান প্রবর্ত্তিত হইয়াছে।

মানুষের যেমন ধর্ম্মপ্রবৃত্তি আছে,
মনি প্রবলক্রিয়ানুষ্ঠানপ্রবৃত্তিও দৃষ্ট
তেছে। ক্রিয়ানুষ্ঠানপ্রবৃত্তির প্রা
নিবন্ধন এক ঈশ্বরের উপাসনা য
তীয় ধর্ম্মের প্রতিপাদ্য হইলেও
মেঘদ্বারা দিবাকরের ন্যায় উহাদ্ব
সমাচ্ছন্ন হইয়া রহিয়াছে। অভ্যাসবশ
ক্রিয়ানুষ্ঠানগুলির প্রতি লোকের এ
দৃঢ়ভক্তি জন্মিয়া গিয়াছে যে, উহার
মাত্র অন্যথাচরণ হইলেই লোকে
করে, অধর্ম্মস্পর্শ হইল এবং ক্রিয়াগু
অনুষ্ঠান হইলেই মনে করে, ধর্ম্ম র
ও পুণ্য উপার্জ্জিত হইল। কাজে কা
প্রকৃত ধর্ম্ম যে ঈশ্বরোপাসনা তা
বলক্ষয় হইয়া যায়; সে দিকে লো
তাদৃশ দৃষ্টি থাকে না। পদ্ধতিবদ্ধ ক্রি
নুষ্ঠান ধর্ম্ম বলিয়া আদৃত হওয়াতে ধ
যে কতদূর অপকর্ষ হয়, তাহা রোম
কাথলিক ধর্ম্মদ্বারা সপ্রমাণ হইয়াছে
প্রটেষ্টাণ্টদিগের যে খৃষ্টধর্ম্ম, উহাদি

রও সেই খৃষ্টধর্ম্ম; কিন্তু উহাঁদিগের নীরা জনাদি অসংখ্য ক্রিয়ানুষ্ঠান দৃষ্ট হয়। প্রটেষ্টাণ্টেরা ঐগুলির অনুষ্ঠান করেন বলিয়া ক্যাথলিকেরা উহাঁদিগকে অধার্ম্মিক বোধ করেন।

বোধ হয়, এখন পাঠকগণ বুঝিতে পারিলেন, কোন পদার্থ জগতে ধর্ম্ম বলিয়া আদৃত হইয়াছে। এক ঈশ্বরের উপাসনা সমুদায় ধর্ম্মের প্রতিপাদ্য হইলেও ক কারণে যে মতভেদ হইয়াছে, তাহাও বোধ হয় পাঠকগণ বুঝিতে পারিলেন। ক্রিয়ানুষ্ঠান ও ক্রিয়ানুষ্ঠান নিষামক গ্রন্থ এ সমুদায়ই মনুষ্যকল্পিত। মনুষ্যকৃত বলিয়াই ধর্ম্মবিষয়ে এত ভেদ হইয়া উঠিয়াছে। একের কৃত অনুষ্ঠানপদ্ধতীতে অপরে শ্রদ্ধা করে না। সুতরাং সকলে একপথাবলম্বী হইতেছে না। কিন্তু প্রকৃত ধর্ম্ম যে অদ্বিতীয় ঈশ্বরের উপাসনা, তাহাতে মতদ্বৈধ নাই।

এখন পাঠকগণ বিবেচনা করিয়া দেখুন, কেশব বাবুর কতকগুলি অনুচর যে তাঁহার পূজা করিবেন, আর কতকগুলি যে তাহাতে বিপ্রতিপত্তি করিবেন তাহা আশ্চর্য্যের বিষয় কি না? ক্রিয়ানুষ্ঠানপদ্ধতি হইতেই মনুষ্যের পূজা ও উপধর্ম্মের সৃষ্টি হইয়াছে। ক্রিয়ানুষ্ঠানপদ্ধতিতে মনুষ্যের মনকে এমন দুর্ব্বল করিয়া তুলে যে, কিঞ্চিদধিক ক্ষমতাসম্পন্ন ব্যক্তির পূজা দূষিত বলিয়া বোধ হয় না। অন্য অন্য অনুষ্ঠানের সহিত এ অনুষ্ঠানটীও আদৃত হইয়া উঠে।

সমাজবদ্ধ হইয়া ঈশ্বরোপাসনা করিতে গেলেই অনুষ্ঠানের ও অনুষ্ঠান হইতে মনুষ্যপূজা ও উপধর্ম্মের সৃষ্টি হইবে, যদি এরূপ হইল, তবে কিরূপে জগতে ঈশ্বরোপাসনা প্রবর্ত্তিত হইবে এবং ঈশ্বরোপাসনা প্রবর্ত্তিত না হইলে কিরূপে বা নাস্তিকতাপ্রাদুর্ভাব নিবারণ হইবে, এক্ষণে এই প্রশ্ন উত্থাপিত হইতে পারে। ইহার উত্তর এই, ধর্ম্ম নীতির ন্যায় বাল্যাবধি ধর্ম্মের আলোচনা না হইলে তাহা হৃদয়ে বদ্ধমূল হয় না। বদ্ধমূল না হইলেও তাহাতে দৃঢ়তর সংস্কার জন্মেন। দৃঢ়তর আছে না জন্মিলেই কার্য্য কালে ধর্ম্মবন্ধন শ্লথ হইয়া যায়। অতএব কর্ত্তব্য, বাল্যকালে যখন বালকেরা বিদ্যালয়ে অধ্যয়ন করে, সেই সময় অবধি মিথ্যা প্রবঞ্চনাদি পরিত্যাগ উপদেশের ন্যায় ঈশ্বর বিষয়ক উপদেশ দেওয়া কর্ত্তব্য। ঈশ্বর আমাদিগের সৃষ্টি ও পালন কর্ত্তা। পাপ কর্ম্ম করিলে তিনি পর কালে তাহার দণ্ড বিধান করিবেন, এইরূপ উপদেশ সাধারণে প্রদান করিলে ক্রমে ঈশ্বরের প্রতি দৃঢ় ভক্তি জন্মিতে থাকিবে এবং পাপকর্ম্মের অনুষ্ঠানে ভয় ও অশ্রদ্ধা জন্মিয়া উঠিবে। এপ্রকার সাধারণ উপদেশে হিন্দু মুসলমান ও খৃষ্ট ধর্ম্মাবলম্বী কাহারই বৈমত্য ও আপত্তি হইবার সম্ভাবনা নাই। এরূপ কোন ধর্ম্মাবলম্বী নাই যে তিনি ঈশ্বরকে সৃষ্টিকর্ত্তা ও পাপের দণ্ডদাতা না বলেন। তবে এক কথা আছে, কেহ কেহ আপত্তি করিবেন, বালকের ঈশ্বরের বিষয় বুঝিবে কেন? এবং কোন একখানি ধর্ম্মপুস্তক অবলম্বিত না হইলেই বা কিপ্রকারে তাহাতে তাহাদিগের সংস্কার জন্মিবে? ইহার উত্তরে বক্তব্য এই, ঈশ্বরের বিষয় বুঝা বালক ও বৃদ্ধ সকলেরই সমান। যাঁহার সৃষ্ট একটী পদার্থ সুন্দররূপে বুঝা যায় না, মানুষ যে তাঁহার স্বরূপ নিরূপণ ও তাঁহার বিষয় বুঝিবার চেষ্টা পান সেটী তাঁহার অহঙ্কারের কর্ম্ম। আমরা যে তাঁহার স্বরূপ বুঝিতে পারিনা তাহাতেই তাঁহার মহত্ত্ব প্রকাশ পাইতেছে। আমরা যদি তাঁহাকে জানিতে পারিতাম তাহা হইলে সময় বিশেষে তাঁহার প্রতি অভক্তি জন্মিত। তাঁহার প্রতি ভক্তি করা এবং পাপকার্য্যে ঘৃণা কর, বাল্যাবধি আমাদিগের অভ্যাস করিতে হইবে। যখন অবসর পাইব তখনই তাঁহার উপাসনা করিব, তাহাতে দেশ কাল বিবেচনা ও একত্র সমবেত হইবার প্রয়োজন নাই। তাঁহার মহিমা ও সৃষ্টিকৌশলজ্ঞানার্থ কোন গ্রন্থ অবলম্বনের আবশ্যকতা নাই। জগতের প্রত্যেক পদার্থই সেই গ্রন্থ। তাহা দেখিয়াই নিয়ত কাল তাঁহার প্রতি, ভক্তি শিক্ষা করিব।

পোষ্টআফিস ও তাহার অন্যায় নিয়ম।

অনেক ডাকহরকরা যথাসময়ে পত্র দেয় না, অনেকে পত্র ফেলিয়া দেয়, অনেকে নিকট হইতে কৌশলে অতিরিক্ত পয়সা লয় যথাসময়ে পত্র না পাওয়াতে অনেকে ক্ষতিগ্রস্ত হইয়া থাকেন। লোকে ও সমাচারপত্রসম্পাদকেরা পোষ্ট আফিসের প্রতি উল্লিখিতপ্রকার দোষারোপ করিয়া সচরাচর যে আক্ষেপ করিয়া থাকেন, আমরা আজ সে আক্ষেপ করিতেছি না। আমাদিগের আক্ষেপ এই বিনা মাসুলে অথবা অপর্য্যাপ্ত মাসুলে যেসকল পত্র প্রেরিত হয়, পোষ্ট আফিস তাহার মাসুলগ্রহণের যে নিয়ম করিয়াছেন সেটী অত্যন্ত অন্যায় হইয়াছে। এ নিয়ম দ্বারা পরের অপরাধে পরের দণ্ড করা হইতেছে। এক ব্যক্তি মাসুল না দিয়া চিঠি পাঠাইল, অন্য ব্যক্তির দণ্ড হইল আমা 1 দ্বিগুণ মাসুল লইবার কোন যুক্তিই দেখিতে পাইতেছি না। ছয় সমাচারপত্রের ন্যায় অগ্রে টিকিট দেওয়া না হইলে চিঠি ডাকঘরে লওয়া হইবে না এই নিয়ম হউক অথবা যদি চিঠি লওয়া হয় দ্বিগুণ মাসুল লওয়া হইবে না। যে বিনা মাসুলে পত্রগ্রহণ করে, তাহার কিছুমাত্র অপরাধ নাই। যাহারা মাসুল না দিয়া পত্র প্রেরণ করে, তাহাদিগেরও ইচ্ছাকৃতিত একর্য্যটী হয় না। অনেক স্থানে টিকিট পাওয়া যায় না, চিটি না পাঠাইলে ও কার্য্যক্ষতি হয়। অগত্যা তাহা বিনা মাসুলে পত্র পাঠাইয়া থাকে। এরূপ স্থলে কি পত্রগ্রহীতার দ্বিগুণ মাসুল গ্রহণরূপ দণ্ডবিধান বিধেয় হয়? যাহারা পর্য্যাপ্তরূপ মাসুল না দিয়া পত্রপ্রেরণ করে, সেটীও তাহাদিগের অনিচ্ছাসম্ভূত হয়। তাহারা পত্রের ওজন বুঝিতে পারে না। পত্র ওজন করিয়া যে পত্রপ্রেরণ করিবে এ সুবিধা সকলের নাই। ডাকঘরে এরূপ পত্র গ্রহণ করাই অনুচিত। সাধু দোষে হউক, একের অপরাধে অপরের দণ্ড হওয়াই প্রথমতঃ অন্যায়। তাহা পর আবার সেই দণ্ড দ্বিগুণরূপ গুরু হয়। অতএব এই নিয়মটীর সংশোধন করা অতিশয় উচিত।

বিবিধসংবাদ।

২৫এ কার্ত্তিক সোমবার।

১৮৫৩ অব্দে প্রথমতঃ ২১ মাইল রেইল খোলা হয়, এক্ষণে ৩৯৪০ মাইল হইয়াছে। তদ্ব ১১ টী কোম্পানী আছেন ইহাঁদিগের ৯০৭ খানি কল, ২৭০৩ খান ইঞ্জিন শকট ও ২৫৯১৯ খানি মালগাড়ী গবর্ণমেণ্ট ৫,৬০৯ মাইল রেলওয়ে করিবার আজ্ঞা দিয়াছেন, এখনও ১৬৬৬ মাইল আছে। এইসকল রেইলওয়ে করিবার গবর্ণমেণ্ট ৮৪ কোটি টাকা তুলিতে দেন: ইহার মধ্যে ৭৬,৫৭,৯০,০০০ টাকা আছে এবং ৭৫ কোটি ব্যয় করা হইয়াছে। ৯,৮০,৪৯০০০ টাকা দিয়াছেন; আর ৩০,০০,০০০ টাকা খত দিয়া সংগ্রহ করা ৫৬। ৪৯৬৯০ অংশে এই টাকা উঠিয়াছে মধ্যে ইংলণ্ডে ৪০,২২১ ও ভারতবর্ষে অংশী গৃহীত হইয়াছে। যত টাকা সংগ্রহ হইয়াছে, তাহার মধ্যে কল, শকটপ্রভৃতি নির্ম্মিত ইংলণ্ডে ৩০ কোটি ও ভারতে ৪৭ কোটি টাকা ব্যয়িত হইয়াছে। ১৮৫৫ অবধি ১৮৬৭ অব্দ পর্য্যন্ত রেইলপ্রভৃতিতে মোট ৫,০৩৯ খান জাহাজ নির্ম্মিত হয় কোম্পানিরা বলেন, সর্ব্বশুদ্ধ ৯৩,১১,৬০ টাকা না হইলে সমুদায় রেইলওয়ে প্রস্তুত না।

ভিন্ন ভিন্ন রেইলওয়ে কোম্পানির নিম্ন মূল ধন সংগৃহীত হইয়াছে।

গ্রেট ইণ্ডিয়ান	১৯,০০,০০,০০০
মাদ্রাজ	১,০০,০০,০০০
সিন্ধু	২,২৫,০০,০০০
সিন্ধুর জাহাজ	৬২,৪০,০০০
সমুদয়	৩,৮৫,০০,০০০
গ্রেট	৬
ইণ্ডি	
বোম্বাই ও বরদা	৭,৫০,০০,০০০
পূর্ব্ববাঙ্গালার	১,৬২,০০,০০০
মাক্লস	৯,০০,০০,০০০
অযোধ্যা ও রোহিলখণ্ড	৪,০০,০০,০০০
গ্রেট ইণ্ডিয়ান	১,৭১,০০,০০০
মোট	৮৩,৩৮,০০,০০০

সকল রেইলওয়ের অপেক্ষা ভারতবর্ষীয় ৬য়ের মূল ধন অধিক। ভিন্ন ভিন্ন ওয়ের যতদূর খোলা হইয়াছে তাহা ভারতবর্ষীয় রেলওয়ে ১,৩৫৬ ই তখন ৮৭৪ মাদ্রাজ ৬৩৫ বোম্বাই ও বরদা ৩০৬, সিন্ধু ১১৯ পঞ্জাব ২৪৩ দিল্লী ৫০ পূর্ব্ববাঙ্গালা ১১৪ গ্রেট সাদরণ ১৫৮ মাতলা ২৯ এবং অযোধ্যা ও রহিলখণ্ড রেইলওয়ে ৪২ মাইলে শকট চলিতেছে।

রেলওয়ে হওয়া অবধি বিস্তর লোকের জীবিকা নির্ব্বাহ হইতেছে। গবর্ণমেণ্টের আফিসের ন্যায় রেলওয়ের কর্ম্মচারীর সংখ্যা। সমুদায় রেলওয়েতে ৩১০৯৯ জন কর্ম্মচারী আছেন; ইহাদিগের ৩৩০৪৮ জন এতদ্দেশীয় ও ৩০৫১ জন ইউরোপীয় ও ফিরিঙ্গি। কিন্তু উচ্চতর গুরুতর কার্য্য তাঁর ইউরোপীয়দিগের উপর আছে। শকটচালক ও রক্ষকমাত্রই ইউরোপীয়। একটী আশ্চর্য্যের বিষয় এই, শকটচালকদিগের যে পরিমাণে ছিন্নপ্রধান ইংলণ্ডে প্রাণত্যাগ হয় এখানে সেরূপ হয় না। অতি অল্পকালে আমাদিগের রেলওয়েসমূহের উন্নতি হইতেছে।

গবর্ণমেণ্ট বর্দ্ধমানের রাজার সম্মানার্থ তোপের ব্যবস্থা করিবার বিষয়ে অসম্মতি প্রদর্শন করিয়াছেন। রাজা যদি স্বদেশের উপকারব্রতে দীক্ষিত হইয়া লোকের চিত্ত আকর্ষণ করিতেন তাহা হইলে তাঁহাকে এমত ক্ষোভ পাইতে হইত না।

গত ১৬ই কার্ত্তিক শুক্রবার ভূপালের বেগম প্রাণত্যাগ করিয়াছেন। সেকন্দ্রা বেগম একজন প্রধান মোগর স্ত্রীলোক ছিলেন, যে সাম প্রীতে এলিজেবেথ দ্বিতীয় কাথেরিণ লক্ষ্মীবাই প্রভৃতি নির্ম্মিত হন তিনিও তাহাতে নির্ম্মিত হইয়াছিলেন। তাঁহার অধীনে ভূপালের অভূত পূর্ব্ব শ্রীবৃদ্ধি হইয়াছিল। তাঁহার সিংহাসন একটী কন্যার প্রাপ্য হইতেছে।

যোধপুরে অতিশয় অন্নকষ্ট হইয়াছে। তথা হইতে বিস্তর লোকে স্থানান্তর পলায়ন করিয়াছেন, তথাপি টাকায় চারি সের গম বিক্রীত হইতেছে। তৃণ দুর্ল্লভ ও দুর্ম্মূল্য হওয়াতে বিস্তর পশু প্রাণত্যাগ করিতেছে। রাজার অশ্ব সকল গুজরাটে প্রেরিত হইয়াছে। জল পাওয়া ভার হইয়াছে। অতিশয় দুঃখের বিষয় রাজা কোন সাহায্য করিতেছেন না।

মান্দ্রাজের রেবেনিউ বোর্ডের কনিষ্ঠ সভ্য ই. এস. কর্ণিস সাহেব ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার সভ্য হইয়াছেন। কর্ণিস সাহেব এক জন উপযুক্ত মান্দ্রাজী সিবিলিয়ান্।

মান্দ্রাজের উপকূলে প্রায়ই প্রবল বাত্যা হইতেছে, তন্নিবন্ধন মাজিরা জাহাজ হইতে কূলে আরোহীর আনয়নার্থ প্রতিবারে ৪০ টাকা করিয়া ভাড়া চাহিতেছে।

এবার পালমপুরের মেলা দুই সপ্তাহ পর্য্যন্ত থাকিবে। সর রিচার্ড টেম্পল ঐ সময় উপস্থিত থাকিবেন।

পবলিক ওপিনিয়ন বলেন, চম্বার রাজা অকারণ তাঁহার প্রথম স্ত্রীকে বাটী হইতে বহিষ্কৃত করিয়া দিয়া তাঁহার যাবতীয় সম্পত্তি বাজেআপ্ত করাতে তাঁহার পিতা গবর্ণমেণ্টের নিকটে অভিযোগ করিয়াছেন।

ইণ্ডিয়ান চর্চ গেজেট বলেন, গবর্ণমেণ্টের অনুরোধানুসারে ষ্টেট সেক্রেটারি আর্কডিকন

খৃষ্টে ১৮৭২ সন পর্য্যন্ত ভারতবর্ষে খা বলিয়াছেন।

ইংলণ্ডের যাবতীয় রেলওয়ে কো তমাক খাইবার নিমিত্ত পৃথক শকট ক আজ্ঞা পাইয়াছেন।

২৬এ কার্ত্তিক মঙ্গলবার।

গত কল্য একশেঞ্জ গৃহে নিয়ু টাকার অহিফেন বিক্রীত হইয়াছে।

	সিন্ধুক	প্রতিসিন্ধুক
বেহারের	২,৩০০	১৩৫০৵৫ ৩১,০৫
কাশীর	১,৭০০	১৩৬০।১০ ২৬,৩

৯০ পেটি ইউরোপীয় রেজিমেণ্টের মাইর কাপ্তেন লস ৭২০১ টাকা তদ্রূপ ক সামরিক বিচারালয়ের আজ্ঞানুসারে তাঁ সনাদল হইতে বহিষ্কৃত করিয়া দুইবৎসর রুদ্ধ করা হইবে। তাঁহাকে আরও ৭২০১ ক্ষতিপূরণ দিতে হইবে। মেয়াদ খাট কাপ্তেন কনিংহামের ন্যায় না হয়।

লক্ষ্ণৌটাইম্‌স্ অনুমান করেন, কান গঙ্গার উপরে যে রেইলওয়ে সেতু হই তাহা প্রস্তুত হইতে দুই বৎসর লাগিবে।

গত তিন বৎসরে মধ্যভারতবর্ষে ১৬ কেশো বাঘ, ২৬৩৭ টী হুমো বাঘ, ১৪ ভল্লুক, ৭৪২ টী নেকড়িয়া ও ১২৯৫ টী ধ্বংস করা হইয়াছে। এই কালমধ্যে ১৭৫ মানুষ বন্য পশুদ্বারা ও ১৮৭৪ জন স পশুনে হত হইয়াছেন। প্রায় সমান সমান।

দিল্লীগেজেট বলেন, উত্তর পশ্চিমাঞ্চ পঞ্জাবে বিস্তর জাল ষ্টাম্প প্রস্তুত হইতে কয়েক ব্যক্তি দিল্লীতে ধৃত হইয়াছে। ছোট আদালতের জজ বারিষ্টর কার্‌ সাহেব উহাদিগের বিরুদ্ধে মকদ্দমা চাল ভার পাইয়াছেন।

উক্ত পত্র বলেন, দিল্লীব্যাঙ্ক সেন ফিনিস ও সর ডোনাল্ড মাকলিয়ডের যে নালীশ করেন, তাহার মধ্যে সর ডে ডের ১৫০০০ টাকার দাবি ত্যাগ কর য়াছে। দাবির অবশিষ্টাংশের বিষয়ে বপতি এপর্য্যন্ত কোন আজ্ঞা দেন নাই।

লেপ্টনণ্ট চাটার্টননামক এক জন আ তাঁহার বালক ভৃত্যকে দুর্গ হইতে ১৯৩ আনিতে বলেন। এই টাকা ঐ সিলে লেপ অন্য অন্য ব্যয় করিয়া ভৃত্যকে বলিলেন টাকা কম হইতেছে। সে ব্যক্তি প্র আপনার নির্দ্দোষিতা সপ্রমাণ করিবার পায়। কিন্তু উগ্রস্বভাব সৈনিকের ভা [illegible]

তথাপি উহাকে খুলিবে দেওয়া হয়। ষ্টেটের নিকটে হিসাব দেওয়াতে লেপ্ট লেন, হিসাব ঠিক হইয়াছে। তদনুসারে টাকাই পাওনা থাকে না। তথাপি ক বলিলেন, বালক দোষ স্বীকার করি। রবার্টস্ সাহেব বলিলেন, এরূপ অবস্থায় াধী প্রায় দোষ স্বীকার করে। কারণ তা করিয়া দোষ স্বীকার করান হয়। বালক ইয়াছে। পুলিষ ইনস্পেক্টর সাক্ষ্য দিয়াছেন র সম্মুখে লেপ্টনন্ট বালকটীকে তিনবার করিয়াছিলেন। লেপ্টনন্ট একজন ইউ য়, সুতরাং মাজিষ্ট্রেট এ দোষের কোন ন করিলেন না। এই সকল ব্যক্তির ই লোকের ক্রমশঃ ইংরাজ চরিত্রের অভক্তি জন্মিতেছে।

আমেরিকার এক ব্যক্তি এক চক্রের এক করিয়াছেন চক্রের দুই পার্শ্বে আরোহী র বসিবার স্থান। তাহার মধ্যদেশ আবৃত। ও চালক শকটের মধ্যে থাকে। অশ্ব ও বৃষ্টিতে কষ্ট না পায় এমন শকট হইলে ক উপকার হইবে।

কম্বলাইট জনরবে শ্রবণ করিয়াছেন, গব আমীর সিয়ার আলিকে টাকা ও অস্ত্র সাহায্য করিতে সম্মত হইয়াছেন।

তিওয়ারে অতিশয় অন্নকষ্ট হইয়াছে। ক সিন্ধুর অন্তর্গত হায়দরাবাদ হইতে শস্য যাইতেছেন। অনেকে বাসস্থান ত্যাগ াছেন।

ডলিনিউস বলেন, মান্দ্রাজের উপকূলে বাত্যা হওয়াতে পেনিনসুলার কোম্পা মইল জাহাজ ভিড়িতে পারিতেছে না। হাদিগের কোন আশঙ্কা নাই, তবে জা আসিতে বিলম্ব হইবে।

উক্ত পত্র জনরবে শ্রবণ করিয়াছেন জা অবধি রেবেনিউবোর্ড উঠিয়া গিয়া বঙ্গ য় গবর্ণমেণ্টের একটী বিভাগমাত্র হইবে। নুসারে পবলিক ওয়ার্কের ন্যায় রাজস্ব গের এক জন পৃথক সেক্রেটারি হইবেন। র মাসে ইডেন সাহেব আসিতেছেন তিনি মন করিলে প্রধান সেক্রেটারী ও ডাম্পিয়র রাজস্বসংক্রান্ত সেক্রেটারি হইবেন। অতি সেক্রেটারি বেলি সাহেবকে স্থানান্তর যাই ইবে। রেবেনিউ বোর্ডের আসন্নকাল ত হইয়াছে। এক্ষণে ইহা হইতে বরং ব্যাঘাতই হইতেছে। তবে কতকগুলি কেরা অস্ত্র মারা যাইবে। বোধ করি গবর্ণমেণ্ট ইহাদিগের প্রতি বিশেষ বিবেচনা করিবেন

হিন্দুহিতৈষিণী পত্র বলেন, কয়েক দিন যাবৎ এখানে ওলাউঠার বিলক্ষণ বৃদ্ধি হইয়া [illegible]ছে।

২৭ এ কার্ত্তিক বুধবার।

গত রবিবার এক জন জুয়াচোর হাটখোলায় এক জন মহাজনের নিকটে গিয়া বলে দেবেন্দ্রনাথ ঘোষনামক এক ব্যক্তি ৮০০০ টাকার কোম্পানির কাগজ বন্ধক রাখিয়া ৬০০০ টাকা কর্জ্জ লইবেন। অধিক সুদ দিবার লোভ দেখাইবাতে মহাজন নিজের এক জন সরকারের হস্তে ৬০০০ টাকা প্রেরণ করিলেন। দেবেন্দ্র বাবুর সহিত সাক্ষাৎ না হওয়াতে জুয়াচোর সরকারকে বলিল যদি তুমি প্রেমারা খেল, দ্বিগুণ টাকা পাইতে পারিবে। হতভাগ্য সরকার তাহাতে সম্মত হওয়াতে এক রাত্রিতে ৫৯০০ টাকা হারিল। তাহাকে নেশা করাইয়া সেদিবস তথায় রাখা হয়। পর দিবস সে পুনর্ব্বার লোভে পড়িয়া অবশিষ্ট ১০০ টাকা হারে। জুয়াচোরেরা এপর্য্যন্ত তাহাকে ছাড়ে নাই। ১০ টা বাজিবামাত্র তাহাদিগের এক ব্যক্তি নোটগুলি করেন্সি আফিসে ভাঙ্গাইতে গেল; কিন্তু মহাজন ইতি পূর্ব্বে সংবাদ দেওয়াতে সে ধৃত হইল। সাতজন ধর্ত্ত পুলিষে অর্পিত হইয়াছে, প্রথম দুরাত্মা অদ্যাপি লুক্কায়িত আছে। দ্যূতক্রীড়ার অতিশয় প্রদুর্ভাব হইয়াছে। সূক্ষ্ম অনুসন্ধান ও গুরু দণ্ড বিধান আবশ্যক।

বুসায়ার ও সিরাজের মধ্যবর্ত্তী পারস্য টেলিগ্রাফ পুনর্ব্বার স্থির হইয়াছে। বন্য আরবগণ এই কাজ করিতেছে।

১৮ ই নবেম্বর গবর্ণর জেনরল কলিকাতায় উপনীত হইবেন।

লিম্বনিয়র বলেন নিকাম সালারজঙ্গের ১০,০০০ টাকা জরিমানা করিয়াছেন বলিয়া যে জনরব ইংলিসমানে প্রকাশিত হয়, তাহা অমূলক।

ইংলণ্ডের প্রধান প্রধান নগরে মর্ম্মণদিগের সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি হইতেছে। লণ্ডনে প্রায় ১০০০ মর্ম্মণ পরিবার আছে। মর্ম্মণেরা বহু বিবাহ করিয়া থাকে। যেসকল ইংরাজ মর্ম্মণ হইতেছে, তাহারা প্রায় আমেরিকার অন্তর্গত ইউটানগরে বাস করিতেছে। এই নগরটী মর্ম্মণদিগের বৃন্দাবন। মর্ম্মণনামে ক্রমশঃ অনেকে বহুবিবাহ করিবেন। খৃষ্টিয় ধর্ম্মের এই আর এক উপসর্গ হইয়াছে।

এক্ষণে ৯৪ জন বঙ্গদেশীয় (ইহার ম উত্তর পশ্চিমাঞ্চল ও পঞ্জাবকে ধরিতে হই সিবিলিয়ান বিদায় লইয়া ইংলণ্ডে আছে বিদায়ের নূতন নিয়ম হওয়াতে অনেকে বি লইতেছেন। এই আর একটি ব্যয়ের দ্বার উ টিত হইল।

গবর্ণর জেনরল আজ্ঞা দিয়াছেন, ইংলণ্ড অষ্ট্রেলিয়ার সবরেণ মুদ্রা ১০৲ টাকা মু এদেশে প্রচলিত হইবে। অর্দ্ধসবরেণ থাকিবে। গবর্ণমেণ্ট নিজে এই দরে লইবেন

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট সিদ্ধান্ত করিয়াছে কোন সিবিলিয়ান বিদায় লইয়া যদি সরষ কার্য্যানুরোধে প্রত্যাগমন করিতে বাধিত তাহা হইলে বিদায়ের অবশিষ্ট ভাগ ছয় মা মধ্যে আবেদন করিলে পাইবেন।

গবর্ণমেণ্ট আরও স্থির করিয়াছেন, যহ কাজ করিয়া যাঁহারা পেন্সন লন, তাঁহারা র্দ্ধার সরকারী কার্য্য করিলে বেতন ও পে উভয় পাইবেন। পঁচানব্বই যাঁহারা পে লইয়াছেন, তাঁহাদিগের পক্ষে এ নিয়ম বে না।

২৮ এ কার্ত্তিক বৃহস্পতিবার।

১লা অক্টোবর শ্যামের রাজার মৃত্যু য়াছে। গত গ্রহণ দর্শন করিবার নি জঙ্গলে যাইয়া পীড়িত হইয়াছিলেন। ৬৪ বয়ঃক্রম হইয়াছিল, ইহার মধ্যে তিন ১৮ রাজত্ব করিয়াছিলেন। রাজা ইংরাজী, প্রভৃতি অনেক ভাষা জানিতেন। বিজ্ঞ প্রতি তাঁহার বিশেষ যত্ন ছিল। তাঁহার শ্যাম দেশের বাণিজ্যের সবিশেষ শ্রীবৃদ্ধি য়াছে। ভারতবর্ষ ভিন্ন আর কোন দেশে বাণিজ্য জাহাজ নাই। ইউরোপীয়দিগের াঁহার বিশেষ সমাদর ছিল এবং যাহাতে অ থাকে ইউরোপীয় তাঁহার রাজধানীতে বাস ব ব্যবসায় করেন, তিনি সর্ব্বদা সে চেষ্টা করি ব্রিটিশ দূত সর জন বৌরিঙ শ্যামের বিষয় দুইখণ্ড পুস্তক লিখিয়াছেন, তাহা পাঠ করি রাজার সদাশয়তা ও মহত্ত্বের বিষয় জানা যা পারে।

বোম্বাইয়ের কাথিড্রাল প্রস্তুত করি নিমিত্ত বিদ্যালয়ের যে টাকা গ্রহণ করা তাহা প্রত্যর্পণ করা হইয়াছে। এটী বুদ্ধির ক

ক্ষেত্রনাথ মিত্রনামক এক জন সব ষ্টাণ্ট সার্জ্জন এক বেশ্যার বাটীতে গিয়া ব দ্বারবানকে প্রহার করাতে তাঁহার এক মেয়াদ হইয়াছে। অধিকাংশ সব আসি

আবকারী একচেটিয়া করিয়াছেন। পর বেশ্যালয়ে সুরাপানে উন্মত্ত হইয়া তিপাত করা ইহাঁদিগের পক্ষে লজ্জাকর সমাজ করে আপনার কর্ত্তব্য কর্ম্ম বুঝি ইউরোপে মাতাল চিকিৎসককে কেহই প্রবেশ করিতে দেয় না, এখানে মাতা ডাক্তারের আদর হইয়াছে।

বাবু হোলকর শস্যের শুল্ক রহিত করি ন।

রঞ্জি নওরজি মিয়ানওয়ালা পঞ্জাব ব্যাঙ্কে ছিলেন। ইনি জুয়াচুরি ও জাল করাতে সাত বৎসর কারাবাসের আদেশ হই।

স্রাজের টাঁকশালের বার্ষিক ১৬৭১ বায়সংক্ষেপ করা হইয়াছে।

াগামী শনিবার বঙ্গদেশীয় ব্যবস্থাপক অধিবেশন হইবে।

মী বর্ষে পুর্ত্তকার্য্যের (পবলিক ওয়ার্কের) ৯ আট কোটি টাকা ব্যয় করিবার আজ্ঞা ছ। পূর্ব্ববর্ষের অপেক্ষা এবার ৮৯ লক্ষ অধিক দেখা যাইতেছে। এই আট কোটি ২,২৪০০,০০০ টাকা সৈনিক বিভাগে ব্যয় ইবে; ১ কোটি খালপ্রভৃতি কৃষিকার্য্যে ৩২ লক্ষ অন্য অন্য বিষয়ে ব্যয়িত হইবে ী নূতন জেল হইবে। এবার বোম্বাই ক্ষ টাকা অধিক পাইলেন। তথাপি বোম্বা সংবাদপত্রসম্পাদকেরা আক্ষেপ করেন শের নিমিত্ত ভারতবর্ষের আর সকল স্থান ান।

ত্তর পশ্চিমাঞ্চল ও পঞ্জাবে শস্য জন্মিবার আশা নাই। এবারও সাধারণের দুর্ভিক্ষ সংক্রান্ত লর্ডেসের অধিকার কালটি কেবল কটে গেল।

২৯ এ কার্ত্তিক শুক্রবার।

লিনবর্ন উদ্যানগৃহের মেট্রপলিটির অধিবাসিদের প্রতিবাদ করিয়াছেন। ভুবন বায় মেট্রপলিটির এক জন কমিশনর। ালডেন সাহেবের আদেশে যেসকল ব্যবহার হইত তাহা তিনি বারম্বার প্রদ রিয়া দাসী বাক্তিদিগকে পত্র দিতে বলেন হালডেন সাহেব [illegible] করেন নাই তিনি পদত্যাগ করিতে উদ্যত মেট্রপলিটির কার্য্যপ্রণালী শত হয়। সভাপতি শ্রীযুত ভুবনমোহনকে , তিনি সংবাদপত্রে লিখিয়াছেন, অতএব পদচ্যুত করা হইল। এবিষয়ে আপীল হইল। কমিসনরগণ সভাপতির হস্তে আপীল শ্রবণের ভার দিয়াছেন! এস্থলে সুবিচার হইবার যে সম্ভাবনা তাহা সহজে বুঝা যাইতেছে। এই অত্যাচারের প্রতিবাদ করিয়া ডেলিনিউস বলিয়াছেন কিছু কাল আমা। এদেশের লোককে বুদ্ধিমান ও সচ্চরিত্র করিবার চেষ্টা পাইয়াছি। এই চেষ্টা কতক সফলও হইয়াছে। এক্ষণে যেসকল লোকের সহিত আমাদিগের ব্যবহার করিতে হইতেছে, তাঁহারা ইংরাজদিগের ন্যায় সৎ ও ভদ্র লোক। তাঁহাদিগের সম্মুখে এপ্রকার ব্যবহার করা অতিশয় অন্যায়। এ দুঃখের বিষয় এই সিবিলিয়নদিগের অনেকের সংস্কার আছে ভারতবর্ষীয়েরা সেই সেকেলে আছেন। এই নিমিত্ত সচ্চরিত্র নব্যদলের সহিত তাঁহাদিগের সতত বিবাদ হইতেছে। স্বাধীন ব্যবহার না থাকিলে সাধুতা থাকা ভার, কিন্তু স্বাধীন ব্যবহার অনেক কর্ম্মচারীর চক্ষুঃশূল। গবর্ণমেণ্ট কি মিউনিসিপালিটির কার্য্যপ্রণালীর অনুসন্ধানার্থ স্বাধীনবৃত্তি কমিসন নিযুক্ত করিতে সাহসী হইবেন?

ত্রিবাঙ্কুরের রাজা মরীচের শুল্ক ক্ষমাইয়াছেন। প্রতি পাঁচমণি বস্তায় ৯ টাকা ছিল ৫ টাকা করিয়াছেন

ভূপালের বেগমের মৃত্যু হওয়াতে গবর্ণর জনরল ভারতবর্ষীয় গেজেটে শোকসূচক ঘোষণা করিয়াছেন।

ফেণ্ডস অব ইণ্ডিয়ার লণ্ডনস্থ সংবাদদাতা বলেন, গ্লাডষ্টোন সাহেব মন্ত্রী হইলে আর্গিলের ডিউক ভারতবর্ষীয় মন্ত্রী হইবেন। আমরা যদি লাড হালিফাক্সকে পাই, ঈশ্বরকে ধন্যবাদ দিব। লাড আর্গিল ডেলহৌসির এক জন গোঁড়া, কিন্তু ডেলহৌসির দশমাংশ ক্ষমতাও ধারণ করেন না। তিনি পদস্থ হইলে পুনর্ব্বার পররাজ্য গ্রহণ ও অন্য অন্য অত্যাচার আরম্ভ হইবে।

৩০ এ কার্ত্তিক শনিবার।

বঙ্গদেশের পুলিষের ইনস্পেক্টর জেনরল কর্ণেল হেড বিদায় লইয়া ইংলণ্ডে গমন করাতে ফ্রেণ্ড অব ইণ্ডিয়া বলেন, পুলিষের যথার্থ উন্নতি চাহিলে চাকার কমিসনর সিমসন সাহেব অথবা যশোহরের ভূতপূর্ব্ব মাজিষ্ট্রেট মনরো অথবা মলন সাহেবকে এই পদে নিযুক্ত করা উচিত। তাহা হইলেই প্রতুল।

কয়েক দিবস কাল কলিকাতার নিম্ন শ্রেণি এই জনরব তুলিয়াছে, খিদিরপুরের সেতুর নিকটে নরহত্যা হইতেছে। এই নিমিত্ত সন্ধ্যার পর আর কেহ ঐ স্থান দিয়া যান না। এই ভয়ের কতক কারণ আছে। কয়েক জন শ্রেণির ইউরোপীয় দৌরাত্ম্য আরম্ভ করিয়া ইহারা দ্রব্যাদি কাড়িয়া লইয়া সংঘ আঘাত করে। তাহাতেই এই ভয় জ য়াছে।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ

২২ এ অক্টোবর। তৃতীয় শ্রেণির সব ষ্টাণ্ট সার্জ্জন জনরঞ্জন পাল সাঁওতাল গণ গোবীজে টীকার ডেপুটী সুপারিণ্ট হইবেন।

২৯ এ অক্টোবর। যত দিন বাবু তিল গুপ্ত বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন দিন বাবু হরিরাম দাস হুগলির অন্তর্গত, দের প্রতিনিধি মুন্সেফ হইবেন।

৩ রা নবেম্বর। তৃতীয় শ্রেণির সব ষ্টাণ্ট সর্জ্জন ভগবতীচরণ মুখোপাধ্যায় গন্ধ উপরিভাগের চিকিৎসার ও তত্রত্য চিকিৎসালয়ের ভার পাইবেন।

যত দিন বাবু ভগবতীচরণ মুখোপ উপনীত না হন, তত দিন তৃতীয় শ্রেণি আ সষ্টাণ্ট সর্জ্জন হরনাথ রায় সিবাল চিকিৎসার ও দাতব্য চিকিৎসালয়ের ভার বেন।

৪ ঠা নবেম্বর। আর, এফ, রাস্পস পালেশ্বরের বিদ্যাশিক্ষা সভার স হইবেন।

৫ ই নবেম্বর। নিম্নলিখিত ভদ্রলো হুমকার দাতব্য চিকিৎসালয়ের সভ হইবেন:—

মির সাহদত আলি।

বাবু সারদাপ্রসাদ ঘোষ।

শ চারাণচন্দ্র বসু।

হুমকার সহকারী কমিসনর উক্ত সম্পাদক হইবেন।

তৃতীয় শ্রে ণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন শ্বর পালিত কুচবিহারের চিকিৎসার পাইবেন।

তৃতীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জ দাস দাস গুপ্ত পাবনার অন্তর্গত ছল শিবর, চিকিৎসালয়ের ভার পাইবেন।

৬ ই নবেম্বর। আর পচ সাহেব পুলিস জন মিউনিসপাল কমিসনর হইবেন

করদমহলের অন্তর্গত কিজোড়ের সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টনণ্ট

ান সুপরিন্টেণ্ডেণ্টের ক্ষমতা পাইবেন।
ত্তরপূর্ব্ব বিভাগের বিদ্যালয়সমূহের ইন
র জি, বেলেট সাহেব এম, এ, তৃতীয়
তে উন্নীত হইবেন।
য় লিখিত ভদ্রলোকেরা ষ্টেট সেক্রেটারি
বঙ্গদেশের শিক্ষাবিভাগের চতুর্থ শ্রেণিতে
হওয়াতে পশ্চাল্লিখিত কালেক্টরি
ন।
. ডবলিউ, গারেট সাহেব ঢাকা কালেজ।
, লেথব্রিজ সাহেব কৃষ্ণনগরকালেজ।
য়, এস, মাজেলস সাহেব রেবেনিউবোর্ডের
নিধি সেক্রেটারি হইবেন।
জ, মনরো সাহেব রেবেনিউ বোর্ডের প্রতি
জুনিয়র সেক্রেটারি হইবেন।
এ, জে, আর বেনব্রিজ সাহেব দিনাজপুরের
নিধি সিবিল ও সেসিয়ন জজ হইবেন।
এচ, এল, হারিসন সাহেব বর্দ্ধমানে প্রথম
লির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর
বেন।
যত দিন জে, এস, আবমষ্টণ সাহেব মফ
ল থাকিবেন তত দিন কটকের শিবিরে
৩৪ অব্দের ২২ আইনের ১৯ ধারানুযায়ী
ষের বিচার করিবার ভার কটকের প্রতিনিধি
ইণ্ট মাজিষ্ট্রেটটি, কার্কউড সাহেবের হস্তে
ওয়া গেল।
যতদিন বাবু লক্ষ্মীনাথ বড়ুয়া বিদায় লইয়া
পস্থিত থাকিবেন তত দিন মৌলবী আহম্মদ
লী শিবসাগরের প্রতিনিধি মুন্সেফ হইবেন।
যত দিন বাবু রাজরাজেশ্বর ভট্টাচার্য্য সর
রী কার্য্যোপলক্ষে স্থানান্তরে থাকিবেন, তত
। বাবু রামদয়াল ঘোষ ডায়মণ্ড হারবরের
তিনিধি মুন্সেফ হইবেন।
বাবু কানাইলাল মুখোপাধ্যায় বি, এল,
গ্রামের অন্তর্গত সাংকন্যার প্রাতনিধি মুন্সেফ
বেন।
৯ ই নবেম্বর। ডবলিউ, এফ, মিয়াস সাহেব
রসালের বিদ্যাশিক্ষা সভার সম্পাদক
ইবেন।
যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী
ালেক্টর মৌলবী আজারল হক অধীনস্থ শাসন
র্য্যের ষষ্ঠ শ্রেণিতে নিযুক্ত হইবেন।
নিম্নলিখিত ভদ্রলোকেরা পুরীর বিদ্যাশিক্ষা
ভার সভ্য হইবেন—
চৌধুরী কাশীনাথ দাস।
বাবু রাধিকাপ্রসাদ মুখোপাধ্যায়।
৯ চিনিওয়ালা যাচক।
৯ নন্দকিশোর দাস।

১০ ই নবেম্বর। সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর জে, এ, হপকিন্স সাহেব চুয়াডাঙ্গা উপবিভাগের ভার পাইয়া মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাচালন করিবেন। তিনি আরও দ্বিতীয় শ্রেণির প্রতিনিধি জাইট মাজিষ্ট্রেটের পদস্থ থাকিবেন।

আমাদিগের এলাহাবাদস্থ সংবাদদাতা লিখিয়াছেন:—

১। এখানে আজি কালি ধর্ম্মালোচনার প্রাদুর্ভাব দেখিয়া আমরা অত্যন্ত আনন্দিত হইলাম, এখানকার চকের রাস্তার ধারে প্রায় প্রত্যহ প্রাতঃকাল ও সন্ধ্যার সময় এদিকে পাদরিরা বাইবেল ঘোষণা করেন, ওদিকে মুসলমানেরা কোরাণ অন্য দিকে হিন্দু পণ্ডিতেরা হিন্দুশাস্ত্রঘোষণা করেন, সকল স্থানেই লোকের এত জনতা হয় যে এক এক দিন রাস্তায় যাতায়াত করা কঠিন হইয়া উঠে। এতদ্ভিন্ন এখানে দুইটি ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠিত হইয়াছে।

২। এখানকার দুটি ব্রাহ্মসমাজের মধ্যে ভারতবর্ষীয় শাখাসমাজটির উপর শ্রীযুক্ত বাবু কেশবচন্দ্র সেন মহাশয়ের বিশেষ যত্ন আছে দেখিতে পাওয়া যায়। কেশব বাবু আপন শিষ্যদলসমভিব্যাহারে সিমলা পাহাড় হইতে প্রত্যাগমন করিয়া এখানকার ভারতবর্ষীয় শাখা সমাজের সভ্যগণকে লইয়া এক দিবস প্রাতঃকাল ছয় ঘটিকা হইতে রাত্র দশ ঘটিকাপর্য্যন্ত ব্রাহ্মোৎসব করেন এবং তাঁহা দিগকে নানাপ্রকার উপদেশ দেন। শিষ্যদলসম ভিব্যাহারে কেশব বাবুর উৎসবপ্রণালী অর্থাৎ প্রার্থনা, পাঠ আলোচনা, সঙ্কীর্ত্তন ও খোল করতালের সঙ্গে প্রভৃতি উত্তম বটে; কিন্তু বাস্তবিক লে উৎসব ভঙ্গের সময় সকলে দণ্ডায়মান হইয়া কেশব বাবুকে সাষ্টাঙ্গ প্রণিপাত করা ও তাঁহার চরণ ধরিয়া উচ্চৈঃস্বরে রোদন করার মর্ম্ম বুঝিতে না পারিয়া আমরা বড় দুঃখিত হইয়াছি। সম্পাদক মহাশয় যদি আপনকার অনুরোধে কেশব বাবু আমাদিগকে উহার মর্ম্ম বুঝাইয়া দেন, তাহা হইলে অত্যন্ত বাধিত হই।

৩। যেরূপ দুর্গোৎসব উপলক্ষে বাঙ্গালা দেশের লোকসকল আমোদ প্রমোদ করিয়া থাকে, তদ্রূপ এদেশের লোকসকল রামলীলা উপলক্ষে নানাপ্রকার আমোদ করিয়া থাকে। পঞ্চমীর দিন হইতে আরম্ভ হইয়া বিজয়া দশমীর দিনপর্য্যন্ত রামলীলার আড়ম্বর হয়। দশমীর দিবস সন্ধ্যার প্রাক্কালে রণক্ষেত্রের এক দিকে আপন দলবলসমভিব্যাহারে রাম লঙ্কা অন্য দিকে সৈন্যসামন্তসমভিব্যাহারে রাবণ উপস্থিত হন। তৎপরে উভয় দলে ঘোরস যুদ্ধ হয়। রাম (ব্রাহ্মণ বালকে সাজে) জ লাভ করিয়া সীতার উদ্ধারপূর্ব্বক মহা আড়ম্বরে গৃহে প্রত্যাগমন করিলেন এবং কাগজ নির্ম্মিত রাবণ রণে পরাভূত হইয়া রণস্থলে আ সবান্ধবে সহিত ভস্মসাৎ হইলেন। এই সক দেখিয়া ত্রেতাযুগের ইতিহাস স্মরণপথার হইয়া মনে করুণার উদয় হয়। মেলাস্থা লোকের ও হাতি ঘোড়ার এত ভিড় হয় তাহার সংখ্যা করা অতি কঠিন।

৪। পূর্ব্বাবধি দেয়ালির সময় (শ্যামাপূজ সময়) এদেশে দীপদান ও জুয়াখেলার ধু ধুম হইয়া থাকে। এমন কি আমরা এখানে দ্দশী ও অমাবস্যা এই দুই দিবস রাস্তায় পথ এরূপ জুয়া খেলার ধুম দেখিয়াছি যে খেল ভিড় ও লোকের কলরবে রাস্তাচলা হইত, কিন্তু এবৎসর সেরূপ দেখি না

৫। কয়েক দিবস গত হইল এখানে এ বড় আশ্চর্য্য ব্যাপার ঘটিয়াছিল। এক ভাম দুই মাসের একটি সন্তানকে ঘরের দ্বার হই একটি বানরে উঠাইয়া লইয়া গিয়া এক খো চালে। উপর বালকটির সহিত খেলা কর ছিল, এমন সময় ঐ বালকের মাতা দে উচ্চৈঃস্বরে রোদন করিয়া উঠাতে বানর ফেলিয়া যায়। তৎপরে অন্যান্য লোক আসিয়া কটিকে চাল হইতে নামাইয়া লয়। হউক সে ভাগ্যের বিষয় বলিতে হইবে সে খাচে যায় নাই।

৬। ঈশ্বর পাঠশালার (একসর দলপাঠশালা) গবর্ণমেণ্ট রেলওয়ে পুলি ইনস্পেক্টর তিন মাসের অবকাশ লও গোলমহন সিং নামক এক ব্যক্তি উক্ত ব নিযুক্ত হইয়াছেন।

৭। কয়েকদিবসাবধি মহারাজ সি বাহাদুর এখানে বাজা বাইয়ের শিক্ষালয়ে স্থাপিত করিতেছেন। এ দেবালয়টি মহার পেতৃক।

৮। আগরা হইতে হাইকোর্টের এক বিচারপতি এলাহাবাদে আসিয়াছেন অদ্য হইতে এখানে বিচারকার্য্য সম্পন্ন আরম্ভ হইয়াছে। আমরা হাইকোর্টের ও বিচারাসন প্রভৃতি দেখিয়া আহ্ হইলাম

আমাদিগের গোয়ালিয়রস্থ ... বাদ

লিখিয়াছেন।

। ভাদ্রমাসের শেষ সপ্তাহে এখানকার
র্ষ্টির কথা লিখিয়াছিলাম এবং তন্নিবন্ধন
ক্ষর আভাসও ব্যক্ত করিয়াছি। আশ্বিন
পড়িবামাত্র এ অঞ্চলে দুর্ভিক্ষের লক্ষণ
পায়, তবে সৌভাগ্যক্রমে ঐ মাসের
সপ্তাহে এক পসলা বৃষ্টি হওয়াতে শস্য
সম্পূর্ণ ধ্বংসমুখে পতিত না হইয়া এক
দেড় আনা রকমের ফসল উৎপন্ন হই-
। ইহাতেই এপর্য্যন্ত প্রকৃত দুর্ভিক্ষ
ন অদ্যাপি দেখা যায় নাই। যখন
দ্রব্য অসম্ভব মহার্ঘ্য হইতে আরম্ভ হয়,
মহারাজের অনেক পুরা রাজধানী ত্যাগ
ও উদ্যত হইয়াছিল মহারাজ এই সংবাদ
ত হইয়া ছয় মাসের করগ্রহণ স্থগিত
এক ঘোষণাপত্র প্রকাশ করেন এবং
মধ্যে নিরাশ্রয় লোকদের জন্য সাহায্যের
করেন এবং সামান্য লোকে যাহাতে অল্প
উপার্জ্জন করিতে পারে, এই জন্য স্থানে
কূপখননাদি কর্ম্ম আরম্ভ হইবার আয়ো
ইতেছে। মহারাজের এই ঘোষণাপত্র
ক সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে এবং
গবর্ণমেণ্ট মহারাজকে ধন্যবাদ দিয়াছেন
নিও এ সংবাদ অবগত হইয়া দেশীয়
র বদান্যতা ও উদার ভাবের প্রশংসা করি-
ন।

খানে ঘাস বড় মহার্ঘ্য হইয়াছে। ১ টি
ঘাসের মূল, তাহাও পাওয়া যায় না।
মণ্ডের চর্ব্বী ও বলদ স্থানান্তরে প্রেরিত
ছে: গোমহিষাদি ও শস্যও অসম্ভব মহার্ঘ্য।
বিদ্র লোকদের যন্ত্রণা কষ্ট হইতেছে তাহা
া কহিবার নহে। এখানে পর্ব্বতক-
ণের প্রসাদে সামান্য লোকে কার্য্য পাই-
এইরক্ষা। কিন্তু সব অবস্থা বড় শোচনীয়,
গোল্ডো প্রভৃতি কাগজে তাহা অবগত
ন করেন

। মহারাজ পুজার ছুটীতে এখান হইতে
প্রস্থান করিয়াছেন। কত দিন পরে
ছেন। সম্প্রতি রাজপুতানার নকটস্থ মানা
র অধিপতি বিটিশের সাহায্যে একটি সঙ্কট
দেখিতে গিয়াছেন শুনিলাম গবর্ণ
ন্ট পঁচিশ লাখ হইয়াছে এবং পুনরায়
হইতেছে।

৩। মহারাজ, রাজ্যের শ্রীবৃদ্ধির জন্য আর একটী শুভ কার্য্যের কল্পনা করিতেছেন, অর্থাৎ খাল খনন করিবার জন্য ইঞ্জিনিয়ারের নিকট একটী নক্সা ও আনুমানিক ব্যয়ের তালিকা চাহিয়াছেন। এই কার্য্যটি করিলে ভাবী দুর্ভিক্ষের আশঙ্কা যাইবে ও প্রজাদের সুখসমৃদ্ধি বৃদ্ধি হইবে তাহার সন্দেহ নাই; অতএব মহারাজ এতদিন সাধারণ কার্য্যে বড় হস্তক্ষেপ করেন নাই। এখন তাঁহার এইসকল কার্য্য দেখিয়া সকলেই সুখী হইতেছেন। রাজধানীতে বিদ্যা চর্চ্চার সুবিধা করিলেই ভাল হয়।

৪। এখানে বাঙ্গালী বাবুদের যে কালীবাড়ী আছে, পূজার তিন দিন ঐ স্থানে ধুম ধামে বালরা আমোদ আহ্লাদ করিয়াছেন। এক দিন নওকাদের নাচ ও অন্যান্য কোন বিখ্যাত গায়কের গান হইয়াছিল, আহারাদিরও মন্দ আয়োজন হয় নাই।

৫। বিজয়া দশমীর দিন (যাহাকে এদেশে "দশেরা" কহে) মহারাজের রাজধানীতে মহাসমারোহে সৈন্যদিগের পরিদর্শন (রিবিউ) হইয়া গিয়াছে। মহারাজের সৈন্যদল ও মুষার ডাঙ্গী হইতে হোলকরের অনেক সৈন্য একত্র হইয়া বিবিধ কৌশল ও ক্রীড়া করিয়াছিল। বিজয়া দশমীর দিন পশ্চিমাঞ্চলের অনেক স্থানে মহাসমারোহ হইয়া থাকে।

৬। আসিষ্টাণ্ট এঞ্জিনিয়ার বাবু ক্ষেত্রনাথ চট্টোপাধ্যায় গত সেপ্টেম্বর হইতে ৪০০ টাকা বেতনে প্রথম শ্রেণীতে উন্নতি পাইয়াছেন। ইনি ঝাঁসির রাস্তা নির্ম্মাণবিষয়ে বিশেষ সুখ্যাতি পাইয়াছেন। ইংরাজ হইলে এই কর্ম্মের জন্য একজিকিউটিব ইঞ্জিনিয়র হইয়া যাইতেন।

৭। বাবু নবীনচন্দ্র চক্রবর্ত্তীর অনুপস্থিতিতে অত্রত্য সভ্যসকলের অনেক দুরবস্থা হইয়াছে। নবীন বাবু এখান হইতে বদলি হইয়া অন্যত্র যাইবেন, এইরূপ জনরব শুনা যাইতেছে। ইহাতে অনেকে দুঃখ প্রকাশ করিতেছেন। কিন্তু নবীন বাবু শীঘ্র এখানে আসিবেন, এমন আভাসে চিঠি লিখিয়াছেন।

৮। আশ্বিন মাসের মধ্যে এখানে কএকটী ভয়ানক চুরি হইয়াছে। তন্মধ্যে নিম্নলিখিত ঘটনাটী বড় ভয়ানক।

একদিন প্রকাশ্য বাজারের মধ্যে শস্যাদির অনেক গুলি গাড়ি একত্রিত হইয়া রাত্রিযাপন করিতে ছিল। তন্মধ্যে এক জনের গলে শে কর্ত্তন করাতে সে মৃত হয়। ঐ হত্যার

কিছু পরেই অর্থাৎ প্রাতঃকালে পুলি
অনেক লোক একত্র হয়। ম্যাজিষ্টরমেণ্ট
ষ্টেট ২।৪ জন গাড়োয়ানকে ধৃত ক
হাজতে রাখেন। কিন্তু নানা অনুসন্ধানে এ
হত্যাকারীর সন্ধান না হওয়াতে গাড়োয়া
গকে ছাড়িয়া দেওয়া হইয়াছে। ঘটনাটী প্র
স্থানে পুলিষের সম্মুখে অনেক লোকের
হয়, অথচ কিছুই ধরা উঠিল না। এ
অসভ্য ও ভয়ানক স্থানে যে বিচক্ষণ পু
পুলিষ চাই, এবিষয় অনেকবার সোমপ্র
ও অন্যান্য কাগজে লেখা হইয়াছে। গবর্ণ
এ বিষয়ে মনোযোগী হইলেই হয়। মাধ্য
ও ডাকাইতের দৌরাত্ম্যের কথা শুনা
বোধ হয়, দ্রব্যের মূল্যই তাহার
কারণ।

৯। সব আসিষ্টাণ্ট সার্জ্জনের জন্য
জেনরলের এজেণ্ট কর্ণেল মীড সাহেবের
যে দরখাস্ত করা হইয়াছিল, শুনিলাম
উত্তরে হাস্পাতালের ইনস্পেক্টর জে
সাহেব লিখিয়াছেন যে, শুদ্ধ ছাউনিতে
"লক হস্পিটাল" আছে, দেশীয় ডা
হাতে তাহার ভার দেওয়া যাইতে পারে
তবে ইংরাজ ডাক্তারের অধীনে যেমন এ
নেটিব ডাক্তর আছে, আর এক জন
নেটিব ডাক্তর দেওয়া যাইতে পারে। এ
শেষ কি হয় বলিতে পারি না। আমাদের
ডাক্তরের উপর বিশ্বাস ও শ্রদ্ধা নাই।

১০। এখানে শীত অনুভূত হইতেছে;
পরিবর্ত্তের নামক যেমন সচরাচর আরম্ভ
তেছে, এখানে সেইরূপ হইতেছে।

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্প

মহাশয় সমীপেষু।

অদ্য প্রায় দুই বৎসর অতীত হইল, মু
একটী ব্রাহ্মসমাজ স্থাপিত হইয়াছে;
সমাজটী শ্রীযুক্ত কেশবচন্দ্র সেন মহাশয়ের
ক্রমশঃ উন্নতসোপানে পদার্পণ করিতে
আমি অগ্রে মনে করিতাম, ভারতভূমি
দিনে একটী সুসন্তান প্রসব করিয়া ছেন
দ্বারা মহাত্মা রামমোহন রায় মহাশয়ের
রিত ধর্ম্ম ভারতবর্ষ ব্যাপ্ত হইবে। ইঁহার
দেশগুণে অনেকের মন হইতে ঘৃণা দ্বেষ
হিংসাপ্রভৃতি পশুবৎ ব্যবহার একেবারে

ধর্ম্মে। প্রভা প্রকাশিত হইবে ও হীনবল তদ্ভুক্তির সন্তানগণ একতাসূত্রে বদ্ধ হইয়া ক বহুকালের অপহৃত স্বাধীনতারত্নকে র্পণ করিয়া সুখী করিবে। কিন্তু কি দুঃখের । যখন আমি তাঁহার শিষ্যগণমধ্যে নয়ন রূপ করি, তখন তাঁহাদের অধিকাংশ সময় াড়ম্বরে ক্ষেপণ করেন দেখিতে পাই। খোল করতাল শঙ্খাদির বাদ্যে সমাজমন্দির পরিপূরিত হয়, যখন বৈষ্ণব তন্ত্রের দুই জন লোক লইয়া একতারাসহিত গীতা করেন, যখন তাঁহারা এতদ্দেশীয় ব্যক্তি মধ্যে দিয়া নগরকীর্ত্তন করিতে বহির্গত হন, আর আমার উক্ত আশা ক্ষণমাত্রও হৃদয়ে পায় না। কি আশ্চর্য্য! ঈশ্বরের নিকট প্রা করিবার জন্য এত বাহ্যাড়ম্বর ও শঙ্খাদিধ্ব যে কি আবশ্যকতা হইয়াছে তাহা আমি না। হউক এখনকার প্রিয় ব্রাহ্ম ভ্রাতৃবর্গকে াসা করি যে পুর্ণে কলিকাতাস্থ নেবুতলার সমাজকে কি এই আড়ম্বর জন্য উপহাস হইত না? তবে কেন তাঁহারা সেই প্রথাতে ণে এত আদর করিতেছেন? না তখনকার অন্ধ ছিল, এক্ষণে তাহা খুলিয়া গিয়াছে রা ভাল লাগিতেছে, কেনই বা ধীমান দেবে থ ঠাকুর মহাশয়ের সমাজ হইতে বিচ্ছিন্ন া কুলি স্কন্ধে দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া বেড়াতায় একটী ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ ান করিবার চেষ্টা করিতেছেন?

কেশব বাবু শিষ্যদিগের আপনার চরণধূলি ন করা, কেন অনুমোদন করেন? ঈশ্বরসেবকদিগের নিকট হইতে অযথা ক গ্রহণ করিয়া মনকে নিকৃষ্ট করেন? কেন াদিগকে চরণতলে নিপতিত দেখিয়া স্বয়ং র ন্যায় দণ্ডায়মান থাকেন? ভাল বলুন . এগুলি কি পাম পিতার অভিপ্রেত কার্য্য? ব সেন "আপনি জানেন যে, নিজে মনুষ্য ; আপনি ঈশ্বরপ্রসাদে অনেক গুণ পাই ছেন, তাহা কেবল তাঁহার মঙ্গল অভিপ্রায় নজন্য। কিন্তু প্রণাম লইবার জন্য নহে। গত স আপনার যে বিনয় দেখা গিয়াছে ত সকলকে দাস গত লিখা ও হইয়াছিলেন ও অনেকক্ষণ ভূমিতে পড়িয়া লের চরণধূলি লইবারও বাসনা ব্যক্ত করি ছিলেন। এখন সে বিষয় কোথায় গেল? পনার শিষ্যগণ যতদিন আপনাকে অবতার া জ্ঞান করিবে এবং চরণধূলি লেহন করিবে তদিন আমরা আপনার উক্ত বিনয়কে নিজ গৌরবরক্ষিবজন, স্বীকার করিব সন্দেহ নাই।

একান্ত বশম্বদ
আমলপুর } শ্রীঃ

-:০:-

মহাশয়! গত বারের সোমপ্রকাশে ব্রাহ্মধর্ম্ম প্রচারক শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ গোস্বামী ও শ্রীযুক্ত যদুনাথ চক্রবর্ত্তীপ্রভৃতি স্বাক্ষরিত যে পত্র প্রকটিত হইয়াছে এবং তৎসম্বন্ধে সম্পাদকীয় স্তম্ভে যাহা কিছু লেখা হইয়াছে, তাহা পাঠ করিয়া উত্তরস্থলে আমি কিছু লিখিতে বাধ্য হইলাম, অনুগ্রহ করিয়া সোমপ্রকাশের পাঠকবর্গের গোচর করিলে চরিতার্থ হইব।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ সাইবে। শেষ বারের পত্র রেজারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর ৵১০ আনা দিতে হইবে যদি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে।

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঙ্গড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃকা প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১১ শ ভাগ ৪ সংখ্যা।

" প্রবক্তব্যাং প্রস্তুতিনিষিদ্ধায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
গ্রিম ষাণ্মাসিক ৫৷৷ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২৩এ অগ্রহায়ণ। ১৮৬৮। ৭ ডিসেম্বর { মফস্বলে মাশুলসমেত অগ্রিম বা
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

" হিন্দু মহিলা নাটক "

(জোড়াসাঁকো অভিনয়

সভা হইতে পুর-

স্কার প্রাপ্ত।)

উক্ত নাটকে হিন্দু মহিলাগণের দুরবস্থা
ত হইয়াছে। ঠনঠনে করণওয়ালিস ষ্ট্রীট
৬ নং সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে প্রাপ্তব্য।
১ এক টাকা।

শ্রীবিপিনমোহন সেন গুপ্ত।

—:—

কলিকাতার অন্তর্গত জোড়াসাঁকোর বারা
ঘোষের ষ্ট্রীটের মধ্যে মৃত রাধানাথ কুণ্ডের
আমার খরিদা ১/১৸৶ বিঘা ভূমি বিক্র
আছে। চৌহদ্দি উত্তর সরকারী নর্দ্দামা,
া গলির রাস্তা, পশ্চিম শান্তিরাম সিংহের
া বাটী (বসত বাটীর সংলগ্ন) পূর্ব্ব রাম
ন রায়ের পুষ্করিণী। ক্রেতৃগণ গড়পার
ুরের ১০৪ নং বাটীতে শ্রীযুক্ত বাবু বিপ্র
বন্দ্যোপাধ্যায়ের নিকটে অনুসন্ধান করিলে
তে পারিবেন।

লিকাতা
ন ১২৭৫
০ ই অগ্রহায়ন } শ্রীবৈকুণ্ঠনাথ গুপ্ত
সাং হালিসহর

—:০:—:০:—

বাল্মীকি রামায়ণ।

দ্বিতীয়খণ্ড।

ই পুস্তক তৃতীয় অবধি নবম সর্গপর্য্যন্ত
া সংখ্যা নাগরাক্ষরে রামানুজের টীকা ও
া অনুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে
হইয়া বিতরিত হইতেছে। ইহাতে মাহে-
শ্বর-তীর্থ ও নাগোজী ভট্টের টীকাও স্থলবিশেষে
উদ্ধৃত করা হইতেছে ও ইহা প্রতি সংখ্যায় ১০
ফরমা অর্থাৎ ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচা
রিত হইবে। মূল্য ৷৷০ আনা। যাঁহারা গ্রাহক
শ্রেণীভুক্ত হইতে চাহেন, তাঁহারা আমার নামে
কলিকাতা ব্রাহ্ম সমাজে পত্র লিখিবেন। যিনি
শীঘ্র গ্রাহকদিগকে /০ এক আনা ডাকমাশুল
দিতে হইবে।

আশ্বিন
১২৭৫
ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
ডাঙ্গার বাড়ুর্য্যে ব্রাদার কোম্পানির দোকানে
মৎপ্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল্য	
গ্রীসইতিহাস	১	টাকা
রোমইতিহাস	১	ঐ
সুখবসার ব্যাকরণ	৷	আনা
নীতিসার (১ ম ভাগ)	৶	ঐ
নীতিসার (২ য় ভাগ)	৶	ঐ
প্রচারিত।		
মুগ্ধবোধ ব্যাকরণ	৸	ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণু পুরাণ।

অনুবাদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড
৮০ পৃষ্ঠা (অগ্রিমমূল্য) ৷৷০।
যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মুজাপুর
আমহর্ষ্টষ্ট ৩৪।১ নং ভবনে কাব্য
যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত বি
শ্রীযুক্ত জগমোহন তর্কালঙ্কারের নাম
খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন।
না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠ
নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহার
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নি
রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো
খনট এবং কো

—:০:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

ইংরাজী ব'ঙ্গালা পুস্তক কাগজ কলম
বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকা
/০ এক আনার হিসাবে কমিসন দি। ৩
টাকার পুস্তক লইলে /১০ আনার হি
পাইবেন।

শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয়
গদ্য ১৮ পর্ব্ব মহাভারত ১৭ খণ্ড ৩ ভাগে
সংযত করা

লণ্ডন ফারমা কোপিয়া অর্থাৎ ঔষ
বলি

মহাত্মদের জীবনচরিত উত্তম রূপ
হরঠাকুরপ্রভৃতি প্রাচীন কবিওয়া
গভীসং

সংস্

বি রক স্বাস্থ্যবিধান ১
য়প্রয়াগ উৎকৃষ্ট কাব্য ১ ·
শ্ব সম্বিদ দায়িনী ১॥
থ তরঙ্গিনী ১
নাথ ঘোষকৃত সংগীতমনোরঞ্জন ২
নামঙ্গল কাব্য কবিবর দ্বারকানাথ রায়
১
সরস্বতীর সংস্কৃত ও পদ্য ॥
তগোবিন্দ জয়দেব গোস্বামী প্রণীত মূল
নাথ নারায়ণকালিদত্ত গদ্য ১।·
তুক তরঙ্গিণী ইণ্ডাক্তি কেমেষ্ট্রি হইতে
আশ্চর্য্যজনক বিদ্যা দর্শন হয় ১৵
মুদ্রিত হইতে ১২৭৬ সালের ফুল পঞ্জিকা ॥
ঐ হাফ পঞ্জিকা ।·
ীমঙ্গল পদ্য ১
বলতারিণী ॥
ীক চণ্ডী মূল ও অনুবাদ সহিত ৫
স্তমঞ্জরী ইহাতে মিউটীনির বিষয়
রূপে বর্ণিত হইয়াছে ১·
ষ্ট্রেজ ১৮৬৯ সালের এষ্ট্রাক্সো কি ১॥৵
বীকুমার পদ্য আদিরসপ্রধান কাব্য ১
প্রের মোহিনী শক্তি ।৵
শচন্দ্র শর্ম্মাকৃত বঙ্গীয় ইতিহাস উত্তম
ও উত্তম কাগজে মুদ্রিত ৬
দবাবিবাহ নাটক ১
মিনীকুমার রসরঙ্গকরাখ্যাত নায়ক
ঘটিত সুরস কাব্য ৸·
বিকুণ্ঠনা কাব্য পণ্ডিত মোহন বন্দ্যোপা-
নীত হুগেশনন্দিনীর মত লেখা ১
সিন্ধু লহরী ২॥·
চিত্রাবলি ৩২খানি বাঙ্গালা মহাপ
২॥·
টীক চৈতন্যচরিতামৃতাগ্রন্থ ৭
ধনী নাটক আইনসংযুক্ত ২ খণ্ড
২
ধারণ পদ্য ১
তপদেশ বিষ্ণুশর্ম্মা সংগৃহীত ১
কাতা জোড়া- শ্রীপ্রতাপচন্দ্র রায়
৮২ নং নগদ বিক্রেতা।

সোমপ্রকাশ।

২৩ এ অগ্রহায়ণ সোমবার।

জমীদার ও প্রজা।

স্থায়ী বন্দোবস্তই প্রজার উন্নতি-
একমাত্র উপায়। সদাশয় ও
শালী লোকমাত্রে এ বিষয়ে
এবং

যত্নবান্ হন, বহুকালাবধি আমরা এই চেষ্টা পাইতেছি। সে দিন এক জন গণনীয় জমীদার আমাদিগের অগ্রে এই বিষয়ের প্রসঙ্গ তুলিয়া এই অভিপ্রায় প্রকাশ করিলেন, আমরা যে প্রস্তাব করিতেছি, তাহা যদি সুসাধ্য হয়, তিনি উহার অনুমোদন ও সম্পাদনবিষয়ে একান্ত যত্নবান্ হইবেন। তিনি স্পষ্টাক্ষরে কহিলেন, "এমন পামর কে আছে, যদি কয়েক ব্যক্তিমাত্রের অপকার হইয়া লক্ষ লক্ষ লোকের উপকার হয়, তাহাতে সাহায্যদান না করে?" এই কথা বলিয়া তিনি এই অপত্তি করিলেন, আমরা প্রজার সহিত স্থায়ী বন্দোবস্তের যে প্রস্তাব করিতেছি, তাহাতে জমীদারের সংখ্যা বৃদ্ধি করিবার চেষ্টা পাওয়া হইতেছে এইমাত্র বোধ কর, এখন এক জন প্রজা এক শত বিঘা ভূমির জোত করিতেছে, তাহার সহিত স্থায়ী বন্দোবস্ত হইল, সে আবার সেই ভূমি অধিক করে ধরাইল, তাহাতে প্রথম ব্যক্তি জমীদারস্থানীয় হইল এইমাত্র; আমরা যে অত্যাচারনিবারণ ও কৃষকগণের উন্নতিসাধন চেষ্টা পাইতেছি, তাহা সফল হইল না। তাঁহার এই বাক্য শ্রবণ করিয়া আমরা তাঁহার সংশয়চ্ছেদবিধান চেষ্টা পাইলাম; কিন্তু কত দূর কৃতকার্য্য হইলাম, বলিতে পারি না। বোধ হয়, অনেকের হৃদয়কন্দর এই প্রকার সংশয়তিমিরে আচ্ছন্ন হইয়া আছে। এই হেতু আজি আমরা এই প্রস্তাবের অবতারণায় প্রবৃত্ত হইয়াছি।

প্রজার প্রতি অত্যাচারনিবারণ ও তাহার উন্নতিলাভ ইহাই আমাদিগের কৃত চিরস্থায়ী বন্দোবস্তপ্রস্তাবের উদ্দেশ্য। যেরূপ বন্দোবস্ত করিলে সেই অভীষ্ট সিদ্ধ হয়, তাহা করাই কর্ত্তব্য। এরূপে কর, ওরূপে করিও না, এ কথা বলা আমাদিগের অভিপ্রেত নহে। যদি শস্যোৎপাদনব্যয় এবং জমীদার গবর্ণমেণ্টের প্রাপ্য ধরিয়া ভূমির উ স্রের সহিত মিলাইয়া লাভগণনা যায় এবং সেই লাভ গণনানুসারে বিঘায় নির্দ্দিষ্ট হারে স্থায়িরূপ খা ব্যবস্থা করা হয়, তাহা হইলেই স সমুদায় আপত্তির খণ্ডন হইতে প প্রতি বিঘায় স্থায়িরূপে নির্দ্দিষ্ট খ নার ব্যবস্থা থাকিলে যিনি যা ধরান, কিছুতেই তাহার হ্রাস বৃদ্ধি বার সম্ভাবনা নাই; আর আমরা অত্যাচারনিবারণ ও উন্নতির আশ করিতেছি, তাহাও সুসিদ্ধ হইয়া উ আমাকে এতাবন্মাত্র কর দিতে হ ইহার অধিক দিতে হইবে না, বুঝিতে পারিলে কোন্ প্রজা স্থায়ি ভূমির উন্নতিসাধনচেষ্টায় যত্ন না হইবে? যে যে জমীদারের স চিরস্থায়ী বন্দোবস্ত হইয়াছে, গবর্ণ যেমন তাঁহাদিগের নিকটে মাজনপ্র গ্রহণ করেন না, প্রজার সহিত বন্দোবস্ত হইলে জমীদারেরাও লইতে পারিবেন না।

পূর্ব্ব কালে ভারতবর্ষে হিন্দু জ রই আধিপত্য ছিল। হিন্দু রাজ সময়ে ভূমিতে রাজা ও প্রজা এ য়ের স্বত্বসম্বন্ধ বিবেচনা করিলে স্প বোধ হয়, ভূমিতে রাজা ও প্রজা এ য়ের ভিন্ন অন্যের স্বত্ব ছিল না। প্র যে স্বত্ব ছিল, সেটী স্থায়ী স্বত্ব; জ নামে এক স্বতন্ত্র শ্রেণী ছিল না। প্রজার নিকট হইতে ভূমির উৎ দ্বাদশ অষ্টম অথবা ষষ্ঠ ভাগ করিতেন, শাস্ত্রানুসারে ইহার অ গ্রহণ করিতে পারিতেন না। যদি হইল, জমীদারেরা এখন যেমন অধি করলোভে এক প্রজার হস্ত হইতে ছাড়াইয়া দ্বিতীয় প্রজাকে দেন, সেরূপ হইত না, সেটী স্পষ্টই বুঝা

হ। এই নিয়মদ্বারা সুস্পষ্ট প্রতীয়মান
তেছে, ভূমিতে প্রজার স্থায়ী স্বত্ব
, প্রজা রাজাকে নিয়মিত কর দান
রা পিতৃপিতামহাদিক্রমে এক ভূমি
কাল ভোগ করিতে পারিত। মনুতে
াদির দ্বাদশ অষ্টম ও ষষ্ঠ ভাগ
পর যে ব্যবস্থা আছে, সেটী রাজার
কৃত নয়। টীকাকার কুল্লুকভট্ট
ার এই মীমাংসা করিয়াছেন, ভূমির
র্ষ ও অপকর্ষ এবং কর্ষণাদিক্লেশের
ব ও গৌরব বিবেচনা করিয়া যত
াদিগ্রহণবিকল্প করা হইয়াছে।
আমরা যে বাক্যগুলি কহিলাম,
র প্রমাণ নিম্নে উদ্ধৃত হইল।

যথা কলেন যুজ্যেত
রাজা কর্ত্তা চ কর্ম্মণাং।
তথাবেক্ষ্য নৃপোরাষ্ট্রে
কল্পয়েৎ সততং করান্।

যাহাতে রাজা অবেক্ষণাদি কার্য্যের
কৃষ্যাদিপ্রবৃত্ত ব্যক্তিরা কৃষ্যাদি
ার ফলভাগী হন, সেইরূপে রাজা
ষ্ট্রে সতত করকল্পনা করিবেন।

যথাল্পাল্পমদন্ত্যাদ্যং
ার্ষ্যোকোবৎসষট্পদাঃ।
তথাল্পাল্পোগ্রহীতব্যো
াষ্ট্রাদ্রাজ্ঞাব্দিকঃ করঃ।

যেমন জলৌকা বৎস ও ভ্রমর অল্প
রক্ত ক্ষীর ও মধু পান করে,
সেইরূপ মূলচ্ছেদ না করিয়া
হইতে বার্ষিক কর গ্রহণ করিবেন।

পঞ্চাশদ্ভাগমাদেয়ো
রাজ্ঞা পশুহিরণ্যয়োঃ।
ধান্যানামষ্টমোভাগঃ
ষড়ো দ্বাদশএব বা।

রাজা মূল হইতে উৎপন্ন পশুহির
পঞ্চাশৎ ভাগ এবং ভূমির উৎকর্ষ
র্ষ ও কর্ষণাদিক্লেশের লাঘব
ব বিবেচনা করিয়া ধান্যের দ্বাদশ
অথবা ষষ্ঠ ভাগ গ্রহণ করিবেন।

রাজা রাজ্যরক্ষা ও কর সংগ্রহার্থ যে গ্রামপতি, বিংশতীশ, শতেশ, সহস্র পতিপ্রভৃতি রক্ষিতৃপুরুষ নিয়োজিত করিতেন, তাঁহারা ভৃত্য বলিয়াই নির্দ্দিষ্ট হইতেন; জমীদারস্থানীয় স্বতন্ত্র শ্রেণীর লোক ছিলেন না। ইহারও প্রমাণ উদ্ধৃত হইতেছে।

যানি রাজপ্রদেয়ানি
প্রত্যহং গ্রামবাসিভিঃ।
অন্নপানেন্ধনাদীনি
গ্রামিকস্তান্যবাপ্নুয়াৎ।

গ্রামবাসীরা বার্ষিক করভিন্ন রাজাকে, প্রতিদিন যে অন্ন পান কাষ্ঠাদি প্রদান করিত, গ্রামাধিপতি আপনার জীবিকার্থ তাহা গ্রহণ করিতেন। শতেশাদিরও বৃত্তির ঐরূপ ভিন্ন ভিন্ন ব্যবস্থা ছিল।

মনু এইরূপ গ্রামপতিপ্রভৃতির নিয়োগ ও তাঁহাদিগের বৃত্তিবিধানব্যবস্থা করিয়া শেষে লিখিয়াছেন।

রাজ্ঞোহি রক্ষাধিকৃতাঃ
পরস্বাদায়িনঃ শঠাঃ।
ভৃত্যাস্তবন্তি প্রায়েণ
তেভ্যোরক্ষেদিমাঃ প্রজাঃ।

যে হেতু যাহারা রাজার রক্ষাধিকৃত হয়, তাহারা প্রায়ই পরস্বগ্রহণশীল ও বঞ্চক হয়, অতএব তাহাদিগের হইতে রাজা নিত্য প্রজা রক্ষা করিবেন।

উপরে যেরূপ প্রদর্শিত হইল, তদ্দ্বারা স্পষ্ট প্রতীয়মান হইতেছে, সাক্ষাৎসম্বন্ধে প্রজার সহিত রাজার চিরস্থায়ী বন্দোবস্ত করা উচিত। কিন্তু বঙ্গদেশে আর এখন সেরূপ হইবার সম্ভাবনা নাই। গবর্ণমেণ্ট অত্রত্য জমিদারদিগের সহিত স্থায়ী বন্দোবস্ত করিয়া প্রতিজ্ঞাপাশে বদ্ধ হইয়াছেন। এখন ধর্ম্মজ্ঞ গবর্ণমেণ্টের তৎছেদন সাধ্যায়ত্ত নয়। এখানে জমীদারকে মধ্যে রাখিয়া প্রজার সহিত স্থায়ী বন্দোবস্ত করিতে হইবে। তবে যে যে স্থানে জমীদারের সহিত স্থায়ী বন্দোবস্ত নাই, তত্তৎ স্থানে প্রজার সহিত সাক্ষাৎ সম্বন্ধে স্থায়ী বন্দো
করাই কর্ত্তব্য। ব্রিটিশ গবর্ণমে
রাজার নিকটে যে রাজ্য গ্রহণ ক
ছেন, সেই রাজার সেই রাজ্যে যে
স্বত্ব ছিল, গবর্ণমেণ্টেরও সে
হওয়া বিধেয়। আমরা পূর্ব্বেই স
করিয়াছি, হিন্দু রাজার রাজ্যের
প্রজার ভূমিতে চির স্বত্ব ছিল।

—:০:—

দায়বিনিয়োগ (উইল)।

দুই বৎসরের অধিক কাল
ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট একটী গু
বিষয়ে সর্ব্বসাধারণের মতগ্রহণার্থী
য়াছিলেন। ১৮৬৫ অব্দের ১০ অ
হিন্দু, মুসলমান ও বৌদ্ধভিন্ন স
শ্রেণির লোকের উত্তরাধিকার ও
বিনিয়োগপত্রপ্রভৃতির ব্যবস্থা
হয়। ইংলণ্ডে সম্পত্তিবিভাগাদির
নিয়ম আছে, এই আইনে ভারতবর্ষ
ইংরাজদিগকে তাহার অনেকগুলি
মুক্ত করা হইয়াছে। এই আইনের (
রাধিকারের) যে অংশটীতে
বিনিয়োগাদি ব্যবস্থা আছে, সেই
গুলি ভারতবর্ষীয়দিগের বিষয়ে প্রচ
করা উচিত কি না, গবর্ণমেণ্ট
জানিবার অভিলাষী হন। তখন ১
অব্দের ১০ আইন নূতন প্রচলিত হ
ছিল; এই হেতু সর্ব্বসাধারণে গব
ণ্টের এ প্রশ্নের উত্তরদান করেন ন
লার্ড ক্রাণবোরণের মত জিজ্ঞ
করাতে তিনি তৎকালে উহা স্থ
রাখিতে বলেন। তৎপরে গবর্ণমেণ্ট
ভিন্ন স্থানীয় গবর্ণমেণ্ট, কমিসনর, বি
পতি এবং কয়েক জন এদেশীয়
লোকের মত জিজ্ঞাসা করেন। উহ
প্রায় সকলেই বলিয়াছেন, ইংরাজদি
দায়বিনিয়োগবিষয়ে যেসকল নি
প্রতিপালন করিতে হয়, তাহা ভা
দিগকেও তদধীনস্থ করা উচিত।

এখানে বহুকালাবধি মুসলমানদিগের
বিনিয়োগব্যবস্থা প্রচলিত আছে। কিন্তু
র অব্যবহিত পূর্ব্বে বাচনিক দায়বিনি
া করাই অনেকের অভ্যাস। রাজধানীর
টস্থ লোকেরাই কেবল লিখিত দায়
য়োগ করিয়া থাকেন। হিন্দুদিগের
সংক্রান্ত বিশেষ ব্যবহার ও বিশেষ
ম নাই বটে কিন্তু দায়বিনিয়োগ
য়ে নিষেধও নাই। বরং দায়ভাগ
যে অভিপ্রায় প্রকাশ করিয়া গিয়া
তাহাতে দায়বিনিয়োগ হিন্দু
কারদিগের অনুমোদিত ইহাই প্রতী
হয়। দায়ভাগকার বলেন, পিতা
কৃত ধন যাহাকে যাহা দিয়া যাই
তাহা সিদ্ধ হইবে। দানের বিষয়ে
তাঁহার ইচ্ছাকৃত বিনিয়োগ সিদ্ধ
অন্য বিষয়ে না হইবে কেন? অন্য
র বিনিয়োগ করিবার নিষেধও
। সে ক্ষমতা না থাকিলে পিতার
কৃত ধনের যথেষ্ট বিনিয়োগে যে
তামুখী প্রভুতা আছে, তাহার
াত জন্মে। দায়বিনিয়োগবিষয়
নানাপ্রকার মিথ্যা মকদ্দমা ও
কনাদিও ঘটিয়া থাকে। অতএব
৫ অব্দের ১০ আইনের দায়বিনিয়ো
ক্রান্ত নিয়মগুলি যাহাতে হিন্দু ও
মান সাধারণ্যে প্রচলিত হয়, তাহা
কর্ত্তব্য। তবে কোন কোন বিষয়ে
জদিগের প্রথার সহিত আমাদি
প্রথার বৈলক্ষণ্য হওয়া উচিত।
হ হইলে পূর্ব্বকার দায়বিনিয়োগ
া হইবে, এ নিয়মটী এদেশীয়দিগের
করা উচিত নহে; উভয় দেশের
হনিয়ম ভিন্নবিধ। অপর চির
র নিমিত্ত কোন দান বা বন্দোবস্ত
ল ইংলণ্ডে তাহা অগ্রাহ্য হয়,
আমাদিগের সমাজের যেপ্রকার
া, তাহাতে চির কালের নিমিত্ত
বস্ত করিবার ক্ষমতা দেওয়া
উচিত। দায়বিনিয়োগবিষয়ের সাক্ষ্য
গ্রহণ প্রভৃতির যে নিয়ম করা হইয়াছে,
তাহা আমাদিগের সম্পূর্ণ অনুমোদনীয়
হইতেছে।

— - —

আমাদিগের যুবকগণের
ব্যায়ামচর্চ্চা।

আমরা বারম্বার বলিতেছি, বাহ্য
আড়ম্বর আমাদিগের নব যুবকগণের
একটী মহৎ রোগ হইয়াছে। এই কারণে
আমরা এপর্য্যন্ত যাহাতে জগতের
উপকার হয়, এরূপ কোন কার্য্যসম্পাদনে
সমর্থ হইলাম না। আমাদিগের নিজের
উপকার হয়, এরূপ কার্য্যও আমাদিগের
দ্বারা অল্পই সাধিত হইতেছে। দর্শক
ও প্রশংসাকারীর সমাগমব্যতিরেকে
নব যুবকগণ কোন কার্য্যই উৎসাহসহ
কারে করিতে সমর্থ হন না। যে সাহস
ও অধ্যবসায়গুণে পূর্ব্বকার ইউরোপী
য়েরা আমেরিকার বন পরিষ্কৃত করিয়া
বন্যদিগের হস্ত হইতে আত্মরক্ষা করেন,
যে সাহস ও অধ্যবসায়গুণে জলমগ্ন
জাহাজের একমাত্র জীবিত ইউরোপীয়
নাবিক নির্জ্জন দ্বীপে শ্বাপদগণবেষ্টিত
হইয়াও আত্মরক্ষা সম্পাদন করেন,
সেই সাহস ও অধ্যবসায় আমাদিগের হয়,
এটী আমরা কায়মোনবাক্যে প্রার্থনা
করিয়া আসিতেছি। এই নিমিত্ত যখন
আমাদিগের কতকগুলি যুবক প্রথম
ব্যায়ামচর্চ্চার আরম্ভ করেন, তৎকালে
আমরা অতিশয় আহ্লাদিত হইয়াছি-
লাম। শারীরিক বল মানসিক তেজস্বি
তার প্রধান হেতু। ব্যায়ামের আশ্রয়
গ্রহণ ব্যতিরেকে শারীরিক বললাভ
দুর্ঘট। অতএব আমাদিগের যুবকগণ
প্রকৃত উপায়ই অবলম্বন করিয়াছিলেন।
কিন্তু আমরা দুঃখিত হইতেছি, পূর্ব্বা-
ঞ্চলের আম্রের ন্যায় আঁটি বিঁধিবামাত্র
কীট প্রবেশ করিয়াছে। যে আড়ম্বরপ্রি
রতা আমাদিগের পরম শত্রু, ব্যায়ামেও
তাহা লব্ধপ্রবেশ হইয়াছে।

যুবকগণ শারীরিক বলবৃদ্ধিচেষ্টায়
যত্নবান না হইয়া কৌশল শিক্ষার এ
সবিশেষ মনোযোগী হইয়াছেন,
কতর আক্ষেপের বিষয় এই, নৃত্য গী
ন্যায় বড়মানুষদিগের বাটীতে ব্যায়
"অভিনয়" ও হইতেছে। অ
"অভিনয়" শব্দটী প্রয়োগ করিল
কারণ ইহা এক প্রকার তামাসা দাঁ
তেছে। যাত্রা, পাঁচালি ও নাটকা
দলের ন্যায় ব্যায়ামেরও দল হইয়া
নৃত্যগীতকারী দল হইতে এ দেশে
কি অনিষ্টোৎপত্তি হইতেছে তাহা
রও অবিদিত নাই। এ দেশের গ
মাত্রেই প্রায় গেঁজেল ও মাতাল;
কীরা কতদূর সচ্চরিত্র তাহার প
দিবার প্রয়োজন নাই। ব্যায়াম
দলেও ঐসকল গুণের আবির্ভাব
য়াছে। গানবাদ্যশিক্ষা অন্য
দেশে শিক্ষাঙ্গ বলিয়া পরিগ
হয়; কিন্তু এ দেশে এটি অনি
কারণ হইয়া উঠে। যাহারা গান
শিখিতে যায়, তাহারা প্রায়ই মা
সেবী হয় বলিয়া পিতা মাতা সন্তা
গকে ঐ বিষয় শিখিতে দেন না। ব্য
শিক্ষাও যদি গান বাদ্যের ন্যায় অ
ষ্টের কারণ হইল; ইহার পর দুঃখের
আর কি আছে? অতএব আমরা
ভাবে যুবকদিগকে সতর্ক করিতে
তাঁহারা সদনুষ্ঠান করিয়াছেন; কি
সাবধান হইবেন, কলিকাতার অন্য
দলের ন্যায় "বড় মানুষের" মন র
করিবার নিমিত্ত ইহাকে যেন এ
তামাসার বিষয় করিয়া না তুলে
পূর্ব্ব কালে রোম ও গ্রীসে সর্ব্ব সাধ
পের সম্মুখে ব্যায়ামচর্চ্চা হইত; কি
তাহার সহিত ব্যক্তিবিশেষের বাটী
ব্যায়ামচর্চ্চা প্রদর্শনের তুলনা হই
পারে না। আমরা পুনরায় কহিতে
যুবকেরা যেন আপনাদিগের শিক্ষা

অবিদ্যার ন্যায় কতকগুলি অলস, াসক্তিয়, মাদকসেবী ধনী লোকের মোদের কারণ না করেন। আমরা াদিগকে আর একটী সৎপরামর্শ তছি। কেবল কাঠবিড়ালের ন্যায় ন প্রোলম্ফন প্রভৃতি শিখিলেই ামশিক্ষা সাঙ্গ হয় না। অশ্বারোহণ বাবাহন, মৃগয়াপ্রভৃতি শিক্ষা করা ন্তু আবশ্যক। যুবকেরা সেনাদলে শনিমিত্ত একান্ত অভিলাষী হইয়া-। এই উচ্চাশা অতিশয় প্রশংস । গবর্ণমেণ্টও অচির কালের মধ্যে মনোরথ পূর্ণ করিবেন সন্দেহ নাই। ত রুশীয় অথবা ফরাশী কামানের ধ তলবার হস্তে দণ্ডায়মান হইবার র্ব পূর্ব্বোক্তপ্রকার সাহসিক কার্য্য কা করা একান্ত কর্ত্তব্য।

—:০:—

গবর্ণমেণ্ট এবং ওহাবিগণ।

ক্রস সাহেব আবিসিনিয়ার ভ্রমণ ন্তব্যে লিখিয়াছেন, উক্ত দেশের সামারা এক কর্ণে মাকড়ি দেয়। ার কর্ণে একটীমাত্র মাকড়ি থাকে, ার বিষয়ে আবিসিনীয়দিগের সংস্কার রাত্রিকালে তাহারা দুমাবাঘ হইয়া ক। এই নিমিত্ত সকলে খানসামাদি অতিশয় ভয় করে। খানসামারাও াদিগের স্বার্থসাধনার্থ লোককে প্রদর্শন করিয়া অর্থ উপার্জ্জন করে। তবর্ষে এইপ্রকার একমাকড়িবি কতকগুলি দুমাবাঘ হইয়াছে। কে ইহাদিগকে ভয় করেন না; কিন্তু াদিগের গবর্ণমেণ্ট ইহাদিগের ন্ত বিব্রত হইয়াছেন।

সীতানার যুদ্ধের পর মৌলবী ম্মদ আলীপ্রভৃতি কয়েক জন ওহাবি পান। এই মকদ্দমায় প্রকাশ হয়, বাঙ্গালা, পাটনা ও পঞ্জাবের কির ল ওহাবিরা নিয়মিতরূপে কর আদায় করিয়া থাকে। ব্রিটিশ গবর্ণমেণ্টকে উন্মূলন করিবার উদ্দেশে এই টাকা সংগৃহীত হয়। অনেক লোকে ধর্ম্মযোদ্ধা হইবার অভিপ্রায়ে সোয়াতের আখুন্দের নিকটে গমন করিয়া থাকে। মধ্যে মধ্যে ওহাবি মৌলবীরা গবর্ণমেণ্টের বিরুদ্ধে বক্তৃতা করিয়া নানা স্থানে ভ্রমণ করিয়া থাকেন। ইহাদিগের ষড়যন্ত্রকারিতার প্রকার কি এবং কিসেই বা ইহারা দমনে থাকে, তাহার অনুসন্ধান হইতেছে। গবর্ণমেণ্ট স্থানীয় কর্ম্মচারিগণ ও পুলিষকে সতর্ক হইতে বলিয়াছেন। অনরব এইরূপ, কেবল ওহাবি মৌলবী নয়, স্থানে স্থানে দুই এক জন ব্রাহ্মণও বিদ্রোহঘোষণা করিতেছেন। গোপনে অনুসন্ধান হইতেছে; সকল বিষয় সংবাদ পত্রের গোচর হওয়া সম্ভাবিত নয়; কিন্তু আমরা এপর্য্যন্ত যত দূর জানিতে পারিয়াছি, তাহাতে এইমাত্র বলিতে পারা যায়, গবর্ণমেণ্ট কিঞ্চিৎ উদ্বিগ্ন হইয়াছেন।

আমরা উদ্বেগের কোন কারণ দেখিতেছি না। ওহাবিরা গণনায় অতি অল্প মাত্র। তাহাদিগের অধ্যবসায়ও তদ্রূপ। কেবল কয়েক জন ধূর্ত্ত মুখে আড়ম্বর করিয়া কিছু কিছু টাকা সংগ্রহ করিয়া আমোদ করিতেছে এইমাত্র। হিন্দুদিগের কথাই নাই। মুসলমানেরা ইহাদিগকে ধর্ম্মার্থ যুদ্ধে প্রবর্ত্তিত করিবার যে চেষ্টা পাইতেছেন, তাহা বিফল। তবে আলাহাবাদের পণ্ডিতের ন্যায় দুই এক জন ওহাবিদিগের অর্থ লইয়া ঘোষণা করিতে পারেন; কিন্তু তাহাতে হিন্দুর মনে বিকার জন্মিবার সম্ভাবনা নাই। ভদ্র মুসলমানমাত্রেই ওহাবি ঘৃণা করেন। মুসলমানজাতির অ শের সহিত ওহাবিদিগের আহার হয় নাই। অতএব মুসলমানমাত্রের প্রতি সন্দেহ করা অন্যায়। ওহাবিদিগের কি ক্ষমতা আছে? আরবদে নষ্টমস্তক হইয়া আছে। এ অ সোয়াতের আখুন্দ আছেন। তাঁহার ক্ষমতা কি? এই ব্যক্তি গরের ধনে আপনি আমোদ হেন। যাহা হউক, যখন ওহাবি প্রতি সন্দেহ জন্মিয়াছে, তখন ত গের প্রতি দৃষ্টি রাখা মন্দ নয়; গবর্ণমেণ্ট যেপ্রকার আড়ম্বর কি হেন, তাহাতে ওহাবিদিগকে অ প্রাধান্য দেওয়া হইতেছে। অধিক ভারতবর্ষীয় তাহাদিগের কোন সং জানেন না। গবর্ণমেণ্ট বিবেচনা কাজ না করিলে ইহারা আবিসিনি দুমাবাঘ হইয়া উঠিবে। প্রকাশ্য ইহাদিগের প্রতি উপেক্ষা করাই ক

—:০:—

মফস্বলের ফৌজদারী আদালতের সংস্কার করা কর্ত্তব্য।

আমরা মধ্যে মধ্যে মফস্বল দারী আদালতে যে প্রকার অ দেখিতে পাই, তাহাতে রূপে এরূপ ইচ্ছা হয় না যে, মফ ফৌজদারী আদালত আর দীর্ঘ অবিলুপ্ত থাকে। উহা রাখিয়া গব ণ্টের বহু অর্থব্যয়ে কেবল অযথ অধর্ম্ম ক্রয় করা হইতেছে। দেখিতে পাইতেছি, দিন দিন লো ফৌজদারী আদালতের প্রতি অ বৃদ্ধি হইতেছে। পুলিষ শান্তির প্রধান সাধন। পুলিষ না হইলে ক্রমে চলিবার সম্ভাবনা নাই। আমা পুলিষও উৎকৃষ্টাবস্থ নহে সংশোধন একান্ত আবশ্যক হইয়া আছে; কিন্তু এখন যেপ্রকার স্বতন্ত্র পু ও স্বতন্ত্র ফৌজদারী আদালতের ব আছে, এরূপ থাকিতে অন্যতর কা শ্রীবৃদ্ধি হইবার সম্ভাবনা নাই। উ একত্রসম্পাদন কর্ত্তব্য। সে এ

র, এখন এই প্রশ্নের উত্থাপন
মরা ইহার উত্তরস্থলে কহি-
পুলিষ কমিসনর ও ডিষ্ট্রিক্ট
পরিন্টেণ্ডেণ্টের স্থলে যোগ্য
ট ও যোগ্য ডেপুটি মাজিষ্ট্রেট
কে নিয়োজিত করা এবং ভাল
দেখিয়া পুলিষের অন্য অন্য কর্ম্ম
রা হউক। উহাঁদিগের যে কোন
দেওয়া হউক, তাহাতে আমাদি
আপত্তি নাই; আমরা ভাল কাজ
সুবিচার চাই এবং আত্মরক্ষা
এখন যেমন বড় ঘর দেখিয়া
মাঝে ডেপুটী মাজিষ্ট্রেট নিয়ো
করা হয়, তখন যেন সেরূপ না হয়।
হের সময়েই ঘর দেখা আবশ্যক
কাজের সময়ে তাহা দেখিবার
জন নাই। যিনি উপযুক্ত হইবেন,
কেই তত্তৎপদে নিয়োজিত করা
। পুলিষে উৎকৃষ্ট লোক নিয়োগ
উহার দোষসংশোধন ও উভয়ের
হইলে যে উপকার লাভ হইবে,
। কয়েক দিন হইল, তাহার পর্য
য়া করিয়াছি। পুলিষ কর্ম্মচারীরা
হলে গিয়া অপরাধের অনু
করিলে সূক্ষ্ম বিচার হইবার
সম্ভাবনা। ভাল লোকে যদি
ভদ্র ও সচ্চরিত্র লোক লইয়া
ান ও অপরাধের বিচার করেন
আপীলের ব্যবস্থা ও যে অনু
কারীর দোষ প্রকাশ হইবে,
পদচ্যুতি, পদাবনতিপ্রভৃতি
নিয়ম হয়, তাহা হইলে সুফল
না হইবে কেন?

কারণে এ প্রস্তাবের অবতারণা
ইয়াছে, তাহা এই--- হারীত অদ্য
১) কতকগুলি দ্রব্য চুরী করিল।
র্থ তাহা বাজারে নীত হইল। পুলি

; নামগুলি কল্পিত বটে, কিন্তু ঘটনাটী
র.

যের লোকে ধরিয়া চোরিত দ্রব্যসহ চোরকে অন্যতর মফস্বল আদালতে উপনীত করিল। যেসকল ব্যক্তি সাক্ষ্য দিল, তাহাদিগের বাক্য দ্বারা অপরাধির দোষ সপ্রমাণ হইল। কিন্তু কি আশ্চর্য্য! বিচার কালে ছুটী সরস্বতী আসিয়া বিচারপতির স্কন্ধে অধিষ্ঠিত হইলেন। সমুদায় ওলট পালট হইয়াগেল! চোরের স্বহস্ত লিখিত এক খানি চিঠী ছিল। ছুটী টাকা পক্ষবান্ হইয়া উড়াইয়া লইয়া গেল। মকদ্দমা ডিস্‌মিস হইল; চোর সহাস্যবদনে গৃহে প্রত্যাগমন করিল।

যে আদালতে এই প্রকার বিচার হয়, সে আদালত রাখা কি উচিত?

—:০:—

বাবু হরচন্দ্র ঘোষের মৃত্যু।

আমাদিগের দেশের গণনীয় লোকগুলি ক্রমে ক্রমে আমাদিগকে পরিত্যাগ করিয়া যাইতেছেন। বঙ্গদেশ এক একটী করিয়া ভূষণহারা হইতেছেন। কলিকাতার ছোট আদালতের তৃতীয় জজ বাবু হরচন্দ্র ঘোষ বৃহস্পতিবার রাত্রি ১০ টার সময় প্রাণত্যাগ করিয়াছেন। তিনি প্রথমে মুন্সেফ হন। তৎপরে নানা কাজ করিয়া কলিকাতায় দ্বিতীয় মাজিষ্ট্রেট ও তৎপরে ছোট আদালতের জজ হইয়াছিলেন। সকল বিষয়েই সতত তাঁহার সুখ্যাতি শুনা যাইত। কি ইউরোপীয় কি এদেশীয় সকলেই তাঁহার সদ্‌বিচারে সন্তুষ্ট হইতেন। এপর্য্যন্ত তাঁহার চরিত্রদোষ আমাদিগের শ্রুতিগোচর হয় নাই। সকলের সহিত অমায়িক ব্যবহার, শিষ্টাচার, অতিথিসৎকারপ্রভৃতি তাঁহার কয়েকটী বিশেষ গুণ ছিল। তিনি এমনি লোকপ্রিয় ছিলেন, শম্ভুনাথ পণ্ডিতের মৃত্যুর পর তাঁহার উপরে অনেকের দৃষ্টি নিপতিত হইয়াছিল। এপ্রকার লোকের মৃত্যু সাতিশয় শোচনীয় সন্দেহ নাই।

তাঁহার স্মরণার্থ কত কল্য ছোট
লত বন্ধ হইয়াছিল।

—:০:—

ভারতবর্ষের জেল ও তত্রত্য
অত্যাচার।

ভারতবর্ষে জেলের মধ্যে
সকল কাণ্ড হয়, তদ্‌ভান্ত
করিলে শরীর রোমাঞ্চিত
উঠে। এই লোমহর্ষণ ব্যাপার এ
পায় না, তাহার কারণ কি? স্থ
স্থানীয় কর্ম্মচারীরা পরস্পরের
গোপন করিয়া রাখেন। এদে
সমাচারপত্রে উহা প্রকাশ হইলে
র্ণমেণ্ট উহা গ্রাহ্য করেন না।
মেণ্ট ভাবেন "এতদ্দেশীয় স
দপত্রের কথা বিশ্বাসযোগ্য নহে।
জেলর অতি উপযুক্ত লোক;
হইতে এরূপ কাজ হইতে পারে না
যাহা হউক, গবর্ণমেণ্ট রিপোর্টে জে
যত প্রশংসা শ্রবণ করুন, কর্ম্মচারি
ও ইনস্পেক্টর জেনরল গুপ্ত বৃত্তান্ত এ
শিত দেখিয়া যতই আরক্তনয়ন হ
অদ্যাপি জেলের মধ্যে ভয়ঙ্কর প
অত্যাচার হইয়া থাকে। ভারতবর্ষে
এবং ইউরোপীয়েরা উহার অধিকাং
অনুষ্ঠান করেন, এই বলিয়া যে কিছু শে
পায়। সিক্সনিউস একখানি ইং
সংবাদ পত্র। তিনি বলেন, কর
জেলে মেথর কয়েদী না থাকাতে অ
ডাক্তর মটন কয়েক জন মুসলমান
পাইখানা পরিষ্কার করিতে বলে
এক ব্যক্তি অসম্মত হওয়াতে
তাহার পৃষ্ঠে ২৫ বেত মারিয়া
সপ্তাহ এক নির্জ্জন ক্ষুদ্র গৃহে বন্ধ ক
রাখেন। পুনর্ব্বার ঐ কাজ করি
বলাতে সে পুনর্ব্বার অস্বীকার করি
আবার ২৫ বেত ও এক সপ্তাহ নি
কারাবাস হইল। তৃতীয় বার অ
করা ও তৃতীয় বার অস্বীকার করা হ

র, এখন এই প্রশ্নের উত্থাপন
তমরা ইহার উত্তরস্থলে কহি-
পুলিষ কমিসনর ও ডিষ্ট্রিক্ট
পরিন্টেণ্ডেণ্টের স্থলে যোগ্য
ট ও যোগ্য ডেপুটি মাজিষ্ট্রেট
কে নিয়োজিত করা এবং তাল
দেখিয়া পুলিষের অন্য অন্য কর্ম্ম
রা হউক। উহাঁদিগের যে কোন
দেওয়া হউক, তাহাতে আমাদি
আপত্তি নাই; আমরা ভাল কাজ
সুবিচার চাই এবং আত্মরক্ষা
এখন যেমন বড় ঘর দেখিয়
মাঝে ডেপুটী মাজিষ্ট্রেট নিয়ো
করা হয়, তখন যেন সেরূপ না হয়।
হের সময়েই ঘর দেখা আবশ্যক
কাজের সময়ে তাহা দেখিবার
জন নাই। যিনি উপযুক্ত হইবেন,
কেই তত্তৎপদে নিয়োজিত করা
। পুলিষে উৎকৃষ্ট লোক নিয়োগ
উহার দোষসংশোধন ও উভয়ের
। হইলে যে উপকার লাভ হইবে,
া কয়েক দিন হইল, তাহার পর্য
না করিয়াছি। পুলিষ কর্ম্মচারীরা
স্থলে গিয়া অপরাধের অনু
করিলে সুক্ষম বিচার হইবার
সম্ভাবনা। ভাল লোকে যদি
ভদ্র ও সচ্চরিত্র লোক লইয়া
ধান ও অপরাধের বিচার করেন
আপীলের ব্যবস্থা ও যে অনু
কারীর দোষ প্রকাশ হইবে,
পদচ্যুতি, পদাবনতিপ্রভৃতি
নিয়ম হয়, তাহা হইলে সুক্ষম
না হইবে কেন?

কারণে এ প্রস্তাবের অবতারণা
ইয়াছে, তাহা এই--- হারীত অভি
১) কতকগুলি দ্রব্য চুরী করিল
র্থ তাহা বাজারে নীত হইল। পুলি

) নামগুলি কল্পিত বটে, কিন্তু ঘটনাটী
ত্য

ষের লোকে ধরিয়া চোরিত দ্রব্যসহ
চোরকে অন্যতর মফস্বল আদালতে উপ-
নীত করিল। যেসকল ব্যক্তি সাক্ষ্য দিল,
তাহাদিগের বাক্য দ্বারা অপরাধির দোষ
সপ্রমাণ হইল। কিন্তু কি আশ্চর্য্য!
বিচার কালে দুই সরস্বতী আসিয়া
বিচারপতির স্কন্ধে অধিষ্ঠিত হইলেন।
সমুদায় ওলট পালট হইয়াগেল! চোরের
স্বহস্ত লিখিত এক খানি চিঠী ছিল। দুটী
টাকা পক্ষবান্ হইয়া উড়াইয়া লইয়া
গেল। মকদ্দমা ডিস্‌মিস হইল; চোর
সহাস্যবদনে গৃহে প্রত্যাগমন করিল।

যে আদালতে এই প্রকার বিচার
হয়, সে আদালত রাখা কি উচিত?

—:০:—

বাবু হরচন্দ্র ঘোষের মৃত্যু।

আমাদিগের দেশের গণনীয় লোক-
গুলি ক্রমে ক্রমে আমাদিগকে পরি-
ত্যাগ করিয়া যাইতেছেন। বঙ্গদেশ এক
একটী করিয়া ভূষণহারা হইতেছেন।
কলিকাতার ছোট আদালতের তৃতীয়
জজ বাবু হরচন্দ্র ঘোষ বৃহস্পতিবার
রাত্রি ১০ টার সময় প্রাণত্যাগ করিয়া-
ছেন। তিনি প্রথমে মুন্সেফ হন। তৎ-
পরে নানা কাজ করিয়া কলিকাতায়
দ্বিতীয় মাজিষ্ট্রেট ও তৎপরে ছোট আদা
লতের জজ হইয়াছিলেন। সকল বিষ
য়েই সতত তাঁহার সুখ্যাতি শুনা যাইত।
কি ইউরোপীয় কি এদেশীয় সকলেই
তাঁহার সদ্‌বিচারে সন্তুষ্ট হইতেন।
এপর্য্যন্ত তাঁহার চরিত্রদোষ আমাদি
গের শ্রুতিগোচর হয় নাই। সকলের
সহিত অমায়িক ব্যবহার, শিষ্টাচার,
অতিথিসৎকারপ্রভৃতি তাঁহার কয়েকটী
বিশেষ গুণ ছিল। তিনি এমনি লোক-
প্রিয় ছিলেন, শম্ভুনাথ পণ্ডিতের মৃত্যুর
পর তাঁহার উপরে অনেকের দৃষ্টি নিপ-
তিত হইয়াছিল। এপ্রকার লোকের
মৃত্যু সাতিশয় শোচনীয় সন্দেহ নাই।
তাঁহার স্মরণার্থ শত কল্য ছোট
লত বন্ধ হইয়াছিল।

ভারতবর্ষের জেল ও তত্রত্য
অত্যাচার।

ভারতবর্ষে জেলের মধ্যে
সকল কাণ্ড হয়, তদ্‌ভান্ত
করিলে শরীর রোমাঞ্চিত
উঠে। এই লোমহর্ষণ ব্যাপার প্র
পায় না, তাহার কারণ কি? স্থ
স্থানীয় কর্ম্মচারীরা পরস্পরের
গোপন করিয়া রাখেন। এদে
সমাচারপত্রে উহা প্রকাশ হইলে
র্ণমেণ্ট উহা গ্রাহ্য করেন না।
মেণ্ট ভাবেন "এতদ্দেশীয় স
দপত্রের কথা বিশ্বাসযোগ্য নহে।
জেলর অতি উপযুক্ত লোক;
হইতে এরূপ কাজ হইতে পারে না
যাহা হউক, গবর্ণমেণ্ট রিপোর্টে জে
যত প্রশংসা শ্রবণ করুন, কর্ম্মচারি
ও ইনস্পেক্টর জেনরল গুপ্ত বৃত্তান্ত এ
শিত দেখিয়া যতই আরক্তনয়ন
অদ্যাপি জেলের মধ্যে ভয়ঙ্কর প
অত্যাচার হইয়া থাকে। ভারতবর্ষে
এবং ইউরোপীয়েরা উহার অধিকাং
অনুষ্ঠান করেন, এই বলিয়া যে কিছু খে
পায়। সিক্সনিউস একখানি ইং
সংবাদ পত্র। তিনি বলেন, কর
জেলে মেথর কয়েদী না থাকাতে অ
ডাক্তর মটন কয়েক জন মুসলমান
পাইখানা পরিষ্কার করিতে বলে
এক ব্যক্তি অসম্মত হওয়াতে
তাহার পৃষ্ঠে ২৫ বেত মারিয়া
সপ্তাহ এক নির্জ্জন ক্ষুদ্র গৃহে বদ্ধ ক
রাখেন। পুনর্ব্বার ঐ কাজ করি
বলাতে সে পুনর্ব্বার অস্বীকার করি
আবার ২৫ বেত ও এক সপ্তাহ নি
কারাবাস হইল। তৃতীয় বার অ
করা ও তৃতীয় বার অস্বীকার করা হ

নবার ২৫ বেতের এবং হতভাগা
রেদিকে বিষ্ঠার পাত্রে বন্ধন করিয়া
হার গাত্রে বিষ্ঠা দিবার অনুমতি
ইল। বিষ্ঠা মাখাইয়া তৎপরে তাহার
ডকের উপরে কলসি কলসি জল ঢালা
ইল।

এই ব্যক্তি বেতের যন্ত্রণা, কষ্ট ও
ঃক্ষোভে শীর্ণ ও রোগাক্রান্ত হইয়া
কঃায় হইয়া পড়িয়াছে। কি নিষ্ঠু-
তা! কি নিষ্ঠুরতা! যাহার সামান্য
াধশক্তি আছে সে ব্যক্তিও এমন
জ করে না। ভারতবর্ষে ত জাত্যভি-
ন প্রবল; যেখানে জাতিভেদ নাই,
খানে পদেরও অভিমান আছে।
াধ কর, এক জন ভদ্র ইংরাজ কোন
পরাধে কয়েদ হইয়াছেন, জেলের
াক্ষ তাঁহাকে মেথরের কাজ করিতে
লেন, তিনি কি তাহা করিবেন?
র্ণমেণ্ট কি ইহাকে চরিত্র সংশোধন
ন করেন? মেথরের কাজ মুসলমান
লে তাহার জাতিনাশ হয়, এ কথা
আমাদিগের সভ্য গবর্ণমেণ্টের বিবে
যোগ্য ও গ্রাহ্য হইবে না? সর জন
ল এই জেলঅধ্যক্ষের কি দণ্ডবি
করেন আমরা তদ্দর্শনার্থী হইয়া
ীক্ষা করিয়া রহিলাম। তিনি নিশ্চয়
নবেন, এইপ্রকার গর্ব্বিত ও উদ্ধত
চারী হইতেই অনেক সময়ে অনেক
দ উপস্থিত হয়।

ক্রিয়ানুষ্ঠান।

আমরা পূর্ব্ব পূর্ব্ব পত্রে প্রতিপন্ন
াছিলাম, মনুষ্যপ্রণীত কতকগুলি
াবিশেষের অনুষ্ঠানই জগতে ধর্ম্ম
া আদৃত হইয়াছে। তাহাতেই
ত এত ধর্ম্মভেদ দৃষ্ট হইতেছে এবং
জন ধর্ম্মনীতিবন্ধন শ্লথ হইয়াগি
এবং প্রকৃত ধর্ম্ম যে অদ্বিতীয়
ঈশ্বরের উপাসনা ও তাঁহার প্রতি ভক্তি শ্রদ্ধা তাহার বহু ব্যতিক্রম ঘটিয়াছে। আমরা দেখিলাম, কোন কোন সমাচার পত্রসম্পাদক আমাদিগের অভিপ্রায় সম্যক্ হৃদয়ঙ্গম করিতে পারেন নাই। তাঁহারা ধর্ম্মনীতির বিষয় যে পরোপকারাদি ও ধর্ম্মের বিষয় যে ঈশ্বরোপাসনা এ উভয়ের অভেদ করিয়া উভয়কেই ধর্ম্ম সংক্রান্ত ক্রিয়ানুষ্ঠান বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। এ উভয়ের মহৎ অন্তর। পরোপকার আমাদিগের কর্ত্তব্য; কিন্তু অসঙ্গতি ও অন্য অন্য কারণে যদি আমরা তৎ সম্পাদনে অশক্ত হই, আমরা পাপী হইব না। পক্ষান্তরে যদি ঈশ্বরোপাসনা না করি, পাপী হইব। ধর্ম্মনীতিবিষয়েরও কতকগুলি এরূপ আছে, তাহার অকরণে অথবা অন্যথাচরণে পাপী হইতে হয়। আমরা যদি চৌর্য্যাদি কার্য্যে রত হই, অথবা সত্য বাক্যের অন্যথাচরণ করি, পাপী ও দণ্ডনীয় হইব। এপ্রকার ক্রিয়ানুষ্ঠানের প্রতিবাদ করা আমাদিগের অভিপ্রেত নহে। জলসংস্কার, মনুষ্যের আশ্রয়গ্রহণ করিয়া মুক্তিলাভের চেষ্টা, মনুষ্যপূজা ও ত্বক্ ছেদাদি ক্রিয়ানুষ্ঠনই আমাদিগের বিদ্বিষ্ট। ঐসকল অনুষ্ঠান অনিষ্টের মূল। উহা হইতেই উপধর্ম্ম প্রাদুর্ভূত হইয়াছে। উহা হইতেই জগতে ধর্ম্মভেদ হইয়া জাতিবৈরপ্রভৃতি প্রসূত হইয়াছে। যাঁহারা কেশবচন্দ্র ব্রহ্মানন্দকে, যাহারা খৃষ্টকে, আর যাহারা রাম ও কৃষ্ণকে মুক্তির সোপান ও ঈশ্বরাবতার বলিয়া বিবেচনা করেন, উপধর্ম্ম সম্বন্ধে তাঁহাদিগের পরস্পরের যে কি প্রভেদ আছে, আমরা তাহা বুঝিতে পারি না। যে ঈশ্বরের যাবতীয় কার্য্যে পরম ঔদার্য্য লক্ষিত হইতেছে, ব্যক্তিবিশেষের আশ্রয় গ্রহণব্যতিরেকে মুক্তিলাভ হইবে না, তিনি যে এই বিধান করিবেন, এটা নিতান্ত অনুদারের ক
একত্র হইয়া উপাসনা না
প্রীতিলাভ হয় না, যদি কা
সংস্কার থাকে, তাহাও নি
দার্ঘানুষিত সন্দেহ নাই।
দায় কাণ্ড বিশাল ও প্রশস্ত
শস্ত বিধান যে তাঁহার
হইবে, তাহা কোন ক্রমেই সম্ভা
তাঁহার উপাসনার স্থান, ক্ষ
কাল, পাত্র ইহার কোন নিয়ম
তাঁহার অদ্ভুত সৃষ্টির বিষয় পর্য্য
করিয়া যখন ভাবোদয় হইবে,
তাঁহার আরাধনা করিতে হইবে
জনে একত্র হইয়া ঈশ্বরের উ
করিলে অমোঘ হয়। যাঁহার
আনন্দ অনুভবনিমিত্ত একত্র উ
করিতে চান করুন, তাহাতে
নাই। কিন্তু যাঁহারা পাঁচ জনে
হইয়া উপাসনা না করিলে উপাসন
হয় না এই প্রকার বিবেচনা করেন
যেসকল ব্যক্তি ঐপ্রকার উপ
সম্মত না হন, তাহাদিগের দণ্ড
উদ্যত হন, তাঁহাদিগের তুল্য ভ্রা
নাই। দণ্ডভয়প্রদর্শনদ্বারা অস
সভা, তাহাকে সাধু এবং অধা
ধার্ম্মিক করিবার চেষ্টার তুল্য
আর নাই।

নূতন পুস্তক।

কাশীর মহারাজার সভা পণ্ডিত
নিবাসী শ্রীযুক্ত তারাচরণ শর্ম্মা
সঙ্কলন
ন্যায়
যাঁহারা স্বল্পকালে ন্যা
বিষয় গুলি জানিবার বাসনা
দিগের পক্ষে এখানি উপকার
২। রাধা
নি ও উক্ত সুধী

চরিতে আদ্যোপান্ত জীবন বর্ণিত হইয়া থাকে, এন্থ গ্রন্থরচনা করেন নাই। ন সংস্কৃত কবিদিগের রীতি রিয়া ইহার প্রণয়ন করিয়া কোতার প্রসিদ্ধ রাজা রাধা- যে প্রকার সচ্চরিত্র ও ধার্ম্মিক এবং তাঁহার বিয়োগে হিন্দুধর্ম্মের হইয়াছে, এই সকল নানা ছন্দে ইয়াছে। গ্রন্থকার ইহাতে আপ বিত্ত শক্তির বিলক্ষণ পরিচয় দিয়া

১। এইচ, টি কোলব্রুক সাহেব দায়ভাগের ইংরাজী অনু- হাই কোর্টের উকীল শ্রীযুক্ত শচন্দ্র তর্কালঙ্কার পরিশিষ্টের এখানি মুদ্রিত ও প্রচারিত করিয়া আইন ব্যবসায়ী ইংরাজীজ্ঞ ব্যক্তি র পক্ষে এখানি বিশেষ উপকারক । এখানি অতিউৎকৃষ্ট কাগজে অক্ষরে সুন্দররূপে মুদ্রিত হই- ।

৪। হিন্দুমহিলা নাটক। শ্রীবিপিন ন সেনগুপ্তপ্রণীত। ইহা হিন্দু গণের বর্ত্তমান হীনাবস্থাজ্ঞাপক ব্য। ইহার গল্পটী এই। কুপুর পারাম রায়নামক এক গৃহস্থের ার ও বসন্তকুমার নামক দুইটী সুমতি ও গোলাপী নাম্নী দুটী কন্যা ছিল। প্রসন্নকুমার পুত্র ায় দ্বিতীয় দারপরিগ্রহ করেন দেশীয় প্রথানুসারে অল্প বয়সেই কুমারের বিবাহ হয়। নটবর বন্দ্যো ায়নামক এক জন প্রতিবেশী ব্রাহ্মণের মনোরথনাম্নী একটী কন্যার অশীতি বর্ষাধিক ট বরপাত্রের সহিত বিবাহো- সর ঘরে এবং বসন্তকুমারের স্ত্রীর রজোদর্শন উপলক্ষে কাদার সময় স্ত্রীগণের নির্লজ্জ ব্যবহার; প্রসন্নকুমারের স্ত্রীদ্বয়ের পরস্পর সাপত্ন্য ব্যবহার ও কোন্দল; প্রসন্নকুমারের দ্বিতীয় স্ত্রী শশীমুখীর শ্বশ্রূ ও ননান্দৃদিগের সহিত দুর্ব্ব্যবহার; বসন্তকুমারের স্ত্রীর অল্প বয়সে গর্ভধারণ ও ভূমিষ্ঠ হইবামাত্র সন্তানের মৃত্যু, গণক ও সন্ন্যাসিদ্বারা স্ত্রীদিগের অদৃষ্ট ও স্বামিসমাগমগণনা, হর নাপতিনীর নিকট শশিমুখী ও নিস্তারিণীর স্বামি বশীকরণ ঔষধগ্রহণ; স্বামিসুখে বঞ্চিত হইয়া কামিনীনাম্নী একটী প্রতিবেশী কুলীনকন্যার গৃহ- ত্যাগ ও সোণাগাজিতে অবস্থান এবং তথায় তৎস্বামিসমাগম; প্রসন্নকুমারের প্রথম স্ত্রীর গর্ভজাত শিশু সন্তানের পীড়া উপলক্ষে স্ত্রীদিগের ওঝাদ্বারা ডান ঝাড়ান; হর নাপতিনীর সাহায্যে কৃপারামের কনিষ্ঠা বিধবা কন্যা গোলা- পীর গৃহত্যাগ; প্রসন্নকুমারের পুত্রের মৃত্যু ও তৎ স্ত্রীর গলদেশে ক্ষুরপ্রদান এবং এই উপলক্ষে প্রসন্নকুমারের সস্ত্রীক বরুণাবাদে মাজিষ্ট্রেটের কাছারী গমন- প্রভৃতি বর্ণনায় গ্রন্থ শেষ হইয়াছে খানি যে উদ্দেশে প্রণীত হইয়াছে, সুসিদ্ধ হইয়াছে। ইহাতে এ স্ত্রীলোকদিগের অবস্থাসূচক ব রাদি সুন্দররূপে বর্ণিত হইয়াছে।

। সীতার বনবাস। শ্রীযুক্ত রাসবি- হারী মুখোপাধ্যায় বাঙ্গালা পদ্যে ইহার প্রনয়ন করিয়াছেন। পদ্যগুলি মন্দ হয় নাই। ঢাকাসুলভযন্ত্রে মুদ্রিত ও প্রচারিত ইইয়াছে।

৬। নীতি পুষ্পাঞ্জলি। এখানি শ্রীযুক্ত লোহারাম শিরোরত্ন প্রণীত. দ্বিতীয়বার সংস্কৃত। ইহাতে কতকগুলি নীতিবিষয় পদ্যে রচিত হইয়াছে। পদ্যগুলি কিরূপ হইয়াছে, তাহা পাঠকগণ স্বয়ংই পরীক্ষা করুন। আমরা কয়েকটী কবিতা নি উদ্ধৃত করিয়া দিলাম।

সৌভ্রাত্র।

একজাতি তরুবরে, একজাতি ফল ধ
রূপে গুণে নহে অন্য ভাব,
খনিজাত মণি যত, পরস্পর একমত
সহজে না হয় ভেদ ভাব,
এক গর্ভে জন্ম হয়, একভাবে সবে র
সেইরূপ সহোদরগণে,
এই হেতু নিরন্তর, একভাব পরস্পর,
হবে, সব এই ভাবে মনে;
হলে তার বিপরীত সবে ভাবে বিপ
কুরীতি বলিয়া, লোকে ঘো
সহোদরে ভিন্ন ভাব, এটি বড় কুস্বভা
স্বভাব-বিরুদ্ধ বলি দোষে।
স্বজনে শত্রুতা যার, অপরে মিত্রতা
কখনই নহে সম্ভাবিত;
এই কথা মনে করে, নাহি ভাল-বাসে প
ঘৃণা করে অপরে নিশ্চিত।
সোদরের স্নেহ রসে, না যার অন্তর র
অরোমঞ্চ হৃদয় সে জন,
মনুষ্যত্ব নাহি তার, সেই পশু নরাকা
স্নেহশূন্য যথা পশুগণ।
ভাই ভগ্নীগণ যত, যদি রয় একমত,
সবসুখ নিবাসে তথায়;
তাহার বিরল ভাবে, এ ভারত দীন
আছে মাত্র নির্জ্জীবের প্রায়।
যত মাতৃভূমি-সুত, হইলে সৌভ্রাতৃ
দেশের উজ্জ্বল হয় মুখ,
সৌভাগ্যশশির করে, ক্লেশতমোরাশি
পরস্পরে পায় বহুসুখ।

বিবিধসংবাদ।

১৬ই অগ্রহায়ণ সোমবার।

অদ্য বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা প পরীক্ষা আরম্ভ হইয়াছে।

এরূপ জনশ্রুতি নাগপুরের রাজা- গের এক জন উচ্চতর কর্ম্মচারী তহবিল ত করাতে তাঁহার চাবুকের অনুসন্ধান করা হ নিয়মবহির্ভূত প্রবেশের দশাই এই। কাগজে সুখ্যাতি হইলেই হইল।

লক্ষ্ণৌয়ে টাকায় ২ সের গম বিক্রী ভেছে।

পঞ্জাব গবর্ণমেণ্ট সম্প্রতি এক আজ্ঞা দিয়াছেন। ফাঁসীর আজ্ঞা হইলে রাধী যে কয়েক দিন জীবিত থাকে, সে দিন তাহার খোরাকিস্বরূপ প্রত্যহ এক দিবার নিয়ম আছে। শেষ কয়েক দিবস করিয়া আহার করান ইহার উদ্দেশ্য।

কট মৃত্যু জানিলে লোকের সহজেই অরুচি
র। জেলের মিয়মিত খাদ্য এ অবস্থায় ভাল
াগে না। ইহাতে ব্যয়ও অধিক পড়ে না;
চরাচর অপরাধীরা আট দশ আনার খাদ্য
াহার করে। কিন্তু পবলিক ওপিনিয়ন বলেন,
ভাব গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন এই অতি
ক্ত ব্যয় করা হইবে না।

নিয়মবহির্ভূত কর্ম্মচারীদিগের সুবিচার ও
রপরতার আর এক দৃষ্টান্ত পাওয়া গিয়াছে
ঠকদিগের স্মরণ থাকিতে পারে কড়িখাঁ
মক এক জন সীমাস্থিত সর্দ্দার লেপ্টনণ্ট গ্রে
মক এক জন ডেপুটী কমিসনরকে ধৃত করিয়া
য়া গিয়াছিলেন। সেখানে তাঁহার প্রতি
থোচিত সম্মান প্রদর্শন করা হয়। লেপ্টনণ্ট
ক্তিলাভ করিয়া কড়িখাঁকে রুদ্ধ করেন।
ার বলিতেছেন, লেপ্টনণ্ট গ্রে স্পষ্টাক্ষরে
ীকার করিয়াছিলেন; সর্দ্দার যদি তাঁহাকে
ড়িয়া দেন, তাহা হইলে তিনি তাঁহার বিরুদ্ধে
ন কাজ করিবেন না। প্রধান বিচারালয়ে
বিষয়ের যখন অনুসন্ধান হয়, লেপ্টনাণ্ট গ্রে
ারের এক সাক্ষীর জবানবন্দি না হয় এই
দ্দেশে তাহাকে আদালত হইতে ধৃত করিয়া
য়া গিয়াছেন। এপর্য্যন্ত কোন চূড়ান্ত আজ্ঞা
নাই। যাহাহউক, সৈনিক বিচারপতির
র্য্য অতিশয় দুষণীয় বোধ হইতেছে। তিনি
বয়াছিলেন, এতদ্দেশীয়দিগের সহিত যে
ক হয়, তাহা ভঙ্গ করিলে দোষ নাই।

মহম্মদবক্সনামক কলিকাতার ডাকঘরের
জন পেয়াদা রেজিষ্টরি পত্র হইতে নোট
করাতে তাহার পাঁচ বৎসর মিয়াদ হই
ছে: ডাকের পেয়াদারা অতিশয় ধূর্ত্ত; উহাদি
অনেকে দরিদ্র, মূর্খ ও স্ত্রীলোকদিগের
টে নিয়মিত মাসুল থাকিলেও প্রতিপত্রে
পয়সা করিয়া লয়। রেজিষ্টরি পত্র হইলে
সিস্ যেন অগ্রে চাহা হইয়াছে।

নয়নসিংহ বলিয়া কুমাউনে যে ব্যক্তিকে
ক বৎসর জেলে রাখা হয়, তাহার আপীল
ত্তি আগরার প্রধানতম বিচারালয়ে
স্তি হইয়াছে। এ ব্যক্তি যে নয়নসিংহ নহে,
প্রকৃত নয়নসিংহ দ্বীপান্তরিত হইয়া
ত্যাগ করিয়াছে, তাহার স্পষ্ট প্রমাণ হইয়া
। তথাপি কুমাউনের ডেপুটি কমিসনর
ল রামসে তাহাকে ছাড়েন নাই এবং
ল কুকসন তাহার দণ্ডবিধান করিয়াছি
। প্রথমতঃ এই মকদ্দমা সিবিলিয়ান কল
সাহেবের নিকটে হয়। তিনি এ ব্যক্তিকে
নিরপরাধ জানিতে পারিয়া মুক্ত করিবার
মানস করিয়াছিলেন। কিন্তু শীঘ্র বদলী হও
য়াতে পারেন নাই। কর্ণেল রামসে আসিবা
মাত্র উহার পরিবর্ত্ত হইয়া গেল। কতক জন
আমলার চক্রান্তে এই ব্যক্তি এত কষ্ট পাইল।
প্রধানতম বিচারালয় আপীল নিষ্পত্তি করিবার
সময়ে সৈনিক বিচারপতিদিগের প্রতি বিশেষ
দোষারোপ করিয়াছেন। এইসকল লোক কেবল
সেনাদলে থাকিলেই ভাল হয়।

গত শনিবার নূতন বিবাহের বিলের
আপত্তি খণ্ডন করিবার সময়ে মেইন সাহেব
বলিয়াছেন, আমাদিগের প্রজাগণকে আমরা
স্বাধীনতা দিতে চাহি; কিন্তু তাঁহারা সেই উপ
কার বুঝিতে না পারিয়া কেবল কুতর্ক করিয়া
ধর্ম্ম ও দেশাচার ধরিয়া গোলযোগ করিতে
ছেন। "আমাদিগের প্রজাগণ" একথা গব
র্ণমেণ্টের এক জন এই প্রথম বলিলেন। মেইন
সাহেব যে স্বাধীনতা দিতে চান, জগদীশ্বর
আমাদিগকে তাহা হইতে রক্ষা করুন।

অনরেবল আসলি ইডেন সাহেব কলিকা
তায় উপনীত হইয়া স্বীয় কার্য্যভার গ্রহণ করি
য়াছেন। ডাম্পিয়ের সাহেব অতিরিক্ত সেক্রেটা
রি ও ষ্টুয়ার্ট বেলি সাহেব মফস্বলের এক জন
জজ হইতেছেন। এরূপ জনশ্রুতি ইডেন
সাহেব শীঘ্র ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের এক জন
সেক্রেটারি হইবেন।

আমরা শ্রবণ করিলাম ডাকঘরসমূহের এক
জন সহকারী ডিরেক্টর জেনরল হইবেন। এপ
দের কোন প্রয়োজন দেখা যাইতেছে না।

বঙ্গদেশের পবলিকওয়ার্কবিভাগের প্রধান
আকাউণ্ট আফিসে ডোমন খাঁনামক এক
ব্যক্তি ৩৩ বৎসর ছয়মাস জমাদারের কাজ
করাতে গবর্ণর জেনরল তাহাবেদয়া ভাবিয়া
মাসিক ৩ টাকা পেন্সন দিবার অনুবোধ করেন।
সর জন লরেন্স আরও প্রস্তাব করিয়াছিলেন,
দশ টাকার নীচের যত ভৃত্য আছে ৩৫ বৎসর
কাজ করিয়া শারীরিক অসামর্থ্যনিবন্ধন পদ
ত্যাগ করিলে তাহাদিগকে মাসিক ৪ টাকা
পেন্সন দেওয়া কর্ত্তব্য। সর ষ্টাফোর্ড নার্থ কোট
উভয় প্রস্তাবে সম্মত হইয়াছেন।

পিয়নিয়র শ্রবণ করিয়াছেন, বারাকপুরের
কাণ্টোনমেণ্ট মাজিষ্টেট মেজর বরণ থারতাজার
রাজার সম্পত্তির তত্ত্বাবধায়ক হইবেন। এটী
একপ্রকার শুভ সংবাদ। তাহা হইলে বারাক
পুরের সীমাস্থিত লোকেরা সুবিচার প্রাপ্ত হন।
এ ব্যক্তি দেশীয় ভাষা জানেন না; আইনেও
অজ্ঞ।

কলিকাতার অন্তর্গ
বৃদ্ধা স্ত্রীলোককে এক
বধ করিয়া তাহার অর্থে
য়াছে। করণার অনুসন্ধ
যেমত হইয়া থাকে হত
নাই।

ডেলিনিউস অবগত
হবাজার বিভাগের
ইউনান সাহেব অনু
বিভাগের অধ্যক্ষ
নিউস যথার্থ বলিয়াছে
মধ্যে যে কয়েকটী হত্যা
ধরা পড়িল না। ইনি অ
অনুসন্ধানের সময়ে কখ
এমন অনুপযুক্ত লোককে
বিভাগের প্রধান করা

দুই এ, মেত্তিস সা
ত প্রধানতম বিচারালয়ে
ইনি নীলামকারী মে
ইহাঁর আর এক আজ্ঞা
কলিকাতায় সর্দ্দশুদ্ধ ত্রি
হইলেন।

অমৃতবাজার পত্রিকা
জ্বর হইতেছে। জ্বর যে
আমাদের পূর্ব্বে বিশ্বাস ছি
আমাদের সে ভ্রমটী গিয়া
পড়িয়াছে। ইহার উপা
যায় না। গবর্ণমেণ্ট কি ক
জন নেটিব ডাক্তার আ
ইয়া দিতে পারেন। কিন্তু
কুইনাইনও মানেনা, ডাক্
৩ বৎসর হইল, যে জ্বর
এবার কার জ্বর, তাহা
গত ফাল্গুন চৈত্র মাসে ও
লার বিস্তর লোক মরিয়া
যাতে ও এক্ষণে জ্বর অ
ধরের এদেশসম্বন্ধে কি

ঢাকাপ্রকাশ বলেন,
মেলাতে যেসকল কাইয়
গ্র্যাদি ক্রয় বিক্রয় করি
রক্ষণাবেক্ষণজন্য গবর্ণমে
হইয়াছে; তথাপি দস্যুভ
গিরিধারী শীকারিবাদীর
লইয়া ১০ ই নবেম্বর সম
ষ্টেশনের অন্তঃপাতী দাউ
দিকে কীর্ত্তিনাশা নদী দি

অকস্মাৎ প্রায় ২০ জন
যোগে আসিয়া বাদীর
৪৬৭৷৷০ আনা মূল্যের
পূর্ব্বক কাড়িয়া লইয়া
র সব ইনস্পেক্টর ও ইন
টাপাধ্যায় তদন্তে নিযুক্ত
হওয়ার সম্ভাবনা নাই।"
য়ণ মঙ্গলবার।

বৃত্তান্ত প্রকাশিত হই
বৃক্ষ পড়িয়া গিয়াছে।
এককালে রাস্তার উপরে
এক ধান্যক্ষেত্রে আছে।
ও গাদা বোট বিনষ্ট হই
ত হইয়াছে যে, পথ চলা
দুর স্থির হইয়াছে তাহাতে
মৃত্যু হইয়াছে দেখা যাই
ক ক্ষতি হইয়াছে। এই
ননামক এক জন ইংরাজ
করিয়াও জাহাজ হইতে
কে তীরে আনয়ন করিয়া

ক যে ব্যক্তি করেন্সি আফি
টাকার নোট লইয়া প্রেমারা
ন, গত কল্য বিচারপতি
ন পরিশ্রমের সহিত দুই
ছেন। এ ব্যক্তির পূর্ব্বসঞ্চয়
লঘু দণ্ড হইয়াছে। এডো
চার তাহাকে প্রবৃত্তি দিয়া
সর জেলে থাকিতে হইবে।
ক্টাকরের ১৮ মাস করিয়া

জের হস্তে বিস্তর কাজ
জন অতিরিক্ত জজ প্রেরণ
ছে।

আর এক জন "ভদ্র"
এক দৃষ্টান্ত প্রদর্শন করিয়া
নামক এক ব্যক্তি আপ
পরিচয় দিয়া রেঙ্গুণ হইতে
করিয়া সিঙ্গাপুরে পলায়ন
সে নাম পরিবর্ত্ত করিয়া
সস্তান এবং রেঙ্গুণের এক
র বিস্তর সম্পত্তি আছে।
টাকা কর্জ্জ করিয়াছে।
ানিয়াছেন. এ ব্যক্তি জুয়া
করিয়াছেন সন্দেহ নাই।
ংখ্যা আরও বৃদ্ধি হইবে।

হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় কমিসরিএট বিভা
গের কর্ণেল ওয়ালটনের নাম জাল করিয়া
৭০০০ টাকা চুরি করাতে তাহার দুই বৎসর
মিয়াদ হইয়াছে।

কলবিননামক কাছাড়ের এক জন
চা-কর এক জন কুলিকে প্রহার করাতে
তাহার মৃত্যু হয়। জুরি সামান্য আঘাতের অপ
রাধে দোষী বলাতে বিচারপতি ফিয়ার এক
বৎসর মাত্র মিয়াদ দিয়াছেন। তথাপি কসাই
টোলার জুরির কতক উন্নতি হইয়াছে বলিতে
হইবে। বিনা দণ্ডে অব্যাহতি দেন নাই।

বোম্বাইয়ের প্রধানতম বিচারালয়ের জজ
সর জোসেফ আর্ণল্ড্ পদত্যাগ করিতেছেন।
এমত জনশ্রুতি, সর বার্ণেস পিককও শীঘ্র
পদত্যাগ করিবেন। তাহা হইলে সর ওয়ালটর
মর্গাণ কলিকাতার ও বিচারপতি ফিয়ার উত্তর
পশ্চিমাঞ্চলের প্রধানতম বিচারালয়ের প্রধান
বিচারপতি হইবেন।

বৃহস্পরিবার বেলা ৪ ঘটিকার সময়ে গবর্ণর
জেনরলের বাটীতে দরবার হইবে।

পঞ্জাবের কষ্ট দিন দিন বৃদ্ধি হইতেছে। হুশি
য়ারপুর হিসারপ্রভৃতি স্থানে কেবল দুর্ভিক্ষ
নহে পীড়াও হইয়াছে। গুরগাঁতে দুর্ভিক্ষপীড়িত
তদিগের যে সাহায্য দেওয়া হইতেছিল অর্থা
ভাবে তাহা বন্ধ হইয়াছে। শস্য অগ্নিমূল্য।

৮৪ গণিত ইউরোপীয় রেজিমেণ্টের সার্জ্জন
মেজর ক্লার্ক ডবলিনের চিত্রশালিকায় কানপুরের
বিদ্রোহী জৌলাপ্রসাদের অস্থিমাত্রাবশিষ্ট দেহ
প্রদান করিয়াছেন। জৌলাপ্রসাদ জাতিতে
ব্রাহ্মণ ছিলেন। ১৮৫৭ অব্দে তিনি নানা সাহে
বের অধীনে এক জন ব্রিগেডিয়ার হইয়াছিলেন।
কানপুরের হত্যাকাণ্ডে লিপ্ত থাকাতে ১৮৬০
অব্দে তাঁহার ফাঁশী হইয়াছিল। এই মৃতদেহ
ডাক্তর ক্লার্কের হস্তে কিপ্রকারে গেল? আমরা
ভাবিয়াছিলাম, মৃত ব্যক্তির প্রতি অপমান কর
কর্ণেল নীলের সঙ্গেই গিয়াছে।

মহারাজ হোলকার বণিক ও কমিসন এজেণ্ট
উপাধিতে বোম্বাইয়ের আদালতে এক ব্যক্তির
নামে নালীশ করিয়া ১২০৭৮ টাকার ডিক্রী
পাইয়াছেন। মহারাজ প্রকাশ্যরূপে বাণিজ্য
করেন ও টাকা ধার দেন। তাঁহার মকদ্দমাসকল
সর্ব্বদা আদালতে হয় জয়লাভ করিলে তিনি
ডিক্রীজারি করিয়া টাকা আদায় করেন। কিন্তু
তাঁহার বিরুদ্ধে ডিক্রীজারি করিতে গেলেই
রাজার স্বত্ব প্রদর্শন করা হয়। হোলকার বুঝি
মান্ লোক; তাঁহার বর্ত্তমান মন্ত্রীও এক
উপযুক্ত লোক। কিন্তু যে কাজ করিতে
তাহা অতিশয় লজ্জাকর।

১৮ ই অগ্রহায়ণ বুধবার।

এ বৎসর অবধি কলিকাতার ঘোঁক
প্রাতঃকালে না হইয়া বৈকালে হইবে।

অদ্যকার গেজেটে একটী উত্তম আজ্ঞা
শিত হইয়াছে। যেসকল স্থানে সিবিল স
আছেন, তত্তৎ স্থানের জেল তাঁহার অ
হইবে। মাজিষ্ট্রেটেরা আপন আপন
ওপে দর্শকমাত্র হইতেছেন। মাজিষ্ট্রেটদি
হস্তে এত কাজ যে, জেলের অধ্যক্ষতা
মাত্র হইয়া উঠিয়াছে। মুরসিদাবাদ ও চ
সিবিল সার্জ্জনদিগের হস্তে গুরুতর কার্য্য
থাকাতে তাঁহারা জেলের ভার পাইতেছেন
আলিপুর, প্রেসিডেন্সি, হাজারিবাগ
দিঘার জেলে পূর্ব্বাবধি সিবিল সার্জ্জন অ
য়ক আছেন। এই অতিরিক্ত কার্য্যভার
য়াতে সিবিল সার্জ্জনদিগকে কয়েদির পরি
বর্দ্ধিত বেতন দেওয়া হইবে। অর্থাৎ ৫০০
দির অধিক হইলে ১৫০ টাকা; ৩০০ অ
৫০০ পর্য্যন্ত ১০০ টাকা; ১৫০ অবধি
পর্য্যন্ত ৭৫ টাকা এবং ১৫০ কয়েদির কম হ
৫০ টাকা দেওয়া হইবে। কয়েদি ক
বাড়িলে, বেতনও কমিবে, বাড়িবে। সব অ
ষ্টাণ্ট সার্জ্জনেরা এদেশীয় বলিয়া জে
ভার পাইবেন না। এ দেশীয় ও ইউরো
বলিয়া কার্য্য দিবার রীতি কবে অন্ত
হইবে?

কলিকাতার আমাসেবিও ব্যাঙ্কে এ প
১০০০ টাকা মাত্র জমিয়াছে। লোকে গব
ণ্টের সেবিও ব্যাঙ্কেই টাকা দিতে চান।
এব আনা ব্যাঙ্ক উঠাইয়া দেওয়া কর্ত্তব
তেছে।

লণ্ড সাহেব এবার মান্দ্রাজে ভ্রমণ করি
গিয়া একটী মহৎ আবিষ্ক্রিয়া করিয়াছে
তাঞ্জোরের রাজার পুস্তকালয়ে বিস্তর সং
ও তামিল পুস্তক আছে। পুরাণ, ন্যায়,
শাস্ত্র, আয়ুর্ব্বেদঘটিত অনেক পুস্তক র'হিয়া
লণ্ড সাহেব এ সকলের এক তালিকা ক
ছেন। পুস্তকালয়ের ভারগ্রাহীরা পুনঃমুদ্র
জন্য পুস্তকসকল দিতে প্রস্তুত আছে
মান্দ্রাজ গবর্ণমেণ্টের এবিষয়ে মনোযোগী হ
কর্ত্তব্য।

গত বৎসরের ন্যায় এবারও সালেমপু
মেলায় নানা দেশ হইতে বিস্তর বণিক আ

। ইহার সৃষ্টিকর্ত্তা কর্ণেল ফরসিথের অনু
(পঞ্জাবী অভিধানে "আজা" ?) অনু
কয়েক জন সর্দ্দার ঐ সময়ে উপস্থিত
। কিন্তু যত লোক আসিয়াছেন, সে
দ্রব্যসকল ক্রীত বিক্রীত হইতেছে না।
রা দরবার, মেলাপ্রভৃতি আড়ম্বরের
ই অধিক পটু।

নস্থিত ব্রিটিশ দূত সম্প্রতি আজ্ঞা দিয়া
যেসকল দ্বিজাতীয় চীন ব্রিটিশ প্রজা
ব্রিটিশ গবর্ণমেণ্টের আশ্রয় লইতে
তাঁহাদিগকে চীনের বস্ত্র ত্যাগ করিতে
' বস্ত্রে জাতি প্রকাশ পায়। এটী এই
ায় স্বীকৃত হইল। ও দিকে চীনের গবর্ণ
ক ঘোষণাদ্বারা প্রজাদিগকে খৃষ্টিয়ান
নিষেধ করিয়াছেন। ভিন্নজাতীয় ও
র্মাবলম্বীর পরস্পর সমাগম হইলে প্রায়ই
অসমঞ্জস ব্যবহার হইয়া থাকে।

ড মেয় ও মাগদালার লাভ নেপিয়ার
এক জাহাজে ভারতবর্ষে আগমন করি
ন।

ন্টের গোলযোগ শান্তি হইয়াছে। সৈদ
কে সকলে পরিত্যাগ করিয়াছে। সৈদ ও
। তুরকীর অনুচরেরা নূতন ইমামের
তা স্বীকার করিয়াছেন। ইমাম সৈদ
ন উপযুক্ত লোক এবং লোকে তাঁহার
ম সুখী হইতেছেন। কর্ণেল পেলির নির্ব্বু
নবন্ধন এই ব্যক্তির সহিত ব্রিটিশ
মণ্টের বিবাদ হইতে হইতে গিয়াছে।

১৯এ অগ্রহায়ণ বৃহস্পতিবার।

স্রোত একারে যে প্রবল বাত্যা হয়,
তে ইউরোপীয় বণিকদিগের ১,৭০,০০০
র সম্পত্তি নষ্ট হইয়াছে। বিস্তর চাউল
য়া গিয়াছে। ৫৮২টী গো মহিষ মূল্য
টাকা, ৩২৭৩ বিশ ধান্য মূল্য ১৭৯২৭
, ৯৯ খানি নৌকা মূল্য ১৭,৯২৭ টাকা
৮৪,৬০৫ টাকা মূল্যের বাটী ও তন্মধ্য
দ্রব্য নষ্ট হইয়াছে। ঐ প্রদেশে কাষ্ঠের
হয় বলিয়া ক্ষতি আরও অধিক হইয়াছে।
ব সমস্থেশ্বরে প্রায় দুই হস্ত জল দাঁড়াই
ল। বাত্যা এত প্রবল হয় যে, কিছুতেই
জল বহিষ্কৃত হয় নাই।

ার্চ মেয় কৃষিকার্য্যে অতিশয় অনুরক্ত।
র নিজের চাস ও বিস্তর গরু ও লাঙ্গল
। ভারতবর্ষে আসিবার সময় তিনি এ
বিক্রয় করিয়াছেন। কৃষিকার্য্যানুরক্ত
নকর্ত্তা হইতে ভারতবর্ষের সবিশেষ উপ
লাকের আশা আছে।

এক্ষণে নিয়ম আছে, সিবিলিয়ানেরা ২৫ বৎসর কাজ করিলে বাৎসরিক ৬০০০ টাকা পেন্সন পান। বোম্বাইয়ের কতকগুলি সিবিলিয়ান নূতন পেন্সন ও বিদায়ের নিয়মে ও এই পেন্সনে সন্তুষ্ট না হইয়া ৮০০০ টাকা পেন্সন প্রার্থনা করিতেছেন। সমুদায় রাজস্ব ভাগ করিয়া দিলে ভাল হয় না?

আমরা শ্রবণ করিলাম, ভারতবর্ষের নিমিত্ত পুনর্ব্বার পৃথক রণতরি দল হইবে। এই সঙ্গে পৃথক সেনাদলও করা কর্ত্তব্য।

নবীন ও কৈলাসনামক যে দুই জন এতদ্দেশীয় খৃষ্টিয়ান মনোমোহিনী নাম্নী একটী বেশ্যাকে কলিকাতায় বধ করে, গত কল্য তাহাদিগের দোষ সপ্রমাণ হইয়াছে। ইহারা দুই জনেই তরুণবয়স্ক। নবীন বেশ্যাটীকে বাহির করিয়াছিল। পরে তাহার সহিত কৈলাসের ভাগিনীর বিবাহের সম্বন্ধ হয়, মনোমোহিনী তাহাতে ঘোরতর আপত্তি করাতে দুই জনে তাহাকে এক দড়ি গলায় দিয়া বধ করিয়া এক সিন্দুকের মধ্যে রাখিয়া যায়। বেশ্যাটী যমুনা নাম্নী বেশ্যার বাটীতে থাকিত। হত্যাকারীরা দ্বার রুদ্ধ করিয়া যাইবার সময়ে তাহাকে বলে, মনোমোহিনী তাহার মাসীর বাটীতে গিয়াছে। যত ক্ষণ প্রত্যাগমন না করে তাবৎ গৃহটী দেখিবে। * দুই তিন দিবস গেল তথাপি মনোমোহিনী প্রত্যাগমন না করাতে যমুনা তাহার গৃহের দ্বারে গিয়া দেখিল, শোণিত ও জল বাহির হইতেছে। পুলিসে সংবাদ দেওয়াতে ইনস্পেক্টর রিড দ্বার ভাঙ্গিয়া প্রবেশ করিয়া দেখিলেন, স্ত্রীলোকটীর মৃত দেহ একটী সিন্দুকের মধ্যে রাখা হয়, দেহটী স্ফীত হওয়াতে ডালার পশ্চাতের কবজা ভাঙ্গিয়া ডালা উঠিয়াছে। ঘরে দুই জোড়া জুতা ও একটী চাবি ছিল। ইহা ধরিয়া অনুসন্ধান হয়। পরে নবীনের বাক্সমধ্যে তিনখানি অলঙ্কার ও গৃহের চাবি বহিষ্কৃত হয়। বিচারপতি মার্কবি দয়ার কোন কারণ দর্শন না করিয়া ফাঁসীর আজ্ঞা দিয়াছেন। ইনস্পেক্টর রিডের চেষ্টায় এই দুরাত্মারা দণ্ড পাইল। সুপরিণ্টেণ্ডেণ্ট ইউয়ান শিক্ষা করুন।

২০এ অগ্রহায়ণ শুক্রবার।

ফ্রণ্ডঅব ইণ্ডিয়ার লণ্ডনস্থিত সংবাদদাতা বলেন, গ্লাডষ্টোন সাহেব মন্ত্রী হইলে ব্রাইট সাহেব ভারতবর্ষীয় সেক্রেটারী হইবেন। ব্রাইট সাহেব সেক্রেটারী হইলে ভারতবর্ষের সৌভাগ্য বলিতে হইবে। বস্তুতঃ গ্লাডষ্টোনলি, সালিসবরি হালিফক্স, ও ব্রাইট সাহেবত্রিয় ভারত বর্ষের সেক্রেটারি হইবার উপযুক্ত লোক
ণ্ডে প্রায় দেখা যায় না।

হিন্দু হিতৈষিণী বলেন, 'দেখিতে
এখানে ওলাউঠার বিলক্ষণ বৃদ্ধি হই
য়াছে। অনেক লোক মরিতেছে। এখন
ওলাউঠার নির্দ্ধারিত সময় নাই।

উক্ত পত্র বলেন, "শ্রীনগর ষ্টেসনে
কায় এল দল ভ্রমণকারী চোর ৬০৩৮/
সন্দেহের মালসহ ধৃত হইয়াছে। কয়ে
অনেক স্থলে চুরি করার কথা স্বীকার পা
ইহাদের দলে যশোহরের কতক লোক
ধৃত ব্যক্তিরা বিচারালয়ে প্রেরিত হইয়

২১এ অগ্রহায়ণ শনিবার।

সেনাপতি গ্রাণ্ট আমেরিকার স
হইবেন দেখা যাইতেছে। অধিকাংশ
মত তাঁহার অনুকূলে হইয়াছে। বিনা
কেবল নিজগুণে উচ্চপদারূঢ় হইবার
প্রধান দৃষ্টান্ত। আমাদিগের ব্রহ্মানন্দ
নাম্ন সেনাপতি গ্রাণ্ট নিজ ক্ষমতা জা
নিমিত্ত কখন স্বদেশীয়দিগকে ফরাশী
সম্বোধন করেন নাই এবং তিনি
ঘোড়া নাট্যশালায় তাহার পরিচয় দে

ডেলিনিউস বলেন, ছইটিন ও ফরষ্টা
ইংলণ্ডের ন্যায় হিসাবপ্রণালী করাতে
অর্থের কত লাভ হইয়াছে, তাহা
বীয় গবর্ণমেণ্ট স্থানীয় গবর্ণমেণ্টের
জানিবার নিমিত্ত লিখিয়াছেন। কে কি
দেখা যাউক, আমরা ত দেখিতেছি
লাভ হয় নাই।

পিয়নিয়র বলেন, উত্তর পশ্চিমাঞ্চলে
নূতন বিচারালয় উক্ত প্রদেশের ছোট
স ল উঠাইবার প্রস্তাব করিয়াছেন।
লটর মার্গান বলেন, এইসকল আ
অধিক কাজ নাই। ছোট আদালতে
লোকের এত অবিশ্বাস যে পঞ্চায়ত
টাকার স্থলে ৫০ টাকা দেওয়ান, তাহা
গ্রহণ করেন। বঙ্গদেশের ছোট আদা
থাকাতে কয়েক সহস্র মিথ্যাবাদী সা
রাজ্য ভোগ হইতেছে।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের
বিক্রীত হইতেছে।

৪ টাকার সিক্কা	৯৪।
৪ " কোং	৯৪।
৫ " পব্লিকওয়াক	১০৪৫
৫ " কোং	১০১৫।
৫॥ " কোং	১০১৫০

উরোপীয় সমাচার।

। ১৮ ই নবেম্বর। গতকল্যপর্য্যন্ত ২৪৯ নিধি মনোনীত হইয়াছেন, ইহাঁদিগের ১ জন লিবরল ও ৬৮ জন কনসার এক জন কনসারবেটিব মাঞ্চেষ্টরের হইয়াছেন। লিডস, গ্লাসগো, বর ও যাবতীয় নূতন প্রতিনিধির নগরে লের সভ্য হইয়াছেন। সর রবার্ট পিল নেরি বুল ওয়ার টামওয়ার্থের প্রতি নীত হইয়াছেন। লো সাহেব বিন ত লণ্ডন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি ন। গ্লাডষ্টোন গ্রিণউইচের প্রতিনিধি ন। রিফরমলিগ ও বিশ্ববিদ্যালয়ের ভ্যগণ যেসকল লোককে প্রতিনিধি ত চেষ্টা পাইয়াছিলেন, তাঁহারা সকলেই হইয়াছেন। লিণ্ড্‌কলনের বিশপ টেটের যুক্ত হইয়াছেন।

এ নবেম্বর। গত কল্য পর্য্যন্ত ২৪ জন বটিব ও ১২৯ সন লিবরল সভ্য মনো য়াছেন।

ল্‌সের রাজকুমার সস্ত্রীক পারিসে উপ ইয়াছেন। অদ্য প্রাতঃকালে মাসদালার নপিয়র ব্রিতিসিতে জাহাজারোহণ ছেন:

এ নবেম্বর। এপর্য্যন্ত ৩১৪ জন লিবরল জন কনসারবেটির প্রতিনিধি মনো য়াছেন।

দালার লাভ নেপিয়র আলেকজণ্ডি পনীত হইয়াছেন।

াবামা ঘটিত কমিসন ওয়াশিংটনে

মিসরের পাশাকে ভারতবর্ষীয় ষ্টার ান করা হইবে।

এ নবেম্বর এপর্য্যন্ত ৩৮০ জন লিবরল জন কনসারবেটিব প্রতিনিধি মনো য়াছেন। লেও সাহেব উইকসের প্রতি ারাইয়াছেন। লাড আরারলি ডিমনের ধি হইবার চেষ্টায় কৃতকার্য্য হন নাই। বিড্‌লফ ডেমবিগশিয়ারে পরাজিত ন। জর্জ্জ, কারেণ্ডিশ, আর্করাইট সাহেব ারবিশিয়রের প্রতিনিধি হইবেন।

রাত্রির গেজেটে আকবিশপ টেট ও বারনেটের নিয়োগ প্রকাশিত হই

া পর্ব্বত হইতে একটী মহৎ অগ্ন্যুৎপাত

৩০ এ নবেম্বর। বোম্বাই ব্যাঙ্ক কমিসনের কার্য্য ৪ ঠা ডিসেম্বর শুক্রবারপর্য্যন্ত স্থগিত হইয়াছে। রবার্টসন সাহেবের জবানবন্দী তিন দিবস হয়। সেনাপতি ষ্টানলি সেনাপতি স্পেন্সনের পদে পশ্চিম বিভাগের সৈন্যাধ্যক্ষ হইয়াছেন। লিন্স অব ওয়েল্‌স সস্ত্রীক কোপেন হেগেনে উপস্থিত হইয়াছেন। মাডরিডের কতক গুলি লোক সাধারণতন্ত্র স্থাপনের জন্য মত প্রকাশ করিয়াছেন। পাঁচখানি ফরাশী সংবাদ পত্র বাজেনের বিষয় প্রকাশ করাতে সম্পাদক দিগের মেয়াদ ও জরিমানা হইয়াছে। একখানি ফরাশী বাষ্পীয় জাহাজ সুএজের খালের মধ্য দিয়া গমন করিয়াছে।

রাজকুমার চারল্‌স রুমেনিয়ার মহাসভা খুলিবার সময়ে বলিয়াছেন, নিরপেক্ষভাব অব লম্বন করিয়া কার্য্য করা তাঁহার শাসনের প্রধান কর্ত্তব্য কর্ম্ম হইয়াছে। মন্ত্রিবর্গ পদত্যাগ করি য়াছেন।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

২০ এ নবেম্বর। ডবলিউ, ফিডিয়ান সাহেব কটকের সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

২৪ এ নবেম্বর। নিম্নলিখিত কর্ম্মচারীরা নিজ নিজ পদগুণে আপন আপন জেলার জলের দর্শক হইবেন। যশোহর, হুগলী, মেদি নীপুর, বাখরগঞ্জ, ময়মনসিংহ, পূর্ণীয়া, শাহা বাদ, বর্দ্ধমান, দিনাজপুর, ত্রিহুত, সাহরণ, গয়া, বাঁকুড়া, রাজসাহী নদীয়া, ত্রিপুরা, করিদপুর, রঙ্গপুর, শ্রীহট্ট, কটক, মুঙ্গের, ভাগ লপুর, চট্টগ্রাম, বীরভূম, চম্পারণ, নওয়া খালি, বালেশ্বর, পাবনা, বগুড়া, হাবড়া, ও পুরীর মাজিষ্ট্রেটগণ। লোহারডগা, কাছাড় চরণ, মানভূম, সিংহভূম, কামরূপ, গোয়াল পাড়া, লখীপুর, নওগাঁ ও দারজিলিঙের ডেপুটি কমিসনরগণ। দেবগড়ের সহকারী কমি সনর।

২৫ এ নবেম্বর। মুরসিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর এচ হাজি সাহেব প্রথম শ্রেণির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

২৬ এ নবেম্বর। যত দিন ডবলিউ, ডবলিউ, ডালি সাহেব সরকারী কার্য্যোপলক্ষে স্থানান্তরে থাকিবেন, তত দিন এ, এম, মাকগ্রিগর স কাল্লাড়ের প্রতিনিধি পুলিষ সুপরিণ্টে হইবেন।

যত দিন বাবু ভৈরবচন্দ্র চট্টোপাধ্যায় বি লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন চ সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর জে. জে, চ সব সাহেব আপনার কার্য্যভিন্ন অ প্রতিনিধি রেজিষ্টারের কার্য্য করিবে ময়মনসিংহের ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর বাবু চন্দ্রনারায়ণ সিংহ এম, এ ভূমে বদলী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা হইবেন।

২৭ নবেম্বর। সি, এ, উইলকিন্স ভাগলপুরের সহকারী মাজিষ্ট্রেট ও কা হইয়া দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের পাইবেন।

হাবড়ার দ্বিতীয় শ্রেণির অ্যাসিষ্টণ্ট মা ও ডেপুটিকালেক্টর জি, ই, মাকগিল স মেদিনীপুরে প্রথম শ্রেণির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

শিলঙের চিকিৎসাকর্ম্মচারী ও সব ষ্টাণ্ট কমিসনর ডাক্তর জে, ইনউইডি ও জয়ন্তিয়া পর্ব্বতে দ্বিতীয় শ্রেণির মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইবেন।

যত দিন বাবু ভৈরবচন্দ্র মিত্র বিদায় অনুপস্থিত থাকিবেন, তত দিন বাবু মোহন মজুমদার দিনাজপুরের অন্তর্গত গঞ্জে প্রতিনিধি মুন্সেফ হইবেন।

২৮ এ নবেম্বর। ই, ড্রমণ্ড সাহেব ফ রের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

এস, সি, বেলি সাহেব পাটনার মাজি ও কালেক্টর হইবেন।

এ, বি, পামার সাহেব মুঙ্গেরের মাজি ও কালেক্টর হইবেন।

যশোহরের সহকারী মাজিষ্ট্রেট ও কা সি, এচ, বৌএল সাহেব চম্পারণে বদলী প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেট ও কালেক্টরের ক্ষমতা পাইবেন।

ময়মনসিংহের ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর বাবু ব্রহ্মনাথ সেন আতিয়া ভাগের ভার পাইবেন।

ফরিদপুরের ডপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর বাবু ভগবানচন্দ্র বসু ময়মন বদলী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন

কুষ্টিয়ার ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর ই, এম, রেলি সাহেব করিদপুরে হইয়া মাজিষ্ট্রেটরে ক্ষমতা প্রাপ্ত হইবেন

দীয়ার সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর
বলিউ, ব্রিবাস সাহেব কুষ্টিয়া উপবিভা
ভার পাইয়া মাজিষ্ট্রেট ও ডেপুটি কালে
ক্ষমতা প্ত হইবেন। তিনি আরও কুষ্টিয়ার
ন শুল্ক বর্ম্মচারী হইবেন।
জ, বালেট সাহেব পদ ত্যাগ করাতে
জ, এন পোগস্ সাহেব ঢাকার মিউনি
লিটির সহকারী সভাপতি হইবেন।
বাবু মহেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় হুমকার
চিকিৎসালয় সত্তর সস্থ হইবেন।
ন্সি অমৃত লাল লোহাবডগার প্রতিনিধি
ক হইবেন।
ল. বি. রবার্টস সাহেব আরার বিদ্যাশিক্ষা
র সম্পাদক হইবেন।
০ এ নবেম্বর। যত দিন জে, এ, হপকিন্স
ব উপস্থিত না হইতেছেন, তত দিন যশো
ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর
প্রতাপচন্দ্র চট্টোপাধ্যায় মাগুরা উপবিভ
ভার পাইবেন
মৌলবী করিদবক্স পূর্ণিয়ার অন্তর্গত আড়া
র মুন্সেফ হইবেন।
বাবু গোকুলচাদ গয়ার অন্তর্গত জাহানা
র মুন্সেফ হইবেন।
ত দিন মৌলবী মোয়াজ্জিম হোসেন বিদায়
অনুপস্থিত থাকিবেন, তত দিন সেরাজ
মুন্সেফ বাবু কালীপ্রসন্ন মুখোপা
ায় বি. এল, বোয়ালিয়ার প্রতিনিধি
ফ হইবেন।
ত দিন মৌলবী আবদুল জব্বার বিদায়
অনুপস্থিত থাকিবেন, তত দিন মৌলবী
সুদ্দিন চট্টগ্রামের অন্তর্গত হাওলার প্রতি
মুন্সেফ হইবেন।
ল, আণ্ডার্সন সাহেব কিছুদিনের জন্য
নপুরের প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও
ট কালেক্টর হইবেন।
ত দিন ডবলিউ, ও. এ বেকেট সাহেব উপ
না হন, তত দিন এল গ্রাণ্ট সাহেব পশ্চি
রে চতুর্থ শ্রেণীর প্রতিনিধি ডেপুটি কমি
থাকিবেন।
লা ডিসেম্বর। ডাক্তর আর. মাকলিয়ড
হরের চিকিৎসা কর্ম্মচারী হইবেন। কিন্তু
ন সার্জ্জন এফ, জে, আরল প্রত্যাগমন না
তত দিন নদীয়ার প্রতিনিধি চিকিৎসা
রী থাকিবেন।
ত দিন ডি, লেসি সাহেব বিদায় লইয়া
স্থিত থাকিবেন, তত দিন ডবলিউ, আর

ব্রিণ সাহেব পুরীর প্রতিনিধি পুলিষ সুপরিণ্টে
ণ্ট হইবেন।

—:০:—

আমাদিগের শ্রীহট্টের সংবাদদাতা লিখিয়াছেন।

আরল গ্রাণবিল উপনিবেশের সেক্রেটারি, ডিকে
ষ্টর কষ্টোক সাহেব আয়ারলণ্ডের সেক্রেটারী,
লাড রস বরাষ্ট বিভাগের সেক্রেটারি হইবেন।
গত কল্যের টেলিগ্রাম অনুসারে অন্য অন্য
নিয়োগ হইবে।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের
আদেশানুসারী
নিয়োগ।

২ রা ডিসেম্বর। ৬ ই নবেম্বর অব
ডবলিউ, গারেট সাহেবের অনুপস্থা
পর্য্যন্ত ডবলিউ, বি, সিবিল-ষ্টান
ঢাকা কালেজের এক জন প্রতিনিধি অ
হইবেন।

৩ রা ডিসেম্বর। বাবু কৈলাসচন্দ্র
১৮৩৩ অব্দের ৯ আইন অনুসারে
বিভাগে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাই

রেবরেণ্ড এ, ডবলিউ, ডিউক, দানা
চাপলেন হইবেন।

রেবরেণ্ড এফ, এম, এফ, এফ, মাজু
ডি, ডি, দারজিলিঙের চাপলেন হইবেন।

রেবরেণ্ড ডবলিউ, সি, ডব্রিজ চাকার
লেন হইবেন।

নিম্নলিখিত কর্ম্মচারিগণ রাজধানীর শে
টীকা দিবার যে চক্রবাক হইবে, তাহার
নিধি ডেপুটি সুপারণ্টেণ্ডাণ্ট হইবেনঃ—

প্রথম শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন
বচন্দ্র ঘোষ।

প্রথম শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন
নাথ ব্রহ্ম।

প্রথম শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন
ন্দর ঘোষ।

নিম্নলিখিত কর্ম্মচারিগণ কলিকাত
উপনগর গোবীজে টীকা দিবার চক্রবা
প্রাতানিধি সুপারিণ্টেণ্ডেণ্ট হইবেনঃ—

দ্বিতীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট স
কালিদাস বসু।

দ্বিতীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন
চন্দ্র দত্ত।

প্রথম শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন শ্রী
মুখোপাধ্যায় মুরসিদাবাদের অন্তর্গত বহ
বের দাতব্য চিকিৎসালয়ের ভার পাইবেন

৪ ঠা ডিসেম্বর। নিম্নলিখিত ভদ্র লো
গোয়ালপাড়ার দাতব্য চিকিৎসালয় চালাই
সভার সভ্য হইবেন। বাবু পূর্ণানন্দ বসু
জে, এ, ফাইড সাহেব। বাবু পঞ্চালোচন
রেবরেণ্ড ইডাডন বাবু রাসকৃষ্ণ মহেশ্বর ও র
কুমার দত্ত ও সাধুরাম দাস।

কামরূপের সহকারী কমিসনর এ,
কাম্বেল সাহেব বড়পেটা উপবিভাগের
পাইবেন।

ষ্টনণ্ট জে. বর্চলার আসামের কমিসন
জ সহকারী হইবেন ;
বু দ্বারকানাথ মিত্র মাদারগঞ্জের প্রতি
ুন্সেফ হইবেন।
বু অতুলচন্দ্র বসু পুরীর প্রতিনিধি মুন্সেফ
।
দ আবদুলহোসেন ত্রিহুতের অন্তর্গত
ারির প্রতিনিধি মুন্সেফ হইবেন।
চ, এস, বীডন সাহেব কলিকাতার উপ
একজন মিউনিসিপাল কমিসনর হইবেন।
, এম, লুইস সাহেব যশোহরের প্রতি
অতিরিক্ত জজ হইবেন।
চ, সি, মেরিগুেন সাহেব পদত্যাগ করাতে
চ, এ ব্রান্সন সাহেব প্রেসিডেন্সিকালেজের
নব অধ্যাপক হইবেন।
প্টনণ্ট গবর্ণর অনরেবল আসলী ইডেনকে
ঙ্গদেশীয় ব্যবস্থাপক সভার একজন সভ্য
াছেন।
বলিউ, পি, ডেবিস সাহেব মেদনীপুরের
সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।
ক, আডাম্‌স্‌ সাহেব নওগাঁর পুলিষ
ণ্টেণ্ডেণ্ট হইবেন।
বলিউ, জে, কিলবি সাহেব ত্রিহুতের
রী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।
ম্নলিখিত ভদ্রলোকেরা ত্রিহুতের বিদ্যা
সভার সভ্য হইবেন।
জর, ডবলিউ, ই মাশল।
, লাষ্ট সাহেব।
দ বিলাত আলি খাঁ।
বু দুর্গাপতি বন্দ্যোপাধ্যায়।
ই ডিসেম্বর। যশোহরের প্রতিনিধি
মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু
প্রসন্ন সরকার পণ্ডিত শ্রীশচন্দ্র বিদ্যারত্নের
স্থিতিকালপর্য্যন্ত বাগের হাট উপবি
র ভার পাইবেন।
বলিউ, ই, ওয়ার্ড সাহেব বর্দ্ধমানের মিউ
ালিটির সহকারী সভাপতি হইবেন।
ই ডিসেম্বর। বাবু গৌরদাস বসাখ খুলনা
ভাগের ভার পাইয়া যশোহরে মাজি
র ক্ষমতা প্রাপ্ত হইবেন।
ক্ষম চক্রবাড়ের সরবেয়র জে এচ ও
১৮২২ অব্দের ৭ আইন ও ১৮২৫ অব্দের
ন অনুসারে রঙ্গপুর ও কুচবিহারে কালে
ক্ষমতা পাইবেন।
লফ্রেড, এ, ওয়ালেস সাহেব নদীয়ার
রী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া দ্বিতীয়
অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

যত দিন বাবু অভয়কুমার দত্ত বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, ততদিন মৌলবী নসিরুদ্দিন ঢাকা, বহর ও নারায়ণগঞ্জের ছোট আদালতের প্রতিনিধি জজ হইবেন।

মৌলবী নসিরুদ্দিনের অনুপস্থিতিকালে বাবু মহেন্দ্রনাথ বসু ঢাকার প্রতিনিধি প্রথম অধঃস্থ জজ হইবেন।

বাবু মহেন্দ্রনাথ বসুর অনুপস্থান কালে বাবু বৈষ্ণবচরণ দাস ঢাকার প্রতিনিধি অতিরিক্ত অধঃস্থ জজ হইবেন।

তৃতীয় চক্রবাড়ের জরিপের ডেপুটী কালেক্টর বাবু সাতকড়ি রায় রাজসাহী বিভাগে বদলী হইয়া ১৮২২ অব্দের ৭ আইন ও ১৮৩০ অব্দের ৯ আইন অনুসারে রাজসাহী ও রাজধানীবিভাগের কালেক্টরের ক্ষমতা পাইবেন।

বাবু হীরালাল মুখোপাধ্যায় তৃতীয় চক্রবাড়ের জরিপের ডেপুটি কালেক্টর হইবেন।

ডবলিউ, এফ. মিয়াস সাহেব কিছু দিনের নিমিত্ত বাখরগঞ্জে দ্বিতীয় শ্রেণির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

কামরূপের সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট জি, এচ, ফ্রেঞ্চ সাহেব বগুড়াতে বদলী হইবেন।

ই, এম, মোসলী সাহেব পূর্ণীয়ার সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া কৃষ্ণগঞ্জ উপবিভাগের ভার পাইয়া মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতা পাইবেন।

—:•:—

আমাদিগের বীরভূমিস্থ সংবাদদাতা লিখিয়াছেন:—

এ দিকে এ বার সুচারুরূপে ফসল জন্মে নাই। ডাঙ্গাভূমির কথা দূরে থাকুক, নিম্ন ভূমিতে প্রতি বৎসর যে হারে ধান্য জন্মিয়া থাকে, তাহার অর্দ্ধেকও পাওয়া দুষ্কর। এখন এখানে চাউল প্রতি টাকায় কাঁচি ॥৫ সের বিক্রীত হইতেছে। অন্যান্য আহারীয় দ্রব্যও অগ্নিমূল্য হইয়াছে। চারিদিকে আশঙ্কা পড়িয়াছে যে ৭৬ সাল ত সমীপবর্ত্তী. এ মন্বন্তরেও বা দুর্ভিক্ষদাহ দেশকে ভস্মাবশেষ করিয়া তুলে।

২। বিপদ বিপদেরই অনুবর্ত্তী হইয়া থাকে জ্বরের প্রকোপ প্রশমিত না হইতে হইতেই বনয়ারী আবাদে বিসূচিকার লক্ষণ দেখা দিয়াছে। ৩।৪ দিন মধ্যে অন্যূন ৫।৬ জন গতাসু হইয়াছে। ঈশ্বর বঙ্গদেশেরপ্রতি একটু অনুকূল দৃষ্টি দিন!!!

৩। সে দিন দংপঃ বিভাগের বাঙ্গলা ও মাইনার বৃত্তির পরীক্ষা গৃহীত হইয়াছে, প্রশ্ন মধ্যাহ্নে ছিল। কিন্তু কেমন একটা কথা লাম। এ পরীক্ষাতেও না কি সংক্রামক (প্রশ্নচুরি) ধরিয়াছে।

৪। শুনিলাম, কাটোয়া অঞ্চলে গোবি সীকাদানপ্রথাপ্রচলনবিষয়ে প্রয়াসবান গ্রাছিলেন বলিয়া তথাকার ডিঃ মেজি কালিকাদাস বাবু ও সব আসিষ্টাণ্ট সা চন্দ্রবাবু গবর্ণমেণ্ট হইতে ধন্যবাদ প্রাপ্ত ছেন।

৫। রাইপুরের শাখা ডাকঘরটী স্থায়ী য়াছে। কিন্তু এপর্য্যন্ত সীলপ্রভৃতি ডাক আসবাব আসিয়া পৌঁছে নাই। এই অভা শীঘ্র পরিপূরিত হয় এই আমাদের পক্ষীয় মহাশয়ের নিকট একান্ত প্রার্থনা।

৬। সিউড়ি বঙ্গ বিদ্যালয়টী অতি উত্ত চলিতেছে। প্রতি বৎসরেই ৫।৬ জন ছা পাইয়া থ'কে। কৃতবিদ্য সম্পাদকের কার্য্যভার পাইলে স্কুল যে সুচারুরূপে চ থাকে, তাহার এই একটী প্রমাণ।

৭। বনয়ারী আবাদ স্কুলে প্রবেশিকা ক্ষার নি র্দ্দ? পুস্তকসকল অধ্যাপিত এই কল্পনা হইতেছে। স্কুলটীর প্রতি এখা মহারাজের যেরূপ কৃপাদৃষ্টি আছে, তা যে এ কল্পনা কার্য্যে পরিণত হইবে তাহার নাই।

———

আমাদিগের মগরাস্থ সংবাদদ লিখিয়াছেন:—

৩০ এ নবেম্বরের সোমপ্রকাশে খাদি নবাসী শ্রীযুক্ত বাবু যদুনাথ চক্রবর্ত্তী মহা প্রেরিত পত্রের মধ্যে শ্রীযুক্ত বাবু কেশবচন্দ্র মহাশয় যে কএকটী প্রশ্নের উত্তর প্রদান য়াছেন তাহা দেখিয়া আমরা যৎপরো বিস্ময়ান্বিত হইলাম। আমরা কেশব ব সরলহৃদয় বলিয়া জানি, তাহাতে তিনি যে নিমিত্ত এরূপ চক্রান্তে প্রশ্নগুলির উত্তর ছেন তাহার ভাব কিছু বুঝিতে পারিলাম তাহাতে তাঁহার বিদ্যা ও বুদ্ধির কৌশ আর কিছুই আমাদের বোধগম্য হইতেছে এরূপ চক্রান্তে উত্তরগুলি না দিয়া যদি সরলভাবে দিতেন তাহা হইলে বোধ হয় কের কেশব বাবুর উপরে বিপরীত ভাবের হইবার সম্ভাবনা ছিল না।

ত ২রা ডিসেম্বর বামনাগ্রামে একটী বালক নিমগ্ন হইয়া মানবলীলা সম্বরণ করিয়াছে।
ত্তম আতপ চাউল মগরার হাটে ৩৷৷০ টাকা মণ বিক্রয় হইতেছে।

—০—

আমাদিগের কোরহাটীস্থ সংবাদ-

লিখিয়াছেনঃ—

সোণারঙ্গ গ্রামের রাস্তাপরিষ্করণ, খাল ও বিদ্যালয়ের উন্নতিসম্বন্ধে ইতিপূর্ব্বে মুন ঞ্জর ডিপুটী মাজিষ্ট্রেট বাবু বিমলাচরণ র্য্য মহাশয়ের যত্নে উক্ত গ্রামস্থ কতিপয় প্রধান ব্যক্তি একত্রিত হইয়া এক করেন। তাহাতে মীরকাদিমের খাল সংস্ক প্রস্তাব উপস্থিত হইয়া তৎসম্পর্কে তর্ক হইলে পর তাহার আবশ্যকতা বিবেচিত এবং তজ্জন্য কতিপয় ব্যক্তি চাঁদাপ্রদানে কারপূর্ব্বক স্বাক্ষর করিয়াছেন। শুনিলাম দধিক ৭০০ সাত শত স্বাক্ষর হইয়াছে। পর রাস্তা পরিষ্কারের বিষয় উল্লেখ হইলে স্মতিক্রমে সোণারঙ্গের তিনটী রাস্তা অবশ্য ত হওয়া উচিত বলিয়া স্থিরীকৃত হয়। পরে সোণারঙ্গনিবাসী কোন সভ্য তত্রত্য লয়টী কিপ্রকারে রক্ষিত ও উন্নত হইতে তদ্বিষয়ক প্রস্তাব উপস্থিত করেন; কিন্তু কপের বিষয় এই যে তৎপ্রতি কেহই কটী মনোযোগ করিলেন না। কারণ কি? লয়দ্বারাই দেশের প্রকৃত উন্নতি সাধিত অতএব তাহার রক্ষণ ও উন্নতিবিধানে করা নিতান্ত অন্যায়।

বশ্বস্তমুখে অবগত হইলাম কোন চুরি মক আসমা খৃতকরণ পক্ষে ভীরুতা প্রকাশ ত, নারায়ণগঞ্জ ষ্টেশনের হেড কনষ্টাবল ত হইয়াছেন। বর্ত্তমান পুলিশের সকল আছে। দুশ্চরিত্রতা, অত্যাচারিতা, গ্যতা, ভীরুতা যে গুণের অন্বেষণ করা তাহাই এখানকার পুলিশে সুলভ।

াকাকালেজের এক জন ছাত্র বিক্রমপুরের ন ও আধুনিক ইতিহাস সংগ্রহ করিয়াছেন, মপুর অতিবিস্তীর্ণ ও প্রসিদ্ধ স্থান। অতএব ইতিহাস জানিতে সকলেরই ইচ্ছা জন্মিতে । ইতঃপূর্ব্বে কেহই ইহার প্রণয়নে প্রবৃত্ত াই। বিবেচনা করিতে গেলে এটী বিক্রমপুর ভবিগণের পক্ষে সাধারণ অভাব ছিল না। তি সেই অভাবের পূরণ দেখিয়া অনেকেই াদিত হইতে পারেন। এখন জগদীশ্বরের সমীপে প্রার্থনা প্রণেতা ইতিহাস মুদ্রিত করিয়া কোননতে ক্ষতিগ্রস্ত না হন।

—:০:—

আমাদিগের কালনাস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

এখানকার মিউনিসিপাল চৌকিদারির নূতন বন্দোবস্ত হইয়াছে, অথচ সকলেই স্বীকার করিতেছেন যে পূর্ব্বমত কাজ হইতেছে না। পূর্ব্বে এই গ্রামের চুয়াড়গণই চৌকিদারের কাজে নিযুক্ত ছিল, কিন্তু ভূতপূর্ব্ব ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হেরিশ সাহেব কৌশলে ইহাদিগকে পদচ্যুত করিয়া কতকগুলি হিন্দুস্থানী লোককে এইসকল পদে নিযুক্ত করিয়া যান। কিন্তু ইহাদের দ্বারাও উত্তম কাজ হইতেছে না জানিয়া বর্ত্তমান ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট উইবরলি সাহেব আদেশ করিয়াছেন, যে কামার কুমার গোয়ালাপ্রভৃতি ভাল জাতিসকল এ কাজের প্রার্থনা করিলে পাইতে পারিবে। বিবেচনা করিয়া দেখিলে ইহাও যে বিশুদ্ধ প্রণালী অবলম্বন করা হইয়াছে তাহা কোন মতেই বোধ হয় না। কারণ চুয়াড় জাতির দ্বারা এ কাজের যেমন সুবিধা হইবে, অন্যান্য সুখবিলাসী লোকের দ্বারা সেরূপ হওয়া সম্ভাবিত নহে। চৌর্য্যভয়নিবারণ করাই কাজটীর প্রধান উদ্দেশ্য। ঘোরতর অন্ধকারাচ্ছন্ন নিশীথ সময়ে প্রজাদিগের দ্বারে দ্বারে ভ্রমণ করা, অতি গোপনীয় স্থানসকল অনুসন্ধান করিয়া দেখা সাহসপূর্ব্বক দস্যুগণের সম্মুখীন হওয়া চুয়াড় জাতির দ্বারাই সম্ভাবিত। সুখবিলাসী ব্যক্তি দ্বারা এ সকল আশাকরা বিড়ম্বনামাত্র। স্বয়ং এ কাজসম্বন্ধে চুয়াড় জাতির অনেক বীরত্বের বিষয় শুনা গিয়াছে। বিশেষতঃ ইহাদিগকে এ কাজে নিযুক্ত রাখিলে ইহারা দেশের অন্যান্য পাপকর্ম্মে লিপ্ত হইতে পারিবে না। পূর্ব্বে যে এক এক মহল এক এক চৌকিদারের জেম্মা থাকিত, সে প্রথা উঠাইয়া দিয়া প্রজাদিগের আরও অসুবিধা করা হইয়াছে। তাহাতে এই এক বিশেষ উপকার বোধ করা হইত, যে মহলে চুরি হইত সেই মহলের চৌকিদার চোর ধৃত করিবার পক্ষে যত্নবান হইত। অর্থাৎ যাহাতে তাহার সীমামধ্যে কোন অত্যাচার না হয় সে সর্ব্বদা সেইমত যত্ন করিত। এক্ষণে চুরি হইলে চৌকিদারদিগকে কিছুই বলিবার বিষয় নাই। তাহারা কেবল শোভার জন্য আছে মাত্র। সাহেবদিগের অভিলাষ যে কলিকাতার প্রথা সমস্ত পল্লীগ্রামে শীঘ্র প্রবর্ত্তিত করিয়া গ্রামের শোভা বৃদ্ধি করেন; কিন্তু এরূপ স্থানে সম্ভব কি না দেখা উচিত। চৌর্য্যভয় নি হইবে বলিয়াই চৌকিদারের প্রথা প্রব করা হইয়াছে। যদিও অন্যান্য আনু কাজও ইহাদের দ্বারা নির্ব্বাহিত হই কিন্তু প্রধান উদ্দেশ্য প্রজাদিগের বি রক্ষা করা হয়। যদি কাজটী শোভার জ হইল, তবে সাহসী ও সবল লোকদিগকে সকল পদে নিযুক্ত করা আবশ্যক। বি স্থানীয় কোন বিষয়ের নূতন বন্দোবস্ত তথাকার প্রজাদিগের মত লওয়া উ আমরা শুনিয়াছি, সকলেই বলিয়া থাকে পূর্ব্বে যে চৌকিদারের প্রথা ছিল উত্তম ও প্রজাদিগের সুবিধাজনক বর্ত্তমান পুলিষ ইনিস্পেক্টর বাবু রামরেণু এ জন্য চেষ্টা করিয়াছিলেন, কিন্তু দিগের যাহা মত তাহা কে অন্যথা করে

সম্প্রতি বর্দ্ধমানের সিবিল সারজন সাহেব ও ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট উই সাহেব এখানে আসিয়া আপন আপন পরিদর্শন করিয়া তুষ্ট হইয়া গিয়াছে সীকারেও বিলক্ষণ আমোদিত হইয়া গিয়া দাতব্য চিকিৎসালয়টী দেখিয়া বিশেষ হইবার কারণ এই যে, রাজা বাহাদুর থাকিবার জন্য দশটী গৃহ প্রস্তুত করিয়া ছেন। ইহাতে বিশেষ উপকার হইতেছে

আমরা দেখিতেছি, প্রাণনাথ বাবুর ক্রমেই উন্নত হইতেছে। কএকটী উপযুক্ত কও নিযুক্ত হইয়াছেন। এক্ষণে গ্রামের যত্নবান হইলেই বিশেষ কাজ হইবে।

এত দিনের পর এখানে একটী রী বালিকাবিদ্যালয় স্থাপিত হইয়াছে। বৃত্তান্ত ক্রমে লিখিব।

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্প

মহাশয় সমীপেষু।

ব্যায়াম চর্চ্চা।

মহাশয় ২০এ অগ্রহায়ণের সোমপ্রকা কগণের ব্যায়ামচর্চ্চা এই শীর্ষক দি একটি প্রস্তাব লিখিয়াছেন, তৎপাঠে আমাদিগের হর্ষ ও বিষাদ উভয় উ হইল। উক্ত বিষয়ঘটিত যেসকল উল্লেখ করিয়া প্রতিবাদ করিয়াছেন, নিতান্ত অমূলক নহে এবং তৎসম্বন্ধে

শ প্রদান করিয়াছেন, তাহাও নবযুবক পক্ষে একান্ত অনুসরণীয়। বিষাদের বিষয় আপনার প্রস্তাব পাঠে এরূপ বোধ হয় যেসমস্ত বালক ব্যায়ামচর্চ্চা করিতে তাঁহাদিগের সকলেই মিলিত হইয়া বড় দিগের বাটীতে অভিনয় করিয়া থাকেন। যে আমাদিগেরই এইপ্রকার সংস্কার ছে এরূপ নহে, বোধ করি সোমপ্রকাশ মাত্রের এইরূপ হইয়া থাকিবে। অতএব দিগের এই প্রকার অমূলক ভ্রম দূরী করিবার অভিপ্রায়ে নিম্নলিখিত বিষয় খিতে বাধ্য হইলাম।

ৎকালে বালকগণকে ব্যায়ামশিক্ষা দিতে করা হয়, তৎকালে কোন বিশেষ নিয়ম য় নাই, সুতরাং যে কেহ শিখিতে আসিয়া তাহাকেই উক্ত বিদ্যা শিক্ষা দেওয়া হয়। দিন পরে প্রকাশ হইল তাহার মধ্যে কতক এরূপ বালক আছে যে, তাহারা ব্যায়াম ারা শারীরিক উৎকর্ষসাধনে তত সযত্ন কেবল উহাদ্বারা তাহারা নৃত্যাদিতে বিশেষ ও পটু হইবে, ইহাই তাহাদিগের প্রধান য্য। অনন্তর যখন বর্ত্তমান অব্দের জানু- মাস হইতে কলিকাতার স্থানে স্থানে উক্ত র বিদ্যালয় হইয়া বিশেষ বিশেষ নিয়ম লাগিল সেই সময়ে ঐসকল বালক ষ্ঠিত হইল এবং তাহার কতকগুলি একত্র একটি দলবদ্ধ করিয়া আপনারা নর্ত্তক খ্যাত হইল এবং আমোদপ্রিয় ধনিলোক বাটীতে অভিনয় করিতে আরম্ভ করিল। ত তাঁহাদিগের প্রথমাবধি ঐ অভিপ্রায় তাহাতে আবার বড় মানুষ মহাশয়দি- প্রশংসা। ইহাতে তাহাদিগের আরো হ হইয়া উঠিল। এইরূপ দেখিয়া ব্যায়াম সভার সভাপতি ও সভ্য মহাশয়েরা সমু- বিদ্যালয়ের বালকগণকে সাবধান করি লেন এবং কয়েক জন বালকের প্রতি দিগের সন্দেহ হওয়াতে তাহাদিগকে লয় হইতে বহিষ্কৃত করিলেন এবং বিদ্যা াতে এরূপ কঠিন নিয়ম প্রবর্ত্তিত করি স. যদি কোন বালক অভিনয়কার্য্যে য় তাহাকে বিদ্যালয়ে আর লওয়া হই এবং তাহার বিশেষ দণ্ডবিধান হইবে। উক আমাদের বক্তব্য এই যে তদবধি লয়ের আর একটি বালক অভিনয় কার্য্যে ন'চ এবং যে অল্পসংখ্যামাত্র প্রথমা লকদলে প্রবিষ্ট হয় তাহারাই এখনও কুকর্ম্মোৎসাহক মুখ ধনীদিগের আমোদজনক হইয়াছে।

আপনি নব যুবকগণকে আড়ম্বরপ্রিয় এবং তাঁহাদিগের কার্য্যসকলকে আড়ম্বরস্বরূপ নির্দ্দেশ করিয়াথাকেন। অতএব পাছে আপনি এই সাধারণ মঙ্গলকর কার্য্যকেও আড়ম্বর বোধে ভ্রমে পতিত হইয়া থাকেন তাহার নিবারণজন্য আমি অদ্য এই প্রস্তাবটী লিখিতে সাহস করিলাম, অনুগ্রহ করিয়া স্থানদানে বাধিত করিবেন।

শ্রী ঘঃ—

—:০:—

সম্পাদক মহাশয়। আমাদিগের এই হত ভাগ্য ফরিদপুরের ভয়ানক জলকষ্টের বিষয় লিখিতে লিখিতে লেখনী ক্ষয় হইতে লাগিল, কিন্তু দুঃখের বিষয় এই ইহার কোন উপায় হইল না।

গত আশ্বিন মাস হইতে এখানকার খাল স্বল্পতোয় হওয়াতে তাহার স্রোতোবিহীন বদ্ধ জল কেহই ব্যবহার করেন না। এখন সকলে অত্রত্য জলাসমূহের জলই ব্যবহার করিয়া থাকেন। কিন্তু প্রায় মাসাধিক কাল গত হইল, উহারও জল নিতান্ত কটু ও কষায় হইয়া পীড়োৎপাদক হইয়াছে। অনন্যোপায় হইয়া উক্ত জল ব্যবহার করাতে এখানে জ্বররোগের বিলক্ষণ প্রাদুর্ভাব হইয়াছে। অনুসন্ধান করিলে প্রতি বাসাতেই ২।৪ জন জ্বর রোগাক্রান্ত ব্যক্তি দেখিতে পাওয়া যাইবে। গবর্ণমেণ্ট মনোযোগী না হইলে আমরা ত ইহার কোন উপায় দেখিতে পাই না। হয় খালগুলির পঙ্কোদ্ধার করিয়া স্রোতস্থান করুন, অথবা জলকষ্টনিবারণের অন্য কোন উপায় করিয়া দিন।

এবৎসর অত্রত্য গবর্ণমেণ্ট বিদ্যালয় হইতে ৫ জন ছাত্র প্রবেশিকা পরীক্ষায় প্রেরিত হইয়াছেন। ঈশ্বর করুন সকলেই কৃতকার্য্য হউন।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয় অত্রত্য গবর্ণমেণ্ট বিদ্যালয়টীকে নোয়াখালীর গবর্ণমেণ্ট স্কুলের ন্যায় দ্বিতীয় শ্রেণীভুক্ত করিবার জন্য কমিটীতে প্রস্তাব করিবেন। যথার্থ হইলে নিতান্ত দুঃখের বিষয়।

আগামী ১ লা জানুয়ারি হইতে আমাদিগের এখানকার বার্ষিক কৃষিপ্রদর্শনী মেলা আরম্ভ হইবে। আমরা অধ্যক্ষগণকে বিনয়ের সহিত নিবেদন করি, কৃষিপ্রদর্শনী মেলাতে কেবল কৃষকদিগের স্বোপার্জ্জিত দ্রব্যাদি প্রদর্শন করিয়া

সুশৃঙ্খলরূপে যাহাতে তাহারাই পুরস্কৃত সর্ব্বতোভাবে তাহাতে দৃষ্টি রাখিবেন। দিগের নাম দিয়া অর্থগৃধ্নু সাহেব ও বাবু স্ফীতোদর পূর্ণ করা নিতান্ত অসঙ্গত। সাহেব ও বাবুদিগের উদর পূর্ণ করা হয় হইলে ইহার কৃষিপ্রদর্শনী মেলা নাম না সাহেব কি বাবুপ্রদর্শনী মেলা নাম দে সঙ্গত হয়।

আজি কালি এখানে ব্রাহ্মদিগের নি শোচনীয় অবস্থা উপস্থিত হইয়াছে। কাহ সমাজে আসিতে দেখা যায় না। কেবল জন ব্রাহ্মদ্বারা সমাজের কার্য্য নির্ব্বাহিত থাকে।

শ্রী:—

———

হিন্দুধর্ম্মই এখানকার আদিম ধর্ম্ম। ত খৃষ্ট ও ব্রাহ্ম প্রভৃতি কয়েকটি ধর্ম্ম প্রচলি য়াছে। সম্প্রতি আর একটি নব ধর্ম্মের আ হইয়াছে। ইহার নাম "গুরু সত্য হরি ব এই মতটি দেশের পক্ষে মহানিষ্টকর হই ইহার বিশেষ বিবরণ নিম্নে লিখিত হইল। গণ পাঠ করিয়া দেখুন, এটি দেশের হ অনিষ্টসাধক তাহা সহজেই বুঝিতে পারি এত দিন এটি গোপনভাবে ছিল, এক্ষণে ইহা প্রচারিত হইয়াছে। প্রায় ৯০ বৎসর এই মতটি প্রচলিত হইয়াছে। ইহার ই অতি সুন্দর ও অদ্ভুত। সুখসাগরের স হালিসহর গ্রামের দক্ষিণ এবং কাঁচড়া প উত্তর ঘোষপাড়া নামে একটী গ্রাম আ উক্ত গ্রামনিবাসী রামশরণঘোষ উপ খিত মতটির আবিষ্কার করেন। তিনি উৎকট পীড়ায় পীড়িত হন। বহুদিবস বহুবিধ চিকিৎসা ও নানাপ্রকার উপায় ক কিছুতেই রোগশান্তি হইল না। পরি যন্ত্রণা অসহ্য হইলে এক দিবস ভাগীরথী জীবনবিসর্জ্জন করিতে উদ্যত হন; এমত স দৈববাণী হইল তোমার জলমগ্ন হইয়া প্রা ত্যাগের প্রয়োজন নাই। তুমি অহরহঃ কা বাক্যে এবং ভক্তিসহকারে "গুরু সত বল" বলিয়া জপ করিও, তাহা হইলেই হইতে মুক্ত হইবে। তিনি এই কথা শুনিব সন্তুষ্ট চিত্তে গৃহে প্রত্যাগমন করিয়া নিদ্রা পরিত্যাগপূর্ব্বক উক্ত দৈববাক্য জপ ক অল্পদিবসমধ্যেই আরোগ্যলাভ করেন। দেখিয়া অন্যান্য নিকটবর্ত্তী গ্রামনিবা প্রতিবাসী রুগ্ন ব্যক্তিরা প্রতিদিন তাঁহার নি

আগত হইতে লাগিলেন এবং কৃতাঞ্জলি পুটে তাঁহার সম্মুখে দণ্ডায়মান হইয়া অতিকাতরস্বরে তাঁহার আরোগ্যের কারণ জিজ্ঞাসা করিতেন। ঐ ঘোষজ মহাশয়ের যোগ কিছুতেই ভঙ্গ হইত না। উপর্য্যুপরি বএক দিবস এইরূপ করাতে দৈবাৎ এক দিবস তাঁহার যোগ ভঙ্গ হইল চাহিয়া দেখেন, সম্মুখে কএক জন লোক দণ্ডায়মান রহিয়াছে। তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলেন কেন বাপু! তোমরা এরূপে আমার সমীপে দণ্ডায়মান রহিয়াছ। তাঁহারা এইরূপ জিজ্ঞাসিত হওয়াতে আপনাদিগকে চরিতার্থ জ্ঞান করিলেন এবং গদ গদ স্বরে বলিতে লাগিলেন আমরা আপনকার আরোগ্যের কারণ জানিতে নিতান্তই অভিলাষী হইয়াছি। এক্ষণে যদি অনুগ্রহপূর্ব্বক বলেন তাহা হইলে পরমোপকৃত হই। তিনি গর্ব্বিতস্বরে বলিলেন আমি "গুরু সত্য হরি বোল" বলিয়া রোগ হইতে মুক্ত হইয়াছি. তোমারাও বল অবশ্যই আরোগ্যলাভ করিবে। তাঁহারা এই বাক্য শিরো ধার্য্য ও অনোঘ বিবেচনা করিয়া তাহাই করিতে লাগিলেন। সময়গুণে বা বিশ্বাসবলে কাহার কাহার আরোগ্যও হইল। এইরূপে ক্রমশই এই মতটি চারি দিগে ব্যাপ্ত হইয়াছে। এখন প্রায় প্রতিপ্রদেশে ও নগরে এই ধর্ম্মালোক প্রবেশ করিয়াছে। এদেশীয় অধিকাংশ অশিক্ষিত পুরুষ ও স্ত্রী এই ধর্ম্মভূগণে ভূষিত হইয়াছেন। এখন স্থানে স্থানে এক এক আড্ডা দেখিতে পাওয়া যায়।

১ম ঘোষ পাড়ার আড্ডা। উক্ত রামশরণ ঘোষের বংশপরম্পরা উক্ত ধর্ম্ম প্রতিপালন করিয়া আসিতেছেন। প্রতিবৎসর দোলযাত্রার সময় এখানে মহাসমারোহপূর্ব্বক একটি করিয়া মেলা হইয়া থাকে। এই সময়ে এই স্থানে এই ধর্ম্মাক্রান্ত নানাজাতীয় স্ত্রী ও পুরুষ নানা দিগ দেশ হইতে আসিয়া একত্রমিলিত হন। হাতী ঘোড়া গাড়ি পালকীপ্রভৃতিতে মেলাস্থানটি পরিপূরিত হয় এবং বিবিধ মনোহর ও উপাদেয় দ্রব্য সামগ্রীর দোকান বসে। লোকের কোলাহলে গ্রাম পরিপূর্ণ হইয়া যায়। আমোদের পরিসীমা থাকে না। নানাজাতীয় স্ত্রীপুরুষ একত্র শয়ন ও একত্র ভোজন করে। ঘোষ বংশীয়দিগের আয়ের সীমা নাই। বিবিধ উপাদেয় ও সুখাদ্য সামগ্রীতে গৃহ পরিপূর্ণ হইয়া যায়। টাকা রাখিবার স্থান থাকে না। দুঃখের কথা কি বলিব! কতশত ব্রাহ্মণ ও শূদ্রপ্রধ ঘোষ বংশীয় ব্যক্তিগণকে অর্থপ্রদানপূর্ব্বক প্রণাম করেন ও তাঁহাদের পদধূলি সর্ব্বাঙ্গে লেপন ও লেহন করেন। বিশপেরা রোমান ক্যাথলিক দিগকে যেরূপ সম্মান ও উপঢৌকনাদি প্রদান করিতেন, প্রদেশীয় আড্ডার কর্ত্তারা ঘোষ বংশজদিগকে সেইরূপ প্রতিবৎসর সম্মানচিহ্ন স্বরূপ কিছু কিছু কর দিয়া থাকেন।

দ্বিতীয় প্রদেশস্থ আড্ডা। ইহাদের আচার ব্যবহার কিছু অধিক বিস্ময়কর। ডোম, হাড়ী, বাগ্দী যে কোনজাতীয় হউক না কেন কেহ না কেহ ঐ আড্ডার কর্ত্তা হইয়া বসে। ইহাকে গুরু বলে। লোকে পর কালের নিস্তারকর্ত্তা দীক্ষাগুরু অপেক্ষা ইহাকে অধিক ভক্তি করিয়া থাকে। ইহাদের আধিপত্যের সীমা নাই। ইহাদের গৃহে কোন সামগ্রীরই অভাব দেখা যায় না। ইহাদের সেবকেরা কোন প্রকার সুখাদ্য সামগ্রী পাইলে আপনারা ভক্ষণ না করিয়া এমন কি প্রাণসম পুত্র কন্যাদিগকে বঞ্চিত করিয়া কর্ত্তার নিকট উপঢৌকন দেয়। অধিক কি ধন, প্রাণ, যৌবন, মান এবং কুলশীল সকলই একেবারে প্রভুর হস্তে সমর্পণ করিয়া বসে। কত শত ব্রাহ্মণ ও শূদ্রে উঁহাদিগকে প্রণাম করেন এবং উচ্ছিষ্ট ভক্ষণ ও চরণরেণু সর্ব্বাঙ্গে লেপন ও লেহন করেন। কোনপ্রকার পীড়া হইলে গুরুপূজা মনন করা হয়। প্রতি শুক্রবার রজনীতে গুরুর বাটীতে একটি করিয়া অধিবেশন হয়। এই দিবস এই দলাক্রান্ত স্ত্রীপুরুষেরা একত্র মিলিত হন এবং আমোদ প্রমোদাদি করেন। যে স্থলে এত স্ত্রীপুরুষের সমাগম সেখানে যে কিরূপ ব্যবহার হয়, পাঠকগণ সহজেই বুঝিয়া লউন। যিনি এই দলভুক্ত হইতে অভিলাষী হন, তাঁহাকে এই দিবস গুরুর সমীপে আপনার অভিপ্রায় জানাইতে হয় এবং গুরুর গয়ার ভক্ষণ করিতে হয়। গয়ার ভক্ষণের কারণ এই, তাঁহার মনে বিকার আছে কি না গুরু তাহার পরীক্ষা করেন। যিনি উহা করিতে অক্ষম হন, তাঁহাকে দলে লওয়া হয় না। আমাদের দেশের লোকের কি ভ্রম! কোন কালে কে আরোগ্যলাভ করিয়াছে দেখিয়া, সেই ভক্তিতে নীচ জাতীয়ের নিকটেও দাসের ন্যায় হইয়া থাকেন! তাঁহারা কর্ত্তার নিকট নিজ নিজ অভিলাষ ব্যক্ত করেন। কর্ত্তা গর্ব্বিত এবং সাহঙ্কার বাক্যে তাহার প্রত্যুত্তর দেন। এই দলের ব্যবহার এরূপ জঘন্য যে, তাহার বর্ণনা করিতেও লজ্জা হয়। ইহাদের মতে স্ত্রীভেদ এবং জাতিভেদ নাই। অস্মদ্দেশীয় অধিকাংশ বিধবা স্ত্রী ও লম্পট পুরুষ এই দলাক্রান্ত হন। এখানে সকলের সকলপ্রকার অভিলাষ সিদ্ধ হইতে পারে এই দলবদ্ধ হইলে বিধিবদ্ধ বৈদ্যব্যয়ন্ত্রণা করিতে হয় না। গুরু কল্পতরুর ন্যায় সর্ব্ব কাম সিদ্ধিকর্ত্তা। এখানে সকল ফলই সুপ্রা জগন্নাথক্ষেত্রে অন্নবিচার নাই জানা ছি এক্ষণে এদেশেও অন্নবিচার প্রায় রহিত আসিবে। ব্রাহ্মণপ্রভৃতি নানা বর্ণের উক্ত রজনীতে একত্র ভোজন করেন গান বাদ্য করেন। নারীরা পুরুষের অঙ্কে পুরুষেরা স্ত্রীর অঙ্কে শয়ন করে। স্ত্রী পরস্পর পরস্পরের গাত্রে ঢলিয়া পড়েন। তেই লজ্জা বোধ হয় না। এইরূপে প্রায় রজনী অতিবাহিত করিয়া কল্পতরু গুরুকে পাতপূর্ব্বক নিজ নিজ স্থানে প্রস্থান থাকে। পাপমতি দুষ্টপ্রকৃতি পুরুষ ও কাম অল্পবয়স্ক বিধবা ও অধিকাংশ কুলীনকন্যা সুখলাভার্থ এই ধর্ম্মাক্রান্ত হয়, ইহারা পূর্ণি পাপে পরিপূর্ণ ও সমাজকে কলঙ্কিত করি ধর্ম্মসাধন ইহাদের উদ্দেশ্য নহে, ইন্দ্রিয় চ করাই প্রধান উদ্দেশ্য। সম্পাদক মহাশয়! কি ভয়ানক অবস্থাতেই পতিত হইয়াছে! অবস্থার উন্নতি ও শ্রীবৃদ্ধির কারণ! সেই বিষম গোলযোগ ঘটিয়াছে। লোকে লিত বিশুদ্ধ হিন্দু ধর্ম্মের প্রতি বিলক্ষণ হইয়া আসিতেছে। যাঁহারা শিক্ষিত হই তাঁহারা অন্য ধর্ম্মের আশ্রয় লইতেছেন। যাঁহারা অশিক্ষিত তাঁহারা এই দলাক্রান্ত ছেন। ধর্ম্মের গোলযোগ হওয়াতেই দেশে প্রকার কুকর্ম্মের স্রোত প্রবল হইতেছে ভয় না থাকিলে কুকর্ম্মে কদাচ ভয় হয় না

তারিখ ২৯ এ নবেম্বর সন ১৮৬৮ সাল জনাই।

ভবদীয়

—:০:—

কিছুদিন অতীত হইল মহাশয়ের সোমপ্রকাশে যদুনাথ চক্রবর্ত্তী ও বি গোস্বামিপ্রভৃতি স্বাক্ষরকারী মহাশ পত্র পাঠ করিয়া অত্যন্ত বিস্মিত হই কিন্তু ১৬ই অগ্রহায়ণের সোমপ্রকাশে বাবু কেশববাবুর পক্ষ হইয়া যে স্বীয় স্থিতচিত্ততার বিশেষ পরিচয় প্রদান ছেন, তদ্দর্শনে অধিকতর বিস্ময়াপন্ন ইনি কি সেই বিজয় বাবু? বোধ করি বেন। তাহা হইলে কি এক মুখ হইতে কখন নির্গত হয়? কিন্তু আবার যখ স্পষ্টাক্ষরে লিখিয়াছেন যে "যাঁ কার্য্যে কেশব বাবু বিনা দোষে জগতে হইতেছেন, তাঁহাদিগকে অনেক অনুন

াম, কিছুতেই তাঁহাদিগের উদ্যম ভঙ্গ না; অবশেষে সংবাদপত্রদ্বারা সাধা গোচর করিলাম।" তখন ইনি সেই বাবু না হইয়া যান না। বাবু এপ্রকার ন কেন এবং তাহাতে ভীতই বা হই ারণ কি? ইহাতে কি তাঁহার গৌরবের হইতেছে না? পূর্ব্বে সাবধান হইলে আর কথাই সহ্য করিতে হইত না। তিনি লিখিয়াছেন "আমরা কেশব বাবুর ঘোষণা করি না।" দোষঘোষণা কাহাকে বলে? অজ্ঞানকে জ্ঞানো প্রদান না করা যদি অন্যায় হয়, গামীকে সুপথ না দেখান যদি অধর্ম্ম কেশব বাবুর কি অধর্ম্ম স্পর্শ হইতেছে ারণ বিজয় বাবু প্রভৃতি বলেন "কোন তাঁহার পদাবনত হইলে তিনি তাঁহাকে ণ করেন না"। নিবারণ করা কি কেশব অবশ্য কর্ত্তব্য নহে? বিজয় বাবুকে এ লিখিতে কে অনুরোধ করিয়াছিলেন? তিনি মিররসম্পাদকের তাড়না আর করিতে পারিলেন না, অথবা কেশববাবুর মরণ করিয়া ভীত হইলেন। এই জন্যই ঙ্গবাসীদিগকে লোকে এত ঘৃণা করিয়া তাঁহারা আপনারাই ঘৃণার ভাজন হই- । আমার এই কয়েক পংক্তি দেখিয়া, ইজী ক্রোধান্ধ হইয়া, করে করাল কর হণপূর্ব্বক বদ্ধপরিকর হইয়া সমর সাগরে ণ করিবেন, আমিও সামান্য তৃণ দি লইয়া আত্মরক্ষার্থ ক্রটী করিব না; ামি এস্থলে, যদুবাবুকে ধন্যবাদ না দিয়া ইতে পারিলাম না। তিনি একবার যাহা ছেন অদ্য তাহাই বলিয়া স্বপক্ষসমর্থন ছেন। বোধ করি, তাঁহাদিগের গৃহভেদ ; সেই জন্যই গোসাইজী, অন্যান্যের কেশববাবুর আশ্রয় লইয়াছেন। আমি াবুর ভক্ত নহি এবং তাঁহাকে দ্বেষও করি ব অন্যায় দেখিলে সকলকেই বলিতে ই মাত্র।

সংহারকালে, কেশববাবুর পদানত মহা- ার নিকটে, আমার জিজ্ঞাস্য এই, যদি হইলেই ঈশ্বরানুগৃহীত হয় ও তাঁহার নুসারে তদীয় ভক্তগণ ঈশ্বরসমীপে পারেন, তাহা হইলে জগদ্বিখ্যাত সহস্রা নিস্ ও শিশরো মনুষ্যগণকে হস্ত শ্বরের নিকট প্রেরণ করিতে পারিতেন। দি সচ্চরিত্র হইলেই হয়, তাহা হইলে সমস্ত সচ্চরিত্র ব্যক্তির উপাসনাই ধর্ম্ম হইত। আমাদিগের চিরন্তন হিন্দুধর্ম্ম কি অপরাধ করিয়াছে?

ইং টেলিগ্রাফ আফিস
দানাপুর ৪ ঠা নবেম্বর
১৮৬৮ } শ্রীযোঃ

—:০:—

মহাশয়! গত ২৭ এ কার্ত্তিক এখানে একটী ভয়ানক ডাকাইতি হইয়া গিয়াছে। জিলা হাওড়ার অন্তর্গত রাউতড়া গ্রামনিবাসী বৈকুণ্ঠনাথ হাজরা সম্প্রতি কিঞ্চিৎ অর্থ উপার্জ্জন করিয়াছেন। ধন হইলেই লোকের উত্তম বাসস্থানাদি নির্ম্মাণ করিবার অভিলাষ হয়। এ ব্যক্তির সেই ইচ্ছা বলবতী হওয়াতে ইট গড়াইবার ব্যয় নির্ব্বাহার্থ নগদ ৫০০ টাকা বাটীতে পাঠায়। দস্যুরা ইহার সন্ধান পাইয়া ঐ রাত্রেই সকলে আগমনপূর্ব্বক উহার সর্ব্বস্ব লইয়া গিয়াছে। ইহারা টাকা ও অলঙ্কারে হাজার টাকা আত্মসাৎ করিয়াছে। পিতল ও কাঁসারপাত্র গুলিতে হস্তক্ষেপ করে নাই। লুণ্ঠন কালে দুর্বৃত্তেরা এত বাটুল নিক্ষেপ করিয়াছিল যে প্রতিবেশীদিগের কেহ বাটীর বাহির হইতে পারেন নাই। ষ্টেসন আমলার সব ইনস্পেক্টর শ্রীযুক্ত বাবু উমেশচন্দ্র চক্রবর্ত্তী মহাশয় আগমন করিয়া ডাকাইত ধরিবার জন্য অত্যন্ত ধুম ধাম ধরিতেছেন। পাছে "বহ্বারম্ভে লঘু ক্রিয়া" হইয়া পড়ে এই আমার শঙ্কা।

এক্ষণে এ দেশের প্রায় সকল মাঠই শুষ্ক হওয়াতে রজনীযোগে দস্যুগণের গমনাগমনের বিলক্ষণ সুবিধা হইয়াছে। অতএব পুলিসের কর্ত্তৃপক্ষ মহোদয়গণের নিকট আমার প্রার্থনা এই যে, তাঁহারা আপন আপন অধীনস্থ কর্ম্মচারী দিগকে গাঢ়নিদ্রায় আর অভিভূত থাকিতে না দেন। পরে দৌড়াদৌড়ি করা অপেক্ষা পূর্ব্বে সতর্ক হওয়া বিধেয় সন্দেহ নাই।

রাউতড়া
জিলা হাওড়া
১ অগ্রহায়ণ
১২৭৫ } কস্যচিৎ ভ্রমণকারিণঃ।

———:০:———

হিন্দুপেট্রিয়ট ও সাবিত্রীচরিত।

৯ ই নবেম্বরের পেট্রিয়টে সাবিত্রীচরিতের সমালোচন দেখিয়া আমরা চমৎকৃত হইলাম। সাবিত্রী পাঠ করিয়া আমাদের যেরূপ সংস্কার জন্মিয়াছে এবং সোমপ্রকাশ ও এডুকেশন গেজেটে যেরূপ মত প্রকাশিত হইয়াছে, পেট্রিয়টে তাহার বিপরীত দর্শন করিলাম। বোধ করি, বিজ্ঞ সম্পাদক নিজে ঐ প্রস্তাবটী লেখেন নাই। অন্য কাহাকেও তাহার ভার দিয়া থাকিবেন। যিনি হউন, লেখক বিষম ভ্রমে হইয়াছেন।

পেট্রিয়ট আমাদের দেশের অতি সম্বাদপত্র। তাঁহার মত ও বাক্য অ আদরণীয়। পেট্রিয়টে সাবিত্রীচরিতে লোচন দেখিয়া অনেকের ভ্রান্তি পারে। আমরা সেই ভ্রম নিরাকরণার্থ ধারণ করিলাম।

সমালোচনকারী লিখিয়াছেন, "ে িক ভাব যেরূপ থাকুক না কেন, ৩৪ এক জন রাজাকে ঘোটকের রাজা ও ম রাজা বলিয়া বর্ণন অতিনিকৃষ্ট হইয়া আমরা সাবিত্রীর ৩১ পৃষ্ঠা পাঠ করিলাম, বর্ণন দেখিতে পাইলাম না। আদ্যন্ত প কোন স্থানেই তাদৃশ লেখা দৃষ্ট হইল না করি পেট্রিয়টে মুদ্রাঙ্কনের ভুল হইয়াছে পৃষ্ঠা না হইয়া ৪ পৃষ্ঠা হইবে। ৪ পৃষ্ঠায় লিখিত লেখাটী দেখিয়া সমালোচন রূপের ভুল করিয়াছেন।

"অশ্বপতি নরপতি, আর, রাজরাণী,
কিরূপে তোমায় ছাড়ি ধরেন পরাণী

৪ পৃষ্ঠায়

পাঁচ বৎসরের বালকেও ইহার অর্থ বু পারে; কিন্তু বিজ্ঞ সমালোচনকারী বুঝিতে পারেন নাই। তিনি অশ্বপতি ঘোটকের রাজা বুঝিয়াছেন। ইহাতেই, বাঙ্গালা ভাষায় যেরূপ ব্যুৎপত্তি ও পৌ ইতিবৃত্তে যেরূপ জ্ঞান, তাহার পরিচয় পা যাইতেছে। বাঙ্গালা পুস্তকের উপর লোকের সমালোচন কত দূর সঙ্গত ও ন তাহা সকলেই বুঝিতে পারিতেছেন।

সমালোচনকারী লিখিয়াছেন, " পৃষ্ঠায় দুই পংক্তিতে সাবিত্রীর বর্ণন দরিদ্র ও ইটী তাঁহার ভুল। পাঠকগণ দর্শন করুন।

"নববিকসিতা বালা দিব্যকান্তিময উজলি চৌদিক রূপে, চলে মৃদুগতি
রূপের ছটায়, যেন আকাশ নন্দিনী
চমকিলা ধরাতল চপলা কামিনী।
অতুল সৌন্দর্য্য মাঝে, কিন্তু দেখ আর
স্থিরদৃষ্টি, ধীরভাব অতি চমৎকার।
প্রশংসে যুবতীকুল চঞ্চল নয়ন,
চপল স্বভাবে আর, যত কবিগণ
কিন্তু এ নবীনা বালা লাজের সহিত
ধীরভাবে স্থিরনেত্রে করে বিমোহিত।
পবিত্রতা মাখা রূপ এ হেন ললনা
নাহিক জগতে আর করিতে তুলনা।"

ব পবিত্রতা দেবী পৌরকৌলাহল
হতে না পারি, আজি যার বনস্থল। "

৩ পৃষ্ঠা

া কি পর্য্যাপ্ত নহে? কতকগুলি ফল
সাদৃশ্য দিয়া অঙ্গ প্রত্যঙ্গের বর্ণন না
কি নায়িকা বর্ণিত হয় না? গ্রন্থকার
করিয়া তাহা ত্যাগ করিয়াছেন। সাবি
হা সৌন্দর্য্যের চিত্র করা তাঁহার উদ্দেশ্য
মন-পতা, পবিত্রতা, পাতিব্রত্য, ধর্ম্ম-
ভৃতি সদ্‌গুণ সকল বর্ণন করাই তাঁহার
অভিপ্রেত। তিনি তাহা সাবিত্রীচরিতের
নে সুন্দর চিত্রিত করিয়াছেন।
সমালোচনকারী লিখিয়াছেন "কবি ভাষা
বিষয়ে অত্যন্ত অনুকরণকারী। মিষ্টর
কল দত্ত তাঁহাকে বিকৃত করিয়া ফেলিয়া
এ কথা অতি অগ্রাহ্য। আজি কালি
বিশুদ্ধ রীতিতে বাঙ্গালা পদ্য লিখিত
চ্ছে, সাবিত্রীচরিতের স্থানে স্থানে সেই
অবলম্বিত হইয়াছে; কিন্তু গ্রন্থকার কাহা
ভাষার অনুকরণ করেন নাই। মাইকেলের
বিত্রীচরিতের ভাষাতে অনেক অন্তর।
কলী ভাষা দুরূহ ও কর্কশ, সাবিত্রীচরি
ভাষা সরল ও মধুর।
সাবিত্রীচরিতকার, মুখে চন্দ্রের বা পদ্মের
শা, নেত্রে মৃগনয়নের উপমাপ্রভৃতি যে
কগুলি কবিদিগের সাধারণ সম্পত্তি আছে
ন্য অন্য কবিরও ভাব অপহরণ করেন
। সাবিত্রীচরিত নব নব ভাবে পরিপূর্ণ।
তে এত নূতন ভাব আছে যে, সমুদায়
ত করিলে আর এক খানি গ্রন্থ হয়। নিম্নে
ার কয়েকটী গৃহীত হইল:

"ভুলো না যাইতে যথা শিরীষমঞ্জরী
অতি কোমলাঙ্গী, মৃদু চামর-কিঙ্করী,
সুরাগত সুশীতল ধরিয়া চামর,
এ রঞ্জনে বীজিতেছে মোরে নিরন্তর।"

৬ পৃষ্ঠা

অনেকে শিরীষ কুসুমকে কোমল বস্তুর
শ দিয়া থাকেন, কিন্তু চামরস্বরূপ বর্ণন
তন। যিনি শিরীষমঞ্জরী দর্শন করিয়া-
ন, তিনি ইহাতে চমৎকৃত হইবেন।

"না চলে চরণ ছেড়ে নেত্র অনিমেষে,
কুরিনী হেরিলে যথা আলোক উজ্জ্বল,
না নড়ে পুলকে রহে মোহিত অচল।"

এ ভাব আর কোথায় নাই। আলোক
খিলে মোহিত হইয়া ফণা ধরিয়া স্থির থাকে,
া সর্পের প্রত্যক্ষীভূত প্রকৃতি। যিনি ভুজ-
ঙ্গের এই স্বভাব জ্ঞাত আছেন, তিনি এতৎ
পাঠে পরিতৃপ্ত হইবেন।

"সুপক্ক সুরস ফলভরে অবনত,
দেখ সই! চারি দিকে তরু লতা কত,
পথিকের ক্ষুধা ক্লান্তি হরিবার তরে,
প্রকৃতির সদাব্রত যেন থরে থরে।"

৭ পৃষ্ঠা

"সম্মুখে হেরিলা বনে সুনীলবরণ
হোম-ধূমশিখা উঠি, ঢাকিছে গগন;
যেন জলস্তম্ভদল, সাগর-সম্বরে,
উঠি শূন্য পথে মিলে নীল জলধরে।

১৭ পৃষ্ঠা

উদিত হীরকভাতি শত শত তারা,
যেন দেবগণ স্বর্গে মেলি নেত্রতারা,
নিরখিছে জগতের সব আচরণ,

২১ পৃষ্ঠা

"সুনীল আকাশে পূর্ণ শশী পরকাশে,
সুবর্ণ কলস যেন নীল জলে ভাসে।"

২১ পৃষ্ঠা

"ভাতিল চন্দনবিন্দু সাবিত্রী কপালে
উজলে-ইন্দুলা যথা মৃগশিরাভালে।"

৮৪ পৃষ্ঠা

"বাঁধিলা কবরী স্থূল নীল কেশপাশে,
যেন মেঘ ঘনীভূত পশ্চিম আকাশে।"

১০২ পৃষ্ঠা

"মুনিপত্নী কোলে বধূ বসে শোভা কি করা
স্বর্ণলতাকোলে যেন প্রবাল পল্লব।"

১১৪ পৃষ্ঠা

"যুবজন করে সদা বিনয় ভকতি,
সতীর প্রভায় পূর্ণ সাবিত্রীবদন
না পারে হেরিতে, যথা মধ্যাহ্ন তপন।"

১১৮ পৃষ্ঠা

"_____ছিন্নু গভীর নিদায়,
বাড়িল এত যে নিশা নহে অনুমিত,
আরত পিঞ্জর দূরে করিলে চালিত,
সে পিঞ্জরবাসী শুক নারে কদাচন
বুঝিতে, কতেক দূরে করিল গমন।

১৫৩ পৃষ্ঠা

সমালোচনকারী কি এ গুলিকে নূতন বোধ করেন না? বন্য সুস্বাদু ফল প্রকৃতির সদাব্রত স্বরূপ, ধূমশিখা জলস্তম্ভের ন্যায়, নক্ষত্রপুঞ্জ দেবগণের নেত্রতারাসদৃশ ইত্যাদি ভাবগুলি আর কোন্ গ্রন্থে দৃষ্ট হইয়াছে?

সমালোচনকারী বলেন,—"গ্রন্থকার ছন্দের মনোহারিত্বসম্পাদনে অত্যন্ত অপারগ ও ভাষার মধুরতা সাধনে তাঁহার অত্যন্ত অক্ষমতা আছে।" "দুই একটী ভাল হইলেও সাধা
গত ছন্দের গ্রন্থন বিফল হইয়াছে।"

এ কথা নিতান্ত অগ্রাহ্য। সাবিত্রীচরিতে
ভাষা যেরূপ প্রাঞ্জল ও মধুর এবং ছন্দ যের
সুসম্বদ্ধ ও মনোহর, বাঙ্গালা পদ্য গ্রন্থে এ
ভাষা ও ছন্দ অতি অল্প দৃষ্টিগোচর হ
উপরে যে কবিতাগুলি প্রদর্শিত হইয়া
তাহাতেই পাঠকবর্গ বুঝিতে পারিবেন। স
লোচনকারীর সমুদায় সাবিত্রী হইতে অ
এক পংক্তিও কর্কশ ভাষায় ও কদর্য্য ছ
উদাহরণ দেখান উচিত।

তিনি লিখিয়াছেন,—"এই গ্রন্থে ক
গুণের যথোপযুক্ত অংশ আছে, ইহা না বলি
যেমন অন্যায় হয়, সেইরূপ গ্রন্থকারের ক
তাঁহার উচ্চাভিলাষের অনুরূপ হইয়াছে এ
বলিলে চাটুকারিতা হইবে।"

এ কথা অবিশ্বাস্য। আমরা মনোযো
পূর্ব্বক আদ্যন্ত পাঠ করিয়াছি। সাবিত্রীচরি
বিষয়টী যেমন উৎকৃষ্ট, গ্রন্থকারের ক্ষম
তাহার উপযোগী হইয়াছে। পতিভ
পতিপ্রেম ও ধর্ম্মভাবই সাবিত্রীচরিত কা
জীবনস্বরূপ। গ্রন্থকার তাহার উপদেশ
মনোহররূপে গ্রন্থের সর্ব্ব স্থানে প্রদান কর
ছেন। সাবিত্রীচরিত প্রসাদগুণে ও প্রী
নব নব ভাবে পরিপূর্ণ। প্রথম হইতেই
জমিয়া গিয়াছে। পাঠকালে উত্তরোত্তর
হাভিলষ জন্মে এবং পাঠকের মনে অভূ
আনন্দের সঞ্চার হয়। যিনি আদ্যোপান্ত স
চরিত পাঠ করিবেন, তিনিই এ কথা স্বী
করিবেন।

ঈদৃশ ক্ষমতা কি পর্য্যাপ্ত নহে?
অপেক্ষা আর কি অধিক ক্ষমতা প্রকাশ ক
হইবে, তাহা আমরা বুঝিতে পারিতেছি

সমালোচনকারী আরও লিখিয়াছেন
"গ্রন্থকারের কল্পনাশক্তি কিম্বা নাটকী
অথবা ভাষায় উত্তম অধিকার নাই।"

সাবিত্রীচরিত পুরাতন গল্প ব
ইহাতে গ্রন্থকারের কোন ক্ষমতা প্রকাশি
নাই এমত নহে। স্থানে স্থানে যে পরি
ও অতিরিক্ত নূতন বর্ণন সন্নিবেশিত
আখ্যায়িকাকে সুসঙ্গত ও স্বভাবানুগত
য়াছেন, তাহাতেই তাঁহার কল্পনাশক্তি
কীয় গুণের বিলক্ষণ পরিচয় পাওয়া গিয়
মহাভারতে বর্ণিত আছে—সাবিত্রী
কিরূপলাবণ্যশালিনী হইলেও কোন
তাঁহার পাণিগ্রহণ করিতে অগ্রসর হয়

া স্বভাবসঙ্গত নহে। এ জন্য সাবিত্রীচরিত
া তাহার পরিবর্ত্ত করিয়া এরূপ বর্ণন করি
ছেন যে সাবিত্রী আপন অনুরূপ বলিয়া
ানীত না হওয়াতে অন্য কাহাকে পতিত্বে
করিতে চান নাই।

পূর্ব্ব উপাখ্যানে আছে—সাবিত্রী মনে
সত্যবানকে বরণ করিয়া, সভামধ্যে
ার নিকট নিজমুখে আপন মনোগত ভাব
করেন, কিন্তু তাহা কন্যাজনোচিত
ালীলতার বিরুদ্ধ; সুতরাং অস্বাভাবিক।
নমিত্ত সাবিত্রীচরিতে তাহা পরিবর্ত্তিত
ছে। সাবিত্রী স্বীয় সখীর দ্বারা পিতার
ট আপন অভিপ্রায় জানাইয়াছেন, এরূপ
ত হইয়াছে।

হাভারতে বর্ণিত আছে—মদ্ররাজ দুহিতা
ত্রীকে তপোবনে লইয়া গিয়া সত্যবানকে
দান করিয়া আসেন; কিন্তু তাহা সাধার
হিন্দুপ্রথার বিরোধী এবং তাহাতে
ত বর্ণনের অবসর নাই। এ কারণ সাবি
রিতলেখক তাহার অন্যথা করিয়াছেন,
ামকে মদ্রপুরে কন্যাকর্ত্তার আলয়ে
ন করা হইয়াছে। উহাতে হিন্দুরীতি
ও পরিণয় উত্তমরূপে বর্ণিত হইয়াছে।
াবিত্রী যেরূপ স্তুতিবাদ করিয়া যমের
তা ও বরলাভ করিয়াছিলেন, তাহা সম
ত ও স্বভাবসঙ্গত নহে। এ জন্য গ্রন্থকার
লে ঐ স্থল ছাড়িয়া দিয়াছেন এবং পরে
ানের স্বপ্নবিবরণে সংক্ষেপে তাহার
করিয়াছেন। উহাতে পুনরুক্তিদোষও
ত হইয়াছে।

প্তমসর্গস্থ উপাখ্যানাংশ অতি চমৎকার
র্ণিত হইয়াছে। অন্ধ রাজা দ্যুমৎসেন
কপূর্ব্বে সহসা চক্ষু লাভ করিলেন
পরে সত্যবানের স্বপ্ন বৃত্তান্ত ও পুত্রবধূ
ী যমের নিকট শ্বশুরের নেত্রলাভ বর
ছেন, শুনিয়া অতীব বিস্মিত হইলেন।
নে পুনরায় শালবাজ্য প্রাপ্তির বরের
া বলিতে বলিতে দূত আসিয়া উপনীত
এবং একখানি পত্র প্রদান করিল। পত্র
জানা গেল শত্রুতিবর্গ শাল্ব সিংহাসন
নিমিত্ত দ্যুমৎসেনকে আহ্বান করি

বিত্রীচরিতে অনেক নূতন বর্ণন সংযো
ইয়াছে। প্রথম সর্গে বন ও তপোবনের
দ্বিতীয় সর্গে স্বপ্নে সত্যবানের বরমালা
তৃতীয় সর্গে সাবিত্রীর দৃঢ় চরিত্রের
পরিচয়, চতুর্থ সর্গে বিবাহার্থ পুত্রের বিদায়
ও পুরপ্রবেশ, পঞ্চম সর্গে সাবিত্রীর শ্বশুরালয়ে
গমন ও গৃহকার্য্য, ষষ্ঠ সর্গে বিলাপ, সপ্তম সর্গে
স্বপ্নকথন ইত্যাদি অনেক নূতন বর্ণন করা
হইয়াছে। ঐ বর্ণনগুলি অতি মনোহর।

গ্রন্থকার কেবল আখ্যায়িকার স্থূল অংশ
অপরিবর্ত্তিত রাখিয়াছেন। তদ্ভিন্ন আদ্যোপান্ত
পরিবর্দ্ধিত করিয়া সাবিত্রীচরিতকে প্রকৃতির
অনুগত ও সৌষ্ঠবান্বিত করিয়াছেন।

গ্রন্থকার সর্ব্বস্থানে গ্রন্থগত ব্যক্তিদিগের
ভাষা, অবস্থা ও স্বভাব রক্ষা করিয়া বর্ণন
করিয়াছেন। কোন স্থলে তাহার বৈপরীত্য
হয় নাই। ইহার ভূরি উদাহরণ দিতে পারিতাম;
কেবল প্রস্তাববাহুল্যভয়ে ক্ষান্ত হইলাম।

এই সকলদ্বারা কি গ্রন্থকারের কল্পনা
শক্তির ও নাটকীয় গুণের বিশেষ পরিচয় প্রদ
শিত হয় নাই?

গ্রন্থকারের ভাষায় উত্তম অধিকার নাই।
এ কথায় আমরা হাস্যসম্বরণ করিতে পারি
লাম না। গ্রন্থকার বাঙ্গলা ভাল জানেন কি না
পূর্ব্বোক্ত কবিতাগুলিতেই তাহা প্রমাণীকৃত
হইয়াছে।

আর যে কয়েকটী দোষ লিখিত হইয়াছে,
তাহাতে বাক্যব্যয় করা নিষ্প্রয়োজন।

সমালোচনকারী অনেক দোষারোপ করি
য়াছেন, কিন্তু তিনি উদাহরণপ্রদর্শন করিয়া
তাঁহার বাক্য সপ্রমাণ করেন নাই। তাঁহার
নিকট প্রার্থনা, হয় তিনি উদাহরণ দেখাইয়া
তাঁহার মত সমর্থন করেন, না হয় আপনার
ভ্রম স্বীকার করেন।

অনেক সময় পেট্রিয়টে বাঙ্গলা পুস্তকের
উপর অযথা উক্তি দেখিতে পাওয়া যায়।
পেট্রিয়ট সম্পাদকের কর্ত্তব্য একটু বিবেচনা
করিয়া বাঙ্গালা পুস্তকের দোষ গুণ বিচার
করেন।

২০ এ অগ্রহায়ণ। এক জন পাঠক।

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু দীননাথ ভট্টাচার্য্য	আলাহাবাদ	৩৸
» » উমেশচন্দ্র মণ্ডল		চুচুড়া
১২৭৫ অগ্রহায়ণ হইতে ৭৬ কার্ত্তিক		১৩৲
» » কেদারনাথ দত্ত		মিরট
১২৭৫ অগ্রহায়ণ হইতে ৭৬ কার্ত্তিক		১৩
» » ললিতমোহন রায়		চকদীঘী
১২৭৫ অগ্রহায়ণ হইতে ৭৬ কার্ত্তিক		১৩
» » তারিণীপ্রসাদ ঘোষ		গোরা
১৮৬৮ নবেম্বর হইতে ৬৯ অক্টোবর		
শ্রীযুক্ত মুন্সি গোলামহোসেন		রঙ্গপুর

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে
স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাকমা
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং ত্রৈ
সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম
গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, ম
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার অন
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই উ
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, তাঁ
যেন এক অথবা আধ আনার অধিক মূ
ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রকা
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি কর
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে পা
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত হ
আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদিগকে লি
লিখিয়া জানান যাইবে, কাল অতীত হ
গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহার
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ ক
যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং পাঠ
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঠ
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ ক
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ ক
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ই
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি
আনা তাহার পর /১০ আনা দিতে হইবে
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা কর
বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে।

এই পত্র কলিকাতার দক্ষিণ পূ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের দক্ষি
চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্য
ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃকা
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১১ শ ভাগ। ৬ সংখ্যা।

"প্রবক্ষ্যন্তাং প্রজানিধিনায় পার্থিবঃ সরস্বতী যুনিমত্বনী ন ধীয়তাং।"

সিক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
গ্রিম ষাণ্মাসিক ৫৷৷ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ৮ ই পৌষ। ১৮৬৮। ২১এ ডিসেম্বর { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

ইদানীন্তন কতগুলি অসৎ লোক স্বার্থলাল
র বশবর্ত্তী হইয়া অন্যের সরলো পূর্ব্বক
সংস্করণকার্য্যে প্রবৃত্ত হইয়াছেন। তাঁহারা
হস্ত শ্রম না করিয়া অন্যের বহু আয়াস
ত গ্রন্থের কোন অংশ কাটিয়া ও পালট
য়া সেখানি নিজের "সংস্করণ" লিয়া
ার করেন এবং তাহাদের দৌভাগ্যবশতঃ
ত এরূপ গ্রন্থের স্থলবিশেষে সমাদর হয়।
স্কৃত গ্রন্থসম্বন্ধে এই শোচনীয় ব্যাপার স্পষ্ট
তেছে।

সাধারণ্যে এই একটী সংস্কার আছে
স্কৃত গ্রন্থে ব্যক্তিবিশেষের স্বামিকতা নাই
রাং যে সে মনে করিলে ছাপিতে পারেন।
যত পুঁথি সংগ্রহ করিয়া এত পরিশ্রম
চেষ্টা করিয়া কোন প্রাচীন সংস্কৃত গ্রন্থের
দ্ধার করা হউক না, যে মনে করিলে
নি সেখানি ছাপিতে পারেন লোকের চক্ষে
দিবার মত কিছু পারিশ্রম করেন।
বসিটীতে সংস্কৃত প্রবেশ হইয়া অবধি
উপদ্রবের বাহুল্য দেখা যাইতেছে।
সংস্কৃত পুস্তকে বটতলার বাতাস
তে চলিল।

রন্তু আমার প্রকাশিত বেণীসংহার নাট
প্রতি এরূপ অত্যাচার না ঘটে, এই
ন্ত বিজ্ঞাপন দিতেছি যে শ্রীযুক্ত জগন্মো
র্কালঙ্কারকৃত টীকা সহ বেণীসংহার
খানি রেজিষ্টারি করান গেল. যদি কেহ
লঙ্কারের অনুমতি না লইয়া তাঁহার কর্ত্তৃক
ত বেণীসংহার নাটকের পাঠ বা টীকা
আপনগ্রন্থে নিবেশিত করেন তাহা
কাপিরাইট আইন অনুসারে তাঁহার নামে
ল করা যাইবে।

কাতা ঠনঠনে } শ্রীকেদারনাথ বন্দ্যো-
এ অগ্রহায়ণ } পাধ্যায় প্রকাশক

মুগ্ধবোধসার

স্বল্পায়াস ও স্বল্পসময়ের মধ্যে সংস্কৃত ভাষায় প্রবেশাধিকার জন্মে এই অভিপ্রায়ে মুগ্ধবোধ ব্যাকরণের অতি প্রয়োজনীয় অংশ, তাহার সংস্কৃত ব্যাখ্যা ও বাঙ্গালা ভাষায় তাহার তাৎপর্য্য শ্রীযুক্ত পণ্ডিত লোহারাম শিরোরত্নকর্ত্তৃক সংগৃহীত হইয়া বাঙ্গালা অক্ষরে প্রকাশিত হইয়াছে। পাঠার্থিগণের সুবিধার জন্য সূত্রসকল পদাইয়া দেওয়া হইয়াছে, সূত্রানুসারে পদসাধনের রীতি প্রদর্শন করা হইয়াছে। মূল্য ১ এক টাকা মাত্র। কলিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে।

২৭ এ অগ্রহায়ণ
১২৭৫ } শ্রীচণ্ডীচরণ চট্টোপাধ্যায়

হুজাপুর মেডিকেল হল।

১। এতদ্দ্বারা আমাদিগের ঔষধক্রয়কারক, সুহৃদ, সহকারী, ও সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, দ্বিতীয় ত্রৈমাসিক ইণ্ডেণ্ট সম্বন্ধে অর্ণবপোত "ষ্টারঅব স্কোসীয়া, ওয়ার উইক, ব্রিটিস প্রীন্স" দ্বারা দশ সহস্র টাকা মূল্যের ঔষধ পূর্ব্বে প্রাপ্ত হওয়া গিয়াছে। এতদ্ভিন্ন সম্প্রতি আমরা বিলাত হইতে ইং সন ১৮৬৮ সালের শেষ ত্রৈমাসিক ইণ্ডেণ্ট সম্বন্ধে "ব্রিটিশ ফ্লাগ, কিং আর্থর, ও ব্যাক্স" নামক অর্ণবপোতত্রয়দ্বারা ৮০ বাক্স ইউরোপীয় ঔষধ প্রাপ্ত হইয়াছি। এই সমস্ত ঔষধ ন্যূনাধিক সাত সহস্র টাকা মূল্যে ক্রয় করা হইয়াছে।

২। আগামী বর্ষের প্রথম ত্রৈমাসিক ইণ্ডেণ্ট উপলক্ষে চিকিৎসোপযোগী অস্ত্র ও ঔষধ প্রস্তুতকরণের ও ঔষধবিক্রয়করণের নানাবিধ সামগ্রী ও সজ্জা ও বিবিধ ভৈষজ্যাদি ইং সন ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসে বি
হইতে পৌঁছিবে।

৩। আমরা অধিক পরিমাণে ও
উভয়রূপে ঔষধ বিক্রয় করিয়া থাকি।

৪। এই সমস্ত দ্রব্যাদির আসল বি
চালান ও অন্যান্য দলীল কেহ দেখিতে ই
হইলে, আমহার্ষ্ট ষ্ট্রীটে ৩৫ সংখ্যক প্রধান
ধালয়ে শ্রীযুক্ত বাবু গোপীনাথ দের নিকট
সভাবাজার ষ্ট্রীটে ৫৫ সংখ্যক ভবনে
ঔষধালয়ের ম্যানেজর শ্রীযুক্ত বাবু নন্দ
পাল হালদারের নিকট দেখিতে পা
ইতি।

কলিকাতা
৫ ই ডিসেম্বর
ইং সন ১৮৬৮ } বন্দ্যোপাধ্যায় এবং

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে।

বড়দিনের ট্রেণ।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে অবগত
যাইতেছে যে, আগামী বড় দিনে রবিবা
ন্যায় আরোহী সাগর ট্রেণ চলিবে।

বোড অব এ সে
ইষ্টইণ্ডিয়া রে
ডেলহাউসী
কলিকাতা
৫ই ডিসেম্ব } সিসিল বিডেফ্সন
} বোর্ড অব এজে

পোর্ট কা ড ল্যাণ্ড ইনভেষ্টমেণ্ট

রিক্লামেশন এণ্ড ডক কোম্পানি

লিমিটেড।"

উক্ত কোম্পানির রাইস মিলনামক চ
লের কল মাতলা পোর্টে সম্প্রতি প্রস্তুত হ
য়াছে, তাহাতে ধান উত্তমরূপ পরিষ্কার হই
চাউল প্রস্তুত হইবে। ধান্য হইতে চাউ
প্রস্তুত করিবার নিম্নলিখিত মূল্য ধার্য্য হইল

মনকরা মূল্য।

র্গ চাউল
রকার টেবিল চাউল ॥৹ } তে মল
ংকৃষ্ট পারদ্ধার
বিল চাউল ॥৶

লিকাতা } কালীন বোর্ড এণ্ড
১ ডিসেম্বর } কাম্পানি এজেণ্ট.
৮৬৮

—:০:—

এক উদাসীনের মহৌষধ।

হাতে অর্শ ও হাঁপানি কাশ চমৎকার
আরোগ্য হইতেছে। কিন্তু একটি ঔষধ
ওয়াতে পূর্ব্ব প্রকাশিত আর আ
র এতাদৃশ উপকার হইতেছে না। এই
পুনরায় বিজ্ঞাপন যত দিন না দেওয়
ত দিন অর্শ ও হাঁপানী কাশের ঔষধ
ার আর রোগের ঔষধ কেহ যেন না
। অর্শ রোগের আশাতীত শুভ ফল
অনেক অনেক আরোগ্য সমাচার
মেদনীপুরের জমীদার শ্রীযুক্ত বাবু
ন্দ্র নাগ মহাশয়ের পত্রখানি সর্ব্বসা-
র বিদিতার্থ প্রকাশ করা যাইতেছে:
উক্ত রোগদ্বয়ের ঔষধ যাঁহার প্রয়ো-
বে দুই টাকা আট আনা পাঠাইলে
পারিবেন।

শ্রী কেদারচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
সহর অম্বালা পঞ্জাব

নকলপত্র.

দনীপুর ৩ নবেম্বর ১৮৬৮

ম কবিরাজ।
বেদন মিদং—
আপনাকে কৃতজ্ঞতা উপহার
াছে, অনুগ্রহপূর্ব্বক ক্ষমা ক'র
অর্শরোগে আমি যেরূপ যাতনা
ঐ যন্ত্রণা দিন দিন যেরূপ বৃদ্ধি
াতে আমি জীবনের প্রতি
য়াছিলাম, ঈশ্বরকৃপায় মহাশ
আপনার প্রেরিত ঔষধসেবন
দারুণ যন্ত্রণা হইতে মুক্ত হই
যে আমার উপকার করিয়াছেন,
হ জীবনে পরিশোধ করিতে
কেবল প্রীতিপুষ্প উপহার দিতেছি
।
আপনার জন্মভূমি কোথায়? আপনি
ত দিন অবস্থিতি করিতেছেন?
রেন? অনুগ্রহপূর্ব্বক লিখিবেন।
ীর ঔষধ ঐ সন্ন্যাসী কোথায়
াকে কিছু উপহারস্বরূপ দেওয়া

যাইতে পারে কি না? আমার অর্শরোগ আরোগ্য দেখিয়া মেদিনীপুরের সকল সম্প্রদায়ের মধ্যে হুলুস্থুল পড়িয়াছে।

অনুগত বন্ধু
কঃ শ্রীনবীনচন্দ্র নাগ

—:০:—

"হিন্দ মহিলা নাটক"।

(জোড়াসাঁকো অভিনয়
সভা হইতে পুর-
স্কার প্রাপ্ত।)

উক্ত নাটকে হিন্দু মহিলাগণের দুরবস্থা বর্ণিত হইয়াছে। ঠনঠনে করণওয়ালিস ষ্ট্রীট ১৭৬ নং সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে প্রাপ্তব্য। মূল্য ১ এক টাকা।

শ্রীবিপিনমোহন সেন গুপ্ত।

—:০:—

সির্ব্বাসিতের বিলাপ মুদ্রিত হইয়া প্রকাশিত হইয়াছে। পুস্তকের কলেবর ৮ পেজী ফরমার ১৪ ফরমা অর্থাৎ ২১২ পৃষ্ঠা। মূল্য ৸৹ আনা যাঁহার আবশ্যক হয়, ঠনঠনিয়া সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে অথবা পটোলডাঙ্গা বাড়ুয্যে ব্রাদর এণ্ড কোং পুস্তকালয়ে অনুসন্ধান করিলেই পাইবেন ইতি।

১২৭৫ সাল
২১এ অগ্রহায়ণ } শ্রীশিবনাথ ভট্টাচার্য.
সংস্কৃত কলেজ }

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোলডাঙ্গার বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দোকানে মৎপ্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি বিক্রয় হইতেছে --

প্রণীত	মূল্য	
শ্রীসইতিহাস	১	টাকা
রোমইতিহাস	১	ঐ
ভূষণসার ব্যাকরণ	।৶	আনা
নীতিসার (১ ম ভাগ)	৶	ঐ
নীতিসার (২ য় ভাগ)	৶	ঐ

প্রচারিত।

মুগ্ধবোধ ব্যাকরণ	৸	ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

ইংরাজী বাঙ্গালা পুস্তক কাগজ কলম নানা বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকা /০ এক আনার হিসাবে কমিসন দি। অ টাকার পুস্তক লইলে /১০ আনার হি পাইবেন।

শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয়ে গদ্য ১৮ পর্ব্ব মহাভারত ১৭ খণ্ড ৩ ভাগে সংযত করা

লণ্ডন ফারমা কোপিয়া অর্থাৎ ঔষধ ক বলি

মহম্মদের জীবনচরিত উত্তম রঞ্জিত

হরুঠাকুরপ্রভৃতি প্রাচীন কবিওয়ালাদি গীতসংগ্রহ

শারীরক স্বাস্থ্যবিধান

প্রণয়প্রবাহ উৎকৃষ্ট কাব্য

আহ্নিক সম্বিদ দায়িনী

প্রথম তরঙ্গিণী

যদুনাথ ঘোষকৃত সংগীতমনোরঞ্জন

নয়নানন্দ নূতন কাব্য কবিবর দ্বারকানাথ প্রণীত

রাসরসামৃত সংস্কৃত ও পদ্য

গীতগোবিন্দ জয়দেব গোস্বামি প্রণীত ও যদুনাথ ন্যায়পঞ্চাননকৃত গদ্য

কৌতুক তরঙ্গিণী ইংরাজি কেমেষ্ট্রি হ বিবিধ আশ্চর্য্যজনক বিদ্যা দর্শন হয়

প্রতিমূর্ত্তি সহিত ১২৭৬ সালের কুল পঞ্জিক

ঐ ঐ ফ পঞ্জিকা

দুর্গামঙ্গল পদ্য

কমলতারিণী

সটীক চণ্ডী মূল ও অনুবাদ সহিত

চরিতমঞ্জরী ইহাতে মিউটীনির বিশেষরূপে বর্ণিত হইয়াছে

ইংরাজি ১৮৫৯ সালের এক্ট সের কী

কুমারীকুমার পদ্য আদিরসপ্রধান কাব্য

স্বপ্নের মোহিনী শক্তি

গণেশচন্দ্র শর্ম্মকৃত বাঙ্গলা এটলাস কাগজের উত্তম অক্ষরে মুদ্রিত

বিধবাবিবাহ নাটক

কামিনীকুমার রসরত্নাকরান্তর্গত নায়িকাঘটিত সুরস কাব্য

মণিকুণ্ডলা কাব্য প্যারীমোহন বন্দ্যোপাধ্যায়প্রণীত দুর্গেশনন্দিনীর মত লেখা

ঔষধসিন্ধু লহরী

ভূচিত্রাবলি ৩২খানি বাঙ্গালা সহিত

সটীক চৈতন্যচরিতামৃতগ্রন্থ

কাদম্বিনী নাটক আইনসংযুক্ত ২ একত্রে

উদাহরণ পদ্য ১
হিতোপদেশ ইক্ষ্বাকুশর্ম্মার সংগৃহীত ১
কলিকাতা জোড়া- } শ্রীপ্রতাপচন্দ্র রায়
সাঁকো ৩৪ নং } নগদ বিক্রেতা।

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড ৮০ পৃষ্ঠা অগ্রিমমূল্য ।০।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মুজাপুর ষ্ট্রীট ৩৪।১ নং ভবনে কাব্যপ্রকাশ অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে শ্রীযুক্ত জগমোহন তর্কালঙ্কারের নামে যত খণ্ড ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার নিয়ম নাই ইতি।

বিক্রয়ার্থ।

গার্ডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয় করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষর ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

হালিসহর নিবাসী শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ গুপ্ত কলিকাতার অন্তর্গত জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীটের মধ্যে মৃত রাধানাথ কুণ্ডের ভূমি তাঁহার খরিদা বলিয়া উহা বিক্রয়ার্থ সংবাদপত্রে ক্রেতৃগণকে অবহান করিতেছেন এতদ্দ্বারা সকলকে জ্ঞাত করিতেছি যে, ভূমি তাঁহার খরিদা নহে এবং কেহ যেন ক্রয় না করেন।

কলিকাতা
১লা পৌষ
সন ১২৭৫ } শ্রীচন্দ্রশেখর কুণ্ড

কলিকাতার অন্তর্গত জোড়াসাঁকোর বারাণসী ঘোষের ষ্ট্রীটের মধ্যে মৃত রাধানাথ কুণ্ডের আমার খরিদা ১/১৬৶ বিঘা ভূমি বিক্রয় আছে। চৌহদ্দি উত্তর সরকারী নর্দ্দামা, গলি রাস্তা, পশ্চিম শান্তিরাম সিংহের বাটী (বসত বাটীর সংলগ্ন) পূর্ব্ব রাম লোচন রায়ের পুষ্করিণী। ক্রেতৃগণ অনুসন্ধান করিলে মুজাপুরের ১০৪ নং বাটীতে শ্রীযুক্ত বাবু বিপ্রদাস বন্দ্যোপাধ্যায়ের নিকটে অনুসন্ধান করিলে জানিতে পারিবেন।

কলিকাতা
সন ১২৭৫
১০ ই অগ্রহায়ণ } শ্রীবৈকুণ্ঠনাথ গুপ্ত
সাং হালিসহর

সতর্কার্থ বিজ্ঞাপন।

৩০ এ অগ্রহায়ণের সোমপ্রকাশে হালিসহর নিবাসী বাবু বৈকুণ্ঠনাথ গুপ্ত তাঁহার খরিদা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীটের মধ্যে মৃত রাধানাথ কুণ্ডের দরুণ ১/১৬৶ বিঘা ভূমি বিক্রয়ার্থ বিজ্ঞাপন দিয়াছেন; কিন্তু তিনি ঐ ভূমি বিক্রয়ার্থ বিগত ১২৭৪ সালের ২১ এ মাঘ সোমবার তারিখে বাবু প্যারিমোহন বন্দ্যোপাধ্যায়ের নিকটে ষ্টাম্প কাগজে রীতিমত বায়নাপত্র লিখিয়া দিয়া গবর্ণমেণ্ট নোট ১১৪৯১ নং এক কেতা ১০০ টাকা ও নগদ ১ টাকা একুনে এক শত এক টাকা বায়না লইয়াছেন, এক্ষণে আমার উকীলের বাটীতে কবালা প্রভৃতি কাগজ পত্র তাঁহার স্বাক্ষরার্থ সমস্ত প্রস্তুত রহিয়াছে; কিন্তু এতাবতা উক্ত গুপ্ত মহাশয় ঐ সকল কাগজ পত্র স্বাক্ষর না করিয়া বাবু প্যারিমোহন বন্দ্যোপাধ্যায়ের দ্বারা আমার নিকট সর্ব্বদা শারীরিক অসুস্থতাদি বিষয়ক জ্ঞান করিয়া কালব্যাজ করত আমার সহিত লিখিত-পঠিত ও বায়না কৃত বিষয়ের বিক্রয়ার্থ পুনর্ব্বার সাধারণে বিজ্ঞাপন দিয়াছেন; সুতরাং আমি এই বিজ্ঞাপন দ্বারা সাধারণকে সতর্ক করিতেছি যে যেন কেহ উক্ত বিষয় ক্রয় না করেন। বাবু বৈকুণ্ঠনাথ গুপ্ত রীতিমত কবালা স্বাক্ষর করিয়া উক্ত বিষয় বিক্রয় না করিলে আমাকে অগত্যা তাঁহার নামে আদালতে নালীশ করিয়া বিক্রয় সাব্যস্ত করিয়া লইতে হইবে।

কলিকাতা
সন ১২৭৫
১লা পৌষ } শ্রীবলাইচাঁদ সিংহ

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সাল ১লা ডিসেম্বর মাসের ৭ দিবস গঙ্গার খাল নদীর সর্ব্বনিম্ন জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বনিম্ন জল ফুট	ইঞ্চি
মহানার উপর পদ্মানদীতে	১০	৬
তথা হইতে জলিপুর ১৩॥ মাইল মধ্যে	১	
জলিপুর হইতে বহরমপুর ৪৬ মাইলের মধ্যে	২	
বহরমপুর হইতে কাটোয়া ৫০ মাইলের মধ্যে	২	
কাটোয়া হইতে নদীয়া ৪৬ মাইল মধ্যে	২	

সন ১৮৬৮ সালের ১০ ডিসেম্বর বহরমপুর গঙ্গাঘাটের জলের মাপ।

	ফুট
গজের উপর	

বহরমপুর ১০ ডিসেম্বর ১৮৬৮। } শ্রীযুক্ত সি. ই, উইল্ক একজিকিউটিব ইঞ্জিনি বহরমপুর ডিবিজন।

সোমপ্রকাশ।

৮ ই পৌষ সোমবার।

সর জন লরেন্স ও তাঁহার ভারতবর্ষপরিত্যাগ।

সর জন লরেন্সের শাসনকাল হইয়া আসিল; তিনি ভারতবর্ষ ত্যাগ করিয়া চলিলেন। তিনি কি স্বভাবের লোক, তিনি ভারতবর্ষ কি শাসন করিলেন এবং ভারতবর্ষের কি উপকার করিলেন, এ সময়ে এসব গণনা করা একান্ত আবশ্যক হইতে

সর জন লরেন্স অতিশয় ধার্ম্মি ধার্ম্মিক ব্যক্তির সত্যবাদিতা স্বক নিষ্ঠা ও সাধুতাপ্রভৃতি যেসকল থাকে, ইহাঁতে সে সমুদায় লক্ষিত তবে একটী দোষ এই, ধর্ম্মবিষয়ে ই কিছু গোঁড়ামী আছে। গোঁড় থাকিলে অন্যের প্রতি অনুচিত অবি প্রভৃতি যে যে দোষ থাকে ইহ তাহা অদৃষ্ট নয়। এ দেশীয়েরা খৃ র্ম্মাবলম্বী নন বলিয়া ইনি এ দে গকে সমুচিত বিশ্বাস ক রি না। এতন্নিবন্ধন যাবতীয় কার্য্যে ত

পাতশূন্য ব্যবহার দৃষ্টিগোচর হয় । কেবল এতাবন্মাত্র নয়; এদেশীয় ার উপরে বিশ্বাস ছিল না বলিয়া ার অধিকারকালে অসঙ্গতরূপ কে ব্যয় বৃদ্ধি হইয়াছে। এ স্থলে ইহাও ব্য যে এদেশীয়েরা ভিন্নধর্ম্মাবলম্বী, এব পাছে ইহাঁরা বিদ্রোহানুরাগী তাঁহার এই আশঙ্কা ও এতন্নিবন্ধন শ্বাস ছিল বটে ; কিন্তু তিনি ইহাঁ প্রতি অশ্রদ্ধা করিতেন না। তিনি মধ্যে ইহাঁদের সংসর্গলাভের ও জাতির বিদ্বেষোন্মূলনের চেষ্টা তেন। তিনি কলিকাতার বিশপের আহূত ব্যক্তিদিগকে প্রত্যুদ্গমন া সমাদর করিয়াছেন। ধর্ম্মবিষয়ে র কিঞ্চিৎ আত্যন্তিকতা আছে বটে ; তিনি ধর্ম্মান্ধ ও অন্য ধর্ম্মবিদ্বেষী ন। তিনি স্বয়ং উপস্থিত হইয়া ব্রাহ্ম ার উৎসাহবর্দ্ধন করিয়াছেন। সর ল বীডন হিন্দুদিগের গঙ্গাসাত্রারীতি ত করিবার চেষ্টা পান, তিনি তে সম্মতিপ্রদান করেন নাই।

অত্যাচারনিবারণবিষয়ে সর জন ন্সের সবিশেষ ইচ্ছা ও চেষ্টা ছিল। ইচ্ছানিবন্ধন তিনি সমাচারপত্রের বৃদ্ধি করিয়াছিলেন। সমাচার কাহার কোনপ্রকার অত্যাচার র প্রচার হইলে তিনি তৎক্ষণাৎ র প্রতীকারচেষ্টা করিতেন। যে রেলওয়ের তৃতীয় শ্রেণীর াহীদিগের সুবিধা করিয়া দিবার ত সমধিক বত্নবান্ হন, ঐ ইচ্ছাই র মূল। কিন্তু দুঃখের বিষয় এই, র যেরূপ ইচ্ছা ছিল, কার্য্য সেরূপ াই। বোধ হয়, তাঁহার দৃঢ়প্রতি ও অধ্যবসায়গুণ তত প্রবল নয়। দেশীয়েরা যাহাতে উন্নতিলাভে ন, তিনি তাহার উপায়ান্বেষণে ীন ছিলেন না। কৃষকদিগের বিদ্যা শিক্ষার্থ তাঁহার যত্ন ও ভূমিতে তাহা দিগের স্বত্বসম্পাদনচেষ্টাদ্বারাই তাহা সপ্রমাণ হইতেছে। কিন্তু তাঁহার বুদ্ধির বিশেষ তীক্ষ্ণতা নাই বলিয়া তিনি প্রকৃত উপায়ের উদ্ভাবনে সমর্থ হন নাই; সুতরাং এ বিষয়েও কৃতকার্য্য হইতে পারেন নাই। অন্য অন্য শ্রেণির উন্নতি লাভ হয়, এটীও তাঁহার মনোগত ছিল, কিন্তু সজাতীয়েরা ও স্বদেশীয়েরা পাছে বিরক্ত হন, এই শঙ্কায় এ মনোরথটীও সুসম্পন্ন করিয়া তুলিতে পারেন নাই। তিনি এ দেশে সিবিল সর্ব্বিস পরীক্ষা গ্রহণপ্রথা প্রবর্ত্তিত করিবার চেষ্টায় সাহসী না হইয়া ছাত্রবৃত্তিব্যবস্থাপন দ্বারা সেই অভীষ্ট আংশিক সম্পন্ন করিয়াছেন।

সর জন লরেন্স শাসনপ্রণালী সম্পর্কে কিছু নূতন করিতে পারেন নাই। ইউরোপীয়েরা পূর্ব্ব পূর্ব্ব অধিকারের ন্যায় ইহাঁর অধিকারেও মফস্বল আদালতের অগম্য হইয়া আছেন। পুলিসও কাঙ্ক্ষিত উৎকর্ষলাভ করিতে পারেন নাই। অন্য অন্য বিষয়েও বিশেষ উন্নতি দৃষ্টিগোচর হয় না। কেবল বিচার কার্য্যসম্বন্ধে একটী উন্নতির কাজ হইয়াছে। মুন্সেফদিগের আদালতগুলি অতিশয় নিকৃষ্ট অবস্থায় ছিল। উহাঁদিগের বেতনবৃদ্ধি করিয়া উহার কিঞ্চিৎ উন্নতিসম্পাদন করা হইয়াছে।

সর জন লরেন্স অবিসম্বাদিতরূপে প্রজার অনুরাগভাজন হইতে পারেন নাই। তাঁহাকে অভিনন্দন দিবার বিষয়ে সম্প্রতি যে মতভেদ হইয়াছে, তদ্দ্বারাই তাহা প্রতীয়মান হইতেছে। তাঁহার বিষয়ে কতগুলি লোকের যে সংস্কার জন্মিয়াছে, নিম্নে যে পত্রখানি প্রচারিত হইতেছে, তদ্দ্বারাই পাঠকগণ তাহা হৃদয়ঙ্গম করিতে পারিবেন।

" সরজন লরেন্স সামান্য পদস্থ ছিলেন, ক্রমে উন্নতিলাভ করিয়াছেন; স ধারণে কি তাঁহাকে পদত্যাগকালে নন্দনপত্র দিবেক না ? আমা "পরম বন্ধু " ফ্রেণ্ড অব ইণ্ডিয়া বলিয়া করুণস্বরে রোদন আরম্ভ ক ছেন। তিনি বণিকসমাজ ও মিসনরিদি এই মাথার দিব্য দিতেছেন, সর জন সিমলায় থাকাতে বণিকদিগের যদি ক্ষতি হইয়া থাকে, এ সময়ে তামাও হইয়া স্বদেশের গৌরবরক্ষার্থ এ বিষয়ে হওয়া উচিত। ভারতবর্ষীয় সভা ও বঙ্গ অন্য অন্য লোককে ফ্রেণ্ড গ্রাহ্য না, তাঁহারা অভিনন্দন দিবেন না তিনি স্থির করিয়াছেন। তবে এই কথা য়াছেন, যদি উত্তর পশ্চিমাঞ্চল ও পঞ্জ লোকে বঙ্গদেশের ও সাধারণ উপরে প্রভুত্ব করিতে পারিতেন তাহা " জান লরেন সাহেবের " নিমিত্ত কৃতজ্ঞ প্রকাশ করিতেন।

ফ্রেণ্ড যে ভিক্ষা চাহিতেছেন, অতি যৎসামান্য। স্মরণার্থ অট্টা নয় স্তম্ভ নয়, প্রস্তরের প্রতিমূর্ত্তি নয় পট নয় এবং ফটগ্রাফও নয়, সা কাগজে লিখিয়া সকলে বল যে সর লরেন্স সাধারণের উপকার করিয়া এই সামান্য ভিক্ষাদানে বণিকগণ অ ইংরাজ দোকানদারেরা অসম্মত, মিসন মস্তক নাড়িতেছেন না। ভারতবর্ষীয় ও বঙ্গদেশের ত কথাই নাই। বঙ্গদে সিবিলিয়ানগণও অগ্রসর হইতেছেন কারণ কি ? ফ্রেণ্ডের অনুরোধ কি অ রোদনের ন্যায় বিফল হইবে ?

সর জন লরেন্স যে উপায়ে নি ভ্রাতার পরিবর্ত্তে পঞ্জাবের প্রধান ক নর পদে অধিকঢ় হন তাহা বলি এ জন নাই। হেনরি লরেন্স ঋষি লোক ছিলেন ; ধর্ম্ম তাঁহার একমাত্র লঘনীয় ছিল। জন লরেন্স ডেলহৌসির প্রমাণ করিয়া চলিতেন। পঞ্জাবের বন্দোবস্ত—যাহার গুণে সর্দ্দার ও শী বিদ্রোহকালে গবর্ণমেণ্টের হইয়া অস্ত্র ধ করেন—হেনরি লরেন্সের দ্বারা হইয়াছি

চতুর্দ্দিগে হাহাকার কেল্লার পর
া, নগরের পর নগর, প্রদেশের পর
দশ বিদ্রোহীদিগের হস্তগত হইতেছিল,
প্রত্যহ এক এক জন পুরাতন ও উপ
সেনাপতি অথবা দেওয়ানী কর্ম্মচারীর
ার সংবাদ আসিতেছিল, তখন কয়েক
ব্রিটিশ সৈন্য দিল্লীর সম্মুখে শিবির
পন করে এবং শীকদিগের সাহায্যে
াহী রাজধানী অধিকার করিয়া লয়। সেই
সৈনিকগণ হেনরি লরেন্সের শিক্ষিত।
লসন এডওয়ার্ডেস্, হডসন প্রভৃতি
গণ হেনরি লরেন্সের ছাত্র। যখন প্রথম
দ্রোহ আরম্ভ হয়, তখন সর জন লরেন্স
ার গুণত্ব বুঝিতে পারেন নাই। রবর্ট
গমরি মিয়ানমীরের বিদ্রোহশান্তি
রন, এতন্নিবারণের পর প্রধান কমিস
সংবাদ পান। পেসোয়ার অঞ্চলের
স্তি সিডনি কটন ও নিকলসন হইতে হয়।
ার ঐসময়ে কতগুলি উপযুক্ত কর্ম্মচারী
লন তাঁহারাই বিদ্রোহশান্তি করেন।
র জন লরেন্সের এইপর্য্যন্ত প্রশংসা
যাইতে পারে যে, তিনি তাঁহাদের পরা
সংগ্রাহ্য করেন নাই। তিনি নিজের
র্য্যের মধ্যে বারম্বার সেনাপতি আন্সনকে
কামানে ও রসদে সম্মুখস্থ গ্রামসকল
করিতে করিতে দিল্লী আক্রমণ করিতে
জনা করেন। তাঁহার পরামর্শের
সরণ করিলে সপাটু অবধি দিল্লী
ন্ত সাধারণ্যে বিদ্রোহ হইত। সেনা
র পঞ্জাবের সহিত সম্ভব থাকিত
সৈন্যগণ হতবল হইয়া শত্রুদল ভেদ
য়া চতুর্থাংশ পরিমাণ পলায়ন করিয়া
ত, সর জন লরেন্স যে বিদ্রোহের গুরুত্ব
তে পারেন নাই, তাহা ইহাতেই প্রমা
হইতেছে। যেরূপে ও যে কারণে হউক,
াহের সময়ে যে যশ হয়, সেই বলে সর
লরেন্স লার্ড এলগিনের মৃত্যুর পর
র জেনেরল হন তখন অম্বালায় যুদ্ধ
তেছিল, ইংলণ্ডের লোকেরা ভাবিতে
ন মধ্য আসিয়ার লোকে অস্ত্রধারী
সিন্ধুর নিকটে আসিয়াছেন। ভারত
য়েরা এই সুযোগে অস্ত্র ধারণ করিতে
পারেন এমত বিপদের সময়ে পঞ্জাবের
রক্ষকর্ত্তা ও ভিন্ন আর কোন ব্যক্তি শাসন
কার্য্যের উপযুক্ত নহেন। অনন্তর সর জন
লরেন্সকে গবর্ণর জেনরল পদে প্রতিষ্ঠিত
করা হয় এই পাঁচ বৎসরের মধ্যে তিনি
কি করিয়াছেন? সাধারণের হিতকর কোন
মহৎ কার্য্য তাঁহাদ্বারা হইয়াছে? তাঁহা
হইতে রেলওয়ের তৃতীয় শ্রেণির আরোহী
দিগের সুবিধা হইয়াছে একথা অবশ্য
স্বীকার করিতে হইবে, কিন্তু এটীকেও তিনি
সম্পূর্ণ করিয়া পাওয়াইতে পারেন নাই, বিশেষতঃ
তাঁহার আজ্ঞাসত্ত্বেও রেলওয়ের প্রথম ও
দ্বিতীয় শ্রেণিভিন্ন অন্য শকটে আলোক
দেওয়া হয় না। তিনি খৃষ্টিয় ধর্ম্মের যে
করেন। মাজিষ্ট্রেট ও জাইন্ট মাজিষ্ট্রে
টির উপরে প্রত্যর্থিগণ সন্দেহ প্রকাশ
করাতে মকদ্দমাটী সেসিয়ন জজের
নিকটে হইয়াছে। এই মকদ্দমা দশ দিন
পর্য্যন্ত হয়। যেমন ঘোরতর আক্রমণ
সেইপ্রকার দৃঢ়তর সমর্থনও হইয়াছিল।
পরিশেষে সেসন জজ প্রত্যর্থীদিগকে
দোষী স্থির করিয়া বাবু রাজকৃষ্ণ মিত্রের
এক বৎসর মেয়াদ ও ১০০০ টাকা জরি
মানা এবং সম্পাদকের ছয় মাস মেয়াদ
ও ৩০০ টাকা জরিমানা করিয়াছেন।

এই মকদ্দমা ও বিচারসম্বন্ধে কয়ে
কটী গুরুতর কথা উত্থিত হইতেছে।
সংবাদপত্রের স্বাধীনতা আছে সত্য
বটে; কিন্তু সেই স্বাধীনতা সাবধানে
রক্ষা করা কর্ত্তব্য। বিদ্বেষপ্রকাশ ও
ব্যক্তিবিশেষের নিন্দা করিলে সংবাদ
পত্রের স্বাধীনতা দূষিত হইয়া যায়।
যেখানে সাধারণ হিতার্থ ব্যক্তিবিশেষের
চরিত্রদোষ প্রকাশ না করিলে নয়, সেই
খানেই কেবল উহা করা কর্ত্তব্য; কিন্তু
সে স্থলেও দেখিতে হইবে যে, সাধার
ণের উপকারার্থ যাহা আবশ্যক, তদ-
পেক্ষা অধিকতর দোষোদ্ঘাটন হইল
কি না? অমৃতবাজার পত্রিকায় যে
রাইট সাহেবের সম্বন্ধে অন্যায় কাজ
করা হইয়াছে, তাহা আমাদিগকে দুঃখ
সহকারে স্বীকার করিতে হইতেছে।
সংবাদপত্র সাধারণের স্বাধী
নতা ও শান্তির প্রধান রক্ষক, যেখানে
অত্যাচার সেইখানেই সংবাদপত্রের সম্পা
দককে নির্ভয়ে প্রতিবাদ করিতে হইবে;
কিন্তু যেখানে কেবল ব্যক্তি বিশেষের
চরিত্রদোষ বা কুব্যবহার লইয়া কথা
সেখানে পূর্ব্বে আদালতের সাহায্য
লওয়া কর্ত্তব্য। রাইট সাহেব যদি যথা
র্থই মন্দ কাজ করিয়া থাকেন, তাহা
হইলে তাহা পূর্ব্বে বিচারালয়ের গোচর
করাই উচিত ছিল। আমাদিগের মধ্যে
অনেকের এ বিষয়ে ভ্রম আছে। যাহা
ব্যক্তিবিশেষ ও সমাজের করা কর্ত্তব্য
তাহা গবর্ণমেণ্টের স্কন্ধে নিক্ষেপ করা
অতিশয় অন্যায়। অতএব রাইট সাহে
বের বিরুদ্ধে প্রস্তাব লেখা যে অনুচিত
হইয়াছিল, এটী অপক্ষপাতী ব্যক্তিমা
ত্রেই স্বীকার করিবেন। পক্ষান্তরে রাইট
সাহেব সমুচিত গাম্ভীর্য্যসহকারে মকদ্দ-
মাটী চালাইতে পারেন নাই। তাঁহার
প্রতি যে ঈর্ষ্যাপূর্ব্বক প্রস্তাব লেখা হয়,
এটী আমরা বিশ্বাস করি না; কারণ
সংবাদপত্রের এপ্রকার ব্যক্তি বিশে-
ষের প্রতি শত্রুতা থাকা অসম্ভব। এস-
কল স্থলে বৈরনির্য্যাতনকে উদ্দেশ্য
করা অতিশয় অনুচিত। যখন চরিত্র
লইয়া কথা হইতেছে, তখন তাহার নিষ্ক
লঙ্কতা সপ্রমাণ
উদ্দেশ্য সাধিত
দারি বিচারাল
আদালতে ইহা
ভাল হইত। য
তখন আমরা
বলিতে পারি না
স্পষ্ট বোধ হয়
গের প্রতি অনু
প্রথমতঃ অপরা
শ্রমের সহিত মে
আমলারা, এ অ
হয় না, বলিয়া
পূর্ব্ব আজ্ঞা সং
লাইবেলের মকদ্দ
বিশেষতঃ যখন
পত্রের স্বাধীনতা
তখন এসকল ম
রালয়ে হওয়াই উ
য়পতিগণ লাইবে
পারেন না। প্রত্য
দ্দমা প্রধানতম
করিবার নিমিত্ত
ছিলেন, কিন্তু অ
এই যে, প্রধানতঃ
গ্রাহ্য করেন নাই
আমরা অ
সম্পাদক ও রাজ
অতিশয় দুঃখিত
প্রস্তাবটী লেখা অ
নাই, কিন্তু তাঁহার
ছেন ও যেপ্রকার
ছেন, তাহা উহা
গুরুতর।

প্র
তাম দিগের

আমাদিগের শিখ
থাকে না। আমরা
বসায় ও উৎসাহস

পরিত্যাগ ক রয়া
তৎসমুদায়ে একবারে
বিদ্যা.ন্যে পাঠকালে
পুস্তকসমূহ যেরূপ
র ও পরীক্ষা.ময়ে
কা যেরূপ নৈপুণ্য
াসন প্রাপ্ত হই তাহা
ই। তখন আমাদি-
ত দেও, ইতিহাস ও
ও সমুদায় বিষয়ে-
ান করিতে পারিব।
র ,ববয় যে, বিদ্যালয়
রে প্রবিষ্ট হইলে
স ,প শিক্ষানুরাগ

ক্ষ হয় না। বিদ্যাল
য়ের স্থিতিস্থাপন
সংসারে প্রবিষ্ট
জন্মিয়া থাকে।
পাত কর, ইহার
হইবে। যিনি কখন
োন নাই, অথচ
ত্যাগ না করিয়া
বহুদর্শিতা লাভ
মহোপাধ্যায় বলিয়া
, আধুনিক পণ্ডী
ণ্ডূপ বিখ্যাত হই
দান ভারবি বাণ।
ও মনু পরাশরপ্রভৃতি
কান স্কুলে শিক্ষালাভ
তাঁহা ; স্বকীয় ভূয়ো
পরিপূর্ণ অপূর্ব্ব কাব্য
রতত্ত্বপ্রভৃতির প্রণ ন
হইয়াছেন। এতারাদ্বই
বিদ্যা য়ের শিক্ষা
, সংসারে প্রবিষ্ট
ন পরিত্যাগ না
আচার ব্যবহার রীতি
ন করি। যে বহুদ
তাহাই প্রকৃত শিক্ষা
য়ের সঙ্গে সঙ্গে বিদ্যা
না করিয়া উল্লিখিত

পদ্ধতি অবলম্বন করি তাহা হইলে অনা
য়াসেই বিশেষরূপ অভিজ্ঞতা লাভ করিতে
পারিসন্দেহ নাই। এক্ষণে দেখা আবশ্যক
কি প্রকারে উক্তপ্রকার বহুদর্শিতা লাভ
করা যাইতে পারে। সংসারে থাকিয়া সম্বা
দপত্রের সাহায্যে যেরূপ ভূয়োদর্শন জন্মিয়া
থাকে সেরূপ আর কোন বিষয়ে জন্মে না।
অতএব মনোযোগসহ রে সম্বাদপত্র
পাঠ করা আবশ্যক। কিন্তু এক্ষণে অনেকেই
ইংরাজিপ্রিয় হইয়া দেশীয় স াদপত্র
প্রতি বীতশ্রদ্ধ হইতেছেন। ইহাতে উ .
কারের সঙ্গে সঙ্গে বিলক্ষণ অপকারও
সঙ্ঘটিত হইতেছে। বিদেশীয়দিগের আচার
নীতি ও বহুল পরিমাণে নূতন সম্বাদ জানা
যেরূপ উপকারের বিষয়, স্বদেশীয়গণের
আচার ব্যবহার না জানা ততোধিক অপ
কারের বিষয় বলিতে হইবে। অ মাদিগের
আচার ব্যবহার দেশীয় সম্বাদপত্রে যত
পাওয়া যাইবে তত কখনই ই রাজী সম্বাদ
পত্রে পাওয়া যাইবে না। অতএব মনো
যোগসহকারে বাঙ্গালা সম্বাদপত্র পাঠ
করিয়া আমাদিগের আচার ব্যবহারবিষয়ে
অভিজ্ঞতা লাভ করা সর্ব্বাগ্রে কর্ত্তব্য।

শিক্ষাবিষয় আমাদিগের আর একটী
অভাব প্রকাশ পাইয়া থাকে। আমরা কাব্য
নাটকপ্রভৃতি শাস্ত্রের যত আলোচনা করিয়া
থাকি পুরাবৃত্ত বৃত্তান্ত ব্যবহারতন্ত্র
বচ্চনপ্রভৃতি প্রয়োজনীয় শাস্ত্রের তত
আলোচনা করি না। এ.ণে দেশীয় ভাষায়
যত কাব্য ও ন টক প্রণীত হইতেছে, তত কি
পুরাবৃত্তাদি শাস্ত্রের প্রণয়ন হইতেছে?
কাব্যশাস্ত্রের আলোচনায় আমাদিগের
যেপ্রকার যত্নশীল হওয়া উচিত, পুরাবৃত্ত
প্রভৃতি শাস্ত্রের অনুশীলনবিষয়েও সেই
প্রকার যত্নবান হওয়া বিধেয়।

বিদ্যালয়ে অধ্যয়নসময়েও আমাদিগের
একটী বিশেষ ত্রুটি হইয়া থাকে। আমরা
সম্বৎস রর প্রায় সমু য় সময়ই আলস্য
ও বৃথাকার্য্যে অতিবাহিত করিয়া পরীক্ষা
সময়ে অনুচিত পরিশ্রম করিতে প্রবৃ হইয়া
থাকি। হয় ত এতন্নিবন্ধন পীড়িত হইয়া
পরীক্ষা দিতে পারি না, নয় শরীর ভঙ্গ হও

াতে দীর্ঘকাল কষ্ট ভোগ করিয়া থাকি। এ
প্রকার পাঠে তাদৃশ ফলোদয় হয় না। ইহাতে
পঠিত বিষয়ে বিশেষ ব্যুৎপত্তিলাভ করিতে
পারা যায় না, কেবল " তোতাপাখীর
ন্যায় ব্যাখ্যাগুলি কণ্ঠস্থ করা হয়। আম
যদি সচেষ্ট হইয়া সম্বৎসরকাল নিয়মিতরূ
পরিশ্রমপূর্ব্বক পাঠ্য বিষয়গুলিতে বু
পত্তি লাভ করি, তাহা হইলে অনেকা
সুফল প্রাপ্ত হওয়া যায় সন্দেহ নাই।

এক্ষণে আমরা শিক্ষাবিষয়ে যেরূপ অ
বস্থিততা প্রকাশ করিতেছি, পরিণামে এ
দ্বারা বিস্তর অনিষ্ট সঙ্ঘটিত হইতে পারে
পঠদ্দশায় নিয়মিত পরিশ্রম করিয়া অ
শ্যক বিষয়ে বিশেষ ব্যুৎপত্তিলাভ ক
কর্ত্তব্য। তৎপরে বিদ্যালয় পরিত্যাগ ক
য়াও পাঠে বিরত না হইয়া জ্ঞানগর্ভ
সমূহ অধ্যয়নপূর্ব্বক বহুদর্শিতা লাভ করি
সংসারের উপযুক্ত হওয়া উচিত।

আমাদিগের এই প্রস্তাবটী পাঠ করি
অনেকে মনে করিতে পারেন যে, বিদ্যাল
শিক্ষা না করিয়া সংসারে থাকিয়াই ব
দর্শিতা লা.পূর্ব্বক শিক্ষিত হওয়া যাই
পারে; কিন্তু তাহা নহে। পূর্ব্বেই উল্লি
হইয়াছে যে, বিদ্যালয়ের শিক্ষা প্রকৃ
শিক্ষার ভিত্তিস্থা নস্বরূপ, সুতরাং ইহা
অবলম্বন না করিলে প্রকৃত শিক্ষালাভ ক
যাইতে পারে না। বিশেষতঃ প্রথম প্র
আবশ্যক বিষয় শিক্ষা করিতে বিশেষ
উ সাহ ও অধ্যবসায় আব ্যক করে; বি
লয়ে কলে মিলিয়া অধ্যয়ন করিলে যে
উৎসাহ ও অধ্যবসায়ের সঞ্চার হইতে প
ঘরে বসিয়া একাকী অধ্যয়ন করিলে সে
হওয়া সম্ভাবিত নহে। বিদ্যালয়ের শি
নিম্নশ্রেণী স্বরূপ। ইহাতে পদনিক্ষেপ
য়াই উচ্চতর শিক্ষামন্দিরে উপন
হইতে হইবে; অত ব সর্ব্ব গ্রে বিদ্যাল
বি.শষ মনোযোগসহকারে শিক্ষা
কর্ত্তব্য।

---:০:---

বিবিধসংবাদ।

২২এ পৌষ সোমবার।

আমরা আহ্লাদিত হইয়া প্রকাশ করি

পরগণার সদর আমিন বাবু শ্যামধন মুখো
ায় হুগলির ছোট আদালতের প্রতিনিধি
হইয়াছেন। আপাততঃ তিন মাসের
মিত্ত ইনি গমন করিতেছেন। ইনি যেপ্রকার
ক, ইহাঁকে ঐ পদে অথবা উহার তুল্য
ন উচ্চ পদে স্থায়ী করিয়া দিলে ইহাঁর
র যথার্থ পুরস্কার হয়।

গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, অন্য অন
ার পরীক্ষা দিয়া পুরস্কার লইবার পূর্ব্বে
ত্যেক বঙ্গদেশীয় সিবিলিয়ানকে সর্ব্বাগ্রে বঙ্গ
উৎকল ভাষায় এবং উত্তরপশ্চিমাঞ্চলের
বিলিয়ানদিগকে সর্ব্বাগ্রে হিন্দুস্থানী ও পারস্য
ায় পরীক্ষা দিতে হইবে। যাহারা পরীক্ষা
ার নিমিত্ত ছই মাস বিদায় পাইবেন, তাঁহা
গর সেই সময় বার্দ্ধক্যকাল বলিয়া পরিগণিত
বে। আজ্ঞাটী উত্তম হইয়াছে; ইহাতে সিবি
য়ানগণ সর্ব্বাগ্রে আপন আপন প্রেসিডেন্সির
ষা শিক্ষা করিতে পারিবেন।

হাজরা জাতির শত্রুতা ও খাদ্যাভাবনিব
সর্দ্দার আবদুল রহমন খাঁ বামিয়ানা হইতে
খাসাদে পশ্চাদ্গমন করিয়াছেন। সিয়ার
লির সহিত সন্ধি করা তাঁহার অভিপ্রেত হও
তে আত্মিমখ। তাঁহার শিবির ত্যাগ করিয়
কে চলিয়া গিয়াছেন। সিয়ার আলি সন্ধি
হতে অনিচ্ছু হওয়াতে আবদুল রহমন
ুনি আক্রমণ করিবার চেষ্টায় আছেন।
ত ঁহার খ এব দলের সহিত সিয়ার আ-
অগ্রম দলের যুদ্ধ হইয়াছে। ইহাতে আব
রহমন পরাজিত হইয়াছেন। যুদ্ধ খাঁ দিগের
বা পরস্পর ৭ ক্রোশ দূরে আছে।

মণিঅর্ডর আফিস হইতে ছণ্ড লইলে যদি
ক, হারা যায়, তাহা হইলে দ্বিতীয় ও তৃতীয়
নকল লইতে হইলে সমান বাঁটা দিতে
বে এপর্য্যন্ত দ্বিতীয় ও তৃতীয় বারের
মত কিছুই দিতে হইত না। দ্বিতীয় বারে
ক ও তৃতীয় বারে চতুর্থাংশ বাঁটা করা
বা। গবর্ণমেণ্টের পোষ্ট আফিসে পত্র দ্বারা
ইবে, তাহার দণ্ডস্বরূপ সাধারণকে
ণ বাঁটা দিতে হইবে। সুক্ষ্ম বিচার বটে!!

রিবাস টমসন সাহেব রাজধানীবিভাগের
তিনিধি কমিসনর হইয়াছেন কৃষ্ণনগরের
জিষ্ট্রেট বেল সাহেব লিগাল রিমেম্ব্রান্সর
জে, মনরো সাহেব কৃষ্ণনগরের মাজিষ্ট্রেট
লেন।

মাদ্রাজের গোবীজের টীকাদারগণ কিছু
দিন কার্য্যশিক্ষা করিয়া কার্য্যদক্ষ হইবামাত্র পদত্যাগ করেন বলিয়া টীকাবিভাগের অধ্যক্ষ ডাক্তর শার্ট টীকাদারদিগের নিকটে এক এক একরার লইতেছেন যে, তাঁহারা কয়েক বৎসর করিয়া কার্য্য করিবেন। টীকাদারগণ অল্প বেতন পান বলিয়াই কর্ম্ম ত্যাগ করেন।

মাদ্রাজের অনেক স্থানে ব্যাঘ্রের উৎপাত হওয়াতে কৃষকগণ পলায়ন করিয়াছে। তত্রত্য গবর্ণমেণ্ট তন্নিমিত্ত প্রত্যেক ব্যাঘ্রবধের পুরস্কারস্বরূপ ১০ টাকা দিতে চাহিয়াছেন। লোকদিগকে নিরস্ত্র করাতে এইসকল অনিষ্ট ঘটনা হইতেছে।

বোম্বাইয়ের বণিক সম্প্রদায় ও এতদ্দেশীয় সভ্য লার্ড মেয়ুকে অভিনন্দন প্রদান করিয়াছেন। লার্ড মেয়ু ইহা গ্রহণের সময়ে বলিয়াছেন, তিনি সামান্য ভদ্রলোকস্বরূপ ইহা লইলেন; যত দিন তিনি গবর্ণর জেনরলের পদ গ্রহণ না করেন, ততদিন সকলে যেন তাঁহাকে সামান্য ভদ্র লোকের ন্যায় জ্ঞান করেন। লার্ড মেয়ু বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের মূল স্থাপিত করিয়া মান্দ্রাজ যাত্রা করিয়াছেন।

কাশ্মীরের রাজা স্বীয় পুত্রকে শাসন শিখাইবার নিমিত্ত এক কৌন্সল করিয়া তাঁহাকে তাহার অধ্যক্ষ করিয়াছেন। কয়েক জন উপযুক্ত কর্ম্মচারী রাজকুমারের সহায়তা করিবেন। এই কৌন্সল যাহা করিবেন, তাহা রুদ্ধে কেবল রাজার নিকটে একটী মন্ত্র আপীল হইবে। মন্ত্রিগণকে যেন বুঝিয়া সুঝিয়া নযুক্ত করা হয়।

২০ এ পৌষ মঙ্গলবার

গত শনিবার রাণীগঞ্জে লটনের কূপনলের পরীক্ষা হইয়াছিল। প্রথমের নলটীর ছিদ্রসকল বালুকাপরিপূর্ণ হওয়াতে জল উঠে নাই। এই নলদ্বারা আবিসিনিয়াতে অনেক উপকার হইয়াছিল।

রাজপুতনাপ্রভৃতি স্থানের দুর্ভিক্ষনিবারণার্থ ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যেসকল উপায় অবলম্বন করিয়াছেন, সর ষ্টাফোর্ড নর্থকোট তাহার সম্পূর্ণ অনুমোদন করিয়া এক পত্র লিখিয়াছেন। এই পত্রে লিখিত হইয়াছে যে দুর্ভিক্ষের সময়ে গবর্ণমেণ্ট যেসকল সাহায্য দিবেন তাহাতে তাঁহার অমত হইবে না এমত বিপদ কালে গবর্ণমেণ্টের উপরে প্রতিপালনের ভার পতিত হয়, ইহা স্বীকার করা হইয়াছে দেশের যেমত অবস্থা গবর্ণমেণ্ট একিবারে ঠিক

সেইপ্রকার
আলাহাবাদ
ইর" নামক
পত্র প্রকাশ
দায়োদর
পর্য্যন্ত বিশেষ
ছিল। কিন্তু
তেছি, এবার
এত পীড়া হ
বর্দ্ধমানে পল

সম্প্রতি তিন জন লোহার
করিয়া মুলতান হইতে ফেরিতে যা
জাহাজে বিনা ভাড়ায় যাইবার চেষ্টা পা
তাহাদিগের যে দণ্ড হইয়াছে, পবলিক
নিয়ন তাহাতে অসন্তুষ্ট হইয়া কাগুেন বি
অত্যাচারকারী ও অবিচারক বলিয়া
দিয়াছেন। ইউরোপীয়ের দণ্ড পঞ্জাবী স
পত্রের চক্ষুঃশূল হইবে সন্দেহ নাই;
সর্ব্ব সাধারণে কাগুেন বিডনের অনুরো
করিবেন

মার্কেণ্টাল ব্যাঙ্কের সাহেবসিংহ
এক জন দ্বারবানের অনেক টাকা চুরি যায়
আর ছই জন দ্বারবানকে সন্দেহ করে;
কোন প্রকারে তাহাদিগের দোষ সপ্রমাণ
বার সম্ভাবনা না থাকাতে সে টাকার
উন্মত্ত হইয়া একটী পাঁচনল রিবলবার
দ্বারবানদিগকে গুরুতর আঘাত করিয়া
হত্যা করিয়াছে। চৌকিদারদিগের সম্মু
এই কাজ করে; কিন্তু কেহই তাহাকে
করিতে সাহসী হয় নাই। পরিশেষে করে
ইউরোপীয় কনষ্টেবল আসাতে জমাদার
ধরে। আহত ব্যক্তিগণ চিকিৎস
আছে, কিন্তু তাহাদিগের জীবন
হইয়াছে।

২ এ পৌষ বুধবার।

টেলিগ্রাফের ডিরেক্টর জেনরল কর্ণেল
সনের প্রস্তাবানুসারে ভারতবর্ষীয় গব
আজ্ঞা দিয়াছেন, ভারতবর্ষের যে সে
টেলিগ্রাম প্রেরিত হইলে দশটী কথার
এক টাকা দিতে হইবে। অক্টোবর অবধি
নিয়ম হইয়াছে এবং এতদ
য়াছে।

ভারতবর্ষী
দিগের অনেক
আড্ডার বসি
জলদাতা হই

ি করেন।
তেছে। কিন্তু
। কলিকাতা
ক মধ্যবর্ত্তী
প্রতি মাঙ্গল
রা বর্দ্ধমানের
তৃতীয় শ্রেণির
য়া থাকেন।
র্য্যন্তই অধি
তাঁহাদিগের
রা অকর্ত্তব্য।

রণ আছে, মুলমিশের রেক
রিটন সাহেব গবর্ণমেণ্টের নিকটে কিছু
ক্ত টাকা পাইবার নিমিত্ত আদালত বন্ধ
বলিয়াছিলেন, যত দিন টাকা না পাইবেন
ন কাজ করিবেন না। তিনি আরও প্রধান
র কর্ণেল কিচির সহিত অকারণ বিবাদ
ছিলেন। এই বিষয় ভারতবর্ষীয় গবর্ণ
গোচর হওয়াতে সর জন লরেন্স বলি
, বিচারপতি হইয়া এপ্রকার ব্যবহার
াহার পর নাই অন্যায়। প্রধান কমিসন
সময়ে গবর্ণর জেনরল বলিয়াছেন, করিটন
তাঁহাকে বৃথা অপমান করিয়াছেন
কারী কর্ম্মচারীদিগের সম্মানরক্ষা করা
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের দৃঢ়প্রতিজ্ঞা।
চারপতি এইপ্রকার অন্যায় ব্যবহার করি
তাঁহাকে সমুচিত দণ্ড দেওয়া হইবে।
লিশমান ত্রিহুত হইতে সংবাদ পাইয়া-
নীলকরদিগের সহিত কৃষকদিগের পুনর্ব্বার
হইবার উপক্রম হইতেছে। নীলকরেরা
ক্ত করিয়াছেন বটে, কিন্তু তাহাও পর্য্যাপ্ত
লিয়া কৃষকগণ অসন্তুষ্ট রহিয়াছে। নীল
মেনেজারদিগের কার্য্যের প্রতি দৃষ্টি না
লে বিবাদ সম্ভাবনা হইবে।

ামবার গবর্ণর জেনরল কতকগুলি এদে
ভদ্র লোককে সম্মানপূর্ব্বক গ্রহণ করিয়া
ন। উত্তরপশ্চিমাঞ্চল হইতে কতকগুলি
আসিয়াছিলেন। নেপালের দূত ও তদ
আফিসরগণ উপস্থিত ছিলেন। সকলেই
নীয় আফিসরদিগের বস্ত্র ও সামরিক ভাব
আশ্চর্য্যান্বিত হইয়াছিলেন। দূত সর জন
সর নিকটে বিদায় লইয়া উপঢৌকন প্রদান
। লার্ড ে য়ের সহিত সাক্ষাৎ করিয়া
স্বদেশে গমন করিবেন।

কৃষিসমাজের গত অধিবেশনদিবসে
ণ বাবু হরচন্দ্র ঘোষের মৃত্যুর নিমিত্ত
সূচক একটী মন্তব্য লিপিবদ্ধ করিয়াছেন।

২৫ এ পৌষ বৃহস্পতিবার।

খাতে আমেরিকান বণিক জর্জ্জ পিবডি
দরিদ্রদিগের সাহায্যার্থ আর
প্রদান করিয়াছেন। পিবডি
শ প্রতিবৎসর
ন আমেরিকায়
কেবল লণ্ডনের
শুদ্ধ ৩৫ লক্ষ
ল ব্যক্তি আর
শেঠজি জিজি
ভাইয়ের অপেক্ষাও অধিক দান করিতেছেন।

বর্দ্ধমানের রাজার উদ্যানে সর্ব্বোৎকৃষ্ট পশু ও পক্ষী সংগৃহীত ছিল। কিন্তু আমরা দুঃখিত হইলাম গত দুই বৎসরের মধ্যে কতকগুলি উত্তম পশু প্রাণত্যাগ করিয়াছে। চারিটী সিংহ ও তিনটী বৃহৎব্যাঘ্র এবং কতকগুলি উত্তম ও দুষ্প্রাপ্য পক্ষী নষ্ট হইয়াছে। রাজা এপর্য্যন্ত ইহাদিগের পরিবর্ত্তে নূতন জন্তু আনয়ন করেন নাই। রাজার উদ্যান বঙ্গদেশের একটী মনোহর স্থান; ইহার সৌন্দর্য্য কমিলে অতিশয় দুঃখের হইবে। রাজা নূতন জন্তু পাইলে ক্রয় করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছেন। কিন্তু কেবল ইচ্ছায় কি হইবে? যত্ন করিয়া আনয়ন করিতে হইবে। রাজার বাটীতে কতকগুলি অতিশয় আশ্চর্য্য ও নানা বর্ণের উত্তম মারবল চীন হইতে আসিয়াছে।

২৬ এ পৌষ শুক্রবার।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট লেপ্টনাণ্ট গবর্ণরদিগের ন্যায় প্রধান কমিসনরদিগকেও অভিযুক্ত কর্ম্মচারী ও পেয়াদাপ্রভৃতিকে পেনসন দিবার ক্ষমতা দিয়াছেন। তাঁহারা কেবল ছয় মাসান্তে পেন্সন ভোগীদিগের এক এক তালিকা প্রেরণ করিবেন। প্রত্যেক বিষয়ে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের মত লইতে বিলম্ব হওয়াতে এই আজ্ঞা হইয়াছে।

সোমবার বাবু হরচন্দ্রঘোষের স্মরণার্থ টউন হালে এক সভা হয়। বিচারপতি নর্ম্মাণ সভাপতির আসনগ্রহণ করিয়াছিলেন। প্রায় দুই শত ইউরোপীয় ও এতদ্দেশীয় ভদ্রলোক উপস্থিত ছিলেন। ইউরোপীয়দিগের মধ্যে ইডেন ফগান, গর্ডন, সিটনকার প্রভৃতি সাহেবেরা ছিলেন। সাধারণ চাঁদাদ্বারা হরচন্দ্রঘোষের একটী সম্পূর্ণ চিত্রিত প্রতিমূর্ত্তি করা সকলের মত হইয়াছে। উদ্বৃত্ত হইলে সেই টাকা প্রদেশী দাতব্য সভার হস্তে দেওয়া হইবে। হরচন্দ্রঘোষ যথার্থ সম্মানের পাত্র ছিলেন। তিনি বড়সমাজে মিশ্রিত হইতেন না। তথাপি সর্ব্বসাধারণে তাঁহার ভদ্রতা ও দক্ষতা জানিয়া মৃত্যুর পর এই কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

পাটনায় দিন দিন খাদ্যদ্রব্যসকল অতিশয় দুর্ম্মূল্য হইতেছে।

মান্দ্রাজের বাতুলালয়ের বাতুলদিগকে বৎসরের নূতন দিবসে ভোজ দেওয়া হইয়াছিল।

২৭ পৌষ শনিবার।

মিরচাভিনামক যে ব্যক্তি কাপ্তেন ডগলসকে বিদ্রোহকালে বধ করিয়াছিল বলিয়া ফাঁসীকাষ্ঠে প্রাণত্যাগ করিয়াছে, তাহার মৃত্যুর সময়ে এক জন ইউরোপীয় ভদ্রলোকে মুক্ত গিয়াছিলেন। ইহাতে মফস্বলাইট ক্রোধান্বিত হইয়া বলিয়াছেন, এসকল লোকের ফাঁসী দেখিতে যাওয়া অতিশয় অন্যায়। অবশ্য এক জন ভারতবর্ষীয়ের মৃত্যুদর্শনে দুঃখিত হওয়া ইউরোপীয়ের পক্ষে অতিশয় নিন্দার বিষয়। ভারতবর্ষে আসিতে হইলে আর দেয়ার প্রয়োজন কি আছে?

—:০:—

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ৩০এ ডিসেম্বর। তুরস্ক ও গ্রী বিবাদভঞ্জনার্থ ২রা জানুয়ারি পারিসে সভা হইবে। থেসেলিতে আর ৫০,০০০ সৈন্য রাখিবার আজ্ঞা হইয়াছে।

কিউবা দ্বীপে অনেক সাহায্যকারী সৈন্য প্রেরিত হইতেছে।

৩১এ ডিসেম্বর। তুরস্ক ও গ্রীসের ভঙ্গন হইবার সম্ভাবনা হইতেছে।

ক্রিটের বিদ্রোহীরা ইনসিস বাষ্পীয় অর্পণ করিয়াছে। তাহারা ইহাকে জলমগ্ন নাই; কেবল সাইরাতে আটক করিয়া ছিল।

১লা জানুয়ারি ১৮৬৯। গবর্ণমেণ্ট সরিক রাজস্বের হিসাব প্রকাশ করিয়া গতবর্ষে সর্ব্ব শুদ্ধ ৭১,৮৬,৬,৭৭০ টাকা হইয়াছে। শুল্ক, ষ্টাম্প ও ডাকঘরে অপেক্ষা ৬৪,৪০,০০০ টাকা কম; কিন্তু হইতে ৩ কোটি টাকা ও বাজে আদায় ৬৭,১১,৬১০ টাকা অধিক আয় হইয়াছে

অদ্য মাড্রিড হইতে যে টেলগ্রাম য়াছে, তাহাতে জানা যাইতেছে, মালা বিদ্রোহের সম্ভাবনা হওয়াতে সেনাপতি লারোস তথায় সামরিক আইন প্রচার ছেন। ৭৮০ অস্ত্রধারী বিদ্রোহী গড় অবরুদ্ধ করিতে প্রস্তুত হইতেছে।

২রা জানুয়ারি। স্পেন হইতে শেষ যে গ্রাম আসিয়াছে তদ্দ্বারা জানা যাইতেছে, পতি কাবেলারোস মালাগার বিদ্রোহী পরাজিত করিয়া পুনর্ব্বার শান্তিস্থাপন ছেন।

ওবারেও গারণী কোম্পানির নামে ন হইবে।

কাপ্তেন লাবাল মণ্ডিয়ার আপাতত রিচার্ড মেইনের প্রতিনিধি হইয়াছেন ষ্টাণ্টিনেপোল হইতে গত কল্যের এক গ্রামে জানা যাইতেছে, দুতসভায় প্রতি প্রেরণনিমিত্ত গতকল্য সুলতানকে অ করা হইয়াছে। লোকে বলিতেছেন, ফুয়াদ দূত হইয়া এই সভায় যাইবেন। দূত প্রথম অধিবেশন কবে হইবে তাহা অ করা হয় নাই।

গত কল্য সম্রাট নেপলিয়ন টুলি বাটীতে একটী বক্তৃতা করিয়াছেন। ব কালে তিনি বলিয়াছেন, এক্ষণে ইউরে রাজগণ পরস্পরের সহিত সৌহার্দ্দ নিমিত্ত যে চেষ্টা পাইয়া থাকেন, তাহা অ সুখকর। এই ইচ্ছা থাকিলে যাবতীয় প্রশ্নেরও মীমাংসা হইতে পারে। সম্রাট্ করিয়াছিলেন, ১৮৬৮ অব্দের ন্যায় অব্দে শান্তি বজায় থাকিবে। সভা জ পক্ষে শান্তি অতিশয় প্রয়োজনীয়।

৪ঠা জানুয়ারি। ৯ই পারিসে সভা হইবে স্থির হইয়াছে।

রল ক্লেয়েণ্ড ও ডিউক অব বকিংহাম
ইণ্ডির মূলবিষয়ে একমত হইয়াছেন।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের
আদেশানুসারী
নিয়োগ।

০ এ ডিসেম্বর ১৮৬৮। যে দিবস জি.
াকগিল সাহেব স্বীয় কার্য্য ভার গ্রহণ
াছেন, সেই দিন অবধি তিনি মেদনীপুরের
নিসিপালিটির সহকারী সভাপতি হই

াপ্তেন এচ. ডবলিউ গার্বল ট্ আর, ই
নের এক জন মিউনিসিপাল কমিসর হইই

ুতকীর উপবিভাগের অন্তর্গত শ্রীপু
সম্প্রতি যে দাতব্য চিকিৎসালয় স্থাপিত
ছে, নিম্নলিখিত ভদ্র লোকেরা সেই চিকিৎ
য় চালাইবার নিমিত্ত সভাবদ্ধ হইবেন।

শ্রীযুক্ত বাবু যোগেন্দ্রচন্দ্র ঘোষ।
» গোপীনাথ কর।
» যোগেন্দ্রচন্দ্র সরকার।
» উমাচরণ রায়।
» জগদীশচন্দ্র সরকার।

যতদিন এচ বালফোর সাহেব বিদায় লইয়া
পস্থিত থাকিবেন, তত দিন জি. এ. পিপর
ব চট্টগ্রামের প্রতিনিধি অতি-
জ্জ হইবেন।

দি, নোলান সাহেব ফরিদপুরের সর রেজি
হইবেন।

যত দিন বাবু চন্দ্রকিশোর রায় বিদায় লইয়া
পস্থিত থাকিবেন তত দিন বাবু বরদা প্রসন্ন
বি. এল চট্টগ্রামের অন্তর্গত হাঠহাজারির
তিনিধি মুন্সেফ হইবেন।

যত দিন মৌলবী সমাউদ্দিন বিদায় লইয়া
পস্থিত থাকিবেন, তত দিন বাবু জগবন্ধু
াপাধ্যায় বি, এল, বীরভূমের অন্তর্গত আম
ার প্রতিনিধি মুন্সেফ হইবেন।

, ডবলিউ. মলোনি সাহেব রাজসাহী বিভা
প্রতিনিধি কমিসনর হইবেন।

বাবু গুরুপ্রসাদ সেন মালদহের দাতব্য
কিৎসালয়ের সভার অন্যতর সভ্য হইবেন।

৪ ঠা জানুয়ারি ১৮৬৯। নিম্নলিখিত ভদ্র
কেরা যশোহরের বিদ্যাশিক্ষা সভার
্য হইবেন।

এ, আনলি সাহেব।
বাবু নবীনচন্দ্র সেন বি এ।
» দক্ষিণাপ্রসাদ বসু বি, এল।

টী, বি, লেন সাহেব রেবেনিউ বোর্ডের প্রতিনিধি সেক্রেটারী হইবেন।

আর, এল, মাঙ্গলস্ সাহেব রেবেনিউ বোর্ডের প্রতিনিধি কনিষ্ঠ সেক্রেটারি হইবেন।

কটকের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় কেন্দরা পাড়া উপবিভাগের ভার পাইয়া কটকে ১৮৬৮ অব্দের ৯ আইনঅনুসারে কালেক্টরের ক্ষমতা পাইবেন।

জে, এস, আরমষ্টড সাহেব কটকের প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

টী, এম, কার্কউডসাহেব দ্বিতীয় শ্রেণির প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন। তিনি আরও কটকের কমিসনরের বিশেষ সহকারী হইবেন।

যে দিবস ডবলিউ, ডবলিউ হণ্টার সাহেব ইউরোপ হইতে বিদায়ান্তে ভারতবর্ষে প্রত্যাগমন করিয়াছেন, সেই দিবসাবধি তিনি বীরভূমির সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন। কিন্তু আপাততঃ ষ্টাম্প ও ষ্টেসনরির প্রতিনিধি সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

চতুর্থ চক্রবাড়ের রেবিনিউ সরবেয়র লেপ্টনণ্ট ডবলিউ, জে. ষ্ট ওয়াট ১৮৩৩ অব্দের ৯ আইনঅনুসারে ২৪ পরগণার ডেপুটি কালেক্টরের ক্ষমতা পাইবেন।

৫ ই জানুয়ারি। এ, আর, টমসন সাহেব রাজধানী বিভাগের প্রতিনিধি কমিসনর হইবেন।

যত দিন এফ, আর, কক্রেল সাহেব সরকারী কার্য্যোপলক্ষে অনুপদস্থ থাকিবেন, ততদিন এচ, বেল সাহেব প্রতিনিধি লিগাল রিমেম্ব্রান্সর হইবেন।

জে, মনরো সাহেব নদীয়াতে প্রথম শ্রেণির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

যত দিন বাবু পঞ্চ নন বন্দোপাধ্যায় বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন তত দিন বাবু শ্যামধন মুখোপাধ্যায় হুগলী শ্রীরামপুর ও চুঁচুড়ার শিবিরের ছোট আদালতের প্রতিনিধি জজ হইবেন।

পবলিকওয়ার্ক ডিপার্টমেণ্ট

৩০ এ ডিসেম্বর ১৮৬৮। চতুর্থ শ্রেণির একজিকউটিব ইঞ্জিনিয়র টী, এ, জেলি সাহেব ১৮৬৮ অব্দের ১০ ই ডি বৈকালে দ্বিহুত বিভাগের ভার গ্রহণ ক ছেন।

যতদিন এফ, এম, এবারেণ সাহেব লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দ্বিতীয় শ্রেণির একসিকিউটিব ইঞ্জি জি, ডবলিউ, বিবিয়ান সাহেব (যিনি স ইউরোপ হইতে পীড়া নিবন্ধন বিদা প্রত্যাগমন করিয়াছেন) হুগলী নদী বিভ প্রতিনিধি একসিকিউটিব ইঞ্জিনিয়র হই

৪ ঠা জানুয়ারি ১৮৬৯। দ্বিতীয় সহকারী ইঞ্জিনিয়র বাবু মহেশচন্দ্র বসু দিনের জন্য সেলাই ইনবেষ্টিগেশান হিজলি বিভাগে বদলী হইবেন।

—:০:—

কাকিনিয়া হইতে এক জন লি
ছেনঃ—

১। রঙ্গপুরের মেলা ১লা জানুয়ারি আরম্ভ হইয়াছে। এই মেলায় বিস্তর অশ্ব, গো, মহিষ, উষ্ট্রপ্রভৃতি বিক্রয়ার্থ য়াছে। মেলা সপ্তাহ কাল থাকিবে। কার্য্য শেষ হইলে, তদ্বিবরণ মহাশয়ের বর্গকে জানাইতে ইচ্ছা রহিল।

২। এখানকার দ্বিতীয় ভূম্যধিকারী কৈলাসরঞ্জন রায় চৌধুরী গত ৫ ই প্রত্যূষসময়ে প্রাণত্যাগ করিয়াছেন। বাবু অল্পবয়সেই যেরূপ সদ্গুণের আধার উঠিয়াছিলেন, ইনি কিছুদিন জীবিত থ কাকিনীয় ও রঙ্গপুরবাসী জনগণের উন্নতিসম্ভাবনা ছিল। নিদারুণ কাল একালেই গ্রাস করিয়া আমাদের সে উন্মূলিত করিল।

৩। কয়েক দিন হইল, রাজসাহী বি পাঠশালাসমূহের ইনস্পেক্টর বাবু কা মুখোপাধ্যায় ও কাকিনীয়ার বর্ত্তমান বাবু মহিমারঞ্জন রায় চৌধুরী অভ্রতা ও বালিকা স্কুলে উপস্থিত হইয়া পরী করিয়া সন্তোষলাভ করিয়াছেন। মহি রায় চৌধুরী ইতিমধ্যেই দুই দিবস লয়ে উপস্থিত হইয়া ছাত্রীগ কিছু কিছু পুরস্কারবিতরণ করি দারদিগের এরূপ বিদ্যানুরাগ স দের বিষয় সন্দেহ নাই।

। রঙ্গপুর স্কুলের দিন দিন উন্নতি লক্ষিত
ছে। গত বৎসর এই স্কুল হইতে তিন
ছাত্র প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে,
রেও রঙ্গপুর স্কুল হইতে পাঁচ জন ছাত্র
পরীক্ষার্থী হইয়া কৃষ্ণনগর কালেজে গমন
য়াছেন। রঙ্গপুর স্কুল যখন জমীদারদিগের
নে ছিল, তখন দিন দিন অবনতিই দৃষ্টি
র হইত, এক্ষণে গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে
প্রধান শিক্ষক শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ ভট্টা
য় বঙ্গে সমধিক উন্নতিলাভ করিতেছে।

। এই গ্রাম মধ্যে একটী শূকরের কারখানা
কয়েকটী পচাপুষ্করিণী থাকাতে গ্রামের
ক অনিষ্ট সাধিত হইতেছে। সর্ব্বদা ঐ
ষ্কৃত জলাশয়গুলির বাষ্পরাশি ও শূক
মল মূত্রের দুর্গন্ধে গ্রামস্থ সমুদায় লোকে
। জন্মিয়া থাকে। আমরা কাকিনীয়ার ভূম্য
রী মহাশয়ের নিকটে সানুনয়ে প্রার্থনা
যে সত্বরে ঐ সকল অসুবিধা দূর করিয়া
বাসীদিগকে স্বাস্থ্যসুখে সুখী করুন।

—:•—:

আমাদিগের কোরহাটিস্থ সংবাদ-

তা লিখিয়াছেন:—

প্রায় বৎসরাধিক কাল অতীত হইল, কতি
হিতৈষী ব্যক্তির যত্নাতিশয়ে কাঁচাদিয়া
শুভকরীনাম্নী একটি সভা প্রতিষ্ঠিত
চে। নিরাশ্রয় দরিদ্রদিগের জীবিকা,
শিক্ষা ও চিকিৎসা প্রভৃতি বিষয়ে সাহায্য
এবং প্রয়োজনানুসারে পথ, ঘাট, পুষ্ক
প্রভৃতির সংস্কার ও পরিষ্কার করা শুভ
র উদ্দেশ্য। উদ্দেশ্য যেরূপ মহৎ, সভাটী
যত্নবতী হইয়া তদনুরূপ কার্য্যসাধন করিতে
লে ইহাদ্বারা দেশের সমধিক মঙ্গল হইবার
বনা। উক্ত গ্রামনিবাসী বাবু দ্বারকানাথ
এই সভা স্থাপনের প্রধান উদ্যোগী
ক্ষার সময় ইহার বার্ষিক অধিবেশন অতি
াহসহকারে হইয়া গিয়াছে। শুভকরীর
ব্যয় ও অন্যান্য নিয়মাদিসম্বন্ধে আগা
ও বিস্তারিতরূপে লিখিতে আমাদিগের
না রহিল।

২। মহাশয়! আমরা পি, সি, এস প্রণীত
ম ভাগের বাঙ্গলা এন্ট্রেন্স কোর্সের
তয় অংশের গ্রন্থপুস্তক পাঠ
প্রীতিলাভ করিলাম। অন্যান্য
মত ইহা আংশিক ফলোপধায়ক
ধাতু, ধাত্বর্থ, তদ্ধিত, বৃৎ বাচ্য,
সমাস, বিশেষ্য, বিশেষণ, লিঙ্গভেদ, শব্দার্থ
সমস্ত কঠিন বাক্যের ব্যাখ্যা, সংস্কৃত বচন,
ইতিহাস ভূগোলাদি হইতে নানা প্রমাণ ও ছন্দ,
প্রভৃতির লক্ষণ বিশদরূপে সন্নিবেশিত হইয়াছে।
কঠিন কঠিন অংশ ও বাক্য সমূহের অর্থ করি
বার কালে প্রথমে তাহাদের সাধারণ অর্থ
এবং তৎপরে তত্তৎস্থলে কি অর্থ ও ভাব প্রকা
শিত হইতেছে, প্রণেতা তৎসমুদায় বুঝাইয়া
দিতে বিলক্ষণ প্রয়াস পাইয়াছেন, তদ্বিষয়ে কৃত
কার্য্যও হইয়াছেন, বলিতে হইবে।

আমরা অনেক টীকাকারকে দেখিতে পাই,
তাঁহারা কেবল পুস্তকস্থিত বাঙ্গলার মাত্র অর্থ
ধাতু,ও সমাস যাহাতে বালকগণের কণ্ঠস্থ হয়
তাহারই চেষ্টা করেন; বিদ্যাশিক্ষার প্রকৃত
উদ্দেশ্যের প্রতি বড় একটা লক্ষ্য রাখেন না;
সুতরাং তাঁহাদের অবলম্বিত উক্তবিধ উপায়
দ্বারা যে ছাত্রদিগের প্রকৃত প্রস্তাবে কিছুই
উপকার হয় না তাহা অবশ্যই স্বীকার করিতে
হইবে। কিন্তু আমরা যে অর্থপুস্তকের বিষয়
বলিতেছি, তাহা সে অভিপ্রায়ে লিখিত হয়
নাই। এখানি প্রণেতার পরিশ্রমশীলতা ও
অনুসন্ধিৎসার বিলক্ষণ সাক্ষ্য প্রদান করিতেছে
যাহাতে বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষার্থী
দিগের উত্তমরূপ শিক্ষা ও অল্পায়াসে জ্ঞান
লাভ হয়, গ্রন্থকার তদ্বিষয়িণী চেষ্টার ত্রুটি
করেন নাই। এই অর্থপুস্তক ঢাকা সুলভযন্ত্রে
মুদ্রিত হইয়াছে।

ইতিপূর্ব্বে আমরা কাঁচাদিয়া পোষ্ট আফি
সের ডিপুটী পোষ্ট মাষ্টর বাবু লালমোহন বট
ব্যাল মহাশয়ের শ্রমকুশলতা ও কার্য্যনিপুণতার
বিষয় সোমপ্রকাশে প্রকাশ করিয়াছিলাম।
শুনিয়া আহ্লাদিত হইলাম, কর্ত্তৃপক্ষ তাঁহার
বেতন ১০ টাকা বৃদ্ধি করিয়া দিয়াছেন। গুণে
পুরস্কার না হইলে কি হয়?

গত সপ্তাহে অত্রত্য ইংরাজী বিদ্যালয়ের
বার্ষিক পরীক্ষা শেষ হইয়া গিয়াছে। এ বার
এই বিদ্যালয় হইতে দুই জন ছাত্র ছাত্রীবৃত্তির
পরীক্ষা প্রদান করিয়াছেন জগদীশ্বর করুন
ইহারা উভয়েই কৃতকার্য্য হউন।

—:০:—

আমাদিগের তমোলুকস্থ সংবাদ-

দাতা লিখিয়াছেন।

১। আহ্লাদের সহিত প্রকাশ করিতেছি
যে, এখানকার ইংরাজি বিদ্যালয়ের গৃহনির্ম্মা
র্থ মুরসদাবাদ নিবাসিনী দেশহিতৈষিণী
শ্রীমতী রাণী স্বর্ণময়ী এক কালীন ৫০ ও
শ্রীযুক্ত বর্দ্ধমানাধিপতি ২৫ টাকা দান
য়াছেন। মহারাজ বাহাদুর এখানকার
চিকিৎসালয়ের নিমিত্তও এক কালীন ৫০
দান করিয়াছেন। তাঁহা দিগের এই
নিমিত্ত আমরা চিরদিন বাধ্য রহিলাম।

২। কিয়দ্দিন হইল, মেদিনীপুরের
ষ্টর শ্রীযুক্ত রেনল্‌ডস্ সাহেব মহাশয়
লুকের অবস্থা দর্শনার্থ আগমন করিয়াছি
অনেক প্রজা তাঁহার পদাবনত হইয়া এ
রের করের বিষয়ে কিঞ্চিৎ অনুকূল
বস্ত করিতে প্রার্থনা করিয়াছিল। কি
এখনও ত কিছুই শুনিতে পাইলাম না।
করি সাহেব মহোদয় প্রজাদিগের দৈবদুর্বি
জনিত বিপুল ক্ষতির দিকে দৃষ্টি রাখিয়া
সদয় হইবেন।

৩। কালেক্টর মহোদয় এখানকার ই
বিদ্যালয়ে কতিপয় শ্রেনীর পরীক্ষা গ্রহণ
বিশেষ সন্তুষ্ট হইয়া গিয়াছেন।

৪। এ বৎসর এখানকার বঙ্গ বিদ
একটী ছাত্র ছাত্রবৃত্তি পরীক্ষাতে উত্তী
য়াছে; কিন্তু বৃত্তি প্রাপ্ত হয় নাই। ই
বিদ্যালয়ের দিকে বোধ হয় শনির দৃষ্টি
হইয়াছে। উপর্য্যুপরি তিন বৎসরই
বালক প্রবেশিকা পরীক্ষাতে উত্তীর্ণ
পারে নাই।

৫। এ প্রদেশে চাউল ও তৈল
উচ্চ মূল্যে বিক্রীত হইতেছে। পরে
দাড়ায় বলা যায় না।

—:০:—

আমাদিগের কালনাস্থ সংবাদদ

লিখিয়াছেন:—

বিশেষ আনন্দের বিষয় যে, এখানকার
সমাজটী ক্রমেই উন্নত হইতেছে। যখন
সর ইহার বয়ঃক্রম হইতে চলিল, তখন আ
ইহার পতন হইবার সম্ভাবনা দেখি না। এ
একটী উপাসনাগৃহ প্রস্তুত করিবার উ
হইতেছে। বর্দ্ধমানাধিপতির নিকট স
প্রার্থনা করায় তিনি ২৫ টাকা দান করিয়
অন্যান্য সদাশয় ব্যক্তিগণও বিশেষ স
করিতেছেন। যাঁহারা দানে অঙ্গীকৃত
ছেন তাঁহারা মুদ্রা প্রদান করিয়া এই
কার্য্য সম্পন্ন করুন। শুনিতেছি, কলি
আদি ব্রাহ্মসমাজের প্রধান আচার্য্য মহা
নিকট সভ্যগণ সাহায্য প্রার্থনা করি
তিনি এ বিষয়ে মুক্তহস্ত, সুতরাং সভ্য
মনোরথ পূর্ণ হইবার বিশেষ সম্ভাবনা।

এখানকার জীবধারার মাঠের সাকোর
য় যাহা পূর্ব্বে সোমপ্রকাশে লেখা হইয়াছিল,
গত হইলাম বেঙ্গল গবর্ণমেণ্ট হইতে বর্দ্ধ
নর একজিকিউটীব ইঞ্জিনিয়ারের নিকট
জন্য পত্র আসিয়াছে। এই বারে সাকোটী
ত হইবে তাহার সন্দেহ নাই।

এখানকার বন জঙ্গল ও পুষ্করিণীপ্রভৃতি
ঙ্কার থাকাতেই বোধ হয় এবার পীড়ার
ণ প্রাদুর্ভাব দেখা যাইতেছে না। যদিও
উঠা ও বসন্ত রোগে কেহ কেহ আক্রান্ত
ছেন, কিন্তু কাহারই জীবন বিনষ্ট হই
ছ না। ঈশ্বর এ দেশের প্রতি এইরূপ প্রসন্ন
কন ইহা আমাদের একান্ত প্রার্থনা।

পুলিষ ইনস্পেক্টর বাবু রামরেণু ঘোষ
শয়ের মুখে শুনা গেল এবার এঅঞ্চলে
ত্রিক মাত্র শস্য জন্মিয়াছে। অনেক কৃষকও
ব্যক্ত করিয়া থাকে। এরূপ স্থলে এ দেশ
ত যাহাতে রপ্তানি না হয়, তাহা করাই
ব্য। চাউলের দর এমন সময়ে যেরূপ থাকে,
ার তাহা অপেক্ষা বেসি। ক্রমে আরও বৃদ্ধি
তছে। এখন ভাল চাউল ২৷৷৵০ আনা
চাউল ২,০।২ ৵ রকমে পাওয়া যায় না
য়েক দিন হইল এখানকার মিশনরি স্কুলের
কগণের পরীক্ষা হইয়া গিয়াছে। অবধারিত
সে রেবরেণ্ড মেগলেন সাহেব উপস্থিত
ত না পারায় ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুক্ত
কানাথ দে বাহাদুর বালকগণের পরীক্ষা
ন, কিন্তু সে দিন পুরস্কার বিতরণ হইল না।
গণ হৃষ্টমনা হইয়া প্রতিগমন করেন। পরে
সাহেব আসিয়া বালকগণকে পুরস্কার
। ডেপুটী বাবু একটী মেডেল দিয়াছেন।
আমরা ডেপুটী বাবুর কার্য্যপ্রণালী দর্শন
য়া তাঁহার বিষয়ে কিছু না লিখিয়া কোন
ক্ষান্ত থাকিতে পারিলাম না। দেখা যাই
ছে যে, এই বিচারপতি মহাশয়ের সকল বিষ
বিশেষ দৃষ্টি আছে। গ্রামে বন জঙ্গল না
ত, তজ্জন্য বিশেষ চেষ্টা করিতেছেন। রাস্তা
ত্তিতেও বেস যত্ন আছে। প্রজাগণের সুখ
নর জন্য চেষ্টা করিয়া থাকেন। ইনি
া বিবেচনাপূর্ব্বক লাইসেন্স টাক্স ধার্য্য
য়াছেন, যে তাহাতে একটীও আপিল হয়
অথচ করের ন্যূনতা হয় নাই। বর্দ্ধমানের
ষ্ট্রেট হেরিশন সাহেব তজ্জন্য বিশেষ তুষ্ট
ইহাকে পত্র লিখিয়াছেন যে, ইহাঁর কার্য্য
লী নিতান্ত প্রীতিকর। নিকটস্থ কোন গ্রামে
ার সম্বাদ শুনিলে ইনি তথায় যাইয়া সহ

পায় করিয়া থাকেন। গ্রামের অবস্থা, স্থানের
অবস্থা ও প্রজার অবস্থাদি দর্শন করা বিচা
পতিদিগের যেমন কর্ত্তব্য তাহা ইনি করিয়া
থাকেন। ইহাঁর শাসনপ্রণালী প্রশংসনীয়।
এরূপ বিচারপতি এখানে দীর্ঘকাল অবস্থান
করেন, ইহা প্রায় সকল লোকেই প্রার্থনা করিয়া
থাকেন।

আমাদিগের আনুলিয়াস্থ সংবাদ-
দাতা লিখিয়াছেন:—

১। মহাশয়! সম্প্রতি রাণাঘাটের ডিপুটী
মাজিষ্ট্রেট মহাশয়ের নিকট একটী চমৎকার
মকদ্দমার বিচার হইয়া গিয়াছে। বিবরণ এই
কয়েক দিন অতীত হইল, রাণাঘাটের ডাকঘরে
পশ্চিম প্রদেশ হইতে একটী বাক্সি আসে, যখন
ডাকমুন্সি বাবু ঐ বিষয়সম্বন্ধে লেখা পড়া করেন
তৎকালে তত্রত্য আবগারির দারগা মহাশয়
ঐ স্থানে উপস্থিত ছিলেন। পোষ্ট মাষ্টর বাবু
পুলিন্দাটী ভারি ও নরম দেখিয়া সহসা আশ্চ
র্য্যান্বিত হইলেন এবং তৎক্ষণাৎ ঘ্রাণের দ্বারা
জানিতে পারিলেন যে, উহাতে আফিন রহি
য়াছে। আফিন এরূপ করিয়া ডাকে আসা
নিতান্ত রাজনিয়মবিরুদ্ধ জানিয়া ইতস্তত
বিবেচনা করিতেছেন, এমত সময় আবগারির
দারগা মহাশয় কৌতুহলাক্রান্ত হইয়া ঐ মাল
গ্রেপ্তার করিলেন। ডাকঘর হইতে দারগা
বাবুকে একাকী মাল না দিয়া যাহার নামে ঐ
দ্রব্য আসিয়াছিল, মুন্সি বাবু তাহার আলয়ে
পত্রবাহকের দ্বারা পাঠাইয়া দেন, দারগা
মহাশয়ও উহার পশ্চাৎ পশ্চাৎ গমন করেন।
শুনিলাম নামাঙ্কিত ব্যক্তি (বোধ হয় পূর্ব্বে
জানিতে পারিয়া) ঐ মাল ও পত্রগ্রহণে অস
ম্মতি প্রদান করিয়াছিলেন, কিন্তু দারগা মহাশয়
ঐ ব্যক্তিকে দ্রব্যসমেত ফৌজদারিতে অর্পণ
করেন। ডিপুটী বাবু যাহার নিকট হইতে এই
বাক্সি আসিয়াছিল, তাহাকে এখানে আনাইয়া
মকদ্দমার এই বিচার করিলেন যে, যে ব্যক্তি
কর্ত্তৃক ইহা প্রেরিত হইয়াছে তাহার ২৫০ এবং
যাহার নামে আসিয়াছে তাহার ২৫০ সর্ব্বসমেত
৫০০ টাকা উভয় পক্ষে জরিমানা হইল, এবং
ঐ টাকা আবগারির দারগা এবং হরকরাকে
পুরস্কারস্বরূপ দেওয়া হইল, এ মকদ্দমার কি
রূপ বিচার হইয়াছে পাঠকগণ সহজে অনুভব
করিতে পারেন। আমাদিগের মতে ঐ জরি
মানার কিয়দংশ তত্রত্য সুযোগ্য কার্য্যদক্ষ
ডাকমুন্সি শ্রীযুক্ত বাবু লক্ষ্মণচন্দ্র দত্ত মহাশয়কে

দেওয়া উচিত ছিল, কারণ তিনিই ইহা
অনুসন্ধান করিয়াছিলেন। এই মকদ্দমার
হয় আপিল হইবে, বিচারে যে হয় হি
ত্রুটী করিব না।

২। রাণাঘাটের মিউনি[illegible]লিটীর
এক্ষণে কিছুই হইতেছে না। নর্দ্দমা র
গুলি অদ্যাপি পাকা হইল না। আমরা এ
নিমিত্ত তত্রত্য সুযোগ্য ডিপুটী মাজিষ্ট্রে
রামশঙ্কর সেন মহাশয়কে অনুরোধ করি
তিনি যেন ইহাতে উদাসীন না হইয়া য
কার্য্যগুলি সুন্দররূপে ও সত্বরে সম্পা
তদ্বিষয়ে যত্নবান হন। ইহার নিমিত্ত আমা
আমাদিগের লেখনীধারণ করিতে না হয়

৩। ইতিপূর্ব্বে আনুলিয়া গ্রামের
পরিষ্কারের নিমিত্ত অত্রত্য হিতৈষিণী
হইতে যে রিপোর্ট রাণাঘাটের ডিঃ মাজি
বাবুর সমীপে পাঠান হইয়াছিল এতদিবস
তাহার হুকুম আসিয়াছে। ডিপুটী বাবু
দ্বারা গ্রামে নোটীশ জারি করিয়া ১ সপ্ত
মধ্যে সমুদয় জঙ্গল পরিষ্কার করিয়া দিয়া
আমরা এবিষয়ের নিমিত্ত উল্লিখিত হি
মহোদয়ের নিকট একান্ত অনুগৃহীত হইলা

শুনিয়া আশ্চর্য্যান্বিত হইলাম, যে গ
একটি পতিবিহীনা নীচজাতীয় রমণী
টের এক স্বর্ণকারের আপণে কএক খানি
স্বর্ণাভরণ বিক্রয় করিতে গিয়া ধরা প
এই রমণী পূর্ব্বে ঐ নগরের কোন এক
বিধ গৃহস্থের আলয়ে কর্ম্ম করিত; তথা
এই দ্রব্য গুলি আত্মসাৎ করিয়া বিক্রয়
উদ্যত হইয়াছিল। শুনিলাম ঐ স্বর্ণ
দ্বারা ঐ আভরণগুলি নির্ম্মিত হয়। সে
চিনিতে পারিয়া এ দুশ্চরিত্রা কামিনীকে
সমর্পণ করিয়াছে। পুলিষ ইহার তদন্তে
রূপ নিযুক্ত হইয়াছেন।

৫। এপ্রদেশে ওলাউঠা একপ্রকার
রণ হইয়াছে। পূর্ব্বাপেক্ষা রোগীর সংখ্যা
অল্প; কেবল স্থানান্তরে ২।৪ টীর
পাওয়া যাইতেছে। যাহা হউক এই অ
প্রজানাশক পীড়া নিঃশেষিত হইলেই ম
বিষয় হয়।

৬। আনুলিয়াহিতৈষিণী সভার যত্ন
প্রতি সম্পাদকের বিনীতভাবে নিবেদ
যে, তাঁহারা স্ব স্ব দাতব্য টাকা ত্বরায়
য়া সভার উৎসাহ বর্দ্ধন করেন
একটী বিশেষ হিতকর বিষয়ের নিমিত্ত
একান্ত আবশ্যক হইয়াছে। উপসংহ

বারাকপুর ও তন্নিকটস্থ গ্রামসমূহের
হোদয়দিগকে জানাইতেছি যে সংপ্রতি
বাবু কালীপ্রসাদ মুখোপাধ্যায় মহা
বারাকপুরের এজেণ্ট পদে নিযুক্ত করা
ছে। ইনি তত্র তা রেলওয়ে ষ্টেসনের হেড
ার্ক পদে প্রতিষ্ঠিত আছেন। অতএব
া আমাদিগের সভার আনুকূল্যপ্রদানে
প্রদান করিয়াছেন তাঁহারা অনুগ্রহ পূর্ব্বক
দহচিত্তে উক্ত বাবুর হস্তে টাকা দিয়া
ন্সর স্বাক্ষরিতরসিদ গ্রহণ করিবেন।

—:০:—

প্রেরিত।

ন্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক
মহাশয় সমীপেষু।

১ অগ্রহায়ণ জোড়াসাকোস্থ বঙ্গবিদ্যাল
চতুর্থ সাংবৎসরিক পরিতোষিক বিতরণ
সমাহিত হইয়া গিয়াছে। বিদ্যালয়টি
সামান্য পাঠ শালার ন্যায় সম্পাদক
াধব মুখোপাধ্যায় মহাশয়ের বাটীতে
ক ভুবনমোহন তেওয়ারি মহাশয়কর্ত্তৃক
ষ্ঠিত হয়। তেওয়ারি মহাশয় বহুযত্নে ও
থমে এক বৎসর কালের মধ্যে উহার
ষ উন্নতি করেন। তৎপরে প্রাত্যহিক
দর তত্ত্বাবধায়ক শ্রীযুক্ত প্রতাপচন্দ্র চন্দ্র ও
াথ মল্লিক উভয়ে অধ্যক্ষ ও সম্পাদকের
ভার প্রাপ্ত হইয়া সাতিশয় উৎসাহসহ-
দ্বিতীয় বৎসরে পাঠশালাটির আরো
ক উন্নতি করেন। তৎপরে কোন কারণ
উল্লিখিত ব্যক্তিগণ স্ব স্ব পদ ত্যাগ
ত জোড়াসাঁকো নিবাসী শ্রীযুক্ত নন্দরাম
শ্রীযুক্ত মণিমাধব মুখোপাধ্যায় ও
গোষ্ঠবিহারী মল্লিক অধ্যক্ষ, সম্পাদক ও
রী সম্পাদকের কার্য্য গ্রহণ করিয়া এপ
সুচারুরূপে উহার কার্য্যসমাধা করিয়া
তেছেন। উহাঁরা পাঠশালাটির অনেক
অভাব দূর করিয়াছেন এবং বিদ্যা
করাইবার প্রণালীসকল এরূপ সুন্দর
প্রবর্ত্তিত করিয়াছেন যে, এক্ষণে পাঠশা-
ক একটি বিদ্যালয় বলিয়া গণনা করিলে
য় হয় না। এস্থানের অনেক সম্ভ্রান্ত ব্যক্তি
ধা পূর্ব্বে উত্তম বিদ্যালয় অভাবে বিস্তর
শিক্ষক নিযুক্ত করিয়া বালকদিগকে স্ব স্ব
অধ্যয়ন করাইতেন, তাঁহারা এই ক্ষণে
বদ্যালয়টিকে সন্নিকটে পাইয়া আপন
সন্তানদিগকে এই খানেই পাঠাইয়া
থাকেন। এখানে অনূন ৬০। ৭০ জন ছাত্র;
অধিকাংশই ভদ্রবংশীয়। প্রত্যেক বালককে
অবস্থাভেদে ॥০ ও।০ আনা করিয়া বেতন
দিতে হয় এবং কয়েকটি দুঃখী বালক বিনা
বেতনেও পাঠ করিয়া থাকে। দুই জন শিক
কের মধ্যে এক জন পণ্ডিত অর্থাৎ সংস্কৃতজ্ঞ
অপরটি নর্ম্মাল স্কুলের ছাত্র। বিদ্যাল
য়টি পাঁচ শ্রেণিতে বিভক্ত, প্রথম শ্রেণির বাল
দিগের ইতিহাস ও অঙ্কবিদ্যাদিতে ব্যুৎপত্তি
হইয়াছে এবং অধ্যক্ষ মহাশয় ও শিক্ষকদি
গকে যেরূপ যত্নবান দেখিতে পাওয়া যায়
তাহাতে বিলক্ষণ বোধ হইতেছে যে, আগামী
বৎসরে প্রথম শ্রেণির ছাত্রেরা বঙ্গালা ছাত্র
বৃত্তির পরীক্ষাদানে সমর্থ হইবে। সম্পাদক
মহাশয়ের সর্ব্বদা শারীরিক অসুস্থতাহেতু
কার্য্যব্যাঘাত হইবার আশঙ্কায় গত শ্রাবণ
মাসাবধি শ্রীযুক্ত উপেন্দ্রনাথ মল্লিককে দ্বিতীয়
সহকারী সম্পাদকপদে নিযুক্ত করা হইয়াছে
এবং তিনি বিশেষ যত্নের সহিত বিদ্যালয়ের
তত্ত্বাবধানে সর্ব্বদা ব্যগ্র থাকেন, পারিতোষিক
বিতরণ উপলক্ষে নিকটস্থ অনেক ভদ্রলোক
উপস্থিত ছিলেন এবং শ্রীযুক্ত বনমালী সেন
মহাশয় সভাপতির আসন গ্রহণ করিয়া স্বহস্তে
বালকদিগকে পারিতোষিক বিতরণ করেন।

১২৭৫
২২ পৌষ

শ্রীঃ—

—:০:—

মহাশয়! কতকগুলি সহৃদয় ব্যক্তির প্রভূত যত্নে যে বঙ্গভাষার এরূপ শ্রীবৃদ্ধি হইয়াছে বোধ হয় তাহা কাহারই অবিদিত নাই। ঐ সদাশয়েরা নানা ভাষার গ্রন্থ অনুবাদ এবং স্বীয় স্বীয় বুদ্ধির চালনাদ্বারা বহুতর পুস্তক নূতন প্রকাশ করিয়া বঙ্গীয়দিগের এবং বঙ্গভাষার অনেক অভাব পরিপূরণ করিয়াছেন। এমন কি, তাঁহারা যদি ঐরূপ যত্ন না করিতেন, বাঙ্গালাকে কখনই ভাষামধ্যে গণনা করা যাইত না। ইহাদের মধ্যে কেহ কেহ এরূপ কতগুলি পুস্তকপ্রচারে নিযুক্ত হইয়াছেন যাহা সম্পন্ন হওয়া বহুকালসাপেক্ষ; কিন্তু "মনুষ্য জীবন ক্ষণস্থায়ী এবং স্বদেশের হিত যখন যতটুকু পারা যায়, তাহাই সম্পন্ন করা ভাল" এই মহৎ বাক্যের বশবর্ত্তী হইয়া, ইহারা স্বাবলম্বিত বিষয়ের যখন যতটুকু পারিতেছেন, তাহাই জনসমাজে প্রচার করিতেছেন। ইহাতে ক্রমেই যে, সমাজের অনেক উপকার সাধিত হইবে, তাহাতে আর সন্দেহ কি? কিন্তু একটী বিষয়ে ইহাঁদের বিলক্ষণ ব্যতিক্রম দৃষ্ট হয়। ইহাঁরা প্রথমতঃ এক গ্রন্থের কয়েক ছেদ প্রচার করেন। পরে আর কয়েক অধ্যায় নূতন প্রচারসময়ে ঐ প্রথমবারের কয়েকটী ছেদ তাহার সঙ্গে করিয়া দেন। ইহাতে দুইটী বিষয়ে আমাদি অসুখিত হইতে হয়। যাঁহারা প্রথমে ক্রয় করেন, পরবারে নূতন কয়েক অধ্য জন্য তাঁহাদিগের প্রথম বারের পুস্তক পুনর্ব্বার ক্রয় করিতে হয়; কিন্তু উহা স পক্ষে সুখকর নহে। কারণ অনেকেরই সঙ্গতি নাই যে, তাঁহারা একরূপ পুস্তক বার ক্রয় করিতে পারেন।

এই প্রস্তাবের যথার্থতাপ্রতিপাদ টেলিমেকস এবং হুতোম পেঁচার নক্সা হইতে পারে। ঐ গ্রন্থ রচয়িতারা পরে দুই ভাগ কেন একত্র প্রচার করুন না তাহাতে রই আপত্তি নাই; কিন্তু তাঁহারা প্রথম বা গুলি গ্রন্থের যে অংশ প্রকাশিত করেন প প্রচারের সময়ে ততগুলি গ্রন্থের সেই পরিত্যাগ করিয়া প্রচারিত করিলেই হয়। এই বিষয়ে উক্ত মহাশয়েরা দৃ করেন ইহাই আমাদিগের একান্ত অভিলা

জেলা রাজসাহী
১৮ ই পৌষ
১২৭৫

বশম্বদ
শ্রীহরকুমার সরকা

——:০:——

সম্পাদক মহাশয়! আমরা সামান্য সন্তান। আমরা অসহায় দরিদ্র ও বি বিদ্যালোক বিরহিত। আমরা দুর্ভাগ আমাদিগের রাজপ্রতিনিধির রাজভবন গবর্ণমেণ্ট হাউসের উত্তরাংশে ৭।৮ মাত্র অন্তরে অবস্থিত হইয়াও বোধ হয় কোন নৃশংস হৃদয় অনাচারী পূর্ব্বতন মান শাসনকারী অপেক্ষা ভয়ানক নিষ্ঠুর ধিকারভুক্ত হইয়া অশ্রুবিসর্জ্জন করিয়া তিপাত করিতেছি। সম্পাদক মহাশয়, কি যে (জাল) কৃত্রিম লেখা পড়ার আমাদিগের রাজ্ঞী বহুতর পরিশ্রমসহিত স্তর প্রেরণ দণ্ডবিধান করিয়াছেন দুরূহ ব্যাপার অহরহঃ আমাদিগের প্রবর্ত্তিত হইতেছে।। আমরা সামান্য আমাদের অবস্থা মহাশয়ের দূরদর্শী অলক্ষিত নহে। আজি আমাদের ধান্য হইয়া বাকী লুট কেসাৎ হইয়া গেল;

...ধারের কৃষিজীবি নিরক্ষর কৃষকগণ প্রভৃত ...ইয়া গেল। আজি আমাদের মনে মিথ্যা ...র্জ্জের মত প্রতীত হইল। আজি শুনিলাম ...মন আসিয়াছে। আজি শুনিলাম ডিক্রি-...রি হইয়াছে। কয়েকপরেই আমারদিগের বাটী ...এই সূত্র ভয় দুটির) ছাড়া হইতে হইল !!! ...সম্পাদক মহাশয়! আমরা দীন হীন আমাদের ...কল দিকেই বিপদ। ইহার কি উপায়ান্তর ...াই? আমরা নিতান্ত দুঃখী আমারদের অর্থ নাই, ...লাকবল নাই, ভরসাও নাই, তবে দেখিতেছি ...ব মহাশয় একমাত্র ভরসাস্বরূপ। আপনি এ ...সহায়দলের প্রতি কৃপা করিয়া যদি সময়ে সময়ে ...লখনী ধারণ করেন, তাহা হইলেই আমাদিগের ...কিঞ্চিৎ উপায় হইতে পারে। আপনার চরণে ...আমরা শরণাপন্ন হইলাম। আমাদের এই গ্রাম ২৪ গরগণার অন্তর্গত আলিপুর আদালতের ...দীনস্থ। ইহার নাম বাসুদেবপুর, পূর্ব্ব বাঙ্গলা ...রলওয়ের বেলঘরিয়া ষ্টেসনের নিম্ন উত্তর ...পার্শ্বে। আমরা মূখ, অধিক আর কি লিখিব। ...ারান্তরে সময়ে সময়ে মহাশয়কে সমস্ত অন্নে ...মন্নে জানাইব ও সাক্ষাৎ করিব। এক্ষণে আপ ...ার অনুগ্রহের উপর নির্ভর করিয়া (শীতকা-...লের বেলা) আমরা মাঠের দিকে চলিলাম।

বাসুদেবপুর
১৮ ই পৌষ
১২৭৫

শ্রীহরিদাস মণ্ডল, মহেন্দ্রনাথ ঘোষ, মণীমচন্দ্র মণ্ডল, ভূত নাথ পাল, শ্রীরাম মণ্ডল ভূতনাথ ঘোষ ইং

—:০:—

সর্ব্বসাধারণকে শিক্ষাপ্রদান করা উচিত ...ক না, এই বিষয় লইয়া আজি কালি যেরূপ ...গোলযোগ হইতেছে, বোধ করি অন্য কোন ...বিষয় লইয়া তাদৃশ হইতেছে না। কেহ কেহ ...বলেন, আপামর সাধারণকে শিক্ষিত করা নিতান্ত আবশ্যক। কেহ কেহ বলেন, তাহা ...হে, কারণ বর্ত্তমান কালে ভারতবর্ষের যেরূপ অবস্থা তাহাতে উচ্চ ও মধ্যম শ্রেণিস্থ লোকেরা বিদ্যাধ্যয়ন করিয়া স্ব স্ব জাতীয় ব্যবসায় পরিত্যাগ করাতেই জীবনোপায়ের নিমিত্ত অতি ...য় কষ্ট পাইতেছেন। ইহার উপরে আবার নিম্নশ্রেণিস্থ লোকদিগকে শিক্ষিত করিলে তাহারাও যদি উক্ত শ্রেণিদ্বয়স্থ লোকদিগের অনুকরণ করিয়া স্ব স্ব জাতীয় ব্যবসায়সকল (কৃষিকার্য্যপ্রভৃতি) পরিত্যাগ করে, তাহা হইলে দেশের ঘোরতর অনিষ্ট হইবে। তাঁহারা আরও বলেন যে, বিদ্যা শিক্ষা করিলে মনুষ্যের স্বতঃ সুখস্পৃহা জন্মে। অতএব নিম্নশ্রেণির লোকেরা বিদ্যালোকসম্পন্ন হইবে তাহাদেরও স্বভাবতঃ সুখস্পৃহা জন্মিবে। সুতরাং তখন তাহারা আর যে লাঙ্গল মস্তকে করিয়া চৈত্র মাসের প্রচণ্ড রৌদ্রে ও শ্রাবণ মাসের মুষলধার বৃষ্টিতে কৃষিকার্য্য করিতে অগ্রসর হইবে ইহা বিশ্বাস হয় না। মনোরঞ্জন অথবা বিদ্যাবিক্রয় প্রধান উদ্দেশ্য, এই সংস্কার যে দেশে বদ্ধমূল হইয়াছে, সেখানকার লোকেরা যে এরূপ মনিবেন, ইহা বড় আশ্চর্য্যের বিষয় নহে। তাঁহাদিগের ঐরূপ সংস্কার যত দিন থাকিবে, তত দিন বিদ্যাশিক্ষার প্রকৃত ফল তাঁহাদিগের হৃদয়ঙ্গম করিয়া দেওয়াও সহজ ব্যাপার নহে। যাঁহারা সাধারণকে শিক্ষিত করা একান্ত আবশ্যক বলিয়া থাকেন, তাঁহাদিগের মধ্যেও ভিন্ন ভিন্ন মত হইয়াছে। তাঁহারা যদিও বিদ্যাশিক্ষাবিষয়ে একমত হইয়াছেন বটে, কিন্তু কিরূপ প্রণালী অবলম্বন করিলে নির্ব্বিঘ্নে সর্ব্বসাধারণের বিদ্যাশিক্ষা হয় তাহা স্থির করিতে পারেন নাই। কেহ কেহ বলেন, গবর্ণমেণ্টের সাহায্যদানপ্রণালী বঙ্গদেশে প্রচলিত থাকাতে লোকে স্বেচ্ছাপূর্ব্বক বিদ্যালোচনায় যত্নবান হইয়াছে এবং উহা দ্বারা এ দেশে পূর্ব্বাপেক্ষা অধিক পরিমাণে বিদ্যালোচনার বৃদ্ধি হইয়াছে। অতএব সেই প্রণালীকেই উত্তম রূপ সংস্কার করিলে ক্রমশঃ তদ্দ্বারাই অভিপ্রেত ফল লাভ হইবে। ইহার প্রমাণস্বরূপ তাঁহারা পশ্চিমাঞ্চলের বলপূর্ব্বক শিক্ষাদান প্রণালীর প্রতিবাদ করিয়া কহেন যে, সে দেশে বলপ্রকাশ ও তাড়নাদ্বারা এক বিংশতি বৎসরে যাহা হইয়াছে, বঙ্গদেশে পূর্ব্বোক্ত প্রণালীতে ১১ একাদশ বৎসরে তাহা অপেক্ষা চতুর্গুণ অধিক ফললাভ হইয়াছে। আবার কেহ কেহ বলেন, যে ভারতবর্ষে বিদ্যাশিক্ষাবিষয়ে যেরূপ অনুৎসাহিতা তাহাতে বর্ত্তমান প্রণালীর উপর এক কালে নির্ভর করিলে শত বৎসরেও উত্তমরূপ প্রচলিত হওয়া দুঃসাধ্য। তাঁহাদিগের মতে বলপূর্ব্বক শিক্ষাদানপ্রণালী অবলম্বন করাই শ্রেয়ঃ। তাঁহারা এরূপ একটি কঠিন নিয়ম প্রবর্ত্তিত করিতে চাহেন যে যদি কোন নিম্নশ্রেণীস্থ ব্যক্তি আপনার সন্তানগণকে অধ্যয়ন করিতে না পাঠায়, তাহা হইলে তাহাকে দণ্ডনীয় হইতে হইবে। কেহ কেহ ইহাও বলেন, যে নিম্নশ্রেণীস্থ লোকদিগকে শিক্ষা দিবার জন্য যতই কর না কেন, তাহারা কখনই আপনাদিগের সন্তানবর্গকে বিদ্যাধ্যয়নে পাঠাইবে না। এই বাক্যের সমর্থন আমরা করিতে পারি না, কারণ তাহা হইলে প্রত্যক্ষের অপলাপ করা হয়। আমরা প্রত্যক্ষ দেখিতেছি যে শ্রেণির লোকদিগের মধ্যে যাহাদের ...অবস্থা ভাল, তাহারা আপনার সন্তান ...বিদ্যাভ্যাস করাইবার নিমিত্ত অবিশেষ য... হইয়া থাকে। যাহা হউক, বলপূর্ব্বক শি... প্রণালী যদিও প্রজাতন্ত্র স্বাধীন রাজ... বিরুদ্ধ, তথাপি যে দেশে বিদ্যাবিষয়ে ...দের ঔদাসিন্য দৃষ্ট হয়, সেখানে ঐরূপ ... অবলম্বন করাই অনেকাংশে যুক্তিসঙ্গত ...হয়। কিন্তু আক্ষেপের বিষয় এই যে, ... ঐরূপ মত দিয়াছেন, তাঁহারা উক্ত ...ব্যয়ের নিমিত্ত কিছুই স্থির করিতে ... নাই। সে ব্যয় কোথা হইতে হইবে এবং ...স্কন্ধে পতিত হইবে, তাহার কিছুই মী... এ পর্য্যন্ত করা হয় নাই। রাজপুরুষদিগের সমুদায় ব্যয় জমীদারদিগের স্কন্ধে পতিত উচিত এবং তজ্জন্য তাঁহারা প্রস্তাব করি... যে, ভূমিসংক্রান্ত করের উপর শতকরা ... টাকা করবৃদ্ধি করিলে সমস্ত ব্যয় নির্ব্বাহ ... অতি অল্প দিবস হইল, কোন এতদ্দেশীয় ব্যক্তি বলিয়াছেন যে বঙ্গদেশে নিম্ন... লোকদিগকে শিক্ষিত করিবার জন্য যে ৬... টাকা বাৎসরিক ব্যয় আবশ্যক তাহার ... ৩৮ লক্ষ টাকা জমীদারদিগের ও ২২ লক্ষ ... রাজার স্কন্ধে নিক্ষেপ করা বিধেয়। তিনি ...রূপ কল্পনা করাতে রাজা ও জমীদার উভ... প্রশংসার ভাজন হইবেন, সন্দেহ নাই, ... কথা হইতেছে এই উভয় পক্ষ তাঁহা... দেয় অংশ কোথা হইতে দিবেন? রাজ... স্বীয় কোষ হইতে এবং জ... গণ কি তাঁহারদিগের সঞ্চিত ধন হইতে ... দিবেন? যদি তাহা হয়, তবে ঐ উ... বিশেষতঃ প্রস্তাবকারী মহাশয়কে আমরা ...শত ধন্যবাদ প্রদান করি, কিন্তু বস্তুতঃ ... হইবার নহে। যিনি যাহা বলুন ও যত ... করুন, অবশেষে সমস্ত ভারই সেই দীন ... গৃহহীন নিম্নশ্রেণিস্থ হতভাগ্যদিগের মস্ত... নিক্ষিপ্ত হইবে তাহার আর কিঞ্চিন্মাত্র ... নাই। অতএব সর্ব্বাগ্রে ব্যয়োপযোগী অ... য়ের সদুপায় নির্দ্ধারণ করিয়া পরিশেষে ... শ্রেণিস্থ লোকদিগের শিক্ষাদানবিষয়ে হ... করা বিধেয়।

২৪ এ পৌষ
১২৭৫

শ্রী:—

———

মহাশয়! আপনকার ১৬ই অগ্র... সোমপ্রকাশে হিন্দু জাতির স্ত্রী পুরুষের

প্রতি পরস্পরের ভাব ও ব্যবহারবিষয়ক
ী শ্লোক পাঠ করিয়া যার পর নাই
দিত হইলাম। শ্লোকগুলি স্ত্রী পুরুষের
র সম্বন্ধ, অকপট প্রণয় এবং আন্তরিক
ত্যাদির বিলক্ষণ পরিচয় দিয়াছে। পূর্ব্ব
হিন্দু জাতির মধ্যে যে ঐরূপ বিশুদ্ধ
প্রণয় ছিল, তদ্বিষয়ে অণুমাত্র সন্দেহ
আর আপনি উপসংহারকালে বলি-
যে ইদানীন্তন কালে সুরাপান ও লাম্প
দোষের প্রাদুর্ভাব হওয়াতে উপরিউক্ত
বহু ব্যতিক্রম ঘটিয়াছে; ইহাও
করি। কিন্তু মহাশয় কি বিবেচনা করেন
খানে সুরাপান ও লাম্পট্যাদি দোষ নাই,
স্ত্রী পুরুষের অকৃত্রিম প্রণয় ও সরলতা
ই আছে ? আর স্ত্রী পুরুষ উভয়ের
চরিত্র হইলেই কি বিমল প্রণয় হয় ?
বলি তাহা নহে। উভয়ের ধর্ম্মপ্রবৃত্তি
ত্তি ও স্বভাব ইত্যাদির সম্পূর্ণ না হউক
ংশে একতা না হইলে এবং পরস্পরের
রস্পরের প্রথম হইতেই স্নেহ করিবার
া জন্মাইলে কখনই যথার্থ প্রণয় হয় না।
গের সমাজের বর্ত্তমান অবস্থার সহিত
অবস্থার তুলনা করিতে গেলে অনে-
পরিবর্ত্ত লক্ষিত হয়। পুরাকালে স্ত্রীজা-
পুরুষের ন্যায় সুশিক্ষা প্রাপ্ত হইতেন এবং
গের অনেকাংশে স্বাধীনতা ছিল; বিশে
তৎকালে বিবাহবিষয়ে পিতা মাতার
আধিপত্য ছিল না। যেমন অমুক পুরুষ
পন মনোমত রূপগুণসম্পন্না পাত্রী
ন করিয়া মনোনীত করিতেন, সেইরূপ
কামিনীগণও আপন ইচ্ছামত পতি
ত করিতেন এবং পরস্পরের মন পর-
নুযুক্ত হইলে পিতা মাতা বা আত্মীয়
াহাদের পরিণয়কার্য্য সম্পন্ন হইত। পরি
পদার্থ এতৎ স্বামী ও সহধর্ম্মিণী শব্দের
র, ইহা তাহাদিগের বিলক্ষণ হৃদয়ঙ্গম
সন্দেহ নাই। এস্থলে উভয়ের প্রকৃত
না হইবে কেন? অধুনা উপরিউক্ত
য়ের বিপরীত ভাব দেখা যাইতেছে।
তির মধ্যে শিক্ষা প্রায়ই নাই, বিবাহের
ত কথাই নাই। পিতা মাতার হস্তে কন্যা
বিবাহ ভার সম্পূর্ণ নিপতিত রহিয়াছে।
অশীতিবর্ষীয় পাত্রের সহিত
বালিকা কন্যার পরিণয়সম্বন্ধ স্থির
ছেন এবং পাত্র সদ্বংশসম্ভূত বলিয়া
কৃতার্থ জ্ঞান করিতেছেন। কেহবা
বয়স্থা রূপগুণসম্পন্না কন্যার সহিত একটী
শিশুর বিবাহ দিয়া নিজ কুলের গৌরববৃদ্ধি
করিতেছেন। কোন কোন বিদ্যাবান সচ্চরিত্র
সুরূপসম্পন্ন যুবা সামাজিক রীত্যনুরোধে
কুৎসিতা নিগুণা রমণীর পাণিগ্রহণ করিতে
বাধ্য হইতেছেন। হয় ত কোন বালক শ্বশুর সহ
কারে বিদ্যাধ্যয়ন করিতেছেন; বয়ঃক্রম পরিণত
হইলে "মনের মত" স্ত্রী দেখিয়া বিবাহ করি
বেন কল্পনা করিয়া রাখিয়াছেন। ও দিকে সহসা
তাঁহার পিতা বিবাহের সম্বন্ধ স্থির করিলেন;
বালক সম্পূর্ণ অনিচ্ছাসত্ত্বেও পিতার অনুরোধ
লঙ্ঘন করিতে পারিলেন না, দেশের ব্যবহারা-
নুসারে এবং স্বাভাবিক লজ্জাবশতঃ ভাবী স্ত্রীর
বয়ঃক্রম আকৃতি এবং লেখা পড়াপ্রভৃতির
বিষয় কাহাকেও কিছু জিজ্ঞাসা করিতে পারি
লেন না। মনে ভাবিলেন, পিতা কখন মন্দ
পাত্রীর সহিত বিবাহ দিবেন না। পরে শুভ
দৃষ্টির সময়ে যেমন ব্যগ্রতাসহকারে প্রণয়িনীর
প্রতি দৃষ্টিপাত করিলেন, অমনি এক কদাকার
ভীষণ মূর্ত্তি তাঁহার নয়নপথে পতিত হইল।
পাত্রের হৃৎ কম্প হইতে লাগিল এবং বাসর
গৃহকে যমালয় বিবেচনা হইতে লাগিল। সম্পা
দক মহাশয়! আমাদিগের হিন্দু জাতির মধ্যে
এই রূপ বিবাহই বিস্তর হইতেছে, এমন কি,
পুরা কালের ন্যায় আর একটী বিবাহ
ক্রিয়াও সম্পন্ন হইতে দেখা যায় না; সুতরাং
এক্ষণে যাথার্থ দাম্পত্য প্রণয় অতি বিরল।
এতদ্দ্বারা আমার এরূপ বলা হইতেছে না যে,
অধুনা হিন্দু জাতির মধ্যে স্ত্রী পুরুষের পবিত্র
প্রণয় ও সরলতা নাই। ফলতঃ আমাদিগের
বর্ত্তমান বিবাহবিধি যে অনেক সচ্চরিত্র
ব্যক্তিকে ও অনেক সুশীলা রমণীকে ইহকালের
পরম সুখদায়ক দাম্পত্য প্রণয় হইতে বঞ্চিত
করিতেছে এবং সমুদয় জীবন ক্লেশময় করি
তেছে, তাহাতে অণুমাত্র সন্দেহ নাই।

মেদিনীপুর
১৮ ই পৌষ

কস্যচিৎ
পাঠকস্য

—:*:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্তবাবু দীননাথ বড়ুয়া		তেজপুর
১৮৬৯ জানুয়ারি হইতে জুন		৭
" " মহেন্দ্রনাথ বসু		বড়
১৮৬৯ জানুয়ারি হইতে ডিসেম্বর		১৩
" " ব্রজনাথ রায়		জব্বলপুর
১৮৬৮ ডিসেম্বর হইতে ৬৯ মে		৭
" " হরকুমার সরকার		রামপুরবোয়ালিয়া
১৮৬৯ জানুয়ারি হইতে ডিসেম্বর		
" " কৈলাসচন্দ্রশর্ম্মা		দেহড়দা
" " শশিভূষণ সাহা		হাটখোলা

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৷৷০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। ছুটি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ ব যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রের বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপং আনা তাহার পর /১০ আনা দিতে হ যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতা বহিঃ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাত প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১ শ ভাগ। ১০ সংখ্যা।

" প্রবর্ত্ততাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং। "

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ৬ ই মাঘ। ১৮৬৯। ১৮ই জানুয়ারি { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে।

খাদ্য শস্য, আটা ও ময়দার
ভাড়া কমাইবার বিষয়।

আগামী ১৩ ই জানুয়ারি এবং তদবধি
শস্য, আটা ও ময়দা অন্যূন একমণ যত
উক, তাহার বিশেষ ভাড়া প্রতি মাইলে
ক মণে এক পাইয়ের অষ্টমাংশ হইবে।
ভাগলপুরের নিম্নের কোন ষ্টেসন হইতে
লপুরে বা তদূর্দ্ধে হউক, অথবা ভাগলপুর
হার ঊর্দ্ধতনস্থ কোন ষ্টেসন হইতে অধি
ঊর্দ্ধে হউক এবং দিল্লীও জবলপুরে
শস্যের যে গমনাগমন হউক তাহাতেও
নিয়ম খাটিবে।

নি পূর্ব্বে রহিত করা না হয়, এই নিয়ম
মাঘ পর্য্যন্ত চলিবে।

ড অব এজেন্সি
ইণ্ডিয়া রেলওয়ে
লহাউসী স্কোয়ার
লকাতা ১৮৬৮
ডিসেম্বর। } সিসিল বিডেকন্স

} বোর্ড অব এজেন্সি

—:•:—

নিঅডার ছাপ্তির নকল লইবার, টাকা
ত বা অন্য স্থানে পাইবার, অথবা অচলিত
পুনশ্চ চলিত বা নাম পরিবর্ত্তন করি
জন্য মণিঅডার আপিসের কর্ম্মাধ্যক্ষের
দরখাস্ত করিতে হইলে ইতিপূর্ব্বে এই
ছিল যে, এক দরখাস্তে উপরি উক্ত যত
য়র প্রার্থনা করা হউক না কেন কেবল
াত্র বাঁটা লওয়া হইত। এক্ষণে এই
াপন করা যাইতেছে যে, ভবিষ্যতে উপরি
এক একটি বিষয়ের পৃথক পৃথক বাঁটা
া যাইবেক।

শ্রীপ্রসন্নকুমার দাস দেব
এজেন্ট মনিঅডার আপিস
কলিকাতা—

হরিনাভি ইং সং বিদ্যালয়ে ১৮৬৯ অব্দের প্রবেশিকা পরীক্ষার্থীদিগের পাঠনার্থ একটী শ্রেণী করা হইবে। যাঁহারা উহাতে প্রবিষ্ট হইয়া অধ্যয়নের বাসনা করেন, তাঁহারা ১৫ ই জানুয়ারির মধ্যে প্রধান শিক্ষকের নিকটে নিম্নমাক্ষি অবগত হইবেন।

৩০ ডিসেম্বর
১৮৬৮ } শ্রীদ্বারকানাথ শর্ম্মা
হরিনাভি বিদ্যালয়ের
অধ্যক্ষ।

—:•:—

মৎপ্রণীত চিত্তবিনোদ কাব্য ১ ম খণ্ড। অতি সুললিত অমিত্রাক্ষরে রূপকচ্ছলে ইহাতে ভারতবর্ষের বর্ত্তমানাবস্থা বর্ণিত হইয়াছে। গ্রাহকেচ্ছুক মহাশয়েরা বর্ত্তমান বড়বাজারে অধর লাল শাহার পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইবেন।

শ্রীঈশানচন্দ্র বসু।

—:::—

চিকিৎসাপ্রকরণ এবং চিকিৎসাতত্ত্ব
অর্থাৎ
প্রিন্সিপলস্ এবং প্রাকটীস, অব
মেডিসিনের

প্রথম খণ্ড ৮ পেজি ফরমার ৭৬৮ পৃষ্ঠা উত্তম বাঁধা, শ্রীযুক্ত বাবু গঙ্গাপ্রসাদ মুখোপাধ্যায় বি, এ, এম, ডি, কর্ত্তৃক সংগৃহীত হইয়া প্রকাশিত হইয়াছে।

প্রথম খণ্ডের বর্ণিত বিষয় (১) সাধারণ নিদানতত্ত্ব (২) অন্তরুৎসেক্য পীড়াসমূহ। (৩) দৈহিক পীড়াসমূহ (৪) স্নায়ুমণ্ডলের পীড়াসমূহ।

মূল্য ১০ টাকা, ডাকমাসুলসহিত ১০॥০ কলিকাতা লালবাজার হিন্দু হষ্টেল ২১৩ নং বাটীতে শ্রীযুক্ত বাবু গুরুদাস চট্টোপাধ্যায়ের নিকট পাওয়া যাইবে।

—:০:—

বাল্মীকি রামায়ণ
তৃতীয় খণ্ড

এই পুস্তক প্রথমাবধি প্রকাশ হইতে
ইহাতে নাগরাক্ষরে মূল ও টীকা এবং সর্ব্বা
বাঙ্গলা অনুবাদ আছে। যাঁহার আব
হইবে, তিনি কলিকাতা ব্রাহ্মসমাজে অ
নামে পত্র লিখিবেন। প্রত্যেক খণ্ডের
ফরমার) মূল্য ॥০ আনা। বিদেশীয় এ
দিগকে ৵০ আনা মাসুল দিতে হইবে।

কলিকাতা
ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য

মজাপুর মেডিকেল হল

১। এতদ্দ্বারা আমাদিগের ঔষধক্রয়ক
সুহৃদ, সহকারী ও সর্ব্বসাধারণকে জ্ঞাত
যাইতেছে যে, দ্বিতীয় ত্রৈমাসিক হা
সম্বন্ধে অর্ণবপোত " ষ্টার অব স্কোসীয়া, ও
উইক, ব্রিটিস প্রীন্স " দ্বারা দশ সহস্র
মূল্যের ঔষধ পূর্ব্ব প্রাপ্ত হওয়া গিয়
এতদ্ভিন্ন সম্প্রতি আমরা বিলাত
ইং সন ১৮৬৮ সালের শেষ ত্রৈমাসিক হা
সম্বন্ধে " ব্রিটিশ ফলাগ, কিং আর্থর
বারুস ও নামক অর্ণবপোতত্রয়দ্বারা ৮৩
ইউরোপীয় ঔষধ প্রাপ্ত হইয়াছি। এই
ঔষধ ন্যূনাধিক সাত সহস্র টাকা মূল্যে
করা হইয়াছে।

২। আগামী বর্ষের প্রথম ত্রৈমাসিক হা
উপলক্ষে চিকিৎসোপযোগী অস্ত্র ও
প্রস্তুতকরণের ও ঔষধবিক্রয়করণের নাম
সামগ্রী ও সজ্জা ও বিবিধ ভৈষ
ইং সন ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসে বি
হইতে পৌঁছিবে।

৩। আমরা অধিক পরিমাণে ও
উভয়রূপে ঔষধ বিক্রয় করিয়া থাকি।

। এই সমস্ত দ্রব্যাদির আসল বিলাতি
ও অন্যান্য দলীল কেহ দেখিতে ইচ্ছুক
আমহার্ষ্ট ষ্ট্রীটে ৩৫ সংখ্যক প্রধান ঔষ-
শ্রীযুক্ত বাবু গোপীনাথ দের নিকট কিম্বা
াজার ষ্ট্রীটে ৫৫ সংখ্যক ভবনে ব্রাঞ্চ
লয়ের ম্যানেজর শ্রীযুক্ত বাবু নন্দগো-
হালদারের নিকট দেখিতে পাইবেন

কাতা · } বন্দ্যোপাধ্যায় এবং কোং
ডিসেম্বর
সন ১৮৬৮

—:০:০:—

যৌবনোদ্যান।
ও অন্যান্য কবিতাবলী।

শ্রীরাজকৃষ্ণ মুখোপাধ্যায় এম, এ, বি, এল
ত। মূল্য ।৶০ ছয় আনা। ১৭৬ নং
য়ালিস ষ্ট্রীট সংস্কৃত পুস্তকালয়ে পাওয়া

শ্রীরাজকৃষ্ণমুখোপাধ্যায়।

—:০:—

র্দ্দাসিতের বিলাপ মুদ্রিত হইয়া প্রকাশিত
ছে। পুস্তকের কলেবর ৮ পেজী ফরমার
রমা অর্থাৎ ২১২ পৃষ্ঠা। মূল্য ৸০ আনা
র আবশ্যক হয়, ঠনঠনিয়া সংস্কৃত যন্ত্রের
লয়ে অথবা পটোলডাঙ্গা বাকুর্য্যে ব্রাদার
কার পুস্তকালয়ে অনুসন্ধান করিলেই
বন ইতি।

৫ সাল
অগ্রহায়ণ } শ্রীশিবনাথ ভট্টাচার্য,
ত কলেজ

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
র বাকুর্য্যে ব্রাদার কোম্পানির দোকানে
ীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
র হইতেছে:—

প্রণীত	মূল্য	
গ্রীসইতিহাস	১	টাকা
রোমইতিহাস	১	ঐ
ভূধরসার ব্যাকরণ	।৶	আনা
নীতিসার (১ ম ভাগ)	৶	ঐ
নীতিসার (২ য় ভাগ)	৶	ঐ

প্রচারিত।

মুগ্ধবোধ ব্যাকরণ	৸	ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গালা পুস্তক কাগজ কলম মসী বিবিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে ৵০ এক আনার হিসাবে কমিসন দি। অধিক টাকার পুস্তক লইলে ৵১০ আনার হিসাবে পাইবেন।

শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয়প্রণীত গদ্য ১৮ পর্ব্ব মহাভারত ১৭ খণ্ড ৩ ভাগে উত্তম সংযত করা ৬০

লণ্ডন ফারমা কোপিয়া অর্থাৎ ঔষধ কল্পাবলি ২৷৷০

মহম্মদের জীবনচরিত উত্তম রঞ্জিত ১

হরুঠাকুরপ্রভৃতি প্রাচীন কবিওয়ালাদিগের গীতসংগ্রহ ১

শারীরিক স্বাস্থ্যবিধান ১

প্রণয়প্রবাহ উৎকৃষ্ট কাব্য ১০

আশু সন্দিগ্ধদায়িনী ১৷৷

প্রথম তরঙ্গিণী ১

যদুনাথ ঘোষকৃত সংগীতমনোরঞ্জন ২

লয়লামজনু কাব্য কবিবর দ্বারকানাথ রায় প্রণীত ১

রাসরসামৃত সংস্কৃত ও পদ্য ৷৷

গীতগোবিন্দ জয়দেব গোস্বামিপ্রণীত মূল ও যদুনাথ ন্যায়পঞ্চাননকৃত গদ্য ১৷০

কৌতুক তরঙ্গিণী ইংরাজি কেমেষ্ট্রি হইতে বিবিধ আশ্চর্য্যজনক বিদ্যা দর্শন হয় ১৵

প্রতিমূর্ত্তি সহিত ১২৭৬ সালের মূল পঞ্জিকা ৷৷

ঐ হাফ পঞ্জিকা ।০

দুর্গামঙ্গল পদ্য ১

কমলতারিণী ৷৷

সটীক চণ্ডী মূল ও অনুবাদ সহিত ৫

চরিতমঞ্জরী ইহাতে মিউটীনির বিষয় বিশেষরূপে বর্ণিত হইয়াছে ১০

ইংরাজি ১৮৬৯ সালের এষ্ট্রাল্সের কী ১৷৷৵

কুমারীকুমার পদ্য আদিরসপ্রধান কাব্য ১

স্বপ্নের মোহিনী শক্তি ।৵

গবেশচন্দ্র শর্ম্মকৃত বাঙ্গলা এটলাস উত্তম কাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত ৩

বিধবাবিবাহ নাটক ১

কামিনীকুমার রসরত্নাকরান্তর্গত নায়ক নায়িকাঘটিত সুরস কাব্য ৸০

মণিকুণ্ডলা কাব্য প্যারীমোহন বন্দ্যোপাধ্যায়প্রণীত দুর্গেশনন্দিনীর মত লেখা ১

ঔষধসিন্ধু লহরী ২৷৷০

ভূচিত্রাবলি ৩২খানি বাঙ্গালা সহিত

সটীক চৈতন্যচরিতামৃতগ্রন্থ

কাদম্বিনী নাটক আইনসংযুক্ত এ একত্রে

উদাহরণ পদ্য

হিতোপদেশ বিষ্ণুশর্ম্মার সংগৃহীত

কলিকাতা জোড়া- } শ্রীপ্রতাপচ
সাঁকো ৬৪ নং } মগদ বিক্রে

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদও টীকা সমেত প্রত্যেক
৮০ পৃষ্ঠা (অগ্রিমমূল্য) ৷৷০।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মূ
আমহর্ষ্টষ্ট্রীট ৬৪।১ নং ভবনে কাব্য
যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত বিদ্য
শ্রীযুক্ত জগমোহন তর্কালঙ্কারের নামে
খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন।
না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠ
নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন ষ্ট্রীট ২৪ নং বাটী ও লাগ্ন
১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহা
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নি
রিত ব্যক্তির নিকট জানাইবেন।

সিলেক্টিং আরবে
খন্ট এবং কে

—:০:—

ঊনচত্বারিংশ সাংবৎসরিক ব্রাহ্মসমাজ।

আগামী ১১ই মাঘ শনিবার ঊনচত্ব
সাংবৎসরিক ব্রাহ্মসমাজ হইবে।

১লা মাঘ অবধি ১০ ই মাঘ পর্য্যন্ত
ভিন্ন প্রতিদিবস ব্রাহ্মসমাজ-গৃহে
৭ ঘণ্টার সময়ে ব্রাহ্মধর্ম্ম গ্রন্থের পাঠ ও
হইবে।

১১ই মাঘ শনিবার প্রাতঃকালে ৮
সময়ে ব্রাহ্মসমাজ-গৃহে এবং সায়ং
৭ ঘণ্টার সময়ে শ্রীযুক্ত প্রধান আচার্য্য
য়ের ভবনে ব্রহ্মোপাসনা হইবে।

আদি ব্রাহ্মসমাজ } শ্রীদ্বিজেন্দ্রনাথ
কলিকাতা ১৭৯০ } সম্পা

াকবি শ্রীকালিদাস প্রণীত সংস্কৃত কুমার
লিনাথের টীকার সহিত মুদ্রিত হইয়াছে
লিনাথের টীকায় যেসকল দুরূহ পদের
উপেক্ষিত হইয়াছে, তাহা, পাঠকবর্গের
র নিমিত্ত, পত্রের শেষে অতিরিক্ত টীকা
প্রদত্ত হইয়াছে। পদ ও পদের অর্থ সন্নি-
পরস্পর বিলক্ষণ থাকিলে অনায়াসে অর্থ
ব্যাঘাত হয়, এ জন্য টীকাধৃত পদ সক
ন্ধি বিশ্লেষ করা হইয়াছে। পুস্তকের দ্বিত্ব
মুদ্রিত হইলে কতিপয় প্রসিদ্ধ অধ্যাপককে
ত দেওয়া হইয়াছিল, তাঁহারা দেখিয়া
প্রদর্শন করিয়াছেন এবং সোমপ্রকাশে
রূপে সংশুদ্ধ হইয়াছে বলিয়া, তাঁহার
া করা হইয়াছে।
ই পুস্তক যাঁহার আবশ্যক হইবে তিনি
ত যত্নে অনুসন্ধান করিলে অথবা আমা
পত্র লিখিলে পাইতে পারিবেন। ইহার
দুই টাকা।
াদের সহিত প্রকাশ করিতেছি, প্রেসি
কালেজের সংস্কৃত শাস্ত্রের সুবিজ্ঞ অধ্যা
এই পুস্তক আপনাদিগের ছাত্রবর্গে
বলিয়া মনোনীত করিয়াছেন। এক্ষণে
ইরূপে সর্ব্বত্র পরিগৃহীত হইলে আমি
ফল জ্ঞান করিব।

কলিকাতা
স্কৃত যন্ত্র
এ পৌষ
১৭৫
} শ্রীক্ষেত্রমোহন মুখোপাধ্যায়

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৯ সালের জানুয়ারি মাসের
১লা হইতে ৭ই পর্য্যন্ত ভাগীরথী
নদীর সর্ব্বকমতি জলের
সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকমতি জল ফুট	ইঞ্চি
মহানার সহিত পদ্মানদীর যোগের স্থান	১	৯
মহানায়	৮	”
তথা হইতে জলিপুর ১৩॥ মাইল মধ্যে	১	৬
জলিপুর হইতে বহরমপুর ৪৬ মাইলের মধ্যে	২	”
বহরমপুর হইতে কাটোয়া ৪০ মাইলের মধ্যে	২	”
কাটোয়া হইতে নদীয়া ৪৬ মাইল মধ্যে	২	”

সন ১৮৬৯ সালের ১১ জানুয়ারি বহরম
পুর গঞ্জঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
গঞ্জের উপর		৭

বহরমপুর
১১ই জানুয়ারি
১৮৬৯।
} শ্রীযুক্ত সি ই, উইক
একজিকিউটিব ইঞ্জিনিয়র
বহরমপুর ডিবিজন।

—:০:—

বিজ্ঞাপন।

২৪ পরগণার অন্তঃপাতী কোদালিয়ায় যে গবর্ণমেণ্ট সাহায্যকৃত বাঙ্গালা পাঠশালা ছিল, তাহা উঠিয়া হরিনাভি ইং সং বিদ্যালয়ের মধ্যে আসিয়াছে। যাঁহারা স্ব স্ব সন্তানাদিকে তথায় পড়াইবার বাসনা করেন, তাঁহারা ইং সং বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকটে উপস্থিত হইলে নিয়মাদি অবগত হইতে পারিবেন। সমুদায়ে ৪ চারি শ্রেণী করা হইয়াছে। প্রথম শ্রেণীর ৷৷০ আট আনা; দ্বিতীয় শ্রেণীর ।৶০ ছয় আনা; তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ৵০ চারি আনা ছাত্রদেয় বেতন স্থির করা এবং তত্ত্বাবধানাদির উত্তমরূপ ব্যবস্থা করা হইয়াছে।

১২৭৫ সাল
৪ ঠা মাঘ
} শ্রীদ্বারকানাথ শর্ম্মা
অধ্যক্ষ।

সোমপ্রকাশ।

৬ ই মাঘ সোমবার।

ভারতবর্ষের জেল

জেলকে যমালয় বলিয়া অনেকের সংস্কার আছে। এপ্রকার সংস্কার হইবার তিনটী কারণ লক্ষিত হয়। প্রথম, জেলে কি হয়, বন্দীদিগের অবস্থা কিরূপ, তাহাদিগের আহারাদি ও খাটনীর নিয়ম কিপ্রকার, তত্ত্বাবধায়কাদি কর্ম্মচারীরা তাহাদিগের প্রতি কিরূপ ব্যবহার করেন, সাধারণে ইচ্ছা করিলেই জেলে গিয়া এসকল দেখিতে পান না। তাঁহারা কারামুক্ত ব্যক্তিদিগের মুখে শুনিয়া মনোমধ্যে কারাগারের একটী ভাব কল্পনা করিয়া লন; সুতরাং সে ভাব বিশুদ্ধ হয় না। কল্পনাশক্তি প্রায় তাহা ভয়াবহ করিয়া তুলে। দ্বিতীয়, তত্ত্বাবধায়কাদি কর্ম্মচারীদিগের অধিকাংশ উপরি লাভের অন্বেষণে তৎপর। একে ত গবর্ণমেণ্ট বন্দীদিগে যে আহারাদি দেন, তাহা পর্য্যাপ্ত ন তাহাতে আবার স্বার্থপর কর্ম্মচারী তাহার অংশগ্রহণচেষ্টায় বিমুখ না। উহাদিগের কেবল অর্জ্জনচে মাত্র দোষ নয়, উহারা অবিবেচক, প দুঃখানভিজ্ঞ, নির্দ্দয়। গবর্ণমেণ্ট বন্দী দিগের খাটনীর অতি নিষ্ঠুর নিয় করিয়া দিয়াছেন। কর্ম্মচারিগণ যদি ব দিগের শক্তি বিবেচনা করিয়া খাটাই লন, তাহা হইলেও কয়েদিদিগের কষ্ট অনেক লাঘব হয়; কিন্তু কর্ম্মচারিদিগে সে বিবেচনা নাই। তৃতীয়, জেলের নিয়মগুলি আছে, তাহা বহুদোষদুষ্ তাহার অধিকাংশদ্বারা বন্দীদিগে দোষসংশোধনের চেষ্টা না হই তাহাদিগের প্রাণনাশেরই চে হইয়া থাকে।

আমরা ইতিমধ্যে কলিকাতা প্রে ভেলি জেল ও বর্দ্ধমানের জেল দর্শ করিয়া আসিয়াছি। সেই দর্শনফল অ পাঠকগণের নয়নসমক্ষে উপনীত হ তেছে।

প্রথম, বাসগৃহ। পূর্ব্বে বাসগৃহগু যেপ্রকার আর্দ্র ও বায়ুসঞ্চারহীন অ কারময় ছিল, এক্ষণে সেপ্রকার নাই অনেক সংশোধন হইয়াছে। আর্দ্রত দূর করিবার নিমিত্ত মেজে ও দেয়া নূতন টাইল বসান, রঙ দেওয়া ও বে করা হইয়াছে। বায়ুর গমনাগমন আলোকপ্রবেশের উপায় করাও হ য়াছে। কিন্তু এ অংশে এখনও অনে ন্যূনতা আছে। প্রেসিডেন্সি জে কয়েকটী ঘর অন্ধকারময় দৃষ্ট হইল। বা প্রবেশার্থ রুদ্ধ জানালা বসান হইয়া বটে; কিন্তু পার্শ্বে জানলা না থাকা গৃহের সর্ব্বস্থানে বায়ু গমনাগমন ক না। এ বিষয়ে বর্দ্ধমান জেলের উৎ লক্ষিত হইল। তথায় চতুর্দ্দিকেই জা

াছে ; গৃহগুলিও অন্ধকারময় নয়। প্রসিডেন্সি জেলে আর একটী মহাপ কারক দোষ দৃষ্ট হইল। এই হিমপ্রধান কাল, এ সময়ে গৃহে কপাট বন্ধ করিয়া াকিলেও কষ্ট বোধ হয় ; কিন্তু প্রেসি ডেন্সি জেলের অনেক গৃহের লৌহময় ানলা ও দরজার কপাট নাই ; হিমে য়েদিদিগের যার পর নাই কষ্ট হয়। কমাত্র কম্বলই শীতনিবারণের সম্বল।

দ্বিতীয়, পরিচ্ছদ। পুরুষের এক ক জাঙিয়া ও এক এক জামা। ইহাতে ীত ও গ্রীষ্ম উভয়কালেই কয়েদিদি গর কষ্ট হয়। এদেশীয় বন্দীরা উহাতে ভ্যস্ত নয়; সুতরাং গ্রীষ্মকালে উহার ারিধানে ক্লেশ জন্মে, শীতকালে উহাতে ীতনিবারণ হয় না। বর্দ্ধমানের কয়েক জন কয়েদী আমাদিগের সমক্ষে ব্যক্ত করিল, তাহারা শীতে সাতিশয় কষ্ট পায়। তাহারা বলিল পূর্ব্বে যে পুরু চাদরের বন্দোবস্ত ছিল, তাহাই তাহা দিগের পক্ষে ভাল।

তৃতীয়, আহার। বর্দ্ধমান অতি স্বাস্থ্য কর স্থান। কলিকাতা ও তন্নিকটবর্ত্তী স্থানের লোকের অপেক্ষা সেখানকার লোকের ক্ষুধা অধিক। তথাকার লোকে সচরাচর এক সের চাউলের ভাত খাইয়া থাকে ; কিন্তু সেখানে য়েদিদিগকে প্রাতঃকালে ৪ ছটাক এবং বৈকালে ৬ ছটাক চাউলের অন্ন খাইতে দেওয়া হয়। উহাতে উহাদিগের অর্দ্ধাশনমাত্র হইয়া থাকে। তত্রত্য কর্ম্ম চারীরা কহিলেন, উহারা ক্ষুধার জ্বালায় সময়ে সময়ে মাটি ও সুরকিপ্রভৃতি ভক্ষণ করে। খাদ্য দ্রব্য দিবার এই ব্যবস্থা আছে, চাউল, ডাইল, তরকারি এবং সপ্তাহের মধ্যে এক দিন হিন্দুদি গকে মৎস্য ও মুসলমানদিগকে মাংস দেওয়া হয়। মাংস দিবার ব্যবস্থাটী কিছু বাড়াবাড়ি হইয়াছে। হিন্দু ও মুসলমান সাধারণে মৎস্যের ব্যবস্থা হইলেই যথেষ্ট হইল। মাংসে অতিরিক্ত ব্যয় লাগে। ঐ ব্যয়ে কয়েদিদিগকে ভাল চাউল, ভাল ডাইল ও ভাল তরকারি দিলে কয়েদিদিগের স্বাস্থ্যের পক্ষে মহোপকার দর্শিতে পারে। উহাদিগকে যে সমস্ত দ্রব্য দেওয়া হয়, আমরা দেখিলাম, তাহার সমুদায় স্বাস্থ্যের পক্ষে অনুকূল নহে। প্রেসি ডেন্সি জেলে যে চাউল দেখা গেল তাহা নিতান্ত অপকৃষ্ট; তাহা ভক্ষণ করিলে স্বাস্থ্যভঙ্গ হইবার সমধিক সম্ভাবনা। বর্দ্ধমানের জেলের চাউল ভাল। ভাল বলিতেছি বলিয়া পাঠকগণ এরূপ বিবেচনা করিবেন না যে, তথায় উৎকৃষ্ট জাতীয় সরু চাউল দেওয়া হয়। আমরা কয়েদিদিগকে উৎকৃষ্ট জাতীয় সরু চাউল দিবার অনুরোধ করিতেছি না। আমাদিগের মতে উহাদিগকে মোটা চাউল দেওয়াই কর্ত্তব্য। কিন্তু যে চাউল স্বাস্থ্যের পক্ষে অপকারক, তেমন চাউল দেওয়া উচিত নয়। বর্দ্ধমান জেলের চাউল মোটা বটে ; কিন্তু ইহা স্বাস্থ্যের পক্ষে অনুকূল ; পক্ষান্তরে প্রেসিডেন্সি জেলের চাউল অতিশয় অপকারক। বর্দ্ধমানের জেলের চাউল যেমন ভাল, তরকারি তেমনি জঘন্য। উহার ভক্ষণ দ্বারা পীড়াকে আহ্বান করা হয়। বর্দ্ধমান জেলের মধ্যে বেগুনপ্রভৃতি তরকারি উৎপন্ন হইতেছে কিন্তু কয়েদিদিগকে এমনি তরকারি দেওয়া হইয়াছে যে গোমহিষাদিতেও তাহা ভক্ষণ করে না। তাহার শরীরে নখ প্রবিষ্ট হয় না। তাহা ভক্ষণে সদ্যঃ রোগ জন্মে। গাছে উত্তম বেগুন ফলিয়া রহিয়াছে; কিন্তু কয়েদিদিগকে যে কেন জঘন্য দ্রব্য দেওয়া হয়? কে দেয়? এইরূপ দ্রব্য দিয়া কেহ লাভ করে কি না? আমরা তাহার নির্ণয় করিতে পারিলাম না ; গবর্ণমেণ্ট তাহার নির্ণয় করিবেন।

গবর্ণমেণ্ট হইতে যে অর্দ্ধাশোপযোগী খাদ্য দ্রব্য দিবার বিধি আছে, সকল জেলের সকল কয়েদী তাহাও সম্পূর্ণ প্রাপ্ত হয় না। চটকমাংসের শতভাগের ন্যায় তাহার ভাগ হয়। যেসকল ব্যক্তি কারা মুক্ত হইয়া আসিয়াছে, তাহাদিগের অনে কের মুখে আমরা এই কথা শুনিয়াছি একটী স্ত্রীলোক রসাপাগলার জেল হইতে বর্দ্ধমানের জেলে প্রেরিত হয়। আমরা উহাকে জিজ্ঞাসা করিলাম, বর্দ্ধমান ও রসাপাগলা ইহার মধ্যে কোন্ স্থানে আহারাদির সচ্ছন্দতা আছে। স্ত্রীলোকটী উত্তর করিল, রসা পাগলার জেলের কর্ম্মচারীরা তাহাদি গের খাদ্য দ্রব্যাদির অংশ গ্রহণ করিত, বর্দ্ধমানে তাহা করে না। পক্ষান্তরে বর্দ্ধমানের কোন কোন ভদ্র কয়েদিকে জিজ্ঞাসা করা গেল, তথায় অত্যাচার ও উৎকোচ গ্রহণাদি স্রোত প্রবাহিত আছে কি না? তাঁহারা উত্তর করিলেন, বর্ত্তমান জেলরের অধীনে অত্যাচারাদি হয় না, কিন্তু ইহার পূর্ব্বগত জেলরের সময়ে নানাপ্রকার গোলযোগ হইয়া গিয়াছে। জেলে অত্যাচার ও উৎকোচ গ্রহণাদি যে চলে, এতদ্দ্বারা কি তাহা বুঝিতে পারা যাইতেছে না? তবে এ গুলি প্রমাণ হওয়া কঠিন। আদালতের আমলারা উৎকোচ গ্রহণ করেন, কে না জানেন? কিন্তু কয় জনে তাহা প্রমাণ করিয়া দিতে শক্ত হন?

চতুর্থ, খাটনী। ইহার নির্দ্ধারিত সময় ও ইহার প্রকার যুক্তি এবং এদে শের লোকের স্বভাব ও অভ্যাসের নিতান্ত বিরুদ্ধ। যাঁহারা এতৎসংক্রান্ত নিয়ম করিয়াছেন, তাঁহারা যে মনুষ্য স্বভাবের অভিজ্ঞ, কোনক্রমে এরূপ বোধ হয় না। প্রভাত হইলেই বন্দীদি গের খাটনী আরম্ভ হয় ; অপরাহ্ণ ৫ টার সময়ে উহার শেষ হয় ; মধ্যে কেব

রার্থ এক ঘণ্টা বিশ্রাম দেওয়া হয়।
শে এরূপ লৌহময় ধাতুর লোক
ই নাই যে, সারাদিন পরিশ্রম করিতে
র ? শ্রমটী আবার কেমন তাহাও
বার পাঠকগণ অবগত হউন। বর্দ্ধ
নয় কর্ম্মচারীরা বলিলেন, যাহারা বন্দী
হইয়া জেলে আইসে, তাহাদিগকে
মে ঘানি গাছে দেওয়া হয়; তাহাকে
ত দিন ঘানি গাছ ফিরাইতে হয়।
ন পাঠকগণ বিবেচনা করিয়া দেখুন,
মাদিগের দেশের লোকের এরূপ
শ্রম সাধ্যায়ত্ত কি না ? যাহারা
পরিশ্রমী, তাহারাও সারাদিন
ধে এপ্রকার ক্লেশকর কর্ম্ম করিতে
হয় না।

কারাগারে যত অন্যায় ও অত্যাচার
বর্ণিতপ্রকার খাটনীই সে সমুদা
মূল। যাহাদিগের কিছু সঙ্গতি
ছ, তাহারা উৎকোচ দিয়া খাটনীর
হইতে পরিত্রাণ পাইবার চেষ্টা
, আর যাহাদিগের সঙ্গতি না থাকে
ারা এক দিন প্রাণপণে ঘানি গাছ
লয়া পর দিন অবসন্ন হইয়া পড়ে।
দুষ্টতা করিতেছে কর্ম্মচারীরা এই
করিয়া তাহার উপর পীড়ন আরম্ভ
ন একে ত জেলে বন্দীদিগের অর্দ্ধা
ব্যবস্থা, অসমর্থ বন্দীর তাহারও
ার কতক কর্ত্তন হয়, ইহার উপরে
র আভরণ আছে। জেল কর্ম্মচারীরা
তপন্ন বন্দী পাইলে গৃধ্রতুল্য হৃষ্ট
প্রায় ১৫ দিন কাল তাহার সহিত
র বন্দোবস্ত ও তাহার বাটীতে
পত্রাদি লেখান হয়। জেল
য় ইহাকে রঙে রাখা বলে। কমি
বসাইয়া অনুসন্ধান করিলে গূঢ়
ণ্ড,লি প্রকাশ হওয়া দুরূহ হয় না।
ানের জেলডাক্তর মাণ্টেল সাহেব
ই আমাদিগের অগ্রে কহিলেন,
ব্যক্তি তাঁহাকে উৎকোচদানের
কথা কহিয়াছিল। আমরা যে দিন
প্রেসিডেন্সি জেল দেখিতে যাই, সে
দিন জেলর তথায় উপস্থিত ছিলেন
না। আমরা তাহার কারণ জিজ্ঞাসা
করাতে ডাক্তর লিঞ্চ বলিলেন, জেলের
এক জন রক্ষক উৎকোচগ্রহণের চেষ্টা
পাইয়াছিল, তাহাকে পুলিষে দেওয়া
হইয়াছে, সেই নিমিত্ত জেলর পুলিষে
গিয়াছেন।

উল্লিখিত অসঙ্গত খাটনীর ব্যবস্থা
কেবল যে অত্যাচার ও অন্যায় ব্যবহা
রের মূল এরূপ নয়, বন্দীদিগের পীড়া
রও প্রধান কারণ। পাঠকগণ একবার
জেলের অন্তর্বর্ত্তী চিকিৎসালয়ে আমা
দিগের সহিত আগমন করুন, রোগী
ও ডাক্তরকে জিজ্ঞাসা করুন, কি পীড়া
অধিক ? তাঁহারা বলিবেন, উদরাময়
রোগগ্রস্ত হইয়া অনেকে ঐ স্থানের
আশ্রয় গ্রহণ করে। যাহারা সাধ্যাতীত
পরিশ্রম করে এবং উদরপূরিয়া অন্ন
না পায়, তাহাদিগের যে ঐ পীড়া
হইবে, তাহা আশ্চর্য্যের বিষয় নহে।

এক্ষণে উল্লিখিত দোষগুলির সংশোধন
ও প্রতীকারের উপায় চিন্তন আবশ্যক।
মানুষ ক্রোধ লোভাদির বশীভূত হইয়া
কুকর্ম্মে প্রবৃত্ত হয়। তাহার দুষ্প্রবৃত্তিনিব
ন্ধন সমাজের নানা অনিষ্টঘটনা হইয়া
থাকে। যদি দণ্ডবিধানদ্বারা অসৎ
লোকদিগের অসৎ প্রবৃত্তির নিবারণ
করা না হয়, লোকস্থিতি দুরূহ হইয়া
উঠে। এই হেতু দণ্ডদান আবশ্যক।
যাহাতে দোষী ব্যক্তির দোষসংশোধন
ও অপর দোষীর উৎসাহভঙ্গ হয়, এই
উদ্দেশ্য করিয়াই দণ্ডপ্রণয়ন কর্ত্তব্য;
কিন্তু যাহাতে দোষী ব্যক্তির প্রাণনাশ
সম্ভাবনা হয়, এরূপ দণ্ডবিধান উচিত
হয় না; জেলে খাটনীরও আহার দিবার
যে ব্যবস্থা আছে, তাহা বন্দীদিগের
অনেকের অসাময়িক মৃত্যুর কারণ
হইয়া উঠে। বন্দীরা লোকবি
বিরুদ্ধ ব্যবহার করিয়াছে বলিয়া
গবর্ণমেণ্টের বৈরনির্য্যাতনার্থী
তাহাদিগের প্রাণসংহারে সঙ্কল্প
হওয়া উচিত ? পাঠকগণ এত
এরূপ অনুমান করিবেন না যে, ব
জেলে নিষ্কর্ম্মা বসিয়া থাকিয়া আ
কালক্ষেপ করুক, আমরা এই প্র
করিতেছি। যাহাতে তাহাদিগের
অভ্যাস থাকে, কুকর্ম্মপ্রবৃত্তি সং
ও চরিত্র দোষ সংশোধিত হয় এবং
ভঙ্গ না হয়, অথচ গবর্ণমেণ্টের কিছু
আয় হয়, এইরূপ করিয়া খাটনী
করাই উচিত। সে ব্যবস্থা এই:—

বন্দীরা ১০ টা অবধি ৫ টা
কর্ম্ম করিবে। যাহার যেমন ক্ষমতা,
বিবেচনা করিয়া কর্ম্ম দেওয়া হই
এক কর্ম্মে এক জনকে সারাদিন
না রাখিয়া মধ্যে মধ্যে কর্ম্ম প
করিয়া দিতে হইবে। যে ব্যক্তি
কালে ঘানি গাছ ঘুরাইবে, তা
বৈকালে চট ও শতরঞ্জপ্রভৃতি বু
দেওয়া কর্ত্তব্য। এইরূপে খাটনীর ব
করিলে বন্দীরা সোৎসাহচিত্তে
প্রবৃত্ত হইবে সন্দেহ নাই। তা
গবর্ণমেণ্টের এক্ষণকার অপেক্ষা অ
লাভ হইবার সম্ভাবনা। কেবল এই
নয়, তাহাদিগের নিজেরও একটী ম
কারলাভ সম্ভাবনা আছে তা
প্রাতঃকালে ও বৈকালে যথেষ্ট
পাইবে। ঐ সময়ে তাহাদিগকে
নীতির উপদেশ দেওয়া এবং
পড়া শিখান উচিত। এখন লেখা
শিখাইবার যে ব্যবস্থা করা হইয়
সেটী বিড়ম্বনামাত্র। সারাদিন গো
সাদির ন্যায় খাটিয়া কাহারই পাঠে
অগ্রসর হইবার সম্ভাবনা থাকে না; সদু
শ্রবণ নিতান্ত কটু হইয়া উঠে। এ
বন্দীদিগকে আহার দিবার যে

ছে, তাহারও পরিবর্ত্ত করা একান্ত
বশ্যক। তাহাদিগকে উদর পূরিয়া
হার দেওয়া অবশ্য কর্ত্তব্য। আমরা
রে জেলের যে অন্যায় ব্যবহার ও
ত্যাচারের বিষয়ের উল্লেখ করিয়াছি,
ন্নিবারণের একমাত্র উপায় ভাল
কেরদ্বারা দৃঢ়তর তত্ত্বাবধান। যাঁহাদি
র ন্যায়ানুগত দয়া, কর্ত্তব্যাকর্ত্তব্যবোধ,
রবেচনা ও অন্যায়ার্জ্জনে ঘৃণা আছে,
দৃশ পরীক্ষিতচরিত্র সুশিক্ষিত
ক্তদিগকে মনোনীত করিয়া অনুসন্ধা
কর পদে নিয়োজিত করা কর্ত্তব্য।
হারা পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান করিলে
হই অত্যাচার করিতে সাহসী হইবে

যদি কেহ এরূপ বলেন, এখন উদ
তকাল খাটনীর নিয়ম ও অর্দ্ধাশন
ার ব্যবস্থা আছে, তথাপি অনেকের
সংশোধন হয় না, তাহারা পুনঃ পুনঃ
র্ত্তী করিয়া কারাগারে গিয়া রুদ্ধ হয়,
তাহারা যদি আমাদিগের প্রস্তাবা
প স্বচ্ছন্দভোগের অধিকারী হয়,
কসংখ্য লোকে কারাবাসে অনু
হইবে। ইহার উত্তরে আমাদিগের
খ্যা এই, সেরূপ লোক অল্পমাত্র।
দিগের তিন কুলে কেহ নাই, বালা
ল কারা প্রবিষ্ট হইয়া পিঞ্জরবদ্ধ
ীর ন্যায় স্বাধীনতা সুখের অরসজ্ঞ
াছে, তাহারাই ঐরূপ করে। কিন্তু
কাংশই ও সুখে সুখী হইতে চায়
স্বৈরবিহারবঞ্চিত হইয়া এক স্থানে
ইয়া থাকা কি সামান্য ভোগ?
দিগের অনেকে এরূপ আছে,
ারা বাটীর কর্ত্তা; তাহাদিগের
ত্রাদির ভরণ পোষণ তাহাদিগের
র্জ্জনের উপরেই নির্ভর করে।
য়া যখন কারাগারে রুদ্ধ হইল,
কালে তাহাদিগের স্ত্রীপুত্রাদি অন্নের
ত লালায়িত হইয়া বেড়াইতে
লাগিল, তাহারা কি না উপার্জ্জন করিয়া গবর্ণমেণ্টকে দিতে লাগিল! এটী কি সামান্য কষ্টের বিষয়?

উপসংহারকালে বক্তব্য এই, গবর্ণমেণ্ট যদি যথার্থই কয়েদিদিগের কল্যাণকামী হইয়া থাকেন, আমরা খাটনীপ্রভৃতির যে নূতন ব্যবস্থা করিবার প্রস্তাব করিলাম, তদনুরূপ কার্য্য করুন, অভীষ্ট লাভে সমর্থ হইবেন।

—০—

বিচারপতি ফিয়ার ও আমাদিগের ব্যবস্থা ও বিচারালয়

বিচারপতি ফিয়ার বিশেষ চিন্তা না করিয়া কখন কোন বিষয়ে স্বাভিপ্রায় ব্যক্ত করেন না। অতএব কি সমাজ, কি সাহিত্য, কি বিজ্ঞান, কি আইন যে বিষয়ে বিচারপতি যখন কোন অভিপ্রায় প্রকাশ করেন, তাহা সর্ব্বসাধারণের মনোনিবেশপূর্ব্বক শ্রবণ ও স্থিরচিত্ত হইয়া তাহার পর্য্যালোচনা করা কর্ত্তব্য। সমাজিক বিজ্ঞানসভার গত বার্ষিক অধিবেশন দিবসে বিচারপতি ফিয়ার এ দেশের আইন, আদালত, জেল, পুলিষ ও ভূমির বন্দোবস্ত বিষয়ে একটী উত্তম বক্তৃতা করিয়াছেন। জেলের বিষয়ে আমাদিগের যে বক্তব্য, তাহা পাঠকগণ প্রস্তাবান্তরে দর্শন করিবেন, আগামী বারে বক্তব্য শেষ দেখিতে পাইবেন। পুলিষ ও ভূমির বন্দোবস্তের বিষয়ে আমরা অনেক বার যে মত প্রকাশ করিয়াছি, বিচারপতি ফিয়ার সেইপ্রকার মত ব্যক্ত করিয়াছেন। অতএব তদ্বিষয়ে বাক্য ব্যয় করা পুনরুক্তিমাত্র হইবে। আইন আদালত ও বিচারের বিষয়ে তিনি যে অভিপ্রায় প্রকাশ করিয়াছেন, অদ্য তাহাই আলোচনীয় হইতেছে।

পৃথিবীর মধ্যে তিনখানিমাত্র আইনসংগ্রহ গ্রন্থ সকলের আদর্শ স্থল হইয়া আছে। প্রথম জষ্টিনিয়নের স
দ্বিতীয় কোড নেপলিয়ন। এই দু
প্রথম শ্রেণির অন্তর্গত। আইন আ
তৃতীয় শ্রেণীর অন্তর্গত বলিয়া প
ণিত হইয়া থাকে। আর এক
সংগ্রহ ইহাদিগের অপেক্ষা বড় নি
নয়। সেখানি ভারতবর্ষের দণ্ডবি
জষ্টিনিয়ম, নেপলিয়ন ও আকবর ক
জন অতিশয় উপযুক্ত লোকের পর
লইয়া আইনসংগ্রহ করিয়াছি
ইংলণ্ডে ব্যবহারাজীবের অপ্রতুল ন
কোক, মানস্‌ফিলড, এলেনবরা, ে
ডেন, লিণ্ডহরষ্টপ্রভৃতি ইদানীন্তন
প্রাচীনকালের যে সে ব্যবহারাজী
সহিত প্রতিযোগিতাপ্রদর্শনে স
কিন্তু মহাসভায় অতিশয় গোলে
হয় বলিয়া বিশুদ্ধ যুক্তির অনু
আইন অল্প পরিমাণে দৃষ্ট হয়। উ
বিচারালয়ের নিষ্পত্তি অবলম্বন করি
ইংলণ্ডের যাবতীয় বিচারালয়ের ব
হয়; কিন্তু এ সকল এত অধিক, অ
ও পরস্পর বিরুদ্ধ যে, বহুকাল অধ
না করিলে বিশেষজ্ঞ হইবার যো ন
ব্যবহারাজীবভিন্ন কেহ ইংল
আইনসমূহের স্থূল মর্ম্মও গ্রহণ কি
শক্ত হন না। বিচারপতি ফিয়ার ব
ভারতবর্ষে এ গোলযোগ নাই। এ
কার ব্যবস্থাপকগণের মন স্বার্থ ও
দলিপ্রভৃতির প্রাদুর্ভাববলে বিকৃ
দূষিত নয়। কিন্তু এখানকার আইনও
সরল ও প্রণালীবদ্ধ নয়। বিচারপ
ফিয়ার ইহার একটী কারণের উ
করিয়াছেন। তিনি বলেন, এ দে
প্রধান আইনগুলি ইংলণ্ডীয় আইন
সনরদিগের নিকট হইতে প্রস্তুত হ
আইসে। এখানকার ব্যবস্থাপক
তাহার কোন মূল নিয়মের পরি
করিতে সমর্থ হন না। আইন কমি
গণ অতিশয় উপযুক্ত লোক বটে

ত তাঁহারা এ দেশের অবস্থা ও
াব অবগত নহেন ; তাঁহাদিগের
সরও অল্প; কাজে কাজেই তাঁহাদি
র কৃত আইনসকল সর্ব্বাঙ্গসুন্দর হয়
। তাঁহারা আপনারা আপনাদিগের
ক্ততা ও অযোগ্যতার বিষয় স্বীকার
রয়া গবর্ণমেণ্টকে এই পরামর্শ দিয়া-
ন ফৌজদারী কার্য্যবিধি ভারতবর্ষীয়
াপক সভাতেই প্রস্তুত হয়। বিচা
তি ফিয়ার যে দোষের উল্লেখ করি
ছেন, ইহাই যে কেবল সকল গোল
গের কারণ তাহা নয়। তিনি নিজে
কার করেন, নেপলিয়ন অথবা আক
র ন্যায় এক জন অসাধারণ বুদ্ধি
পন্ন লোক অধ্যক্ষতা না করিলে
স্থা সংগ্রহ হয় না। গোলযোগে যে
কাশ্ব হয় না তাহার সন্দেহ নাই ;
ন্তু কেবল নির্জ্জনেও হয় না। যে সকল
ক জষ্টিনিয়ন, নেপলিয়ন ও আকব
র সাহায্য করেন, তাঁহারা কেবল
ধারাজীব নহেন, তাঁহারা রাজনীজ্ঞ
লন এবং সকলে আপন আপন সম
লোকদিগকে উত্তমরূপে জানিতেন
রতবর্ষের ব্যবস্থাপকগণ সে ধাতুর
ক নহেন। সত্য বটে এক্ষণে কয়েক
এতদ্দেশীয় সভ্য ব্যবস্থাপক সভায়
বশ করিয়াছেন; কিন্তু তাঁহারা এরূপ
যে তাঁহাদিগের নিকটে দেশের অবস্থা
া সম্ভাবিত নহে। ইংলণ্ডে যে সকল
ম আইন হইয়াছে, হাউস অব কমন্স
হার প্রসূতি। ভারতবর্ষের ইউরো
ব্যবস্থাপকগণ প্রায় বৃদ্ধ সিবিলি
। তাঁহারা যথার্থ ব্যবহারাজীব ও
নীতিজ্ঞ নহেন। ইংলণ্ড হইতে যে
এক জন আইনসংক্রান্ত সভ আই-
, তাঁহাদিগের সকলে প্রথম শ্রেণির
ক নহেন। সর বার্ণেস পিকক ও
সাহেব যে দুই জন উপযুক্ত লোক
হাদিগের এক জনও রাজনী

তিজ্ঞ নহেন ; রাজনীতিজ্ঞ না হইলেও যথার্থ ব্যবস্থাপক হওয়া যায় না। তাঁহারা আবার এ দেশের কিছুই জানেন না। এপ্রকার লোকের দ্বারা কাজ হওয়া সম্ভাবিত নয়। কতগুলি বৃদ্ধ কুসংস্কারবিশিষ্ট সিবিলিয়ান, এক জন পক্ষপাতদূষিত ইংলণ্ডীয় ব্যবহারাজীব, দুই জন না ব্যবহারাজীব না ব্যবস্থাপক বণিক এবং কয়েকজন কেবল পদে বড় ভারতবর্ষীয় সর্দ্দার ইহাঁরা কি বিচারপতি ফিয়ারের উদ্দেশ সাধন করিতে পারেন ? এসকল লোক হইতে মধ্যে মধ্যে কণ্ট্রাক্ট আইনের ন্যায় ভয়ানক ব্যবস্থা হইবারই সম্ভাবনা। অত এব ইহাঁদিগের দমনকর্ত্তা স্বরূপ ইংলণ্ডে কয়েকজন কমিসনর থাকেন, এটি প্রার্থ নীয়। কমিসনরগণ বিষয়বিশেষে ভ্রমে পতিত হন, একথা আমরা অস্বীকার করি না। যেখানে মেইন সাহেবের ন্যায় ব্যবস্থাপক সর্ব্বে সর্ব্বা সেখানে বহু অনর্থ ঘটিবার সমধিক সম্ভাবনা। ফলকথা এই যতদিন ভারতবর্ষের যথার্থ বুদ্ধিমান লোকদিগকে গ্রহণ করা না হইবে, তত দিন ব্যবস্থাপ্রণয়ন বিষয়ে যে গোলযোগ হইবে তাহা নিবারণীয় নহে। এ দেশে ইংলণ্ডের টেম্পলের ন্যায় আইনশিক্ষার স্থান করা আবশ্যক। প্রতিনিধিপ্রণালী কিয়দংশে বিস্তারিত করিয়া মধ্যম শ্রেণির অধিকসংখ্যক লোককে শাসন ও ব্যবস্থাপ্রণয়নকার্য্যে নিযুক্ত করা কর্ত্তব্য। অগ্রে এসকল হইলে পশ্চাৎ ইংলণ্ডের আইন কমিসনরদিগের হস্ত হইতে মুক্তিলাভপ্রস্তাব শোভা পাইবে। তাঁহার থাকিতেআর কিছু না হউক, ইংলণ্ডে পক্ষপাতপূর্ণ আইনপ্রস্তাব গ্রাহ্য হইবে না। ইংলণ্ডীয়দিগের এই পুণ্য যে দিন লুপ্ত হইবে, সেই দিন অবধি ইংরাজ রাজত্বেরই ক্ষয়ারম্ভ গণনা করিতে হইবে।

আমাদিগের বিচারালয়ের
বিচারপতি ফিয়ার যে কথা বলি
তাহাই সাধারণের মত। এক্ষণকার
ফেরা জেলার জজদিগের অপেক্ষা যে
উপযুক্ত ফিয়ার সাহেব তাহা মু
স্বীকার করিয়া বলিয়াছেন, জজ ও
জজদিগের আপীল আদালত উ
দিয়া এক কালে প্রধানতম বিচা
আপীল করিবার নিয়ম করাই
কিন্তু যত দিন সিবিল সর্ব্বিস থা
ততদিন তাহা হইতেছে না। পারু
না পারুন বকল সাহেবের সদৃশ জ
আর কিছু কাল বিরক্ত করিবেন
নাই। এ স্থলে এরূপ অনিষ্ট নিব
এক উপায় আছে। খাসআপীল
যে একটী প্রভেদ আছে, তাহা
করিয়া সর্ব্বস্থলেই ঘটনা ও আইন
সম্বন্ধে প্রধানতম বিচারালয়ে অ
করিতে দেওয়া কর্ত্তব্য। প্রধানতম
রালয়ের বিচারপতিগণ চেষ্টা ব
এটী অনায়াসে করিতে পারেন।

—:০:—

কৃষকের সর্ব্বত চিরস্থায়ী বন্দোব
বঙ্গের সোপান।

জন ষ্ট্রেচি সাহেব সম্প্রতি ভা
ব্যবস্থাপক সভায় এক মহোপকার
নের পাণ্ডুলেখ্য উপস্থিত করিয়া
উত্তরপশ্চিমাঞ্চলের এক জন কৃষক
রের অনুমতি না লইয়া ঠিকা জমি
খনন করে; জমীদার তা
ভূমি হইতে বহিষ্কৃত ক
দেন। এ বিষয়ে নালীশ ও আপী
য়াতে প্রধানতম বিচারালয়কে অ
বর্ত্তমান আইনের অনুসারে জমী
কার্য্যের অনুমোদন করিতে হই
কিন্তু বিচারালয় বলেন, জল বিনা
উৎপন্ন হয় না, সেই জলের নিমি
খনন করিলে প্রজা ভূমিচ্যুত
আইন অতিশয় অসঙ্গত। ষ্ট্রেচি

নন্ত প্রস্তাব করিয়াছেন, উল্লিখিত
র কূপ খনন করিয়া প্রজা ভূমিচ্যুত
না। জমীদার যদি প্রজাকে ছাড়া
দেন, তাহা হইলে সে যে উন্নতি
ন করিয়াছে তাহার ক্ষতিপূরণ
ত হইবে। এই বিষয় লইয়া বাব
ক সভায় তর্ক বিতর্ক হয়। কর্ণেল
বপ্রভৃত জমীদারের স্বত্বের হানি
বলিয়া প্রতিবাদ করেন। কিন্তু সর
রেন্স বলিয়াছেন, তাঁহার শাসন
যদি এই প্রস্তাব বিধিবদ্ধ হইত,
হইলে তিনি আপনাকে গৌরবা-
জ্ঞান করিতেন। তাঁহার অনুরোধে
াণ্ডুলেখ্যটী সিলেক্ট কমিটির হস্তে
র্পিত হইয়াছে।

আমরা প্রজার সহিত চিরস্থায়ী
বস্তের যে প্রস্তাব করিয়া আসি
ছি, এটী তাহার প্রথম সোপান সন্দেহ
। কিন্তু প্রস্তাবকর্ত্তা প্রকৃত পথে
র্পণ করিতে পারেন নাই। জমীদার
কাড়িয়া লইবেন বলিয়া প্রজা
খনন করিতে পারে না, ব্যবস্থাপ
প্রজাকে এই ক্ষমতা দিয়া ক্ষতি
দিতেছেন। বোধ করি, প্রজা মূল
বিনিযোজিত করিয়া মরু ভূমিকে
করিয়া তুলিল, জমীদার কর বৃদ্ধি
লেন; প্রজা অসম্মত হইয়া ভূমি
করিল। প্রস্তাবিত পাণ্ডুলেখ্যটী
বদ্ধ হইলে সে ক্ষতি পূরণ প্রাপ্ত
য়। কিন্তু সে সে ক্ষতিপূরণ কিরূপ
? জমীদার কি সহজে দিবেন;
ব্যক্তি যথার্থ মূল্য স্থির করিবেন?
ানী আদালতকে ইহার মীমাংসা
তে হইবে; ইহাতে কেবল মকদ্দ-
সংখ্যা বৃদ্ধি হইবে সন্দেহ নাই।
ষ্টনিবারণার্থ যদি আইন করা কর্ত্তব্য
তাহা হইলে ক্ষতিপূরণের মকদ্দমা
করা আবশ্যক হয়. কিন্তু একটী
স্থায়ী বন্দোবস্তব্যতিরেকে উহার সম্ভা
বনা নাই। স্পষ্ট প্রতীয়মান
হইতেছে, ব্যবস্থাপকগণ ক্রমশঃ প্রজার
সহিত চিরস্থায়ী বন্দোবস্তের অভিমুখে
ধাবমান হইতেছেন; কিন্তু এক কালে
প্রকৃত পথে পদার্পণ করিতে সাহস হই
তেছেন না। যখন অনিষ্ট প্রত্যক্ষ হই
তেছে, তখনসাহস সহকারে যথার্থ উপায়
অবলম্বন করা কি উচিত নহে? জমীদা
রেরা অসন্তুষ্ট হইবেন গবর্ণমেণ্ট কি এই
শঙ্কা করিতেছেন? গবর্ণমেণ্ট যদি জমীদার
দিগকে উপেক্ষা করিয়াসাক্ষাৎ সম্বন্ধে
প্রজার সহিত স্থায়ী বন্দোবস্ত করেন,
তাহা হইলেই তাঁহাদিগের অসন্তোষের
প্রকৃত কারণ ঘটে, আর যদি তাঁহাদিগকে
মধ্যবর্ত্তী রাখিয়া করেন, সে অসন্তোষের
সম্ভাবনা কি? যদি কেহ না বুঝিয়া অস
ন্তোষ প্রকাশ করেন, বুঝিতে পারিলেই
তাহা দূর হইবে। যাহা হউক, ষ্টেচিসাহেব
অতিশয় সদনুষ্ঠানে করিয়াছেন, আমরা
তাঁহাকে অনুরোধ করিতেছি। তিনি
কেবল উত্তর পশ্চিমাঞ্চলের কৃষকদিগের
নিমিত্ত আইন করিবার চেষ্টা না করিয়া
ভারতবর্ষের সমুদায় কৃষকের নিমিত্ত
করিবার চেষ্টা করুন। যদি গবর্ণমেণ্টের
এক কালে কৃষক দিগের সহিত স্থায়ী
বন্দোবস্ত করিতে একান্তই সাহস না হয়,
আপততঃ এই আইন করা উচিত যে,
যে ভূমিতে কূপ, উদ্যান বাটী, কারখানা
প্রভৃতি করা হইবে কখনই তাহার
করবৃদ্ধি করা হইবে না। কৃষকেরা সচ
রাচর সামান্য কুটীরে বাস করে। যাহা
দিগের সঙ্গতি আছে, তাহারাও পাছে
উঠিয়া যাইতে হইবে, এই শঙ্কায় ভালে
ঘর করে না। করবৃদ্ধির ভয় সামান্য ভয়
নহে; এই নিমিত্ত কৃষকগণ কোনপ্রকার
স্থিরতর উন্নতির কার্য্যে যত্নবান দৃষ্ট হয়
না। সর জন লরেন্সের শাসনকালের
শেষাংশে কৃষকদিগের মঙ্গলের চে
মাত্র হইল। তিনি কৃষকদিগের যথ
বন্ধু ছিলেন বটে; কিন্তু যথাসময়ে সা
ও অধ্যবসায় প্রদর্শন করিতে না পার
সাধন করিতে পরিলেন না।
শাসনকর্ত্তা কৃষকদিগকে জমীদার
মহাজনের হস্ত হইতে রক্ষা করিতে প
বেন, তিনি স্বর্ণময় প্রতিমূর্ত্তিলাভে
যোগ্য পাত্র হইবেন সন্দেহ নাই।

—:০:—

সর জন লরেন্সের সম্মানার্থ
ভোজদান।

কতগুলি সিবিলিয়ান ও সৈ
পুরুষগত সোমবার টৌনহালে সর
লরেন্সের সম্মানার্থ এক ভোজ দিয়াছে
সর উইলিয়ম মানসফিলড অধ্যক্ষ
করিয়া তাঁহার প্রসংশাসূচক একটী দী
বক্তৃতা করেন। সর জন লরেন্স প্র
ত্তরদানকালে আপনার শাসনসম্বন্ধে
কয়টী কথা বলেন, তাহার অনেকগু
ঔদার্য্যগুণে ভূষিত। তিনি আফ
স্থানের বিষয়ে যে রাজনীতি অবল
করিয়াছিলেন, তাহা তে যুক্তিযুক্ত
নাই। এটী তাঁহার গৌরবের বিষয় স
নাই; কিন্তু হাজরা ও ষ্টুয়ার্টের যু
বিষয়ে যে সমর্থন করিয়াছেন, সেটী প্র
কর নহে। সর জন লরেন্স দুর্ভিক্ষ
নিবারণার্থ যে উপায় অবলম্বন করি
ছেন, তাহাতে ভারতবর্ষীয়দিগের
কৃতজ্ঞতারসে আর্দ্র হইবে সন্দেহ ন
এটী তাঁহার যথার্থ শ্লাঘার বিষয়। ১
অব্দে তাঁহার যে প্রসংশালাভ হয়,
মিত্ত সর রবার্ট মণ্টগমরিপ্রভৃতিকে
বাদ দিয়া তিনি সদ্বিবেচনার কাজ
য়াছেন। স্ত্রীকদিগের বিষয়ে যে
প্রায় প্রকাশ করিয়াছেন, সেটী অতি
প্রসংশনীয়। এ দেশীয়দিগের স
প্রণয়ে অবস্থান করিবার বিষয়ে যদে
দিগকে যে পরামর্শ দিয়াছেন,

র ঔদার্য্য গুণের সবিশেষ পরিচয়
াছে। ১৮৫৭ অব্দে ভারতবর্ষীয়েরা
য্য না করিলে ইংরাজ সৈন্যগণ
দেশরক্ষা করিতে পারিত না, এই
স্বীকার করাতে সর জন লরেন্সের
ল মহিমা প্রকাশ হইয়াছে, একপ নয়,
তে অনেক ইংরাজের বিলক্ষণ শিক্ষা
ব।

—:০:—

নূতন পুস্তক ও পত্রিকা।

১। বিদ্যাসাগরকৃত উপক্রমণিকার
াঙ্গী অনুবাদ। প্রেসিডেন্সিকালেজের
ারী সংস্কৃতাধ্যাপক শ্রীযুক্ত বাবু
কৃষ্ণ বন্দ্যোপাধ্যায় এই অনুবাদ করি
ন। এখানি দ্বিতীয়বার সংস্কৃত,
ার মূলের অবিরোধে অনেক নূতন
া সন্নিবেশিত হইয়াছে; স্থানে স্থানে
কিছু পরিবর্ত্ত করা হইয়াছে। এতৎ
দ্বারা ইহার অবয়ব পূর্ব্বাপেক্ষা
দেড়গুণ বৃদ্ধি হইয়াছে। এক্ষণে
ারোকেলবিদেশীয়দিগের নয় অধিক
াসু স্বদেশীয়দিগেরও বিশেষ উপ
দর্শিবে। ফলতঃ এখানি সংস্কৃতে
শ করিবার একটী সুন্দর উপায়
াছে।

২। সর্পাঘাতপ্রতীকার। মেদিনী
াঙ্গালা বিদ্যালয়ের অন্যতর শিক্ষক
ক বাবু হৃদয়নাথ দাস ইহার সঙ্কলন
াছেন। ইহাতে কতগুলি পরীক্ষিত
পরীক্ষিত সর্পবিষনাশক ঔষধ
ত হইয়াছে। চিকিৎসকদিগের
নির পরীক্ষা করিয়া দেখা উচিত।

৩। লম্পটদমন। ইহাতে গ্রন্থ-
র নাম নাই। গ্রন্থকার এতদ্দ্বারা
টদমন হইবে, মনে করিয়া এতৎ
ন করিয়াছেন: কিন্তু আমাদিগের
হইতেছে, বৈপরীত্য ঘটিবারই
লটতা বৃদ্ধি হইবারই) সমধিক
বনা।

৪। হিতশিক্ষা তৃতীয় ভাগ। এ
খানি কলিকাতা নর্ম্মাল স্কুলের প্রধান
শিক্ষক শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র বন্দ্যো
পাধ্যায় প্রণীত। নানা হিতকর বিষয়
লইয়া এখানি রচিত হইয়াছে। ব্যাকর
ণের সন্ধিপ্রকরণও ইহার অন্তর্নিবিষ্ট
দৃষ্ট হইল। এব্যবস্থাটী আমাদিগের
বিবেচনায় উৎকৃষ্ট বলিয়া বোধ হইল
না।

৫। রিফেলেক্টর। এখানি ইংরাজী
সাপ্তাহিক পত্রিকা। আলাহাবাদে প্রকা
শিত হইতে আরম্ভ হইয়াছে। দুই এক
সংখ্যা দেখিয়া সমাচার পত্রের বিষয়ে
মতামত প্রকাশ করা বিধেয় হয় না।
ইহার দ্বিতীয় সংখ্যায় একটী অশুভলক্ষণ
লক্ষিত হইল। ইষ্টইণ্ডিয়া রেলওয়ের
টেলিগ্রাফের সুপরিণ্টেণ্ডেণ্ট গ্লানির
অভিযোগের ভয় প্রদর্শন করিয়াছেন।

বিবিধসংবাদ।

২৯ এ পৌষ সোমবার।

আগরার চিত্রশালিকার অধ্যক্ষ কারলাইল সাহেব সম্প্রতি এক মৃত কুম্ভীরের উদরমধ্যে ৬৮ টী প্রস্তর এবং কতকগুলি গহনা ও মনুষ্যকেশ প্রাপ্ত হইয়াছেন। কুম্ভীর পচামাংস ভক্ষণ করে না, এ কথা ইহা দ্বারা অপ্রমাণ হইতেছে। কারলাইল সাহেব অনুমান করেন কুম্ভীরেরা স্ত্রীলোকের মাংস অধিক উপাদেয় জ্ঞান করে।

কানাডোরের নর্ম্মাল বিদ্যালয়ের দুই জন ছাত্র এক জন শিক্ষককে প্রহার করাতে তত্রত্য গবর্ণমেণ্ট তাহাদিগকে বহিষ্কৃত করিয়া দিবার আজ্ঞা দিয়াছেন। তাহারা দুই বৎসর পর্য্যন্ত গবর্ণমেণ্টের কোন কাজ পাইবে না।

দিল্লী অঞ্চলে অনাবৃষ্টিনিবন্ধন প্রায় ৩০,০০০ গো মহিষ প্রাণত্যাগ করিয়াছে। বৃষ্টি না হইলে আরও ভয়ানক কাণ্ড হইবে। এক কলসি জল চারি আনায় বিক্রীত হইতেছে।

১৮৬৭।৬৮ অব্দে পঞ্জাবের রেলওয়ের নিমিত্ত ৯১,৩৮,৪৭৮ টাকা ব্যয় হইয়াছে। ইহার মধ্যে ১,০৪২৬৮ টাকা সরকারী রাজস্ব হইতে এবং ৯৩,৭৪২১৬ টাকা সংগৃহীত মূল ধন হইতে ব্যয়িত হইয়াছে।

অনুতসর বিভাগের অন্তর্গত আজনা
গাঁও নামের অহবিলদার উৎকোচ গ্রহণ
তাঁহার কঠিন পরিশ্রমের সহিত তিন
মেয়াদ ও ৪০০ টাকা জরিমানা হইয়াছে

ইণ্ডো ইউরোপীয় করেন পুর্ত্তুগেজ দৃষ্ট
সম্প্রতি বেলজিয়ম হইতে ৪ জন ও আ
হইতে ৮ জন নন আসিয়াছেন। মনেরা
না করিয়া কেবল ঈশ্বরসেবায় দিনপাত ক
কাথলিকেরা ক্রমশঃ এ দেশে বদ্ধমূল
ছেন।

ফিরোজ জাহাজ ভগ্নপ্রায় হওয়াতে স
লরেন্স আগামী ১৯ এ জানুয়ারি পি ও
নির সেইল জাহাজে এ দেশ ত্যাগ করি

১লা ফেব্রুয়ারি অবধি যাঁহারা টেলি
সংবাদ প্রেরণ করিবেন, তাঁহাদিগকে
ব্যবহার করিতে হইবে। যাঁহারা টে
আড ডা হইতে দূরে থাকিবেন তাঁহারা
পত্র পাঠাইলে টেলিগ্রামে যাইবে। এ
পৃথক ষ্টাম্প হইতেছে। ষ্টাম্পের দুটী
সংবাদ প্রেরিত হইলে রসিদ স্বরূপ একটী
প্রেরয়িতার নিকটে প্রেরণ করা হইবে। এ
সর্ব্বসাধারণে সর জন লরেন্সের নিকটে
হইতেছেন।

সর জন লরেন্স আর একটী মহৎ উ
করিলেন। ১লা এপ্রেল অবধি ডাকের
কমিতেছে। এপর্য্যন্ত সিকিতোলার অ
পত্রের মাসুল দুই পয়সা দিয়া অর্দ্ধ
পর্য্যন্ত এক আনা এবং অর্দ্ধতোলার
প্রতি অর্দ্ধতোলা অথবা তাহার ভগ্নাংশে
আনা মাসুল লাগিত গবর্ণর জেনরল
দিয়াছেন, ১লা ফেব্রুয়ারি অবধি অর্দ্ধ
পর্য্যন্ত দুই পয়সা, এক তোলা পর্য্যন্ত এক
এবং তদুপরি প্রতি তোলায় এক আনা
লাগিবে। সংবাদপত্রের মাসুল পাঁচ
পর্য্যন্ত দুই পয়সা করা কর্ত্তব্য। আমরা অ
হইলাম, এ নিমিত্ত শীঘ্র আবেদন হইবে

গবর্ণমেণ্ট কাবুল হইতে সংবাদ পাইয়
আবদুল রহমন সম্পূর্ণরূপে পরাজিত হইয়
এবং সিয়ারআলি নিজ জয়ের স্মরণার্থ
জন। গবর্ণমেণ্ট সিয়ারআলিকে
টাকা দিয়া সাহায্য করিতেছেন, তাহা
লাবাদে পঁহুছিয়াছে। এক জন রুশীয়
কাবুলে আসিয়াছেন, এজন্যরব অমূলক।
সকলে সন্দেহ করেন, সিয়ার আলির
রুশীয়দিগের কোনপ্রকার বন্দোবস্ত হইয়
এক দল রুশীয় অশ্বারোহী অকসসের নি
কাবুলের কিয়দংশ দর্শন করিয়া গি

ডের আখুন্দ সয়ার আলকে ব্রিটিশ গব
ষ্ট্র মিত্র দেখিয়া তাঁহাকে অধার্ম্মিক জ্ঞান
াছেন। তাঁহার বিরুদ্ধে জিহাদ করিবার
ত আখুন্দ এক ঘোষণা করিয়াছেন।

স্কৌএর লামার্টনিয়র কালেজ কলিকাতার
বদ্যালয়ের অন্তর্গত হইয়াছে।

র জন লরেন্স পদত্যাগকালে নিম্নলিখিত
কদিগকে উপাধি প্রদান করিয়াছেন। মিন
জেলার অন্তর্গত রুক্কালি পরগণার চৌধুরী
নসিংহ শাসনকার্য্যের সহায়তা ও বিদ্যার
াহ দানের নিমিত্ত রায়বাহাদুর উপাধি পাই
ম মেডিকাল কালেজের সব আসিষ্টাণ্ট
ন বাবু রামনারায়ণদাস রায় বাহাদুর ও
বী জামিজ খাঁ খাঁ বাহাদুর উপাধি পাই
ন।

াঞ্জাব গবর্ণমেণ্টের প্রশ্নানুসারে ভারতবর্ষীয়
মেণ্ট সিদ্ধান্ত করিয়াছেন, যখন কোন কর্ম্ম
সদর মহকুমা হইতে পাঁচ মাইলের অধিক
নন করিবেন, তখন তিনি পাথেয় পাইতে
বেন। এপর্য্যন্ত ১০ মাইলের ভিতরে
থয় দেওয়া হইত না, এটী কিছু অধিক অনু
ইল।

তকল্য বেলা ৪। ৪৫ সময়ে অতিশয়
কম্প হইয়াছিল। পুর্ব্ব হইতে পশ্চিম দিগে
ী দুই মিনিট পর্য্যন্ত দোলায়মান হয়।
ড় অট্টালিকা সকল পাতিতপ্রায় হইয়া
ভূমিকম্পের সময়ে দূরস্থিত কামানের
ার ন্যায় একটী শব্দ হয়। পৃথিবীর জল
লিত হইয়াছিল এবং মৎস্যসকল লম্ফ
তীরে উত্থিত হয়। ভূমিকম্পের পর পুষ্ক
জলে প্রায় অর্দ্ধঘটিকা পর্য্যন্ত তরঙ্গমালা
ছিল।

সকল সৈন্য আবিসিনিয়ার যুদ্ধে গমন
তাহাদিগকে এক একটী মেডাল দেওয়া
।

লিকাতার বিশপ, আর্ক ডকন এবং ৩২
বর্ণমেণ্টের বেতনভোগী পাদরী সর জন
কে এক অভিনন্দন প্রদান করিয়াছেন
জন রাজপুতক্ষেত্রর ইউরোপীয় একখানি
ন দিবেন।

ংহলে স্বর্ণখনি বাহির হইয়াছে। এক
ভূতত্ত্ববিৎ খনর ইজারা চাহিয়াছেন। সিং
র্ণ থাকিবার সম্পূর্ণ সম্ভাবনা। প্রাচীন
ইহাতে এত স্বর্ণ পাওয়া যাইত যে স্বর্ণ
ঙ্কা প্রবাদবাক্য হইয়াছে।

া ভারতবর্ষ, অযোধ্যা ও ব্রহ্মদেশের
প্রধান কামসনর, উত্তরপশ্চিমাঞ্চল ও পঞ্জাবের
লেপ্টনাণ্ট গবর্ণর এবং কাটামুণ্ডস্থিত রেসি
ডেণ্ট সর জন লরেন্সের নিকটে বিদায় লইতে
আসিয়াছেন।

আমরা ইউরোপীয় টেলিগ্রাম দর্শন করিয়া
অতিশয় দুঃখিত হইলাম সর হারবার্ট এড
ওয়ার্ডস প্রাণত্যাগ করিয়াছেন। সর হার্বার্ট
এডওয়ার্ডস সর হেনরি লরেন্সের এক জন ছাত্র
ছিলেন. পঞ্জাব তাঁহার নিকটে অনেক বিষয়ে
ঋণী আছেন। তিনি পঞ্জাবী কর্ম্মচারিস্বভাব
সুলভ যথেচ্ছাচার করিতেন বটে, কিন্তু তা নিয়া
শুনিয়া কখন অবিচার করেন নাই। বিদ্রোহের
সময়ে সর হারবার্ট এডওয়ার্ডস স্ত্রীকদিগকে
বিশ্বস্ত রাখিবার নিমিত্ত অল্প চেষ্টা করেন নাই।
পদত্যাগ করিয়া ইংলণ্ডে গিয়া তিনি সর্ব্বদা
ভারতবর্ষের কল্যাণ ও ভারতবর্ষীয় দিগের রাজ
নীতিসংক্রান্ত উন্নতির নিমিত্ত চেষ্টা পাইতেন
সিবিল সার্ব্বিসের দ্বার উদ্ঘাটিত করিবার নিমিত্ত
তিনি বিশেষ যত্ন করিয়াছিলেন। তিনি নিজ গুরু
সর হেনরি লরেন্সের জীবনচরিত লিখিতেছি
লেন। আমাদিগের আশঙ্কা হইতেছে এই
গ্রন্থখানি হয় ত শেষ করিতে পারেন নাই।

মাদ্রাজের প্রেসিডেন্সি কালেজের সংস্কৃত
অধ্যাপক পিকফোড সাহেব সংস্কৃত গ্রন্থ সক
লের সংগ্রহ করিবার ভার পাইয়াছেন। চলিত
ভাষার যে সকল গ্রন্থ সাহিত্য ও ইতিহাস
সম্বন্ধে প্রয়োজনীয়, তিনি সেসকলেরও সংগ্রহ
করিবেন।

বঙ্গদেশীয় ব্যাঙ্ক অংশীদিগকে শতকরা
৮ টাকা লাভ প্রদান করিয়াছেন। টাকার বাজার
সস্তা হওয়াতে এক টাকা সুদ ও বাঁটা কমিয়া
গিয়াছে।

ডেলিনিউস বলেন, গবর্ণমেণ্ট আপনাদিগের
বিদ্যালয় সমূহকে শ্রেণিবদ্ধ করিয়া আনুকূল্য
মাত্র দিবার মানস করিয়াছেন। প্রত্যেক বিদ্যা
লয়ের নিমিত্ত একটী বাৎসরিকদান নির্দ্ধারিত
করা হইবে তাহার অধিক যত টাকা ব্যয় হইবে
তাহা স্থানীয় লোকদিগকে দিতে হইবে। যে
খানে ইহা হইবে না, সেখানকার বিদ্যালয়
উঠিয়া যাইবে। এপ্রাক্ত এখন করিলে তাহা
নক অনিষ্ট হইবে।

উক্তপত্র আরও বলেন, আন্দামানে কয়েদির
সংখ্যা অধিক হওয়াতে তথায় যাবজ্জীবন
দ্বীপান্তরিত লোকদিগকে ভিন্ন আর কাহাকে
প্রেরণ করা হইবে না। বেলুয়ার বন্দরের সুপরি
টেণ্ডাণ্ট এক্ষণ অবধি ব্রিটিশ ব্রহ্মের প্রধান
কমসনরের অধীন না থাকিয়া
বর্ণীয় গবর্ণমেণ্টের অধীনস্থ হইবেন। কিন্তু
তিনি কাহার মৃত্যুদণ্ড দিবেন, তখন প্রধান
সমরের অনুমতি লইতে হইবে।

পঞ্জাবের লেপ্টনাণ্ট গবর্ণর সর ডোম
মাকলিয়ড সর জন লরেন্সের নিকটে বি
লইবার নিমিত্ত আগমন করিয়াছেন।

১২ ই জানুয়ারি মঙ্গলবার আরলমের ব
বর্ষে গবর্ণর জেনরলের কার্য্যভার গ্রহণ
বেন। সর জন লরেন্স ১৩ ই জানুয়ারি এ
ত্যাগ করিয়াছেন।

গত কল্য টৌনহালে বঙ্গদেশের সামা
বিজ্ঞানসভার সাম্বৎসরিক অধিবেশন হইয়া
বিচারপতি কিয়ার সভাপতির আসন
করিয়া বক্তৃতা করিয়াছিলেন। সভার নি
পৃথক গৃহ না থাকাতে ডেলহৌসি ইনষ্টিটিউ
একটি গৃহের নিমিত্ত আবেদন করা হ
আমরা দুঃখিত হইলাম, সভার সভ্য সংখ্যা
হইতেছে না।

৩০ এ পৌষ মঙ্গলবার।

প্রধানতম বিচারালয়ের আটর্ণী বাবু
নাথ বসু এক মক্কেলের নামে বিল ক
অন্যায় টাকা লওয়াতে প্রধানবিচারপতি তাঁ
ছয় মাসের নিমিত্ত স্থগিত করিয়াছেন
হিন্দুপেট্রিয়টের একজন পত্রে
বলেন মলহাটি শাখারেলওয়ের এক জন
রোপীয় কর্ম্মচারী এক স্থান হইতে এ
বিগ্রহ তুলিয়া লইয়া গিয়াছে। গ্রামস্থ লো
নিবারণ করিতে আসাতে এই দুর্বৃত্ত ব
প্রদর্শন করে, তাহাতে তাঁহারা নিরস্ত হ
বাধিত হন। রেইলওয়ের এতদ্দেশীয় কর্ম্মা
গণ সাহেবকে বলেন, ইহাতে তাঁহার মে
হইতে পারে, কিন্তু "আমি তাহা গ্রাহ্য
না" উত্তর দেওয়া হইয়াছে। এই ব্যক্তি শীঘ্র
লণ্ডে গমন করিবে। এবং বিগ্রহটী স্বদে
লইয়া যাইবার মানস করিয়াছে। এ ব্যক্তি
অবিলম্বে ধৃত করিয়া ফৌজদারিতে অর্পণ
কর্ত্তব্য। নিম্ন শ্রেণির ইউরোপীয়গণই অ
অত্যাচার করে; কিন্তু মফস্বলের আদালতে
কোন ক্ষমতা নাই, প্রধানতম বিচারালয়ে
হয় না, সুতরাং ইহারা নির্ভয়ে যথেচ্ছা
করে।

বাবু হরচন্দ্র ঘোষ বাহাদুরের স্মরণার্থ
সভা হয় তাহার সম্পাদককে বর্দ্ধমানের রা
কর্ম্মচারী বাবু তারকনাথ সেন লিখিয়াছেন,
রাজ হরচন্দ্র ঘোষকে বিশেষ সম্মান করি
এবং তাঁহার স্মরণার্থ চিহ্ন করিতে হইলে সা
দিবেন। রাজা ক্রমশঃ স্বদেশের প্রান্ত কর্ত্ত
কর্ম্ম শিখিতেছেন। তাঁহার জানা কর্ত্তব্য যে
ইংরাজদিগের সম্মান করিলে কাজ হয় ন
স্বদেশীয়দিগের প্রিয় পাত্র না হইতে পারি
সকল কাজই বৃথা হয়। তিনি এখনও চে
করিলে পূর্ব্ব ভ্রমসকল সংশোধন করি
পারেন।

সম্প্রতি রোচে যে প্রদর্শন হয়, তাহাতে এতদ্দেশীয় সর্দ্দারগণ আপত্তিত হইয়াছেন। সর্দ্দারগণ প্রথম শ্রেণির টিকেট লইয়াছিলেন, কিন্তু ইউরোপীয়দিগের আসনগ্রহণের পূর্ব্বে আসন প্রাপ্ত হন নাই। পুলিষ প্রহরিগণ চাবুক মারিয়া সর্দ্দারদিগকে নিকটস্থ হইতে দেয় নাই। কয়েক জন উপযুক্ত লোক আসন প্রাপ্ত হন নাই। এতদ্দেশীয় রাজগণের অপেক্ষা হতভাগ্য লোক আর নাই। ইংরাজ রাজকর্ম্মচারীদিগের ভয়ে তাঁহাদিগকে প্রদর্শন ও দরবার প্রভৃতি স্থানে আসিতে হয়। আসিলেও সম্মান পান না। গবর্ণমেণ্ট মনে করিলে কি নিবারণ করিতে পারেন না?

শিক্ষাবিভাগে থাকা দুঃখের নামান্তর মাত্র, তাহার আর এক দৃষ্টান্ত পাওয়া গিয়াছে। দক্ষিণ কানাড়ায় কয়েক জন নিয়ুক্তব শিক্ষক দরাজের জন্য অন্য বিভাগে প্রবেশ করাতে মান্দ্রাজ গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, বিভাগীয় ধানদিগের অনুমতিভিন্ন কেহ অন্য বিভাগে প্রবেশ করিতে পারিবেন না। চতুর্দ্দশ লুইয়ের সময়ে একজন ফরাশী আফিসর অনেক দিন বেতন না পাইয়া এক দিবস রাজাকে বলিলেন, "ভাত! আপনার সহিত তিনটি কথা আছে দেতন নচেৎ বিদায়।" রাজা, বলিলেন তোমার সহিত চারিটী কথা আছে, দুইয়ের একটীও নহে"। নিয়ুক্তর শিক্ষকদিগের এই শা ঘটিয়াছে।

চা-কর কলবিন এক জন কুলির উপরে যে অত্যাচার করে, তদ্বিষয়ে ঘৃণাপ্রকাশ করিয়া ও হোলডার্ণ সভা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে এক পত্র লিখিয়াছেন। গবর্ণর জেনরল হাতে সন্তোষ প্রকাশ করিয়া বলিয়াছেন যাহাতে এপ্রকার অত্যাচার না হয়, সভার রস্তর সেই চেষ্টা পাওয়া কর্ত্তব্য। নিম্নশ্রেণির উরোপীয় অধ্যক্ষ থাকিতে তাহা হইবে না। -কোরা এতদ্দেশীয় কর্ম্মচারীদিগকে ধ্যক্ষ করেন না কেন? তাহা হইলে এই কল অত্যাচার হইতে পারে না।

মাড়োয়ারে সম্প্রতি একজন ষষ্টিবর্ষীয়া ক্ষণ নারী সহমৃতা হওয়াতে তত্রত্য রাজা হার উদ্যোগীদিগের কঠিন পরিশ্রমের সহিত ত বৎসর মেয়াদ দিয়াছেন। ইহাতে সন্তোষ কাশ করিয়া গবর্ণর জেনরল বলিয়াছেন, ধান উদ্যোগিভিন্ন আর সকলের মেয়াদ মাইলে ভাল হয়।

১ লা মাঘ বুধবার।

রবিবারের ভূকম্প বহুদূর ব্যাপিয়া হইয়াছে। তাহাতের অন্তর্গত সিলচর হইতে টেলিগ্রাম আসিয়াছে, বিস্তর গৃহ পাতত হইয়াছে। তত্রত্য বাজারটী ভূগর্ভে মগ্ন হইয়াছে!!

সৈয়দ আজিমুদ্দিন খাঁর পুত্র সৈয়দ শরিফুদ্দিন লক্ষ্ণৌয়ের তালুকদারসভার সম্পাদক ছিলেন তিনি আপাততঃ লক্ষ্ণৌয়ে একালতি করিতেছেন। লক্ষ্ণৌটাইমস বলেন, যে ছাত্রকে গবর্ণমেণ্ট মনোনীত করিয়া ইংলণ্ডে প্রেরণ করিবেন, বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট শরিফ দিনকে সেই ছাত্র বলিয়া মনোনীত করিয়াছেন। তিনি যতদিন সিবিল সার্ব্বিসের পরীক্ষা দিবার নিমিত্ত ইংলণ্ডে অধ্যয়ন করিবেন, ততদিন তাঁহাকে মাসিক ৩০০ টাকা দেওয়া হইবে। বঙ্গদেশে কি আর লোক ছিলেন না, অযোধ্যা হইতে বঙ্গদেশের ছাত্র লওয়া হইল। এটী পঞ্জাবী চাল দেখা যাইতেছে। গ্রে সাহেব জানিবেন, চালের উপরে কিস্তি আছে।

কাপ্তেন হাদিয়ত আলি প্রধান সেনাপতির এতদ্দেশীয় এডিকঙ হইয়াছেন।

১০ ই জানুয়ারিতে যে সপ্তাহের শেষ হয়, তন্মধ্যে সমুদায় ভারতবর্ষের মধ্যে কেবল লাহোরে কিঞ্চিৎ বৃষ্টি হইয়াছে। ৯ ই দিল্লীতে মেঘাড়ম্বর ও বাতাস হইয়াছিল, কিন্তু বিন্দুপাত হয় নাই। অম্বালা, জলন্ধর, সিমলা, রাউলপিণ্ডি লক্ষ্ণৌ, পাটনা, জয়পুর, আলাহাবাদ ও ঝাবল পুরে বৃষ্টির লেশমাত্র নাই।

গবর্ণমেণ্ট অবগত হইয়াছেন কচের রাজার কতকগুলি প্রজা আফ্রিকা হইতে দাস ক্রয় করিয়া আনয়ন করে। গবর্ণমেণ্ট তদ্বিমিত্ত তত্রত্য রেসিডেণ্টের দ্বারা রাজাকে জানাইয়াছেন যদি এই ঘৃণিত ব্যবসায় বন্ধ না করেন, তাহা হইলে তাঁহাদিগকে অগত্যা হস্তক্ষেপ করিতে হইবে।

২ রা মাঘ বৃহস্পতিবার।

গত কল্য রাইট অনরেবল রিচার্ড, সৌথ ওয়েল, বোর্ক আরল অব মেয়, মণ্টগোমারের বাইকৌণ্ট মেয় এবং নাসের বারণ নাস কে, পি, ভারতবর্ষের রাজপ্রতিনিধি ও প্রধান শাসন কর্ত্তার পদ গ্রহণ করিয়াছেন। লাড মেয় যখন কলিকাতায় আগমন করেন, তখন বিস্তর এতদ্দেশীয় ও ইউরোপীয় এবং কয়েক শত সৈনিক উপস্থিত ছিলেন। সর জন লরেন্স যত দিন ভারতবর্ষে থাকিবেন, তাঁহাকে গবর্ণর জেনরলের সম্মান প্রদান করা হইবে।

সর জন লরেন্স নেপালীয় দূতের সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছিলে। আহলাদিত হইলাম, দূতের বাটীতে পুলিস নিযুক্ত করা হইয়াছে।

কুমার হরেন্দ্রকৃষ্ণ ও মুন্সি আমীর গোপনীয় দ্বার দিয়া গবর্ণর জেনরলের প্রবেশ করিবার স্বত্ব পাইবেন।

ডেলিমিউস শ্রবণ করিয়াছেন কলিকা মিউনিসিপালিটি বেশ্যাদিগের পরীক্ষা ও মির চিকিৎসালয়ের নিমিত্ত যে ব্যয় নির্দ্ধ করেন, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাহাতে ই হইয়া বলিয়াছেন, মান্দ্রাজের ন্যায় ত দিগের চিকিৎসককে রেজিষ্টার করা কর ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অবলম্বিত প্রণ অনুসরণ করিলে অল্প ব্যয়ে যথার্থ কাজ হই হগ সাহেব মাসিক ১৬,০০০ টাকা ব্যয় করি কারখানা করিয়াছিলেন। জষ্টিসগণ যদি বৃক্ষছেদন করিতে চান তাহা হইলে দু ফরিঙ্গি ওবরসিয়ার, একজন ইঞ্জিনিয়র অন্ততঃ ৩০ জন চাপরাশী প্রেরণ কর এখানে সেই সকেলে নবাবি চাল।

৩ রা মাঘ শুক্রবার।

আমরা মান্দ্রাজ এথেনিয়ম দর্শন ক দুঃখিত হইলাম, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যে লক্ষ টাকা রাজকুমার আজিমজার জন্য প্র করিয়াছেন তাহা তাঁহার পেন্সন হইতে বা এক লক্ষ টাকা করিয়া কর্ত্তন করিবার প্রকাশ করিয়াছেন। আজিমজার ৭০ ব বয়ঃক্রম হইয়াছে এবং তাঁহার শরীরও জী এ অবস্থায় বৃদ্ধি কমান ভাল নহে; কিন্তু অ দিগের পদচ্যুত রাজকুমারগণকে বলা উচি তাঁহারা ঋণগ্রস্ত হইলে ভবিষ্যতে কোনপ্র সাহায্য পাইবেন না। ব্রিটিশ গবর্ণমেণ্ট এ বি যে দয়া প্রকাশ করিয়াছেন কোন দেশের রা পদচ্যুতদিগের প্রতি এমত ব্যবহার করেন না তৃতীয় নেপলিয়ন আলম্বল বংশীয়দিগের গে নীয় জমিদারিগুলি পর্য্যন্ত কাড়িয়া লইয়াছে

কযোধ্যা আর্গসের সম্পাদক কাপ্তেন পি, মুরের মৃত্যু হইয়াছে। ইনি অনেক সংবাদপত্রের সম্পাদকতা করিয়া বিলক্ষণ লাভ করিয়াছিলেন। কাপ্তেন মুরের অন্তঃ নির্ম্মল ছিল; কিন্তু স্বভাবতঃ তাঁহার কিছু অধিক ছিল; তন্নিবন্ধন সর্ব্বদাই পণ্ডিত হইতেন। উদরীরোগে তাঁহার হইয়াছে।

ইণ্ডিয়ান মিরার পত্র এক্ষণে সাপ্তা হইল।

৪ঠা মাঘ শনিবার।

হুকেশন গেজেট বলেন, "শ্রীযুক্ত বাবু পচন্দ্র ঘোষ বি, এ, দেশীয় প্রচলিত কাসমন্তের একটী বৃহৎ ভ্রম প্রকাশিত য়া দিয়াছেন। অশ্বিনীনক্ষত্রের যোগতারার ত সূর্য্যের সংক্রমণ হইলেই বর্ষের আরম্ভ ঐ দিনের নাম মহাবিষুব শেষ সংক্রান্তির এক্ষণে যে দিনে ঐ সংক্রান্তি ধরা যায়. ইংরাজী ১৩ ই এপ্রিল। কিন্তু ক্রান্তিপা ন অশ্বিনী নক্ষত্রের যোগতারার সহিত র সংক্রমণ—অর্থাৎ সম অয়নাংশ এক্ষণে শ এপ্রিলে ঘটিতেছে। সুতরাং প্রচলিত কানুসারে সাত দিন পূর্ব্বে আমাদিগের রারম্ভ হইতেছে। ইংরাজী ২১ শে এপ্রিলে বৈশাখ ধরিলে ঐ ভ্রমের সংশোধন হয়। ৯ অমৃতবাজার পত্রিকা বলেন, "দিগাপাতি কুমার প্রমথনাথ রায় রামপুর বোয়ালিয়া ত দিগাপাতিয়াপর্য্যন্ত রাস্তা প্রস্তু র্থ ১৬ হাজার টাকা দান করিয়াছেন। আরও তাঁহার জিলাস্থ দুর্ভিক্ষপীড়িত দিগের সাহায্যার্থে ৩৫০ টাকা দিয়াছেন। ন্তব্যের জন্য লেঃ গবর্ণর তাঁহাকে ধন্য দিয়াছেন।"

—:০:—

ইউরোপীয় সমাচার।

বা ৬ ই জানুয়ারি। কাবালেটি হইতে লিগ্রাম আসিয়াছে, তদ্দ্বারা জানা যাই , সুলতান পারিসস্থিত তুরস্ক দূতকে াফ দ্বারা স্বাভিপ্রায় জ্ঞাপন করিতে হইয়াছেন, তন্নিমিত্ত ৯ ই জানুয়ারি দূত ইবে।

ধ্রুন ৬ ই জানুয়ারি। মাড্রিড হইতে যে াম আসিয়াছে তদ্দ্বারা জানা যাইতেছে কাডিজ ও মালাগাতে যে উপদ্রব হা তুর্ক পূর্ব্বপ্রজার অনুচরগণ করি এই ভাবে আপাততঃ গবর্ণমেণ্ট এক করিয়াছেন। ইটালীতে অদ্যাপি াগ রহিয়াছে, সেনাপতি কয়েন াপনের ভার পাইয়াছেন।

জানুয়ারি। তুরস্ক ও গ্রীসের বিবাদ যে দূতসভা হইয়াছে, তদ্দ্বারা ঞ্জন হইবার লক্ষণ দেখা যাইতেছে। ষ্টাফোর্ড নর্থকোট ইডসন বে কোম্পা- র্ণর মনোনীত হইয়াছেন।

জানুয়ারি। অদ্যকার লেবাণ্ট হেরালড পিটোপলাকর পুত্র ও প্রুটস্থিত বল- শ্চিয়রগণ তুরস্ক গবর্ণমেণ্টের নিকটে আত্ম সমর্পণ করিয়াছেন। সুলতান দুইখানি লৌহ বৃত জাহাজ ক্রয় করিয়াছেন।

আয়ারলণ্ডে কতকগুলি কৃষিসংক্রান্ত অত্যাচার ও গোলযোগ হইয়াছে।

তুরস্ক ও গ্রীসসংক্রান্ত দূতসভার অধিবেশন কল্য নিশ্চিত হইবে।

৯ ই জানুয়ারি। ভারতবর্ষের ষ্টেটসেক্রেটারি মৃত সর হারবার্ট এড ওয়ার্ডসের নিমিত্ত প্রশংসা সূচক এক মন্তব্য লিখিয়া তাঁহার স্মরণার্থ একটী স্তম্ভ করিবার মানস করিয়াছেন।

টাউলাউসের গবর্ণমেণ্টের উকীলের প্রতি ফরাশী সম্রাট এই বলিয়া দোষারোপ করেন, উকীল সংবাদপত্রের দিকে অন্যায়রূপে পক্ষপাত করিয়া কার্য্য করিয়াছেন। এই নিমিত্ত উকীল পদত্যাগ করিয়াছেন। কালিষ্টদিগের ষড়যন্ত্র ও সাধারণতন্ত্রপ্রিয়দিগের সংখ্যা স্পেনে বৃদ্ধি হইতেছে।

১১ ই জানুয়ারি। ফরাশী আয় ব্য সংক্রান্ত হিসাব প্রদান করা হইয়াছে। ১৮৬৬ অব্দে হিসাবের অতিরিক্ত ৩,৪০,০০,০০০ ফ্রাঙ্ক অধিক আয় হইয়াছে। ১৮৭০ অব্দে ১,৭৩,৬০,০০,০০০ ফ্রাঙ্ক আয় ও ১৬,৫০,০০,০০০ ব্যয় হইবে, স্থির করা হইয়াছে রিপোর্টে বলা হইয়াছে, শান্তিরক্ষায় সাধারণ সৌভাগ্য বৃদ্ধি হইবে এই সকলের সংস্কার হইয়াছে। সম্রাট নেপোলিয়ন সাধারণ মঙ্গলার্থ যে চেষ্টা পাইয়াছেন তাহারও উল্লেখ করা হইয়াছে।

ফোরেন্স হইতে যে টেলিগ্রাম আসিয়াছে তাহাতে প্রকাশ করে ইটালীর সমুদায় গোলযোগের শান্তি হইয়াছে। সেনাপতি সর চারলস সার চেলসিয়া হস্পিটালের লেপ্টনণ্ট গবর্ণর হইয়াছেন।

১২ ই জানুয়ারি। গ্রীস ও তুরস্কের বিবাদ ভঞ্জনার্থ যে দূতসভা হইয়াছে, নির্দ্দিষ্ট দূতগণ আপনাদিগের মন্তব্য জানাইয়া সেই সভাকে এক পত্র লিখিয়াছেন। গ্রীসের দূত তুরস্ক দূতের সহিত সমান সম্মান পাইবেন না।

ব্যাঙ্কৌণ্ট ষ্টাণ্ড ফোর্ডের মৃত্যুসংবাদ প্রকাশিত হইয়াছে।

লেবাণ্ট হেরালড বলেন, ক্রিটের বিদ্রোহিগণ আপাততঃ যে গবর্ণমেণ্ট নিযুক্ত করিয়াছিল, তাহার সভ্যগণ অনেক যুদ্ধের পর আত্ম সমর্পণ করিয়াছেন। চারি জন হত হইয়াছেন। সকলের কাগজ পত্র তুরস্ক কর্ত্তৃপক্ষের হইয়াছে।

ইউরোপীয় গবর্ণমেণ্টসমূহ তুরস্ক সহিত গ্রীক দূতের সমান সম্মান বিরুদ্ধে যে মীমাংসা করিয়াছেন, গ্রী মন্থর রাজের তদ্বিরুদ্ধে প্রতিবাদ করেন তিনি টেলিগ্রাফ দ্বারা এথেন্স হইতে উ চাহিয়া পাঠাইয়াছেন। দূতগণ গ্রীস ও তু দূতকে বলিয়াছেন, যত দিন সন্ধির তর্ক তত দিন তাঁহারা যেন কোন গোলযো করেন।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

৬ ই জানুয়ারি। নিম্নলিখিত সহকারী সুপরইণ্টেণ্ডাণ্টদিগের উন্নতি গ্রাহ্য করা

দ্বিতীয় হইতে প্রথম শ্রেণিতে।

জে, বি, গোড সাহেব।

জি, জে, কলি।

ডবলিউ, আর, গ্রিণ।

তৃতীয় হইতে দ্বিতীয় শ্রেণিতে।

ই, এম, শাউয়াস সাহেব।

ডাক্তর জে, গ্রিণ পদত্যাগ করাতে এ, লিউ কক্রেণ সাহেব কুমিল্লার বিদ্যালি সভার সভ্য হইবেন।

৮ ই জানুয়ারি। জে, হুইট মোর সা ময়মনসিংহের সহকারী মাজিষ্ট্রেট ও কালে হইয়া দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্ট্রে ক্ষমতা পাইবেন।

যতদিন এ, আবারক্রম্বি সাহেব বিদায় ল ইংলণ্ডে থাকিবেন, ততদিন জে, এম, লে সাহেব ঢাকার প্রতিনিধি সিবিল ও সেসি জজ হইবেন।

পুলিষ ইনস্পেক্টর জে, টমাস সাহেব ১৮ অব্দের ৩১ এ অক্টোবর অবধি ২৮ এ নবে পর্য্যন্ত দারজিলিঙের পুলিষ সুপরইণ্টেণ্ডাণে কার্য্যভার পাইয়াছিলেন।

৯ ই জানুয়ারি। যে, এম, বট সাহেব এ, প্রেসিডেন্সি কালেজের সিবিল ইঞ্জিনিয়রি বিভাগের অধ্যাপক হইয়া তৃতীয় শ্রেণি উন্নীত হইলেন।

১১ ই জানুয়ারি। কাপ্তেন এ, ই, কা

গরের প্রতিনিধি ডেপুটি কমিসনর হই-

হকুমের প্রতিনিধি ডেপুটি কমিসনর
ন ই, জি, লিলিভষ্টোন ১৮৬৮ অব্দের
াইনের ১ ধারানুসারী ক্ষমতা পাইবেন।
১ এ ডিসেম্বর অবধি বাবু মহানন্দ মুখো
র শিবসাগরের দেওয়ানী চিকিৎসা
ারী হইয়াছেন।
তদিন এল, আর, টটেনহাম সাহেব
া লইয়া অনুপস্থিত থাকিবেন, ততদিন
উ. এন, ওয়েলস সাহেব হাবড়ার প্রতি
াজিষ্টেট ও ডেপুটী কলেক্টর হইবেন।
৯ ই জানুয়ারি। বাবু অম্বিকাচরণ রায়
ী মালদহের সব রেজিষ্টার হইবেন।
তদিন ডাক্তর এ, ফ্লেমিঙ বিদায় লইয়া
স্থিত থাকিবেন, ততদিন ডাক্তর জে,
ইট মুরসিদাবাদের প্রতিনিধি সিরিল
ন হইবেন। তিনি আরও নিজপদগুণে
ত্য কুলিপ্রেরণবিভাগের অধ্যক্ষ হইবেন।

পবলিকওয়ার্ক বিভাগ।

ই জানুয়ারি। দ্বিতীয় শ্রেণির স্থানীয়
বী ইঞ্জিনয়র জে, আর, কে, উইলিম
াহের বর্দ্ধমানের স্থানীয় রাস্তা হইতে
া বিভাগে বদলী হইবেন
নম্নলিখিত ভদ্র লোকেরা ষ্টেট সেক্রেটারির
ত চুক্তি করিয়া বঙ্গদেশে ইঞ্জিনিয়র হইয়া
সিয়াছেন।
স, সি, আডলী-চতুর্থ শ্রেণির একজি
ব ইঞ্জিনিয়র।
ডবলিউ, ডে হিথ চতুর্থ শ্রেণির একজিকি
ইঞ্জিনিয়র।
জ, সি, লেচ'র প্রথম শ্রেণির সহকারী
নিয়র।
ঙ, এস, হাইডিঙস প্রথম শ্রেণীর সহকারী
নিয়র।
ডবলিউ, ব্রাসিংটন-দ্বিতীয় শ্রেণির ঐ
আর, ডি, মর্গাণ ঐ ঐ।
২ ই জানুয়ারি। চতুর্থ শ্রেণির একজিকি
ব ইঞ্জিনিয়র জে, এম, লক সাহেব মহানদী
ত ষ্টীমবিভাগে বদলী হইবেন।

উদ্ধৃত।

এখানকার শাসনসম্পর্কে
বৈদেশিক মত।

ফ্রান্সদেশবাসী সিগফ্রীড নামক কোন
ক সম্প্রতি ভারতবর্ষের সর্ব্বত্র পরিভ্রমণ
করিয়া গিয়া এক জন স্বদেশীয় প্রধান রাজমন্ত্রীর নিকট যেপ্রকার বিজ্ঞাপনী প্রদান করিয়াছেন, নিম্নে সেই বিজ্ঞাপনীর সারাংশ সঙ্কলিত হইল।

সিগফ্রীড সাহেব বলেন, ইংরাজাধিকৃত ভারতবর্ষ দেশ ফ্রান্স সাম্রাজ্য অপেক্ষা চয় সাত গুণ অধিক বৃহৎ। এই দেশ বিংশতি কোটি মনুষ্যের নিবাসভূমি। ইংরাজেরা এই মহাদেশের অধিকারলাভ করিয়া এক্ষণে প্রভুত্বপ্রাপ্তি অথবা স্বধর্ম্মপ্রচারের লোভে জলাঞ্জলি দিয়া কেবলমাত্র উপচিকীর্ষাবৃত্তিপ্রেরিত হইয়াই লৌহবর্ত্ম, তাড়িত বার্ত্তাবহ এবং কৃষিপ্রদর্শনী সংস্থাপনাদি সাধারণ হিতকর কার্য্যের অনুষ্ঠানে ব্যাপৃত হইয়া আছেন। এক্ষণে ভারতবর্ষের বৈদেশিক বাণিজ্যে ২০ কোটি টাকার স্বর্ণ এবং রৌপ্য ব্যতীত ৩০ কোটি টাকার দ্রব্য ও রপ্তানীর পরিমাণ ২৭০ কোটি টাকার দ্রব্য ভারতবর্ষে প্রতিবৎসর অনুন ৪৪ কোটি গজ বিলাতী থান বিক্রীত হইয়া থাকে। অর্থাৎ এত থান বিক্রীত হয় যে, তদ্দ্বারা সমস্ত ভূমণ্ডল উপর্য্যুপরি বিংশতিবার পরিবেষ্টিত হইতে পারে।

ভারতবর্ষে যে রেলওয়েসমস্ত প্রস্তুত হইয়া উঠিয়াছে, তাহাতে ৬ কোটি টাকা খরচ হইয়া গিয়াছে। গবর্ণমেণ্ট ঐসমস্ত টাকার নিমিত্ত স্বয়ং দায়ী হইয়া আছেন বলিয়াই রেলওয়ে সমুদায় প্রস্তুত হইতেছে। গবর্ণমেণ্ট সম্প্রতি কূপখননকার্য্যে মনোযোগী হইয়া তৎকার্য্যে ২০ কোটি টাকার অধিক ব্যয় করিতে মনস্থ করিয়াছেন। সমস্ত ভারতবর্ষে গবর্ণমেণ্টের নিজের অথবা গবর্ণমেণ্টের সাহায্যপ্রাপ্ত ১৯ হাজার বিদ্যালয় আছে। ঐ সমস্ত বিদ্যালয়ে অনুন ৩ লক্ষ দেশীয় বালক বিদ্যাধ্যয়ন করিতেছে।

কিন্তু ভারতবর্ষে ইংরাজদিগের যে কোন ত্রুটিই লক্ষিত হয় না, এমত নহে। ভারতবর্ষের জল বায়ু ইংরাজদিগের সহ্য হয় না। তজ্জন্য তাঁহারা তথায় উপনিবেশ সংস্থাপন করিতে পারেন না। যে ইংরাজ ভারতবর্ষে যান তাঁহার একমাত্র উদ্দেশ্য, শীঘ্র শীঘ্র বড়মানুষ হইয়া স্বদেশে ফিরিয়া আইসেন। সুতরাং ভারতবর্ষের প্রতি তাঁহাদিগের তাদৃশ মমতা জন্মে না। আর একটী দোষ এই যে, ইংরাজেরা দেশীয় লোকদিগের সংস্রব ভাল বাসেন না। তাঁহারা সচরাচর অত্যন্ত সাহঙ্কার এবং গর্ব্বিত ব্যবহার করেন। তজ্জন্য যেপরিমাণে দেশীয় লোকেরা লেখা পড়া শিক্ষা করিয়া রাজকার্য্যের প্রার্থী হইতেছে সে ইংরাজদিগের সহিত তাহাদিগের প্রতি এবং বৈরভাব উপস্থিত হইতেছে।" এ গেজেট।

—:০:—

আমরা মালিপোতা হইতে বি
খিত সমাচারগুলি প্রাপ্ত হইয়াছি

১। গত ৪ঠা জানুয়ারি গবর্ণমেণ্ট স
মালিপোতা ইং বাং বিদ্যালয়ের
পরীক্ষাকার্য্য সমাহিত হইয়া গিয়াছে
কেরা পরীক্ষিত বিষয়ে যেরূপ প
প্রদর্শন করিয়াছে, তাহা প্রীতিপ্রদ
হইবে। পরীক্ষাবসানে বিদ্যালয় দিবস
বকাশ হইয়াছিল। ছাত্রেরা বিশ্রামান্তে
অভিনব উৎসাহসহকারে অধ্যয়নকা
হইয়াছে। আগামী শ্রীপঞ্চমী পর্য্যা
বিদ্যালয়ের অবকাশের অব্যবহিত
বোধ হয় পরীক্ষোত্তীর্ণ বালকেরা য
পুরস্কৃত হইবে।

২। নিরতিশয় আহ্লাদসহকারে
করিতেছি যে কলিকাতা খিদিরপুর
পাণ্ডী ভূটকেলাসের রাজপরিবারস্থ
কুমার সত্যসত্যঘোষাল বাহাদুর এই
লয়ে এককালীন ৫০ টাকা দান করি
তদ্দ্বারা বিদ্যালয়ের আবশ্যক বা
যোগী অনেকগুলি দ্রব্যের যথেষ্ট সা
য়াছে। এতাবতা মালিপোতা উক্ত
কুমার বাহাদুরের নিকট যাবজ্জীবন
পাশে বদ্ধ রহিল। আমরা জগদী
প্রার্থনা করি, এরূপ মহানুভব লো
জীবী হইয়া দেশের মঙ্গলবর্দ্ধন করিতে

৩। সম্প্রতি এখানে হঠাৎ এক
শাবক আসিয়া যৎপরোনাস্তি উপদ্র
করিয়াছিল। অনেকগুলি দেশস্থ তাহা
কবলে কবলিত হয়। প্রায় ৪০৫
হইল, নবলার মাঠে সেই হস্ত হইয়াছে
জঙ্গলের বাদশ প্রাচুর্য্য, তাহাতে বাঘ
ঈদৃশ অত্যাচার নিতান্ত বিস্ময়কর
নহে। দেশীয় শান্তিরক্ষকেরা আরও
তন্দ্রাবেশে থাকুন, তাহা হইলে ক্রমশ
সর্ব্বাঙ্গীন শ্রীবৃদ্ধি হইবে। সে দিন অ
ধস্তির পর জঙ্গলকর্ত্তনের নিমিত্ত
ঘোষণাপত্র প্রচারিত হইয়াছি
সেখানি কি মরীচবিহীন বপু
খেল !!

৪। অত্রত্য অভিনব সং
আফিসের কার্য্য এক্ষণে যের

তে ইহার স্থায়িত্বের বিষয়ে নিঃসন্দিহান
ও পারা যায়।

২। শান্তিপুরের ক্ষুদ্র মকদ্দমার বিচারা
আগামী ১৯ এ জানুয়ারি রাণাঘাটে উঠিয়া
ই. এরূপ আদেশ আসিয়াছে। মুন্সেফি
গুলী আপাততঃ শান্তিপুরেই থাকিল
ংপের বিষয় এই, ব্যবহারাজীবদিগকে
ক্ষুদ্র পদবীতে পদার্পণ করিতে হইল।
ও; বিচারালয়গুলির একত্র সন্নিবেশই
ক্ত যুক্তির অনুমোদিত

৩। এখানে দিন দিন গোচোরের বিলক্ষণ
র্ভাব লক্ষিত হইতেছে। সচরাচর এমনও
থাকে, যে যে গৃহস্থের গরু চুরি যায়,
চোরেরা গরু অনুসন্ধান করিয়া দিব
া তাঁহার নিকট হইতে বিলক্ষণ দুটাকা
অথচ তিনি গরু পান না। মন্দ নয়
কিশুদ্ধ সহমরণ"। পুলিষের কার্য্যকারিতা
ই সমান। কেবল "বাকোতে পর্ব্বং
কার্য্যে তিলাকার"।

৪। হবীবপুরে একটী পোষ্ট আফিস সংস্থা
চেষ্টা হইতেছে শুনিয়া যার পর নাই
ানিত হইলাম। কিন্তু কৃতার্থতালাভের
একথা যেন বেল সাহেবের কর্ণগোচর না
তজ্জন্য হবীরপুরবাসীরা সতর্ক থাকিবেন।

৫। ১০ই জানুয়ারি অপরাহ্ণে এখানে
মিনিট কালের মধ্যে বারত্রয় ভূমিকম্প
গিয়াছে। এতাদৃশ কম্পন অদৃষ্টপূর্ব্ব।

পৌষ

আমাদিগের আনুলিয়াস্থ সংবাদ-
লিখিয়াছেন:—

আমরা আশা করিয়াছিলাম যে, এ দেশে
আফিসের সংখ্যা বৃদ্ধি হইলে পত্রাদি
সময়ে হস্তগত হইবে। কিন্তু দুর্ভাগ্য
স আশা ফলবতী হইতেছে না। সুসভ্য
গবর্ণমেণ্ট যেরূপ ডাক সংক্রান্ত নিয়ম
দিয়াছেন, তাহার অনুরূপ কর্ম্ম হয় না।
অনভিজ্ঞ কর্ম্মচারিগণই ইহার প্রধান
সময়ে সময়ে ইহাঁরা পত্রাদি এরূপ
প্রেরণ করেন যে, তাহাতে অনেকের
শেষ অনিষ্ট হয়। এখানে ভবদীয়
শপ্রভৃতি প্রায় ৫।৭ খানি সংবাদ
াইসে, কিন্তু অধিকাংশ ২।৩ দিবস
মাদিগের হস্তগত হইতেছে। সোম

প্রকাশ প্রায় বৎসরাবধি প্রতি মঙ্গলবারে এখানে আসিত; কিন্তু এক্ষণে বৃহস্পতিবারভিন্ন পাওয়া যাইতেছে না, ইহার কারণ কি? সে দিবস মালিপোতা হইতে একখানি রেয়ারিং পত্র আনুলিয়া ডাকঘরে আসিয়াছিল। পত্রখানির উপর অনুন ৫।৭ টী মোহর দেখিয়া হঠাৎ বোধ হইল যে এই ক্ষুদ্র পত্রখানি ভারত বর্ষের প্রান্ত ভাগ হইতে আসিয়াছে। মালিপোতা এখান হইতে ৫ মাইলের অধিক নহে। সেখান হইতে নিয়মিতরূপে পত্র পাইতে হইলে ৪ ঘণ্টার মধ্যে পাইবার সম্ভাবনা; কিন্তু পত্রখানি শান্তিপুর হইতে পূর্ব্ব দিকে না আসিয়া প্রথমতঃ পাণ্ডুয়ায় গমন করে, তথা হইতে কলিকাতাপ্রভৃতি অনেক প্রসিদ্ধ প্রসিদ্ধ নগর পর্য্যটন করিয়া পরিশেষে ৪।৫ দিন পরে এখানে উপস্থিত হইয়াছিল। যাহা হউক, এরূপ করিয়া পত্রাদি আসিলে ঘর ঘর পোষ্ট আফিসের প্রয়োজন কি? শান্তিপুরের ডেপুটী পোষ্টমাষ্টার বাবু বোধ হয় উক্ত পত্রখানি ভ্রমবশতঃ এরূপ স্থলে প্রেরণ করিয়াছিলেন। আমরা ভরসা করি পোষ্টমাষ্টার বাবু ভবিষ্যতে সাবধান হইবেন।

২। গত ১৮৬৮ সালের এস, এ, ও প্রবেশিকা পরীক্ষার ফল কলিকাতা গেজেটে প্রকাশিত হইয়াছে। কৃষ্ণনগর কালেজের এস, এ, পরীক্ষার ফল গত বর্ষের ন্যায় হয় নাই। প্রবেশিকায় এক প্রকার সমানই হইয়াছে। কৃষ্ণনগর কলেজে ২৬ জন ছাত্রের মধ্যে এল্ এ পরীক্ষায় সর্ব্বশুদ্ধ ১৫ জন, প্রবেশিকা পরীক্ষায় ৩১ জনের মধ্যে ১৬ জন উত্তীর্ণ হইয়াছেন।

৩। এবৎসরও মুড়াগাছা ইংরাজি বঙ্গ বিদ্যালয় হইতে মাইনর ছাত্রবৃত্তি কেহ প্রাপ্ত হন নাই। ৭ জনের মধ্যে তিন জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছেন। দুঃখের বিষয় এই স্কুল স্থাপনাবধি এপর্য্যন্ত একটী ছাত্রও ছাত্রবৃত্তিগ্রহণে সমর্থ হইল না। মুড়াগাছায় অনেকগুলি ভদ্র ও জমীদারের বাস আছে, এখানে প্রতিবৎসর বিদ্যালয়ের এরূপ ঘটনা নিতান্ত শোচনীয়। বিদ্যালয়টীর পক্ষোদ্ধার করা অধ্যক্ষ মহাশয়দিগের একান্ত কর্ত্তব্য।

৪। শুনিয়া সুখী হইলাম যে, "নাকাশীপাড়া থানার অন্তর্গত" সোণাডাঙ্গার জমীদার বাবু সুরেন্দ্রনাথ রায় ন্যায়পরতার সহিত প্রজাপালন করিতেছেন। ইহার অপরিসীম যত্নে এখানে একটী ইংরাজি বিদ্যালয় ও ডাকঘর সংস্থাপিত হইয়াছে। প্রজার হিতসাধনে

বাবু একান্ত অনুরক্ত। দুষ্টের দমন ও পালনসম্বন্ধে উক্ত হিতৈষী মহোদয় প্রধান দৃষ্টান্তস্থল। এরূপ জমীদারের দেশের অনেক হিতকর বিষয় সম্পন্ন পারে। ভদ্র লোকের মানরক্ষার্থে বাবু পর্য্যন্ত স্বীকার করিতেও উদ্যত।

৫। রাণাঘাট সবডিবিজনের মধ্যে ড়িয়া গ্রামে গরুর উপদ্রবে শস্য হয় কৃষকেরা একপ্রকার ও বিষয়ে হতাশ য়াছে। গবর্ণমেণ্টের উচিত যে, যাহাতে উপদ্রব না থাকে তাহার উপায় করেন।

—:০:—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পা

মহাশয় সমীপেষু।

ঝাঁসী অঞ্চলের দুর্ভিক্ষের বিষয় আপন ইতিপূর্ব্বে লিখিয়াছি এবং মহাশয়ও অন্য অনেক সংবাদ পত্রে জ্ঞাত হইতেছেন। এ এস্থানে ভিক্ষুকের সংখ্যা যে কত বৃদ্ধি হই তাহা বলা যায় না। আমরা এক্ষণে কের কষ্ট আর দেখিতে পারি না। এ অল্পবেতনভোগী কর্ম্মচারীদিগের যে কার কষ্ট উপস্থিত হইয়াছে, ব বর্ণনাতীত। আপনকার গত সপ্তা পত্রে পাঠ করিয়া অবগত হইলাম যে, ভারতবর্ষে খাদ্যদ্রব্য দুর্ম্মূল্য হওয়াতে ভ ১০০ টাকার নীচের কর্ম্মচারীদিগের শত ২৫ টাকা করিয়া বেতন বাড়াইয়া দিবার আ হইয়াছে। আমরাও এক আবেদন পত্র আম গের ডেপুটী কমিসনর সাহেব বাহাদুরকে দি জন্য প্রস্তুত করিয়াছি। আজি কালি এখানক অন্নক্ষেত্রে প্রায় ৫০০ লোক প্রত্যহ আ করিতেছে। অনুমান করি উড়িষ্যার দুর্ভি অপেক্ষা এখানকার দুর্ভিক্ষ ঘোরতর হই উঠিল। বাজারে দ্রব্যাদির মূল্য দিন দিন দু হইতেছে। এক্ষণে চাউল ৭॥০ ও গম ১০ বিক্রয় হইতেছে।

আমি আহ্লাদিত হইয়া একটী শুভ সংব আপনাকে ও আপনার পাঠকবর্গকে জ্ঞাত ক তেছি যে, বর্ত্তমান মাঘ হইতে এখানে বঙ্গদেশী বাবুরা একটী রিডিং ক্লব করিয়াছেন। এক্ষণে অ অত্যন্ত অল্প বলিয়া অধিক পুস্তকাদি সংগ্র করা হইতেছে না এবং অধিক মূল্যের সংবা পত্রাদিও লওয়া হইতেছে না। ফলতঃ আপাত

৩ খানি ইংরাজী সংবাদপত্র আনাইবার
প্রেরণ করা হইয়াছে। এক্ষণে জগদীশ্বরের
য় এটী স্থায়ী হইলে অতিশয় সুখের বিষয়
ব।

—:০:—

২৯এ পৌষের সোমপ্রকাশে একটী পরি-
যে লিখিত হইয়াছে যে, মণিঅর্ডার হুণ্ডির
ল লইতে হইলে মূল হুণ্ডির সহতুল্য বাঁটা
য়া একটি নূতন প্রথা হইয়াছে এবং
নি বলিয়াছেন, এই নিয়মটি অত্যন্ত অস-
। প্রথমতঃ আপনাকে জ্ঞাত করিতেছি যে,
প্রথাটি আদৌ অভিনব নহে। মণিঅর্ডার
পিসের স্থাপনাবধি হুণ্ডির সকল লইতে
ল, মূল হুণ্ডির মত সমান বাঁটা গ্রহণ করা
আছে। এক্ষণে যে নূতন নিয়ম হইল
া তাহাতর করিয়া এই পত্রের সহিত
রিত হইতেছে, অনুগ্রহ করিয়া সোমপ্র-
শ প্রকাশ করিলে আপনার পাঠক বর্গের
ত হইবে।

আপনি উক্তি করিয়াছেন যে, ডাকঘরের
াবধানতার জন্য সর্ব্বসাধারণের নিগ্রহ করা
ক প্রকারে অবিধেয়। কিন্তু হুণ্ডিসকল
কবল ডাকযোগে মারা যায় এমত নহে,
ণ অধিকাংশ সকল হুণ্ডির দরখাস্তের
দ্বারা প্রতীয়মান হইতেছে যে, অনেকগুলি
ও অপহৃত হয়, কতকগুলি বা দখলি কারের
লত হইবার পর হারাইয়া যায় ও কতক
া বা ডাকে প্রেরিত হইবার পূর্ব্বে ফেলা
। আপনি এই আপিসের অধিবেচনা
য় যে অভিযোগ করিয়াছেন, তাহা অমূলক
প্রমাণ করিবার নিমিত্ত যৎকিঞ্চিৎ লিখি
, সোমপ্রকাশে প্রকাশ করিয়া বাধিত
বেন।

লা মাঘ } শ্রীপ্রসন্নকুমার দাস দেব
৭৫ }

—:০:—

পারিতোষিক দান।

ৎসাহদান সমাজোন্নতির অন্যান্য কারণের
একটী প্রধান কারণ বলিয়া প্রতীয়মান হয়।
ময়ের লোক যে বিষয়ে যে পরিমাণে উৎ
প্রাপ্ত হয়, সেইসময়ের লোকের সেই
য়ে তদনুরূপ উন্নতিলাভও দৃষ্ট হইয়া
ক। প্রাচীন রোমকদিগের বীরত্ববিষয়ে
রিসীম উৎসাহ দান না থাকিলে বোধ হয়
রাজা বীর তুমির অনুপম উদাহরণস্থল
য়া অভিহিত হইত না। আলফ্রেড ও
এলভেবেথ প্রভৃতি রাজা ও রাজ্ঞীগণের অপ
রিমিত উৎসাহ না পাইলে বোধ হয় শিল্প ও
বাণিজ্য ইংলণ্ডের অসামান্য গৌরববৃদ্ধি করিত
না। আমরা যে ভারতবর্ষকে অমূল্য রত্নাকর
সকলের ভাণ্ডার বলিয়া শ্লাঘা করিয়া থাকি,
বিক্রমাদিত্যপ্রভৃতি গুণগ্রাহী মহাত্মাদিগের
অসীম উৎসাহদানই তাহার প্রধান কারণ
বলিতে হইবে। ফলতঃ উৎসাহ না পাইলে
মানবহৃদয়ের কোনপ্রকার বৃত্তিই যে মলবতী
হয় না, এ বিষয়ের অধিক উদাহরণ দেওয়া
বাহুল্যমাত্র। যতপ্রকার উৎসাহদানপ্রথা
আছে, বিদ্যাবিষয়ে উৎসাহ দানই সর্ব্বাপেক্ষা
মঙ্গলকর। আমাদিগের দেশের বর্ত্তমান সময়ের
উন্নতি যেরূপ আমাদের উপর নির্ভর করিতেছে,
ভবিষ্যতের উন্নতিও সেইরূপ দেশের বালক
গণের উপর নির্ভর করে। অতএব দেশের ভবি
ষ্যৎ উন্নতির আশা করিতে গেলে যে বিদ্যা
লয়ের বালকগণের পদে পদে উৎসাহবর্দ্ধন
করা অবশ্য কর্ত্তব্য, ইহা দেশহিতৈষী পরিণাম
দর্শী ব্যক্তিমাত্রেই স্বীকার করিবেন। এইরূপ
উৎসাহ বর্দ্ধন উপদেশ ও পারিতোষিকাদিদান
রূপ নানা উপায়ে হইতে পারে। তন্মধ্যে নিয়ত
কাল বাক্যদ্বারা বালকগণের উৎসাহ বর্দ্ধন
করা যেরূপ শিক্ষকগণের অবশ্য কর্ত্তব্য সেইরূপ
মধ্যে মধ্যে পুস্তকাদি পারিতোষিক দানদ্বারা
উৎসাহবর্দ্ধনও কর্ত্তব্য কর্ম্ম। পারিতোষিক
বলিয়া অতিসামান্য মূল্যের একখানি পুস্তক
দিলে বালকের মনে যেরূপ আনন্দমিশ্র
অপূর্ব্ব উৎসাহ রসের উদয় হয়, বোধ হয় লক্ষ
লক্ষ সুবর্ণ মুদ্রা দিলেও তাহার সেরূপ অনি
র্ব্বচনীয় না। এইরূপ উৎসাহ
প্রাপ্ত হই
পথে ধাবি
বালকগণও তাহাদিগের এই দৃষ্টান্তের অনুসরণ
করে।

গোবিন্দপুর বিদ্যালয়ের পারিতোষিক
দানই অদ্য আমাদিগের এই প্রস্তাবের মূল।
এই বিদ্যালয়টী প্রথমতঃ যৎকিঞ্চিৎ বারইয়ারি
পূজার নিমিত্ত সংগৃহীত চাঁদার ধনে স্থাপিত
হয়। মধ্যে যাঁহাদের মুখ চাহিয়া বিদ্যালয়টীর
স্থায়িত্বের আশা করা যায় কার্য্যকালে তাঁহাদের
অনেকে শিথিলপ্রযত্ন হওয়াতে বিদ্যালয়টীর
বিলোপশঙ্কা ঘটিয়াছিল। পরে উক্ত গ্রামের
জমীদার স্বদেশহিতৈষী শ্রীযুক্ত বাবু শ্যামাচরণ
বিশ্বাস মহাশয়ের অকপট যত্ন ও হস্তাবলম্বদানে
বিদ্যালয়টী পুনরায় উন্নতির পথে অগ্রসর হই

ছে। পূর্ব্বাপেক্ষা এক্ষণে ইহার ছাত্র
র্দ্ধি হইয়াছে এবং এ বৎসর একটী বালক
নর ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে
দিন মহাসমারোহে ইহার পারিতোষি
কার্য্য সম্পন্ন হইয়া গিয়াছে। সংক্ষেপে
লয়ের বার্ষিক বিবরণ কথিত হইলে শ্যাম
বাবু স্বহস্তে বালকগণকে পারিতোষিক
করেন। পারিতোষিক পুস্তকগুলি উৎকৃষ্ট
সর্ব্বপ্রধান পারিতোষিক ২০ টাকা
একটী রৌপ্যময় মেডাল ছিল। সমধিক
দের বিষয় এই যে অধিকাংশ বালকই পা
ষিক লাভ করিয়াছে। পারিতোষিকদান
পন হইলে শ্রীযুক্ত বাবু পরশুরাম বিশ্বা
বাবু কালীকুমার বিশ্বাস বিদ্যালয়ের
পর অবস্থা বর্ণনপূর্ব্বক এক একটী বক্তৃতা
উভয়ের বক্তৃতাই সকলের হৃদয়গ্রাহিনী
ছিল। পরশুরাম বাবু বিদ্যালয়টীর স্থাপ
কায়মনোবাক্যে ইহার মঙ্গলচেষ্টায়
রহিয়াছেন। বলিতে কি, ইহাঁর অকপট
পরিশ্রম না থাকিলে আমরা বিদ্যালয়টী
মান উন্নতি কদাচ নয়নগোচর করিতে
তাম না।

১৮৫৯ }
৮ জানুয়ারি } শ্রীউ

—•—

মজিলপুরহিতৈষিণী সভার
পৌষ মাসিক অধি
বেশন।

গত ১৬ই পৌষ মঙ্গলবার অপরাহ্
সভার অধিবেশন হয়। জমীদার শ্রীযুক্ত
দাস দত্তের অনুপস্থিতিতে জমীদার শ্রীযু
নারায়ণ দত্ত সভাপতির কার্য্য স
করেন। সভারম্ভে প্রথমতঃ গত সভার
বিবরণ পঠিত হইল এবং পূর্ব্বনির্দ্ধারিত
সকল কত দূর কার্য্যে পরিণত হইয়াছে
তৎসম্পাদনের প্রতিবন্ধক বা কি কি,
আলোচিত হইল। আমাদিগের দেশের লো
হঠাৎ উৎসাহিত ও হঠাৎ নিরাশ হন;
তাঁহারা বিবেচনা করেন না যে, বলি
কোন কার্য্য সম্পন্ন হয় না, সকল কার্য্যই
সাপেক্ষ এবং ক্রমাগত যত্ন ও চেষ্টার
আমাদিগের সকল কর্ত্তব্য যদিও আমরা
করিতে না পারি, তথাপি তাহা জানিতে
সাধন করিতে সাধ্যমত চেষ্টা করিলেও
ফললাভ হয়। ইচ্ছা ও চেষ্টা থাকিলে স

ও সংঘটিত হইয়া থাকে। বিশেষতঃ
। আমাদের সমাজের যেরূপ অবস্থা,
তে পাঁচ জন একত্র হইয়া কোন সৎ বিষ
আলোচনা করিলেও আপনার এবং
অন্য মন সংযুক্ত ভাবাপন্ন হইতে পারে, ইহাও
লাভের বিষয় নয়। সভার ফল হাতে হাতে
হইলে যাঁহারা ইহার আবশ্যকতা বুঝেন না,
বা সেন এই গূঢ় তাৎপর্য্য বিস্মৃত না হন।
। বারে একটী বিশেষ প্রস্তাব (বঙ্গবিদ্যালয়ে
তাত্ত্বিক দান) লইয়াই সভার কার্য্যশেষ
। বহু দিবসাবধি এই বিদ্যালয়ের প্রতি
য় লোকদিগের দৃষ্টি নাই, ইহাতে ইহা
দিন হীনশ্রী হইয়া যাইতেছে। ইহার শিক্ষ
সুপণ্ডিত এবং পরিশ্রমী এবং বৎসর
। ইহা হইতেই ২। ৩ টী ছাত্র পরীক্ষোত্তীর্ণ
ছেন, কিন্তু তাহাতে কি হইবে? সাধারণতঃ
নী নিরুৎসাহ ভাব সঞ্চারিত হইয়াছে।
নিরাকরণার্থ পারিতোষিকদানই একটী
ম উৎসাহকর কার্য্য। দেশের প্রায় সকল
ক যথাসাধ্য কিঞ্চিৎ দাতব্য স্বীকার কং
এ কার্য্য অনায়াসে সম্পন্ন হইতে পারে.
র দাতব্যসংগ্রহ হইলে আগামী মাসে পারি
ষিক দান হইবে স্থির হইল।

২০ এ পৌষ
২৭৫ } সম্পাদক।

—:০:—

চাশয়। আমাদিগের দেশে সাধারণে
ীতির প্রাধান্য না থাকাতে যে কতপ্রকার
ই সাধিত হইতেছে তাহা গণনা করা কাহা
াধ্যায়ত্ত নহে। যে ধর্ম্মনীতি লোকের
ও গৌরব বর্দ্ধনের একমাত্র উপায়, যে
তির অভাব হইলে দেশে রাষ্ট্রবিপ্লব
ত হইয়া সিংহবিক্রান্ত নরপতিকেও
ষ্ট করে, যে ধর্ম্মনীতির আনুকূল্যবাপ্তি
আমাদের শুভ ফলপ্রদায়িনী বিদ্যাও
হইয়া যায় এবং যে ধর্ম্মনীতি মানবজাতির
ক সৌভাগ্যসঞ্চারের উৎসস্বরূপ, তাহা
আবার কোন কোন শ্রেণির লোকদের
পহাসের বিষয় করিতে হইয়াছে। অধ
বচারালয়ে আমলাগণ ঐ বিষয় সম্বন্ধে
দাসীন বলিলেও অত্যুক্তি হয়
ইহাঁরা ঐ বিষয়ের নিকট যে পৃষ্ঠা
হন, তাহার আন্দোলন করা আমার
য নহে। সম্প্রতি কোন পত্রে পড়িয়া দিবার
য উৎকোচ গ্রহণ করা হইতেছে তাহাতে আমা
ধিক অনিষ্ট হয় না যত হউক সাধা

কাহারও সর্ব্বনাশ করিতে দেখিলে চিৎকার না করিয়া ক্ষান্ত থাকিতে পারা যায় না। আমি এরূপ বলিতেছি না যে ইহারা সকলেই ঐ চরিত্রের লোক; কিন্তু অনুসন্ধান করিয়া দেখিলে চতুর্থাংশও ভাল পাওয়া দুষ্কর হইবে এই দলের কোন কোন মহাত্মা ধনলোভ সম্বরণ করিতে না পারিয়া আদালতের নথি হইতে সমন বা ইস্তাহার জারির রসিদপ্রভৃতি কাগজ (যাহাতে প্রায় বিচারকর্ত্তার স্বাক্ষর থাকে না) বাহির করিয়া লইয়া অভিপ্রায়ানুরূপ নূতন আর একখানি রাখিয়া দেন। যাহার ব্যয়ে এই, ভয়ানক কার্য্য সম্পাদিত হয়, তাঁহার বিলক্ষণ উপকার হয় সন্দেহ নাই। এক্ষণে কোন পক্ষ আদালতে কোন কাগজ অপরিবর্ত্তিত রাখিতে ইচ্ছা করিলে তাহাকে ঐ কাগজের জাবেতা সকল (ইহাতে বিচারকের স্বাক্ষর ও মুদ্রা অঙ্কিত থাকে) লইতে হয়। সম্প্রতি এক ব্যক্তি এই উপায় অবলম্বন না করাতে তাহার ফল প্রাপ্ত হইয়াছেন। মহাশয়! আমাদিগের দেশের নিম্নস্থ ধর্ম্মাধিকরণগুলির পঙ্কোদ্ধারে কর্ত্তৃপক্ষ আর কত দিন অনবহিত থাকিবেন? যদি প্রাচীন সম্প্রদায় না হইলে কার্য্য না চলে, তবে এরূপ কতগুলি নিয়ম সংস্থাপন করুন যে ইহারা আপনাদিগের স্বভাবসিদ্ধ বিদ্যা প্রকাশ করিতে না পারেন আপাততঃ নথির কাগজ পরিবর্ত্তনের নিবারণ বিষয়ে কোন উপায় উদ্ভাবন নিতান্ত আবশ্যক হইয়া উঠিয়াছে। যে কোন কাগজ আদালতে দাখিল হইবে, তাহাতে বিচারকের স্বাক্ষর ও মুদ্রা অঙ্কিত করিবার নিয়ম করিলে আর পরিবর্ত্তনের সম্ভাবনা থাকিবে না (১) নিবেদন ইতি।

১৪ ই পৌষ
১২৭৫ } কস্যচিৎ
ভ্রমণকারিণঃ

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত	বাবু কৃষ্ণলাল চৌধুরী	মালদহ
১৮৬৯	জানুয়ারি হইতে ডিসেম্বর	১৩
»	» রাজকুমার মুখোপাধ্যায়	ত্রিহুত ৭
»	রাজা গোপীলাল পাড়ে	পাকোড় ১৩
»	» গোলোকচন্দ্র সেন	দিনাজপুর ১৩
»	» কৃষ্ণকিশোর নেউগি	বাগবাজার ৫॥
»	» ঠাকুরদাস সেন	কলুটোলা ৫॥
»	» অন্নদাপ্রসাদ মুখোপাধ্যায়	উত্তরপাড়া
»	» দুর্গামোহন দাস	বরিসাল
»	» দ্বারকানাথ ঘোষ	গোবিন্দগঞ্জ

(১) সম্প্রতি জেলা হাবড়ার প্রধান ডেপুটি মহাশয়েরা ঐরূপে কার্য্য করিলে সাধারণের বিশেষ উপকার হয়।

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫॥০ টাকা; মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। ছণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রকা মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের পরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হই যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা যেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

---

* এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঁদড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃ প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১১ শ ভাগ। ১১ সংখ্যা।

" প্রবর্ত্তয়ং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং

ডাকে মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
অগ্রিম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ১৩ই মাঘ। ১৮৬৯। ২৫এ জানুয়ারি { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষি
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

উদাসীনের মহৌষধ।

অর্শ, হাঁপানিকাশ, প্রমেহ, এবং উপদংশ
গের ঔষধ প্রস্তুত হইয়াছে, যাঁহার প্রয়োজন
বে ৩॥০ টাকা পাঠাইলে পাইবেন।

অম্বালা
পঞ্জাব } শ্রীহেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

পত্রের চুম্বক আরোগ্য সমাচার।

ম। আপনার প্রচারিত মহৌষধের বিষয় জ্ঞাত
য়া আমা অনেক দিন হইতে উৎসাহসহকারে
ঔষধের কার্য্যকারিতার বিষয় অনুসন্ধানেচ্ছু
লাম। ক্রমে এতন্নগরস্থ অনেক হতভাগ্য
াগীর মহা কঠিন কঠিন রোগ হইতে আশ্চর্য্য
ফললাভ সন্দর্শন করিয়া এবং শ্রবণ করিয়া
ন প্রীত হইয়াছি। ভরসা করি অনেক পর্ণ
ীর এবং সুবম্য হর্ম্ম্য উভয় স্থান হইতে মহা
য়ের মঙ্গলকামনার প্রার্থনা অন্তরীক্ষে মিলিত
য়া ঊর্দ্ধে গমন করিতেছে।

কলিকাতা
হাটখোলা } ব. শ্রীমহেশচন্দ্র অধিকারী

২য়। এক জন ভদ্রলোক তাঁহার কয়েক জন
ন্য জন্য ঔষধ আনিয়াছিলেন, যে যে লোকের
ন্য আনিয়াছিলেন, তাঁহারা সকলেই অরোগ
য়াছেন। একটী রোগী প্রমেহরোগে প্রায়
তবৎ হইয়াছিল।

ঘুর্ণী জেলা
নদীয়া } বঃশ্রীঅঘোরনাথ আচার্য্য

—:০:—

হরিনাভি ইং সং বিদ্যালয়ে ১৮৬৯ অব্দের
বেশিকা পরীক্ষার্থীদিগের পাঠনার্থ একটী
ণী করা হইয়াছে। যাঁহারা উহাতে প্রবিষ্ট
ইয়া অধ্যয়নের বাসনা করেন, তাঁহারা
প্রধান শিক্ষকের নিকটে নিয়মাদি অবগত
হইবেন।

৩০ ডিসেম্বর
১৮৬৮ } শ্রীদ্বারকানাথ শর্ম্মা
হরিনাভি বিদ্যালয়ের
অধ্যক্ষ।

—:০:—

মৎপ্রণীত চিত্তবিনোদ কাব্য ১ ম খণ্ড। অতি
সুললিত অমিত্রাক্ষরে রূপকচ্ছলে ইহাতে
ভারতবর্ষের বর্ত্তমানাবস্থা বর্ণিত হইয়াছে। গ্রন্থ
ক্রেচ্ছুক মহাশয়েরা বর্দ্ধমান বড়বাজারে অধর
লাল ধাহার পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইবেন।

শ্রীঈশানচন্দ্র বসু।

—:০:—

চিকিৎসাপ্রকরণ এবং চিকিৎসাতত্ত্ব

অর্থাৎ

প্রিন্‌সিপ্‌লস্‌ এবং প্রাকটীস্‌ অব
মেডিসিনের

প্রথম খণ্ড ৮ পেজি ফরমার ৭৬৮ পৃষ্ঠা
উত্তম বাঁধা, শ্রীযুক্ত বাবু গঙ্গাপ্রসাদ মুখোপা
ধ্যায় বি, এ, এম, ডি, কর্ত্তৃক সংগৃহীত হইয়া
প্রকাশিত হইয়াছে।

প্রথম খণ্ডের বর্ণিত বিষয় (১) সাধারণ
নিদানতত্ত্ব (২) অন্তরুৎসেক্য পীড়াসমূহ।
(৩) দৈহিক পীড়াসমূহ (৪) স্নায়ুমণ্ডলের
পীড়াসমূহ।

মূল্য ১০ টাকা, ডাকমাসুলসহিত ১০৷৷০
কলিকাতা লালবাজার হিন্দু হষ্টেল ২১৩ নং
বাটীতে শ্রীযুক্ত বাবু গুরুদাস চট্টোপাধ্যায়ের
নিকট পাওয়া যাইবে।

—:০:—

বাল্মীকি রামায়ণ

তৃতীয় খণ্ড

এই পুস্তক প্রথমাবধি প্রকাশ হইতেছে।
ইহাতে নাগরাক্ষরে মূল ও টীকা এবং সর্ব
বাঙ্গলা অনুবাদ আছে। যাঁহার আব
হইবে, তিনি কলিকাতা ব্রাহ্মসমাজে অ
নামে পত্র লিখিবেন। প্রত্যেক খণ্ডের
ফরমার) মূল্য ৷৷০ আনা। বিদেশীয় এ
দিগকে ৵০ আনা মাসুল দিতে হইবে।

কলিকাতা
ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য

মুজাপুর মেডিকেল হল

১। এতদ্দ্বারা আমাদিগের ঔষধক্রেতৃ
সুহৃদ, সহকারী ও সর্ব্বসাধারণকে জ্ঞাত
যাইতেছে যে, দ্বিতীয় ত্রৈমাসিক ই
সম্বন্ধে অর্ণবপোত " ষ্টার অব স্কোসীয়া,
উইক, ব্রিটিস প্রীন্‌স " দ্বারা দশ সহস্র
মূল্যের ঔষধ পূর্ব্ব প্রাপ্ত হওয়া গিয়
এতদ্ভিন্ন সম্প্রতি আমরা বিলাত
ইং সন ১৮৬৮ সালের শেষ ত্রৈমাসিক ই
সম্বন্ধে " ব্রিটিশ ফলাগ, কিং আর্থর
ব্যাকস " নামক অর্ণবপোতত্রয়দ্বারা ৮০
ইউরোপীয় ঔষধ প্রাপ্ত হইয়াছি। এই
ঔষধ ন্যূনাধিক সাত সহস্র টাকা মূল্যে
করা হইয়াছে।

২। আগামী বর্ষের প্রথম ত্রৈমাসিক ই
উপলক্ষে চিকিৎসোপযোগী অস্ত্র ও
প্রস্তুতকরণের ও ঔষধবিক্রয়করণের না
সামগ্রী ও সজ্জা ও বিবিধ ভৈষ
ইং সন ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসে বি
হইতে পৌঁছিবে।

৩। আমরা অধিক পরিমাণে ও
উত্তমরূপে ঔষধ বিক্রয় করিয়া থাকি।

৪। এই সমস্ত দ্রব্যাদির আসল ি
চালান ও অন্যান্য দলীল কেহ দেখিতে
হইলে, আমহার্ষ্ট ষ্ট্রীটে ৩৫ সংখ্যক প্র

যুক্ত বাবু গোপীনাথ দের নিকট কিম্বা
ার ষ্ট্রীটে ৫৫ সংখ্যক ভবনে ব্রাঞ্চ
য়র ম্যানেজর শ্রীযুক্ত বাবু নন্দগো-
লদারের নিকট দেখিতে পাইবেন

াতা
ডিসেম্বর
ন ১৮৬৮ } বন্দ্যোপাধ্যায় এবং কোং

—:০:০:—

যৌবনোদ্যান।

ও অন্যান্য কবিতাবলী।

াজকৃষ্ণ মুখোপাধ্যায় এম. এ, বি, এল
। মূল্য ।৵০ ছয় আনা। ১৭৬ নং
লিস ষ্ট্রীট সংস্কৃত পুস্তকালয়ে পাওয়া

শ্রীরাজকৃষ্ণমুখোপাধ্যায়।

—:০:—

র্দাসিতের বিলাপ মুদ্রিত হইয়া প্রকাশিত
। পুস্তকের কলেবর ৮ পেজী ফরমার
মা অর্থাৎ ২১২ পৃষ্ঠা। মূল্য ৸০ আনা
আবশ্যক হয়, ঠনঠনিয়া সংস্কৃত যন্ত্রের
লয়ে অথবা পটোলডাঙ্গা বাড়ুর্য্যে-দিগের
ার পুস্তকালয়ে অনুসন্ধান করিলেই
ন ইতি।

সাল
অগ্রহায়ণ
ত কলেজ } শ্রীশিবনাথ ভট্টাচার্য,

—:০:—

ঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
বাড়ুর্য্যে-দিগের কোম্পানির দোকানে
ত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
হইতেছে—

প্রণীত	মূল্য	
গ্রীসইতিহাস	১	টাকা
রোমইতিহাস	১	ঐ
ভূষণসার ব্যাকরণ	।	আনা
নীতিসার (১ ম ভাগ)	৶	ঐ
নীতিসার (২ য় ভাগ)	৶	ঐ

প্রচারিত।

মুগ্ধবোধ ব্যাকরণ	৸	ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

রাজী বাঙ্গালা পুস্তক কাগজ কলম নানা বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে ৵০ এক আনার হিসাবে কমিসন দি। অধিক টাকার পুস্তক লইলে ৵১০ আনার হিসাবে পাইবেন।

শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয়প্রণীত গদ্য ১৮ পর্ব্ব মহাভারত ১৭ খণ্ড ৩ ভাগে উত্তম সংযত করা ৬০

লণ্ডন ফারমা কোপিয়া অর্থাৎ ঔষধ কল্পাবলি ২৷৷০

মহম্মদের জীবনচরিত উত্তম রঞ্জিত ১

হরুঠাকুরপ্রভৃতি প্রাচীন কবিওয়ালাদিগের গীতসংগ্রহ ১

শারীরিক স্বাস্থ্যবিধান ১

প্রণয়প্রবাহ উৎকৃষ্ট কাব্য ১০

আশু সঞ্জীবনী দায়িনী ১৷৷

প্রথম তরঙ্গিণী ১

যদুনাথ ঘোষকৃত সংগীতমনোরঞ্জন ২

লয়লামজ্নু কাব্য কবিবর দ্বারকানাথ রায় প্রণীত ১

রাসরসামৃত সংস্কৃত ও পদ্য ৷৷

গীতগোবিন্দ জয়দেব গোস্বামিপ্রণীত মূলা ও যদুনাথ ন্যায়পঞ্চাননকৃত গদ্য ১৷০

কৌতুক তরঙ্গিণী ইংরাজি কেমেষ্ট্রি হইতে বিবিধ আশ্চর্য্যজনক বিদ্যা দর্শন হয় ১৵

প্রতিমূর্ত্তি সহিত ১২৭৬ সালের ফল পঞ্জিকা ৷৷

ঐ হাফ পঞ্জিকা ।০

দুর্গামঙ্গল পদ্য ১

কমলতরিণী ৷৷

সটীক চণ্ডী মূল ও অনুবাদ সহিত ৫

চরিতমঞ্জরী ইহাতে মিষ্টটীনির বিষয় বিশেষরূপে বর্ণিত হইয়াছে ১৷০

ইংরাজি ১৮৬৯ সালের এক্ট্রাক্সো কী ১৷৷৵

কুমারীকুমার পদ্য আদিরসপ্রধান কাব্য ১

স্বপ্নের মোহিনী শক্তি ।৵

গণেশচন্দ্র শর্ম্মকৃত বাঙ্গলা এটলাস উত্তম কাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত ৩

বিধবাবিবাহ নাটক ১

কামিনীকুমার রসরত্নাকরান্তর্গত নায়ক নায়িকাঘটিত সুরস কাব্য ৸০

মণিকুণ্ডলা কাব্য প্যারীমোহন বন্দ্যোপাধ্যায়প্রণীত দুর্গেশনন্দিনীর মত লেখা ১

ঔষধসিন্ধু লহরী ২৷৷০

ভূচিত্রাবলি ৩২খানি বাঙ্গালা মাপ সহিত ৪৷৷০

সটীক চৈতন্যচরিতামৃতগ্রন্থ ৭

কাদম্বিনী নাটক আইনসংযুক্ত ২ খণ্ড একত্রে ২

উষাহরণ পদ্য ১

হিতোপদেশ বিষ্ণুশর্ম্মার সংগৃহীত ১

কলিকাতা জোড়া-সাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র
নগদ বিক্রেতা

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদও টীকা সমেত প্রত্যেক খ
৮০ পৃষ্ঠা (অগ্রিমমূল্য) ৷৷০।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মূল্য
আমহর্ষ্টষ্ট্রীট ৩৪।১ নং ভবনে কাব্যপ্রক
যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যাল
শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারের নামে
খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অ
না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাই
নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্ব
রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস আরবো-
থনট এবং কোং

—:০:—

মহাকবি শ্রীকালিদাস প্রণীত সংস্কৃত কু
সম্ভব মল্লিনাথের টীকার স হত মুদ্রিত হইয়
এবং মল্লিনাথের টীকায় যেসকল দুরূহ প
ব্যাখ্যা উপেক্ষিত হইয়াছে, তাহা, পাঠকবর্গে
সুবিধার নিমিত্ত, পত্রের শেষে অতিরিক্ত টী
রূপে প্রদত্ত হইয়াছে। পদ ও পদের অর্থ স
দ্বারা পরস্পর মিলিত থাকিলে অনায়াসে
বোধের ব্যাঘাত হয়, এ জন্য টীকাধৃত পদ
লের সন্ধি বিশ্লেষ করা হইয়াছে। পুস্তকের
দংশ মুদ্রিত হইলে কতিপয় প্রসিদ্ধ অধ্যাপক
দেখিতে দেওয়া হইয়াছিল, তাঁহারা দে
সন্তোষ প্রদর্শন করিয়াছেন এবং সোমপ্রক
উত্তমরূপে সংশুদ্ধ হইয়াছে বলিয়া, তা
প্রশংসা করা হইয়াছে।

এই পুস্তক যাঁহার আবশ্যক হইবে
সংস্কৃত যন্ত্রে অনুসন্ধান করিলে অথবা আ
নিকট পত্র লিখিলে পাইতে পারিবেন। ই
মূল্য ২ দুই টাকা।

আহ্লাদের সহিত প্রকাশ করিতেছি,

ী কালেজের সংস্কৃত শাস্ত্রের সুবিজ্ঞ অধ্যা
ণ এই পুস্তক আপনাদিগের ছাত্রবর্গের
া বলিয়া মনোনীত করিয়াছেন। এক্ষণে
এইরূপে সর্ব্বত্র পরিগৃহীত হইলে আমি
সফল জ্ঞান করিব।

কলিকাতা
সংস্কৃত যন্ত্র
২৯ এ পৌষ
১২৭৫
} শ্রীক্ষেত্রমোহন মুখোপাধ্যায়

—:•:—

বিজ্ঞাপন।

২৪ পরগণার অন্তঃপাতী কোদালিয়ায় যে
মেণ্ট সাহায্যকৃত বাঙ্গালা পাঠশালা ছিল
া উঠিয়া হরিনাভি ইং সং বিদ্যালয়বাটীর
আসিয়াছে। যাঁহারা স্ব স্ব সন্তানাদিকে
য় পড়াইবার বাসনা করেন, তাঁহারা ইং সং
ালয়ের প্রধান শিক্ষকের নিকটে উপস্থিত
ল নিয়মাদি অবগত হইতে পারিবেন।
ায়ে ৪ চারি শ্রেণী করা হইয়াছে। প্রথম
ীর ॥৹ আট আনা। দ্বিতীয় শ্রেণীর ।৵৹
আনা। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ।০ চারি
। ছাত্রদেয় বেতন স্থির করা এবং তদ্ব্যতী
দির উত্তমরূপ ব্যবস্থা করা হইয়াছে।

১৫ সাল
তা মাঘ
} শ্রীদ্বারকানাথ শর্ম্মা
অধ্যক্ষ।

—:•:—

মাতলা রেলওয়ের যাদবপুর ষ্টেসনের
ত দূরবর্ত্তী চাকুরিয়া সাহায্যকৃত ইং বাং
ালয়ের প্রধান শিক্ষকের পদ শূন্য আছে।
ন ৩৫ টাকা।

শ্রীরামরাম রায়।
অধ্যক্ষ।

সোমপ্রকাশ।
১৩ ই মাঘ সোমবার।

এতদ্দেশীয় সৈনিকদিগের অস্ত্র।

সর জন লরেন্স পদত্যাগের কিয়দ্দি-
র্ব্বে ষ্টেট সেক্রেটারিকে লিখিয়া
াছেন, সিপাহীদিগকে এনফিলড ও
াষ্টার রাইফল দেওয়া কর্ত্তব্য। ইতি
র্ব্ব বোম্বাইয়ের ৩১ টী সেনাদলের
৮ রেজিমেণ্টে এনফিলড, লাহা
ও জেকবের চুনলা রাইফল দেওয়া
াছে, মান্দ্রাজে অদ্যাপি হয় নাই;
দেশের ত কথাই নাই। সর জন

লরেন্স এদেশীয়দিগকে যেপ্রকার অবি
শ্বাস করিতেন, তাহাতে তাঁহার এই
প্রস্তাব প্রশংসনীয় সন্দেহ নাই; কিন্তু
আমরা জিজ্ঞাসা করিতেছি, স্নাইডর না
দিবার কারণ কি? সমান অস্ত্র পাইলেই
কি এদেশীয় সৈন্যগণ ইংরাজদিগকে
পরাভূত করিতে পারে? ব্রিটিশ সাম্রা
জ্যের অস্তিত্ব কেবল কি সিপাহীদিগের
হস্তে নির্ভর করিতেছে? সর জন লরেন্স
সে দিবস জোজহানে স্বমুখে স্বীকার
করিয়াছেন, এদেশীয় সর্ব্বসাধারণে
সাহায্য না করিলে কখনই ১৮৫৭ অব্দের
বিদ্রোহশান্তি হইত না। বিংশতি
কোটি লোক দৃঢ়প্রতিজ্ঞ হইলে কি
৯০,০০০ ইউরোপীয় সৈন্য রাজ্যরক্ষায়
সমর্থ হইত? ব্রিটিশ সাম্রাজ্য শরীর
ও অস্ত্রবলের উপরে স্থাপিত হয় নাই।
কোন রাজ্যই শরীর ও অস্ত্রবলের উপর
নির্ভর করিয়া স্থায়ী হয় না এটী যেন
আমাদিগের শাসনকর্ত্তাদিগের স্মরণ
থাকে। আমাদিগের দেশের রাজগণ
দুই এক পুরুষের মধ্যে অপদার্থ ও অত্যা
চারী হইয়া পড়েন। ব্যক্তিবিশেষের
উপরে সাধারণের সুখ দুঃখ নির্ভর
করে। হয় ত এক জন উপযুক্ত নৃপতির
মৃত্যু হইবামাত্র তাঁহার সন্তানগণ হইতে
ভয়ানক অনিষ্ট হয়। পক্ষান্তরে ব্রিটিশ শাস
নপ্রণালীর উৎকর্ষ ও অব্যাহতি ব্যক্তি
বিশেষের উপর নির্ভর করে না। উন্নতি
ইহার অঙ্গাভরণ। ভারতবর্ষীয়েরা এটী
বিলক্ষণ জানেন। এই সাম্রাজ্য রক্ষা
আমাদিগের একান্ত আবশ্যক। যতই
দোষ থাকুক না, ভারতবর্ষীয়েরা ব্রিটিশ
জাতিকে পৃথিবীর মধ্যে ভদ্র ও ন্যায়
পরায়ণ বলিয়া জানেন। ইংলণ্ডের
মহানুভব ব্যক্তিরা স্বজাতিপক্ষপাতী
নহেন, এটী এদেশের অধিকাংশের
সংস্কার। যেনকল ইংরাজ ভারতবর্ষে
থাকিয়া আমাদিগের প্রতি শ
করেন, তাঁহারাই আবার ইংল
আমাদিগের স্বত্বরক্ষার্থ বদ্ধ
হন। ইহার কারণ এই, সেখানে
অন্যায় কথা বলেন, তিনি এক
দর হইয়া থাকেন। ব্রিটিশ জা
নৈসর্গিক ভদ্রতা ও ঔদার্য্যগুণই
জ্যের প্রধান ভিত্তিস্বরূপ হইয়
য়াছে। যত দিন এই গুণটী বি
থাকিবে, তত দিন সিপাহীগ
থাকুক, চারি লক্ষ রুশীয় সৈ
সিন্ধুর কূলে আইসে এবং সেই
সিপাহী ও ইউরোপীয় উভয়
বিদ্রোহী হয়, তথাপি সাম্রাজ্য
জাতির হস্তপরিভ্রষ্ট হইবে না।
একবার হইয়া সাহায্য করিবে
যে বৃথা বাগাড়ম্বর নহে, তা
অব্দের বিদ্রোহদ্বারা সপ্রমাণ হ
যখন ব্রিটিশ জাতির ভদ্রতা ও
গুণের উপরে সাধারণের ভক্তি
দূর, তখন এত অবিশ্বাস কেন?
করিতে হইলে তাহাদিগকে
উৎকৃষ্ট অস্ত্র ও উচ্চতম শিক্ষা
উচিত। যদি এ শিক্ষা দিতে
হয়, তবে এমত সৈন্য রাখাই
বেতনভোগী সৈনিকদিগের উপ
অবিশ্বাস করিলে তাহারা কি
অকৃত্রিম প্রভুভক্তি প্রদর্শন
পারে? আমি ভাল বাসিব না
অপরে আমাকে ভাল বা
এটী লার্ড ডেলহৌসির ভ্র
সংস্কার ছিল। ইউরোপীয়দিগে
সিপাহীদিগকে স্নাইডর রাই
উত্তম শিক্ষা দাও, বিপদকালে
ইহা অনিষ্টের হইবে না। যদি
সমান অস্ত্র হইলেই বিপক্ষগণ স
করিতে সমর্থ হইত, তাহ
জয় পরাজয় ব্যবস্থা হইত না;

এত গৌরব থাকিত না। সৈন্যগণ এক্ষণে নীচ শ্রেণি মনোনীত হইতেছে। এটাও ম ভ্রম।

—:০:—

ভেদ্দেশীয়দিগের বিদ্যানুশী-লনের প্রতিবন্ধকতা।

জন লরেন্স পদত্যাগের সময়ে একটী দুরপনেয় অনিষ্টের বীজ য়া গেলেন। এদেশীয়েরা যে শিক্ষা ও সভ্যতা প্রাপ্ত হন, এটা অভিপ্রেত নহে। তিনি জমীদার শ্রেণির প্রতি অনুকূল ছিলেন ইট সাহেবপ্রভৃতি যে সংস্কার গ্যবানদিগের অনুকূল মত রেন, সর জন লরেন্সের সে সংস্কার নাই। ব্রাইট সাহেব ী সমাজহিতৈষীরা সমাজের ধনী ও দরিদ্র উভয়ের মধ্যে করিয়া দিয়া উভয়ের সঙ্গতি ও ন্যতাসম্পাদনে যত্নবান। উচ্চ শ্রেণিকে নিম্নে আনয়ন নিমিত্ত প্রয়াসবান নহেন। নিম্ন ত্তব শ্রেণির স্বত্ব দান, এই গর চেষ্টা; কিন্তু সর জন লরে ী ও সংস্কার ইহার বিপরীত। নে করেন, এ দেশের উচ্চতর লোকদিগকে নিম্ন শ্রেণির সদৃশ ন্ন করিয়া তুলিতে পারিলেই র ব্রিটিশ সাম্রাজ্যের স্থায়িত্ব চশ্রেণির লোকের সামান্যরূপ ক, তাঁহাদের সাহস ও অধ্যব স্পৃতা হউক, তাঁহারা কোন রাজদিগের সমকক্ষতালাভে ন, নিম্ন শ্রেণির কিঞ্চিন্মাত্র স হউক এইমাত্র, সর জন লরে ার এইপ্রকার। তিনি কৃষক ন্ধু ছিলেন সত্য, কিন্তু যত দিন াহসহীন ও সামান্যমাত্র শিক্ষিত থাকিবে, তত দিন তাঁহার বন্ধুতা থাকিবে। ভারতবর্ষীয়েরা শীকদিগের ন্যায় চিরকাল শিশুতুল্য অবস্থায় থাকেন, ইহাই সর জন লরেন্সের অভি মত। এই জন্য তিনি শাসনের পাঁচ বৎসর কেবল নিয়মবহির্ভূত প্রণালী সাধারণে প্রচলিত করিবার চেষ্টা পাইয়া সাধারণের অপ্রিয় হইয়া এ দেশ ত্যাগ করিলেন; ইংরাজী শিক্ষা এ দেশের সভ্যতা ও সাহসবৃদ্ধির প্রধান কারণ; কিন্তু যাহাতে এই শিক্ষা কমিয়া যায়, সর জন লরেন্সের এই চেষ্টা। এই উদ্দেশ্যে তিনি এ দেশীয় ভাষায় বিশ্ব বিদ্যালয় করিবার চেষ্টা পাইয়াছিলেন। এই উদ্দেশ্যের বশবর্ত্তী হইয়াই তিনি যাইবার সময়ে নিম্নলিখিত অন্যায় কাজটী করিয়া গিয়াছেন:—

এপর্য্যন্ত গবর্ণমেণ্টের বিদ্যালয়সমূহের যাবতীয় ব্যয় গবর্ণমেণ্ট সাক্ষাৎ সম্বন্ধে করিয়া আসিতেছেন। সর জন লরেন্স স্থির করিয়াছেন, ভূমির কর হইতে যেসকল বিদ্যালয় স্থাপিত হইয়াছে, তদ্ভিন্ন যাবতীয় বিদ্যালয়কে শ্রেণিবদ্ধ করিয়া গবর্ণমেণ্টের দেয় টাকার পরিমাণ নির্দ্ধারিত করিতে হইবে। এই প্রকার শ্রেণিবদ্ধ হইলে পর যদি অতিরিক্ত ব্যয় হয়, তাহা ছাত্রদেয় বেতন ও অন্য অন্য দানদ্বারা নির্ব্বাহিত হইবে। বিদ্যালয়ের স্থায়ী কর্ম্মচারীদিগের বেতন মাত্র গবর্ণমেণ্ট প্রদান করিবেন; অতিরিক্ত ব্যয় স্থানীয় মূল ধন হইতে করিতে হইবে। প্রতিবৎসর বিদ্যালয়ের ব্যয় করিয়া গবর্ণমেণ্টের দেয় টাকা অপেক্ষা যদি অধিক ব্যয় হয়, তাহা হইলে স্থানীয় টাকা হইতে সাধারণ ধনাগারে সেই টাকা প্রেরণ করিতে হইবে। ছাত্রদেয় বেতনপ্রভৃতি গবর্ণমেণ্টের ধনাগারে প্রেরিত হইবে। স্থানীয় গবর্ণমেণ্টসমূহ ইহার উপরে কর্ত্তৃত্ব করিবেন। যে বি লয়ের স্থানীয় আয় অল্প হইবে, ত গবর্ণমেণ্টপ্রদত্ত টাকা সমান থাকি কি না তাহা উক্ত গবর্ণমেণ্টসমূহ বি করিবেন। যেখানকার লোকে অন্য বিষয়ে সাহায্য না করিবেন, তত্রত্য বি লয়ের লোপ হইবে। উত্তরপশ্চিমাং পঞ্জাব, মধ্যভারতবর্ষপ্রভৃতি স্থ বিদ্যাশিক্ষার্থ কর করা হইয়াছে, ত এ নিয়ম খাটিবে না।

উল্লিখিত আজ্ঞার কারণ ও উ বিষয়টী চিন্তা করিলে আহ্লাদ জ কিন্তু ফলের বিষয় চিন্তা করিলে এ খিদ্যমান হইতে হয়। সর জন ও য়াছেন, প্রতিবৎসর যখন বিশ্ববি য়ের ছাত্রসংখ্যা বৃদ্ধি হইতেছে, ও বঙ্গদেশে বিদ্যানুরাগ সবিশেষ বৃ হইয়াছে। এখন গবর্ণমেণ্ট কিঞ্চিৎ সা করিলেই এখানকার লোকে আপ গের শিক্ষাকার্য্য আপনারা কি তুলিতে পারিবেন। প্রস্তাবিত নি দ্বারা ব্যয় সংক্ষেপেরও সম্পূর্ণ সম্ভা আছে। কিন্তু এ উদ্দেশ্যের অনুরূপ লাভের সম্ভাবনা নাই। উক্ত অ প্রচলিত হইয়া যদি তদনুরূপ কার্য্য আমরা স্পষ্টাক্ষরে কহিতে পারি, এ শীয়দিগের উচ্চ শিক্ষার পথে ব ক্ষেপ করা হইবে। লক্ষসাহায্য বি লয়ে উদার শিক্ষা হওয়া দূরে থা সকল স্থানে সামান্য শিক্ষাও সুশৃ রূপে সম্পন্ন হইতেছে না। অতএব আশা দুরাশা সন্দেহ নাই। এ মনে যে পূর্ণ হইবে না হেসিডেন্সি কা ও মিসনরি বিদ্যালয় উভয়ের অন্তর করিলেই সুস্পষ্ট প্রতীয়মান হই লোকে কেবল এই কথা বলিবেন জন লরেন্স শিক্ষাকর করিতে ব্যর্থ মনোরথ হন, সেই রাগে এখানকার বর্দ্ধনশীল বিদ্যালয়

ইবার লঙ্ঘা করিয়া গিয়াছেন। নচেৎ
ীয় ফণ্ডের অর্থ কি? তাহার অর্থ
"তোমরা শিক্ষাকর দিতে চাহিতেছ
অতএব গবর্ণমেণ্ট আর বিদ্যালয়ের
ব্যয় দিবেন না। হয় টাকা দাও নচেৎ
মাদিগের বিদ্যালয় বন্ধ হউক।"
তঃ মধ্যম শ্রেণির শিক্ষার মূলে
প্রকারে আঘাত করা হইল। লোকে
আজ্ঞার আর এই একটী অসৎ উদ্দে
উল্লেখ করিবেন, যে মিসনরিগণ
শের জেসুট হইবার অভিলাষী হই
ন, তাঁহাদিগের মতে সমুদায় বিদ্যা
ার ভার তাঁহাদিগের হস্তে দেওয়া
া। কিন্তু দেখিতে পাওয়া যাইতেছে
মেণ্ট বিদ্যালয়ের ছাত্রতুল্য
নরি বিদ্যালয় হইতে ছাত্র বাহির
না। পুস্তক কমাইয়া, মিসনরি পরী
করিয়া, আপনাদের মতে সিণ্ডিকে
চালাইয়াও মিসনরিরা প্রেসিডেন্সি
লজের অর্দ্ধেক ফলও প্রদর্শন করিতে
হইলেন না। তাঁহারা ভাবেন এত
ীয়েরা অলস ও ব্যয়কুণ্ঠ। গবর্ণমেণ্ট
উদাসীন হন, তাহা হইলে প্রেসিডেন্সি
লজপ্রভৃতির অধোগতি হইবে।
ালয় উঠিয়া যায় দেখিলেই লোকে
াদিগের হস্তে শিক্ষাভার সমর্পণ
বন। কয়েক বৎসরাবধি মিসনরিগণ
নীতিজ্ঞের অবলম্বিত বক্রপথে সঞ্চ
করিয়া শিক্ষাবিষয়ে হস্তার্পণ করি
চেষ্টা পাইতেছেন। সর জন লরেন্স
র জেনরল হওয়াতে তাহাঁদিগের সেই
রথ পূর্ণ হইবার আশা জন্মিয়াছিল।
কথা এই হইতেছে, মিসনরিদিগের
শিক্ষাভার দিতে ভারতবর্ষ সম্মত
বেন কি না? পঞ্জাব হইতে পারেন;
দেশ হইতে পারেন; কিন্তু বঙ্গদেশ
ম্বাই ও মান্দ্রাজ কখন সম্মত হইবেন
উপসংহারে আমরা পুনরায় কহি-
ছি, বর্ত্তমান আজ্ঞা প্রচলিত হইলে
আপাততঃ এদেশের বিষম অনিষ্ট হইবে সন্দেহ নাই। ৫০ কোটি টাকা রাজস্বের মধ্যে এক কোটি টাকা শিক্ষাকার্য্যে ব্যয় কি বড় ব্যয় হইতেছে? শিক্ষা-সম্বন্ধে লোকে স্বাতন্ত্র্য অবলম্বন করেন, এটি প্রার্থনীয়; কিন্তু যাবৎ রাজনীতি সংক্রান্ত স্বাধীনতা লাভ না হইতেছে, তাবৎ এ স্বাতন্ত্র্য অবলম্বন সম্ভাবিত নহে।

ভারতবর্ষের জেল।

জেলে খাটনী ও আহারদানের যে নিষ্ঠুর ব্যবস্থা আছে, তাহা যেমন বন্দী-দিগের উৎকোচদানপ্রবৃত্তি উত্তেজিত করিয়া দেয়, জেলরক্ষক ও তাঁহার সহ কারীর বেতনের যে ব্যবস্থা আছে, তাহাও তেমনি তাঁহাদিগের উৎকোচ গ্রহণপ্রবৃত্তি উদ্দীপিত করিয়া তুলে। জেলরক্ষক ১০০ বা ৭৫ টাকা বেতন পান এবং তাঁহার সহকারী ২০ টাকা পাইয়া থাকেন। এক্ষণে অধিকাংশ স্থলে ইউরোপীয় জেলরক্ষক হইয়াছেন। একশত টাকা বেতনভোগী ইউরোপী-য়ের এবং কুড়ি টাকা বেতনভোগী এদেশীয়ের উৎকোচগ্রহণলোভ সম্বরণ করা কেমন কঠিন, তাহা বহুজ্ঞ ব্যক্তি দিগের অবিদিত নহে। জেলরক্ষক কমিসন পাইবেন, এই যে নিয়মটী আছে, তাহাও অত্যাচারের অন্যতর প্রধান কারণ। এই সকল মূল হইতেই কারাগারে অনুগ্রহ ও নিগ্রহের সৃষ্টি হই-য়াছে। কতকগুলি বন্দী অনুগ্রহভাজন হয়, তাহাদিগকে অধিক শ্রম করিতে হয় না, আর যাহারা তাহা না হয়, তাহা দিগের কষ্টের পরিসীমা থাকে না। এগুলি বাস্তবিক ঘটনা। ভাল লোকের নিয়োগব্যতিরেকে এসকল দোষের সংশোধনসম্ভাবনা নাই। ভাল লোকের নিয়োগ অধিকব্যয়সাপেক্ষ। এ ব্যয়

কোথা হইতে আইসে? এক্ষণে
নিয়ম আছে, তাহাতে অধি
জেলে গবর্ণমেণ্টের লাভ হও
থাকুক, অনেক ক্ষতি হয়।

কয়েদিরা "পেটভাতা"
দেয়, ইহাতে লাভ বিনা অলাভ
সম্ভাবনা নাই। তথাপি যে লাভ
তাহার কয়েকটী বিশেষ কারণ
প্রথম, সকল জেলে খাটাইবার
নাই। দ্বিতীয়, অনুগ্রহপাত্রেরা
বিধি খাটে না। তৃতীয়, যাহাতে
হইবার সম্ভাবনা, অনেক জেলে
নীর ব্যবস্থা ও উপায় নাই। গ
স্থানে স্থানে কাপড়ের, কাগ
চাউলপ্রভৃতি লাভজনক দ্রব্যে
করুন। প্রত্যেক জেলায় এক
জেল না রাখিয়া এক একটী
স্থানে এক একটী জেল ও
বা দুই তিনটী কল করিয়া অন
জেলার কয়েদিদিগকে সেই স্থা
য়ন করিতে হইবে। যে কলে য
আবশ্যক, তাহাদিগকে তাহাতে
হইবে। অন্য অন্য বন্দীদ্বারা অন
লাভকর কার্য্য করাইয়া লওয়া
এরূপ করিলে কলে যেমন এক
কিছু অধিক ব্যয় হইবে, তেমন
স্থানে জেলনির্ম্মাণ ও তাহার
জেলরক্ষক ও তাহার সহকা
ডাক্তরের ব্যয় ও অন্য অন্য নি
হইবে না। ইহাতে এক দি
সংক্ষেপ, অপর দিকে বিলক্ষ
হইবে। আমরা বর্দ্ধমানকেই
স্থলে গ্রহণ করিলাম। এখানে
অধিক কয়েদী নাই; কিন্তু সমু
ষ্ঠান আছে। যাহাতে অধিক
কয়েদিদিগকে তেমন কাজ দে
তেছে না, সুতরাং গবর্ণমে
হইতেছে। কিন্তু এখানে য
স্থান লইয়া একটী কা

এবং হুগলী মেদিনীপুরপ্রভৃতি
র জেল উঠাইয়া দিয়া তত্রত্য
দিগকে ঐ স্থানে আনয়ন করিয়া
াটাইয়া লওয়া হয়, তাহা হইলে
ন্টের ঐ ঐ স্থলের জেলের ব্যয়
মাইবে, ফলে ত্রিগুণ চতুর্গুণ
হইবে. কয়েদিরাও ভিন্ন ভিন্ন
কর্ম্মচারীদিগের অত্যাচারের
তে পরিত্রাণ পাইবে। আর
এই লাভ হইবে, যেখানে কল
সেখানে ভাল লোক অবশ্য
, সন্দেহ নাই। তিনি বন্দীদিগের
বুঝিয়া সকলকেই নিয়মিত সময়
তুলারূপে খাটাইয়া লইবেন।
নুগৃহীত, কেহ বা নিগৃহীত হই
বন্দীদিগের প্রতি নিষ্ঠুর ব্যব-
রা যেমন, অনুগ্রহ করাও তেমনি
। অনুগ্রহ করিলে তাহারা প্রশ্রয়
থাকে। যেসকল ব্যক্তি পুনঃ
রাগারে রুদ্ধ হইবার চেষ্টা পায়,
অনুমান করি অনুগৃহীতের
তাহাদিগের মধ্যে অধিক।

মা গত বারে জেলের খাটনীর
ও সময় এবং আহারপরিবর্ত্তের
ভাব করিয়াছি তদনুরূপ কার্য্য
কান্ত আবশ্যক; এগুলি অতিশয়
কাণ্ড, সভ্য কালের ও সভ্য গবর্ণ-
যোগ্য নয়। কয়েদিদিগকে যদি
ক্ষা পরিশ্রম করান হয় এবং
ন দেওয়া হয়, তাহারা ভয়
াগারে আসিবে না, এ যুক্তি
সঙ্গত নহে; ইহা কোন ক্রমেই
হী হয় না। যে শিক্ষক কেবল
ওষধদানদ্বারা ছাত্রের শিক্ষা-
পান, তিনি বিফলপ্রযত্ন হন
ই। গবর্ণমেণ্টের এই উদ্দেশ্য
5 যে, বন্দীদিগের চরিত্র
ধন হউক, তাহারা কারা
গারে আলস্যে কালক্ষেপণ না করিয়া
কর্ম্মঠ ও পরিশ্রমশীল হউক এবং এক
একটী ব্যবসায় শিক্ষা করিয়া জীবিকা
অর্জ্জনের পথ পরিষ্কৃত করুক। কিন্তু
এখন যে ব্যবস্থা আছে, তদ্দ্বারা
ইহার কোন উদ্দেশ্য সিদ্ধ হইবারই
সম্ভাবনা নাই। প্রথম, চরিত্রসংশোধ-
নের প্রথম ও প্রধান উপায় যে সদুপ-
দেশশ্রবণ তাহাদিগের তাহা ঘটে
না; তাহা শ্রবণ করিবার তাহাদি-
গের অবসরও নাই। উদরান্ত খাটিয়া
শরীরে অবসাদ জন্মে; উৎসাহ না
থাকিলে কোন কাজ ভাল লাগে না।
দ্বিতীয়, অত্যন্ত অসঙ্গত খাটনী হইলে
খাটনীর প্রতি স্বভাবতঃ বিদ্বেষ জন্মে।
সুতরাং কোনপ্রকার খাটনী শিখি
বার নিমিত্ত প্রবৃত্তি ও উৎসাহ হয়
না। তৃতীয়, অনেকে অত্যধিক শ্রম ও
অর্দ্ধাশনদোষে পীড়িত ও ভগ্নদেহ
হইয়া পড়ে; অনেকের প্রাণ বিয়োগও
হইয়া যায়। বৈরনির্য্যাতনার্থীর ন্যায় নিষ্ঠুর
ব্যবহার করা আমাদিগের গবর্ণমেণ্টের
সদৃশ কর্ম্ম নহে। ১০ টা অবধি ৫ টা
পর্য্যন্ত খাটাইবার সময় করাই উচিত।
প্রাতঃকাল অবধি বেলা ৮ টা পর্য্যন্ত
উপদেশ প্রদানের এবং ৯ টার সময়ে
আহারদানের ব্যবস্থা করা কর্ত্তব্য। যদি
বিজ্ঞ ব্যক্তিদিগকে উপদেশদেবার পদে
নিয়োজিত করা হয়, আর তাঁহারা, কুকর্ম্ম
করিলে ঈশ্বর, সমাজ ও আপনার
সম্বন্ধে কি কি অনিষ্ট হয়, তাহা বুঝা
ইয়া এবং তাহার উদাহরণস্থলে সেই
শ্রোতা বন্দীদিগের ও অন্য অন্য
কুকর্ম্মশীল ব্যক্তিদিগের কষ্টের বিষয়
বর্ণন করিয়া উপদেশ বাক্যগুলি তাহা
দিগের হৃদয়ঙ্গম করিয়া দেন, অনেকের
হৃদয় প্রশস্ত হইয়া উঠে সন্দেহ
নাই।

—:০:—

এদেশীয় রাজগণের কর্ত্তব্য।

এতদ্দেশীয় রাজগণের যদি
রাজ্যের শাসনপ্রণালীর উৎকর্ষ
নের বাসনা থাকে, তাঁহাদিগের ব
কলিকাতা, বোম্বাই ও মান্দ্রাজের
বিদ্য ও উপযুক্ত লোকদিগকে
কার্য্যে নিয়োজিত করেন। ত্রিবাঙ্কু
রাজা এই রাজনীতি অবলম্বন কর
এদেশীয় রাজগণের আদর্শ স্থল
ছেন। জয়পুরের রাজাও এই নীতি
ম্বন করিয়াছেন। রেওয়ার রাজাও ই
অবলম্বন উদাসীন নহেন। সম্প্রতি ব
রের রাজাও এই পথের পথিক হ
ছেন। কৃতবিদ্য ব্যক্তিরা শাসনক
নিয়োজিত হইলে যে রাজ্যের সবি
উন্নতি হইবে, তাহা বলা বাহুল্য। কৃত
দিগেরও মঙ্গলের সোপান হইবে। ত্রি
গবর্ণমেণ্টের অধীনে উচ্চতর রাজনী
সংক্রান্ত স্বত্বলাভের মনোরথ পূর্ণ
সহজ নয়। গবর্ণমেণ্ট তৃতীয় নেপ
নেরন্যায় কেবল বাক্যেই প্রে
দেখাইয়া আসিতেছেন, কিন্তু এপ
তাহা কার্য্যে পরিণত করিতে সমর্থ
লেন না। শিক্ষা ও সভ্যতাবৃদ্ধির স
উচ্চ আশারও বৃদ্ধি হয়। আমাদি
এ আশা পূর্ণ হইবার উপায় ন
এক্ষণে গবর্ণমেণ্টের অধীনে কর্ম্মগ্রহণ
কের অভিমত নহে। তাহার কারণ
উচ্চ বেতনের উচ্চ পদগুলি ভারতবর্ষী
গকে দেওয়া হয় না, ব্রিটিশগবর্ণমে
অধীনে স্বাধীনরূপে কার্য্য করিবার
মাত্র উপায় এক ওকালতী আছে;
দেশ শুদ্ধ লোকে উকীল হইতে
চলে না। ইহার মধ্যেই উকীলের স
বিলক্ষণ বৃদ্ধি হইয়াছে। দেশের
সাধনার্থ আপনার ক্ষমতা বিনিয়োগ
করিয়া চিরস্মরণীয় হইবার উপায়
নাই। ব্রিটিশ সাম্রাজ্যের অধীনে ত
দিগের কাহার জীবনচরিত লি

ল জন্ম ও মৃত্যু ভিন্ন অধিক লিখি
বিষয় পাওয়া যায় না। এক উৎকৃষ্ট
রচনা, অপর বিদ্রোহী হওয়া, ইহা
ভারতবর্ষীয়ের পক্ষে চিরস্মরণীয়
ার তৃতীয় উপায় নাই। আমা
র মধ্যে শাসনকার্য্যে দক্ষ লোক
য়া যায় না, একথা বলিলে ঈশ্বরকে
া করা হয়। সর্ব্ব কালে সর্ব্ব দেশেই
যুক্ত লোক দৃষ্ট হন। উপযুক্ত
নকর্ত্তা যদি তাঁহাদিগের অনুসন্ধানে
ৃত হন, পাইতে পারেন। যাহা
, উচ্চতর শাসনকার্য্যে নিযুক্ত হন,
ইচ্ছা ক্রমশঃ বলবতী হই-
ছ। এতদ্দেশীয় রাজগণ অনায়াসে
চরিতার্থ করিতে পারেন। ইহাতে
াদিগের যশঃ, প্রজাগণের মঙ্গল ও
শীয়দিগের গৌরববৃদ্ধি হইবে। আর
একটা বিশেষ উপকার হইবে এতদ্দে
রাজগণের অবলম্বিত উদারতর
ীতি দর্শন করিয়া ব্রিটিশ গবর্ণমেণ্ট
লজ্জায় পড়িয়া তদনুসরণচেষ্টা
তে হইবে। এতদ্দেশীয় রাজগণ
মাদিগের সেনাদলে উত্তম রাইফল
হার করাতে মর জন লরেন্সের সদৃশ
শুদ্ধচিত্ত লোকেও সিপাহীদিগকে
ফলড রাইফল দিবার প্রস্তাব করি
ন। গবর্ণমেণ্ট কোন বিষয়ে এদে
রাজগণের অপেক্ষা নিকৃষ্ট হইয়া
কবেন ইহা সম্ভাবিত নহে। এদেশীয়
বিদ্যাদিগকে রাজকার্য্যে নিযুক্ত করি
অপর লাভ এই, ইহাঁরা দেশের
কের অবস্থা বুঝিয়া যেরূপ কাজ
তে পারিবেন বিদেশীয়েরা যতই
যুক্ত হউন, না কেন, কখনই সেরূপ
তে পারিবেন না। এদেশীয় রাজগণ
কাল আপন আপন রাজ্য ভোগ
ন, এটী সর্ব্বসাধারণের বাঞ্ছনীয়;
সুশাসন ব্যতিরেকে সে মনোরথ
হওয়া সম্ভাবিত নয়। এদেশীয় কৃত

বিদ্যাদিগকে শাসনকার্য্যে নিয়োজিত করাই সুশাসন হইবার একমাত্র উপায়।

—:০:—

ভারতবর্ষের পুরাতন ও নূতন গবর্ণর জেনরল।

সাপ্তাহিক সংবাদপত্র সর জন লরেন্সের প্রশংসাস্তবের এক স্থানে লিখিয়াছেন "ভূতপূর্ব্ব শাসনকর্ত্তারা অনেকেই এপ্রদেশস্থ সংপ্রদায় বিশেষের তুষ্টি ধন করিয়া গিয়াছেন, কিন্তু ইনি (সর জন লরেন্স) কোন সংপ্রদায়ের অম কী করেন নাই।" এতৎ পাঠে একটী চিরন্তন প্রবাদবাক্য আমাদিগের স্মৃতিপথে আরূঢ় হইল, "যিনি সকলকে সন্তুষ্ট করিবার চেষ্টা পান, তিনি কাহাকেই সন্তুষ্ট করিতে পারেন না।" দুর্ভাগ্যক্রমে সর জন লরেন্স এই প্রবাদ বাক্যের একটী নূতন উদাহরণ হইয়া গেলেন। সর জন লরেন্স অসৎ গবর্ণর জেনরল ছিলেন না, কিন্তু তিনি প্রায় কাহারই অকপট অনুরাগ ও কৃতজ্ঞতা ভাজন হইতে পারিলেন না, এটা সামান্য দুঃখের কথা নয়। আমরা অন্যের কথা ধর্ত্তব্য করি না। ব্যক্তি বা সম্প্রদায় বিশেষের হৃদয় রাগদ্বেষাদি দোষে কলুষিত ও বিচলিত হইতে পারে; কিন্তু তিনি যাহাদিগকে পালন করিতে আসিয়াছিলেন এবং যাহাদিগের হিতচেষ্টা করিয়াছিলেন, তাঁহাদিগের হৃদয়ে রাগদ্বেষাদির প্রসর সম্ভাবনা নাই। তথাপি তাহারা যে তাঁহার প্রতি অনুরক্ত হইলেন না; এটী পরমাশ্চর্য্যের বিষয়। ইহা সৎ শাসনকর্ত্তাদিগের পক্ষে নিতান্ত ক্লেশকর। প্রজা প্রীত হইলেই সৎ শাসনকর্ত্তা মাত্রেই আত্মাকে চরিতার্থ জ্ঞান করিয়া থাকেন। কণ্বের দুই শিষ্য রাজা দুষ্মন্তের নিকটে উপস্থিত হইলে রাজা জিজ্ঞাসা করিলেন, আপনাদিগের তপস্যা নির্ব্বিঘ্নে সম্পন্ন হইতেছে ত? তাঁহারা উত্তর

ক.রলেন, আপনি রক্ষা
ধর্ম্ম ক্রিয়ার বিঘ্ন হইবার স
এই কথা শুনিয়া রাজা মনে মনে
লাগিলেন, আজি আমার রাজশ
তোভাবে সার্থক হইল। প্রজার
লাভ যে কি প্রীতিকর পদার্থ, স
কর্ত্তা ভিন্ন অন্যের তাহা অ
নহে।

প্রজারা তাঁহার গমনকালে সে ৎ
অভিনন্দন দিলেন না। তাঁহা
অনুষ্ণ ব্যবহারের কারণ কি
কি অকৃতজ্ঞ; অকৃতজ্ঞতাই কি সে
অপরিণামদর্শীরা অকৃতজ্ঞতা
বলিয়া নির্দ্দেশ করিতেছেন; বি
ধাবন করিয়া দেখিলে এ অ
দোষরূপ ন্যায়ানুগত বলিয়া
মান হয় না। আমাদিগের
যেগুলি প্রকৃত কারণ বলিয়া উ
তেছে, তাহা একৈকক্রমে প
শিত হইতেছে।

সর জন লরেন্সের অবলম্বিত
প্রণালী এবং তাঁহার সংস্কার
দোষই প্রধান কারণ। তিনি
দিগের অকৃত্রিম মিত্র ও অকপট
প্রজারা তাঁহার কোন কার্য্যে
পরিচয় পান নাই; বরং দুর্ভিক্ষ
তাহার বিপরীত প্রমাণই
তিনি দুর্ভিক্ষকালে নিশ্চিন্ত
লায় বসিয়া রহিলেন, এ দি
কাণ্ড হইতে লাগিল। প্র
তিনি যথার্থ প্রজাহিতৈষী
লেপ্টনণ্ট গবর্ণর ও রে
উপরে নির্ভর করিয়া নি
পারিতেন না। ফলত,
তাঁহার সদ্গুণের প
উৎকৃষ্ট অবসর
হইয়া গিয়াছে।
তাঁহার প্রতি নীত

দ্বিতীয়, তিনি

রে বিদ্যাশিক্ষাপ্রভৃতি যে
চেষ্টা পান, তাহাতেও তাঁহার
হিতৈষিতার পরিচয় হয় নাই।
রা কর ভাল বাসেন না ; কিন্তু
ইহাঁদিগের স্কন্ধে সেই করভার
করিয়া হিতসাধনচেষ্টা পাইয়া
। ইহাতে প্রজারা তুষ্ট না হইয়া
তাঁহার উপরে রুষ্ট হন ; সুতরাং
কৃত উপকার চেষ্টা তাঁহা
অমৃত জ্ঞান না হইয়া বিষতুল্য
। যে যে কাজ ভাল বাসে না, যদি
াহাকে এই কথা বলে, তুমি যদি
কাজ কর, আমি তোমার উপ
করিব, তাহাতে কি সে সম্মত হয়?
সেই উপকারকে উপকার জ্ঞান
তাঁহার নিকট কৃতজ্ঞ হয়? সর
রেন্স যদি গবর্ণমেণ্ট হইতে অধিক
নুকূলের অঙ্গীকার করিয়া প্রজা
ক অবশিষ্ট অর্থদানার্থ প্রবর্ত্তিত
র চেষ্টা পাইতেন, তাহা হইলে
। তাঁহার সদাশয়তা বুঝিতে পারি
এবং তাঁহার প্রস্তাবে সম্মত হই।
র চেষ্টা পাইতেন সন্দেহ নাই।
য়, লোকে যেমন বাক্যে ভুলেন
ন। সর জন লরেন্স যে কয়টী হিত
ন সেগুলি প্রায় বাক্যেই
হয়। তিনি যদি দেশ সাধার
র কোন মহৎ কার্য্যের অনু
পারিতেন, তাহা হইলে
সৎকারার্থ ব্যগ্রমনা হই
ই।

র্মবিষয়ে ঐকান্তিকতা
ক্ষে নিতান্ত নিষিদ্ধ।
ল্যরূপে দর্শন করা
তান্ত বিধেয় যে
ধর্ম্মে ঐকান্তিক অনু
কখন প্রজাহিয় হইতে
খৃষ্টধর্ম্মে ঐকান্তি
শীয়দিগের উপরে
তাঁহার বিশ্বাস ছিল না। তুমি যদি আমাকে বিশ্বাস না কর, আমি যে তোমাকে বিশ্বাস করিব, ইহা স্বভাবের অনুমোদিত নহে। এই কারণে তিনি প্রজার বিশ্বাসভাজন হইয়া যাইতে পারেন নাই। তিনি যে এদেশীয়দিগকে বিশ্বাস করিতেন না, সাপ্তাহিক সংবাদ পত্রই তাহার প্রমাণ করিয়া দিয়াছেন। উক্ত পত্র লিখিয়াছেন "ইনি (সর জন লরেন্স) আপনি বলেন, যখন এদেশে বহুসংখ্যক খৃষ্টীয় সৈন্যদল হইবে, তখন এ দেশে শান্তি বিরাজমান থাকিবে।" এতদ্দ্বারা কি স্পষ্ট প্রমাণ হইতেছে না যে, তিনি খৃষ্টধর্ম্মাবলম্বী হিন্দু ও মুসলমানদিগকে বিশ্বাস করিতেন না? সাপ্তাহিক পত্র মিসনরিদিগের কবলান্বিত, সর জন লরেন্স মিসনরি ভক্ত ছিলেন, অতএব এতদংশে উহার লিখন বিশ্বাসনীয় ও আদরণীয় সন্দেহ নাই

পঞ্চম উপধর্ম্মবিমোহিত ব্যক্তিদিগের অসন্তোষের একটী কারণ এই, তাঁহারা বলেন, সরজন লরেন্স অতি অলক্ষণাক্রান্ত। তাঁহার আগমন কালাবধি লোক এদেশের নিমিত্ত সুস্থির নন উপর্য্যুপরি দৈব বিপদ হইয়া গিয়াছে। একের শাসন কালে দুই বার দুর্ভিক্ষ ও দুই বার প্রবল ঝড় এরূপ কেহ কখন দেখেন নাই। তাঁহার গমন সময়েও বঙ্গদেশে অদৃষ্ট পূর্ব্ব ভূকম্প হইয়া গেল। ইহাতে গৃহ সকল পতিত হইয়া এবং কোন কোন স্থান ভূগর্ভে মগ্ন হইয়া লোকের বিস্তর ক্ষতি হইয়াছে। দৈবঘটনার উপরে মানুষের প্রভুত্ব নাই, উপধর্ম্মবিমোহিতেরা তাহা বুঝে না। যাঁহার আগমনে ঐসকল অমঙ্গল হয়, তাঁহাকে অলক্ষণাক্রান্ত বিবেচনা করিয়া তাঁহার প্রতি অননুরক্ত হয়।

যদি, সর জন লরেন্স যতগুলি প্রজার অপ্রিয় কাজ করিয়াছেন, তাহার সহিত প্রিয় কাজগুলির ন্যূনাতিরেক বিবেচনা করিলে অপ্রিয় কাজগুলি অধিক হইয়া উঠে। সুতরাং সেই অপ্রিয় কার্য্যের মধ্যে প্রিয়কার্য্যগুলিও মগ্ন হইয়া গিয়াছে। সেই প্রিয়কার্য্যগুলিও এরূপ ধাতুর যে সাধারণে তাহার ফলোপধারি বোধে সমর্থ হয়।

এইসকল বিষয় বিবেচনা করি আমাদিগের স্পষ্ট বোধ হইতেছে, সকল প্রজার সর জন লরেন্সের অনুরাগ জন্মে নাই, তাঁহারা অভিনব না দিয়া উত্তম কাজই করিয়াছেন। তাঁহারা দিতেন, কেবল যে তাঁহাদি কাল্পনিক ব্যবহার প্রকাশ হইত এ নয়, তাঁহাদিগের অসারতারও পরি হইত। এতদ্দ্বারা তাঁহারা যে স্বকর্ বুঝিয়াছেন তাহার প্রমাণ হইয়াছে আর এই এক ইষ্টলাভ হইয়াছে, গবর্ণর জেনরলদিগের মধ্যে যাঁহ প্রজার অনুরাগকে শ্লাঘনীয় বলি জ্ঞান করিবেন, তাঁহারা অকপটচি প্রজার হিতসাধনচেষ্টা করিবেন সেই চেষ্টা মৌখিক না করিয়া ক পরিণত করিবার প্রকৃত উপায়ের অ মনে যত্নবান হইবেন।

প্রস্তাবটী ক্রমে ক্রমে দীর্ঘ হ উঠিল। এক্ষণে সংক্ষেপে নূতন গ জেনরলের বিষয়ে কিছু বলিয়া প্রস্তা উপসংহার করা বিধেয় হইতেছে। মেরের আগমনে সকলেই হর্ষো হইয়াছেন। সকলের মনেই আশা য়াছে, তাঁহা হইলে আমাদিগের বি ইষ্টলাভ হইবে। অতএব আমাদি প্রার্থনীয় এই, তিনি কেবল সিমলায় ও দরবারে সরকারী অর্থের শ্রাদ্ধ ক স্বদেশে প্রতিগমন না করেন। হইলে প্রজার মনোরথ পূর্ণ হয়, ই আমাদিগের একান্ত বাঞ্ছনীয়।

দুর্ভিক্ষ নিকষস্বরূপ সম্মুখে উপ এই সময়ে তিনি আত্মগুণের প দিয়া প্রজার প্রীতিলাভের চেষ্টা কর এ বার তাঁহাকে আমরা কেবল এ বিষয় দেখাইয়া দেওয়া নিরস্ত হইলাম প্রতীক্ষা করিয়া রহিলাম।

বিবিধসংবাদ।

৬ই মাঘ সোমবার।

নাদপুর ও তন্নিকটবর্ত্তী স্থানের কূ ক্রমশঃ শুষ্ক হওয়াতে লোকে অতিশয় হইয়াছেন।

া সাহেব পুনর্ব্বার সর্ব্বসাধারণকে ইডেন
নে প্রবেশ করিবার অনুমতি দিয়াছেন
াহেব কাজ পারুন আর না পারুন
কে চটাইতে বড়ই তৎপর। তিনি যথেচ্ছা
রতে গিয়া বারম্বার অকৃতকার্য্য হইতে
তথাপি চেষ্টার ত্রুটি নাই।

ধান বিচারপতি আজ্ঞা দিয়াছেন কোন
র্পী মক্কেলের নামে যে বিল করিবেন তাহার
র্দ্ধাংশ আদালত বাদ দেন তাহা হইলে
ডিক্রীদারের সমুদায় ব্যয় আটর্ণীকে দিতে
। রাধানাথ বসু এই আজ্ঞার কারণ বোধ
হচ্ছে।

র্ণমেণ্ট ৮০০০ টাকা ব্যয়ে লাট এলগি
একটী স্মরণার্থ চিহ্ন স্থাপন করিবার মানস
াছেন। ব্রিজিতলার গিরিমায় ইহা হইবে।
এলগিনের নাম ভারতবর্ষীয়দিগের শতকর
নের স্থান নাই। তাঁহার নিকটে ভারত
কান বিষয়ে ঋণী নহেন। আমরা ভাবিয়া
ম লর্ড এলগিনকে যে ২০০০০ টাকা
ক দেওয়া হইয়াছে তাহাই অধিক হই-
। লোকে স্মরণার্থ চিহ্ন করুন না করুন
মেণ্ট নিজে করিবেন এপ্রথা মন্দ নয়। যে
দিয়া হউক, টাকা অনারিবেলেরই যাইবে।
নপালীয় দূত শনিবার সপরিবর্গে ভ
ার লাড মেয়োর সহিত সাক্ষাৎ করিতে
উপঢৌকন প্রদান করিয়াছেন। গবর্ণ
লণ্ড খেলাত প্রদান করিয়াছেন। লাড
নেপালীয় সৈন্যদিগের সুশিক্ষার প্রশংস
ছিলেন।

াবের প্রধান আদালতের উকীল নীল
খে পাঁয়ত্রিশ ৮০০ টাকা বেতনে কাশ্মীরে
এক জন কর্ম্মচারী হইয়াছেন। রাজা
ইঁহাকে অধ্যক্ষতে আহ্বান করিয়াছিলেন
র মুখোপাধ্যায় কলিকাতার বিখ্যাত বদ
এক জন ছিল, এ উপাধিধারী। কৃতবিদ্য
শাসন কার্য্যে প্রবৃত্ত করা এতদ্দেশীয়
দিগের একান্ত কর্ত্তব্য।)

কালন্তি পরীক্ষাগারস্থ হিন্দুপেশিয়ট
ভ্রমে পতিত হইয়াছেন। যেসকল দ্বিতীয়
ব উকীল ইংরাজী জানেন না, তাঁহা
ক এই শেষবার বঙ্গভাষায় পরীক্ষা দিতে
া হইবে। ইংরাজি ভাষায় উকীলেরা
যায় পরীক্ষা দিবার স্বত্ব পাইবেন
তাঁহাদিগকে আইনের উপদেশ শ্রবণ
া পরীক্ষা দিতে হইবে। তবে বিনা উপ
শ্রবণে পরীক্ষার স্বত্ব সকলকে দেওয়া
ছিল।

শ্রীরামপুরের নিকটে সম্প্রতি কতকগুলি
হত্যা হইয়া গিয়াছে। যে প্রকার পুলিষ,
তাহাতে লোকের প্রাণ ও সম্পত্তি যে আছে
তাহাই আশ্চর্য্য।

হিন্দুপেট্রিয়ট বলেন সম্প্রতি মলহাটে
শাখা রেলওয়ের যে ইউরোপীয় কর্ম্মচারী এক
প্রতিমা তুলিয়া লইয়া যায়, গবর্ণমেণ্টের
আজ্ঞানুসারে পুলিষ তাহাকে ধৃত করিয়া
প্রতিমাকে পুনর্ব্বার যথা স্থানে লইয়া গিয়া
ছেন। সংবাদপত্রে প্রকাশ হইবামাত্র লেপ্ট
নাণ্ট গবর্ণর এবিষয়ে হস্তার্পণ করিয়াছিলেন।
এই ব্যক্তির নিকট প্রতিমার পুনরভিষেকের
ব্যয় লওয়া উচিত।

উক্ত পত্রে দুই হইল, মিলার সাহেবের সহিত
পোটকামিণ্ড কোম্পানির পুরস্কার মিলন হই
য়াছে। আমরা শুনিয়াছি অনেক দিন অবধি
ইহার সূচনা হইয়াছিল।

৭ ই ফাল্গুন মঙ্গলবার।

শনিবারের ভারতবর্ষীয় গেজেটে নিম্নলিখিত
বিজ্ঞাপনগুলি প্রকাশিত হইয়াছে।

পূর্ব্ব সপ্তাহের গেজেটের আজ্ঞা রহিত
করিয়া চৌধরী লক্ষ্মণসিংহকে "রাজা"
উপাধি দেওয়া হইয়াছে। আলাহাবাদের অন্ত
র্গত ময়রাগড়ের তহসিলদার ও ডেপুটী মাজি
ষ্ট্রেট মিরমদত্ত আলি "খাঁ বাহাদর" হইয়া
ছেন। পান্নার মহারাজ নরপতি সিংহ "মহেন্দ্র"
উপাধি পাইয়াছেন।

১৮৬৮ অব্দের শেষে সমুদায় ভারতবর্ষে
১০,২৯,৯৮,৩৬০ টাকার নোট প্রচলিত ছিল
ইহা। প্রতিভূস্বরূপ ৫,৫৭,১৬,০১৯ নগদ টাকা
২৯,৩১,৭১৮ টাকার অমুদ্রিত রৌপ্য, ১,৪০
৪৯১ টাকার স্বর্ণমুদ্রা এবং ৩,৯১,৭৩,২৮
টাকার গবর্ণমেণ্টের কাগজ ছিল।

সর জন লরেন্সের সৈনিক সেক্রেটারি কর্ণেল
সাইমন্স ইংলণ্ড হইতে প্রত্যাগমন করিয়া
এডিনবরার ডিউককে লইয়া ভারতবর্ষ প্রদর্শন
করিবেন। কর্ণেল বেন দুই জন গবর্ণর জেনর
লের সেক্রেটারি ছিলেন, কিন্তু আক্ষেপের
বিষয় সর জন লরেন্স ইঁহাকে কোন পুরস্কার
দিয়া গেলেন না।

শনিবার ভারতবর্ষীয় রেলওয়ের হাবড়া
স্থিত মাল গুদামে অগ্নি লাগিয়া বাটীটী এক
কালে ভস্মসাৎ হইয়াছে। প্রায় দশ লক্ষ টাকার
দ্রব্য নষ্ট হইয়াছে। এই বাটীতে রেলওয়ের কো
ম্পানির যাবতীয় প্রয়োজনীয় দ্রব্য থাকিত
দগ্ধ হইবার সময়ে সর জন লরেন্স ও লাড মেয়
তথায় উপস্থিত ছিলেন। দমকল ও তাঁহাদের
নাবিকদিগের সাহায্যে অনা অ
পাইয়াছে। অনেকে অনুমান করে
স্ফুলিঙ্গ পড়িয়া এই দুর্ঘটনা হই

যে দিবস লাড মেয়ো কলিকাতায়
সে দিন চাঁদপালের ঘাটে অতিশয়
ছিল। ডবলিউ উইলসন নামক
বিভাগের এক জন প্রধান কেরাণী
ছিলেন। তাঁহাকে সরিয়া যাইতে বল
তাহেতু তিনি সরিয়া যাইতে না পা
জন পুলিষ কর্ম্মচারী তাঁহাকে ভূমি
করিয়া প্রহার করে। তিনি পুলিষ
প্রহরীদিগের নামে যে নালীশ করে
ষ্টেট রবার্টস সাহেব তাহা অগ্রাহ্য কি
ছেন, যে ব্যক্তি জনতার মধ্যে থাকে
দশ জনের সহিত কতক অত্যাচার স
হয়। উইলসন সাহেব যে নালীশ
একটী বালিকাভিন্ন এমত নালীশ
করিতে পারেন না। ইংরাজ হইয়া
রূপ নালীশ করা অতিশয় লজ্জাকর
সাহেব আশ্চর্য্য বিচার করিয়াছেন।
একত্র দণ্ডায়মান হইলেই পুলিষ ধ
পারিবেন, তাহার নালীশ হইবে
আদালত এমত বিচার করেন
অনেকে স্বহস্তে আইন গ্রহণ করিবে

উৎকলের অন্তর্গত কেন্দ্রাপা
রাজা ভাগীরথী মহেন্দ্র বাহাদুর গত
সময়ে এক লক্ষ টাকার অধিক ব
লোকের সাহায্য করাতে তাঁহাকে
দেওয়া হইয়াছে। এই নিমিত্ত কমিস
এক দরবার করিয়াছিলেন।

চট্টগ্রাম ও চাকায় দুটী হাতিখাদা

আসামে কয়েক জন সেটি
নযুক্ত হইবেন। আসামে নিয়মাত
সর কার্য্যপ্রণালী প্রচলিত করিবার
য়াছে।

ইণ্ডিয়ান পব্লিক ওপিনিয়ন
কের এক কৌতুকাবহ উদাহরণ প্র
ছেন। এক জন সাক্ষী জবা
সময়ে বলে "সাহু এই দেখিয়া
এই শুনিয়াছি।" মাজিষ্ট্রেট
সময়ে বলেন, "এই সাহু প্রকৃত
ইহাকে আদালতে আনয়ন না
অতিশয় অন্যায় করিয়াছেন ইত
হওয়াতে সেসিয়ন জজ মাজি
লেন "সাহু" অর্থে "আমি
নিজে যাহা দেখিয়াছিল ও

ডিষ্ট্রেট যখন আজ্ঞা দেন, তখন
হার ভ্রম জানিতে পারিয়াছিলেন ;
। প্রভু বড় ভয়ানক বলিয়া সাহস
ভ্রমের কথা বলিতে পারেন নাই।
লোকের উপরে দেশের বিচারপ্রণালী
রিতেছে। ইহাতে যে লোকে ঘৃণা
রিবেন, তাহা আশ্চর্য্যের বিষয় কি ?
র্ণল ফিডের শাসনকালের সাম্বৎসরিক
র্শন করিয়া সর জন লরেন্স আহ্লাদ
রিয়াছেন। ব্রহ্মদেশে ভূমি বিস্তর
কৃষকেরা প্রায় লিখিত পাট্টা লয় না।
মকরারি পাট্টা লইতে অসম্মত। গব
র্ণল প্রধান কমিসনরকে বলিয়াছেন,
তাহারা আপনাদিগের প্রকৃত স্বার্থ
ই চেষ্টা পান। কিঞ্চিৎ সভ্যতা প্রবেশ
ল তাহারা ভূমির মর্য্যাদা বুঝিতে
না।

সো রেলওয়ে আরম্ভ হইতেছে। এক
কোম্পানী এই ভার পাইয়াছেন।
ধনের শতকরা ৮ টাকা সুদের জামীন
। আপাততঃ টিহারাণ অবধি রাই
লওয়ে হইবে। পরে বসোরা ও মরা
ইবার সম্ভাবনা। টিহারাণ হইতে
ইয়া বুসায়ার পর্য্যন্ত রেলওয়ে হইলে
ও ভারতবর্ষের বাণিজ্যের অনেক
য়।

হলের টেলিগ্রাফসকল এখানকার
জেনরলের অধীনস্থ হইয়াছে। কর্ণেল
শীঘ্র সিংহলে গমন করিবেন। সিংহ-
রতবর্ষ হইতে পৃথক রাখাই অন্যায়।

মরা প্রসিদ্ধ জুয়াচোর। এক জন চীন
বাষ্পীয় জাহাজে কয়েক শত মণ
বিক্রয় করে। কলে দিয়া দেখা গেল
অগ্র হয় না। পরীক্ষাদ্বারা প্রকাশ
ই জুয়াচোর প্রস্তরে বালরঙ দিয়া
য়া বিক্রয় করিয়াছে। বিক্রেতা জয়া
হ নাই। কিন্তু ক্রেতারও দুঃখ
ছে।

আক্ষেপ করিয়াছেন, পেটকানিও
চক্রে সুন্দরবন দেওয়া অতিশয়
ছে। সুন্দর বনে কাষ্ঠ কাটিলে
না এটী চিরন্তন সংস্কার ছিল।
গবর্ণমেণ্টের সামান্যমাত্র লাভ
ন কাষ্ঠ এত দুর্ম্মূল্য হইতেছে
য় পাকাদি করিতে আরম্ভ

সম্প্রতি ২৬ গণিত পঞ্জাবী পদাতিক রেজি
মেণ্ট আগরা হইতে অম্বালায় যাইতেছিল।
তাহাদিগের নিমিত্ত একখানি বিশেষ শকট
শ্রেণি প্রেরিত হয়। মিরাট হইতে এক দল ইউ
রোপীয় সৈন্য প্রেরণ করা আবশ্যক হওয়াতে
তত্রত্য ষ্টেসনমাষ্টর শীকদিগকে নামিয়া যাইতে
বলেন, কিন্তু তাহাদিগের কর্ণেল আপ
করাতে শকট ছাড়িয়া দেন। কিন্তু মোজঃফর
নগরে উপনীত হইলে দিল্লীর বাণিজ্যাধ্যক্ষ
এক টেলিগ্রাম করিয়া শকট স্থগিত করিলেন।
কলখানি ইউরোপীয় সৈন্যদিগের নিমিত্ত চলিয়া
গেল। শীকদিগকে প্রায় ২৪ ঘটিকা মোজঃফর
নগরে কষ্ট পাইতে হয়। আক্ষেপের কারণ
নাই, ইউরোপীয়দিগের সুবিধা লইয়া কথা
হইলে যাবতীয় ভারতবর্ষীয়ের ভাগ্যেই এইরূপ
হইয়া থাকে।

আগামী জুলাইমাসে মধ্যভারতবর্ষের
প্রধান কমিসনর কর্ণেল বাথেল সাহেব প্রত্যাগ
মন করিবেন। মহাসভায় প্রবেশ করিতে পারিলে
তিনি এ দেশে আর আসিতেন না।

মহীসুরের লোকেরা তত্রত্য রাজার শিক্ষক
কর্ণেল হেনসকে এক অভিনন্দন প্রদান করিয়া
ছেন। কর্ণেল শিক্ষক হওয়াতে সকলেই আজ্ঞা
দিত হইয়াছেন। অভিনন্দনপত্র তারা বলেন,
যদিও রাজাকে মহীসুর প্রত্যর্পণ করিবার
আজ্ঞা হইয়াছে, তথাপি তাঁহাদিগের মনে ভয়
ও সন্দেহ রহিয়াছে। রাজা কৃতবিদ্য হইলে
আপত্তি চলিবে না বলিয়া কর্ণেল হেনসের আগ
মন এত সুখের হইয়াছে। লাড ডেলহউসি
নামে যাঁহাদিগের চক্ষের জল পড়ে তাঁহারা
দেখুন ভারতবর্ষীয়েরা ব্রিটিশ গবর্ণমেণ্টের
রাজনীতি সংক্রান্ত সত্যনিষ্ঠার উপরে কিরূপ
সন্দেহান হইয়াছেন।

সম্প্রতি সিটনকার সাহেব ইডেন উদ্যানে
ভ্রমণ করিতে যান; কিন্তু তাঁহার টিকট
থাকাতে পুলিষ প্রহরী তাঁহাকে ছাড়িয়া দেয়
নাই। হগ সাহেব আজ্ঞা দিয়াছেন, অর্থ না
দিলে কেহ উদ্যান প্রবেশ করিতে পারিবেন না।
উদ্যান সাধারণ সম্পত্তি। অতএব এই প্রতিবন্ধ
কতা নিবন্ধন প্রধানতম বিচারালয়ে নালীশ
হইবে।

হরপুরি, বৈষ্ণব তাঁতি হর, ভুঁয়া ওরফে কালী
রায়মাদক যে চারি ব্যক্তি কৃষ্ণবাগানের হত্যা
কাণ্ডে লিপ্ত থাকাতে সেসিয়নে অর্পিত হয়,
তাহাদিগের বিচার হইয়াছে। হরকালী রায়ের
দোষের প্রমাণ না থাকাতে তাহাকে মুক্ত করা
হইয়াছে। আর তিন জনের ফাঁসী হই
বিচারপতি মাকফারসেন আজ্ঞা দিবার সময়ে
য়াছেন, তাহাদিগের প্রতি দয়াপ্রকাশ করি
কোন কারণ নাই। উচিত দণ্ডসন্দেহ নাই।

৮ ই মার্চ বুধবার।

আমাদিগের নূতন গবর্ণর জেনরলও
কালে সমলা পর্ব্বতে বাস করিবার মানস
য়াছেন। সাংক্রামিক রোগের শীঘ্র, উপশম
না।

কলিকাতার জষ্টিসদিগের ইঞ্জিনিয়র
সাহেব পুনর্ব্বার পীড়ানিবন্ধন ইংলণ্ডে যা
ছেন। জষ্টিসগণ ইংলণ্ড হইতে আর এক
ইঞ্জিনিয়র আনয়ন করিবার সঙ্কল্প করিয়াছে
ক্লার্ক সাহেবের বিখ্যাত ড্রেণ স্থানে স্থানে
হইয়াছে। ক্লার্ক সাহেবের সঙ্গে সঙ্গে ড্রে
গমন হইলে কি ভাল হয় না ?

উইলসন সাহেব হগ সাহেবের নামে
নালীশ করেন, মাজিষ্টেট রবার্টস তাহা অ
করাতে ইউরোপীয়েরা অতিশয় বিরক্ত
ছেন। বিস্তর লোক প্রত্যহ সৈনিক স
পত্রে রাগ প্রকাশ করিতেছেন প্রধানতম
রালয়ে আপীল করিবার নিমিত্ত সকলে
করিতেছেন। রবার্টস সাহেব যে অন্যায় বি
করিয়াছেন তাহাতে রাগ হইতে পারে। ই
পীয়েরা এই উপলক্ষে একটী সদুপদেশ
করুন। রবর্ট সাহেব হগ সাহেবের নামে না
না লওয়াতে তাঁহাদিগের যেমন মর্ম্মা
বেদনা হইয়াছে, মফস্বলের মাজিষ্টেটেরা
রোপীয়দিগের নামে নালীশ না লওয়াতে
শর লোকের সেই প্রকার মর্ম্মান্তিক পীড়া
অনেক মফস্বলমাজিষ্টেট ইউরোপীয়দি
নামের মাত্র গ্রাহ্য করেন না।

ফায়রিলিফের ভেলে ৬০০০ টাকা
একটী দাঁড়কাটির তুঁহুল হইতেছে। দ
লিফ উত্তমরূপ পাওয়া ভার, অতএব ই
হইবার সম্ভাবনা।

গতকল্য সর জন লরেন্স কলি
ত্যাগ করিয়াছেন। লাড মেয় ও অ
উচ্চতর কর্ম্মচারী ভূতপূর্ব্ব গবর্ণর
রলের সম্মানার্থ তাঁহার সহিত জাহাজ
গমন করিয়াছিলেন। ইহার পূর্ব্ব দিবস
মেয় এক বৈঠক করাতে সর জন ল
সহিত অনেক এতদ্দেশীয় ভদ্রলোক স
করিতে আসিয়াছিলেন।

কলিকাতার মুসলমানসভা সর জন ল
এক অভিনন্দন প্রদান করিয়াছেন। রেল
আরোহিসভাও এক অভিনন্দন দেন।

জন লরেন্স নিজে তাহা গ্রহণ না করিয়া
সেক্রেটারির দ্বারা ধন্যবাদ প্রেরণ করি
ন।

কটাকে একখানি ইংরাজী সংবাদপত্র প্রকা
হইতে আরম্ভ হইয়াছে। ব্রহ্মদেশে এক
দেশীয় ভাষার সংবাদপত্র বাহির হই
। এটী প্রকৃত উন্নতির চিহ্ন।

উমাস জোন্স সাহেব মান্দ্রাজের চোট আদা
র উৎকর্ষসাধন করিয়াছেন। কয়েকজন
তন আমলাকে দূর করা হইয়াছে। আমা
। মফস্বল আদালতে কি এক বার জোন্স
কে পাঠাইলে ভাল হয় না?

ইয়াট হগ সাহেব বঙ্গদেশীয় ব্যবস্থাপক
র সভার পদত্যাগ করিয়াছেন। তাঁহার
যে কার্য্যভার আছে, তাহাতে তাঁহার
র ভার গ্রহণ করাই অন্যায় হইয়াছিল।

আসাম, কাছাড় ও মণিপুরে ভূমিকম্পনি
অতিশয় ক্ষতি হইয়াছে। নওগাঁর জেল
য় হইয়াছে। কম্পের সময়ে পৃথিবী ত
ন্যায় প্রায় ২০ ফুট উচ্চ হইয়াছিল। শ
হে। পৃথিবী স্ফীত হওয়াতে নীলবর
া, অপরিমিত জল ও বৃক্ষ বাহির হয়
গুলি বাহ্য পৃথিবীর ২০ ফুট নীচে মা
ছে। ১০ ঘণ্টায় নিরন্তর ভূমিকম্প
ননীর জল প্রায় এক ঘটিকা পর্য্যন্ত উষ্ণ
হইয়াছিল। মণিপুরে কেবল ৪টী বাটী
আছে। অনেক স্থানের নদীতীর ভগ্ন
গিয়াছে।

হারে এবার শস্য ভাল হইল না। বঙ্গদে
অনেক স্থানের এই অবস্থা। শ্রীহট্ট ও বঙ্গ
আর্দ্ধেক ধানও হয় নাই। নীলতাল ও
াউত্র অত্যন্ত বন্যা হইয়াছে। গয়াতে
ান মাত্র হইয়াছে। এই বেলা রবিশস
চেষ্টা পাওয়া কর্ত্তব্য।

ক্ষণে সমুদায়ে ভারতবর্ষের ৩০ টী আপী
া প্রিব কৌন্সলে আছে। ইহার মধ্য
বঙ্গদেশ হইতে হইয়াছে। এগুলি প্রায়
ঘটিত। এত আপীল হওয়া অবশ্য
ণ, কিন্তু আজি কালি প্রধানতম বিচারা
সকল অদ্ভুত বিচার হইতেছে, তাহাতে
র আর তত বিশ্বাস নাই। উইল, বিবাহ
লোকদিগের স্বত্ব লইয়া যেখানে কথা,
দগের বারিষ্টর জজেরা সেখানে প্রায়
র করিতে সমর্থ নহেন। রাধাকান্ত
উইলসংক্রান্ত বিচার ইহার একটী
।

৯ ই মাঘ বৃহস্পতিবার।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, প্রত্যেক প্রেসিডেন্সিতে যত সিবিলিয়ান আছেন, তাঁহাদিগের শতকরা ২০ জনের অধিককে এক কালে ইংলণ্ডে যাইতে দেওয়া হইবে না। সমুদায় বঙ্গদেশে এক্ষণে ২৪৬ জন সিবিলিয়ান আছেন, ইহাঁদিগের মধ্যে ৪৯ জন বিদায় পাইয়াছেন। বিদায়ের আবেদন আকাউণ্টাণ্ট জেনরলের দ্বারা গবর্ণমেণ্টের নিকটে প্রেরণ করিতে হইবে। পীড়া ও বিশেষ কারণ থাকিলে নিয়মাতিরিক্ত বিদায় দেওয়া হইবে।

ডাক্তর টমিয়র গবর্ণর জেনরলের চিকিৎসক হইয়াছেন। ইনি হোমিওপেথি মতে চিকিৎসা করেন।

সরবেয়র জেনরলের প্রস্তাবানুসারে গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, পুর্ত্তবার্ত্তাবিভাগের কর্ম্মচারীদিগের ন্যায় জরিপের কর্ম্মচারীদিগেরও এতদ্দেশীয় ভাষায় পরীক্ষা দিতে হইবে

পদত্যাগের কিছুদিন পূর্ব্বে সর জন লরেন্স ষ্টেট সেক্রেটারির নিকটে এক পত্র লিখিয়া প্রস্তাব করেন মান্দ্রাজ ও বোম্বাইয়ের শাসনকর্ত্তাদিগের ন্যায় বঙ্গদেশের লেপ্টনাণ্ট গবর্ণরের একটী মন্ত্রিসভা করা কর্ত্তব্য। বঙ্গদেশশাসন অপেক্ষাকৃত গুরুতর, অতএব এপ্রস্তাব অগ্রাহ্য হয় নাই।

রেবেল্যুড খোড উঠিয়া যাইতেছে বলিয়া যে জনরব উঠিয়াছে, তাহা অমূলক। যদি বঙ্গদেশে এক জন পুর্ণক্ষমতাবান গবর্ণর হন, তাহা হইলে রোড উঠিয়া গিয়া রাজস্ববিভাগের এক জন স্বতন্ত্র সেক্রেটারি হইবেন। কিন্তু অফিস ও আমলার সংখ্যা কমিবে না।

তিন দিন বিচারের পর গত কল্য এ. সি কষ্টরের মকদ্দমার শেষ হইয়াছে। জুরর্ট হাকে দোষী বলাতে বিচারপতি মাকফার্সন তাঁহাকে বহুদিন পরিশ্রমের সহিত চারিবৎসর মিয়াদ দিয়াছেন। এই হতভাগ্য বিখ্যাত আকাউণ্টাণ্ট কষ্টার সাহেবের পুত্র। কলিকাতার একটী ইউরোপীয় বেশ্যার সঙ্গে পড়িয়া ইনি বিস্তর দেনা করেন। তাহা হইতে মুক্ত এই ব্যক্তি তহবিল ভাঙ্গিয়া ইংলণ্ডে পলায়ন করিবার চেষ্টা করে। এই মকদ্দমা উপলক্ষে বিচারপতি মাকফার্সন সাক্ষী পিচি সাহেবের সাক্ষ্যের প্রতি বিশেষ দোষারোপ করিয়াছেন।

যে সকল স্থানে জলকষ্ট হইয়াছে, তথায় ক্যেকসী করিয়া মিনের কূপনল প্রেরিত হইবে। মধ্য ভারতবর্ষের নিমিত্ত অনেক নল ইংলণ্ড হইতে আসিতেছে।

বাঙ্গালার হেরালড বলেন, মান্দ্রাজে গবর্ণমেণ্ট আফিসের প্রধান ও এক জন প্রতি শনিবার এতদ্দেশীয় কর্ম্মচারী খৃষ্টিয় ধর্ম্মের বিষয়ে উপদেশ দেন। নূতন বৎসর উপলক্ষে কেরাণীরা এ সাহেবের সাক্ষাৎ করিতে গমন করেন। কি উপদেশেও কেহ খৃষ্টীয়ান হন নাই সাহেব রাগ করিয়া বলিলেন, যদি আগা উপদেশ নিষ্ফল হয় তাহা হইলে তিনি তাহার মুলচ্ছেদ করিবেন। সর জন লরেন্স গেলেন আর কেন?

কাবুল হইতে সংবাদ আসিয়াছে আবদুল রহমনের সহিত সিয়ারআলির যে হয়, তাহাতে আবদুল রহমন সম্পূর্ণরূপে জিত হইয়াছেন। সিয়ার আলি খাঁর জাকুব খাঁ সর্ব্বাপেক্ষা সমরনৈপুণ্য করিয়াছেন আজিম খাঁ রণস্থলে বন হন। আবদুল রহমন কয়েকজন সওয়ার পলায়ন করিতে ছিলেন, কিন্তু তিনিও পড়িয়াছেন।

এই যুদ্ধ শেষ হওয়াতে অতিশয় সুবিধা চারি বৎসর গৃহযুদ্ধ হওয়াতে আফগান এত কষ্ট হইয়াছে যে, আমাদিগের গব সিয়ার আলিকে যে ঋণ প্রদান করিয় কাবুলে তাহা ভাঙ্গাইবার টাকা নাই।

বোম্বাই ব্যাঙ্ক অংশীদিগকে শত ক টাকা লাভ প্রদান করিয়াছেন। মান্দ্রাজ শতকরা ৭৫ টাকা লাভ হইয়াছে।

অক্সফোর্ডের অধ্যাপক গোল্ডষ্টুকর সং নব্রতিবা প্রকাশ করিয়াছেন। আমে ও লয়া শিরার মধ্যে পচ কার করিয়া দিলে নষ্ট হয়। সম্প্রতি বরাহনগরের একটী স্ত্রী এই ঔষধে আরোগ্যলাভ করিয়াছে। ফরার ইহার পরীক্ষা করিবেন।

গত ৩০ এ নবেম্বরে ভারতবর্ষের ধনাগারে ৭,১৫,২২,৪০০ টাকা মাত্র ৫ মা টাকা অতিশয় কম হইতেছে।

লালা মনরায় ১২ বৎসর উত্তর লের গবর্ণমেণ্টের উকীল ছিলেন। করাতে সর উইলিয়ম মিয়র তাঁহার পুরস্কারস্বরূপ তাঁহাকে একটী সর্টের করিয়াছেন।

১৮৭ গণিত ইউরোপীয় দলের লেপ্টনাণ্ট জডান বিষ ই এক স্ত্রীলোককে ব্যভিচারিণী কা তাঁহার স্বামীর বাটীতে রাত্রিকালে

হাবাদের সহকারী মাজিষ্টেট তাঁহাকে
রনে অর্পণ করিয়াছেন।

সম্প্রতি পঞ্জাব ও রাজপুতনার স্থানে স্থানে
ওয়াতে শস্যের কতক মঙ্গল হইয়াছে।
ইলিম মিয়র বিভাগীয় কর্ত্তৃপক্ষকে বলি
, অনাহারে কেহ প্রাণত্যাগ করিলে তাঁহা
ক দায়ী হইতে হইবে। এই বারে ঠেকে
হইয়াছে।

ারস্যের রাজা ইংলণ্ডের গবর্ণমেণ্টের
ট কয়েক জন আফিসর ও রণতরির অধ্যক্ষ
াছেন।

১০ ই মাঘ শুক্রবার।

কল্য বণিক সমাজ লাডমেয়রকে এক অভি
প্রদান করিয়াছেন। গবর্ণর জেনরল প্রত্যু
দানকালে বলিয়াছেন, ইংলণ্ডপর্য্যন্ত
সম্বন্ধে টেলিগ্রাফ, ভারতবর্ষের রেলওয়ে
খননকার্য্যের নিমিত্ত যত টাকা ব্যয়
্যক্ষ তাহা তিনি করিবার মানস করিয়া
ইহার বক্তৃতা ও অমৃতধারা বর্ষণ করিতেছে
কি বর্ষণ করে, এখনও আমরা স্থির
ত পারি নাই। তবে ইহার ভদ্রতা অধিক
যাইতেছে। মেইন সাহেব আমাদিগের
বর্ষীয় প্রজাগণ বলিয়া থাকেন, কিন্তু
ময় "আমাদিগের সম প্রজাগণ" বলিয়া

য়নিয়র বলেন, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট
ত কর্ম্মচারীদিগের বিদায়ের যে নিয়মা
করেন, সর ষ্টাফোর্ডনর্থকোট তাহা ফিরা
পাঠাইয়া দিয়াছেন। ভূতপূর্ব্ব ষ্টেট
টারি বলিয়াছেন, বিদায়ের নিয়মগুলি
য় উদারভাবাপন্ন হইয়াছে। কিন্তু ভারত
গবর্ণমেণ্ট কোন পরিবর্ত্ত করিতে চান
সবিলিয়ানদিগের বিদায়ের নিয়ম সকল
ত সুবিধার হইল, অচিন্ত্রিতদিগেরও
হইবে কেন তাহার কোন কারণ দেখা

পত্র অবগত হইয়াছেন, রাজা দিনকর
ওয়ার মন্ত্রিত্ব হইতে চ্যুত করা হই
ার কার্য্যসকল লোকের এত অপ্রীতি
বিদ্রোহ হইবার উপক্রম হইয়াছিল।
নিমিত্ত কলিকাতায় আসিতে আসিতে
গতিগমন করিয়াছেন। তিনি বন্দেল
জন সিবিলিয়ানকে চাহিয়াছেন।
ওয়ার আছেন। ওয়াতে দিন
কাজ করিয়াছেন, তৎসংক্রান্ত
শিত করা কর্ত্তব্য।

সম্প্রতি ইংলণ্ডে দুই জন শীক পুলিষে নীত হয়। এক জনের বয়ঃক্রম ৭০ ও তাহার পুত্রের ২৫ বৎসর। ইহাদিগের উপার্জ্জনের কোন উপায় ছিল না এবং রাত্রিতে মাঠে ও রাস্তায় শয়ন করিয়া থাকিত। পুলিষে ইহারা বলিল, এক জন ইংরাজ তাহাদিগকে লইয়া যান; কিন্তু ইংলণ্ডে গিয়া ছাড়াইয়া দেওয়াতে তাহারা অসঙ্গতিনিবন্ধন যেখানে সেখানে থাকিতে বাধিত হয়। মাজিষ্টেট ইহাদিগকে বিদেশীয় অনাথালয়ে প্রেরণ করিয়াছেন। মধ্যে মধ্যে এপ্রকার শোচনীয় অবস্থা ঘটিয়া থাকে। যেসকল ইংরাজ ভারতবর্ষীয় ভৃত্য লইয়া ইংলণ্ডে যান, ধর্ম্মতঃ তাঁহাদিগকে এইসকল লোককে ভারতবর্ষে আসিবার পাথেয় দেওয়া কর্ত্তব্য।

বোম্বাইয়ের প্রধানতম বিচারালয় সিদ্ধান্ত করিয়াছেন, জাহাজের অধ্যক্ষগণ নাবিকদিগকে বোম্বাইয়ে ছাড়াইতে পারিবেন না। নাবিকেরা পদত্যাগ করিতে সম্মত থাকিলেও সে পদ ত্যাগ গ্রাহ্য নহে। এটী অতিশয় যুক্তিসিদ্ধ মীমাংসা। ইহাদ্বারা লোফারের সংখ্যা অনেক কমিবে।

সিলং হইতে এক ব্যক্তি লিখিয়াছেন, "গত কল্য (১১ ই জানুয়ারি) সন্ধ্যার পূর্ব্বে এখানে ভয়ানক ভূমকম্প হইয়া গিয়াছে। বেলা ৪ ঘণ্টা ৫০ মিনিটের সময় মেঘগর্জ্জনের ন্যায় শব্দ হইয়া কম্প আরম্ভ হয়। ঘর দুয়ারপ্রভৃতি তাবৎ দুলিতে লাগিল, ক্রমে ক্রমে ৩ বার কম্প হইয়াছিল। শেষ কম্প ৫ ঘণ্টা ৮ মিনিটের সময় হয়। শ্রীযুক্ত জানরেল লায়াল সাহেব নূতন বাঙ্গালা প্রস্তুত করিতেছিলেন, তাহার চিমনি ভাঙ্গিয়া গিয়াছে। শ্রীযুক্ত লেপ্টনন্ট কর্ণেল বিভার এখানকার ডেপুটি কমিসনর। তাঁহার বাঙ্গালা সিলঙের মধ্যে উৎকৃষ্ট। তাঁহার বাঙ্গালারও চিমনি ভাঙ্গিয়া গিয়াছে ও দেয়াল চিড় খাইয়াছে। এখানকার কমিসরিএট আফিসর মেজর মণ্টগিউরের উত্তম বাঙ্গালা আছে। এ বাঙ্গালারও স্থানে স্থানে চিড় খাইয়াছে ও চুণ বালি খসিয়া গিয়াছে।"

১১ ই মাঘ শনিবার।

অদ্য নবযুবক ব্রাহ্মদিগের সাম্বৎসরিক সভা ও উপাসনা হইবে। ব্রাহ্মগণ সংকীর্ত্তন করিতে করিতে নূতন ধর্ম্মমন্দিরে প্রবেশ ও তাহা উৎসর্গ করিবেন। দুই প্রহরের সময়ে এক বার ও সন্ধ্যার সময়ে আর এক বার উপাসনা হইবে। রাত্রি ৯ ঘটিকার সময়ে টৌনহালে বক্তৃতা ও ইংরাজীতে ব্রহ্মগীত হইবে। এই বক্তৃ কারণ কি? বাঙ্গালী হইয়া ইংরাজীতে করিবার কারণ ত আমরা বুঝিতে লাম না।

আব্রাহাম ফিলটন নামক ভারতবর্ষীয় এ রেলওয়ে কর্ম্মচারী শ্রীনাথ বিশ্বাসনাম জন মজুরকে প্রহার করাতে তাহার মৃত্যু বিচারকালে পীড়িত প্লীডার আপত্তি হইয়াছিল। জুরি সামান্য প্রহারের নিমিত্ত বলাতে বিচারপতি মাকফারসন ইহা ছ মেয়াদ দিয়াছেন। ভারতবর্ষস্থিত ইংর অপক্ষপাতিতা ও দয়ার বড় দৃষ্টান্ত প্র করিতেছেন।

লণ্ডন হইতে সংবাদ আসিয়াছে, ষ্টেট টারি পঞ্জাবের কৃষকসংক্রান্ত আইন ক করিয়াছেন। সর জন লরেন্সের এ অনুষ্ঠ বিফল হইল।

লক্ষ্ণৌএর ইউরোপীয় সৈন্যগণ দলবদ্ধ দস্যুবৃত্তি করিতেছে। সম্প্রতি একটী ই পীয় স্ত্রীলোকের শকট হইতে নামাইয়া অলঙ্কার মোচন করিয়া লইয়াছে। রাজ মশনউদ্দৌলার অশ্ব ও শকট ছুটবার চুক্তি য়াছে। ইউরোপীয়েরা মফস্বলের আদা অধীন নহে; প্রধানতম বিচারালয়ের জুরিগণ তাহাদিগের হত্যার অপরা "সামান্য প্রহারের" অভিমত প্রকাশ ক ইহাতে পাপের যদি প্রশ্রয় না হইবে, আর কিসে হইবে?

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের বিক্রীত হইতেছে।

৪ টাকার শিক্কা	৯৪৶	৯
৪ " কোং	৯৪।৶	৯
৫ " পবলিকওয়ার্ক	১০৪।৶	১০
৫ " কোং	১০৮।০	১০
৫৷৷ " কোং	১১২৶	১১২

—:০:—

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ১৫ ই জানুয়ারি। আয়ল অব ওন ও রেবর্ডি জন সাহেব লাড ষ্টানলির আলাবামাঘটিত বিবাদের মীমাংসার্থ উ পত্রে স্বাক্ষর করিয়াছেন।

টাইমস বলেন, তুরস্কের সহিত গ্রীসের হওয়াতে প্রিন্স অব ওয়েলস এথেন্সে য পারিলেন না।

ব্রেজিলের শেষ সংবাদে প্রকাশ করে, গীয়দিগের সহিত ব্রেজিলীয়দিগের স এক ঘোরতর যুদ্ধ হইয়া সমুদায় পারাগীয় নষ্ট হইয়াছে। ২০০ অনুচর লইয়া পলায়ন করিয়াছেন। প্রিন্স অব ওয়ে তাঁহার স্ত্রী কোপেনহেগেন হইতে যাত্রা য়াছেন।

রিস ১৬ই জানুয়ারি। অদ্য দূতসভার
ধিবেশন হইয়াছে। যেসকল গবর্ণমেণ্টের
াসিয় ছেন, তাঁহারা গ্রাহ্য করিলে পরদূত
একবাক্য হইয়া আপনাদিগের মন্তব্য
ক জানাইবেন। দূতগণ স্থির করিয়াছেন,
ান যে পাঁচটী প্রস্তাব করিয়াছেন তাহার
ী জাতিসাধারণ নিয়ম ও যুক্তিসঙ্গত।
প্রস্তাবের তর্কের প্রয়োজন নাই, কারণ
এবিষয় নিরপেক্ষ বিচারালয়ের হস্তে অর্পণ
তেছেন। পঞ্চম বিষয়টী প্রথম তিন প্রস্তা
অন্তর্গতমাত্র। গবর্ণমেণ্টসমূহ গ্রীসকে
বেন তিনি যেন জাতি সাধারণ আইন অনু
কার্য্য করেন। গ্রীস যদি এই প্রস্তাবে
হন, তাহা হইলে সুলতান নিজের প্রস্তাব
ফিরাইয়া লইবেন।

পরা ১৭ই জানুয়ারি। পারস্যে সুহাটীর
এবটী ধর্ম্মসম্প্রদায় হইয়াছে। টিহারণ
তুরস্ক দূত সেই দলের শিষ্য হওয়াতে
তান তাঁহাকে পদচ্যুত করিয়াছেন।

১৭ই জানুয়ারি—দূতগণ স্থির করিয়াছেন
স্কের পঞ্চম প্রস্তাবও প্রথম তিন প্রস্তাবের
র্গত হইয়াছে। চতুর্থ প্রস্তাব বিচারালয়ে
ণ করা হইবে। গ্রীস যদি দূত সভার প্রস্তাব
াহা করেন, তাহা হইলে তাঁহাকে বলপূর্ব্বক
ত করিবার বিষয়ে ইংলণ্ড আপত্তি করি
ন।

পরা ১৮ই জানুয়ারি। সুলতান দূত সভার
স্ত গ্রাহ্য করিয়া নিজের দূতকে সন্ধিপত্রে
ক্ষর করিবার নিমন্ত টেলিগ্রাম করিয়াছেন।
গবর্ণমেণ্টসমূহ স্থির করিয়াছেন, গ্রীস যদি
সভার প্রস্তাব অগ্রাহ্য করেন, তাহা হইলে
হারা সম্পূর্ণরূপে নিরপেক্ষ থাকিবেন।

রিন্স অব ওয়েল্‌স ও তাঁহার স্ত্রী বার্লিনে
নীত হইয়াছেন।

ওয়াশিংটন ১৯এ জানুয়ারি। আলাবামার
বয়ে এবং বিদেশীয়গণ আমেরিকার ক্লাস
রিলে তাঁহাদিগকে আমেরিকাবাসী বলিয়া
র দিবার বিষয়ে ইংলণ্ডের সহিত যে সন্ধি
য়াছে, সভাপতি জনসন তাহা মহাসভার
কটে অর্পণ করিয়াছেন।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ।

১৩ই জানুয়ারি। যত দিন এম, বি, রচ-
ফোড সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকি
বেন ততদিন জে, এস, লার্ম্মিণ সাহেব হুগলির
প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

যত দিন বাবু বৈষ্ণবচরণ দাস সরকারী
কার্য্যান্তরে থাকিবেন, তত দিন বাবু রাজেন্দ্রকু
মার বসু ঢাকার প্রতিনিধি সদরমুন্সেফ হইবেন।

যেদিবস কর্ণেল এচ, হপকিন্সন কার্য্যভার
অর্পণ করিবেন সেই দিবসাবধি লেপ্টনণ্ট কর্ণেল
ডবলিউ, আগষ্টু আসামের প্রতিনিধি কমিসনর
হইবেন।

যতদিন লেপ্টনণ্ট কর্ণেল আগষ্টু কার্য্যান্তরে
থাকিবেন, তত দিন লেপ্টনণ্ট কর্ণেল এচ,
এস, বিবার আসামের প্রতিনিধি বিচারসম্ব
ন্ধীয় কমিসনর হইবেন।

পি, টি, কর্ণেগি সাহেব কিছুদিনের নিমিত্ত
কসায়া ও জয়ন্তিয়া পর্ব্বতের প্রতিনিধি ডেপুটি
কমিসনর হইয়া সিবিল জজের ক্ষমতা পাইবেন।
তিনি চতুর্থ শ্রেণির প্রতিনিধি ডেপুটি কমিসনর
হইবেন।

জে, ওকিনিলি সাহেব পাটনার মিউনিসি
পালিটির সহকারী সভাপতি হইবেন।

যত দিন মৌলবী তমিজুদ্দিন বিদায় লইয়া
অনুপস্থিত থাকিবেন, ততদিন বাবু শিবশরণ
লাল ভাগলপুরের অন্তর্গত তেঘরার প্রতিনিধি
মুন্সেফ হইবেন।

২৮এ ডিসেম্বরের বৈকাল অবধি আর, টি,
সিবেষ্টার সাহেব কিছুদিনের জন্য রাণীগঞ্জ
উপবিভাগের ভার পাইবেন। তিনি বাকু
ড়াতে মাজিষ্ট্রেটের ক্ষমতা চালন করিবেন।

যত দিন জি, জি, মরিস সাহেব কার্য্যান্তরে
থাকিবেন, তত দিন জি, এ, পিপার সাহেব
যশোহরের প্রতিনিধি অতিরিক্ত জজ হইবেন।

৬ই জানুয়ারির গেজেটে তাঁহার ছাপা ও চট্ট
গ্রামের প্রতিনিধি অতিরিক্ত জজ হইবার যে
বিজ্ঞাপন হয়, তাহা এতদ্দ্বারা রহিত হইল।

বর্দ্ধমানের অন্তর্গত কাঁইতির মুন্সেফ বাবু
মদনগোপাল সোম প্রথম শ্রেণিতে উন্নত হই
বেন।

নদীয়ার অন্তর্গত বলয়ারি গ্রামের মুন্সেফ
বাবু শিবদাস মুখোপাধ্যায় দ্বিতীয় শ্রেণিতে
উন্নীত হইবেন।

বাবু অতুলচন্দ্র ঘোষ দিনাজপুরে তৃতীয়
শ্রেণির মুন্সেফ হইবেন। কিন্তু যত দিন বাবু
মোহনলাল পাড়ে উপনীত না হন তত দিন
পুরীর প্রতিনিধি মুন্সেফ থাকিবেন।

যত দিন বাবু অতুলচন্দ্র ঘোষ কার্য্যান্তরে
থাকিবেন, তত দিন বাবু উমাচরণ দত্ত
পুরের প্রতিনিধি মুন্সেফ হইবেন।

যত দিন বাবু শ্যামধন মুখোপাধ্যায়
ন্তরে থাকিবেন, তত দিন বাবু মাধবচন্দ্র
২৪ পরগণার অন্তর্গত খালিপুরের মুন্সে
বেন।

বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত বর্দ্ধমানের অন্তর্গ
মার মুন্সেফ হইবেন।

মুন্সি তফেল আহম্মদ বর্দ্ধমানের
বামননাড়ার মুন্সেফ হইবেন।

১৪ই জানুয়ারি। চম্পারণের সহকা
ষ্টেট ও ডেপুটি কালেক্টর সি, এচ,
সাহেব প্রধানতম বিচারালয় ও সেসিয়
করিবার মকদ্দমায় প্রথম বিচার করিবে
বেন।

৯ই জানুয়ারি অবধি এ, সি,
সাহেব ত্রিহুতের প্রতিনিধি জাইণ্ট
ও ডেপুটি কালেক্টর হইবেন।

১৫ই জানুয়ারি। নিম্নলিখিত
কটকের বিদ্যাশিক্ষা সভার সভ

ডবলিউ, কিন্ডিয়ান সাহেব।

বাবু জগন্মোহন রায়।

৯ টী দীনাথ পণ্ডিত।

জে, আণ্ডার্সন সা
মোডবাল কালেজের অন্যত
হইবেন।

যত দিন মৌলবী মহম্মদ মামুদ বি
অনুপস্থিত থাকিবেন, তত দিন বা
প্রসাদ চট্টোপাধ্যায় ত্রিপুরার অন্ত
গরের প্রতিনিধি মুন্সেফ হইবেন।

৭ই জানুয়ারি ডবলিউ
সাহেব কটকের মাজিষ্ট্রেট ও
কার্য্যভার গ্রহণ করিয়াছেন। ঐ
তিনি প্রথম শ্রেণির প্রতিনিধ
কালেক্টর হইবেন।

যে দিবস এ, টি, মাকলিন
রের মাজিষ্ট্রেট ও কালেক্টরের
য়াছেন, সেই দিবসাবধি মাজি
হইবেন।

যে দিবস অবধি এ, বি, ফক
প্রতিনিধি মাজিষ্ট্রেট ও ক
সেই দিবসাবধি তিনি প্রথ
মাজিষ্ট্রেট ও কালেক্টর হই

১৬ই জানুয়ারি। ডাক্ত
দিনের নিমিত্ত ঢাকার প্র
হইবেন।

দেবগড়ের সহকারী কমিসনর এ, ডবলিউ, য়াট সাহেব ভারতবর্ষীয় রেলওয়ের কড ার সিমুলতলা, বৈদ্যনাথ, মহাদেবপুর জগদীশপুরের আড্ডার মধ্যে রেলওয়ে ৪ যাবতীয় মকদ্দমার বিচার করিবার ক্ষমতা লেন। বাঁকা উপবিভাগের অন্তর্গত চন্দন পাথার ও যাবতীয় রেলইলওয়ে ঘটিত মক ার বিচারও তাঁহার হস্তে দেওয়া গেল। রাণীগঞ্জের সহকারী মাজিষ্ট্রেট জে, আর. লট সাহেব গোবিন্দপুরের মাজিষ্ট্রেটের ার মধ্যে রেলওয়ে ঘটিত যাবতীয় মকদ্দ বিচার করিবার ক্ষমতা পাইলেন।

জামতারার সব আসিষ্টাণ্ট কমিসনর এ . ফ্রেজার সাহেব কারমতারা জামতারা মের গ্রাম আড্ডার মধ্যে কড লাইন ঘটিত ীয় মকদ্দমা করিবার ভার পাইলেন।

এ জানুয়ারি। লেপ্টনণ্ট ডবলিউ, য়মসন্ চতুর্থ শ্রেণিতে নিযুক্ত হইয়া ভর ডেপুটি কমিসনর হইবেন।

সার্ক সাহেব হুগলির প্রতিনিধি ট ও ডেপুটি কালেক্টর হইবেন। গ্রিমলি সাহেব হুগলীর মাজি র হইয়া মাজিষ্ট্রেট ও ডেপুটি কমতা পাইবেন।

—:০:—

ামাদিগের গাজিপুরস্থ সংবাদদাতা াছেন।

ই কালি এপ্রদেশের দুর্ভিক্ষক্লিষ্ট ব্যক্তি াহায্যার্থ অনেক স্থানে চাঁদা হই- ামাদিগের মাজিষ্ট্রেট সাহেবও এই এখানে একটী সভা করিয়াছিলেন। হেবের অনুরোধে অনেকগুলি ধনী স্থ হইতে হইয়াছিল; কিন্তু লজ্জার শুদ্ধ ১২৫ টাকার অধিক উঠা উরোপীয় কোয়ার্টর হইতে প্রায় হইয়াছে। এপ্রদেশের বড়মানুষ নাচপ্রভৃতিতে ব্যয় করিতে কিন্তু এসব বিষয়ে কিছু দিতে কবল খাতের এড়ান বিবেচনা ড় দুঃখের বিষয়।

তী পরীক্ষার প্রশ্ন চুরি স্থানে পরীক্ষা না হইয়া ীক্ষা লওয়া হইয়াছিল। বার ৯০ ছিল; ইহার মধ্যে কেবল ১৭ জন ইংরাজী ভাষাতে আর সকলে উর্দ্দুতে পরীক্ষা দিয়াছেন। এখন চুরির ভয়ে পরীক্ষকেরা এবার প্রশ্ন না ছাপাইয়া নিজে নিজে পরীক্ষার্থীদিগকে লেখাইয়া দিয়াছিলেন; কিন্তু শুনিতেছি পরীক্ষা স্থানে কিছু গোলযোগ হইয়াছিল।

৩। সে দিন এখানকার গবর্ণমেণ্টসংক্রান্ত দুটী বগল চুরি গিয়াছে। পুলিষ এ পর্য্যন্ত অনুসন্ধানই করিতেছেন।

৪। এস্থানে এখন পর্য্যন্ত বৃষ্টির কোন লক্ষণ দেখা যাইতেছে না। চাউল টাকায় ৯ সের এবং গম ১০ সের। এখানে আরও এক বৎসর অক্ট্রোয় ডিউটি অর্থাৎ এখানে যে যে শস্য আমদানী হইবে তাহার উপর কর লওয়া হইবে না।

—:০:—

আমরা ফরিদপুর হইতে নিম্নলিখিত সংবাদগুলি প্রাপ্ত হইয়াছি।

১। ১লা জানুয়ারিতে আমাদিগের এখানকার কৃষিপ্রদর্শনী মেলা আরম্ভ হইয়া গত বৃহস্পতিবার শেষ হইয়াছে। মেলার ধুম ধাম ও বাহ্যাড়ম্বরের ত্রুটি হয় নাই। সিংহদ্বারনির্ম্মাণ, দরবারগৃহসজ্জা, ঘোড়দৌড়, মানুষের দৌড় কুস্তি এবং বাজি পোড়ান হইয়াছিল। যাহা হউক, সুখের বিষয় এই প্রকৃত কৃষকদিগকে এ বার অপেক্ষাকৃত সন্তোষজনকরূপে পারিতোষিক দেওয়া হইয়াছে। এ বার আমরা আমাদিগের ডেপুটি মাজিষ্ট্রেট শ্রীযুক্ত বাবু চন্দ্রমোহন রায় মহাশয়কে যথোচিত উদ্যোগ উৎসাহ ও পরিশ্রমসহকারে মেলার প্রায় যাবতীয় কার্য্য সম্পাদন করিতে দেখিয়া সমধিক সন্তোষলাভ করিয়াছি। ভগবান বাবুর অনুপস্থিতিতে আগামী বৎসর তিনি এইরূপ শ্রমসহকারে কার্য্য করেন, ইহা আমাদিগের একান্ত প্রার্থনীয়।

২। আমাদিগের ছোট আদালতের জজ বাবু কালীকিঙ্কর রায় মহাশয় এস্থানে সমাগত হইয়া অনেক নূতন আমলা নিযুক্ত করিতেছেন। আমরা কালীকিঙ্কর রায় মহাশয়কে অনুরোধ করি, নিরপেক্ষভাবে যথাযোগ্য কার্য্যক্ষম ব্যক্তিগণকে যেন তিনি নিযুক্ত করেন কেবল প্রশংসাপত্রের উপরে নির্ভর না করিয়া স্বভাব চরিত্রের প্রতিও যেন একটু দৃষ্টি রাখেন।

৩। গবর্ণমেণ্ট স্কুল ১ মাসের নিমিত্ত বন্ধ হইয়াছে। স্কুলসম্বন্ধে আমাদিগের অনেকগুলি লিখিতব্য আছে।

৪। গত রবিবার প্রায় ৫ ঘটিকার সময় এখানে ভূমিকম্প হইয়া গিয়াছে।

—:০:—

আমাদিগের গোয়ালিয়রস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

১। গত ৫ই পৌষ প্রাতঃকালে এখানে প্রায় দুইঘণ্টাকাল যথেষ্ট বৃষ্টি হইয়াছে। ইহাতে এ অঞ্চলের বিশেষ উপকার হইয়াছে; দুর্ভিক্ষের আর বড় আশঙ্কা নাই; শস্যাদির মূল্যও অনেক কমিয়াছে; কৃষকেরা ক্ষেত্র কর্ষণ করিতে আরম্ভ করিয়াছে; ক্ষেত্রে পূর্ব্বে যেসকল শস্য বপন করা হইয়াছিল, তাহার পক্ষে বিশেষ উপকার হইয়াছে। এই সময়ে আরও কিছু বৃষ্টি হইলে সকল আশঙ্কা দূর হইতে পারে। জল না হওয়াতে লোকের জ্বরাদি পীড়া হইয়া যে কষ্ট হইতেছিল, এক্ষণে আর তাহা নাই; এখন আর প্রায় লোকের পীড়াই নাই বলিলেও হয়।

২। আমাদের প্রিয় বন্ধু বাবু নবীনচন্দ্র চক্রবর্ত্তী মহাশয় অবকাশান্তে পুনরায় গত ১৩ই ডিসেম্বর এখানে আসিয়াছেন; নবোৎসাহ ও নবোদ্যমসহকারে ইংরাজী ও বাঙ্গালা সভার উন্নতিসাধনে বিশেষ যত্ন করিতেছেন। এটী সিবিল ষ্টেসন নহে; একটী ব্যাণ্ট নমেণ্ট। কর্ম্মস্থানের মধ্যে কেবল দুইটী বিভাগ (ডিপার্টমেণ্ট) আছে, কামসরিএট ও এঞ্জিনিয়ারি। ইহাতে ২০। ২৫ ৩০।৪০ টাকা এইরূপ অল্পবেতনপ্রাপ্ত কর্ম্মচারীই অধিক। আমাদের যেসকল বঙ্গীয় ভ্রাতা বিদ্যালয়ে যৎসামান্য পড়িয়া অর্থোপার্জ্জনের অনুসরণ করিয়াছেন এবং স্বদেশে ও উত্তর পশ্চিমের কোন স্থানে কর্ম্ম প্রাপ্ত হন নাই, তাঁহারাই এখানে আসিয়াছেন। বিদ্যালয়ে অধিক না পড়িলে ও অল্প বয়সে অর্থোপার্জ্জনের ইচ্ছা হইলে লোকের যত আত্মা ও মনের উন্নতি হইতে পারে তাহা বিলক্ষণ বোধগম্য হয়। আমি এখানে এক বৎসর হইল আসিয়াছি, সকল বিষয় বিশেষরূপে দেখিলাম, কিন্তু যাহাতে মনুষ্যত্বের উন্নতি হয়, এরূপ যত্ন এখানকার কাহারও দেখিলাম না। কেবল দুই পংক্তি লিখিতে ও দুইটা ইংরাজী কথা কহিতে শিখিলেই অনেকে আপনাকে কৃতার্থ জ্ঞান করেন। এরূপ ব্যক্তির বিদ্যার পরিবার

পালন ইত্যাদি সামান্য বিষয়েই অনেকের
নর উদ্দেশ্য বদ্ধ রহিয়াছে। আমি যে এক
নুষ্য, ঈশ্বর আমার উপর যে নানা গুরু
ার দিয়া রাখিয়াছেন, আজীবন যাহার
প্রাণগত যত্ন করিতে হইবে, এসকল কথা
ন্তার বিষয় নহে, এখানকার অল্প শিক্ষিত
ীর বলিয়া নহে, আমাদের বাঙ্গালী
দিগের মধ্যে যাঁহারা বিশেষরূপে শিক্ষিত,
দের মধ্যেও এইরূপ ভাব, তবে যিনি
যত্ন ও অধ্যবসায়সহকারে বিদ্যাবিষয়
র্ম্মবিষয়ে কিছু উৎকর্ষ লাভ করিতে
ন তিনি "বন গাঁয় শিয়াল রাজা"
চাহেন। তিনি বাবু কেশবচন্দ্র সেনের
অবতার বলিয়া লোকের পূজা গ্রহণ
ত অভিলাষ করেন। এই সকল
য়া শুনিয়া বাঙ্গালীদিগের প্রকৃত অভ্যুদয়
হতাশ হইতে হইয়াছে। পূর্ব্বে আমাদের
যুবকেরা আত্মীয় স্বজনের তিরস্কারে
রিদিগের শরণাগত হইতে যাইত, এখন
য়ের প্রসাদে পশ্চিমাঞ্চলে পলাইয়া
। এ অঞ্চলের মধ্যে অনেক বাঙ্গালী লেখা
ভয়েতে বা অন্য কোন কারণে এখানে
য়া আসিয়াছে, আবার গোয়ালিয়র একটী
বর্ত্তী, সাধারণগম্য স্থান নহে; কাজেই
এখানে ঐরূপ পলাতকের সংখ্যা দিন
বৃদ্ধি পাইতেছে। অতএব, যাহারা লেখা
ভয়েতে দেশ ছাড়িয়া আসিয়াছে, এখন
করিয়া তাহাদের আর কত দূর হইবার
করা যায়। তবে আমি যে অন্য স্থানের
লোকগণ অপেক্ষা এখানকার বাঙ্গালীদের
র সুখ্যাতি করিয়া আসিয়াছি, তাহার
আছে। এ অঞ্চলের কোন স্থানের
লীদের অর্দ্ধেক তামাকের ধূমপান
ত্যাগ করিয়াছেন। কোন স্থানের
লীরা অন্ততঃ ইংরাজী কথা ও ইংরাজী
তে শিখিবার জন্য সভাদি স্থাপন করেন।
ত অবশ্যই এখানকার বাঙ্গালীরা প্রশংস
। নবীন বাবুর ন্যায় এখানে দুই একটী
পযুক্ত বাঙ্গালী আছেন, ইহাঁদের দ্বারা
বসদনে বাঙ্গালীদিগের বিশেষ নাম হই-
। স্থানেস্থানে যদি একটী দুইটী বাঙ্গালীও
করেন তাহা হইলে যে কাজ হইতে
নবীন বাবুর দৃষ্টান্তে আমি তাহা
াছি। এঅঞ্চলে যেসকল বাঙ্গালী আছেন,
রা যে কারণেই আসুন, যেন কেবল
র বিহার ও অর্থোপার্জ্জনপ্রভৃতি জীবনের
ন্যে কার্য্যেই পরিতৃপ্ত হইয়া না থাকেন।

৩। কলিকাতায় বড় দিনে যেরূপ সমারোহ ও আড়ম্বর দেখিতে পাওয়া যায় এই সৈনিক পুরুষপরিবেষ্টিত অল্পসংখ্যক ইংরাজদের মধ্যে তাদৃশ দেখিবার সম্ভাবনা নাই। তবে সেইদিন প্রাতঃকাল হইতে সন্ধ্যাপর্য্যন্ত রাজপথের দুই পার্শ্বে দেখা গেল কোন কোন গোমস্তা নানাবিধ দ্রব্যজাতপূর্ণ উপঢৌকন কমিসরিএট সাহেবকে দিতেছে, কণ্ট্রাক্টরগণ এঞ্জিনিয়ার ও ওভরসিয়ারদিগকে বিবিধ উপচারে নৈবেদ্য দিতেছে ইত্যাদি দেখিয়া আমরা অনেকাংশে চক্ষুর সার্থক্যসাধন করিয়াছি। এরূপ উপঢৌকন বা পূজার অভিপ্রায় কি? আমরাও বড়দিনের উৎসব সম্ভোগে সম্পূর্ণরূপে নিরাশ হই নাই, আসিষ্টাণ্ট কমিসারি জেনারেল কর্ণেল ব্রাণ্ডার সাহেব তাঁহার অধীন কর্ম্মচারিদিগকে ৫০ টাকা দিয়াছিলেন। তাহাতে এখানকার সমস্ত বাবু গোয়ালিয়র সহরের নিকটবর্ত্তী একটী মনোহর উদ্যানে মিলিত হইয়া বিবিধ উপচারে আহারাদি করিয়া সন্ধ্যার পর আবার মুরার ছাউনীর একটী প্রকাশ্য স্থানে নর্ত্তকীদিগের নৃত্য দর্শন করিয়াছেন। এই উৎসবক্ষেত্রে বাঙ্গালী ও হিন্দুস্থানি ভিন্ন ১৫।১৬ জন সাহেব উপস্থিত ছিলেন। মধ্যে মধ্যে চা, সুরাপ্রভৃতি তাঁহাদিগকে পরিবেশন করা হইয়াছিল। কোন কোন সাহেব মাতাল হইয়া পড়িয়াছিলেন। যাহা হউক, বড়দিনের এ এক নূতন ব্যাপার ও নূতনপ্রকার আমোদ। আমি আজিও পর্য্যন্ত বড়দিনের আমোদ ভোগ করিতেছি, এটী আমার পক্ষে একটী বিষম ফাড়া হইয়া উঠিয়াছিল।

৪। গত ৮ ই জানুয়ারি মেজর জেনারেল চেম্বরলেন সাহেবের বাড়ীতে একটী মহা সমারোহ হইয়া গিয়াছে। এখানকার প্রায় ইতর ভদ্র সকলই সপরিবারে নিমন্ত্রিত হইয়াছিলেন। আহারাদির আয়োজন, মল্লযুদ্ধ হইয়া ব্যায়াম চর্চ্চা, আতোষবাজীপ্রভৃতি বিবিধপ্রকার আমোদকর অনুষ্ঠান হইয়াছিল মহারাজের পোষ্য পুত্র সভাসদ্ ও অনুগত লোক সমভিব্যাহারে আসিয়াছিলেন। সেদিন ঐ স্থানে লোকারণ্য হইয়াছিল। মহাশয় এই উৎসবটী বড়দিন উপলক্ষে কি অন্য কোন কারণে তাহা বলিতে পারি না।

৫। এখানে পব্লিক ওয়ার্কেসে অনেক ওভরসিয়ার, সব ওভারসিয়ার একাউণ্টেণ্টপ্রভৃতি কর্ম্মচারী জমিয়াছে
র্যের বিষয় এই, এক জন ২০।২৫
বেতন ধারী সব ওভরসিয়ার এক মাসের
গাড়ী, ঘোড়াপ্রভৃতি আসবাবের সহিত
বাহাদুরী করিতেছেন যে, অধিক বেতন
কর্ম্মচারী তাহা দেখিয়া অবাক হন
সন্দেহ নাই। অন্যস্থ অনেক ভদ্র ভদ্র স
এইসকল অত্যাচার দেখিয়া এই ডিপার্টমে
প্রতি ঘৃণা প্রকাশ করেন, কিন্তু ও
চোরকে আইন মত ধরা কাহারও সাধ্য
এখানে একগুণ খরচে পাঁচ গুণের অ
ধিক লাগিতেছে।

৬। মহাশয়! এই একবৎসর কাল
লিয়রের যেসকল বিষয় পাঠকবর্গকে
ইবার তাহার প্রায় অনেক জানাইয়াছি,
এস্থান তাহাদের প্রায় অনেক বিষয়ে প
হইয়াছে; বোধ হয় এস্থান হইতে আর স
পাঠাইতে পারিব না; মানুষে কর্ম্মসূত্রে
বেড়ায় আমিও সেই কর্ম্মসূত্রে স্থান
য হইতেছি। বোধ হয় নূতন স্থান হইতে অ
নূতন নূতন বিষয় লিখিব।

রঙ্গপুর হইতে এক ব্যক্তি লি
রাছেন।

১ রঙ্গপুরের উত্তর প্রদেশসমূহ ইত
কুচবিহারের অধীন ছিল; গত কয়েক
হইল, ইংরাজ গবর্ণমেণ্টের অধিকৃত হ
অনেক ধনাঢ্য পাহাড়িয়া জাতি এসে স
সোপানে আরোহণ করিতেছে; এ দে
লোক অতি অল্প কোন স্থানে ভদ্র
মাত্রও দৃষ্টিগোচর হয় না। হিন্দু জাতির
রাজবংশী এখানে প্রধান; রঙ্গপুরের
রাংশে যত মুসল, আমে তন্মধ্যে মু
আট আনা, রাজবংশী চারি আনা, আ
দায় চারি আনা হইবে। মফস্বলে বিস্তর
বংশী তামাকের ব্যবসায় করিয়া ধনবান
য়াছে এবং স্কুলপ্রভৃতিতে পড়িয়া ভ
পরিগণিত হইতেছে; অন্যান্য জাতিরা
কার্য্যদ্বারা জীবন ধারণ করিয়া থাকে
দেশে যেমন কামার, কুমার, তিলি,
পৃথক পৃথক জাতিতে ভিন্ন ভিন্ন ব্যবসা
এখানে তেমন নাই, মুসলমান ও রা
যাহারা যে কার্য্য করিতে পারে তাহা
ব্যবসায়দ্বারাই জীবিকা নির্ব্বাহ কর
দেশের মহিলাগণ অত্যন্ত পরিশ্রমী।

...ও এবং গৃহকার্য্যাদি সমুদায় নির্ব্বাহ ...য়ে সময়ে কৃষিকার্য্য বিষয়েও স্বামীকে ... সাহায্য করিয়া থাকে। স্ত্রীলোকে... ই এতদ্দেশীয় পুরুষেরা অনেক দুঃখভোগ ... থাকে। তাহারা কেবল কুমকর্ম্ম ও ...ন্ন, আহার করিয়া কালযাপন করে। ...ক ধনবান মনুষ্যও উত্তম বস্ত্র পরিধান ও ...বস্ত্র আহার করে না এক এক কৌপীন ...করিয়া দিনাতিপাত করে। যাহারা রাজ ...না ঢাকাদের কাছারিতে যায়, তাহাদিগে ...ও একখানি ৪। ৫ হাত কাপড় থাকে। ...সকল লোককে দেওয়ানিয়া বলে। ...নিয়ার বাটীতে না থাকিলে ফকির ও ...এক মুষ্টি তণ্ডুল পায় না। এ দেশের ...গের পরিচ্ছদও কদর্য্য। অঙ্গনাগণ ...বাসে একখানি স্থূল বস্ত্র বুক বাঁধা করিয়া ...থাকে। ঐ সময়ে স্ত্রীদিগকে দোকাপড়া ...বলে। দোকাপড়ার অর্থ যৌবনপ্রাপ্ত ...কটিতে ও বক্ষঃস্থলে উভয় স্থানেই কাপড় ...হয়, তজ্জন্য দোকাপড়া বলিয়া থাকে। ...ক মৎস্যের অত্যন্ত প্রিয়। একটা ...পেটুকাইয়া অনেক অন্ন খাইতে পারে। ...শের বিবাহপদ্ধতি একপ্রকার ভালই ...যায় বাল্যবিবাহ প্রায় নাই। দোকাপড়া ...ইলে অনেকেই বিবাহ দিতে সম্মত হয় না। ...ভিন্ন সমুদায় জাতিরই বিধবাদিগকে ...র পাত্রসাৎ করার রীতি আছে, তজ্জন্য ...ত্যাপ্রভৃতি পাপ অতি অল্প হইয়া থাকে ...শের প্রধান উৎপন্ন দ্রব্য তামাক, কোষ্টা ...বিলাতি আলু, ইক্ষুও কোন কোন স্থানে ...যায়। এ প্রদেশের বাণিজ্য স্থান বাউরা ...মারা, গোটমারি, কালীগঞ্জ, কাকীনিয়া, ...পাকা এই কয়েক স্থানে এক একটী বন্দর ...ও তদ্ব্যতীত এতদ্দেশীয় উৎপন্ন দ্রব্যসমূ ...স্থানান্তরে প্রেরিত হইয়া থাকে। এ দে- ...তানিগকে অন্যান্য দেশে কোচাড়িয়া ...ক বলে।

...। রঙ্গপুরমেলার অদ্যও শেষ হয় নাই ...া শুনিয়া দুঃখিত হইলাম, যে উদ্দেশে ...সংস্থাপিত হয়, এক্ষণে তাহার বিপরীত ...আরম্ভ হইয়াছে। রঙ্গপুরের বিচারক ও ...ার মহাশয়দিগের নিকটে মেলাস্থান এক ...দের স্থান হইয়া উঠিয়াছে।

এ বৎসর রঙ্গপুর গবর্ণমেণ্ট স্কুলের ...ন ছাত্র এণ্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হই- ...চ জন ছাত্র পরীক্ষার্থী হইয়া গমন করে। তন্মধ্যে এক জনের মৃত্যু হইয়াছে। অবশিষ্ট চারি জনই পাস হইয়াছে। গত বৎসর রঙ্গপুরের ভদ্র মহাশয়েরা যে, রঙ্গপুর স্কুলের প্রধান শিক্ষক বাবু চন্দ্রনাথ ভট্টাচার্য্যকে সুবর্ণ ঘটিকাসহ অভিনন্দনপত্র দিয়াছিলেন, এবৎসর তাঁহার সুফল ফলিল।

৪। গত ২৮এ পৌষ রবিবার অপরাহ্ণ বেলা ৪॥ ঘটিকার সময়ে এখানে ভূমিকম্প হইয়া গিয়াছে। এই কম্পন প্রায় অর্দ্ধ ঘণ্টা কাল পর্য্যন্ত ছিল। আমরা জ্ঞানাবধি এরূপ প্রবল ভূমিকম্প দেখি নাই, মৃত্তিকা এবং গৃহাদি অত্যন্ত কাঁপিতে আরম্ভ করিয়াছিল। মনুষ্যসকল ভীত হইয়া গৃহাভ্যন্তর হইতে অঙ্গনে বহির্গত হয়। ঐকালমধ্যে দুইবার এমন প্রবল বেগে কম্প হয় যে, আমরাই গৃহে থাকিতে সাহসী হই নাই। অনেকেই এই কম্প দর্শনে বিস্ময়াপন্ন হইয়াছেন।

২৯ এ পৌষ
১২৭৫ সাল

—০—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

কৃতজ্ঞতা স্বীকার।

মহাশয়! আমরা সাতিশয় কৃতজ্ঞচিত্তে স্বীকার করিতেছি যে, শ্রীল শ্রীযুক্ত বর্দ্ধমানাধিপতি মহারাজ অনুগ্রহপুরঃসর আমাদিগের বিদ্যালয়ে আশাতিরিক্ত দান করিয়া আমাদিগকে চরিতার্থ করিয়াছেন। ভরসা করি, অপরাপর মহাত্মারাও এইরূপ উৎসাহদানবিষয়ে মহারাজের অনুকরণ করিয়া দেশের উপকার সাধন করিবেন।

জগদীশ্বর করুন, যেন অল্পকালমধ্যেই কৃতজ্ঞতা স্বীকার করিয়া আমরা আপনার সুচরিত পত্রিকার স্তম্ভপূরণ করিতে সমর্থ হই।

গঙ্গাচিকুরী
১০ ই জানুয়ারি
১৮৬৮

শ্রীইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
সম্পাদক।

—:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার ঘোষাল চৌখণ্ড
১৮৬৯ জানুয়ারি হইতে মার্চ্চ ৩৸০
" " দীনবন্ধু ভট্টাচার্য্য মানবাজার ৭
" " মুন্সি তহুত্তর আলী আলীপুর ৫॥০
" " রাজীবলোচন রায় বহরমপুর ১৩
" " বিপিনবিহারি মুখোপাধ্যায় দারজিলিং
১৮৬৯ জানুয়ারি হইতে জুন ৭

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫॥০ টাকা। মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩৲ ষাণ্মাসিক ৭ এবং ত্রৈমাসিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার মধ্যে যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, তাঁহারা যেন এক অথবা আধ আনার অধিক ষ্টাম্প ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রকাশের মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টার করিয়া শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে, পাঠাইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত হইয়া আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত হইয়া গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহার পর একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ করা যাইবে। শেষ বারের পত্র রেজারিং করা হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের পরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রেরণ করেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ করা যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ইচ্ছা করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি ৵১০ আনা তাহার পর ৵১০ আনা দিতে হইবে। যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা করেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে।

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃ প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১১ শ ভাগ। ১২ সংখ্যা।

" প্রবক্ষ্যনাং প্রকৃতিস্থিতায় পার্থিবঃ সংস্কর্ত্তা কালমন্থনী ন ছায়না। "

সিক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
গ্রিম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২০এ মাঘ। ১৮৬৯। ১লা ফেব্রুয়ারি { মফস্বলে মাশুলসমেত অগ্রিম বা
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸

বিজ্ঞাপন।

দুর্গোৎসব নাটক।

কলিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে
ালী নর্ম্মাল স্কুলে শ্রীকালীপ্রসন্ন বিদ্যারত্নের
কালনা মেডিকেল হলে প্রাপ্য।
॥০ আট আনা।

শ্রীজীবানন্দ ভট্টাচার্য্য
সংস্কৃত কালেজ

—:০:—

হরিনাভি ইং সং বিদ্যালয়ে ১৮৬৯ অব্দের
বেশিকা পরীক্ষার্থীদিগের পাঠনার্থ একটী
ণী করা হইয়াছে। যাঁহারা উহাতে প্রবিষ্ট
য়া অধ্যয়নের বাসনা করেন, তাঁহারা
ান শিক্ষকের নিকটে নিয়মাদি অবগত
বেন।

০ ডিসেম্বর } শ্রীদ্বারকানাথ শর্ম্মা
৮৮ } হরিনাভি বিদ্যালয়ের
অধ্যক্ষ।

—:০:—

ৎপ্রণীত চিত্তবিনোদ কাব্য ১ ম খণ্ড। অতি
লিত অমিত্রাক্ষরে রূপকচ্ছলে ইহাতে
তবর্ষের বর্ত্তমানাবস্থা বর্ণিত হইয়াছে। গ্রহ
ক্ক মহাশয়েরা বর্দ্ধমান বড়বাজারে অধর
ল শাহার পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইবেন।

শ্রীঈশানচন্দ্র বসু

—:০:—

চিকিৎসাপ্রকরণ এবং চিকিৎসাতত্ত্ব
অর্থাৎ
প্রিন্সিপলস্ এবং প্রাক্টিস্ অব
মেডিসিনের
প্রথম খণ্ড ৮ পেজি ফরমার ৭৬৮ পৃষ্ঠা
বাঁদা, শ্রীযুক্ত বাবু গঙ্গাপ্রসাদ মুখোপা
বি, এ, এম, ডি, কর্ত্তৃক সংগৃহীত হইয়া
শিত হইয়াছে।

প্রথম খণ্ডের বর্ণিত বিষয় (১) সাধারণ নিদানতত্ত্ব (২) অন্তরুৎসেকা পীড়াসমূহ। (৩) দৈহিক পীড়াসমূহ (৪) স্নায়ুমণ্ডলের পীড়াসমূহ।

মূল্য ১০ টাকা, ডাকমাশুলসহিত ১০৷৷০ কলিকাতা লালবাজার হিন্দু হষ্টেল ২১৩ নং বাটীতে শ্রীযুক্ত বাবু গুরুদাস চট্টোপাধ্যায়ের নিকট পাওয়া যাইবে।

—:০:—

বাল্মীকি রামায়ণ
তৃতীয় খণ্ড

এই পুস্তক প্রথমাবধি প্রকাশ হইতেছে। ইহাতে নাগরাক্ষরে মূল ও টীকা এবং সর্ব্বশেষে বাঙ্গলা অনুবাদ আছে। যাঁহার আবশ্যক হইবে, তিনি কলিকাতা ব্রাহ্মসমাজে আমার নামে পত্র লিখিবেন। প্রত্যেক খণ্ডের (দশ ফরমার) মূল্য ৷৷০ আনা। বিদেশীয় গ্রাহক দিগকে ৵০ আনা মাশুল দিতে হইবে।

কলিকাতা ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

মজাপুর মেডিকেল হল।

১। এতদ্দ্বারা আমাদিগের ঔষধক্রয়কারক, সুহৃদ, সহকারী ও সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, দ্বিতীয় ত্রৈমাসিক ইণ্ডেণ্ট সম্বন্ধে অর্ণবপোত "ষ্টার অব স্কোসীয়া, ওয়ার উইক, ব্রিটিব প্রীন্স" দ্বারা দশ সহস্র টাকা মূল্যের ঔষধ পূর্ব্ব প্রাপ্ত হওয়া গিয়াছে। এতদ্ভিন্ন সম্প্রতি আমরা বিলাত হইতে ইং সন ১৮৬৮ সালের শেষ ত্রৈমাসিক ইণ্ডেণ্ট সম্বন্ধে "ব্রিটিশ ফলাগ, কিং আর্থর, ও ব্যাকস" নামক অর্ণবপোতত্রয়দ্বারা ৮৩ বাক্স ইউরোপীয় ঔষধ প্রাপ্ত হইয়াছি। এই সমস্ত ঔষধ ন্যূনাধিক সাত সহস্র টাকা মূল্যে করা হইয়াছে।

২। আগামী বর্ষের প্রথম ত্রৈমাসিক উপলক্ষে চিকিৎসোপযোগী অস্ত্র ও প্রস্তুতকরণের ও ঔষধবিক্রয়করণের সামগ্রী ও সজ্জা ও বিবিধ ঔষধ ইং সন ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসে কি হইতে পৌঁছিবে।

৩। আমরা অধিক পরিমাণে ও উভয়রূপে ঔষধ বিক্রয় করিয়া থাকি।

৪। এই সমস্ত দ্রব্যাদির আসল বি চালান ও অন্যান্য দলীল কেহ দেখিতে ই হইলে, আমহার্ষ্ট ষ্ট্রীটে ৩১ সংখ্যক প্রধান ধালয়ে শ্রীযুক্ত বাবু গোপীনাথ দের নিকট সভাবাজার ষ্ট্রীটে ৫৫ সংখ্যক ভবনে ঔষধালয়ের ম্যানেজর শ্রীযুক্ত বাবু নন্দ পাল হালদারের নিকট দেখিতে পাই ইতি।

কলিকাতা
১ ই ডিসেম্বর
ইং সন ১৮৬৮ } বন্দ্যোপাধ্যায় এব

—:০:—

নির্ম্মাসিতের বিলাপ মুদ্রিত হইয়া প্রকা হইয়াছে। পুস্তকের কলেবর ৮ পেজী ফ ১৪ ফরমা অর্থাৎ ২১২ পৃষ্ঠা। মূল্য ৸০ আ যাঁহার আবশ্যক হয়, ঠনঠনিয়া সংস্কৃত য পুস্তকালয়ে অথবা পটোলডাঙ্গা সংস্কৃত যন্ত্র এণ্ড কোর পুস্তকালয়ে অনুসন্ধান করি পাইবেন ইতি।

১২৭৫ সাল
২১এ অগ্রহায়ণ
সংস্কৃত কলেজ } শ্রীশিবনাথ শ

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়

ীত ও মৎ ত নিম্নলিখত পুস্তকগুলি
ইতেছে:—

প্র ত	মূল্য	
গ্রীসইতিহাস	১	টাকা
রোমইতিহাস	১	ঐ
ভূষণসার ব্যাকরণ	।৵	আনা
নীতিসার (১ ম ভাগ)	৶	ঐ
নীতিসার (২ য় ভাগ)	৶	ঐ

প্রচারিত।

শুদ্ধবোধ ব্যাকরণ	৸	ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

ংরাজী বাঙ্গালা পুস্তক কাগজ কলম নানা
দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে
এক আনার হিসাবে কমিসন দি। অধিক
র পুস্তক লইলে /১০ আনার হিসাবে
বেন।

যুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয়প্রণীত
৮ পর্ব্ব মহাভারত ১৭ খণ্ড ৩ ভাগে উত্তম
৬০
ত করা।
ওন ফারমা কোপিয়া অর্থাৎ ঔষধ কল্পা-
২৷৷০

হম্মদের জীবনচরিত উত্তম বাঁধান ১
প্রসাকুবপ্রভৃতি প্রাচীন কবওয়ালাদিগের
াৎগ্রহ ১
ানীরিক স্বাস্থ্যবিধান ১
য়প্রবাহ উৎকৃষ্ট কাব্য ১০
াৎ সঙ্গিদ দায়িনী ১৷৷
থম তরঙ্গিণী ১
তনাথ ঘোষকৃত সংগীতমনোরঞ্জন ২
রূপামঞ্জরী কাব্য কবিবর দ্বারকানাথ রায়
ত ১
সবসামৃত সংস্কৃত ও পদ্য ৷৷
তগোবিন্দ জয়দেব গোস্বামিপ্রণীত মূল্য
নাথ ন্যায়পঞ্চাননকৃত গদ্য ১৷০
কৌতুক তরঙ্গিণী ইংরাজি কেমেষ্ট্রি হইতে
আশ্চর্য্যজনক বিদ্যা দর্শন হয় ১৵
চমূর্ত্তি সহিত ১২৭৬ সালের ফুল পঞ্জিকা ৷৷
ঐ হাফ পঞ্জিকা ।০
ঙ্গল পদ্য ১
তারিণী ৷৷
চণ্ডী মূল ও অনুবাদ সহিত ৫

ইহাতে মিউটীনির বিষয়

ইংরাজি ১৮৬৯ সালের এষ্ট্রাক্সো কী ১৷৷৵
কুমারীকুমার পদ্য আদিরসপ্রধান কাব্য ১
স্বপ্নের মোহিনী শক্তি ।৵
গণেশচন্দ্র শর্ম্মকৃত বাঙ্গলা এটলাস উত্তম
কাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত ৩
বিধবাবিবাহ নাটক ১
কাদম্বিনীকুমার রসরত্নাকরান্তর্গত নায়ক
নায়িকাঘটিত সুরস কাব্য ৸০
মণিকুণ্ডলা কাব্য প্যারীমোহন বন্দ্যোপা-
ধ্যায়প্রণীত দুর্গেশনন্দিনীর মত লেখা ১
ঔষধসিন্ধু লহরী ২৷৷০
ভূচিত্রাবলি ৩২খানি বাঙ্গালা ম্যাপ
সহিত ৪৷৷০
সটীক চৈতন্যচরিতামৃতগ্রন্থ ৭
কাদম্বিনী নাটক আইনসংযুক্ত ২ খণ্ড
একত্রে ২
উষাহরণ পদ্য ১
হিতোপদেশ বিষ্ণুশর্ম্মার সংগৃহীত ১

কলিকাতা জোড়া-সাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র রায়
নগদ বিক্রেতা।

———

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদও টীকা সমেত প্রত্যেক খণ্ড ৮০ পৃষ্ঠা অগ্রিমমূল্য ৷৷০।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মুজাপুর আমহর্ষ্টষ্ট্রীট ৩৪।১ নং ভবনে কাব্যপ্রকাশ যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারের নামে মত খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

গার্ডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয় করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষরিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

———:০:———

মহাকবি শ্রীকালিদাস প্রণীত সংস্কৃত কুমার সম্ভব মল্লিনাথের টীকার সহিত মুদ্রিত হইয়াছে এবং মল্লিনাথের টীকায় যেসকল দুরূহ পদের ব্যাখ্যা সন্নিবেশিত হইয়াছে, তাহা, পাঠকবর্গের সুবিধার নিমিত্ত, পত্রের শেষে অতিরিক্ত রূপে প্রদত্ত হইয়াছে। পদ ও পদের অর্থ দ্বারা পরস্পর মিলিত থাকিলে অনায়াসে বোধের ব্যাঘাত হয়, এ জন্য টীকাধৃত পদ সকলের সন্ধি বিশ্লেষ করা হইয়াছে। পুস্তকের দশ মুদ্রিত হইলে কতিপয় প্রসিদ্ধ অধ্যাপ দেখিতে দেওয়া হইয়াছিল, তাঁহারা দে সন্তোষ প্রদর্শন করিয়াছেন এবং সোমপ্র উত্তমরূপে সংশুদ্ধ হইয়াছে বলিয়া, ত প্রশংসা করা হইয়াছে।

এই পুস্তক যাঁহার আবশ্যক হইবে সংস্কৃত যন্ত্রে অনুসন্ধান করিলে অথবা নিকট পত্র লিখিলে পাইতে পারিবেন। মূল্য ২ দুই টাকা।

আহ্লাদের সহিত প্রকাশ করিতেছি, ভেসী কালেজের সংস্কৃত শাস্ত্রের সুবিজ্ঞ পকগণ এই পুস্তক আপনাদিগের ছাত্রদি পাঠ্য বলিয়া মনোনীত করিয়াছেন। এ ইহা এইরূপে সর্ব্বত্র পরিগৃহীত হইলে শ্রম সফল জ্ঞান করিব।

কলিকাতা সংস্কৃত যন্ত্র ২৯ এ পৌষ ১২৭৫ } শ্রীক্ষেত্রমোহন শর্ম্মোপ

—:০:—

বিজ্ঞাপন।

২৪ পরগণার অন্তঃপাতী কোদালিয়া গবর্ণমেণ্ট সাহায্যকৃত বাঙ্গালা পাঠশালা তাহা উঠিয়া হরনাভি ইং সং বিদ্যালয় মধ্যে আসিয়াছে। যাঁহারা স্বস্ব সন্তানা তথায় পড়াইবার বাসনা করেন, তাঁহারা বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকটে উ হইলে নিয়মাদি অবগত হইতে পা সমুদায়ে ৪ চারি শ্রেণী করা হইয়াছে। শ্রেণীর ৷৷০ আট আনা, দ্বিতীয় শ্রেণীর ছয় আনা, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ৷০ আনা ছাত্রদের বেতন স্থির করা এবং ত ধানাদির উত্তমরূপ ব্যবস্থা করা হইয়াছে

১২৭৫ ৪ ঠা মাঘ } শ্রীদ্বারকানাথ শর্ম্মা অধ্যক্ষ।

—:০:—

মৎপ্রণীত কবিতাকুসমাঞ্জলি সংস্কৃত পুস্তকালয়ে ও কলিকাতা নর্ম্মাল বিদ্য বিক্রয়ার্থ প্রস্তুত আছে মূল্য ।৵০ আনামা

শ্রীকৃষ্ণকিশোর বন্দ্যোপাধ্যা

—:০:—

বাঙ্গালা ছাপাযন্ত্রাবলী।

য়েকখানি অভিনয় এটলাস ছুটে প্রস্তুত। ত ৩২ খানি ম্যাপ আছে। উত্তমরূপে ন। স্কুলবুক সোসাইটি, সংস্কৃত যন্ত্রের কালয়ে, মর্ম্মাল স্কুলে ও পটলডাঙ্গ. র্য্যা ব্রাদর্শদিগের পুস্তকালয়ে পাওয়া যায়। ৪॥ টাকা।

শ্রীনীলকমল ঘোষাল।

নদিয়ার নদী।

সন ১৮৬৯ সালের জানুয়ারি মাসের ৮ই হইতে ১৪ই পর্য্যন্ত ভাগীরথী নদীর সর্ব্বকমন্তি জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকমন্তি জল ফুট	ইঞ্চি
পদ্মার সহিত ভাগীরথীর মহানার যোগের স্থান	১৪	»
মহানায়	৮	»
তথা হইতে জলিপুর ১৩॥ মাইল মধ্যে	১	৬
জলিপুর হইতে বহরমপুর ৪৬ মাইলের মধ্যে	২	»
বহরমপুর হইতে কাটোয়া ৫০ মাইলের মধ্যে	২	»
কাটোয়া হইতে নদীয়া ৪৬ মাইলের মধ্যে	২	৩

সন ১৮৬৯ সালের ১৪ জানুয়ারি বহরা গজঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
	৬	৯

মপুর এ জানুয়ারি ৬৯। } শ্রীযুক্ত সি ই, উইক একজিকি উটিব ইঞ্জিনিয়র ডিবিজন। নদীয়া রিবার

সোমপ্রকাশ।

২০এ মাঘ সোমবার।

উত্তর পূর্ব্ব সীমার বন্যগণের দৌরাত্ম্য।

আর একটী ক্ষুদ্র যুদ্ধ হইবার উপ- ম হইয়াছে। পঞ্জাব ও আসামের মা আমাদিগের গবর্ণমেণ্টের দুষ্ট ব্রণ রূপ হইয়াছে, তাহা হইতে সর্ব্বদা পানিত নির্গত হইতেছে; তাহা শুষ্ক ইতেছে না। মধ্যে মধ্যে আমরা শুনিতে াই, বন্যেরা দৌরাত্ম্য করাতে গবর্ণমেণ্ট সৈন্য প্রেরণ করিতে বাধিত হইতেছেন। কিন্তু আমাদিগের মনে এই সংশয় উপস্থিত হয়, যাহারা এত দুর্ব্বল; কখন কয়েক জনমাত্র সিপাহীর সম্মুখীন হইয়া যুদ্ধ করিতে সমর্থ হয় না, তাহাদিগের এপ্রকার সাহস কিরূপে হয়। বন্যদিগের সহিত যুদ্ধ হইলেই তাহাদিগের গৃহদাহ ও গ্রাম লুঠ করা হয়, ব্রিটিশ সেনারা তাহাদিগকে শৃগাল কুক্কুরের ন্যায় প্রাণে বধ করে। যদি পরস্বলুণ্ঠনই বন্যদিগের দৌরাত্ম্য করিবার প্রকৃত উদ্দেশ্য হয়, তাহা হইলে ত তাহাদিগের বড় লাভের কারণ থাকে না, গবর্ণমেণ্ট এত দণ্ড দেন; তাহাদিগের এত ক্ষতি হয় যে, লাভ ও ক্ষতির তুলনা করিলে ক্ষতির ভাগ অধিক হইয়া পড়ে। তথাপি তাহারা প্রতিবৎসর দৌরাত্ম্য করে, দণ্ড ও পায়, ইহার কারণ কি? আমাদিগের এই কারণ বোধ হয়, স্থানীয় কর্ম্মচারীরা তাহাদিগের সহিত ব্যবহার করিতে জানেন না। প্রায় বিংশতি বৎসর কাল পঞ্জাবের সেনারা বন্যদিগের সহিত যুদ্ধ করিয়া আসিতেছে; কিন্তু ফল একরূপই হইতেছে। বন্যেরা লুঠ গ্রাম দাহ করিয়া ও কতকগুলি লোক ও পশুকে ধৃত করিয়া লইয়া যায়। ব্রিটিশ সৈন্যগণ তৎপরে তাহাদিগের পর্ব্বতে প্রবেশ করে তাহাদিগের যাহা কিছু সঞ্চিত থাকে সমুদায় উৎসন্ন হয়; প্রাণিহত্যার ত কথাই নাই। বন্যেরা দণ্ড পাইয়া পরিশেষে ক্ষমা প্রার্থনা করে এবং সেনাপতি আপনার যোদ্ধাদিগের সাহসের প্রশংসা করিয়া প্রত্যাগমন করেন। কিছুদিন শান্তিস্থাপন হয় কিন্তু অল্প দিনের মধ্যে আবার যে সেই হইয়া দাঁড়ায়। সৈন্যপ্রেরণ ও গুরুতর দণ্ডবিধানের বিলক্ষণ পরীক্ষা হইল; কিন্তু তাহাতে কোন কাজ হইল না। এক্ষণে এই অনিষ্টের কা তন্নিবারণের উপায় অনুসন্ধান আবশ্যক। নিয়মবহির্ভূত প্রদেশে চারগিণের অবিমৃষ্যকারিতা ও যে ইহার অন্যতর কারণ, তাহার এক প্রমাণ পাওয়া গিয়া

পাঠকগণ পূর্ব্বে অবগত ঘটিয় কুকিরা দৌরাত্ম্য করাতে তাহা দমনার্থ সৈন্য প্রেরণ করা হইয়াছে দৌরাত্ম্যের প্রকৃত কারণ হই কয়েক জনজমী দার হস্তী ধ নিমিত্ত কতকগুলি হস্তী ও শত লোককে প্রেরণ করেন। লুশাহী জাতির দেশে গিয়া অত করে। আলি আহম্মদ নামক এক এ বিষয়ে প্রাধান্য লাভ করিয় সে একটী সুন্দরী স্ত্রীলোকের বলপ্রকাশ করে, তাহাতে ক্রুদ্ধ হইয়া কয়েক জনকে বধ নিকটস্থ এক গ্রাম লুঠ করে। কয়েকজন পুলিষ প্রহরী উপস্থিত লুশাহিরা দুই জনকে আহত পলায়ন করিল।

আলি আহম্মদ ও তদ্দলস্থ বন্যদিগের স্কন্ধে সমুদায় দোষক্ষে বেন, তাহা আশ্চর্য্যের বিষয় নহে আক্ষেপের বিষয় এই, স্থানীয় রীরা নিগূঢ় কারণের আবিষ্করণে নহেন। তাঁহারা প্রকৃত কারণের স্কান না করিয়া লেপ্টনণ্ট গবর্ণর রোধ করিয়াছেন, ব্রিটিশ প্রজা উপরে অত্যাচার হইয়াছে; ইংলণ্ডেশ্বরীর রাজ্যসীমামধ্যে করিয়াছে; অতএব তাহা দণ্ডবিধান আবশ্যক। সংস্কার আছে, নিয়মবহির্ভূ গণ বন্যদিগকে যেমন শ পারেন, পৃথিবীর মধ্যে আ.

ারেন না। এই হেতু গবর্ণমেণ্ট ভাল
কিছুই জিজ্ঞাসা করেন না। সৈন্য
বামাত্র তাহা দেওয়া হয়। গবর্ণমে
শান্তি স্থাপন চেষ্টা পাওয়া উচিত
কিন্তু প্রকৃত কারণের অনুসন্ধান
করিয়া যুদ্ধে প্রবৃত্ত হওয়া বিধেয় হয়
বন্যেরা অতি সামান্য শত্রু। তাহারা
ন সম্মুখ যুদ্ধ করে না। যাহারা কয়েক
পুলিষপ্রহরী দেখিয়াও পলায়ন
, তাহাদিগের সহিত যুদ্ধের কি
য়োজন আছে? কর্ম্মচারীরা প্রথমতঃ
্যাচার করেন। নিয়মিত আদালতে
বা গবর্ণমেণ্টের নিকটে অভিযোগ
য়া তাহার প্রতীকার করিতে হয়.
রা তাহা জানে না; তাহারা প্রত্যেব
াজকে দেশের শাসনকর্ত্তা জ্ঞান করে
জন পুলিষ প্রহরীর কৃত কাজও
ারা গবর্ণমেণ্টের কাজ বলিয়া বিবে
করে। আর অভিযোগ করিলেই বা
ন ব্যক্তি তাহাদিগের হইয়া সাক্ষ্য
ন? কে বা তাহাদিগের পক্ষসমর্থন
বে? সদ্বিচারেরও সম্ভাবনা নাই
অবস্থায় তাহারা আপনারা আপনা
ইচ্ছামত প্রতিবিধান সে করিবে
বিচিত্র নহে। লুশাইরা দলবদ্ধ
কোন স্থান আক্রমণের ভয়প্রদর্শন
তছে না। পর্ব্বততলে যে কতগুলি
প্রহরী ও সৈনিক আছে, তাহারা
াদিগের দমনে সমর্থ। অতএব
যুদ্ধে প্রবৃত্ত না হইয়া কাহার
এ ঘটনা হইয়াছে, অগ্রে লেপ্টনন্ট
অনুসন্ধান করা উচিত।

[illegible]

[illegible]

ার কৃতবিদ্যেরা অধিক
াজিক বিজ্ঞানসভায় যে
ছেন না, সভার ও সভ্যপ-
হার কারণ নহে। সভায়

অতি মহোপকারক বিষয়সকলের আলোচনা হয়। বিচারপতি ফিয়ার অসামান্য ক্ষমতাসম্পন্ন। ডাক্তর জন সন গোল্ডস্মিথের বিষয়ে বলিয়াছিলেন, তিনি যে বিষয়ে হস্তার্পণ করিয়াছেন, তাহাই অলঙ্কৃত হইয়াছে। বিচারপতি ফিয়ারের বিষয়েও সেইরূপ বলিলে অত্যুক্তি হয় না। কি বিচারপ্রণালী, কি জেলের তত্ত্বাবধান, কি জমীদারি বন্দোবস্ত, কি সাহিত্য, কি বিজ্ঞান, যে বিষয়ে তিনি যাহা বলেন, তাহাই সঙ্গত ও লোকের চমৎকারিতার কারণ হয়।

বিচারপতি ফিয়ার সামাজিক বিজ্ঞানসভা গত অধিবেশনদিবসে একটী গুরুতর বিষয়ের উত্থাপন করিয়াছিলেন। আমাদিগের জমীদারগণের প্রকৃত পদ কি? তাঁহাদিগের কি কি কর্ত্তব্য কর্ম্ম? তাঁহারা তাহা সম্পন্ন করিতে পারিতেছেন কি না? সম্পন্ন করিতেছেন না যদি এরূপ হয়, তাহার কারণ কি? মুসলমানদিগের সময়ে জমীদারেরা সামান্য করসংগ্রাহকমাত্র ছিলেন। মুসলমান রাজ্যে বংশপরম্পরায় কোন পদের অধিকারী হওয়া ঘটে ছিল না। এই হেতু বিচারপতি ফিয়ার তাঁহাদিগকে প্রকৃত অধিকারী জ্ঞান করেন না। লার্ড কর্ণওয়ালিস ইংলণ্ডের ন্যায় এ দেশে এক দল ভূম্যধিকারী করিবার মানস করিয়া ১৭৯৩ অব্দের ১ আইন করেন; কিন্তু তিনি যে যে উপকার প্রত্যাশা করিয়াছিলেন, জমীদারেরা তাহা পরিপূর্ণ করিতে পারেন নাই। জমীদারেরা আপন আপন জমীদারীতে অবস্থিতি করিয়া সর্দ্দার কৃষক হইয়া কৃষিকার্য্যের উন্নতিসাধন করিবেন, লার্ড কর্ণওয়ালিসের এইটী অভিপ্রেত ছিল। ইংলণ্ডীয় জমীদারেরা যেপ্রকার জমীদারিতে বাস করিয়া বিস্তর অর্থ ব্যয় করিয়া ভূমির উন্নতিসাধন করেন, আমাদিগের জমীদারেরা তাহা না। কি নিমিত্ত এই শোচনীয় অ হইয়াছে? প্রণালীগত কোন দোষে হইতেছে? বিচারপতি ফিয়ার ব পত্তনী, দরপত্তনী, ছেপত্তনী, গ জমাপ্রভৃতি এই অনিষ্টের কা আমাদিগের জমীদারদিগের কেবল লইয়া কথা; কি প্রকারে সেই আসিল তাঁহারা তাহার বিবেচনা ক না। সেই টাকার কিয়দংশ যে উৎপ কারিণী ভূমির উৎকর্ষসাধনার্থ দে উচিত তাহা তাঁহারা জানেন না, কর আদায় হয়, জমীদার তাহা দেখি পণ লইয়া পত্তনী দেন। পত্তনী আবার কৃষকদিগের শোণিত শো করিয়া নিজের কিঞ্চিৎ লাভ রা দরপত্তনী দেন। এই প্রকার শেষ কৃষকের স্কন্ধেই পতিত হয়। মধ্যে ক গুলি লোক থাকেন, তাঁহারা উপ ভোগ করেন মাত্র। কিন্তু উপস্বত্বভো হইতে হইলে কতগুলি কর্ত্তব্য কর্ম অনুষ্ঠান আবশ্যক হয়, তাঁহারা তা স্বীকার করেন না; এটী একটী ম অনিষ্ট সন্দেহ নাই। লার্ড কর্ণওয়া এ অনিষ্টপ্রতিকারের উপায় কা গিয়াছিলেন, কিন্তু তাঁহার পরাধি রীরা ১৮১৯ অব্দের ৮ আইন করি দেশের এই অমঙ্গল করিয়াছেন। কে তাঁহাদিগের দোষ দেওয়াও অন্যা তৎকালে দেশের যেপ্রকার অবস্থা ছি তাহাতে তাঁহাদিগকে অগত্যা ঐ আই করিতে হয়। ১৮১৯ অব্দের ৮ আইনে হেতুবাদ পাঠ করিলে স্পষ্ট প্রতীয়ম হয়, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট একপ্রকা অনিচ্ছাতেই এই আইনটী করেন। ব মানের রাজা ও অন্যান্য জমীদার জ দারি পত্তনী দিয়াছিলেন। অনে বিস্তর টাকা দিয়া পত্তনী লন। পত্ত অগ্রাহ্য করিলে তাঁহাদিগের ক্ষতি

লিয়া ৮ আইন বিধিবদ্ধ হইয়াছিল।

ইংলণ্ডের জমীদারদিগের সহিত দেশের ভূম্যধিকারিগণের তুলনা করা নায়। উভয় স্থলে একরূপ বন্দোবস্ত ইলেণ্ড আমাদিগের জমীদারেরা আপ াদিগের কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করিতে ারিবেন এরূপ বোধ হয় না। অত্যাচার রিয়া লাভ করিবার সুযোগসত্ত্বে কেবল ধর্ম্মভয়ে লোক তাহা হইতে রত্ত হয়, পৃথিবীর এরূপ অবস্থা যে খন ছিল বা হইবে, তাহা আমাদিগের াধগম্য হয় না। কোন রাজা স্বেচ্ছা-র্ব্বক আপনার ক্ষমতা সীমাবদ্ধ করি ছেন? এক্ষণকার ইউরোপীয় গবর্ণ-টসকল যে অত্যাচারে বিমুখ দৃষ্ট , সাধারণ মত ও প্রজাদিগের অস-াবই তাহার প্রধান কারণ। ইংলণ্ডীয় ীদারগণের ধর্ম্মনীতি আমাদিগের ীদারদিগের অপেক্ষা উৎকৃষ্ট, তাহা মরা অস্বীকার করি না; কিন্তু তাঁহারা ভূমির উন্নতিসাধনে অধিকতর যত্ন া হন, ধর্ম্মনীতি তাহার প্রধান উত্তে নহে। ইংলণ্ডের কৃষকেরা সাহসী কে কৃতবিদ্য এবং সকলেই আপন পন স্বত্ব বুঝিতে পারে। শ্রমশীল কদিগের ইংলণ্ডে কৃষিকার্য্য ভিন্ন বিকা অর্জ্জনের অনেক উপায় আছে। বস্থায় জমীদার যথেচ্ছ ব্যবহার তে সমর্থ হন না। আরও একটী ণ কারণ আছে। কৃষকদিগের কে মহাসভার সভ্য মনোনীত করি বিষয়ে মত প্রদান করিতে পারে। স্বত্ব থাকাতে জমীদারকে প্রজার নুরক্তি করিতে হয়। ই লণ্ডে সাধা ত প্রবল আছে। এক জন জমীদার ী বিধবা স্ত্রীলোককে মেছুয়া রে যাইয়া জীবিকা অর্জ্জনের উপ দিয়া যেমন তাঁহার পৈতৃক ব্রহ্মো ভূমিগুলি হরণ করিয়াছিলেন, ইংলণ্ডে এপ্রকার একটী ঘটনা হইলে সকলে একবাক্য হইয়া জমীদারী প্রণালীর উন্মূলনসাধন করেন। এ দেশে সাধারণ মত তত প্রবল নাই। এ দেশের কৃষকেরা সাহসী নহে যে জমীদার তাহাদিগকে ভয় করিবেন; এ দেশে মহাসভা নাই যে কৃষকদিগের মতের নিমিত্ত তাহাদিগের ছন্দানুবৃত্তি করিতে হইবে। নিপীড়িতেরা যদি অত্যাচারকারীর চেষ্টার প্রতিবন্ধকতা করিতে পারে, তাহা হইলেই অত্যাচার বন্ধ হয়; আমাদিগের কৃষকেরা কি সে প্রতিবন্ধকতা করিতে পারে? কেন পারে না? যদি কেহ জমীদারের মতে মত না দেয়, তাহা হইলে কয়েকটী করবৃদ্ধির অভিযোগে তাহার সর্ব্বস্বান্ত হইয়া যায়। তাহারা দরিদ্র মূর্খ; আদালত, আইন ও আমলারা জমীদারের পক্ষ। কৃষকদিগের বিদ্যাশিক্ষা না হইলে সাহস জন্মিবে না; অত্যাচারও যাইবে না। বর্ত্তমান অবস্থায় বিদ্যাশিক্ষার ব্যয় অল্প কৃষকে বহন করিতে পারে। চির স্থায়ী বন্দোবস্ত না হইলে তাহাদিগের শীঘ্র সঙ্গতি হইবার উপায় নাই।

—:০:০:—

গবর্ণমেণ্টের বেতনভোগী পুরোহিতদিগের বিষয়ে ভারতবর্ষীয়দিগের কর্ত্তব্য কর্ম্ম।

গ্লাডষ্টোন সাহেবের মত নয় যে, আয়ারলণ্ডে প্রোটেষ্টাণ্ট পুরোহিত থাকেন। ইংলণ্ডের লোকেরা একবাক্য হইয়া এ বিষয়ে তাঁহার সপক্ষতা করিতেছেন। আয়ারলণ্ডের অধিকাংশ লোক কাথলিক। কাথলিকদিগের প্রদত্ত কর লইয়া প্রোটেষ্টাণ্ট পুরোহিতের বেতনদান অন্যায়, ইংলণ্ডের এ বোধ হইয়াছে। নূতন মহাসভার অধিবেশন হইলেই এ বিষয়ের তর্ক আরম্ভ হইবে। ইংলণ্ডের লোকেরা যেপ্রকার সভ্য মনোনীত করিবার মত প্রকাশ করি য়াছেন, তাহাতে স্পষ্ট বোধ হ গ্লাডষ্টোন সাহেবের প্রস্তাব হইবে। আয়ারলণ্ডীয়দিগের অ কাথলিক বটেন; কিন্তু তাঁহা রান। এক খৃষ্টানসম্প্রদায়ের টা সম্প্রদায়ের পুরোহিতকে দেওয় অন্যায় কার্য্য বলিয়া বিবেচি ছেন, তখন ভারবর্ষের বি ধর্ম্মাবলম্বীদিগের প্রদত্ত অর্থদ ধর্ম্মাবলম্বী পুরোহিতদিগকে প্র লন করা যে কতদূর অন্যায় তা য়াসেই বোধগম্য হইতে পারে। বর্ষে অধিক পরিমাণে হিন্দু ও মু নের বসতি। ইহাঁদিগের ধর্ম্মের খৃষ্টধর্ম্মের কোনপ্রকার সৌ নাই। অতএব ইহাঁদিগের প্রদত্ত হইতে বার্ষিক ১৫ লক্ষ টাকা পুরোহিতদিগকে দেওয়া কি বিধে ছেন?

গ্লাডষ্টোন সাহেব যৌবনকা মত প্রকাশ করেন যে, শাসনক ধর্ম্মঘোষকেরও কার্য্য করিতে হ সে সময়ে তিনি আয়ারলণ্ডে প্রে ষ্টাণ্ট ধর্ম্মসম্প্রদায়ের সপক্ষত ছিলেন; কিন্তু তিনি তখনও ছিলেন, সম্পূর্ণ ভিন্নধর্ম্মাবলম্বী বর্ষীয়দিগের টাকায় খৃষ্টীয় পুরো প্রতিপালন অনুচিত। খৃষ্টীয় পুরো দিগের নিমিত্ত ব্যয় ক্রমশঃ অধিক পড়িতেছে। লাড হালিফাক্স প্রভৃ হওয়াতে লাহোরে এক জন বিশপ নিয়োজিত হন নাই; তখ সর জন লরেন্সের চেষ্টায় ত্রুটি ছিল শুনা যাইতেছে, ১৮৭০ অব্দ অবধি দেশে আর এক জন আর্কডিকন কয়েক জন পাদরি নিয়োজিত হইবে সর জন লরেন্সের মত এই যে, প্রত্যে জেলায় যেমন এক এক জন মাজিষ্ট আছেন, সেইপ্রকার এক এক জন

নিয়োজিত হন। সর জন লরে
রপরতা ছিল না। তিনি আমা
র্থে খৃষ্টান্ পুরোহিতদিগকে
ষ্টায় ছিলেন; কিন্তু তাঁহাদি
ত আমাদিগের যে কি উপকার
তনি তাহা এক বারও বিবেচনা
নাই। আমরা আপনাদিগের
হিতের বেতন প্রদান করি। ইউ
য়েরাও ঐরূপ আপনাদিগের পুরো
বেতন আপনারা প্রদান করুন।
া আমাদিগকে সর্ব্বদা বলিয়া
ন যে, আমরা গবর্ণমেণ্টের মুখা
না করিয়া কোন কাজ করিতে
না; কিন্তু তাঁহারা ধর্ম্মসম্বন্ধে যে
মিত স্বাতন্ত্র্য অবলম্বন না করিতে
তাহা আমরা বুঝিতে পারি
না।

আমাদিগের একটী কর্ত্তব্য কর্ম্ম
। এই সময়ে মহাসভার নিকটে
াবেদন করা উচিত হইতেছে।
ভা যখন আয়ারলণ্ডের বিষয়ে সুবি
করিতে উদ্যত হইয়াছেন, তখন
দিগের প্রার্থনা অগ্রাহ্য করিবেন,
বোধ হয় না। অগ্রাহ্য করিলে
ভার অব্যবস্থিতের ন্যায় কাজ
হইবে এবং ইউরোপের সমুদায়
ক তাঁহাদিগকে উপহাস করিবেন।
ক ১৫ লক্ষ টাকা ব্যয় সামান্য ব্যা
৫০ লক্ষ টাকার নিমিত্ত লাইসেন্স
হইয়াছে। কেবল অর্থ বলিয়া নয়,
ন সম্বন্ধেও মিসনরিদিগের প্রতি
ন ভার অর্পিত ছিল। সেই হেতু তিনি
ন বিদ্যালয় মিসনরিদিগের হস্তে
া সুরূপাত করিয়া গিয়াছেন। ইউ
ন সৈনাদিগের পরিত্যক্ত অস্ত্র
ভারতবর্ষীয় সিপাহীদিগকে
া হয়, সেইপ্রকার শাসনসম্বন্ধে
ফল সংস্কার ও এখা ইংলণ্ডে পরি
হয়, আমাদিগের গবর্ণমেণ্ট তাহা
গ্রহণ করেন। মিসনরিদিগের হস্ত হইতে শিক্ষাভার গ্রহণ করা ইউরোপে অধি কাংশ লোকের মত। বিদ্যালয়ে কোন বিশেষ ধর্ম্মের শিক্ষা না হয়, এটি আষ্ট্র য়াতেও স্বীকৃত হইয়াছে; কিন্তু আমা দিগের গবর্ণমেণ্ট কতগুলি গোঁড়া মিস নরির হস্তে দেশের শিক্ষাকার্য্যের ভার সমর্পণ করিয়া আপনাদিগের কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করা হইল, ভাবিয়া নিশ্চিন্ত হইবার উপক্রম করিতেছেন; বিশ্ববিদ্যা লয়ের মহাসভার অধিকাংশ সভ্য মিস নরি কেন? মিসনরিরা যাহা মনে করেন, বিশ্ববিদ্যালয়সম্বন্ধে তাহাই করিতেছেন, এটী কি সত্য নহে?

উপসংহারকালে আমাদিগের বক্তব্য এই, ইউরোপে যে বিষয় দূষিত বলিয়া পরিত্যক্ত হইতেছে, তাহা আমাদিগের দেশে বদ্ধমূল হইলে আমাদিগের দেশের লোকেরা সন্তুষ্ট হন কি না? এই বিপদ ঘটিবার পূর্ব্বে কি কোন উপায় অবলম্বন করা উচিত নহে? অতএব আমরা ভার তবর্ষীয় সভাকে অনুরোধ করিতেছি, তাঁহারা একটী সাধারণ সভা করিয়া পার্লিয়ামেণ্ট সভায় এক আবেদন প্রেরণ করুন। এক্ষণে ইংলণ্ডের লোকের মনের যে ভাব, তাহাতে এ আবেদন অগ্রাহ্য হইবে এরূপ বোধ হয় না।

নূতন পুস্তক ও পত্রিকা।

১। কল্পলতিকা। এখানি পাক্ষি পত্রিকা। পটোলডাঙ্গা ট্রেণিং ইনষ্টিটিউ শনের পণ্ডিত শ্রীযুক্ত রামসর্ব্বস্ব বিদ্যা ভূষণ ইহার প্রণয়ণ করিতেছেন। ইহার দুই এক সংখ্যা দেখিয়া বোধ হইতেছে, সম্পাদকের যদি অধ্যবসায় শিথিল না হয়, তাহা হইলে এখানি ক্রমে উন্নতি পথে পদার্পণ করিবে। আমরা পাঠকগ গণের দর্শনার্থ ইহার একটী প্রস্তাব স্থানান্তরে উদ্ধৃত করিয়া দিলাম।

২। সপত্নীশতক নাটক। শ্রীম মনোমোহিনী নামে দিনাজপুরের রমণী ইহার রচনা করিয়াছেন। সপ হইতে যে অনিষ্ট হয়, তাহার ক করিয়া বহুবিবাহের নিন্দা করাই গ্রন্থ প্রণয়ণের উদ্দেশ্য। স্ত্রীলোকের লে বলিয়াই যে কিছু প্রশংসা করা যাউ কিন্তু উহাতে বাস্তবিক প্রশংসার যে কিছুই দৃষ্ট হইল না।

৩। নীতিমালা। বালকদিগের নী শিক্ষোপযোগী কয়টী বিষয় পদ্যে প্র হইয়াছে। ঢাকার শ্রীযুক্ত বাবু দ্বারকা বন্দ্যোপাধ্যায় ইহার রচনা করিয়াছেন

৪। শিশুরঞ্জন। এখানি শ্রীযুক্ত চ মোহন চট্টোপাধ্যায়প্রণীত। ইহা বালক ও বালিকাগণের শিক্ষিতব্য ক কটী বিষয় সন্নিবেশিত হইয়াছে রচনা প্রাঞ্জল ও বাঙ্গালার রীতি বি হইয়াছে।

৫। সর্পঘটিত চিকিৎসা। ব বাঙ্গালার অন্তঃপ্রবাহিনী যন্ত্রে মুদ্রি কেথকো নামক গ্রন্থ নহে। ইহ নানা জাতি সর্পের বিবরণ ও সর্প ব্যক্তির চিকিৎসাপ্রণালী লিখিত আছে। গ্রন্থকর্ত্তা ভূমিকার স্থানে লিখিয়াছেন, "আমরা প্রকার সর্পচিকিৎসার বিবরণ লিখিতেছি, উহা অযথার্থ বলিতে স হয় না; কিন্তু ইহা বলিতে পারি, ভূমণ্ডলে কোন কোন অযার্থ ঔষধ থা তাহার মধ্যে নিম্নলিখিত সর্পচিকিৎ একটী।" এ গ্রন্থে লিখিত ঔষধ ও চি সাপ্রণালীর পরীক্ষা করিয়া দেখা উচি

কল্কিপুরাণ। কলিকাতা বে টোলার শ্রীযুক্ত বাবু বলাইচাঁদ ৺ মুক্তারাম বিদ্যাবাগীশ কল্কিপুর যে অনুবাদ করেন, তাহা অবলম্বন ক পদ্যে এখানির রচনা করিয়াছেন। স্থানে পদ্যগুলি মনোহর হইয়াছে।

৭। কুমারসম্ভব। শ্রীযুক্ত ক্ষে

মুখোপাধ্যায় মল্লিনাথকৃত টীকাস
এখানি মুদ্রিত করিয়াছেন। ইহাতে
ন অবধি সপ্তম সর্গ পর্য্যন্ত আছে।
নাথ যে যে শব্দের অর্থ ছাড়িয়া লিখি
ছেন, ক্ষেত্রমোহন সেগুলির অর্থ করিয়া
াছেন। গ্রন্থখানি উত্তমরূপে পরিশো
হইয়াছে।
কারাপ্রকাশিকা। এখানিও সংস্কৃত।
ক্ত বরদাপ্রসাদ মজুমদার খণ্ড খণ্ড
ম যে গ্রন্থাবলি প্রচার করিতেছেন,
তাহার পঞ্চম খণ্ড। ইহাতে টীকা
ত শকুন্তলা ও কুমারসম্ভবের কিয়
শ আছে। ক্রমশঃ ইহার উৎকর্ষ
কৃত হইতেছে।

—:০:—

রেলওয়ের ব্যয় অল্প নয়, কর্ম্মচা
অনেক, তত্ত্বাবধায়ক ও পুলিষও
ছেন. কিন্তু যাহাতে রেলওয়ে কোম্পা
ও মহাজনদিগের ক্ষতি না হয়.
ই তাহা করেন না, এটী সামান্য
য় ও ক্ষোভের বিষয় নহে। নিম্ন
খত পত্রখানি আমাদিগের অভিপ্রায়
করিয়া দিবে। সর জন লরেন্স
ওয়ের অত্যাচারনিবারণের অনু
করিয়া গিয়াছেন, এখন লার্ড মেয়
বিষয়ে দৃঢ়প্রতিজ্ঞতা প্রদর্শন করুন।
হাজন ইহার বাঙ্গালা অর্থ যাহারা
প্রকার ব্যবসায়দ্বারা জীবিকা নির্ব্বাহ
এই সম্প্রদায়ের লোক প্রায় তেলি
ল, শুঁড়ি, বেণেপ্রভৃতি সামান্য জাতি।
দগের বিদ্যাশিক্ষা কতগুলি সামান্য
হস্তাক্ষরপরিষ্কার এবং জমাখরচবোধ
ই যথেষ্ট হইল। অতএব রেলওয়েদ্বারা
দের প্রতি যেসকল অত্যাচার হইয়া
, তাহা মহাশয়েরা বা যাহাঁদিগের দ্বারা
প্রতিকার হইতে পারে তাহাঁরা
তে পারেন না। রেলওয়ে হওয়ায় কত
া মহাজন ষ্টেসনের নিকট গোলা করি
ন। ইহাঁদিগের সকল মাল রেলওয়ের
তে পাঠান ও আনান হইয়া থাকে এবং
রেলওয়ে ভিন্ন নদীপ্রভৃতির প্রায় সুবিধা নাই; সুতরাং ব্যবসায় রেলওয়ের সুবিধার উপর সম্পূর্ণ নির্ভর করিতেছে। কিন্তু রেলওয়ের বন্দোবস্তে ইহাঁদের সাপে ছুচো ধরা হইতেছে। রেলওয়ের দ্বারায় যে ক্ষতি হইয়া থাকে, তাহার নিমিত্ত নিত্য রেলওয়ে কোম্পানির ও তাহাঁদের কর্ম্মচারীদিগের নামে আদালতে নালিশ করিতে হয়। যাহাদিগের সহিত সর্ব্বদা কাজ, তাহাদিগের সহিত বিবাদ করিয়া কাজ চলে না এবং কাজ ঠাইয়া দিতে হইলে কতকগুলি টাকা যাহা লোকের নিকট পাওনা আছে তাহা ক্ষতি আর বহুব্যয়ে যে গুদামঘর গদিঘরপ্রভৃতি গোলাবাটী প্রস্তুত হইয়াছে তাহার চতুর্থাংশ মূল্যেও বিক্রয় হওয়া ভার এবং অন্যান্য অনেক ক্ষতি সহ্য করিতে হয়।

গত বৎসর এখান হইতে তিন জন মহাজন কলিকাতায় ঘৃত পাঠান। এক জনের ৯ মটকি এক জনের ২ মটকি ঘৃত ভাঙ্গিয়া যায়। কলিকাতা হইতে সম্বাদপ্রাপ্তমাত্র ষ্টেসনে জানান হইল। বুকিং বাবু কহিলেন, আমিও হাবড়া হইতে পত্র পাইয়াছি কএক মটকি ঘৃত ভাঙ্গা তথায় পৌঁছিয়াছে; কিন্তু ইহার নিমিত্ত রেলওয়ে কোম্পানি দায়ী নহেন সেহেতু মৃত্তিকাপাত্রে ঘৃত পাঠাইলে মহাজনের নিজের জখম ইহা মহাশয়েরা জ্ঞাত আছেন। মহাজনরা এই বাক্য শুনিয়া আপন আপন গোলায় গেলেন কত নোকশান হইল তাহারি হিসাব করিতে লাগিলেন। কয়েক দিনপরে অর এক জন মহাজন ঘৃত পাঠান। বৈকালে মহাজনকে রসিদ দিয়া বিদায় করা হইল; গাড়ি বন্ধ হইল; উভয় পার্শ্বে লেবেল দেওয়া হইল, খালাসিকে হুকুম হইল, গাড়ি ঠিক কর, রাত্রিতে গাড়ি যাইবেক। অর্দ্ধরাত্রে এক জন খালাশিসমভিব্যাহারে বুকিং বাবু গাড়ি খুলিয়া মটকির ভিতর হইতে প্রায় অর্দ্ধ মণ ঘৃত একটা কলসীতে বাহির করিয়াছেন, এমত সময়ে রেলওয়ে পুলিষের চাপরাসী দেখিতে পাইয়া গেলাম করিয়া উঠিল। ক্রমে অনেক লোক আসিয়া পৌঁছিল। তৎক্ষণাৎ পুলিষ ইনস্পেক্টর সাহেবকে সম্বাদ হইল। ইনস্পেক্টর আসিয়া দেখিলেন, বাবু ঘৃত, হাতে ঘৃত এবং সম্মুখে এক ক রহিয়াছে। তখন যথাযোগ্য তদার বা ও খালাসিকে চালান দিলেন। সাহেবের বিচারে বাবু ২ বৎসর ও ৬ মাস কারাবাস হইল। এখানে আমাদের গোচরে অনুসন্ধানে জান এ কাজ ষ্টেসনের অনেকেই জ্ঞাত আর পূর্ব্বে মহাজনদিগের যে মটকি ঘৃত নোকসান হইয়াছিল, তাহা গাড়ি লাগিয়া বা দৈবঘটনায় নহে; তাহাও ঘৃত বাহির করিয়া মটকি দেওয়া হয়। ঐ দিবস রেলওয়ে পুলি চাপরাসীর সহিত উক্ত বাবুর কারণে কথান্তর হয়। একারণ গো হইয়া পড়িল। মহাজনেরা ইহাতেই করিলেন আর অত্যাচার হইবে না। গত কার্ত্তিক মাসে এক ব্যক্তি এক ঘৃত পাঠান। তাঁহার ২ খানি ভাঙ্গিয়া গিয়াছে। ইহা গাড়ির ভাঙ্গিল কি ষ্টেসনে আবার অবতার য়াছে, বলিতে পারি না। শুনি ২ ৪ দিন মধ্যে এক গাড়ি ঘৃত দেখা চাই ইহাতেই বাকি হয়, কিন্তু যতদূর জ্ঞাত আছি, অর্থাৎ সন ১২৭ যত ঘৃত এখান হইতে কলিকাতা য়াছি, তাহার কিছুমাত্র রেলওয়েতে হয় নাই। মহাশয় ইহার কি কোন হইবে না? আমরা আর কত ক্ষতি স রিব? সামান্য ক্ষতির বিষয় কত বর্ণনা তাহা নিত্য কর্ম্ম, মহাশয়ের কাগজে হইবে না। একটি বর্ত্তমান বিষয়ের সিয়া ক্ষান্ত হই: ১৯ এ জানুয়ারি কা হইতে লবণ চালান হইয়াছে। রসিদ পাইয়া ষ্টেসনে জিজ্ঞাসা করা লেন লবণ আসিয়াছে, কিন্তু ওয়েগ সে নাই; এরূপ প্রত্যহ প্রাতে করিয়া থাকি, ষ্টেসন মাষ্টার দিয়া থাকেন। অদ্য অষ্টাহ চলিতেছে, এই আটদিনে য যাহা লাভ হইত তাহার মধ্যে গাড়িতে মাল আছে

ত হইবে এইসকল ক্ষতি আমা
ক রিতে হইল , কিন্তু কোন কারণে
গের এক দিন মাল লইতে বিলম্ব
ৎক্ষণাৎ ৩ টাকা রোক ধরিয়া লবণ
ষ্টেসন মাষ্টারের আ ছ তবে মহা
হঃ ন্যায্য ক্ষতি স্থির হয় তাহা
ধিকার ষ্টেসনমাষ্টারকে দে ওয়া না
? এই পত্রখানির বিষয় ভালো
য়া যাহাতে আমরা এইসকল যন্ত্রণা
রিত্রাণ পাই, তদ্বিষয়ে মহাশয় অনু
য়া রেলওয়ে কোম্পা নিকে অনুরোধ

ইতি।
৫ সাল
ই মাঘ

বিবিধসংবাদ।

১৩ ই মাঘ সোমবার।

ষীয় গবর্ণমেণ্ট পার্লামেণ্টের লেপ্টনেণ্ট
নিকট হইতে এক টেলিগ্রাফ পাইয়া
হার মর্ম্ম এই, আজম খাঁ ও আবদুল
দুই শত অনুচর লইয়া এক হইতে
ডা দূরস্থিত দুয়ার গ্রামে উপস্থিত
টিশ গবর্ণমেণ্টের নিকটে হাসস্থান
রিয়াছেন। গবর্ণর জেনরল বলিয়া
ছেন, তাহারা যদি ন্যায় ভিন্ন পলায়িত
র আশ্রয়দানে সম্মত আছেন কিন্তু
মার নিকটে থাকিতে ও কোন মত
ও পারিবেন না। সর্দ্দারগণকে কাশী
লিকাতায় বাস স্থান দেওয়া কর্ত্তব্য।
পর কার্য্যে এক ব্যক্তির মাত্র
ছিল। এটী অত্যাশ্চর্য্যের বিষয় যে
ব ইণ্ডিয়া আপেপ করিয়া ছেন সিন্ধু
র বাণিজ্য ক্রমশঃ ক মিতেছে লোকে
তে না পারিয়া নৌকায় দ্রব্য তোল
হার কারণ এই রেলওয়েতে ভাড়া
া এবং রেলওয়ে কোম্পানি যাহা
রে দ্রব্যাদি লইয়া যান না। সম্প্রতি
গবর্ণমেণ্টের নিকটে অভিযোগ
ইবর্ষীয় রেলওয়ে দ্বারা তাঁহারা
ত স্থানে যেসকল শস্য প্রেরণ
নেক ইষ্টসে চাব যায়। অভি
ওয়ে কোম্পানি মনোযোগ
ণে এতদ্দেশীয় বণিকগণ
ধ্য হইতে এত অধিক

অযোধ্যার কমিসনর সে উজর্ড টকার সাহেব যাবতীয় মাজিষ্ট্রেটকে বলিয়াছেন, হত্যার মকদ্দমা হইলে তাঁহারা পুলিসের রিপোর্টের উপরে নির্ভর না করিয়া আপনারা যথারীতি সাক্ষীর জবানবন্দি করিবেন। কমিসনর আরও যাবতীয় ডেপুটি কমিসনরকে বলিয়াছেন, বিচারালয়ের আজ্ঞা ভিন্ন কোন ব্যক্তিকে যেন রুদ্ধ রাখা না হয়। এই আজ্ঞার কারণ এই, সম্প্রতি একজন মুন্সিফ আজ্ঞার পরও তাহাকে ২৮ দিবস রুদ্ধ করিতে হইয়াছিল। টকার সাহেব এই বিষয় উল্লেখে বলিয়াছেন, রুদ্ধ ব্যক্তির বান্ধবগণ, চেষ্টা না করিলে তাহাকে আরও কত দিন জেলে থাকিতে হইত বলা যায় না। নিয়মবহির্ভূত প্রদেশের কার্য্যপ্রণালী যে ভয়ঙ্কর তাহার আর কি প্রমাণ আবশ্যক।

১৬ ই মাঘ মঙ্গলবার।

গত শুক্রবার বেচারপতি ফিয়ারের বাটীতে সমাজ বিজ্ঞানসভার অধিবেশন হওয়াতে ডাক্তর মৌএট ভেলপ্রণালীর বিষয়ে একটী প্রবন্ধপাঠ করিয়াছিলেন। শ্রোতৃগণ ইহাতে আনন্দপ্রকাশ করেন। ডাক্তর মৌএট হাউএল সাহেবের কয়েকটী মত খণ্ডন করিয়া পৃথক্ পৃথক্ প্রণালীর অনুমোদন করেন। অতঃপর সভ্যগণ বিচারপতির নিকটে আতিথ্যস্বীকার করিলেন। বিচারপতি ফিয়ার জাতিভেদ ও জাতিবৈরের দূরকরণের প্রকৃত উপায় অবলম্বন করিয়াছেন।

মংস্যুরের ভূতপূর্ব্ব রাজার পরিবার ও অনুচরদিগকে গবর্ণমেণ্ট বার্ষিক ১,৫৫,৫০৬ টাকার বৃত্তি দিবার আজ্ঞা দিয়াছেন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অণ্ডর সেক্রেটারি এ, হাউএল সাহেব শিক্ষাবিভাগের বিষয়ে একটী রিপোর্ট করিবার ভার পাইয়াছেন। ডাক্তর মৌএটের সময়ে শিক্ষাবিভাগের কি অবস্থা ছিল এবং আটকিন্সন সাহেব কি করিয়াছেন, এ দুটীর যেন তারতম্য করা হয়।

বাবু দাদাভাই নওরাজ ইংলণ্ড হইতে বোম্বাইয়ে প্রত্যাগমন করিয়াছেন। তাঁহার আগমনে ইষ্টইণ্ডিয়ান আসোসিয়েসনের অনেক ক্ষতি হইবে।

যুশাহি জাতির দুই জন সর্দ্দার মৃত হইয়া চাকায় প্রেরিত হইয়াছেন। বন্যগণের আর কোন শব্দ নাই।

মহারাজ হোলকর সম্প্রতি ভূমির যে বন্দোবস্ত করিয়াছেন, তাহাতে সাধারণের অসন্তোষ হইয়াছে। রাজা বলেন, যেসকল ভূমির ছিল না, সে সমুদায় কর্ষিত হওয়াতে তিনি স্থাপিত করিয়াছেন।

১৫ ই মাঘ বুধবার।

সির র আলি খাঁর সহিত আবদুল রহমন আজিম খার সম্প্রতি যে যুদ্ধ হয়, তাহার বিবরণ সংবাদ আসিয়াছে। জা খাঁ দুর্গে ৮০০ মাত্র সৈন, থাকাতে আবদুল তাঁহা অধিকার করিতে গমন করেন। আমীর এই সংবাদ পাইবামাত্র সসৈন্যে তাঁহা আক্রমণ করিতে যান। আবদুল রহমনের সৈ তাঁহাকে পরিত্যাগ করিয়া আমীরের আশ্রয়ে সর্দ্দারকে পলায়ন করিতে হয়। অ খাঁ সর্ব্বাগ্রে পলায়ন করিয়াছিলেন। হত আফগানস্থানের, এক্ষণে শান্তিলাভ সম্ভ হইয়াছে। কিন্তু আজিম খাঁ ও আবদুল র খাঁকে পঞ্জাবে থাকিতে দিলে ইহা ঘটি না।

অষ্ট্রেলিয়ার এক জন চিকিৎসক গালবা বাটারির দ্বারা সপদষ্ট এক ব্যক্তিকে করিয়াছেন। দংশনের ১২ ঘটিকাপরে প্রক্রিয়া ও আমোনিয়া ব্যবহার করাতে সা আরোগ্য লাভ হয়।

রেল ভাড়া কমাতে দুর্ভিক্ষপীড়িত সমূহে শস্যের মূল্য কমিয়াছে।

লক্ষ্ণৌ টাইমস বলেন, তত্রত্য সেনা সর্ব্ব স্থানে প্রহরী নিযুক্ত করিতে হইত দস্যুদিগের অত্যাচার বন্ধ হইয়াছে।

দিল্লীগেজেট বলেন, কর্ণেল কিটিও যে রের রাজাকে এই অনুরোধ করেন যে, পাঁচ জন সর্দ্দারকে লইয়া এক সভা ক তাঁহাদিগের হস্তে শাসনভার অর্পণ কর রাজা ইহাতে সম্মত হইয়াছেন। রাজার ঠাকুর দলে যে বিবাদ আছে, তাহার মী সার চেষ্টা হইতেছে। রেসিডেণ্টদিগের উপায় অবলম্বন একান্ত আবশ্যক।

হিন্দু পেট্রিয়টী বলেন " গত ১৭ জানুয়ারি দিবাভাগে জেলের বাগান হই ছয় জন বন্দী কর্ম্ম করিতে করিতে পলায়ন করিয়াছে। শুনা গেল, উহারা টহ স্বাভাবিক পরিচ্ছদ পরিধান করিয়া কয়ে কাপড় তথায় ত্যাগ করিয়া গিয়াছে। প্রহরী গের চক্ষে কিরূপে ধূলা দিয়া কয়েদীরা প্র করিল, ভাবিয়া কেহ যেন বিস্ময় প্রকাশ করেন। এখানকার প্রহরীরা যে চক্ষুষ্মান, কা দ্বারা তাহার বড় পরিচয় পাওয়া যায়

প ভাব গতি কোন দিন জানি পাহারাওয়া-
া ভেলের পুরুরিণীপলায়নের রিপোর্ট করিয়া
!! "

" আমাদিগের কমিসনর সাহেব কুকিদিগের
রাত্মরক্ষণজন্য পটনসহ ঐহট্ট এবং
াড় যাইতেছেন। আড়ম্বর ভারি, কিন্তু
মরা শুনিতেছি দৌড়িয়া নাকি অনেক
মিত হইয়াছে। ,,

১৬ই মাঘ বৃহস্পতিবার।

আমরা আশ্চর্য্য হইয়া অবগত হইলাম,
ভেরষীয় গবর্ণমেণ্ট সমুদায় ভেলের ব্যয়
বিধ করিবার মানস করিয়াছেন। এক্ষণে
াধারণ প্রতিক্রোশে প্রতি বার্ষিক ৩৮
া ব্যয় পড়ে, বোধ হয় ১০০ টাকা লাগে।
মেণ্ট এরূপ মোট করিতে চাহেন। এটী
সব চিফ টেম্পলের বার্ত্তাশস্ত্রজ্ঞতার
চয়। তিনি অদ্রে সমুদায় ভারতবর্ষে খাদ
ার মূল্য এক বিধ করিবার চেষ্টা দেখুন।
ারঘাট রেলওয়ের দুর্ঘটনার কতক বিস্তারিত
াদ আসিয়াছে। মঙ্গলবার আরোহী পূর্ণ
ি পুনা হইতে আগমন করিয়া ভোরঘাটের
ট না মিতেছিল, এমত সময়ে শকটের গতি
ংবৃদ্ধি হইল। চালক কোন প্রকারে যুদ্ধ
তে সমর্থ হইল না। তিনখানি তৃতীয়, এক
ন দ্বিতীয় ও এক খানি প্রথম শ্রেণীর শকট
ধে লাগিয়া একেকালে চূর্ণ হইয়াছে। প্রথম
ণির শকট হইতে কেবল এক ব্যক্তি লম্ফদিয়া
ত্ত হইয়া রক্ষা পাইয়াছেন। তৃতীয়
ণতে বিস্তর মতদ্দেশীয় আরোহী ছিলেন।
জনকে মৃত অবস্থায় বাহির করা হইয়াছে।
কের শরীর ভয়ানক আঘাত পাইয়াছে।
জন পাহটবারীর প্রত্যুৎপন্নমতিত্বের
ত সকল আরোহীর জীবন নষ্ট হয় নাই।
ক্তি পাইট করিয়া অবশিষ্ট শকটগুলি
শ্বর রে আনে। তখায় ভূমিসমান হও
ত চালক স্থগিত করিতে পারিল। এই
টনার সূক্ষ্মানুসন্ধান করা আবশ্যক। চালক
প্রহরী এই সময়ে সুরাপান করিয়াছিল কি না,
হার সন্ধান লওয়া কর্ত্তব্য।

সম্প্রতি এক জন পাঠান বম্বেতে আসিয়া
জন শীক সৈনিককে বধ করে। ধৃত হই
পরে এ ব্যক্তি বলে, এক জন সাহেবকে
করা তাহার অভিপ্রেত ছিল; সে এক
কে দেখিতেও পাইয়াছিল; কিন্তু তাহার
ভোঁতা হওয়াতে ও সাহেবের গাত্রে
নক বস্ত্র থাকাতে যে আঘাত করিতে সাহসী
হয় নাই। এক জন কাফরবধ উদ্দেশ্য হওয়াতে
সে চিরন্তন শত্রু শীককে বধ করিল। বম্বেতে
পঞ্জাবী লিঙ্ক আইন নাই। তথাপি ডিভরাটের
কমসনর এ ব্যক্তির যেমত বিচার অমনি ফাঁসী
দিয়াছেন। দণ্ডাজ্ঞা হইলে পর পাঠান একথা ন
চ'ল ও তরবাল চাহে। তাহা হস্তে করিয়া যুদ্ধ
করিতে করিতে প্রাণত্যাগ করা তাহার উদ্দেশ্য
ছিল। এ প্রার্থনা অবশ্যই গ্রাহ্য হয় নাই।

পবলিক ওপিনিয়ন বলেন, লাহোরে একদল
ওহাবি ক্রমশঃ দল বৃদ্ধ করিতেছে। লাহোরে
ওহাবি থাকা সম্ভব নহে।

ব্রোচের প্রদর্শনে সুরাটের কালেক্টর হোপ
সাহেব বাবু বাইরামজি জিজি ভাইকে অপমান
সূচক কথা বলিয়াছিলেন। প্রদর্শনে এ ব্যবহার
বৈধ নহে। এটী প্রদর্শনের একটী উপসর্গ হইয়া
উঠিয়াছে। যাহা হউক, আমরা আহ্লাদিত হই
লাম, হোপ সাহেব আপনার দোষ স্বীকার
করিয়া ক্ষমা প্রার্থনা করিয়াছেন। অন্য অন্য
ইংরাজের ইহা শিক্ষার বিষয় হওয়া কর্ত্তব্য।

পুনার অন্তর্গত কজাতের মামলদার বাবু
নারায়ণগণেশ শাস্ত্রী ১৮৬৭ অব্দে বোম্বাই বেল
ওয়ে কোম্পানিকে বলেন, মৌলির সেতুটী ভগ্ন
প্রায় হইয়াছে। কোম্পানি তাহাতে মনোযোগী
না হওয়াতে নারায়ণগণেশ বোম্বাই গবর্ণমেণ্টকে
জানাইয়াছিলেন। তদনুসারে অনুসন্ধান হও
য়াতে যথার্থই দেখা গেল সেতুটী ভগ্নপ্রায় হই
য়াছে এবং কিছু দিন পরে ইহা ভাঙ্গিয়া পড়ে।
তিনি যথাসময়ে সংবাদ না দিলে অনেকের
প্রাণনাশের সম্ভাবনা ছিল। এই নিমিত্ত বোম্বাই
গবর্ণমেণ্ট তাঁহাকে রাও সাহেব উপাধি দিয়া
৩০০ টাকা মূল্যের এক জোড়া শাল পুরস্কার
দিয়াছেন। এসকল পুরস্কার অতিশয় প্রীতিকর
ও উৎসাহবর্দ্ধক।

জবলপুরে বসন্ত রোগের প্রাদুর্ভাব হই-
য়াছে। কলিকাতায়ও ইহা দেখা দিয়াছে।

গত কল্য বোরঘাটের রেলওয়েতে ভয়ানক
দুর্ঘটনা হইয়া ১১ জনের মৃত্যু হইয়াছে। বিস্তা
রিত বিবরণ আইসে নাই।

ন্যাশনাল পেপর অবগত হইয়াছেন, কলি
কাতার নিম্নতর বিদ্যালয়সমূহে উপদেশ দিবা
নিমিত্ত গবর্ণমেণ্ট এক জন পদার্থ বিজ্ঞান অধ্যা
পক নিযুক্ত করিতে মনস্থ করিয়াছেন। এই
পদটী এক জন এতদ্দেশীয়কে দেওয়া হইবে।

১৭ই মাঘ শুক্রবার

পঞ্জাবের খোকাদিগের সংখ্যা ক্রমশঃ কমি
তেছে। রাসসিংহের কন্যা অতিশয় বাতচা
রিণী হইয়াছে, তথাপি তিনি তাহাকে
করেন নাই। পূর্ব্বে শিষ্যগণ তাঁহাকে
বলিয়া জানিত, এক ব্যক্তি পরীক্ষার্থ
বস্ত্র চুরি করে। তিন দিবস পর্য্যন্ত
অনুসন্ধান করিয়া ব্যর্থমনোরথ হওয়াতে
তাঁহাকে পরিত্যাগ করিয়া একথা সর্ব
ত অনেকের ভক্তি গিয়াছে। এ
আমাদিগের উন্নতিশীল ব্রাহ্ম
দয়ের প্রভুত্ব ক্ষমতাবিস্তারের চেষ্টা
কেন?

মান্দ্রাজ গবর্ণমেণ্টের অনুরোধে গবর্ণর
রল ১২০০ টাকা বেতনে একজন বাটীনি
কর্ত্তা (আর্কিটেক্ট) নিযুক্ত করিবার নি
ষ্টেটসেক্রেটারিকে পত্র লিখিয়াছেন। কি
তার জলবায়ু ক্লার্ক সাহেবের অসহ্য হই
বোধ হয় মান্দ্রাজ গবর্ণমেণ্ট যদি এই
তাঁহাকে প্রদান করেন তাহা হইলে দক্ষিণ
লের জল বায়ু ও পর্য্যাপ্ত কার্য্য দ্বারা তাঁ
শরীর অনুরাগ হইবে।

সিঙ্কোনার চাস উত্তমরূপে হওয়াতে
র্ণমেণ্ট ইপকা কুরারার চাস করিতে মনস্থ
তেছেন. ডাকতর আণ্ডাসন বলেন দার্জি
ও দক্ষিণ সিকিমে এই বৃক্ষ জন্মিতে পারি
র্দ্ধে জলে ইহার চাস ছিল। কিন্তু এ
কম হওয়াতে এ দ্রব্যের মূল্য ক্রমশঃ বৃদ্ধি
তেছে। আমাদিগের গবর্ণমেণ্ট যদি নাক্ষেপ
ভয় এড না করেন তাহা হইলে চা, ব
কুনাইন ও বস্ত্রে বিষয়ে আমরা পূর্ণ
প্রধান হইতে পারি।

আমরা শ্রবণ করিয়া আহ্লাদিত হই
মহারাজ হোলকর একটী বস্ত্রের কল আন
ছেন। তিনি কতকগুলি ইউরোপীয় ভ
কেও আনয়ন করিতেছেন। কলিকাতার ওয়া
ড়তে একটী সূত্র কল হইয়াছে, কিন্তু
সকল সামান্য মাত্র হইতেছে আমাদি
গবর্ণমেণ্ট অনায়াসে কয়েদিদিগের দ্বারা ম
কল চালাইতে পারেন। আলীপুরের জেলে
প্রকার কল গতির সূত্র হইতেছে তাহাতে
কল হইলেওযে ঐপ্রকার চলিবে না ত
কোন কারণ নাই।

হায়দ্রাবাদে ওলাউঠার প্রাদুর্ভাব হইতে
এনগরটী অতিশয় অপরিষ্কৃত। শিবির বা
অন্য কোন স্থানে শকটারোহণে গমন অস
রাস্তাসকলে প্রস্তর আছে কিন্তু কল দিয়া
বসান হয় না। নিজামের রাজধানী অপেক্ষা
পর ও গোয়ালিয়র বিংশতি গুণে উত্তম।

লিকাতার জষ্টিসদিগের অভিনন্দনের
লাড মেয় বলিয়াছেন " আমি কলিকা
আসিয়া যথেষ্ট দর্শন করিয়াছি। এই নগ
তি এবং লোকদিগের স্বাস্থ্য ও সন্তোষ
মিত্ত যেসকল কাজ আবশ্যক তদ্বিষয়ে
স্পূর্ণ যত্ন থাকিবে" আস্থ্য হউক না
বর্ণর জেনেরল যদি নগরবাসীদিগের
জন্মাইতেচাহেন তাহা হইলে হগ সাহে
পুনর্ব্বার পঞ্জাবে প্রেরণ করিয়া ওয়াকোপ
কে পুনরানয়ন করুন। হগসাহেব
শ্রেণির অপ্রিয় হইয়াছেন, কোন কাজ
হচ্ছে না কিন্তু লোকে করভারে শশব্যস্ত
াছেন।

ইকুমারের ভ্রাতার কারাবোধের বিষয়
সংবাদপত্রে লিখিত হওয়াতে বর সাই
ইটলরলড ডাক্তর হটারকে প্রেরণ করেন যে
তে মনোহররাও রুদ্ধ আছেন ডাক্তর হটার
দর্শন করিয়া বলিয়াছেন, এই অবাস্থ্য
নহে। বাটীটী প্রশস্ত ও সন্তোষকর।
হর রাও কোন পীড়ার কথা বলিলেন না
র প্রতি কুব্যবহার করা হয় না বায়ুসেবনার্থ
একটী নির্দ্ধারিত দু মধ্যে ভ্রমণ করিতে
ন, কিন্তু সর্ব্বদা প্রহরী থাকাতে তিনি
রোহণে ভ্রমণ করিতে অনিচ্ছুক। ওইকুম
একটী দোষ কালিত হইল। কিন্তু ভ্রাতাকে
কারারুদ্ধ রাখিয়াছেন আমরা তাহার
ণ জানিতে চাহি।

ান্ড্রাজ টাইমস আক্ষেপ করিয়াছেন
কার একটী হত্যাও পুলিষে ধৃত করিতে
ভহেন না। দরিদ্র এই অভি
, কিন্তু গবর্ণমেণ্ট কতক গুলি অনু
ক সৈনিক কর্ম্মচারীকে পুলিষের
বলিয়া কোন কাজ হইতে দিতেছেন না।

প্রতি মফস্বলের একজন জমীদার যে
ক ব্যক্তির নামে ৮০০০ টাকা ঠকাইবার
শ করেন মাজিষ্টেট রবার্টস তাহা অগ্রাহ্য
য়াছেন। জমীদার প্রেমারায় হারিয়া মিথ্যা
শ করিয়াছিলেন। প্রেমারার অতিশয়
র্ভাব হইয়াছে। ইহার নিমিত্ত কঠিন আইন
আবশ্যক।

াবদুল রহমনের শেষ সেনাদল পরাজিত
ছে, যে কল্লি শর্দ্দার সানরাজ খা আমী
সেনাপতি আসলন খার দ্বারা পরাজিত
দীভূত হইয়াছেন।

াশীপুরের আঙ্গিলো ব্রাদর্স অনুমতি পত্র
ন মোয়ার মদ প্রস্তুত করাতে শিয়াল
দহের মাজিষ্ট্রেট কুমার হরেন্দ্র কৃষ্ণ তাঁহাদিগের
১০০০ টাকা জরিমানা করিয়াছেন। আঙ্গিলো
ব্রাদার্স বলেন, তাঁহারা পরীক্ষার্থ ইহা করিতে
ছিলেন। লাভের নিমিত্ত নহে। জ্বালা জ্বালা মদ
পরীক্ষার্থ হইতেছিল? পথ ভুলিয়া গাছে উঠা
না কি?

গত কল্য গবর্ণর জেনরলের বাটীতে দরবার
হওয়াতে বিস্তর লোকে গমন করিয়াছিলেন
সর জন লরেন্সের সময় অপেক্ষা এ দরবারে
বাহ্য আড়ম্বর ও নিয়ম অধিক দৃষ্ট হয়। সর
জন লরেন্স সকলকে সমভাবে গ্রহণ করিতেন।
কৃষ্ণনগরে যে তিন ব্যক্তি হত্যা করে, গত
কল্য প্রেসিডেন্সিজেলের নিকটে তাহাদিগের
ফাশী হইয়াছে। হত্যাকারিগণ কিছুমাত্র
ভয় প্রদর্শন করে নাই।

কচের রাজা শসের মাতুল স্বর্গত কর্ত্ত
য়াছেন।

মেজর ইবাসবেল ফ্রেণ্ড অব ইণ্ডিয়ার বিরুদ্ধে
লিখিয়া বলিয়াছেন এ সংবাদপত্রখানিকে
গবর্ণমেণ্টের মুখপাত্র জ্ঞান করা ভ্রম এই
সকলেই জানেন। তথাপি মেজর বেল বলেন
সর জন লরেন্স অন্যায় করিয়া ফ্রেণ্ডকে
ইস্যুর সংক্রান্ত বাণিজ্য পত্র প্রদান
করিয়াছিলেন।

১৮ ই মাঘ শনিবার

কান্দি হইতে এক ব্যক্তি লিখিয়াছেন গতকল্য
রাত্রি ৩ কি ৪ ঘটার সময় মনোহারি বাজারে
এক খানি ঘরে দৈবাৎ অগ্নি লাগিয়াছিল, সখা
সময় পাইলেই সাহায্য করিয়া থাকেন, পবন
দেব শুভাগমন করিয়া অগ্নি দেবের সাহায্য
করিলেন এবং তিনি প্রায় ২ ঘণ্টাকালে একে
একে সমস্ত পর্ণশালা ভস্মীভূত করিলেন!! সহা
শয় মধ্যে সংকীর্ণ রাস্তার দুই পার্শে অগ্নি জ্বলি
ছে, প্রাণভয়ে কেহই সাহস করিয়া কপর্দ্দক মূল্যে
র দ্রব্যও রক্ষা করিতে পারেন নাই। লণ্ঠন, পে
টরা ছাতা, হুকা প্রভৃতিতে প্রায় ৩০০০ টাকা
দ্রব্য দগ্ধ হইয়াছে। সৌভাগ্যক্রমে কোন কোন
দোকানী বিস্তর দ্রব্য লইয়া বিক্রয়ার্থ স্থানান্তরে
মেলায় গিয়াছিল, নচেৎ আরো বিলক্ষণ ক্ষতি
হইত

" সেরাজগঞ্জ হইতে এক ব্যক্তি লিখি
য়াছেন। গত রাত্রি ৯ টার সময়ে অত্র গঞ্জে
কাপড়ের পটীতে ভয়ানক অগ্ন্যুৎপাত হইয়া
গিয়াছে ২৫।৩০ ঘর দগ্ধ হয়, অনেকের মহা
মূল্য দ্রব্য ভস্মসাৎ হইয়াছে। বহু লোক উপস্থি
ত হওয়াতে আর অধিক ক্ষতি হয় নাই। পুলিষ
উপস্থিত ছিলেন। এমন বৎসর নাই যা
২।৩ বার এই রূপ শোচনীয় ব্যাপার না ঘ
তথাপি আশ্চর্য্যের বিষয় এই যে, মফ
পাকা ঘর প্রস্তুত করেন না। কাঁচা ঘরে
৫০০ বা অধিক টাকা ব্যয় হয় এবং প্রতি ব
সেই ভস্মাৎ হয় সেও ভাল তথাপি পাকা
হয় না।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ।

১৯ এ জানুয়ারি। হুগলীর সহকারী মা
ষ্ট্রেট ও কালেক্টর ডবলিউ. এচ. গ্রিম ল সা
দ্বিতীয় শ্রেণির প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট
ডেপুটি কালেক্টর হইবেন।

২০ এ জানুয়ারি। নওয়াখালির ডে
মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু গোকুলচ
রায় চট্টগ্রামে বদলী হইয়া প্রথম শ্রে
অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

যে দিবস কাপ্তেন টি. এচ. সি উইল, ক
ভার অর্পণ করিয়াছেন, সেই দিবসাবধি চট্ট
মের পর্ব্বত অঞ্চলের অন্তর্গত সঙ্গুর সহকা
কমিসনর এ, রাটে সাহেব কিছু দিনের নি
উক্ত অঞ্চলের ডেপুটী কমিসনরের কার্য্যভ
পাইয়াছেন। তিনি ১৮২২ অব্দের ৭ আইন
১৮২৫ অব্দের ৯ আইন অনুসারে চট্টগ্রামে ক
ক্টরের ক্ষমতা পাইবেন।

যশোহরের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপু
কালেক্টর বাবু ভগবানচন্দ্র বসু বর্দ্ধমানে বদ
হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

যত দিন লেপ্টনণ্ট এচ. এম. রামসে বি
লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন লেপ্টন
এ, আর. উইলকিন্সন বঙ্গদেশের পুলিষ ইনস্পে
ক্টর জেনরলের নিজ সহকারী হইবেন।

যত দিন লেপ্টনণ্ট উইলকিন্সন কার্য্যান্ত
থাকিবেন, তত দিন ডবলিউ. ডে. কিল
সাহেব সাহরণের প্রতিনিধি পুলিষ সুপরি
ণ্ডেণ্ট হইবেন।

যত দিন মেজর এফ. এম. মাইলস বিদ
লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন আ
এচ. জি. আরবিণ সাহেব মালদহের প্রতিনি
পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

২৪ পরগণার সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডে

, এচ, জনষ্টন সাহেব মুরশিদাবাদে বদলী
বেন।
কটকের সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট
এম, রেডসডেল সাহেব ত্রিহুতে বদলী
বেন।
২১ এ জানুয়ারি। যত দিন ডাক্তর জে, সি,
লস বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন,
ত দিন ডাক্তর জে, বি, আলেন বিহারের
ভিলেনের এজেণ্টের প্রতিনিধি প্রধান সহ
রী হইবেন।
পূর্ণীয়ার ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি কালে
বাবু বিমলানন্দ মুখোপাধ্যায় মানভূমে
লী হইয়া দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্টেট
বেন।
যত দিন বাবু গোবিন্দমোহন ঘোষ বিদায়
য়া অনুপস্থিত থাকিবেন, তত দিন রাজসা
ডেপুটী মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টর
তারিণীচরণ মিত্র তদ্রূপ কমিসনরের
তনিধি নিজ সহকারী হইবেন।
২২ এ জানুয়ারি। যত দিন বাবু মধুসূদন
ব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত
বাবু গঙ্গানারায়ণ সরকার চট্টগ্রামের প্রতি
ি অতিরিক্ত অবস্থ জজ হইবেন।
জে, এম, আরমটেজ সাহেব কটকের সাদা
বনালিক্সসভার সম্পাদক হইবেন।
ডব লউ, জে, হবেল সাহেব চাকার প্রতি
ি সি বল ও সেসনে জজ হইবেন।
জে এম লুইস সাহেব গয়ার প্রাক্তনিধি সি
ও সি সহন জজ হইবেন। তিনি যত দিন
নাত না বেন, তত দিন এচ, ডব লউ, আলে
ণ্ডার সাহেব গয়ার প্রতিনিধি সিবল ও
সহন জজ হইবেন।
ত বেন এচ, ডব লিউ, আলেকজণ্ডার কার্য্য
র থাকিবেন, তত দন কিছু কালের নিমিত্ত
সি, পিটসেগ সাহেব সাহাবাদে দ্বিতীয়
ণির প্রতিনিধি মাজিষ্টেট ও কালেক্টর হই
ন।
জে, ওয়াড সাহেব কিছু দনের নিমিত্ত
মাদের প্রতিনিধি জাইট মাজিষ্টেট ও
পুটি কালেক্টর হইবেন।
ত্রিহুতের সহকারী মাজিষ্টেট ও কালেক্টর
, এম, বারবর সাহেব দ্বিতীয় শ্রেণির প্রাত
নি জাইট মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টর
বেন।
২৩ এ জানুয়ারি। ২৪ পরগণার ডেপুট
জিষ্টেট ও ডেপুটি কালেক্টর বাবু কালী
চরণ ঘোষ কিছু দিনের নিমিত্ত সুন্দর বনের
কমিসনরের সহকারী হইয়া রাজধানী বিভাগের
সকল জেলা ও বাখরগঞ্জে মাজিষ্ট্রেটের ক্ষমতা
পাইবেন।
বাবু ভগবতীচরণ চট্টোপাধ্যায় ফরিদপুরের
বিশেষ সব রেজিষ্টার হইবেন।
যত দিন মুন্সি মসিয়তুল্লা বিদায় লইয়া অনু
পস্থিত থাকিবেন, তত দিন বাবু ঠাকুরদাস
মুখোপাধ্যায় বগুড়ার প্রতিনিধি মুন্সেফ হই-
বেন।
২৫ এ জানুয়ারি। ডেপুটি মাজিষ্টেট ও
ডেপুটি কালেক্টর বাবু রাসবিহারী বসু বাকা
উপবিভাগের ভার পাইয়া ভাগলপুরে মাজি-
ষ্টেটের ক্ষমতাচালন করিবেন।
বাকার ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি কালে
ক্টর মৌলবী আ বদুল গফুর সাহরণে বদলী হইয়া
মাজিষ্ট্রেটের ক্ষমতা চালন করিবেন।
সাহরণের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি
কালেক্টর ই, ই, ফিশার সাহেব লোহারডগায়
বদলী এবং পালামউএ স্থিত হইয়া প্রথম
শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।
২৬ এ জানুয়ারি। ডেপুটি মাজিষ্ট্রেট ও
ডেপুটি কালেক্টর বাবু নবীনকৃষ্ণ সরকার, যিনি
এক্ষণে বিদায় পাইয়া আছেন, পুনর্ব্বার কুমার
খালি উপবিভাগে নিযুক্ত হইবেন।
কুমারখালির ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি
কালেক্টর বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় সদর মহ
কুমা পারমায় বদলী হইবেন।
যত দিন টি, ওয়েলডন সাহেব বিশেষ
কার্য্যে নিযুক্ত থাকিবেন, তত দিন জে, মাষ্টার্স
সাহেব ত্রিহুতের প্রতিনিধি পুলিষ সুপরিণ্টে
ণ্ডেণ্ট হইবেন।
যত দিন কাপ্তেন জি, বি, ফিশার বিদায়
লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন ই, এ,
বাইনস সাহেব ত্রিপুরার প্রতিনিধি পুলিষ সুপ
রিণ্টেণ্ডেণ্ট হইবেন।
সব আসিষ্টাণ্ট সার্জ্জন দয়ালরক্ষ ঘোষ
হুগলীর অন্তর্গত সুলতানগাছার দাতব্য
চিকিৎসালয়ের ভার পাইবেন।
লেপ্টনণ্ট ই, এচ, লীল এক জন সহকারী
রেবেনিউ সরবেয়র হইবেন।
ত্রিহুতের সহকারী মাজিষ্টেট ও কালেক্টর
ডি, এম, বীরবর সাহেব সীতামারি উপবিভা
গের ভার পাইবেন।
সীতামারির ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি
কালেক্টর এচ, ডোস সাহেব সদর মহকুমা
ত্রিহুতে বদলী হইবেন।

পবলিক ও
১৩ ই জানুয়ারি
১ লা ডিসেম্বর অব
য়িগণ বহরমপুর হইতে
ভাগে বদলী হইয়াছেন
প্রথমশ্রেণির ওবরসিয়
ঐ দুর্গাদাস।
প্রথম শ্রেণির পরীক্ষা
ই, ডবলিউ, এচ, ষ্টেপলটন
বাবু বিপ্রদাস মিত্র ও
কীয় হইতে স্থানীয় বিভাগে
নিম্নলিখিত এক্সিকিউটি
নিয়রগণ পশ্চাল্লিখিত স্থানে
চতুর্থ শ্রেণির এক্সিকিউটি
সি, সি, আডলি সাহেব কলিকাত
ইঞ্জিনিয়রের বিভাগে।
চতুর্থ শ্রেণির এক্জিকিটিব ই
লিউ জে, ডবলিউ, হিথ সাহে
বিভাগে।
প্রথম শ্রেণির সহকারী ইঞ্জিনিয়র
লজার সাহেব কটক বিভাগে।
প্রথম শ্রেণির সহকারী ইঞ্জিনিয়র
রাইডিঙস সাহেব বারকপুর বিভাগে
দ্বিতীয় শ্রেণির সহকারী ইঞ্জি
ডবলিউ, ব্রাসিডেন সাহেব ভাগলপুর
প্রথম শ্রেণির সহকারী ইঞ্জিনিয়র
সাহেব বহু ভাগলপুর হইতে আস
হইবেন।
১৫ ই জানুয়ারি। দ্বিতীয় শ্রেণি
কটিটা ইঞ্জিনিয়র জে, ডবলিউ,
বাহেব ১৮৬৮ অব্দের ৩১ এ ডিসেম্বর
গঙ্গানদী নদী বিভাগের চার্জ্জ কার্য
চতুর্থ শ্রেণির এক্জিকিউটিব
বলউ, জে, ডবলিউ, হিথ সাহে
অব্দের ২১ এ ডিসেম্বর কপরা
বিভাগে গমন করিয়াছেন।
চতুর্থ শ্রেণির এক্জিকিউটিব
ই, ই,ডস সাহেব বর্দ্ধমানের (স্থানীয়
ভার ১৮৬৮ অব্দের ১৭ ই ডিসেম্বর
গ্রহণ করিয়াছেন।
প্রথম শ্রেণির সহকারী ইঞ্জিনিয়র
রাইডিঙস সাহেব ১৮৬৮ অব্দের ১৭
প্রারাহে বারাবপুর বিভাগে গমন ক
মধ্য আসাম বিভাগে প্রথম শ্র
কারী ইঞ্জিনিয়র জে রবিন্সন সা
বিভাগে প্রতিনিধি এক্জিকিউটিব
হইবেন। তিনি ১৮৬৮ অব্দের ১০

ার গ্রহণ করিয়াছেন।
কার্য্য সহকারী ইঞ্জিনিয়র
ব ভাগলপুর বিভাগে

সহকারী ইঞ্জিনিয়র জে,
অব্দের ১২ই ডিসেম্বর
ন বিভাগে গমন করিয়া-

াডের প্রথম শ্রেণির স্থানীয়
ন, এ, লায়ন সাহেব পদত্যাগ
ন পাইয়াছেন।
ার পরীক্ষার্থ ওবরসিয়র বাবু
৮৮৮ অব্দের ৪ ঠা ডিসেম্বর
আসাম বিভাগে গিয়াছেন।
নির পরীক্ষার্থ সব ওবরসিয়ার
ন চট্টোপাধ্যায় সম্পূর্ণরূপে নিযুক্ত

—:০:—

উরোপীয় সমাচার।

২২ এ জানুয়ারি। ডিউক অব ব্রাবা
সংবাদ প্রকাশিত হইয়াছে।
এ জানুয়ারি। স্পেনের গবর্ণমেণ্ট আমে
মেণ্টকে কিউবা দ্বীপ বিক্রয় করিবার
তেছেন।
য়া এবং ওয়ার্টেম্বর্গের গবর্ণমেণ্ট বলি
তাঁহারা উত্তর জর্ম্মণির সহিত আপনা-
সমবাদল একত্র করিবার কোন চেষ্টা
ন না।
ার প্রাতঃকালের সংবাদপত্রসমূহ
নপলিয়নের শান্তিসূচক বক্তৃতার
হার ও ফরাশী জাতির প্রশংসা করি

ড হইতে যে শেষ টেলিগ্রাম আসি
ার মর্ম্ম এই, জাতিসাধারণ সভার
ানীত সভ্যদিগের অধিকাংশ রাজ-
প্রণালীর অনুমোদন করেন।
ারবেটীব সভ্য সর, এচ, ষ্টেন্সি নর
প্রতিনিধি বলিয়া মনোনীত হইয়া-
কন্ত উৎকোচগ্রহণ অপরাধে মহা
ও বহিষ্কৃত হইয়াছেন।
মিরাল্টির সেক্রেটারি বাকস্টার
ভাবে এক সংকল্পের প্রস্তাব করি
তরি বিভাগের প্রতি অংশে যথাসাধ্য
য় করিতে হইবে।
গারণী কোম্পানির ব্যবসায় উঠা
হাদিগের উপরে দেওয়া হইয়াছে,

তাঁহারা অধ্যক্ষদিগকে দায়ী করিবার নিমিত্ত
চান্সরি আদালতে নালীশ করিয়াছেন।
২০ এ জানুয়ারি। দূতসভা যাহা বলিয়াছেন
সুলতান তাহা গ্রাহ্য করিয়াছেন।
মহাসভার অধিবেশনদিবসে সম্রাট নেপো
লিয়ন বক্তৃতা করিয়া বলিয়াছেন, সেনাদল
সংক্রান্ত আইন অনুসারে মহাসভা যে অর্থ
ও সৈন্য প্রদান করিয়াছেন, তাহাতে দেশের
আর কোন অনিষ্টশঙ্কা নাই। এক্ষণে ফ্রান্স
যে সে বিপদের সম্মুখীন হইতে পারেন। শান্তির
সময়ে যতদূর আবশ্যক, তাহা বিবেচনা করিতে
ফ্রান্সের সৈন্য ও নাবিকদলকে পর্য্যাপ্ত
বিবেচনা করিতে হইবে। পূর্ব্বাপেক্ষা সেনার
সংখ্যা অধিক নয় বটে কিন্তু অস্ত্রসকল উৎকৃষ্ট,
অস্ত্রাগারও সৈনিকভাণ্ডার পরিপূর্ণ, নিত্য
নৈমিত্তিক সৈন্যগণ সুশিক্ষিত, যুদ্ধ জাহাজ
গুলি পুনর্নির্ম্মিত এবং দুর্গগুলি উত্তম অব-
স্থাপন্ন হইয়াছে। সম্রাট বলিলেন ফ্রান্সের ক্ষমতা
রক্ষার্থ সৈন্যদলের উৎকর্ষসাধন আবশ্যক।
তিনি আরও বলিলেন, বিদেশীয় গবর্ণমেণ্ট
সমূহের সহিত তাঁহার সম্পূর্ণ সদ্ভাব আছে
তুরস্ক ও গ্রীসের বিবাদভঞ্জনার্থ দূতসভা হয়
এবং দূতগণ সকল বিষয়ে একবাক্য হইয়াছেন
উপসংহারকালে সম্রাট এই অভিলাষ প্রকাশ
করিয়াছেন যে, সর্ব্ব সাধারণে তাঁহার রাজনীতি
অনুমোদন করিবেন। তিনি এক কালে সকল
বিষয়ের পরিবর্ত্ত ভাল বাসেন না। গবর্ণমেণ্টে
বল ও প্রকার স্থিরতা থাকে, এই তাঁহার
অভিপ্রায়।
২১ এ জানুয়ারি। সকলে অনুমান করিতে
ছেন দূতসভা যাহা করিয়াছেন, তাহাতে তুরস্ক
ও গ্রীসের বিবাদশান্তি হইবে।
উত্তর জর্ম্মণীর গবর্ণমেণ্ট বাবেরিয়া ও ওয়ার্ট
স্বর্গের রাজার সহিত এই ভাবে সন্ধি করিবার
চেষ্টায় আছেন যে, তাঁহাদিগের পরস্পরের প্রজা
গণ পরস্পরের সেনাদলে প্রবেশ করিতে
পারিবেন।
গ্রিণউইচ হাসপাতালের অধ্যক্ষের
পদে উঠিয়া গিয়াছে। প্রত্যেক বিভাগে পরি
মিতরূপে ব্যয় করিবার বিধি হইবে।
রাজ্ঞী এক আজ্ঞা প্রচার করিয়া গির্জ্জার
বেদিসকলে আলোক দিবার নিষেধ করিয়াছেন
অধিকাংশ রিচুয়ালিষ্ট এই আজ্ঞা প্রতিপালনে
সম্মত হইয়াছেন।
পেরা ২৪ এ জানুয়ারি। রণতরীর অধ্যক্ষ
হোবার্ট পাশা মিসর হইতে ফ্রিটে গমন করি
য়াছেন। গ্রিসের রাজা অঙ্গীকার করিয়াছেন,
যতদিন বিচারালয় আজ্ঞা না দেন ততদিন ইন

গিস বাষ্পীয় জাহাজ বন্দর ত্যাগ করিবে
মিসরের পাশা ৫০,০০০ সৈন্য সুলতা
দিয়া সাহায্য করিবেন।

উদ্ধৃত।

"ইণ্ডিয়ান্ মিরর ও লরেন্স সাহে

সম্প্রতি লরেন্স বাহাদুরের রাজ
প্রণালী ও চরিত্র লইয়া বিস্তর তর্ক বি
হইয়াছে. কিন্তু যিনি যেরূপ লিখুন ই
মিরারসম্পাদক তাহার চূড়ান্ত করিয়া
বাঙ্গালির মধ্যে ইনি যেরূপ লরেন্স সা
সপক্ষ লোক, এরূপ আর কেহ নন। য
লোকের সকল কর্ম্মের অভিপ্রায় খুঁজিয়া
তাহারা ঠাহর ভাবিতে পারে যে, উন্নত
ব্রাহ্মদিগকে লরেন্স বাহাদুর কিছু অ
করায় ইণ্ডিয়ান মিরারসম্পাদক ক্রু
আবদ্ধ হইয়া এরূপ মতাবলম্বী হইয়াছেন
বৎসর লরেন্স বাহাদুর উন্নতশীল ব্রাহ্ম
সাম্বৎসরিক অধিবেশন দেখিতে যান ও
কোন ব্রাহ্মকে বাটীতে ডাকেন, এম
সিমলায় তাঁহার নিকট লইয়া যান। কিন্তু
ব্রাহ্মদিগের অভিপ্রায় খুঁজিতেছি
ব্রাহ্মগণ যেরূপ ধার্ম্মিক ও সৎ তাঁহা
তাঁহাদের বিশ্বাসের কোন বিপরীত কা
বেন ইহা সম্ভাবনা হয় না। কিন্তু ৮ই
খের মিরারের প্রস্তাব পড়িলে একটা ভ্র
য উহা বাঙ্গালির লেখা, না ইংরাজের
তিনি বলেন যে "গবর্ণমেণ্ট" বলে "
লদিগকে যাইতে দেওয়া উচিত নয়,
সেখানে যে যে কাণ্ড হয়, তাহা বাঙ্গালি
রূপ নীতিজ্ঞান, তাহাদিগকে দেখিতে
উচিত নয়। অতএব এরূপ স্থানে যে বা
দিগকে লরেন্স সাহেব যাইতে দেন নাই, ভ
হইয়াছে। এগারসিটী কালেজে দেওয়া হইয়
ইংরাজদিগকে না, বাঙ্গালিদিগকে? এ অ
মিরার সম্পাদক ইংরাজি কেতাব পড়িয়া
য়াছেন, না অপক্ষপাতিতা দেখাইতে লি
ছেন? আমরা বরাবর দেখিতেছি, ে
ও ইণ্ডিয়ান মিররে বড় সম্প্রীতি, অথচ
বাঙ্গালির এত শত্রু যে, ইংরাজ ও বাঙ্গা
জাতিবৈরের উদ্রেক করিয়া দেওয়াই
তাঁহার প্রধান উদ্দেশ্য। বাঙ্গালি হইয়া
লিকে এত ঘৃণা করে সে ব্যক্তি কি! ব্রাহ্ম
কি এই ফল যে, স্বদেশের উপর ঘৃণা জন্ম
দেয়। বাঙ্গালিদের নীতিজ্ঞান নাই,
তাঁহারা স্ত্রীলোকদিগকে কি সাহসে এ
স্থানে আনিতেছেন? আমরা ব্রাহ্মদিগের,

উন্নতিশীল ব্রাহ্মদের বিশেষ ভরসা করি- ব্রাহ্মরা সতর্ক হউন। সে ধর্ম্ম ঈশ্বরের যাহাতে মনুষ্যের কোন জাতির প্রতি বেতঃ স্বদেশের প্রতি ঘৃণা জন্মায়। ইণ্ডি মিরার আর ব্রাহ্মদিগের কাগজ নয়, খ্রীষ্টানদিগের কাগজ। উন্নতিশীল ব্রাহ্মেরা ব্রাহ্ম নাই, এক্ষণে খ্রীষ্টীয়ান হইয়াছেন।

বাহাদুর কণ্ট্রাক্ট আইনের বিরুদ্ধে ন, বলিয়া আমাদের প্রকৃত ধন্যবাদের । এই আইন নীলকরেরা অনেক কাল করিয়া ১৮৩০ সালে বিধি বদ্ধ করে. উহা ১৮৩৫ সালে রদ হয়। কিন্তু তবু করেরা অদ্যাপি উহার মমতা ত্যাগ করিতে ন নাই।

রলওয়ের তৃতীয় শ্রেণীর আরোহীদিগের ার নিমিত্ত তিনি চেষ্টা করেন বটে, কিন্তু ই জানেন, তাঁহার এ চেষ্টা আংশি সফল হইয়াছে। তাঁহার আদেশসত্ত্বেও য় শ্রেণীতে আলোক দেওয়া হয় নাই. এ সম্বন্ধে একটী আজ্ঞা প্রচার করিয়াই ন. তাঁহার সে আজ্ঞা প্রতিপালন কি না, তাহা তিনি এক বার চক্ষু মেলিয়া ন নাই।

ার লরেন্সের এই এই কার্য্যগুলিসম্বন্ধে র কি বক্তব্য আমাদের জানিতে বড় কল রহিল. উড়িষ্যার দুর্ভিক্ষে যে এত প্রাণী নষ্ট হইল, লরেন্স বাহাদুর কি নিমিত্ত দায়ী নন? তিনি সে সময় ারে ১৫ লক্ষ যতগুলি অর্থ মাটি করি তাহাতে কি বিস্তর লোকের জীবন রক্ষা না? এ দিকে অন্নাভাবে লোক হাহাকার ছে, ও দিকে দেখ দেশের শাসনকর্ত্তা র হস্তে ২০ কোটি লোকের জীবন ন্যস্ত ছে, তিনি এতগুলি প্রাণীকে অদৃষ্টের তে নিক্ষেপ করিয়া কতকগুলি বিজিত দিগের নিকট আপনার ঐশ্বর্য্য ও পদের ল বিস্তার করিতে ব্যস্ত রহিয়াছেন। মনু ষ যাহার নিকট খেলনাস্বরূপ, সে কাহার ভক্তির পাত্র হইতে পারে সার জনের ধর্ম্মসম্বন্ধে যদি গোঁড়ামি না বে, তবে তিনি খৃষ্টধর্ম্মের সাহায্যার্থ এত সরকারি টাকা নষ্ট করিলেন কেন? এই চ বৎসর ভারতের ভাগ্যে তাঁহাতে সম য়, তিনি এই কালমধ্যে কি হিতকর করিলেন? দেশের বিচারকার্য্য কিছু হইয়াছে? পুলিষের সংস্কার হইয়াছে। ার ও দিকে তিনিই না সিবিল সার্ব্বিসের দ্বার বন্ধ করেন! তিনিই না মিছা মিছি কতকগুলি সৈনিক ব্যয় বৃদ্ধি করেন। তিনিই না ইউরোপীয় সৈন্যদিগের সুবিধার্থ এগার কোটি টাকা বারিকে ব্যয় করেন! তিনিই না লোকের চীৎকারস্বরেও মিউনিসিপাল টাক্স ও লাইসেন্স টাক্স স্থাপিত করেন! তিনিই না পরের মাথায় কাঁঠাল ভাঙ্গিয়া তাঁহার অনুচর সহচরসহ সিমলাবাসে কতকগুলি টাকা জলে ফেলিলেন! কোন গবর্ণর জেনরল তাঁহার সেক্রেটরিগণের এত অধীন ছিলেন! কোন গবর্ণর জেনরল ভারতবর্ষীয়দিগকে এত অবিশ্বাস করিয়াছেন? কোন গবর্ণর জেনরল খোসামোদের এত বশ্য ছিলেন? আমরা যত দূর জানি, লার্ড কর্ণওয়ালিস হইতে এপর্য্যন্ত যত গবর্ণর জেনরল আসিয়াছেন, তাঁহাদের কেহই প্রজার সুখ বর্দ্ধনে এত উদাসীন ছিলেন না। এক ষ্টাম্প আক্টে প্রজার সর্ব্বনাশ হইল।

বিশেষতঃ ইংরাজ ও বাঙ্গালিতে সৌহৃদ তাঁহার শাসনপ্রণালীতে আরো কালিমা আসিয়াছে।" অমৃতবাজার পত্রিকা।

—:০:—

বৈজ্ঞানিক বিবরণ।

"সকলেরই জানা আছে যে, দুগ্ধভিন্ন অপর কোন একটীমাত্র দ্রব্য আহার দ্বারা শরীরের রক্ষা হইতে পারেনা। কারণ আমাদের শরীরস্থ মজ্জা অস্থি রক্ত, মাংসপেশী প্রভৃতি সকল ধাতুর পোষণোপযোগী সমস্ত আর কোন একটী দ্রব্যে নাই। কিন্তু ডাক্তর হাগাল সাহেব বলেন যে নারিকেলেও দুগ্ধের ন্যায় সমস্ত ধাতুর পোষণোপযোগী দ্রব্য পাওয়া যায়, সুতরাং কেবলমাত্র নারিকেল আহারদ্বারাও জীবনধারণ হইতে পারে।

অনেকের জানা আছে যে, ডাক্তরেরা অস্ত্র চিকিৎসার সময়ে এমন একপ্রকার আঘ্রাণ দেন, যাহার আঘ্রাণ গ্রহণ করিতে করিতে রোগী সর্ব্বতোভাবে অচেতন এবং স্পন্দহীন হইয়া পড়ে সে অবস্থায় অস্ত্রচিকিৎসাজনিত কোন কষ্টই তাহার অনুভূত হয় না। কিন্তু ঐ আঘ্রাণের (ক্লোরোফরম) ব্যবহার সর্ব্বতোভাবে বিপদশূন্য নহে। উহা শুঁকিতে শুঁকিতে নাড়ীর গতি ম্লান হইয়া আইসে এবং কোথাও কোথাও প্রাণের হানিও হইয়াছে। সম্প্রতি ডাক্তর ডব্লিউ, বিচাড সন নামা এক জন সাহেব প্রকাশ করিয়াছেন যে, ইথর নামক আরকের ধারা শরীরের কোন ভাগে কিয়ৎক্ষণ পাতিত করিলে সেই ভাগ সম্পূর্ণরূপে অসাড় হইয়া যায় এবং তখন বিনাযন্ত্রণায় ঐ ভাগে অস্ত্র চিকিৎসা চলিতে পারে।" এতদূর গেছেট।

"এতদ্দেশীয়দিগকে সৈনিক বিভাগে প্রবেশ করিতে দেওয়া না হয় কেন?

অনেকের মুখেই মধ্যে মধ্যে এই মিষ্ট শুনা যায়, এমন কি অনেক রাজপুরুষেও ব থ কেন, একবার হাউস্ অব কম্ এই কথা উঠিয়াছিল যে "ইংরেজেরা য এদেশ শাসন করিতেছেন, তাহার উদ্দে এই, ভারতবর্ষীয়েরা কালে ভারতবর্ষ শাস হইলে তাঁহাদিগেরই হস্তে ইহার শাসনভার পণ করত তাঁহারা এদেশ ত্যাগ করিবেন, জেরা এখন কেবল নাবালকের সম্পত্তি করিতেছেন মাত্র।" কালে নাবালকের বয়ঃ হইবে সন্দেহ নাই; কিন্তু ন্যস্ত সম্পত্তি প্রাপ্তির অনুকূল প্রমাণ কি? কেবল কথায় যদি পরিতোষ জন্মাইত, তাহা বনা অন্নপানে কথায় কথায় ক্ষুধিতেরও পান্তি হইত এবং পিপাসিতেরও পিপা বৃত্তি হইত। ক্ষুধা তৃষ্ণার সময় কাজ না। কেবল লোভ দেখাইলে বরং অসন্তোষ এবং ক্ষুধা তৃষ্ণারও বৃদ্ধি হইয়া থ আমরা চিরকালই ঐ মধু মাখা কথা আরও দারুণ ক্ষুধিত, পিপাসিত ও অবস্থায় কালযাপন করিতেছি, সুতরাং কথা চাই না, এখন কেবল কাজ চাই বয়ে জিজ্ঞাস, এই, ভারতবর্ষীয়েরা উ হইলেই কি ইংরেজেরা অনায়াসে ভারত লাভ পরিত্যাগ করিতে অসমর্থ হইবেন মাদিগের বিবেচনায় ইহা কখনই সম্ভব বে না দশ লক্ষ ইংরাজের মধ্যে একজনেরও অন্তঃকরণ আছে কি না সন্দেহ, যদি সম্ভাবনা থাকিত, তাহা হইলে ইংরাজ দেশীয় বলিয়া অধিকাংশ স্থলে পক্ষপাত না, এদেশীয়দিগের উচ্চপদ প্রাপ্তি কোন আপত্তি উত্থাপিত হইত না, ইং নায় এদেশে সিবিল সর্ব্বিস পরীক্ষা উ কোন গোলযোগ চলিত না এবং ধদিগের সৈনিক বিভাগপ্রবেশে রাজ গের অন্তঃকরণে অকারণ কোন সন্দেহই হইত না।

আমরা ইহা স্বীকার করি বটে, ই ইউরোপীয়েরা ভারতবর্ষস্থিত ইউরোপী অপেক্ষা আমাদিগের প্রতি বিশেষ

ত দর্শন করিয়া থাকেন, এখানে যাহারা
তবর্ষদ্বেষীর ন্যায় ব্যবহার করিয়া গিয়াছেন,
ও আবার ইংলণ্ডে গিয়া ভারতবর্ষীয়
মিত্র হইয়াছেন এবং ইংলণ্ডস্থ উচ্চ পদা
রাও ভারতবর্ষীয়দিগকে সমকক্ষ ভাবি
কন। কিন্তু তাহা বলিয়া কি তাঁহারা
গর লোভ পরিত্যাগ করিতে পারি
? কর্ণ ও নয়নযুগলই ইহার স্পষ্ট প্রমাণ।
ব্যক্তি কবে শুনিয়াছেন, বা ইতিহাসা
পাঠ করিয়াছেন. জেতৃজাতি ক্ষমতা থাকি
জিতজাতিকে এ প্রকারে পরিত্যাগ করিয়া
? অধিক কি, এই ত ইংলণ্ডস্থ ইংরাজেরা
দের প্রতি এত অনুকূল ও আমাদিগের স
সমব্যবহার করিয়া থাকেন, তথাপি তাঁহার
দিগের জন্য বিশেষ কি করিয়াছেন? তাঁ
যদি এদেশীয়দিগের আন্তরিক হিতৈষী
ন এবং ভবিষ্যতে এদেশীয়দিগের হস্তে
তবর্ষের রাজত্ব সমর্পণ করিতে কৃতসং
হইতেন, তাহা হইলে কখনই সিবিল
পরীক্ষাটীকে ইংলণ্ডের একচেটিয়া করি
না এবং সৈনিক বিভাগটীকেও ইংরাজ
ব্রহ্মোত্তর করিয়া রাখিতেন না। তবে
তা যুগের ন্যায় কাল আসিয়া উপস্থিত
তাহা হইলে ইহাও সম্ভবিতে পারে। আকা
ম হইতে ফলোৎপত্তিও হইবে না, আর
দিগেরও ক্ষুধাশান্তি হইবে না। ইংরা
স্বার্থ-সম্বন্ধ-শূন্য হইয়া কিছু এ দেশ জয়
নাই, ইংলণ্ডের নাম ও সম্পত্তিবৃদ্ধিই তার
জয়ের প্রধান উদ্দেশ্য। নচেৎ এত দিনে
পূর্ব্ব লক্ষণ দেখা যাইত। এখন এদেশীয়
রাজনীতিসংক্রান্ত স্বত্ব প্রায় কিছু
নাই, একথা বলাও বোধ হয় অসঙ্গত হয়
কি, আমরা আফিসর হইতে পারিতেছি,
ত্ব পদ প্রাপ্ত হইতেছি? আমাদের কি
? সামান্য মাজিষ্ট্রেটের পদও এতদ্দেশীয়
ভাগ্যে ঘটে না। "বিড়ালের ভাগ্যে
ছেঁড়ার ., ন্যায় এক আধটি জজের পদই
আমাদিগের রাজনীতিসংক্রান্ত স্বত্বের
ন্ত? ইহার জন্য কি আমরা গবর্ণমেণ্টের
পীড়পীড়ি করিতে পারি না? এটি কি আ
গর অসঙ্গত প্রার্থনা? এই আমাদের চি
লের স্ব। ভারতবর্ষ চিরকাল অমাদেরই
ছিল এবং ভারতবর্ষের রাজনী
ক্রান্ত যাবতীয় বিষয়েই আমাদিগের
ছিল, তবে মুসলমান রাজত্বে আমাদিগের
ত্বের অনেক তিরোধান হয়, এ কথা যথার্থ
কিন্তু তথাপি তৎকালেও এদেশীয়েরা
প্রধান সেনাপতিও হইতে পারিতেন, এবং
প্রধান মন্ত্রিত্বপদেও ইহাদের সম্পূর্ণ স্বত্ব ছিল।
ইংরাজ রাজত্বে তাহার কি আছে? অতএব
যেটি আমাদের চিরকালের স্বত্ব, তাহা এখন
আমাদের হস্তগত না হয় কেন? আমরা অবশ্যই
এ প্রার্থনা করিতে পারি, গবর্ণমেণ্টেরও ইহা
অবশ্যই দেওয়া কর্ত্তব্য। ইহারা বরাবর বলি
য়াও আসিতেছেন, "দিবেন" কিন্তু কাজে তাহা
দিতেছেন না। এইসকল প্রমাণদ্বারা কি স্পষ্ট
অনুমিত হইতেছে না যে, এদেশীয়দিগের হস্তে
ভারতবর্ষশাসনের ভারার্পণ করিবার কথাটী
কেবল প্রলোভনমাত্র? সে প্রলোভনটী আব-
শ্যক কি? যদি মনে এক, বাহিরে আর হয়,
তবে সে ভাবে থাকি" ইংলণ্ডীয়দিগের চির-
কাল কষ্ট পাইবার আবশ্যকতা কি? আর
আমাদিগকেই বা এত দুঃখ দিবার প্রয়োজন কি।
স্পষ্টই বলা ভাল, তোমরা হাজার উপযুক্ত
হইলেও কখনই পরাধীনতা-শৃঙ্খলমুক্ত হইতে
পারিবে না, আর আমরাও সাধ্য থাকিতে ইহার
লোভসম্বরণ করিতে পারিব না। তোমরা উচ্চ
উচ্চ পদে এক বারে বঞ্চিত থাকিবে এবং সৈনিক
বিভাগেও প্রবেশ করিতে পারিবে না, আর
আমরাও কস্মিন কালে তোমাদিগকে দিতে
পারিব না। তাহা হইলে ত সকল বিষয়ে সুবি-
ধা হয়। আমরাও আর অনর্থক চীৎকার করি না
এবং গবর্ণমেণ্টকেও ব্যস্ত হইতে হয় না।
একেবারেই আমাদিগের মুখবন্ধ হইয়া যায়।
আর যদি ভারতবর্ষের শাসনভারপ্রদানের কথা
দূরে থাকুক এতদ্দেশীয়দিগকে অন্ততঃ সর্ব্ববি-
ষয়ে উপযুক্ত ও আত্মরক্ষাসমর্থ করিয়া তুলিতে
অভিপ্রায় থাকে, তাহা হইলে ভারতবর্ষীয়দি-
গের জন্য সৈনিক বিভাগের দ্বার উন্মোচন
করিয়া দিউন্। ইহাতে আর যেন ক্ষণমাত্র বিলম্ব
করা না হয়। কল্পলতিকা।

—০—

আমাদিগের শ্রীহট্টস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

অত্রত্য স্থানসমূহ ২। ৩ মাস যাবৎ ওলাউঠার প্রাদুর্ভাব হইয়াছে; কিন্তু এক্ষণ পর্য্যন্ত নিঃশেষিত হয় নাই। ইতিমধ্যে আবার বসন্তরোগের প্রভাবও মধ্যে মধ্যে লক্ষিত হইতেছে। রোগের এরূপ প্রভাব আরো কিছু কাল স্থায়ী হইলে এ দেশের যে কি দশা হয়, বলা যায় না।

২। অত্রত্য সেথঘাট মিসন স্কুলের সাত জন ছাত্র প্রবেশিকাপরীক্ষা প্রদান করিয়াছি
তন্মধ্যে দুই জনমাত্র কৃতকার্য্য হইয়া
আহ্লাদের বিষয় এই, ইহাঁরা উভয়েই বি
শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছেন।

এখানে গত ২৮ এ পৌষ রবিবার পাঁ
সময় দুই বার এবং গত ১ লা মাঘ
৩ টার সময় একবার ভূমিকম্প অতিশয়
ও অনেকক্ষণ স্থায়ী হইয়াছিল এমন কি,
বয়স্কগণের প্রমুখাৎ অবগত হইলাম,
বৎসরের মধ্যে এরূপ ভূমিকম্প হয় নাই।

৬ ই মাঘ
১২৭৫ সাল

—:০:—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্প
মহাশয় সমীপেষু।

সুসভ্য রাজপুরুষদিগের যত্ন ও অর্থ,
নবন্ধন এ দেশে দিন দিন গ্রামে গ্রামে
নগরে বিদ্যালয় সংস্থাপিত হইতেছে। বদ
গবর্ণমেণ্ট সে জন্য বিপুল অর্থব্যয়েও কু
নহেন, তত্ত্বাবধায়কদিগেরও অভাব ন
আজ কালি বিদ্যালয়সমূহে যেরূপ শিক্ষা
প্রচলিত আছে, তাহাতে বিদ্যার্থি
প্রকৃত উদ্দেশ্য যে চরিত্রশোধন ও আত্মে
তাহা পরিত্যাগ করিয়া অপর
পরিপোষণ হইতেছে। প্রথমতঃ সাহায্য
বিদ্যালয়সমূহ প্রায়ই অস্মদ্দেশীয়দিগের
সমর্পিত; কতকগুলি বা মিসনরিদিগের
ন্যস্ত। আমাদের দেশের স্কুল সমূহের স
কেরা প্রায় অন্যসাহায্যসাপেক্ষ, সুতরাং
সমূহ যথা বিধানে সংগৃহীত না হওয়াতে
দিগকে সাধারণসমক্ষে নিন্দনীয় হইতে
এবং ইহাতে বাস্তবিকও তাঁহারা অনেক
তদ্বিষয়ে দোষী। মিসনরি ম্যানেজরদি
অর্থের অভাব নাই, তত্ত্বাবধারণের
অনেক স্থলে বিশৃঙ্খলা ঘটিয়া থা
তাঁহাদের দোষে যেরূপ অনিষ্ট হইবার সম্ভ
শিক্ষকগণ সচ্চরিত্র, সুশিক্ষিত ও
সম্পন্ন না হইলে ততোধিক অনিষ্ট হইবা
বনা। শিক্ষকতাকার্য্যের ন্যায় গুরুতর
বিরল। ইহাতে অনন্ত আত্মার
কার্য্য করিতে হয়। পিতা মাতা যে সন্তান
নয়নপথের অন্তরাল করিতে সংকুচিত

য়া হইলেও যাহাদিগের সুকোমল মুখ
জনক জননীর মানসপটে অঙ্কিত থাকে।
প্রাণাধিক সন্তানকে শিক্ষকের হস্তে সমর্পণ
নিশ্চিন্ত ও যেম কোন দুর্ব্বহ ভার হইতে
ইয়া থাকেন। তাহাতে যদি শিক্ষকেরা
লালয়সমূহের কর্ত্তৃপক্ষীয়েরা চরিত্রদোষে
হন, তাহা হইলে বালকগণের ইষ্ট হওয়া
াকুল; অধিক সেইসকল সন্তান শিক্ষকগ
ভাবের অধিক অনুকরণের বশবর্ত্তী হইয়া
াব ধারণ করে এবং শুদ্ধ পিতা মাতার
স্বরূপ হয় না, দেশের কণ্টকস্বরূপ হইয়া
। এদেশীয় বিদ্যালয়সম্পাদকদিগের
নাই, কিন্তু যেসকল ধর্ম্মপ্রচারকেরা
াণ্টিক ও ভূমধ্যস্থ সাগরের বক্ষঃ বিদীর্ণ
া, যাঁহারা স্কটলণ্ডের পর্ব্বতশিখর হইতে
র্ণ হইয়া ভারতভূমির মঙ্গলসাধনের জন্য
ণ করিয়াছেন, যাঁহার ভারতবর্ষে থাকিয়া
তকেশ ও গলিতমাংস হইয়াছেন, যাঁহা
র সাহায্যে এ দেশে প্রথমে বিদ্যালোক
র্ণ হইয়াছে, আজি কালি তাঁহাদিগের মধ্যে
কেহ সেই মুখ্য উদ্দেশগুলি বিস্মৃত হইয়া
ন্য সাংসারিক সম্প্রদায়ের মধ্যে গণিত
ছেন। তাঁহাদিগের হস্তে যেসকল স্কুল
, ক্রমে ক্রমে তাহাদের অনেকের শোচনীয়
া লক্ষিত হইতেছে। যাঁহাদিগের লোকের
করা একমাত্র উদ্দেশ্য তাঁহারাই যে আবার
দোষের আকরস্বরূপ ব্যক্তিবর্গকে আশ্রয়
পাপের স্রোত প্রবাহিত করিতেছেন, ইহা
ন্য আক্ষেপের বিষয় নহে। তাঁহাদিগের দয়
হ হয়ত পরিমাণে অধিক। আর তাঁহারা
ব্রহশূন্য হন, আমাদের এরূপ ইচ্ছা নহে।
ভাল বটে, কিন্তু উহা বিবেককে অতিক্রম
ল বিষময় ফল উৎপাদন করে। কিছু
র্ব্বে সুবিধা ছিলাম যে, মধ্য বিভাগের ইন
ষ্টর মহাশয়ের মিসনরি ইস্কুলসমূহের
সন্দেহ হইয়াছিল। তাঁহার সে সন্দেহ
কও নহে। এক্ষণে আর তাহার উপেক্ষা
ার সময় নাই। মিসনরি মহাশয়েরা ধর্ম্মাব
আবৃত বলিয়া যেন তাঁহাদিগকে অভ্রান্ত
ায়পরায়ণ মনে না করেন। অবিলম্বে
য়া মিসনরি স্কুলগুলি দেখুন, তাহার
র মূলে কত অন্যায় আছে, তাহা দেখিতে
বেন। বোধ হয়, ইনস্পেক্টর মহাশয়দিগের
বিদিগের উপরে অনেক পরিমাণে বিশ্বাস
এবং তজ্জন্য হয় ত অনেক সময়ে সত্য
ডেপুটী বাবুরা মিথ্যাবাদী ও বৃথা নিন্দা
বলিয়া তিরস্কৃত হইয়াছেন। কিন্তু ইন

স্পেক্টর মহাশয়েরা যেন মনুষ্যকে অপূর্ণ মনে করিয়া কার্য্য করেন, তাহা হইলে সকল সংশয়ই অদ্য নিরাকৃত হইবে; আমারও লেখনী ধারণের ফল সার্থক হইবে।

সাহাপুর
১৫ ই মাঘ
} অনুগত
শ্রীকৈঃ

—:০:০:—

আমাদিগের গবর্ণমেণ্টের প্রতি আফগানদিগের যে ভাব, তাহা পশ্চালিখিত বিষয়টীতে প্রকাশ করিবে। এক জন আফগান পীড়িত হইয়া চাঁদনির চিকিৎসালয়ে গমন করে। তথায় তাহাকে যেপ্রকার ঔষধ, শয্যা, বস্ত্র ও আহার দেওয়া হয় তাহাতে সে নিতান্ত কৃতজ্ঞ হইয়া আমাদিগের নিকটে এক দিন বলে, "বাবু! আমার দেশে অতি নিকট আত্মীয় ও এরূপ দয়া করেন না। দয়া ও দাতব্যের বিষয়ে ইংরাজদিগের সহিত অন্য কোন জাতির তুলনা হয় না। দেখ কেবল লোকের উপকারের নিমিত্ত কলিকাতায় কত আলয় আছে। আমরা তন্নিমিত্ত ইংরাজদিগকে যথার্থ ভাল বাসি। ইংরাজদিগের সহিত আমাদিগের ধর্ম্মে মিলেনা বলিয়া যে ভিন্ন ভাব হয়।

"তোমাদিগের আমীরকে আমাদিগের গবর্ণমেণ্ট প্রতি মাসে এক লক্ষ টাকা দিতেছেন; তোমরা ইহার কি উদ্দেশ্য স্থির করিয়াছ?"

"ইংরাজ গবর্ণমেণ্ট কেবল রুশীয়াকে দূরে রাখিবার নিমিত্ত এই সাহায্য দিতেছেন। কিন্তু আমাদিগের দেশগ্রহণের বিষয়ে তাঁহাদিগের কোন লোভ নাই।"

"তবে তোমরা এক জন ইংরাজ দূতকে কাবুলে যাইতে দিতে এত অসম্মত কেন?"

"কেবল ধর্ম্মে মিলে না বলিয়া। আমাদিগের মোল্লাগণ সর্ব্বদা কাফেরকে ঘৃণা করিতে বলেন।"

"ভাল, তোমাদিগের দেশে চারি বৎসর পর্য্যন্ত গৃহ যুদ্ধ হইতেছে। যদি আমরা এক দল সৈন্য প্রেরণ করিয়া তোমাদিগের দেশে শান্তি স্থাপিত করি তাহাতে আপত্তি কি আছে?"

"বাবু! সেটী কখন হইবে না। রুশীয়া আক্রমণ না করিলে আমরা একটী ব্রিটিশ সৈনিককে বিনাযুদ্ধে কাবুলে প্রবেশ করিতে দিব না। তোমাদিগের গবর্ণমেণ্টও সে পুনর্ব্বার সৈন্য প্রেরণ করিবেন, তাহা আমাদিগের বোধ হয় না।"

———

এ অঞ্চলের (বনগ্রাম ও সাতক্ষিরা উ
ভাগের কিয়দংশের) ন্যায় দুর্ভাগ্যস্থান
আর দৃষ্টিগোচর হয় না। ইহা নদীয়া
পরগণার সন্নিস্থল; যশোহরও দূরব
এখানে কোনপ্রকারই সদনুষ্ঠান দৃষ্ট
এমন কি আপনাদিগের জীবনরক্ষা
যাহা আবশ্যক, তাহার নিমিত্তও এ
লোকের যত্ন নাই। গোবরডাঙ্গা ও বনগ্রা
ইহার চতুর্দ্দিকে ১০ ক্রোশের মধ্যে
বাঙ্গালা বিদ্যালয় নাই। সংপ্রতি কয়েক
গ্রামে কয়েকটী গুরু মর্ম্মাল পাঠশালা স্থ
হইয়াছে। তাহারও উন্নতিপক্ষে কাহার
দৃষ্ট হয় না। উক্ত দুই স্থানভিন্ন উপরি
স্থানের মধ্যে এক জন বাঙ্গালা বৈদ্য বি
জন নেটিব ডাক্তর ইহার কিছুই নাই।
হইলে কেবল উপবাসদ্বারা চিকিৎসা
হয়। জন দুই হাতুড়ে নাপিত চিকিৎস
অঞ্চলের সর্ব্বে সর্ব্বা। গত ৩ বৎসরের
মিক জ্বরে আমাদিগের কয়েকখানি গ্রাম
সন্নপ্রায় হইয়াছে। কেবল কুইনাইনই
আরোগ্যলাভ করিয়াছে; তদ্ভিন্ন
লোকই বিনা চিকিৎসায় প্রাণত্যাগ
য়াছে অন্য অন্য স্থানে চিকিৎস
থাকিলে গ্রামের লোকে গবর্ণমেণ্টের
জানাইয়া ঔষধ ও চিকিৎসক আনায়, আ
এখানকার লোকেরা এমন অলস, যে
তও পাঠান না। গবর্ণমেণ্টকে জানা
সুতরাং গবর্ণমেণ্ট হইতে কোন উপকার
হয় না। এইসকল গুরুতর বিষয়ে যখন এ
লোকের যত্ন নাই, তখন রাস্তা ঘাট এ
জঙ্গল অপসারণ ও পচা পুষ্করিণ্যাদির প
রপ্রভৃতি বিষয়ে তাঁহাদিগের মনোযোগ
সম্ভাবনা কি? মহাশয়! আমাদিগের এ
লোকের যে কতপ্রকার অভাব আছে,
একপত্রে কিপ্রকারে জানাইব। ক্রমে এক
বিষয় লইয়া মহাশয়ের পত্রে আন্দোলন
বার মানস করিয়াছি। আমি নিশ্চয় ব
পারি, এ দেশের উপকার এ দেশের
হইতে হইবে না। যদি আমাদিগের দয়া
র্ণমেণ্ট এই দরিদ্র অলস দেশের কল্যাণক
একটি গবর্ণমেণ্টস্কুল ও একটি দাতব্য চি
সালয় স্থাপন করেন, তাহা হইলে একটী
প্রদেশের মহান উপকার করা হয়।

আমাদিগের বনগ্রাম উপবিভ
সুযোগ্য ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কা
শ্রীযুক্ত বাবু মহিমাচন্দ্র পাল অতিশয়

। বিদ্যালয়স্থাপনপ্রভৃতি দেশহিতকর
তাঁহার বিলক্ষণ যত্ন আছে। তাঁহার তুল
লোক সর্ব্বদা দেখিতে পাওয়া যায় না।
তাঁহার নিকট বিনয়পূর্ব্বক প্রার্থনা এই
যেন এ দুর্ভাগা স্থানটীর প্রতি একটু
করেন।

এ অঞ্চলে ধান্য এ বার আট আনা
হয় নাই। রবিশস্য প্রায় হয় নাই
ই ভয়। কেবল খেজুর গাছের উপর
করিয়া এ স্থানের লোকে জীবিকানির্ব্বাহ
দিগের মালগুজারি করিতেছে। কাহার
বিশেষ কষ্ট হইবার সম্ভাবনা নাই।
পরে কি হয় বলা যায় না! এক্ষণে ষোটা
৸৹ টাকা মণ বিক্রীত হইতেছে।
১৮ এ পৌষ বেলা অনুমান ৪ ঘটি
য় এখানে ভয়ানক ভূমিকম্প হইয়া
প্রায় ৫।৬ মিনিট কম্প হইয়াছিল
ব, বাড়ী, বৃক্ষাদি বিলক্ষণ নড়িয়াছিল।
য়াছিল যে, আর কিয়ৎক্ষণ নড়িলে বৃক্ষ
ভূমিসাৎ হয়। ইহাতে পুষ্করিণ্যাদির জল
ীরে ১৷৷৹ হাত কি ২ হাত উঠিয়াছিল।
ালকম্প ১ ঘণ্টার ও অধিক ক্ষণ ছিল

মাঘ } কস্যচিৎ কাএবা নিবাসিনঃ
পাঠকস্য।

—:০:—

পুরুষ! অনেক দিন গত হইল আমরা
সোমপ্রকাশে দত্তকপুত্রবিষয়ক একটী
প্রস্তাব পাঠ করিয়াছিলাম। আমাদি
পুত্রের দ্বারা স্বীয় সন্তানের স্থান
অত্যন্ত জঘন্য কার্য্য এবং পরের
পিতৃসম্বোধন করা অপেক্ষা লজ্জার
আর নাই। বুদ্ধিমান ব্যক্তিমাত্রেই বুঝিতে
দত্তকদাতা, দত্তকগ্রহীতা এবং স্বয়ং
সময়ে সময়ে আন্তরিক বিষম বেদনা
ভব করিয়া থাকেন। হৃদয়াধিক সন্তানকে
করা বিধ সামান্য অর্থলোভে বিক্রয় করা
ত বড় পাষাণহৃদয়ের কার্য্য, তাহা কে না
ত পারেন? সন্তানদাতা যখন ঐসকল
মনোমধ্যে আন্দোলন করেন, আপন
ক পরগৃহে পরপুত্ররূপে অবস্থিতি করিতে
ন, নিঃসন্দেহ তিনি তখন নিদারুণ দুঃখ
প সহ্য করিতে পারেন। আবার যিনি
গ্রহণ করেন, তিনি যখন পুত্রোৎপত্তি
দত্তকের মুখ হইতে সুমধুর পিতৃসম্বো ন
ক্ত পান, তখনই তাঁহার মনে একটী অনি
ভাব উপস্থিত হইয়া পুনঃ পুনঃ যাতনা
দিতে থাকে। সে কি ভাব দুর্ভাগ্যক্রমে যিনি দত্তকের গ্রহীতৃপিতা হইয়াছেন, তিনিই তাহা সম্যক অবগত আছেন। দত্তকের অবস্থা আরো ভয়ঙ্কর। তিনি যখন জ্ঞানাপন্ন হন, আপন পিতৃপরিবর্ত্তনের কথা লোকের মুখে শুনেন তখন কি তাঁহার মনে একদা লজ্জা ও দুঃখের আবির্ভাব হয় না? মনে করুন, সেই হতভাগা দত্তকের জন্মদাতা ও গ্রহীতৃ পিতা একত্র বসিয়া আছেন এবং দত্তকও তথায় উপস্থিত। এমত সময়ে কোন অপরিচিত ব্যক্তি দত্তকের পরিচয় চাহিয়া পিতার নাম জিজ্ঞাসা করিল; তখন তিনি কি উত্তর দিতে পারেন? তখন তাঁহার মন লজ্জা ও ঘৃণাতে আকুলিত হয়, কণ্ঠ ও জিহ্বা শুষ্ক হয় এবং জীবন একেবারে অসার ও অকর্ম্মণ্য ভারম্ভ বলিয়া প্রতীয়মান হয়। তখন যদি পারেন, তবে আত্মজন্মপর্য্যন্ত গোপন করিতে পারিলে তাঁহার মনে তৃপ্তি জন্মে। সমাজেও তিনি ঐরূপ পদে পদে লজ্জা ও আত্মলঘুতা প্রাপ্ত হন। ইহা অপেক্ষা তাঁহার আর একটী ভয়ঙ্কর অবস্থাও কখন কখন ঘটিয়া থাকে। দত্তকের গ্রহীতার নিকট স্বজনেরা দত্তকে অসিদ্ধ করিবার জন্য মকদ্দমা করিয়া কোন কোন স্থলে উচ্চতম আদালতপর্য্যন্ত আসিয়াও কৃতকার্য্য হইয়া থাকেন। এরূপ স্থলে দত্তকের কি শোচনীয় অবস্থা ঘটে!! "তাঁতি কুল বৈষ্ণব কুল হারাইবার" ন্যায় জন্মদাতার ও গ্রহীতার বংশ হইতে বিচ্যুত হইয়া মহা বিপদগ্রস্ত হন!!! তখন আবার পিতার নাম জিজ্ঞাসা করিলে একেবারে হতাশ ও কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া থাকেন!!! এ কি সামান্য বিপদ ও দুঃখের বিষয়! সম্পাদক মহাশয়! আমরা দত্তকবিষয়ক এতদ্রূপ অনেক অনেক শোচনীয় অবস্থা মধ্যে মধ্যে অবগত হইয়া থাকি। অতএব আমাদিগের অনুরোধ এই যে, দত্তকগ্রহণপ্রথা যাহাতে রহিত হয়, হিন্দুসমাজ সর্ব্বান্তঃকরণে তাহার চেষ্টা করুন।

১৪ই মাঘ
১২৭৫ } শ্রীকৈলাসনাথ বসু

——:০:——

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু আনন্দ মিত্র		মুলতান
১৮৬৯ ফেব্রুয়ারি হইতে ৭০ জানুয়ারি		১৩
ঐ " মহেন্দ্রনাথ ভট্টাচার্য্য		গোবিন্দগঞ্জ
১৮৬৯ ফেব্রুয়ারি হইতে জুলাই		৭
ঐ " জয়গোপাল চক্রবর্ত্তী		ডায়মণ্ডহারবর
১২৭৫ মাঘ হইতে চৈত্র		৩৸৹
শ্রীমতী মাতঙ্গিনী দেবী		শান্তিপুর

-:০:-

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷৹ টাকা; মফস্বলে ডাকম সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸৹। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। ছুটি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ যাইবে। শেষ বারের পত্র রেজারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রের বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপং আনা তাহার পর /১০ আনা দিতে হ যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাত প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১১ শ ভাগ। ১৩ সংখ্যা।

"প্রবর্ত্তয়ং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

ডাক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
অগ্রিম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২৭এ মাঘ। ১৮৬৯। ৮ই ফেব্রুয়ারি { মফস্বলে মাশুলসহিত অগ্রিম বা
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸

বিজ্ঞাপন।

চন্দ্রাবতী নাটক

শ্রীনিমাইচাঁদ শীল কর্ত্তৃক আড়পুলি নাট্য
শালায় অভিনয়ার্থ বরচিত। বহুবাজার ১৭২
ষ্টানহোপ যন্ত্রে প্রাপ্য। মূল্য এক টাকা
কমিসন ৵০।

কলিকাতার নিকটবর্ত্তী মিউনিসিপালথাকি
ট মাফিগণ যাহারা বাঙ্গলা কাউন্সেলের
১৮৬৮ সালের ২ আইনের ১ ধারার মর্ম্ম মু
বে মিউনিসিপাল বাটী ভাড়া বিষয়ে অনুগ্রহ
র্থনা করে, তাহাদিগকে স্মরণ করিয়া দেওয়া
ইতেছে যে উক্ত ধারার বিধান অনুসারে
উনিসিপাল কমিসনরগণকে বাটী খালি হইবা
র সংবাদ দিতে হইবে। যদি কছু দিন খালি
ক তবে প্রত্যেক কোয়ার্টারের প্রথমেই উক্ত
বাদ দিতে হইবে। আর যে তারিখে প্রথম
ান দেওয়া হইয়াছে সেই তারিখ হইতে
আইন অনুসারে যত টাকা ভাড়া দেওয়া
বে তাহা গণনা করা হইবে।

হালিসহর } কলিকাতার নিকটবর্ত্তী স্থান
কেব্রুয়ারি } সকলের মিউনিসিপাল কমি
৬৯ } সনরগণের চেয়ারম্যান

দুর্গোৎসব নাটক।

কালেজস্থ, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে
লী নর্ম্মাল স্কুলে শ্রীকালীপ্রসন্ন বিদ্যারত্নের
ট ও কালেজ মেডিকেল হলে প্রাপ্য।
॥০ আট আনা।

শ্রীজীবানন্দ ভট্টাচার্য্য।
সংস্কৃত কালেজ

হরিনাভি ইং সং বিদ্যালয়ে ১৮৬৯ অব্দের
শিক্ষা পরীক্ষার্থীদিগের পাঠনার্থ একটী
ী করা হইয়াছে। যাঁহারা উহাতে প্রবিষ্ট
হইয়া অধ্যয়নের বাসনা করেন, তাঁহারা
প্রধান শিক্ষকের নিকট নিয়মাদি অবগত
হইবেন।

৩০ ডিসেম্বর } শ্রীদ্বারকানাথ শর্ম্মা
১৮৬৮ } হরিনাভি বিদ্যালয়ের
অধ্যক্ষ।

মৎপ্রণীত চিত্তবিনোদ কাব্য ১ ম খণ্ড। অতি
সুললিত অমিত্রাক্ষরে রূপকচ্ছলে ইহাতে
ভারতবর্ষের বর্ত্তমানাবস্থা বর্ণিত হইয়াছে। গ্রাহ
কেচ্ছুক মহাশয়েরা বহুবাজারে ৩৫ নম্বর
কালী শাহার পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইবেন।

শ্রীঈশানচন্দ্র বসু।

চিকিৎসাপ্রকরণ এবং চিকিৎসাতত্ত্ব
অর্থাৎ
প্রিন্সিপলস্ এবং প্রাকটীস, অব
মেডিসিনের

প্রথম খণ্ড ৮ পেজি ফরমার ৭৬৮ পৃষ্ঠা
উত্তম বাঁধা, শ্রীযুক্ত বাবু গঙ্গাপ্রসাদ মুখোপা
ধ্যায় বি, এ, এম, বি, কর্ত্তৃক সংগৃহীত হইয়া
প্রকাশিত হইয়াছে।

প্রথম খণ্ডের বর্ণিত বিষয় (১) সাধারণ
নিদানতত্ত্ব (২) অন্তরুৎসন্ন পীড়াসমূহ
(৩) দৈহিক পীড়াসমূহ (৪) স্নায়ুমণ্ডলে
পীড়াসমূহ।

মূল্য ১০ টাকা, ডাকমাশুলসহিত ১১৷০
কলিকাতা লালবাজার স্থিত ২১০ নং
বাটীতে শ্রীযুক্ত বাবু গুরুদাস চট্টোপাধ্যায়ের
নিকট পাওয়া যাইবে।

বাল্মীকি রামায়ণ

তৃতীয় খণ্ড

এই পুস্তক প্রথমাবধি প্রকাশ হইতেছে।
ইহাতে নাগরাক্ষরে মূল ও টীকা এবং সর্ব্বশেষে
বাঙ্গলা অনুবাদ আছে। যাঁহার অ
হইবে, তিনি কলিকাতা ব্রাহ্মসমাজে
নামে পত্র লিখিবেন। প্রত্যেক খণ্ডের
ফরমার) মূল্য ৷৷০ আনা। বিদেশীয়
দিগকে ৵০ আনা মাশুল দিতে হইবে।

কলিকাতা ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচা

মজিপুর মেডিকেল হল

১। এতদ্দ্বারা আমাদিগের ঔষধক্রয়
সুহৃদ, সহকারী ও সর্ব্বসাধারণকে জা
যাইতেছে যে, দ্বিতীয় ত্রৈমাসিক
সম্বন্ধে অবিলম্বে "ষ্টার অব ক্রোসীয়া,
উইক, ব্রিটিস প্লেন্স" দ্বারা দশ সহস্র
মূল্যের ঔষধ পূর্ব্ব প্রাপ্ত হওয়া গি
এতদ্ভিন্ন সম্প্রতি আমরা বিলাত
ইং সন ১৮৬৮ সালের শেষ ত্রৈমাসিক
সম্বন্ধে "ব্রিটিশ ফ্লাগ, কিং আব থ
বং গল" নামক অর্ণবপোতদ্বয়দ্বারা ৮৩
হলরোগীয় ঔষধ প্রাপ্ত হইয়াছি। এই
ঐ সমুদায়াধিক সাত সহস্র টাকা মূল্যে
করা হইয়াছে।

২। আগামী বর্ষের প্রথম ত্রৈমাসিক
উপলক্ষে চিকিৎসোপযোগী অস্ত্র ও
প্রস্তুতকরণের ও ঔষধাবেষ্টনকরণের মা
সামগ্রী ও সজ্জা ও বিবিধ ভৈষ
ইং সন ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসে
হইতে পৌঁছিবে।

৩। আমরা অধিক পরিমাণে ও
উচিত রূপে ঔষধ বিক্রয় করিয়া থাকি।

এই সমস্ত দ্রব্যাদির আসল বি
চালান ও অন্যান্য দলীল কেহ দেখিতে ই
হইলে ৩৫ নং ষ্ট্রীটে ৩৫ সংখ্যক প্রধান
গোপীনাথ দের নিকট

ব ষ্ট্রীটে ৫৫ সংখ্যক ভবনে ব্রাহ্ম
মাজের শ্রীযুক্ত বাবু নন্দগো-
রের নিকট দেখিতে পাইবেন

বন্দ্যোপাধ্যায় এবং
শ্বর
১৮৬৮

—

বিলাপ মুদ্রিত হইয়া
পুস্তকের কলেবর ৬ পাঠ
অর্থাৎ ২৯২ পৃষ্ঠ
আবশ্যক হয়
অথবা পাঠ
পুস্তকাকারে
ইতি।

সাল
অগ্রহায়ণ
কলেজ

ঠনিয়া সংস্ক.
বাড়ুয্যে
ও মৎপ্র
হইতেছে:-

প্রণীত	
শ্রীসইতিহাস	১৷০
রোমইতিহাস	১৷৵
ভূমণসার ই	আনা
নীতিসার (	৵ ঐ
নীতিসার (	৵ ভাগ
প্রচারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	ঐ

শ্রীজগন্নাথ বন্দ্যো

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

পাথরিয়াঘাটা বাঙ্গালা পুস্তকের কমিসনদার
পাওয়া যায় এবং পুস্তকাদির
কমিসন দেওয়া যাইবে। অধিক
আনার হিসাবে
দেওয়া।
বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয়প্রণীত
পাণ্ডবদিগের উত্তম
ত করা ৬৷০
গুলন ফাঁসনা ... উত্তম করা
২৷০
হাদের জীবনচরিত ...

হরঠাকুরপ্রভৃতি প্রাচীন কবিওয়ালাদিগের গীতসংগ্রহ ১
শারীরিক স্বাস্থ্যবিধান ১
...য়প্রণীত উৎকৃষ্ট কাব্য ১৷০
...ঃ সম্বিদ দায়িনী ১৷৷
...থ তরঙ্গিনী ১
যদুনাথ ঘোষকৃত সংগীতমনোরঞ্জন ২
লয়লামজনু কাব্য কবিবর দ্বারকানাথ রায় প্রণীত ১
রাসরসামৃত সংস্কৃত ও পদ্য ৷৷
শ্রীহরগোবিন্দ জয়দেব গোস্বামিপ্রণীত মূলা ও যদুনাথ ন্যায়পঞ্চাননকৃত গদ্য ১৷০
...তরঙ্গিণী ইংরাজি কেমেষ্ট্রি হইতে বিবিধ আশ্চর্য্যজনক বিদ্যা দর্শন হয় ১৷৵
প্রিন্সিপুঁচ ... হইতে ১২৭৬ সালের ফুল পঞ্জিকা ৷৷
ঐ হাফ পঞ্জিকা ৷০
দুর্গামঙ্গল পদ্য ১
কমলতরঙ্গিনী ৷৷
সটীক চণ্ডী মূল ও অনুবাদ সহিত ৫
চাইল্ডমর্ডী ইহাতে মিউটীনির বিষয় বিশেষরূপে বর্ণিত হইয়াছে ১৷০
ইংরাজি ১৮৫৯ সালের এক্ট্রাসো কী ১৷৷৵
কুমারীকুমার পদ্য আদিসপ্রধান কাব্য ১
স্বপ্নের মোহিনী শক্তি ৵
...চন্দ্র ... বাঙ্গলা এটলাস ইঃ ...
...তরঙ্গিণী মূল ও ...
বিবাদবিরাগ নাটক ১
কামিনীকুমার ... নায়ক নায়িকাঘটিত ...
মবিবিকুলসা কাব্য, ...মোহন বন্দ্যোপাধ্যায়প্রণীত ...ঙ্গলের মত লেখা ১
...সিন্ধু লহরী ২৷৷
...চন্দ্রোদয় ... বাঙ্গালা নাটক ...
সটীক ইতিহাসচরিতামৃতগ্রন্থ ৭
কামিনী নাটক আইনঘটিত ...
... ২
ভূমণ্ডলের পদ্য ১
...পদেশ বিষ্ণুশর্ম্মার সংগৃহীত ১

কলিকাতা ... শ্রীপতাপচন্দ্র রায়
নাকো ৬৫ নং নগর বিক্রেতা।

২৪ পরগণার অন্তঃপাতী কোদালিয়ায় যে গবর্ণমেণ্ট সাহায্যকৃত বাঙ্গালা পাঠশালা ছিল, তাহা উঠিয়া হরিনাভি ইং সং. বিদ্যালয়বাটীতে আসিয়াছে। যাঁহারা স্ব স্ব সন্তানাদিকে তথায় পড়াইবার বাসনা করেন, তাঁহারা ই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকটে উপ হইলে নিয়মাদি অবগত হইতে পারি সমুদায়ে ৪ চারি শ্রেণী করা হইয়াছে। শ্রেণীর ৷৷০ আট আনা, দ্বিতীয় শ্রেণীর ছয় আনা, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর আনা ছাত্রদের বেতন স্থির করা গিয়া ধানাদির উত্তমরূপ ব্যবস্থা করা হইয়াছে।

১২৭৫ ৪ঠা মাঘ } শ্রীদ্বারকানাথ শর্ম্মা। অধ্যক্ষ।

—

মৎপ্রণীত ক বিতাকুসমাঞ্জলি সংস্কৃত ... পুস্তকালয়ে ও কলিকাতা নর্ম্মাল বিদ্যা... বিক্রয়ার্থ প্রস্তুত আছে মূল্য ।৵ আনামাত্র

শ্রীব্রজকিশোর বন্দ্যোপাধ্যায়।

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদও টীকা সমেত প্রত্যেক ৮০ পৃষ্ঠা। অগ্রিমমূল্য ১০।

যিনি গ্রাহকশ্রেণীভুক্ত হইবেন তিনি মুদ্রা... মাসহকারীর ... নাম ... কলিকাতা সংস্কৃত বিদ্যা... শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কার নামে ... পাঠাইবেন। ... মূল্য পাঠাইবেন। ... বিশেষ বিষ্ণুপুরাণ পাঠ ...

বিক্রয়ার্থ।

... ৮০ ... পুরাণ।

উপর ... ও বাসী যাঁহারা ... অথবা ... ইচ্ছা করেন, নিম্ন ... করিলে ... পাইবেন।

শ্রীগোপালচন্দ্র আঢ্য।
খনড় ... পোঃ

—

বঙ্গীয় ভূচিত্রাবলী।

কয়েকখানি অভিনব এটলাস মুদ্রিত হইতেছে। ইহাতে ৩২ খানি ম্যাপ আছে। উত্তমরূপ বাঁধান। স্কুলবুক সোসাইটি, সংস্কৃত যন্ত্র পুস্তকালয়ে, নর্ম্মাল স্কুলে ও পটলডাঙ্গা বাড়ীতে গ্রাহকশ্রেণীর পুস্তকালয়ে পাওয়া যা মূল্য ৭৷০ টাকা।

শ্রীনীলকমল ঘোষাল।

নদিয়ার নদী।

ন ১৮৬৯ সালের জানুয়ারি মাসের
১৫ই হইতে ২১এ পর্য্যন্ত ভাগীরথী
নদীর সর্ব্বকর্মতি জলের
সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকর্মতি জল ফুট	ইঞ্চি
ভাগীরথীর সহিত পদ্মানদীর যোগের স্থান	১৪	»
মহানায়	৮	»
তথা হইতে জলিপুর ১৬॥ মাইল মধ্যে		৬
জলিপুর হইতে বহরমপুর ৪৬ মাইলের মধ্যে	২	»
বহরমপুর হইতে কাটোয়া ৫০ মাইলের মধ্যে	২	»
কাটোয়া হইতে নদীয়া ৪৬ মাইলের মধ্যে	২	৩

সন ১৮৬৯ সালের ২৫ জানুয়ারি বহরমপুর ঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
	৬	»

পূর্ব
জানুয়ারি
৯।

} শ্রীযুক্ত সি ই, উইক
একজিকিউটিব ইঞ্জিনিয়র
নদীয়া লোকাল বিবার
ডিবিজন।

সোমপ্রকাশ।

২৭এ মাঘ সোমবার।

সংবাদপত্র ও তাহার মাসুল।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট পত্র ও টেলি
ফের মাসুল কমাইয়া সাধারণের
একটী মহোপকার করিয়াছেন; কিন্তু
বিষয়ে আজিও একটী ত্রুটি দৃষ্ট
তেছে। দিন দিন সংবাদপত্রপাঠের
দ্ধিবৃদ্ধি হইতেছে; কিন্তু সংবাদ
ত্রের ডাক মাসুল এত অধিক যে,
ধকাংশ লোক ব্যয়ের ভয়ে তৎপাঠে
গ্রসর হইতে পারেন না। ইংরাজী
নিক সমাচারপত্রপাঠ মফস্বলের
ভ্র লোকের মধ্যে এক জনের ভাগ্যে
টে কি না সন্দেহ, অথচ সংবাদপত্র
শের একটী ক্ষমতা হইয়া দাঁড়াই-
ছে। ইউরোপে সংবাদপত্রের মাসুল
এ দেশের সংবাদপত্রের মাসুল অপেক্ষা অল্প। আমেরিকার গবর্ণমেণ্ট সাক্ষাৎ সম্বন্ধে সম্বাদপত্রের নিমিত্ত ব্যয় করেন। সম্পাদকগণ পরস্পরের সহিত যেসকল কাগজ বিনিময় করেন, আমেরিকার তাহার মাসুল নাই। ইংলণ্ডেও অনেক সুবিধা আছে। অথাপি ইংলণ্ডের অনেকে আরও মাসুল কমাইবার চেষ্টায় আছেন। ভারতবর্ষে ঐরূপ চেষ্টা পাওয়া নিতান্ত আবশ্যক। আমরা আহ্লাদিত হইলাম, এ বিষয়ের তর্ক আরম্ভ হইয়াছে। এক্ষণে যে ওজনে যে মাসুল আছে, তাহার অর্দ্ধেক করা সাধারণের মত। এই ব্যবস্থা করিলে এতদ্দেশীয় সংবাদপত্রসকলের সবিশেষ উন্নতি হইবে সন্দেহ নাই। ইহাতে গবর্ণমেণ্টেরও অনিষ্ট নাই। পরিমাণে অল্প হউক, সংখ্যায় যদি আর অধিক হয়, তাহা অলাভকর হয় না। সংবাদপত্র এক্ষণে জ্ঞানলাভের একটী প্রধান উপায় হইয়াছে।

গবর্ণমেণ্ট ও মিসনরিবিদ্যালয়।

বিদ্যার যত অধিকতর অনুশীলন হইতেছে, ততই মিসনরিদিগের উদ্দেশ্য সিদ্ধির ব্যাঘাত জন্মিতেছে; ততই তাঁহাদিগের হৃদয়ে একটী ভ্রমাত্মক সংস্কার বদ্ধমূল হইতেছে। তাঁহারা মনে করিতেছেন, যদি ভারতবর্ষের যাবতীয় বিদ্যালয় তাঁহারা হস্তগত করিয়া লইতে পারেন, তাঁহাদিগের ইষ্টসিদ্ধি হইতে পারিবে। সর জন লরেন্স তাঁহাদিগের ছন্দানুবর্ত্তী ছিলেন, তিনি গমন সময়ে গবর্ণমেণ্ট বিদ্যালয়গুলি শ্রেণি বদ্ধ করিবার ছল করিয়া যে একটী প্রস্তাব করিয়া গিয়াছেন, সেটী মিসনরিদিগের মনোরথসিদ্ধির অনুকূল হইয়াছে। মিসনরিরা বলিয়া থাকেন, তাঁহাদিগের বিদ্যালয়সকল কলাংশে গবর্ণমেণ্টের বিদ্যালয় অপেক্ষা নিকৃষ্ট নহে, অথচ অল্প ব্যয়ে তাঁহাদিগের বিদ্যালয়ের কার্য্য সম্পাদিত হয়। আমরা ইহার প্রতিবাদে প্রবৃত্ত হইতেছি। মিসনরি বিদ্যালয়ে উপযুক্ত শিক্ষক আছেন সত্য; কিন্তু তাঁহাদিগের প্রধান উদ্দেশ্য এই যে তাঁহাদিগের শিক্ষাপ্রণালী গবর্ণমেণ্ট বিদ্যালয়ের শিক্ষাপ্রণালীর ন্যায় প্রশংসনীয় নয়; উহা অপেক্ষা অনেক নিকৃষ্ট সন্দেহ নাই। শিক্ষাপ্রণালী নিকৃষ্ট বলিয়া তাঁহাদিগের বিদ্যালয়গুলি গবর্ণমেণ্টের বিদ্যালয় অপেক্ষা সর্ব্বাংশে নিকৃষ্ট দৃষ্ট হইতেছে। নিম্নলিখিত তালিকা তাহা সপ্রমাণ করিয়া দিবে।

১৮৫৬।৫৭ অবধি ১৮৬৭। অব্দপর্য্যন্ত নিম্নলিখিত ছাত্রগণ শিক্ষা প্রাপ্ত হইয়াছেন, এ, এবং বি, পরীক্ষা দিয়াছেন:—

	গবর্ণমেণ্ট বিদ্যালয়	মিসনরি বিদ্যালয়
১৮৫৬।৫৭	৪৪১	৯৮
১৮৬৭	৬৪	৯৯
প্রবেশিকা	৩৫৩	৩৫৩
এফ, এ,	১৮৬	৯৬
বি, এ,	৩৫	৫

১৮৬৪ অব্দে ডাক্তর ডফের পাঠ্য পুস্তক কমিয়া যায়। সেই মিসনরি বিদ্যালয় হইতে অপে অধিক ছাত্র পরীক্ষোত্তীর্ণ হইতে

কি অসঙ্গত নয় ? অনেকে বলেন, প্রে
ডেন্সি কালেজে বিস্তর অর্থ ব্যয় হ
কিন্তু নিম্নে যে তালিকাটী দেওয়া হ
তেছে তদ্দ্বারা সে ভ্রান্তি দূরীভূ
হইবে।

বর্ষ	ছাত্র	প্রথম শ্রেণীতে উত্তীর্ণ	ফেল	শতকরা
১৮৫৫—৫৬	৬	০	৪	০
১৮৫৬—৫৭	১৯	০	১৫	০
১৮৫৭—৫৮	১৯	০	১৫	০
১৮৫৮—৫৯	১৯	০	১৫	০

গ্রাম উক্ত বরের নিতান্ত অযোগ্য বলিয়া
চিত, ইওরাতে ডিপুটী বাবু অনুকূল
পার্ট করিতে বাধ্য হইয়াছেন। আমাদের
ও এ স্থানে ঐরূপ অবস্থাপন্ন নিতান্ত
ধ এবং সাধারণের অনভিমত।

২। অত্রত্য চৌকিদারী টাক্সের প্রায় ৯,০
া আছে। আপাততঃ তাহার ৫। ৬ শত
া পূর্ব্ব প্রস্তুত রাস্তাগুলির সংস্কার, আব-
মত ২। ১ টী সেতু নির্ম্মাণ সাধারণের
বধাজনক স্থানে ২। ১ টী নূতন রাস্তা এবং
নির্গমের প্রশস্ত প্রণালী প্রস্তুত
ই স্থির হইয়াছে এবং এতৎকর্ম্মসম্পা
র এই নিয়ম স্থির হইয়াছে যে, এক
সব ওভরসিয়র সর্ব্বদা তত্ত্বাবধারণ
বেন, গ্রামস্থ ভদ্র লোকেরা সর্ব্বদা দৃষ্টি
খবেন এবং ওভরসিয়র বাবু মধ্যে মধ্যে
দর্শন করিয়া যাইবেন। এইসকল কার্য্য
ও কালির মধ্যেই আরম্ভ হইবে।

৩। গ্রামের দক্ষিণাংশের জল সুতী নদীতে
উত্তরাংশের জল বলে পতিত হইয়া বদ্ধ
হয়, কিন্তু গবর্ণমেণ্ট রাস্তাদ্বারা সুতী নদী
ও গ্রামের অন্যান্য জমিদারদিগের দ্বারা
জল নির্গমনের পথ রুদ্ধ হওয়াতে
অধিবাসীদিগের স্বাস্থ্য ও ধনের যে
পর নাই হানি হইতেছে, তাহার প্রতী-
কারে রাস্তাতে একটী ব্রীজসমেত সেতু প্রস্তুত
ইবার নিমিত্ত ওভরসিয়র বাবু এবং বিলের
ধ্য জল যাহাতে নির্গত হয় তাহার উপায়
নার্থ প্রশংসিত ডিপুটী বাবু সদা অনুকূল
য়াছেন। প্রার্থনা, তাঁহাদের এই আগ্র
বরাবর থাকে।

৪। সুতী নদী খনন করিয়া গঙ্গার সহিত
গ করিয়া দিলে কৃষি বাণিজ্য ও স্বাস্থ্যের
কতদূর উপকার হয়, তাহা এক বার আপন
র সোমপ্রকাশে প্রকাশ হইয়াছিল এবং
ক্ত বেল সাহেবের সমীপে এতদর্থ আবে
ও হইয়া ছিল। গত ডিসেম্বর মাসে যখন
নি এখানে শুভাগমন করিয়াছিলেন, তখন
রা ঐ নদী খননের কথা পুনঃ পুনঃ উত্থাপন
রি। তৎপরে তিনি আমাদিগকে সঙ্গে লইয়া
ক্ত নদীর কিয়দংশ পরিদর্শনপূর্ব্বক ইহ
ন করা যে অতি আবশ্যক ও উহাতে
নেক উপকার হইবে, তাহা মুক্তকণ্ঠে স্বীকার
রিয়াছেন ও সংপ্রতি ডিপুটীবাবু ওভরসিয়র
বুও ইহা পরিদর্শন করিয়া আমাদিগের
স্তাবের সম্পূর্ণ অনুমোদন করিয়াছেন এবং

এতৎকার্য্যসম্পাদনার্থ ইরিগেশন কোম্পানিরে
বিশেষরূপে লিখিবেন বলিয়া স্বীকার করি-
য়াছেন। আমরা কায়মনোবাক্যে প্রার্থনা
করিতেছি, উক্ত কোম্পানি সাধু এই দৃষ্টি
পূর্ব্বক কৃষি বাণিজ্যাদির সর্ব্বাঙ্গীন মঙ্গলোন্নতির
নিদানভূত এবং মেলেরিয়া দূরীকরণের প্রধান
উপায়স্বরূপ এই হিতকর কার্য্য সম্পাদন
করিয়া আমাদিগের চিরকৃতজ্ঞতাভাজন
হইতে যেন ত্রুটি না করেন।

বহুকালব্যাপী মহামারীর প্রাদুর্ভাবে অধি
কাংশ লোক কালকবলিত হওয়াতে গ্রামটী
জঙ্গলপূর্ণ হইয়াছে; প্রতিবৎসরই জঙ্গলকর্ত্ত
নের এক এক ধার বড় দুঃখ ধাম পড়ে এবং
তন্নিবন্ধন সকলের বিশেষ কষ্টও হয় কিন্তু ফল
কিছুই হয় না। কর্ত্তনদ্বারা জঙ্গলের হ্রাস না
হইয়া বরং বৃদ্ধি হয়। এই নিমিত্ত এক্ষণে এই
স্থির হইয়াছে যে, জঙ্গলময় ভূমির অধিকারীরা
স্বয়ং অথবা প্রজাবিলীদ্বারা ঐসকল ভূমিতে
যাহাতে আবাদ হয় তাহার উপায় করিবেন।
জঙ্গলের ন্যূনাধিক্য বিবেচনায় ২, ৩ বা ৪ বৎ
সরের নিমিত্ত নিষ্কর দিলেই প্রজারা আবাদ
করিতে সম্মত আছে। এরূপ হইলে যে
অধিবাসীদিগের কেবল স্বাস্থ্য সুখ সমর্দ্ধিত
হইবে এমত নহে, ইহাদ্বারা পরিণামে বিলক্ষণ
লাভও হইবে।

৬। এখানে একটী ফ্রি ইংলিশ বিদ্যালয় সংস্থাপনার্থ ডিপুটী বাবু বিশেষ যত্ন প্রকাশ করিয়া
ছেন। এখানকার যাবতীয় সাধারণ হিতকর
কার্য্য এই সভার অধীনে সম্পন্ন হয় ইহা তাঁহার
সম্পূর্ণ অভিপ্রেত। গ্রামবাসীরা তাঁহার অভি
প্রায়ানুরূপ কার্য্য করিয়া আপনাদিগের হিত
সাধন করিতে প্রস্তুত হইয়াছেন। বোধ করি
আগামী রবিবারে ইহার প্রথম অধিবেশন
হইবে। সভা কিরূপ কার্য্যকারিণী হয় পশ্চাৎ
আপনার গোচর করিব।

৭। ডিপুটী বাবুকে যেরূপ গুণসম্পন্ন
বলিয়া আমাদের শুনা ছিল স্বচক্ষে তাহাই
প্রত্যক্ষীভূত হইল। লোকে ইঁহাকে যেরূপ গু
গ্রামে মণ্ডিত বলত, তাহার একটীও অযো
ক্ত বলিয়া বোধ হইল না। শিষ্টতা, সদ্ব্যব
র্ম্মভীরুতাপ্রভৃতি যেসকল গুণ থাকিলে
নুষ্যনামের যথার্থ গৌরবরক্ষা হয় ইহাতে
তাহার সকলই বিদ্যমান আছে; বিশেষতঃ
র্ম্মভীরুতা, অমায়িকতা ও দীনদয়ালুতার
লক্ষণ সর্ব্বদাই তাঁহার মুখমণ্ডলে লক্ষিত হয়।

১৮।১৯ এ জানুয়ারি
১৮ এ জানুয়ারি

শ্রীরামদয়াল ঘোষ ল
বড়জাগুলী মধ্যবিদ্যালয়

"এতদ্দেশীয় সংবাদপত্রে এ কথা লি
হইয়াছে, ইহা বিশ্বাসযোগ্য নহে। আ
গের গবর্ণমেণ্ট ও বিস্তর উচ্চতর কর্ম্মচ
কোন বিষয়ের অনুসন্ধান করিতে অসমর্থ অ
অনিচ্ছুক হইলে এই কথা বলিয়
যখন এতদ্দেশীয় সংবাদপত্রসমূহ
হইয়া দাঁড়াইয়াছে, যখন এতদ্দেশী
প্রত্রের দ্বারা চালিত হইতেছেন, য
পত্রের পাঠকের সংখ্যা বৃদ্ধি হইতে
সংবাদপত্রের বিরুদ্ধে যে দোষারো
তাহা কত দূর সঙ্গত ও তাহার কারণ
অনুসন্ধান করা কর্ত্তব্য এবং যে দোষ
হইয়া থাকে যদি সেটী বাস্তবিক
সংশোধন একান্ত আবশ্যক। ক
স্বদেশীয়দিগকে শিক্ষা দিয়া তাঁহাদিগে
কাশ করিতে চান, তাঁহারা আপনারা সত্য
না হইলে অনিষ্টেরই উৎপত্তি হয়। বি
এক্ষণে শাসনকর্ত্তারা সংবাদপত্রের অনেক
খবল করেন; বস্তুতঃ সংবাদপত্রসমূহ গব
টের অসীম ক্ষমতার একমাত্র সীমা রহিয়া
অন্যায় অমূলক সংবাদ লিখিলে কেবল যে
কল লোকের মনঃকষ্ট হয় এরূপ নয়, গ
টও প্রায় বিব্রত হইয়া পড়েন। আমার বু
যে যাহোদের ছুটী বার প্রতিভাত হইতে
থন, সংবাদদাতাদিগের দলে এরূপ কত
লোক আছেন, তাঁহার প্রায় বস্তুর স্বরূ
করিয়া তৃপ্তিলাভ করেন না। এইটী
দের উপরে সংবাদপত্রে লিখিত দো
অনুসন্ধানের ভার হয়, তাঁহারা প্রায় অ
পাতে যথোচিতরূপে স্বকর্ত্তব্য সম্পা
করেন না।

তাঁহারা গ্রামের লোকের অনুমান
অতিশয় প্রবল। শত শত, সহস্র সহস্র
লক্ষ লক্ষ আমরা কথায় কথায় বলিয়া থা
আমাদের প্রাচীন যুদ্ধের ইতিহাস সকল
দুষ্টান্ত। সকল যুদ্ধেই "লক্ষ লক্ষ" লো
মৃত হইয়াছে। এত লোক থাকা সম্ভব
না, তাহা বক্তা ও লেখকেরা এক বার
চনা করেন নাই। ইদানীন্তন কালেও
র হয়াছে। ঘরে বসিয়া সিদ্ধান্ত করিতে
আমরা সহজে স্বচক্ষে দর্শন করিয়া
স্থির করিতে চাহি না। এই নি
হইতে যে সকল সংবাদ আইসে
গুলির মধ্যে অসত্য না থাকুক
থাকে। যদি এক জন কর্ম্মচারী
লেখেন, মাস্তলের

লাৎকার কলিয়া বর্ণিত হয়। সম্পাদকদিগকে অনেক সময়ে সংবাদদাতার উপরে নির্ভর করিতে হয়। প্রতারকের মধ্যে মধ্যে যে অমূলক সংবাদ পাঠায়, তাহার বিচিত্র কি? কিন্তু কৃত বিদ্যাদরে [illegible] পরিচয় হইয়াছে, যদি আমরা [illegible] সংশোধন হয়, তাহা [illegible] গুলীর তাহা হইয়াছে। কৃত [illegible] মানের দিগে প্রায় যান না। ইহার বিরূপে আরও সতর্কতা [illegible] আমরা সংবাদপত্রসমূহের বিষয়ে [illegible] লতে পারি, যদি দুই সংবাদ অনুসন্ধান [illegible] কোন বিষয় না লেখা এক [illegible] দের অভ্যাস হইয়া দাঁড়াইয়াছে [illegible] দুর্ঘটনানিবন্ধন [illegible] হয় [illegible] ব্যক্তি ৫ ও আর [illegible] ব্যক্তি [illegible] কথা বলেন, কৃষ্ণবিহারী [illegible] ই গ্রহণ করেন। সংবাদপত্রসম্পাদকেরা [illegible] রূপ গুরুতর কার্য্যভার গ্রহণ করিয়াছেন, [illegible] হারা তাহা জানেন না তাঁহারা ইহাও জানেন [illegible] ন কর্ম্মচারী অথবা প্রণালীর বিরুদ্ধে লিখিলে [illegible] র্মেণ্ট অনুসন্ধান করেন না অনেক [illegible] মান ব্যক্তি মিথ্যা সংবাদপ্রচারক নাম [illegible] তে ইচ্ছুক হইবেন [illegible] কৃত বাদীর কোন [illegible] নীতির অনুরোধে নয়, অর্থানুরোধেও [illegible] র দিকে ধাবমান হন। অতএব [illegible] সংবাদ [illegible] হারা বলেন, ভারতবর্ষীয়েরা [illegible] করেন। স্বদেশীয়দিগকে বিদ্বেষ [illegible] ও কুসংস্কারবিশিষ্ট করা বিবেচনা করা [illegible] ত্রেই অভিপ্রেত হয় না। ফলতঃ, আমরা [illegible] সসহকারে বলিতে পারি, কৃষ্ণবাবুরা [illegible] নয়া শুনিয়া মিথ্যা লিখেন না [illegible] ফোপের বিষয় এই, কতক সংবাদপত্র [illegible] তাঁহাদিগের দোষেই হইতে [illegible] দেশীয় সংবাদপত্রের সম্পাদকেরা [illegible] বার সুযোগ পাইলে তাহা [illegible] তাঁহারা বলেন, এতদ্দেশীয় সংবাদপত্র [illegible] খিত হয়, অনুসন্ধান করিলে তাহা হয় [illegible] অথবা সম্পূর্ণ মিথ্যা বলিয়া প্রতি [illegible] এস্থলে অনুসন্ধানদোষে ইংরেজ [illegible] দিগকে হইতেছে। অনুসন্ধানে অনেক [illegible] পারা যায় না। উচ্চতর ইউরোপীয় [illegible] দোষ করুন না কেন, তাঁহারা [illegible] তাঁহাকে রক্ষা করিবার নিমিত্ত [illegible] অমুক বিভাগীয় কর্ম্মচারী [illegible] করিলেন সংবাদপত্রে লিখিত [illegible] অনুসন্ধানে [illegible] দিলেন ও

প্রকার অনুসন্ধান হইল? জেলার মাজিষ্ট্রেট [illegible] র দোষ প্রকাশ করা দূরে রাখিয়া কোন [illegible] কিছু লিখিয়াছেন, কিসে তাঁহার দণ্ড [illegible] এই কার্য্যে ধাবমান হইলেন। দোষের অনুসন্ধান নামমাত্র হইল। যাঁহারা এ দেশের [illegible] জানেন তাঁহারা স্বীকার করিবেন, [illegible] জানিলেও এদেশীয়েরা "কি জানি, [illegible] যোগে পড়িব" এই ভয়ে প্রকৃত বিষয় [illegible] না। অত্যাচারকারী পদস্থ আছেন, মনে [illegible] বিপক্ষকে একটা না একটা গোলযোগে [illegible] পারেন, এই ভয়ে কেহ সত্য জানিলেও [illegible] সর হা না। পঞ্জাবের এক জন [illegible] কমিসনর এক ব্যক্তিকে দণ্ড দেন। তাঁহার [illegible] আপীল করিতে গমন করেন। পাছে যথার্থ কথা প্রকাশ হয়, এই ভয়ে নিয়মবহির্ভূত কর্ম্মচারী তাঁহাকে কৌশল করিয়া প্রধান আদালত হইতে সেপার করিয়া লইয়া যান। এই কর্ম্মচারীর কি হইল? ইউরোপীয়েরা অনেক সময়ে পরস্পরের দোষ গোপন করেন, এ কথা কোন ব্যক্তি অস্বীকার করিতে পারিবেন? আদালতসমূহ কি এই ব্যবহারের প্রমাণ পাইতেছেন না? এক জন ইউরোপীয় সরকারী কর্ম্মচারী "বরং তস্করকে" করুন, চারি বৎসর মেয়াদ হইবে, কোন এতদ্দেশীয় স্ত্রীলোকের স্বতীত্ব নষ্ট করুন, নির্দ্দোষী হইবেন, এক জন এতদ্দেশীয়কে বধ করুন, ইউরোপীয় জুরেরা তাঁহাকে সামান্য আঘাতের দোষী বলিবেন। এইরূপ নানা কারণে এতদ্দেশীয় সংবাদপত্রসমূহের কথা প্রায় প্রমাণ হয় না।

শ্রী বঃ—

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু দুর্গাদাস চৌধুরী	মুক্তাগাছা	১৩
»	নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায়	হাবড়া ৫॥
»	শ্যামাচন্দ্র মুখোপাধ্যায়	হরিনাভি ৫॥
»	» শ্রীনাথ বন্দ্যোপাধ্যায়	সাতগেছে ৭
মহাশয়	ভাগিনেয় মহেন্দ্র বাহাদুর	কটক ১৩
»	» ত্রৈলোক্যনাথ চৌধুরী	সিবিল সার্জ্জনের ডিপার্টমেণ্ট ৫॥
»	» বহুনাথ বন্দ্যোপাধ্যায়	কর্ণেলগঞ্জ ৭
»	» সর্ব্বেশ্বর ঘোষ	বড়জাগুলি ১৩
»	» ঈশ্বরচন্দ্র বসু	কোং বহুবাজার ১০
শ্রীযুক্ত	আই, সি, গেডেস	পুরী ৭
শ্রীযুক্ত	এফ, শোরসাহেব	কৃষ্ণনগর ১৩

» » মনোমোহন সরকার
বিদ্যালয়

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে [illegible] বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা [illegible] ষাণ্মাসিক ৫॥০ টাকা। মফস্বলে ডাকমাসুল সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং [illegible] সিক ৩৸০। তিন মাসের স্থানে অগ্রিম [illegible] গ্রহণ করা যায় না। ভগ্ন, বরাতি চিঠি, [illegible] অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার [illegible] যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই [illegible] দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, [illegible] যেন এক অথবা আধ আনার অধিক মূল্য [illegible] ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রকাশের মূল্য পাঠাইবেন, তাহা যেন পোষ্টাফিসের কর্ম্মচারী শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে পাঠাইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত [illegible] আসিবে, একমাসপূর্ব্বে কার্য্যালয়ে [illegible] লিখিয়া জানান যাইবে, কাল অতীত হইয়া গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহার পর একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ করা যাইবে। শেষ বারের পত্র রেজারিং পাঠান হইবে।

মাডলা রেলওয়ের সোলাপুর ষ্টেসনের [illegible] ঘরে চিঠি আসিলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মূল্য না দিয়া পত্রাদি প্রেরণ করিবেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ করা যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ইচ্ছা করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি ৵০ আনা তাহার পর ৵১০ আনা দিতে হইবে। যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা করিবেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে।

এই পত্র কলিকাতার দাসের [illegible] মাডলা রেলওয়ের সোলাপুর ষ্টেসনের দক্ষিণ চাঙ্গড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃকালে প্রকাশিত হয়।

কা লওয়া হইবে। মন্ত্রিগণ রাজস্ব
বন্ধে আমাদিগের উপরে যে অত্যাচার
রিতেছেন, ভারতবর্ষীয় ও ইউরোপীয়
ভয়েই তাহার প্রতিবাদ উচ্চস্বরে করি
ছেন। তথাপি মন্ত্রিগণ অন্যায়াচরণ
ইতে নিবৃত্ত হইতেছেন না। এক জন
খ্যাত অষ্ট্রীয় সেনাপতি বলিয়াছি
ন, সাজিনদ্বারা সকল কাজ চলে, কিন্তু
াজিনের উপরে বসা চলে না। ইহার
র্থ এই, বিদেশীয় শত্রু ও স্বরাষ্ট্রের
দ্রোহদমনার্থ বল আবশ্যক; কিন্তু
লদ্বারা অন্যস্বরূপ শাসন অতিশয় অম
লকর। আমরা দুঃখিত হইলাম, ইংল
ীয় মন্ত্রিগণ কেবল বলের উপরে নির্ভর
রিয়া কার্য্য করিতেছেন। ভারতবর্ষীয়
ণ কোন বিষয়ে দুঃখিত হইবেন, কোন
ষয়ে ইংরাজ নামের কলঙ্ক হইবে,
াহা তাঁহারা এক বারও চিন্তা করেন
। মন্ত্রিগণ কেবল দলাদলির
নুরোধে ব্যয়সংক্ষেপ দেখাইয়া
শংসা লইতেছেন। যাহাতে জাতির
লঙ্ক হয়, সে লাভ কি যথার্থ লাভ?
রতবর্ষ অপেক্ষা ইংলণ্ড অনেক গুণে
ী। আমাদিগের উপরে অত্যাচার
রিয়া আপনাদের করভার লঘু করেন
টীও ইংলণ্ডীয় সর্ব্বসাধারণের অভি
ত নহে। কেবল মন্ত্রিগণ এই কৌশল
বলম্বন করিয়াছেন।

—:০:—

রাজপুরুষদিগের স্বজাতি পক্ষপাতিতা।

বঙ্গদেশীয়েরা বিষয়বিশেষে ইউরো
দিগের তুল্য, অথবা তাঁহাদিগের
পক্ষা অধিকতর ক্ষমতা প্রদর্শন
রিতেছেন; কিন্তু তাঁহাদিগের অপেক্ষা
রুষ্ট পদলাভ দূরে থাকুক, তাঁহাদি
র তুল্যপদত্বলাভেও সমর্থ হইতে
ন না। এমন সুসভ্য, এমন গুণজ্ঞ গব
মেণ্টের অধীনেও যে ঈদৃশ বিসদৃশ
ব্যবহার হয়, তদর্থ অনেকে বিস্ময় প্রকাশ করিয়া থাকেন; কিন্তু তদর্শনে আমাদিগের মনে অণুমাত্র বিস্ময়রসের আবির্ভাব হয় না। জেতৃজাতীয়েরা প্রায়শই গর্ব্বান্ধ হইয়া থাকেন। সেইহেতু তাঁহারা প্রাণান্তেও বিজিতের সহিত ব্যবহার কালে সমকক্ষতা প্রদর্শনে সম্মত হন না। সে সময়ে তাঁহাদিগের হৃদয় হইতে ঔদার্য্যাদি গুণ অন্তর্হিত হইয়া যায়। এই হেতু বিজিগীষু ব্যক্তি যখন কোন দেশ জয় করিতে যান, তত্রত্য লোকেরা তাঁহাকে বহুতর সদ্গুণ সম্পন্ন দর্শন করিলেও সহজে তাঁহার অধীনতাস্বীকারে অনুরাগী হয় না। তাঁহার অধীনতা স্বীকার করিলে তিনি তাহাদিগকে অভীষ্ট বিষয় হইতে বঞ্চিত করিয়া রাখিবেন, তাহাদিগের মনে এই আতঙ্ক জন্মে। এ আশঙ্কা অমূলকও নহে। ফলতঃ জেতৃগণ বিজিতদিগকে যদি সমকক্ষ হইতে না দেন, তাহাতে আশ্চর্য্য নাই। আশ্চর্য্য এই আমাদিগের জেতৃজাতীয় রাজপুরুষেরা আমাদিগের যোগ্যতার অপলাপ করিয়া আপনাদিগের সাধুতাখ্যাপন চেষ্টা পাইতেছেন, আমরা যে পদের যোগ্য হইয়াছি, আমাদিগকে যদি সে পদ না দেওয়া হয়, সভ্য রাজগণ তাঁহাদিগকে অন্যায় ও গুণের অনাদরকারী বলিয়া নির্দ্দেশ করিবেন, তাঁহাদিগের এই শঙ্কা। এবম্বিধ ব্যবহারদ্বারা রাজপুরুষদিগের কেবল যে স্বজাতি পক্ষপাতিতাদোষ প্রসব হইতেছে এরূপ নয়, আমাদিগের উৎসাহভঙ্গ হইতেছে, এ ব্যবহারে আমাদিগের উন্নতি, পথে কণ্টকরোপণ করা হইতেছে সন্দেহ নাই। পাঠকগণ অভিনিবেশপূর্ব্বক নিম্নলিখিত পত্রখানি এক বার পাঠ করুন।

পবলিক ওয়ার্কস্ডিপার্টমেণ্টনামক যে

গবর্ণমেণ্টের এ[illegible]টি প্রধান বিভ
তাহা অপনি ও বোধ হয় আপন
পাঠকবর্গ ই জানেন। সময়ে সময়ে
ও আপনকার ই রাজি ও বাঙ্গাল
মহাশয়েরা এই ডিপার্টমেণ্টের ব
বিষয় লইয়া মহাআন্দোলন করিয়া
বহুব্যয়। এই ডিপার্টমেণ্টের স্বভাব
কিন্তু সে কথা অদ্য আমার বক্তব্য
এই ডিপার্টমেণ্টে আমাদের দেশীয়
চারী কতগুলি আছেন ও ইংরাজ ম
রুষদিগের তুলনায় তাঁহাদের অবস্থা কি
ইহাই আমার অদ্যকার বক্তব্য। ম
লর্ডকেনি বাহাদুরের যত্ন ও অনুগ্রহে
মহা নগরিতে ১৮৫৭ খৃষ্টাব্দে সিভিল
িয়ারিং কলেজ স্থাপিত হইয়া তাঁহ
উ সাহেক্রম ক্রমে এপর্য্যন্ত ৩৮ জন
সন্তান এঞ্জিনিয়ার কর্ম্মার্থে পরীক্ষায় উ
হইয়া রাজকর্ম্ম গ্রহণ করিয়াছেন। ইঁহা
অনেকেই বিজাতীয় ভ্রাতাদিগের অপে
কার্য্যদক্ষতা দর্শাইয়া আসিতেছেন। বাস্ত
ইঁহাদের প্রায় সকলেই ইউরোপিয়ানদি
অপেক্ষা অধিক শারীরিক পরিশ্রম কি
স্ব স্ব অর্পিত কার্য্য সমাধা করিয়া থাকে
গবর্ণমেণ্টের অন্যান্য ডিপার্টমেণ্টে নে
ও ইউরোপিয়ান বলিয়া ইতর বি
দেখা যায়, এ ডিপার্টমেণ্টে তাহার
গন্ধও নাই। বোধ হয়, আইন প্র
নকর্ত্তা ঐ ইতর বিশেষ রাখিতেই ভু
থাকিবেন !!! রুড়কি টমাসন কলেজের
দূরে থাকুক কলিকাতা কলেজ হইতেই
জন পরীক্ষোত্তীর্ণ হইয়া রাজকর্ম্ম গ্রহণ
য়াছেন। প্রায় ১০ বৎসরের মধ্যে উ
দের ৪ জন মাত্র ১০০ একশত টাকা হই
আরম্ভ করিয়া এত দিনে ৩০০ টাকা বে
প্রথম শ্রেণীর এসিষ্টাণ্ট এঞ্জিনিয়র
য়াছেন, ইহাঁদের সমকালে যে স
বিলাতি সাহেবেরা কর্ম্মারম্ভ করি
ছেন। তাঁহাদের অধিকাংশই এ
কি টিভ ও সুপরিণ্টেণ্ডেণ্ট এঞ্জিনি
হইয়াছেন। বাঙ্গালিদের ল
পর্য্যন্ত। সম্পাদক মহাশয়! দুঃখের
বলিতে কি, যে দোষ এক জন ইংরাজে

ব বলিয়াই গণ্য হয় না, সেই দোষে টমেণ্টে এক জন বাঙ্গালির ফাঁশির থাকে। বিচার এত দূর! এত কোন বাঙ্গালি একজিকিটিভ প্রভৃতি বড় কর্ম্ম পাইতেছেন না ? কেহ কি ঐ কর্ম্মের উপযুক্ত হয়েন কি গবর্ণমেণ্ট দিতে চাহেন না ? ২ রা ঙ্গের ডেলি নিউসপাঠে অবগত হই ন যে লেপ্টেণ্ট গবর্ণর বাঙ্গালিদিগকে সাহ দিবার জন্য দুই জন আসি ট সেক্রেটারির পদ সৃষ্টি করিতে াত হইয়াছিলেন। কিছু দিন পূর্ব্বে গ্রে াদুরই জগদীশ বাবুকে পুলিশ সুপরিণ্টে ট করিয়াছিলেন। তবে তিনি কি জন্য গ্যতাসত্ত্বেও বাঙ্গালিকে একজিকিউ ভ এঞ্জিনিয়ার চুক্তে প্রধান কর্ম্ম অর্পণ রতেছে না ?

উদাহরণস্থলে একটি বিষয় নিবেদন রতেছি। প্রথম শ্রেণীর আসিষ্টেণ্ট সার্জ্জন ঞ্জিনিয়ার বাবু ভোলানাথ দাস মহাশয়কে জিকিউটিভ এঞ্জিনিয়ার করিবার জন্য রিজন এঞ্জিনিয়ার, সুপরিণ্টেণ্ডিং ও প এঞ্জিনিয়ার কর্ণেল নিকলস্ সাহেব র্য্যন্ত তিন বার অনুরোধ করিলেন তথাপি ার পদবৃদ্ধ হইতেছে না। তিনি কি যুক্ত নহেন ? না, বাঙ্গালি বলিয়া দোষ াছে। তিনি শান্ত সচ্চরিত্র বিদ্বান পরি শীল ও বিশেষ কর্ম্মদক্ষ।

কস্যচিৎ একান্ত বন্ধুস্য

যথার্থ বাদিনঃ

——:০*০:——

আমীর সিয়ারআলি ও

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

আমীর সিয়ারআলি খাঁ পেসো- উপনীত হইয়া গবর্ণর জেনরলকে প্রণাম করিয়াছেন, তিনি লাহোর অম্বালায় আগমন করিবেন ঐ ন তাঁহার সহিত লাড মেয়ের সাক্ষাৎ বে। আরবাসের হিসাব প্রদত্ত হই অব্যবহিত পরেই গবর্ণর জেনরল অম্বালায় গমন করিবেন। কলিকাতা হইতে অম্বালা এক্ষণে তিন দিবসের পথ হইয়াছে; যদি কেহ আফগানস্থান পতিকে দর্শন করিবার বাসনা করেন, তিনি অনায়াসে উক্ত স্থানে গিয়া স্বাভীষ্ট সম্পাদন করিতে পারেন। তিনি যত দিন ভারতবর্ষে থাকিবেন, ততদিন ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকটে আতিথ্য স্বীকার করিবেন।

দোস্ত মহম্মদ খাঁ লাড কানিঙের রাজত্বের প্রারম্ভকালে নিজে আগমন করিয়াছিলেন। তিনি যে কারণে পেসো- রারে আগমন করেন, তদপেক্ষা গুর তর কারণে তাঁহার পুত্র ভারতবর্ষে আগমন করিয়াছেন। তখন আমী রকে আহ্বান করিয়া পারস্য ও ভারত- বর্ষ এ উভয়ের মধ্যস্থলে রাখা হয়, এখন সিয়ারআলিকে রুশীয়ার মধ্যস্থলে রাখা আবশ্যক হইয়াছে। আমীরকে কি প্রকারে সম্মান করা হইবে ? অনেকে এই প্রশ্ন করিয়াছেন। কেহ কেহ ইহার মীমাংসাও করিতেছেন। এক জন ভার তবর্ষীয় রাজা আলেকজণ্ডারের প্রশ্ন ক্রমে বলিয়াছিলেন "আপনি আমাকে রাজার ন্যায় ব্যবহার করিবেন।" সিয়ার আলির বিষয়েও আমরা সেই প্রকার পরামর্শ প্রদান করিতেছি। ভারত বর্ষস্থিত ইংরাজগণ সর্ব্বদা এই গর্ব্ব করিয়া থাকেন যে, আমাদিগের তুল্য আর কেহ নাই। ইহাঁরা এরূপ ভাবে আপনাদিগের মহত্ত্ব প্রদর্শন করেন যে, যে ব্যক্তিকে ইহাঁদিগের প্রাধান্য ও অধীনতা স্বীকার করিতে হয়, তিনি তাঁহাদিগের গর্ব্বিত ব্যবহারে অতিশয় অসন্তুষ্ট হন। যেখানে প্রিয় সম্ভাষণ আবশ্যক, সেখানে ইহাঁরা প্রভুর ন্যায় আজ্ঞা করিয়া থাকেন। এই নিমিত্ত আসিয়ার রাজগণ তাঁহাদিগের প্রতি অকপটভাবসম্পন্ন নহেন। এই বিষয়টী স্মরণ করিয়া যেন আমীর সিয়ারআ সহিত ব্যবহার করা হয়। কেহ কে তেছেন, আমীরকে এই সত্যপাশে করা উচিত যে, তিনি আমাদিগের মেণ্টের অনুমতিভিন্ন কোন বিদে রাজার সহিত সন্ধি বিগ্রহ করিতে বেন না এবং তিনি ইংলণ্ডে নিকটে করপ্রদান করিবেন কেহ হাজারার কিয়দংশ শিবির স্থা ইজারা করিয়া লইবার পরামর্শ দি ছেন। লাড মেয় এইসকল অসৎ বাক্য যেন শ্রবণ না করেন। সিয়ার খাঁ এক জন আফগান। আফগানি মধ্যে তিনি অতিশয় অভিমানী ব বিখ্যাত। তিনি হিরাটে পলায়ন ক ছিলেন, তথাপি আজিম খাঁর স সন্ধি করিতে সম্মত হন নাই। এ অভিমানী ব্যক্তিকে আপনার হাতে প কোনপ্রকার সত্যপাশে বদ্ধ কি চেষ্টা পাওয়া বিধেয় হয় না। তিনি পাশে বদ্ধ হইলেও যে আফগা তাহাঁর কার্য্যে অনুমোদন কি এরূপ বোধ হয় না। তাঁহারা অ তেজস্বী জাতি। তাঁহাদিগের মনে এই অভিমান আছে, আসিয়ার কেবল আফগানদিগের নিকটে জেরা পরাজিত হইয়াছেন। এখন তাঁহারা ইংরাজদিগকে পরাজিত ক পারেন না, তাঁহাদিগের মনে বিশ্বাস নাই। অতএব আমীর রাজ্যের কোন অংশ পরিত্যাগ ক যান, অথবা কাশ্মীরাধিপতির পদ দণ্ডায়মান হন, তাহা হইলে তাঁহ শাহ সুজার ন্যায় কষ্টভোগ কি হইবে। আফগানেরা ব্রিটিশ গবর্ণমে সহিত মৈত্রীবন্ধনে সম্মত আছে, তাঁহারা অধীনতাস্বীকারে সম্মত ন কোন ব্রিটিশ সৈন্য তাঁহাদিগের অভিব্যতিরেকে কাবুলে প্রবেশ ক

ত অনুসারে প্রথম শ্রেণির এক্‌জিকিউটিব
নিয়র সি. এস. আইজাক সাহেব ২রা
য়ারি অবধি ১৫ই জানুয়ারি দুই প্রহ
পশ্চিম চক্রবাড়ের প্রতিনিধি সুপারইণ্টে
ইঞ্জিনিয়রের কর্ম্মে করিয়াছেন।

তৃতীয় শ্রেণির পরীক্ষার্থ সহকারী ইঞ্জিনিয়র
ণ্ট. এচ, নাইটিঙ্গেল সাহেব পাটনা
রাস্তা বিভাগে স্থিত হইয়াছেন। তিনি
৮৫ অব্দের ১৯এ ডিসেম্বর পূর্ব্বাহ্নে ঐ
গমন করিয়াছেন।

৩০এ জানুয়ারি। চতুর্থ শ্রেণির একজি
টিব ইঞ্জিনিয়র এ, এফ. ওয়াটসন সাহেব
জানুয়ারি অপরাহ্নে বহরমপুরবিভাগের
লইয়াছেন।

চতুর্থ শ্রেণির একজিকিউটিব ইঞ্জিনিয়র
নেসফিলড সাহেব ১৯এ ডিসেম্বর পূর্ব্বাহ্নে
ট্রঙ্ক রাস্তার দ্বিতীয় বিভাগের ভার লই
ন।

চতুর্থ শ্রেণির একজিকিউটিব ইঞ্জিনিয়র
সি, আডলি সাহেব ১লা জানুয়ারি
হ্নে কলিকাতার মাননিজন ইঞ্জিনিয়রের
গে আগমন করিয়াছেন।

প্রথম শ্রেণির সহকারী ইঞ্জিনিয়র ই, ডব্লু
. ক্লিমেন্টসন সাহেব দার্জ্জিলিঙের দ্বিতীয়
গ হইতে গ্রাণ্ড ট্রঙ্ক রাস্তা বিভাগে বদলী
ন।

প্রথম শ্রেণির সহকারী ইঞ্জিনিয়র বাবু
রনাথ ভট্টাচার্য্য নদীয়া হইতে ঢাকা বি
গে বদলী হইলেন।

তৃতীয় শ্রেণির পরীক্ষার্থ ওভরসিয়র বাবু
জগন্নাথ মুখোপাধ্যায় কিছু দিনের নিমিত্ত
নদী বিভাগ হইতে গঙ্গাকুমার ও পুন
র খাল বিভাগে বদলী হইয়াছেন। তিনি
ই জানুয়ারি পূর্ব্বাহ্নে আপন কর্ম্মভার
ণ করিয়াছেন।

২৩এ জানুয়ারি। চতুর্থ শ্রেণির একজি
টিব ইঞ্জিনিয়র এফ, এম পারাবেল সাহেব
ই অগ্রিম পূর্ব্বাহ্নে গঙ্গা নদী বিভাগের
র গ্রহণ করিয়াছেন।

—:০:—

আমাদিগের লাহোরস্থ সংবাদদাতা লিখিয়াছেনঃ—

মহাশয়! গোয়ালিয়র ছাড়িয়া আগ্রার
ব আসিতে আসিতে চতুর্দ্দিকে শস্যক্ষেত্র
ন করত অতীব প্রীতিলাভ করিলাম। বোধ
পৌষ মাসে যে এক পসলা বৃষ্টি হইয়াছিল
তাহাতেই ক্ষেত্রসকল এরূপ মনোহর বেশধারণ
করিয়াছে। মধ্যে মধ্যে গিরিনিঃসৃত নির্ঝরিণী
সকলেও অল্প অল্প বারিপতনের চিহ্ন রহিয়াছে।
গোয়ালিয়র হইতে আগ্রা ঊর্দ্ধসংখ্যায় ৪০
ক্রোশ পথ হইবে। কিন্তু এই টুকু পথে ঘোড়ার
ডাকে আসিতে গেলে ৩০।৪০ টাকা ব্যয় হয়।
মহারাজের যে অতুল ঐশ্বর্য্য তাহাতে এই
অল্প রাস্তায় রেলওয়ে করিবার সুবিধা অনা
য়াসেই করিতে পারেন। কিন্তু কই সাধারণ কার্য্যে
ইহার তাদৃশ উৎসাহ দেখা যায় না। কর্ণেল
সাণ্ডার্স সাহেবের কল্যাণেই হউক বা যে কোন
কারণেই হউক দুর্ভিক্ষের জন্য একটা ঘোষণা
পত্র বাহির হইয়াছিল ও ইংরাজদের অশ্বের জন্য
কিছু ঘাস দেওয়া হইয়াছিল। অনেকে বলে
ঘোষণানুযায়ী বড় কার্য্য হইতেছে না। যাহা
হউক, এদিকে রাস্তাটীর জন্য একটী ইঞ্জিনিয়র
অনেক দিন হইতে নিয়োজিত আছে। কিন্তু
তথাপি ভালরূপে শেষ হইতেছে না।

আগ্রায় পৌঁছিয়াই শুনিলাম, তথায় ভয়
ানক বসন্তরোগের প্রাদুর্ভাব হইয়াছে। গত ডি-
ম্বর মাসে নাকি ৫০০ লোক ঐ রোগের গ্রাসে
পতিত হইয়াছে। এই ভয়ে আগ্রায় অবতরণ
পারিলাম না।

রেলওয়ে ভ্রমণকারিমাত্রেই আগ্রার এমন
পৃথিবীর মধ্যে সুপ্রসিদ্ধ তাজমহল দেখিয়াছেন
সুতরাং এস্থানে তাহার বর্ণনার প্রয়োজ
নাভাব। তাজমহলসংলগ্ন দুর্গ ও তন্মধ্যস্থ
(দর্পণগৃহ) মতি মসজিদ, ওদিকে সেকেন্দের
বাগ যমুনার অপর পারবর্ত্তী এতমাদ্দৌলা খাস
বাগও দর্শন মনোহর। আমাদের দেশীয় ভ্রাতা
দের মধ্যে যাঁহারা আগ্রায় আসিয়া এসকল
দেখেন নাই, তাঁহাদের সকলেরই এক এক বার
দেখা উচিত। আগ্রা হইতে গাড়িয়াবা
ষ্টেশনে নামিলাম আর একটী ষ্টেশনে যাইলেই
দিল্লি যাওয়া হইত। কিন্তু তথায় বসন্তরোগে
ভয়ানক প্রাদুর্ভাব শুনিয়া ঐ স্থানে থাকিলাম
তৎপর দিবস একবারে পঞ্জাব রেলওয়ে সহ
কারে অম্বালায় পৌঁছিলাম। অম্বালায় তিন দিন
ছিলাম এখানে অনূন দেড়শত বাঙ্গালী অব
স্থিতি করিতেছেন। এখানকার বাঙ্গালীদের
মধ্যে অনেকেই গুলি ও গাঁজার আড্ডার
সভ্য। আবার একটী আশ্চর্য্যের কথা শুনিলাম
যে, এখানকার মানব, বিদ্যা আখ্যাধারী
অনেক বাঙ্গালী পরিবারের মধ্যে একটী
একটী বেশ্যা রাখিয়াছেন। স্ত্রীর অপেক্ষা বেশ্যা
দের সমাদর নাকি অধিক। বিবাহিতা স্ত্রীরা
নাকি স্বদেশে পতিব্রতাভাবে ছিল
নানা উদ্যোগী হইয়া আসিয়াছে।
দূর করিয়া দেয়, এই জন্য স্ত্রীরা উ
মন যোগাইয়া থাকে। এটী বড় আ
নহে, ইহাদের মধ্যে কোনপ্রকার
দেখিলাম না।

মহাশয়! অম্বালায় একটী বিষ
ষয় পর নাই সন্তুষ্ট হইলাম। ২৩ ব
কলিকাতা মাদ্রাসা বিদ্যালয়ের উ
ছাত্র বাবু পরিবর্ত্তনার্থ এখানে আ
উদ্যোগী হইয়া, একটী বঙ্গবিদ্যা
করিয়াছেন, এই বিদ্যালয়ে প্রায় ২
অধ্যয়ন করিতেছে। প্রথম শ্রেণীতে
কাব্য প্রাকৃতিক বিজ্ঞান রসায়নিত
ভূগোল ইতিহাসপ্রভৃতি ছাত্রেরা বি
পাঠ্য পুস্তক পাঠ করিতেছে। আ
বঙ্গ কাব্যের প্রাকৃতিক বিজ্ঞানে
তত্ত্বের যেসকল কৌশলপূর্ণ কঠিন
জিজ্ঞাসা করিলাম, ছাত্রেরা অনায়
করূপে উত্তর দিল। বঙ্গদেশ হইতে
মাতৃভাষা শিক্ষার এত উৎসাহ দেখি
আনন্দ হইল, তাহাবিবেচনা করু
লের কোন কোন স্থানের বাঙ্গালী
সাহেব সাহেব বাঙ্গালা কথা কহিতে
তাহাদের বেশভূষা কথাবার্ত্তা সকলই
ছেলের মতন, ইহা বড় লজ্জাকর। প
প্রয়াগ, আগ্রা, লাহোরপ্রভৃতি
প্রদেশে এত বাঙ্গালী আছেন
দেশের একটী একটী গণ্ডগ্রামে লো
অর্দ্ধেকও নাই। ইঁহারা অনায়াসে
বঙ্গবিদ্যালয় সুশৃঙ্খলরূপে নির্ব
পারেন। ইহাদের অবজ্ঞা ও অস
এবিষয়ে অম্বালাস্থ পণ্ডিতটীকে
বিদ্যালয়ে সাহায্য করিতেছেন
সকলেরই ধন্যবাদ করা উচিত
যী কার্য্য করিতে যত্ন করা বিধে

অম্বালা হইতে লুধিয়ানাপর্য্য
হইয়াছে। আগামী মাঘমাসে অ
মাসে খুলিবে। তাহা হইলে কে
বিপাশা নদীর মধ্যবর্ত্তী অল্প দূর
র কী থাকিবে। এই দুই নদীর
হইতেছে, আগামী বর্ষে সমগ্র পথ
পারে।

লাহোরে পৌঁছিয়া কেবল
ব্রহ্মসমাজটী দেখিয়াছি। ৮ ১০

াদের যেরূপ ভাব দে খলাম, অনেক রূপ দেখা যায় না। কেশব বাবুর ও ান প্রচারকের ফলস্বরূপ এখানকার যথার্থ পবিত্রভাব সম্ভব।

—:০:—

নাদিগের আনুলিয়াস্থ সংবাদ-

লিখিয়াছেন:—

দিনের পরে আমাদিগের নদীয়া জিলার বিচারপতি এইচ, বেল সাহেব স্থানা লেন। কয়েক সপ্তাহ অতীত হইল, ভূতপূর্ব্ব মাজিষ্টেট শ্রীযুক্ত মনরো ীয় পদারূঢ় হইয়া বিচারাসনে উপ ছেন। বেল সাহেব যেরূপ উৎসাহ তাসহকারে প্রজা ও জমীদার তসাধন করিয়াছিলেন, সেইরূপ চরে উন্নতি হইয়াছে। ইনি পূর্ব্বে ারিষ্টার ছিলেন, তৎপরে জজ হইয়া ক্রমশঃ জেলার মাজি ষ্ট্রে'র সহায় তাদৃশ নাই, কিন্তু স্বীয় তাবশতঃ এবং স্বকার্য্যে, সুন্দররূপ হেতু গবর্ণমেণ্টের আইন উপদে ধারকের পদে নিযুক্ত হইয়াছেন। ন নহে, ইহাতে ব্রিটীশ গবর্ণমেণ্টের ীপত্বে অনেক গুরুতর বিষয়ে রিতে হয়। ফলতঃ বেল সাহেব ন্ত্র চতুর তাহাতে এপদ তাঁহার ক্ত হইয়াছে। আমাদিগের অভিনব মনরো সাহেব কিরূপ সুবিচারক, পি বিশেষরূপ প্রকাশ হয় নাই। নগর কলেজের কার্য্যপ্রণালী অন্য য় অপেক্ষা উৎকৃষ্টভাবে সম্পন্ন কি কাতাস্থ প্রেসিডেন্সি কলেজের ক গণনা করিলে অত্যুক্তি হয় না। বেশিকা ও এল এ পরীক্ষার ফল প্রকাশে প্রকাশ করা হইয়াছিল সপ্তাহের কলিকাতা গেজেটে ীর ফল প্রকাশিত হইয়াছে। এবার ন ছাত্র পরীক্ষার্থী হইয়াছিলেন প্রথম শ্রেণীতে ১ জন দ্বিতীয় তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হইয়া কলেজে বি এ শ্রেণী হইয়া ান স্থানেই এরূপ হয় নাই। গ্য প্রিন্সিপাল শ্রীযুক্ত স্মিথ ইহার নিমিত্ত ধন্যবাদ দেওয়া কর্ত্তব্য। স্মিথ সাহেব হইতে কলেজের অনেকাংশে পরোন্নতি হইয়াছে। আমরা গত বৎসর উক্ত কলেজের গণিতাধ্যাপক মাষ্টর সাহেবের পরলোকগমনের পর কলেজের শোচনীয় ঘটনাসম্বন্ধে অনেক ভাবনা করিয়াছিলাম। কিন্তু তদীয় পদে শ্রীযুক্তবাবু বীরেশ্বর মিত্র এম এ মহাশয় যেরূপ যত্ন ও পরিশ্রম সহকারে কার্য্য করিয়াছিলেন তাহাতে ভূতপূর্ব্ব শিক্ষক মহাশয়ের শোক অনেকাংশে সম্বরণ হইয়া বীরেশ্বর বাবু গণিত বিষয়ে এক জন বিলক্ষণ পারদর্শী, ইনি ছাত্রদিগকে সুসঙ্গত ভাবে শিক্ষাদান করেন।

৩। আমরা নিরতিশয় আহ্লাদসহকারে প্রকাশ করিতেছি যে, আনুলিয়া বঙ্গবিদ্যালয় ও পোষ্ট আপিসের গৃহ এতদিন পরে সুন্দররূপ প্রস্তুত হইয়াছে। যে যে মহাশয়েরা ইহার নিমিত্ত সাহায্যপ্রদান করিয়াছিলেন, তাহাদিগের নিকট আমরা কৃতজ্ঞ হইলাম।

৪। সংপ্রতি বারাকপুরের যে যে ভদ্র ইংরাজ ও বঙ্গালী মহাশয়েরা আনুলিয়াস্থ হিতৈষিণী সভার তত্রত্য এজেণ্ট বাবু কামাখ্যা প্রসাদ মুখোপাধ্যায় মহাশয়ের হস্তে স্ব স্ব দাতব্য প্রদান করিয়াছিলেন, তাহা সমাজের অর্থসংগ্রহকের সমীপে প্রদত্ত হইয়াছে।

৫। এবার এদেশে চাউলের গতি বড় মন্দ; শস্যাদি ভালরূপ উৎপন্ন হয় নাই। কৃষকেরা অতিশয় ভাবিত হইয়াছে।

—:•:—

আমাদিগের তমোলুকস্থ সংবাদ-

দাতা লিখিয়াছেন

১। কয়দ্দিন হইল, এখানকার সুযোগ্য ডঃ মাজিষ্টেট শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র ঘোষ মফঃস্বল পরিভ্রমণে বিনির্গত হইয়াছেন।

২। গত ২৮ এ পৌষ রবিবার বেলা প্রায় অপরাহ্ণ ৪ ঘটিকার পর এ প্রদেশে একটী প্রবল ভূকম্পন হইয়া গিয়াছে। পুষ্করিণীর বারিরাশি বহুক্ষণ আন্দোলিত হইয়াছিল। এরূপ কম্পন সচরাচর দেখা যায় নাই।

৩। এখানে ওলাউঠার এত দিন কোন প্রাদুর্ভাবই ছিল না। কেবল পুণ্যকাম গঙ্গাসাগরের প্রত্যাগত বঙ্গবাসিগণ হইতেই ইহার সঞ্চার হইয়াছে। তথাচ যোগ্যবর ডেঃ মাজিষ্টেট যাত্রিগণকে নগরমধ্যে প্রবেশ করিতে দেন নাই। ডেপুটী বাবুর এই কার্য্যটি যে দেশের কতদূর মঙ্গলজনক হইয়াছে বলিতে পারি না। সকলে এই এতন্নিমিত্ত তাঁহাকে ধন্যবাদ প্রদান কর্ত্তব্য।

৫। এবৎসর এই নগরমধ্যে আরএকটী রাস্তার প্লান প্রস্তুত হইয়া মাজিষ্টেটের সমীপে প্রেরিত হইয়াছে। ইহাতে আনুমানিক প্রায় ১২০০ টাকা। এই টাকা কমিশনর হইতে প্রদত্ত হইয়াছে। এই সকল কার্য্যদ্বারা এখানকার বর্ত্তমান ডিঃ মাজিষ্ট্রেট বাবু যাদবচন্দ্র ঘোষের শাসনকালটী স্মরণীয় হইয়া থাকিবে সন্দেহ নাই। ঈশ্বর করুন, তিনি দীর্ঘজীবী ও ক্রমোন্নত প্রাপ্ত হইয়া লোকের এই ইতসাধনব্রতে জীবনযাপন করুন।

—:•:—

আমাদিগের রঙ্গপুরস্থ সংবাদ-

দাতা লিখিয়াছেন।

১। গত ১৩ ই মাঘ আমাদিগের উত্তরপূর্ব্ব বিভাগের স্কুলইনস্পেক্টর শ্রীযুক্ত জি, ব্রেনেট সাহেব মহোদয় এবং রঙ্গপুর স্কুলের ডিপুটী ইনস্পেক্টর শ্রীযুক্ত বাবু হরমোহন সেন, উভয়ে কাকিনীয়ায় উপস্থিত হইয়া অত্রত্য বালক ও বালিকা স্কুল পরীক্ষা করিয়া সন্তুষ্ট হইয়া গিয়াছেন। ঐ দিবস কাকিনী ইংরাজী স্কুলের বার্ষিক পরীক্ষার পারিতোষিক বিতরণও হইয়াছে। কাকিনী ষ্টেটের জমীদার বাবু মহিমারঞ্জন রায়চৌধুরী মহাশয় পুরস্কার সকল স্বহস্তে বিতরণ করিয়াছেন।

২। গত তিন চারি দিবস হইল, এ দেশে কিঞ্চিৎ কিঞ্চিৎ বারিবর্ষণ হওয়াতে শস্যের অনেক উপকার হইয়াছে, তথাপি দ্রব্যসকলের মূল্য সমভাবেই রহিয়াছে। এখানে চাউল কাঁচা ওজনে উত্তম ৷৷০ আদ মণ, মোটা এক মণ ১ টৈল টাকায় আড়াই সের, ঘৃত পৌনে তিন সেরের অধিক নয়, লবণ ৵ ঘৃত ৵১০ সের, দাইল অত্যন্ত দুর্ম্মূল্য, তরকারী ইত্যাদিও প্রায় তদ্রূপ।

৪। আমাদিগের বর্ত্তমান ভূম্যধিকারী শ্রীযুক্ত বাবু মহিমারঞ্জন রায় চৌধুরী মহাশয় বয়ঃক্রমের প্রারম্ভ করিয়া অবধি অত্যন্ত শ্রমসহকারে সমুদায় কার্য্য সুচারুরূপে নির্ব্বাহ করিতেছেন। রায় চৌধুরী মহাশয় এই অল্প বয়সে যেরূপ বিদ্যোন্নতি, ধর্ম্মোন্নতিপ্রভৃতি সৎকার্য্যে যত্নবান হইয়াছেন, বোধ করি সত্বরেই পূর্ব্বপুরুষনাম উজ্জ্বল করিবেন সন্দেহ নাই।

—:•:—

আমাদিগের কোরহাটীস্থ সংবাদ-

দাতা লিখিলাছেন:—

১। স্থানীয় শান্তিরক্ষকদিগের সুবিচার দান যেরূপ আবশ্যক, রাস্তা নির্ম্মাণ, খালখনন ও তাহার সংস্করণপ্রভৃতি যে বিষয়ে প্রজার

ছে। আমরা আহ্লাদিত হইলাম, বোধ হ
ষ্ট বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের অপেক্ষা
উদারতা প্রদর্শন করিয়া আয়োহীর
ও সম্পত্তির তালিকা প্রদান করিবার
দিয়াছেন। লেপ্টনণ্ট গবর্ণর গ্রে শিক্ষা
। বোম্বাইয়ের কমিসন প্রকাশরূপে
করিবেন, আর এই তাঁহাদিগের রিপোর্টের
লোকের কখন অবিশ্বাস হইবে না।

২৪ এ মাঘ শুক্রবার।

ইংরেজবর্ষীয় গবর্ণমেণ্ট এপর্য্যন্ত সিয়ার
খাঁকে চয় লক্ষ টাকা দিয়াছেন
লর মধ্যে আর চয় লক্ষ টাকা দেওয়া
। তিনি ৩০০০ অশ্ব প্রাপ্ত হইয়াছেন
গবর্ণমেণ্ট তাঁহার সহিত কোন সন্ধি করেন
বস্তুতঃ আমাদিগের টাকা পঁহুছিবার
তিনি সম্পূর্ণ অস্বীকার করিয়াছেন
সহিত পারস্য ও রুশীয়ার সমান ভাব
ছে। লাডলের সিমলা যাইবার পূর্ব্বে
বের সহিত সাক্ষাৎ করিবার মানস করিয়া
এই সময়ে তাঁহাকে কোন সম্মান
করা উচিত। যদি তাঁহাকে দোস্ত
পয়সায় মাসিক এক লক্ষ টাকা দিতে
হা হইলে সোয়াতের আখুন্দ ও সীমা
বন, দিগকে দমনের আবশ্যক, এই কারণ
লধ্যয় হয়। গবর্ণমেণ্টের আর এক কাজ
অতিশয় কর্ত্তব্য। পলাতক হিন্দুস্থানি
ধ্য সীমায় অল্প গোলযোগ হয় নাই
কে ক্ষমা করা কর্ত্তব্য হইতেছে। মধ্যে
শত শত প্রভুভক্ত সৈনিককে পদ
গের নিকটে বলি না দিয়া ভূতপূর্ব
হীদিগকে ক্ষমা করা যথার্থ রাজনীতি
রোণ, সহরণপুর, মোরাদাবাদ, মথুরা
পুর ও আজমীরে প্রচুর বৃষ্টি হইয়াছে,
দের প্রায় সকল স্থানে বৃষ্টি হইতেছে
। আম্বালা হইতে, সিন্ধুতেও বৃষ্টি
ছে। বেহারের স্থানে স্থানেও জল
ছে। পঞ্জাবে গমের মূল্য এক কালে
হইতে ৭ সের হইয়াছে। এক জন
বৃষ্টি হইবে না বলিয়া মহাজনের নিকটে
াইয়া বিস্তর টাকার গম ক্রয় করেন
রাষ্ট্র মূল্য কমাতে তিনি রূপে ঝাঁপ
প্রাণত্যাগ করিয়াছেন। দুঃখের বিষয়
াই দেশ রক্ষা পাইয়া যে শেষবারকা
ইল ইহাতে অবশ্যই গোড়া মহাশয়ের
ত হইবেন না।

গুজব হওয়া সম্প্রতি সকোলে পঞ্জাবী
প্রণালীর নিমিত্ত আক্ষেপ করাতে উত্তর পশ্চি
মাঞ্চল ও পঞ্জাবের সংবাদপত্রসমূহ তাঁহাকে
আক্রমণ করিয়াছেন। কেহ এক্ষণে স্বীকার
করিয়াছেন, পঞ্জাবী প্রণালীর কাল অতীত হই
য়াছে, এবং এই সঙ্গে সেকেলে পঞ্জাবীদিগকে
বিদায় দেওয়া কর্ত্তব্য। যখন কেহ এমত
কথা বলেন, তখন নিয়মবহির্ভূত প্রণালীর মৃত্যু
কাল উপস্থিত।

উক্ত পত্র উন্নতিশীল ব্রাহ্মদিগকে কম কথা
কহিয়া অধিক কাজ করিবার পরামর্শ দিয়াছেন।
সেটী হওয়া অসম্ভব। আড়ম্বর আমাদিগে
উন্নতিশীল বন্ধুদিগের প্রধান অঙ্গ। মৃতঃ
সমাজে উর্দ্ধসংখ্য একশত ব্রাহ্ম আসিয়াছি
লেন, কিন্তু "সকল প্রদেশ হইতে ব্রাহ্ম আসি
য়াছেন" বলিয়া আড়ম্বর হয়। খোল করতাল
খানি কে আড়ম্বর কোথায় যাইবে?

উক্ত পত্র বলেন, রাজা দিনকররাও সামান
পরামর্শ দানব্যতীত বেরারের রাজ্যের অধীনে
কোন বিশেষ কর্ম্ম গ্রহণ করেন নাই। তিনি
প্রথমতঃই বলিয়াছিলেন গবর্ণমেণ্টের অনুমতি
না পাইলে মন্ত্রিত্ব লইবেন না। অন্তঃস্থ
শাসনবিষয়ে গবর্ণমেণ্ট এ অনুমতি দিতে অস
মর্থ ছিলেন। সে যাহা হউক দিনকররাও রেসি
য়াতে বড় যশ লইতে পারিলেন না।

২৫ এ মাঘ শনিবার।

মান্দ্রাজ টাইমস বলেন, চারি জন ইউরো
পীয় সম্প্রতি মুসলমান ধর্ম্ম অবলম্বন করিয়া
ছেন। তাঁহারা এদেশীয় বস্ত্র পরিধান করিয়া
এক মসজিদে আছেন। সুরত হইলে তাঁহারা
মক্কায় যাইবেন। মান্দ্রাজ টাইমস বলেন, তাঁহারা
পেটের দায়ে খৃষ্টীয় ধর্ম্ম ত্যাগ করিয়াছেন।
লোকদিগের উদরপূর্ত্তি এই প্রধান ধর্ম্ম।

সম্প্রতি মান্দ্রাজের এক জন অটর্নী এক
আরজি দাখিল করেন ইহার ইংরাজী কেহ
বুঝিতে না পারাতে সর আর্থর হ্বিটলষ্টোন
তাঁহাকে ভর্ৎসনা করিয়া বলিয়াছেন, ভবিষ্যতে
এমত অশুদ্ধ ভাষা পূর্ণ আবেদন থাকিলে
রেজিষ্টার তাহা অগ্রাহ্য করিবেন। অটর্নী এক
জন বিশ্ববিদ্যালয়ের ছাত্র।

বোম্বাইয়ের দুর্ঘটনার অনুসন্ধানার্থ নিম্নলি
খিত ব্যক্তিগণ কমিসনর হইয়াছেন। আডবো
কেট জেনরল এল, এ বেল সাহেব সভা
পতি, রেবেনিউ ও পলিস কমসনর এ, এফ,
লেমিস সাহেব, বোম্বাইয়ের কনসলটীঙ
ইঞ্জিনিয়র লেপ্টনণ্ট কর্ণেল টেবর, পিও
কোম্পানির অ্যাক্ষ কাপ্তেন হেনরি ও ইঞ্জি
এ, ডবলেউ, ফোর্ড সাহেব সভ্য এবং ক
হানক সম্পাদক। এক জন এতদ্দেশীয়
লোককে কমিসনর করা উচিত ছিল। ক
গণ শপথপূর্ব্বক জবানবন্দী লইতে
বলিয়া স্থানীয় রাজপ্রতিনিধির
অর্পণ করা হইয়াছে। শ্যামনগ
দুই জন এদেশীয় ভাষানভিজ্ঞ সৈ
নর হন এবং রেলওয়ে কর্ম্মচারিগণ
লিখিত প্রশ্নের উত্তর দিয়াছিলেন।

ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানি
শ্রেণির শকটপর্য্যন্ত আলোক দিতে
সর জন লরেন্স কে পূর্ব্ববাঙ্গালার রেল
কোম্পানিকে এই দায় হইতে মুক্ত করি
লেন? বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের কনস
ইঞ্জিনিয়র এই বিষয় গবর্ণমেণ্টের
করিয়া প্রতিকার করেন না এটী আ
অনন্যায়।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের
ক্রীত হইতেছে।

৪ টাকার সিক্কা	৯৯৶	৯
২ " কোং	৯৯৷৷০	৯
১ " পর্ত্তুগিজ ওয়ার্ক	১০৪৶	১০
১ " কোং	১০৮৶০	১০৮
৷৷ কোং	১১২৷৷০	১১২

—০—

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ২৯ এ জানুয়ারি। ই
সংক্রান্ত মন্ত্রী লে. সাহেব একটী বক্তৃ
করিয়াছেন। কলিকাতার কমিটীর নি
প্রত্যেক বিষয়ের পরিমত ব্যয় করা হইবে

ফুলক অবধি বোম্বাইপর্য্যন্ত একটী
গ্রাফ করিবার নিমিত্ত এক কোম্পানি
আপনাদিগের উদ্যোগপত্র প্রকাশ
ছেন।

ব্রাইটন নথ ডরাবী আটলান্টিক
গ্রাফ কোম্পানির সভাপতিত্ব গ্রহণ ক
ছেন।

ইওরোট সাহেবের মৃত্যুসংবাদ প্রা
হইয়াছে।

স্পেন হইতে শেষে যে টেলিগ্রাম
য়াছে তাহাতে প্রকাশ করে, পোপে
সম্প্রতি যে অপমান করা হইয়াছিল। যা

আহার প্রতিবাদ করিয়াছেন। গবর্ণমেণ্ট
মিত্ত আক্ষেপ করিয়াছেন।

পেরা, ২৯ এ জানুয়ারি। এথেন্স হইতে যে
বর্ণমেণ্ট পারিসের দূতসভার কথা শ্রবণ
রুশীয় সম্রাট গ্রীসকে জিদ করিয়া
, বন্ধুভাবে প্রত্যুত্তর দান করা

ংগুন ৩০ এ জানুয়ারি। ব্রাডফোর্ডের
প্রতিনিধি বিপলি সাহেব প্রতিনিধিত্ব
ত চ্যুত হইয়াছেন। কারলো ও আথ
নর প্রতিনিধিগণের নামে যে আবেদন
তাহা পরিত্যক্ত হইয়াছে।

ওবাণ্ড গার্ণে কোম্পানির অধ্যক্ষদিগের
যে নালীশ হয়, তাহা কোর্ট অব ফুইল্স
আদালতে লইয়া যাওয়া হইয়াছে।

লোয়ারের রাজার সম্পত্তি বাজে আপ্তি
ফ্রেঞ্চীয় মহাসভা সম্মতি দিয়াছেন।

কাউণ্ট ওয়ালেস্কি দূতসভার মীমাংসা ও
নেপলিয়নের এক পত্র লইয়া এথেন্সে
ীত হইয়াছেন। গ্রীস দূতসভার কথা শুনি
এই সংস্কার ক্রমশঃ বদ্ধমূল হইতেছে।

শীয় গবর্ণমেণ্ট এবিষয়ে গ্রীসকে পরামর্শ
ছেন।

পরা ৩১ এ জানুয়ারি। সিওয়ার্ড সাহেব
রিকার দূতকে উপদেশ দিয়াছেন, তুর-
সহিত গ্রীসের যত দিন বিবাদ থাকিবে,
তিনি উভয় গবর্ণমেণ্টের বার্ত্তাবাহক
ন।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ।

৬ এ জানুয়ারি। লেপ্টনাণ্ট ই, এচ, টিল
র্থ সহকারী রেবেনিউ সরবেয়র হই-

এ জানুয়ারি। মেজর জে. বরণ হারভা
এক জন মিউনিসপাল কমিসনর হই

ঝিপুরের ছোট আদালতের জজ বাবু
কিঙ্কর রায় মিত্রের কর্ম্মে উপরে তত্রত্য
জজ হইবেন।

২৮ এ জানুয়ারি। সি, এ, ফিশার সাহেব কিছুদিনের নিমিত্ত পাটনার প্রতিনিধি পুলিস সুপরইণ্টেণ্ডণ্ট হইবেন।

২৯ এ জানুয়ারি। আড়ারিয়ার মুন্সেফ মুন্সি করিমবক্স পুর্ণীয়ার অন্তর্গত গঙ্গওয়ারা মুন্সেফ হইবেন।

গঙ্গওয়ারার মুন্সেফ সৈদ আলি হোসেন আড়ারিয়ার মুন্সেফ হইবেন।

১১ই জানুয়ারি অবধি অর্থাৎ যত দিন কাপ্তেন এ. ই. কারেল উপস্থিত না হন, তত দিন লেপ্টনাণ্ট এচ. জে, পিট শিবসাগরের ডেপুটী কমিসনর ও অধ্যস্থ জজ হইবেন। তিনি চতুর্থ শ্রেণিতে নিযুক্ত হইবেন।

নিম্নলিখিত কর্ম্মচারিগণ ১৮৬১ অব্দের ২৫ আইনের ৪১২ ধারানুসারে মাজিষ্টেটের ক্ষমতার ন্যূন কর্ম্মচারীদিগের বিচার হইতে আপীল শ্রবণ করিতে পারিবেন।

বড়পেটার সহকারী কমিসনর এ, সি. কারেল সাহেব।

মঙ্গলদিহির অতিরিক্ত সহকারী কমিসনর জে, এস ড্রাইবার্গ সাহেব।

মঙ্গলদিহির মুন্সেফ বাবু তিলকচন্দ্র গুপ্ত দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্টেটের ক্ষমতা পাইবেন।

যতদিন এফ, ডবলিউ, জে, রিজ সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন এচ এস, বিডন সাহেব ২৪ পরগণার প্রতিনিধি অতিরিক্ত জাইণ্ট মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

ডাক্তর ই, সি, বেঙ্গলি যিনি এক্ষণে বিদায় লইয়া আছেন, যশোহরের সিবিল আসিষ্টাণ্ট সার্জ্জন হইবেন।

ডাক্তর সি. জে. জাকসন মেদনীপুরের সিবিল সার্জ্জন হইবেন।

ডাক্তর জার মাকলিয়ড ছাপরার দেওয়ানী চিকিৎসা কর্ম্মচারী হইবেন।

ডাক্তর জে, বি, আলেন বেহারের অভিফেন এজেণ্টের প্রতিনিধি প্রধান সহকারী হইয়া তথায় যাইবার নিমিত্ত মেদনীপুরের চিকিৎসার ভার সব আসিষ্টাণ্ট সার্জ্জন দীনবন্ধু দত্তের হস্তে দিবার ক্ষমতা পাইয়াছেন।

৩০ এ জানুয়ারি। সাহরণের ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টর মৌলবী মহম্মদ লোহার ডগায় বদলী হইয়া মালামাউএ স্থিত হইয়া মাজিষ্টেটের ক্ষ[illegible] পাইবেন।

২৫ এ [illegible]খিথের আজ্ঞানুসারে সাহরণের ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টর [illegible] কিশার সাহেবকে পালামাউএ বদলী করি[illegible] যে বিজ্ঞাপন হয়, তাহা রহিত হইল।

যত দিন এফ, ডবলিউ, জে, রিজ [illegible] বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, ত[illegible] ২৪ পরগণার প্রতিনিধি জাইণ্ট মাজিষ্টে[illegible] ডেপুটি কালেক্টর ই. জে. বাটন সাহেব [illegible] অব্দের ১০ ও ১৮৬২ অব্দের ৬ আইন স[illegible] মকদ্দমার আপীল শ্রবণ করিতে পারিবেন।

যতদিন ডাক্তর ভোলানাথ বসু [illegible] লইয়া অনুপস্থিত থাকিবেন, ততদিন সব [illegible] ষ্টাণ্ট সার্জ্জন কিশোরীমোহন সেন ফ[illegible] রের চিকিৎসার ভার পাইবেন।

১ লা ফেব্রুয়ারি। বাখরগঞ্জের প্রতি[illegible] ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর [illegible] সি, হামিলটন সাহেব মুঙ্গেরে বদলী [illegible] দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্টেটের ক্ষ[illegible] পাইবেন।

ত্রিহুতের সহকারী মাজিষ্টেট ও কা[illegible] জে. বায়লো সাহেব সাহরণে বদলী [illegible] দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্টেটের ক্ষ[illegible] পাইবেন।

ত্রিপুরার সহকারী মাজিষ্টেট ও কা[illegible] এ, ডবলিউ, ফক্রেশ সাহেব নওয়াখা[illegible] বদলী হইয়া প্রথম শ্রেণির অধীন মাজি[illegible] ও ডেপুটি কালেক্টরের ক্ষমতা পাইবেন।

নওয়াখালির ডেপুটি মাজিষ্টেট ও [illegible] কালেক্টর মৌলবী মহম্মদ কামিল ত্রিপুরায় [illegible] হইয়া মাজিষ্টেটের ক্ষমতা পাইবেন।

২রা ফেব্রুয়ারি। যতদিন কাপ্তেন টি, [illegible] লিউইন বিদায় লইয়া অনুপস্থিত থাকি[illegible] ততদিন মেজর জে, এম, গ্রেহাম চট্টগ্রা[illegible] পর্ব্বত অঞ্চলের প্রথম শ্রেণির প্রতিনিধি যে[illegible] কমিসনর হইবেন। তিনি পুলিস সুপরইণ্টে[illegible] মাজিষ্টেট ও কালেক্টরের ক্ষমতা পাইবেন।

যতদিন এচ, এ আর, আলেকজ[illegible] সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, [illegible] দিন ডবলিউ, এস, গুফেল্‌স্‌ সাহেব চট্টগ্রা[illegible] প্রতিনিধি সিবিল ও সেসিয়ন জজ হই[illegible] তিনি আরও জে, ডি, ওয়ার্ড সাহেবের [illegible] হইতে অতিরিক্ত জজের কার্য্যভার গ্রহণ ক[illegible] বেন।

পবলিকওয়ার্ক বিভাগ।

১৭ ই জানুয়ারি। ভারতবর্ষীয় বর্ণমেণ্ট

। সর্ব্বত্র এই নিয়মের অনুসরণ করা

।

াম্বাইয়ের বণিকগণ তন্ত্রত্য বিশ্ব বিদ্যা
নিমিত্ত সর্ব্বসুদ্ধ ৬ ৬১.৯০০ টাকা চাঁদা
াছেন। ইহার উপস্বত্ব বার্ষিক ৪ ২৬০
পাওয়া যায়।

া২ কৃষক ও তালুকদারের বিবাদ আরম্ভ
াছে। এটী হইবারই কথা। কৃষকদিগের
কে দখলী স্বত্ব দেওয়া হইয়াছে. কিন্তু
কদারেরা কার্য্যতঃ তাহাদিগকে ভূমিচ্যুত
তে পারেন। হয় কৃষকদিগের সঙ্কল্প চি
বন্দোবস্ত করিয়া এক কালে জমীদারের
হইতে রক্ষা কর. নচেৎ কোন স্বত্ব না
সম্পূর্ণরূপে তাঁহাদিগের ক্রীতদাস করিয়া
সম্পূর্ণ অধীন হইলে জমীদারেরা দয়া
য়া অত্যাচার করেন না। অর্দ্ধ স্বাধীনতা
ভয়ানক স্বত্ব।

গবর্ণর জেনরলের যে হাইকোর্টী পরীক্ষা
া লইতে হইবে, তাহা এক জন আসামীর
প্ত হইয়াছেন। অপরটী আফিমুদ্দিন খাঁর
সংক্ষিপ্তসার দেওয়া হইয়াছে

ভারতবর্ষীয় সভা নূতন ঢাই প্রবেশ করি
ছেন।

মবয়স্ক ব্রাহ্মদিগের অভিনন্দনের প্রত্যুত্তরে
ন লরেন্স যে পত্র লিখিয়াছেন, তাহা
কাশিত হইয়াছে। পত্রখানি বাবু কেশবচন্দ্র
ক স্বহস্তে লেখা হয়। সরজন লরেন্স
খা দিয়াছেন ব্রাহ্ম বিবাহের বিল শীঘ্র বিধি
হইবে। কিন্তু আমরা অবগত হইলাম.
ট সেক্রেটারি এক পত্রদ্বারা ভারতবর্ষীয়
র্ণমেণ্টকে বলিয়াছেন, এরূপ গুরুতর বিষয়
নীয় গবর্ণমেণ্টের মত না লইয়া বিধিবদ্ধ
া অনুচিত। সাধারণ মত মেইন সাহেবের
লের বিরুদ্ধে হইতেছে। অতএব নিরপেক্ষ
ইয়া কাজ করিলে কি ফল হইবে, তাহা
না যাইতেছে। ব্রাহ্মগণ সরজন লরেন্সকে
অভিনন্দন প্রদান করিয়াছেন, তাঁহারা অনুগ্রহ
করিয়া কি তাহা প্রকাশিত করিবেন?

গত বৃহস্পতিবার ভারতবর্ষীয় সভা লাড
মেয়কে অভিনন্দন প্রদান করিয়াছেন। অন্য
অন্য অভিনন্দনকারীরা যেপ্রকার বিশেষ
রাজনীতি অবলম্বন করিয়া অভিনন্দন করেন
ভারতবর্ষীয় সভা সেরূপ করেন নাই। সরজন
লরেন্স যেমন প্রথম অভিনন্দন পাইয়া আহ্লাদ
প্রদর্শন করিয়াছিলেন, লাড মেয় সেরূপ
করেন নাই।

পঞ্জাব রেলওয়ের আর এক জন ইউরো
পীয় কর্ম্মচারী হত্যাবিষয় তদ্রূপ করিয়া ধৃত
হইয়াছে।

১৮৬৯-৭০ সালের খরীফ অঞ্চলে ২৮১৭
৭৯৫৩ বিঘা ভূমিতে অহিফেনের চাস হয়।
তদ্দ্বারা ৩২৭ ৯৮৫৩ মণ অহিফেন হইয়াছিল। এই চাস করিতে ৬৬৭৫৪৪০ টাকা
ব্যয় হইয়াছে যেহারে ২৯১১৪৬ বিঘাতে ৫০
৯১৮৫ মণ অহিফেন ও তাহা উৎপন্ন করিতে
৯৯৪৮১৪১ টাকা ব্যয় হইয়াছিল।

উত্তরপশ্চিমাঞ্চলের প্রায় সর্ব্বত্র প্রচুর পরিমাণে বৃষ্টি হইয়াছে। যেসকল ভূমিতে বীজ
বপন করা হইয়াছিল, তাহার অতিশয় সুবিধা
হইল। বৃষ্টি হওয়াতে পুষ্করিণী ও কূপসকল
জল হইয়াছে। অধিক আহ্লাদের বিষয় এই যে
নালে যথেষ্ট তৃণ হওয়াতে গোমহিষের প্রা
ক্ষা পাইল।

টাইমস অব ইণ্ডিয়া বলেন, মস্কাটের নূতন
সুলতান অন্তিময় অবস্থায় থাকাতে লোকে
তাঁহার উপরে বিরক্ত হইয়াছেন তৎপূর্ব্ব সুল
তান সৈদ সালম প্রায় ২০০০ সৈন্য সংগ্র
করিয়া মস্কাট আক্রমণের চেষ্টায় আছেন.
সালম পুনর্ব্বার সিংহাসনারোহণ করেন এটী
কর্ণেল পেলির ইচ্ছা। এই নিমিত্ত তিনি নূতন
সুলতানের চরিত্র যদ্দূর সাধ্য কলঙ্কিত
করিবার চেষ্টায় আছেন। মস্কাটের বিষয়ে
রোসডেণ্ট যে রাজনীতি অবলম্বন করিয়াছেন।
তাহা প্রশংসনীয় নহে।

সুরাটের নিকটস্থ ধনজাগ্রামের এক ব্যক্তির
কন্যাকে ডাইনে খাইয়াছে বলিয়া সে এবং
আর কয়েক ব্যক্তি একত্রিত হইয়া এক বৃদ্ধা
স্ত্রীলোককে ডাইন স্থির করিয়া তাহাকে ভয়া
নক প্রহার করে। হতভাগা স্ত্রীলোকের
তাহাতে প্রাণবিয়োগ হয়। গত ডিসেম্বর মাসে এই
কাণ্ড হয় কিন্তু গ্রামস্থ লোকেরা ইহা গোপন
করিয়াছিলেন। ধৃত হওয়াতে সুরাটের সেসন
জজ ইহাদিগের এক জনের সাতবৎসর
এবং অবশিষ্টদিগের পাঁচ বৎসর করিয়া মেয়াদ
দিয়াছেন। হাইকোর্ট বিচারালয় ইহাদিগের
আপীল অগ্রাহ্য করিয়াছেন।

গত ডিসেম্বর মাসে কলিকাতার টাঁকসালে
৩৩৬৪৫৮ টাকা ও বোম্বাইয়ে ৪০৩৩৬১
টাকা মুদ্রিত হয়। মদ্রাজের টাঁকশাল বন্ধ
আছে।

রোহিলখণ্ড অবধি লক্ষ্ণৌপর্য্যন্ত একটী

খাল করিবার নিমিত্ত ভূমি জরিপ ক
তেছে।

১এ মাঘ মঙ্গলবার।

কলিকাতার নিকটবর্ত্তী লোণা খাল
পূর্ণ করিয়া তাহার কর্ষণ করিবার নি
নূতন কোম্পানি হইয়াছেন। ঐ
প্রধান অধ্যক্ষগণ লণ্ডনে থাকি
শুদ্ধ এক শত টাকা মূল্যের ৩
বাহির করা হইবে। আপাততঃ
প্রতি অংশে ১০ টাকা দিতে হই
প্রধান বোর্ড থাকাটী কেমন কো

বোম্বাইয়ের ছোটআদালতের
প্রতিনিধি চতুর্থ জজ বালা মঙ্গেশ
বি, এ, বি, এল বারিষ্টর হইবার
দিয়া উত্তীর্ণ হইয়াছেন। বিচার
চারলস সার্জেণ্ট, বারিষ্টর ফার নস
টকুটটি মাষ্টর ক্লর সাহেব পরীক্ষক
ভারতবর্ষে থাকিয়া পরীক্ষা দিয়া
হওয়া বোম্বাইয়ের এই প্রথম দৃষ্টা
ফিনষ্টোন কালেজের সহকারী সা
পক মহাদেবগোবিন্দ রানাদে এই
দিবার কল্পনা করিয়াছেন। অধি
বিষয় এই, বোম্বাইয়ের ইংরাজী
সমূহ এই নূতন প্রথার অনুমোদ
ছেন। এ বিষয়ে সাক্ষ্যক ও স্টেম্বা
অপেক্ষা প্রধান। অথচ তথায়
পণ্ডিত, ডা কানাথ মিত্রপ্রভৃতির
জনও উপযুক্ত ব্যবহারাজীব নাই
দেশীয় বিচারপতির পদ প্রাপ্ত
বর্ণেস পিকক থাকিতে বঙ্গদেশে এ
বার যো নাই। যেসকল ভারতবর্ষী
হইতে বারিষ্টর হইয়া আসিতে
দিগকেও বঞ্চিত করিতে পারি
বিচারপতি হইতে দেন না। ভারতব
লের ন্যায় একটী আইন অধ্যয়নের
এটী প্রার্থনীয়। ভারতবর্ষীয়
করিলে কৃতকার্য্য হইতে পারেন

বর্দ্ধমানের মহারাজ দীলির চিত্র
এক মৃত সিংহ দিয়াছেন। এটী
কার্য্য সন্দেহ নাই।

মফস্বলাইট বলেন, আমেয়
প্রতি টাকায় ১০ সের করিয়া বি

ছেন। বাজার দর ১২ সের;
কে বলপূর্ব্বক ১২ সের বি য়
। অথচ রাজা শস্যের তস্ক
র নিমিত্ত আজমিরে কমিশ
ত সাক্ষাৎ করিতে গমন করি
উঠে।

পণ্ডি ধানফল পেন্সন লওয়াতে পঞ্জাব
মেণ্ট অনুবাদক পণ্ডিত মহীপাল
টনাই গবর্ণরের মিরমুন্সি হইয়াছেন।
আর এক জন নিয়মবহির্ভূত ইউরোপীয়
চারী সরকারী তহবীল তছরূপ করিবার
রাধে ধৃত হইয়াছেন। ইহাঁর নাম শোল
ম। ইনি দিল্লির জেল আদালতের প্রধান
ারী।

পরন্তু ও পিয়ন বলেন দাকোরের
নক সরলকায় ধূর্ত্ত দুর্ভিক্ষনিবারণী
নিকটে সাহায্য পাইয়া আলস্যে
ধি করিতেছে। সরলকায়দিগকে
ইয়া আহার দেওয়া অনুচিত। এই
হিলপণ্ড ও পেশোয়ারের রেলওয়ে
ন না কেন?

াটের দুর্ঘটনার বিস্তারিত বৃত্তান্ত
য়াছে। ২৫ টী মৃত দেহ বাহির
াছে। আরও কতগুলি ভগ্ন শকট ও
র মধ্যে আছে জানা যায় নাই। ৯৫
জন গুরুতর আঘাত প্রাপ্ত হইয়াছেন।
য়ে কর্ম্মচারীদিগের সম্মানের বি য়
য়াছে দুঃখ সাধ্য হতভাগ্য আরোহীদি
সাহায্য করি ছেন।
পারা যে বাজার সৈন্যদিগকে রণ
নির্ব্বাহ নিমিত্ত ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট
ারে প্রেরণ করিবেন এবং তাহা নিশ্চ
না করাতে এই আজ্ঞা হইয়াছে, বলিয়া
অব টাইয়াছে যে সংবাদ প্রকাশিত
ডলিনিউস তাহা অমূলক বলিয়াছেন।
এমত কোন প্রার্থনা করেন নাই।
ইংলণ্ডের কতকগুলি লোকে এই
মাত্র করিয়াছিলেন।

২৮এ মার্চ বুধবার।

রঘাটের দুর্ঘটনার অনুসন্ধানার্থ বোম্বাই
এক কমিসন নিযুক্ত করিতেছেন,
চালক ও প্রহরী বলিয়াছে, রেইলে শিশির
পড়াতে শকটের আতিশয় দ্রুতগতি হয়। কিন্তু
বলতঃ কোম্পানির আজ্ঞা আছে, প্রতিকলে
বালুকা থাকিবে, শকট যাইবার সময়ে সেই বা
লুকা রেইলের উপরে ক্ষেপণ করা হইবে। বিশে
ষতঃ বর্ষাকালে এতদ্রূপ ঘটনা হয়
না, এখন কেবল শিশিরে হওয়া সম্ভাবিত নহে,
এই দুর্ঘটনা উপলক্ষে বোম্বাইয়ের গবর্ণমেণ্ট
ইউরোপীয় সমাজ ও সংবাদপত্রসমূহ বলেন
যে গবর্ণমেণ্ট ইউরোপীয় সমাজ ও ইংরাজী
সংবাদপত্র অপেক্ষা প্রধানতঃ প্রকাশ করি
তেছেন যাহা হউক, কমসনরের তদন্তের অনুরূপ
ফল তো শীঘ্র পাওয়া যায় না। এটী একটী
আড়ম্বরমধ্যে পরিগণিত হইয়া উঠিল।

গবর্ণমেণ্ট অযোধ্যার প্রধান কমিসনরকে
টেলিগ্রাম করাতে তিনি বলিয়াছেন, কেশু অব
ওয়া সম্প্রতি যে বলেন, অযোধ্যার তালুক
দার ও কৃষকদিগের মধ্যে বিবাদ আরম্ভ হই
য়াছে এবং আরও গোলযোগের সম্ভাবনা
তাহা সম্পূর্ণরূপে অমূলক। শিয়ালয়রও এই
রূপ বলিয়াছেন।

উত্তর পশ্চিমাঞ্চলের লেপ্টেনাণ্ট গবর্ণর সা
হেব বলিয়াছেন উত্তর পশ্চিম অঞ্চলের প্রায় সকল
স্থানে প্রচুর বৃষ্টি হওয়াতে প্রকৃত দুর্ভিক্ষ হইবার
সম্ভাবনা নাই। শস্যের অনেক সুবিধা
হইয়াছে।

বঙ্গদেশের স্বাস্থ্যরক্ষক মসনর ডাক্তর ডি বি
স্মিথ গবর্ণর রসের সময়ে পুরীতে গমন করিয়া
ছিলেন। সোমপ্রকাশে ঐ বিষয়ক পত্র
পাঠ করিয়া গবর্ণমেণ্ট তাঁহাকে বিশেষ অনু
সন্ধান করিতে বলেন। আমরা আহ্লাদিত হ
লাম, পত্রপ্রেরক যাহা বলিয়াছিলেন, তাহার
বিপরীত তিনি স্বচক্ষে দর্শন করিয়াছেন। শর
ও ফ্রিক্সেপ সাহেব যাত্রীদিগের বিষয়ে যে
বেদন করিয়াছিলেন, তাহা এত দিনের পর বিশ্ব
স্ত হইল বোধ হইতেছে।

দার্জ্জিলিঙ্গ আডবর টাইবর, বলেন উহা
স্থানপর্য্যন্ত যে রেলওয়ে করিবার প্রস্তাব হয়
সে বিষয়ের ইষ্ট সোক্রেটারি কোন চূড়ান্ত সিদ্ধান্ত
করেন নাই। শীঘ্র এই মীমাংসা হইবে এবং
পূর্ব্ববঙ্গালার রেলওয়ে কোম্পানি এই কার্য্য
ভার গ্রহণ করিবেন। ভারতবর্ষের মঙ্গলার্থ এই
রেলওয়ে করা আবশ্যক। তাহা হইলে
সমলাবাসনিবন্ধন এত বিশৃঙ্খলা ও এত টাকা
অপব্যয় হয় না।

২৩এ মার্চ বৃহস্পতিবার।

আসিষ্টাণ্ট সার্জ্জন কমিঙ্হাম ও সুইন
উঠার কারণ ও তাহার চিকিৎসাদি। ইহা
নিমিত্ত ভারতবর্ষে আগমন করিয়াছে
তাঁহারা ইংলণ্ডীয় গবর্ণমেণ্টের দ্বারা প্রে
হইয়াছেন। চিকিৎসকগণ ইউরোপের অ
স্থানে অনুসন্ধান করিয়া আসিয়াছেন।
কাল ভারতবর্ষে থাকিয়া চিকিৎসালয়
তাহার হিসাবপত্র দর্শন করা তাঁহাদি
অভিপ্রেত। এখনকার এক জন উপযুক্ত
রাজী চিকিৎসক ও এতদ্দেশীয় সব আসি
র্জ্জনকে তাঁহাদিগের সহযোগী করা কর্ত্ত

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়া
কোন কর্ম্মচারী অনেকগুলি পদের প্রতি
থাকিলে যে পদের উচ্চতম বেতন, ত
অধিক বেতন পাইবেন না। ইহাদ্বারা এ
বহু নষ্ট নিবারিত হইবে। অন্য স্থানীয় ম
কর্ত্তাদিগের আশ্রিত লোকগণ, উচ্চত
দীর্ঘকালস্থায়ী কর্ম্মচারীদিগের অপেক্ষা অ
বেতন পাইতে পারিবেন না। এপর্য্যন্ত এক
সহকারী বা জুনিয়র প্রতিনিধি জাইন্ট মাজি
ও প্রতিনিধি মাজিষ্ট্রেট হইয়া এক জন স
জাইন্ট মাজিষ্ট্রেট অপেক্ষা অধিক বে
লইতেন।

লাট মেয়োর মহাশয়ের প্রধান মন্ত্রি
টীসকলের সংস্কারের প্রস্তাব করিয়াছে
ন বেতন শোধের জন্য একথা বলেন
বাটী ও লাটে গবর্ণমেণ্টের কার্য্যালয় করা উ
অভিপ্রেত এই উত্তম পরামর্শ। বাটী
থা করে উদ্ধার হইবে।

কর্ণেল মাউ লেওয়ার রাজার মন্ত্রী হইয়াছে
ন কর্ণেল মিডের দুর্ঘট বিষয় শ সম্বা
হওয়ার ছু প্রদর্শন নহে। তাহাই প্রকৃত।

সম্প্রতি বল রামপুরের রাজা বিচারপ
করিয়ার সহিত শ্যামবাজারের অধ্যয়নস
মন করিয়া সন্তোষলাভ করিয়াছেন। বি
পতি করার এই সদ্ভাব আশ্চর্য্য। পুস্তকাল
বিস্তর সংস্কৃত গ্রন্থ দেখিয়া রাজা অধিক
সন্তোষলাভ করিয়াছিলেন।

বোর ঘাটের দুর্ঘটনানিবন্ধন বোম্বাই
লোকেরা বিশেষ চঞ্চলিত হইয়াছেন। পুনা
জারবয় বলেন, যত লোক মরিয়াছেন বলি
রেলওয়ে কোম্পানি ঘোষণা করিয়াছেন, লো
তাহা বিশ্বাস করেন নাই। অনে
অভিযোগ করিতেছেন, রেলওয়ের খালা
প্রভৃতি আহত লোকদিগকে প্রত্যর্পণ করি
অস্বীকার করিয়া তাহাদিগের সম্পত্তি আত্মস

সংখ্যায় ৬০০ টাকা নিজ ব্যয় পড়ে। এ টাকা মিসন ফণ্ড হইতে দেওয়া হয় বটে কিন্তু ইহাঁরা সমুদায় সময় শিক্ষা কার্য্যে বিনিয়োজিত করেন। এক ব্যক্তি অর্দ্ধশিক্ষক ও অর্দ্ধ মিসনরি বলিয়া পরিগণিত হইতে পারেন না। ফলতঃ যথার্থ ব্যয় ধরিলে প্রেসিডেন্সি কালেজের অপেক্ষা ব্যয় কম হয় না।

—:০:—

ইনকমটাক্স।

ভারতবর্ষের আয় ব্যয়ের হিসাব প্রদানের সময় নিকটবর্ত্তী হইয়া আসিল। এবার নূতন কর করা হইবে? কি যেরূপ আছে, সেই রূপ থাকিবে? এই প্রশ্ন লইয়া আন্দোলন হইতেছে। ফ্রেণ্ড অব ইণ্ডিয়া ইনকম টাক্স স্থাপন প্রস্তাব করিয়াছেন। আমাদিগের রাজস্ব সংক্রান্ত মন্ত্রী সর রিচার্ড টেম্পল সে দিবস বণিক সমাজের ভোজের সময়ে ইউরোপীয়দিগকে বলিয়াছেন, তিনি উইলসন সাহেবের ন্যায় কেবল স্বদেশীয়দিগের মতানুসারেই কার্য্য করিবেন। সর রিচার্ড টেম্পল এতদ্দেশীয়দিগের মত গ্রাহ্য করেন না, তাহার কারণ আছে, তিনি যে সম্প্রদায়ভুক্ত, সে সম্প্রদায়ের ইচ্ছা এই যে ভারতবর্ষ চিরকাল মুখ হইয়া থাকুক, তাঁহারা অত্রত্য লোকদিগকে শিশুর ন্যায় বলপূর্ব্বক শাসন করেন। কিন্তু ইংলণ্ডও ইহার সম্পূর্ণ বিপরীত লক্ষিত হইতেছে। লোরেব স্পষ্টাভিধানে করিয়াছেন তিনি ন বরস্থাপন না করিয়া ব্যয় ক্ষেপ ও মিতব্যয়িতা অবলম্বন করিয়া জারের লঘুতা সম্পাদন করিবেন। দেশের যেরূপ অবস্থা তাহা বিবেচনা রলে এক্ষণে যে কর আছে তাহাই হা হইয়াছে। সর জন লরেন্স যে ক বৎসর শাসন করেন, তাহাতে ন করভারবৃদ্ধি হইয়াছে। পঞ্জাবী রাজনীতিজ্ঞেরা রাজস্ববিৎ নহেন। ব্যয়বৃদ্ধি করিয়া যে সে প্রকারে তৎসংগ্রহ ভারতবর্ষের রাজনীতি, কিন্তু এত নিবন্ধন সাধারণের অতিশয় অসন্তোষ জন্মিয়াছে। আমাদিগের রাজস্বসংক্রান্ত মন্ত্রী চতুরতা ও পরিশ্রমসহকারে যদি কার্য্য করেন, অনায়াসে অনেক বিভাগের ব্যয় সংক্ষেপ করিয়া করভার লঘু করিয়া তুলিতে পারেন। পবলিক ওয়ার্ক ও কমিসরিএট বিভাগে অনর্থক অর্থব্যয় হয়। অনায়াসে এই ব্যয় কমিতে পারে। ইংলণ্ডীয় রাজস্ব সংক্রান্ত মন্ত্রী সৈনিক ব্যয় কমাইতেছেন। সর রিচার্ড টেম্পলও চেষ্টা করিলে ঐরূপ করিতে পারেন।

উইলসন সাহেব এক জন বিখ্যাত রাজস্ববিৎ ছিলেন সন্দেহ নাই। কিন্তু তিনি ভারতবর্ষে আসিয়া যে দুটী কর স্থাপন করেন, তাহা সাধারণের অসন্তোষকর হইয়াছিল। ইউরোপীয়েরা সাধারণ্যে তাঁহার চেষ্টার অনুমোদন করেন নাই। অধিকাংশ ইউরোপীয় ইনকম টাক্সের প্রতিবাদ করিয়াছিলেন। লাইসেন্স টাক্স হইলে ত তাঁহারা সাধারণ্যে চিৎকার করেন। সর রিচার্ড টেম্পল ইহা দেখিয়া যদি সতর্ক না হন, তাহা হইলে তাঁহার বুদ্ধির প্রশংসার কারণ থাকিবে না। ইনকম টাক্স এদেশের লোকের পক্ষে অতিশয় অসন্তোষকর। ইউরোপীয় সমাজের প্রশংসা যদি শাসন কার্য্যের পুরস্কারের পরা কাষ্ঠা হয়, ইউরোপীয় সমাজের সকলের নিকটেও সে প্রশংসা লাভ হইতেছে না। যে দেশ শাসন করিতে হইবে, তত্রত্য লোকেরা সন্তুষ্ট হন এই উদ্দেশ্য রাখিয়া কাজ করাই প্রকৃত রাজনীতিজ্ঞের কর্ম্ম।

—:০:—

বিষ বিক্রয়।

সকল দেশ অপেক্ষা ভারতবর্ষে অতিশয় সুলভ। আত্মহত্যার [illegible] হউক, আর অন্যকে বধ করিবার [illegible] হউক, যে সে ব্যক্তি মনে করিলে প্রকার বিষ সংগ্রহ করিতে [illegible] ইউরোপীয় রসায়নবিৎ পণ্ডিতেরা কল ধাতুজ ও উদ্ভিজ্জ বিষ আবিষ্কার করিয়াছেন, সেগুলি চিকিৎসকের প্রাপত্র ব্যতিরেকে ইংরাজী ঔষধালয় ভিন্ন পাওয়া যায় না; কিন্তু কাঁচা ধুতুরা, অহিফেন, হরিতালপ্রভৃতি বিষগুলি যে সে দোকানে বিক্রীত এতন্নিবন্ধন সর্ব্বদা হত্যা ও নানা প্রকার শোচনীয় কাণ্ড ঘটিয়া থাকে। সুচতুরতার বৃদ্ধির সহিত আত্মহত্যার হয়। এদেশের বিস্তর লোকে অহি তৈল মিশ্রিত করিয়া ভক্ষণ করিয়া ত্যাগ করে। উত্তরপশ্চিমাঞ্চলে দ্বারা অনেক সদ্যোজাত কন্যা [illegible] য়াছে। ধুতুরা সর্ব্বত্র পাওয়া যায়। ঠকদিগের প্রধান ও অমোঘ প্রধান প্রধান নগরে বেশ্যাদি ধুতুরা খাওয়াইয়া অচেতন করিয়া দিগের অলঙ্কার অপহরণ করা কাশীতে এক দল মেথর আছে; ই অশ্বশালার নিকটে গিয়া এক প্র ক্ষুদ্র গুলি অশ্বের সম্মুখে ক্ষেপণ ক এই উদ্ভিজ্জ বিষ আহার করিবা অশ্বের মৃত্যু হয়। মৃত অশ্বকে ন বাহিরে লইয়া যাইতে হইলে মেথ প্রতি অশ্বে চারি টাকা পাইয়া থা এই সামান্য লাভের নিমিত্ত এই আর্য্যা এমত মূল্যবান জীব নষ্ট ক সম্প্রতি ময়মনসিংহের মাজিষ্ট্রেট গ র্ণমেণ্টকে জানাইয়াছেন এক দল মু কাঠ বিষ খাওয়াইয়া বিস্তর গো ক করিতেছে। এক জন মুসলমান তাহাদিগের সহচর। ঐ ব্যক্তি গরু ক

ার গলে করিয়া দিয়া বিষ খাওয়া-
আসে। মুচিরা প্রতি গরুতে
ইবে ৪ টাকা দেয়; তাহাদিগের
ট । বিষ আমাদিগের দেশে
জ চুর পরিমাণে যে পাওয়া যায়,
র দৃষ্টান্তস্বরূপ এই বলিলে হয়,
সিংহের দুরাত্মারা এক জন গৃহ
এক শত গরু বিনষ্ট করিয়াছে!
গ, বিনষ্ট করিতে অনেক বিষ
য়াছে সন্দেহ নাই। আমাদিগের
দে অবাধে দশ লক্ষ গরু মারিবার
পাওয়া যায়। আমাদিগের দেশের
দ্বারা যৎকিঞ্চিৎ লাভের নিমিত্ত
াসে মনুষ্য ও পশুর প্রাণ বধ
।

উপসংহারে আমাদিগের বক্তব্য
এই অনিষ্ট নিবারণার্থ এইরূপ
া আইন করা কর্ত্তব্য, যে সে ব্যক্তি
বিক্রয় করিতে পারিবেন না। এক্ষণে
াসে প্রতি গন্ধবণিকের দোকানে
সের কাঠ বিষ কুঁচিলা ও হরিতাল
য়া যায়। ইহার করা আবশ্যক;
ৎসাধ্যে কেবল বিষ বিক্রীত
। চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতি
তাহা বিক্রীত হইবে না। গাজার
সেরূপ হয়, সেই প্রকার অনুমতি
না লইয়া কেহ ধুতুরার চারা করিতে
বেন না। এই নিয়মগুলি করা
ত। বাজারে এক ব্যক্তিকে কিঞ্চিৎ
ঊর্দ্ধ অহিফেন বিক্রয় করা হইবে
এই প্রকার ব্যবস্থা করা অতিশয়
শ্যক। অহিফেন বিক্রয়ের একটী
ময় সীমা করা অতিশয় কর্ত্তব্য।
রা স্বচক্ষে দেখিয়াছি একটী দ্বাদশ
য়স্ক বালক জ্যেষ্ঠ ভ্রাতার সহিত
দ করিয়া অহিফেনের দ্বারা প্রাণ
া করিয়াছে। এ বস্তু এত সুলভ
হইলে এই হতভাগ্য শিশুর কখন
াল মৃত্যু হইত না। গবর্ণমেণ্টের আর
সীন হইয়াথাকা উচিত নহে।

আয়ব্যয়।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আয়ব্যয় বৃত্তান্ত গ্রীসের দৈববাণীর ন্যায় নিতান্ত দুর্ব্বোধ্য হইয়া উঠিয়াছে। অন্যে দৈববাণীতে দন্তস্ফুট করিতে পারিতেন না, দেবপূজকদিগের যাঁহার যেরূপ স্বার্থানুরোধিনী ইচ্ছা, তিনি উহার সেইরূপ অর্থ করিয়া দিতেন। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আয়ব্যয় বিষয়েও আমরা সেই প্রকার অন্ধ হইয়া আছি, রাজস্ববিৎ মন্ত্রী যখন যাহা বুঝাইয়া দেন, আমরা তাহাই বুঝিয়া থাকি। "নাসৌ মুনির্যস্য মতং ন ভিন্নং" যিনি যখন নূতন আইসেন, তিনিই তখন কিছু নূতন করেন। এক জন আসিয়া বলিলেন, আয় অপেক্ষা ব্যয় এত অধিক হইয়া পড়িয়াছে যে ইনকম টাক্স না করিলে রাজ্য রক্ষা হওয়া ভার। আর এক জন আসিয়া ইহার বিপরীত কহিলেন। তিনি গণনা করিয়া বুঝাইয়া দিলেন, আয় ব্যয় প্রায় সমান, অতএব ইনকম টাক্সে প্রয়োজন নাই। তৃতীয় ব্যক্তি আসিয়া কহিলেন আয় ব্যয়ে বড় বৈলক্ষণ্য লক্ষিত হইতেছে না, অতএব ইনকম টাক্স না করিয়া লাইসেন্স টাক্স করিলেই চলিবে. এই প্রকার নানা মুনির নানা মত দেখিয়া আমরা কি স্থির করিব? আপাততঃ কি এই স্থির হইতেছে না যে আয় অপেক্ষা ব্যয় অধিক অথবা ব্যয় অপেক্ষা আয় অধিক অথবা উভয় সমান রাজস্ববিৎমন্ত্রিদিগের কেহই সূক্ষ্মরূপে ইহার নির্ণয় করিতে পারেন না, যিনি যখন নূতন আইসেন, তিনিই একটী নূতন মত করিয়া যান।

আন্দামানে বিস্তর দ্বীপান্তরিত কয়েদি হওয়াতে গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, যেসকল অপরাধীর দ্বীপান্তরবাসের আজ্ঞা হইবে, তাহাদিগকে নাগপুরের প্রধান জেলে প্রেরণ করা হইবে। যাবজ্জীবন দ্বীপান্তরিত হইলে আন্দামানে যাইবে।

গবর্ণর জেনরল সিমলা যাইবার পূর্ব্বে পেসোয়ারে আমীর সিয়ারআলির সহিত সাক্ষাৎ করিবেন। গবর্ণর জেনরলকে উপঢৌকন দিবার নিমিত্ত আমীর কতকগুলি অশ্ব বস্ত্র ও মেওয়া সংগ্রহ করিয়াছেন। আজিম খাঁ ও আবদুল রহমন খাঁ ভারতবর্ষে আসাতে তাঁহাদিগের অধিকাংশ অনুচর কাবুলে গমন করিয়াছেন। সর্দ্দারেরা ভারতবর্ষে আসিয়া বড় সুখী নহেন। না হইবার কথাযদি তাঁহারা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের বৃত্তিভোগ করেন, তাহা হইলে তাঁহাদিগকে কাশীর পশ্চিম যাইতে দেওয়া উচিত নহে।

আমরা আহ্লাদিত হইলাম, বোম্বাইয়ের দুর্ঘটনার অনুসন্ধানার্থ যে কমিসন হইয়াছেন তন্মধ্যে বোম্বাইয়ের মাজিস্টেট পোয়াইনি ফ্রামজিকে গ্রহণ করা হইয়াছে। বোম্বাই গবর্ণমেণ্ট সাধারণ মত গ্রহণ করিয়া অতিশয় প্রশংসনীয় কার্য্য করিয়াছেন। আমাদিগের বর্ত্তমান লেপ্টনণ্ট গবর্ণর এরূপ কার্য্য ভাল বাসেন না।

সম্প্রতি এক মকদ্দমা উপলক্ষে সর জোসেফ আর্ণলড বলিয়াছেন তিনি দশ বৎসর বোম্বাইয়ের প্রধানতম বিচারালয়ের জজ আছেন। কিন্তু হিন্দুদিগের আচার ব্যবহার এত বিস্তারিত পদার্থ যে তিনি এই দীর্ঘ কালমধ্যে তাহার কিঞ্চিন্মাত্র অবগত হইয়াছেন। অনেক মহাশয় দুই দিবস এ দেশে থাকিয়া সর্ব্বজ্ঞ হন।

দিল্লীর বিখ্যাত কবি নবাব আসাদুল্লা খাঁর ৭৩ বৎসর বয়েসে মৃত্যু হইয়াছে। ইনি উর্দ্দু ও পারসীতে মনোহর কাব্য করিয়াছিলেন।

আমরা হিন্দু পেট্রিয়টে দেখিয়া দুঃখিত হইলাম হায়দরাবাদের নিজামের মৃত্যু হইয়াছে। নূতন নিজাম অপ্রাপ্তব্যবহার বলিয়া আপাততঃ ব্রীটিশ কর্ম্মচারীরা শাসনকার্য্য করিবেন।

মান্দ্রাজের এক জন দুশ্চেষ্টিত লোক এক জন গৃহস্থ স্ত্রীলোককে বেশ্যা বলিয়া তাঁহার শরীর পরীক্ষিত করাইয়া বেশ্যার তালিকায় নাম লিখাইয়া দেয়। এ বিষয়ে নালীশ হওয়াতে এই দুরাত্মার ১০০ টাকা জরিমানা না দিলে দুইমাস মেয়াদের আজ্ঞা হইয়াছে। সে যে লোকের কথা শুনিয়া কাজ করিয়াছে, শরীরপরীক্ষার আইন অনুসারে কাজ করিবার সময় অতিশয় সতর্ক হওয়া আবশ্যক।

২০ এ ফাল্গুন মঙ্গলবার।

বোম্বাইয়ের ডাকঘর এক কালে ভস্মসাৎ হইয়াছে। পোষ্টমাষ্টার জেনরলের আফিসের যাবতীয় কাগজ পত্র নষ্ট হইয়াছে। কেবল ক্রমে ইউরোপীয় পত্রগুলি নষ্ট হয় নাই। শীঘ্র একটী ডাকঘর নির্ম্মিত আরম্ভ হইবে। ইহার নিমিত্ত সপ্তলক্ষ টাকা ব্যয় করিবার অনুমতি হইয়াছে। কায়স্থ ভারতবর্ষীয়দিগের অগ্রসর ভাল বাসেন।

এচ, পাক্রল সাহেব কলিকাতার খ্রীষ্টসন্দিগের প্রতিনিধি সভাপাল হইয়াছেন।

রেলওয়ে ষ্টেসনের ঘাটে স্নান বন্ধ করিবার সকের অকারণ বন্ধ কর চাঁদনীর কয়েকটী খিলান তল সাহেব নিষেধ করিয়া মার চট্টোপাধ্যায়ের প্রস্তা হইতেছে। স্ত্রীলোকদিগের স্ত্রীলোককে নিযুক্ত করা দেশীয় পঙ্গাপুত্রগণের ঘাট মল্লিকের ঘাটের সংস্কারে গের হস্তে এক কণ্ড আ রীতিমত সংস্কার না করা

মান্দ্রাজের একটী গ্রাম ফলগাদনামক এক ব্যক্তি করে। মান্দ্রাজ গবর্ণমেণ্ট স্কার দিয়াছেন।

ফেব্রিজ হইতে মুসলমান বার আজ্ঞা হইয়াছে। এজেণ্ট সেনাপতি আ গমন করিবেন। এই রূ অদ্ভুতপূর্ব্ব শ্রীবৃদ্ধি হইবে

বিশ্ববিদ্যালয়ের সিনি আগামী বর্ষ অবধি বিষয়ে অন্ততঃ শতকর হইবে। আর আর বিষ রহিল।

একটী গির্জ্জা প্রস্তু ডিলিডের মিউনিসিপা প্লান করিয়াছেন ম হিজনঘাটের মিউ ন্য প্রস্তুত করিতে পারেন

ভারতবর্ষীয় মুসলমান কমিসনর প্রস্তাব হইয়াছেন। স্ত্রী লো মেয়র [illegible] নিকটে প্রস্তাব হইয়াছে। বর্ত্তমান গবর্ণর জেনর লেখা হইতেছে।

২১ এ

২২ এ মাক্র গবর্ণ করিতেছেন। আগা সহিত সাক্ষাৎ হইবে মায় কতকগুলি সর্দ্দা কামরা হস্তগোচর ক হইয়া সর্দ্দারেরা

রেন্স বাদসাহী করিতে
ঋণগ্রস্ত করিয়াছেন।
া হওয়াতে বঙ্গদেশীয়
ঙ্গের ও রাজমহলে এক
াছেন
ক ব্যক্তি তুলায় ভাঁজাল
পাইয়াছিলেন। তুলার
য়াতে এখানকার তুলার
দ্রব্যের ভাঁজাল এই
খে?
জন ভারতবর্ষীয়ের ফাঁসি
বালত "ঝুলন ও শিরো
এই সংবাদটী পাঠকদি
। জুরি ও বিচারালয়ের
খানে আহ্বোচন করিতে
কে এই "ঝুলন" কৌতু
ই।
খার একজন ইউরোপীয়
গুতারণা করাতে দিল্লীর
। বিনাপরিশ্রমে একবং
পবলিক ওপিনিয়ন ক্ষম,
।
বুল হইতে সংবাদ পাই
ত্র তুর্কিস্তানের শাসন
দুর্গ অধিকার করিয়া
। রহমন খাঁকে অন্বেষণ
। গমন করেন নাই; কিন্ত
য়াছেন। এই কারণ
বতে পারেন।
সম্প্রতিবার।
য় অতীত হওয়াতে
হন বাইসচান্সেলর
ক কেহ অকাউন্টেন
ছেন। অকাউন্টেন
ের বিবেচনায় এই
খান করা কর্ত্তব্য।
য় ও সকল পুস্ত
ছ, স্থগিত করেন
০০ লোক নিযুক্ত
গুলন কেম্প হইবে
ব্যয় হইবে। ডাক্তার
। স্থায়ী মঞ্জল হইল,
ই সরকারী টাকা
, টাকা লুঠ করিয়া
চোরালয় তাহাদি
সের আজ্ঞা দিয়

ছেন। নীচ জাতীর সৈন্যসংগ্রহ অবধি এই সকল অপরাধের বৃদ্ধি হইয়াছে।

২৩ এ ফাল্গুন শুক্রবার।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট নিজে নালীশ করাতে আডবোকেট জেনরল বিগ্রহচোর ওয়াকারকে ছাড়িয়া দিয়াছেন। এ বিষয়ের কাগজ পত্র প্রকাশিত হইয়াছে। গবর্ণমেণ্ট নালীশ করাতে কি দোষ তাহা আমরা বুঝতে পারিলাম না। যাহা হউক ওয়াকারকে ছাড়িয়া দেওয়াতে প্রধানতম বিচারালয়ের উপরে লোকের আরও অভক্তি হইয়াছে।

লিগাল রিমেম্ব্রান্সর একটী উত্তম প্রস্তাব করিয়াছেন। গবর্ণমেণ্টের প্রধান ও কনিষ্ঠ উকীলকে ৩০০ টাকা মাত্র বেতন দেওয়া হয়। জেলার গবর্ণমেণ্ট উকীলগণ ২০ টাকা মাত্র পাইয়া থাকেন। লিগাল রিমেম্ব্রান্সর প্রধান উকীলের ১০০০, কনিষ্ঠের ৮০০ এবং জেলার উকীলদিগের এই পরিমাণে বেতনবৃদ্ধির অনুরোধ করিয়াছেন। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটারির সম্মতিপ্রার্থী হইয়াছেন। যখন গবর্ণমেণ্টের সলিসিটর ২০০০ টাকা পান তখন এই বেতন বৃদ্ধির প্রস্তাব অসঙ্গত হয় নাই।

২৪ এ ফাল্গুন শনিবার।

মিউজিলাণ্ডের বিদ্রোহশান্তি হইয়াছে। আদিমনিবাসগণ সম্প্রতি এক যুদ্ধে পরাজিত হইয়া প্রায় নিঃশেষিত হইয়াছে। এরূপ হইবার কথাই আছে।

মান্দ্রাজের এক জন ফিরিঙ্গি কর্ম্মচারী ৮০,০০০ টাকা তহবিল ভাঙ্গিয়া পলায়ন করিয়াছেন।

মান্দ্রাজের স্বাস্থ্যরক্ষকের আর দুই জন কর্ম্মচারীর নামে নালীশ হইয়াছে। ইহারা অন্যায় করিয়া একটী স্ত্রীলোকের শরীর পরীক্ষা করিতে গমন করিয়াছিলেন। নালীশের পূর্ব্বে যথা নিয়ম এক মাস অগ্রে সংবাদ না দেওয়াতে নালীশ অগ্রাহ্য হইয়াছে।

কোহাটে সম্প্রতি অত্যাচার হয়। তন্নিবন্ধন ৪০০ সৈন্য এক পল্লীগ্রামে পড়িয়া তাহা লুঠ ও দগ্ধ করিয়া কতকগুলি লোকের প্রাণনষ্ট করিয়াছে। দুই জন সিপাহী হত ৩১ জন আহত হইয়াছে। এই প্রকারে কি বৈরনির্য্যাতন করা হইবে। এপ্রণালীতে কোন কাজ হয় না, কেবল কয়েকজন দস্যুর দোষে অনেক নির্দ্দোষী লোক নিপীড়িত হইয়া গবর্ণমেণ্টের শত্রু হয়।

মনশমান সাহেব ভারতবর্ষীয় ষ্টার পাইয়াছেন। অতএব লর্ড আর্গিলের সুখ্যাতি করিবেন তাহা বিচিত্র নহে। তিনি ফতে লিখিয়াছেন, বর্ত্তমান ষ্টেট সেক্রেটারি সর্ব্বাগ্রে কার্য্যে আইসেন এবং সকলের শেষে গমন করেন। তিনি সকল বিষয় পরিশ্রম করিয়া স্বচক্ষে দর্শন করেন, অথচ কৌন্সিলের পরামর্শ অগ্রাহ্য করেন না। তিনি অতিশয় দৃঢ়প্রতিজ্ঞ লোক।

—:০:—

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ২৫ এ ফেব্রুয়ারি। স্পেনের শেষ সংবাদে প্রকাশ করে, মহাসভার ১৮০ জনের মতে ও ৬২ জনের অমতে অস্থায়িত্ব শাসন কর্ত্তৃপক্ষকে ধন্যবাদ দিয়া সেনাপতি সেরানো কে মন্ত্রিদলে নিযুক্ত করিতে বলা হইয়াছে।

নিউইয়র্কের টেলিগ্রামে প্রকাশ করে, মহাসভা স্বর্ণমুদ্রাঙ্কা। সরকারী ঋণ পরিশোধ দিবার মানস করিয়াছেন।

২৬ এ ফেব্রুয়ারি। ১৮৬৩ অব্দের কমিসন যে মত প্রকাশ করেন, তদনুসারে স্কটলণ্ডে জাতি সাধারণ শিক্ষাপ্রণালী স্থাপন করিবার নিমিত্ত লার্ড আর্গিল গত কল্য লার্ডসগ্রের হাউসে এক বিল অর্পণ করিয়াছেন।

গত রাত্রিতে সা ষ্টাফোর্ড নর্থকোটের প্রশ্নানুসারে ভারতবর্ষীয় অণ্ডর সেক্রেটারি গ্রাণ্ট ডফ সাহেব বলিয়াছেন, সম্প্রতি যে কয়েকটী ছাত্রবৃত্তি ভারতবর্ষে করা হইয়াছে, তাহার বিষয় অদ্যাপি বিবেচিত হইতেছে।

ষ্টাকবুল সাহেবের প্রশ্নানুসারে গ্রাণ্ট ডফ সাহেব বলিয়াছেন, টঙ্কের নবাবের বিষয়ে যত কাগজ পত্র আছে, তাহা মহাসভায় অর্পণ করা হইবে। সি. ওয়েইওয়ার্থ, তিলক সাহেবের প্রশ্নের উত্তরস্বরূপ তিনি আরও বলিলেন, সর্ব্ব সাধারণ ভারতবর্ষের রাজধানী লইয়া তর্ক করিতেছেন; কিন্তু এ বিষয়ে এক্ষণে কোন বিবেচনা হইতেছে না।

কিউবার শেষ সংবাদে প্রকাশ করে, তত্রত্য বিদ্রোহের শান্তি হইতেছে। স্পেনের সংবাদে প্রকাশ করে সেনাপতি সেরানো শাসনভার গ্রহণ করিয়া এক দেশহিতৈষী বক্তৃতা করিয়াছেন।

২৮ এ ফেব্রুয়ারি। বলতরিসংক্রান্ত ব্যয়ের তালিকা প্রকাশিত হইয়াছে। ইহার ১,১৬, ০৬,৪৯০ টাকা ব্যয়সংক্ষেপ করা হইয়াছে।

বাথস্লিলোনাতে কতকগুলি সোসিয়ালিষ্ট বিদ্রোহ করিবার চেষ্টা পায়, কিন্তু তাহারা অকৃতার্থ হইয়াছে। কালিষ্টেরা ছিন্ন ভিন্ন হইয়াছে। সাধারণের ক্ষমার আজ্ঞা স্থগিত হইয়াছে

ভিন্ন প্রায় যাবতীয় সব আসিটাণ্ট র্জ্জন ও এতদ্দেশীয় চিকিৎসকেরা শয় পরিশ্রম পূর্ব্বক কাজ করিয়া । সব আসিষ্টাণ্ট সার্জ্জনদিগের া বাবু অন্নদাচরণ কাস্তগিরি ও ার অধীনস্থ এতদ্দেশীয় চিকিৎসক ঠাকুরদাস সকলের অপেক্ষা ধান্য প্রদান করিয়া গবর্ণমেণ্ট হইতে াদ প্রাপ্ত হইয়াছেন।

ইনস্পেক্টর জেনরল ডাক্তর গ্রিণ ক্ষেপ করিয়াছেন, অনেক চিকিৎসা য়র নিকটে পচা পুষ্করিণীপ্রভৃতি কাতে মৃত্যুর সংখ্যা অধিক হয়। ণ্টনণ্ট গবর্ণর এই অনিষ্টনিবারণের জ্ঞা দিয়াছেন; কিন্তু কিসে এই অনি র নিবারণ হইবে? এটি কেবল কৎসালয়ের নিকটবর্ত্তী ডোবা পরি করিয়া হইবার নহে। তত্তৎস্থানের তিসম্পাদন আবশ্যক। এনিমিত্ত মাদিগের মিউনিসিপালিটিসমূহে অধিকতর টাকা দেওয়া কর্ত্তব্য। র্ণমেণ্ট পুলিসের নিমিত্ত মিউনিসি ল টাক্সের অধিকাংশ ব্যয় করাতে উনিসিপালিটিসমূহ যথার্থ কাজ তে পারেন না।

বাবু নারায়ণদীন তেওয়ারি ও তাঁহার বিপক্ষগণ।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম, কজন কুলোকে চক্র করিয়া পুলিষ স্পক্টর বাবু নারায়ণদীন তেওয়ারির াতে লাগিয়া তাঁহাকে ব্যতিব্যস্ত য়া তুলিয়াছে। তাহাদিগের অভি ত এই, তিনি টালিগঞ্জে না থাকেন। া হইলেই তাহারা স্বচ্ছন্দে আপনা ার অভীষ্টসাধন করে। তিনি সে ন থাকাতে তাহারা স্বাভিলষিত াচার ও অন্যায় কার্য্য সম্পাদন করিতে পারে না। তিনি উৎকোচগ্রাহী নন, অতএব তাঁহাকে স্বপক্ষে আনিবার যো নাই। তাঁহাকে স্থানচ্যুত করাই তাহারা শ্রেয়ঃকল্প বিবেচনা করিয়াছে। দশচক্রে ভগবান ভূত, দশ জনে চক্র করিয়া যদি নারায়ণদীন বাবুকে অপদস্থ করিয়া তুলে তাহাতে বিস্ময় নাই। কিন্তু দুঃখের বিষয় এই যে, এক জন স্বকর্ত্তব্য পরায়ণ নির্দ্দোষ কার্য্যদক্ষ পুলিস কর্ম্মচারী বিনা অপরাধে অপদস্থ হইলেন। নারায়ণ দীন বাবুর ও হানিফখাঁর তুল্য উপযুক্ত লোক পুলিস কর্ম্মচারীদিগের মধ্যে অল্প আছেন। ইহাঁদিগের প্রশংসাবাদই সর্ব্বদা আমাদিগের শ্রুতিগোচর হইয়া থাকে; কখন আমরা ইহাঁদিগের দুর্নাম শুনি নাই। আমরা শুনিলাম, নারায়ণদীন বাবুর নামে সম্প্রতি এইরূপ একটী মকদ্দমা হইয়া গিয়াছে যে, তিনি এক ব্যক্তির ২৫ টাকা কাড়িয়া লইয়াছেন। বিপক্ষেরা যে তাঁহার পশ্চাতে লাগিয়াছে, এতদ্দ্বারাই সেটী নিঃসন্দিগ্ধ রূপে সপ্রমাণ হইতেছে। আমরা নারায়ণদীনকে যত দূর জানি, তাহাতে স্পষ্টাক্ষরে কহিতে পারি, তাঁহা হইতে এরূপ কার্য্য সম্পন্ন হইবার কোন ক্রমে সম্ভাবনা নাই। তাঁহার ধর্ম্মজ্ঞান অল্প যদি এপ্রকার সম্ভাবনা করা যায়, তথাপি এরূপ সম্ভাবনা করা যায় না যে, তিনি এমন অবিমৃষ্যকারী ও নির্ব্বোধ যে, চোয়াড়ের কর্ত্তব্য কার্য্য সম্পাদন করিয়া চির কালের অর্জ্জিত যশে জলাঞ্জলি দিবেন। তিনি টালিগঞ্জে থাকাতে আমরা নিঃশঙ্ক আছি। তাঁহার প্রতাপে দস্যু তস্করাদি সঙ্কুচিত হইয়া আছে।

—:০:০:—

গবর্ণমেণ্টের অনুবাদক।

সংক্ষেপপ্রিয়তা লেখকদিগের একটী প্রশংসনীয় গুণ; কিন্তু বাঙ্গালা সমাচার পত্রের অনুবাদকের সেটী গুণ না হইয়া দোষ হইয়া উঠিয়াছে। তিনি করিতে গিয়া অতি আব গুলিও পরিত্যাগ করেন। অন্যায় হয় তাহার প্রমাণ জেলসংক্রান্ত প্রস্তাবমধ্যে ছিলাম, প্রেসিডেন্সি জেলে যে চাউল ও বর্দ্ধমান জেলে দেওয়া হয়, (যাহা আমরা দেখিয়া আসিয়াছি) তাহা অতি জ তাহাতে পীড়া জন্মে। বর্দ্ধমান জে তরকারি এমনি কদর্য্য পাকা ও যে, গো মহিষেও তাহা খাইতে প না। অথচ জেলের মধ্যে উত্তম তর জন্মে, গাছেও হইয়া রহিয়াছে। যে উৎকোচগ্রহণ ও অত্যাচার তাহার প্রমাণার্থ আমরা লি হিলাম, আমরা যে দিন যাই, সে দি প্রেসিডেন্সিজেলের এক ব্যক্তি উৎ গ্রহণাপরাধে পুলিসে প্রেরিত হয় বর্দ্ধমানের জেল ডাক্তর আমা অগ্রে বলিলেন, তাঁহাকে এক ব্যা কোচ দিতে চাহিয়াছিল, তিনি গ্রহণ করেন নাই; অপর, ঐ একটী স্ত্রীলোক (ঐ স্ত্রীলোক পাগলার জেল হইতে তথায় আমাদিগের প্রশ্নানুসারে কহিল, পাগলার জেলে তাহাদিগকে যে দ্রব্য দেওয়া হইত, কর্ম্মচারীরা তা অংশ গ্রহণ করিত।

উপসংহারকালে আমাদিগের রোধ এই, অনুবাদক আবশ্যক বিষয় পরিত্যাগ না করেন। আমাদিগের সংক্রান্ত প্রস্তাবমধ্যগত আরো অ গুলি আবশ্যক বিষয় পরিত্যক্ত য়াছে।

—:০:—

ভারতবর্ষীয় গবর্ণর জেনরল।

কেমন লোকের ভারতবর্ষের জেনরল হওয়া উচিত, তাঁহার কর্ত্তব্য

য়ের বিবেচনার্থ অদ্য এপ্র
রণা করা হইতেছে না,
ভারতবর্ষে গবর্ণর জেন
আবশ্যক কি না,
ধচারার্থ এই প্রস্তাব অবতা
খন ভারতবর্ষের শাসনভার
কাম্পানির হস্তে ছিল, তখন
বর্ষে গবর্ণর জেনেরল পদ একান্ত
শ্যক ছিল। এখন এখানে ঐ কোম্পা
প্রতিনিধি এক জন সর্ব্বশক্তিমান্
পুরুষ না থাকিলে কোনক্রমে
ত না। বিশেষতঃ তখন যুদ্ধ বিগ্র
সাতিশয় প্রাদুর্ভাব ছিল। তখন
রুষেরা শত্রুগণে পরিবেষ্টিত
ন। সে সময়ে ডিরেক্টর সভার অনু
লইয়া যাবতীয় কার্য্যসম্পা-
ধ্যায়ত্ত নয়। এখনকার ন্যায় তখন
তগ্রহণেরও সুবিধা ছিল না
গবর্ণর জেনরলকে অনেক সময়ে
াগী হইয়া অনেক কার্য্য করিতে
কাজে কাজেই সর্ব্বোচ্চ পদে সবি
ক্ষমতাসম্পন্ন এক জন প্রধান
অবস্থান একান্ত আবশ্যক হইয়া
ছিল। কিন্তু এখন সেসমুদয়েরই
ন্ত হইয়াছে। এখন শাসনপ্রণালীর
স্থান অন্যপ্রকার হইয়াছে। এখন
সাক্ষাৎসম্বন্ধে ইংলণ্ডেশ্বরীর
হইয়াছে। এখন ইংলণ্ডেশ্বরী
সেক্রেটারি নাম দিয়া এক জনকে
করিয়া দিয়াছেন। এখন গবর্ণর
লের ঝুঁকি কমি গিয়াছে। এখন
গবর্ণর জেনরলের পূর্ব্ববৎ ক্ষমতা
তাঁহাকে ষ্টেটসেক্রেটারির
ীন হইয়া চলিতে হয়।
ইতেছে ষ্টেটসেক্রেটারি
বর্ণর জেনরলকৃত অজ্ঞা
অন্য প্রকার ব্যবস্থা
তএব যখন গবর্ণর জেন
বৎ স্বাধীনতা নাই এবং
তাঁহার তাদৃশ উপযোগিতা নাই, তখন
আর মধ্য স্থলে এক জন বহুবেতনভুক
কর্ম্মচারী রাখিয়া ভারতবর্ষের অর্থধ্বংস
করা কেন? অনাবশ্যক এক কপর্দ্দকও
ব্যয় করা উচিত নয়। গবর্ণর জেনরলের
বেতনপ্রভৃতিতে কেবল সে বর্ষে বর্ষে ৫।৬
লক্ষ টাকা ব্যয় হয় এরূপ নয়, তিনি যদি
কিছু খামখেয়ালি হন, অনেক টাকা
জলাঞ্জলি দেওয়া হয়। সর জন লরেন্স
দরবার ও সিমলাবাসপ্রিয়তা হেতু অন
র্থক কতকগুলি টাকা নষ্ট করিয়া গেলেন।

গবর্ণর জেনরলের পদ রহিত হইলে
কার্য্য চলিবার ব্যাঘাতসম্ভাবনা নাই।
এখন ভারতবর্ষের প্রায় সকল প্রদেশেই
গবর্ণর ও লেপ্টনেণ্ট গবর্ণর হইয়াছেন।
লেপ্টনণ্ট গবর্ণরদিগের পূর্ণ ক্ষমতা
প্রদান করিলেই চলিবে। ষ্টেট
সেক্রেটরি এক্ষণে গবর্ণর জেনরলস্থানীয়
হইয়াছেন। উক্ত গবর্ণরেরা তাঁহার নিকট
দায়ী হইয়া সাক্ষাৎসম্বন্ধে তাঁহার সহিত
লিপি পত্র করিবেন সন্ধি বিগ্রহেরভার
প্রধান সেনাপতির স্কন্ধে নিক্ষিপ্ত হউক।
যে স্থলে যখন যুদ্ধ উপস্থিত হইবে
তত্রত্য গবর্ণর তাহার অমাত্য করি
বেন। এখনও গবর্ণর জেনরলেরা মন্ত্র
কার্য্য করেন এইমাত্র। বিশেষ বিশেষ
গবর্ণরের উপরে বিশেষ বিশেষ কার্য্যের
ভার সমর্পিত হইবে সন্দেহ নাই। পূর্ব্বো
ক্ত মেধিদ্বানভূত ধ্রুব নক্ষত্রে বদ্ধ
হইয়া রাশিচক্র যেমন পরিভ্রমণ
করিতেছে, উল্লিখিতপ্রকার ব্যবস্থা
হইলে গবর্ণরেরাও তেমনি সেক্রে
টারির মতানুগত হইয়া স্ব স্ব কর্ত্তব্য
সম্পাদনে সমর্থ হইবেন। এ ব্যবস্থায়
এই আর এক লাভ হইবে, ভিন্ন ভিন্ন
প্রদেশের গবর্ণরদিগের স্ব স্ব প্রদেশের
আয়ব্যয়ের সমতাবিধানে সবিশেষ যত্ন
জন্মিবে। এতদ্দ্বারা মিতব্যয়িতার
অভ্যাস হইয়া উঠিবে। মিতব্যয়িতাই
আয় ব্যয়ের সমতাবিধানের মুখ্য উপ
এ উপায় অবলম্বিত হইলে করে
প্রজাকে বিব্রত করিয়া তাহাদিগের
গঞ্জনক হইতে হইবে না। এখন পূ
ও বিচারাদি কার্য্যে যে দিন দিন ব্য
করা একান্ত আবশ্যক হইয়া উঠিতে
এ সময়ে গবর্ণর জেনরলের পদ উঠা
দিয়া তাঁহার বেতন বাঁচাইতে পারি
সকল বিষয়ে অনেক আনুকূল্য হইবে

—:০:—

মালতীমাধব নাটকের অভিনয়।

গত ২৫এ মাঘ শনিবার রাত্রি
আমরা পাথুরিয়াঘাটায় মালতী
ধব নাটকের অভিনয় দর্শন করি
গিয়াছিলাম। নাটকের গল্প এই
বিদর্ভনগরের মন্ত্রিপুত্র মাধব নিজ
মকরন্দের সহিত পদ্মাবতী ন
উপস্থিত হইয়া তত্রত্য মন্ত্রীর
মালতীকে দর্শন করেন এবং তাঁ
তি আসক্ত হন। মালতীরও
অনুরাগসঞ্চার হয়। মকরন্দও ম
তীর সহচরী মদয়ন্তিকার প্রতি অনু
হইলেন নায়ক নায়িকাদিগের পর
মিলনের চেষ্টা হইতেছে, এমন স
অঘোরঘণ্ট নামক এক জন যোগী
সিদ্ধির উদ্দেশে মালতীকে বলি দি
নিমিত্ত এক শ্মশানে লইয়া গে
মাধব তথায় উপস্থিত হইয়া যোগী
বধ করিয়া তাঁহার উদ্ধারসাধন করি
রাজার এই চেষ্টা ছিল যে মদয়ন্তি
ভ্রাতা নন্দনের সহিত মালতীর বি
হয়; কিন্তু পরিব্রাজিকা কামন্দ
কৌশলে সে চেষ্টা সকল হইল
উহারই কৌশলে কামন্দ স্ত্রী
বাসগৃহে প্রেরিত হইলেন। সেই
মদয়ন্তিকা পতি লাভ করিলেন। ম
নন্দয়ন্তিকাকে লইয়া পলায়ন ক
আসিতেছেন, এমন সময়ে নগর
তাঁহাকে ধরিল। মাধব তাঁহার সাহ

আমি শব্দস্তোম মহানিধি নামে একখান সংস্কৃত অভিধান সঙ্কলন করিতে আরম্ভ করিয়াছি, উহা পাঁচ খণ্ডে সম্পূর্ণ হইবে, সম্প্রতি প্রথম খণ্ড প্রচারিত হইয়াছে। প্রত্যেক খণ্ডের মূল্য ২ দুই টাকা। গ্রহণেচ্ছু মহাশয়েরা সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে অথবা সংস্কৃত কালেজে আমার নিকটে অনুসন্ধান করিলে পাইতে পারিবেন।

১৭৫ সাল ৫ ফাল্গুন } শ্রীতারানাথ শর্ম্মা
কলিকাতা সংস্কৃত কালেজ

—০—

নদিয়ার নদী।

সন ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসের ১লা হইতে ৭ই পর্য্যন্ত ভাগীরথী নদীর সাধারণতি জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সাধারণতি জল ফুট ইঞ্চ
ভাগীরথীর সহিত পদ্মানদীর যোগের স্থান	১০ ৬
মহানায়	৬ ″
ভগ হইতে ডাঙ্গপুর ১২॥ মাইল মধ্যে	১ ৬
ডাঙ্গপুর হইতে বহরমপুর ৪৬ মাইলের মধ্যে	২ ″
বহরমপুর হইতে কাটোয়া ৫০ মাইলের মধ্যে	২ ″
কাটোয়া হইতে নদীয়া ৪৮ মাইলের মধ্যে	২ ৩

সন ১৮৬৯ সালের ১০ই ফেব্রুয়ারি বহরমপুর ও জঙ্গিপুর ঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চ
বহরমপুর ৪ ফেব্রুয়ারি ৬৯।	শ্রীযুক্ত সি. ই. উইল্ড একটিব ইঞ্জিনিয়র নদীয়া লোকেলবোর্ড ডিবিজন।	১ ৬

সোমপ্রকাশ।

৫ ই ফাল্গুন সোমবার।

নারিকেল ডাঙ্গার অপর পারে একটি কসাইখানা আছে। এখানে প্রত্যহ প্রায় ৫০ গরু হত্যা হয় কসাইরা স্থান পরিষ্কার করে না; তন্নিমিত্ত এপ্রকার দুর্গন্ধ হয় যে, অর্দ্ধ ক্রোশ পরিধির মধ্যে লোকের বাস করা কঠিন হইয়াছে। উপনগরের মিউনিসিপালটি কি এপ্রকার সাধারণের অনিষ্টের বিষয়ে হস্তার্পণ করিতে সাহসী হন না? লোকের যে প্রকার কষ্ট, তাহাতে লেপ্টনন্ট গবর্ণরের এ বিষয়ে হস্তার্পণ করা কর্ত্তব্য।

—:০:—

আমরা কলিকাতার পুলিষ কমিসনরকে অনুরোধ করিতেছি, যদি উপনগরের শান্তিরক্ষার কার্য্য গুরুতর জ্ঞান করেন, তাহা হইলে এখানকার পুলিষের ভার কনষ্টাবুলরি কর্ম্মচারীদিগের হস্তে দিবার প্রস্তাব করুন। গড়পারগ্রাম কলিকাতা নগরের ৪০ হস্ত দূরস্থিত; কিন্তু দিনের বেলায় এখানে হত্যা হইলেও এক জন পাহারাওয়ালা পাইবার যো নাই। সর্ব্বদা সিঁদ হইতেছে। পুলিষ সময়ে অদৃশ্য হন। উপনগরে যথেষ্ট সংখ্যক প্রহরী নাই। রাত্রিতে পাহারাওয়ালা দুর্লভ পদার্থ। উপনগরের উপর মনুষ্য ও ঈশ্বরের কোপ পড়িয়াছে।

—:০:—

এক জন যুবক ইংরাজ নাবিক তাহার কাপ্তেনকে বধ করাতে মান্দ্রাজের প্রধানতম বিচারালয় তাহার ফাঁশীর আজ্ঞা দিয়াছেন। জুরি ও বিচারপতি লঘুদণ্ডের কোন কারণ পান নাই। কিন্তু মান্দ্রাজ মেইল এব্যক্তিকে ক্ষমা করাইবার নিমিত্ত চেষ্টায় আছেন। অন্ততঃ তাহার জেলের মধ্যে ফাঁশী হয়, তাঁহার শেষ প্রস্তাব হইয়াছে। মান্দ্রাজ মেইল বলেন, কতগুলি এতদ্দেশীয়ের সম্মুখে এক জন ইউরোপীয়ের ফাঁশী হওয়া বড় দুঃখের বিষয়। আমরাও বলিতেছি দুঃখের বিষয় সন্দেহ কি? ইউরোপীয়েরা পাপ কর্ম্ম করিতে জানেন, ভারতবর্ষীয়েরা এটী আজিও টের পান নাই। কোন ইউরোপীয়ের মৃত্যু হইলেও তাঁহাকে গোপনে রাত্রিকালে গোর দেওয়া কর্ত্তব্য। ইউরোপীয়েরা অন্য অন্য লোকের ন্যায় পীড়ায় করেন, অসভ্য ভারতবর্ষীয় সংস্কার হইলে বিদ্রোহ হই আছে! বাস্তবিক দোষ তেই ত ইউরোপীয়দিগে এত শ্রীবৃদ্ধি হইতেছে।

—:০:—

স্ত্রীশিক্ষার বিদ্যালয়।

গবর্ণমেণ্ট একটী সবিশেষ প্রা ও প্রশংসনীয় সদনুষ্ঠান করিয়াছে এ দেশের স্ত্রীলোকদিগের শিক্ষা সমস্ত বিঘ্ন আছে, উপযুক্ত শিক্ষ অভাব তন্মধ্যে প্রধান। মিস ভারতবর্ষে আসিয়া এই অভাবে করণার্থ সবিশেষ যত্নবতী হন। অধিকাংশ স্ত্রীবিদ্যালয়ের শি কার্য্য পণ্ডিতদিগের দ্বারা স হইতেছে। সেখানে অন্তঃপুর মিসন সেখানে খৃষ্টীয়ান শিক্ষয়িত্রী মি ইহাতে সম্পূর্ণ ফললাভের স থাকাতে মিস কার্পেণ্টর কয়েক র্ম্মাল বিদ্যালয় স্থাপন করিবার করেন। সর সিসিল বীডন এ প্রধান প্রধান লোকের মত জি করেন; তাহাতে বহু মতামত আপত্তি হয়। সর জন লরেন্স ফণ্ডের আপত্তি করিয়া বলেন, যদি সাহায্য করেন, তাহা হইলে ভ র্ণমেণ্ট সাহায্য করিতে পা কিন্তু মিস কার্পেণ্টর কেবল গবর্ণর লের অনুগ্রহের উপরে নির্ভর না ক ইংলণ্ডে গমন করেন। বিদ্যাশিক্ষাবি সরক্টাফোর্ড নর্থব্রোকের অতিশয় সাহ ছিল। তিনি এ বিষয়ে হস্তার্পণ সেন। কলিকাতা, বোম্বাই ও মান্দ্র এক একটী মর্ম্মাল বিদ্যালয় করি নিমিত্ত প্রত্যেক স্থানে মাসিক ১০০ দিবার আজ্ঞা হইল। নানা জনের আপত্তিনিবন্ধন আমাদের

। করিয়া দেখিবার নিমিত্ত
য় হইতেছে। কলিকাতার
লয়ে এই কার্য্য আরম্ভ করি
হইয়াছে। এ বিষয় লইয়া
হইবে তাহা আশ্চর্য্যের
কিন্তু আমাদিগের স্ত্রীলোক
উচ্চতর শিক্ষা দেওয়া উচিত
বিষয়ে মতভেদ নাই। তবে
এই হইতেছে, হিন্দু শিক্ষয়িত্রী
ত করিবার সময় আসিয়াছে কি
আমরা ইহার আন্দোলনপ্রারম্ভ
ই কহিয়াছি সে সময় উপনীত
। অন্ততঃ ইহার পরীক্ষা করা
গবর্ণমেণ্ট সেই পরীক্ষামাত্র
ছেন। এক্ষণে আমাদিগের স্ত্রীলো
সাধারণ্যে শিক্ষা পাইতেছেন না,
ক্ষা পাইতেছেন তাহাও সামান্য
তাঁহারা সূচীর কাজ শিক্ষা ও
ানি সামান্য পুস্তকমাত্র পাঠ
কোন স্ত্রীলোক এপর্য্যন্ত যথার্থ
ন নাই; সাহিত্য ও ইতিহাস
চর্চ্চা করা যায়, এমত এক জন স্ত্রী
ও এপর্য্যন্ত ভারতবর্ষে দর্শন দেন
কৃতবিদ্য পুরুষমাত্রেই এই দুঃখ
করিতেছেন। যেমন স্ত্রীবিদ্যা
থা, সেইপ্রকার নিজে কৃত
হইয়া অজ্ঞ স্ত্রীর সহবাস করাও
র। আমাদিগের স্ত্রীলোকেরা সকল
বুঝিয়া উৎসাহ না দিলে আমরা
মহত্ত্বসাধনে সমর্থ হইব না।
ামরস্বামী দীক্ষান মন্ত্রী না হইলে
মহাসভায় টিতে আসিব না"
রিলি সাহেব প্রথম বার বক্তৃতা
া অকৃতার্থ ও লজ্জিত হইলে বিবি
রেলি এই পণ করিয়াছিলেন। এই
াকের সেই প্রতিজ্ঞা ও তন্নিবন্ধন
হের জন্য ডিসরেলির এত মহত্ত্ব
ইয়াছে। আমাদিগের স্ত্রীলোক
কি বিবি ডিসরেলির সদৃশ উচ্চ

মনা করিবার চেষ্টা পাওয়া উচিত নহে? বৃথা প্রতিবন্ধকতাচরণ করা কি উচিত? যখন এই সদনুষ্ঠানের আরম্ভ করিবে তখনই এইপ্রকার প্রতিবন্ধকতা হইবে।

এ স্থলে আমরা অতিশয় সতর্ক হইয়া কাজ করিবার অনুরোধ করিতেছি। মিস কার্পেণ্টর শিক্ষয়ত্রীদিগকে বিদ্যালয়ের মধ্যে রাখিবার যে প্রস্তাব করিয়াছেন, তাহা আপাততঃ ত্যাগ করা কর্ত্তব্য। যে সকল স্ত্রীলোক নর্ম্মাল বিদ্যালয়ে আসিবেন, তাঁহাদিগকে আবৃত শকটে আনয়ন করা কর্ত্তব্য। বিদ্যালয়ে যে সে পুরুষ দর্শক যাইতে পারিবেন না। যে সমস্ত স্ত্রীলোক নর্ম্মাল বিদ্যালয়ে শিক্ষার্থ আসিবেন, তাঁহাদিগের লোভ ও উৎসাহ জন্মে এরূপ অর্থদানের ব্যবস্থা করা কর্ত্তব্য।

—:০:—

বঙ্গদেশের দাতব্য চিকিৎসালয় সমূহের ১৮৬৭ অব্দের রিপোর্ট।

গত বুধবারের কলিকাতা গেজেটে বঙ্গদেশের দাতব্য চিকিৎসালয়সমূহের ১৮৬৭ অব্দের রিপোর্ট প্রকাশিত হইয়াছে। পূর্ব্বে ষাণ্মাসিক রিপোর্ট প্রকাশ করিবার নিয়ম ছিল; কিন্তু বার্ষিক রিপোর্টের নিয়ম হওয়াতে অসঙ্গত বিলম্ব হইতেছে। ১৮৬৭ অব্দের শেষে সর্ব্বশুদ্ধ ১৩৫টী চিকিৎসালয় ছিল। ১৮৬৬ অব্দে ১০৩ টী থাকে। ফলতঃ ১৮৬৭ অব্দে ৩২ টী নূতন চিকিৎসালয় হইয়াছে। ইহার মধ্যে ১২টী জমীদার ও অন্য লোকের সাহায্যে এবং ২০ টী বিনা চাঁদায় কেবল ব্যক্তিবিশেষের বদান্যতায় চলিতেছে। গবর্ণমেণ্ট কেবল ঔষধ ও চিকিৎসকের বেতন দিয়া থাকেন। ৩ ৩৫,৯৪৯ জন রোগী চিকিৎসার্থ আগমন করিয়াছিলেন। গড় ধরিয়া প্রত্যহ ৪২২৬ জনের চিকিৎসা হয়। চিকিৎসালয়ে ১৭০,৫৪ জন রোগী থাকিত। ১৮৬৬ অব্দে দুর্ভিক্ষনি পীড়া অধিক হওয়াতে ১৯,৭৫৫ হইয়াছিল; কিন্তু ১৮৬৭ অব্দে রের রোগীই অধিক। চিকিৎসা রোগীর মধ্যে ৩,০৮৬ জনের শত করা ১৮·০৯ জনের মৃত্যু হইয় পূর্ব্ব বৎসরে ২৯ ৪২ জনের মৃত্যু য়াছিল। এটী প্রীতিকর সন্দেহ চিকিৎসালয়সমূহের ৪,৫৬,৬৬ মূল ধন ৩,৩৬২২৭৷৷৫ টাকা ২,৫২,৯৮১৷৵১৭৷৷ টাকা ব্যয় হইয়া ২৪৬৷৷৵১০ টাকা জমা ছিল। গীর আহারার্থ দেড় আনামাত্র হইয়াছে।

এতদ্দেশীয় অনেক জমীদার চি সালয়ের নিমিত্ত সাহায্য করিয়া থা এক্ষণে প্রায় সকল জমীদার এ যত্নবান্ হইতেছেন, এটী অতিশয় সু বিষয়। সকল জেলা অপেক্ষা যশো এতদ্বিষয়ক যত্ন অধিক পরিমাণে হইতেছে; কিন্তু লোকসংখ্যা ধরিয়া বিবেচনা করা যায়, ইউরোপীয়দি দান আমাদিগের অপেক্ষা অধিক। এতদ্দেশীয়েরা ৩৭,১৪৯৷৵১৫ দান করিয়াছেন, পক্ষান্তরে ইউরো দিগের দান ২২,৩১৯)১৫ টাকা তেছে। ইউরোপীয়রা কেবল ধ দান করেন, তাঁহাদিগের স্বার্থসম্বন্ধ তাঁহাদিগের অপেক্ষা আমাদি অন্ততঃ চারি গুণ অধিক দান উচিত।

দিনাজপুর, মালদহ, বর্দ্ধমান, বাঁ ও হুগলীতে সংক্রামক জ্বর হইয়াছি যশোহর, ২৪ পরগণা, কুষ্টিয়া, রাজসাহী, মালদহ, উৎকল ও ঢা ওলউঠা হয়। কয়েকটী বিভাগে ওলউঠা বরাবর প্রায় স রহিয়াছে, কিন্তু ১৮৬৭ অব্দে অ স্থানে জ্বর বড় অধিক হয় নাই। দুই

সোমপ্রকাশ

১ শ ভাগ। ১৫ পৌষ।

" প্রবক্ষ্যন্তী প্রজানিধনায় পার্থিবঃ সংস্থসৌ শ্রুতিমধুনী ন ধায়তাং। "

ক মূল্য ১ এক আগ্রিম বার্ষিক ১০ দশ
র ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২ ই ফাল্গুন। ১৮৬৯। ২২ ফেব্রুয়ারি { মফস্বলে মাসুলসমেত অগ্রিম ব ষিক
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০ টা

বিজ্ঞাপন।

ভারতবর্ষের বিবরণ।

ঞ্চমবার মুদ্রিত। এবারে স্থানে স্থানে ব বিষয়ের পরিবর্ত্তন কর হইয়াছে এবং লা দেশের নদী, পর্ব্বত, উৎপন্ন, বাণিজ্য লাসমূহের বিবরণ সন্নিবেশ লিখিত ৫৪ । কলিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে ক্ত যদুগোপাল চট্টোপাধ্যায় কোং যন্ত্রে বা।

ই ফাল্গুন ২৭৫ } শ্রীবশিভূষণ শর্ম্মা।

—:০:—

চন্দ্রাবতী নাটক।

ী নিমাইচাঁদ শীল কর্ত্তৃক আড়পুলি নাট য় অভিনয়ার্থ বিরচিত। বহুবাজার ১৭২ ীনহোপ যন্ত্রে প্রাপ্য। মূল্য এক টাকা মাসুল ৵০।

—:০:—

দুর্গোৎসব নাটক।

লিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে নম্মাল স্কুলে শ্রীকালীপ্রসন্ন বিদ্যারত্নের ও কালনা মেডিকেল চলে প্রাপ্য। ০ আট আনা।

লিকাতার নিকটবর্ত্তী মেউনিসিপালিটী মালিকগণ যাহারা বাঙ্গালা কাউন্সেলের সালের ২ আইনের ১ ধারার মর্ম্মানু মেউনিসিপাল বাটী ভাড়া বিষয়ে অনুসন্ধ করে, তাহাদিগকে স্মরণ করিয়া দেওয়া হচ্ছে যে উক্ত ধারার বিধান অনুসারে সিপাল কমিসনরগণকে বাটী খালি হইবা

তবে প্রত্যেক কোয়ার্টারের প্রথমেই উক্ত সংবাদ দিতে হইবে। আর যে তারিখে প্রথম সংবাদ দেওয়া হইয়াছে সেই তারিখ হইতে ঐ আইন অনুসারে যত টাকা রেহাই দেওয়া যাইবে তাহা গণনা করা হইবে।

আলি পুর ১ ফেব্রুয়ারি ১৮৬৯ } কলিকাতার নিকটবর্ত্তী স্থান সকলের মিউনিসিপাল কমি সনরগণের চেয়ারম্যান

—:০:—

হরিনাভি ইং সং বিদ্যালয়ে ১৮৬৯ অব্দের প্রবেশিকা পরীক্ষার্থীদিগের পাঠনার্থ একটী শ্রেণী করা হইয়াছে। যাঁহারা উহাতে প্রবিষ্ট হইয়া অধ্যয়নের বাসনা করেন, তাঁহারা প্রধান শিক্ষকের নিকটে নিয়মাদি অবগত হইবেন।

৩০ ডিসেম্বর ১৮৬৮ } শ্রীদ্বারকানাথ শর্ম্মা হরিনাভি বিদ্যালয়ের অধ্যক্ষ।

—:০:—

মৎপ্রণীত চিত্তবিনোদ কাব্য ১ ম খণ্ড। অতি সুললিত অমিত্রাক্ষরে রূপকচ্ছলে ইহাতে ভারতবর্ষের বর্ত্তমানাবস্থা বর্ণিত হইয়াছে। গ্রন্থ গ্রেচ্ছক মহাশয়েরা বর্দ্ধমান বড়বাজারে অধর লাল ধরের পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইবেন।

শ্রীঈশানচন্দ্র বসু

—:০:—

বাল্মীকি রামায়ণ

তৃতীয় খণ্ড

এই পুস্তক প্রথমাবধি প্রকাশ হইতেছে ইহাতে নাগরাক্ষরে মূল ও টীকা এবং সরলে বঙ্গলা অনুবাদ আছে। যাঁহার আবশ্যক হইবে, তিনি কলিকাতা ব্রাহ্মসমাজে আমার নামে পত্র লিখিবেন। প্রত্যেক খণ্ডের (দশ ফরমার) মূল্য ॥০ আনা। বিদেশীয় গ্রাহক দিগকে ৵০ আনা মাসুল দিতে হইবে।

কলিকাতা ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

মৃজাপুর মেডিকেল হল।

১। এতদ্দ্বারা আমাদিগের ঔষধক্রয়কা সুহৃদ, সংকারী ও সর্ব্বসাধারণকে জ্ঞাত যাইতেছে যে, দ্বিতীয় ত্রৈমাসিক ই সম্বন্ধে অর্ণবপোতে " ষ্টার অব ক্যেসীয়া, উইক, ব্রিটস এম্পায়ার " দ্বারা দশ সহস্র মূল্যের ঔষধ পূর্ণ প্রাপ্ত হওয়া গিয়া এতদ্ভিন্ন সম্প্রতি আমরা বিলাত ই ইং সন ১৮৬৮ সালের শেষ ত্রৈমাসিক ই সম্বন্ধে " ব্রিটীশ ফ্লাগ, কিং আর্থর ব্যাকস ও নামক অর্ণবপোতত্রয়দ্বারা ৮৩ ইউরোপীয় ঔষধ প্রাপ্ত হইয়াছি। এই স ঔষধ পূর্ব্বাধিক সাত সহস্র টাকা মূল্যে করা হইয়াছে।

২। আগা বর্ষের প্রথম ত্রৈমাসিক ই উপলক্ষে চিকিৎসোপযোগী অস্ত্র ও প্রস্তুতকরণের ও ঔষধবিক্রয়করণের নান সামগ্রী ও সজ্জা ও বিবিধ ভৈষজ ইং সন ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসে বি হইতে পৌঁছিবে।

৩। আমরা অধিক পরিমাণে ও খু উভয়রূপে ঔষধ বিক্রয় করিয়া থাকি।

৪। এই সমস্ত দ্রব্যাদির আসল কি চালান ও অন্যান্য বিশেষ বিবরণ জা হইলে, এ মহানগরীতে ৩২ সংখ্যক প্রধা দালানে শ্রীযুক্ত বাবু গোপীনাথ দের নিক সওদাগরের ষ্ট্রীটে ৫৫ সংখ্যক ভবনে ঔষধালয়ের ম্যানেজর শ্রীযুক্ত বাবু নব পাল কালদাসের নিকট লিখিতে পাঠা হইবে।

কলিকাতা ৫ই ডিসেম্বর ইং সন ১৮৬৮ } বাকেপোধ্যায় এণ্ড

—:০:—

আমাদিগের এ প্রস্তাবের অবতারণার
হুল।

রেবরেণ্ড লালবিহারি দে প্রথমে
শ্রমজীবী ও কৃষক,দগের শিক্ষাদানের
াবশ্যকতাপ্রতিপাদন করিয়া তাহা
দিগের শিক্ষার্থ কতগুলি বিদ্যালয়
াবশ্যক ও কি উপায়ে তাহার ব্যয়
সংস্থান হইবে, ইহার বিচার করিয়া-
ছেন। তিনি অনুমান করেন, বাঙ্গালা
দেশে ৪০০০০০০ লোকের বসতি,
প্রতি ১০০০ লোকের নিমিত্ত এক
একটী বিদ্যালয় আবশ্যক। এ নিয়মে
০০০০ বিদ্যালয় করা কর্ত্তব্য। প্রত্যেক
দ্যালয়ের মাসিক ব্যয় ১০ টাকার
হসাবে ধরিলে ৪৮ লক্ষ টাকা হয়,
ত্ত্বাবধানের ব্যয় ৩ লক্ষ, ৮০ টী নর্ম্মাল
লে ৩ লক্ষ, ৮০ টী প্রাইমরী
ইস্কুলে ৩ লক্ষ এবং গৃহসংস্কারাদির
মিত্ত ৩ লক্ষ সমুদায়ে ৬০ লক্ষ
কা ব্যয়। তিনি ৬০ লক্ষ টাকার
ষের যে ফর্দ্দ দিয়াছেন, তাহা এইঃ—

লবণের উপরে টাক্স	২২ লক্ষ	
জমীদারের নিকটে	৭	ঐ
গবর্ণমেণ্ট	২১	ঐ
স্কুলিং ফী	১০	ঐ
মোট	৬০	ঐ

রেবরেণ্ড লালবিহারী দে শ্রমজীবী
কৃষকদিগের বিদ্যাশিক্ষার্থ ব্যয়ের যে
াব করিয়াছেন, তাহা করিয়া তদনু
অভীষ্ট ফললাভ হইবার সম্ভাবনা
ছ কি না, এ বিষয়ের বিবেচনা করি-
অগ্রে তিনি যে আয়ের ফর্দ্দ দিয়া-
তৎসংগ্রহ সাধ্যায়ত্ত কি না এবং
যে রীতিতে উহাদিগের শিক্ষাদান
করিয়াছেন, সেটী আদরণীয় ও
য়নীয় কি না, তদ্বিবেচনা কর্ত্তব্য।
বলেন, সকলকেই বিদ্যালয়ে গিয়া
করিতে হইবে, এইপ্রকার একটী
আইন করিতে হইবে, যে বিদ্যালয়ে না
যাইবে, সে দণ্ডনীয় হইবে। শিক্ষাদা-
নকে বলপ্রয়োজ্য করিবার প্রস্তাবটী
কলসপূর্ণ দুগ্ধে বিন্দুমাত্র গোমূত্র প্রদান
তুল্য হইয়াছে। কৃষকদিগকে যদি বল-
পূর্ব্বক বিদ্যাশিক্ষাকার্য্যে প্রবর্ত্তিত
করা এবং তাহাদিগের নিকট হইতে
বলপূর্ব্বক স্কুলিঙ ফী আদায় করা হয়,
তাহাদিগের শিক্ষার প্রতি বিদ্বেষ
জন্মিবে। প্রসিয়ার ন্যায় বলপূর্ব্বক বিদ্যা
দানস্থান বঙ্গদেশ নয়। এখানে শিক্ষা
কার্য্য বরাবর ঐচ্ছিক হইয়া আসিয়াছে।
অর্থব্যয় করিয়া বিদ্যাশিক্ষা করা এ
দেশের অভ্যস্ত নহে। অধ্যাপকেরা
ছাত্রদিগের আহারব্যয় দিয়া চির কাল
অধ্যাপনাকার্য্য সম্পাদন করিয়া আসি
য়াছেন। এ দেশ চিরপরাধীনতাশৃঙ্খলে
বদ্ধ হইয়া আসিয়াছে, অতএব এদেশীয়
দিগকে বলপূর্ব্বক শিক্ষাদানকার্য্যে
প্রবর্ত্তিত করা অসঙ্গত হইতেছে না,
রেবরেণ্ড লালবিহারী এই যে যুক্তি
প্রদান করিয়াছেন, এটী নিতান্ত অকি
ঞ্চিৎকর। এদেশীয়দিগের রাজনীতি
সংক্রান্ত চিরপরাধীনতাই ছিল; কিন্তু
শিক্ষাসম্বন্ধে কোন কালে সে অধীনতা
ছিল না। বিশেষতঃ এদেশীয়েরা এক্ষণে
এক স্বাধীনতাপ্রিয় জাতির আশ্রয়-
চ্ছায়ায় অবস্থিতি করিতেছেন। ইহাঁদি
গকে ক্রমে সকল বিষয়ে স্বাধীনতা-
রসজ্ঞ করা উচিত; কিন্তু রেবরেণ্ড
লালবিহারী যে প্রস্তাব করিতেছেন,
তাহাতে ইহাঁদিগের যে বিষয়ে চিরকা
লের স্বাতন্ত্র্য ছিল, তাহাও বিলুপ্ত
হইতে চলিল।

প্রস্তাবলেখক আয়ের যে পন্থা
উদ্ভাবন করিয়াছেন, তাহাও রুচিকর
ও সুসাধ্য হইতেছে না। লবণের টাক্স
বৃদ্ধি করিতে গেলে দরিদ্রদিগেরই কষ্ট
বৃদ্ধি হইবে। যেসকল দ্রব্যের উ
পর্জ্জন্য দেবের অনুগ্রহাপেক্ষী
তাহা মহার্ঘ ও দুর্লভ হয়, দ
অগত্যা সময়ে সময়ে মহার্ঘ
জন্য কষ্টভোগ করিতে হয়;
যে দ্রব্যের উৎপত্তিবিষয়ে দৈব
কুল্য অপেক্ষণীয় নয়, তাহাও
অন্যান্য দ্রব্যের ন্যায়ে দুর্ম্মূল্য হয়,
নিতান্ত কষ্টকর হইবে সন্দেহ ন
এ নিমিত্ত জমীদারদিগের নিকট হ
করগ্রহণ যে বিধেয় নয়, আমরা ব
বার তাহা প্রতিপন্ন করিয়াছি, তাঁ
যে অর্থ দিবেন, তাহা প্রকারান্তর ক
কৃষকদিগের নিকট হইতেই আদায় ক
লইবেন। প্রতিকার্য্যে যাদ তাঁহাদি
নিকট হইতে নূতন নূতন করগ্রহণ
হয়, তাঁহাদিগের সহিত যে স্থায়ী ব
বন্ত করা হইয়াছে, তাহার অন্য
থাকে না।

তবে কি শ্রমজীবী ও কৃষকদি
শিক্ষার কোন উপায় করা হইবে ন
ইহার উত্তরদানস্থলে আমাদি
বক্তব্য এই, এ
সে উপায় গুরুট্রেণিঙ বিদ্যালয়
তাহার অধীনস্থ পাঠশালাগুলি। ঐ
কেবল শ্রমজীবী ও কৃষকদিগের শি
দানকার্য্যে বিশেষরূপে বিনিযোজি
করা হউক। ইহাতে আর এক
বিশিষ্ট উপকারলাভ হইবে। এক
ঐসকল পাঠশালায় উচ্চ শ্রেণী
মধ্যম শ্রেণীর বালকেরাও অধ্যয়ন ক
তেছে, কিন্তু যদি অনুধাবন করিয়া দে
যায়, প্রতীয়মান হইবে, পাঠশালাগু
দ্বারা ঐ ঐ শ্রেণীর উচ্চ শিক্ষার প্র
স্কতা জন্মিতেছে। সে প্রতিবন্ধকত
অতিক্রান্ত হইবে এবং যে গুরুপাঠশ
লারূপ কার্য্যটী আরম্ভ হইয়াছে, তাহা
ব্যয়ও বিফল হইবে না। এক্ষণে প্রথ

মিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
াড়ুয়ে ব্রাদার কোম্পানির দোকানে
ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
হতেছে:—

প্রণীত	মূল্য	
ীসইতিহাস	১	টাকা
রামইতিহাস	১	ঐ
ুষণসার ব্যাকরণ	।৵	আনা
ীতিসার (১ ম ভাগ)	৶	ঐ
ীতিসার (২ য়)	৶	ঐ ভাগ

প্রচারিত।

ুগ্ধবোধ ব্যাকরণ ৸ ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

মি শব্দস্তোম মহানিধিনামে একখানি
অভিধান সঙ্কলন করিতে আরম্ভ করি
া পাঁচ খণ্ডে সম্পূর্ণ হইবে, সম্প্রতি
ও প্রচারিত হইয়াছে। প্রত্যেক খণ্ডের
ই টাকা। গ্রাহকেরা সংস্কৃত
পুস্তকালয়ে অথবা সংস্কৃত কালেজে
নিকটে অনুসন্ধান করিলে পাইতে পারি

সাল } শ্রীতারা[illegible]থ শর্ম্মা
ছন } কলিকাতা সংস্কৃত কালেজ

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

াজী বাঙ্গালা পুস্তক কাগজ কলম নানা
াদি পাওয়া যায় এবং পুস্তকাদি
আনার হিসাবে কমিসন দি আর
পুস্তক লইলে ৵১০ আনার হিসাবে
:

বৃক্ষ ঔষধাবলী	৪ টাকা
টীপ অরমোড়শীম গঙ্গা-	
াদ ডাক্তর প্রণীত	১০ ঐ
ধৃত সটীক	১৷৷০ ঐ
বে সটীক	৸৷৷০ ঐ
পাতাল সটীক	২৷৷০ ঐ
ান সটীক	৪ ঐ
ভাগবত সটীক	৩২ ঐ
কৃত	১০ ঐ
টীকাদ্য রায়মঙ্গল ও অন্নদা-	
টীকা সহিত	৩২ ঐ
কৃত ডেক্সনারী উইলসন	
বকৃত	৫০ ঐ

শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহো
দয়ের প্রণীত গদ্য ১৮ পর্ব্ব মহাভারত

১৭	খণ্ড সম্পূর্ণ	৬০	ঐ
ঐ ৬	ঐ বিরাটপর্ব্ব	৩	ঐ
ঐ ৭	ঐ উদ্যোগপর্ব্ব	৩	ঐ
ঐ ৮	ঐ ভীষ্মপর্ব্ব	৩	ঐ
ঐ ৯	ঐ দ্রোণপর্ব্ব	৩	ঐ
ঐ ১০	ঐ কর্ণপর্ব্ব	২	ঐ
ঐ ১১	ঐ শল্য পর্ব্ব	২	ঐ
ঐ ১২	ঐ সৌপ্তিক পর্ব্ব	১	ঐ
ঐ ১৩	ঐ স্ত্রী পর্ব্ব	১৷৷	ঐ
ঐ ১৪	ঐ শান্তিপর্ব্ব রাজধর্ম্ম	৩	ঐ
ঐ ১৫	ঐ মোক্ষধর্ম্ম	৩	ঐ
ঐ ১৬	ঐ অনুশাসন পর্ব্ব	৩	ঐ
ঐ ১৭	ঐ শেষ পাঁচ পর্ব্ব	৩	ঐ
বিচার তরঙ্গিনী অর্থাৎ বেদান্ত দর্শ-			
নান্তর্গত বিচার ও মীমাংসা বচন			
প্রমাণ সহিত		১	ঐ
শ্রুতি দর্পণ		১	ঐ
অষ্টাবিংশতি তত্ত্বশ্রুতি		৩২	ঐ
প্রাচীন সংহিতা ২০ খণ্ডে সম্পূর্ণ		২৫	ঐ
আত্মতত্ত্ব বিবেক তাৎপর্য্য সহিত		৩	ঐ
উত্তর নৈষধ নারায়ণী টীকা সহিত			
১২ খণ্ডে সম্পূর্ণ		১২	ঐ
সিদ্ধান্ত কৌমদী সম্পূর্ণ		১৮	ঐ
ঐ শেষ খণ্ড		৭	ঐ
বিবেকাবলী বেদান্তদর্শনের			
মত ও বিচার		২৷৷	ঐ
কর্ম্মাঙ্গন কর্ম্মকাণ্ড বিষয় সিদ্ধান্ত		২	ঐ
দায়ভাগ কুলব্রুক সাহেবকৃত ইং-			
রাজী তর্জ্জমা		১০	ঐ

কলিকাতা জোড়া- } শ্রীপ্রতাপচন্দ্র রা-
সাঁকো ৬৪ নং } নগদ বিক্রেতা

—:০:—

বাঙ্গালা ভূচিত্রাবলী।

কয়েকখানি অভিনব এটলাস দৃষ্টে প্রস্তুত
ইহাতে ৩২ খানি মাপ আছে। উত্তমরূপে
বাধান। স্কুলবুক সোসাইটি, সংস্কৃত যন্ত্রে
পুস্তকালয়ে. নর্ম্মাল স্কুলে ও পটলডাঙ্গ
কর্ণওয়ালিসের পুস্তকালয়ে পাওয়া যায়
মূল্য ৪৷৷ টাকা।

শ্রীনীলকমল ঘোষাল।

—:০:—

২৪ পরগণার অন্তঃপাতী কৌমালিয়ার যে
গবর্ণমেণ্ট সাহায্যকৃত বাঙ্গালা পাঠশালা ছিল
তাহা উঠিয়া হরনাভি ইং সং বিদ্যালয়বাটী

মধ্যে আসিয়াছে। যাঁহারা স্ব স্ব সন্তানা
কথায় পড়াইবার বাসনা করেন, তাঁহারা ই
বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকটে উপ
হইলে নিয়মাদি অবগত হইতে পারি
সমুদায়ে ৪ চারি শ্রেণী করা হইয়াছে।
শ্রেণীর ৷৷০ আট আনা, দ্বিতীয় শ্রেণীর
ছয় আনা, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ।০
আনা ছাত্রদের বেতন স্থির করা এবং
ধানাদির উত্তমরূপ ব্যবস্থা করা হইয়াছে।

১২৭৫ } শ্রীদ্বারকানাথ শর্ম্মা
৪ঠা মাঘ } অধ্যক্ষ।

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণু পুরাণ।

অনুবাদও টীকা সমেত প্রত্যেক
৮০ পৃষ্ঠা অগ্রিমমূল্য ৷৷০।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মু
আমহর্ষ্টষ্ট ৩৪।১ নং ভবনে কাব্য
যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত বিদ
শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারের নামে
খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন।
না পাইলে বিশেষে বিষ্ণুপুরাণ পাঠ
নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

মাণ্ডেন ষ্ট্রীট ২৪ নং বাটী গুদামঘর
১৯ নম্বরোক্ত বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহা
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন
স্বত্ব ব্যক্তির নিকট জানাইবেন:

গিলেণ্ডার্স আরবে
থনট এবং কো

সোমপ্রকাশ।

১২ ই ফাল্গুন সোমবার।

গতবারে শিবপুরের এক জন
প্রেরক লিখিয়াছিলেন, এবারেও লি
য়াছেন, তত্রত্য মিউনিসিপালিটি
শয় অবিচার করিতেছেন। যিনি
বাটীর যে ভাড়া পাইতেছেন,
তাহার প্রমাণ প্রদর্শন করিতে
কিন্তু আসেসর তাহা গ্রাহ্য করিবে
না। তিনি আপনার ইচ্ছামত

াম শ্রেণীর উচ্চপ্রকার শিক্ষালা
ই ন জন্মিয়াছে। সে ইচ্ছা গবর্ণমে
সাধ্যমে ক্রমেই পূর্ণ করিয়া
আরব্ধ গুরুপাঠশালার অঙ্গ
ক ও শ্রমজীবীদিগের নিমিত্ত
ও পরিবর্দ্ধিত করা হউক এবং
তাহারা সচ্ছল হয়, তাহাদিগের
ন স্থায়ী বন্দোবস্ত করিয়া
হউক। সচ্ছল হইলে ঔৎসুক্য
তাহারা স্বতই শিক্ষাকার্য্যে
হইবে। উহাদিগের শিক্ষার ব্যয়
ভারগ্রহণ গবর্ণমেণ্টের যে অবশ্য
প্রস্তাবলেখক তাহা সুন্দররূপে
প্রন্ন করিয়াছেন। তন্নিমিত্ত তিনি
দিগের অকৃত্রিম ধন্যবাদের পাত্র
ছেন। বঙ্গদেশে যে আয় হইতেছে,
দিগের শিক্ষার্থ যে ব্যয় দেওয়া
ছে, তাহা কোনরূপে তাহার অনু
য়াছে। আজিও গবর্ণমেণ্টের অনেক
অবশিষ্ট আছে। এদেশীয়দিগকে
শিখান উচিত কি না, এই প্রশ্নের
সার পর যখন গবর্ণমেণ্ট বঙ্গদেশে
বিদ্যালয়ের দ্বার উদ্ঘাটন করি
তখন কি টাকা কোথায় পাওয়া
, এই প্রশ্ন উত্থাপিত হইয়াছিল?
খেন কেন এ প্রশ্ন উত্থিত হইতেছে?
র অনটন হইলে পরোক্ষ করদ্বারা
পরিপূরিত হইয়া আসিবে। অপ
কর এদেশীয়দিগের একান্ত
ঃ।

—০—

উপনিবেশে ক্রীতপ্রেরণ বন্ধ করা উচিত।

নেপলিয়নের অধঃপতনের পর ইংল
একখানি পত্র কৌতুক করিয়া লাড
করিয়ার এক প্রতিমূর্ত্তি প্রকাশিত
ন। লাড কাসলরিয়ার কোরতার
ক্ষেত্রে নানা দেশ ও প্রদেশের
ছিল। কোনখানি প্রশিয়া, কোন
খানি রুশীয়া, কোনখানি অষ্ট্রিয়া বাহির করিয়া লইতেছেন। কাসলরিয়া হাস্য ও নমস্কার করিতেছেন; এটী কাসলরিয়ার নহে, ইংরাজ জাতির চিত্রপট। পরের জন্য আপনার অনিষ্ট আর কোন জাতি এত করেন নাই। ওয়াটারলুর যুদ্ধের পর ইংলণ্ড ইউরোপের কর্ত্রী হন তিনি না থাকিলে কখনই নেপলিয়নের পতন হইত না, কিন্তু সহস্র সহস্র সৈন্য ও কোটি কোটি টাকা নষ্ট করিয়া ইংলণ্ড কয়েকটীমাত্র সামান্য উপনিবেশ লইয়া সন্তুষ্ট হইলেন; লাভ জর্ম্মণী ও রুশী য়ার হইল। গৃহে প্রত্যাগমন করিয়া জন বুল দেখিলেন, ছয় শত কোটি টাকা ঋণ হইয়াছে। জর্ম্মণীর উপরে ইংলণ্ডের বড়ই প্রেম, জর্ম্মণীর যত বার বিপদ হইয়াছে, তত বার ইংলণ্ড সৈন্য ও টাকা দিয়া সাহায্য করিয়াছেন; কিন্তু আপনার কাজ হইবামাত্র জর্ম্মণীর রাজকুমারগণ ইংলণ্ডকে অপমান করিয়াছেন। তথাপি কল্য যদি ফরাশী সৈন্যগণ রাইন নদীস্থিত প্রদেশটি গ্রহণ করে, পরশ্ব ইংলণ্ড নিরপেক্ষ রাজনীতি পদদ্বারা দলন করিয়া যুদ্ধঘোষণা করিবেন। কিন্তু লণ্ডন ভস্মসাৎ হইলেও এক জন জর্ম্মণীর দুঃখপ্রকাশ করেন কি না সন্দেহ। কাফ্রিদিগকে ক্রীত দাস করিয়া কষ্ট দেওয়াতে ইংলণ্ড দুঃখিত হইয়া ২০ কোটি টাকা ব্যয় করিয়া তাহাদিগের স্বাধীনতা সম্পাদন করিলেন। অদ্যাপি প্রতিবৎসর লক্ষ লক্ষ টাকা ব্যয় করিয়া ইংলণ্ড ক্রীতদাসত্ব নিবারণ করিতেছেন। এটি প্রশংসার বিষয় সন্দেহ নাই। ফরাশী আবাদকরগণ আফ্রিকা হইতে কুলি বলিয়া ক্রীত দাস লইয়া যাইতেন। ইংলণ্ড বলিলেন, ও কাজ করিও না। তবে লোকের আবশ্যক হয় ত আমার ভারতবর্ষীয় পুত্রগণ তোমা দিগের ইক্ষুক্ষেত্রের কৃষিকার্য্য সম্পা করিবে। ফরাশী গবর্ণমেণ্ট কুলি ল যাইবার স্বত্ব পাইলেন। ডেনমার্ক আ রাজকুমারী ইংলণ্ডের উত্তরাধি রীকে প্রদান করিয়া কিঞ্চিৎ পণ প্রা করিলেন। ভদ্রতায় জন বুল খর্ব্ব হই লোক নহেন। অমনি ডেনমার্কীয় নিবেশে ভারতবর্ষের কুলি প্রের আজ্ঞা দিলেন; কিন্তু ইংলণ্ডের ভদ্রতা বিষময় ফল উৎপাদন করিতে

ইংলিশমানের পারিসস্থ সং দাতা বলেন, সম্প্রতি আমেরিকার স এখানি ক্ষুদ্র নৌকাতে চারি জন ভারতীয় কুলি লক্ষিত হয়। এক ফরাশী কাপ্তেন তাহাদিগকে দেখি পান। নিকটে গিয়া কাপ্তেন দেখি ইহাদিগের সকলের গলদেশ ছি নিজের জাহাজ তুলিয়া কারণ জিজ্ঞ করাতে ইহারা বলিল, উপনিবে আবাদের কষ্ট সহ্য করিতে না পা তাহারা পলায়ন করিতেছিল। স পড়িয়া আহার নিঃশেষিত হওয় তাহারা দশ দিন অনশন থাকে। ব্যক্তি ক্ষুধা সহ্য করিতে না পা জলে পড়িয়া প্রাণত্যাগ করিয়াছি তাহারাও অধৈর্য্য হইয়া আত্মহ নিমিত্ত গলদেশে ছুরিকা দেয়। ব্যক্তি কয়েক ঘটিকার পর প্রাণ করে। এক ব্যক্তি আরোগ্যলাভ ক ফ্রান্সে গমন করিয়াছে। তাহাকে এ দেশে প্রেরণ করা হইবে। উপ শের আবাদে ভয়ঙ্কর কষ্ট। যেমন শ্রম, সেইপ্রকার যন্ত্রণা। আবাদক সর্ব্বত্র সমান। প্রহার তাঁহাদিগের অস্ত্র। উপনিবেশ হইতে যে সকল প্রত্যাগমন করে, তাহাদিগের স তাহার ভয়ঙ্কর বর্ণনা করিয়া থাকে কিছু সুখ মরিসসে আছে। কিন্তু রেরা, গায়ানা, বোরবণ, সিচে

শ্রমের সহিত তিন মাস কারাবাসের আজ্ঞা
ন করিয়াছেন।

কেমন সুন্দর বিচার করিলেন? অনেক বিচা
ত সাক্ষ্যের অনেকা দেখিলেই যে অপ-
কে মুক্তি দিয়া থাকেন, ইহার ভূরি ভূরি
াণ প্রাপ্ত হওয়া যায়, কিন্তু এই মহাত্মা সাক্ষী
র সাক্ষ্যের বৈষম্য দেখিয়া স্বয়ং তদারক
লেন। এরূপ ধর্ম্মসঙ্গত ন্যায়পরায়ণ বিচার
এপ্রদেশে না থাকিলে বহুতর অনর্থ
ত। এখানে সর্ব্বদাই জটিল ফৌজদারী মক-
উপস্থিত হয়। ডেপুটি বাবু অনেক মিথ্যা
ীর দণ্ড দিয়াছেন। ইহাঁর নিকট মিথ্যা
দ্দমা উত্থাপন করিতে কাহারও সাহস হয়
এরূপ সামান্য সামান্য মকদ্দমাও এপ্রকার
রূপে বিচার করিয়া থাকেন। এতাদৃশ ন্যায়
বিচারপতি অগণ্য ধন্যবাদের পাত্র সন্দেহ
। আমি এক দিন বিষ্ণুপুরে গিয়া ইহাঁর
রকার্য্য দেখিয়া অপরিসীম আনন্দ লাভ
য়া আসিয়াছি। বিচারের সময় রাগ দ্বেষাদি
হইয়া অতি মৃদুভাবে বিচার কার্য্য নির্ব্বাহ
য়া থাকেন।

ডেপুটি বাবু যে সময় সেগো আসিয়া উপ
ত হন, সে সময় স্কুলের সময় নহে, তখন
া ৮ টা, অন্যান্য কার্য্যানুরোধে অধিকক্ষণ
কতে না পারাতে স্কুল দেখিতে পারলেন
তন্নিবন্ধন আমি অত্যন্ত ক্ষুব্ধ হইয়াছি।
ধ করি ডেপুটি বাবু আমার এই ক্ষোভ নিবা
করিবেন। আমি পূর্ব্বে তাঁহার আসিবার
াদ পাইলে অবশ্যই প্রাতঃকালে স্কুল বসা
ম। যৎকালে আমি বিষ্ণুপুর গমন করিয়া-
ম, সেই সময় তাঁহার নিকট সেগোর বিদ্যা
ষ্টের দুরবস্থার বিষয় অবগত হওয়াইলে
নি তাহা স্মরণার্থ লিখিয়া লইলেন এবং
লেন, যাহাতে সত্বর গৃহসংস্কার হয় আমি
া করিয়া দিব। জগদীশ্বরের নিকট প্রার্থনা
নিরাপদে থাকিয়া এইরূপ দেশের শ্রীবৃদ্ধি
ন করিতে থাকুন।

৪ ফেব্রুয়ারি } জেলা বাঁকুড়ার অন্তঃপাতী
১৮৭৯ } সেগো মাইনর স্কুল আ শি ব
দাসের ১ম শিক্ষক
শ্রীমধুসূদন শর্ম্মণঃ

—:০:—

সম্পাদক মহাশয়! এই বঙ্গ জাগলীতে যে
টি হিতৈষিণী সভা সংস্থাপনের কথা সোমপ্র
শ প্রকাশ করিয়াছিলাম, ৮ ই মাঘ রবিবার
ার প্রথম অধিবেশন হইয়া ছিল। প্রথমতঃ
য় অধ্যবসায় উৎসাহ ও যত্নপ্রভৃতি যে
সকল গুণ থাকিলে সভার স্থায়িত্ব আশাহত
হইতে পারে তদুদ্দীপক একটি বক্তৃতা করা
হইল। তৎপরে যাহাতে স্বাস্থ্য, সুরক্ষিত এবং
যাহাতে মানসিক ও সামাজিক উন্নতি সাধিত
হয় তাহাই যে, সভাস্থাপনের উদ্দেশ্য তাহা বিশ
দরূপে ব্যক্ত করা হইল। অনন্তর সভার কার্য্য
কারকসকল মনোনীত হইলে পর সভা ভঙ্গ
হইল। তৎপরে ২৬ এ মাঘে সভার দ্বিতীয়
অধিবেশন হয়। আত্মাভিমানপ্রভৃতি কীট প্রবিষ্ট
হইয়া অঙ্কুরোৎপত্তিসময়েই যাহাতে সভা-
টিকে নষ্ট করিতে না পারে তদ্ঘটিত একটী
বক্তৃতা এবং সভার অবশ্য প্রতিপাল্য কতি-
পয় নিয়ম ও সভ্যগণের কর্ত্তব্যের বিষয় সংক্ষিপ্ত
রূপে পঠিত হইল। অনন্তর সাধারণ হিতকর
নির্দ্দিষ্ট নিয়মসকল নিঃস্বার্থ ও নিরপেক্ষ
ভাবে ধর্ম্মতঃ প্রতিপালন পক্ষে সাধ্যমত চেষ্টা
করিবেন বলিয়া নির্দ্দিষ্ট ব্যক্তিগণ প্রতিজ্ঞা
পূর্ব্বক নিয়ম পত্রে স্বাক্ষর করিলেন। পশ্চাৎ
গ্রামের রাস্তাগুলি যাহাতে রীতিমত প্রস্তুত
হয় যাহাতে আবার হয় জলাশয়সকল পরিষ্কৃত
থাকে যাহাতে বিদ্যালয়টীর উন্নতি হয় এব
ং যে যে বিষয়ের সহিত সমাজের বিশেষ সম্বন্ধ
আছে যাহার অত্যাচরণতা নিবন্ধন সমাজের
অবনতির সম্ভাবনা আছে তৎতৎপ্রতি দৃষ্টি
রাখা এবং তাহা কার্য্যে পরিণত করিবার
সম্পূর্ণ চেষ্টা প্রভৃতিই আপাততঃ সভার কার্য্যের
সীমা বলিয়া নির্দ্ধারিত হইয়াছে। অদ্য সকলে
যেরূপ অধ্যবসায় লক্ষিত হইল ঈশ্বরপ্রসাদা-
ৎ যদি উহা (অধ্যবসায়) স্থায়ী হয় ও তাহাহইলে
বলক্ষণ ফল লাভের সম্ভাবনা।

নদীয়া জেলার ভূতপূর্ব্ব মাজিষ্ট্রেট শ্রীযুক্ত
বেল সাহেব এবং রাণাঘাটের ডেপুটী মাজি
ষ্ট্রেট শ্রীযুক্ত রামশঙ্কর সেন মহোদয় স্ব স্ব নদীর
কেয়দংশ পরদর্শন করিয়া যেরূপ মন্তব্য প্রকাশ
করিয়াছিলেন উহা পূর্ব্বে প্রকাশ করা হইয়াছে
সম্প্রতি পরম্পরায় শুনিতেছি যে, উক্ত জেলার
বর্ত্তমান মাজিষ্ট্রেট শ্রীযুক্ত মনরো সাহেব মহো
দয় স্বীয় নদী বিশেষ রূপ পরিদর্শন করিয়া
যদি আমাদের দেশের উপকার সাধিত হইবে
এমত বিবেচনা করেন তাহা হইলে তাঁহার
সংস্করণ পক্ষে তিনি বিশেষরূপে যত্ন করিবেন।
উক্ত সাহেব বহুদিবস যাবৎ এদেশে থাকিয়া যেরূপ সুখ্যাতি
লাভ করিয়াছেন, তাঁহার সাধারণ হিতসাধন
তৎপরতা যেরূপ বলবতী বলিয়া লোক পর
ম্পরায় শ্রুত হইয়াছে এবং সুতী নদী খনন
করিলে তদ্তীরবর্ত্তী বহুতর গ্রামের কৃষি বাণিজ্য
স্বাস্থ্য প্রভৃতির বিশেষ উপকার
সাধিত রূপে সাধিত হইবে বলিয়া ব
যথেষ্ট বিশ্বাস আছে, তাহাতে এক
নিশ্চয় বলিতে পারি যে, ইনি ইহার
অনুমোদনীয় বলিয়া বিবেচনা করিলে
কীর্ত্তি মঙ্গলোদ্ভবের নিদানভূত সুতী ন
রূপ এই হিতকর কার্য্য সম্পাদন করিয়া
দিগের দয়াবান গবর্ণমেণ্ট প্রজা
গুণের পরাকাষ্ঠা প্রদর্শন করুন ইহা আ
একান্ত প্রার্থনীয়

১৮৭৯ } শ্রীরামদয়াল ঘোষ
১০ ই ফেব্রুয়ারি } সঃ সঃ বঙ্গজাগরণী

—:০:—

বিনয়পূর্ব্বক নিবেদনমিদং—

সম্পাদক মহাশয়! আপনার গত সং
সোমপ্রকাশে রাণাঘাটের সংবাদদাতা
বেল সাহেবের সুবিচারের যে প্রশংসা ক
ছেন, তাহা কতদূর সত্য আমরা তাহা ব
ইচ্ছা করি না। বোধ হয় সংবাদদাতা
বাঁহাদের অন্নদাস হইবেন, নতুবা বেল
বের এত প্রশংসা কেন? বেল সাহে
কেমন সুবিচারক মেহেরপুরের মেক
সাহেবের মকদ্দমায় ও কৃষ্ণনগরবাসী শ্রী
বাবু লালমোহন ঘোষের সহিত ডন
সাহেবের মকদ্দমায় তাহা অপ্রকাশ নাই
সাহেব এই মকদ্দমাগুলির বিচার করিয়া
সাধারণের প্রশংসাভাজন ও ভারতবর্ষে
স্মরণীয় হইবেন?

২ রা ফাল্গুন } জনৈক পথিক
১২৭৫ } রাণাঘাট

—:০:—

মহাশয় রাণাঘাট সুযোগ্য ডেপুটী
ষ্ট্রেট শ্রীযুক্ত বাবু রামশঙ্কর সেন মহোদয় ম
পর সন ৎ বর্ণিত হইয়াছেন। মফস্বল
শনে বাহির হইয়া যে যে কাজ করিতে
রামশঙ্কর বাবু সেগুলি সমাকরূপেই প
করেন। গত সোমবাসরীয় সোমপ্র
পাঠকবর্গকে উহা সুচারুরূপেই প্রদ
হইয়াছে। রামশঙ্কর বাবু স্বীয় অধীনস্থ
সমস্ত গ্রাম পরিদর্শন করিয়া গত সো
দুর্গোৎসবকালে শান্তিপুরে আগমন করিয়া
এখনকার বর্ত্তমান মুন্সেফী আদালত মা
সম্মুখবর্ত্তী প্রাঙ্গনে ডেপুটী বাবুর পটমণ্ড
স্থিত হইয়াছে। তিনি তথায় অবস্থান
বিচারকার্য্য সম্পাদন করিতেছেন। ত
অধীনস্থ অন্যান্য স্থানের যে সকল মক
বিচার হয় নাই, এখানে তাবৎমস্ত পর্য্যা

ত হইতেছে। প্রতিদিন পূর্ব্বাহ্ণ একাদশ সময়ে তিনি বিচারাসনে উপবিষ্ট হইয়া সপর্য্যন্ত বিপুল পরিশ্রমসহকারে মক র তন্ন তন্ন করিয়া বিচার করিতেছেন, প্রায় অনেকেই তাঁহাকে পরিশ্রমশীল ক্তকণ্ঠে সাধু বাদ প্রদান করিতেছেন। রামশঙ্কর বাবু প্রকৃত সাধুবাদের পাত্র তাঁহার বিচরপ্রণালী যেরূপ বিশুদ্ধতাবা ব্যবহারমার্গ ও ধর্ম্মনীতি স্বরূপ বিশুদ্ধ পরিপূর্ণ দেখিয়া আমরা সাতিশয় সন্তুষ্ট ছি। তাঁহার রাজকার্য্য বিষয়ে পরিশ্রম, অনুরাগ দেখিয়া বোধ হইতেছে যে, স্বীয় অধীন (ফৌজদারী আমলা।) রীর উপরে কোন কর্ম্মের নির্ভর করেন পায় সমুদয় বিষয় স্বয়ং তন্ন তন্ন করিয়া া লইয়া কাজ করিয়া থাকেন। আমরা ট বাবুর আগমনসম্বাদ শুনিয়া প্রফুল্ল তাঁহার সহিত সাক্ষাৎ করণাভিপ্রায়ে ওপে গমন করিয়াছিলাম, তাহাতে তিনি মনে আমাদিগকে সাদর সম্ভাষণে গ্রহণ ত আমরা যার পর নাই আহ্লাদিত ও ত হইয়াছি। তিনি আমাদিগকে দেখিয়া বে দেশহিতকর যে যে বিষয়ের প্রস্তাব তাহাতে তাঁহার দেশহিতৈষিতা বিদ্যোৎ া পরিণামদর্শিতা এবং মহানুভবতাগুণের ন পরিচয় হইয়াছে। আমরা তাঁহার া অমায়িকতা নীতিজ্ঞতা ভদ্রতাপ্রভৃতি গুণেও অত্যন্ত প্রীত ও বাধিত হইয়া দ প্রদান করিতেছি। শান্তিপুরে একটী চিকিৎসালয় ও একটী গবর্ণমেণ্ট ইং বিদ্যালয়ের স্থাপনায় তাঁহার ঐকান্তিক ও যত্ন দেখিয়া প্রায় সকলেই উহাতে াদন করিয়াছেন। এতদ্ব্যতীত এখানে উৎকৃষ্ট জলাশয় অথবা বড়বাজারের সম্মু খাল খনন এক জন সচ্চরিত্র সব আসি র্জ্জন আনয়ন ও এক জন (মিউনিসিপ বায়ে) ডেপুটী মাজিষ্ট্রেট ও মিউনিসি সভার প্রতিনিধি সভাপতি নিয়োজন অনেকেই তাঁহাকে গবর্ণমেণ্টকে জানা অনুরোধ করিয়াছেন। তাহাতে তিনি ব সহিত অনুমোদন করিয়া রহিয়াছেন স্তাবিত বিষয়ে বিশেষ রূপ মনোযোগী তিনি গবর্ণমেণ্টকে ঐসমস্ত বিষয় অবশ্য ারে জানাইবেন। এখানকার পুলিষের প্রণালী সংশোধন ও সবইন্‌স্পেক্টর হেড কনষ্টেবল পরিবর্ত্তন বিষয়ে যাঁহাদ গের ঐকান্তিক প্রার্থনা আমরা বোধ করি তাঁহারা উহা ডেপুটী বাবুকে অবশ্যই পরিজ্ঞাত করিবেন। বস্তুতঃ অত্রত্য পুলিষ সব ইনেস্পে ক্টর ও হেড কনষ্টেবল নানা কারণে অনেকের আক্ষেপের কারণ হইয়া উঠিয়াছেন। রামশঙ্কর বাবুও পুলিষের বর্ত্তমান কার্য্য প্রণালী দেখিয়া অসন্তুষ্ট হইয়াছেন।

উপসংহারকালে বক্তব্য এই যে, ইতিপূর্ব্বে আমরা ডেপুটী বাবুর যে সকল সদ্গুণাবলী শ্রবণ করিয়াছিলাম, এক্ষণে তৎসমস্ত স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া চক্ষুকর্ণের বিবাদ ভঞ্জন করিলাম। আমরা কায়মনোবাক্যে পরম পিতা পরমেশ্বর সন্নিধানে প্রার্থনা করিতেছি এইযে রামশঙ্কর বাবু দীর্ঘ জীবী হইয়া কিছুকাল রাণাঘাটে থাকিয়া সুবিচার বিতরণ ও দেশের হিতব্রত প্রতিপালন করিয়া সাধারণ সমাজের যশোভাজন ও কর্ত্তৃপক্ষের স্নেহভাজন হউন।

এখানকার ছোটআদালত গত জানুয়ারি মাসে রাণাঘাটে উঠিয়া গিয়াছে। এজন্য অত্রত্য অধিকাংশ বিষয়ী লোক মকদ্দমা করিতে অসম্মত হইয়াছেন। অল্প টাকার মকদ্দমা প্রায় সকলেই স্থগিত করিয়াছেন। অধিক ব্যয় ও পরিশ্রম এবং কষ্টই তাহার প্রধান কারণ। বস্তুতঃ রাণাঘাটে উক্ত আদালতটী উঠিয়া যাওয়াতে শান্তিপুরের ন্যায় অন্যান্য দেশস্থ প্রায় সমস্ত বিষয়ী লোক যার পর নাই কষ্ট পাইতেছেন। উকীল মোক্তারেরা বাসার অভাবে দ্বারে দ্বারে উপাসনা করিতেছেন। বাসস্থানের অপ্রতুলতা ও খাদ্য দ্রব্যাদির দুর্ম্মূল্যতা নিবন্ধন অর্থীপ্রত্যর্থিগণের অভাবনীয় কষ্ট উপস্থিত হইয়াছে। রাণাঘাট হইতে উক্ত আদালত পুনর্ব্বার শান্তিপুরে উঠিয়া আইসে, ইহাই প্রায় সমস্ত ব্যক্তির অভিপ্রেত। এবিষয়ে গবর্ণমেণ্টের অনুমতিপ্রত্যাশায় একখানি সুদীর্ঘ আবেদন পত্র প্রস্তুত হইয়াছে। সকলই তাহাতে স্বেচ্ছানুসারে স্ব স্ব নামস্বাক্ষর করিতেছেন। প্রত্যর্পিত নাম সংখ্যা স্বাক্ষরিত হইলে উহা যথা স্থানে প্রেরিত হইবে।

শান্তিপুর
১০ই ফেব্রুয়ারি
১৮৬৯।
} শ্রীরামাচরণ সান্যাল

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু বিহারীলাল শীল মুরসিদাবাদ ৭
ঐ * উমেশচন্দ্র চট্টোপাধ্যায় লক্ষীসরাই ৭
ঐ রাজনারায়ণ দাস কৌড়র রোসড়া ৭

* * শ্যামাচরণ রায়চৌধুরী বেহ
রঙ্গপুর
শ্রীযুক্ত আর এল, মার্টিন মেদিনীপুর

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য ঋর্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্পটিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, সেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ ব যাইবে। শেষ বারের পত্র রেজারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাই)।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে রিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি পং আনা তাহার পর /১০ আনা দিতে হই যান অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দাক্ষণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাদড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃ প্রকাশিত হয়।

সেন বিদায় লইয়া ইউরোপে থাকিবেন, তত সার্জ্জন টি, মাথু বারজিলিতের প্রতিনিধি বিল সার্জ্জন হইবেন।

তৃতীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন কালী য় মিত্র কিছুদিনের নিমিত্ত ছাপরার দাতব্য কৎসালয়ের ভার পাইবেন।

৫ ই ফেব্রুয়ারি। যত দিন ডাক্তর জে, এফ, , ওয়াইজ বিদায় লইয়া অনুপস্থিত থাকি , তত দিন ডাক্তর এচ, সি, মটক্লিফ চাকার তনিধি সিবিল আসিষ্টাণ্ট সার্জ্জন হইবেন।

পবলিক ওয়ার্ক বিভাগ। দ্বিতীয় শ্রেণির তনিধি সুপরিণ্টেণ্ডেণ্ট ও ইঞ্জিনিয়র টি, এস, ক্লাক সাহেব মেজর ডবলিউ, এস, টেলরের পস্থানকালে রাজধানী চক্রবাড়ের প্রাত সুপরিণ্টেণ্ডেণ্ট ইঞ্জিনিয়র হইবেন। তিনি ফব্রুয়ারি পূর্ব্বাহ্নে স্বীয় কার্য্যভার গ্রহণ য়াছেন।

রীক্ষোত্তীর্ণ চাত্র বাবু উমাকান্ত ঘোষ য়া বিভাগে পরীক্ষার্থ তৃতীয় শ্রেণির নিয়র হইবেন।

—:০:—

ইউরোপীয় সমাচার।

ওয়াশিংটন ১০ ই ফেব্রুয়ারি। মহাসভা নপ্রণালীর পরিবর্ত্ত করিয়া কাফ্রিদিগকে তনিধি মনোনীত করিবার ক্ষমতা দিবার াট করিয়াছেন।

গুন ১১ ই ফেব্রুয়ারি। স্পেন হইতে শেষ গ্রামে প্রকাশ , বরগসের শাসনকর্ত্তার অনুসন্ধানার্থ সামরিক বিচারালয় ত হইয়া এক ব্যক্তির মৃত্যুদণ্ডের আজ্ঞা ছে। গবর্ণমেণ্ট এই আজ্ঞার পরিবর্ত্ত যাবজ্জীবন কারাবাসের আজ্ঞা দিয়া ।

গুন ডরির প্রতিনিধি মিয়ন্সুসপ্তে মনো হইয়াছেন। টর্টন ও'টক কোর্টের প্রতিনিধি র বিরুদ্ধ আবেদন পরিত্যক্ত হইয়াছে। নব কনসারেটর প্রতিনিধি বেল সাহেবের সংবাদ প্রকাশিত হইয়াছে।

১ ই ফেব্রুয়ারি। প্রেস হইতে শেষে টেলি প্রকাশ করে, মন্ত্রর ডাইমস মন্ত্রিবর্গে ক করিয়াছেন, তাঁহারা স্বীয় স্বীয় পদ গ্রহণ ত সাধারণ ঘোষণা হইয়াছে।

রাণী সীমায় কতগুলি কানিষ্ট মৃত ছে।

২ ই ফেব্রুয়ারি। ডুসভা যে প্রস্তাব করিয়াছিলেন, তদ্বিষয়ে গ্রীস যে সম্মতি দিয়াছেন, তাহা লইয়া গত সোমবার কাউণ্ট ওয়ালেস্কি এথেন্স ত্যাগ করিয়াছেন।

রুমেলিয়ার জাতিসাধারণ সভা অকারণ গবর্ণমেণ্টের প্রতিবন্ধকতা করাতে ভঙ্গ হইয়াছেন।

কানাডা হইতে সংবাদ আসিয়াছে, ডি আসিমাকগির হত্যাকারী দুইপানের ফাঁসী হইয়াছে।

স্পেন হইতে টেলিগ্রামে প্রকাশ করে, মহাসভার অধিবেশন আরম্ভ হইয়াছে।

সেনাপতি সেরাণো প্রারম্ভিক বক্তৃতায় বলিয়াছেন, আপাততঃ গবর্ণমেণ্ট গৌরবসহকারে কার্য্য করিতেছেন। তিনি অনুরোধ করিতেছেন, পরিমিত ব্যয় এবং নানা বিভাগের প্রয়োজন বিবেচনা করিয়া দেশের উৎকর্ষ সাধন করা কর্ত্তব্য।

গত কল্য ফিশ মন্ত্রার বাটীতে মন্ত্রীদিগকে মহাসমারোহে একটী ভোজ দেওয়া হইয়াছে। মাডষ্টোন সাহেব বক্তৃতা করিয়া বলিয়াছেন, আয়ারলণ্ডের প্রোটেষ্টাণ্ট সম্প্রদায় উঠান মন্ত্রীদিগের স্থির কল্পনা। তিনি শীঘ্র এবিষয়ে যত্নবান হইবেন।

ডেলি নিউস বলেন, কমিসরিএট বিভাগের যেসকল কর্ম্মচারী আবিসিনিয়ার যুদ্ধে উপস্থিত ছিলেন, তাঁহাদিগকে পুরস্কার প্রদান করা কর্ত্তব্য।

ইংলণ্ডীয় সংবাদপত্রসমূহ পুনর্ব্বার মধ্য আসিয়ার অবস্থা লইয়া আন্দোলন করিতেছেন।

পেরা ১৩ ই ফেব্রুয়ারি। এখানে সংবাদ আসিয়াছে যে ১১ ই ফেব্রুয়ারি সন্ধ্যার সময় ফুয়াদ পাশা নিস নগরে প্রাণত্যাগ করিয়াছেন। তাঁহার মৃত্যুনিবন্ধন সকলে বিশেষ আক্ষেপ করিয়াছেন, কিন্তু ভাস্ক ত্যাগ করা অবধি তিনি উক্ত দেশের রাজনীতির উপরে অল্পই ক্ষমতা চালন করিতেন। ফুয়াদ পাশার মৃত্যু হওয়াতে আলী পাশা প্রধান উজীরের কার্য্যের সহিত পররাষ্ট্র বিভাগের মন্ত্রীর কাজ করিবেন। তুরস্কে স্বরাষ্ট্র বিভাগের পদ নূতন সৃষ্টি হইয়াছে। মন্ত্রিসভার অধ্যক্ষ মিথুদ পাশা বোগদাদে বদলী হইয়াছেন। কেয়াব নীল তাঁহার পদে প্রতিষ্ঠিত হইয়াছেন।

ফুয়াদ পাশার মৃত দেহ তুরস্কে আনিবার নিমিত্ত সুলতান নিস নগরে একখানি জাহাজ প্রেরণ করিবার আজ্ঞা দিয়াছেন।

—:০:—

আমাদিগের লাহোরস্থ :

দাতা লিখিয়াছেন:—

১। মাঘমাসের শেষ হইল, তথাপি অদ্যাপি শীতের বিলক্ষণ প্রাদুর্ভাব ল তেছে। এখানে এখন যেরূপ শীত অঞ্চসে পৌষমাসেও বোধ হয় এরূপ না। এই সময়ে দিবাভাগ প্রায় মেঘাচ্ছ মধ্যে মধ্যে এক এক বিন্দু বারিও বর্ষণ হ

এবার উত্তরপশ্চিম মধ্য ভারতবর্ষ প্রভৃতি সর্ব্বত্রই খাদ্য দ্রব্য দুর্ম্মূল্য হইয় এখানে এখন ৫ টাকা চাউলের মণ, টাকায় ৮ ১০ সের। তবে পঞ্জাব রেল প্রসাদে ও গবর্ণমেণ্ট চতুর্দ্দিকে খাল খনন তেছেন বলিয়া দীন দরিদ্র লোকে যৎকি উপার্জ্জন করিতে পারিতেছে। ইহাতে দুর্ভি বড় সম্ভাবনা নাই, আর গবর্ণমেণ্ট আমদানি রপ্তানির জন্য রেলওয়ের কমাইয়া বড় উপকার করিয়াছেন।

২। কয়েক দিন হইল অত্রস্থ মিসনরি জের পারিতোষিক বিতরণ উপলক্ষে সভা হইয়াছিল। তাহাতে লেপ্টনাণ্ট ম্যাকলিয়ড সাহেব সভাপতির আসন প করিয়া বিদ্যালয়ের অধ্যক্ষদিগের ও দিগের উৎসাহবর্দ্ধন করেন। অবশেষে বোধ হয় এইস্থানে আমার এই শেষ উপ শীঘ্রই আমি কার্য্যক্ষেত্র হইতে অবসর করিব।

এই কলেজের অধীনে একটী রজনী লয় ও বালিকাবিদ্যালয় আছে। শুনি অত্রস্থ গবর্ণমেণ্ট কলেজ অপেক্ষা এই মি কলেজ ভাল।

৩। সম্প্রতি পঞ্জাব রেলওয়ের আসি প্রজেক্ট এক জন ইংরাজ তহবিলভাঙ্গা বি নাতকতাপ্রভৃতি অপরাধে অপরাধী হইয়া দুই বৎসরের জন্য কারারুদ্ধ হইয়াছেন। লাম এখানকার বিচারপতিরা স্বজাতীয় পাতে অন্ধ নহেন, ইঁহাদিগের হাতে ই অপরাধী কখনই অব্যাহতি প্রাপ্ত হয়েন না

৪। এখানে দুটী স্ত্রী মন্ত্রাল বিদ্যালয় ও ৮। বালিকা বিদ্যালয় আছে। তাহাতে প্রায় ৩ ৩৫০ শত ছাত্রী অধ্যয়ন করিতেছে। মুসল ছাত্রীরা পৃথক বিদ্যালয়ে পড়ে। তাহাদের উর্দ্দু ভাষা, আর পঞ্জাবী ছাত্রীরা হিন্দ গুরুমুখী ভাষা অধ্যয়ন করে। এইসকল বি

অন্য গবর্ণমেণ্ট হইতে প্রায় ৫০০, টাকা প্রদত্ত হইয়া থাকে। স্থানীয় চাঁদা যাহা আছে, তাহাও নিয়মিতরূপে আদায় আমাদের একটী বঙ্গীয় ভ্রাতা বাবু নবীন মহাশয় এইসকল বিদ্যালয়ের উন্নতি বিশেষ যত্নশীল।

গত রবিবারে অত্রত্য ব্রাহ্মসমাজে কতগুলি পঞ্জাবী ব্রাহ্ম উপস্থিত ছিলেন। বাবু নবীনচন্দ্র রায় অতি সুন্দররূপে হিন্দী ভাষায় বক্তৃতা ও সমাজের কার্য্য সংসাধন করিলেন, এই নবীন বাবু সাধারণ হিত সাধনে ও পরোপকার করিতে বিশেষ যত্ন

পঞ্জাবীরা বিদ্যাশিক্ষা করিতেছে অনেক বিষয়ে ভাল হইতেছে, কিন্তু আহার ব্যবহার ও রীতিনীতিবিষয়ে আজিও অনেক রহিয়াছে। আমি যখন গোয়ালিয়র তথাকার লোকের আচার ব্যবহারের দেখি, তখন ইতরলোকদিগের স্ত্রীলোক বিবস্ত্র হইয়া নদীতে স্নান করিতে বিরক্ত হইয়াছিলাম। এখানে যেরূপ তাহাতে গোয়ালিয়রের স্ত্রীলোকেরা ভাল। এখানে খালের মধ্যে প্রকাশ্য পথের ধারে গৃহস্থের স্ত্রীলোকেরা অসঙ্কুচিত অকুণ্ঠিত চিত্তে সর্ব্বসমক্ষে বিবস্ত্র হইয়া তীরে রাখিয়া স্নানাদি করিতেছে। ঘাট স্ত্রীলোকের জন্য পৃথক ঘাট করিয়া কিন্তু কিছুতেই এই কুৎসিত ব্যবহার রহিত করিতে পারেন নাই।

—:০:—

কোরহাটীস্থ সংবাদদাতা লিখিতেছেন:—

মহাশয়ের মফস্বলভ্রমণ। সংপ্রতি আমাদের সুনামগঞ্জের ডিপুটী ম্যাজিষ্ট্রেট বাবু চণ্ডীচরণ ভট্টাচার্য্য মহাশয় মফস্বল পরিদর্শনে গিয়াছিলেন। তাঁহার এই সাব ভ্রমণে অধী প্রত্যর্থীর সমধিক কষ্ট হইতেছে। তিনি কোন দিন কোন স্থানে করেন, পূর্ব্বে কেহ জানিতে পারে না। যে তাঁহার আগমন হয়, সেই খানেই কাছারী তাঁবু সংস্থাপিত হইয়া থাকে। জানা থাকে না বলিয়া অধী প্রত্যর্থী মোকদ্দমাকে যে কত কষ্ট ও অসুবিধা সহ্য হয় তাহা বলা যায় না। প্রজাগণের মঙ্গলোদ্দেশেই গবর্ণমেণ্ট উপযুক্ত ভাগীয় শান্তিরক্ষকদিগের মফস্বলভ্রমণপূর্ব্বক বিচারকার্য্য সম্পাদনের নিয়ম প্রবর্ত্তিত করিয়াছেন; কিন্তু তাহাতে যদি তাহাদের সমধিক অনিষ্ট ও কষ্ট হয়, তাহা হইলে এবম্বিধ নিয়মের অস্তিত্বের আবশ্যকতা কি? শুনিতে পাই, ডিপুটী বাবুর অভিলষিত স্থানে যথাসময়ে কোন আমলার উপস্থিত হইতে কিঞ্চিৎ ত্রুটি হইলে তিনি অত্যন্ত বিরক্তিপ্রকাশ করিয়া থাকেন। আমরা দেখিয়া আসিতেছি, কোন কোন নিষ্পত্তি শুনানির অবধারিত দিন হয় না; সুতরাং অধী প্রত্যর্থী ও সাক্ষীকে প্রত্যহ অনিশ্চিতভাবে কাছারীতে উপস্থিত থাকিতে হয়। এজন্যেও তাহাদিগকে অল্প কষ্ট সহ্য করিতে হয় না। এইরূপ নানাবিধ কষ্টজনিত আক্ষেপের বিষয় আমরা প্রায়ই অধী প্রত্যর্থী সাক্ষী ও আমলা হইতে শুনিয়া আসিতেছি। অদ্য আমরা ডিপুটী বাবুকে আর কোন বিষয় না বলিয়া কেবল এইমাত্র প্রার্থনা ও অনুরোধ করিতেছি যে, আর যেন আমাদিগকে লোকের কষ্ট দেখিতে ও তজ্জনিত আক্ষেপ শুনিতে না হয়।

গত ২৮এ পৌষ রবিবার এ অঞ্চলেও এক প্রকার মন্দ ভূমিকম্প হয় নাই। ইহার স্থিতি প্রবলতাসহকারে প্রায় দুই মিনিট ছিল। শুনিলাম, ইহাতে কালীপাড়ার বাবুদিগের দুটী দালান ফাটিয়া গিয়াছে। উহার পর বুধবারও এঅঞ্চলে কিঞ্চিৎ ভূকম্পন হইয়াছিল। যাহা হউক কাছাড়প্রভৃতি স্থানে কম্প হইয়া তদঞ্চলীয় লোকদিগকে যেরূপ ক্ষতিগ্রস্ত করিয়াছে, তাহার সহিত তুলনা করিতে গেলে আমাদিগকে নিতান্ত সৌভাগ্যবান বলিতে হইবে।

শ্রীনগর ষ্টেশনের অধীন পাউলদিয়া গ্রাম নিবাসী শিবসংহারের বাড়ীতে গত মঙ্গলবার চুরি হইয়া প্রায় ১৫০ শত টাকা মূল্যের সোণা রূপার অলঙ্কারাদি অপহৃত হইয়াছে। আজি কাল বিপ্রদপুরে চুরির বিলক্ষণ বৃদ্ধি দৃষ্ট হইতেছে। আমরা প্রায়ই উক্তাবিধ চৌর্য্যের সংবাদ শুনিয়া থাকি। ও দিন উয়াড়ি গ্রামে আর একটী ক্ষুদ্র সিঁধ হইয়াছে।

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

গত ২রা ফাল্গুন শুক্রবার মথুরাপুর, ভেটকী পুকুর ও নিশ্চিন্তপুরের গবর্ণমেণ্ট সর্কেল পাঠশালাত্রয়ের বালক ও বালিকাগণের পারিতোষিকবিতরণ সন্দর্শন করিয়া অতিশয় আনন্দিত হইয়াছি। সভাস্থলে নিবাসী শ্রীযুক্ত বাবু মহেন্দ্রনাথ বসু মহাসভাপতির ভার গ্রহণপূর্ব্বক সুচারুরূপে কার্য্য সুসম্পন্ন করিয়া উক্ত পাঠশালার শিক্ষকগণ ও দর্শক মহাশয়গণকে পরম তোষ প্রদান করিয়াছেন। পাঠশালার দিগকে পুস্তকাদি প্রদান করিয়া যথেষ্ট হার্ষিত করা হইয়াছে এবং বালিকা পুস্তক, বাক্স, কিতা, পুত্তলিকাপ্রভৃতি দ্রব্যাদি প্রদান করিয়া যে তাহাদিগকেও ক্ষণ সন্তুষ্ট ও উৎসাহান্বিত করা হইয়াছে, আর সন্দেহ নাই। গমনকালে দুই একটী অতিক্রম করিয়া উক্ত স্থানে উপস্থিত হও আমাদিগের কিঞ্চিৎ ক্লেশ স্বীকার করিতে য়াছিল, কিন্তু পারিতোষিকসন্দর্শনে তাহা ভূত হইয়া অন্তঃকরণে অতীব আনন্দের হইয়াছে। ঐ স্থানে ভদ্রলোকের বসতি কল্প, অপরাপর লোকের ভাগই অ অতএব উক্ত পাঠশালাত্রয়ের প্রধান শিক্ষ শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র মিত্র মহাশয় পরিশ্রম স্বীকার করিয়া অতি অল্প দিনের তথাকার ইতর লোকদিগকে বিদ্যা যেরূপ উৎসাহান্বিত করিয়াছেন, তাহাতে যে প্রকৃত ধন্যবাদের পাত্র তাহা আমা বলা বাহুল্য মাত্র।

শ্রীযুক্ত বাবু বৈকুণ্ঠনাথ সিংহ, শ্রীযুক্ত হেমচন্দ্র সংপ্রভৃতি মহাশয়গণের এ অতিশয় যত্ন দৃষ্ট হইল। ঈশ্বরেচ্ছায় উক্ত শয়গণের এরূপ যত্ন দীর্ঘজীবী হইলেই আনন্দিত হওয়া যায় এবং তাহা হইলে স্থান যে বিদ্যার বিমল জ্যোতিতে বি পরিশোভিত হইবে, তাহার আর সন্দেহ বর্ষাকালে বালকগণের পাঠশালায় গ মনে অত্যন্ত ক্লেশ স্বীকার করিতে হয়; ক প্রায় অধিকা শ বালক উক্ত সময়ে কার্য্য সুসম্পন্ন করিতে সম্পূর্ণ অসমর্থ থাকে অতএব আমাদিগের অনুরোধ এই এ স্থানের জমদার মহাশয় এ বিষয়ে কৃপাদৃষ্টি করিয়া যাহাতে সাধারণের ক্লেশ হয় এবং স্বকীয়কীর্ত্তি চিরস্থায়িনী হয়, বিষয়ে বিশেষরূপে যত্নবান হউন।

সন ১৮৬৯ } দর্শ
তাং ১৫ই ফেব্রুয়ারি } শ্রীযদুগো
বন্দ্যোপা
বহড়ু র মথু
বঙ্গবিদ্যালি
ধ প্রধান শি

গত ১ লা জানুয়ারি অত্রত্য গবর্ণমেণ্ট সাহা
কৃত ইংরাজি বিদ্যালয়ের সাম্বৎসরিক পারিতো
কবিতরণকার্য্য অতি সমারোহে সম্পন্ন হইয়া
য়াছে। এই উপলক্ষে বিদ্যালয়ে যে সভা
য়, তাহাতে অনেক ভদ্র লোকের সমাগম হই
ছিল। প্রথমে প্রধান শিক্ষক শ্রীযুক্ত বাবু
বিনাদচন্দ্র ভট্টাচার্য্য মহাশয় এই বিদ্যালয়ের
কটী সুদীর্ঘ ইতিবৃত্ত পাঠ করিলেন। তৎপরে
হকারবিতরণ হইলে প্রধান পণ্ডিত শ্রীযুক্ত
গুরু বিহারিলাল চট্টোপাধ্যায় মহাশয় একটী
হিগর্ভ বক্তৃতা করিয়া বালকগণের উৎসাহ
র্দ্ধন করিলেন। অবশেষে সহকারী সভাপতি
ইংরাজ শিক্ষক মহাশয়গণের পরিশ্রমের ভূয়সী
শংসা করিয়া কৃতজ্ঞতার পরিচয়স্বরূপ তাঁহা
গকে ধন্যবাদপ্রদানপূর্ব্বক সভাভঙ্গ করি
ন। বিতরিত পুস্তক গুলির মূল্য সমস্ত
ত্যেন ৪০ টাকা হইবে। গত বৎসর যে বালক
কান হইতে মাইনার স্কলারসিপ পরীক্ষায়
ীর্ণ হইয়াছিল, তাহাকে একটী রৌপ্য মেডাল
দত্ত হইয়াছে।

এ বার মাইনার স্কলারসিপ পরীক্ষায় এখান
হইতে চারিটী বালক পরীক্ষার্থী হইয়া গমন
রিয়াছিল। তন্মধ্যে একটীমাত্র কৃতকার্য
ইতে পারেন নাই। পরীক্ষোত্তীর্ণ ছাত্রগণে
ধ্য এক জন বৃত্তি পাইয়াছে। দুই বৎসর পূর্ব্ব
য় মাত্র এই বিদ্যালয়টী স্থাপিত হইয়াছে
তদল্প প্রত্যুল্প সময়ের মধ্যে এত দূ
ন্ত ও প্রশংসিত সন্দেহ নাই। সে দিন হুগলি
লস্থ বিদ্যালয়সমূহের ডেপুটী ইনস্পেক্টর
যুক্ত পণ্ডিত মাধবচন্দ্র তর্কসিদ্ধান্ত মহাশয়
খানকার বিদ্যালয়ে ছাত্রগণকে পরীক্ষা
রিয়া বিশেষ সন্তোষ প্রকাশ করিয়া গিয়া
ছেন। বিদ্যালয়ের সম্পাদক মহাশয় যেরূপ যত্ন
তপ্রযুক্তকারে কার্য্য করিতেছেন, তাহাতে আম
ের উৎকর্ষ হইবার সম্পূর্ণ সম্ভাবনা। প্রধান
ক্ষক মহাশয় অগ্রদ্বীপের মহাবিদ্যালয়ে
থমশ্রেণীর শিক্ষকের পদ গ্রহণ করিবেন শুনিয়
আমরা যার পর নাই দুঃখিত হইয়াছি। আম
দের অনুরোধ এই যে, ইনি আরও কিছু দিন
এখানে অবস্থিতি করিয়া ছাত্রবৃন্দ বিদ্যালয়টীকে
উৎকৃষ্ট অবস্থাপন্ন করুন। আমাদিগের প্রার্থ
ইতেছি গবর্ণমেণ্ট শিক্ষক মহাশয়গণকে তাঁহা
দের পরিশ্রমের পুরস্কার স্বরূপ কিছু কিছু বর্দ্ধিত
বেতন প্রদান করিলে ইহারা অবশ্যই স্থায়ী হন।
এখানকার বিদ্যালয়ের শিক্ষকদের যেরূপ
বেতন নির্দ্দিষ্ট আছে, তাহাতে উপযুক্ত শিক্ষক
প্রাপ্ত হওয়া দুষ্কর।

বিদ্যালয়ের প্রয়োজনীয় পুস্তক, মানচিত্র,
ঘড়ী প্রভৃতি না থাকাতে অধ্যাপনার অত্যন্ত
অসুবিধা হইতেছে। শুনিলাম, এ জন্য বিদ্যালয়
য়ের সম্পাদক মহাশয় মধ্যবিভাগের বিদ্যালয়
সমূহের পরিদর্শক শ্রীযুক্ত এচ উড্রো সাহেব
মহোদয়ের নিকট আবেদন করিয়াছেন। আমা
দিগেরও উক্ত মহাত্মার নিকট সানুনয় প্রার্থনা
এই যে, তিনি ঐ আবেদনপত্র গ্রাহ্য করিয়া
অত্রস্থ মানবগণকে অসীম কৃতজ্ঞতাপাশে
বদ্ধ করুন।

সম্পাদক মহাশয়! অতীব দুঃখসহকারে
আপনাকে জানাইতেছি যে, এখানে ডাকঘর
স্থাপনের বিষয়ে আর কোন উচ্চ বাচ্য শুনিতে
পাই না।

গড় ভবানীপুর
২৫ এ মাঘ ১২৭৫

গড় ভবানীপুর
নিবাসিনঃ

—:০:—

লোকেন্দ্রস্থ জ্ঞানপ্রকাশিকা
সভার তৃতীয় অধিবেশন।

সম্পাদক মহাশয়! ১২ ই মাঘ রবিবার উক্ত
সভার তৃতীয় অধিবেশন মহাসমারোহে হইয়া
গিয়াছে। ন্যূনাধিক ২০০ সভ্য সভায় সমাসীন
হইয়াছিলেন তন্মধ্যে মুন্সী গঞ্জের ডেপুটী মা
ট্রেট বিমলা বাবু ডেপুটী ইনস্পেক্টর বৈকুণ্ঠ
বাবু ও মুন্সীগঞ্জের সব ডিবিজনের কতিপয় অ
মলা, বিক্রমপুরস্থ কতিপয় বিদ্যালয়ের শিক্ষক
ছাত্র এবং স্থানীয় ধনিগণপ্রভৃতি অনেকে
উপস্থিত ছিলেন। সভার সময় উপস্থিত
হলে সভাপতি বিমলা বাবুকে সভাপতির
পদে বরণ করেন। বিমলা বাবু উক্ত পদে
অধিষ্ঠিত হইয়া ক্রমান্বয়ে সভার কার্য্য
ম্ভ করিতে বলেন। তদনুসারে ১ ম ছাত্র
গণকে পরিতোষক প্রদান, ২ য় সঙ্গীত কার্য্য
পাঠ, ৩য় রচনাপাঠ, ৪র্থ বক্তৃতা
ইংরেজী বঙ্গ ও বঙ্গ বিদ্যালয়ের তিনটী পুরাতন
শিক্ষককে পুরস্কারদান, ৫ম বক্তৃতা, ৬ষ্ঠ
সাতগাম বালিকাবিদ্যালয়ের পণ্ডিত মহাশ
য়কে পুরস্কারপ্রদান, ৭ম পুনঃ সঙ্গীতাদি
চকৎসালয়ের পুনঃ সংস্থাপন ও সুবিধা
পাল বাবুদিগের সাহায্যদানস্বীকার এই সকল
কার্য্যের পর সভা ভঙ্গ হয়।

উপসংহারকালে ডেপুটী মাজিষ্ট্রেট বিমলা
বাবু ও ডেপুটী ইনস্পেক্টর বৈকুণ্ঠ বাবুকে ধন্য
বাদ না দিয়া কোন প্রকারেই ক্ষান্ত থাকিতে
পারিলাম না। ইহাদের প্রযত্নাতিশয্যে এই
বিক্রমপুরের নিরতিশয় দুঃখ দূরীভূত হইতেছে।

এ স্থলে বিমলা বাবু বিশেষধন্যবাদার্হ। বি
বিদেশের "হিন্দুস্থানজন্য ও অতি কষ্ট ব
বায় স্বীকার করিতেছেন। ঈশ্বর ঈদৃশ
গণের মঙ্গলবিধান করুন।

১২৭৫ } ব
}

—:০:—

মহাশয়! কেহ নৌকা ডুব হইয়া দিয়া
আপোহী জনকে যদি বলেন, "ভয় কি? ঐ
গাছটি অবলম্বন করিলেই অক্লেশে তীরে উ
পারিবে," অথচ নিমগ্ন ব্যক্তিরা উহা ধরি
যাইলেই ধরিতে না দিয়া টানিয়া লয়, এ
করিলে যেপ্রকার বিচার হয়, বা কাহারও বি
ফল করিয়া গলা টিপিয়া "ভয় কি তোমার
সকল কষ্ট আমরা আরোগ্য করিব" ব
অথচ শেষে এক কালে ঘাড় ভাঙ্গিয়া ফে
রূপ করিলেও যেপ্রকার বিচার হয়, আ
কালি আমাদিগের ইংরাজি গবর্ণমেণ্টেও অ
বসয়ে অবিকল ঐরূপই কার্য্য হইতে
ছাড়া প্রায় সকল বিষয়েই রাজপুরুষ
রত করিয়া রাখিয়াছেন। কিন্তু কেহ বিপদ
উহা ধরিতে যাইলেই উহা টানিয়া লইতে
ভয় ! উহা এই মস্তক ভঙ্গ করিতে কসুর
না। ইহাদিগের ত্রুটি কিছুতেই নাই।
দেখে পরে, সকল কার্য্যই বিচারপূর্ব্বক হইতে
দুই তিন বৎসর হইল যখন প্রথম চৌকি
টাকের পরিবর্ত্তে মউনিসিপাল টাক্স নি
করিতে আসিয়া এক জন আসেসর শি
ও ইহার পার্শ্ববর্ত্তী অন্যান্য গ্রামস্থ প্রধ
গের নিকট ঐ অনুমতি ও সংগ্রহ করিয়া
করনির্দ্ধারণ করিতে লাগিলেন, তখন ই
বর্ণমেণ্ট "ভয় কি, আসিতে করিলেই স
গেই দুই চারি বৎসরে পরীক্ষা করিয়া তাঁহা
কল কোথা যাওয়া হইল, তাহাতে
দুঃখের বিষয় কিছুই অবশিষ্ট থাকিল না। কা
নী ইনকম ট্যাক্স প্রবর্ত্তিত করা হইল,
বারা আসেসর পাঠ বাড়িতে লাগি
সেসেসের মান তাঁর এক জন সাহেব
মাত্র পাইয়াছেন) শুনিতেছি মা
করের (সাতার পাঁচ টাকা হইতে পাঁচ
হইয়াছে তাহার) একটি কিছুটি টাকা ক
লাগিলেন। বাস্তবিক কমসনর বাবুরা
ভাত মড়, পাছে দু বার সাহেবের বিরক্তি
লে এমন সম্মানের পদটি আর না দেন এ
ধ ইচ্ছুক কি হয়ত ইহার ভাল ব
গোলে মূলে কাজ নাই ভাবিয়া
করিয়া হাসিয়া থাকিবেন। এই
নিতে হইয়া যায়। যাহা হউক

পিটিয়া ঘটিবাটি বেচিয়াও টাক্স দিয়া
হইল। তখন ফাইব পারসেণ্টের দর
ল, তাহার পর সেবেন হাফ পারসেণ্টের
হইল, (কিন্তু রাস্তা ঘাট মহাবি
যরূপ ছিল তাহাই আছে) প্রজা
খাইয়াও টাক্স দিতে লাগিল। তাহার
মার মরার উপর খাড়ার ঘা, এই বার
ছয় সপ্তাহ দিবস হইল, এক জন ডাহা
বিলাতি গোরা আসেসর আসিয়া পূর্ব্বকার
সেই পরিমাণে বর্দ্ধিত আসেস মার্কের উপর
আবার নূতন করিয়া কাহারও দ্বিগুণ কাহার বা
ত্রিগুণ টাক্স বাড়াইয়া যান। এই আসেসরটি
বাঙ্গালা কিছুই বুঝেন না, বাঙ্গালিরা বুঝাইয়া
দিলে বুঝেন না, বা বুঝিতে পারেন না। বাঙ্গা
লিদিগের সদর বাটীর অবস্থা দেখিয়াই অনুমান
করেন যে ঐরূপ অবস্থা তাহা স্থির করিয়া লন।
কাজেকাজেই এতদ্দেশীয়দিগের বাটীর সম্মুখটাই
যে চিকন চাকন ও ভিতরে যে কিছুই নহে,
তাহা কাহার উদ্বোধই নাই। সদরের বৈঠক-
খানা দেখিয়াই বাটীর সমুদায় কুঠারির এক দরে
টাক্স ফেলেন। কেহ যুক্তি করিলে রসিক সাহেব
ইংরাজিতে রসিকতা করিয়া উপহাস করেন
ও টাক্স বাড়ান। এইরূপে তিনি ত যাহার উপর
যত ইচ্ছা ফেলিয়া যান। প্রজারা আপীল রায়
নিষ্পত্তি করিবার জন্য দরখাস্ত করিয়া কেবল
অপমানিত হইয়া আসিয়াছেন! এবার
শিবপুরের দরখাস্ত শুনানির দিবসে যে
সাহেবটি চেয়ারমান থাকেন, তিনি কোন
কথা না শুনিয়াই সকল দরখাস্তের পৃষ্ঠেই
(রিজেক্টেড) এই কথা লিখিয়া কলঙ্কিত
করিতে লাগিলেন। এইরূপ দেখিয়া অনেকেই
ত বিচারের আর প্রত্যাশা না করিয়া নিজ
নিজ বাটীতে প্রত্যাগমন করিলেন। যাঁহারা
অনুপস্থিত, তাঁহাদের দরখাস্ত ত ঝড়াঝড়
(রিজেক্টেড) হইতে লাগিল। দুই এক
জন সাহসের উপর ভর করিয়া যুক্তি করি
লেই সাহেব চক্ষু রাঙ্গাইয়া উচ্চৈঃস্বরে
(চুপ কর) বলিয়া ধমক দেন, কাহার বেলায়
বা চাপরাসি নিকাল দেও বলিয়া তর্জ্জন গর্জ্জন
করেন। বাঙ্গালিরা সহজেই ভীত, কি জানি
পাছে মারিয়া ফেলে, এই ভয়ে অপমান সহ্য
করেন। শুনিতে পাই, এই সাহেবটি নাকি হাই
ডার কাচারির অনারের মাজিষ্ট্রেট। যদি এইরূপ
হাতে বিচারশক্তি হয়, তাহা হইলে ঐ গবর্ণমেণ্ট
ভাল লোকের হস্তে বিচারভার দিয়াছেন!
এরূপ লোক উত্তম (অথবা) মধ্যম রূপ

শিক্ষিত না হইলে এ প্রদেশের আর শ্রেয় নাই।
যাহা হউক, বাঙ্গালি কমিসনর বাবুরা যখন
দেখিলেন যে, তাঁহাদিগের কথা গ্রাহ্য হইতেছে
না, তাঁহারা কেন উঠিয়া আসিলেন না?
তাঁহাদিগকে সাক্ষিগোপাল করিয়া অবিচার
হইতে লাগিল, দেখিয়া তাঁহারা মানুষ হইয়া
কেমন করিয়া তাহাতে স্বাক্ষর করিতে লাগি
লেন? হায়! মাতঃ বঙ্গভূমি! তোমার সন্তানে
রাই ভীরু ও কাপুরুষ হইয়া তোমার সর্ব্বনাশ ক
রিতে লাগিল! যেরূপে উক্ত দিবসে বিচার হই
য়াছে, ঐরূপ বিচার কি গবর্ণমেণ্টের অভিমত?
বোধ হয় কখনই নহে। বোধ হয়, উপরের সাহে
বেরা এখানকার প্রজারা যে এত দূর প্রপীড়িত
হইতেছে, ইহার বিন্দু বিসর্গও জানেন না।
চলিতে চলিতে রাস্তায় রাস্তায় অমুক দিন
অমুক গ্রামের দরখাস্তের শুনানি হইবে, বলিয়া
নোটিস দেওয়া হইল, এক জন ঢোল ঘাড়ে
করিয়া "যাহার যাহা আপত্তি আছে সে তাহা
প্রতিবাদীর প্রতি এক আনা মূল্যের ষ্টাম্প
কাগজে মিউনিসপাল কাছারিতে দাখিল করিয়া
তথায় স্বয়ং বা প্রতিনিধিদ্বারা উপস্থিত হউক"
এই কথা বলিয়া চেঁড়া ফিরিয়া গেল। যদি
শেষ কালে এইরূপ বিচার হইবে তাহা
হইলে এরূপ ভণ্ডামি করিবার কি আবশ্যকতা
ছিল? এইরূপ করাতে কি ইহা প্রকাশ পাই
তেছে না যে, কতগুলা ষ্টাম্প বিক্রয় করাই উহার
প্রধান উদ্দেশ্য মাত্র? ইহা কি প্রকাশ হইতেছে
না যে, সকল কার্য্যই বিচারপূর্ব্বক হইতেছে
বলিব অথচ কিছুই বিচার করিব না? গবর্ণ
মেণ্ট রক্ষাদণ্ড সকলেরই অবলম্বনীয় করিয়া
ছেন; অথচ ধরিতে যাইলেই উহা টানিয়া লই
বেন? হে উপরিতন কর্ত্তৃপক্ষ মহোদয়গণ!
উৎপীড়িত প্রজাদিগের প্রতি এক বার কৃপা
কটাক্ষ করুন যে মহামহিম লেপ্টনণ্ট গবর্ণর
ও গবর্ণর জেনেরল বাহাদুর! এই সমস্ত ঘটনা
সত্য কি না, প্রজাদিগের প্রতি অবিচার হই
তেছে কি না, এক বার তদন্ত করুন। আমা
দিগের নিকট হইতে যাহা লইবেন তাহাই দিব;
কিন্তু এরূপ যেন বুঝিতে পারি যে, আমরা যাহা
দিতেছি তাহা আমাদিগের বাটীর যেরূপ আয়
বা যেরূপ আয় হইতে পারে সেই মতই দিতেছি
ইতি।

শিবপুর
১৭ ই ফেব্রুয়ারি
বশম্বদ
শ্রী—শ

—:০:—

মহাশয়! গড়বেতার ডেপুটী মাজিষ্ট্রেট

শ্রীযুক্ত বাবু রতনলাল ঘোষ রায়বাহাদুর মহা
শীতকালের প্রারম্ভে মফঃস্বল দর্শনে আসিয়া
ছিলেন। ইহাঁর ন্যায় কর্ত্তব্য কার্য্যে অভিনিবি
ও বিদ্যোৎসাহী সুযোগ্য বিচারপতি সব ডিবি
জানে অতি অল্প দেখিতে পাওয়া যায়। এ
মহাত্মা কেবলমাত্র ফৌজদারী ও কালেক্ট
মকদ্দমা নিষ্পত্তি করিয়াই নিজ কর্ত্তব্য কা
সম্পাদিত হইল এমন বিবেচনা করেন না
কি সে এপ্রদেশের উন্নতি হয়, কি সে প্রদে
শান্তভাবাপন্ন হয়, সে বিষয়ে সর্ব্বদা যত্নব
আছেন।

কোতলপুর থানার অন্তঃপাতী টেনাদীঘি
নামক গ্রামে সাধারণ বাঙ্গালা বিদ্যালয়ে
সম্পাদক শ্রীযুক্ত বাবু রামধন মণ্ডলের সম্প্রতি
পরলোক প্রাপ্তি হইয়াছে। তাঁহার যত্নে
উক্ত বিদ্যালয়ের অতিশয় উন্নতি হইতেছিল
ডেপুটী বাবু মফস্বলে আসিয়া তাঁহার মৃত্যু
ঘটনা শুনিয়া অত্যন্ত দুঃখ প্রকাশ করিলে
এবং পাছে তাঁহার বিয়োগে বিদ্যালয়ের অব
নতি হয় এই আশঙ্কায় টেনাদীঘী ও তৎপার্শ্ব
বর্ত্তী গ্রামের ভদ্র ভদ্র লোকদিগকে ডাকাইয়া
তাহার উত্তম বন্দোবস্ত করিয়া দিয়াছেন
রতন বাবুর এইরূপ যত্নে বিদ্যালয় পূর্ব্ববৎ চলি
তেছে, বরং পূর্ব্বাপেক্ষা অধিক উন্নতি হইবা
সম্ভাবনা। বুচ কোল, কোতলপুর, বিষ্ণুপুর
প্রভৃতি অনেক গ্রামের বিদ্যালয় দর্শন করিয়া
ছিলেন। যাহাতে অধিকারস্থ বিদ্যালয়সমূহে
কার্য্য সুচারুরূপে সম্পন্ন হয় তদ্বিষয়ে ইনি
সবিশেষ মনোযোগী। শিক্ষকদিগের সহি
অত্যন্ত সদ্ব্যবহার করেন। ইহাঁর প্রকৃতি অতি
নম্র ও নিরহঙ্কার। ইহাঁর সহিত সম্ভাষণে যে কি
পর্য্যন্ত অনির্ব্বচনীয় প্রীতি লাভ হয়, তাহা
লিখিয়া শেষ করিতে পারি না।

সম্প্রতি মহাশয়কে ইহাঁর একটী সুবিচারের
সংবাদ দিতেছি। গত পৌষ মাসে আহ্লাদী
মুসলমানী লেগো গ্রামের দীননাথ মণ্ডলের খাল
বাটী পুষ্করিণীর ঘাট হইতে চুরি করিয়া লইয়া
যাইতেছিল, নন্দ বাগ্দী নামক এক ব্যক্তি
দেখিতে পাইয়া তাহাকে ধরিয়াছিল, পরে
চৌকীদার আসিয়া তাহাকে পুলিষ দেয়। পুলি
ষের হেডকনষ্টাবল তদারক করিয়া রিপোর্ট
দিলে মকদ্দমার দিন সাক্ষিগণের অনৈকতা
বশতঃ ডেপুটি বাবুর সন্দেহ হওয়াতে তিনি
স্বয়ং লেগো আসিয়া ভদ্রলোকদিগকে জিজ্ঞাসা
করিয়া চুরির অকাট্য সপ্রমাণ করিয়া
যান, পরে ৬ ই ফেব্রুয়ারি আহ্লাদী মুসলমানীর

প্রভৃতি স্থান যন্ত্রণার। বিশেষতঃ ফরাশী উপনিবেশে অতিশয় কষ্ট হয়। আমাদিগের গবর্ণমেণ্ট স্বার্থপর লোক দিগের প্রদত্ত রিপোর্টে দর্শন করেন, কুলিরা সুখে আছে এবং অনেক উপার্জ্জন করিয়া স্বদেশে প্রত্যাগমন করে; কিন্তু যাহারা প্রত্যাগমন করে তাহাদিগকে জিজ্ঞাসা করিলে যথার্থ বৃত্তান্ত জানা যায়। সত্য কথা বলিতে কি? আমাদিগের গবর্ণমেণ্ট প্রতিবৎসর বিনা মূল্যে আপনাদিগের কয়েক সহস্র প্রজাকে বিক্রয় করেন। ভারতবর্ষে অপরিমিত লোক নাই; আমাদিগের পূর্ত্তকার্য্যবিভাগের কর্ম্মচারিগণ, কাফিকর ও চাকরগণ মজুরের নিমিত্ত চিৎকার করেন। যে কর্ম্ম ভারতবর্ষে আছে, তাহার উপযুক্ত শ্রমজীবী লোক ভারতবর্ষে নাই; কিন্তু গবর্ণমেণ্ট পরের নিমিত্ত আপনাদিগের প্রজা ও স্বার্থক্ষয় করিতেছেন। যদিও সংগ্রাহকদিগের লাইসেন্স প্রভৃতি হইয়াছে, তথাপি অধিকাংশ কুলি পরিণাম বুঝিতে না পারিয়া উপনিবেশে যায় তাহাদিগের কষ্টের ইয়ত্তা থাকে না। শতকরা ২৫ জন আর স্বদেশে প্রত্যাগমন করে কি না সন্দেহ। উপনিবেশে কুলিপ্রেরণ বন্ধ করা কর্ত্তব্য। যে দেশে কুলি সেই দেশের লোকের দ্বারা হওয়া উচিত। যে যে উপনিবেশে অধিক সংখ্যক উপনিবেশকারী গমন করেন না, তাহাতে এই প্রকাশ পায় ঐ ঐ স্থানে বাস সুখকর নহে।

—:০:—

ডাক্তর ডেবিড স্মিথ ও

জগন্নাথক্ষেত্র।

বঙ্গদেশের স্বাস্থ্য কমিসনর ডাক্তর ডেবিড, বি, স্মিথ পুরীর বিষয়ে একটী উত্তম রিপোর্ট করিয়াছেন। আমরা এই তীর্থ স্থানের যে যে দোষের উল্লেখ করিয়াছিলাম ডাক্তর স্মিথ সে সমুদায় প্রত্যক্ষ করিয়াছেন। পাণ্ডাদিগের দুর্ত্ততা, পুরীর বাসাবলের জঘন্যতা, ময়লা, ও খাদ্যদ্রব্যের কদর্য্যতা এগুলির তিনি অতি উত্তমরূপ বর্ণনা করিয়াছেন। ডাক্তর স্মিথের রিপোর্টের একটী মহৎ গুণ এই, ইহার মধ্যে রাগ দ্বেষ প্রকাশ নাই।

পুরী সমুদ্রতটে স্থিত। এখানে মিউনিসিপালিটি নাই। কিন্তু বর্ত্তমান মাজিষ্ট্রেট রেবাণ সাহেব যত দূর সম্ভব স্বাস্থ্যের প্রতি দৃষ্টিক্ষেপ করিয়া থাকেন কিন্তু শত শত বৎসর ধরিয়া যে স্থানে যে মল সঞ্চিত হইয়াছে তাহা পরিষ্কৃত করা অশ্বশালার অপেক্ষাও কঠিন এবং হরকিউলিস অপেক্ষা ক্ষমতাপন্ন লোকের কাজ। নগরের নর্দ্দামাগুলি পরিষ্কৃত নহে, সকল গুলির ঢালও সমান নাই, এই নিমিত্ত স্থানে স্থানে জল আটকাইয়া থাকে। সর্ব্বশুদ্ধ ৬,৩৬৩ বাটী আছে। স্থায়ী বাসিদিগের সংখ্যা ২৫০০০।৩০,০০০ হইবে। পূর্ব্বে পূর্ব্বে প্রতিবৎসর গড়ে এক লক্ষ যাত্রী এখানে সমবেত হইতেন। ১৮৪৯ অব্দে ১,৫০,০০০ এবং ১৮২৩ অব্দে ২২৫,০০০ যাত্রী হয়। কিন্তু এক্ষণে লোকের ভক্তি ক্রমশঃ কমিতেছে। গত বৎসর গড়ে ৫০০০০ যাত্রী গমন করিয়াছিলেন। কিন্তু যে নগর ৩০০০০ লোকের বাসসমাধানে পর্য্যাপ্ত নয়, সেখানে ইহার অতিরিক্ত লোক ৫০,০০০ গমন করিলে কত কষ্ট হয় তাহা সহজে অনুভব করা যাইতে পারে। পুরীর প্রত্যেক লোকের ভাড়াটীয়া ঘর আছে। এইসকল গৃহে স্ত্রীপুরুষ ভেদ না করিয়া বিস্তর লোককে বাসস্থান দেওয়া হয়। রেবাণ সাহেব বলেন, যাঁহারা আরোহপূর্ণ তৃতীয় শ্রেণির রেলওয়ে শকট দর্শন করিয়াছেন, তাঁহারা বাসস্থানের অবস্থা বুঝিতে কেবল শরীরটী ধরে এম ক্ষণ থাকে তত ক্ষণ লোক ইহাতে স্বাস্থ্য ও ধর্ম্ম সামান্য দয়া ও সমদৃ. হিত হইয়া যায়। ডাক্তর একটী ক্ষুদ্রগৃহে ৪৫ জন এক জনের ওলাউঠা হই পার্শ্বে কয়েক ব্যক্তি রন্ধ প্রস্তুত করিতেছিল! ইচ্ছা যাত্রিগণ সেই খা করেন। এগুলি পরিষ্ক শত শত বৎসরের নগরে কয়েকটী বৃহৎ কিন্তু একটিরও জ পুরীতে জগন্নাথের হয়, তা সকলে জা পাণ্ডা ও রাজার অ য়। জঘন্য পান্থাভা তরকারীপ্রভৃতি যা হাতে পীড়া না প্রতি বৎসর শত শ প্রাণত্যাগ না করিবে

ধর্ম্মসম্বন্ধে

করা অতিশয় অন্য ধর্ম্মনীতির উৎক প্রজার জীবনর কর্ত্তব্য। ডাক্তর জন স্বাস্থ্যরক্ষকে ইচ্ছা অধীনে আসিষ্টাণ্ট সার্জ সে মন্দিরে প্রে পরীক্ষা করিবে বাটীগুলির প্রস্তাব করিয়া সালয় হয়, ই এগুলির সম্প্র এসকল করিবে সে টাকা কে

বিদ্যাশিক্ষার্থও কিঞ্চিৎ
করিতে হইলে গবর্ণমেণ্ট
র্শন করেন। পুরী এমত
যে তথা হইতে এত টাকা
জন লেক্স যাত্রিকরের
প্রস্তাব করিয়াছিলেন।
ীয় গবর্ণমেণ্ট, বিভাগীয়
এবং বাবু জয়কৃষ্ণ মুখো
ধ্যয় মিত্রপ্রভৃতি ইহার প্রতি
াকর স্মিথেরও এই মত;
গের মতে যাত্রীদিগের
পায়বিধানার্থ কর গ্রহণ
ক। ধর্ম্মোদ্দেশে ক্ষেত্র
যদি এ অভিপ্রায়ে কর
র্দ্ধিত হয়, তাহা হইলেই
ন। লোকে বিনা বটে
সন্দেহ নাই। স্থানান্তরে
আহ্লাদপূর্ব্বক অধিক
ত সরাইসে খাদ্যের
ক্ষা বহুগুণ অধিক
ক্ত তাহাতে অসন্তোষ
? পাণ্ডারা কত বার
হা দিতেই বা কে
ব মঙ্গলার্থ পথের
য় হইবে। তাঁহা
পালিটি পৃথক
এ টাকার নিমিত্ত
া বিধেয় হয় না।
র্থ এসকল কাজ
র্য় না দিবেন
ত এই বা
ন্ত প্রস্তাব করি
নিকটে অন্ততঃ
বা যে স্থান
রিবেন, তত্রত্য
দিয়া অনুমতি
গকে প্রত্যেক
ইতে হইবে।
তিপত্র লইবে।

প্রত্যেক পাণ্ডা কয়েক জন নির্দ্ধারিত যাত্রীর অধিক সঙ্গে লইতে পারিবে না। যে স্থান হইতে যাত্রী লইয়া যাইবে, তত্রত্য মাজিষ্ট্রেটের নিকটে প্রত্যাগমন কালে পাণ্ডাসকলকে হিসাব দিতে হইবে। যদি পীড়ায় মৃত্যু হয় তাহার যুক্তিসিদ্ধ কারণ প্রদর্শন করিতে হইবে। আমরা গবর্ণমেণ্টকে অনুরোধ করিতেছি, তাঁহারা অবিলম্বে ব্যবস্থাপক সভায় এক বিল অর্পণ করেন। ইহাতে ধর্ম্মের উপরে হস্তক্ষেপের কোন সম্ভাবনা নাই।

১৮৬৬।৬৮ অব্দের গোবীজের রিপোর্ট।

আমরা কৃষিসম্বন্ধীয় স্বীকার করিতেছি বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের নিকট হইতে ১৮৬৭।৬৮ অব্দের টীকাবিভাগের একখানি রিপোর্ট প্রাপ্ত হইয়াছি। গোবীজে টীকা দিবার নিমিত্ত বঙ্গদেশে চারিটী চক্রবাড় হইয়াছে। প্রত্যেক চক্রে এক এক জন তত্ত্বাবধায়ক আছেন। এই তত্ত্বাবধায়কদিগের অধীনে কয়েক জন করিয়া টীকাদার রাখা হয়। সমুদায় বঙ্গদেশকে চক্রবাড়ে বিভক্ত করিয়া এক জন সাধারণ তত্ত্বাবধায়কের অধীনস্থ করাই গবর্ণমেণ্টের ইচ্ছা। এটী যত দিন না হইতেছে তত দিন সিবিল সার্জ্জনদিগকে টীকাদারদিগের উপরে কর্ত্তৃত্ব করিতে হইবে। টীকাদারদিগের মধ্যে অধিকাংশ পূর্ব্ব দেশীয় টীকাদার; কেহ কেহ গোবীজে টীকা দিবার ছলে করিয়া বসন্তের বীজ ব্যবহার করিয়া থাকেন। ইহাঁদিগের অনেকের কার্য্যের রিপোর্ট বিশ্বাসযোগ্য নহে। যাঁহারা যথারীতি শিক্ষা পাইয়াছেন, এমত সকল লোককে টীকাদার না করিলে সথার্থ কাজ হইবে না।

১৮৬৭। ৬৮ অব্দে নিম্নলিখিতসংখ্যক ব্যক্তির টীকা হইয়াছিল:—

সকল	১৮৭৮৩১৪
বিনা টীকায়	১৮৬৩৫১৪
টীকা লইয়াছে	১৫৭৮
টীকা লয় নাই	২২৩৬৩
টীকা লইয়াছে কিন্তু বসন্ত হইয়াছিল	১০২২
টীকা লয় নাই কিন্তু বসন্ত হইয়াছিল	৩১১৭
টীকা লইয়াছে কিন্তু মৃত্যু হইয়াছে	৩৭৭
টীকা লয় নাই কিন্তু মৃত্যু হইয়াছে	৩২১৬

এই সকলের মধ্যে ১৮৬৭ অ
পুনর্ব্বার টীকা দিতে হয়। কলিক
ও তন্নিকটবর্ত্তি জেলাসমূহের লোকে
সর্ব্বাপেক্ষা বুদ্ধিমান ও সভ্য হওয়া
গোবীজে টীকার গুণ বুঝিয়াছে
ডাক্তর চারলসকে ধন্যবাদ; তাঁহা
তদধীনস্থ সব আসিষ্টাণ্ট সার্জ্জনদি
যত্নে অধিকাংশ টীকার ফল হইয়াছে
অন অন্য স্থানেও যথেষ্ট উন্নতি
যাইতেছে। কিন্তু লোকসংখ্যা বিবে
করিলে টীকাদারের সংখ্যা অনেক
রহিয়াছে। আর বর্ত্তমান রিপোর্ট
এইসকল টীকাদারের নিমিত্ত ভা
বিশ্বাসযোগ্য হইতেছে না। টীকার
রক্ষা করিবার নিমিত্ত ডাক্তর চার
চেষ্টা পাইতেছেন। এটী করা অতি
আবশ্যক। আমরা আহ্লাদিত
লাম কতকগুলি কাঁচের নলের নি
গবর্ণমেণ্ট টীকা দিতে সম্মত হইয়াছে
টীকার আরও চক্রবৃদ্ধি করা ক
তাহা গবর্ণমেণ্ট স্বীকার করিয়াছে
এটি যত দিন না হইতেছে, তত দিন ত

ন্দেহ নাই। কিন্তু মন্ত্রীর বিবেচনা করা র্ত্তব্য, যে অবস্থায় ইউরোপ ও আমে কায় অধিক কর আদায় হয়, ভারত র তাহা হয় নাই। নূতন কর স্থাপন বিবার সময়ে দেখা কর্ত্তব্য, তদ্দ্বারা ধারণের কি উপকার হইবে? যে করের নিময়স্বরূপ উপকার না হয়, সে কর নিষ্টের মূল, তাহাতে কেবল দেশের ক্ষয় করে এইমাত্র। সর রিচার্ড টেম্পল এই নিয়ম ধরিয়া কাজ রিতে পারিবেন, এক্ষণে আর নূতন ধ করের প্রয়োজন নাই। এতদ্দেশীয় নশ্রেণির উপরে কর করা কর্ত্তব্য বলি তিনি যদি স্বার্থপর ও ভারতবর্ষ ী লোকদিগের কথা শুনিয়া কাজ রন, তাহা হইলে অন্যায় করা হইবে। নি ব্যয়সংক্ষেপ ও অপব্যয়নিবারণ য়ে সবিশেষ চেষ্টাবান হউন। ইহার নক পথ আছে। সেনাদলের প্রকৃত ন্দতার নিমিত্ত ব্যয় দিতে কেহ কাতর ন; কিন্তু তাহাদিগের বিলাসপ্রিয়তা র্তার্থ করিবার নিমিত্ত কেহ সম্মত । অপব্যয়নিবারণের শত শত স্থান ছ। পূর্ত্তকার্য্যবিভাগ তন্মধ্যে একটী ান। এটী চোরের নাভিস্থল। সর র্ড টেম্পল চতুর ও পরিশ্রমী। যৎ ঞ্চিৎ পরিশ্রম করিলেই এ বিভাগের বস্থা হইতে পারে। কমিসরিএট গটীও মন্দ নয়। সৈন্যদিগের বস্ত্র, দিগের খাদ্যপ্রভৃতিতে বিস্তর শ্যক ব্যয় হয়। আমরা একটী ন্ত দিতেছি, প্রতিবৎসর ইউরোপীয় দিগের নিমিত্ত নূতন লেপ করা প্রতি লেপের নিমিত্ত সৈনিক বিভাগ ১২ টাকা মূল্য লন। বৎস এগুলি নীলামে চতুর্থাংশ মূল্যে ত হয়; কিন্তু পর বৎসর গবর্ণমেণ্ট ার ঐ লেপ সম্পূর্ণ মূল্যে ক্রয় । এই একটীমাত্র দৃষ্টান্ত। অনু সন্ধান করিলে সর রিচার্ড টেম্পল আরও অনেক উদাহরণ পাইবেন। ইংলণ্ডের ব্যয় বলিয়া যে পাঁচ কোটি টাকা লওয়া হয়, তদ্বিষয়টীও সর রিচার্ডের বিবেচনীয় হইতেছে। আমাদিগের স্কন্ধে দুর্ব্বহ কর ভার নিক্ষেপ করিয়া কোন বাব করিয়া ইংলণ্ডের এক পয়সা গ্রহণ করাও উচিত নয়। যখন পৃথিবীর সর্ব্বপ্রধান রাজনীতি জ্ঞগণ ব্যয়সংক্ষেপ করিতেছেন, তখন আমাদিগের রাজস্ব সংক্রান্ত মন্ত্রী কেন তাঁহাদিগের দৃষ্টান্তের অনুগামী হইবেন না, আমরা তাহার কোন কারণ দেখিতেছি না। এটী আমাদিগের দেশে অতিশয় আবশ্যক হইয়াছে। কয়েকটী বিভাগে যে আত্যন্তিক অপব্যয় হইয়া থাকে তাহা সর্ব্বসাধারণে একবাক্যে স্বীকার করিতেছেন। ইংলণ্ডে এমন অবস্থায় যে মন্ত্রী এ দোষের সংশোধন করিতেন না, তাঁহাকে দুই দিবসও পদস্থ থাকিতে হইত না। সর রিচার্ড টেম্পল বুদ্ধিমান; সিমলায় না গিয়া রাজধানীতে থাকিয়া এ বার এই উদ্দেশ্য সাধন করেন আমাদিগের এই অনুরোধ।

—:.:—

১৮৬৭।৬৮ অব্দের শিক্ষাসংক্রান্ত রিপোর্ট।

১৮৬৭।৬৮ অব্দের বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত রিপোর্ট এ বার যথা সময়ে প্রকাশিত হইয়াছে। ডিরেক্টর পূর্ব্ব পূর্ব্ব বৎসরে ইনস্পেক্টরদিগের রিপোর্টের উপরে বরাত দিয়াই কাজ সারিতেন, এ বার তিনি নিজেও পরিশ্রম করিয়াছেন।

১৮৬৮ অব্দের ৩১ এ মার্চ সমুদায় বঙ্গদেশে গবর্ণমেণ্ট ও গবর্ণমেণ্টের সাহায্যকৃত ৩,৪১১ টী বিদ্যালয় ও ১,৪৫,১৪২ জন ছাত্র ছিল। ১৮৬৭ অব্দ অপেক্ষা ৫০৩ টী বিদ্যালয় ও ২৩,৬৬২ জন ছাত্র অধিক হইয়াছে। ফলতঃ বিদ্যালয়ের সংখ্যা শতকরা ১৭ ও সংখ্যা শতকরা ১৯ জন বৃদ্ধি ডিরেক্টরের ন্যায় আমরাও এটি যথার্থ সাতিশয় প্রীতিক বিদ্যালয়ের সহিত গবর্ণমেণ্টে কার সংস্রব নাই, তাহার বিষয় ভাল জানা যায় নাই। কেন জানা যায় ডিরেক্টর তাহার প্রীতিকর কারণ র্শন করেন নাই। ইনস্পেক্টর ও ডে ইনস্পেক্টরেরা মনে করিলে দুর্জ্ঞেয় থাকে না। যত দূর জানা গি তাহাতে ২,৯৬টী বিদ্যালয় ও ২১২ জন ছাত্র লক্ষিত হইতে বঙ্গদেশের লোকসংখ্যার ম ছাত্রের সংখ্যার তুলনা করিলে দিগকে অবশ্যই শোকসহকারে স্বী করিতে হইবে যে, প্রয়োজনানু বিদ্যাশিক্ষা হইতেছে না। ডিরে নিম্নশ্রেণির বিদ্যা শিক্ষার বিষয়ে মত প্রকাশ করেন নাই; কিন্তু সর্ব্ব ধারণে জিজ্ঞাসা করিতে পারেন য দিগের সুশিক্ষার উপরে দেশের প্রভু মঙ্গল নির্ভর করিতেছে, তাহাদি নিমিত্ত কি হইতেছে? বঙ্গদেশের ১৬,৭৪,০১৬ টাকা রাজস্বের হইতে শতকরা ১০২ টাকা বিদ্ শিক্ষার্থ ব্যয়িত হইয়াছে; কিন্তু যা দিগের হইতে অধিকাংশ রাজস্ব উ হয়, তাহারা ইহার এক পয়সারও শি প্রাপ্ত হয় নাই, বলিলে নিত অত্যুক্তি হয় না। ইহা কি লজ্জাকর নহে

উল্লিখিত বর্ষে সমুদায় বিভা ২৭,৪২,১২৪ টাকা ব্যয় পড়িয়াছে ইহার মধ্যে ১০,৮২,৬৯৮ টাকা ছা দত্ত বেতনে ও স্থানীয় আয়ে উঠিয়াছে সাধারণ ধনাগার ১৬,৫৯,৪২৬ টা মাত্র প্রদান করিয়াছেন। পূর্ব্ব বৎ অপেক্ষা ২,৪৩,১৮৯ টাকা অধিক হইয়াছে। ইহার মধ্যে স্থানীয়

,৫০৩ টাকা উঠিয়াছে। গবর্ণ
৪৭,৬৮১ টাকা দিতে হই
৬৭ অব্দে প্রত্যেক ছাত্রের
৵১। টাকা ব্যয় পড়ে, এ বার
টাকা ব্যয় হইয়াছে। পূর্ব্বোক্ত
৯,৪২১ টাকার মধ্যে ডিরেক্টরের
ফসের নিমিত্ত ৪৩,৭৩৫ টাকা ও
স্পক্টরদিগের নিমিত্ত ২,৩৯,৮১৮
ব্যয় হইয়াছে। এই টাকা বাদ
কেবল শিক্ষার নিমিত্ত ১৪,২৩
টাকা মাত্র ব্যয় হইয়াছে বলিতে
। এই ব্যয়ের মধ্যে মেডিকাল কালে
ব্যয় ছাড়িয়া দিলে বঙ্গদেশের প্রকৃত
ার ব্যয় ১২ লক্ষ টাকার অধিক হয়
কারণ মেডিকাল কালেজে যেসকল
পরীক্ষিত হইয়া বহির্গত হন, বঙ্গ
ভিন্ন অন্য অন্য প্রদেশেও তাঁহারা
ংসকরূপে প্রেরিত হন। এই ১২
টাকার মধ্যে সর্ব্বসাধারণে কেবল
ন স্বরূপ ৬,০১,৫৩৬ টাকা প্রদান
াছেন। গবর্ণমেণ্টের নিয়মিত দান
তে অনেক বিদ্যালয়ে এই টাকা
না হওয়াতে অধিকাংশ টাকা অনাভ
াইয়াছে। লোকে যে বিদ্যাশিক্ষার
ধক অনুরাগী হইয়াছেন, এতদ্বি-
া তাহার আর কোন প্রমাণ আব
? আইনশ্রেণিসমূহের নিমিত্ত
ব্যয় হয়, তাহার সম্বলন হইয়া ৭৫১
অধিক আয় হইয়াছে। ভিন্ন ভিন্ন
লজে ৫৫১ জন উপদেশ শ্রবণ করি
ছলেন। বঙ্গদেশের ১২৫৯ জন ছাত্র
শিকা পরীক্ষাস্থলে উপস্থিত হন,
দিগের মধ্যে ৬৫৮ জন উত্তীর্ণ হই
ছেন। এই ৬৫৮ জনের মধ্যে গবর্ণ
ট বিদ্যালয় হইতে ৩০১ জন, সাহায্য
বিদ্যালয় হইতে ২৩৭ জন স্বাধীন
ালয় হইতে ১১৫ জন এবং শিক্ষক
হইতে ৪ জন আইসেন। ৩৬৭ জন
১ পরীকার্থীর মধ্যে ১৬৪ জন উত্তী
র্ণ হন। গবর্ণমেণ্ট কালেজের ১১৫, সাহা
য্যকৃত কালেজের ৪৫ ও স্বাধীন বিদ্যালয়ের
২ জন উত্তীর্ণ হন। আর দুই জন শিক্ষক
ছিলেন। ১৯৫ জন বি, এর, মধ্যে ৯২
জন উত্তীর্ণ হইয়াছেন। ইহাদিগের মধ্যে
৫৯ জন গবর্ণমেণ্টের ছাত্র, ২৩ জন সাহা
য্যকৃত কালেজসমূহ হইতে আইসেন।
হুগলীকালেজের এক জন ভূতপূর্ব্বছাত্র
এবং ৯ জন শিক্ষক উত্তীর্ণ হইয়াছেন।
১৩ জন এম, এ হন। ইহাদিগের মধ্যে
প্রেসিডেন্সি কালেজের ৮ জন, সংস্কৃত
কালেজের ১ জন, হুগলী কালেজের ২
জন এবং ফ্রীচর্চ কালেজের ২ জন। এই
তালিকার দ্বারা স্পষ্ট প্রমাণ হইতেছে,
সম্পূর্ণ প্রতিযোগিতাসত্ত্বেও গবর্ণমে
ণ্টের বিদ্যালয়ের ছাত্রগণ, বিশেষতঃ
প্রেসিডেন্সি কালেজের ছাত্রগণ প্রাধান্য
প্রদর্শন করিতেছেন।

—:০:—

নূতন পুস্তক।

১। শব্দস্তোমমহানিধি। এখানি
সংস্কৃত অভিধান। কলিকাতা গবর্ণমেণ্ট
সংস্কৃত পাঠশালার ব্যাকরণাধ্যাপক মহা
মহোপাধ্যায় শ্রীযুক্ত তারানাথতর্কবাচ
স্পতি ইহার সঙ্কলন করিয়াছেন। ইনি
যে বৃহৎ অভিধানপ্রণয়নের ভারগ্রহণ
করিয়াছেন, এ সেখানি নয়। এখানিও
নিতান্ত ক্ষুদ্র হয় নাই। ইহা খণ্ড খণ্ড
প্রচারিত হইতে আরম্ভ হইয়াছে
ইহাতে কাব্যাদিপ্রসিদ্ধ শব্দসকল
দুর্লভ নহে। এখানি সংস্কৃত ব্যবসায়ী
দিগের পক্ষে সবিশেষ উপকারী হই
য়াছে। যাঁহারা শব্দের ব্যুৎপত্তিদর্শ
নোৎসুক, এতদ্দ্বারা তাঁহাদিগের কৌতূ
হল চরিতার্থ হইবে।

২। মেদিনী। এখানি প্রাচীন সং
স্কৃত অভিধান। ইহাকে নানার্থকোষ
বলে। ঢাকা কালেজের সংস্কৃতের অধ্যা
পক শ্রীযুক্ত সোমনাথ মুখোপা
সংশোধন করিয়া এখানি মুদ্রি
প্রচারিত করিয়াছেন। আজি ব
সংস্কৃতের যেপ্রকার চর্চ্চা আরম্ভ
য়াছে, তাহাতে সংস্কৃত অভিধ
মত বহুল প্রচার হয়, ততই মঙ্গ
বিষয়। বিশেষতঃ সংস্কৃত কাব
গ্রন্থের অধিকাংশ শ্লেষদ্বারা পরিপূ
শ্লেষাদি স্থলে নানার্থ কোষের সা
গ্রহণ একান্ত আবশ্যক হয়।

৩। ভট্টিকাব্য। কলিকাতা সং
বিদ্যালয়ের পুস্তকাধ্যক্ষ শ্রীযুক্ত জগ
তর্কালঙ্কার জয়মঙ্গল ও ভরতমল্লি
টীকাসমেত মুদ্রিত ও প্রচারিত ক
আরম্ভ করিয়াছেন। এখানি প্রথম
তর্কালঙ্কার পদচ্ছেদ করিয়া সাঙ্কে
চিহ্নদ্বারা কর্ত্তৃপদ ক্রিয়াপদ
বিশেষ বিভক্তি, বচন, কারক, স
প্রভৃতি প্রদর্শন করিয়াছেন। যে পু
খানি আমাদিগের হস্তে পতিত
য়াছে, তাহার অক্ষর, কাগজ ও
প্রভৃতি সমুদায়ই উৎকৃষ্ট দৃষ্ট হইল

৪। পুরাণপ্রকাশ তৃতীয় ও
খণ্ড। ইহাতে মূল বিষ্ণুপুরাণ,
স্বামিকৃত টীকা ও বাঙ্গলা অনুবাদ
বেশিত হইয়াছে, শ্রীযুক্ত জগদ
তর্কালঙ্কার খণ্ড খণ্ড ক্রমে ইহা প্র
করিতেছেন।

৫। মহর্ষি বাল্মীকিপ্রণীত
য়ণ তৃতীয় খণ্ড। শ্রীযুক্ত হেমচন্দ্র
চার্য্য রামানুজকৃত টীকা ও বা
অনুবাদ সহিত ইহা প্রচার ক
ছেন।

৬। বিবিধ পুস্তক প্রকা
দশম খণ্ড। ইহাতে মহাকবি
মূল শ্লোক তৃতীয় সর্গ
পঞ্চম সর্গ পর্য্যন্ত মল্লিনা
টীকা ও হেমচন্দ্রভট্টাচার্য্যকৃত বা

রেলনের প্রস্তাব গ্রহণ করা উচিত। টনি বলিয়াছেন যখন কোন স্থানে ন্তের প্রাদুর্ভাব হইবে, তথায় তৎক্ষ ২ গিয়া টীকা দেন, এই নিমিত্ত কতক লি ভ্রমণকারী টীকাদারকে রাখা র্ত্তব্য। অধিকতর বেতন না দিলে পযুক্ত টীকাদার পাওয়া ভার। বাঙ্গালা শ্রেণির ছাত্র ও উপযুক্ত কম্পাউণ্ডার গকে এই পদে নিযুক্ত করা কর্ত্তব্য। সকল স্থানে লোকে এই টীকার গুণ ঝিয়াছেন, তথায় টীকা দিবার নিমিত্ত ঞ্চিৎ কিঞ্চিৎ ফী গ্রহণ করা কর্ত্তব্য। কাদারকে দক্ষিণা দেওয়া আমাদিগের শ নূতন বিষয় নহে। এই টীকায় যুক্ত লোক পাওয়া যাইবে।

—•••—

বিবিধসংবাদ।

৫ই ফাল্গুন সোমবার।

গত ছয় মাসে অযোধ্যা হইতে দুর্ভিক্ষ ড়িত স্থানসমূহে ১,২১, ৩০৮ মণ শস্য রিত হইয়া ছে এবং অযোধ্যা মধ্য ভাকে রক্ষা করিতেছেন।

মফস্বলের আদালতের অধ্যক্ষগণের টীর গত বৎসর গবর্ণমেণ্টকে ভা ইয়াছি ন ডেপুটীস ও গুরুগ্রামবিভাগে চীনের সমের কর্দ্দম ... এই কর্দ্দম বিস্তীর্ণ পাথরিয়া উহাই কর্দ্দমের তুল্য। পঞ্জাবের ণ্টনাণ্ট গবর্ণর প্রস্তাব করেন, এই সুযোগ বিত্যাগ না করিয়া এদেশে চীনের বাসন স্তুত করা কর্ত্তব্য। তেন তন্নিমিত্ত কিঞ্চিৎ র্দ্ধন ইংলণ্ডে পরীক্ষার্থ প্রেরণ করিতে লেন। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ডক্টর ওলড ফকে রিপোর্ট করিতে বলাতে তিনি বলিয়া ন এদেশে চীনের বাসনের প্রয়োজন নাই, তএব এখানে তাহা প্রস্তুত করিবার উৎসাহ াতে যে ব্যয় পড়িবে তাহা অপব্যয়মাত্র ইবে। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ইংলণ্ডের কোন কার শাস্ত্রে প্রাধান্যযোগিত করিতে সাহসী ন নাই। অতএব এই প্রস্তাব পরিত্যক্ত হই ছে। এতদপেক্ষা ভ্রম আর নাই। এদেশে স্তুত বাসন ইউরোপ হইতে আইসে। াহাজে ইহার অর্দ্ধাংশ ভগ্ন হইয়া যায়। তদ্দেশীয়েরা এই বাসন ব্যবহার করিতে ন। মুসলমানমাত্রেই ইহা পাইলে অন্য তৈজস চান না। এখানে ইহা প্রস্তুত করিলে ব্যয় অল্প পড়ে, দেশেরও একটী শিল্পবৃদ্ধি হয়।

বাবু দাদাভাই নওরজির স্মরণার্থ চিহ্ন স্থাপনার্থ যোধাইয়ে আন্দোলন হইতেছে। এতদর্থ চাঁদা দেওয়া সকলের কর্ত্তব্য। দাদা ভাই নিজের চেষ্টায় মঙ্গলাভ করিয়াছেন। ইষ্ট ইণ্ডিয়ান আসোসিয়েসন তাঁহার যথে অনেক কাজ করিয়াছেন।

সাতকীরা উপবিভাগে ওলাউঠার প্রাদুর্ভাব হওয়াতে এক জন এতদ্দেশীয় চিকিৎসক তথায় প্রেরিত হইয়াছেন। পীড়া এত অধিক হই তেছে ..., যব আসি ... সার্জ্জন একাকী সে সী দেখিয়া উঠিতে ... না।

সরকার সা ... ধর্মী ও টমসন্‌ইল ... সম্প্র দায়ালির ... র সংবাদ লইয়া লেসোয়াে আগমন করিয়াছেন। তাঁহাদিগের ছাপা আমীর বলিয়া পাঠাইয়াছেন. তিনি গবর্ণর জনরলের সহিত সাক্ষাৎ করিবার বাসনা করেন এই সুযোগ ত্যাগ করা উচিত নহে। আফ্রিকা নেটা কলীয়ার বিপক্ষ, অতএব সিমলাবাসের পূর্ব্বে আমীরের সহিত সাক্ষাৎ করিলে ভাল হয়

কাজারার দুর্ভিক্ষপীড়িত লোকদিগের সাহায্যার্থ ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তত্রত্য উপ ত্যকার রাস্তার নিমিত্ত ৫০,০০০ টাকা প্রদান করিয়াছেন; অবশিষ্ট ব্যয় স্থানীয় ফণ্ড হইতে হইবে। এই রাস্তাটী মধ্য আসিয়ার বাণিজ্যের সুবিধার্থ হইতেছে। এ বার দুর্ভিক্ষ কতকগুলি মঙ্গলের কাজ হইল।

লেপেলিউ বোড আজ্ঞা দিয়াছেন, একান্নভুক্ত পরিবারের সকলের আয় সমষ্টি করিয়া তাহার উপরে সার্টিফিকেট টাক্স হইবে।

১৮৬৮।৬৯ অব্দের প্রথম ছয় মাসে নয় মত পূর্ত্তকার্য্যের নিমিত্ত ২,৯০,৩১,৯৬০ টাকা ও অতিরিক্ত কার্য্যের জন্য ২৮৮৯৫০ টাকা ব্যয় হইয়াছিল ১৮৬৭ অব্দে ঐক্য সময়ে ২,৭১,৭১,৭৪০ টাকা ব্যয় হয়।

আমরা কক্সপেটিয়ট দর্শন করিয়া আনন্দিত হইলাম। মিসনরি স্কুলের শিক্ষকদিগকে শ্রেণিবদ্ধ করিবার নিমিত্ত ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট সম্প্রতি প্রকাশ করাতে তাহাদের এক কমিটি নিযুক্ত করিয়াছেন।

৬ই ফাল্গুন মঙ্গলবার।

এবার ম্যাট্রিকুলেশন পরীক্ষার্থ ছয় জন আটিকল ক্লার্ক উপস্থিত হন। ইহাদিগের মধ্যে তিন জন উত্তীর্ণ হইয়াছেন। এক জন ... অবশিষ্ট দুই জন এতদ্দেশীয়।

হগ্‌ সাহেবের বিরুদ্ধে উইলসন ... নালীশ করেন, রীতিমত তাহার ... হইবে না. গত কল্য গ্রেহাম সা ... টের পক্ষে তাহার কারণ প্রদর্শন ... ক্ষের বাদির উত্তরের তর্ক শ্রবণ করিয়া ... ফিয়ার বলিয়াছেন, ম্যাজিষ্ট্রেট আইন মত ... করিয়াছেন অতএব প্রধানতম বিচা ... দ্বিতীয়ে হস্তার্পণ করিতে পারিবেন না। ... সন সাহেব সম্মানের ক্ষতিপূরণের দাবি ... প্রধানতম বিচারালয়ে নালীশ করিবেন ... যাইতেছে।

... গেজেটে ব্রহ্মদেশের রাজার বি ... যসকল বিষয় লিখিত হয়, তাহা সাবধান ... বশ্বাস করা উচিত। উক্ত পত্রের ইচ্ছা ... মত স্বাধীন ব্রহ্মদেশ গ্রহণ করেন। সম্প্রতি ... পত্র প্রকাশ করেন, তরওয়াজির অধি ... ধ্যক্ষ কমিসনরের পুত্র মান্দলাইয়ের ... বরি বিদ্যালয়ে অধ্যয়ন করিতেন। এ ... ক্তি শুদ্ধ এক মন্দিরে প্রবেশ করাতে ... তাঁহার মস্তক ছেদন করিয়াছেন। মিসন ... সাহেব বলিয়াছেন, একথা সম্পূর্ণ অমূলক

আর এক জন ডাক্তর ডুবাপান ... পরিত্যাগ করিয়াছেন। কানাডার ... স্বাস্থ্যাধ্যক্ষ কিরকপ্যাট্রিক মৃত গোল্ডস্মিথের ... ভার লইয়াছেন, গবর্ণর তিনি সুস্থ ... করিয়া বাটীতে আইসেন। পাতাকালে ... মৃত দেহ সদর দ্বারের নিকটে দেখা যায়। ... ক্তি ... যুবক সাহেব স্বপরামর্শ সু ... করিবেন। কর্ত্তার মৃত্যুর কারণ অনু ... করিতেছেন এতদ্দেশীয় ডাক্তারগণের ... দোষ করে নাই? চিকিৎসার ... হওয়া অতিশয় অন্যায় এই সময়ে কবে ... পারিবেন? অতিশয় আক্ষেপের ... আমরা এক জন মধ্যপায়ী বেঙ্গলিকে

যা করিয়া বরং আদর করিয়া থাকি।
যদি কোন স্থানে করা উচিত, এ
সক্রেটারি মাশমান সাহেবের ম
ছেন। মার্শমান সাহেব আর্থেশী
বলিয়াছেন, কিন্তু অদ্যাপি
পুরে করা উচি বলি

কাশমীরাই বলেন, বঙ্গদেশের ঠিক ম
রেল সাহেব দিল্লীতে উপস্থিত হই
ওয়াসদগের প্রধান আড্ডা পাটনাতে
দিল্লী, কাশী, ঢাকা, আম্বালা ও রাউ
তেও আড্ডা স্থাপিত হইয়াছে।
ওয়াবিসর্দ্দার ধৃত হইয়াছে। বিস্ত
সীতানার হিন্দুস্থানীদিগের নিমিত্ত সং
হয়, কিন্তু সাহেবগণ ইহার অধিকাংশ
সাৎ করে। ওহাবিগণ কোন অনি
ত পারে না, মকাম্বলাইট এই মত প্রকা
ছেন। গবর্ণমেণ্টের অবিবেচনানিবন্ধ
মানা দল ক্রমশঃ বিগলিত হইতে

।

ত্তর পশ্চিমাঞ্চলের লেপ্টেণ্ট গবর্ণরে
টীয়ের টাকা ৩০০ হইতে ৫০০ শত হ
এটী বঙ্গদেশের লেপ্টনণ্ট ব
ভুলা; কিন্তু নকার লেপ্টনণ্ট
রর বাস গবর্ণর লের নীচেই হই

১ই ফ ার।

াক্তর মৌএটের অনুরোধে প্রেসিডেন্সি
লের অধ্যক্ষের ৮০০ হইতে ১০০০ টা কা
হইয়াছে। জেল কর্ম্মচারীদিগের মধ্যে
ীপুরের ডেপুটি সুপ ইণ্টেণ্ডেণ্ট ডব সন
বেরই বেতনবৃদ্ধি করা উচিত হয়
ীপুরের জেল দেশের মধ্যে সর্ব্বোৎকৃষ্ট।
ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, লাড মেয়
গজের বয়লার খানদামানার্থ গমন কা

আমরা সম্প্রতি বলিয়াছিলাম, যদি রুশীয়
কৃমল করেন এবং এতদ্দেশীয় ও ইউরোপীয়
গণ বিদ্রোহী হয়, তথাপি সর্দ্দারগণ গবর্
মেণ্টের ক্ষমতা বজায় রাখিতে পারিবেন।
লিনিউস ইহাকে কপটতা ও বৃথা বাগাড়ম্বর
লয়া লিখিয়াছেন। বাঙ্গালীর প্রতীত এমত
ত কথা আর কেহ বলিতে পারেন না
বল আমেরিকানদিগের মধ্যে এইপ্রকার
কথা শ্রবণ করা যায়। ডেলিনিউস বিস্মিত
য়াছেন, যে শাসনপ্রণালী দেশের উন্নতি ও
সভ্যতার সহায়তা করে, লোকে তাহারাই অনু
মোদন করিয়া থাকেন। ব্যক্তি অথবা বংশ
বিশেষের প্রতি অন্ধ অনুরাগ এক্ষণে আর নাই।
ব্রটিশ গবর্ণমেণ্ট আমাদিগের বর্ত্তমান অবস্থায়
অবশ্য প্রয়োজনীয়। উদ্দেশের যদি কোন মন্ত্রের
ক্ষমতা পান, তাহা হইলে ব্রিটিশ গবর্ণমেণ্টকে
পুনঃস্থাপিত করেন: স্বার্থবিবেচনায় শাসন
প্রণালীর সহায়তা ও প্রতিবন্ধকতা করা হয়।
অতএব আমরা কেবল বাগাড়ম্বর করি নাই যদি
আমরা বলিতাম "ব্রিটিশ গবর্ণমেণ্টের দ্বারা
কোন উপকারের প্রত্যাশা নাই। এই গবর্ণমেণ্ট
দেশের শত্রু। স্বদেশীয়গণ! আপনারা গোপনে
সঙ্কল্পপরিকর হউন। সুযোগ পাইবামাত্র ঘৃণিত
শাসনকর্ত্তাদিগকে আমরা দূর করিব।" এই গবর্ণ
মেণ্ট অপেক্ষা রুশীয়ার অধীনতা অথবা
সেকেলে বরগির হাঙ্গাম প্রার্থনীয়" তাহা হইলে
রাজদ্রোহ ডেলিনিউস সন্তুষ্ট হইতেন।

৮ই ফাল্গুন বৃহস্পতিবার।

কলিকাতার জষ্টিসদিগের সভাপতি হগ
সাহেব ছয় মাসের বিদায়ের নিমিত্ত আবেদন
করিয়াছেন। তিনি প্রত্যাগমন করিয়া দশ
দিবস বোম্বাইয়ে থাকিয়া শুভ্রতা মিউনিসি
পাল বন্দোবস্তের দর্শন করিবেন। হগ সাহেবের
অবকাশের বিষয় বিবেচনার্থ আগামী ৩রা মার্চ্চ
জষ্টিসদিগের একটী বিশেষ সভা হইবে।

গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, সামরিক বিচা
রালয়ের আজ্ঞানুসারে যেসকল আফিসর পদ-
চ্যুত হইবেন, অথবা যাঁহারা সামরিক বিচারা
লয়ে দণ্ডায়মান হইবার পর পদত্যাগ করিবেন,
তাঁহারা ইংলণ্ডে যাইতে পারেন এমত পাথেয়
দেওয়া হইবে। এই নিয়মটী কিছু দিন স্থগিত
ছিল।

মান্দ্রাজের জেল অধ্যক্ষ কয়েদিদিগের বসি
বার নিমিত্ত এক প্রকার টুলের সৃষ্টি করিয়াছেন।
এটীর একটীমাত্র পদ আছে। চতুর্দ্দিকে সমান
গুরুত্ব না দিলে টুল পতিত হয়। ইহার উদ্দেশ্য
এই কাজ করিতে করিতে যদি কোন কয়েদি
নিদ্রিত হয়, তাহা হইলে তৎক্ষণাৎ ভূতলে
পতিত হইবে। এটী একটী বুদ্ধি লক্ষণ বটে।
আরও এক কাজ করিলে হয়। প্রত্যেক কয়ে-
দির মস্তকের চুল ছুদের কড়ির সঙ্গে দাড়ি দিয়া
বন্ধন করা উচিত। নিদ্রা হইলেই টান পড়িবে।
আমাদিগের জেলসমূহের ভাগ্য ভাল।

৯ই ফাল্গুন শুক্রবার।

ইংলণ্ডের নাট্যশালায় অনেক স্ত্রীলোক
সূক্ষ্ম বস্ত্র পরিধান করিয়া গমন করেন। এই বস্ত্র
পরিধান ও উলঙ্গ থাকা সমান। নাট্যশালায়
বেশ্যাগণও প্রকাশ্যরূপে গমন করে। এই
কুব্যবহার পূর্ব্বে ছিল। কিন্তু আমাদিগের রাজ্ঞী
বলিয়াছিলেন, যেখানে লজ্জাশীলতা নাই,
তিনি সে নাট্যশালায় যাইবেন না। ইহাতে উৎ
কর্ষ হয় এক্ষণে রাজ্ঞী আমোদ ত্যাগ করিয়া

ছেন এবং লজ্জাহীনতা বৃদ্ধি হইতেছে।

শাহিপুরের ছোট আদালত রাণাঘা
উঠিয়া আসিল। বনগ্রাম উপবিভাগ এই অ
লয়ের অধীনস্থ হইতেছে। বিচারপতি
দিবস রাণাঘাট ও ১৫ দিবস কৃষ্ণনগরে বি
করিবেন।

লাড হেষ্টিংস ভারতবর্ষ ত্যাগ করি
সময়ে বিস্তর পারস্য ও আরবি পুস্তক ল
গিয়াছিলেন। তাঁহার পৌত্রের মৃত্যু হওয়া
হেষ্টিংস বংশের লোপ হইয়াছে। তাঁহা
পুস্তকগুলি নীলামে বিক্রীত হইয়া
আহ্লাদিত হইলাম, ষ্টেটসেক্রেটারি এগুলি
করিয়াছেন।

এ বার মান্দ্রাজ বিশ্ববিদ্যালয়ে ৩২৩
প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। ইহ
গের মধ্যে ৪১ জন মাত্র প্রথম শ্রেণীতে উ
ছেন।

১০ই ফাল্গুন শনিবার।

মরিসসে অদ্যাপি সংক্রামক জ্বর
য়াছে। ১৮৬৭ অব্দে ৪১০০০ লোকের
হয়। গত বর্ষে ১৯০০১ জন প্রাণত্যাগ ক
য়াছে। এক্ষণে প্রত্যহ ৯ জন চিকিৎসা
যাইতেছে। মৃত ব্যক্তিদিগের মধ্যে ভারতব
লির সংখ্যা অধিক, তাহা বলা বাহু
আফ্রিকার কাফ্রিদিগের স্বাধীনতা রা
গিয়া ব্রটিশ গবর্ণমেণ্ট আপনাদিগের প্র
গকে বলি দিতেছেন।

বাবু ভোলানাথ চন্দ্র উত্তরপশ্চিমাঞ্চ
ভ্রমবৃত্তান্ত ইংলণ্ডে প্রকাশিত করিয়াছে
ত ন উত্তম ইংরাজী লিখেন এবং চেষ্টা ক
করিলে উত্তম লোক হইতে পারেন, তাহা
রূপে স্বীকৃত হইয়াছে, কিন্তু সটচে রি
তাঁহার এই গুণ স্বীকার করিয়া বলিয়াছে
সেনাপতি কানিংহাম, মেকলে, হিবারপ্র
হইতে তিনি যে চুরি করিয়াছেন, তাহা অ
শয় অন্যায়। সটচে রিবিউ এই উপলক্ষে
য়াছেন, ভোলানাথচন্দ্র কৃতবিদ্য বাঙ্গ
আদর্শ, কৃতবিদ্য বাঙ্গালীমাত্রে বিনা স্বী
অন্য গ্রন্থ হইতে চুরি করেন, এ কথা বলা
শয় অন্যায়। মেইন সাহেব এই প্রস্তাবটী
য়াছেন, বোধ হইতেছে।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ।

১০ই ফেব্রুয়ারি। যত দিন বাবু মধু
ঘোষ বিদায় লইয়া অন্যত্র স্থিত থাকিবেন,
দিন বাবু কালীপ্রসাদ দত্ত চট্টগ্রামের প্রতি
অতিরিক্ত অবস্থ জজ হইবেন। বাবু গজ
সরকার উক্ত পদে নিযুক্ত হইবেন
২২ এ জানুয়ারিতে যে আজ্ঞা হয়,
এতদ্দ্বারা রহিত হইল।

১৩ই ফেব্রুয়ারি। যত দিন ডাক্তর

কার্য্য চলিবার কোন উপায় দেখা যায় স্ত্রী শিক্ষক প্রায়ই পাওয়া যায় না। যদিই কান প্রকারে পাওয়া গেল, তিনি যে শিক্ষকরূপে দক্ষ, ইহা স্পষ্টরূপে লক্ষিত ন। সূচীকার্য্য ভিন্ন আর কিছুতেই যে ার তাদৃশ অধিকার নাই, তাহা অগৌণে শ পাইয়া যায়। এরূপ স্থলে শিক্ষিকা াগ কতদূর কার্য্যকারী হয়, তাহা আপনিই চনা করিয়া লউন। এখন বালিকাবিদ্যা- যাহারা ছাত্রীরূপে অধ্যয়ন করিতে য়া থাকে, তাহারা যে অধিকবয়স্ক নহে, থা বলা বাহুল্য মাত্র। এমন কি, তাহাদের ৫ হইতে ৯।১০ বৎসরের অধিক হইবে না। রা সামান্য সামান্য পুস্তক ও সূচীকার্য্য ভিন্ন যে মোজা বোনা কারপেটের জুতা ত করণপ্রভৃতি দুরূহ কার্য্যে প্রবৃত্ত হইতে ন না, ইহা স্পষ্টাক্ষরে বলা যাইতে ব। আবার দেখুন, যে শ্রেণীর লোক হইতে কন্যা পাওয়া গিয়া থাকে, তাঁহারা অধি শই বিদর্ম্মাবলম্বিনী; আর যে যে স্থানে য় প্রতিষ্ঠিত হইতেছে, তাহা নিতান্ত ম। এখনও যে পল্লীগ্রামগুলি পূর্ব্ববৎ ে কুসংস্কারে আচ্ছন্ন রহিয়াছে, তাহা কবি, সকলেই স্বীকার করিবেন। ঈদৃশ আমাদের বালিকাদিগকে এরূপ বিধর্ম্মাব শিক্ষিকার সন্নিধানে প্রেরণ করিতে, াভভাবকগণ সঙ্কুচিত হইবেন তাহাতে ত্র সন্দেহ নাই। এইসকল কারণে এখন ল বালিকাবিদ্যালয় স্থানে স্থানে স্থাপিত ছে, সেই সেই স্কুলে এখনকার অর্দ্ধেক শিক্ষক নিযুক্ত না করিয়া নিম্নলিখিত ত অনুসারী কার্য্য করিলে যে কতক পরিমাণে ক হয়, এ কথা সাহস করিয়া বলা যাইতে । আমরা যে স্ত্রীশিক্ষিকানিয়োগবিষয়ে ধী তাহা নহে। তবে কি না, যে স্ত্রীনর্ম্মাল লয় স্থাপিত হইবার প্রস্তাব হইতেছে, বিদ্যালয় হইতে যে পর্য্যন্ত উপযুক্ত কা না বাহির হইয়া আইসেন, সে ন্ত আমাদের প্রস্তাবটী কার্য্যে পরিণত , অপেক্ষাকৃত কিছু ভাল কাজ হয়। আমরা যে প্রস্তাব করিতে যাইতেছি, এই।

আপাততঃ বালিকাবিদ্যালয়ে প্রথমশ্রে পণ্ডিতনিয়োগের ব্যবস্থা করা হউক। সুকুমারমতি কোমলস্বভাবা বালিকা মনোভাব পরীক্ষা করিয়া দেখিয়া শিক্ষা প্রদান করিবেন। শিক্ষাপ্রতি যাহাতে তাহাদের প্রবৃত্তি থাকে, সে চেষ্টা করিবেন। তাঁহার সহকারিতা করিবার জন্য এক জন দরজি রাখা হউক। এই ব্যক্তি বালিকাদিগকে সূচী কার্য্যে শিক্ষা দিবেন। কারপেটের জুতা অপেক্ষা পিরান, চাপকানপ্রভৃতি প্রস্তুতকরণে আমাদের বালিকারণ পটুতাপ্রদর্শন করিতে পারিলে আমরা আপনাদিগকে কৃতার্থজ্ঞান করিব।

১২৭৫
২৯ মাঘ

অনুগত
শ্রীগোকুলবিহারী মিত্র।

—•—

মহাশয়! গত ১২ ই মাঘ রবিবার বেলা ৪ ঘটিকার সময় এপ্রদেশে যখন ভূমিকম্প উপস্থিত হইয়াছিল, তখন আমরা শ্রীলশ্রীযুক্ত মহারাজ স্যর দিগ্বিজয় সিংহ বাহাদুরের সমভিব্যাহারে তদীয় সভামণ্ডপে উপবিষ্ট ছিলাম। অতএব তদ্দর্শনে উক্ত মহারাজ স্বীয় পারিষদ্বর্গের সহিত তদ্বিষয়ে কিঞ্চিৎ কথোপকথন করেন। পরে শ্রীমন্মহারাজ একদা নির্জ্জনে স্বগৃহে উপবিষ্ট হইয়া উক্ত ভূমিকম্পের বিষয় চিন্তা করিতে করিতে হিন্দি ভাষায় তদ্বিষয়ে একটী উৎকৃষ্ট কবিতা রচনা করিয়া পারিষদদিগকে শ্রবণ করান। তাহাতে তাঁহারা তাঁহার শব্দবিন্যাস কবিতাশক্তি এবং উৎকৃষ্ট ভাব অবলোকন করিয়া যথোচিত সন্তোষ প্রকাশ এবং প্রশংসা করিলেন। পরে সকলে শ্রীমহারাজকে অনুরোধ করিলেন, যে উক্ত কবিতাটি সর্ব্বসাধারণের গোচরার্থ কোন সম্বাদপত্রে প্রকাশ করা হয়। সুতরাং তিনি তাহাতে সম্মতি প্রদান করেন। কিন্তু কোন কারণবশতঃ এতাবৎ কাল তাহা কোন স্থানে প্রেরিত হয় নাই। অধুনা তাঁহার আজ্ঞানুসারে আমরা উক্ত কবিতাটি মহাশয়ের সন্নিধানে প্রেরণ করিলাম। আপনার সুপ্রখ্যাত পত্রিকায় ইহাকে কিঞ্চিৎ স্থান দান করিলে আমরা অতীব বাধিত এবং উপকৃত হইব। কবিতাটি এই:—

পালো ভলী রীতিতে সুনীতি প্রজাপ্রীতিপুরি
লার্ নিগ্ দিন কীহো সুখ দৈ আমাল সো।
ফল ফুল বিবিধ বিতান দেশ দেশ ছনো।
বাটিকা সমান কারীধারী চহুঁ গোল সো।
মাঘ বদি তেরস চতুর্থ যাম রবিবার।
ইন্দ্রীগ্রহ সম্বৎ পৈ প্রকৃতি সুডোল সো।
বিধিবস বিয়োগ পৈ সংযোগ নব প্রীতমতে।
ধরা থহরানী মন ভয়ো ডমাডোল সো।

অস্য র্থঃ।

হে লরেন্স সাহেব মহোদয়, তুমি পূর্ব্ব রীতি সুনীতি এবং প্রীতিসহকারে উত্তমরূপে প্রজাদিগকে পালন এবং অমূল্য সুখপ্রদান করিয়াছিলে। তোমার বিয়োগ রাত্রি দিন ক্লেশ করিলে, আর দ্বিগুণ পরিমাণে বিবিধ ফল মূল ও বিতান এবং বাটিকা সোধমালাকৃতি কারীধারীপ্রভৃতি দেশে দেশে বিস্তার করিলে। অনন্তর সুযোগবশতঃ সম্বৎ মাঘের কৃষ্ণপক্ষ ত্রয়োদশী চতুর্থ যাম রবিবাসরে বিধিবশাৎ তোমার বিয়োগ নবপ্রিয়তমের সংযোগপ্রাপ্তে ধরণী কম্পিতা হইবায় তন্নিবন্ধন সেই প্রচণ্ড ভূমিকম্প "ভমাডোল" অর্থাৎ মহান্দোলন এপ্রদেশে উপস্থিত হইল।

এই কবিতাটি কোন বিশেষ অভি লেখা হয় নাই। ভূমিকম্পের পর দিবসে লর্ডমেও সাহেব মহাশয়ের আগমনের পূর্ব্ব মহারাজ একাকী গৃহমধ্যে বসিয়া আছেন সময়ে তাঁহার মনে অকস্মাৎ উদয় হ মহারাজ ইহা রচনা করিলেন। কিন্তু শ্রীযুক্ত সাহেব মহোদয়ের শাসনপ্রশংসা ইহার থাকাতে ইহার অধিক গুরুত্ব হইয়াছে ইহা তাঁহার সদ্গুণের এক সাক্ষিস্বরূ য়াছে। অতএব তদীয় স্মরণার্থ ইহা সাধ গোচর করা অথবা এ পত্র করা যে বোধে আমরা ইহাকে মহাশয়ের নিকট করিলাম। আপনি কৃপা করিয়া ইহাকে প্র করিলে পরম বাধিত হব।

ইহা এক প্রধান ভূপতির মুখনিঃসৃত এবং তদীয় অভিপ্রায়ে যথাস্থ বাক্য। ইহাতে রূপকালঙ্কার পরিবেশিত করা হই তথাপি ইহার মাধুর্য্যের কোন লঘুতা ইহাতে গত প্রধান শ সন কর্ত্তা মহাশয়ের পরিচয় বিলক্ষণ পাওয়া যাইতেছে। ম তাঁহার শাসনপ্রণালীর প্রতি সন্তুষ্ট না এবম্প্রকারে তদীয় গু না, যে কেহ ইনি এখ সামান্য ব্যক্তি ন অযোধ্যাপ্রদেশের মধ্যে ইনিই সেই অতি মহারাজ সর দিগ্বিজয় সিংহ বাহাদুর, যে এস আই ইনি কেবল নিজ ক্ষম তা ও সাধু বলে এতাদৃশ আধিপ তা লাভ এবং যশ করিয়াছেন আর ইহাঁ কে শ্রীমতী মহারাণী ষ্টোরিয়া আপন ভ ভবদীয় ব্যবস্থাপক স এক সভাপদে বরণ করিয়াছেন। অতএ বিধ মহাত্মার অভিপ্রায় সম্বাদপত্রে প্রচার কখনই অযুক্ত হইতে পারে না।

৮ ই ফেব্রুয়ারি
১৮৬৯

শ্রীকেদারনাথ শর্ম্মণঃ
সহকারি সম্পাদকস্য

মহাশয়! নিতান্ত আহ্লাদসহকারে জানা
তেছি যে, প্রেসিডেন্সি কালেজের সুপ্রশংসিত
ত্র শ্রীযুক্ত বাবু আনন্দরাম বড়ুয়া বি, এ
তভূর্ণ গবর্ণর জেনরল সর্ জন লরেন্স মহোদয়
পিত ইংলণ্ডে অধ্যয়নার্থ ছাত্রবৃত্তি পরীক্ষায়
ত্তীর্ণ হইয়া গত ২ রা ফেব্রুয়ারির মেইলে
লণ্ডে যাত্রা করিয়াছেন। আনন্দরাম ছুই
সরকাল হিন্দুহষ্টেলে অবস্থান করেন;
তরাং তাঁহার সহিত আমাদিগের বিশেষ
তা জন্মিয়া ছিল। আমরা তাঁহার এই কৃত
তাদর্শনে যে কিপর্য্যন্ত আনন্দিত হইয়াছি
ব-নীয় নহে। আনন্দরাম অতিশয় সরল,
ভাব ও গুণবান ছাত্র। তিনি এক বৎস
তিনটী পরীক্ষা (বি, এ, ইংলণ্ডে অধ্যয়
ছাত্রবৃত্তির পরীক্ষা এবং গিল ক্রাইষ্ট)
ছেন। তন্মধ্যে প্রথম দুইটীতে বিশেষ প্রতি
সহকারে কৃতকার্য্যতা প্রদর্শন করিয়াছেন।
টীর ফল অদ্যাপি প্রকাশ হয় নাই। ঈশ্বর
ণে কায়মনোবাক্যে প্রার্থনা করি যে, এই
উক্তরূপ কৃতকার্য্যতা লাভ করুন।
আনন্দরাম অতি তরুণবয়স্ক। তিনি অ
বয়সেই সংস্কৃত, ইংরাজী লাটিন প্র
ত অভিজ্ঞতা লাভ করাতে সকলেই তাঁ
কপাতী হইয়াছিলেন। মদ্য বিভাগস্থ
সমূহের পরিদর্শক শ্রীযুক্ত এইচ, উ
এ, মহাশয় তাঁহাকে সঙ্গে করিয়া লইয়া
ত প্রস্তুত হইয়াছিলেন; কিন্তু বিদায়
াওয়াতে স্বীয় ধর্ম্মপত্নীর সহিত বিশেষ
কারে আনন্দরামকে ইংলণ্ডে প্রেরণ
ছেন।
নন্দরাম আসাম দেশবাসী। তিনি চারি
কাল কলিকাতায় অধ্যয়নপূর্ব্বক এইরূপ
ও প্রতিপত্তিলাভ করিয়া এক্ষণে ইংলণ্ডে
লেন; জগদীশ্বর তাঁহার সাধু ইচ্ছা
ণ করুন; সকলান্তঃকরণে প্রার্থনা করি
নি ইংলণ্ডে বিশেষ প্রতিপত্তিলাভ
সুস্থ শরীরে প্রত্যাগমনপূর্ব্বক স্বদেশের
বর্দ্ধন করুন।
মরা আনন্দরামের নিকট বিশেষ সন্তুষ্ট
নি বিদায়সময়ে এদেশের হিতৈষিতা
য়তা প্রদর্শন করিয়াছেন তাহাতে
অশ্রু নির্গত হয়, তাহাতে
ষ্টেলবাসী শ্রীযুক্ত বাবু রজনীকান্ত গুপ্ত
খত বিদায়সূচক কবিতা তাঁহাকে উপ
য়াছিলেন:—

" প্রীতিপুষ্প উপহার "

হে আনন্দ! এত দিনে সফল তোমার

বাসনা; চলিলে এবে লঙ্ঘিয়া অপার
জলধি, ইংলণ্ড দেশে লভিতে সুফল;
প্রদানিতে বঙ্গে সদা সন্তোষ বিমল।
মনের আনন্দে আজি ধরিয়া সুতান।
উচ্চকরে তব নাম করিব রে গান।
নীলিমা রঞ্জিত পথ বিশাল সাগর।
তরি বাও মনসুখে অভয় অন্তর।
বঙ্গের কমলা সঙ্গে ওহে মতিমান।
যাবেন রক্ষিকা হয়ে ধরিয়া নিশান।
সহৃদয় আতৃগণে সন্তোষ বিতরি।
যাও সুখে গুণময়! আশীর্ব্বাদ করি।
পুরাবেন বঙ্গলক্ষ্মী তোমার কামনা।
মনের সহিত এই করি রে কামনা।
সমানে ফিরিয়া আসি হে গুণনিধান।
রাখিও আদরে বঙ্গে বাড়াও সম্মান;
সৌভাগ্যে তোমার মন ওহে গুণময়।
আনন্দ জলধিতলে ভাসিছে হৃদয়।
হোক দুষ্ট বঙ্গ পুনঃ হেরিয়া তোমায়।
যাও সুখে হে আনন্দ "বিদায়, বিদায়"
প্রীতিভাবে গুণাধার! লও রে বিদায়
কর রে মঙ্গলযাত্রা রেখ রে আমার
তোমার সরল মন; ভুলনা কখন
(১) আশ্রমবাসীরে এই স্নেহের ভাজন।
নাহি কিছু কিবা আর দিব উপহার,
কি আছে স্নেহের ধন সুযোগ্য তোমার।
প্রীতিগুণে আজি এই করিনু গ্রন্থন
কবিতা-কুসুমমালা। বাসনা এখন
দোলাব তোমার গলে হৃষিত অন্তরে।
আশা করি প্রিয় চিহ্ন রাখিবে আদরে
তুমি ত আনন্দ নানা গুণের নিধান।
যতনে রাখিবে এরে বাড়াবে সম্মান।
সরল অন্তরে দিনু প্রীতিময় হার।
পর গলে হোক মন প্রসন্ন আমার।"

হিন্দুহষ্টেল
৮ ফেব্রুয়ারি
১৮৬৯

বশম্বদ
শ্রীআশুতোষ চট্টোপাধ্যায়

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু হরিশ্চন্দ্র চৌধুরী ধাশুলিয়া ৩৸
" " সূর্য্যকান্ত আচার্য্য মুক্তাগাছা ১৩
" * গোপালচন্দ্র মল্লিক চীনেবাজার ৫॥
" * আশুতোষ চট্টোপাধ্যায় হিন্দুহষ্টেল ৫॥
* বনমালী গঙ্গোপাধ্যায় শিমুলিয়া ৫॥
ও যাদবচন্দ্র মিত্র ঠনঠনিয়া ১০

) হিন্দুহষ্টেল।

বঙ্গীয় সাহিত্য পরিষৎ লাইব্রেরি
বর্দ্ধমান গবর্ণমেণ্ট স্কুল

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটি বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫॥০ টাকা; মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের স্থানে অগ্রিম গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহা একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রেরণ বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ই করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হইবে যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা ক বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে।

এই পত্র কলিকাতার দক্ষিণ-পু মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের দ চারিপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্য ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃকা প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

১। শ ভাগ। ১৬ সংখ্যা।

" প্রবক্ষ্যামঃ প্রজানিধনায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা।

সন ১২৭৫। ১৯ এ ফাল্গুন। ১৮৬৯। ১ লা মার্চ্চ

মফস্বলে মাশুলসমেত অগ্রিম বা
ষাণ্মাসিক ৭. ও ত্রৈমাসিক ৩৸

বিজ্ঞাপন।

ইংরাজী টীকার জন্য নিম্নলিখিত টীকা
র সুপারিণ্টেণ্ড অর্থাৎ তত্ত্বাবধায়ক দি
ক জানাইবেন॥

উত্তর ডিবিজান।

শ্রীযুক্ত বাবু ভুবনমোহন মিত্র
সব এসিষ্টেণ্ট সারজন
সাং ১ নং হেংগলকুঁড়ে গলি।

মধ্যডিবিজান।

শ্রীযুক্ত বাবু কালিদাস বসু
সব এসিষ্টেণ্ট সারজন
সাং নিমুথানসামার গলি—

দক্ষিণ ডিবিজান।

শ্রীযুক্ত বাবু কাশীচন্দ্র দত্ত
সব এসিষ্টেণ্ট সারজন
সাং চাউলপটীবোড ভবানীপুর।

যে বালকের বাহু হইতে বীজ লইয়া টীকা
ওয়া যাইবেক, তাহাকে যৎকিঞ্চিৎ দেওয়া
সেই বালকটিকে যদি গাড়ি করিয়া আনা
য়া থাকে, তাহা হইলে এই হিসাবে ও আনা
ক দেওয়া আবশ্যক হইতে পারে।

টীকাদারগণেরা বকশীস চাহিতে পারিবে
কিন্তু যদি কেহ স্বেচ্ছাপূর্ব্বক দেন তাহা
তে নিষেধ নাই॥

অনেক অযোগ্য লোক তাহারা জানায় যে,
রাজী টীকার আফিসে তাহারা কর্ম্ম করে,
নং সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে,
হাদের দ্বারা টীকা লইবার অগ্রে টীকাদার
র সার্টিফিকট দেখিতে চাহিবেন।

টি ইং এডমণ্ডষ্টন্ চার্লস
ইংরাজী টীকার প্রধান তত্ত্বাবধায়ক।
ইতি তারিখ ২২এ ফেব্রুয়ারী
১৮৬৮ সাল

কাব্য প্রকাশ।

আম। "কাব্যপ্রকাশ" নামক সাময়িক
পত্রপ্রচারে প্রবৃত্ত হইয়াছি। ইহার প্রত্যেক
খণ্ড ৫ ফরমা অর্থাৎ ৪০ পৃষ্ঠা। কল্পনা আছে
যে, ইহাতে ক্রমশঃ সংস্কৃত দুষ্প্রাপ্য কাব্য
সকল প্রকাশ করা যাইবে। সংস্কৃত বিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার সর্ব্বাধিকারি মহাশয়ের অনুমত্যানুসারে সংস্কৃত বিদ্যালয়স্থ ছাত্রগণের অধ্যয়নার্থ প্রথমতঃ সটীক ভট্টিকাব্য আরম্ভ করিলাম। ইহাতে বালকগণের সুবিধার নিমিত্ত সাঙ্কেতিক চিহ্ন দ্বারা পদ বিশ্লেষ, সন্ধি বিশ্লেষ, বিভক্তি, বচন, পুরুষ, কারক, সমাস, কালপ্রভৃতি প্রদর্শিত হইতেছে। ইহা দ্বারা বোধ হয়, যে ব্যক্তির কিঞ্চিন্মাত্র ব্যুৎপত্তি আছে, সে ব্যক্তিও অনায়াসে অপঠিত শ্লোক ব্যাখ্যা করিতে সমর্থ হইবে।

কাব্যপ্রকাশের মূল্যের নিয়ম।

উৎকৃষ্ট কাগজে	মধ্যবিধ কাগজে
মুদ্রিত	মুদ্রিত
উপস্থিত ক্রেতার প্রতি প্রত্যেক খণ্ড	৵০
নিয়মিত গ্রাহকের প্রতি প্রত্যেক খণ্ড	৶১০

যিনি কাব্যপ্রকাশ গ্রহণাভিলাষী হইবেন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে অথবা মুজাপুর কাব্যপ্রকাশ যন্ত্রে আমার নিকট অগ্রিম মূল্য ও পত্র পাঠাইবেন।

শ্রীজগন্মোহন তর্কালঙ্কার।

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ চতুর্থ খণ্ড প্রকাশ হইয়াছে
গ্রাহকগণের প্রতি প্রত্যেকখণ্ড আট আনা

শ্রীজগন্মোহন তর্কালঙ্কার।

-:০:-

ভারতবর্ষের বিবরণ।

পঞ্চমবার মুদ্রিত। এবারে স্থানে স্থানে
হারিক বিষয়ের পরিবর্দ্ধন করা হইয়াছে
বাঙ্গালা দেশের নদী, পর্ব্বত, উৎপন্ন, ব
ও জেলাসমূহের বিবরণ সবিস্তর লিখিত
য়াছে। কলিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তক
ও শ্রীযুক্ত যদুগোপাল চট্টোপাধ্যায় কোং
প্রাপ্তব্য।

৮ ই ফাল্গুন ১২৭৫ } শ্রীশশিভূষণ শর্ম্মা

চন্দ্রাবতী নাটক।

শ্রীনিমাইচাঁদ শীল কর্ত্তৃক আড়পুলি
শালায় অভিনয়ার্থ বিরচিত। বহুবাজার
নং ষ্ট্যানহোপ যন্ত্রে প্রাপ্য। মূল্য এক
ডাকমাশুল ৵০।

—:০:—

দুর্গোৎসব নাটক

কলিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তক
হুগলী নর্ম্মাল স্কুলে শ্রীকালীপ্রসন্ন বিদ্য
নিকট ও কালনা মেডিকেল হলে প্র
মূল্য ।০ চারি আনা।

হরিনাভি ইং সং বিদ্যালয়ে ১৮৬৯
প্রবেশিকা পরীক্ষার্থীদিগের পাঠনার্থ
শ্রেণী করা হইয়াছে। যাঁহারা উহাতে
হইয়া অধ্যয়নের বাসনা করেন,
প্রধান শিক্ষকের নিকটে নিয়মাদি
হইবেন।

৩০ ডিসেম্বর ৬৮ } শ্রীদ্বারকানাথ
হরিনাভি বিদ্যা
অধ্যক্ষ।

মৎপ্রণীত চিত্তবিনোদ কাব্য ১ ম খণ্ড
সুললিত অমিত্রাক্ষরে রূপকচ্ছলে

ষের বর্ত্তমানাবস্থা বর্ণিত হইয়াছে। এ
মহাশয়েরা বর্দ্ধমান বড়বাজারে অধ
তার পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইবেন
শ্রীঈশানচন্দ্র বসু।

—:০:—

বাল্মীকি রামায়ণ
তৃতীয় খণ্ড।

এই পুস্তক প্রথমাবধি প্রকাশ হইতেছে
যে নামরাক্ষসে মূল ও টীকা এবং অর্দ্ধাংশে
র বঙ্গানুবাদ আছে। যাঁহার আবশ্যক
করিলে কলিকাতা ব্রাহ্মসমাজে আমার
নিকট লিখিবেন। প্রত্যেক খণ্ডের (দশ
মাত্র মূল্য ॥০ আনা। বিদেশীয় গ্রাহক
১ এক আনা মাসুল দিতে হইবে।

কলিকাতা ব্রাহ্মসমাজ। শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

নিয়মিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
ডাঙ্গার বাড়ুয্যে এণ্ডার কোম্পানির দোকানে
মৎপ্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল্য	
গ্রীসইতিহাস	১	টাকা
রোমইতিহাস	১	ঐ
ভূষণসার ব্যাকরণ	।	আনা
নীতিসার (১ ম ভাগ)	৵	ঐ
নীতিসার (২ য়)	৵	ঐ ভাগ
প্রচারিত।		
মুগ্ধবোধ ব্যাকরণ	৸	ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—:০:—

আমি শব্দস্তোমমহানিধিনামে একখানি
সংস্কৃত অভিধান সঙ্কলন করিতে আরম্ভ করি
য়াছি। ইহা পাঁচ খণ্ডে সম্পূর্ণ হইবে, সম্প্রতি
প্রথম খণ্ড প্রচারিত হইয়াছে। প্রত্যেক খণ্ডের
মূল্য ২ দুই টাকা। গ্রাহকেরা মহাশয়েরা সংস্কৃত
যন্ত্রের পুস্তকালয়ে অথবা সংস্কৃত কালেজে
আমার নিকটে অনুসন্ধান করিলে পাইতে পারি
বেন

১৭৮৫ সাল } শ্রীতারানাথ শর্ম্মা।
১লা ফাল্গুন } কলিকাতা সংস্কৃত কালেজ

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

হোমিওপাথী বাঙ্গালা পুস্তক কাগজ কলম নানা
বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে
৵০ এক আনার হিসাবে কমিসন দি। অধিক
টাকার পুস্তক লইলে ৵১০ আনার হিসাবে
পাইবেন।

প্রাণকৃষ্ণ ঔষধাবলী	৪	টাকা
প্রাক্‌টীস অবমেডিসীন গঙ্গা-		
প্রসাদ ডাক্তর প্রণীত	১০	ঐ
মেঘদূত সটীক	১॥০	ঐ
কুমার সটীক	২॥০	ঐ
বেণীসংহার সটীক	২॥০	ঐ
নিদান সটীক	৪	ঐ
শ্রীমদ্ভাগবত সটীক	৩২	ঐ
সুশ্রুত	১০	ঐ
ভট্টিকাব্য জয়মঙ্গল ও মল্লিনা-		
থের টীকা সহিত	৩২	ঐ
উইলিয়ম্‌স সংস্কৃত ডিক্সনারি		
প্রথম ইংরাজী পরে সংস্কৃত ম ন		
য়ার উইলিয়াম সাহেবকৃত	৫০	ঐ
শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহো-		
দয়ের প্রণীত গদ্য ১৮ পর্ব্ব মহাভারত		
১৭ খণ্ড সম্পূর্ণ	৬০	ঐ
ঐ ৬ ঐ বিরাটপর্ব্ব	৩	ঐ
ঐ ৭ ঐ উদ্যোগপর্ব্ব	৩	ঐ
ঐ ৮ ঐ ভীষ্মপর্ব্ব	৩	ঐ
ঐ ৯ ঐ দ্রোণপর্ব্ব	৩	ঐ
ঐ ১০ ঐ কর্ণপর্ব্ব	২	ঐ
ঐ ১১ ঐ শল্য পর্ব্ব	২	ঐ
ঐ ১২ ঐ সৌপ্তিক পর্ব্ব	১	ঐ
ঐ ১৩ ঐ স্ত্রী পর্ব্ব	১॥	ঐ
ঐ ১৪ ঐ শান্তিপর্ব্ব রাজধর্ম্ম	৩	ঐ
ঐ ১৫ ঐ মোক্ষধর্ম্ম	৩	ঐ
ঐ ১৬ ঐ অনুশাসন পর্ব্ব	৩	ঐ
ঐ ১৭ ঐ শেষ পাঁচ পর্ব্ব	৩	ঐ
বিচার তরঙ্গিণী অর্থাৎ বেদান্ত দর্শ-		
নান্তর্গত বিচার ও মীমাংসা বহুল		
প্রমাণ সহিত	১	ঐ
শ্রুতি দর্পণ	১	ঐ
অষ্টাবিংশতি তত্ত্বশ্রুতি	৩২	ঐ
প্রাচীন সংহিতা ২০ খণ্ডে সম্পূর্ণ	২৫	ঐ
আত্মতত্ত্ব বিবেক ভাষ্য সহিত	৩	ঐ
উত্তর নৈষধ নারায়ণী টীকা সহিত		
১২ খণ্ডে সম্পূর্ণ	১২	ঐ
সিদ্ধান্ত কৌমুদী সম্পূর্ণ	১৮	ঐ
ঐ শেষ খণ্ড	৭	ঐ
বিবেকরত্নাবলী বেদান্তদর্শনের		
মত ও বিচার	২৸	ঐ

কর্ম্মাঙ্গন কর্ম্মকাণ্ড বিষয় সিদ্ধান্ত
দায়ভাগ স্কুলবুক সাহেবকৃত ইং-
রাজী তরজমা ১
কলিকাতা জোড়া- } শ্রীলক্ষ্মীপ্র
সাঁকো ৬৫ নং } প্রথম বি

—:০:—

বাঙ্গালা ভূচিত্রাবলী।

কয়েকখানি অভিনব এটলাস দৃষ্টে এ
ইহাতে ৩২ খানি ম্যাপ আছে। উৎ
বাধান। স্কুলবুক সোসাইটি, সংস্কৃত
পুস্তকালয়ে, নর্ম্মাল স্কুলে ও পটো
বাড়ুর্য্যা ব্রাদর্শদিগের পুস্তকালয়ে পা ও
মূল্য ৩॥ টাকা।

শ্রীনীলকমল ঘোষাল।

—:০:০:—

২৪ পরগণার অন্তঃপাতী কোদালিয়
গবর্ণমেণ্ট সাহায্যকৃত বাঙ্গালা পাঠশাল
তাহা উঠিয়া হরিনাভি ইং সং বিদ্যালয়
মধ্যে আসিয়াছে। যাঁহারা স্ব স্ব সন্তান
তথায় পড়াইবার বাসনা করেন, তাঁহারা
বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকটে উ
হইলে নিয়মাদি অবগত হইতে পা
সমুদায়ে ৪ চারি শ্রেণী করা হইয়াছে
শ্রেণীর ॥০ আট আনা, দ্বিতীয় শ্রেণী
ছয় আনা, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর
আনা ছাত্রদের বেতন স্থির করা এবং
ধানাদির উত্তমরূপ ব্যবস্থা করা হইয়া
১২৭৫ } শ্রীদ্বারকানাথ
৪ ঠা মাঘ } অধ্যক্ষ।

—:০:—

পুরাণ প্রকাশ।
বিষ্ণুপুরাণ।

অনুবাদও টীকা সমেত প্রত্যেক
৮০ পৃষ্ঠা (অগ্রিমমূল্য) ॥০।
যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি ম
আমহরষ্টষ্ট্রীট ৩৪১ নং ভবনে কা
যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত বিদ্য
শ্রীযুক্ত জগমোহন তর্কালঙ্কারের নামে
খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন।
না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠ
নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নংজোড়া বাগান।
উপরি উক্ত বাগান ও বাটী ঘাঁহার

দ সন্নিবেশিত হইয়াছে। শ্রীযুক্ত
নাথ দত্ত ইহার প্রকাশকর্ত্তা।
। কাশীমুক্তি বিবেক। এখানিও
ত গ্রন্থ। পরমহংস পরিব্রাজক
সুরেশ্বরাচার্য্যবিরচিত। ইহাতেও
লা অনুবাদ আছে।

। ধাত্রীশিক্ষা, দ্বিতীয় ভাগ।
ক বাবু যদুনাথ মুখোপাধ্যায় ইহার
া করিয়াছেন। প্রসবকালে ব্যথি
দি ঘটিলে ধাইকে কি উপায়ে প্রসব
তে হয়, কথোপকথন রীতিতে
দি উপদেশ এবং বাধক বেদনার
ংসাপ্রভৃতি কয়েকটি উপকারক
ইহাতে সন্নিবেশিত হইয়াছে।
ার গ্রন্থপ্রচারে যে বহুল উপকারক
র সম্ভাবনা, সে কথা বলা বাহুল্য।
ার গ্রন্থখানিকে সহজ করিবার
ত কথোপকথনের রীতি অবলম্বন
াছেন, তাঁহার উদ্দেশ্যসিদ্ধিও হই-
; কিন্তু এ রীতি আমাদিগের অনু
ত হইতেছে না। এ রীতি অবলম্বন
ত অনেক অনাবশ্যক বাক্য প্রয়োগ
ত হইয়াছে। ইহাতে অকারণ
র অবয়ব বৃদ্ধি হইয়াছে। সক্রেটিস
প্লটোর প্রণালী এখন আর
লাগে না। এ রীতি পরিত্যাগ
া সহজগদ্যে লিখিলে অনেক
প হইত।

। চণ্ডকৌশিক নাটক। এখানি
ক্ষেমীশ্বরকৃত সংস্কৃত চণ্ডকৌ
নাটকের অনুবাদ। অনুবাদের
র্যের ন্যায় অনুবাদকের সহৃদয়
লক্ষিত হইল। তিনি যে কিছু
সন্নিবেশ করিয়াছেন, তাহা হৃদয়
হইয়াছে।

। সঙ্গীতমঞ্জরী। শ্রীযুক্ত শ্রীকৃষ্ণ
সেন গুপ্ত ইহার রচনা করিয়া-
ছেন। ঈশ্বর বিষয় লইয়া গীতগুলি রচিত হইয়াছে।

১১। নূতন পঞ্জিকা। কোম্পানির যন্ত্রে মুদ্রিত। শ্রীযুক্ত বাবু রসিক লাল ঠাকুরের যত্নে এখানি মুদ্রিত ও প্রচারিত হইয়াছে। ইহাতে নানাপ্রকার ব্যবস্থা, শুভদিনাদি নির্ণয়, ইষ্টাম্প আইন, লাইসেন্স টাক্সপ্রভৃতি বিবিধ প্রয়োজনোপযোগী বিষয় সন্নিবেশিত হইয়াছে। ইহার বর্ণাদিশুদ্ধিদর্শন সবিশেষ প্রীতিকর হইল।

১২। নারীশিক্ষা প্রথম ও দ্বিতীয় ভাগ। বামাবোধিনী পত্রিকায় যেসকল বিষয় প্রচারিত হয়, তাহা হইতে সংগ্রহ করিয়া উহা মুদ্রিত ও প্রচারিত হইয়াছে।

—:০:—

প্রাপ্ত।

কলিকাতার ভিক্ষুকগণ।

কলিকাতার মধ্যে কতকগুলি নানা শ্রেণির জুয়াচোর আছে। লোককে ঠকাইয়া আপন আপন উদর পূরণ করা ইহাদিগের উদ্দেশ্য, অতএব ইহাদিগের বর্ণনা করিলে বোধ হয়, পাঠকবর্গ অসন্তুষ্ট হইবেন না। ভিন্ন স্থানের লোক বিদেশীয়গণ ও তরলমতি যুবকেরা ইহাতে সতর্ক হইতে পারেন। আমরা অদ্য নিম্নতম শ্রেণির জুয়াচোর ভিক্ষুকদিগের বর্ণনা করিতে প্রবৃত্ত হইলাম। ইহার মধ্যে বৈষ্ণব, বৈষ্ণবী, ফকির, সন্ন্যাসী ও গাধকদিগকে গণ্য করিতে হইবে। কতকগুলি লোক যথার্থ দারিদ্রতা ও জীর্ণতানিবন্ধন ভিক্ষা করে; কিন্তু অধিকাংশ ভিক্ষুক সবলকায় অলস লোক। সর্ব্ব প্রকার ভিক্ষুকের মধ্যে বৈষ্ণবগণ অধিক দুরাচার। ইহাদিগের অল্পে উদর পূর্ণ হয় না কেহ কেহ বাজারের তোলা পায়; কিন্তু সৎ পরিশ্রম কি কেহই জানে না। ইহাদিগের অধিকাংশ উপনগরে বাস করে। বস্তুতঃ উপনগরের একটী স্থানই ইহাদিগের দ্বারা পরিপূর্ণ। বাটীতে ইহারা দিব্য বস্ত্র পরিধান করে। বৈষ্ণবীদিগের গাত্রে অলঙ্কার যথেষ্ট তৈজস আছে। রাত্রি দুই সময়ে কেহ গহনা বন্ধক দিয়া বন্ধ করিতে চাহিলে অনেক বৈষ্ণবী হইতে নিরাশ হইয়া যায় না। অবধি দুই প্রহরপর্য্যন্ত ভিক্ষা করিতে করিতে সুযোগ পাইলে চুরী বাটী প্রত্যাগমন আহার ও অপরাহ্ণে নিদ্রা, সন্ধ্যার সময়ে গাঁজার ধুম ও মদ্যপান গীত ও পশুবৎ ব্যবহার ইহাদিগের দৈনিক কার্য্য। ইহাদিগের শত করা ১০ এক খানি মুদ্রিত পুস্তক পাঠ করিতে পারে না। ভিক্ষা চাহিবামাত্র না "বাবাজি" অভিশাপ দিয়া থাকে। বৈষ্ণবীরাও প্রাতঃকালে ভিক্ষা বৈষ্ণবগণ গৃহস্থের বাহির বাটীর যেমন পরিত্যাগ করে না, বৈষ্ণবীদিগে ঐ ভাব। ইহারা এক বিষয়ে বড় নি অনেক গৃহস্থে কন্যা ও স্ত্রী এই সম ধর্ম্মাবলম্বিদিগের পরামর্শে গৃহ ত্যাগ রা থাকেন। লম্পট পুরুষেরা ইহাদি নিকটে নিরাশ হয় না। যাহার নি যৌবন ও লাবণ্য নাই, সে অন্যকাহাকে ইয়া দিয়া লম্পটের মনস্তুষ্টি করে। অ সন্ধ্যার পর যখন বাবাজিরা গাঁজ মদের নেসায় কপোতনেত্র হইয়া এ ভক্তর সহিত হরিনাম করেন, বৈষ ভখন মৎস্য ও তরকারির পয়সা উপ করিতে থাকে।

ফকিরেরা মুসলমান। কারবালায় কা শ থাকে। ইহারাও অলস; কার বাটীতে ও মসজিদে আহার পায়; করিয়া যাহা পায় তাহাতে গাঁজার ব্যয় পূর্ব্ববাঙ্গালা হইতে অনেকে ফকির গোরাচাঁদের নাম করে। ইহাদি অনেকে প্রধানতম বিচারালয়ে অ করিতে আইসে। গাঁইটের পয়সা ব করিয়া ভিক্ষা করিয়া ইহারা আহার সন্ন্যাসীদিগের অনেক বাবাজিদিগের সেই নেশা, সেই আলস্য, সেই ইন্দ্রিয়প ইহাদিগের মধ্যে অনেকে ঔষধ

ক টাকা ঠকাইয়া লয়। রাত্রিতে
য় সন্ন্যাসী মহাশয়দিগকে জিজ্ঞাসা
হার শতকরা ৩০ টীর সংবাদ
ন। গায়কদিগের মধ্যে দুই শ্রেণি
শ্রেণি কলিকাতাবাসী। বৈষ্ণব বাবা
ন্যায় ইহাদিগের চরিত্র অপকৃষ্ট।
। দোকান ও গৃহস্থের বাটীতে ইহার
ণ্ড কীর্ত্তন করিয়া বেড়ায়। এইসকল
কে মধ্য মধ্যে দুই একটী বালিকাকে
াইয়া, চাঁদা প্রভৃতি স্থানে বিক্রয় করিয়া
ক আর একপ্রকার গায়ক বর্দ্ধমান, ও
পুর হইতে আইসে। বৈশাখ, কার্ত্তিক
াস মাসে ইহারা প্রাতঃকালে গোপীযন্ত্র
তাল অথবা ডুক ডুকি লইয়া গান করে
রা সকলেই সঙ্গতিপন্ন ব্যক্তি; সকলেরই
ও অন্নের সংস্থান আছে। জমীদারের
ও লাঙ্গলপ্রভৃতির ব্যয় পোষাইবার
ত ইহারা ভিক্ষা করে। রাজধানীতে
রা ভিক্ষাব্যতীত কখন বা লুচি ভাজে
নে ফলার হয় সেখানে অনাহূত আসিয়া
য়া বেড়ায়। এদলে বড় অধিক চোর
কিন্তু আদালতে যাঁহাদিগের মিথ্যা
দিবার নিমিত্ত লোকের প্রয়োজন হয়,
রা বটতলার মিঠাইকরদিগের দোকানে
ক্কান করিয়া এইসকল গোপীযন্ত্রধা
কিঞ্চিৎ দিয়া অনুরোধ করিলে এই
গণ কখন কথা কাটেন না। আর
ল ভিক্ষুক একাদশী প্রভৃতি পর্ব্বদি
সকারের পর অন্ধ ব্রাহ্মণকে কিঞ্চিৎ
বৈকুণ্ঠে যাইবে" বলিয়া, বেড়ায় কিন্তু
গের মধ্যে অনেকে জাল ব্রাহ্মণ। গুলির
যে কোন কর্ম্ম করে, ইহারা অন্ধ
কিন্তু রাস্তায় এক গাড়ী লোক, অথচ
ই সকলে অন্ধের এক জনেরও গাত্র
করে না।

আর কতকগুলি ভিক্ষুক আছে তাহারা
উপলক্ষে সম্বাদপত্রে দাঁড়াইয়া ভিক্ষা
ইহাদিগের মধ্যে কতকগুলি লক্ষ্ণৌ
গুলি গাঁইট কাটা এবং সকলেই বলবান।
ঠারে বস্ত্র, অলঙ্কার ও চুরির সরঞ্জাম
ল স্থানে এতদ্ভিন্ন কতকগুলি বালক
বেড়ায়। ইহারা চীনে বাজারে
লালদীঘীপ্রভৃতি স্থানে চুরির পন্থা খুঁজিয়া
বেড়ায়। সিঁধ দেওয়া শিক্ষাকরিবার পূর্ব্বে
গাঁইট কাটা ব্যবসায় শিক্ষা করে। ইহারা
নাছোড়বান্দা। শকটের সঙ্গে সঙ্গে দৌড়িয়া
যায়। হয় পয়সা নচেৎ প্রহার না দিলে
ইহারা ছাড়ে না যেসকল বাবাজি খালের
ধারে সন্ধ্যার পর হরিনাম করেন, এই শিশু
গুলি তাঁহাদিগেরই সন্তান। এতদ্ব্যতিরিক্ত
আর এক দল ভিক্ষুক আছে। মাতা অথবা
পিতার শ্রাদ্ধ, কন্যার বিবাহ, পুত্রের উপ
নয়নের ছল করিয়া অনেক টাকা আত্মসা
করে। বর্দ্ধমান অঞ্চলের কেহ কেহ পূজার
ব্য চালাইবার নিমিত্ত "দামোদরের বন্যায়
বাটী ঘর সকলই গিয়াছে" এই ভান
করিয়া ভিক্ষা করে। আর কতকগুলি
বিলাতী জুয়াচুরি শিখিয়া বিদ্যালয় ও রাস্তা
করিব বলিয়া চাঁদা সংগ্রহ করে। বারইয়া
রির চাঁদা এক্ষণে অনেক কমিয়াছে; তথাপি
ল অঞ্চলের কতকগুলি লোক বারইয়ারির
নামে আপন আপন তৈল লবণের সংস্থান
করিয়া লয়। গুলিখোর ও মাতাল নিতান্ত
অসঙ্গতিপন্ন হইলে চুরি ও মজুরির পর
অন্ন হইবার ভাবব্যতিরেকে আর এক উপায়
অবলম্বন করে। পল্লীগ্রাম হইতে নূতন
যাঁহারা কলিকাতায় আসিয়াছেন, তাঁহারা
ইহাদিগের দ্বারা বঞ্চিত হন। "মহাশয়
আমার মাতার মৃত্যু হইয়াছে সৎকার্য্য
করিতে পারিতেছি না" বলিয়া ভিক্ষা করে।
মোহাতের সময় আসিয়াছে, আর উপায়
নাথ কিলে এই উপায় অবলম্বিত হয়।
আর এক দল ভিক্ষুককে বিস্তৃত হওয়া
উচিত নয়। ইহারা বিষ্ণুপুর হইতে তসর
বিক্রয় করিতে আইসে। এক স্কন্ধে ঝুলি
ও শীতলা অপর স্কন্ধে তসরের বোচকা
থাকে; বস্ত্রও বিক্রীত হইতেছে, আহারের
চাও জুটিতেছে। স্বর্ণ বণিক ও তন্তুবায়
দিগের পাচক উৎকলের ব্রাহ্মণদিগকে
বিস্মৃত হওয়া উচিত নহে। রন্ধন করিয়া
অমনি বাসায় প্রত্যাগমন না করিয়া এই
মহামতিরা দশ বাড়ী বেড়াইয়া যান।

এই প্রকার ব্যবসায়ী ভিক্ষুকদিগের
জন্য লোক বিব্রত হইয়াছেন। অনেকে
এই নিমিত্ত যথা: দরিদ্র ও অক্ষমদি
সাহায্য করিতে সঙ্কুচিত হন।
আইনে ভিক্ষা নিষেধ; কিন্তু ছে
ব্যতীত এ আইন অনুসারে পুলিষ
কাজ করিতে পারেন না। এই
লোককে ভিক্ষা দেওয়া আর পাপের
দেওয়া সমান।

—:০:—

বিবিধসংবাদ।

১২ ই ফাল্গুন সোমবার।

২৭ এ মাঘের সোমপ্রকাশে গবর্ণমে
মসনরি বিদ্যালয়প্রস্তাবে পুনঃ পুনঃ ব
কাথিড্রাল কালেজে এক জনও বি এ,
নাই বলিয়া যে লেখা হইয়াছে, সেটী ভ্রমব
হইয়াছে। ১৮৬৮ অব্দে প্রথমতঃ ঐ বিদ্য
ব এ শ্রেণি হয়। প্রথম বৎসরেই চারিজন উ
হইয়াছেন।

আবিসিনিয়ার যুদ্ধের নিমিত্ত ভার
সাতকোটি টাকা প্রদান করেন। ইংলণ্ড
কোটি শোধ দিয়াছেন। অদ্যাপি তিন কো
বাকী আছে। এগুলি অকর্ম্মণ্য কামান ব
বারুদ যেন শোধ দেওয়া না হয়।

উত্তরপশ্চিমাঞ্চলে প্রচুর বৃষ্টি হওয়
তত্রত্য লেপ্টনাণ্ট গবর্ণর সর্ব্বসাধারণকে ধ
বাদ দিয়াছেন। চাঁদার আর প্রয়োজ
নাই। পর উইলিয়ম মিয়র এই বিপদক
যেপ্রকার চতুরতা, দূরদর্শিতা ও শ্রমশীল
প্রদর্শন করিয়াছেন, তন্নিমিত্ত তাঁহাকে স
রণে ধন্যবাদ প্রদান করা কর্ত্তব্য। বেহা
অবস্থা কিপ্রকার, তাহা বঙ্গদেশীয় গবর্ণ
টর প্রকাশ করা কর্ত্তব্য।

গবর্ণরের ওজন ও মাপ একবিধ করি
নিমিত্ত যে কমিসন হন তাঁহাদিগের রিপো
সময়ে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট মতপ্রক
করিয়াছেন। কমিসনেরা সকলের মত গ্রহণ
করিয়াছেন। অধিকাংশ সভ্য দেখে ফরাসী ও
প্রচলিত হওয়াতে প্রথম প্রথমে ও ছুরি
হইবে।

মাসুরা ডাকাইত ধরিবার আট বৎসর মেয়া
পাইয়া মুক্ত হওয়াতে কমিসনর হগ ও কয়ে
জন দয়ালু ইউরোপীয় ভদ্রলোকে তাহ
কোন সদুপায়ের উপায় করিবার নিমি
ব্যস্ত হইয়াছেন। এবং কি অতঃপর সং হইতে
পারে। কিন্তু এইসকল দয়ালু লোককে আমা
অনুরোধ করিতেছি, ইঁহারা অনুগ্রহ করি
হকিন্সকে অষ্ট্রেলিয়া অথবা আমেরিকা

সে চেষ্টা প্রশংসনীয় সন্দেহ কিন্তু সে চেষ্টা আড়ম্বরমাত্র না ফলোপধায়িনী হয় এটীও সকলের । ফলোদ্দেশ করিতে গেলে তাহার উপায় অবলম্বন আবশ্যক। সে য় কি ? উদ্যোগকারী আমাদিগের বান্ধবগণের সেটী জানা কর্ত্তব্য। দিবসে একমাত্র পুরাণপাঠ ও ত বা দলাদলি করিয়া হিন্দুধর্ম্ম রক্ষা বেন, যদি এরূপ ভাবিয়া থাকেন, র তুল্য বিড়ম্বনা আর নাই। ইহা র্চ্চার উপায়, রক্ষার উপায় নয়। কাল পাত্র বিবেচনা করিয়া রক্ষার য় অবলম্বন করিতে হইবে। কাল প্রকার হইয়াছে। যে সময়ে হিন্দু র সৃষ্টি হয়, তাহার সহিত বর্ত্তমান য়র তারতম্য করিলে যুগান্তর উপ- বলিয়া বোধ হয়। যে এক ইংরাজী া হিন্দুসমাজমধ্যে প্রবেশ করি- , তাহা মহাবিপ্লব উপস্থিত করিয়া য়াছে। এখন অধিকাংশ লোকের গুণ বিবেচনা করিয়া কার্য্য করি ইচ্ছা ও ক্ষমতা জন্মিয়াছে। পূর্ব্ব লোকেরা যে কথা বলিয়া গিয়া- বহুদোষদূষিত হইলেও তাহাই ম্বন করিয়া চলিতে হইবে, এখনকার কর সে মত নয়। এখানকার কের স্বাধীনরূপ কার্য্য করিবার ইচ্ছা য়াছে। হিন্দুধর্ম্ম অতি প্রাচীন লর ধর্ম্ম। তখন হিন্দুসমাজ রক্ষার্থ লি আবশ্যক, ধর্ম্মসংস্থাপকেরা সেই বিধান করিয়াছিলেন। তখন গুলিতে সবিশেষ উপকার দর্শিয়া । এখন কালের বহু পরিবর্ত্ত হই- । এখন সেই সেই নিয়মের অধি- শ উপকারক না হইয়া অপকারক উঠিয়াছে : যে স্রোত প্রবলবেগে হিন্ত হইতে আরম্ভ হইয়াছে, ইহার ীপ গমন করিতে গেলে কেবল যে অকৃতার্থ হইতে হইবে এরূপ নয়, শীঘ্র অবসন্ন হইয়া পড়িতে হইবে। স্রোতের অনুকূল গমনই বিধেয়। অতএব উল্লিখিত সভাস্থাপনকারীরা যদি হিন্দুসমাজের শোচনীয় দশা দর্শন করিয়া বাস্তবিক খিদ্যমান হইয়া থাকেন এবং হিন্দু নাম রক্ষার অকপট চেষ্টা জন্মিয়া থাকে, তাঁহারা হিন্দু ধর্ম্মের সংস্কার করিয়া ইহাকে বর্ত্তমান সময়ের উপযোগী করিয়া তুলুন। যে যে দোষগুলি মারত্মক রূপে উন্নতির প্রতিবন্ধকতা করিতেছে, তাহার সংশোধনে যত্নবান হউন।

যদি বলেন, হিন্দুধর্ম্মের কখন পরিবর্ত্ত হয় নাই, ইহার পরিবর্ত্ত করিতে গেলেই ইহার উচ্ছেদ হইবে, তাহা বলিতে পারেন না। হিন্দু ধর্ম্মের পূর্ব্বাপর ইতিবৃত্ত আলোচনা করুন, বহু পরিবর্ত্ত লক্ষিত হইবে। প্রথম বেদের সৃষ্টি হয়। জ্ঞানকাণ্ড ও কর্ম্মকাণ্ড, বেদের এই দুটী প্রধান ভেদ আছে। এ উভয়ের এক উৎপত্তিকাল নয়। বেদের পর মনু প্রভৃতি স্মৃতির সৃষ্টি হয়। হিন্দুধর্ম্মের কেবল এইমাত্র পরিবর্ত্ত হইয়াছিল, এরূপ নয়। পূর্ব্বে চাতুর্বর্ণ্য বিবাহ ও সমুদ্রযাত্রা স্বীকারপ্রভৃতির নিয়ম ছিল, কলির প্রথমে কতকগুলি পণ্ডিত একত্র হইয়া সেগুলি রহিত (১) করিয়া যান। যদি এরূপ

(১) দীর্ঘকালং ব্রহ্মচর্য্যং ধারণঞ্চ কমণ্ডলোঃ ।
দেবরেণ সুতোৎপত্তি দত্তকন্যা প্রদীয়তে ॥
কন্যানামসবর্ণানাং বিবাহশ্চ দ্বিজাতিভিঃ ।
আততায়িদ্বিজাগ্র্যাণাং ধর্ম্মযুদ্ধে নিহিংসনং ॥
বানপ্রস্থাশ্রমস্যাপি প্রবেশো বিধিলেশিতঃ ।
বৃত্তস্বাধ্যায় সাপেক্ষমঘসংকোচনং তথা ।
প্রায়শ্চিত্তবিধানঞ্চ বিপ্রাণাং মরণান্তিকং ॥
সংসর্গদোষঃ পাপেষু মধুপর্কে পশোর্বধঃ ॥
দত্তৌরসেতরেষাঞ্চ পুত্রত্বেন পরিগ্রহঃ ।
শূদ্রেষু দাসগোপালকুলমিত্রার্দ্ধসীরিণাং ॥
ভোজ্যান্নতা গৃহস্থস্য তীর্থসেবাতিদূরতঃ ।
ব্রাহ্মণাদিষু শূদ্রস্য পাকতাদি ক্রিয়াপিচ ॥
ভৃগু প্রপতনঞ্চৈব বৃদ্ধাদিমরণং তথা ।
ইত্যাদীনভিধায় ।

হইল, তাহা হইলে এমন সিদ্ধান্ত যায় না যে হিন্দুধর্ম্মের সংস্কা যাইতে পারে না। অতএব সভাস্থাপনের উদ্যোগকারীদিগে তাঁহারা সময়ে সময়ে কতগুলি লোককে সভাস্থলে আহ্বান কি কি পরিবর্ত্ত করা আ তাহার পরামর্শ করিয়া সেই সেই বর্ত্ত করুন এবং আপনারা তদ আচরণ করুন। বিজ্ঞ ও প্রধান যে ব্যবহার করেন, তাহা সহজে পরিগৃহীত হয়।

হিন্দুসমাজের সংস্কার ও রূপ পরিবর্ত্ত না করিলে হিন্দু যে দীর্ঘকাল অনুৎসন্ন থাকিবে তাহা নিঃসন্দিগ্ধরূপে বোধগম্য তেছে। উহার সূত্রপাত হইয়াছে সম্প্রদায়ের অধিকাংশ হিন্দু স মধ্যে অনেকগুলি উন্নতির দুরতি প্রতিবন্ধক দর্শন করিয়া এ সম পরিত্যাগে অনুরাগী হইয়াছেন। ব্রা ইহার প্রমাণস্থল। যাঁহারা ব্রা প্রবিষ্ট হইতেছেন, তাঁহারা যদি স হিন্দু সমাজ পাইতেন, বোধ হয় পরিত্যাগ করিতেন না। দেখিতে প যাইতেছে, যাঁহারা ইংরাজীতে কৃ হইতেছেন, তাঁহারাই বর্ত্তমান হিন্দু জের প্রতি বীতরাগ হইতেছেন। পুরাণপাঠপ্রণালীপ্রবর্ত্তন ও লির ভয়প্রদর্শনদ্বারা তাঁহাদি সমাজের প্রতি অনুরক্ত করিয়া সহজ ও সম্ভাবিত নয়। তাহাতে অধিকতর অনিষ্ট ঘটিয়া উঠিবে। য দলাদলিকার্য্যে প্রবৃত্ত হইবেন, দিগের কৃতবিদ্য সন্তানেরাই বি

এতানি লোকগুপ্ত্যর্থং কলেরাদৌ ম
নিবন্ধকৃতানি ধর্ম্মাণি ব্যবস্থাপূর্ব্বং
সময়শ্চাপি সাধূনাং প্রমাণং বে

দাঁড়াইবেন সন্দেহ নাই। ধনপ
স্ব সন্তানকে ইংরাজী শিখিতে
মূর্খ করিয়া রাখিবেন, ইহা
নহে।

-১০৩-

দ্বিশ বিদ্যালয়ের ছাত্রদিগের
পারিতোষিক দান।

ত ২৭ এ ফেব্রুয়ারি শনিবার কলি
র বিশ্ববিদ্যালয়ের পরীক্ষোত্তীর্ণ
দিগকে প্রশংসাপত্র দেওয়া হই
হ। বেলা ৪ টা বাজিবামাত্র গবর্ণর
নরল আগমন করেন, মহাসভার সভা
। বিশ্ববিদ্যালয়সংক্রান্ত বস্ত্রপরিধান
রয়া তাঁহাকে সমারোহে টৌনহালে
ত্যুদ্গমন করিলেন এবং সভাস্থ সমস্ত
লোক প্রত্যুত্থানদ্বারা তাঁহার সম্মাননা
রিলেন। বিস্তর এতদ্দেশীয় ও ইউরো
য় স্ত্রীলোক সভায় আগমন করিয়া
ছলেন। পারিতোষিক প্রদত্ত হইলে
র বাইস চান্সেলর সিটনকার সাহেব
ংক্ষেপে বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বৃত্তান্ত
র্ণন করিয়া বলিলেন, এতদ্দেশীয় ধনী
ও পণ্ডিতেরা শিক্ষার নিমিত্ত বিস্ত
াক দিতেছেন, এটা অতিশয় আনন্দের
বিষয়। তিনি স্বর্গীয় বাবু প্রসন্নকুমার ঠাকু
রের নামই প্রধানতঃ উল্লেখ করিলেন।

আমরা দুঃখিত হইলাম, এ বার
সটন্ কার সাহেবের বক্তৃতা যথাযোগ্য
প্রতিপালিত হয় নাই। তিনি বিশ্ববিদ্যাল
য়ের বাইস চান্সেলর, অতএব তাঁহার
অপ্রাসঙ্গিক বিষয় পরিত্যাগ করিয়া
কেবল ক্রান্ত বিষয়ের প্রসঙ্গ
করা বড় উচিত ছিল। বিশ্ববিদ্যাল
য়ের বর্ত্তমান প্রণালী উৎকৃষ্ট কি অপ
কৃষ্ট, লোকে যে ইহার প্রতি দোষারোপ
করে তাহা কতদূর সঙ্গত, প্রণালী
গুলির কিসে অপনয়ন হয়,
এই লইয়া তাঁহার বক্তৃতা
হইলে, কিন্তু তাহা না করিয়া
তিনি সর জন লরেন্সের প্রশংসা করিয়া
অধিকাংশ সময় অতিবাহিত করেন।
সর জন লরেন্সের নিকটে শিক্ষাবিভাগ
ঋণী নহে। অতএব শ্রোতৃবর্গ যে তাঁহার
কৃত এই প্রশংসাগান ক্লেশকর জ্ঞান করি
বেন, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। সিটন
কার সাহেব বঙ্গদেশী সিবিলিয়ানদিগের
..... ত হইয়াছেন সন্দেহ নাই, অন্যথা
তিনি ইহাতে এতদ্দেশীয়দিগের কেবল
ওকালতি ও বিচারকার্য্যে সন্তুষ্ট থাকি
বার অভিপ্রায় প্রকাশ করিতেন না।
বক্তৃতাটী দীর্ঘ ও উজ্জ্বল হইয়াছিল;
কিন্তু শূন্যগর্ভ।

বাইস চান্সেলরের পর লার্ড মেয় একটী বক্তৃতা করিয়া ছাত্রদিগের উৎসাহবর্দ্ধন করেন। আমরা তাঁহার বক্তৃতা মধ্যে একটী আশ্বাসনবাক্য শ্রবণ করিয়া পরম প্রীতিলাভ করিলাম। তিনি স্পষ্টাক্ষরে বলিয়াছেন, বিদ্যাশিক্ষানিবন্ধন যদি ইংলণ্ডের সাম্রাজ্য অস্তমিত হয়, তথাপি তিনি শিক্ষাকার্য্য বন্ধ করিবেন না। আমাদিগের সমাবেশ থাকিলে আমরা এই বাক্য স্বর্ণাক্ষরে লিখিয়া দিতাম।

—•:•—

আর একটী অন্যায়।

ইংলণ্ডীয় মন্ত্রিবর্গের আর একটী অন্যায়ের প্রতিবাদ করিতে হইল। পাঠকবর্গ ইউরোপীয় সমাচারস্তম্ভে দেখিবেন, গ্লাড্‌ষ্টোন সাহেব রণতরিসংক্রান্ত প্রায় দেড়কোটি টাকা ব্যয়সংক্ষেপ করিয়াছেন। এক জনও নাবিক বিদায় পাইবে না, একখানি জাহাজও বিক্রয় করা হইবে না, কাহার বেতন কমিবে না, বরং কতকগুলি নাবিকের বেতন বৃদ্ধি করা হইবে অথচ ব্যয়সংক্ষেপ হইবে। রাজস্ব বিদ্যাবিদের এপ্রকার চমৎকার শক্তি দর্শন করিয়া ইংলণ্ডীয় লোকেরা যে আহ্লাদিত হইবেন, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। কে না ইহাতে আহ্লাদিত হয়? কিন্তু কেবল হতভাগ্য ভারতবর্ষীয়ের ইহাতে হর্ষের কারণ নাই। ইংলণ্ডের সৈনিক ও রণতরিসংক্রান্ত ব্যয়সংক্ষেপের অর্থ আমাদিগের স্কন্ধে ভারক্ষেপণ করা। ভারতবর্ষের সহিত ইংলণ্ডের সেনাদল একত্রিত করিবার জ্বালায় আমরা অদ্যাপি জ্বলিতেছি। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট এই নিমিত্ত কয়েক খানি পৃথক রণতরি করিবার প্রস্তাব করেন। মন্ত্রিবর্গ ইহাতে সম্মতি দেন নাই; কিন্তু বলিয়াছেন, তাঁহারা যেমন সৈন্য ভাড়া দেন, সেইপ্রকার রণতরিও ভাড়া দিবেন। ফ্রেণ্ড অব ইণ্ডিয়া বলেন, যেমাত্র জাহাজগুলি ভারতবর্ষের সীমায় (ভারত সাগরে) আসিবে সেই অবধি এগুলি ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীন ও গবর্ণমেণ্টকে বেতন ভাড়াপ্রভৃতি দিতে হইবে। সচরাচর রণতরির কর্ম্মচারীদিগের যে বেতন দেওয়া হয় তদপেক্ষা অধিক বেতন লাগিবে। আমরা বোধ করি চাইলডার্স সাহেব রণতরিসংক্রান্ত ব্যয়সংক্ষেপের যে প্রস্তাব করিয়াছেন, তদনুসারেই ইহা হইতেছে। এটা ইংলণ্ডীয় করপ্রদাতাদিগের পক্ষে অতিশয় সুখের বিষয় হইল সন্দেহ নাই; কিন্তু যে ক্ষতি সে ভারতবর্ষেরই হইল। যেসকল জাহাজ পৃথিবীর অন্য অন্য অংশে অকর্ম্মণ্য হইবে, সেগুলিকেও ভারতবর্ষের স্কন্ধে নিক্ষেপ করা হইবে। ধিক্ কার প্রভুভক্তি হওয়া উচিত। তাহা রণতরির অধ্যক্ষ অথবা তদধীনস্থ আর সরগণের হইবে না। তাঁহারা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকটে দাবী এরূপ স্বীকার করিবেন না। যেমন অতিরিক্ত সৈনিক ও অকর্ম্মণ্য কামান প্রভৃতি ভারতবর্ষকে দেওয়া হয়, কতকগুলি জীর্ণ জাহাজ দিয়াও সেইপ্রকার আমাদিগের ক

ভাব থাকা কর্ত্তব্য। এই বন্ধুত্ব দৃঢ় ও স্থায়ী এই আমার নিতান্ত বাসনা।

মিউনিসিপাল বেসকল সংস্কার [ও নিষ্ঠু-] হইয়াছে, তন্নিবন্ধন আমি বিশেষ দুঃখিত য়াছি। এই দুর্ঘটনা আর না হয়, এনিমিত্ত পনিবেশের গবর্মেণ্ট ও তত্রত্য লোকেরা বিশেষ তেজস্বিতা ও সহিষ্ণুতা প্রদর্শন করি ন, আমার এমত দৃঢ় বিশ্বাস আছে।

বৎসরের ব্যয়ের যে তালিকা আপনাদি-র নিকটে দেওয়া হইবে, তাহাতে ব্যয় ক্ষেপ প্রদর্শন করিবে।

আয়ারলণ্ডের অবস্থা এরূপ হইয়াছে যে বৎসর আর হেবিয়স কার্পস আইন স্থগিত খিতে হইবে না, আমার এমত বিশ্বাস ছে।

বক্তৃতাকালে রাজ্ঞী বলিয়াছেন, মিউনিসিপাল সভা মনোনীত করিবার সময়ে যেস ব্যবহার হয় তদ্বিষয়ের অনুসন্ধান করা ক বা, মিউনিসিপাল করেরও অনুসন্ধান হইবে। দ্যাশিক্ষা বৃদ্ধি দেউলিয়া আইনের উৎক াধন এবং আয়ারলণ্ডের ধর্ম্মসংক্রান্ত বন্দো স্তর বিষয়ে শীঘ্র বিবেচনা আরম্ভ হইবে। এ বয়ে যে আইন আবশ্যক তাহাতে মহাস র অনেক সময় ও পরিশ্রম লাগিবে।"

"আমার বিশ্বাস আছে, এই গুরুতর বিষয় বিবেচনার সময়ে আপনারা সাধারণ মঙ্গলসিদ্ধার্থের প্রতি মনোযোগ দিয়া র্মের প্রকৃত উন্নতি লক্ষ্য করিয়া কাজ করি ন। সকলের প্রতি সমান বিচার করিবার ম অবলম্বন করিয়া আপনারা সকলের ক্যতা সাধন করিবেন।

এতদ্দ্বারা আয়ারলণ্ডের লোকের একতার এবং তাঁহারা আইন ও গবর্মেণ্টের প্রতি খাচিত শ্রদ্ধা করিয়া পূর্ব্বতন বিরোধ বিস্মৃত এই আমার অভিলাষ। বক্তৃতার সময়ে রতবর্ষের কোন উল্লেখ করা হয় নাই।

লণ্ডন ১৮ ই ফেব্রুয়ারি। লার্ড কেবনস দিগের চাটসে কনসারবেটিব দলের অগ্র ত্ব গ্রহণ করিয়াছেন।

শেষ তর্কের নিমিত্ত দূতসভার অদ্য পুন র অধিবেশন হইবে।

বেলজিয়মের গবর্মেণ্টের অনুরোধে তত্রত্য সভা লকসেম্বর্গের রেলওয়ে প্রস্তুত করি তার কোন ফরাসী কোম্পানির হস্তে না ার বিধি করাতে ফরাসী সংবাদপত্রসমূহ ক্রোধ প্রকাশ করিয়া মহাসভাকে এই আইন হিত করিতে বলিতেছেন।

ফরাসী গবর্মেণ্ট এক সরকুলারদ্বারা জানা ইয়াছেন, সাধারণ ও প্রকাশ্য সভা করিবার বিষয়ে সম্প্রতি যেসকল সুব্যবহার প্রকাশিত হইয়াছে, তাহা বজ্ঞ করা তাঁহাদিগের ইচ্ছা।

নিউইয়র্ক ১৮ ই ফেব্রুয়ারি। আমেরিকার মহাসভার যে কমিটী বিদেশীয় গবর্মেণ্টসমূহের সহিত সম্বন্ধের বিবেচনা করেন তাঁহারা এক বাক্য হইয়া সভাপতিকে এই অনুরোধ করিবার মানস করিয়াছেন যে, আলাবামা ঘটিত দাওয়ার বিষয়ে ইংলণ্ডের সহিত সম্প্রতি যে সন্ধি প্রস্তাব হইয়াছে, তাহা অগ্রাহ্য করা কর্ত্তব্য। সেণ্ট জুয়ান দ্বীপসম্বন্ধে যে সন্ধি হইয়াছে, তাঁহারা তাহা গ্রাহ্য করিতে বলিয়াছেন।

লণ্ডন ১৯ এ ফেব্রুয়ারি। দূতসভার প্রস্তাবের বিষয়ে গ্রীস যে উত্তর দিয়াছেন সভা তাহা গ্রহণ করিতে বলিয়াছেন। তুরস্কের সহিত গ্রীসের বিবাদের শেষ হইল।

দূত সভার কার্য্য শেষ হওয়াতে সভা ভঙ্গ হইয়াছে রণস্তরির অধ্যক্ষ হনষ্টন ষ্টুয়ার্ট অল্প বেতনে গ্রিণউইচ চিকিৎসালয়ের অধ্যক্ষ হইয়াছেন।

রাজ্ঞীর বক্তৃতার প্রত্যুত্তর স্বরূপ মহাসভা অভিনন্দন দিয়াছেন।

ফসেট সাহেবের প্রশ্নের প্রত্যুত্তরে লো সাহেব বলিলেন, ভারতবর্ষীয় গবর্মেণ্ট টেলিগ্রামে বলিয়াছেন, আবিসিনিয়ার যুদ্ধের নিমিত্ত তাঁহারা ৭ কোটি টাকা ব্যয় করেন, ইহার মধ্যে ৪ কোটি শোধ দেওয়া হইয়াছে।

বেলজিয়মের মহাসভার কমিটি লকসেম্বর্গের রেলওয়ে বিল গ্রাহ্য করিবার অনুরোধ করিয়াছেন।

ডবলিউ, এচ, স্মিথ সাহেব ওয়েষ্ট মিনষ্টরের সিদ্ধ প্রতিনিধি বলিয়া স্বীকৃত হইয়াছেন।

গ্রীসের প্রত্যুত্তর পাইয়া উক্ত দেশের সহিত গ্রীসের সদ্ভাব সুনিশ্চাপনের ঘোষণা করিয়া দূত সভা ভঙ্গ হইয়াছে। তুরস্ক ও গ্রীস তাঁহাদিগের কথা শ্রবণ করিয়াছেন বলিয়া সভা তাঁহাদিগকে ধন্যবাদ দিয়াছেন। গ্রীসের রাজা দূতসভার প্রস্তাবে সম্মত হইয়াছেন বলিয়া রুশীয় সম্রাট টেলিগ্রামদ্বারা রাজা জর্জ্জের নিকটে হর্ষ প্রকাশ করিয়াছেন।

সেনাপতি বালফোর নৈমিক সেক্রেটারি আফিসের পদত্যাগ করিবার যে প্রস্তাব করেন, তাহা গ্রাহ্য হয় নাই।

২০ এ ফেব্রুয়ারি। রাজকুমার লিওয়া লুডের কঠিন পীড়া হইয়াছে। তন্নিমিত্ত রাজ্ঞী মহাসভার এড্রেস গ্রহণ স্থগিত ছেন।

মাঞ্চেষ্টর কোম্পানির অধ্যক্ষ চাইল ফৌজদারি সোপরদ করা হইয়

পারিস হইতে শেষ সংবাদে প্রক ফরাশী সংবাদপত্র সমূহে বেলজিয়মের যুদ্ধ করিবার কথা প্রকাশ করিতেছেন। গেল বেলজি সংবাদপত্র বলেন, বেলজি স্বাধীন শাসনপ্রণালীই ফরাশীদিগের কারণ।

পেরা ২২ এ ফেব্রুয়ারি। ঘোষণা হই দূতসভার প্রস্তাবে সম্মত হওয়াতে দেশের সহিত তুরস্কের বন্ধুভাব পুনরায় গ্রীস এই সম্মতি দেওয়াতে তাঁহার বির সকল সন্ধা হইতেছিল, সুলতান তাহা বার আজ্ঞা দিয়াছেন।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

১০ ই ফেব্রুয়ারি। ডেপুটি মাজি ডেপুটি কালেক্টর বাবু ভগবানচন্দ্র বসু দিনের নিমিত্ত বর্দ্ধমানের কমিসনরের প্রতি নিজ সহকারী হইবেন।

১৬ ই ফেব্রুয়ারি। রেবেরেণ্ড এফ, মাজুচেলি দারজিলিঙের সাধারণ বিদ্যা সভার সভ্য হইবেন।

১৭ ই ফেব্রুয়ারি। যত দিন ডবলিউ মণি সাহেব উপস্থিত না হন, তত দিন ১১ ই ফেব্রুয়ারির অপরাহ্ণ অবধি এ বি, সি, রেবাণ সাহেব ভাগলপুরের প্রতি মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

১৮ ই ফেব্রুয়ারি। চট্টগ্রামের প্রতি জাইট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর ডবলিউ, কার, কাউলি সাহেব ১৮৬৯ ১০ ও ১৮৮২ অব্দের ৬ আইন অনুসারী মার আপীল শ্রবণ করিতে পারিবেন।

২০ এ ফেব্রুয়ারি। যত দিন জি, ট সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকি তত দিন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি কা বাবু হরকালী মুখোপাধ্যায় তদ্রূপ উপবিধ ভার পাইয়া প্রথম শ্রেণীর অধীন মাজি ক্ষমতা চালন করিবেন।

২২ এ ফেব্রুয়ারি। সি, জে, ব্রৌণ বমড সাহেবের অনুপস্থানকালে কলি প্রতিনিধি সহকারী কালেক্টর হইবেন।

বিচার ও রাজনীতিসংক্রান্ত বিভাগ।

৭ ই ফেব্রুয়ারি। যত দিন ডবলিউ. আর, ...হেব বিদায় লইয়া অনুপস্থিত থাকি-...ত দিন এ. ফ্রেয়ার সাহেব লোহারডগার ...ধি পুলিষ সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

...র্ণি সাহেব সি, বি, বঙ্গদেশের ব্যবস্থা ...ভার অন্যতর সভ্য হইবেন।

...ত দিন বাবু রাধামোহন গোস্বামী বিদায় ...া অনুপস্থিত থাকিবেন, তত দিন বাবু শম্ভু ...নাগ এম এ, ও বি' এল, গোয়ালপাড়ার ...নিধি মুন্সেফ হইবেন।

১৮ ই ফেব্রুয়ারি। সব আসিষ্টাণ্ট সার্জ্জন ...হরনাথ রায় ২৯ এ নবেম্বর অবধি ২ রা ...য়ারি পর্য্যন্ত বগুড়ার দেওয়ানি চিকিৎসার ...পাইয়াছিলেন।

...জ, এচ, ফ্রেঞ্চ সাহেব বগুড়ার দাতব্য ...ৎসালয়সভার অন্যতর সভ্য হইবেন।

১৯ এ ফেব্রুয়ারি। যত দিন আসিষ্টাণ্ট ...ন জে, জে, মর্ণ্টথ সরকারী কার্য্যোপলক্ষে ...স্তব্য থাকিবেন, তত দিন আসিষ্টাণ্ট সার্জ্জন ...ও, ডানিএল শিলচরের প্রতিনিধি দেও ...চিকিৎসক হইবেন।

...কাছাড়ের সহকারী কমিসনর কিছু দিনের ...ন্ত শিলচরের জেলের ভার পাইবেন।

২০ এ ফেব্রুয়ারি। ডাক্তর এ, কে, রিড ...দিনের নিমিত্ত শিলচরের প্রতিনিধি সিবিল ...ন হইবেন।

...যে দিবস ডবলিউ, কর্বেল সাহেব কার্য্যভার ...ণ করিয়াছেন, সেই দিবসাবধি এ, লিবিএন ...ইব বঙ্গপুরের প্রতিনিধি সিবিল ও সেসিয়ন ...হইবেন।

...যত দিন সি, এস, বেলাই সাহেব বিদায় ...। অনুপস্থিত থাকিবেন, তত দিন জে, ডি. ...ড সাহেব রাজসাহীর প্রতিনিধি সিবিল ...সিয়ন জজ হইবেন।

২৩ এ ফেব্রুয়ারি। যত দিন লেপ্টনণ্ট আর, ...ইটম্বার্লি সাহেব বিদায় হইয়া অনুপ-...থাকিবেন, তত দিন এ. বেলেয়ার সাহেব ...ানের প্রতিনিধি ...লিস সুপরিন্টেণ্ডেণ্ট ...ন।

...যত দিন বাবু ... ...থ রায় বিদায় ...। অনুপস্থিত থা... ...ত দিন বাবু গদা ...। নওয়াখালির প... ... পুলিস সুপরি-...ণ্ট হইবেন।

ডবলিউ, এস ওয়েলস সাহেব ...নিধি আত্ত জজ হইবেন।

নিকলির মুন্সেফ বাবু ভগবানচন্দ্র সেন ময়মনসিংহের প্রতিনিধি মুন্সেফ হইবেন।

-:০:-

আমাদিগের মগরাস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

১। মুরসিদাবাদ জেলার অন্তর্গত মুরসিদাবাদ, বালুচর, আজিমগঞ্জ ও বহরমপুর নগরে জুয়াখেলা নিবারক আইন ১ লা ফেব্রুয়ারি হইতে প্রচলিত হইবার আদেশ হইয়াছে। কিন্তু বঙ্গদেশে জুয়াখেলার অত্যন্ত প্রাদুর্ভাব এখানে উক্ত আইন প্রচলিত হইলে ভাল হয়

২। মফস্বল পুলিষের বার্ষিককালীন পেসন কণ্ডের সন ১৮৬৮ সালের এপ্রেল মাস অবধি সেপ্টেম্বর মাসপর্য্যন্ত আয় ব্যয়ের বাণ্ড্রাসক হিসাব প্রকাশিত হইয়াছে, তাহাতে আয় ৪,৩৬,৩৫৪(৪) ব্যয় ১,৪০।৶১০ বাদে উদ্বৃত্ত ৭,৩৪৯৫৲৷৬ টাকা জানা গেল।

পূর্ব্বে কাওরাপুকুর হইতে মগরা পর্য্যন্ত খাল কাটিবার কথা শুনা গিয়াছিল, সংপ্রতি কাওরাপুকুর হইতে তাহা আরম্ভ হইয়াছে।

৪। থানা সুলতানপুরে এক জন সব ইন ইনস্পেক্টর ছিলেন। কিছু দিন হইল তথায় আর এক জন অতিরিক্ত সব ইনস্পেক্টর আসিয়াছেন। শুনিলাম, ঐ থানা ভাঙ্গিয়া আর একটী নূতন থানা সিমুল বেড়িয়াতে হইবে। এটি হওয়া আবশ্যক, কারণ ইহার এলেকা সমুদ্র পর্য্যন্ত।

৬। সংপ্রতি বৃষ্টি হওয়াতে ধানোর পক্ষে কিঞ্চিৎ উপকার দর্শিয়াছে।

৭। মগরার সন্নিহিত মর্য্যাদাগ্রামে একটী বালকের বস্ত্রে অগ্নি লাগিয়া জীবন নষ্ট হইয়াছে।

৮। পদ্মপুকুরিয়া গ্রামে চৌড়াকাইতির বিষয় যাহা ২ রা নবেম্বরের সোমপ্রকাশে প্রকাশ করা গিয়াছে, তাহার আসামীরা সেসিয়ন আদালত হইতে জুরির বিচারে অব্যাহতি লাভ করিয়াছে। আজি কালি জুরি বাবুদের আসামি ছাড়া রোগ জন্মিয়াছে।

৯। ডায়মণ্ডহারবরের ডেপুটী মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুক্ত বাবু হেমচন্দ্র কর মহাশয় এক মাসের বিদায় গ্রহণ করিয়াছেন। এপর্য্যন্ত তাঁহার স্থানে অন্য কেহ আসিয়া উপস্থিত হন নাই।

১০। এক্ষণে এখানকার দুই এক গ্রামে ...লাউঠা আসিয়া দর্শন দিতে আরম্ভ করি-...ছে।

১১। এখানকার গবর্ণমেণ্ট রাস্তা ... কার্য্য এক্ষণে সমাপ্ত হইয়াছে।

১২। মগরার হাটে সরু সিদ্ধ চাউলে ২।০ আনা, লবণ টাকায় সাত সের দুই ... কাঠ তিন মণ দশ সের, তৈল নয় পোয়া ... হইতেছে। কেবল মৎস্য ও তরকারী সর্ব্ব ... সুলভ আছে।

মগরা
২০ এ ফেব্রুয়ারি
১৮৬৯

-:০:-

আমাদিগের কোরহাটিস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

লোহজঙ্গ, ভিরজখাঁপ্রভৃতি গ্রাম এই স্থানের মধ্য দিয়া যে একটী রাস্তা উ... মুখে চলিয়া গিয়াছে, তদ্দ্বারা দেশীয় ও ...শীয় অসংখ্য লোক গমনাগমন করিয়া ... কিন্তু দুঃখের বিষয় এই যে, সংপ্রতি তাহ... লোকের চলাচল অত্যন্ত কঠিন হইয়া ...য়াছে। আমরা অনেক দিন যাবৎ ঐ ... পূর্ব্বপার্শ্বে অতি সঙ্কটে কয়েকটী ... খানা দেখিয়া আসিতেছি। দুর্গন্ধে ... নিকট দিয়া গমনাগমন করা বড়ই ক... এতদ্দ্বারা কি গমনশীল পথবর্ত্তী লোক ... স্বাস্থ্যের ব্যাঘাত হয় না? এই অসুবি... করিবার জন্য আমরা কাহার নিকট ব... প্রকৃত পক্ষে স্থানীয় পুলিষেরই ইহা ... কর্ত্তব্য। কিন্তু আমাদিগের শ্রীমগণের ... কর্ম্মচারিগণদ্বারা ইহা কোন মতেই ... নয়। ইহাঁরা প্রায় সর্ব্বদাই এই রাস্তা ... গতায়াত করিয়া থাকেন, তথাপি যে ... প্রতি তাঁহাদিগের দৃষ্টি পতিত হয় না, ... আশ্চর্য্যের বিষয়। পরম্পরা শুনিতে ... এই গ্রামনিবাসিনী জ্ঞানজ্যোতির্ম্বিকা ... সভার সভ্যগণ ১০ম নিয়মানুসারে (... জনানুসারে সভা গ্রামের স্বাস্থ্যবিধানার্থ ... কীয় সাহায্য গ্রহণ করিবেন) মুনশী ... ডিপুটী মাজিষ্ট্রেট বাবুর সমীপে এতদ্বি... রিপোর্ট প্রেরণ করিবেন। ভরসা করি ... বাবু রাস্তার পার্শ্ব হইতে পায়খানা কয়টী ... ইয়া দিবার আবেদন গ্রাহ্য করিয়া সভ্য ... মনোরথ পূর্ণ করিবেন।

এই স্থানে একটী পোষ্ট আফিসের প্র... নবিষয়ে আমরা অনেক দিন যাবৎ স... পত্রে লিখিয়া আসিতেছি, কিন্তু ক... কেন যে তৎপ্রতি মনোযোগ দেন না, বা... পারি না। আজি কালি এতদঞ্চলস্থ লে...

পত্রাদি প্রেরণ ও সাময়িক সংবাদপত্র ও স্কুলের রিলাদি প্রাপ্তিবিষয়ে বড়ই অসুবিধা হইতেছে। এই অঞ্চলের জন্য যে অতিদূরে একটী ডাকঘর আছে, উহার কর্ম্মচারিগণের দোষে যথাসময়ে পত্রাদি প্রাপ্ত হওয়া যায় না। এইরূপ নানাবিধ অসুবিধা ও কষ্ট সহ্য করিতে হয় বলিয়া আমরা একটী ডাকঘরের জন্য প্রার্থনা করিয়া আসিতেছি। এস্থানে পোষ্ট আফিস প্রতিষ্ঠিত হইলে বিলক্ষণ আয় হইবার সম্ভাবনা। বিশেষতঃ আমরা অবগত আছি, অত্রত্য ইংরাজী বিদ্যালয়ের শিক্ষকগণ বিনা বেতনে পোষ্টমাষ্টরের কর্ম্ম করিতে সম্মত আছেন। এইরূপ ব্যয়ের সুবিধাসত্ত্বেও যদি কর্ত্তৃপক্ষ ডাকঘর সংস্থাপন না করেন তাহা হইলে আমরা আর কি করিব?

—:০:—

আমাদিগের পাবনার অন্তঃপাতি ভারেঙ্গাস্থ সংবাদদাতা লিখিয়াছেনঃ—

১। এবার আমাদিগের ভারেঙ্গা ইংরাজী স্কুল হইতে প্রায় ৮। ৯ জন ছাত্রবৃত্তি পরীক্ষা দিতে গিয়াছিল। শুনিতে পাই এক জন ছাত্র মাত্র উত্তীর্ণ হইয়াছেন। এই বিদ্যালয় হইতে অন্যান্য বৎসর ৪।৫ জন পরীক্ষায় উত্তীর্ণ হইতেন। এ বার স্কুলের অবস্থা বড় মন্দ। মহাশয়! এই স্কুলটী ইতঃপূর্ব্বে পাবনার মফস্বলস্থ স্কুলসমূহের মধ্যে শ্রেষ্ঠ ছিল, কেবল কতকগুলি অন্যায় কারণে স্কুলটী ক্রমে দুরবস্থাপন্নিত হইয়া পড়িয়াছে। এখন গ্রামের অধিকাংশ দাতব্য প্রদাতারা দাতব্য দিতে কষ্ট বোধ করেন। সেক্রেটারীর উচিত, তিনি স্কুলের প্রতি বিশেষ মনোযোগ বিধান করেন। নতুবা স্কুলটীর ভবিতব্য বড় মন্দ। তাঁহার বিশেষ বিবেচনা করা উচিত যে, যে স্কুলের ছাত্রের দৈনিক উপস্থিতির সংখ্যা ৮০।৯০ ছিল, সেই স্কুলে এখন ১২। ১৫। ২০ জন ছাত্রের অধিক উপস্থিত হয় না।

২। আজি কালি পুলজানা বঙ্গবিদ্যালয়ের অবস্থা উত্তম। এখন এই বিদ্যালয়টী ভালরূপ চলিতেছে। শিক্ষক মহাশয়েরা বিশেষ মনোযোগের সহিত কার্য্য করিয়া থাকেন, ছাত্র সংখ্যা ৪০ জনের কম নয়। বার্ষিক পরীক্ষা হইয়া গিয়াছে। মহাশয়! এ বিদ্যালয়টী দুঃখী দরিদ্রসন্তানদিগের বিদ্যাভ্যাসের স্থান, ইহাতে এক আনা দুই আনার অধিক বেতন দিয়া যে পড়ে এমন ছাত্র এক জনও নাই। আমার বিশেষ প্রার্থনা এই, সেক্রেটারি মহাশয় যেন বিদ্যালয়ের বেতনের হার আর অধিক না করেন।

৩। মহাশয়! আমাদের বাসগ্রামে আজি কালি বড় তস্করের ভয় হইয়াছে।

৪। মহাশয়! পাবনা জেলায় এ বার বড় তাস ও পাশা খেলার ধুম। কি জেলার প্রধান স্থান, কি মফস্বলস্থ পাড়াগাঁ যে স্থানে যাইবেন প্রায় সেই স্থানেই কি সুশিক্ষিত কি অশিক্ষিত, সকলেই এই ক্রীড়ার অনুরোধে লেখাপড়া সব ছাড়িয়াছেন। যাঁহারা স্থানীয় লোকের আদর্শ, তাঁহারাও দিন রাত্রি আমোদে উন্মত্তপ্রায়। মহাশয়! এতন্নিবন্ধন এদেশের অল্পক্ষতি হইতেছে না। আমরা প্রধান প্রধান ব্যক্তিদিগকে বিশেষরূপে অনুরোধ করিতেছি, যে তাঁহারা এই ব্যসনে বৃথা সময় নষ্ট না করিয়া জীবনের সার্থক কার্য্যে লিপ্ত হউন।

মহাশয়! কয়েক দিন হইল ভারেঙ্গার নিকট বর্ত্তী মথুরানামক স্থানে কয়েকজন সাহেব আসিয়াছেন। মফস্বলে সাহেব আসিলে যে যে কষ্ট হয় তাহা সকলই হইতেছে। এখন গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা এই, সত্বর ইহারা স্থান ত্যাগ করুন।

আমাদিগের রঙ্গপুর কাকিনীয়াস্থ সংবাদদাতা লিখিয়াছেনঃ—

আমরা দুঃখিত হইয়া প্রকাশ করিতেছি, গত ১৬ই মাঘ রাত্রি এক প্রহরের সময়ে ঘোড়ামারাপ্রভৃতি স্থানে শিলাবৃষ্টি ও প্রবল ঝটিকা হইয়া ঐ ঐ স্থানের বিস্তর ক্ষতি হইয়া গিয়াছে: শিলাবর্ষণে ঐসকল স্থানের তামাক প্রায় তৃতীয়াংশ নষ্ট হইয়াছে। প্রবল বাত্যায় ঘোড়ামারার নিকটবর্ত্তী ব্রিস্রোতার ঘাটে প্রায় ১০। ১৪ খান মহাজনের নৌকা জলমগ্ন হইয়াছে।

২। শুনিয়া দুঃখিত হইলাম, গত ২৩ মাঘ অপরাহ্ণ তিন ঘটিকার সময়ে রঙ্গপুরের সদর স্থানে অগ্নি লাগিয়া অনেকগুলি উকীল ও মোক্তারের বাসা দগ্ধ হইয়া গিয়াছে। এই অগ্ন্যুৎপাতে অত্রত্য অধিবাসীদিগের অনেক ক্ষতি হইবে সন্দেহ নাই।

৩। কয়েক দিন গত হইল, কাকিনীয়া ও তুষভাণ্ডার গবর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয় দ্বয়ের বার্ষিক পরীক্ষা নির্ব্বাহিত হইয়া গিয়াছে।

পরীক্ষাস্থলে র
মাষ্টর বাবু চন্দ্রম
ভদ্র লোক উপ
৪। গত ২৪
মহাশয়ের যত্নে
এই দিবস রঙ্গপু
মহাশয়ও যোগ
উপস্থিত ছিলে
হস্তিদৌড়প্রভৃতি
অগ্রগণ্য হইয়া
স্কারলাভ করি
৫। শুনিয়া
বালিকাবিদ্যাল
মাসিক ২৷৷০
দিবার জন্য
ইনস্পেক্টর বাবু
ক্টরের নিকটে
তিনি আপাত
হইবেন না।
৬। গ্রাম
একটী ধর্ম্মসভা
মারঞ্জন রায়
এবং সমাজের
সম্মত আছেন
অত্রত্য মানবম
লাভ হইবে স
৭। তুষভ
মোহন রায় ৫
মহৎকার্য্য করি
ছেন। তিনি
জীবনরক্ষার্থে
য়াছেন।

মান্যবর

ব
গত
লাম, যে
৪ঠা জা
নামক গ
ক্টের অ
সংক্ষে
ভূতত্ত্ব
ঐ পত্র

ট তিনখানি পত্র
খিলাম এবং দেখি
সাহেবের অনুবাদ
দর্শন করিয়াছেন,
নহে। সকলগুলিই
ব বাস্তবিকই বাঙ্গা
তে পারিয়া একে
এ বিষয়ের সত্যাস
া অন্য প্রমাণের
মরা লেপ্টনন্ট গবর্ণর
করি যে, তিনি এক
দ্বারা গত ৪ ঠা
"শিক্ষাধিভাগ"
অনুবাদ করাইয়া
সাহেব উইকলি
করিয়াছেন এবং
র্বিত্যাগ করিয়া
লের প্রিন্সিপাল
উক্ত হইয়াছিল,
খত হয় নাই।
প্রফেসরদিগের
হইতেছে মফ
ব্যক্তি তদপেক্ষা
রূপ সোমপ্র
কিন্তু র বন্ধন
কালেজের
একটীমাত্র
ফেসরদিগের
ত্র লিখিয়া
ক বিষয়
ও অনুবাদ
কোনরূপেই
তাহাই যদি
প্রয়োজন
প্রস্তাবের
র সংক্ষি
১৫ ই
ইয়াছে,
য়োজন
সাহেব
হইলে
স্থলে

উহা তিনি অনুবাদ করিয়া কর্ত্তৃপক্ষের গোচর করিতে সাহসী হইবেন কি না? যাহা হউক আমরা উহা দেখিবার জন্য সতৃষ্ণনয়নে উইকলি রিপোর্টের প্রতি প্রতীক্ষা করিয়া রহিলাম।

এক জন পাঠক।

মহাশয়! ফৌজদারী মকদ্দমার কার্য্য বিধি প্রচলিত হওয়া অবধি অনেক স্থলে সেসন আদালতে অনেক মকদ্দমা জুরির দ্বারা বিচার হইয়া আসিতেছে। আবার সেই জুরিদের হস্তে এমত অসীম ক্ষমতা দেওয়া হইয়াছে যে, তাঁহারা ঘটনাসম্বন্ধে জজের অভিপ্রায়ের বিপরীত নিষ্পত্তি করিতে পারেন এবং তাহার উপর প্রধানতম বিচারালয়ে কেবল আইনঘটিত হেতুবাদে আপীল হয়, যে আইনের নিষ্পত্তি সেসন আদালতে জজের দ্বারাই হইয়া থাকে। সুতরাং জুরির নিষ্পত্তির উপর আর আপীল নাই। জুরির এইরূপ অসীম ক্ষমতা থাকাতেই হউক, কিম্বা জুরি নির্ব্বাচনের দোষেই হউক, আমরা দেখিতে পাই, অনেক স্থলে জুরির বিচারে অনেক নির্দ্দোষী ব্যক্তি দণ্ড পাইয়া থাকে, আবার স্থলবিশেষে অনেক দোষী ব্যক্তি নির্দ্দোষ বলিয়া মুক্তিলাভ করে। এরূপ ঘটনার প্রকৃত কারণ অনুসন্ধান করিতে গেলে জুরিনির্ব্বাচনের দোষই ইহার প্রধান কারণ বলিয়া স্থির সিদ্ধান্ত হয়। আমারা সেই সেকেলে পুরাণ পাপী মোক্তার ও অনভিজ্ঞ জমীদার ও গ্রামস্বামিপ্রভৃতিকে অনেক সময় জুরির আসনে বসিতে দেখিয়াছি। মহাশয়! যাঁহারা মনুষ্য প্রকৃতির পর্য্যবেক্ষক হইয়া বিচারাসনে বসেন, তাঁহারদের দূরদর্শী ও প্রকৃতিজ্ঞ হওয়া অতিশয় আবশ্যক। কিন্তু এক্ষণকার জুরিগণের মধ্যে তেমন লোক প্রায়ই পাওয়া যায় না। তাঁহারা, হয় অনভিজ্ঞতাদোষে ঘটনার প্রকৃত মর্ম্ম বুঝিতে পারেন না, না হয় স্বার্থানুরোধে পক্ষপাতপরায়ণ হন। সুতরাং এমত স্থলে সুবিচাররক্ষার উপায় থাকে না। মহাশয়! আমরা উপরে যাহা লিখিলাম, ইহা আমাদিগের কল্পনা সম্ভূত নয়, কিন্তু বহু দিন ধরিয়া জুরির বিচার দেখিয়া আমরা এই অভিজ্ঞতা লাভ করিয়াছি। অতএব আমরা জুরিনির্ব্বাচনকারী রাজপুরুষদিগকে অনুরোধ করি যে, যে স্থলে জুরির বিচার একেবারে চূড়ান্ত হয় এবং সেই বিচারের উপর অনেক লোকের শারীরিক সুখ দুঃখ এমন কি জীবনপর্য্যন্ত সম্পূর্ণ নির্ভর করিতেছে, এমত স্থলে তাঁহারা যেন যথার্থ কৃতবিদ্য, নিঃস্বার্থ ধর্ম্মপরায়ণ লোক দেখিয়া জুরি মনোনীত করেন। জুরির দোষে আমাদিগের ন্যায়পর গবর্ণমেণ্টের সুবিচারের উপর সাধারণের অশ্রদ্ধা না হয়।

১২৭৫ সাল
২৭ এ মাঘ
} শ্রীকৈলাসচন্দ্র বসু।

মহাশয়! ২৭ এ মাঘের সোমপ্রকাশের ২০৭ পৃষ্ঠার তৃতীয় স্তম্ভ হইতে "শ্রীযুত" স্বাক্ষরিত যে পত্রখানি লিখিত হইয়াছে, তদুপলক্ষে নিম্নলিখিত বক্তব্য উপস্থিত হইল, প্রকাশ করিয়া বাধিত করিবেন।

পত্রপ্রেরক অতি প্রধান বিষয় লক্ষ্য করিয়া স্বমত প্রকাশ করিয়াছেন; কিন্তু ২। ১ টী প্রয়োজনীয় কথা বলেন নাই। গবর্ণমেণ্ট দেশীয় সংবাদপত্রের কথা শুনিতেছেন, উহার মনোযোগার্থ সম্বাদসকলের জন্য সাহেব অনুবাদক নিযুক্ত করিয়াছেন এবং তাহাতে উপকার হইতেছে, সকলই সত্য; কিন্তু বাঙ্গালা কাগজের এই অভ্যুদয়োন্মুখ গৌরব অস্তমিত হইবার এবং উহা কয় জন বাঙ্গালীর স্বার্থসিদ্ধির দ্বার বলিয়া পরিচিত হইবার উপক্রম হইয়াছে এবং এই অনিষ্টমূলের অধিকাংশ, কাগজকর্ত্তাতেই নিহিত আছে, বিশেষরূপে তাহার উল্লেখ করেন নাই; কেবল কয়েক জন সংবাদদাতার উপর কিঞ্চিৎ দোষারোপ করিয়াই নিবৃত্ত হইয়াছেন।

পত্রপ্রেরক উক্তরূপ অনিষ্টের ছুটী কারণ নির্দ্দেশ করিয়াছেন। ১ম কোন কোন সংবাদদাতার সংবাদ মিথ্যা এবং অতিবর্ণন দোষে দূষিত। ২য় বাঙ্গালা কাগজে লিখিত বিষয়ের অনুসন্ধানের ভার যেসকল কর্ম্মচারীর উপর অর্পিত হয়, তাহাদিগের আলস্য ও ঔদাস্য। এ দুটীই ঠিক কথা, ইহাতে অধিক বক্তব্য নাই, কিন্তু জিজ্ঞাস্য হইতে পারে যে, এ স্থলে সম্পাদক মহাশয়েরা কি সম্পূর্ণ নির্দ্দোষ? তাঁহারা স্ব স্ব কাগজের গৌরবরক্ষা ও উদ্দেশ্যসাধনতা বিষয়ে দৃঢ়প্রতিজ্ঞ থাকিলে কি এরূপ অনিষ্টের সম্ভাবনা আছে? কাগজের উন্নতি অবনতি সম্পাদক, লেখক, সংবাদদাতা, পত্রপ্রেরকপ্রভৃতি সকলের উপরই নির্ভর করে; কিন্তু আবার ঐসকলের উৎকর্ষাপকর্ষ একমাত্র সম্পাদকের উপরই নির্ভর করিয়া থাকে। তিনি যদি ঐ সকলের নির্ব্বাচনে ভ্রান্ত না হন, বোধ হয়, উল্লিখিতরূপ অনিষ্টের কোন সম্ভাবনা

থাকে না। অপরন্তু হলবাহী বিপথগামী হইলে পশ্চ ৎবর্ত্তীর অপরাধ কি? বাঙ্গালা কাগজের গৌরবহানির আরও অনেক কারণ আছে। তন্মধ্যে সম্পাদকগণের মতের অনৈক্য এবং তাঁহাদের কাগজ পাঠে উদাসীন্য এই দুইটী প্রধান। আমরা কোন কোন সম্পাদককে অল্প দিনের মধ্যে একই বিষয়ে ভিন্ন ভিন্ন মত প্রকাশ করিতে দেখিয়াছি। যাঁহারা ইংরাজী কাগজ পাঠ করিতে পারেন এবং করেন, তাঁহারা বাঙ্গালা কাগজে কিছু থাকে না বলিয়া উহাকে অবজ্ঞা করিয়া থাকেন। এ স্থলে ইহাও বলিতে হয় যে, যদিও বাঙ্গালা কাগজের দোষ আছে, তথাপি তাঁহারা উহাকে যত তাচ্ছীল্য করিয়া থাকেন, বর্ত্তমান বাঙ্গালা কাগজ তত তাচ্ছীল্যের সামগ্রী নহে। চক্ষুষ্মান ব্যক্তির দৃষ্টি না থাকিলেও কোন বিষয় যথাযথ নিরূপিত হয় না। ফলে যদি সম্পাদক (১) পাঠক উভয়ই মূর্খ হন, সব ভাল হইয়া যায়।

যদি কাগজের কাটতির চয় হয়, সম্পাদকের আয় কমিয়া যায়, ব্যক্তিবিশেষের বিরাগভাজন হইতে হয়, তবু গ্রাহকের অসন্তোষ জন্য উপযুক্ত বিষয়ের অভাবে অযোগ্য অপ্রয়োজনীয় বিষয়দ্বারা কাগজ পূরিত করা অনুচিত। গ্রাহকের মনস্তুষ্টিজন্য, সময়ে সময়ে নিজ সম্পাদকের লেখনী হইতেও অনেক অপ্রয়োজনীয় কথা নির্গত হইতে দেখা যায়। সংবাদপত্রের স্বাধীনতারূপ সৌভাগ্য যাহা ইংলণ্ডেশ্বর ও অদ্যাপি লাভ করিতে পারেন নাই বাঙ্গালীরা ইহার সামান্য ভাগ প্রাপ্ত হইয়াছেন। অতএব যাহাতে উক্ত স্বাধীনতারূপ হিতকর বিষয়ের অপব্যবহার না হয়, বাঙ্গালী সম্পাদকমাত্রেরই সে বিষয়ে মনোযোগী হওয়া উচিত।

সাপ্তাহিক বাঙ্গালা কাগজের মধ্যে সমাচার কাশী প্রধান। আমরা উহার কলেবরবৃদ্ধি বিশেষ করিয়া বলিতেছি, তাহার কোন সংবাদদাতা ও প্রবন্ধলেখকের প্রায়ই অক্ষরাকৃতি ও মাথা উঁচু দুই হয়। আর, কয়

(১) ইহার সংবাদদাতা ও প্রবন্ধলেখকেরা যদি অমনোযোগ বশতঃ ভ্রম করেন, সম্পাদক মহাশয় ইচ্ছা করিলে সংশোধন করিয়া লইতে পারেন না। সম্পাদক যদি এক বার একপ্রকার মত প্রকাশ করিয়া পশ্চাৎ আপনার ভ্রান্তি বুঝিতে পারিয়া বিপরীত মত প্রকাশ করেন, তাহা দোষের না হইয়া গুণের হইয়া উঠে। স।

তান অতঃপর তাঁহাদিগকে বিশেষতঃ আদুল য়ার সংবাদদাতাকে সতর্ক করিয়া দিবেন।

-১০২-

পনর টাকা বেতনভোগী এক বাঙ্গালা স্কুলের পণ্ডিতের স্ত্রী দুগ্ধপোষ্য একটী কন্যা ক্রোড়ে করিয়া দুটী শিশু সন্তানের সহিত বেলা চারিটার সময় গৃহপ্রাঙ্গণে উপস্থিত।

শিশুদ্বয় (সরোদনে) ও পোড়ারমুখী! এই রদ্দুর টুকু গেলে বড় শীত করবে যে, কি গায় দেবো? কেন তুই আমাদের গায়ের চাদর সেদ্ধ করে কেচে দিলি?

মাতা। (সবিষাদে) ওর কাঁদিস নে বাবা! এই শুকুলে, বলে। দেখ দেকি কেচে দিয়েছিলুম বলে কেমন ফরসা হয়েচে। আগে যেমন কাল চর্ম্ম ছিল

জ্যেষ্ঠ। মা! বোসেদের উমোর কেমন গায়ে জামা, পায়ে জামা, রাঙা জুতো, মাতার টুপি তাহার শীত কেক না কেন, একটুও শীত লাগে না; আমাদের যদি সেই রকম কিনে দিস, তবে পায়, মাতায়, গায় কোথাও আর শীত লাগে না।

কনিষ্ঠ। (শুনিয়া উচ্চস্বরে) মা! আমার পায়ের জামা রাঙা জুতো দে গ। বলে (রোদন ও ধূলায় পতন।)

মা। (সরোদনে) ওঠ বাবা সুরেশ! ওঠ আর কেঁদোনা, আজ মিসে আসুক, তোমার পাজামা আর রাঙা জুতো অবিশ্যি করে কিনে দিতে বলবো।

জ্যেষ্ঠ। (অঞ্চলপ্রান্ত ধরিয়া) মা! আমার জন্যেও অমনি আনতে বলিস। ভুলিস যা বলবি

মা। হাঁ বলবো বৈ আগে যেমন আসুক, দুজনের জন্যেই আনতে বলবো।

এই সময়ে স্কুল হইতে সহসা পণ্ডিতের উপস্থিতি।

প। (গৃহিণীকে রোদন করিতে দেখিয়া) ওকি! কি হয়েছে?

গৃ। (সরোদনে) আর কি হবে! আমার মাথা হয়েছে আর মুণ্ড হয়েছে। এগুলো তাই হয়েছে, এই নেও ছেলে খাও কর।

প। কেন কি হয়েছে? ছেলে ধূলায় পড়ে কাঁদচে কেন? ওঠ বাবা সুরেশ ওঠ। অমন ধূলোয় পড়ে কাঁদচে কেন বাবা ওঠ। তোমরা কেউ কিছু বলেছ কি অমন সোণার চাঁদে কাঁদে? বাবা ওঠ।

সু। আগে আমার উমোর মত পাজামা রাঙা জুতো রাঙা দোসাই এনে দেও তবে উটবো ও ও। বলিয়া উচ্চস্বরে রোদন

গৃ। ঐ নাও, আমি সাদ করে বলি যে, চাকরী ছেড়ে দাও। এই দেশ কাল পনর টাকা আর কি চলে। শত্তুরের মুখে ছাই দিয়ে ছেলে একটী কোলের মেয়ে, বুড়ো শাশুড়ী দুজন এক জন, আমি এক জন, ও কটাকায় কি খেতে কুলোয় না পরতে কুলোয়। মেয়ে ত পেট ভরে দুধ না খেতে পেয়ে যেমন দড়ি পাচটা হইয়ে গেচে। বেদ্ধ শাশুড়ি ঠাকুরাণীর ব্রেতোর পরসাটী আসটী দান কত্তে চান ভাল মন্দ সামগ্রী খেতে ইচ্ছে করেন, সে টাকায় টানি, পরনায়ও কুলোয় না দিতেও পারি নে এই মাঘ মাসে শীত ছেলেগুলি অমনি সকালে শীতে হী হী করে। ভাল কাপড় খেতে পায় না পরতেও পায় না। রোজ সকালে ছেঁড়া কাপড় পরে পাঠশালে যেতে কাঁদে। আমার ত এপর্য্যন্ত এক রত্তি সোণা রূপা অঙ্গে উঠলো না। এই ত ৮।১০ বৎসর চাকরী কচ্চো, কৈ ত আর এক পয়সাও বাড়লো না। ও চাকরী ছেড়ে দাও, ওতে এত আর আমাদের খাড়ো ঘর, কাঁদার মল দুগাছা না।

প। ও হাবী! কি বলিস, অমন সম্মানের গৌরবের চাকরী কি হতে আছে? এই কাল তনের পত্রিকায় এডুকেশন গেজেট সম্পাদক মহাশয় লিখেছেন ঐ, পনর টাকা মুষ্টিমেয় পদ অপেক্ষা গৌরবের আর আমরা বালক বালিকাগুলিকে শিক্ষা দিয়া বীর ভাবী মঙ্গলের বীজ রোপণ ক আমড়াগাছিতে ভাল ময়ে কাজ উচিত। জানিস না কাদার মুনি রের নায় লেখনীর দ্বারা অধ্যা মনও নিপে থাকে। ডুবিয়া পড়ি দেছেন। তবে আর যে কিছু থাকে, রোগের নামের মত যে ভয় আমাদের বুঝ, যাহাযোগী, এক খানা এডুকেশন গেজেট সম্পাদক মহাশয়ের কিছু ক্ষতিপূরণ করিয়াছিল তাহাতেও পাবে দেশের কাল পাত্র দেখে বিচার আশঙ্কা করিয়া পড়িলাম যে, অমুক খানা যুক্তি এ আ নিজ পত্রিকায় এই সংবাদের প্র তাহাদের দুরদৃষ্ট প্রস্তাব লিখিয়া সকলকে জ্ঞান দেন। সেই শিক্ষকদিগের যখনই

শকেতাও একপ্রকার প্রতিপন্ন করিয়াছেন। তিনি বলেন, "শিক্ষকদিগের বেতনবৃদ্ধি ইলে বাবুগিরি বাড়িবে। বাবুগিরি বাড়িলে গুরুতর কাজ ভালরূপে সম্পন্ন হইবে না। ছনলি হাবী আদপেটা খেয়ে ছেঁড়া কাপড় লাই বলে পরে এ কাজ করতে হয়। এ গৌর বর কাজ!!! প্রশংসা ও ধর্ম্মই ইহার একমাত্র স্কার।

ও। ভাল, যিনি লিখেছেন, তিনি কি কাজ ন?

প। শিক্ষাবিভাগের এক রকম কর্ত্তা ই হয়।

ও। তিনি কত মাইনে পান?

প। বোধ করি এখন মাসিক ছয় শত া বেতন পান।

(শিহরণপূর্ব্বক) হুঁ উ-উ!! নি তবে লিখতে পারেন। ভাল এক বারেই তাঁর ঐ মাইনে হয়েছে?

প। না, প্রথমে তিনি এক সামান্য স্কুল হস্ত বিশ চারি শ টাকা মাসিক পেতেন, হুই শ, তিন শ, করে এখন ঐ বেতন পান।

ও। ভাল, তাঁদের ন্যায় তোমাদের মাইনে বাড়ে না কেন? আর তিনি যে এত মাইনে পান তাঁর কি বাবুগিরি নাই?

প। তিনি বড় লোক, ইংরাজী বিদ্যা জানেন, তাঁর কত সুখ্যাতি, তাঁর মাইনে ার ভাবনা কি? আর বাবুগিরির বিষয় ও জানি না, বোধ হয় না থাকতে পারে।

ও। এ কথা আমি শুনি না। তিনিই কালের লোক, নিজ বুদ্ধবলেই, মাইনে বাড়িয়ে ছেন। আর যার এত টাকা মাইনে ই তাঁর মেগের হাতে সোণার বাউটী, কাঁকই সাড়ী আট পৌরে পরেন। বাবুও ল লাগায় দেন। চাকরে তেল মাখায়ে ল জলে নাওয়ে দেয়।

তুমি কি তাতে দুঃখিত হও।

। বালাই! তা হবো কেন? ভগমান যত দিয়েছেন, তাঁরা অম্ম জন্ম তাই করুন। তবে কি না তোমরা যে দেশের ল কচ্চি মঙ্গল কচ্চ বলে বেড়াও। ক তোমাদের মাগ ছেলে খেতে পায় না, লি।

হোক ও কথায় আমাদের কাজ নাই। তুমি পা দোয়। কাপড় ছাড়, একটু লে াও।

! হাঁ দিই, তুমি এখন আর ছেলেপিলে লয়ে দিমে থেকো না, ওদের নিয়ে ঘরের মধ্যে য.ও (এই বলিয়া গৃহ মধ্যে প্রস্থান।)

৫ ই ফাল্গুন ১২৭৫ } কস্যচিৎ বাঙ্গালা শিক্ষকস্য।

—:০:—

ডাল সাহেবের ফ্রী রাগেড স্কুল অর্থাৎ অবৈতনিক দরিদ্র বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ।

উল্লিখিত গবর্ণমেণ্ট সাহায্যকৃত ডাল সাহেবের অবৈতনিক দরিদ্র বিদ্যালয়ে ২০এ ফেব্রুয়ারি শনিবারে পারিতোষিক বিতরিত হইয়াছে। হটেলেকচুয়াল ও ফিজিকাল এই দুই প্রকার পারিতোষিক বিতরণ হয়। যদ্দ্বারা মানসিক উন্নতি সাধিত হয় তাহাই ইণ্টেলেকচুয়াল প্রাইজ, অর্থাৎ পুস্তক, যাহা শারীরিক পুষ্টিবিধায়ক তাহাই ফিজিকাল, অর্থাৎ সুখাদ্য দ্রব্য। ফিজিকাল দুই প্রকার, স্বাভাবিক ও কৃত্রিম। স্বাভাবিক অর্থাৎ ফল মূল। কৃত্রিম অর্থাৎ ময়রার দোকানের সুমিষ্ট সামগ্রী। পারিতোষিক বিতরণদিবসে মিস নাইট, বেটিম্যান সাহেব, রাগেড স্কুলের সুপরিণ্টেণ্ডেণ্ট এবং ইউনিভর্সল আটস স্কুলের প্রতিনিধি প্রিন্সিপল বাবু দ্বারকানাথ সিংহ ও প্রধান সংস্কৃত শিক্ষক বাবু জয়গোপাল সরকারপ্রভৃতি অনেকে উপস্থিত ছিলেন।

শাখারিটোলা ২২ এ ফেব্রুয়ারি ১৮৬৯ } একান্ত বশম্বদ এক জন দর্শক

—:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত	রামযাদব বসু কটক	১৩
»	বিপিনবিহারি ভট্টাচার্য্য সুতি	৭
»	দ্বারকানাথ মল্লিক পটোলডাঙ্গা	১০
»	কুঞ্জবিহারী বসু টালিগঞ্জ	১০
»	পূর্ণচন্দ্র রায় যশোহর	১৩
»	নীলগোপাল মণ্ডল বাওয়ালী	১৩
»	সূর্য্য কুমার রায় চৌধুরী বারুইপুর	৫॥
»	সিকলাল রায় নলহাটী	৩৸
»	লালমোহন বন্দ্যোপাধ্যায় কাশী	১৩
»	কালীচরণ রায় চৌপীড়া	১৩
	ভমাহুদ্দিন আহম্মদ গৌহাটী	৩৸
	মহম্মদ হামেদ লাভপুর	১৩
ও	ভারতবর্ষীয় সভা	১০

বাসন্তীর স্কুল রাখরগঞ্জ

—:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা, ষাণ্মাসিক ৫॥০ টাকা; মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং ত্রৈমাসিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রিম গ্রহণ করা যায় না। ছুটি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার মধ্যে যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, তাহা যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রকাশের মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি করিয়া শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে পাঠাইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত হইয়া আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত হইয়া গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহার পর একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ করা যাইবে। শেষ বারের পত্র রেজিষ্টরিং পূর্ব্বক হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের পরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রেরণ করিবেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ করা যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ইচ্ছা করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি পংক্তি ৵১০ আনা তাহার পর ৵১০ আনা দিতে হইবে। যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা করিবেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে।

এই পত্র কলিকাতার দক্ষিণ পূর্ব্ব মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের দক্ষিণ চাঙ্গড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃকালে প্রকাশিত হয়।

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

মহাশয়! গত মাঘ মাসের শেষ কয়েক দিন ধরিয়া এ অঞ্চলে বারিবর্ষণ হইয়াছে। তন্মধ্যে এক দিবস ঝটিকা ও বজ্রাঘাতসহ নিদারুণরূপেই বৃষ্টি হইয়াছিল। কৃষকেরা "যদি বর্ষে মাঘের শেষ, ধন্য রাজার পুণ্য দেশ," এই প্রবাদ স্মরণ করিয়া আর "ছিয়াত্তর মন্বন্তরের" তাদৃশ আশঙ্কা করিতেছে না। যে দিবস বাত্যা হয়, সেই দিন কুমারপুরনামক গ্রামের নিকট এক সাংঘাতিক ঝড় এবং বৃষ্টিতে অবসন্ন হইয়া প্রাণ বিসর্জ্জন করিয়াছে।

কাটোয়ার সুযোগ্য ডেপুটি মাজিষ্ট্রেট, কালেক্টর এবং সব রেজিষ্টার শ্রীযুক্ত বাবু কালিদাস দত্ত বি. এ. বি. এল. মফস্বলে কাছারি করিতে বহির্গত হইয়াছেন। ইহাঁর ন্যায় দক্ষ, সংস্বভাব এবং বিদ্যোৎসাহী আমরা অধিক দেখিতে পাই না। এই মফস্বল ভ্রমণ সময়ে তিনি যে কেবল মকদ্দমার বিচার লিখিয়াই স্বকার্য্যসম্পাদন করা হইল এরূপ ভাবেন, তাহা নয়, ইত্যবসরে পুলিষের কার্য্য পরিদর্শন, "গলা কাটা" দোকানদারের বাটখারা পরীক্ষা এবং পার্শ্ববর্ত্তী গ্রামগুলির রাস্তা ঘাট তদারকপ্রভৃতি সমস্ত কার্য্যই স্বয়ং করিয়া থাকেন। ইহাঁরই প্রসাদে একড়সাই গ্রামের পরিত্যক্ত বিদ্যালয় পুনরুজ্জীবিত হইয়াছে। জগদীশ্বরসমীপে প্রার্থনা ইনি এই স্থানে দীর্ঘকাল স্থায়ী হইয়া দেশের হিতসাধন করিতে থাকুন।

মহাশয়! "কালস্য কুটিলা গতি" এক্ষণে ইংরাজী না জানিলে মানুষ মানুষই নয়। অন্ততঃ ইংরাজীতে দুই চারিটা গালাগালি শিখিয়া রাখা অধুনাতন সভ্যতার অঙ্গ হইয়া উঠিয়াছে। ফলতঃ ইংরাজী শিখিয়া ফল কি হইতেছে? অধিকাংশ স্থলেই দেখিতে পাওয়া যায় যে সুরাপান, আত্মাভিমান, দেশহিতৈষী বলিয়া পরিচয় দিয়া পাপতরঙ্গে দেশকে নিমগ্ন করণ প্রভৃতি ইহার ফল। "মিথ্যা কথা বলিব না কিন্তু কেহ তাহার প্রতিবাদ করিতে পাইবে না" এই একটী সংস্কার জন্মিয়া গিয়াছে। সংবাদপত্রে লেখা চাই (কারণ বিদ্যাপ্রকাশ করিতেই হইবে) অথচ লিখিবার বিষয় নাই; সুতরাং মিথ্যা একটা যাহা ইচ্ছা লিখিয়া পাঠাইলাম। আপনি প্রতিবাদ করিলেন, পুরস্কারস্বরূপ গালাগালি খাইলেন। বন্ধুবান্ধব জিজ্ঞাসা করিলে বলিলাম "কি করা ভাই! অপ্রতিভ হইতে হয়!" এই কারণেই নবদল এত পুষ্ট হইয়া উঠিতেছেন। এই হেতুই প্রতীয়মান হইতেছে যে "কালস্য কুটিলা গতি" এ কথাটী একান্ত সত্য।

১২ই ফাল্গুন ১২৭৫ } অনুসূচীত শ্রীকাটোয়া সমীপবাসী।

মহাশয়! বেলুড় অঞ্চলের লোকের কি সৌভাগ্য! যে আসেসরটি শিবপুরে আসেস করিতে আসিয়াছিলেন, তিনি বেলুড় অঞ্চলেও আসেস করেন। তথায় যাঁহাদিগের বাটীর উপর অন্যায় হারে কর নির্দ্ধারিত হইয়াছিল তাঁহারা বিচারের জন্য মিউনিসিপাল চেয়ারমানের নিকট আবেদন করিলে তাঁহাদিগের সৌভাগ্যক্রমে বিচারদিবসে হাবড়ার কাছারির সুযোগ্য মাজিষ্ট্রেট টটনহাম সাহেব চেয়ারমান হন ও বাবু গিরিশচন্দ্র ঘোষ, বাবু ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য ও বাবু কৃষ্ণচন্দ্র রায় (ডেপুটি মাজিষ্ট্রেট) এই কএক জন সুযোগ্য কৃতবিদ্য ব্যক্তি কমিসনর হইয়াছিলেন। শুনিলাম তত্রত্য ব্যক্তিদিগের পক্ষে যথার্থ সুবিচার হইয়াছে। দুরদৃষ্টক্রমে আমাদিগের অঞ্চলের বিচারদিবসে টটনহাম সাহেব চেয়ারমান ছিলেন না। আমাদিগের বিবেচনা হয় যে, উক্ত মহোদয়গণ যদি আমাদিগের দরখাস্তের বিচারার্থ আসীন হইতেন, তাহা হইলে আমাদিগেরও আক্ষেপের বিষয় থাকিত না। যাহা হউক আমরা সকলে উক্ত মাজিষ্ট্রেট সাহেবের নিকট পুনর্ব্বিচারের প্রার্থনায় আবেদন করিব সঙ্কল্প করিয়াছি; দেখা যাউক।

যশপুর ২৫ ফেব্রুয়ারি } যশস্বদ শ. চ. মজুমদার

জনাই গ্রামে গবর্ণমেণ্ট সাহায্যকৃত একটী ইংরাজী ও একটী বঙ্গ এই দ্বিবিধ বিদ্যালয় আছে। পাঠকগণ অদ্য ইংরাজী বিদ্যালয়টীর বিবরণ পাঠ করুন। বঙ্গবিদ্যালয়টীর বিষয় সময়ানুসারে আপনাদিগকে অবগত করাইব। ইংরাজী বিদ্যালয়টীর নাম জনাই ট্রেনিং স্কুল। বোধ করি, আপনারা অনেকেই ইহার নাম শুনিয়া থাকিবেন কেন না এক সময়ে ইহার যশঃসৌরভ পৃথিবীর নানা স্থান পরিব্যাপ্ত করিয়াছিল, কিন্তু এক্ষণে সেই সৌরভের অনেক হ্রাস হইয়া আসিয়াছে। আমাদিগের দেশের লোকের অধ্যবসায় ও উৎসাহ চি থাকে না। ক্রমশই তাহার আইসে। তৎসঙ্গে বিদ্যালয়টীর দিন ক্ষীণ হইয়া আসিতেছে। এখান যাবতীয় গবর্ণমেণ্ট সাহায্যকৃ মধ্যে প্রধান বলিয়া পরিগণিত হইত। বোধ করি সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট হইয়াছে। লয়টীর বর্ত্তমান অবস্থা দেখিলে মন এ অপার-দুঃখসাগরে নিমগ্ন হইয়া যায়। লোক হইতে পুনরায় যে এটি উন্ন ও যশস্বী হয়, এমত প্রত্যাশা করা যা কারণ তাঁহাদের যদি সেই ইচ্ছাই থা তাহা হইলে এরূপ দুরবস্থাই বা ঘটিবে এক্ষণে মহাশয়ের অনুগ্রহে পত্রিকায় বিষয় কিছু লিখিলে সৌভাগ্যক্রমে যদি মেণ্টের নয়নপথে নিপতিত হয় এবং যদি পুনরায় ইহার প্রতি কৃপাদৃষ্টি করে হইলে ইহার বিশেষ উন্নতি হইবে সন্দে এই ভরসায় ইহার বিষয় লিখিতে অদ্য ধারণ করিলাম। গ্রামস্থ কতিপয় ভদ্র ও ব্যক্তির যত্নে ও উৎসাহে বিশেষতঃ মৃত বেথুন সাহেবের পরোপকারিতা এবং হিতৈষিতাগুণে ইংরাজী ১৮৫০ অ লয়টী প্রতিষ্ঠিত হয়। ফলতঃ পূর্ব্বোক্ত মহোদয়ই ইহার সৃষ্টিকর্ত্তা। ইহার ছা বড় স্বল্প নহে, অনূন তিন শত হইবে মাসিক ব্যয়ও অধিক হইয়া থাকে। কেরাণী, মালী এবং দ্বারবানাদির বে তিতে মাসে ন্যূনাধিক চারি শত ব্যয় হয়। পূর্ব্বে গবর্ণমেণ্ট মাসিক এ টাকা প্রদান করিতেন, এক্ষণে নূতন প্রসারে আয়ের তৃতীয়াংশের এক অং করেন; ইহাতে বিদ্যালয়ের বিশেষ ক্ষ য়াছে। ইহার কর্ত্তৃত্বভার গ্রামের কতি লোকের হস্তে সমর্পিত আছে। ইহার সম্পাদক ও কয়েক জন মেম্বর আছেন দেরই মতানুসারে বিদ্যালয়ের কার্য্য চলিয়া থাকে। স্কুলটীর বাহ্য আড়ম্বর বস্তু দর্শন করিয়া পাঠকগণ মনে পারেন যে, ইহার বালকদিগের অতি শিক্ষা হইতেছে; কিন্তু আপনারা যদি বার ইহার অন্তরদর্শন করেন, তাহা সহজে আপনাদিগের সেই ভ্রমের হইতে পারে। ইহার কেবল আড় কার্য্যে কিছুই দেখিতে পাওয়া যায় কথা বলিতে কিইহাতে বালকগ

পক্ষে তাঁহার কিছুমাত্র যত্ন ... না। বোধ করি, তিনি ভ্রমেও এক ... পদার্পণ করেন না এত্তদ্ব্যতীত ... যথেচ্ছাচারী হন। তাঁহাদের ইচ্ছা ... শুভাগমন করিয়া থাকেন। রীতি ... পরিশ্রমের সহিত প্রায় কেহই বাল ... করা দেন না। উপরিস্থ ব্যক্তিগণের ... হেলা দেখিলে নিম্নস্থ কর্ম্মচারিগণের ... হয়, বোধ করি অনেকেই ইহা ... ছেন। অতএব সম্পাদক মহাশয়ের ... যেন শিক্ষকদিগের এ কার্য্যে শৈথিল্য ... ত্র কি?

... ময়গণ। ইহাদিগের মধ্যে উপযুক্ত ... ক্ত দ্বিবিধ লোক দেখিতে পাওয়া ... ধ্যে অনুপযুক্তের সংখ্যাই অধিক। ... লয়সংক্রান্ত কোন কার্য্যেই সুদক্ষ ... কবল ভাঙ্গা মস্তক্ত কুম্মাণ্ডের ... র্ব্বিধ মেধাদ্বারা ছাত্রদের উন্নতি ... অসম্ভব থাকুক, বাক্য পরে পরে ... হইয়া থাকে। ইহারা নিজে ত সকল ... পণ্ডিত, কিন্তু উপযুক্ত মেধাবগণ ... শ্রীবৃদ্ধির কোন কথা কহিলে তাঁহা ... হয় না। শেষ কথা এই, তাঁহা-

... সেই সংখ্যা ... ছাত্রদের নিকট কোন ... ছাত্রদের মূলের ... প্রবেশ করা ... অধ্যয়ন করিয়া ... না অবলম্বন করিয়া ... কি? ছাত্র ... ভাল ... মেষ্ট তাঁহাদিগকে ... তাঁহারা কি তাঁহাদের ... প্রতিজ্ঞা করিয়াছেন? এক্ষণে ... নকট প্রার্থনা এই, তাঁহারা স্কুলটীর প্রতি বিশেষ মনোযোগী হইয়া ইহার পূর্ব্বের ন্যায় উন্নতি হয় এমত উপায় করিয়া দিয়া জনাইবা সিগণের ভবিষ্যৎ সুখের পথ পরিষ্কার করিয়া দিউন। উপসংহারকালে প্রজারঞ্জন গবর্ণমেণ্ট সমীপে প্রার্থনা এই, তাঁহার ইহার কর্তৃত্বভার স্বয়ং গ্রহণ করুন, নতুবা গ্রাম হইতে সুশিক্ষিত, সুদক্ষ লোক নির্ব্বাচন করিয়া তাঁহাদের প্রতি কর্তৃত্ব ভার দিয়া বিদ্যালয়টীর শ্রীবৃদ্ধিসাধন করুন।

২১ এ ফেব্রুয়ারি ১৮৬৯ } নিতান্ত বশম্বদ জনৈক জনাইবাসী

—:০:—

মহাশয়! আজি কালি ভারতবর্ষে পরী ... লইয়া নানাপ্রকার গোলযোগ উপস্থিত হইতে ... দেখা যাইতেছে। কি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা

কি ওকালতী পরীক্ষা, সকলেতেই কো ... কোন বিষম ঘটনা হয়। সম্প্রতি দ্বিতীয় ... ওকালতী পরীক্ষাতে সেইরূপ গোলযোগ ... স্থির হওয়াতে পরীক্ষার্থিদিগের অনেক অত্যন্ত কষ্ট পাইতেছেন। ঐ পরীক্ষার ... আগামী জানুয়ারি মাসের শেষ সোম ... হয়, এবং পরীক্ষার্থীরা যথাসময়ে উপ ... করিয়া রাখিয়াছিলেন। কিন্তু দুর্ভা ... তাঁহারা ঐ দিবসে পরীক্ষা না হওয়াতে অ ... হইলেন। তৎপরে ২২ এ ফেব্রুয়ারি পরী ... দিন নির্দ্দিষ্ট হয়। ঐ দিবসেও পরী ... হইল। পরীক্ষার্থিদিগের এই বার এক ... হইয়াছে। তাঁহারা সকলে ... আমেরিকার অতি অল্প কালে যেরূ ... উন্নতি হইয়াছে শত শত বৎসরে ইংলণ্ড ... তাহা হয় নাই। ইংরাজদিগের সংস্কার আ ... রোমের ন্যায় সকল বিষয় ক্রমশঃ বৃদ্ধি না হইলে ... কোন কাজের হয় না। ইংলণ্ডের স্বাধীন প্রণা ... যেমন ক্রমশঃ পক্ক হইয়াছে, সর্ব্বদেশে সেইরূ ... হওয়া উচিত। যেখানে এই নিয়মব্যতিক্রম হ ... সেখানেই ইংরাজেরা যথার্থ শ্রীবৃদ্ধির প্র ... সন্দেহ করেন। রুশীয়ার সহিত ১৮৫৬ অ ... সন্ধি হয়, সেই যুদ্ধসভায় অষ্ট্রিয় দূত কাউ ... বুয়েল সার্ডিনিয়ার প্রতি বিদ্রূপ করিয়া বলিয় ... ছিলেন, উক্ত রাজ্যে ইংলণ্ডের ন্যায় স্বাধী ... প্রণালী কয়েক বৎসরমধ্যে হইয়াছে; কি ... তিনি তাহার বৃদ্ধির প্রতি সন্দেহ করেন

প্রেরণ করুন। এতদ্দেশীয় চোরেরা এমত গুরুর নিকটে শিক্ষা পাইলে অদ্বিতীয় হইবে। বিলাতী ছুরি ও বিলাতী মিথ্যা কথা এদেশের ছুরাচুরিকে ঝক মারিয়া দেয়: হকিন্স দেশা রে থাকিলে তাহার ও এদেশের পক্ষে মঙ্গল।

যেসকল ইউরোপীয় ভাবেন, ভারতবর্ষীয় গের সম্মুখে কোন ইংরাজের দণ্ড দিলে রাজচারিত্রের উপরে এতদ্দেশীয়দিগের অভক্তি হইবে, তাঁহারা মাদ্রাজের হত্যাকারী থরণটনকে ক্ষমা করিবার নিমিত্ত শাসনকর্ত্তার নিকটে আবেদন করিয়াছিলেন। এই গুরুতর বিষয় আবেচনার্থ অতিরিক্ত কৌন্সেল বসে। কিন্তু কলে একবাক্য হইয়া আবেদন অগ্রাহ্য করিয়াছেন। থরণটন এক জন ইংরাজ কাপ্তেনকে ধ করে।

জমীদার বাবু হরমোহন ঠাকুর ভাগলপুরের উপনগরে একটী দাতব্য বিদ্যালয় স্থাপিত করিয়াছেন। এই বিদ্যালয়ের প্রয়োজন নাই। মীদার যদি যথার্থই বিদ্যার উৎসাহ দিতে হেন, তবে গবর্ণমেণ্ট বিদ্যালয়ের সাহায্য রুন। কিঞ্চিৎ টাকার নিমিত্ত ইহার উত্তম কা বাটী হইতেছে না। বিদ্যাশিক্ষার বিষয়ে ুদলী করিলে চলে না।

বিশপ কালেজ উঠিয়া যাইতেছে। এখানে খৃষ্ট ছাত্র নাই এবং ইহা রাখিবারও প্রয়ো ন নাই। বিদ্যালয়ের যে মূলধন আছে তদ্দ্বারা ন খৃষ্টীয়ান বিদ্যালয়ের সাহায্য হইবে। মরা বলিতেছি, উহার ফণ্ড লরেন্স অনাথা য়ের নিমিত্ত দেওয়া কর্ত্তব্য।

মফস্বলে জষ্টিস অব দি পিস নিয়োগের বিল শব্দে বিধিবদ্ধ হইয়াছে। এতদ্দেশীয়দিগকে পদ হইতে বহিষ্কৃত করা কি ইহার উদ্দেশ্য? এক্ষণে কলিকাতায় বাষ্পীয় আলোকের মন দীপ্তি নাই। জষ্টিসগণ ইহার অনুসন্ধা থ এক কমিটি নিযুক্ত করিয়াছেন। কমিটি য়োগ আড়ম্বর মাত্র। গাসকোম্পানিকে া উচিত, সমুদায় রাস্তায় সমান আলো , এমত পরিমাণে বাষ্প দেন ভালই, চৎ অন্য কোন কোম্পানিকে এই ভার ওয়া হইবে।

গত শুক্রবার লেপ্টনাণ্ট গবর্ণর গ্রেইন সাহেব র রিচাড টেম্পলপ্রভৃতি বাবু যতীন্দ্র হন ঠাকুরের বাটীতে নাটকাভিনয় দর্শন রিয়া বিশেষ সন্তোষলাভ করিয়াছেন। এত শীয় সংগীতসম্বন্ধে অনেকের যে কুসংস্কার তাহা এবার গিয়াছে।

বেয়ারে ১৮৭২ অব্দের ১০ আইন প্রচলিত হইয়াছে। তত্রত্য এতদ্দেশীয় খৃষ্টীয়ানগণ এই আইনের অধীন হইবেন না।

মণিমাধব সেননামক যে ব্যক্তি ওরিএণ্টাল ব্যাঙ্ককে ঠকাইবার অপরাধে সেসিয়নে অর্পিত হইয়া মুক্ত হয়, সে সম্প্রতি দেউলিয়া হইবার আবেদন করিয়াছিল। তাহার নাম করিয়া আর এক ব্যক্তি ব্যাঙ্ককে ঠকাইয়া টাকা লয় মণিমাধব এই কথা দেউলিয়া আদালতে বলে; কিন্তু বিচারপতি কিয়ার ইহা অবিশ্বাস করিয়া তাহাকে এই বৎসর কারারোধের আজ্ঞা দিয়াছেন।

২৩ এ ফাল্গুন মঙ্গলবার।

আমরা আহ্লাদিত হইলাম, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট স্থির করিয়াছেন, বাটী করিবার নিমিত্ত সৈনিক আফিসরদিগকে যে টাকা কর্জ্জ দেওয়া হইবে তাহা এক কালে দেওয়া হইবে না। বাটী প্রস্তুত করিতে আরম্ভ করিবার অন্তিপূর্ব্বে তৃতীয়াংশ, অর্দ্ধেক হইলে আর একাংশ এবং শেষ হইলে অবশিষ্টাংশ দেওয়া হইবে। সর জন লরেন্স সৈনিকদিগের নিকটে বাহবা লইতে গিয়া দেশ মুঠাইয়া দিতে বসিয়াছিলেন। সমুদায় টাকা লইয়া কেহ পলায়ন করিলে বা প্রেমারায় হারিলে কি হইত? টাকা দেওয়াই পরামর্শসিদ্ধ নয়। দেওয়ানী কর্ম্মচারিগণের হস্তে দেশের শান্তি ও সুখ নির্ভর করিতেছে, কিন্তু কোন কর্ম্মচারী বাটীর নিমিত্ত টাকা চাহেন না। সর জন লরেন্স আর কিছুকাল থাকিলে সৈনিকদিগের কন্যাপুত্রের বিবাহের ব্যয়ও সাধারণ ধনাগার হইতে দিবার কথা বলিতেন।

মাদ্রাজের বিশ্ববিদ্যালয়ের বি এ পরীক্ষার কাগজ চুরি যাওয়াতে তত্রত্য শিক্ষা বিভাগের ডিরেক্টর পরীক্ষার্থিদিগকে "ভদ্র লোক" বলিয়া সম্বোধন করিতে ঘৃণা প্রকাশ করিয়াছেন। পুলিষের দ্বারা বাটী বেষ্টিত করিয়া পরীক্ষার্থিদিগের তল্লাসী লওয়া হয়। এই প্রকার লজ্জাকর ব্যবহারের এই প্রকৃত দণ্ড। মাদ্রাজের অচিহ্নিত কর্ম্মচারীদিগের পরীক্ষার প্রশ্ন চুরি যাওয়াতে পরীক্ষা স্থগিত হইয়াছে। যেসকল ব্যক্তি এই কাজ করে তাহাদিগকে আর পরীক্ষা দিতে দেওয়া উচিত নহে। গবর্ণমেণ্টের কর্ম্মচারী হইলে তদ্দণ্ডে পদচ্যুত করা কর্ত্তব্য।

১৪ ই ফাল্গুন বুধবার।

ভদ্রলোকের বাটীর নিকটে বেশ্যালয় থাকা কত অনিষ্টের বিষয় তাহার আর এক দৃষ্টান্ত পাওয়া গিয়াছে। পাতুরিয়া ঘাটাতে হীরালাল বসাক নামক ২২ বর্ষের এক যুবক তাহার স্ত্রীকে ছাদের উপরে উঠিতে সর্ব্বদা করিত। ঐ ছাদের সহিত পার্শ্ববর্ত্তী এ লয়ের সংযোগ ছিল। বারাঙ্গনাগণ বে গান বাদ্য শ্রবণ ও তাহাদিগের সহিত কথন করিতে ভাল বাসাতে ঐ নিষেধ করে। গত শুক্রবার হীরালাল ক্রোধস করিতে না পারিয়া স্ত্রীকে বধ করিয়া হত্যা করিয়াছে। বেশ্যাদিগের শরীর পরী তাহাদিগকে স্বতন্ত্র পল্লীতে রাখিবার যে হইয়াছে, তাহা বোধ হয় গর্ভেই নষ্ট হই

জবলপুর ক্রনিকেল বলেন, সম্প্রতি দা হইতে রেলওয়ে শকট যাইবার সময়ে তিন শকট কোন নদে ছিন্ন হইয়া পতিত হইয় সৌভাগ্যক্রমে কাহার প্রাণনাশের স পাওয়া যায় নাই। কেন, ব্যক্তি ইহার নি ?

সমাজিক নি নসভা স্থির করিয়া সমুদায় বঙ্গদেশে ৩৬টী বালিকাবিদ্যালয় ৭৬৩৩টী ছাত্রী হে। গড়ে প্রত্যহ ৫ জন উপস্থিত । এইসকল বিদ্যা নিমিত্ত ২৬৯ জন ত ও ১৬২ জন শিক্ষ আছেন। ছাত্রী শিক্ষয়িত্রীদিগের জা বিদ্যালয়সমূহের ধ্যক্ষদিগের নাম প্র করা কর্ত্তব্য।

ডেলিনিউস বলেন, কমিসনর হগ আ আজ্ঞায় নিমাইচরণ মল্লিকের ঘাট বন্ধ ক ছেন। এই ঘাটটী রেলওয়ে ষ্টেসনের নি এবং প্রত্যহ শত শত লোক এখানে করেন। এজন্য না ীশ হইতেছে। হগ সা বের কারখানাটা কি ?

১৫ ই ফাল্গুন বৃহস্পতিবার।

এ, মণি সাহেব বঙ্গদেশীয় ব্যবস্থা সভার এক জন সভ্য হইয়াছেন।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন সকল গুদামে হইতে প্রজ্বলিত হয়, এরূপ থাকিবে, তাহার মেজে রাস্তা হইতে অন্ত দুইফুট উচ্চ নচেৎ দুই ফুট নীচ হইবে। লাগিলে তৈল রাস্তায় গড়াইয়া আসিতে পারে এই উদ্দেশে। আজ্ঞাটী হইয়াছে।

এবার ১৭ জন ছাত্র অনর পরীক্ষা দি ছেন। তিন জন এম এ উপাধি প্রাপ্ত হ ছেন।

ছোটনাগপুরের কমিসনর কর্ণেল হটন দু কোট পর্ব্বতে একটী বার্ষিক মেলা ক

করাতে লেপ্টনাণ্ট গবর্ণর চালা ও
মুহের নিমিত্ত ১০০০ টাকা ব্যয় করি
া দিয়াছেন। ভোটদিগের সহিত
ঙ্গ করা এই মেলার উদ্দেশ্য।

দিগের সভাপতি হগ সাহেব ছয়মা
য় পাইয়া ইংলণ্ডে যাইতেছেন। বঙ্গ
ম গবর্ণমেণ্ট অঙ্গীকার করিয়াছেন, তিনি
ত্যাগমন করিলে উক্ত পদ পুনর্ব্বার প্রাপ্ত
বেন। লেপ্টনাণ্ট গবর্ণরের বদান্যতার অন্ত
ই। হগ সাহেব প্রত্যাগমনকালে যে দিবস
এজ ত্যাগ করিবেন সেই দিবস অবধি সম্পূর্ণ
তন পাইবেন। ক্লার্ক সাহেবের ন্যায় ইংলণ্ডে
াইয়া সম্পূর্ণ বেতন দিবার ক্ষতি কি ছিল?

ইণ্ডিয়ান পব্লিক ওপিনিয়ন বলেন, ১২ ই
ক্রুয়ারি রাত্রি দুইটার সময়ে ১২।১৩ জন
ুলজাই কোহাট কেতল পর্ব্বততলস্থিত
র্গ প্রবেশ করিয়া এক জন পুলিষ প্রহরীকে
করিয়া অবশিষ্টগুলিকে বন্দীভূত করিয়া
লায়ন করিয়াছে। রা ঘোর অন্ধ
র এবং বৃষ্টি হইতেছিল। লিষ প্রহরীরা
স্তুত ছিল। এমত সময়ে বে এক সোপান
রা নিঃশব্দে দুর্গমধ্যে প্রবেশ রে। বন্দীদি
র মধ্যে এক জন প্রহরী পলা করিয়া আসি
ছে। পুনর্ব্বার একটী ক্ষুদ্র হইল দেখা
ইতেছে। হাজারার সন্ধির প এপ্রকার হইবে
হা সকলেই অনুমান করিয়াছি লন।

য়র বলেন উত্তর পশ্চিমা ফলের অধস্থ
বিচারালয়ের নিকটে আবে
হয় তাঁহাদিগকে পুনর্ব্বার দলী
ুর করা নচেৎ রেজিষ্টরি ফীর ক্ষতি
রিয়া হউক। বহুকাল অবধি তাঁহারা
রেজিষ্টরির ফী পাইতেন, এই কার্য্য এক্ষণে
হাদিগের হস্তান্তর হইয়াছে। বঙ্গদেশের
ন্য জজদিগের ন্যায় ইহাদিগের বেতন
াই উচিত।

১৬ ই ফাল্গুন শুক্রবার।

হঠাৎ বৃষ্টি হওয়াতে পঞ্জাব ও র জলপ্লাবন হইয়াছে।
নেক বণিককে ক্ষতিগ্রস্ত হইতে উচ্চমূল্যে
নেকে দুর্ভিক্ষের সম্ভাবনা করিয়া
স্তর শস্য ক্রয় করিয়াছিলেন। শস্যের মূল্য
াকে ৬৫ জন আত্মহত্যা করিয়াছে।
বনা উজিরিরা মহাজনদিগের নিকটে এই
য়মে কর্জ্জ করে, সুদ করিয়া সেই ঋণশোধ
বে। এবার বনেরা ঋণশোধ না করাতে
ক দল মহাজন তাহাদিগের একটী দুর্গ
করিয়াছিল উজিরদিগের মধ্যে

কেবল কেন? ধলেশ্বর নদীতে ডাকাইতি কর
বার ইজারা ও কি ঐ প্রকার নহে?

ডেলিনিউস অবগত হইয়াছেন, আগামী
৬ ই মার্চ শনিবার সর রিচার্ড টেম্পল আয়
ব্যয়ের হিসাব প্রদান করিবেন।

১৭ ই ফাল্গুন শনিবার।

১৬ ই ফাল্গুন শুক্রবার বহুবাজার বালিকা
বিদ্যালয়ের পারিতোষিকবিতরণ হইয়া
গিয়াছে। আমরা রিপোর্ট পাঠ করিয়া ইহার
উন্নতিদর্শনে পরম প্রীতি লাভ করিলাম।
প্রথম শ্রেণীর পাঠ্য পুস্তকগুলিই ইহার উন্নতির
প্রথম পরিচায়ক। এই শ্রেণীতে ধর্ম্মনীতি,
পদার্থবিদ্যা, ইতিহাস, ও অঙ্ক প্রভৃতি পঠিত
হইতেছে। রিপোর্টলেখক প্রতিপোষক অন
রেবল এল, এস জাক্সন সাহেব ও শিক্ষক
পণ্ডিত মোহনলাল বিদ্যাবাগীশ ও ফকিরচাঁদ
ঘোষের সবিশেষ প্রশংসা করিয়াছেন। আমরা
মোহনলাল বিদ্যাবাগীশকে বিশেষরূপ জানি
বালক ও বালিকাদিগের শিক্ষাদানবিষয়ে
তাঁহার সবিশেষ নৈপুণ্য আছে।

এডুকেশন গেজেট বলেন, সম্প্রতি বাঙ্গালা
গবর্ণমেণ্ট এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন
যে, মফস্বলনিবাসী কোন ব্যক্তির কলিকাতায়
ভূমিসম্পত্তি থাকিলে তিনি সেই ভূমির ৫০০
টাকার অনধিক বাকী খাজনার নিমিত্ত আপনি
যে ছোট আদালতের অধিকার ভুক্ত সেই ছোট
আদালতে নালিশ করিতে পারিবেন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট কয়েকটী নাগা
জাতির প্রেরিত প্রতিভূদিগকে সাদুঘুটিতে এক
বৎসরের জন্য থাকিতে অনুমতি দিয়াছেন।

হোম এবং লেজিসলেটিব বিভাগের পরস্পর
সংস্রব বর্ত্তমান ফেব্রুয়ারি মাসের ১০ ই অবধি
বিচ্ছিন্ন হইয়াছে। লেজিসলেটিব ডিপার্টমেণ্ট
এতাবৎ হোম আফিসের শাখাস্বরূপ ছিল,
এক্ষণে পৃথক হইল এবং উক্ত বিভাগের প্রধান
কর্ম্মচারী ব্যবস্থাপ্রণয়নার্থ গবর্ণর জেনরেলের
কৌন্সিলের সেক্রেটরি উপাধি প্রাপ্ত হইলেন।

জানুয়ারির শেষে সমুদায় ভারতবর্ষে ১০,২০
২০,২৫০ টাকার নোট প্রচলিত ছিল। ইহার
প্রতিভূস্বরূপ ৪,৭৮,৩৭,১৩৮ কাগজ টাকা,
১,৪৮,৬১৮ টাকার অমুদ্রিত রৌপ্য ও ১,৪৮,১
৬৬ টাকার স্বর্ণ মুদ্রা এবং ৩,৯১,৭৩,২২৮
টাকার গবর্ণমেণ্টের কাগজ ছিল।

টেলিগ্রামের মূল্য কমাতে সংবাদের সংখ্যা
অধিক হইতেছে। ১৮৬৮ অব্দের জানুয়ারিতে
৮,৭৮১ টী সংবাদ প্রেরিত হয়। গত জা
তে ১৫,৮৭৬ টী হইয়াছে। শস্য ও খাদ্য
বিষয়ে রেইলওয়ে কোম্পানি সমূহ যদি
প্রকার কোন বন্দোবস্ত করিতেপারেন
হইলে অদ্ভুত পূর্ত্ত মঙ্গল হয়।

ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানির আ
শকট আমেরিকার প্রণালী অনুসারে হয়
তাহা এদেশের উপযুক্ত নহে বলিয়া পরি
হইতেছে। উত্তর পশ্চিমাঞ্চল অপেক্ষা বঙ্গ
একবার ব্যবহার করিয়া পরে পরিত্যাগ ক
কি ভাল হইত না?

-:০:-

ইউরোপীয় সমাচার।

১৫ ই ফেব্রুয়ারি। মাড্রিড হইতে
গ্রামে প্রকাশ করে, কিউবার গবর্ণর জে
স্পেন হইতে সাহায্যকারী সৈন্য চাহিয়া
বিদ্রোহীরা হাবানার নিকটে আছে।
সাধারণ সভা সেনাপতি রিবেরোকে সভ
মনোনীত করিয়াছেন।

হানোবারের রাজা ও হেসির ইলে
সম্পত্তি বাজেয়প্তির বিল প্রশিয়ার মহা
সভাদিগের দ্বারা বিধিবদ্ধ হইয়াছে।

কাউণ্ট বিসমার্ক এক বক্তৃতা করিয়া
রাজনীতির সমর্থন করিয়াছেন। তিনি ব
ছেন, ফরাসী সংবাদপত্রসমূহ মিথ্যা ব
তুলিয়া লোককে ভীত করিতেছেন।
অবস্থায় উভয় জাতির কর্ত্তব্য যে, এ
হইয়া সন্ধি স্থাপিত করেন। কারণ ই
পীয় গবর্ণমেণ্টসমূহ শান্তির প্রার্থনা কি
ছেন।

টাইমস পত্র এক প্রস্তাব প্রকাশিত ক
বলিয়াছেন মধ্য আসিয়ার গোলোযোগ নি
পের একমাত্র উপায় রহিয়াছে, রুশীয়ার স
বন্ধুভাবে ইহার মীমাংসা করা কর্ত্তব্য।

ওয়াশিংটন হইতে টেলিগ্রামে প্রকাশ
সেনাপতি গ্রাণ্ট সভাপতি হইয়াছেন, স
মিতব্যয়িতা ও ব্যয়সংক্ষেপ করিয়া শাসন
তাঁহার রাজনীতি হইবে।

পেরা ১৬ ই ফেব্রুয়ারি।

রসিদ এফেন্দি পররাষ্ট্রবিভাগের ম
য়াতে লাডিক এফেন্দি তুরস্কের রাজস
মন্ত্রী হইয়াছেন।

গ্রীস দূতসভার প্রস্তাবের তু
দিয়াছেন। রাজা যুদ্ধার্থ যেসকল
ছিলেন তাহা বন্ধ করিয়াছেন।

আমেরিকা ও ইংলণ্ড উ
কর হয়, এই উদ্দেশে আ
পাইতেছি। ইংলণ্ডের

করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষরিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডার্স্ আরবো-
থনট এবং কোং

সোমপ্রকাশ।

১৯ এ ফাল্গুন সোমবার।

বাঙ্গালা সমাচারপত্রের অনুবাদক স্থানান্তরে দর্শন করিবেন, তিনি সোমপ্রকাশপ্রচারিত প্রস্তাবগুলির আবশ্যক অংশ পরিত্যাগ করিয়া অনুবাদ করাতে কেবল আমরা নহি, পত্রপ্রেরকেরাও অসন্তুষ্ট হইতেছেন। তিনি যদি এরূপ অনুবাদ করেন, এতদর্থ গবর্ণমেণ্টের অর্থ ব্যয় ব্যর্থ হইয়া যাইবে। অতএব আমরা অনুবাদক মহোদয়কে অনুরোধ করিতেছি, তিনি সোমপ্রকাশের প্রস্তাবগুলির আদ্যোপান্ত অভিনিবেশপূর্ব্বক পাঠ করিয়া স্বকর্ত্তব্য সম্পাদন করেন। আমরা জানি বিফল বাগাড়ম্বর দ্বারা সোমপ্রকাশের কোন অংশ পরিপূরিত করা হয় না।

———

কলিকাতা পটোলডাঙ্গার গোলদীঘী পঙ্কাবশেষ হইয়াছে। আমরা যখন দেখি, দেখিতে পাই, লোকে সেই পঙ্কময় জল তুলিয়া লইয়া যাইতেছে। কলিকাতার স্বাস্থ্যরক্ষক কোন্ ? পঙ্কিল জলপানে কি পীড়া জন্মে ? ইহাতে কি অগ্নির উদ্দীপন হয় ? স্বাস্থ্যরক্ষককে আমাদিগের এই কথা জিজ্ঞাসা করিবার ইচ্ছা হইল, বিক্লিন্ন মৎস্যের ক্ষণিক ঘ্রাণ ও উদর পূরিয়া পঙ্কিল জলপান ইহার অন্যতর কোন্ টা স্বাস্থ্যের সমধিক বিঘাতক ? এ দীঘীকে জলপূর্ণ করা হইল না কেন ? আমাদিগের এ প্রশ্ন ধৃষ্টতামাত্র। ইহার এক জন স্বামী আছেন, ইহাকে জলপূর্ণ করা আবশ্যক ও উচিত হইলে তিনি করিতেন সন্দেহ নাই। দীর্ঘিকাটী জল শূন্য হওয়াতে লোকের আত্যন্তিক কষ্ট হইয়াছে, তাঁহারা সতত কষ্ট প্রকাশ করিতেছেন একথা জানানও অন্যায়। দীর্ঘিকাস্বামীর চক্ষু কর্ণ আছে, তিনি সে কষ্ট দেখিতে ও শুনিতে পাইতেছেন, তথাপি যে প্রতীকার করিতেছেন না তাহার নিগূঢ় কারণ আছে। তিনি যদি চক্ষু কর্ণ মুদ্রিত করিয়া থাকেন, তাঁহার যদি পরদুঃখে দুঃখ বোধ না হয়, তাঁহাকে বিরক্ত করাও বিধেয় হয় না। স্বাস্থ্যরক্ষকেরই কর্ত্তব্য তিনি সমাচার, পত্রে বিজ্ঞাপন দিয়া এবং দীর্ঘিকা দ্বারে লোক নিয়োজিত করিয়া উহার জল ব্যবহার নিবারণ করিয়া দিয়া স্বকর্ত্তব্য সম্পাদন করেন।

অল্পব্যয়ে সর্ব্বত্র নোট প্রচলন।

এক্ষণে ভারতবর্ষের সমুদায় স্থানে স্বল্প ব্যয়ে যেখানে সেখানে নোট ভাঙ্গান যায় না। ইহার উপায়বিধানের চেষ্টা হইতেছে। এক ব্যক্তি সেই উপায় প্রদর্শন করিয়া একখানি পুস্তক মুদ্রিত ও প্রচারিত করিয়াছেন। লেখক পিয়নিয়র সংবাদপত্রে প্রথমতঃ আপনার মত প্রকাশ করিয়াছিলেন। করেন্সি কমিসন এ বিষয়ে কোন সৎ যুক্তি প্রদানে সমর্থ হন নাই। সর উইলিয়ম মান্স্ফিলড ও সর রিচার্ড টেম্পল বলেন, রেলওয়ে ও বাণিজ্যবৃদ্ধি হইলেই এ উপায় হইয়া উঠিবে। তাহা যত দিন না হইতেছে, তত দিন বর্ত্তমান চক্রবাড়গুলি রহিত করা সম্ভাবিত হইতেছে না। বস্তুতঃ করেন্সি কমিসনের রিপোর্টে যে কোন নূতন উপায় উদ্ভাবিত হইয়া প্রদর্শিত হয় নাই, তাহা আমরা লেখকের সহিত স্বীকার করিতেছি। লেখক যে উপায় উদ্ভাবন করিয়াছেন, সেটীও সঙ্গত হইতেছে না। তিনি বলেন, প্রত্যেক বিভাগীয় কমিসনরের অধীনে নোট ভাঙ্গাইবার এক একটী চক্রবাড় উচিত। সেইসকল নোট কেবল সেই বিভাগে চলিবে। তাহার বাহিরে যাইতে হইলে সেই সেই বিভাগে নোট লইতে হইবে!!! যদি এ বটীর বিষয় বিবেচনা করিয়া দেখা স্পষ্ট প্রতীয়মান হইবে, এটী বে গবর্ণমেণ্টের নয় সর্ব্বসাধারণে অনিষ্ট ও ক্লেশকর হইবে। বোধ কর, জন রাজধানীবিভাগে দশ ল টাকার নোট লইলেন। হাবড়া ব নের কমিসনরের অধীনস্থ। তথায় মানবিভাগের ভিন্ন অন্য নোট বে না। অতএব পথিক ১০,০০০ টাকা লইয়া বর্দ্ধমানে নোট ক্রয় লেন। রাজমহলে তাঁহাকে আ নোট ক্রয় করিতে হইল। ৭২ ঘটি মধ্যে দিল্লীতে দশ লক্ষ টাকা না হইলে এক জন বণিককে দেউলিয়া হই হয়। আমাদিগের লেখকের মতে ব করিতে হইলে এই টাকা দশ দি দিল্লী যাইতে পারিল না। এতাবন্ম অনিষ্ট নয়, ইহাতে জালের ও তছ তছরূপ হইবার বিলক্ষণ প্রাদুর্ভ হইবে। বাণিজ্যের বৃদ্ধি না হইয়া উহার হ্রাস হইবে। নিম্নে যে উপা নির্দ্দেশিত হইতেছে, তাহা যদি লম্বিত হয়, সর্ব্বত্র নোট প্রচলিত বার অনেক সুবিধা হইতে পারে। এ বিভাগে বৎসর বৎসর কত টা নোট প্রচলিত হয়, তাহার এক হি করিয়া তৎপরিমাণে স্থানীয় ধনাগ টাকা রাখা উচিত। পাচ টাকা ঊর্দ্ধের নোট হউক। যিনি ১০০০ টা নোট ভাঙ্গাইতে আসিবেন, তি অনায়াসে ২০০।১০০ টাকার লইতে পারিবেন; বাজারেও ইহা লইতে অসম্মত হইবেন না। চক্রবা সংখ্যা কিছু বৃদ্ধি করিতে হইবে

রতবর্ষের নিমিত্ত একবিধ নোট
বশ্যক। এক্ষণে যেমন প্রেসি
দে নোটভেদ আছে, সেরূপ
চিত নহে। স্থানবিশেষের
রে এক ব্যক্তি এক কালে ৫০
ক টাকার নোট ভাঙ্গাইতে আসিলে
লেক্টর দিতে পারিবেন না, এটী
াপত্তি মুখে বলিতে যেমন কাজে
মন ঘটে না। এক ব্যক্তি মোহরা
দের কালেক্টরি হইতে ৫০ ক্ষ নগদ
কা লইয়া কি করিবেন? অধিক নগদ
কা বা গজাস্থানে আবশ্যক। ঐ
কল স্থানে পরিমাণ মুদ্রা নাদ টাকা
অল্প মূল্যের নোট থাকিলেই কাজ
লিবে। এ ব্যবস্থা হইলে ক্রমে স্থানে
ানে শাখা ব্যাঙ্কও হইতে পারিবে।
হা হইলে ব্যাঙ্কের [illegible]
াসিবে।

ভারতবর্ষের [illegible]

অসন্তোষ [illegible]

একখানি ইং[illegible] মন্তব্য
বলেন, ইংলণ্ডীয় [illegible]
নিমিত্ত নূতন [illegible]
ছেন। কোন্ [illegible]
বশের উপযোগী [illegible]
তাহা বিবেচনা [illegible]
[illegible] গবর্ণমেণ্টের [illegible]
য়েক ৫৫ লক্ষ [illegible] ও [illegible]
নসে সমান [illegible] করিয়া
ন টাকার শ্রাদ্ধ [illegible] তাহাতে
ক আমাদিগের কিছু [illegible] দিতে হয়;
ংলণ্ডের মন্ত্রিগণের ইদানীন্তন ধর্ম্ম
ীতির বিষয় বিবেচনা করিয়া দেখিলে
তীয়মান হইবে, আমাদিগের এ
রবকাশ হইতেছে না। এ

কথা থাকুক, এক্ষণে আমাদিগের গবর্ণমেণ্টের নিকটে আমাদিগের সবিনয় বক্তব্য এই, তাঁহারা সাহস করিয়া ইংলণ্ডীয় গবর্ণমেণ্টকে বলুন, ইংলণ্ড অগ্রে নিজের মত স্থির করুন, পশ্চাৎ আমাদিগের আবশ্যক হইলে উলউইচ অস্ত্রাগার হইতে কামান লওয়া যাইবে। মন্ত্রিবর্গ ভারতবর্ষের যে প্রকার পরম বন্ধু, তাহাতে এই বেলা প্রতিবাদ না করিলে তাঁহারা কতকগুলি অকর্ম্মণ্য ও ফাটা কামান ও ভোঁতা তলবার দিয়া অবশিষ্ট তিন কোটি ঋণ পরিশোধ করিবেন।

-:০:-

আমাদিগের রাজস্বসংক্রান্ত মন্ত্রীর কর্ত্তব্য কর্ম্ম।

ইংলণ্ডেশ্বরী সে দিন গ্লাডষ্টোন সাহেবের কথা লইয়াই বলিয়াছেন, এ বৎসর মহাসভার নিকটে আয় ব্যয়ের যে তালিকা দেওয়া হইবে, তাহাতে ব্যয়সংক্ষেপ লক্ষিত হইবে। গ্লাডষ্টোন সাহেব ব্যয় সংক্ষেপ করিয়া করভার লঘু করিবেন, এই আশা জন্মিবাতেই ইংলণ্ডের লোকে তাঁহাকে প্রায় একবাক্যে প্রধান মন্ত্রী মনোনীত করিয়াছেন। সম্রাট [illegible] ফরাসী প্রতিনিধিদিগের [illegible] ব্যয়সংক্ষেপের উল্লেখ করিয়া- [illegible] কতক অংশে ব্যয় সংক্ষে [illegible] ছে। স্পেনের বিপ্লবকারী [illegible] প্রকাশ্যরূপে কহিয়াছেন, পরিমিতরূপে আবশ্যক ব্যয় নির্ব্বাহ করা ও ব্যয়সংক্ষেপ করা শাসনকার্য্যের গুপনা। সেনাপতি গ্রাণ্ট সভাপতি মনোনীত হইয়া বলিয়াছেন, পরিমিত ব্যয়ে রাজকার্য্য নির্ব্বাহ করাই তাঁহার প্রধান কর্ত্তব্য হইবে। পরিমিত ব্যয়চেষ্টা সর্ব্বত্র হইতেছে। অনাবশ্যক ব্যয় রুদ্ধ করা পরিমিত ব্যয়ের নামান্তর মাত্র। অপরিমিত ব্যয় ও কৃপণতা উভয়ই নিন্দনীয়। আমাদি

গের রাজস্বের বর্ত্তমান অবস্থা
এক্ষণে আমাদিগের মনে এই
উদয় হইতেছে, প্রতিবৎসর
ব্যয়ের হিসাব প্রদানের তিন
পূর্ব্ব অবধি করিয়া আমাদিগের
এই চিন্তা হয়, পাছে এ বার নূতন
দিতে হয়। আয়ব্যয়বৃত্তান্ত
হইলে শ্রোতৃগণ যেমন গবর্ণর জেন
বাটী হইতে বহির্গমন করেন,
লোকে জিজ্ঞাসা করেন, "কোন
টাক্স হয় নাই. ত? গবর্ণমেণ্টের
ষিত রাজস্বসংক্রান্ত নীতির
লোকের ভক্তি নাই, তাহার এই
প্রমাণ।

এই অবিশ্বাস দূর করা ক
ভারতবর্ষের রাজস্ব প্রতিবৎসর
হইতেছে। আমাদিগের এরূপ এক
রাজস্ববিদ মন্ত্রীরপ্রয়োজন যে, ত
সকল দিকে দৃষ্টি থাকে। তিনি
লজ্জা না করিয়া বিভাগবিশেষের
ব্যয় বন্ধ করিতে পারেন; কাহার
রোধ রক্ষা না করেন এবং
গবর্ণমেণ্টের ব্যয়ের প্রতি তাঁহার
দৃষ্টি থাকে। এইরূপ এক জন
হইলেই যথেষ্ট হইল। প্রস্তরকে
করিতে পারেন এবং শ্রুতিকটু
রাশিকে বক্তৃতাশক্তির গুণে
করিয়া শুনাইতে পারেন, এমন
প্রয়োজন নাই। অতএব আমাদি
বক্তব্য সর রিচার্ড টেম্পল যদি
কাজ করিতে চান, তাহা হইলে এ
তাঁহার একটী কুসংস্কার পরি
করা কর্ত্তব্য। এতদ্দেশীয়েরা যে
প্রতি অসন্তোষ প্রকাশ করি
সেই করই স্থাপন করা কর্ত্তব্য,
অনেক ইউরোপীয়ের মত। সর রি
টেম্পলের এ বিষয়ে সাবধান
উচিত। অন্য অন্য দেশের সঙ্গে
করিলে ভারতবর্ষীয়েরা অল্প কর

সোমপ্রকাশ

১১ শ ভাগ। ১৭ সংখ্যা।

" প্রবক্তনাং প্রকৃতিস্থিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং। "

বার্ষিক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ত্রৈমাসিক ৷৷৷ সাড়ে পাঁচ টাকা } সন ১২৭৫। ২৬ এ ফাল্গুন। ১৮৬৯। ৮ ই মার্চ্চ { মফস্বলে মাসুলসমেত অগ্রিম বা
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸০

বিজ্ঞাপন।

কাশীমুক্তি বিবেক।

পরমহংস পরিব্রাজক শ্রীমান সুরেশ্বরাচার্য্য
চিত বাঙ্গলা অনুবাদ সহিত দিনবন্ধু ঘোষ
াশিত মূল্য ৷৷০ আনা। পটোলডাঙ্গা কালে
টীটে ১১ নং জি, সি, ঘোষ পুস্তকালয়ে
য়া যায়।

শ্রীগোবিন্দচন্দ্র ঘোষ
বিক্রেতা।

—:০:—

ইংরাজী ও বাঙ্গলা পুস্তক ও কাগজ কলম
াদির দোকান নিম্নলিখিত স্থানে স্থাপিত হই
ছ। মফস্বলের অর্ডারের সহিত মনি অর্ডর
রি ডাপট, মহাজনি হুণ্ডি পাইলে সত্বর
ত মূল্যে অর্ডার আঞ্জাম করা যাইবেক।
রা ষ্টাম্প পাঠাইবেন প্রত্যেক মুদ্রায় বেশী
আনা প্রেরণ করিবেন।

পি, এম, মিত্র কোং
চীনেবাজার ২৬ নং কেনিং ষ্ট্রীট।

—:০:০:—

চরিত মঞ্জরী।

অর্থাৎ ভারতবর্ষের সংক্ষিপ্ত ইতিহাস দ্বিতী
য় মুদ্রিত হইতেছে, সম্প্রতি পুনঃপ্রচারিত
। এবারে মূল্যের অবিরোধে কএকটী
বিষয় সন্নিবেশিত হইল। শ্রীযুক্ত উড্রো
দয়ের হনুমদিক্রমে লার্ড হয়েলেস্‌লির
ম বৃত্তান্ত ও লার্ড হেষ্টিংসের শাসন বিব
রণ লিখিত হইয়াছে এবং প্রথম বারে যে দুই এক
ষ জেনরলের শাসন সময়ের ঘটনাগুলি
ক্ত হইয়া ছিল, এবারে সেগুলিও উহাতে
লিখিত করিলাম। অধিকন্তু এবারে উহাতে
উপক্রমণিকাও যোজিত হইল। সুতরাং
তীয়বার মুদ্রিত চরিতমঞ্জরী পাঠে ইংরা
জ ভারতবর্ষে আগমন অবধি লার্ড কার্নিংএর
রাজ্য শাসনের শেষ পর্য্যন্ত সমুদায় বৃত্তান্তই অব
গত হওয়া যাইতে পারিবে।

কাব্য প্রকাশ

আমরা কাব্যপ্রকাশ নামক সাময়িক পত্রপ্রচারে প্রবৃত্ত হইয়াছি। ইহার প্রত্যেক খণ্ড ৫ ফরমা অর্থাৎ ৪০ পৃষ্ঠা। কল্পনা আছে যে, ইহাতে ক্রমশঃ সংস্কৃত দুষ্প্রাপ্য কাব্য সকল প্রকাশ করা যাইবে। সংস্কৃত বিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার সর্ব্বাধিকারি মহাশয়ের অনুমত্যানুসারে সংস্কৃত বিদ্যালয়স্থ ছাত্রগণের অধ্যয়নার্থ প্রথমতঃ সটীক ভট্টিকাব্য আরম্ভ করিলাম। ইহাতে বালকগণের সুবিধার নিমিত্ত সাঙ্কেতিক চিহ্ন দ্বারা পদ বিশ্লেষ, সন্ধি বিশ্লেষ, বিভক্তি, বচন, পুরুষ, কারক, সমাস, কালপ্রভৃতি প্রদর্শিত হইতেছে। ইহা দ্বারা বোধ হয়, যে ব্যক্তির কিছুমাত্র ব্যুৎপত্তি আছে, সে ব্যক্তিও অনায়াসে অপঠিত শ্লোক ব্যাখ্যা করিতে সমর্থ হইবে।

কাব্যপ্রকাশের মূল্যের নিয়ম।

	উৎকৃষ্ট কাগজে মুদ্রিত	মধ্যবিধ কাগজে মুদ্রিত
উপস্থিত ক্রেতার প্রতি প্রত্যেক খণ্ড	৷৷১০	
নিয়মিত গ্রাহকের প্রতি প্রত্যেক খণ্ড	৷৷১৫	৷৷১০

যিনি কাব্যপ্রকাশ গ্রহণাভিলাষী হইবেন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে অথবা মুজাপুর কাব্যপ্রকাশ যন্ত্রে আমার নিকট অগ্রিম মূল্য ও পত্র পাঠাইবেন।

শ্রীজগন্মোহন তর্কালঙ্কার।

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ চতুর্থ খণ্ড প্রকাশিত হইয়াছে। গ্রাহকগণের প্রতি প্রত্যেকখণ্ড আট আ
শ্রীজগন্মোহন তর্কালঙ্কার

ভারতবর্ষের বিবরণ,

পঞ্চমবার মুদ্রিত। এবারে স্থানে স্থানে
ভারিক বিষয়ের পরিবর্দ্ধন করা হইয়াছে
বাঙ্গালা দেশের নদী, পর্ব্বত, উৎপন্ন, ব
ও জেলাসমূহের বিবরণ সবিস্তর লিখিত
য়াছে। কলিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তক
ও শ্রীযুক্ত যদুগোপাল চট্টোপাধ্যায় কোং
প্রাপ্তব্য।

৮ ই ফাল্গুন
১২৭৫

শ্রীশশিভূষণ শর্ম্মা।

—:০:—

দুর্গোৎসব নাটক

কলিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তক
হুগলী নর্ম্মাল স্কুলে শ্রীকালীপ্রসন্ন বিদ্যা
নিকট ও কালনা মেডকেল হলে প্র
মূল্য ৷৷০ বার আনা।

মাসিক চিত্তবিনোদ কাব্য ১ ম খণ্ড
সুললিত অমিত্রাক্ষরে রূপকচ্ছলে ই
ভারতবর্ষের বর্ত্তমানাবস্থা বর্ণিত হইয়া
ছে, মহাশয়েরা বর্ত্তমান বড়বাজারে
লাল সাহার পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাই

শ্রীশশিভূষণ শ

বাল্মীকি রামায়ণ

তৃতীয় খণ্ড।

এই পুস্তক প্রথমা দি প্রকাশিত হইয়া
ইহাতে নাগরাক্ষরে মূল শ্লোক ও সরল
বাঙ্গলা অনুবাদ আছে। মূল্য ১

কলিকাতা ব্রাহ্মসমাজে আমার
পত্র লিখিবেন। প্রত্যেক খণ্ডের (দশ
র) মূল্য ॥০ আনা। বিদেশীয় গ্রাহক
আনা মাসুল দিতে হইবে।

গ্রন্থকারমাত্র } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

মঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
র বাড়ীর ব্রাদার কোম্পানির দোকানে
ীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
া হইতেছে:—

প্রণীত	মূল্য
শ্রীসইতিহাস	১ টাকা
রোমইতিহাস	১ ঐ
ভূগণসার ব্যাকরণ	।৵ আনা
নীতিসার (১ ম ভাগ)	৶ ঐ
নীতিসার (২ য়)	৶ ঐ ভাগ
চারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	৸ ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

আমি শব্দস্তোমমহানিধিনামে একখানি
ও অভিধান সঙ্কলন করিতে আরম্ভ করি
উহা পাঁচ খণ্ডে সম্পূর্ণ হইবে, সম্প্রতি
খণ্ড প্রচারিত হইয়াছে। প্রত্যেক খণ্ডের
দুই টাকা। গ্রহনেচ্ছু মহাশয়েরা সংস্কৃত
পুস্তকালয়ে অথবা সংস্কৃত কালেজে
নিকটে অনুসন্ধান করিলে পাইতে পারি

৫ সাল } শ্রীতারানাথ শর্ম্ম
ফাল্গুন } কলিকাতা সংস্কৃত কালেজ

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

রাঙ্গী বাঙ্গালা পুস্তক কাগজ কলম নানা
ব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে
৭ আনার হিসাবে কমিশন দেওয়া যায়, অধিক
১০ আনার হিসাবে

৪ টাকা

ন গঙ্গা-

ঐ
১৷৷০ ঐ
২৷৷০ ঐ
২৷৷০ ঐ

নিদান সটীক	৪	ঐ
শ্রীমদ্ভাগবত সটীক	৩২	ঐ
সুশ্রুত	১০	ঐ
ডল্লিকাকার জয়মঙ্গল ও মল্লিনাথের টীকা সহিত	৩২	ঐ
উইলিয়ম্স সংস্কৃত ডিক্সনারি প্রথম ইংরাজী পরে সংস্কৃত মনিয়ার উইলিয়াম সাহেবকৃত	৫০	ঐ
শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয়ের প্রণীত গদ্য ১৮ পর্ব্ব মহাভারত		
১৭ খণ্ড সম্পূর্ণ	৩০	ঐ
ঐ ৬ ঐ বিরাটপর্ব্ব	৩	ঐ
ঐ ৭ ঐ উদ্যোগপর্ব্ব	৩	ঐ
ঐ ৮ ঐ ভীষ্মপর্ব্ব	৩	ঐ
ঐ ৯ ঐ দ্রোণপর্ব্ব	৩	ঐ
ঐ ১০ ঐ কর্ণপর্ব্ব	২	ঐ
ঐ ১১ ঐ শল্য পর্ব্ব	২	ঐ
ঐ ১২ ঐ সৌপ্তিক পর্ব্ব	১	ঐ
ঐ ১৩ ঐ স্ত্রী পর্ব্ব	১৷৷	ঐ
ঐ ১৪ ঐ শান্তিপর্ব্ব রাজধর্ম্ম	৩	ঐ
ঐ ১৫ ঐ মোক্ষধর্ম্ম	৩	ঐ
ঐ ১৬ ঐ অনুশাসন পর্ব্ব	৩	ঐ
ঐ ১৭ ঐ শেষ পাঁচ পর্ব্ব	৩	ঐ
বিচার তরঙ্গিণী অর্থাৎ বেদান্ত দর্শনান্তর্গত বিচার ও মীমাংসা বহুল প্রমাণ সহিত	১	ঐ
শ্রুতি দর্পণ	১	ঐ
অষ্টাবিংশতি তত্ত্বশ্রুতি	৩২	ঐ
প্রাচীন সংহিতা ২০ খণ্ডে সম্পূর্ণ	২৫	ঐ
আত্মতত্ত্ব বিবেক ভাষ্য সহিত	৩	ঐ
উত্তর নৈষধ নারায়ণী টীকা সহিত ১২ খণ্ডে সম্পূর্ণ	১২	ঐ
সিদ্ধান্ত কৌমুদী সম্পূর্ণ	১৮	ঐ
ঐ শেষ খণ্ড	৭	ঐ
বিবেক-তরঙ্গিণী বেদান্তদর্শনের মত ও বিচার	২৷৷	ঐ
কর্ম্মাঞ্জন কর্ম্মকাণ্ড বিষয় সিদ্ধান্ত	২	ঐ
দায়ভাগ কুলব্রুক সাহেবকৃত ইংরাজী তর্জ্জমা	১০	ঐ
কলিকাতা জোড়াসাঁকো ৩৪ নং	শ্রীপ্রতাপচন্দ্র রায় নগদ বিক্রেতা	

বাঙ্গালা ভূচিত্রাবলী।

কয়েকখানি অভিনব এটলাস দুই প্রস্তুত। ইহাতে ৩২ খানি ম্যাপ আছে। উত্তমরূপে বাধান। স্কুলবুক সোসাইটি, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে, নর্ম্মাল স্কুলে ও পটোল বাড়ীর ব্রাদর্শদিগের পুস্তকালয়ে পাওয়া মূল্য ৪৷৷ টাকা।

শ্রীনীলকমল ঘোষাল।

-:০:-

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদও টীকা সমেত প্রত্যেক
৮০ পৃষ্ঠা অগ্রিমমূল্য ॥০।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মু
আমহর্ষ্টষ্ট ৩৪।১ নং ভবনে কাব্য
যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত বিদ
শ্রীযুক্ত জয়গোহন তর্কালঙ্কারের নামে
খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন।
না পাইলে বিলম্বে বিষ্ণুপুরাণ পাঠ
নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৮ নং বাটী গুদামসহ
১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহার
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন
ধৃত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো
থনট এবং কো

—:০:—

১৮৭০ সালের ইংরাজী এক্ট্রাক্ট বে
মানে কোন প্রফেসর প্রণীত। মূল্য ১৷৷০
প্রস্তুত আছে। যাহার প্রয়োজন
তিনি আমার নিকট অথবা স্কুলবুক সোসা
পুস্তকাগারে তত্ত্ব করিলে পাইবেন।

১১ নং কলেজষ্ট্রীট
পটলডাঙ্গা } শ্রীবরদাপ্রসাদ বসু

সোমপ্রকাশ।

২৬ এ ফাল্গুন সোমবার।

ভারতবর্ষীয় সনাতন ধর্ম্মরক্ষিণী সভা।

কতকগুলি হিন্দু ম্রিয়মাণ হিন্দু
রক্ষার উদ্দেশে উক্ত নাম দিয়া এ
ধর্ম্মসভা স্থাপন করিতেছেন। যিনি
ধর্ম্মাবলম্বী, তিনি যদি তাহার বি
দশা দর্শন করিয়া তাহার রক্ষার

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

রাজস্ব ও সাধারণ বিভাগ।

২৩ এ ফেব্রুয়ারি। দেবগড়ের সহকারী কমিসনর এ, ডবলিউ, কসার্ট সাহেব ভারতবর্ষীয় রেলওয়ের কড লাইনের নিমিত্ত ভূমি লইবার ক্ষমতা পাইবেন।

২৪ এ ফেব্রুয়ারি। এচ, এম, বিডন সাহেব বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের প্রতিনিধি অণ্ডর সেক্রেটারি হইবেন।

২৫ এ ফেব্রুয়ারি। জরিপের ডেপুটিকালেক্টর বাবু চণ্ডীলাল মুখোপাধ্যায় নিয়মিত কার্য্যের উপরে চাকার ডেপুটি মাজিষ্ট্রেট হইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

নদীয়ার সহকারী মজিষ্ট্রেট ও কালেক্টর এচ, লটম্যন জনসন সাহেব ২৪ পরগণায় বদলী হইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতা পাইবেন। তিনি প্রধানতম বিচারালয় অথবা সেসিয়নে অর্পণ করিবার নিষ্পন্নার প্রথম বিচার করিতে পারিবেন।

২৬ এ ফেব্রুয়ারি। এল, বি, রি, কিওস সাহেব যত দিন বিদায় লইয়া ইউরোপে থাকিবেন, তত দিন ডবলিউ, এচ, ফ্রেমলি সাহেব রাজসাহির দেয়াড়া জরিপের প্রতিনিধি সুপার ভেণ্ডেণ্ট হইবেন। তিনি রাজধানী বিভাগে কালেক্টরের ও হুগলীতে মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতা চালন করিবেন।

২৭ এ ফেব্রুয়ারি। বাবু উমাচরণ গঙ্গোপাধ্যায় বারাসতের সাধারণ বিদ্যা শিক্ষাসভার সভ্য হইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু দ্বারকানাথ দে কাটোয়া উপবিভাগের ভার পাইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু কালীকান্ত দত্ত বি, এল কালনা উপবিভাগের ভার পাইবেন।

১লা মার্চ। আসামের সহকারী কমিসনর লেপ্টনণ্ট এল, লইস হাজারিবাগে বদলী হইয়া মাজিষ্ট্রেট ও কালেক্টরের ক্ষমতা পাইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু দ্বারকানাথ সেন কিছু দিনের জন্য হুগলীতে স্থিত হইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

এচ, এল, ডাম্পিয়র
বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের সেক্রেটারি।

বিচার ও রাজনীতি সংক্রান্ত বিভাগ।

২২ এ ফেব্রুয়ারি। নিম্নলিখিত ভদ্র লোকেরা কাছড়াপ ড়ার দাতব্য চিকিৎসালয় সভার সভ্য হইবেন।

বাবু মহিমচন্দ্র রায়।
" মহেন্দ্রনাথ রায়।
" প্রসন্নকুমার সেন।
" শ্যামাচরণ দে;
" ঠাকুরচরণ মুখোপাধ্যায়।
" ঠাকুরদাস মুখোপাধ্যায়।
" সূর্য্যকুমার সেন।

২৫ এ ফেব্রুয়ারি। শ্রীহট্টের অন্তর্গত মবিগঞ্জের প্রতিনিধি মুন্সেফ মৌলবী আজাহারুদ্দিন তৃতীয় শ্রেণিতে সম্পূর্ণরূপে নিযুক্ত হইলেন।

লেপ্টনাণ্ট উইলিয়ম, রেবিটন, বাট কলিকাতার এক জন শান্তিরক্ষক জষ্টিস হইবেন।

নিম্নলিখিত ভদ্র লোকেরা বঙ্গদেশ বিচার ও উকলের মধ্যে শান্তিরক্ষক জষ্টিস হইবেন।

লেপ্টনণ্ট উইলিয়ম বেরিটন বাট।
জন, ফষ্টার, কাম্বেল সাহেব।
ইউইণ্ড, এডমনষ্টোন, ফিশার।

যতদিন বাবু ভগবানচন্দ্র সেন সরকারী কার্য্যোপলক্ষে স্থানান্তরে থাকিবেন, তত দিন বাবু সারদাপ্রসাদ চট্টোপাধ্যায় ময়মনসিংহের অন্তর্গত নিকলির প্রতিনিধি মুন্সেফ হইবেন।

পাবনার প্রতিনিধি মুন্সেফ মৌলবী আলি আহ্মদ সম্পূর্ণরূপে নিযুক্ত হইবেন।

বাবু ব্রজমোহন দত্ত দিনাজপুরের অন্তর্গত বীর গঞ্জের মুন্সেফ হইবেন, কিন্তু আপাততঃ বাকিপুরের প্রতিনিধি অধস্ত জজ থাকিবেন।

ভাগলপুরের অন্তর্গত মধুপুরের প্রতিনিধি মুন্সেফ মৌলবী মহম্মদ নাটিক সম্পূর্ণ রূপে নিযুক্ত হইবেন।

পূর্ণিয়ার অন্তর্গত কৃষ্ণগঞ্জের প্রতিনিধি মুন্সেফ বাবু দানেশচন্দ্র রায় তৃতীয় শ্রেণিতে সম্পূর্ণরূপে নিযুক্ত হইবেন।

বাবু ভৈরবচন্দ্র মিত্রের মৃত্যু হওয়াতে মেদনীপুরের অন্তর্গত কণ্টাইয়ের মুন্সেফ বাবু রামায়াদ লাল দ্বিতীয় শ্রেণিতে উন্নত হইবেন।

নিম্নলিখিত ভদ্রলোকেরা আগ্রাঘাটের মিউনিসিপাল কমিসনর হইবেন।

বাবু ব্রজনাথ পালচৌধুরী।
" রাজরাজেশ্বর পালচৌধুরী।
" ব্রজেন্দ্রগোপাল পালচৌধুরী
" যদুনাথ মুখোপাধ্যায়।

যতদিন ডাক্তর সি, জে, ল লইয়া ইউরোপে থাকিবেন, তত দি জে, জে, মণ্টিথ মেদনীপুরের প্রতিনিধি আসিষ্টাণ্ট সর্জ্জন হইবেন।

নিম্নলিখিত ভদ্রলোকেরা জলপাই দাতব্য চিকিৎসালয়সভার সভ্য হইবেন

এফ, জে, আর, ওয়াকার সাহেব
বাবু দিননাথ বন্দ্যোপাধ্যায়।
" যোগেন্দ্র দেব রক্ষিত।
মুন্সি রহিম বক্স।
বাবু চন্দ্রকান্ত সেন।
" জীবেশ্বর ঠাকুর।

ডাক্তর কে, মাকলিয়ড সভার স হইবেন। ডেপুটি ক মসনর নিজ পদগুলে হইবেন।

২৭ এ ফেব্রুয়ারি কাপ্তেন কিউ, ডি, রঙ্গপুরের পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ভারতবর্ষীয় রেলওয়ের যে অংশটী দেশীয় লেপ্টনণ্ট গবর্ণরের সীমার মধ্যে লেপ্টনণ্ট এচ, এম, রামসে তাহার স পুলিষ ইনস্পেক্টর জেনরল হইবেন।

লেপ্টনণ্ট এ, আর, উইলকিন্সন পু ইনস্পেক্টর জেনরলের নিজ সহকারী হই

কাপ্তেন ডবলিউ, এন, নিবেট সা পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

এচ, এম, রেলি সাহেব মুরসিদাবাদের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন, কিন্তু আপ ২৪ পরগণার প্রতিনিধি সুপরিণ্টেণ্ডেণ্ট বেন।

ময়মনসিংহের সহকারী পুলিষ সুপ রিণ্টেণ্ডেণ্ট এ, সি, বাষ্ট সাহেব ঢাকায় বদলী বেন।

গয়ার সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডে ডবলিউ, বাটলসেন সাহেব লোহারডগার হইবেন।

নদীয়ার সহকারী পুলিষ সুপরিণ্টে কে, জি, গ্রাণ সাহেব ২৪ পরগণায় হইবেন

হোরেস, এবল, কক্রেল সাহেব ক ল এক জন শান্তিরক্ষক জষ্টিস হইবেন।

১লা মার্চ। বাবু দ্বারকানাথ মিত্র অন্তর্গত ভোটমারিতে তৃতীয় শ্রেণির হইবেন। তিনি যত দিন উপযুক্ত না

কালীমোহন রায় প্রতিনিধি
বন।
, ডালগেশ সাহেব মোজাফ
ন মিউনিসিপাল কমিসনর
য়ার্ড সাহেব বর্দ্ধমানের একজন
উনিসিপাল কমিসনর হইবেন।
ঐ, ষ্টাফেন।
বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের সেক্রেটারি।

আমাদিগের কালনাস্থ সংবাদ
াতা লিখিয়াছেন।
আসেই অবলম্ভ আছেন, উত্তরায়ণ সংক্রা
ক্তে সমারোহ বিলক্ষণ ধুমধাম হইয়াথাকে।
শেষতঃ মুসলমানের সংখ্যা এত অধিক হয়
. সে দিবস রাস্তায় চলা ভার হইয়া উঠে।
ধকসংখ্য, সমাগমের কারণ এই, অতি
কাল হইল এখানে একটী পিরের দীঘী
বড় দীঘী) তাহে উহাতে স্নান করাই যবন
গের উদ্দেশ্য। দীঘীটী অতি বৃহৎ ও বহু
াতন। ইহার উৎপত্তি বিষয়ে অনেকে
নেক কথা কহিয়া থাকেন; কিন্তু সেসকল
বশ্বাস করা যাইতে পারে না। এই দীঘী ও
ার নিকটবর্ত্তী ভগ্ন মসজিদ ও কালনার পূর্ব্ব
শ্চিম সীমায় পিরের আস্তানা দেখিয়া বোধ
, যবনরাজের একাধিপত্যসময়ে এখানে
ন ঐশ্বর্য্যশালী মুসলমান অবস্থান করিতেন।
সে তিনিই বুজরুক হইয়া মজলিশ সাহেব
ন ধারণ করিয়া থাকিবেন। এই মজলিস
াহেবের আস্তানাটী এখানকার প্রসিদ্ধ স্থান।
খানে দুইটী ভগ্নাবশিষ্ট মসজিদ অদ্যাপি বর্ত্ত
ন রহিয়াছে। যদিও উহার উপরিভাগ বৃক্ষ
তায় সমাচ্ছন্ন হইয়াছে কিন্তু তন্মধ্যস্থিত
স্তরের খিলান, পাথরের উপরে খোদাই কার্য্য,
খনো সকলেই চমৎকৃত হইয়া থাকেন। ইহার
াচীনত্বের বিষয়ে আর এক প্রমাণ পাওয়া
য় যে, এখানে কতকগুলি প্রস্তরে আরবি
ষায় যাহা লেখা (বোধ হয় ইহার উৎপাত
ময়) আছে, অনেক বিজ্ঞ সুশিক্ষিত মুসল
নও তাহা পাঠ করিতে পারেন না। তাঁহা
লেন, ইহা বহু পুরাতন প্রথার। এই মস্ত
লগ্ন রাস্তার (ছোট দীঘী ও বড় দীঘী পর্য্যন্ত
ার সীমা হইয়াছে তাহার) দক্ষিণাংশেও
ন নহে। এই সকলদ্বারা জানা যাইতেছে
যে কালনা বহু পুরাতন গ্রাম ও পূর্ব্বে এ গ্রামে
মুসলমানের সম্পূর্ণ অধিকার ছিল। যবনের
একাধিপত্য থাকার বিষয়ে আর এক প্রমাণ
এই যে, এখানকার গোস্বামীদিগের বাটী
(যাহা এক্ষণে দেবালয়ে পূর্ণ হইয়াছে তাহাকে)
তখন "খানাবাড়ি" বলিত। ঐ বাটী আস্তা-
নার অতি নিকট। ক্রমে এক্ষণে সকলই পরি-
বর্ত্ত হইয়া গিয়াছে।

এখানকার নূতন স্থাপিত ট্রেনিং স্কুলটী
ক্রমে উন্নত হইতেছে। বালকের সংখ্যা ১৩৫
হইয়াছে কেহ কেহ মনে করেন স্কুলটী অল্পতঃ
মিশনরি স্কুলের প্রতিযোগী। বিবেচনা করিয়া
দেখিলে তাহা ভ্রমমাত্র। মিশনরি স্কুলের অব
স্থার সহিত তুলনা করিতে গেলে এ স্কুল
অনেক পশ্চাতে পড়িয়া থাকে। তবে অনেক
লোকে, এরূপ স্কুল থাকিতেও পৃথক বিদ্যা
লয়ের প্রয়োজন কি? প্রয়োজন এই গ্রাম
হইতে মিশনরি স্কুল প্রায় এক মাইলেরও
অধিক হইবে। ক্ষুদ্র ক্ষুদ্র বালকদিগের গমনা
গমনে বিশেষতঃ বর্ষাকালে যথোচিত ক্লেশ
হইয়া থাকে। এ গ্রামে বালকের সংখ্যা
নিতান্ত ন্যূন নহে যে দুইটী বিদ্যালয় চলিতে
পারে না। কত গ্রামে দুই কোপায় বা ততো-
ধিক বিদ্যালয় রহিয়াছে। সুতরাং এ বিদ্যাল
য়টী যে মিশনরি স্কুলের ক্ষতিকারক নয়,
তাহা আমরা বিশ্বাস করিয়া থাকি। আমরা
এইরূপ মনে বা প্রার্থনাও করিনা যে, ঐ উন্নতি
শীল বিদ্যালয়টীর কিছুমাত্র ক্ষতি হউক।
উহার দ্বারা এ গ্রামের উপকার হইয়াছে
সন্দেহ নাই; যদি এই নূতন বিদ্যালয়টী মিশ-
নরি বিদ্যালয়ের কোন ক্ষতিকারক নহে
প্রমাণ হইতেছে, তবে এক্ষণে ইহাতে গবর্ণমে
ণ্টের কিছু সাহায্য করা একান্ত আবশ্যক।
রাজপুরুষগণ মনোযোগ না করিলে, ইহার
স্থায়িত্বের পক্ষে বিশ্বাস নাই। আমরা শুনি
লাম, বর্ত্তমান মাজিষ্ট্রেট ওয়ার্ড সাহেব
এজন্য মনোযোগী হইয়া স্কুল ইনস্পেক্টর
সাহেবকে লিখিয়াছেন। তাহা কার্য্যে পরিণত
হইলেই মঙ্গল। পরিশেষে আমরা এই বিদ্যা
লয়স্থাপয়িতাকে পরামর্শ দি, তিনি ইহার
জন্য একটী কমিটী নিযুক্ত করুন। কমিটীর
অনুমতিমত কোন কার্য্য নির্ব্বাহ না হয়। অন্যথা
প্রধান শিক্ষকপ্রভৃতিকে তাহার সভাপতি করা
হউক। বিশেষ যত্নে এরূপ
শুভকর কার্য্য কখনই সুশৃঙ্খলরূপে চলিতে
পারে না।

এখানে মোটাচাউল ২/০ কমে পা
যায় না; ভাল ২॥ টাকা। কলাই ১৸ পর্য্য
দাঁড়াইয়াছে। শান্তিপুর চাকদহ রাণাঘাট
উলাপ্রভৃতি স্থানের ব্যবসায়ীরা এখান হই
গোলআলু ও চাউলপ্রভৃতি লইয়া যাওয়া
দ্রব্যাদির মূল্যের তাদৃশ সুবিধা হয় না। য
হউক এবার শস্যের মূল্য নিতান্ত অপ্রীতিক
নহে

এখানকার গঙ্গা নদীর নিতান্ত শোচনী
উপস্থিত দেখা যাইতেছে। ভাটার সময় হাঁটি
পার হওয়া যাইতেছে!! গঙ্গার হাসেতে এ
নকার ব্যবসায়ের সম্পূর্ণ ক্ষতি হইবে।

—১০১—

আমাদিগের গোয়ালিয়রস্থ সংবা
দাতা লিখিয়াছেন।

ক্রমান্বয়ে এখানে তিন বার বৃষ্টি হই
গিয়াছে। প্রথম বারে যে বৃষ্টি হয়, তদ্দ্বারা কৃ
কার্য্যের পক্ষে অনেক সুবিধা হইয়াছে। ক
ক, অনাবৃষ্টিনিবন্ধন যেসকল ভূমি একবা
অকর্ম্মণ্য হইয়া পড়িত ছিল, এক্ষণে তা
অধিকাংশই কর্ষিত হইয়া শস্যোন্মুখ হই
উঠিতেছে। শেষ দুইবারের বর্ষণ অতি সামান্য
শীত কালে এখানে যে ভয়ানক গ্রীষ্ম অনুভূ
হইয়াছিল তদ্দ্বারা তাহার কিছু হ্রাস হইয়াছে
শস্যের মূল্য যে পরিমাণে কমিয়াছে, তাহা
দুর্ভিক্ষপীড়িতদিগের বিশেষ কষ্ট দূর হয় না
দুই তিন মাসপূর্ব্বে যে চাউল টাকায় /৫ সে
বিক্রীত হইয়াছে এক্ষণে তাহা /৬ সের ক
লইতে হইতেছে। অন্যান্য দ্রব্যের অবস্থাও প্র
এইরূপ। ইতিমধ্যে আর দুই এক পস
ভাল রূপ /৬ হইলে সাধারণের কষ্ট অ
নিবারণ হইবে সন্দেহ নাই।

এই দুর্ভিক্ষের সময়ে মহারাজ সিন্ধি
পশ্চাৎ লিখিত কার্য্যটীর দ্বারা তাঁহার প্র
সমূহের মহোপকার করিবার চেষ্টা পাইতেছে
দেখিয়া আমরা যার পর নাই আহ্লাদিত
লাম। গোয়ালিয়রের ৩৮ ক্রোশ দক্ষিণে সিপ
নামে মহারাজের একটী রাজ্য আছে। তথাক
লোক দুর্ভিক্ষ কষ্ট পাইতেছে। বিপন্ন প্র
দিগকে কোন প্রকারে সাহায্য দিয়া উপস্থি
বিপদ হইতে রক্ষা করেন, এই অভিপ্রায়ে ম
রাজ সিন্ধিয়া সিপরীতে একটী মহৎ স
ন্মাণের আদেশ করিতেছেন। এখানক
পলিটিকেল এজেণ্ট শ্রীযুক্ত কর্ণেল ড
সাহেবের হস্তে তাহার আবশ্যক ব্যয় অ
হইয়াছে। বোধ হয় আগামী মার্চ্চ মাসে ক
আরম্ভ হইবে। ইহাতে অনেক দুর্ভিক্ষপীড়ি
লোক কর্ম্ম করিয়া জীবিকানির্ব্বাহ করি

২রা ফাল্গুন শুক্রবার।

বোম্বাইয়ের মানমন্দির চিরস্থায়ী হইল। ভারত বর্ষীয় গবর্ণমেণ্ট তত্ত্বাবধারকের ৮০০ টাকা বেতন নির্দ্ধারিত করিয়াছেন।

গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, যেসকল সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্টের স্থায়ী পদ নাই, তাঁহাদিগকে মাসিক ২০০ টাকা ভাতা পোষার্থ দেওয়া হইবে, এই অতিরিক্ত সহকারী দিগের পক্ষে হইতেছে, এবং ইউরোপীয় কর্ম্মচারিগণই এই সুবিধা ভোগ করিবেন।

কলিকাতার খাল নূতন করিয়া কাটা হইতেছে। মাণিকতলা অবধি বালিয়াঘাটা পর্য্যন্ত বাঁধ করিয়া জল সিঞ্চন করা হইয়াছে। কিন্তু আমাদিগের বোধ হইতেছে, খাল কাটা ভাল হইতেছে না। খালের যে-যে স্থান ধসিয়া যায় তথায় ইট দিয়া বাঁধ করিবার নিমিত্ত উভয় পার্শ্বে ইটের স্তূপ করা হইয়াছে। ইঞ্জিনিয়রগণের চক্ষে কিপ্রকার বোধ হয় বলা যায় না কিন্তু আমরা এপ্রকার ত্রিভঙ্গ ইটে নর্দ্দামা গাঁথি না।

অদ্যকার গেজেটে ডাম্পিয়র সাহেবকে বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের রাজস্ব ও সাধারণ বিভাগের সেক্রেটারি করা হইয়াছে। ইডেন সাহেব বিচার ও রাজনীতিবিভাগের সেক্রেটারী হইয়াছেন। বি, এচ, পক সাহেব পুনর্ম্মূষিক হইয়া রাজধানীবিভাগের কমিসনর হইয়াছেন। যে বেথুন সাহেব দুর্ভিক্ষকালে সব সিসিল বীডনের সাহায্য করিয়া ১৫ লক্ষ লোককে পৃথিবী ত্যাগ করাইয়া চাউল সস্তা করিয়া উৎকলের অধিক উপকার করিয়াছেন তিনি তত্রত্য কমিসনর হইয়াছেন। ইডেন সাহেব অন্ন এর বাহের চেষ্টা দেখুন।

চট্টগ্রামের অন্তর্গত কক্সবাজার উপবিভাগে প্রেমারা খেলা নিবারণের আইন প্রচলিত হইয়াছে। এটী সাধারণে না করা হয় কেন?

৩রা ফাল্গুন শনিবার।

এপর্য্যন্ত ব্যবস্থাবিভাগ ষ্টরাষ্টবিভাগের একটী উপবিভাগ বলিয়া পরিগণিত হইত। সম্প্রতি ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ইহাকে পৃথক বিভাগ করিয়া হুইটলি ষ্টোক্স সাহেবকে সম্পূর্ণ সেক্রেটারী করিয়াছেন। কিন্তু সর্ব্বসাধারণ ভাবিবেন না যে, ইহা দ্বারা ব্যবস্থাপক সভার স্বাধীনতার বৃদ্ধি হইল। সব জন লরেন্স মত গ্রহণের সময়ে আমাদিগের ব্যবস্থাপক গণকে বিদ্যালয়ের ছাত্রের ন্যায় হস্তোত্তোলন করিতে বলিতেন, লাভ মেয় সেটী রহিত করিতেছেন। বর্ত্তমান নিয়মানুসারে সকল বিষয়ের অনুষ্ঠান শাসনকার্য্যকারী গবর্ণমেণ্টের হস্তে থাকিল। তাঁহারা বিবেচনা না করিলে কোন বিল ব্যবস্থাপক সভায় অর্পিত হইবে না। স্থানীয় গবর্ণমেণ্টসমূহ যেসকল আইনের প্রস্তাব করিবেন তাহা স্বরাষ্ট বিভাগের সেক্রেটারির দ্বারা করিবেন। যখন যে বিভাগের বিষয়ে ব্যবস্থা হইবে, তখন তাহার সেক্রেটারি কৌন্সিলের তর্কের সময়ে উপস্থিত থাকিবেন।

১৮৫৮ অব্দের ২রা মার্চের বিজ্ঞাপন সকলের বোধগম্য না হওয়াতে ওকালতির পরীক্ষকগণ বিজ্ঞাপন দিয়াছেন যেসকল দ্বিতীয় শ্রেণীর উকীল ১৮৬৩ অব্দের পূর্ব্বে ওকালতি করিতেছিলেন, তাঁহারাই কেবল আগামী পরীক্ষায় বাঙ্গালাতে উত্তর লিখিতে পারিবেন। পাটনা, ভাগলপুর, মুরসিদাবাদ, বর্দ্ধমান, ২৪ পরগণা, ঢাকা, চট্টগ্রাম, কটক ও গৌহাটিতে পরীক্ষা হইবে। এই অন্তটী সাধারণে দিলে কি ক্ষতি হইত? যাহারা ইংরাজী জানেন তাঁহারাও কি এই সুত্র পাইবেন?

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

২রা ফেব্রুয়ারি। ডি, পি, ষ্কিনটন বর্দ্ধমানের এক জন মেউ নসিপাল কমিসনর হইবেন।

৪ঠা ফেব্রুয়ারি। ঢাকার সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট এ, এম, হাকিন্সের সাহেব ৩০ জানুয়ারি অবধি কিছু দিনের নিমিত্ত শ্রীহট্টে বদলী হইয়াছেন।

নিম্ন লিখিত কর্ম্মচারিগণ ১৮৬৮ অব্দের ১৬ আইনের ১০ ধারা অনুসারে মুন্সেফের ক্ষমতা পাইবেন:—

হুগলির সহকারী কমিসনর লেপ্টনণ্ট ডবলিউ, ই, রুথারফোর্ড হাজারিবাগের অন্তর্গত বরহির সহকারী কমিসনর এ, পি, মাকডনেল সাহেব।

কুচবিহারের কমিসনরের নিজ সহকারী বাবু দিননাথ মুখোপাধ্যায় জলপাইগুড়িতে।

লোহারডঙ্গার প্রতিনিধি সহকারী কমিসনর জি, কে, ওয়েবষ্টার সাহেব।

পালামৌএর ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর মৌলবী মহম্মদ লোহারডগাতে।

লক্ষ্মীপুরের অতিরিক্ত সহকারী জে, এফ, কাবেল সাহেব।

গোবিন্দপুরের অতিরিক্ত সহকারী এচ, ডব্লউ, মেকেঞ্জি সাহেব মানভূমের অতিরিক্ত সহকারী স, এ, এল, বেডফোড সাহেব।

মানভূমের ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর বাবু চন্দ্রনারায়ণ সিংহ

৫ই ফেব্রুয়ারি। হুগলীর ডেপুটি ষ্টেট ও ডেপুটি কালেক্টর বাবুরা পাধ্যায় বাবু হেমচন্দ্র করের অনুপস্থানে তাহারদের উপবিভাগের ভারপ্রাপ্ত হইয়া ষ্টেটের ক্ষমতা পাইবেন।

কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় ছুটী বদলী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

যে দিবস জি, গ্রেহাম সাহেব ত্যাগ করিয়াছেন, সেই দিবসাবধি, আর সাহেব কিছু দিনের নিমিত্ত চাকার প্রধান প্রতিনিধি মাজিষ্ট্রেট ও ক হইবেন।

৬ই ফেব্রুয়ারি। যত দিন বাবু ঘোষাল বিদায় লইয়া অনুপস্থিত থা তত দিন বাবু রাধিকানারায়ণ সেন মুন্সে প্রধান সাটিফিকেট টীক্ষু অ হইবেন।

যত দিন বাবু জনরঞ্জন পাল উপনী তত দিন তৃতীয় শ্রেণীর সব আ নবীন হরনাথ রায় সাঁওতাল প গোদীতে চাকার প্রতিনিধি হইবেন।

বিশেষ কার্য্যে নিযুক্ত ডেপুটী মা ও ডেপুটি কালেক্টর বাবু জগমোহন রায় ভবধীয় খাল ও জলসেচক কার্য্যে নর বালেশ্বর, কটক ও পুরীতে ভূমি ক্রয় ক জন, নিযুক্ত হইবেন

৮ই ফেব্রুয়ারি যত দিন এচ, ডব্লিউ, সন সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থা তত দিন ই, ডি, লকউড সাহেব প্রধান সিবিল ও সেসিয়ন জজ হইবে

এচ, বি, সিমসন সাহেব মুঙ্গেরের সি ভিসি ষ্টাইট মাজিষ্ট্রেট ও ডেপুটি ক হইবেন।

এ, সি, ব্রেট সাহেব মুঙ্গেরের স মাজিষ্ট্রেট হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা বেন। তিনি আপাততঃ হুগলী প্র

জিষ্ট্রেট ডেপুটি কালেক্টর। হইবেন।
সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর জে,
সাহেব মাজিষ্ট্রেটের ক্ষমতা

ইলিস সাহেব নওগাঁর প্রতিনিধি
ট্রেণ্ট হইবেন।
সহকারী পুলিস সুপরিণ্টেণ্ডণ্ট
করা গেল—
ষ্ট সাহেব নওগাঁ হইতে ময়মন
।
ষ্টাকোড সাহেব ভাগলপুর হইতে
পে
ডসন সাহেব কটক হইতে ভাগলপুরে।
এল, গ্রাডন সাহেব হুগলী হইতে লক্ষ্মী-

এচ. জেমস সাহেব ময়মনসিংহ হইতে
ভ
য়. জি. টমাস সাহেব শিবসাগর হইতে
।
ড, এল. ডাম্পিয়র সাহেব বঙ্গদেশের
রক্টের রাজস্ব ও সাধারণ বিভাগের সেক্রে
ইবেন।
রেবল আসলী. ইডেন বঙ্গদেশীয় গবর্ণ
বিচার ও রাজনীতিবিভাগের সেক্রে
ইবেন
এচ শক সাহেব. যিনি এক্ষণে বিদায়
আছেন, রাজধানী বিভাগের কমিসনর
।
ই. রেবণশা সাহেব উৎকল বিভাগের
ন ও কটক মহলের তত্ত্বাবধায়ক হইবেন।
র. পি. জেঙ্কিন্স সাহেব যশোহরের জজ
। কিন্তু আপাততঃ পাটনার কমিসনর
বেন।
জে. মেরিস সাহেব বাখরগঞ্জের জজ
।
এ স্পিয়ার সাহেব যশোহরের অতি-
জ হইবেন।
লা ফেব্রুয়ারি অবধি পুলের নিয়োগগুলি
ছে।
ই ফেব্রুয়ারি: শিবসাগরের প্রতিনিধি
কমিসনর কাপ্তান ব্রাট, কাছেল দ্বিতীয়
প্রতিনিধি ডেপুটি কমিসনর হইবেন।
ত দিন মেজর গ্রাহাম পার্বত্যের থাকি
ত দিন লপ্টনাণ্ট কর্ণেল বাটি কলি
পুলিসের ডেপুটি কমিসনর হইবেন।

তিনি কলিকাতা ও ২৪ পরগণার মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

লেপ্টনণ্ট বাটি প্রেসিডেন্সি জেল ও বাকুলা লয়ের দর্শক হইবেন।

যত দিন বাবু মধুসূদন বন্দ্যোপাধ্যায় বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন বাবু উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় চাকার অন্তর্গত নারায়ণগঞ্জের প্রতিনিধি মুন্সেফ হইবেন।

যত দিন বাবু ত্রৈলোক্যনাথ মিত্র বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন বাবু রাধা লচন্দ্র বসু রাজসাহীর অন্তর্গত বেলমানার প্রতিনিধি মুন্সেফ হইবেন।

যত দিন বাবু গুরুপ্রসাদ সেন বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন বাবু নৃত্যগো পাল মল্লিক মালদহের প্রতিনিধি মুন্সেফ হই বে

যত দিন বাবু রামবল্লভ দাস বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন। তত দিন বাবু গিরীশচন্দ্র চট্টোপাধ্যায় চাকার অন্তর্গত মদনপুরের প্রতিনিধি মুন্সেফ হইবেন।

ডবলিউ. জে. মণ সাহেব ভাগলপুরে প্রথম শ্রেণির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালে ক্টর হইলেন।

পবলিকওয়ার্ক বিভাগ।

তৃতীয় শ্রেণির সহকারী ইঞ্জিনিয়র এফ. ই, রবার্টসন সাহেব প্রথম রাজধানী বিভাগ হইতে সরকুলার খাল বিভাগে কিছু দিনের নিমিত্ত বদলী হইলেন।

প্রথম শ্রেণির স্থানীয় এসরসিয়ার বাবু উমেশচন্দ্র মিত্র নদীয়া হইতে ভাগলপুরে বদলী হইবেন।

দ্বিতীয় শ্রেণির সহকারী ইঞ্জিনিয়র জে. এফ. মাক্তওয়েল সাহেব আসাম বিভাগে স্থিত হইলেন।

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ৪ঠা ফেব্রুয়ারি: আয়ারলণ্ডীয় বিশ পগণ তথায় একটী ধর্ম্মসভা করিবার যে আবে দন করিয়াছিলেন, গবর্ণমেণ্ট তাহা অগ্রাহ্য করিয়াছেন। কর্ণেল হেণ্ডারসন পুলিস কমিসনর হইয়াছেন। ডুইজ অবধি বোয়াইপর্য্যন্ত টেলি গ্রাফ করিবার কোম্পানির অংশ বিতরিত হই য়াছে।

আলজিরিয়া হইতে শেষ সংবাদে প্রকাশ যে গতকল্য ১২০০ ফরাসী সৈন্য ৩৮০০ দেশীয় যোদ্ধাকে পরাজয় করিয়াছে। ফরাসী সৈন্যগণ বিদ্রোহীদিগের পশ্চাদ্ধাবিত হইয়া

গত কল্যের এক টেলিগ্রাম মেণ্টপেট হইতে আসিয়াছে। ইহাতে প্রকাশ করে হইতে কাস্পীয় সমুদ্র পর্য্যন্ত রেলওয়ে ক ভার একটী গোপনীয় কোম্পানিকে নিমিত্ত সম্রাট আজ্ঞা দিয়াছেন।

পেরা ৫ই ফেব্রুয়ারি। ফ্রান্স অব ওয়ে পাকস্থ আলেকজণ্ডিয়াতে উপনীত য়াছেন।

গ্রিসের মন্ত্রিবর্গ পদত্যাগ করিয়াছেন। জিরিয়াতে আরও যুদ্ধ হইয়াছে

লণ্ডন ৫ই ফেব্রুয়ারি। কেম্ব্রিজের ছ অক্সফোর্ডের ছাত্রদিগকে নৌকায় খেলিতে বলিয়াছেন। ২০এ মার্চ এই হইবে।

ওয়ারিণ্ডটন সাহেবের প্রতিনিধিত্ব স্থির হইয়াছে।

এথেন্স হইতে টেলিগ্রাম আসিয়াছে, এ নূতন মন্ত্রিগণ যুদ্ধসজ্জার প্রস্তাব গ্রাহ্য য়াছেন।

৬ই ফেব্রুয়ারি। পারিস হইতে টে আসিয়াছে, মাকুইস ডিমুস্টিয়ারের মৃত্যু য়াছে

আয়ারলণ্ডের বিশপগণ এক ঘোষণা বিষয়ী লোকদিগের পরামর্শ ও স চা হইয়াছেন।

সর অর্থর গিলেসকে ডবলিনের প্রতি হইতে চ্যুত করা হইয়াছে। ফিপস সাহেব ষ্টবরির প্রতিনিধিত্ব করাইয়াছেন।

রাজ্ঞীর শরীর অসুস্থ হওয়াতে মহাসভা খুলিতে পারিবেন না

পেরা ৭ই ফেব্রুয়ারি। এথেন্সে অদ্য মন্ত্রিবর্গ নিযুক্ত হন নাই। নূতন মন্ত্রিবর্গ মাত্র পদত্যাগ করিয়াছেন। দূতসভার এ গ্রাহ্য করা হইবে কি না ইহার উত্তর নিমিত্ত গ্রীসকে আর আট দিন সময় হইয়াছে।

৮ই ফেব্রুয়ারি: ইংলণ্ডে সংবাদে আ য়াছে, খৃষ্টের জন্মদিবসে এডেনবরার ডিউ উরমাশা অস্তরীপে উপনীত হইয়াছি বিকাস সাহেব ওয়ালিঙফোর্ডের যথার্থ নিধি বলিয়া স্বীকৃত হইয়াছেন। প্রধান পত সম্প্রতি সর চারলস টিবিলিয়ানের (টিবিলিয়ান সাহেবের ?) বিরুদ্ধে এক বক্ত করাতে তিনি পদত্যাগ করিয়াছেন। গ্লাডষ্টোন সাহেব তাঁহাকে ইহা করিতে নাই। তিনি তন্নিমিত্ত কোয়েজের ডিউ নিকটে দোষ স্বীকার করিয়াছেন।

কর্ম্মে নিযুক্ত রাখিলে বিশেষ অনিষ্ট ঘটিয়া
ক। পুলিষ অধ্যক্ষদের কর্ত্তব্য মধ্যে মধ্যে
ড়ীদারগণকে একস্থান হইতে অন্যস্থানে
লি করেন।

তবৎসর শিলাবতী নদীর জল সেতু অতিক্রম
য়া বাঁধ ভগ্ন করিয়া যেরূপ লোকের অনিষ্ট
রিয়াছে, তাহা অনেকেরই বিদিত আছে।
াকের কষ্ট নিবারণার্থ ডেপুটী মাজিষ্ট্রেট
বু ঈশ্বরচন্দ্র মিত্র প্রায় এক মাসকাল ঘাটাল
ছু ভদ্রলোক নানা গ্রামে ভ্রমণ করিয়া দরিদ্র লোকের
থষ্ট সাহায্য করিয়াছিলেন। এক্ষণে আসি
ন্ট ইঞ্জনীয়র বাবু যদুনাথ শীল মহাশয়
বয়েক জন ওভারসীয়রপ্রভৃতি যত্নপূর্ব্বক
সংস্করণবিষয়ে বিশেষ মনোযোগী হই
ছেন। জলস্রাবনে ঘাটালের মডেল ইষ্টকের
ইকনির্ম্মিত গৃহটী ভগ্ন হইয়া অদ্যাপি পতিত
ইয়াছে, বালকগণের শিক্ষার বিশেষ ক্ষতি
ইতেছে, নূতন গৃহ প্রস্তুত করিবার জন্য
াহাকেও উদ্যোগী দেখিতেছি না।
টালে অনেক ভদ্রলোক আছেন, ঊর্দ্ধসংখ্য
... দুইশত টাকা হইলে যে সামান্য একটী
বদ্যালয়গৃহ প্রস্তুত হয়, তদ্বিষয়ে কাহারো
নোযোগ দেখি না। শুনিতেছি জাহানাবা
দর ডেপুটী মাজিষ্ট্রেট ভগ্ন বিদ্যালয়গৃহ
খিয়া অনেক আক্ষেপ করিয়াছেন। ইতিমধ্যে
াদা সংগ্রহ করিয়া বিদ্যালয়গৃহটী প্রস্তুত
রাইয়া দিবেন। তাহা হইলে সকলে পরম
াহ্লাদিত হন।

গতবৎসর ঘাটালে ইংরাজী বিদ্যালয়
স্থাপন হইবে বলিয়া এক সভা হয় এবং বিদ্যা
লয় গৃহ প্রস্তুত করিবার জন্য চাঁদা হয়। ওয়াট
সন কোম্পানির ঘাটালস্থ প্রধান কর্ম্মচারী
শ্রীযুক্ত টরণ বুল সাহেব মহাশয়ের যথেষ্ট টাকা
দিবার কথা আছে এবং শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্রবিদ্যা
সাগর মহাশয় ৫০০ পাঁচশত টাকা স্বাক্ষর করি
য়াছেন, আপাততঃ ৩০০ তিন শত টাকা দিয়া
ছেন, অপরাপর ভদ্রলোকেও কিছু কিছু সাহায্য
করিয়াছেন। তথাপি অদ্যাপি বিদ্যালয় গৃহ
প্রস্তুত হইবার কোন উদ্যোগ দেখি না কেন?
আর কেই বা মেনেজর হইয়াছেন তাহাও
জানা যায় না।

ইতিমধ্যে ঘাটাল থানার অন্তঃপাতী উদয়
গঞ্জনিবাসী সীতারাম উপাধ্যায়ের বাটীতে
ডাকাইতি হয়। যে রাত্রিতে ডাকাইতি হয় সে
রাত্রিতে ঘাটাল থানার জমাদার ও কনষ্টাবল
প্রভৃতি উদয়গঞ্জে উপস্থিত ছিলেন।

লাহোরস্থ সংবা

মহাশয়! যে স্থানে
সেই স্থানের বাহ্য শো
সংখ্যা, আচার ব্যবহার,
প্রণালী ইত্যাদি বিষয়ে বৃত্তা
প্রথমে লেখা উচিত। নতুবা অনভিজ্ঞ
গৃহস্থ দেশীয় ভ্রাতারা কৌতূহলাক্রান্ত
হইয়া সন্তোষের সহিত এখানকার সংবাদ
সকল না পড়িতে পারেন। এই জন্য সংবাদ
পত্রে যত দূর লেখা যাইতে পারে নূতন সংবা
দের সঙ্গে সঙ্গে এইসকল বিষয় অল্প অল্প
করিয়া ক্রমে লিখিতে চেষ্টা করিব।

১। লাহোর কলিকাতার প্রায় সাত শত ক্রোশ দূরে অবস্থিত, ভারতবর্ষের উত্তর পশ্চিম কোণে স্থিত। লাহোর ভারতবর্ষের মধ্যে একটী প্রধান ও পুরাতন নগর। এখানে যে সকল পুরাতন অট্টালিকা, মুসলমান ও হিন্দু রাজাদের কীর্ত্তি অদ্যাপি বিদ্যমান রহিয়াছে তাহাতে ইহা যে কিরূপ সমৃদ্ধিসম্পন্ন নগর ছিল তাহা বলা যায় না। এক্ষণে যদিও তাদৃশ সমৃদ্ধি নাই; কিন্তু পঞ্জাব গবর্ণমেণ্টের রাজধানী বলিয়া ইহার ঐশ্বর্য্যের অল্পতা নাই।

ফেণ্ড অব ইণ্ডিয়া বলেন, ৪ টাকা কাগজের বন্দোবস্ত করিবার নিমি রিচাড টেম্পল আগামী সপ্তাহে কলি প্রত্যাগমন করিবেন। রাজধানীতে পবলিকওয়ার্ক বিভাগের প্রতি দৃষ্টিপাত কি ভাল হয় না?

উক্ত পত্র বলেন, আগামী শীতকা সাহেব পদত্যাগ করিবেন। তিনি আ কাল এদেশে থাকেন, এই নিমিত্ত অ করা হইয়াছিল; কিন্তু অনুযোগে এ আইনের উপদেষ্টকের পদ হইতেছে। সাহেব তাহা গ্রহণ করিবেন। সেইন্স ক্ষমতার বিষয়ে মতদ্বৈধ নাই; কিন্ত ক্ষমতা তিনি ভারতবর্ষের মঙ্গলার্থ বি প্রয়োগ করেন নাই।

২১ এ চৈত্র শুক্রবার

আগামী বর্ষের প্রবেশিকা পরীক্ষায় খিত ব্যক্তিগণ পরীক্ষক নিযুক্ত হইয়াছে

ইংরাজী সাহিত্য।

ডাক্তর ডবলিউ রবসন।
জে কে. রসবস. সাহেব।
এইচ. মুরহিস সাহেব.
রেভারেণ্ড জন নেলার সাহেব
ল্যাটিন ও লাটিন।
এ ডবলিউ ক্রাউট সাহেব।
রেভারেণ্ড যে এম রমণ্ট সাহেব
সংস্কৃত ও বঙ্গালা
পণ্ডিত হরিনাথ ন্যায়রত্ন।
বাবু গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

...পাধ্যায়।
...ও উহ্ড।
...বে।
...ইতিহাস।
...ফেব।
...সাহেব।
...কাড সাহেব।
...ও মার্টিন।
...গণিত।
...এইচ বাঙ্ক সাহেব।
...এ ডবলিউ ক্রফট সাহেব।
...রেভারেণ্ড যে পি আইটন সাহেব।
...রেভারেণ্ড কে এস ম্যাকডোনাল্ড।
আগামী বর্ষের বি এ ও এস এ পরীক্ষায় নিম্নলিখিত ব্যক্তিগণ পরীক্ষক নিযুক্ত হইয়াছেন।

ইংরাজী সাহিত্য।

সি এইচ, টনি সাহেব।
রেভারেণ্ড ডবলিউ সি হাইক সাহেব।

গ্রিক ও লাটিন।

এ ডবলিউ গ্রীনহেট সাহেব।
রেভারেণ্ড যে এস বমট সাহেব

আরবি ও উর্দ্দু।

এইচ, ব্লকম্যান সাহেব।

সংস্কৃত ও বাঙ্গালা।

রেভারেণ্ড কে এম বন্দ্যোপাধ্যায়।
পণ্ডিত মহেশচন্দ্র ন্যায়রত্ন।

ইতিহাস।

রেভারেণ্ড ডাক্তর যে ওয়েলবি সাহেব।
ই, লেথব্রিজ সাহেব

গণিত ও প্রাকৃতিক বিজ্ঞান।

এম, এ, ওনড্রিস সাহেব।
এম, এইচ, এন, বিবি সাহেব।

মনোবিজ্ঞান ও নীতিবিজ্ঞান।

জে সি নেসফিল্ড সাহেব
রেভারেণ্ড এস ডাইসন সাহেব।
ডবলিউ জি, উইলসন সাহেব
রেভারেণ্ড ই ক্লফট সাহেব

২৯ এ চৈত্র শনিবার।

...এপর্য্যন্ত ৭২০ জন সেশন রেজিষ্টার...
...উহাদের মধ্যে ৬৫০ জনের গবর্ণমেণ্ট...
...হইয়াছেন। সেশন অদ্যাপি সম্পূর্ণ...
...হইয়াছে। ৪৭ সাল্ফ্রাজে বিস্তর সেশন...

আছে। সেশনের রেজিষ্টার করিতে একবার ...তখন উৎকোচ চলিবে। যাহার বাটীর অধ্য...ত দ্বার সেও কিছু ব্যয় করিয়া রক্ষিত সেশন হইবে। সেশনদিগকে এক স্থানে রাখিবার কত দূর?

আমীর সিয়ার আলির সম্মানার্থ সৈন্যদিগের রণকৌশল প্রদর্শন করা হয়। তদ্দর্শনে আমীর বলিয়াছেন, ব্রিটিশ সৈন্যদিগের অপেক্ষা ভাল সৈন্য আর নাই এবং যুদ্ধ ব্যবসায় সর্ব্বাপেক্ষা আনন্দকারক।

ইংলণ্ডে কাথলিক ধর্ম্মালয়ঘটিত যে মকদ্দমা হইতেছিল, তাহাতে মিসসরিণ ৫০০০ টাকার ডিক্রী পাইয়াছেন। বিংশতি বিবস পর্য্যন্ত এই মকদ্দমা হইয়াছিল।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ বিক্রীত হইতেছে।

৩	টাকার সিক্কা	৯২৸৵। ৯৩
৪	৵ কোং	৯৩। ৯৩৷৹
৪	৵ পবলিকওয়ার্ক	১০৫। ১০৫৷৹
৩	৵ কোং	১০৭৸৵। ১০৮
৫॥	কোং	১১২। ১১২৷৹

ইউরোপীয় সমাচার।

২৩ এ মার্চ। আয়ারলণ্ডের ধর্ম্মসম্প্রদায় সংক্রান্ত বিলের উপরে কল্য রাত্রিতে কমন্স সভাতে পুনর্ব্বার তর্কারম্ভ হইয়াছে।

সর রাউণ্ডেল পামার বলিয়াছেন, প্রোটেষ্টাণ্ট পুরোহিতদিগকে ছাড়াইয়া দিবার সম্পত্তি বাজেআপ্ত করা মন্দ নয়। কিন্তু সকল সম্পত্তি কাড়িয়া লওয়া অন্যায় এবং রাষ্ট্রান্তরিত। লো সাহেব এতদ্ভিন্নরে এক বক্তৃতা করিয়াছেন। অদ্য রাত্রিতে তর্কের শেষ হইবে।

মাগদালোর লার্ড নেপিয়রের বেতনবৃদ্ধির বিল বিধিবদ্ধ হইয়াছে। প্রোটেষ্টেনট মজুরগণ ধর্ম্মঘট করিয়া কর্ম্ম ত্যাগ করিয়াছে। বঙ্গদেশ নরনারী মাসেলিসে উপনীত হইয়াছেন।

২৪ এ মার্চ। গত রাত্রিতে আয়ারলণ্ডের ধর্ম্মসম্প্রদায়সংক্রান্ত বিলের উপরে পুনর্ব্বার তর্ক ...ওয়ালপোল ও হার্ডি সাহেব বিলের ...বক্তৃতা করিয়াছেন। হার্ডি সাহেব বলিয়াছেন এই বিল বিধিবদ্ধ হইলে আয়ারলণ্ডের ...টেষ্ট ইংলণ্ডের অধিক বিদ্বেষ হইবে। ...সাহেব বক্তৃতা করিয়া অগ্রসহকারে বিলের সমর্থন করিয়া বলিলেন, ইহা যুক্তি ও বিচারসঙ্গত। বিলের ক্ষুদ্র ক্ষুদ্র অংশ অবশ্যই পরিবর্ত্তিত হইবে।

রিলখানে দ্বিতীয়বার পঠিত হইল। ৩৬৮ জন ইহার অনুমোদন ও ২৫০ জন প্রতিবাদ করিয়াছেন।

লণ্ডন ২৪ এ মার্চ। গত রাত্রিতে কমন্স হাউসে চবেষ্টার ফটেস্ক সাহেব বলেন আর কেনিয়ান কয়েদি ছাড়িয়া দেওয়া গবর্ণমেণ্টের অভিপ্রেত নহে।

গত কল্য মন্ত্রিসভার অধ্যক্ষতা করিসময়ে সম্রাট নেপলিয়ন এক বক্তৃতা করিয়া বলিয়াছেন, প্রজাগণ যথার্থ ও যুক্তিসঙ্গত উৎকর্ষের যে ইচ্ছা করিবেন, তাহা চরিতার্থ করা অত্যন্ত আবশ্যক। কেবল বিপ্লবসূচক চেষ্টা সকলের নিবারণ করা কর্ত্তব্য।

২৫ এ মার্চ। পারিসের শেষ টেলিগ্রামে প্রকাশ করে, তিন ব্যক্তি বিদ্রোহসূচক বক্তৃতা করিয়া ধরিতে গিয়াছেন। এমত জনশ্রুতি একটী ষড়যন্ত্র প্রকাশ হইয়াছে।

এমত জনশ্রুতি এবলা শাপেল হইতে আণ্টওয়ার্প পর্য্যন্ত রেলওয়ে চালাইবার নিমিত্ত এক শ্রেণীর কোম্পানি আবেদন করিয়াছেন।

সর জন হবহাউসের "পঞ্জাবের বারণ লরেন্স" উপাধি হইয়াছে।

পারস্য অখাতের টেলিগ্রাফের যে ৭০ মাইল পরিমাণে তার সমুদ্রে ক্ষেপণ করা হইয়াছিল, তাহার পুনরুদ্ধার হইয়াছে।

স্পেনের নূতন শাসনপ্রণালীর পাণ্ডুলেখ্য প্রকাশিত হইয়াছে। ইহার প্রধান ধারাগুলিতে এই স্থির হইতেছে যে, এক ব্যক্তিকে রাজা করিয়া সেনেট ও প্রতিনিধিসভা করিবে যাবতীয় লোককে প্রতিনিধি মনোনীত করিবার ক্ষমতা দেওয়া কর্ত্তব্য।

২৮ এ মার্চ। স্পেনের শেষ সংবাদে প্রকাশ করে মাবারে একটী কালিষ্ট (১) ষড়যন্ত্র ধৃত হইয়াছে। সাধারণ সভাতে আরও বিদ্রোহসূচক বক্তৃতা হওয়াতে পারিসে আর কয়েক জন ধৃত হইয়াছেন। কতকগুলি লোক সাক্ষ্য করিতে আসেন, মসুর লাবালেট তাহাতে অসম্মত হইয়াছেন। সরকারী পদে নিযুক্ত থাকিবার আইনের যে পরিবর্ত্ত করিবার জন্যে আমেরিকার সেনেটের দ্বারা বিধিবদ্ধ হয় প্রতিনিধিসভা তাহা অগ্রাহ্য করিয়াছেন।

৩০ এ মার্চ্চ। গতকল্য ট্রাফালগার স্কোয়ার্সেষ্ট হোমের স্মরণার্থ বহুতর লোক সমবেত হইয়াছিলেন। কিন্তু তাঁহাদিগের কাহাকে কাজ হয় নাই।

মহারাজ দলীপ সিংহ সপরিবারে এক বাড়িতেই হইয়াছেন

---

(১) ডন কার্লস দুষ্পুর্ষ রাজা ফার্দিনন্দের ভ্রাতা ছিলেন। তিনি ইসাবেলা পদচ্যুত করেন। নিমিত্ত বিদ্রোহী হইয়া কাল যুদ্ধ করিয়াছিলেন। তাঁহার অনুগত দিগকে কালিষ্ট বলে। সং

মহানার	৩	
তথা হইতে জলিপুর		
১৩॥ মাইল মধ্যে	১	৯
জলিপুর হইতে বহরমপুর		
৪৬ মাইলের মধ্যে	২	
বহরমপুর হইতে কাটোয়া		
৫০ মাইলের মধ্যে	২	৯
কাটোয়া হইতে নদীয়া		
৪৬ মাইলের মধ্যে	২	৩

সন ১৮৬৯ সালের ২৯ এ মার্চ তারিখে
মপুর গঞ্জঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
	৩৮	৯

মপুর
মার্চ
২৯
} শ্রীযুক্ত সি ই, উইক, একটি
কিউটীব ইঞ্জিনিয়র নদীয়া
লোকাল রিবার ডিবিজন।

—:০:—

হিন্দুধর্ম্মাবলম্বী এক ব্রহ্মজ্ঞ যিনি সন ১৮৬৯
লর ১৫ মার্চ সোমবার সাঁইথিয়া ইষ্টেসনে
াতিমুখ ৮ নং রেলগাড়ি হইতে পতিত
। হত হইয়াছেন, তাহার অবয়বের বিবরণ।
াম ধাম অজ্ঞাত। কৃষ্ণবর্ণ। বয়ঃক্রম অনুমান
বৎসর; স্বাভাবিক আকৃতি। বসন্তের দাগ
ং নাকের উপর হইতে কপাল পর্য্যন্ত ক্ষতে
। মস্তক গোঁপ দাড়ি এবং ভুরু মুণ্ডন করা।
তেহ অনুভব হয় যে ঐ ব্যক্তি প্রয়াগে
লাহাবাদ) তীর্থ করিয়া প্রত্যাগমন করিতে
ন। উহার অঙ্গে একটী সুবর্ণ এবং একটী
র অঙ্গুরীয় প্রাপ্ত হওয়া গিয়াছে।

গবর্ণমেণ্ট বেলওয়ে
পুলীসের এসিষ্টাণ্ট
ইনস্পেক্টর জেনরল
হেবের আফিস
২২এ মার্চ
সাল
} (স্বাক্ষরিত)
কিউ, টি, পাসন্স
কাপ্তেন আসি
ষ্টণ্ট ইনস্পেক্টর
জেনেরেল

—:০:—

করণ এবং চিকিৎসাতত্ত্ব।
ভাষায় থিওরি এণ্ড প্র্যাক্টিস
ডিসিন সূচীপত্র সম্বলিত ৮ পেজ ফরমার
পৃষ্ঠা উত্তম বাঁধা মূল্য ১০ টাকা ডাকমা
সহিত ১০৷৷০, শ্রীগঙ্গাপ্রসাদ মুখোপাধ্যায়
বি, কর্ত্তৃক সংগৃহীত। যাহার প্রয়োজন
ব, কলিকাতা বৌবাজার হিন্দুহষ্টেল ২৮৮
ভবনে শ্রীগুরুদাস চট্টোপাধ্যায় মহাশয়ের
ট তত্ত্ব করিলে পাইতে পারিবেন।

সোমপ্রকাশ।

২৪ এ চৈত্র সোমবার।

বাবু প্রসন্নকুমার ঠাকুরের উইলের মকদ্দমার শেষ হইয়া গিয়াছে। বাবু প্রমোহন ঠাকুরের জয় ও জ্ঞানেন্দ্র মোহন ঠাকুরের পরাজয় হইয়াছে। জ্ঞানেন্দ্র বাবুকে মকদ্দমার সমুদায় ব্যয় দিতে হইবে। প্রধানতম বিচারালয়ের ইদানীন্তন ভাব দেখিয়া আমাদিগের পূর্ব্বে এরূপ অনুমান হয় নাই যে, এপ্রকার বিচার হইবে। বোধ হয়, অনরেল ফিয়ার সাহেব বিচারপতির আসনে উপবেশন এবং আডবোকেট জেনরল কোই সাহেব উইলের পক্ষসমর্থন করাতেই এরূপ ঘটিয়াছে। রাজা রাধাকান্ত দেবের উইল ও জয়কালীর মকদ্দমার বিচার দর্শন করিয়া প্রধানতম বিচারালয়ের উপরে আমাদিগের নিতান্ত অনাস্থা জন্মিয়াছে। জীবদ্দশায় আমার বিষয় আমি যা ইচ্ছা তাই করিতে পারি, অন্য কথা কি জলে ফেলিয়া দিলেও কেহ নিবারণ করিয়া রাখিতে পারেন না; কিন্তু মৃত্যুকালে সেই বিষয়ের আমি যথেচ্ছ বিনিয়োগ করিলে সিদ্ধ হইবে না, ইহার তুল্য অদ্ভুত সিদ্ধান্ত আর কি আছে? হিন্দুশাস্ত্রকারেরা স্বত্বের যে লক্ষণ নির্দ্দেশ করিয়াছেন, যদি যথেষ্টবিনিয়োগক্ষমতা না থাকে, তাহা অনুপপন্ন হয়; যিনি যে বিষয় অর্জ্জন করেন, অথবা যে বিষয়ের অধিকারী হন, তাহা চির অনুৎসন্ন থাকিয়া নিজ বংশের নামরক্ষা হয়, হিন্দু মাত্রেরই এই ইচ্ছা। কাহারে বিষয়ের রক্ষণাবেক্ষণ ভার সমর্পণ করিলে অথবা কিপ্রকার ব্যবস্থা করিলে বিষয় রক্ষা হয়, বিষয়াধিকারী যেমন বুঝিতে পারেন, অন্যে সেরূপ পারেন না। এরূপ স্থলে বিচারপতির নিজ ইচ্ছামত উইল অসিদ্ধ করা যে কতদূর

...যানি, কোন ...
হইবার সম্ভাবনা নাই।

অপর, সদাশয় ব্যক্তি ... ও চেষ্টা এই, সমাজ... স্রোত প্রবল না হয়। ব্য... হইলেই সমাজ উৎসন্ন হইয়... কিন্তু জয়কালীর মকদ্দমার নিষ্প... দর্শন করিয়া স্পষ্ট বোধ হইতে... ব্যভিচারের প্রশ্রয় দিয়া হিন্দু স... জকে উৎসন্ন করাই অত্রত্য প্রধ... তন বিচারালয়ের উদ্দেশ্য।

—:০:—

মান্দ্রাজের লাড নেপিয়র ও
বিশ্ববিদ্যালয়ের উপদেষ্টক।

মান্দ্রাজের শাসনকর্ত্তা লার্ড নে... য়র বিশ্ববিদ্যালয়ে পাঁচ জন উপদে... নিয়োগের প্রস্তাব করিয়াছেন। প্র... ব্যক্তি বাটীপ্রভৃতি প্রস্তুত করি... ও কলের বিষয়ে, দ্বিতীয় ব্যক্তি পদ... ও রসায়ন বিদ্যার বিষয়ে, তৃতীয় ব্য... ইতিহাস ও সাহিত্যের বিষয়ে, চ... ব্যক্তি জ্যোতিষ বিষয়ে এবং প... আইনের বিষয়ে উপদেশও শি... দিবেন। এই সকল লোককে উচ্চ... বেতন দিয়া সাক্ষাৎসম্বন্ধে ইংলণ্ড হ... আনয়ন করা তাঁহার অভিমত। শা... কর্ত্তার দুই জন মন্ত্রী তাঁহার প্রস্তা... মূল যুক্তির অনুমোদন করিয়াছে... কিন্তু উপদেশকের কর্ত্তব্য কার্য্যের বি... মতভেদ হইয়াছে। এক জন বলেন, ক... প্রস্তুত করিবার উপদেশকের প্রয়ো... নাই; আর এক জন সংস্কৃত অধ্যা... নিয়োগের প্রস্তাব করিয়াছেন। এ... ঘরে মান্দ্রাজের ডিরেক্টরের ... জিজ্ঞাসা করাতে তিনি বলিয়াছে... এ বন্দোবস্তে কতকগুলি টাকা বৃথা

...ব ? ইউরোপ ও আমে...
...প্রণালী আছে ; কিন্তু
...রোপে যত শ্রীবৃদ্ধি হই
...ে তাহা হয় নাই। শিক্ষা
...বিশেষ উন্নতি না হইলে বিশ্ব
...র উপদেশক হইতে কাজ হয়
...। পাউএল সাহেব বলেন শিক্ষাই
...হদ্দিগের পক্ষে ভাল, ইউরোপে উপ
...দেশ দিবার যে প্রণালী আছে, তাহা
...তদ্দেশীয় লগের হৃদয়গ্রাহী হইবে না।
...র্ত্তমান অবস্থা বিবেচনা করিলে এবথা
...সঙ্গত হইতেছে না। আইনের উপ
...দেশশ্রেণীতেই তাহার পরীক্ষা হই-
...তেছে ; অধ্যাপক বকিয়া যানমাত্র ;
...াত্রগণ কিছুই শ্রবণ করেন না। তাঁহারা
...কবল গৃহে পাঠ করিয়া পরীক্ষা দেন :
...াজি যদি উপদেশ শ্রবণ না করিয়া
...রীক্ষা দিবার নিয়ম হয়, কল্য আইন
...শ্রেণি শূন্য হয়।

প্রস্তাবের উদ্দেশ্য কি ? কয়েকজন উ
...দেশক করিলে ইতিহাস, গণিত, বিজ্ঞা
...নের যে উচ্চতর শিক্ষা হইবে, যাবতীয়
...বদ্যালয়ের ছাত্রগণ তাহার ফলভোগী
...ইবেন। এক্ষণে প্রতিকালেজে প্রত্যেক
...বসয়ের নিমিত্ত এক এক জন অধ্যা
...পকের প্রয়োজন, বিশ্ববিদ্যালয়ে উপাদে
...ক হইলে এইসকল বিদ্যালয়ের সেই সেই
...ষয়ের অধ্যাপকের নিমিত্ত গবর্ণমেণ্ট
...ন সাহায্য দেওয়া ত্যাগ করিবেন। কেবল
...য় সংক্ষেপের উদ্দেশে যদি এই প্রস্তাব
...করা হইয়া থাকে, ইহাতে অনিষ্ট বিনা
...ইষ্টলাভসম্ভাবনা নাই। যাহারা শিক্ষা
...পথে কেবলমাত্র প্রবেশ করিয়াছেন,
...হারা যে কেবল উপদেশ শ্রবণ করিয়া
...ব্যুৎপত্তি লাভ করিবেন, ইহা কোন

...নই সম্ভাবিত নহে। তবে কালেজে
...যেরূপ শিক্ষা ও অধ্যাপকনিয়োগের
...নিয়ম আছে, তাহা অপরিলুপ্ত থাকিয়া যদি
...লার্ড নেপিয়রের প্রস্তাবানুরূপ কার্য্য
...হয় তাহাতে আপত্তি নাই। বরং তাহাতে
...বিশেষ উপকারলাভসম্ভাবনা আছে।
...কালেজে যে শিক্ষালাভ হইবে, বিশ্ব
...বিদ্যালয়ের উপদেশকের নিকটে উপ
...দেশ শ্রবণ করিয়া কেবল যে তাহা
...মার্জ্জিত হইয়া উঠিবে এরূপ নয়, নূতন
...নূতন বিষয়ে জ্ঞানলাভ হইবে। ফলতঃ
...লার্ড নেপিয়রের যদি এটী অভিপ্রেত
...হয়, তাহা হইলে তাঁহার প্রস্তাব কার্য্যে
...পরিণত করা আবশ্যক।

—:০:—

অচিহ্নিত কর্ম্মচারীদিগের পদত্যাগ।

সম্প্রতি ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, নিম্নতর শাসন ও অচিহ্নিত বিচারকার্য্যে যেসকল কর্ম্মচারী নিযুক্ত আছেন, ৫৫ বৎসর বয়ঃক্রম হইলে তাঁহারা আর পদস্থ থাকিতে পারিবেন না। যে স্থলে ষ্টেটসেক্রেটারি বিশেষ আজ্ঞা দিবেন, সেস্থলে এ নিয়ম খাটিবে না। এই নিমিত্ত যাবতীয় কর্ম্মচারীর বয়ঃক্রম ও কার্য্যকাল জানিবার নিমিত্ত সর্ব্বত্র এক এক তালিকা প্রেরিত হইয়াছে। ১৮১০ অব্দের জানুয়ারি অবধি এই নিয়মানুসারে কার্য্য আরম্ভ হইবে। অনেকে এনিমিত্ত দুঃখিত হইয়াছেন। সিবিলিয়ানেরা ৩৫ বৎসরের অধিক কাল কাজ করিতে পারেন না ; বর্ত্তমান নিয়মানুসারে তাঁহারা ২৪ বৎসরে কার্য্য আরম্ভ করেন, ৬০ বৎসরের সময়ে তাঁহাদিগকে পদত্যাগ করিতে হয়। অচিহ্নিত কর্ম্মচারিগণের পক্ষে এ নিয়ম না করা অন্যায়। যাঁহারা বিচার করেন তাঁহাদিগের অধিক বয়ঃক্রম হইলে বরং কাজ আরও ভাল হয়। ইংলণ্ডের অনেক বিচারপতি বৃদ্ধ। ডাক্তর লশিংটন ৯০ বৎসর বয়ঃক্রমকালেও আইনের কূটি
তর্কের মীমাংসায় সমর্থ হইয়াছেন।
প্রিবি কৌন্সিলের বর্ত্তমান জজদিগে
সকলেই বৃদ্ধ। এদেশে ৬০ বৎসরে
মধ্যে কাহারই বুদ্ধিহ্রাস হয় না
প্রত্যুত ৪০ বৎসরের পর অবধি ৬
পর্য্যন্ত বুদ্ধির পরিণামাবস্থা হয়। অত
এব ৬০ বৎসরপর্য্যন্ত সীমা করা অতি
শয় কর্ত্তব্য। বোধ হয় কর্ম্মচারিগ
আবেদন করিলে গবর্ণমেণ্ট তাহা শ্রব
করিতে পারেন।

—:০:—

এতদ্দেশীয় ও ইউরোপীয়
ইঞ্জিনিয়রগণ।

এতদ্দেশীয় ইঞ্জিনিয়রগণের প্রতি
যে অবিচার হইয়া থাকে, তাহা কাহ
রও অবিদিত নাই। যাঁহারা আমাদি
গের উন্নতির পথে কণ্টক ক্ষেপণে অনু
রাগী, তাঁহারা বলিতেছেন, এতদ্দেশী
য়েরা উপযুক্ত হইলে সুপরিণ্টেণ্ডেণ্ট
ইঞ্জিনিয়রেরা তাঁহাদিগের উন্নতি
নিমিত্ত গবর্ণমেণ্টকে অনুরোধ করিতেন
সকলে না করুন কোন কোন সুপরিণ্টে
ণ্ডেণ্ট ইঞ্জিনিয়র এই অনুরোধ করিয়া
ছিলেন ; কিন্তু গবর্ণমেণ্ট ইহা গ্রাহ্য
করেন নাই। এতদ্দেশীয় ইঞ্জিনিয়র
কিসে অনুপযুক্ত ? বিপক্ষেরা বলেন
ইঞ্জিনিয়র হইলে সর্ব্বদা পরিশ্রম করিতে
হয়, এতদ্দেশীয়েরা তাহা পারেন না
কিন্তু একথা সম্পূর্ণ অমূলক। যথার্থ
পরিশ্রম এতদ্দেশীয় কর্ম্মচারীরাই করিয়া
থাকেন। মজুর সংগ্রহ, কণ্ট্রাক্টরগণে
বুজ্জতানিবারণ, সকল বিষয় স্বচক্ষে
দর্শন এসকল কাজ এতদ্দেশীয় ইঞ্জিনি
য়রগণ হইতেই হইয়া থাকে। ইউরো
পীয়েরা হিসাব প্রস্তুত করিয়া কণ্ট্রাক্ট
দেন এবং সকল কাজ হইয়া গেলে এক
বার দর্শন করিয়া আইসেন। ইউরোপ
হইতে যেসকল ইঞ্জিনিয়র আইসেন

যুক্ত বাবু সূর্য্যকান্ত আচার্য্য চৌধুরীমহো
সাপূর্ব্বক, আমার সংগৃহীত দেওয়ানী
বধানের অবশিষ্টাংশ মুদ্রাঙ্কনার্থ
ক এক কালীন ১০০০ এক সহস্র টাকা
রয়াছেন। সূর্য্যকান্ত বাবু যে অনাথ
বন্ধু বিপদাপন্ন ব্যক্তির বিপদুদ্ধারক,
স্বকাতর, স্বদেশের হিতৈষী, সর্ব্বসাধা
উপকারসম্পাদনে অগ্রসর, ধনমত্ততা
স্পর্শশূন্য এবং ধন ও জীবন অকিং
পরোপকারলক্ষ্য সৎকার্য্যসম্পাদন
জীবনের উদ্দেশ্য বলিয়া জ্ঞান
, তাঁহার অন্তঃকরণ যে কতদূর পরি
উল্লিখিত দানের দ্বারা ইহা বিলক্ষণ প্রতি
ইতেছে। যখন একখানি উৎকৃষ্ট গ্রন্থ
নাপ সূর্য্যকান্ত বাবু অকাতরে ১০০০ এক
টাকা একবারে দান করিয়াছেন, তখন
খিত সদ্গুণপ্রভৃতিতে যে তাঁহার অন্তঃ
বিভূষিত যুক্তিদ্বারা ইহা অবশ্যই সিদ্ধ ও
ত হইবে। যেহেতু সদ্গুণসম্পন্নব্যক্তি
ইলে অধিক দানস্পৃহা বলবতী হয় না।
দি সূর্য্যকান্ত বাবু এসময়ে সংগ্রহ মুদ্রা
কে প্রদান না করিতেন, তাহা হইলে দেও
কার্য্যবিধানের অবশিষ্টাংশ মুদ্রাঙ্কন
া গ্রন্থ খানি সমাপন করা আমার সাধ্য
হইত এবং প্রথম ও দ্বিতীয় খণ্ড মুদ্রাঙ্ক
সঙ্গে আমি যে অর্থব্যয় করিয়াছি, সেই
য় ব্যয়ের দ্বারা কিছুই ফল প্রাপ্ত হইতাম
সূর্য্যকান্ত বাবুর করুণাই আমার সংগৃহীত
সমাপনের নিদানভূত অতএব সূর্য্যকান্ত
সমীপে আমি চিরকালের নিমিত্ত কৃত
ণপাশে বদ্ধ থাকিলাম।

রান্ত জগদীশ্বরের নিকট কায়মনোবাক্যে
না এই, সূর্য্যকান্ত বাবু দীর্ঘজীবী হউন
সময়ে সময়ে তাঁহার দ্বারা স্বদেশের হিত
ন, সাধারণের এবং ব্যক্তিবিশেষের উপ
সম্পাদন ও পূর্ণ বাঙ্গালা বিভাগের মুখ
ল হউক। সকলে তাঁহার গুণে বশীভূত
া আজীবন যশঃকীর্ত্তন করুক এবং তিনি
সকলের প্রণয়ভাজন হইয়া সংসারযাত্রা
াহ করেন।

পরিশেষে পূর্ব্ববাঙ্গালা বিভাগনিবাসী জমী
মহাশয়দিগের সমীপে কিঞ্চিৎ নিবেদন করিয়া
প্রসঙ্গের উপসংহার করিতেছি।

উল্লিখিত জমীদার মহাশয়দিগের সমীপে
ংয় নিবেদন এই, তাঁহারা সময়ে সময়ে
ম্বাবলাস হইতে কিঞ্চিৎ অবসর হইয়া
সুর্য্যকান্ত বাবুর স্বভাবের অনুরূপ কর্ম্ম করুন।
তাঁহারা যদি সূর্য্যকান্ত বাবুর ন্যায় সৎকার্য্য
সম্পাদনে অগ্রসর হন, তাহা হইলে তাঁহাদের
দ্বারা স্বদেশের কত উন্নতিসাধন, জনসমাজের
কত মঙ্গলকর কার্য্য সম্পাদন হইবে, তাহা
বলিয়া শেষ করিতে পারি না এবং তাঁহারাও
সাধারণসমীপে খ্যাতি প্রতিপত্তি লাভ করিয়া
পরম সুখী হইবেন সন্দেহ নাই। ভোগবিলাসী
দমীদার মহাশয়েরা কি একবার মনেও করেন
না যে এই জীবন ও ধন অতি ক্ষণভঙ্গুর। তাঁহারা
যে কি নিমিত্ত অনুরূপ পরিণামবিরস বিষয়ে
প্রমত্ত থাকিয়া সৎকার্য্যে উপেক্ষা করেন,
তাহা চিন্তা করিয়াও জানা যায় না।

কলিকাতা
৭ই চৈত্র
১২৭৫ সাল

আপনার
একান্ত অনুগত
শ্রীরামচন্দ্র ভৌমিক।

—:০:—

মহাশয়! আমাদের এই প্রেরিত পত্র খানিকে আপনার বিখ্যাত পত্রিকাপার্শ্বে স্থান দানে বাধিত করিবেন।

সম্পাদক।

সত্যের জ্যোতিঃ কিছুতেই আবৃত রাখিতে পারে না। এত দিন আমাদের এই আদিম সত্য ভারতভূমিকে পৌত্তলিকতারূপ তমোরাশিতে আচ্ছন্ন করিয়া রাখিয়াছিল। কিন্তু এক্ষণে সেই অনাদি, অনন্ত, নির্ব্বিকার, নিরাময়, নিরাকার, জ্যোতির্ম্ময়, ভূমার সত্যস্বরূপ জ্যোতিঃপ্রভা দিন দিন এই ভারতমাতাকে সমুজ্জ্বলিত করিতেছে। লোক ক্রমে যতই সত্য পদবীতে অধিরোহণ করিবেন, ততই পৌত্তলিকতারূপ ভ্রমজাল তিরোহিত হইবে সন্দেহ নাই। সেই মোহান্ধকার দূর করিবার জন্য ব্রাহ্ম ধর্ম্মের সূত্রপাত হইয়াছে।

সম্পাদক মহাশয় বিগত ১৯ এ ফাল্গুন নবাহনগরে মহাসমারোহপূর্ব্বক এখানকার ব্রাহ্ম মহোদয়গণ একটী ব্রাহ্ম মন্দির প্রতিষ্ঠিত করিয়াছেন। ইহাঁরা দুই তিন বৎসর পর্য্যন্ত কোন ব্রাহ্ম ভ্রাতার আলয়েই উপাসনাদি নির্ব্বাহ করিয়া আসিতেছিলেন। সম্প্রতি একটী ইষ্টকনির্ম্মিত প্রশস্ত সমাজগৃহ প্রস্তুত করিয়াছেন। উক্ত দিন প্রত্যূষে ব্রাহ্ম মহোদয়গণ সকল স্নানাদি ক্রিয়া সমাপনপুরঃসর পবিত্র হইয়া প্রথমতঃ পূর্ব্ব উপাসনা স্থানে গমন করিলেন। তখন কিঞ্চিৎ কাল এখানকার আচার্য্য শ্রীযুক্ত শশিপদ বন্দ্যোপাধ্যায় মহাশয় স্তোত্র পাঠ করিলেন। তৎপরে ব্রাহ্ম ভ্রাতারা সম্মিলিত হইয়া, করুণাময় পরম পিতার উদ্দেশে কএকটী সঙ্গীত উপাসনা একটী সঙ্গীত ঈশ্বরের নিকট মন্দিরে প্রবেশ করিয়া লোকসকলকে একটী সুবিধা দেয় উদ্দেশ্য ও শান্তভাবে যেন তিনিই আদরের সহিত ইহা বুঝাইয়া দিলেন। পার্শ্বে ব্রাহ্মিকাদিগের নিমিত্ত স্বতন্ত্র স্থান নির্দ্দিষ্ট করা হইয়াছিল। তথায় ব্রাহ্মিকাগণ আসিয়া সেই অনাথের মহেশের পদাশ্রয় গ্রহণ করিলেন। বেলা দুইপ্রহরপর্য্যন্ত সঙ্গীত ও প্রার্থনাদ্বারা সুখে মন্দিরে কালযাপন করিয়া তৎপরে ভঙ্গ হইল। বৈকালে বেলা প্রায় ৫ টার পুনরায় ব্রাহ্মভ্রাতারা মিলিত হইয়া, গৃহে প্রত্যাগমন করিলেন। প্রাতে কলি হইতে কোন ব্রাহ্ম মহোদয় আইসেন বৈকালে কেশববাবুপ্রভৃতি ৭।৮ জন কলি হইতে আসিলেন। ছয়টার খাল ালের সহিত সমাজগৃহে সংব আরম্ভ হইল। প্রায় ১ ঘণ্টা কীর্ত্তন হইয়া পরে শ্রীযুক্ত কেশব বাবু বেদিতে আ করিলেন। বৈকালে উক্ত মহাত্মাই আচ ভার গ্রহণ করিলেন। তিনি প্রথমতঃ জগ নিকট প্রার্থনা করিলেন, তৎপরে সমু লোকবৃন্দকে বিবিধপ্রকার হিতগর্ভ উ প্রদান করিতে লাগিলেন। ইহার মধ্যে একটী একটী সঙ্গীত হইতে লাগিল। পরে বাবু একটী প্রার্থনা করিলেন। গৃ অনুন একশত লোকের সমাগম হইয়া তন্মধ্যে প্রায় ৪০ জন ব্রাহ্ম মতাবলম্বী। ইহাঁদের বিদ্বেষী, তাঁহারাও প্রায় শ লোক প্রচ্ছন্নভাবে থাকিয়া সঙ্গীত প্রা ক্রন্দনাদি শ্রবণ করিয়া বিগলিতহৃদয়ে প্রত্যাগমন করিলেন।

উপসংহারকালে বক্তব্য এই যে নিধন তাঁহার এরূপ ভক্তিপরায়ণ পুত্রসকলকে নির্ব্বিঘ্নে রাখুন। গুণী যশঃ ঘোষণা না করিলে প্রত্যবায় আছে বলিয়া অদ্য এই প্রবন্ধটী সমীপে প্রচার করিতে বাধ্য হইলাম। শশিপদ বন্দ্যোপাধ্যায় মহাশয় উদ্যোগী যে কেবল এই ব্রাহ্ম মন্দির প্রতি

ণ করিব

বাচের দর্শকস্য

রহাহনগর

—:০:—

ও ফ্রেণ্ড অব ইণ্ডিয়া।

প্রবাদ ফ্রেণ্ড অব ইণ্ডিয়া বঙ্গদে
নগরকে অক্রমণ করিতেছে
অনিষ্টকর জুরিস, উৎ
ী ও অনুপযুক্ত এ কথা স্পষ্টাভিধানে
ইয়াছে যখন ফ্রেণ্ড অব ইণ্ডিয়া কোন
বা ব্যক্তির প্রশংসা অথবা নিন্দা
তখন তাঁহার অনেক বাটা বাদ দিয়া
করিতে হইবে; অতএব যে দোষটী
তে দেখা গিয়াছে, তাহা সর্ব্বত্র আছে এ
রো বিশ্বাস করিবেন, তাঁহাদিগের মহা
বে। ফ্রেণ্ড যে দলের পরিচায়ক, তাঁহারা
শর প্রধান শত্রু, বঙ্গদেশে কোন উন্নতি
ক তাহা তাঁহারা স্বীকার করেন না। যাহা
ভারতবর্ষীয় জানেন না, তাঁহারা তাহা
করিয়া বলিয়া বেড়ান বাঙ্গালী কর্ম্মচা
পরে ভারতবর্ষের সকল স্থানের লোক
এই মহামতিগণ যে দলের
সেই দলভুক্ত; অতএব তাঁহার নিন্দা
হে। তথাপি ফ্রেণ্ড যাহা বলিয়াছেন যে
প্রদর্শন করিয়াছেন তৎপ্রতি এক কালে
া করা উচিত নহে।

মাদিগের বিচারপতিগণ যে প্রকার উচ্চ
ত ও অজ্ঞ তাহাতে জুরিপ্রণালী অতি
য়োজনীয়। যে অবস্থায় ইংলণ্ডে ইহা
তা ও সুবিচারের প্রধান প্রতিভূ হয়,
বস্থা এ দেশে রহিয়াছে। আমাদিগের
ন অজ্ঞদিগের দ্বারা আমা আইন জানেন
স্থলে কতকগুলি অপক্ষপাতী লোক
ী থাকেন তাহা প্রার্থনীয়, কিন্তু
ইংলণ্ডীয় মহাসভার সভ্যগণ উৎকো
মনোনীত হন, এদেশেও অনেকে যে
জুরদিগকে উৎকোচ দিবার চেষ্টা
। কেহ কেহ তাহা গ্রহণ করেন তাহা
স্বীকার করিতে হইবে; কিন্তু
লো যে দোষ দিয়া থাকে, তাহা অমূলক;
কয় তাঁহার স্থাণ নাই, যে সকল বাঙ্গালী
সুপ্রমাণ করেন তাহাতে জুরিপ্রণালী
প্রতীত হয়। অতএব আমরা

বোধ করি, তিনি ভ্রমবশতঃ বলিয়াছেন যে সময়ে সকলে একবাক্য হইয়া এই প্রণালীর প্রতিবাদ করিয়াছিলেন। প্রণালীটী উত্তম। আমাদিগের কালেক্টরগণ যদিও ভদ্র ও কৃত বিদ্যলোকদিগকে জুরর করেন না। কিন্তু কলিকাতের দশ ক্রোশ পরিধির মধ্যস্থিত লোকদিগের মধ্য হইতে জুরর মনোনীত করা কর্ত্তব্য। নিয়মও এই; কিন্তু কার্য্যতঃ সদর মহকুমায় কতগুলি দোকানদার ও মুখ লোককে লওয়া

পরগণাকে দৃষ্টান্তস্বরূপ গ্রহণ করা গেল। তথাকার জুরিতালিকার মধ্যে উপনগরের দশ ক্রোশ পরিধির বাহিরের এক জন জুরর নাই। কিন্তু বারাসত, ছালিসহর, নিবারিয়া, পাণিহাটিপ্রভৃতি গ্রামে অতিশয় উপযুক্ত লোক আছেন, পৃথিবীর অর্থ দিলে ইহারা উৎকোচ লন না। ২৪ পরগণা, কৃষ্ণনগর, যশোহর ঢাকাপ্রভৃতি স্থানে জুরিদ্বারা যথার্থ বিচার হয়, তাহা অজ্ঞদিগকে জিজ্ঞাসা করিলে জানা যাইবে হুগলী ভারত ছাড়া জেলা। এখানকার যেমন পুলিষ, তেমনি আদালত, সেইপ্রকার জুরি। জুরির তালিকা দেখিলে শতকরা পাঁচ জন কৃতবিদ্যের নাম দেখা যাইবে না। এমত স্থলে যে অবিচার হইবে তাহার সন্দেহ কি। জুরি মনোনীত ক
তার কোন এতদ্দেশীয় ডেপুটি ম্যাজিষ্ট্রেটে প্রদান কর, জেলার যাবতীয় গ্রাম হইতে যথার্থ কৃতবিদ্য লোকদিগকে জুরর কর, তখন দেখিবে বাহিরদাস সরকারের ন্যায় মকদ্দমা আর হইবে না। স্বেচ্ছাপূর্ব্বক মন্দ লোক লইবে, তাহারা অন্যায় করিলে আবার আক্ষেপ কর কেন? আমরা আরো বলিতেছি, বিচারশেষ না হইলে জুরবদিগকে ছাড়িয়া দেওয়া অনুচিত। যেখানে জুরিপ্রণালী আছে সেখানে বিচারপর্য্যন্ত কক্ষ রাখিবার প্রণালী রহিয়া আছে। গবর্ণমেণ্ট এই কার্য্য করুন, তবে আর আক্ষেপের কারণ থাকিবে না। জুরিপ্রণালীগত যেসকল দোষ বাহির হইতেছে তন্নিমিত্ত কালেক্টরগণ দায়ী। এই প্রণালীটী কলঙ্কিত হয়, ইহা ইহাদিগের মনোগত অভিপ্রায়। এই নিমিত্তই ইহারা প্রায় ভাল লোককে লন না। গবর্ণমেণ্ট কি ইহা অবগত আছেন?

শ্রী—ঃ

—:০:—

মহাশয়! এবারে ১৮৬৮ অব্দের বাঙ্গলা চাত্রবৃত্তি পরীক্ষায় মেদিনীপুর গবর্ণমেণ্ট বাঙ্গলা বিদ্যালয় প্রথম হওয়াতে কর্তৃপক্ষেরা মত প্রকাশ করিয়াছেন যে, ঐ বিদ্যালয়ের শ্রীযুক্ত পণ্ডিত রমানাথ তর্করত্ন প্রধান শিক্ষক ও শ্রীযুক্ত পার্শ্বতীচরণ মুখোপাধ্যায় দ্বিতীয় শিক্ষক ও শ্রীযুক্ত হৃদয়নাথ তৃতীয় শিক্ষক ও শ্রীযুক্ত উদয়চাঁদ সর্ব ৪র্থ শিক্ষক ও শ্রীযুক্ত মহেশচন্দ্র দে ৫ম শি ও শ্রীযুক্ত প্রিয়নাথ ঘোষ ৬ষ্ঠ শিক্ষ টাকা করিয়া পারিতোষিক প্রাপ্ত হইয়াছে ইহা অতিশয় আহ্লাদের বিষয় সন্দেহ নাই কিন্তু পারিতোষিকদানটী ক্রমান্বয়ে হইলেই ভাল হইত। শিক্ষকগণ কিছু পাইলেই আনন্দের বিষয় হয়।

এক্ষণে মেদিনীপুর বাঙ্গালা বিদ্যালয়ে সংখ্যা বৃদ্ধি হওয়াতে গৃহবৃদ্ধিরও আবশ্য হইয়াছে, সুতরাং সম্পাদক ডেপুটি ইনস্পে ও ইনস্পেক্টর মহোদয়ের যত্নে অনেক টাকা হইয়াছে। ছাত্রবৃত্তি বেতনের টাকা সেই অধিক টাকা প্রাপ্ত হওয়া যায়। তদ্ভিন্ন কদের নিকটেও চাঁদা করা হইয়াছিল হউক, যত শীঘ্র নূতন গৃহটী প্রস্তুত হয় ভাল। মেদিনীপুর বাঙ্গালা বিদ্যালয়ের শিক্ষক শ্রীযুক্ত হৃদয়নাথ দাস ফুল ফু একটী সাংঘাতিক পীড়ায় আক্রান্ত হইয়া ইনি অতি উপযুক্ত ও ভদ্র, ইহাঁর এইরূপ তিক পীড়াদর্শনে আমরা অতিশয় দুঃ হইয়াছি, প্রার্থনা করি জগদীশ্বর শীঘ্র ই সুস্থ করুন। বিদ্যাসাগর মহাশয় যখন বাঙ্গালা বিদ্যালয়সমূহের স্পেশিয়েল ইনস্পে ছিলেন, ইনি সেই সময়েই পণ্ডিত মাধ তর্কসিদ্ধান্ত ডেপুটী ইনস্পেক্টরদ্বারা এই লয়ে নিযুক্ত হইয়াছেন। প্রায় ১৪ বৎসর ইনি এই বিদ্যালয়ে কার্য্য করিয়া অতি প্রতিষ্ঠালাভ করিয়াছেন।

মেদিনীপুর
২০ এ মার্চ্চ
১৮৬৯

অনুগত
শ্রী:—

—:০:—

কাপ্তেন বাবু।

বাবু অনেক প্রকার আছে। চক্ষু বাবু, বাবু, নবাব বাবুপ্রভৃতি। এগুলি আমা জল বায়ু হইতে উৎপন্ন হইয়াছেন। চি বালকের ন্যায় বস্ত্র ও অলঙ্কারপরিধান, মান কেশ ধারণ, মুখও চিরকাল এ এগুলি চক্ষু বাবুর চিহ্ন। ফতো বাবুর নাই, অথচ বাবুর ঢেঁড়া বুজমানুষী হইবে। নবাব বাবুগণ যথার্থ ধনবান। উত্তম বস্ত্র, উত্তম আহার বুঝেন। দান তৎপর। তবে দোষের মধ্যে এক গুঁয়ে

ীয়া ও পারস্যের উপরে তিনি স্পষ্টে
দ্বয় প্রকাশ করিয়াছেন। তাহাঁর
ত মৈত্রী করা ব্রিটিশ গবর্ণমেণ্টের
াস্ত আবশ্যক। তাঁহার সহিত মৈত্রী
বদ্ধ হইলে রুশীয়ার প্রসর নিবারণের
পূর্ণ সম্ভাবনা আছে। দরবারগুলি
ক্ষয়ের একটী প্রধান হেতু। এই
তু আমরা ইহার অনুরক্ত নহি; কিন্তু
মরা মুক্তকণ্ঠে কহিতেছি, এ দরবারে
ব্যয় হইল, তাহা বিফল হইল না।
ার আলির সহিত মৈত্রী হইলে
রিণামে একটী মহৎ ইষ্ট ফল লাভের
াবনা আছে।

—:•:—

প্রাপ্ত।

া যাইতেছে, এখানকার প্রধানতম বিচা
র জয়কালী দেবীর মকদ্দমায় যে সিদ্ধান্ত
রয়াছেন, চাঁদা করিয়া তদ্বিরুদ্ধে প্রিবিকৌ
লে আপীল হইবে। এটী করা অতিশয় অব
ক। কেবল আমাদিগের উত্তরাধিকারের
নুরোধে নহে, সমাজের ধর্ম্মনীতি রক্ষা
র্মিত্ত আপীল করা অতিশয় উচিত। প্রধান
ম বিচারালয়ের বারিষ্টর বিচারপতিদিগের
একটী রোগ জন্মিয়াছে। তাঁহারা ভাবেন
দেশীয়দিগের সামাজিক আচার ব্যবহারের
ত অন্যথা করিতে পারেন, ততই ভাল হয়।
ক জন বিচারপতি অন্তঃপুরস্থ স্ত্রীলোক
গকে দেওয়ানী ডিক্রীতে জেলে দিতে
দ্যত হইয়াছেন। আবার কতকগুলি
দ্ধান্ত করিয়াছেন, স্বামীর সম্পত্তির অধি
ী হইয়া বৎসরান্তে ভ্রূণহত্যা করিলে
কান দোষ নাই। হিন্দুশাস্ত্রকারেরা পিণ্ড
ন নিয়মানুসারে ধনাধিকারব্যবস্থা করিয়া
ছেন। ব্যভিচারিণীর পিণ্ডদানে অধিকার
ই। তাহার মৃত পতির পিণ্ডদানে সাধু
গ প্রবৃত্তি হইবারও সম্ভাবনা নাই
রকালী যে ভ্রষ্টা তাহার সন্দেহ নাই;
মীর মৃত্যুর পর তাহার কন্যা হইয়াছে।
াপি বারিষ্টর বিচারপতিগণ এই স্ত্রীলো
ক সম্পত্তির অধিকারিণী করিয়াছেন।

এই আজ্ঞাদ্বারা হিন্দুসমাজের ম
নাই অবমাননা করা হইয়াছে। এই আ
বলবর্তী থাকিলে বেশ্যাবৃত্তির আত্যন্তিক
প্রশ্রয় হইবে সন্দেহ নাই।

আমরা প্রধান বিচারপতিকে একটী কথা
বলিতেছি, হিন্দু আইন ঘটিত মকদ্দমা উপ
স্থিত হইলে এক জন সিবিলিয়ান ও এত
দ্দেশীয় বিচারপতিকে সঙ্গে লওয়া অতিশয়
আবশ্যক। বারিষ্টরগণ দায় ও সমাজ
ঘটিত বিষয়ের যথার্থ বিচারে সমর্থ নহেন।
তাঁহারা সম্প্রতি যে করেকটী বিচার করিয়া
ছেন এদেশের পণ্ডিতমণ্ডলী তাহার এক
টীরও অনুমোদন করিতেছেন না

—:০*০:—

বিবিধ সংবাদ।

১৭ই চৈত্র সোমবার।

পোর্টকামিণ্ড কোম্পানির সুন্দরবন ইজারা
যাইতেছে। এই ইজারাতে কোম্পানির এক
লক্ষ টাকা আয় হয়, কিন্তু গবর্ণমেণ্ট ৯০০০
টাকামাত্র লাভ পান। লোকের অতিশয় কষ্ট
হওয়াতে রেবেনিউ বোর্ড ইজারা ছাড়াইবার
সংবাদ দিয়াছেন। ইজারা গেলে দরিদ্র লোকে
রক্ষন করিয়া বাঁচিবে।

আলোয়ারের রাজা নীমরাণার ঠাকুরের
জায়গির বাজেয়াপ্ত করিয়া লিলেন। ইহার আ
বার্ষিক ৪০,০০০ টাকা। ঠাকুর গবর্ণমেণ্টের
নকটে আপীল করাতে রাজা জায়গির ছাড়িয়
দতে বাধিত হইয়াছেন।

বাঙ্গালী বলেন, বহরমপুর কালেজের অধ্যক্ষ
রাণ্ড সাহেবের অনুরোধে প্রধানতম বিচারালয়
আজ্ঞা দিয়াছেন, যাঁহারা পূর্ব্বতন প্রণালী অনু
সারে জুনিয়র ছাত্রবৃত্তির পরীক্ষা দিয়াছিলেন
তাঁহারা আইন শ্রেণীতে প্রবেশ করিয়া প্রথম
শ্রেণীর ওকালতির পরীক্ষা দিতে পারিবেন
এটি উত্তম কাজ হইয়াছে। ওকালতির ছাত্র
দিগের কী কমাইলে কি ভাল হয় না? বিশ্ব
দ্যালয়ের ছাত্রগণ ৫ টাকা দেন, উকীল শ্রেণির
শিক্ষার্থিগণ দশ টাকা দিয়া থাকেন।

নওয়াখালির সিবিল সার্জ্জন ডাক্তর ভুরাণ্ড
বাবু জগদীশনাথ রায়কে প্রহার ও অপমান
করাতে তাঁহার ফৌজদারিতে ৩০০ টাকা জরি
মানা হয়। মুন্সেফ ক্ষতিপূরণস্বরূপ ৩০ টাকা
ডিক্রী দিয়াছেন। আমরা আহ্লাদিত হইলাম
এই নির্দ্দোষ গোঁয়ারকে দেওয়ানী চিকিৎসকের

হয়, প্রস্তুত করিবার
যায়; কিন্তু ইঞ্জিনিয়রগণ
আচ্ছাদিত রাখেন; কিছু
সাৎ হইয়াছে। রেঙ্গুণে স
বাটীর চাদ হইতেছে, এম
ভাঙ্গিয়া পড়িল !!

ঢাকার জে, এন, পোগস
বারিষ্টর হইয়াছেন।

ডেলিবিউস অবগত হইয়াছেন, লেপ্টে
গবর্ণর পুরস্কারের দুই জন এতদ্দেশীয় সহ
রক্রেটারির নিমিত্ত ভারতবর্ষীয় গবর্ণমে
নকটে প্রস্তাব করিয়াছেন। শাসনবি
রামর্শ দিতে পারেন নিমুতর শাসন
বিভাগ হইতে এইপ্রকার দুই ব্যক্তিকে
নীত করা গ্রে সাহেবের অভিপ্রেত।

অম্বালা হইতে নিম্নলিখিত টেলিগ্রাম
য়াছে:—

"২৭এ মার্চ্চ শনিবার। গবর্ণর জেনরল
বেলা ৬টার সময়ে উপনীত হইয়াছেন।
পর সমারোহে তাঁহাকে গ্রহণ করা হয়। রে
ষ্টেসন হইতে তাঁবু প্রায় এক ক্রোশ পথ দ
ইহার উভয় পার্শ্বে সৈন্যগণ দণ্ডায়মান
উত্তম বস্ত্রে শোভিত সহচরদিগের সহি
র্ণর জেনরল অগ্রসর হন। পাতিয়ালা
কোটা ও অন্য অন্য রাজ্যের সৈন্যগণ এ
উপস্থিত ছিল। ২৪এ অবধি আমীর
আলি এখানে উপস্থিত রহিয়াছেন। অদ্য
সময়ে মহাসমারোহে দরবার করিয়া তাঁ
গ্রহণ করা হইবে। বিস্তর লোকে অ
গমন করিয়াছেন। ভারতবর্ষীয় রেলওয়ে
গুলি নিয়মিত সময়ের দুই ঘটিকাপরে উ
ছটিতেছে। এই নিমিত্ত ভ্রমণকারিগণকে
রাত্রি গাজিয়াবাদ রেলওয়ে সংপ্রব
অপেক্ষা করিতে হইতেছে। অনেক
পথটিতে পঙ্কিগা থাকাতে লোকের
কষ্ট হইতেছে।"

২৮এ মার্চ্চ রবিবার। গত কল্য ম
রাত্রে দরবার হয়। আমীরকে যেপ্রকারে
করা হয় তাহাতে তিনি বিশেষ সন্তো
করিয়াছেন। তাঁহাকে গ্রহণ করি
গবর্ণর জেনরল বলিয়াছেন, "আমীর
আলি খাঁ! মহারাণীর ও আমার গভর্ণ

[illegible] করিতেছেন।

আপনার আগমনে
এদেশের বহুকালস্থায়ী
ও মহাশয়ের প্রজাদিগের
হইবে ও বিশ্বাস জন্মিবে। ৯

[illegible] আটার বলিলেন তাঁহাকে
[illegible] করা হইয়াছে, তাহাতে তিনি
[illegible] করিলেন। তৎপরে আমী
[illegible] জেনরলের অনেক ক্ষণ কথো
[illegible] তদনন্তর আমীরকে প্রায় এক
[illegible] ভোজন প্রদান করা হইয়াছে
[illegible] গবর্ণর জেনরল আমীরের সহিত
[illegible] যাইবেন।"

[illegible]সাবিভাগের প্রধান ইনস্পেক্টর ডেঃ
[illegible] করিলে এ কার্য্যে কোন ভূতঃ
[illegible] নিযুক্ত করা হইবে না। করিবা
[illegible] নাই। এই সঙ্গে পুলিস ইনস্পেক্ট
[illegible] দিলে কি ভাল হয় না?

১৮ই চৈত্র মঙ্গলবার।

[illegible]কুমার ৫৩,০০০ টাকা ব্যয় করিয়া
[illegible]য়ের গড়ের মাঠে রাজ্ঞীর এক প্রস্তর
[illegible] করিয়া দিয়াছেন, এ তম্ভটী
[illegible] হইতে আসিতেছে। কত দরুণ
[illegible] করা হইয়াছে, উহা [illegible]মূর্ত্তি গায়ে
[illegible]লে উহার উজ্জ্বলতার অধিকতর বৃদ্ধি
সন্দেহ নাই।

প্রতি পেগু নগরে অগ্নি লাগিয়া ৪৩৮
বাটী ও ৫২,০০০ টাকার দ্রব্য নষ্ট হই
ব্রহ্মদেশের অধিকাংশ বাটী কাষ্ঠ
ত বলিয়া ২৩ ঘটি বলিলে এই ছয়টন
ছে। আদালতের মাননীয় বাগাত
ই হইয়া গিয়াছে। জুরে [illegible]
র নিয়ম হওয়াতে তথায় অনিষ্টের সম্ভ
ছ। ব্রহ্মদেশের মন্ত্রী এইপ্রকার করা

নবা শুনিয়া দুঃখিত হইলাম, বৈদ্যবাটী
য় ওলাউঠা হইতেছে। জেলার মাজি
বা ও চিকিৎসকের নিমিত্ত গবর্ণমেন্টকে
র্থনা করিয়াছেন। মিউনি সপালিটী টাকা
[illegible] না লইয়া স্থানীয় উন্নতির
[illegible] না এত কম না, ঐখানে
র্মেচ্ছা এ ব্যয়ও হয় না।

হইতে ওলাউঠার কিছুমাত্র শান্তি হয় নাই। আজম খাঁর পুত্রেরা তুর্কিস্থানে দিন দিন প্রবল হওয়াতে আকুব আলি খাঁ তাঁহাদিগের দমনার্থ উদ্যোগ করিতেছেন। রুশীয়েরা খাকমাটিজ নদীর উপরে একটী সেতু করিবার উদ্যোগে আছে। তাহারা সম্প্রতি কয়েকটী সুদৃঢ় শিবির স্থাপন করিয়াছে। শুনা যাইতেছে ১৫০০০ পদাতি ও তোপী রুশীয় শিবিরে উপস্থিত হইয়াছে

কাশীর সংস্কৃত কালেজে ৺ [illegible]পক পণ্ডিত বাপুদেব শাস্ত্রী [illegible] খান দীক্ষাগুরু ছিলেন। [illegible] ইংরাজী [illegible] মাত্র পড়েন। অধ্যাপক [illegible] হইতে [illegible] ছেন। কিন্তু [illegible] হইতেছে ডেপুটর কোম্পসন [illegible] বিশেষ প্রশংসা করাতে গবর্ণর উইলিয়ম মার্ত্তর তথায় ১০০০ টাকা পুরস্কার দিয়াছেন। আমাদিগে বিদ্যালয়ের ছাত্রগণ দেখুন।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম, ভারতবর্ষীয় চিত্রশালিকার নূতন সহকারী সম্পাদকে পদে এক জন ইউরোপীয়কে দেওয়া হইবে। ৩০০ টাকার গবর্ণমেণ্ট উপযুক্ত ইউরোপীয় পাওয়া যাইবে না। কিন্তু এই বেতনে এক জন উপযুক্ত এতদ্দেশীয়কে পাওয়া যাইতে পারে।

অমৃতবাজার হইতে নিম্নলিখিত টেলিগ্রাম আসিয়াছে —

২৯ মার্চ্চ সোমবার। অদ্য গবর্ণর জেনরল আমীরের সহিত সাক্ষাৎ করিতে গমন করিবেন বলিয়া আলি খাঁ তাঁহাকে নিজের ফলবার উপযোগী তৈল দিয়া গেলেন। কাল চিরকাল ব্রিটিশ গবর্ণমেণ্ট ও রাজ্ঞীর বন্ধু থাকিবেন। অদ্য প্রাতঃকালে গবর্ণর জেনরলের যাত্রা হইয়া ছিল।

হুগলির অন্তর্গত খানাকুল পাড়াতে ডাকাইতি করিয়া ডাকাইত সকলে ধৃত হইয়াছে। ৪০ জন বন্দী আনিয়াছিল।

এক হাজার ২০০ দরিদ্র লোক ষ্টপনগরের মিউনিসিপালিটীর কলের বিরুদ্ধে কমিশনর সাহেবের নিকট গিয়াছিল। ইহাদিগের জলের কষ্ট দূর করিতে ২ লক্ষ টাকা মঞ্জুর করিয়াছেন। কিন্তু মিউনিসিপালিটী ইহার পাত্র নহেন। মিউনিসিপালিটীর অধীনে যত পুরাতন বন্দোবস্তী আছেন তাঁহাদিগের সকলকে ছাড়াইয়া না দিলে লোকের নিস্তার নাই।

১৯ এ চৈত্র বুধবার।

১৩ ই চৈত্র বর্দ্ধমান হইতে এক ব্যক্তি লিখিয়া

ছেন। ১৫ই চৈত্র মহারাজ সপরিবারে [illegible] লিতে যাইবেন। অদ্য বেলা ২ টার সময় [illegible]র জেনরল বর্দ্ধমানে আগমন করাতে [illegible] বাটী হইতে আগমনের ২১ ও প্রত্যাগ ২১ তোপ হইল। ১০ মিনট ষ্টেসনে থা হাজরা খাইয়া গমন করেন।

বহরমপুর ও তন্নিকটবর্ত্তী পল্লীগ্রাম ওলাউঠার বিশেষ প্রাদুর্ভাব হইয়াছে।

পোর্ট কানিঙ কোম্পানির অধ্যক্ষগণ [illegible] বর্ষীয় গবর্ণমেণ্টের নিকটে এই আবেদন ক [illegible]ন উক্ত বন্দরকে স্বাধীন বন্দর করা ক তাহা হইলে তথায় অনেক জাহাজ আসি কোম্পানি প্রস্তাব করিয়াছেন তাঁহাদিগে [illegible]ও জেটী আছে তাহা তাঁহারা বিনা ম বাণিজ্যের সুবিধার্থ অর্পণ করিবেন।

পেগুন সোসাইটীর গত অধিবেশনে [illegible]ধ্যাপক ফিয়ার বলিয়াছেন, এতদ্দেশী [illegible]কেরা শিক্ষা পাইয়া ইউরোপীয় প্রী [illegible]গের ব্যবহারের অনুকরণ করেন এটী [illegible]য় নহে। এতদ্দেশের যে সভ্যতা আছে, [illegible]উরোপীয় শিক্ষার দ্বারা মার্জ্জিত [illegible] যথেষ্ট হইল। চিন্তাশীল লোকমাত্রেরই [illegible]ত। এতদ্দেশীয় খৃষ্টিয়ানেরা এটী [illegible]করিয়া বুঝিয়া লইবেন।

পর্লিকওয়ার্ক বিভাগের দুষ্কর্ম্মর [illegible] প্রকাশ পাওয়া গিয়াছে। চন্দ্রপুর হ [illegible]মাণ্ডপর্যন্ত রাস্তায় কতকটীমাত্র ভ [illegible]ছে। রাস্তা প্রস্তুত করিবার সময়ে [illegible]ন্তরের ভাবেতে অনেক বৃক্ষকে প [illegible]ন, অথবা যেমন পূর্ব্বকার্য্য বিভাগে স [illegible]ইয়াথাকে, পুনর্ব্বার কার্য্যারম্ভের পথ [illegible]ইয়া চলে। মাঠ পর্য্যন্ত এ রাস্তা এরূপ [illegible]য়াছে যে ডাক কোম্পানিকে গাড়ী [illegible]তে হয়। অতএব রাস্তার অনেক [illegible]করিয়া চলপথ করিতে হইয়াছে। সমস্ত টাকার কাহারও দরদ নাই। অকুলান [illegible]র হিচাড টেম্পল ইনকমটাক্স মত [illegible] টাকা করিবেন।

প্রসন্নকুমার ঠাকুরের উইলঘটিত মকদ্দ [illegible] শেষ হইয়া গিয়াছে, বিচারপতি ফিয়ার [illegible]চনা করিয়া আজ্ঞা প্রকাশ করিবেন।

কলিকাতার মধ্যে যেমত প্রকাশ্যরূপে [illegible] কোচাকে এমত আর কুত্রাপি দেখা যায় [illegible] ইহার মধ্যে ছোট আদালত সর্ব্বপ্রধান [illegible] সম্ভ্রান্ত ইপকিন্সনামক এক জন ইউরো

হাদিগের বিজ্ঞাননৈপুণ্য অধিক
ন্দহ নাই ; কিন্তু তাঁহারা এক কালে
জিকিউটিব ইঞ্জিনিয়র হইয়া থাকেন
উৎপদস্থ হইলে যেপ্রকার তত্ত্বাবধান
া আবশ্যক, তাহা ইহাঁরা করিতে
রেন না। ইহার একটী স্বাভাবিক কা
আছে। ইঞ্জিনিয়রদিগকে সর্ব্বদা বি
অন্য লোকের সহিত ব্যবহার করিতে
। দেশীয় ভাষা না জানিলে এই ব্যবহার
ল না ; সুতরাং এদেশীয়দিগের স্কন্ধে
দায় কার্য্যভার পতিত হয়, নবাগত
জিকিউটিব ইঞ্জিনিয়র স্বাক্ষর করিয়া
শংসা সন এইমাত্র। যাহা হউক, যাহাঁরা
লণ্ড হইতে আইসেন, তাঁহাদিগকে
ন উচ্চতর বেতন দেওয়া হয়, তাহাতে
মাদিগের তত আপত্তি নাই ; কিন্তু
াহারা এদেশে থাকিয়া রুড়কি অথবা
প্রসিডেন্সি কালেজ হইতে বহির্গত
, তাঁহাদিগের মধ্যে তারতম্য করা
। কেন ? এক জন সামান্য সৈনিক
ক কালে প্রথম শ্রেণির ওস্তরসিয়ার
, এক জন এতদ্দেশীয় সর্ব্ব নিম্ন পদ
ইতে কার্য্য আরম্ভ করেন। ইউরোপী
রা অতি অল্প কালমধ্যে উন্নতিলাভ
রেন, এতদ্দেশীয়ের ভাগ্যে তাহা হ
। বিদ্যা বুদ্ধিতে যদি তুলনা করা যায়
তদ্দেশীয় সহকারী ইঞ্জিনিয়রগণ ইউ
াপীয় সৈনিক সহকারী ইঞ্জিনিয়রদি
র অপেক্ষা প্রধান বলিয়া প্রতীয়মান
ম। কাজ এদেশীয় হইতে অধিক হয় ;
ন্তু উন্নতির বেলা এক জন ভারতবর্ষীয়
জিকিউটিব ইঞ্জিনিয়র হইতে পারেন
। এটি কি অবিচার নহে ? ইউরোপীয়
ঞ্জিনিয়র হইতে অধিক অপকর্ম্ম ও গবর্ণ
েন্টের অধিক ক্ষতি হয়। ইহাঁদিগের
তন ভোগী লোক আছেন ; ইহাঁদিগের
মে কণ্ট্রাক্ট লওয়া হয়। গবর্ণমেণ্টের
মানুসারে কণ্ট্রাক্টের বিজ্ঞাপন দেওয়া

হয় বটে ; কিন্তু নিয়মিত কণ্ট্রাক্ট
কাজ পান।

—:০:—

পশুদিগের প্রতি নিষ্ঠুরতা নিবারণ।

"পশুদিগের প্রতি দয়াপ্রকাশ কর্ত্তব্য কর্ম্ম এবং তাহাতে লাভও আছে।" এই শিরোনামে আমরা এক খানি ক্ষুদ্র পুস্তক পাইয়াছি। এই প্রবন্ধটী এক জন ইউরোপীয় লিখিয়াছেন এবং পশ্বাদির প্রতি নিষ্ঠুরতানিবারণী সভা লেখককে পুরস্কার দিয়াছেন। ইহা বাঙ্গলা ও উর্দ্দুতে অনুবাদিত হইয়াছে। আমরা অতিশয় আহ্লাদসহকারে এই পুস্তকখানি পাঠ করিলাম। লেখক চলিত ধর্ম্মনীতি অবলম্বন করিয়া তর্ক করিয়া গিয়াছেন। পশুদিগের প্রতি নিষ্ঠুরতা অতিশয় অন্যায়। ইহাদিগের হইতে মানবমণ্ডলীর অনেক উপকার হয়। পীড়ার সময়ে ও অসঙ্গত পরিশ্রমের পর পশুদিগকে খাটাইয়া লওয়া নিতান্ত নৃশংসের কার্য্য। ইহাতে ক্ষতিও আছে। পশুগণ সুস্থ থাকিলে অধিক কাজ করিতে পারে। আহারের নিমিত্ত কোন কোন জন্তুকে বধ করিতে হয় ; কিন্তু তাহাদিগকে যাতনা না দিয়া বধ করা উচিত। উদরপূরণের নিমিত্ত মৃগয়া আবশ্যক হয় বটে ; কিন্তু বধ্য জন্তুকে অকারণ কষ্ট দেওয়া উচিত নহে। ইংলণ্ডের শীকারীরা খেকশিয়ালের মাংস ভক্ষণ করেন না ; তথাপি ইহাকে বধ করা হয়। স্ত্রীলোকে ও পাদরিরাও শৃগালের লাঙ্গুল কর্ত্তন করা গৌরবের বিষয় জ্ঞান করেন। লেখক এই ক্রীড়াকে নিষ্ঠুরতা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যে পশুর মাংস ভোজ্য নয়, তাহাকে বধ নিতান্ত অনুচিত। রামচন্দ্রকে বালী যে ভর্ৎসনা করিয়াছিলেন তাহাতে ভারতবর্ষীয়দিগের এ বিষয়ে দয়া সঞ্চার

বিষয় জ্ঞান। তুলসী
যুদ্ধ কে
রক্ষার কার্য্য। অহিং
ও অর্থলোভ এইসকল
দুটী সোদর পরস্পরকে
যেটী জয়ী হইল তাহার অধি
করিলেন। এস্থলে অর্থলোভই
কিন্তু এই অর্থলোভ অধর্ম্মের কার
এইপ্রকার অর্থলোভে নরহত্যা
লেও ত চলে। মানুষের বেলায় যে
পাপ বলিয়া পরিগণিত হয়, প
বেলায়ও তাহা পাপ বলিয়া গ
হইবে সন্দেহ নাই। ঈশ্বর যে যে জী
যেপ্রকার গতির নিয়ম করিয়া
ছেন, তাহার ব্যতিক্রম করিলেও
হয়। ঘোড় দৌড়ও অন্যায়। ইহাতে
অর্থলোভের প্রাবল্য দৃষ্ট হয়। আ
লেখকের সম্পূর্ণ অনুমোদন ক
বলিতেছি যে জাতি পশ্বাদির
দেখিতে ভাল বাসেন, তাঁহাদিগের
হইয়া যায়। রোমকেরা যখন বি
ও আলস্যদোষে আপনাদিগের
ক্ষমতা হীন হইতেছিলেন, সেই সম
সিংহ, হস্তী, ব্যাঘ্রপ্রভৃতিকে প
রের প্রাণবধে নিয়োজিত ক
আমোদ করিতেন। এক্ষণে ইউরো
মধ্যে স্পেন সভ্যতা, বিদ্যা, বুদ্ধি ও
সকল জাতির অপেক্ষা নিকৃষ্ট। স্পে
ষেয়া বৃষের সহিত যুদ্ধ জাতিসাধ
আমোদের মধ্যে প্রধান বলিয়া গ
করেন এইপ্রকার মুসলমান রা
দুরবস্থার সময়ে দিল্লী, মুরসিদ
ভৃতি স্থানে সর্ব্বদা পশুযুদ্ধ হই
যে ব্যক্তি পশুদিগকে কষ্ট দেয়,
কখন মনুষ্যের প্রতি দয়া প্রকাশ ক

...মাত্রে ...
...ল বাসে। লেখক
...ছন, পশুর প্রতি
...ন যে কোন ব্যক্তির
...ত পারেন। সকল
...ও নিষ্ঠুরতার নিবেধ
...মাদিগের দেশে পূর্ব্বে পশ্বা
...সালয় ছিল। কিন্তু ভদ্রলো
...করুন না কেন, আমাদিগের
...শ্রেণি গরুপ্রভৃতির প্রতি দয়া প্রদ
...করিতে জানে না। শকটে যোজিত
...ও অশ্বের কষ্টদর্শন করিলে অন্তঃকরণ
...স্ত বিচলিত হয়। বোধ কর, অশ্ব
...বেলা নয় ঘটিকা অবধি পাঁচ ঘটিকা
...স্ত ক্রমাগত আরোহী বহন করি
...। একে ক্ষুদ্র জীব, তাহাতে আহার
...। তথাপি তাড়া চাই; চলিতে
...না, ক্রমাগত চাবুক পড়িতেছে।
...গাড়ির গাড়োয়ানেরা বোধ হয়
...পেক্ষা নিষ্ঠুর। ইহারা মানবজা
...সহিত কি প্রকার ব্যবহার করে
...। সকলেই জানেন। গরুর গাড়ির
...ড়োয়ানেরাও সামান্য নিষ্ঠুর নহে।
...রাস্তায় পড়িয়া গিয়াছে; ক্রমাগত
...পৃষ্ঠে ও শৃঙ্গে আঘাত হইতেছে;
...দিবস বোঝা বহন করিয়া হত
...পশু চলিতে পারে না; কিন্তু
...তাহারা প্রহার করিতে ছাড়ে না।
...রা সর্ব্বদা এই অত্যাচার দর্শন
...তেছি। ইহার নিবারণবিষয়ে
...করাই যত্ন না হওয়া উচিত। ব্যব
...ক সভা ইহার নিমিত্ত আইন করি
...। আমরা কৃতাঞ্জলি স্বদেশীয়
...অনুরোধ করিতেছি, পশুদিগ
...নিষ্ঠুরতানিবারণী সভার সহকারী
...তাঁহারা এইসকল দুর্ব্যবহার
...দর্শনমাত্র

এই প্রহরিহস্তে অপরাধীকে অর্পণ
...সভার কর্ত্তব্য কর্ম্ম। সভা যে
...কাজ করিয়াছেন ও করিতেছেন,
তাহাতে সভা যে ধন্যবাদের যোগ্য
এ কথা বলা বাহুল্য, লেখকও ধন্যবাদের
পাত্র সন্দেহ নাই।

—:০:—

অম্বালার দরবার।

গত ২৭ এ মার্চ্চ শনিবার অম্বালায় দরবার হইয়া গিয়াছে। ঐ দিবস উক্ত নগরে দরবারস্থলে গবর্ণর জেনরল আমীর সিয়ার আলি খাঁর সম্বর্দ্ধনা করিয়াছেন। গবর্ণর জেনরলের সেক্রেটারিগণ, প্রধান সেনাপতি ও ৫৫০০ সৈন্য, মাগদালার লাড নেপিয়র, পঞ্জাব ও উত্তর পশ্চিমাঞ্চলের লেপ্‌ট নণ্ট গবর্ণর, পাটীয়ালা, ঝিন্দ, নাবা প্রভৃতির রাজা এবং অন্য অন্য বিস্তর লোকে উপস্থিত ছিলেন। বৃহস্পতিবার সিয়ার আলি খাঁ অম্বালায় উপস্থিত হন, তাঁহাকে দুই দিবস অপেক্ষা করিতে হইয়াছিল। গবর্ণর জেনরল মহাসমারোহে নগরে প্রবেশ করিয়াছিলেন। তাঁহার ও প্রধান সেনাপতির পটমণ্ডপে সেই প্রশস্ত পরিসর ভূমি বসনময় নগর হইয়া উঠিয়াছিল। বেলা সাড়ে চারি ঘটিকার সময়ে আমীর উপস্থিত হন। তাঁহার সহিত সাত জন সর্দ্দার ও তাঁহার সহবর্ত্তীয় পুত্র আবদুল্লা খাঁ ছিলেন। সর্দ্দারগণের মধ্যে উজির নুর মহম্মদ খাঁ অধিকতর সম্মান প্রাপ্ত হন। ইনি দোস্ত মহম্মদ খাঁর মন্ত্রী ছিলেন। আমীর আগমন করিবামাত্র গবর্ণর জেনরল তাঁবুর বাহিরে গিয়া তাঁহাকে অভ্যর্থনা করেন। গবর্ণর জেনরলের সিংহাসনের পার্শ্বে আমীরকে আসন দেওয়া হইয়াছিল। আসনখানি সর্ব্বাংশে গবর্ণর জেনরলের তুল্য। সিয়ার আলি খাঁর বয়ঃক্রম অনুমান ৪৬ বৎসর। তিনি স্থূল

কায়; অতিশয় দীর্ঘাকার নহেন। তাঁ
মুখশ্রী দেখিলেই দৃঢ়প্রতিজ্ঞ
বলিয়া বোধ হয়। যখন ব্রিটিশ
শাহ সুজার সহিত, প্রথম সাক্ষাৎ
তখন উক্ত নৃপতি কহিনুরপ্রভৃতি
মণ্ডিত হইয়া দর্শন দিয়াছিলেন।
সিয়ার আলি খাঁ সেরূপ করেন
তিনি জাঁক জমক ভাল বাসেন
তাঁহার পরিচ্ছদদ্বারা বড়মানুষী
শিত হয় নাই। রাজ্ঞীর নাম
তাঁহাকে অভ্যর্থনা করা হইলে অ
বলিলেন, তাঁহাকে যে প্রকারে সম
করা হইল তাহাতে তিনি সন্তো
সন্তোষ লাভ করিলেন। তিনি আর
রেলওয়ে দর্শন করেন নাই, এ বি
তাঁহার বিস্ময়প্রকাশ অসঙ্গত
তিনি ব্রিটিশ সেনাদল দর্শন ক
সর্ব্বাপেক্ষা অধিকতর সন্তোষ প্র
করিয়াছেন। তাইলণ্ডীগণদ্বারা তাঁ
মন অধিকতর আকৃষ্ট হয়। আরম
কামান এবং এনফিলড ও স্নাইডর
ফল দর্শন করিয়া তিনি প্রীত হইয়া
গবর্ণর জেনরল তাঁহাকে প্রায় এক
টাকার দ্রব্য উপঢৌকন প্রদান কর
কিন্তু আমীর গবর্ণর জেনরলের এ
তলবারখানি অধিকতর সন্তোষসহ
গ্রহণ করিয়াছিলেন। তিনি এতদে
সর্দ্দারদিগকে দর্শন করিয়া বলি
ইহাঁদিগের আকারে মরদানার প
পাওয়া যায় না। যাহাদিগের
সৈনিকদ্বার বদ্ধ, তাঁহাদিগের এ অ
হওয়া অনৈসর্গিক নয়। পর দিবস
র্ণর জেনরল আমীরের সহিত সা
করিতে যান। সিয়ার আলি খাঁ তাঁ
নিজের তলবারখানি প্রদান করিয়া
যত দূর জানা গিয়াছে, তাহাতে
হইতেছে, সিয়ার আলি ব্রিটিশ
মেণ্টের ক্ষমতা দর্শন করিয়া ইহাঁ
সহিত মৈত্রীবন্ধনে উৎসুক হইয়া

যে। অতএব এরূপ দেশহিতকর কার্য্যে বিলম্ব করা উচিত হয় না।

[redacted] পব্লিক ওয়ার্ক্স ডিপার্টমেণ্টে বিস্তর নূতন কর্ম্ম আরম্ভ হইয়াছে। প্রত্যহ প্রায় দশ হাজার লোক এই বিভাগে কর্ম্ম করিয়া দিনপাত করিতেছে। সংপ্রতি পূর্ত্তকার্য্যের অধিকানিবন্ধন কএক জন সব ওভারসিয়ারের অত্যন্ত প্রয়োজন হয়। রুড়কী কলেজ হইতে পরীক্ষোত্তীর্ণ ছাত্র আনিতে বিলম্ব হইবে বলিয়া বর্ত্তমান একজাকটিউটিভ ইঞ্জিনিয়ার লেপ্টনণ্ট স্পার্ক সাহেব এখানে সব ওভারসিয়ারের পরীক্ষাগ্রহণের ঘোষণা করেন। পরীক্ষার্থীর সংখ্যা ৯ জন হইয়াছিল; তন্মধ্যে ৩ জন উত্তীর্ণ হইয়াছেন। স্পার্ক সাহেব ওভারসিয়ার শ্রীযুক্ত বাবু যদুনাথ চৌধুরী মহাশয়কে পরীক্ষক মনোনীত করিয়াছিলেন। যদুনাথ বাবু যে এক জন অতি উপযুক্ত লোক তাহা বলা বাহুল্য। উঁহার কৃত কৌশলপূর্ণ প্রশ্নগুলি দেখিয়া অনেকে ভূয়সী প্রশংসা করিয়াছেন। পুনরায় পরীক্ষাগ্রহণ করিতে হইলে যেন যদুনাথ বাবুর ন্যায় পক্ষপাতশূন্য ধর্ম্মভীরু ব্যক্তিকে পরীক্ষক নির্দ্ধারণ করা হয়।

এবৎসর এ প্রদেশের কমিসরিয়েট বিভাগে ফান্স বপ্লবের ন্যায় হুলস্থূল লাগিয়াছে। কমিসরিয়েট জেনরল ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নূতন নিয়মের বশবর্ত্তী হইয়া অকর্ম্মণ্য অল্প বেতনভোগী কেরাণীদিগকে পদচ্যুত করিয়া তৎস্থানে উপযুক্ত লোক নিয়োগ করিতে আদেশ করিয়াছেন। তদনুসারে ডেপুটী কমিসরিয়েট জেনরল সাহেব উক্ত বিভাগের সংখ্যা কমাইতে আরম্ভ করিয়াছেন। ইনি একবারে কাহাকে পদচ্যুত করিতেছেন, কাহা কেবা ভারতবর্ষের অন্তিম সীমায় (কসলী প্রভৃতি স্থান) বদলি করিতেছেন। এখানে ৩০ টাকার একটী পদ একবারে উঠিয়া গেল এবং এক জন ৬০ টাকার কেরাণী আগ্রায় বদলি হইয়া যাওয়াতে উপরস্থ কেরানিগণ ৫০, দশ, ছয়, বিশ টাকা করিয়া বৃদ্ধি পাইয়াছেন। কমিসরিয়াট, পোষ্ট আফিস ও পব্লিক ওয়ার্কসপ্রভৃতি বিভাগে কর্ম্মচারিগণের বেতন বৃদ্ধি হইতে লাগিল; কিন্তু শিক্ষাবিভাগের নিম্নশ্রেণীস্থ শিক্ষকদিগের ভাগ্যে কি হইল? সর জন লরেন্সের মতাবলম্বী মহাত্মগণের শীঘ্র তাহার অনুসরণ করা উচিত। এখানকার পলিটীকেল এজেণ্ট শ্রীযুক্ত কর্ণেল ডেলি সাহেব মধ্য ভারতবর্ষীয় প্রতিনিধি শাসনকর্ত্তার সেক্রেটারি হইয়া চলিলেন এবং তাঁহার পদে কর্ণেল সাণ্ডার সাহেব নিযুক্ত হইয়া আসিতেছেন। আগামী ১লা মার্চ ডেলি সাহেবের নিকট হইতে কার্য্যভার গ্রহণ করিবেন। ইতি পূর্ব্বে যখন ডেলি সাহেব নসিরাবাদে বদলি হইয়া যান, তখন সাণ্ডার সাহেব তাঁহার কর্ম্ম করেন। সেই সময়ে এখানে দুর্ভিক্ষ আরম্ভ হয়। মহারাজ সিন্ধিয়া কেবল সাণ্ডার সাহেবের উদ্যোগে ও প্রবর্ত্তনায় তৎকালে (গত আগষ্ট মাসে) স্বীয় রাজ্যমধ্যে শস্যের শুল্ক রহিত করিয়া কতকগুলি উৎকৃষ্ট আইন প্রণয়ন করেন। তদ্দ্বারা মহারাজের প্রজাসমূহের অনেক উপকার হইয়াছে সন্দেহ নাই। সণ্ডার সাহেব আসিয়া পূর্ব্বের ন্যায় উদ্যোগসহকারে কার্য্য করেন এই আমাদের একান্ত ইচ্ছা। মধ্যে এখানে বসন্তরোগের কিছু প্রাদুর্ভাব হইয়াছিল; কিন্তু তাহার আর কোন চিহ্নই লক্ষিত হইতেছে না।

—:০:—

আমাদিগের কোরহাটিস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

অদ্য আমরা শ্রীনগর পুলিষের কার্য্যদক্ষতার প্রশংসা না করিয়া ক্ষান্ত থাকিতে পারিলাম না। প্রায় ৪।৫ মাস যাবৎ যশোহর অঞ্চলীয় কতকগুলি দলবদ্ধ চোর আসিয়া বিক্রমপুরে সমধিক উৎপাত করিতেছিল। এমন কি এই কয়মাস এতদঞ্চলে চুরির এত প্রাদুর্ভাব হইয়াছিল যে, প্রায় প্রত্যহই আমরা চুরির সংবাদ শুনিয়া দুঃখিত হইতাম; কিন্তু শ্রীনগর পুলিশের কার্য্যকৌশলে ও সবিশেষ শাসনে এখন আর আমাদিগকে তদ্রূপ উৎপাত সহ্য করিতে হইতেছে না। ইতঃ পূর্ব্বে সাহাবাদ নগর গ্রামের চৌকীদার সন্দেহক্রমে উল্লিখিত চোরদিগের এক জনকে ধৃত করিয়া পুলিশে পাঠায়। এই দুর্বৃত্ত হইতেই উহার অন্যান্য সহচরগণের নাম ও বাসস্থানাদির বৃত্তান্ত পুলিষ অবগত হন। তদনন্তর উক্ত ষ্টেশনের অন্যতর হেড কনষ্টাবল মিঞা আব্দুল ওয়াহেদ বিক্রমপুরের নানা স্থানে অন্বেষণ ও সকৌশল অনুসন্ধান করিয়া আর কয়েক জনকে লোষ্ট্রসহ ধৃত করিয়া মেজিষ্টেটীতে প্রেরণ করেন। তৎপর কর্ত্তৃপক্ষের আদেশানুসারে ঐ ষ্টেশনের প্রথম শ্রেণীর হেড কনষ্টাবল বাবু দলবদ্ধ অন্যান্য সহচরগণকে ধৃত করিবার উদ্দেশে যশোহর অঞ্চলে গমন করিয়া আসিয়াছেন। এখন এইসকল চো[illegible]ের মেজিষ্টেটীতে বিচারধীন আছে।

গত ২৮ এ মাঘ শ্রীনগর ষ্টেশ[illegible] কেয়াইন নিবাসী শ্রীযুক্ত বঙ্গচন্দ্র[illegible]য়ের বাটীতে চুরি হইয়া প্রায় ১৫০ [illegible] অপহৃত হইয়াছে। পুলিশে[illegible] করা কর্ত্তব্য।

এ বৎসর তত্রত্য ইংরেজী বিদ্যালয়[illegible] একটী ছাত্র ছাত্রবৃত্তির পরীক্ষা প্রদা[illegible]য়াছিলেন। সৌভাগ্যক্রমে কৃতকার্য্যত[illegible] করিয়াছেন কিন্তু বৃত্তিপ্রাপ্ত হন নাই।

ইতঃপূর্ব্বে কর্ত্তৃপক্ষ শ্রীনগরের খা[illegible] সংস্করণবিষয়ে সবিশেষ মনোযোগ করিয়[illegible] বলিয়া জনরব হয়। এখন ত তাহার নাম [illegible] শুনিতে পাই না। আমাদিগের ঢাকাই কর্ত্তা[illegible] দিগের মনোযোগইএইরূপ। তাঁহারা যে[illegible]য়ের যখন প্রস্তাব করেন তাহা প্রায়ই [illegible] পরিণত হয় না, আর অমনি শেষ হইয়া [illegible] এই খাল খননবিষয়ক প্রস্তাবেরই কত [illegible] দেখিলাম। যাহা হউক, আমরা শ্রীনগরের [illegible]দারদিগের সমীপে প্রার্থনা ও অনুরোধ [illegible] তাঁহারা এবিষয়ে সবিশেষ মনোযোগী হইয়[illegible] খালটী সংস্কৃত হইলে তাঁহাদিগের নিজ প্র[illegible] সহিত অন্যান্য অনেক লোকের উপকার হই[illegible] সম্ভাবনা।

—:০:—

আমাদিগের বজ্রযোগিনীস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

১। গত বাঙ্গলা ছাত্রবৃত্তির পরীক্ষা আমাদিগের বিদ্যাযোগিনী গবর্ণমেণ্ট সাহায্য প্রাপ্ত ইংরাজীবিদ্যালয়ের ফল সান্তিশয় সন্তোষকর হইয়াছে। এই বিদ্যালয় হইতে ৬ জন ছাত্র বাঙ্গলাবৃত্তি ও এক জন ছাত্র মাসিক স্কলার্শিপ পরীক্ষা প্রদান করেন; সকলেই উত্তীর্ণ হইয়াছেন। তিন জন ঢাকা কালেক্টরেট স্কুলে ও দুই জন ঢাকা নর্ম্মাল স্কুলে বৃত্তি লাভ করিয়াছেন। গত মে মাসে মুন্সীগঞ্জে ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুক্ত বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য মহাশয় উক্ত স্কুলের উন্নতির জন্য ১০০ টাকা প্রদানের অঙ্গীকার করিয়াছেন। ভরসা করি, তিনি এই সুসময়ে ঐ টাকাগুলি পাঠাইয়া স্বকীয় বদান্যতার সবিশেষ পরিচয় দিবেন।

২। সম্প্রতি এই স্থানের অন্তর্গত নাহ[illegible] পাড়াতে ওলাউঠা রোগের প্রাদুর্ভাব হওয়াতে [illegible] কয়েক ব্যক্তি প্রাণত্যাগ করিয়াছেন।

৪ ঠা ফাল্গুন রবিবার ঢাকা ব্রাহ্ম
াদক শ্রীযুক্ত বাবু রামপ্রসাদ সেন
য়ের সহিত ব্রাহ্মধর্ম্মানুমোদিত
ভাটপাড়া নিবাসী ব্রাহ্মধর্ম্মপরা
নারায়ণ গুপ্তের কন্যা শ্রীমতী
শুভবিবাহ কার্য্য সম্পাদিত হই
স্থলে অনেক ব্রাহ্মধর্ম্মাবলম্বী

ম

ক্ষরদের সহিত লিখিতেছি, কতিপয়
ন্তঃকরণ যুবা নবযুবকের যত্নে সোণারংগ্রামে
নামী একটী সভা স্থাপিত হইয়াছে।
গের আশ্রয়দান বরাই সভার প্রকৃত
, উদ্দেশানুরূপ কার্য্য সাধিত হওয়া
য়।

মহাশয়! মীরসরাইয়ে খাল খননার্থ
সকত আড়ম্বর হইল কত সভা হইল,
চাঁদা সংগ্রহ করা হইল, কিন্তু খাল
কোথায়? আর কবে কার্য্য আরম্ভ খনন
হইবে?

—:০:—

আমরা শান্তিপুর হইতে নিম্নলিত
ারগুলি প্রাপ্ত হইয়াছি।

ন্তিপুরে একটী গবর্ণমেণ্ট ইংরাজী বিদ্যা
স্থাপনের জন্য যত্ন হইতেছে। রাণাঘা
ডেপুটি মাজিষ্ট্রেট বাবু রামশঙ্কর সেন মহা
বিষয়ে প্রধান উদ্যোগী। গ্রামস্থ সমস্ত
ই তাঁহার এই সাধু অভিপ্রায়ে সম্মত
ছেন। প্রায় ২০ বৎসর গত হইল শ্রীযুক্ত
কবল্লভ প্রামানিক প্রভৃতি, কতিপয় ভদ্র
এই মর্ম্মে গবর্ণমেণ্টে এক আবেদন
াছিলেন যে, এখানে কৃষ্ণনগর কালেজের
স্কুল সংস্থাপিত হয়। তদুত্তরে তখন
ডেপুটি গবর্ণর লিখিয়াছিলেন যে,
গ্রামবাসী লোকে একটী বাটী নির্ম্মাণ করিয়া
তাহা হইলে ব্রাঞ্চ স্কুল সংস্থাপিত
। দুর্ভাগ্যবশতঃ তখন গ্রামের লোকের
যোগে তাহা সম্পন্ন হয় নাই। সম্প্রতি
ক্ষ বাবু সেরূপ মনোযোগী হইয়াছেন
তে এবার আশা সঞ্চার হইতেছে। গত
ফাল্গুন মঙ্গলবার অপরাহ্ণে রামশঙ্কর
গ্রামস্থ লোকদিগকে আহ্বান করিয়া একটী
করিয়াছিলেন। তাঁহার উদ্দেশ্য, এই যে,
গ্রামস্থ লোকে একটী গৃহ নির্ম্মাণ করিয়া
পারেন, তবে গবর্ণমেণ্ট বিদ্যালয় স্থাপ
ন মত গবর্ণমেণ্টে আবেদন করা যায়। এই
প্রস্তাবে সকলেই সম্মত হইলেন এবং অনেকে
টাকা স্বাক্ষর করিলেন। এক্ষণে গবর্ণমেণ্টের দয়া
হইলেই এই শুভ কার্য্য সম্পন্ন হয়। আমরা
ঈশ্বরের নিকট প্রার্থনা করি, রামশঙ্কর বাবু
কুশলে থাকিয়া তাঁহার সাধু কামনা পূর্ণ করুন।
তাঁহার ন্যায়পরতা, দয়া, ক্ষমা, মৃদুতাপ্রভৃতি
গুণ যেমন বহু দিনের পর বিচারাসন পবিত্র
করিল, তেমনি শান্তিপুর বাঞ্ছিত ফললাভ
করিয়া চিরকাল তাঁহাকে কৃতজ্ঞহৃদয়ে আশী-
র্ব্বাদ করুক।

২। এখানে গ্রীষ্মের বিলক্ষণ প্রাদুর্ভাব,
আবার প্রাণনাশক ওলাউঠা আগমন করি-
তেছে।

৩। গোবীজে টীকা দিয়া অনেকে উপকার
পাইতেছেন।

৪। অত্রত্য রোডওভরশিয়ার বাবু প্রাণ
নাথ মল্লিক মহাশয়ের কার্য্যদক্ষতা দেখিয়া
আমরা সন্তুষ্ট হইয়াছি।

৫। একটী ভদ্রবংশীয় বিধবার গর্ভ-
পাত হইয়া বড় গোলযোগ যাইতেছে। তথাপি
বিধবাবিবাহ প্রচলিত হইল না।

৬। শান্তিপুরে একটী দাতব্য চিকিৎসালয়
হওয়া নিতান্ত প্রয়োজন। এ বিষয়ে যেন সহৃ-
দয় ধার্ম্মিকপ্রবর রামশঙ্কর বাবু নিশ্চিন্ত না
থাকেন।

—:০:—

আমাদিগের খ্রীহট্টস্থ সংবাদদাতা
লিখিয়াছেন।

অত্রত্য নওয়াসড়ক স্কুলের ২৬ জনের
মধ্যে কেবল ২ জন ছাত্র মাইনার বৃত্তি প্রাপ্ত
হইয়াছে জানিয়া, অবশিষ্ট তদুত্তীর্ণ ছাত্রগণের
কত জন কেবল প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছে,
অবগত হইবার জন্য ঢাকায় দাক্ষিণপূর্ব্ব বিভা
গের স্কুল ইনস্পেক্টর আফিসে টেলিগ্রাফ করা
হইয়াছিল। তদুত্তরে জানা গিয়াছে, সমুদায়ে
২৩ টি বালক উত্তীর্ণ হইয়াছে। ইহা অতিশয়
সন্তোষকর সন্দেহ নাই। এজন্য নওয়াসড়ক
স্কুলের শিক্ষকগণকে ধন্যবাদ দেওয়া উচিত।

আমাদিগের জনৈক শ্রীযুক্ত এফ যে কোবর্গ
সাহেব দীর্ঘ বিদায়ের পর এখানে পুনরাগত
হইয়াছেন। ইনি অতি সুধী ও সুবিচারক,
এমন কি ইহা তুল্য জজ শ্রীহট্টে আর আসি
য়াছেন কি না সন্দেহ। ইহার বিচারে পরাজিত
হইলেও কেহ অসন্তুষ্ট হয় না। কোবর্গের স্বভা
বও অতি উত্তম ও নিরহঙ্কার, প্রতিনিধি জজ
এ, লিবিয়েন সাহেব কয়েক দিবস হইল এস্থা
হইতে প্রস্থান করিয়াছেন।

এখানে মোক্তারী পরীক্ষা গৃহীত হইয়াছে
১১০ জন পরীক্ষার্থীর মধ্যে ন্যূনাধিক ৮০ জ
উপস্থিত হইয়া পরীক্ষা দেন। তন্মধ্যে বাচনি
পরীক্ষায় ১৮ জনমাত্র উত্তীর্ণ হইয়াছেন
সম্পূর্ণ ফল এযাবৎ জানা যায় নাই।

ইতিমধ্যে কয়েক দিবস অল্প অল্প বৃ
